পঞ্চায়েতীরাজ পরিকল্প সমাপ্তপ্রায় এবং সমগ্র রাজ্যে গ্রাম-পঞ্চায়েত, অঞ্চল-পঞ্চায়েত এবং আঞ্চলিক পরিষদ গঠিত হইয়াছে। মুর্শিদাবাদ ছাড়া সকল জেলায় জেলা-পরিষদ গঠিত হইয়াছে।

পথ, জল সরবরাহ এবং আবর্জনা পরিষ্কার বিষয়ক একটি পৌর উন্নয়ন পরিকল্প রূপায়িত করা হইতেছে।

গ্রাম-সমাজের উন্নয়নের উদ্দেশ্যে এই রাজ্যের সকল এলাকা সমষ্টি উন্নয়ন ব্লকের আওতায় আনা হইয়াছে। আমার সরকার সিদ্ধান্ত করিয়াছেন যে, এই ব্লকগুলি গ্রাম-জীবনের স্থায়ী বিশেষস্বরূপে বর্তমান থাকিবে।

ব্যাপক পরিকল্পনা প্রণয়নের উদ্দেশ্যে কলিকাতা মহানাগরিক পরিকল্পনা সংস্থা অধিকাংশ তথ্যানুসন্ধানের কাজ সমাপ্ত করিয়াছেন। কলিকাতার জন্য বৃত্তাকার রেল পরিকল্পের বিষয়টি লইয়া ভারত সরকারের সহিত আলোচনা চলিতেছে।

আমাদের বনসম্পদ বৃদ্ধির ব্যবস্থা করা হইয়াছে এবং বন-সৃষ্টির কর্মসূচি অনুসারে গত বৎসর মূল্যবান কাঠের জন্য প্রায় ৯ হাজার একর জমিতে নূতন চারা রোপণ করা হইয়াছে।

উত্তরবঙ্গে একটি জরুরী পথ উন্নয়ন কর্মসূচি গৃহীত হইয়াছে এবং ১২ কোটি টাকা ব্যয়ে ৩১নং জাতীয় সড়কের বিস্তার সাধন ও উন্নয়ন করা হইয়াছে।

বঙ্গ-বিভাগের ফলে চিরাচরিত মৎস্য-চাষের অধিকাংশ ক্ষেত্র আমাদের হাতছাড়া হইয়া গিয়াছিল। এই ঘাটতি পূরণের জন্য এবং মৎস্যচাষ বৃদ্ধির জন্য প্রায় ৩ হাজার একর জলভূমিতে মৎস্য-চাষের ব্যবস্থা করা হইয়াছে। একটি সরকার প্রবর্তিত সমবায় সমিতির মাধ্যমে উড়িষ্যা এবং অন্ধ্র প্রদেশ হইতে মৎস্য আমদানির ব্যবস্থাও করা হইয়াছে। ভারত সরকার একটি মৎস্য করর্পোরেশন গঠনের ব্যবস্থা করিয়াছেন এবং আমার সরকার ইহাতে অংশীদার হইবেন।

দ্বিতীয় পরিকল্পনার শেষে দৈনিক ১,৬০০ মণের জায়গায় হরিণঘাটার সরকারী দোহশালার দুগ্ধ সরবরাহের পরিমাণ বাড়িয়া দৈনিক ২,১০০ মণ হইয়াছে।

কলিকাতা রাজ্য পরিবহণ করপোরেশন বাসের সংখ্যা বৃদ্ধি করিয়াছেন এবং বর্তমানে সরকারী বাসে দৈনিক ১৩ লক্ষের অধিক যাত্রী চলাচল করেন। উত্তরবঙ্গ রাজ্য পরিবহণ করপোরেশনও বাসের সংখ্যা বাড়াইতেছেন এবং আগামী এপ্রিল হইতে ইহার অধীনে কলিকাতা ও উত্তরবঙ্গের মধ্যে মাল-পরিবহণ ব্যবস্থা চালু হইবে।

আমার সরকার বহুসংখ্যক সমাজকল্যাণমূলক প্রতিষ্ঠানের রক্ষণাবেক্ষণ করিয়া চলিয়াছেন। গত বৎসর হইতে ৭০ বৎসর এবং তদূর্ধের অশক্ত বৃদ্ধ ব্যক্তিদের জন্য একটি বার্ধক্য ভাতা পরিকল্প চালু করা হইয়াছে। অনুন্নত শ্রেণীদের জন্য বহু কল্যাণমূলক পরিকল্প চালু আছে।

বন্যা এবং সাম্প্রদায়িক হাঙ্গামায় গত বৎসর যাঁহারা ক্ষতিগ্রস্ত হইয়াছিলেন তাঁহাদের জন্য ব্যাপক ত্রাণব্যবস্থা করা হইয়াছিল।

গৃহনির্মাণ পরিকল্পগুলির অগ্রগতিও অব্যাহত আছে এবং তৃতীয় পরিকল্পনার প্রথম তিন বৎসরে প্রায় ১০ হাজার বাসগৃহ নির্মিত হইয়াছে। এই বৎসরের মার্চ মাসের শেষে আরও ৩ হাজারের নির্মাণকার্য সমাপ্ত হইবে আশা করা যায়।

পর্যটন উন্নয়নের জন্য বিবিধ ব্যবস্থা করা হইয়াছে। দুর্গাপুর পর্যটন নিবাসের কাজ আরম্ভ হইয়াছে। সমুদ্র-তীরবর্তী দীঘার উন্নয়ন সাধন করা হইতেছে এবং সেখানে ভ্রমণকারীদের জন্য আধুনিক সুযোগ-সুবিধার ব্যবস্থা করা হইতেছে।

মধ্যস্বত্বভোগীদের জন্য চূড়ান্ত ক্ষতিপূরণের হিসাব-নিকাশ জটিল ব্যাপার বলিয়া প্রমাণিত হইলেও এবিষয়ে দ্রুত কাজ চলিতেছে। ইত্যবসরে মধ্যস্বত্বভোগিগণকে মধ্যবর্তীকালীন ক্ষতিপূরণ হিসাবে প্রায় ১৭ কোটি টাকা দেওয়া হইয়াছে। যেসব উদ্বৃত্ত কৃষিজমি সরকারের হাতে আসিয়াছে দুই বৎসরের ভিত্তিতে সেগুলি প্রকৃত কৃষকদের বন্দোবস্ত করিয়া দেওয়া হইতেছে। প্রতিরক্ষা কৃত্যকের উপযুক্ত কর্মীদিগকে দিবার জন্য এই ধরনের ৬ হাজার একর জমি সংরক্ষিত রাখা হইয়াছে।

আগামী আর্থিক বৎসরের বাজেট বরাদ্দ এবং বর্তমান বৎসরের অতিরিক্ত ব্যয়বরাদ্দ আপনাদের সম্মুখে উপস্থাপিত করা হইবে। বর্তমান অধিবেশনে কতকগুলি নূতন বিলও উপস্থাপিত হইবে।

আমি আমার ভাষণের উপসংহারে পৌছিয়াছি কিন্তু এই ভাষণ শেষ করিবার পূর্বে আমাদের দেশের সীমান্তবর্তী দুইটি রাজ্যের অমিত্রসুলভ আচরণের ফলে আমরা যে বিপদসঙ্কুল অবস্থার মধ্যে বাস করিতেছি তাহার কথা আপনাদিগকে স্মরণ করাইয়া দিতে চাই। আমাদের মধ্যে অনৈক্য থাকিলে তাহা শত্রুর পক্ষে সহায়ক হইবে। কোন কোন সমস্যা সম্বন্ধে আপনাদের মধ্যে অনেকেরই ভিন্ন মত থাকিতে পারে কিন্তু এই মতভেদ নিরসনে জাতীয় স্বার্থের বিবেচনা সর্বাগ্রগণ্য হওয়া উচিত। আমার বিশ্বাস আছে যে, আপনাদের প্রজ্ঞা ও দেশাত্মবোধের দ্বারা আপনারা বিশ্বের নিকট ইহাই প্রমাণিত করিবেন যে, বৈচিত্র্য আমাদিগকে বিভক্ত করিতে পারে না এবং জাতীয় সংহতি অক্ষুণ্ন থাকিবে।

জয়হিন্দ্

Assembly Members absent

The following members of the West Bengal Legislative Assembly were absent at the joint sitting held on the 8th February, 1965:—

Shri Lakhan Bagdi,
Shri Smarajit Bandyopadhyay,
Shri Sankardas Banerji,
Shri Debi Prosad Basu,
Shri Gopal Basu,
Shri Daya Ram Beri,
Shri Aboni Bhattacharyya,
Shri Mrigendra Bhattacharyya,
Dr. Radhanath Chattoraj,
Shri Benoy Krishna Chowdhury,
Shri Birendra Chowdhury,
Shri Subodh Chowdhury,
Shri Gakul Behari Das,
Shri Khagendra Nath Das Gupta,
Shri Brindaban Gayen,
Shri Ganesh Ghosh,
Shri Haralal Haldar,
Shri Jaleswar Hansda,
Shri Monoranjan Hazra,
Shri Hare Krishna Konar,
Shri Budhan Majhi,
Shri Krishna Prasad Mandal,
Shri Sowrindra Mohan Misra,
Shri Amarendra Mondal,
Shri Ananda Gopal Mukhopadhyay,
Shri Bhabani Mukhopadhyay,
Shri Nimai Chand Murmu,
Shri Arabinda Roy,
Shri Jamini Bhusan Saha,
Shri Niranjan Sen Gupta,
Shri Tarun Kumar Sen Gupta,
Shri Krishna Kumar Shukla,
Shri Radha Krishna Singha,
Shri Raj Rajeswari Prasad Singhadeo,
Shri Phanis Chandra Sinha,
Shri Suchand Soren.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Monday, the th February, 1965, at 4-30 p.m.

Present:

Mr. Speaker (Shri KESHAB CHANDRA BASU) in the Chair, 11 Ministers, 2 Ministers of State and 207 Members.

4-30—4-36 p.m.]

Shri Jyoti Basu:
ন এ পয়েন্ট অব প্রিভিলেজ, স্যার। আমার প্রথম কথা হচ্ছে আপনি যে ওখানে এসে গেলেন, গদা নিয়ে ঢুকলেন, আপনার কোন অধিকার নেই ওখানে বসবার। আমাদের ভর্নর এখানে এসেছিলেন, আমাদের সামন করেছিলেন....

Mr. Speaker: আমি শুনেছি মি: বোস।

Shri Jyoti Basu:
কি করে শুনলেন? তিনি আমাদের সামন করেছেন। তিনি এখানে এসে আমাদের একটা কথা বলতে গিয়ে ওয়াক আউট করে চলে গেলেন। চলে যাবার পর কপি অব দি পীচ যেগুলি ডিস্ট্রিবিউট করার জন্য এনেছিলেন সেগুলি এবং গদা তুলে নিয়ে চলে গেলেন। তার মানে কনস্টিটিউসানের ১৭৬(১) ধারা যার আওতারে তিনি আমাদের সামনস করেছিলেন পয়েন্ট সেসান অব দি লেজিসলেচার সেটা ক্যারেড আউট হয়নি এবং টেপ রেকর্ড সেকথা বলবে যে এটা ক্যারেড আউট হয়নি। তিনি তাঁর বক্তৃতা পড়েন নি এবং আপনাকে আমি বলব এই কারণে আপনি ঐখানে বসতে পারেন না এবং হাউস চলতে পারে না।

Mr. Speaker:
আপনারা তো এসে বসেছেন।

Shri Jyoti Basu:
স্পীকার মহাশয়, আপনি এটার উত্তর দিন....

(তুমুল হট্টগোল)

Mr. Speaker: Mr. Adhikary, Mr. Basu, please one at a time.
আমি বসতে পারি কি না পারি....

Shri Jyoti Basu:
আপনি কেন এসেছেন আমরা জানতে চাই। আমরা জানবার জন্য এসেছি, আমরা এটা জেনে এসেছি যে এই রকম * * * হাউস ডাকার চেষ্টা হচ্ছে।

(তুমুল হট্টগোল)

Mr. Speaker:
আপনি ঐ যে কথাটা বললেন You must withdraw it first.........

Shri Jyoti Basu:
আমি উইথড্র করব না, দরকার হলে আপনি এক্সপাঞ্জ করতে পারেন।

(হট্টগোল)

Mr. Speaker: I order that it should be expunged.

Expunged by Order of Mr. Speaker.

Shri Jyoti Basu:

* * * হাউস ডাকা হচ্ছে। দুঃখের বিষয় আপনি এটার সঙ্গে জড়িয়ে পড়ছেন। গভর্নর তাঁর বক্তৃতা দেন নি। সেজন্য হাউস এখন চলতে পারে না, আবার সামন করতে হবে এজন্য আমি আপনাকে বলছি আমার কথা বিশ্বাস না করেন টেপ রেকর্ডিং দেখুন, সেই টেপ রেকর্ডিং দেখলে সমস্ত জিনিস পরিষ্কার হয়ে যাবে।

Panel of Chairmen

Mr. Speaker: In accordance with the provisions of rule 9 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I nominate the following members of the Assembly to form a panel of five Chairmen:—

1. Shri Narendra Nath Sen,
2. Shri Hemanta Kumar Basu,
3. Shri Amarendra Nath Basu,
4. Shri Baidyanath Banerjee, and
5. Dr. Pratap Chandra Chunder.

Adjournment Motion

Mr. Speaker: I have received a notice of an adjournment motion from Shri Hemanta Kumar Basu on the subject of raising of the bus fares by the Calcutta State Transport Corporation. I refuse my consent.

[Noise and interruptions]

Report of the Governor's Speech

Mr. Speaker: I beg to report that the Governor has been pleased to address the joint session of both Houses of State Legislature today. Because of certain circumstances, she could not complete her speech. I lay a copy of her written speech before the House.

[Noise and intrruptions]

Motion of Thanks

Mr. Speaker: Motion may now be moved under rule 16(3) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly expressing the thanks of the Assembly for the speech delivered by the Governor.

[Noise and interruptions]

---

*Expunged by Order of Mr. Speaker.

Shri Asoke Krishna Dutta: Sir, I beg to move that a respectful address in reply be presented to the Governor as follows:—

মহামান্য রাজ্যপালের ভাষণের উত্তরে নিম্নলিখিত ধন্যবাদসূচক প্রস্তাব গৃহীত হোক—

"এই অধিবেশনে সমবেত পশ্চিমবঙ্গ বিধান সভার সদস্যবৃন্দ, আমরা, মহামান্যা রাজ্যপাল মহাশয়া ৮ই ফেব্রুয়ারী, ১৯৬৫ তারিখে উভয় সভার যুক্ত অধিবেশনে যে উৎকৃষ্ট ভাষণদান করিয়াছেন—সেইজন্য তাঁহাকে বিনীতভাবে ধন্যবাদ জ্ঞাপন করিতেছি।

[Noise and interruptions]

Mr. Speaker: The House stands adjourned till 1 p.m. to-morrow.

Adjournment

The House was accordingly adjourned at 4-35 p.m. till 1 p.m. on Tuesday the 9th February, 1965, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Tuesday, the 9th February, 1965, at 1 p.m.

Present:

Mr. Speaker (Shri KESHAB CHANDRA BASU) in the Chair, 11 Ministers, 4 Ministers of State and 198 Members.

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

Jute

[1—1-10 p.m.]

1. (Admitted question No. 33.)

শ্রী[illegible] রাহাঃ কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় ১৯৬৩-৬৪ সালে—

(১) কত পাট উৎপন্ন হইয়াছে, এবং

(২) এই জেলায় সরকার কত পাট খরিদ করিয়াছেন ; এবং

(খ) গত তিন বৎসরে পাট পচাইবার জন্য উক্ত জেলায় সরকার হইতে কতগুলি খাল বা গর্ত নির্মাণ করিয়াছেন?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) (১) মুর্শিদাবাদ জেলায় ১৯৬৩-৬৪ সালে ৫,৬৬,৫০০ বেল পাট উৎপন্ন হইয়াছে।

(২) সরকার সরাসরিভাবে কোন পাট খরিদ করেন না।

(খ) গত তিন বৎসরে ঐ জেলায় মোট ৭৮১টি পাট পচাইবার পুকুর খনন বা পংকোদ্ধার করা হইয়াছে।

Distribution of Relief

2. (Admitted question No. 71.)

শ্রীসনৎকুমার রাহাঃ ত্রাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বিভিন্ন জেলায় রিলিফ ম্যানুয়াল অনুযায়ী কত লোক স্থায়ীভাবে রিলিফ পাইতে পারে ইহার কোন তথ্য সরকারের আছে কি না ; এবং

(খ) তথ্য থাকিলে, নিম্নলিখিতদের সংখ্যা কিরূপঃ (১) অন্ধ, (২) খঞ্জ, এবং (৩) খর্ব?

The Minister for Relief:

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

Constitution of District School Board, Cooch Behar

3. (Admitted question No. 75.)

শ্রীজীবন কৃষ্ণ দেঃ শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোচবিহার জেলা স্কুল বোর্ড কবে গঠিত হয় ;

(খ) সভ্য নির্বাচনের পদ্ধতি কি ছিল ; এবং

(গ) বর্তমান সভ্যদের নাম এবং পরিচয় কি?

The Minister for Education:

(ক) ১৯৬১ সনের ডিসেম্বর মাসে কুচবিহার জেলার বর্তমান স্কুল বোর্ড গঠিত হইয়াছে।

(খ) ১৯৩০ সনের বঙ্গীয় (গ্রামীণ) প্রাথমিক শিক্ষা আইনের ৬নং ধারার বিভিন্ন প্রকরণ অনুযায়ী বিধিবদ্ধ নিয়মানুসারে স্কুল বোর্ড সভ্য নির্বাচিত হইয়াছিল।

(গ) সভ্যদের নাম ও পরিচয় নিম্নে বর্ণিত হইল—

পদাধিকারবলে সভ্যদের নাম

কুচবিহার জেলা শাসক।

সদর মহকুমা শাসক।

মাথাভাঙ্গা মহকুমা শাসক।

মেক্‌লিগঞ্জ মহকুমা শাসক।

দিনহাটা মহকুমা শাসক।

তুফানগঞ্জ মহকুমা শাসক।

কুচবিহার জিলা বিদ্যালয় পরিদর্শক।

৬(এফ) ধারা অনুযায়ী মনোনীত সভ্যের নাম

শ্রীদীনেশচন্দ্র দে সরকার, তুফানগঞ্জ, কুচবিহার।

৬(জি) ধারা অনুযায়ী নির্বাচিত সভ্যদের নাম।

১। শ্রীঅম্বিকা চরণ দাস, সদর মহকুমা।

২। শ্রীমদোনাথ রায় মণ্ডল, দিনহাটা মহকুমা।

৩। শ্রীউপেন্দ্র নাথ রায়, মাথাভাঙ্গা মহকুমা।

৪। শ্রীধর্মনারায়ণ বর্মা, তুফানগঞ্জ মহকুমা।

৫। শ্রীবীরেশ্বর প্রসাদ সিংহ, মেকলিগঞ্জ মহকুমা।

৬(এইচ) ধারা অনুযায়ী মনোনীত সভ্যদের নাম

১। অধ্যাপক মতিলাল বিশ্বাস, এম, এ, বি এল, দিনহাটা।

২। শ্রীবীজেন্দ্র নারায়ণ বর্মা, প্রধান শিক্ষক, গোপীনাথ জনিয়ার হাই স্কুল, মাথাভাঙ্গা।

৩। শ্রীধীরেন্দ্র নাথ বসু, এম এ, বি টি, প্রধান শিক্ষক, এম এন এম হাই স্কুল, তুফানগঞ্জ।

৪। শ্রীনির্মল চন্দ্র ঘোষ, কুচবিহার।

৫। শ্রীনরেন্দ্র কিশোর নন্দী, বি এল, মেকলিগঞ্জ।

৬(এইচ এইচ) ধারা অনুযায়ী মনোনীত সভ্যদের নাম

১। শ্রীউমেশ চন্দ্র মণ্ডল, দিনহাটা।

২। শ্রীপরেশ চন্দ্র বর্মন, মাথাভাঙ্গা।

৬(আই) ধারা অনুযায়ী মনোনীত সভ্যের নাম

শ্রীদীনেশ চন্দ্র আশ্চোয়া, শিক্ষক, হোলঙ্গারকুঠি সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়, পোঃ পুণ্ডিবাড়ী, কুচবিহার।

১৯৬৩ সনের পশ্চিমবঙ্গ জিলা পরিষদ আইনের ৩৮(৩) ধারানুযায়ী মনোনীত সভ্যদের নাম

১। শ্রীমাজিরুদ্দীন আহ্‌মদ, বি এল, কুচবিহার।

২। শ্রীসন্তোষ কুমার রায়, কুচবিহার।

Deocharai School Boarding

4. (Admitted question No. 79.)

শ্রীজীবনকৃষ্ণ দে: শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৩ সালের ঘূর্ণিবাত্যায় বিধ্বস্ত দেওচড়াই স্কুল বোর্ডিংটি সংস্কারকল্পে সরকার কোন টাকা বরাদ্দ করেছেন কিনা ; এবং

(খ) ঐ ঝড়ে বিধ্বস্ত প্রাথমিক বিদ্যালয়গৃহ সংস্কার ও পুনর্নির্মাণের কোন সরকারী পরিকল্পনা আছে কিনা?

The Minister for Education:

(ক) সরকারের সাহায্যের জন্য বিদ্যালয় কর্তৃপক্ষ আবেদন করিয়াছেন। তাঁহাদিগকে কতকগুলি তথ্য পেশ করার জন্য অনুরোধ করা হইয়াছে।

(খ) হ্যাঁ, চারটি প্রাথমিক বিদ্যালয়ের জন্য ২৪,৩১৪ টাকা সাহায্য মঞ্জুর করা হইয়াছে।

Kaljani river near Chilakhana bazar

5. (Admitted question No. 80.)

শ্রীজীবনকৃষ্ণ দে: সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কালজানি নদীতে চিলাখানা বাজারের দক্ষিণে নদীর গতিপথের সাম্প্রতিক পরিবর্তন হইয়াছে ; এবং

(খ) সত্য হইলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

The Minister for Irrigation and Waterways:

(ক) হ্যাঁ।

(খ) কালজানি নদীর ভাঙ্গন হইতে চিলাখানা বাজার রক্ষার পরিকল্পনাটি আর্থিক এবং প্রযুক্তির দিক হইতে গ্রহণীয় না হওয়ায় উহা বাতিল করা হইয়াছে।

ঐ নদীর ভাঙ্গন হইতে জাতীয় সড়ক (৩১)-কে রক্ষা করিবার জন্য, উক্ত সড়কের কোচবিহার-বক্সীহাট সেকশনের নবম মাইলে চিলাখানার নিকট একটি বিকল্প সড়ক নির্মাণের প্রকল্প পূর্তবিভাগের বিবেচনাধীন আছে।

Choto and Bara Salbari Small Scale Irrigation Schemes

6. (Admitted question No. 81.)

শ্রীজীবনকৃষ্ণ দে: সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, ছোট এবং বড় শালবাড়ি ক্ষুদ্র সেচ পরিকল্পনা দুটি কার্যকরী না হওয়ায় হাজার হাজার বিঘা আবাদী জমি প্রতি বছরই অধিক সংখ্যায় অনাবাদী হয়ে পড়ছে ; এবং

(খ) অবগত থাকিলে, উক্ত প্রকল্প দুটি কতদিনের মধ্যে চালু করা সম্ভব হইবে বলিয়া আশা করা যায়?

The Minister for Irrigation and Waterways:

(ক) ছোট শালবাড়ি এবং বড় শালবাড়ি অঞ্চলে সেচের জলের অভাব সম্বন্ধে সরকার অবগত আছেন।

(খ) সেচ প্রকল্প হিসাবে ছোট শালবাড়ি পরিকল্পনা সম্ভব নহে। বড় শালবাড়ি প্রকল্প এখন পর্যবেক্ষণাধীন রহিয়াছে। কতদিনের মধ্যে এই প্রকল্প কার্যকরী হইতে পারে তাহা এখনই বলা সম্ভব নহে।

Bundhs on Gadadhar, Raidak and Kaljani rivers

7. (Admitted question No. 82.)

[illegible] দে: সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) [illegible] নিকট গদাধর নদীতে বাঁধ দিয়া ভূমি সংরক্ষণ ও আবাদ ব্যবস্থার জন্য উক্ত প্রকল্পের সার্ভে ছাড়া কি কাজ করা হইয়াছে;

(খ) আলিপুরদুয়ারের নিকট রায়ডাক নদীতে বাঁধ এবং ভূমিক্ষয় নিবারণের জন্য কোন ব্যবস্থা অবলম্বন করেছেন কি; এবং

(গ) ভুচুংমারির নিকট কালজানি নদীর বাঁধ নির্মাণের কথা সরকার চিন্তা করিতেছেন কি?

The Minister for Irrigation and Waterways:

(ক) জরীপ (সার্ভে) ব্যতীত আর কোন কাজ করা হয় নি।

(খ) ও (গ) না।

Arrival of Gold artisans from Pakistan to West Bengal

8. (Admitted question No. 167.)

শ্রীমনোরঞ্জন বক্সী: উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মাননীয়া মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৪ সালের ৩১এ মার্চ তারিখের পর কতগুলি উদ্বাস্তু স্বর্ণশিল্পী পাকিস্তান হইতে পশ্চিমবঙ্গে আসিয়াছেন; এবং

(খ) উক্ত উদ্বাস্তুগণকে সরকার কিভাবে পুনর্বসতির জন্য সাহায্য করিতেছেন?

The Minister for Refugee Relief and Rehabilitation:

(ক) বিস্তারিত বৃত্তি-ভিত্তিক উদ্বাস্তু আগমনের হিসাব রাখা হয় না বলিয়া ইহা জানানো সম্ভব নয়।

(খ) ১৯৬৪ সালের জানুয়ারি মাস হইতে আগত উদ্বাস্তুগণের পুনর্বসতির দায়িত্ব সম্পূর্ণ ভারত সরকারের হওয়ায় এই বিষয়ের কোনও পরিকল্পনা রাজ্যসরকারের নাই। সুতরাং এ প্রশ্ন উঠে না।

Enhanced Pay for College Teachers

9. (Admitted question No. 229.)

শ্রীঅনঙ্গমোহন দাস: শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলেজ অধ্যাপকগণের বেতন বৃদ্ধি কল্পে কোন আবেদন অধ্যাপকগণের নিকট হইতে সরকার পাইয়াছেন কিনা;

(খ) বিশ্ববিদ্যালয় গ্র্যান্ট কমিশন কোন সংশোধিত হারের সুপারিশ করিয়াছেন কিনা; এবং

(গ) সুপারিশ করিয়া থাকিলে সরকার এ বিষয়ে কোন ব্যবস্থা করিতেছেন কিনা?

The Minister for Education.

(ক) হ্যাঁ, কলেজ শিক্ষক সমিতি আবেদন পেশ করিয়াছেন।

(খ) ও (গ) বিশ্ববিদ্যালয় গ্র্যান্ট কমিশন এ বিষয়ে বিবেচনার জন্য একটি কমিটি নিয়োগ করিয়াছেন। তাহাদের সুপারিশ এখনো পাওয়া যায় নাই।

Gratuitous Relief to T.B. Patients

10. (Admitted question No. 251.)

[illegible] মহাশয়ঃ ত্রাণবিভাগের মন্ত্রিমহাশয় [illegible] জানাইবেন কি—

(ক) দুঃস্থ টি বি রোগীদের খয়রাতি সাহায্য দেওয়া হয় কিনা ; এবং

(খ) দেওয়া হইলে এ পর্যন্ত কতজনকে উক্ত সাহায্য দেওয়া হইয়াছে ?

The Minister for Relief:

(ক) কাজ করিতে অক্ষম এবং দেশীয় প্রথা অনুসারে ভরণপোষণ করিতে বাধ্য এইরূপ আত্মীয়হীন ও অনশনের সম্মুখীন ব্যক্তিরা রোগ-ব্যাধি নির্বিশেষে সাধারণ দুঃস্থ লোক হিসাবে খয়রাতি সাহায্য পাইতে পারেন। কোন টি বি রোগী যদি দুঃস্থ হন, তবে তিনিও খয়রাতি সাহায্য পাইতে পারেন।

(খ) রোগাক্রান্ত দুঃস্থ ব্যক্তিদের পৃথক কোন তালিকা রাখা হয় না।

Shri Jyoti Basu: Point of Privilege

কালকে আপনাকে আমরা একটা কথা বলবার চেষ্টা করেছিলাম।

Mr. Speaker: Mr. Basu, After all I feel that you have not recognised my coming here, and I do not know how of all persons you, Mr. Basu, can stand up and speak just now.

Shri Jyoti Basu:

এই চেয়ার স্পীকারের চেয়ার। দুর্ভাগ্যবশতঃ কালকে আমরা জিজ্ঞাসা করেছিলাম ওখানে আপনি বসতে পারেন কিনা এবং লিগ্যালি এই পয়েন্ট রেইজ করেছিলাম প্রিভিলেজ পয়েন্ট অব ভিউ থেকে। আপনি তার কোন উত্তর দেননি, কাজেই এখন শুনে নিন কি হয়েছে।

Mr. Speaker: Mr. Basu, as you were seated, please be seated,

Shri Jyoti Basu:

কথা হচ্ছে কাল আপনি আমাদের কথা না শুনে কি সব বললেন সেটা আমরা বুঝলাম না। আজকে সংবাদপত্রে দেখলাম আজ ১ টার সময় আপনি হাউস ডেকেছেন। কিন্তু আমি মনে করি কালকে যে অবস্থা হয়েছে তাতে আগে এই সিদ্ধান্ত হওয়া উচিত যে, হাউস বসতে পারে কিনা? গভর্ণর জয়েন্ট সেসনে হাউসকে এ্যাড্রেস করেননি যেটা আপনি টেপ রেকর্ডে দেখতে পারেন। তাই আমরা প্রিভিলেজ-এর প্রশ্ন তুলেছিলাম যে, হাউস চলতে পারে কিনা? আমরা মনে করি এটা ইল্‌লিগ্যাল হাউস। কিন্তু কাগজে দেখলাম আপনি বলেছেন গভর্ণর এখানে বলেছেন—কিন্তু আমরা সকলে এখানে ছিলাম, আমরা কেউ শুনিনি। আমরা জানি আপনি কংগ্রেস পার্টির লোক নন।

Mr. Speaker:

তাহলে প্রিভিলেজ-এর পয়েন্ট কি তুলছেন?

Shri Jyoti Basu:

আমরা শুনেছি হাউস বসবে কাজেই আমরা এসেছি সেটা বন্ধ করবার জন্য। কালকে আমরা যে প্রশ্ন তুলেছিলাম সেটার জবাব আগে দিন। আপনি টেপ রেকর্ডে দেখতে পারেন আমরা যে কথা বলেছি সেটা সত্য, না আপনি যেটা বলেছেন সেটা সত্য? আপনি যেটা বলেছেন সেটা সত্য নয়।

Mr. Speaker: Will you please take your seat? I am asking you to take your seat.

Shri Jyoti Basu:

কি করে হাউস চলবে সেটা আপনার এবং আমাদের দেখা দরকার। আমরা আপনাকে স্পীকার হিসেবে মানি না। আপনি বললেন যাতে একটা সুরাহা হয়—আমি আপনার কথা শুনেছি কিন্তু আমাকে পরে কিন্তু আবার উঠতে হবে কারণ আমি আপনার কাছ থেকে জবাব চাই। আমরা জানি গভর্ণর এ্যাড্রেস করেননি, অথচ আপনি বললেন এ্যাড্রেস করেছেন। আমরা এটা টেপ রেকর্ডে দেখব এবং যদি ঠিকমত বুঝে না থাকি তাহলে আমরা মেনে নেব।

Shri Kashi Kanta Maitra: Sir, You have just now said that on your entering this House you had the impression that we did not recognise you as Speaker. Speaking for myself and my colleagues here, I would like to make it quite clear that the position is not like that.

It is not that we do not recognise Mr. Keshab Chandra Basu, Speaker of the Legislative Assembly. That is not the position. Constitutionally speaking, we are proceeding on the footing that since there was no address by Her Excellency the Governor, there was no compliance with the provisions of article 176.

Mr. Speaker: Mr. Maitra, you have no right to stand up and address the Chair. What you are saying now, you are blowing hot and cold in the same breath.

Shri Kashi Kanta Maitra: I take strong exception to it.

Shri Nikhil Das:

আপনি (মিঃ স্পীকার) অন্যায়মতে এখানে বসেছেন কেননা গভর্ণরের এড্রেস পঠিত হয়নি। (নয়েজঃ আপনার সিটিং নট ইন অর্ডার)। আপনাকে আমি যেকথা বলতে চাই সেকথা অত্যন্ত সহজ, কাল থেকে আমি যেকথা বলবার চেষ্টা করছি সেকথা হচ্ছে এই যে গভর্ণরের এ্যাড্রেস এখানে পঠিত হয়নি এবং সেজন্য ১৭৬(১) অব দি কনষ্টিটিউশন অনুসারে এসেম্বলী সেসন চলতে পারেনা, এটা ইরেগুলার সেসন এবং আপনার চেয়ারে বসবার কোন অধিকার নেই—একথাটাই আমরা বার বার বলছি, এটা আনকনষ্টিটিউশনাল, এ পথে আপনি যাবেন না, ওখানে আপনি বসতে পারেন না, এই সেসন চলতে পারেনা কিন্তু আপনি সেকথা না শুনে এমন একটা কাজ করছেন যেটা চলতে পারেনা।

Mr. Speaker: Please take your seat.

Shri Nikhil Das:

কিন্তু আমার কথার জবাব না শুনা পর্যন্ত এখানকার কাজ চলতে পারে না, এই বে-আইনী জিনিষ চলতে পারে না।

Shri Nepal Chandra Roy:

স্পীকারের কাজে বাধা দেবেন কি করে আপনি? [নয়েজ]

Shri Kashi Kanta Maitra: You had not permitted to conclude my statement.

Mr. Speaker: I have not allowed you to take the floor. How can I permit you to conclude?

Shri Kashi Kanta Maitra: I am not a charity boy. I want to make that quite clear. I am representing the people of my constituency and the Constitution guarantees me the right to speak. I made the submission: I have not said that I don't recognise Mr. Keshab Chandra Basu as Speaker of the West Bengal Legislative Assembly, but I proceed on the footing

that since there has been no address and no opening of the joint session, there is no commencement of this Assembly. Therefore, we should proceed, constitutionally speaking, on the footing that there is no formal session of the Assembly. But in case you proceed on the footing being strengthened by the idea that on your other side the members of the Treasury Benches are in brute majority, you feel that the sanction you derive is the sanction from the majority party, then, in that case, alternatively I would take the stand that I am protected by the rights and privileges guaranteed by this book, this document, the sacred book, the Constitution of India. Therefore, if you say that "well, I will not hear you", it would be very ungenerous, it would be very ungracious and it would be monstrous to the very idea of Constitutional democracy. Therefore, I take this......

Mr. Speaker: Mr. Maitra, you may not partake if you like, I have to carry on the House.

Shri Kashi Kanta Maitra: Either there is no House or, if you proceed on the footing that there is a formal session, permit me to raise a point of privilege. I am on a point of privilege.

[1-10—1-20 p.m.]

Mr. Speaker: You please give a notice for raising the point of privilege.

Shri Kashi Kanta Maitra: There is no precedent either, but in case you insist, then I would also say that, if you rule me out on that score—I think you cannot rule me out, I can raise a point of order and also a point of privilege.

Mr. Speaker: No proceeding has yet begun. What point of order you can raise?

Shri Kashi Kanta Maitra: You have not appreciated my point. Firstly, I say that there is no session and alternatively....

Mr. Speaker: There is no alternative, Mr. Maitra.

Shri Kashi Kanta Maitra: There has to be an alternative because it seems that you are on the other side and you feel............

Mr. Speaker: Whatever you might say according to you, Mr. Maitra, I have to carry on the proceedings of the House.

Shri Kashi Kanta Maitra: You should carry on the business as a Speaker.... .

Mr. Speaker: Not at your pleasure but according to the rules.

Shri Kashi Kanta Maitra: You should judge the issue on the golden scales of justice. You should not proceed on the footing on which side the majority sits. That is the position. I have got to raise this point—if any legislation is passed here I can tell you, as a humble lawyer putting in twelve years' practice in High Court, that any and every piece of legislation that will be passed by this House would be open to challenge. That is the position. That is the view that has been taken by the Supreme Court in the Kerala cases, because the Supreme Court has laid down that the doctrine of judicial scrutiny and doctrine of judicial review extend to this that the Supreme Court or for the matter of that High Court can look and examine as to whether certain legislation, certain orders, certain rules framed by the West Bengal Legislative Assembly or Council or the joint

session were passed according to the Rules of Procedure and Business and that position has been further amplified and corroborated by the latest Presidential reference that was made by the Speaker on the issue of U.P. High Court Judges vs. U.P. State Legislature. Therefore, I would appeal to you to permit me to raise this point of order because it is not a trivial question. It is a matter which strikes at the very root of the functioning of our Constitution, and I am pointing out to you that from today's Statesman and almost all newspapers I find that it has been said that twice the Governor attempted to read Her speech. She could speak a few words to the Chief Minister.

Mr. Speaker: Mr. Maitra, we were all in the House. It would be better on your part not to refer to that report because you and everyone of us were here.

Shri Kashi Kanta Maitra: Mr. Jyoti Basu yesterday raised a point—let the tape recording machine be produced here and, let us hear, but since you are not heeding to that request, the only other alternative is either our memory or......

Mr. Speaker: The only other alternative is to refer it to me as to what has happened.

Shri Kashi Kanta Maitra: Who says so? That is not the position.

Shri Jyoti Basu:

একথা কে বলেছে যে আপনার কাছে আমাদের আনুগত্য আছে। আমাদের আনুগত্য আছে কনষ্টিটিউশন-এর কাছে। আমরা এখানে বসে নিজের কানে শুনেছি যেটা সেটা আপনি টেপ রেকর্ডিং-এর সংগে মিলিয়ে দেখুন।

Mr. Speaker:

আপনাদের আনুগত্য কনস্টিটিউশন-এর কাছে আছে। কিন্তু কয়েকজন একসংগে মিলে বললে কিছু শোনা যায় না।

[গোলমাল]

Shri Jyoti Basu:

১৭৬ ধারা কনষ্টিটিউশন-এর প্রতি আমাদের আনুগত্য আছে, না আপনার কাছে আছে? আপনার কথা কেন শুনব? সেজন্য আমরা বলছি যে আপনি এখানে অন্যায় ভাবে এসে বসেছেন, বেআইনী কাজ করছেন, সংবিধান আপনি ভাংগছেন। আপনার স্পীকার হিসাবে যদি কোন মর্যাদা থাকতো, আপনার নিজের কোন ব্যক্তিগত মর্যাদা থাকতো, তাহলে আপনি এখান থেকে এখনি বেরিয়ে যান এবং তারপর একটা কিছু ব্যবস্থা করুন। একথা আপনাকে আমরা বলতে চাই যে আপনার নিজের যদি কোন আত্মমর্যাদা থাকে, স্পীকার হিসাবে আপনার যদি কোন সম্মান থাকে, তাহলে হাউস থেকে আপনি বেরিয়ে যান এবং আপনার ঘরে আমাদের ডাকুন যে কিভাবে হাউস চালান যায় এবং দেখা যাক আমরা কি করতে পারি। আমাদের আনুগত্য আপনার কাছে নয়।

[গোলমাল]

Mr. Speaker: Mr. Basu, I would request you to take your seat. If you do not, then I have to take steps.

Shri Jyoti Basu: You can take steps.

আমি আবার বলছি আমাদের আনুগত্য আপনার কাছে নয়। সরকারের যা ক্ষমতা আছে তা তাঁরা করছেন ও করবেন। আপনার যা ক্ষমতা আছে তাতে আপনি পুলিশ ডেকে এনে আমাদের বার করুন।

[গোলমাল]

Mr. Speaker: Will you please take your seat or not?

Shri Jyoti Basu:

আমরা আপনাকে ভাল পরামর্শ দিয়েছিলাম যে আপনি কিছুক্ষণের জন্য হাউস বন্ধ রাখুন এবং আপনার ঘরে বসে আলোচনা করুন দেখুন কি ভাবে হাউস চালান যায়। কিন্তু আপনি সে কথা শুনলেন না। এবং আপনি তা না করে থ্রেটেন করছেন ও কনষ্টিটিউসানের মর্যাদা রাখছেন না, অসত্য কথা বলছেন। হাউসের কাছে দাঁড়িয়ে আজ আপনি এই সব কথা বলছেন।

[Noise and interruptions]

Shri Nepal Chandra Roy:

স্যার, অন এ পয়েণ্ট অফ অর্ডার, জ্যোতিবাবু এখুনি বললেন এই হাউসে দাঁড়িয়ে যে আপনি অসত্য কথা বলছেন। আমি এই কথার প্রতিবাদ জানাই।

Shri Somnath Lahiri:

কথা হচ্ছে যে অবস্থার সৃষ্টি হয়েছিল সেখান থেকে বেরবার কোন উপায় আছে কিনা এটা প্রত্যেকেরই ভাবা দরকার। আপনি এ্যাসেম্বলির স্পীকার এটা আমরা অস্বীকার করছি না, কিন্তু প্রশ্ন হচ্ছে কালকে যে ভাবে অধিবেশন চলেছে তার ফলে আজকে হাউসের সিটিং লিগাল কি ইললিগাল সেটা দেখা দরকার। যদি নাকি লিগ্যাল হয় তাহলে নিশ্চয়ই চেয়ারে বসতে পারেন এবং পরিচালনা করতে পারেন। তাই প্রশ্ন হচ্ছে বা যে কথা উঠেছে তা হচ্ছে রাজ্যপাল কালকে তাঁর বক্তৃতা দিতে পারেন নি বা দেন নি।

সেই হেতু কনষ্টিটিউসানের ১৭৬ ধারা অনুসারে কমেন্সমেণ্ট অফ দি সেসান হয় নি। এখন প্রশ্ন উঠেছে আপনি কাল বললেন যে তিনি আরম্ভ করেছেন কিন্তু শেষ করতে পারেন নি, কিন্তু আমরা এখানে উপস্থিত ছিলাম। তিনি কেবল দুবার বলেছিলেন 'কাইণ্ডলি সিট ডাউন' এবং 'প্লিজ লেট মি স্পীক' এ ছাড়া আর কোন কথা উচ্চারণ করেছেন বলে আমরা শুনিনি! এখানে যে বই বিতরণ করেছেন তাতে ক্ষ দুটো লাইন আমি দেলাম না, এটা দেখলে আমি বুঝতে পারতাম যে তিনি আরম্ভ করেছিলেন কিন্তু তিনি শেষ করতে পারেন নি। কিন্তু বইতে ঐ দুটো কথা নেই সুতরাং তাই আজকে এই কথা উঠেছে। আমাদের জ্যোতিবাবু যেটা সাব্যস্ত করেছেন সেই দুটো ব্যবস্থা করা যেতে পারে। প্রথম কথা হচ্ছে যন্ত্র মিথ্যা কথা বলে না যদি নাকি ঐ টেপ রেকর্ডিং মেসিনকে মেনিপুলেট না করা হয়ে থাকে, এবং আশা করি নিশ্চয়ই তা করা হয় নি। আমাদের যে টেপ রেকর্ডিং মেসিন আছে নিশ্চয়ই তা মিথ্যা বলবে না। আমরা সেই জন্য আপনাকে বলছি আপনি আপনার ঘরে আমাদের ডাকুন। আমাদের প্রত্যেক দলের পক্ষ থেকে আমরা সেখানে উপস্থিত থাকবো। সেই গোলমালের মধ্যে আমরা কি শুনেছি এবং প্রকৃত কি হয়েছে তা আপনার পক্ষে বলাও ঠিক সম্ভব নয়। তাই আমরা আপনাকে বলছি আপনি হাউস এ্যাডজোর্ন করুন এবং টেপ রেকর্ডিং এনে সকলের সামনে শোনান। এতে আপনি যা বলছেন তাই যদি সত্য হয় তাহলে নিশ্চয়ই আমাদের আপত্তি হবে না। কিন্তু যতক্ষণ না তা হচ্ছে ততক্ষণ কি করে আমরা চোখে যা দেখেছি এবং কানে যা শুনেছি তা কি করে অস্বীকার করি। তবে এতে আমরা একটা কিছু গ্রহণ করতে পারি। আমাদের জ্যোতিবাবু খুবই ভাল কথা বলেছেন এবং সেইজন্য আমি জোতিবাবুকে সাপোর্ট করি। আমি যা বুঝলাম তাতে আমি এই কথাই বলতে পারি। আমি আপনাকে বলছি আপনি হাউস এ্যাডজোর্ন করুন এবং এই বিষয়ে আলোচনা করুন এবং দেখুন একটা সিদ্ধান্তে আসা যায় কিনা।

আমাদের কনষ্টিটিউসানে যে পদ্ধতি আছে তা আমাদের রক্ষা করা হয়নি। সুতরাং এখানে আবার হাউকে সামন করা যেতে পারে এবং কনষ্টিটিউসানের ১৬০ ধারা অনুসারে প্রেসিডেন্ট এ ব্যাপারে হস্তক্ষেপ করতে পারেন।

[গোলমাল]

সুতরাং এ সম্বন্ধে যে কোন উপায় নেই তা নয়। যে উপায় কালকে হয়ত আপনি গোলমালের মধ্যে গ্রহণ করেছেন সেই উপায় একমাত্র উপায় না হয়ে—কি হতে পারে আপনি ডেকে সকলের সংগে আলোচনা করে আসুন, আমরা একটা সিদ্ধান্তে উপস্থিত হই।

[1-20—1-30 p.m.]

Shri Bijesh Chandra Sen:

মিঃ স্পীকার স্যার, আইনতভাবে সভা ডাকা হয়েছে—কোয়েশ্চন এ্যানসারের পরে যা কিছু আলোচনা হবে।

Shri Asoke Krishna Datta:

স্যার, হাউসের রুলস অব বিসনেস অনুযায়ী আপনাকে একটা নোটিশ দিয়েছি যে আমি একটা প্রিভিলেজের প্রশ্ন উত্থাপন করতে চাই।—আপনি যদি দয়া করে অনুমতি দেন তাহলে আমি প্রিভিলেজের প্রশ্নটা উত্থাপন করি।

Mr. Speaker:

মিঃ দত্ত, আমি ওটা দেখে কালকে দেবো—এখনও ওটা আমি দেখিনি।

Shri Hemanta Kumar Basu:

স্যার, আপনি নিশ্চয়, আবার ঠিক প্রপারলি যাতে হাউস কনভিন্‌সড হয়—হাউস বসে এবং হাউসের কাজ চলে সে জন্য গভর্ণরকে আবার বক্তৃতা দেবার জন্য ডাকুন—আবার এই এ্যাসেম্বলী নুতন করে ডাকুন এবং গভর্ণর তাঁর বক্তৃতা দিন এবং তার পরে আপনি হাউস চালাতে পারেন—কিন্তু প্রপারলি এই হাউস কনভিন্সড্ হয় নি, গভর্ণর যখন তাঁর বক্তৃতা শেষ করতে পারেন নি তখন সেদিক থেকে আমার মনে হয় যে আমাদের সাজেসানটা যদি গ্রহণ করেন—আবার এই হাউসকে সামন করে যদি কাজ সুরু করেন—তাহলে ঠিক হবে।

[গোলমাল]

Shri Somnath Lahiri:

স্যার, আমি যতদূর শুনলাম যে এই রকম একটা মোসন আনবার চেষ্টা হচ্ছে যে কোন কোন সদস্যকে বহিষ্কার করা হোক।

[গোলমাল]

Point of order

Shri Kashi Kanta Maitra: Sir, I rise on a point of order.

Shri Siddhartha Shankar Ray: Sir, a point of order has been raised. would request you to give your decision in the matter and your decision final.

Mr. Speaker: Mr. Maitra, please go on with your point of order.

Shri Kashi Kanta Maitra: Sir, the position is this. Since yesterday's incident I was trying to ransack some of the parliamentary proceedings with regard to opening of new session. I have found the relevant portion from May's *Parliamentary Practice*. May I read for your consideration and for the sober appreciation of some of my recalcitrant friends on the opposite? May's Parliamentary Practice, latest edition, page 290 says: "In every

session but the first of a Parliament, as there is no election of a Speaker, nor any general swearing of Members, the session is opened at once by the Queen's speech, without any preliminary proceedings in either House. Until the causes of summons are declared by the Queen, either in person, or by commission, neither House can proceed with any public business... This form is observed, because no business can be transacted until Parliament has been opened by the Crown.

"When the Queen is not personally present, the causes of summons are declared by the lords commissioners. Sir, the position on this question is different so far as Indian Constitution is concerned. Under the Indian Constitution, there is no alternative, namely, that if the Governor does not come, like the lords commissioners in Great Britain in the House of Commons or House of Lords, any other person have not been given the right to address or read out the speech. Here, under the Constitution, it is the Governor and the Governor alone who has the right to deliver the address. Now, in the Constitution it is this..........

Shri Nikhil Das:

কাশীবাবু, পয়েণ্ট অব অর্ডার দিয়ে কি হবে, হাউস তো চলবে না—সেসন চলবে না।

Shri Kashi Kanta Maitra: What I want to tell is that my point of view is this, I am only trying to drive at this: there is no session, no House, but I am trying to draw the attention of the members......

Shri Asoke Krishna Dutta: Sir, according to Mr. Maitra, there is no House. If there is no House how can he raise a Point of Order?

Shri Kashi Kanta Maitra: I am drawing the attention of the honourable members of the House to Rules 16 and 17. Sub-rule (2) of Rule 16 is this. This is important. "After the delivery of the speech by the Governor, the Speaker shall report to the Assembly that the Governor had been pleased to make a speech and shall lay a copy of the speech on the table. On such report being made, notice may be given of a motion that a respectful Address be presented to the Governor in reply to his speech expressing the thanks of the Assembly for the speech delivered by him." Now, there is no magic in the mere word "Address". It is not complete. There is no compliance with the requirements of the Constitution until and unless the Governor has informed the members of both Houses the causes of the summons. That is also what is laid down in May's Parliamentary Practice. It has been said by some of the members of this House on the other side as also in some of the papers, it may be that the Governor, Her Excellency, when she came here, she has spoken a few words. But she has not delivered a speech. Under the rules, sub-article (2) of Article 176, I find this is very important, because I find it is the Statesman which has reported within quotation your remarks: 'On being contacted in his chamber, the Speaker said, "The Governor has been pleased to address the joint session of both Houses of the State Legislature". This is absolutely untrue. Then, "Because of certain circumstances she could not complete her speech, I lay a copy of her speech before the House." Now, copy of the speech was circulated to some of the members, but immediately these copies were withdrawn from circulation yesterday. Therefore, even if the Governor had spoken a few words that won't comply with the requirements of sub-rule (2) of Rule 16 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly and sub-article (1) of Article 176. Therefore, it was the constitutional obligation on the part of Her Excellency not only to address but to indicate the reasons for the summons. So, that not being done it cannot be said that there is any

House. Shri Asoke Dutta may be shouting or some members on the other side who do not care to look up the law and who have no respect for law may brush aside my contention, but I may cite several authorities of Supreme Court, and possibly, although my friend behind me Mr. Roy may have different political colour, he won't dispute my contention when I say that in regard to certain matters which came up from the Kerala High Court to the Supreme Court, the Supreme Court took the view that the Supreme Court, in exercise of the doctrine of judicial superintendence and the doctrine of judicial review can certainly examine if any legislature had passed any legislation or any rule according to law laid down by the Constitution and Rules of Business. In the Rules of Business it is said that the delivery of the speech shall be made by the Governor. Now, I am asking with very great humility, was there any such thing? Did the Governor really deliver any speech? The Governor did not deliver any speech. After all, the Governor was not here to perform a pantomime; it is not a dumb show business.

[1-30—1-40 p.m.]

Governor has to speak, and speak means a continuous utterance of several words. It is a discourse; it is an oration. There has been no oration; there has been no discussion; there has been no discourse; and there has been no disclosure of the reasons of the summon by the Governor. So even if the Governor had said, "Ladies and gentlemen" and read out the welcoming words of the speech, the opening words of the speech, that will not constitute compliance with the mandatory provisions of article 176(1) of the Constitution. You cannot speak without uttering words just as you cannot eat without opening your mouth. If you really speak, you must utter words and you must give full disclosure of the reasons why you have done it. Her Excellency the Governor having herself summoned the Houses and the members having attended the session in pursuance of the summons, it was the Constitutional obligation of Her Excellency to conclude her speech, no matter whether some honourable members of the Houses raised points drawing attention to something, which is also a democratic right, the Constitutional right guaranteed by the Constitution, because after all the Rules of Procedure cannot override the fundamental rights guaranteed by the Constitution. Therefore, the Governor had not commenced the session. She had committed, what I should say, is a gross act of impropriety, according to the Constitution, by leaving the House and leaving the House to chaos, because if there has been confusion, if there has been chaos it is her own creation, and Mr. Speaker, Sir, I would request you to consider this matter—to adjourn the House here and now, and I would request you to convene immediately a meeting of the members of different political parties and discuss the Constitutional implications of this matter. You know, Sir, that if a Judge is appointed unlawfully, illegally, if the warrant of appointment was defective, it was pointed out before the Supreme Court and also in different High Courts that, well, a man has been sentenced to death but that would be no consolation if it is ultimately found that the Judge who had sentenced the person to death had no legal jurisdiction, or competence to pass the order and hang him. Here, therefore, if we pass any legislation or if we pass the Budget or if we transact any other business, that would be ultra vires the Constitution, that would be ultra vires the Rules of Procedure and Conduct of Business. Therefore, I ask you to consider the position. There is no House. It is not a question of showing disrespect to you individually. I am raising this point. You may think that perhaps I am acrimonious—that is not so.

am contradicting the position that you are taking or the Congress Party is taking. I am possibly confronted with the position that you have taken, not because I have less personal respect for you but my respect for the country, my respect for democracy, my respect for the Constitution is so deep and fundamental that I cannot stand being denied the fundamental guarantee that the Constitution confers upon me. Therefore, I would request you to consider the position. When you said that I have no right to speak, I have no right of audience, that is not what is expected of a man occupying that high position. After all, you remember this thing. At the time when you were taking the seat we had offered, we had showered encomiums on you because of the high pedestal which you had occupied at the request of all. But you should remember that the real time for offering encomiums comes not at the time when a person is installed to a high position; the real hour of encomium or praise comes when a man steps down the office. Let it not be said that Mr. Keshab Chandra Basu, Speaker of the West Bengal Legislative Assembly, occupied the Chair at the behest of a majority, recalcitrant political party—which is this majority party today—he is executing a war dance on the prostrate bodies of the people. They are treating us as though they are victorious and the members of the Opposition are vanquished. I want to tell the members on the other side, the Leader of the House, and his colleagues, "Don't treat us in that fashion". We may be very weak today, but you must remember that democracy functions in the shadow of coming defeat.

Shri Nani Bhattacharjee:

মাননীয় স্পীকার মহাশয়, আমি দু একটি বিষয় আপনার কাছে রাখতে চাচ্ছি। আমরা এটাকে লিগ্যালি কন্সটিটিউটেড হাউস বলে মনে করছি না। কারণ, আজকে যে রকম ধরণের সংকট দেখা দিয়েছে সেইজন্য কয়েকটি কথা বলতে হচ্ছে যে এখানে জ্যোতিবাবু এবং কাশীকান্ত মৈত্র মহাশয় বিস্তারিতভাবে বলেছেন তার সঙ্গে পুরা সমর্থন জানিয়ে আমি আরো কয়েকটি কথা বলতে চাই। সেটা হচ্ছে এই কালকে সাড়ে চারটার সময় যখন সকলে এখানে আসেন, তখন আমরা কতকগুলি প্রশ্ন তুলেছিলাম, জ্যোতি বসুমহাশয় তুলেছিলেন এবং সেই গোলমালের মধ্যে কে কি বললেন, আপনি কি বললেন তা আমরা কিছুই বুঝতে পারলাম না। আজকে এই যে ডেড লক ক্রিয়েটেড হয়েছে, এখানে কে সত্য, কে মিথ্যা সেটা আপনি আগে ভালভাবে বুঝুন।

মাননীয় স্পীকারমহাশয়, আপনি যে চেয়ার দখল করে আছেন, সেই চেয়ারের সম্মান কি-ভাবে রাখা যায়, সেটাও আপনাকে দেখতে হবে এবং আপনি যাতে কংগ্রেস দলের জোচ্চুরির জালে জড়িয়ে না পড়েন, সেটাও আপনাকে দেখতে হবে। সেই জন্য আমি কতকগুলি কথা আপনার কাছে বলছি।

[Noise and interruptions]

কালকে, এখানে, আমি ক্যাজুয়ালি বলছি, আমরা দেখেছি এ্যাসেম্বলি প্রেসিডিংস কিছু হয় নাই। কালকে বিযিনেস কি হয়েছে, না, হয়েছে আপনি জানেন সেটা কালকে আপনার কাছে যখন আমরা ছুটে গেলাম, লিগ্যালি কনস্টিটিউটেড হাউস কি না বুঝলাম না, তখন দেখলাম অশোক দত্তমহাশয় কি দাড়িয়ে বলছেন। তিনি বলতে থাকলেন, আর ওদিকে আপনি হঠাৎ হাউস এ্যাডজোর্ণ করে দিয়ে চলে গেলেন। ও'র একজন সহকর্মী পরে এসে তাঁকে বসিয়ে দিলেন। সেদিক থেকে যদি এটা বিবেচনা করা যায়, তাহলে দেখা যাবে ইরিগুলার হয়ে যাচ্ছে। আপনি জানেন স্যার এ্যাসেমবিলি রুলস, এমন কি ১৭নং ধারাতে পরিষ্কার বলছে গভর্ণর যদি বক্তৃতা দিয়েও থাকেন তর্কের খাতিরে ধরে নেই, তিনি বক্তৃতা দেন নাই তা বলছি না, যদি তিনি বক্তৃতা দিয়ে থাকেন এবং থ্যানক্স দেবার মোশন যদি কেউ এনে থাকেন,

it must be moved এবং সেটা moved and supported

হবে। এখানে ১৭ নম্বর ধারা কি বলছে দেখুন:

Rule 17 say: On such day or days or part of any day, the House shall be at liberty to discuss the matters referred to in such Address on a Motion of thanks moved by a members and seconded by another member.

এবং কোন মেম্বারের দ্বারা সেটা সেকনডিং হয়নি, কেউ সেটা সেকেন্ড করেনি। আজকে তাই এখানে এসে দেখছি যা কাগজে, তাতে শুধুমাত্র বলা হচ্ছে
moved by Shri Asoke Krishna Dutta.

কিন্তু কোন জায়গায় সেকনডেড হয়েছে বলে উল্লেখ নাই। সেইজন্য স্পীকার স্যার, সেক্রেটারীর সঙ্গে আলাপ করবার আগে আমার একটা কথা শুনুন। কালকে তিনটা থেকে আরম্ভ করে এই সমস্ত জিনিস ইরিগুলার চলছে এখানে এবং কালকের সাড়ে চারটার বৈঠকও ইরিগুলার হয়েছে।

[Noise and interruptions]

আর আজকের যে বৈঠক এটাও ইরিগুলারলি চলছে। সেইজন্য আপনাকে অনুরোধ করছি যে আপনি বিভিন্ন পলিটিক্যাল পার্টিকে ডাকুন আপনার ঘরে এবং এর যা
Constitutional points legal points
আছে সে সম্বন্ধে আলাপ আলোচনা করে সিদ্ধান্ত করুন কে মিথ্যা, কে সত্য, সেটা যাচাই হয়ে যাক্। কংগ্রেসদল শুধু গায়ের জোরে যে জোচ্চুরি করে যাচ্ছে তার ফাঁদে আপনি পা দেবেন না।

(হট্টগোল)

Shri Bejoy Kumar Banerjee :

মিঃ স্পীকার স্যার, কালকের গোলমালের মধ্যে আমরা কিছুই বুঝতে পারলাম না। সেইজন্য আমি একটা পয়েন্ট অব অর্ডার তুলছি।

Mr. Speaker:

মিঃ ব্যানার্জি, আপনি জানেন একটা পয়েন্ট অব অর্ডার এর মধ্যে আর একটা পয়েন্ট অব অর্ডার হয় না। আগে এটা হোক।

Shri Bejoy Kumar Banerjee :

তা না পারলেও আমার এটা খুব দরকারী কথা। আমি ও'কে সমর্থন জানিয়ে এই কথা বলছি। আপনি আমাদের কাছে এই যে কাগজ দিয়েছেন
brief record of proceedings of this House.
আপনার অর্ডারে সেক্রেটারী দিয়েছেন আমাদের কাছে। এই রেকর্ডে যা খুশী লিখে যদি সেটা কালকের ঘটনা বলে দেখান এবং সেটা যদি অসত্য হয়, তাহলে তা মানতে আমরা রাজী নই। আর এই রকম ঘটনার পর আপনি যদি ছুতো ধরে একটা আইন অমান্য করবার সুযোগ পান, তাহলে সারটেনলি সেটা আমরা মানতে পারি না। এতে আমরা দেখছি বেশ ভালভাবে লেখা হয়েছে কালকে আমাদের
Governor was pleased to address the joint session of both the Houses and on account of certain circumstances could not complete her Speech.

[1-40—1-50 p.m.]

গভর্ণর কুড নট কমপ্লিট হার স্পীচ। সেই স্পীচ তাঁকে কমপ্লিট করতে হবে আইনে একথা লেখা আছে। আপনি দেখবেন এতে লেখা আছে আফটার দি ডেলিভারি অব দি স্পীচ। আপনি যদি ১৬(১) সাব সেকসন দেখেন তাহলে দেখবেন স্পীচ মানে এই নয় যে, দুপাতা বলে আর বললেন না। এতে স্পীচ কমপ্লিট হোল না। আপনি যদি ১৫(২) সাব-সেকসন দেখেন তাহলে দেখবেন ডেলিভারি অব দি স্পীচ কমপ্লিট্ করবেন আইনতঃ এই ক্ষমতা দেওয়া আছে। সেই স্পীচ যতক্ষণ না কমপ্লিট্ হচ্ছে সেটা আপনি আমাদের জানাতে বাধ্য—আপনি জানেন বা না জানেন তাতে কিছু এসে যায় না। দেয়ারফোর, আজকে আপনি যে মিটিং ডেকেছেন সেটা

আইন সিদ্ধ নয় এবং তা সত্ত্বেও আপনি যদি জোর করে এটা করেন তাহলে একটা প্রিসিডেন্ট সৃষ্টি হবে। এখানে লেখা আছে গভর্নর ওয়াজ প্লিজড্ টু এ্যাড্রেস দি জয়েন্ট সেসন। একথা আপনি কখনও বলতে পারেন না, কারণ তিনি স্পীচ দেননি। আমরা কতকগুলো লোকের চোখ, কানকে অবিশ্বাস করতে পারি না। কার দোষ, কার গুণ সেটা না দেখে আমরা দেখলাম তিনি এখান থেকে নেমে চলে গেলেন। কিন্তু আপনি বললেন সব হয়ে গেল এবং তারপর দেখলাম তাড়াহুড়া করে করে মোসন অব থ্যাংক্স আনা হোল এবং আপনি কি বললেন আমরা কিছুই বুঝলাম না। মোসন অব থ্যাংক্স কোথায় হোল, কবে হোল, কার কাছে হোল আমরা কিছুই জানি না। আমরা এরকম করে টাকা খরচ করে, গভর্নর-এর সেরিমোনিয়াল প্রসেসন দেখতে এখানে আসিনি বা মানুষের টাকা পোড়াবার জন্য এখানে আসিনি। যাহোক, আমরা মনে করি এটা আইন সিদ্ধ মিটিং নয়, কারণ কাল গভর্নর তাঁর স্পীচ কমপ্লিট করেননি, তাঁর আনগত কর্তব্য তিনি পালন করেননি। আপনার আইনগত কর্তব্য হচ্ছে তিনি স্পীচ দিলে আমাদের কাছে জানাবেন। কিন্তু আইনতঃ তিনি স্পীচ দেননি, তাঁর কর্তব্য পালন করেননি, কাজেই এই মিটিং-এর নোটিশ অসিদ্ধ, এটা হতে পারে না। আপনি এই যে প্রসিডিংস্ ছাপিয়ে দিয়েছেন আমরা এটা মানিনা, এটা অসত্য।

Shri Nepal Chandra Roy:

স্যার, এঁরা বলছেন এই হাউস ইল্লিগ্যাল এবং আপনি ওখানে বসতে পারেন না। কিন্তু আমি দেখছি অপজিসন-এর সদস্যেরা নোটিশ পেয়ে, কাগজ দেখে ১৭ টাকা নেবার জন্য খাতায় সহি করেছেন। তাঁরা হাউস মানছেন না, কিন্তু খাতা মানছেন।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় স্পীকারমহাশয়, নেপালবাবু যে কথা বললেন তাতে দেখছি নেপালবাবু নিজেও জিনিসটা বুঝতে পারেননি। আমরা নোটিশ পেয়ে আসিনি—আমাদের কাছে যথারীতি সামন, লিস্ট অব বিজনেস্ গিয়েছিল এবং সেই হিসেবে আমরা এসেছি, সেটা ফলো করে আমরা এসেছি। জ্যোতিবাবু একটা প্রশ্ন তুলেছেন এবং কাশীবাবুও সিমিলার কোশ্চেন তুলেছেন। প্রশ্নটা হচ্ছে হার এক্সেলেনসী দি গভর্ণর কালকে এখানে স্পীচ ডেলিভারী দেননি—অর্থাৎ ডেলিভারী অব স্পীচ হয়নি, অথচ আপনি এ্যাজ্ এ স্পীকার বলছেন হার এক্সেলেন্সী স্পীচ ডেলিভারী দিয়েছেন। আমরা কাগজে দেখলাম আপনি বলেছেন এটা টেকেন এ্যাজ্ ডেলিভার্ড। কিন্তু আপনি নিজেই বুঝুন এতে কি লেখা আছে—অর্থাৎ কন্সটিটিউসনের আর্টিকল ১৭৬-এ বলা হচ্ছে গভর্ণর এ্যাড্রেস করবেন। কিন্তু গভর্ণর-এর এ্যাড্রেস যদি টেকেন এ্যাজ্ রেড হয় তাহলে দাঁড়াচ্ছে কি? গভর্নর কি আমাদের কাছে এসে আমাদের দেখে যাবেন এবং একটা করে কাগজ দিয়ে যাবেন, এটাই কি প্রসিডিওর হবে? যেভাবে ইন্টারপ্রেট করতে যাচ্ছেন এটা ডেঞ্জারাস্

to parliamentary practice

এবং তার কি ডেঞ্জার সে সম্বন্ধে আমি একটু বলতে চাই। এই হাউস ডাকবার অধিকারী তো আপনি নন, হাউস ডাকবার অধিকারী হলেন গভর্ণর।

Her Excellency the Governor has not done her duty. She has simply walked out in protest, the House was in pandemonium.

এখন একটা জিনিস দাঁড়াচ্ছে

স্পীকার হিসাবে আপনার একটা কর্তব্য ছিল, এখনো আছে বলে আমি মনে করি এবং আপনি সে কর্তব্য পালন করবেন হাউসের সামনে।

Shri Nepal Chandra Roy:

এই যে দেখুন স্যার, খাতা সবাই সই করেছে।

[নয়েজ—চোর চোর]

Shri Jyoti Basu:

এই চোর খাতা এনেছে, এঁকে আপনি কি করবেন? [নয়েজ]

Shri Nepal Chandra Roy:

সব জোচ্চোর.................................[নয়েজ]

Shri Nikhil Das:

এই এসেম্বলী ইরেগ্‌লার চলছে..........................[নয়েজ]

Shri Anadi Das :

স্যার, একটা রেজোলিউশন ম্‌ভড্‌ হয়েছে বলা যায় কখন? দি প্রেসিডেন্ট or the Speaker will be in his seat. যিনি ম্‌ভ করছেন তাঁর বক্তব্য যতক্ষণ না শেষ হচ্ছে ততক্ষণ পর্যন্ত [এ ভয়েস : হাউস তো ইরেগ্‌লার] মিটিং যে ইরেগ্‌লার হচ্ছে আমি সেকথাই বলছি। অথচ এখানে লেখা হল—দি রেজোলিউশন has been moved এই ঘটনা থেকে এণ্টায়ার থিং পেছন থেকে কেমন করে কন্সপিরেসীর সাহায্যে এখানে আনা হচ্ছে সেটা প্রকাশ পায়। এখন সমস্ত কন্সপীরেসীর মধ্যে স্পীকারের মত একজন ইম্পার্শিয়েল লোককে জড়িয়ে ফেলার চেষ্টা হচ্ছে এবং তার ফলে বাংলাদেশের এবং তথা সমস্ত দেশের এসেম্বলীতে এবং পার্লামেণ্টে যে নজির তৈরী হবে সেকথা আপনাকে স্মরণ করতে বলি।

1-50—2 p.m.]

স্যার, একথা সত্যি যে জ্যোতিবাব্‌ যা বলেছেন তা আমি নিজে শ্‌নেছি। অনেকেই শ্‌নেছেন যে আমাদের গভর্ণর কোন কথা বলার স্‌যোগ পাননি, তিনি বলতে পারেন নি। তিনি বলেননি এবং এ না বলার পরও যদি বলা হয় তিনি স্পীচ দিয়েছেন তাহলে ইতিহাসে অত্যন্ত অসত্য নজীর প্রতিষ্ঠিত হবে—নিশ্চয় আমাদের স্পীকার সেই নজীর রাখবেন না। আমি তাই বলব যে, এইরকম অবস্থায় কি করণীয়? অত্যন্ত কন্সট্রাকটিভ কথা জ্যোতিবাব্‌, হেমন্তবাব্‌, কাশীবাব্‌ রেখেছেন যে এই অবস্থায় কি করা উচিৎ। অর্থাৎ বিভিন্ন পার্টি লিডারদের ডেকে, কংগ্রেস পার্টি লিডারদের ডেকে ঠিক কর্‌ন যে কি করা যায়। এই অবস্থায় এটা যদি না করা যায় তাহলে অত্যন্ত খারাপ নজীর তৈরী হয়ে যাবে এবং এর পরিণতি ভয়াবহ হবে। সেজন্য বলছি যে হাউস এ্যাডজোর্ন করা হোক। হাউস ইজ ইরেগ্‌লার। সমস্ত কিছ্‌ই ইরেগ্‌লার হচ্ছে স্‌তরাং adjourn this irrigular sitting. আমরা এসেছি কারণ আমাদের সমন দেওয়া হয়েছে এবং এই সমনের জন্য আসার পর কালকে যে ঘটনা ঘটেছে তার পরিণতি কি হয় তারজন্য আমরা এসেছি। আমাদের দায়িত্ব আছে এখানে খারাপ ঘটনা যাতে ঘটতে না পারে এবং খারাপ ঘটনা যদি হয় তার প্রতিবাদ করা দরকার। আমরা প্রটেস্ট করছি যে এটা রেগ্‌লার মিটিং হচ্ছে না সবই ইরেগ্‌লার হচ্ছে। সেজন্য এই ইরেগ্‌লারকে রেগ্‌লার বলে যাতে চালান না হয় তারজন্য এখানে এসেছি। আপনার কাছে অন্‌রোধ করি যে স্পীকারের একটা ইম্‌পারসিয়ালিটি আছে। সেই ইম্‌পারসিয়ালিটি নিয়ে আপনি কাজ চালাবেন এটা আমি মনে করি।

Shri Jyoti Basu:

আপনি এখনও আমাদের তাড়াবার জন্য প্‌লিস ডাকেন নি। আপনি প্‌লিস ডাকবেন বলেছিলেন আমাদের এখান থেকে তাড়াবেন বলে।

Mr. Speaker:

আমি প্‌লিস ডাকবো কখন বলেছি।

Shri Jyoti Basu:

আপনি যখন এখনও ডাকেন নি, তা ভালই করেছেন, কিন্তু তা না হলে আমাদের বির্‌দ্ধে কি একসান নেবেন। আমি সেজন্য আপনাকে বলছি যে সরকার যের্‌প প্‌লিসী একসান নিয়েছেন

বিনা বিচারে আটক করেছেন, হয়ত এখান থেকে বেরুলেই ধরে নিয়ে যাবেন, সেই রকম আপনিও থ্রেটেন্ করতে আরম্ভ করেছেন। এটা আমাদের দেশের পক্ষে এবং এসেম্বলীর পক্ষে দুর্ভাগ্যের বিষয়। আমি বলেছিলাম অসত্য একটা জিনিস হয়েছে বলে আমরা মনে করি। আমাদের সত্যের প্রতি একটা আনুগত্য আছে এবং সংবিধানের প্রতি। সেজন্য আপনাকে বলেছিলাম কে সত্য কথা বলছে—এ'রা বলছেন না আমরা বলছি, না আপনি বলছেন সেটা টেপ রেকর্ডিং আছে সেটা দেখা যাক। টেপ রেকর্ডিং আপনার ঘরে গিয়ে শুনি। আপনি কেন এটা হতে দিচ্ছেন না ?

The Hon'ble Jagannath Kolay:

কাল যখন স্পীকার এলেন সাড়ে চারটার সময় তখন আপনারা উঠে দাঁড়ালেন আর আজকে যখন স্পীকার এলেন তখন উঠে দাঁড়ালেন না কেন?

Mr. Speaker: Mr. Basu, don't misunderstand me. I have always respected and regarded you as Leader of the Opposition.

আমি আপনাকে যে কথা বলছিলাম সেটা আপনার জন্য নয়, কারুর জন্য নয় তবে যদি এরূপ সারকম্স্ট্যানসেস হয় তাহলে আমার আর কোন হাত নেই। আপনি চেয়ারে বসলেও এরূপ হতো।

Dr. Kanai Lal Bhattacharya:

এ ব্যাপারে যা শুনতে পেলাম সেই ঘটনাটা উল্লেখ করছি। আমরা শুনতে পেলাম যে গতকাল কংগ্রেস এ্যাসেম্বলি পার্টি মিটিং-এ এটা নাকি ঠিক হয়েছে যে জ্যোতিবাবুকে, এবং হেমন্তবাবুকে এক্সপেল করা হবে। (মিঃ স্পীকার ঃ এক্সপেল করা হল না।) স্যার, এ সংবাদ কাগজে বেরিয়েছে এবং আমরা লোক পরম্পরায়ও শুনেছি যে এটা ঠিক হয়েছে যে জ্যোতিবাবু এবং হেমন্তবাবুকে তাড়িয়ে দেওয়া হবে। এবং এই রেজিলিউসানের পর আপনি যখন সামান্য ব্যাপারে জ্যোতিবাবুকে যিনি না কি লিডার অফ দি অপজিসন তাঁকে এভাবে বলতে আরম্ভ করলেন তখন স্বতঃই আমাদের ধারণা হল যে কংগ্রেস এ্যাসেম্বলী পার্টির ডিসিসন ক্যারি করবার চেষ্টা করছেন। যা হোক, আপনি যখন বলছেন তখন আমি এটা মেনে নিচ্ছি। আমরা সেটা দেখছি এবং যে অবস্থার সৃষ্টি হয়েছে সে অবস্থা থেকে মুক্তি পেতে কংগ্রেসীরা যেমন চান আমরাও সেরূপ চাই, কারণ আমরাও হাউসের একটা অংশ এবং আমাদের বাদ দিয়ে হাউস চলতে পারে না। এখন কি ভাবে প্রপারলি হতে পারে সেটা দেখা উচিত এবং অপজিসন ও কংগ্রেস এই দুটার সংগে আপনি কনসাল্ট করুন যে কিভাবে হাউস স্মুথলি রন করান যেতে পারে। একটা ঘটনা ঘটে গেছে যার দ্বারা মনে হচ্ছে যে কনসটিটিউশনাল ক্রাইসিস উপস্থিত হয়েছে। এ্যাজ এ গভর্ণর তাঁর এ ধরনের কাজ করা উচিত হয় নি ও তাঁর চলে যাওয়া ঠিক হয় নি। তিনি এ ধরনের কাজ করেছেন, তাঁর এই ব্যাপারে পদত্যাগ করা উচিত বলে আমি মনে করি। এটা তিনি অত্যন্ত অন্যায় কাজ করেছেন কারণ রাগটাই বড় কথা নয়। আজকে এই সব কাজের মধ্যে একটা কনসটিটিউশনাল ক্রাইসিস এসে গেছে। আজকে এ অবস্থায় আপনি যদি মনে করেন জোর করে এসেম্বলী চালাবেন, অপজিসন কে বাদ দিয়ে তাহলে তা হবে না। বাজেট পাশ করান যাবে না কারণ সেখানে কন্সটিটিউশনাল অন্য ডিফিক্যাল্টি রয়েছে। গভর্ণরকে আমি মনে করি

She is incapable.

তিনি রাগ দমন করতে পারেন না। তারজন্য এক্জলটেড সীট রাখা এবং তিনি যা করেছেন তা অন্যায় করেছেন। কাজেই এ সবের জন্য আজকে বলা উচিত একটা পরামর্শ করা উচিত। তাই আপনাকে একটা কিছু ঠিক করতে অনুরোধ জানাই। আপনি হাউস এ্যাডজোর্ন করুন। এবং সবাইকে ডেকে কিছু করবার চেষ্টা করুন।

Shri Asoke Krishna Dutta:

মাননীয় স্পীকার স্যার, মাননীয় কাশীকান্তবাবু যে পয়েন্ট অব অর্ডার উত্থাপন করেছেন তার উপরে আমি কিছু বলতে চাই।

[Noise and interruptions]

স্যার, আমি তাঁর কাছে কৃতজ্ঞ, এবং আপনি রুলিং দেবার আগে এটা বলতে চাই। বিরোধী দলের কয়েকজন মাননীয় সদস্য পয়েন্ট অফ অর্ডার তুলেছেন এবং তার উপর কিছু বলেছেন। আমি নিশ্চয়ই এটা স্বীকার করি যে আমাদেরও তার উপর কিছু বলবার অধিকার আছে, এবং বিরোধীপক্ষরা আমাদের বক্তব্য শুনবেন, এটুকু শালিনতা দেখাবেন এটা আশা করি। মাননীয় স্পীকার স্যার, মাননীয় কাশীবাবু পয়েন্ট অফ অর্ডারে এ যা বললেন এবং কানাইবাবু যা বললেন সে সম্বন্ধে কিছু বলতে চাই। কানাইবাবু কংগ্রেস পার্লামেন্টারী পার্টি সম্পর্কে যা বলেছেন তা শুনে আমি অবাক হয়ে যাচ্ছি।

[Noise and interruptions]

এ'রা নিজেদের পয়েন্ট অফ অর্ডার বলে যাচ্ছেন আর আমরা কিছু বললেই নিখলবাবু এভাবে উঠে দাঁড়িয়ে বাধা দিচ্ছেন।

[2—2-30 p.m.]

আমি এই কথাই বলতে চাই যে কংগ্রেস পার্লামেন্টারী দলের মধ্যে কি ডিসিসন হয় না হয় সেটা কংগ্রেস এর সভাদের বিবেচ্য। আমাদের কি ডিসিসন হয় না হয় যে কোন খবরের কাগজ তার অফিসিয়াল রিপোর্ট নয়। খবরের কাগজে যা বেরিয়েছে তা একটুও স্বীকার করছি না এবং এই কথাই বলতে চাইছি যে কংগ্রেস পার্লামেন্টারী দল যে ডিসিসন নেয় সেটা এসেম্বলীর বিবেচ্য হবে তখনই যখন কংগ্রেসের মেম্বাররা এসে এসেম্বলীতে তার উপর একসান নেবে। কংগ্রেস দল তারা নিজেদের মধ্যে কি করে না করে সেটা কানাইবাবুরও নিজের বিবেচ্য বিষয় নয় বা ফরওয়ার্ড ব্লকেরও বিবেচ্য বিষয় নয়, এটা কারও বিবেচ্য বিষয় নয়। কানাইবাবুর ফরওয়ার্ড ব্লক-এ কি হচ্ছে না হচ্ছে তা নিয়ে আমরা কোন রকম অনধিকার প্রবেশ করতে যাই না। আমি আশা করবো কানাইবাবুও আমাদের দলের ভেতর সেই রকম অনধিকার প্রবেশ করবেন না। কাশীকান্তবাবু যে প্রশ্নটা তুলেছেন, যে পয়েন্ট অফ অর্ডারটা উত্থাপন করেছেন, তার উপর আমি এই কথা বলতে চাই যে আমি সত্যই কৃতজ্ঞ যে কাশীকান্তবাবু এই পয়েন্টটা উত্থাপন করেছেন। তাঁরাও যে রকম আপনার রুলিং চাইছেন, আমরাও সেই রকম আপনার রুলিং চাইছি। বিবেচ্য বিষয় হচ্ছে এই যে মহামান্যা রাজ্যপাল তাঁর বক্তৃতা শেষ করতে পারেন নি।

[Noise and interruptions]

মাননীয় স্পীকারমহাশয়, এইভাবে যে ইনটারাপ্ট করা হচ্ছে, দয়া করে এটা বন্ধ করে দিন। মহামান্যা রাজ্যপাল যে তাঁর বক্তৃতা শেষ করতে পারেননি, এই বিষয়ে কোন দ্বিমত নেই। এটা আমরাও জানি, তাঁরাও জানেন, যে মহামান্যা রাজ্যপাল তাঁর বক্তৃতা শেষ করতে পারেন নি। এখন বিবেচ্য বিষয় হচ্ছে, এই যে

Article 176 of the Constitution complied

হয়েছে কি হয়নি, যদি কমপ্লায়েড হয়ে থাকে তাহলে আমাদের হাউস যেভাবে চলছে ঠিক চলছে। যদি কমপ্লায়েড না হয়ে থাকে তাহলে আমরা এই হাউস-এ যা কিছু করবো তা সব ভুয়ো হয়ে যাবে। আমি আপনার কাছে এই নিবেদন করতে চাইছি যে যদি আমরা ভুল করে এই হাউস-এর প্রোসিডিংস চালাই, তাহলে এই যেসমস্ত আক্ট হবে সব ভুয়ো হয়ে যাবে। আমরা ভুল করে যে কোন এ্যাক্ট —ভবিষ্যতে কি হবে তার প্রশ্ন নয়, আগের অনেক নজীর আছে, যে ভারতের পার্লামেন্ট বা আমাদের এসেম্বলী এমন অনেক এ্যাক্ট পাশ করেছে যা হাই কোর্ট ভুল বলেছেন, হাই কোর্ট আলট্রা ভাইয়ার্স বলেছেন। এই রকম বহুবার হয়েছে। যদি আমরা ভুল করি আবার আলট্রা ভাইয়ার্স হবে। কিন্তু সেটা বড় প্রশ্ন নয়, আমরা হাউস-এর মেজরিটি মেম্বাররা মনে করি যে

Article 176 of the Constitution has been substantially complied with

আমি এটাকে মনে করি এবং সেটা যখন আপনার কাছে রুলিং চেয়েছি এবং আপনার কাছে এই রুলিং চাইছি যে আমাদের নিবেদন এই যে
Article 176 of the Constitution has been substantially complied with
এবং ওঁরা যখন আপনার রুলিং চেয়েছেন, আমি নিশ্চয়ই এটা আশা করবো যে আপনি রুলিং দেবার পর আপনার যা রুলিং হবে, সেটা মেনে নিয়ে ওঁরা যাতে ঠিকভাবে কাজ করেন সেটাই আমরা চাইবো।

Shri Birendra Narayan Roy:

মাননীয় স্পীকারমহাশয়, বিরোধীদলের মাননীয় জ্যোতিবাবু, হেমন্তবাবু এবং কাশীকান্ত বাবুর কথা সমর্থন করে আমি এই কথা জানাতে চাই, যে বুলেটিন পার্ট ওয়ান-এ যা বেরিয়েছে কাল গভর্ণর তো কিছু বললেন না, তারপর আপনি গড় গড় করে কি সব বলে গেলেন, বলে চলে গেলেন। এ দিকে অথচ আপনার সেক্রেটারী ছাপিয়েছেন
A respectful address in reply
এই অধিবেশনে যা সমস্ত দিয়েছেন, আপনি তো চলে গেলেন স্যার কখন দিলেন? সেক্রেটারী বাড়ী গিয়ে দিয়ে এসেছিলেন? হাউস তো ছিল না, অথচ আপনার সেক্রেটারীয়েট পর্যন্ত স্যার, কংগ্রেস দলে যোগ দিয়ে, এই রকম ছাপিয়ে দিয়েছে। আপনি তো বলেই চলে গিয়েছিলেন, এটা কি করে এল?

Shri Nikhil Das:

মিঃ স্পীকার স্যার, অশোকবাবু বলেছেন যে আমরা আপনার রুলিং চেয়েছি, কিন্তু আপনার রুলিং চাই নি, আমরা বলেছি যে কনসটিটিউশনে এই যে ক্রাইসিস দেখা দিয়েছে, এই যে চলছে, সবই ইরিগুলার চলছে। এই সম্পর্কে আলাপ আলোচনা করবার জন্য বিভিন্ন দলের নেতাদের ডাকার কথা বলা হয়েছে। আপনার রুলিং আমরা চাইনি, আপনাকে বলা হয়েছে যেটা, সেটা হচ্ছে বিভিন্ন দলের যাঁরা নেতা তাঁদের ডেকে, কোন্‌টা আইনসিদ্ধ, কোন্‌টা আইনসিদ্ধ নয় সেটা ঠিক করুন। টেপ রেকর্ডার যেটা রয়েছে, সেটা এনে বাজিয়ে আমাদের শোনান, যে সেই টেপ রেকর্ড-এ কি উঠেছে। সেই টেপ রেকর্ড আমরা শুনতে চাই। কোনটা সত্য, কোনটা অসত্য আমরা বুঝতে চাই। আপনার রুলিং এর প্রশ্ন এখানে আসে না। অশোকবাবু বলেছেন, আমরা আপনার রুলিং মানবো কি মানবো না? কিন্তু রুলিং এর প্রশ্ন এখানে ওঠে না। আমরা যেটা বলেছি বার বার জোর দিয়ে বলেছি, এই হাউস চলছে ইরেগুলার, আনকনসটিটিউশনাল চলেছে, কারণ গভর্ণর এড্রেস করেন নি। তিনি এড্রেস না করলে হাউস চলতে পারে না। আপনি বললেন যে পড়েছেন তিনি। আমরা আপনাকে সাজেসন দিয়েছি, টেপ রেকর্ডারটা আনা হক। সবাইকে ডাকুন, ডেকে শোনান। টেপ রেকর্ডার মিথ্যে কথা বলবে না, ইতিমধ্যে যদি ওরা জুচ্চুরি করে পালটে না থাকে। তাহলে সেটা ডেকে সেটা দিয়ে ঠিক হক, এখন এই সংকটে, এই ধরনের কোন কাজ কংগ্রেস দল যদি গায়ের জোরে করতে চায়, সে তারা করতে পারে, কিন্তু তার ফল অত্যন্ত খারাপ হবে। এই কথা আমি জোর দিয়ে বারবার বলতে চাই। অশোকবাবু একটা কথা বলেছেন, যে মেজরিটি যদি বলে তাহলে হবে। মেজরিটি দিয়ে আইন হয় না। আইনের ব্যাখ্যা আইন দিয়ে হয়। মেজরিটি দিয়ে আইন পাশ করে নিতে হয় তারপর হয়। আইনের ব্যাখ্যা সুপ্রিম কোর্ট দেবে আপনি দেবার কেউ নয়। আপনারা সবাই ভোট দিলে সেটা আইন বলে গৃহীত হবে না, আইনের ব্যাখ্যা তাতে হবে না। উনি যদি বলে দেন, আইনের এই ব্যাখ্যা, তাহলে সেটা কেউ মানবে না। আইনের ব্যাখ্যা সুপ্রিম কোর্টএ যারা আছেন ওঁরা দেবেন। আপনি ব্যাখ্যা করার কেউ নন, তাই আমাদের বক্তব্য হচ্ছে, যে আপনি সত্য অসত্য যাচাই করবার জন্য জ্যোতিবাবু যে সাজেসন দিয়েছেন, সেটা গ্রহণ করুন। গ্রহণ করে এই ব্যাপারে সকলে সিদ্ধান্ত নিলে, এই ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করা হোক। বারবার আপনাকে বলছি এটা আপনি করুন।

Mr. Speaker: Now honourable members, I will adjourn the House until 3.30 p.m. this day under request of the honourable leaders of the respective parties, and as suggested, I request them to meet me in my chamber after 10 minutes.

[At this stage the House was adjourned till 3.30 p.m.]

[After adjournment]

[3-30—3-40 p.m.]

Mr. Speaker: Honourable members, regarding the compliance or non-compliance with the provisions of Article 176(1) of the Constitution, if any of the leaders of the respective parties desire to say something, I will be glad to hear.

Shri Jyoti Basu:

স্পীকার মহোদয়, আমরা যারা আপনার কাছে গিয়েছিলাম আলোচনা করবার জন্য যে কি করা যায় যে গুরুতর পরিস্থিতির সৃষ্টি হয়েছে তার জন্য, একটু আমরা যা দেখলাম আমাদের প্রসিডিংসে—আমাদের এই সভায় তাতে কালকে রাজ্যপাল এই কথাগুলি বলতে পেরেছিলেন যে

Members of the West Bengal Legislature, as I rise to welcome you

এর বেশী কথা কিছু বলতে পারেন নি। তার পর নানা রকম বাদানুবাদ হয়েছে, তখন তিনি আর যা বলেছেন সেটা হচ্ছে

Kindly sit down, kindly sit down.

এই দুইবার তিনি বলেছেন—তার পর গোলমাল হয়েছে তার পর সাইলেন্স প্লিজ সাইলেন্স প্লিজ—এই বলে চলে গেলেন—আর কিছু শুনা যায় নি। এখন আমি এটা মনে করছি যেটা কালকে আপনাকে বলবার চেষ্টা করেছিলাম—যেটা আমি পড়ে শুনালাম যে ১৭৬(১)—আমাদের সংবিধানে এটা কমপ্লায়েন্স হয়েছে, বলে যেটা আপনি বলেছিলেন আমি মনে করছি সেটা হতে পারে না। কারণ সংবিধানে যে ভাষাটা আছে সেটা আপনি দেখবেন—সেখানে এটা পরিষ্কার আছে যে তিনি এ্যাড্রেস করবেন যে তিনি কেন এই সভা ডেকেছেন। সেকথাটা তিনি আমাদের বলবেন। এই জিনিষ যদি না হয় তাহলে শুধু লেডিস এন্ড জেন্টেলমেন বলে বা

Members of the Legislature, I welcome you

বলে যাওয়া এটাতে কোন কমপ্লায়েন্স হতে পারে না। এটা আমাদের দৃঢ় মত আগেও ছিল এখনও আছে। দুর্ভাগ্যবশতঃ আজকে আমি ঐ কথা বোঝাতে পারি নি। সংবাদপত্রে যেভাবে বেরিয়েছে তাতে এই রকম মনে হয় যে বোধ হয় উনি কিছু বক্তৃতা দিয়েছিলেন। আমি বাড়ীতে রেডিওতেও সেই কথাই শুনেছিলাম যে উনি কিছু বক্তৃতা দিয়েছিলেন তবে নানা গোলমালের জন্য পরবর্তীকালে সেটা সম্পূর্ণ করতে পারেন নি। কাগজেও এইভাবে বেরিয়েছে। এখন আমাদের এটা গুরুত্বপূর্ণ কথা যে তাহলে সত্য ঘটনাটা কি—তার ইন্টারপিটেসন কি হবে ঐ ১৭৬(১)-এর, সেটা অন্য কথা। তা নিয়ে আমাদের মতপার্থক্য থাকতে পারে। কিন্তু বর্তমানে ঘটনাটা কি এটা আমাদের জানার কথা। কারণ আমরা অনেক সাংবাদিকদের সঙ্গে কথা বলেছিলাম- তাঁরা বল্লেন যে আমরা তো কিছু শুনতেই পাইনি।

Members of the Legislature

এই কয়টি কথা শুনেছিলাম। কিন্তু স্পীকার আমাদের বল্লেন যে তিনি এ্যাড্রেস করেছেন এই হাউসকে। যাহোক এই সব ছিল—এখন আমরা স্যাটিফায়েড এই কথাগুলিতে প্রসিডিংসে যা আছে সেটা ঠিক আছে—তা নিয়ে কোন ডিসপিউট নেই আমরা যা আলোচনা করে সবাই মিলে ঠিক করলাম।

সেজন্য এটা এখানে সাব্যস্ত হয়ে গেছে, ঠিক হয়ে গেছে যে তিনি এর বেশী বলেননি। এখন আমার কথা হচ্ছে আমাদের আগে যা মত ছিল সেই মত পোষণ করি যে ১৭৬(১) এতে কমপ্লায়েনস কখনও বলা যেতে পারে না। তাহলে আমাদের কনষ্টিটিউসন যা আছে ১৭৬ এর কোন অর্থ হয় না। এখন ধরুন রাজ্যপাল এসে এরকম হতে পারতো যে একটা কথাও বল্লেননা—ওখানে এসে দাঁড়ালেন, দাঁড়িয়ে আমাদের দিকে দেখলেন, দেখে চলে গেলেন এখান থেকে, তারপর তিনি কাউকে দিয়ে তাঁর চাপরাশীকে দিয়া আমাদের বাড়ীতে তাঁর বক্তৃতা পাঠিয়ে

দিলেন—তাহলে কি কম্প্লায়েন্স বলা হবে য়্যাবসার্ড। তাহলে কনষ্টিটিউসনের কোন মানে হয় না যদি তাই হয়, এই হচ্ছে একটা কথা। দ্বিতীয় কথা হচ্ছে, আপনি হয়ত জানেন না যে এখানে যেমন হয় উনি বক্তৃতা যখন দিতে উঠলেন তখন ওঁর বক্তৃতার বইটা আমাদের কাছে এখানে বিতরণ করা হচ্ছিল এবং কয়েকটা কপি দেবার পর যখন এই ঘটনা হল তখন কপিগুলি নিয়ে গেলেন, ২।১ জন সদস্য দিতে চাননি, বল্লেন দেব কেন। তখন যাঁরা দিচ্ছিলেন তাঁরা বল্লেন আমাদের চাকরী যাবে, আমাদের উপর হুকুম হয়েছে। আমরা তখন ও'দের চাকরী খেয়ে কি লাভ আছে, আমরা দিয়া দিলাম এই হল অবস্থা। তারপর বলছি এটা আমার শোনা কথা কারণ আমি কোন কপি পাইনি, ওটা নাকি আবার বিতরণ করা হয়েছে ৪।। টার পর, তখন আমরা গেছি তাও অনেক সদস্য বলেছেন তাঁরা পাননি, যদিও আমি হাউসে ছিলাম খানিকক্ষণ বাইরের ঘরে কিন্তু আমি পাইনি। যাহোক সেটা অন্য কথা, সেটা এত গুরুত্বপূর্ণ কিনা জানিনা কিন্তু একটা কথা হচ্ছে গুরুত্বপূর্ণ কথা এবং সেজন্য আমার ভয় হচ্ছে যে এভাবে যদি আবার গভর্ণর না ডাকেন জয়েন্ট সেসান অব দি লেজিসলেচার তিনি যা ভাষণ দিলেন ঐ প্রসিডিওর আবার যদি তিনি না নেন তাহলে সমস্ত ইরেগুলার হয়ে যাবে, বে-আইনী হয়ে যাবে—আমাদের বাজেটের কি হবে, আমাদের আইনগুলির কি হবে সমস্ত প্রশ্ন উঠে গেল এবং সেজন্য আমরা এখান থেকে এই প্রতিবাদ জানিয়েছিলাম যে এসব ঘটনা ঘটেছে। কাজেই আমার আর বিশেষ কিছু বলার নেই, আমি শুধু এটুকু বলে দিচ্ছি যে আপনি খুব দুঃখিত হয়েছিলেন, আরো অনেক সদস্য দুঃখিত হয়েছিলেন যে আমরা আজকে যখন আপনি এলেন তখন দাঁড়ালাম না। এখানে আমি পরিষ্কার করে বলতে চাই যে আপনি নিশ্চয়ই বুঝেছেন যে আপনাকে ব্যক্তিগতভাবে অসম্মান করার উদ্দেশ্য আমাদের ছিলনা বা আপনার চেয়ারকে অবমাননা করার উদ্দেশ্য ছিলনা, আমরা একটা কনষ্টিটিউশনাল ফাইট দিচ্ছি, আমাদের মনে হচ্ছে, আপনার বিরুদ্ধ মত হতে পারে, যে সংবিধান লঙ্ঘিত হচ্ছে, আমাদের সংবিধানের প্রতি আনুগত্য লঙ্ঘিত হচ্ছে, এজন্য আমরা এটাকে হাউস বলে মানছিনা কিন্তু সংবাদপত্রে আমরা দেখলাম হাউস নাকি ডাকা হয়েছে, তাই আমরা দেখতে এলাম কিউরিয়াস হয়ে যে ঘটনাটা কি, হাউস কে ডাকলেন। সেজন্য ভেবেছিলাম আমরা তাহলে দাঁড়াবো না, সেজন্য ঐ জিনিসটা করেছিলাম। আমি আশা করি যে এটা অন্য কোনভাবে আপনি নিশ্চয়ই নেবেন না এবং যদি এর জন্য আপনি মনে কোন ব্যথা পেয়ে থাকেন তাহলে আমরা দুঃখিত এ ব্যাপারে। আমি আশা করি আপনি রুলিং দেবেন একটু কন্সিডার করে যে বে-আইনি করে এই সমস্ত জিনিস হচ্ছে, এটা ঠিক নয়। সোমনাথবাবু যা সকালে বল্লেন আবার প্রেসিডেন্ট করুন বা গভর্ণর করান যেভাবেই করান, আবার পুনরাবৃত্তি সমস্ত জিনিষের প্রয়োজন হবে, তা নাহলে হয়ত একটা গোলমাল হতে পারে পরবর্ত্তীকালে।

Shri Hemanta Kumar Basu:

স্পীকার মহাশয়, টেপ রেকর্ডিং-এ আমরা গভর্ণরের বক্তৃতা শুনলাম। আমরা পূর্বেই বলেছিলাম যে গভর্ণরের বক্তৃতা হয়নি। সেদিক থেকে আমাদের এই মত ছিল এবং তিনি যেটুকুন বলেছিলেন সেটা বক্তৃতা নয়, খালি মেম্বারদের য়্যাড্রেস করেছিলেন কিন্তু তাঁর বক্তৃতার যে অংশ সেটা তিনি বিন্দুমাত্র বলেন নি।

[3-40—3-50 p.m.]

তারপর তাঁর চলে যাবার পর যখন তাঁর কপি অব দি স্পীচ ডিষ্ট্রিবিউটেড হচ্ছিল, তা পরে ফিরিয়ে নেওয়া হল, তখন শুনলাম একজন বললেন কংগ্রেস পার্টি থেকে চেষ্টা করা হচ্ছে গভর্ণরকে আবার ফিরিয়ে আনার। কাজেই সে দিক থেকে মনে হচ্ছে স্পীচ ঠিকমত ডেলিভার্ড হয়নি। আবার তারপর গভর্ণর বক্তৃতা দেবেন সেটার চেষ্টা হয়েছিল। যাই হোক সেটা হয়নি। তারপর স্পীকার মহাশয়, আপনি যখন বললেন যে গভর্ণর স্পীচ কমপ্লিট করেছেন, ১৭৬ আর্টিকল কমপ্লায়েড হয়েছে, তখন আমরা যদি এটা মেনে নিই যে গভর্ণর স্পীচ ডেলিভারি দিয়েছেন এবং আপনি হাউসে রিপোর্ট করেছেন তাহলে এটা ভবিষ্যতে একটা প্রিসিডেন্ট হয়ে

দাঁড়াবে। কাজেই এই প্রোসিডিওর যাতে ভবিষ্যতে ফলোড না হয় সেজন্য বিশেষভাবে এটার আপত্তি জানাচ্ছি এবং পরিষ্কার করে বলছি যে আর্টিকল ১৭৬ ক্যারেড আউট হয়নি। কারণ, তার যে উদ্দেশ্য সেটা হচ্ছে গভর্ণর এখানে আসবেন এসে তাঁর পুরো বক্তৃতা বলবেন, তারপর তিনি চলে যাবার পর স্পীকার ডিক্লেয়ার করবেন রিপোর্ট করবেন এ্যাসেম্বলীর কাছে। কাজেই সে দিক থেকে কিছুই হয়নি। কাজে কাজেই আমাদের যে ধারণা তাতে গভর্নরস স্পীচ কমপ্লিটেড হয়নি। কাজেই আর্টিকেল ১৭৬ পুরাপুরি ক্যারেড আউট হয়নি। গভর্ণর যখন এই হাউস সামন করেছিলেন তখন যে পারপাসে সামন করেছিলেন সেই পার্পাস যখন ক্যারেড আউট হয়নি তখন এ্যাসেম্বলী ঠিক ইন সেসান নয়, এ্যাসেম্বলী প্রপার্লি চলছে না। সেজন্য সকালে আমরা দাঁড়াইনি। এজন্য যদি আপনার মনে দুঃখ হয়ে থাকে তাহলে আমরা নিশ্চয়ই দুঃখিত।

Shri Somnath Lahiri:

মাননীয় স্পীকার মহাশয়, আমরা কালকের ঘটনার পর আজকে যে স্ট্যান্ড নিয়েছিলাম তার পিছনে প্রথম কারণ এই ছিল যে ঘটনা সম্বন্ধে রাজ্যপাল কি বলতে পেরেছেন তার সম্বন্ধে আমাদের যে ধারণা ছিল আর সংবাদপত্র ইত্যাদির মারফত যা প্রকাশিত হয়েছিল আপনার মত বলেও অনেকের মত বলেও তার মধ্যে বিরোধ ছিল। সংবাদপত্র পড়লে মনে হবে কালকে এই হাউস এবং স্পীকার মনে করছেন যে রাজ্যপাল তাঁর অনেকগুলি কথা বলেছেন, কিন্তু সম্পূর্ণ করতে পারেননি। আমাদের বক্তব্য হল রাজ্যপাল প্রায় কিছুই বলতে পারেননি। প্রথম সেন্টেন্স ছাড়া অর্থাৎ মেম্বার্স অব দি লেজিসলেচার সম্বোধন করা ছাড়া তিনি কিছুই বলতে পারেননি। কিন্তু সংবাদপত্রগুলি জানিনা কোথা থেকে কার পরামর্শে কি উদ্দেশ্যে এইভাবে জিনিসটা উপস্থিত করেছিলেন যার ফলে আমরা একটা মিথ্যা অজুহাত তুলে গণ্ডগোল করার চেষ্টা করছি এই ধারণা লোকের মনে জাগাবার চেষ্টা করে চলেছেন। অনেক সংবাদপত্র কার প্রেরণায় করেছিলেন সেটা আমরা জানি না। কিন্তু আজকে আমরা যখন সকালে এসে দাবি করতে থাকি যে সকলের আগে টেপ রেকর্ডিং এনে সাব্যস্ত করা হোক যে কতদূর কি গভর্নর বলতে পেরেছিলেন তখন আজকে আপনি যে আমাদের কথা শেষ পর্যন্ত শুনে বেশ বিচক্ষণতার সংগে পরিস্থিতিকে আরো খারাপের দিকে যেতে না দিয়ে সকলকে ডেকে সাব্যস্ত করার পন্থা গ্রহণ করেছেন সেজন্য আমি আপনাকে ধন্যবাদ দিই। সেই সাব্যস্তে আমরা সন্তুষ্ট যে আমরা যা মনে করেছিলাম সেটা সত্য। গভর্নর, মেম্বার্স অব দি লেজিসলেচার, ইন রাইজিং টু ওয়েলকাম ইউ অর্থাৎ সেনটেন্স কমপ্লিট করতে পারেন নি, এইটুকু বলে আর কোন কথা বলতে পারেন নি অর্থাৎ তাঁর আমাদের কাছে বলবার যা বিষয় সে সম্বন্ধে কোন কথা উল্লেখ পর্যন্ত করতে পারেন নি। আমরা সন্তুষ্ট এই ভেবে যে কংগ্রেস পক্ষ স্বীকার করেছেন যে এই-ই বলা হয়েছে, এর চেয়ে বেশী বলা হয়নি। কাঁজেই আমাদের স্ট্যান্ড কিছু পরিমাণে ভিনডিকেটেড হয়েছে। এখন স্বভাবতঃই প্রশ্ন দাঁড়াবে যদি গভর্নর এইটুকু বলে থাকেন তাহলে ১৭৬ নম্বর ধারা কমপ্লায়েড হয়েছে কিনা। কিন্তু তার আগে আমি বলে নিতে চাই কালকে গভর্নর'স এ্যাড্রেসের সময় আমরা যা করেছি তার জন্য আমরা বিন্দুমাত্র দুঃখিত নই বরং আমরা সম্পূর্ণ সন্তুষ্ট। স্টেটসম্যান কাগজ গভর্নরকে খোশামোদ করে একটা লম্বা এডিটোরিয়াল লিখে থাকতে পারেন কিন্তু স্টেটসম্যান যাতে লজ্জা পায় তাতে আমরা লজ্জিত হই না একথা সত্য। আমরা মনে করি যে যখন এখানকার এ্যাসেম্বলীর ১৫।১৬ জন সদস্যকে বিনা বিচারে গ্রেপ্তার করে বন্ধ করে রেখে এ্যাসেম্বলী সামন করা হয়েছে এবং তাঁদের উপস্থিতির ব্যবস্থা পর্যন্ত গভর্নর করা প্রয়োজন মনে করেন নি—আমরা বুঝতে পারছি না, তাঁরা তাঁদের মুক্তি দিতে পারেন না কিন্তু মুক্তি দিতে না পারলেও হাউস যখন সামন করেছেন হাউস এ্যাটেন্ড করার ব্যবস্থা যখন প্যারোলে আছে তার ব্যবস্থা যখন তিনি করেননি দেশের গভর্নর হয়ে তখন তিনি এখানে এসে এ্যাড্রেস করবার স্পর্ধা রাখলে সেই স্পর্ধার বিরুদ্ধে দাঁড়িয়ে যদি ধিক্কার দিয়ে থাকি তাহলে আমরা মনে করি বাংলাদেশে সংবিধানের গণতন্ত্রের সম্মান আমরা রক্ষা করেছি, তার জন্য আমরা বিন্দুমাত্র লজ্জিত নই, বরং সন্তুষ্ট।

এখন প্রশ্ন দাঁড়ায় এই যে ১৭৬ ধারা সেটা কমপ্লায়েড হয়েছে কি না? সেখানে একটা জিনিস লক্ষ্য করবাব মত। জ্যোতিবাবু গভর্ণরকে যা যা বলেছেন—তার উল্লেখ করেছি। তাছাড়া

গভর্নর আর একটি কথা বলেছেন, তা হয়ত জ্যোতিবাবু উল্লেখ করতে ভুলে গেছেন। সেটা হচ্ছে এই —পারমিট মি টু এ্যাড্রেস দি হাউস অর্থাৎ তিনি নিজে স্বীকার করছেন তাঁর কথার মধ্যে যে আমি এখনো হাউসে এ্যাড্রেস করতে পারিনি। গভর্ণরের বক্তৃতার ভেতর দিয়ে ইণ্টারনাল এভিডেন্স হচ্ছে যে তিনি হাউসকে এ্যাড্রেস করতে পারেননি এবং ১৭৬ ধারার দ্বিতীয় অংশে যা আছে সেটাও জ্যোতিবাবু উল্লেখ করেছেন। শুধু তো এ্যাড্রেস নয়! এ্যাড্রেস মানে কী? তার ডিকশনারী মানে আমি জানি না। আর এ্যাড্রেস বলে সেই সেকসনটা ক্ষান্ত হয়নি—He or she will address the House and inform the members about the reasons for the summons

অর্থাৎ তিনি এ্যাড্রেস করে সেটা জানাবেন যে কেন আমাদেরকে ডাকা হয়েছে। আমাদেরকে কী ইনফর্ম করেছেন যে এইজন্য ডাকা হয়েছিল? এ্যাড্রেস তিনি যে কারণে দেবেন, সেই কারণ তিনি যা ব্যক্ত করতে পেরেছেন তা হচ্ছে এই—ইন্ রাইজিং টু ওয়েলকাম ইউ। অথচ তাঁর বক্তব্য হিসেবে যা সারকুলেট করা হয়েছে, যা আজকে হয়ত কারো কারো কাছে পেঁাছেছে, তার মধ্যে নানারকম বিষয় আছে। সেই সমস্ত বিষয় যে জন্য ডেকেছেন তার একটা বিষয়ও তিনি উল্লেখ করেন নাই তাঁর বক্তব্যের মধ্যে। সে কারণে এখন আমি যাচ্ছি না। সুতরাং একথা অনস্বীকার্য যে ১৭৬ ধারা মতে তাঁর দুটো কর্তব্য আছে —একটা নয়—

Address the House and inform the Legislature of the causes of its summons.

অন্ততঃ তিনি কোন অংশ পালন করেন নি। সুতরাং ১৭৬ ধারা পালিত হয় নাই। সুতরাং য়্যাড্রেসও তাঁর করা হয় নাই বলে আমাদের ধরে নিতে হবে। আমার মনে হয় এই অবস্থা যদি আপনি মনে করেন, তাহলে তো একটা অচল অবস্থা সৃষ্টি হয়ে গেল। এইভাবে এখানে এই রকম অর্থ হতে পারে না—যদি বলেন, তাহলে আমি বলবো—অচল অবস্থা নাই। সেই অবস্থা হয়েছে--তার রেমিডি আছে। এর একটা রেমিডি হচ্ছে ফ্রেস সমন্স্ তিনি করতে পারেন. আবার হাউস ডাকতে পারেন, লেজিসলেচার ডাকতে পারেন। অথবা এই রকম কনটিন্-জেন্সি-র জন্য ১৬০ নম্বর ধারা আমাদের কনষ্টিটিউশন করে রাখা হয়েছে—

160 of the Constitution.

সেখানে বলা হয়েছে—

The President may make such provisions as he thinks fit for the discharge of the functions of the Governor of a State.

অর্থাৎ ঠিক এই ধরণের ঘটনা যে কখনো ঘটতে পারে—কনষ্টিটিউশন তা ভাবতে পারেনি এবং ভেবে তার জন্য প্রভিশনও করতে পারেনি—গভর্ণর অব দি স্টেট-এর কোন একটা ফাংশান এর ডিসচার্জ সম্বন্ধে—তা নয়। সে সম্বন্ধে ক্লিয়ার প্রভিসন করে রাখা হয়েছে ১৬০ ধারায়। ১৭৬ নম্বর ধারাকে টুইস্ট করে তার কোন কিছু কমপ্লায়েন্স না হলেও কেবল এখানে দাঁড়িয়ে ডিয়ার স্যার, অথবা মেম্বারস অফ দি লেজিসলেচার বললেই কমপ্লায়েড হয়ে গেল—এই ধরণের টিকলিস কনষ্টিটিউশন তাঁরা ভিস্যুয়ালাইজ করেননি।

[3-50—4 p.m.]

আমাদের দেশের কন্সটিটিউসন তো একটা লোক দেখানোর জিনিস নয়, তার একটা সারমর্ম আছে। সেই সার মর্ম কি করে পালিত হতে পারে যদি তিনি তাঁর বক্তব্যের একটা কথাও, ম্যাটেরিয়াল বক্তব্যের একটা কথাও এখানে উচ্চারণ না করেন? যদি তিনি তা না পারেন তাহলে সংবিধান যেখানে বলছে এরকম ক্ষেত্রে প্রেসিডেন্ট তার জন্য ব্যবস্থা করতে পারেন—অর্থাৎ তিনি ফ্রেস সামনস্ ইস্যু করতে পারেন, তিনি গভর্নর-কে ডাইরেকসন দিতে পারেন, আবার লেজিসলেচার আহ্বান করতে পারেন, তিনি লেজিসলেচারের স্পীকার-কে সরাসরিও ডাইরেকসন দিতে পারেন। ডাজ ইট ম্যাটার? তিনি এইভাবে প্রসিড করতে পারেন সেই ক্ষমতা গভর্নরকে দেওয়া হয়েছে ১৭৬ ধারায়। তিনি দাঁড়ালেই যদি কমপ্লীট হয়ে যায় তাহলে আনথট অব কনটিনজেন্সীর জন্য এরকম প্রভিসন করতে হোত না। কাজেই আমার বক্তব্য হচ্ছে অচল অবস্থার সৃষ্টি

হবেনা, কন্সটিটিউসন প্রভিসন করেছে ১৬০ ধারার শরণাপন্ন হতে পারেন বা তিনি নিজে আর একবার সামনস্ ইস্যু করতে পারেন। তারপর বক্তব্য হচ্ছে কালকে যখন আপনার তরফ থেকে বা আপনার অফিসের তরফ থেকে তিনি এই সভায় সম্ভাষণ করেছেন তখন অশোকবাবু দাঁড়িয়ে মোসন ইন রিপ্লাই টু দি এ্যাড্রেস মুভ করার চেষ্টা করলেন। কিন্তু সেই মোসন ইন রিপ্লাই প্রপারলী মুভ্‌ড্ হয়নি। যদি আমরা এ্যাসিউম করি, আর্গুমেণ্টস সেক ধরে নেই যে গভর্ণর লেজিসলেচারকে এ্যাড্রেস করেছেন তাহলে তার পরবর্তী স্টেপ মোসন ইন রিপ্লাই সেটা অশোকবাবু নিয়ম মাফিক করতে পারেননি। কারণ অশোকবাবু উঠে ২।৪ লাইন পড়ার পর হাউসে গোলমাল হোল এবং আপনি তখন এ্যাডজোর্ন দি হাউস একথা বলে বেরিয়ে গেলেন। অশোকবাবু হয়ত দেখেননি আপনি বেরিয়ে গেছেন তাই তিনি তাঁর মোসন পড়তে লাগলেন। কিন্তু আমরা দেখেছি অশোকবাবু যখন মুভ করছেন তখন স্পীকার চেয়ারে নেই। তারপর সেটা সেকেণ্ড কেউ করতে পারেননি, কারণ স্পীকার অনেকক্ষণ আগে চলে গেছেন। কাজেই ১৭৬ ধারা গভর্নর কমপ্লাই করেছেন কিনা সেটা ছাড়াও দ্বিতীয় পয়েন্ট হচ্ছে মোসন ইন রিপ্লাই প্রপারলী মুভ্‌ড্ হয়নি। প্রথম পয়েণ্ট যদি ডিসাইড করেন তাহলে দ্বিতীয় পয়েণ্টও ডিসাইড করতে হবে এবং প্রথম পয়েন্ট যদি ইনএ্যাফারমেটিভ করেন তাহলে মোসন ইন রিপ্লাই ফ্রেস মুভ করবার ব্যবস্থা করতে হবে। তারপর, আজকে যখন অন্য সকলে উঠল তখন আমরা দাঁড়াইনি একথা সত্য এবং পূর্ববর্তী বক্তাও সেকথা বলেছেন। এটা আপনার প্রতি বিন্দুমাত্র অসম্মান দেখান নয়, সে ইচ্ছা আমাদের ছিল না। আমরা একটা কনস্টিটিউসনাল পয়েন্ট নিয়ে লড়ছি এবং সেখানে আপনার ব্যক্তিত্ব গৌণ। আমরা যখন বলছি এই হাউস হাউস নয় তখন আমরা যদি উঠে দাঁড়াই তাহলে আমাদের স্বীকার করে নিতে হয় এই হাউস, হাউস —এই পয়েন্ট-ই কন্সিড করতে হয়। কাজেই আপনার প্রতি অসম্মান নয়, আমরা কন্সটিটিউসনাল পয়েন্ট নিয়ে লড়ছিলাম বলে এটা করেছি। তবে এরজন্য আপনি যদি দুঃখ পেয়ে থাকেন তাহলে আমরা দুঃখিত—আপনি মনে কিছু করবেন না।

Shri Nani Bhattacharjee:

মাননীয় স্পীকার মহাশয়, আমি মনে করি গভর্ণর কন্সটিটিউসনের ১৭৬ ধারা পালন করেননি। ১৭৬ ধারায় পরিস্কার বলা আছে, গভর্ণর স্যাল এ্যাড্রেস এবং আর একটা কথা বলা আছে, হি স্যাল ইনফর্ম দি লেজিসলেচার অফ দি কসেস্ অব দি সামনস্। আমরা মনে করি তিনি এ্যাড্রেস করেননি এবং রেকর্ড দেখলে সেটা জানা যাবে। আমি সেসব কথার পুনরাবৃত্তি না করলেও এটা মনে করি যে, তিনি এ্যাড্রেস করেননি এবং কি কারণে এই সামন্স ইস্যু করেছেন সেটাও জানাননি। এদিক থেকে বলা যায় তিনি কন্সটিটিউসনের ১৭৬ ধারা লংঘন করেছেন। তারপর, প্রেসিডেন্ট-এর যে ক্ষমতা আছে সেটাও তিনি করতে পারলেন না—অথচ পাওয়ার ডেলিগেট করা হয়েছে। তবে গভর্নর-এর এই ক্ষমতা নেই যে, তিনি যদি ভাষণ দিতে না পারেন তাহলে তাঁর হয়ে অন্য কেউ এসে ভাষণ দেবেন।

আমার মতে তিনি এখানে বক্তৃতা দিতে পারলেন না তখন সংবিধান লঙ্ঘিত হল, কন্সটিটিউশনাল ডেড্‌লক ক্রিয়েটেড হল, বাংলাদেশে, সেই ক্ষেত্রে সংবিধানের ১৬০ ধারা অনুসারে প্রেসিডেন্ট এই সমস্ত অবস্থায় তাঁর নিজের ইচ্ছামত যেটা যুক্তিসংগত পথ বলে মনে করবেন সেই অনুযায়ী যদি নির্দেশ দেন তাহলে কার্য পরিচালনা হতে পারে। এই যে কন্সটিটিউশনাল ডেড্‌লক্ ক্রিয়েটেড্ হল তা থেকে বাংলাদেশের প্রশাসনিক ব্যবস্থাকে মুক্ত করার কোন রকম ক্ষমতা গভর্ণরকে দেওয়া হয়নি। যতদূর জানি গভর্নর, স্পীকারের উপর কোন দায়িত্ব ন্যস্ত নেই, কাজেই এই অবস্থায় লেজিসলেচার চালাবার মত দায়িত্ব আপনার উপর থাকতে পারে না—এটাই আমি মনে করি। সেজন্য আমি কাল থেকে সমস্ত কিছুই ইরেগুলার হচ্ছে বলে মনে করি।

আর একটা কথা আমি এই প্রসঙ্গে বলি, ১৭৬ ধারা যেমন লংঘিত হয়েছে তেমনি এ্যাসেম্বলী রুলসের ১৬(২) ধারাও লংঘিত হচ্ছে। এখানে পরিস্কার বলা আছে হোয়েন আফটার দি ডেলিভারী অফ দি স্পীচ লেয়িং-এর প্রশ্নটা আসেনা, কেননা সী ডিড নট ডেলিভার দি স্পীচ, সুতরাং লেয়িং-এর প্রশ্ন আসেনা সঙ্গে সঙ্গে এটাও বলা হয়েছে আগেই যে যে স্পীচ

ডিষ্ট্রিবিউটেড হয়েছে সেগ্নলির সার্কুলেশন উইথড্র করে নেওয়া হয়েছে। গভর্ণরের লিখিত স্পীচ কেউ পায়নি। এই অবস্থায় আমি মনে করি ১৭৬ ধারা লংঘিত হয়েছে, ১৬(২) ধারা এসেম্বলী র‍্লসেরও লংঘিত হয়েছে এবং সেই সঙ্গে ১৬(৩) ধারাও লংঘিত হয়েছে কেননা এটা পরিস্কার যে কায়দায় যে নিয়মে এখানে ধন্যবাদ স্চক প্রস্তাব আসা উচিত ছিল সেভাবে এটা আসেনি। এই এ্যাসেম্বলী র‍্লসের ১৭(৩) ধারায় পরিষ্কার বলা হয়েছে যে প্রস্তাব আসবে সেটা সমর্থিত হবে, সেকেণ্ডেড হবে, সেই রকম ধরণের কিছ্ হয়নি। প্রথম কথা বলা হল ইরেগ্লার ব্যাপার হয়েছে এটা মনে করি, দ্বিতীয়তঃ যেভাবে কাল থেকে অধিবেশন চলছে, এটা সংবিধান বহির্ভূত অবস্থায় চলে আসছে বলে মনে করি, এটা ঠিক ঠিক চলছে না ইরেগ্লার চলছে এবং আমরা কাল যা করেছি তার জন্য দ্ঃখিত নই, আমরা মনে করি আমরা ঠিকই করেছি, এখানে একটা কথা বলি, মাননীয় স্পীকার মহাশয় আপনি যখন আজকে আসেন আমরা উঠে দাঁড়াইনি, সেটাকে আপনি ডিসরেসপেক্ট বলে মনে করেছেন, কোন উপায় ছিলনা, এটা কন্সটিটিউশনাল ফাইটের একটা অংগ বলে মনে করেছি। এই হাউসকে রেগ্লার হাউস বলে মনে করতে পারিনি, তাতে ব্যক্তিগতভাবে আপনাকে দ্ঃখ দেবার জন্য কিংবা চেয়ারকে ডিস্রেস্পেক্ট করার জন্য এরকম করা হয়নি এবং সেরকম ইচ্ছাও ছিলনা, সেজন্য আপনি কোন কিছ্ মনে করেননি এটা ধরে নিচ্ছি। তাছাড়া আপনি র্লিং দেবার আগে আপনার কাছে বিশেষভাবে অন্রোধ করছি, আপনি যেটা দেবেন এটা নজির হিসাবে থাকবে, আমি মনে করছি এটা ১৭৬ ধারা বর্হিভূত, এখানে যা লে ডাউন করেছেন তা বর্হিভূত এবং সেভাবেই চলে আসছে। এ সম্বন্ধে র্লিং দেবার আগে স্পীকার মহাশয়, একথা বলতে চাই এটা একটা নজির হিসাবে থাকবে ভবিষ্যতে এবং—পার্লামেন্টারী ডিমোক্রেসী কিভাবে চলবে না চলবে সেটা একটা বড় নজির হিসাবে প্রশাসনিক ক্ষেত্রে থাকবে, কাজেই যথেষ্ট বিবেচনা করে র্লিং দেবেন।

স্পীকার মহাশয়, আমি আর একটা কথা বলে আমার বক্তব্য শেষ করবো। কংগ্রেসের রথী-মহারথীরা রাজ্যপালর্পী বৃহন্নলাকে সামনে রেখে বহ্ চক্রান্ত করার স্যোগ পাবেন, তাই আপনি যদি সংযতভাবে র্লিং না দেন, তাহলে স্পীকারের আসন কলঙ্কিত করবেন, তাই ভবিষ্যতের দিকে তাকিয়ে আপনাকে অন্রোধ করছি, সমস্ত শ্নে নিরপেক্ষভাবে, গণতন্ত্রের ন্যায়রক্ষক হিসাবে আপনি আপনার কর্তব্য করবেন।

[4—4-10 p.m.]

Shri Kashi Kanta Maitra:

মিঃ স্পীকার স্যার, আজকে আপনার মাধ্যমে হাউসের কাছে এই বক্তব্য রাখছি। আজকে সভার স্র্তে যেকথা বলেছিলাম আমি আবার শেষ করবার আগে সেই কথাই বলছি। প্রথমে আমি বলেছিলাম আমি ধরে নিচ্ছি যে যেহেতু রাজ্যপাল তাঁর ভাষণ যৌথ সভাকক্ষে রাখেননি সেহেতু এই বিধানসভা বিধানসভা হিসাবে ফাংশন করছে না। বিকল্প হিসাবে যদি তর্কের খাতিরে ধরে নেওয়া যায়, লিগাল ফিকসান-এর হিসাবে যদি ধরে নেওয়া যায় আপনি হাউস-এ বসেছেন, স্পীকার হিসাবে কাজ চালাচ্ছেন এবং আমরা এই হাউস-এ যোগদান করেছি তব্ও আমি বৈধতার প্রশ্ন তুলব, স্বাধিকারের প্রশ্ন তুলব এবং দেখাব যে এই হাউস যে বসেছে সেটা আইনসঙ্গতভাবে বসেনি এবং যেভাবে আজকে আলোচনা শেষ হয়ে যাচ্ছে তাতে এই ধারণা হয়েছে যে বক্তব্য আমি রেখেছিলাম সেটা প্রকারান্তরে সমর্থিত হয়ে যাচ্ছে। আমি মনে করি আজকের রিপোর্ট যখন আমি পড়ছিলাম তাতে দেখলাম একথা লেখা ছিল—অর্থাৎ আজকের ব্লেটিন বলে যে ব্লেটিন, ৮ই ফেব্রুয়ারী, এসেছে তাতে রয়েছে

Mr. Speaker reported to the House that the Governor was pleased to address the joint session of both Houses and on account of certain circumstances, could not complete her speech, and he laid a copy of her written speech on the Table for the information of the members.

স্তরাং এই যে বক্তব্য ছিল যে সেটা যখন টেপ রেকর্ডিং মেশিন-এ সমস্ত জিনিসটা শ্নলাম এর যে বক্তব্য বিভিন্ন সদস্যরা রেখেছেন ও জ্যোতিবাব্ যেটা বলেছেন এখানে তার থেকে দেখা যাচ্ছে—আমাদের অফিসিয়াল রিপোর্ট থেকে দেখা যাচ্ছে যে সেটা কারেক্ট রিপোর্টিং হয়নি।

দ্বিতীয় কথা হচ্ছে যে আমি যেকথা বলছিলাম, আপনার দৃষ্টি আকর্ষণ অন্যান্য মাননীয় সদস্যরা ১৭৬ ধারার প্রতি করেছেন, কিন্তু আমি ১৭৫ ধারার কথা বলছি। ১৭৫ ধারা খুব গুরুত্ব-পূর্ণ ধারা। আপনি দেখুন ১৭৫ ধারায় বলছে

The Governor may address the Legislative Assembly or, in the case of a State having a Legislative Council, either House of the Legislature of the State, or both Houses assembled together, and may for that purpose require the attendance of members তারপর sub-article (2) তে বলছে the Governor may send messages to the House or Houses of the Legislature of the State, whether with respect to a Bill then pending in the Legislature or otherwise, and a House to which any message is so sent shall with all convenient despatch consider any matter required by the message to be taken into consideration.

তাহলে ১৭৫ ও ১৭৬ ধারার মধ্যে তফাৎ কোথায় সেটা দেখুন। গভর্নর-এর এ্যাড্রেস করার মধ্যে যদি একটা বিরাট গুরুত্ব না থাকতো, ১৭৬ ধারা অনুযায়ী এ্যাড্রেস করার মধ্যে যদি গুরুত্ব না থাকতো তাহলে গভর্ণর ১৭৫ ধারা অনুযায়ী একটা মেসেজ এই হাউস-এর কাছে পাঠাতে পারতেন—অর্থাৎ একটা প্রিন্টেড মেসেজ পাঠিয়ে দিতেন এবং আপনি সেই মেসেজ আমাদের কাছে শোনাতে পারতেন এবং কাউন্সিল-এ কাউন্সিল-এর চেয়ারম্যান সেই মেসেজ পড়ে শোনাতে পারতেন। সুতরাং দেখা যাচ্ছে এই এ্যাড্রেস ও মেসেজ-এর মধ্যে মৌলিক পার্থক্য রয়েছে। সেজন্য সংবিধানের যাঁরা রচয়িতা তাঁরা বোঝাতে চেয়েছেন যে বাই ইমপ্লিকেশন ওয়ার্ডস অফ কমপালসান রয়েছে। আমাদের এটা মনে করে নিতে হবে যে গভর্নর-কে একটা বিশেষ ক্ষমতা দেওয়া হয়েছে যাতে তিনি এখানে এসে বক্তৃতা করবেন। কিন্তু গভর্নর যে বক্তৃতা দিলেন এবং যার সম্বন্ধে আপনি বললেন যে সাফিসিয়েন্ট কমপ্লায়েন্স হয়েছে এবং যে রিপোর্ট আপনার সেক্রেটারিয়েট থেকে দিয়েছে তাতে বলছে যে সি ওয়াজ প্লিজড টু য়্যাড্রেস দি সেসন। আমার শুধু মনে হচ্ছে যে পাবলিক স্পিকিং সম্বন্ধে যাদের অভিজ্ঞতা নেই, যাদের জনসভায় বক্তৃতা করতে গিয়ে নার্ভাসনেস আসে তাঁরা ভবিষ্যতে বক্তা হিসাবে আসতে চাচ্ছেন। কালকের গভর্নর-এর পারফর্মেন্স সম্বন্ধে আপনার যে ইন্টারপ্রেটেসান আপনার সেক্রেটারিয়েট থেকে দিয়েছে তার থেকে এমবোলডেন হবার অনেক কারণ রয়েছে। তার কারণ আমার মনে পড়ছে—ইংলণ্ড-এর এক জনসভায় একজন বক্তা বক্তৃতা করতে উঠে আরম্ভ করলেন জেন্টেলমেন এ্যাণ্ড লেডিজ, আই কনসিভ, আই কনসিভ, তিনি আর এগুতে পারলেন না এমন সময় শ্রোতৃমন্ডলী থেকে একজন উঠে দাঁড়িয়ে বললেন সি কনসিভড বাট প্রোডিউসড নাথিং। সুতরাং আজকে এইরকম য়্যাড্রেসকে যদি য়্যাড্রেস বলা হয় তাহলে বলব কাঁঠাল খাব, আঠা মাখব না মতন অবস্থা হয়। অর্থাৎ বক্তৃতা করা, অথচ মুখ বুঝে প্যান্টোমাইন সো করব, কোন কথা বলব না এইরকম যদি হয় তাহলে ভাল কথা। কিন্তু আমার মনে হয় তাহলে ভবিষ্যতে সংবিধান সংশোধন করতে হবে এবং তাহলে ১৭৬ ধারা একটা রিডাণ্ডান্ট প্রভিসন হয়ে যাবে এবং আমার কাছে এটাই মনে হবে যে এটা একটা এক্সপ্যানসিভ সো পিস হয়ে দাঁড়াবে, এই গভর্নর-এর পোস্ট একটা কম্টলি ফিউটিলিটি হয়ে দাঁড়াবে। বছরের মধ্যে একটা অকেসান পাই যেখানে মাননীয়া রাজ্য-পাল এসে তাঁর বক্তব্যের মধ্য দিয়ে গভর্নমেন্ট-এর বক্তব্য রাখেন—তিনি তাঁর ব্যক্তিগত সেন্টি-মেন্টস রাখেন না। রাজ্যপাল হচ্ছেন সি ইজ দি একজিকিউটিভ হেড অফ দি স্টেট। গভর্নমেন্ট-এর যে বক্তব্য সেই বক্তব্য তিনি তাঁর ভাষণের মধ্য দিয়ে রাখেন। সেজন্য সাব-আর্টিকেল (২) অফ আর্টিকেল ১৭৬-এ মেম্বারদের বক্তৃতা কি ভাবে রেগুলেট করতে পারবে সে ক্ষমতা কন্সটিটিউ-সান আপনাকে দিয়েছে এবং সেজন্য আইনও তৈরী হয়েছে। সেজন্য আমি বলছি যদি এই ব্যাখ্যা দেওয়া হয় তাহলে একথা মনে হবে যেটা আগে হয়েছে, এখনও হচ্ছে যে এটা য়্যাড্রেস নয় এবং এইরকম ভাবে কস্টলি ফিউটিলিটি-র প্রয়োজন হয় না এবং এ জিনিসটা উঠিয়ে দেওয়া দরকার। আজ ইংলণ্ড-এ কুইন-কে যে পজিসন দেওয়া হয়েছে, রাণীর যে পজিসান ইংলণ্ড-এর পার্লা-মেন্ট-এ দেওয়া হয়েছে এখানে প্রেসিডেন্ট এবং আমাদের দেশের রাজ্য বিধানসভার রাজ্যপালকে দেওয়া হয়েছে।

সুতরাং আজকে আমাদের সেই কথাই বার বার মনে হ'চ্ছে, এবং সেটা হয়েছে তার ব্যাখ্যা-তেও সেই কথা বলা হয়েছে। এবং সেজন্য আমাদের দলের পক্ষ থেকে এবং বিরোধী দলের পক্ষ থেকে অন্যান্য নেতারাও মনে করেন যে আমাদের হাউস বসেনি এবং যা হয়েছে তা সম্পূর্ণ অগণতান্ত্রিকভাবে হয়েছে। আমি অত্যন্ত বিনয়ের সংগে বলবো যে রাজ্যপাল যখন উত্তেজিত হয়ে চলে গেলেন তখন তাঁর এ ব্যাপারটার কথা একটু ভাবা উচিত ছিল কারণ তাঁরা বার বার বলে এসেছেন উই আর পাসিং থ্রু এ স্টেজ অফ ট্রাঞ্জিসান, এই ট্রাঞ্জিসান, এক্সপেরিমেন্ট এ কথা তো বার বার শুনেছি। যদি ট্রাঞ্জিসান হয় তাহলে এ কথা ধরে নিতে হবে, অবশ্য একটা কাগজে শেমফুল এডিটোরিয়াল লিখেছে। আমি সে সব বিতর্কে যাব না। কিন্তু তাঁরা যদি ইংলন্ড-এর ৩০০ বৎসরের যে ট্র্যাডিসান-এ তারা যা করেছে তার সংগে তুলনা করতে যান তাহলে তারা গণতন্ত্রকে কিভাবে রেখেছে সেটা দেখা দরকার। আমরা সেখানে দেখেছি যে সেদিন হ্যারল্ড উইলসন ও তার লেবার পার্টি,—লেবার ক্যাবিনেট-এর ফরেন মিনিস্টার যিনি অতবড় বিদ্বান ও যোগ্য ব্যক্তি, তিনিও নির্বাচনে হেরে গেলেন, তিনি কিন্তু ম্যাকমিলান-এর মত ব্যাক ডোর দিয়ে হাউস অফ লর্ডস-এর মেম্বার করে তাঁকে ক্যাবিনেটে রাখলেন না। দুবার দুবার তিনি হেরে গেলেন এবং জনতার রায়ের কাছে অবনত মস্তক করে তিনি সরে গেলেন, আমরা দেখেছি গণতন্ত্রের মর্যাদা সেখানে রাখা হয়েছে। মাত্র চারটি ভোটের ব্যবধানে লেবার পার্টি মিনিস্ট্রি চালাচ্ছে, সেখানে উইলসন বলেছেন আমরা জনতাকে যে প্লেজ দিয়েছি সেই প্লেজ-এর উপর আজও আমরা দাঁড়িয়ে আছি, স্টিল ন্যাশনালাইজেশন প্রোগ্রাম যা লেবার পার্টি নির্বাচনের দাঁড়াবার সাথে প্রথম দিন যে কথা বলেছিলেন সেটা রক্ষা করবে। আমরা দেখেছি জাস্টিস পি, বি, মুখার্জী এবং জাস্টিস চাগলা বলেছিলেন যে আপনারা নির্বাচনের আগে কোম্পানি যে ভাবে টাকা দিচ্ছেন এটা আইন করে বলে দিন যে কোম্পানীগুলো এইভাবে ইলেক-সান-এ কোনো পলিটিক্যাল পার্টি ফান্ড-এ টাকা দিতে পারবে না। এটা আমরা ইংল্যান্ড-এ দেখেছি যে উইলসন নির্বাচিত হয়ে লেবার পার্টির তরফ থেকে যখন তিনি প্রাইম মিনিস্টার হলেন হয়ে তিনি যে প্রথম ভাষণ দিয়েছিলেন তাতে তিনি বলেছিলেন যে একশো দিনের মধ্যেই আইন করে এটা করে দেবেন পলিটিক্যাল পার্টি-কে কোনো কোম্পানী টাকা দান করতে পারবেন না। আমরা দেখেছি এইভাবে সেখানে পার্লামেন্টারি গণতন্ত্র রক্ষিত হয় এবং এইভাবে তারা জনতার রায়কে শ্রদ্ধা জানায়। সুতরাং আজকে তাদের সংগে তুলনা হতে পারেনা। তাই বলছি ভুল আমরা করেছিলাম কি আপনার ব্যাখ্যা ভুল সেটা আমাদের বিচার করতে দিন। এই সাব-মিসনই আপনার কাছে আমরা রাখলাম। আমাদের শেষ বিচারক যারা সেই ইতিহাস এবং এই ইতিহাসের নিয়ামক সেই দেশের অর্থাৎ বাহিরের অগণিত জনতা তারাই হবেন পলিটিক্যাল সোভারেনস।

There is a controversy, whenever there is conflict between the political sovereigns and the legal sovereigns, the conflict has to be dissolved by reference to the political sovereigns, the masses, the people.

আজকে ব্যাখ্যা সম্পর্কে যে মৌলিক পার্থক্য সেই পার্থক্যের বিচারভার ইতিহাসের। সে বিচার-ভার ঐ পলিটিক্যাল সোভারেনস-এর হাতে। শেষে আপনাকে একটা কথা জানাই যে আপনি যখন এসেছিলেন তখ্য আমরা দাঁড়াইনি এজন্য আপনার মনে দুঃখ হওয়া স্বাভাবিক, কিন্তু আপনাকে শুধু স্মরণ করিয়ে দেব যে আপনার মাথার উপরে দেখুন ঐ যে অশোকস্তম্ভ রয়েছে তার সার্বভৌমত্ব যাতে লাঞ্ছিত না হয় তার মর্যাদার যাতে কোনো প্রকার অসম্মান না হয় সেটা অক্ষুণ্ণ রাখবার জন্য অনুরোধ জানাই এবং সেইটা সংস্থানে রাখবার জন্যই আমরা দাঁড়াই নি অন্য কোন কারণে নয়।

Shri Anadi Das:

মাননীয় স্পীকার স্যার, এর আগে এই বিধানসভা আহ্বান এবং বসান সম্পর্কে বিভিন্ন ব্যক্তি যা বলেছেন সেগুলির মধ্য দিয়ে আমার মনের কথা বা আমার যা বক্তব্য তা খানিকটা প্রকাশিত হয়েছে, সুতরাং আমি সেদিক থেকে রিপিটিসান করতে চাই না। আপনার কাছে এদিক থেকে কথাটা রাখতে চাই—দ্যাট ম সিম হাউস অত্যন্ত কঠোর এবং শ্রুতিকটু বলে মনে হতে পারে সেজন্য ইউ উইল এক্সকিউস মি ফর দ্যাট।

[4-10—4-20 p.m.]

আপনার প্রসিডিংসে আমরা দেখেছি যে

Governor was pleased to address the Joint Session of both the Houses and on account of certain circumstances she could not complete her Speech. We laid a copy of Her written Speech.

স্পীকার লে করলেন। গভর্ণর দুটো কথা বললেন যে, আই ওয়েলকাম ইউ এ কথা বলে তারপর যে তিনি কি বলতে চেয়েছিলেন সেটা প্রকাশিত হলনা, তার কথাতেও নয় এবং লেখাতেও নয়। যে ভাষণ এখানে ডিস্ট্রিবিউটেড করা হয়েছে বলে বলা হচ্ছে আমরা তা পাইনি। এটাই কি তাঁর এ্যাড্রেস, অত্যন্ত টেকনিক্যাল পয়েন্ট। তিনি যেটা বলে যাবেন যে, আমি বলতে পারলাম না ফর সার্টেন রিজনস আমার বলার কথা এই লিখিতভাবে আমি এখানে রেখে গেলাম, এরকম ভাবে দুটো কথাও যদি বলতেন তাহলে আমরা ধরে নিতে পারতাম যে তাঁর ভাষণ হয়ত এখানে ছিল। তাও তিনি বলতে পারলেন না। তিনি বললেন কি? শেষ পর্যন্ত তিনি চলে গেলেন, এ্যান্ড দি স্পীকার কামস। তিনি লে করলেন, একথা কঠোর শোনায় যদি বলা হয় এটা হাস্যকর কথাও শোনায় যে গভর্ণর-এর মনের কথা যে ওই যা বইতে আছে তা ছিল না। সামবডি এলস তার বলে একটা জিনিষকে চালিয়ে দিচ্ছেন, যা সাধারণতঃ এ্যান্ড দি কোর্ট অব ল হল যা, তা আমাদের প্রসিডিওর এখানে হয়নি। অর্থাৎ কোন দিক দিয়েই এই প্রসিডিওর মানা হয়নি। তাহলে কথা হচ্ছে যে তিনি এ সমস্ত কথা অর্থাৎ যা ওই বইতে বলা আছে তা কিছুই বলেননি, যে এটাই আমার তথা দিস আর দি রিজনস। রিজনসগুলি আর স্টেটেড ইন দি বুকলেট, এই বুকলেট কিভাবে এসেছে আমরা তা জানি না। সুতরাং এখানে পরিষ্কার ভাষায় বলা যায় এবং যা আমরা বলছি যে সংবিধানের বিধান ওই বই পাঠিয়ে রক্ষিত হয় নাই। সেইজন্য ডেলিভারী অব দি স্পীচ-এ এটা বিশেষ করে উল্লেখ করা আছে। ইট ইজ নট ইভিন এ মেসেজ। এই বইটা যে বুকলেট-টা দেওয়া হয়েছে, যদি কেউ ধরেও নেন এটা ম্যসেজ, তাহলে দেখা যাচ্ছে আসলে এটা ম্যাসেজও নয়। এটা সামথিং যেটা স্পিউরিয়স বলে মনে হতে পারে। কোন তার ভিত্তি নাই। এমনতর বলে মনে হতে পারে যদি কেউ নাকি গভর্ণর এ্যাড্রেস বলে এটাকে এখানে উপস্থাপিত করে থাকেন। খুব টেকনিক্যাল পয়েন্ট এই কথা বলছি, এবং এটা অত্যন্ত শ্রুতিকটুও বটে, আবার হাস্যকরও বলে মনে হয়। কিন্তু এই কোর্ট অব ল-তে এই কথাই সকলে ধরে থাকে, এবং এই ভাবেই কোর্টে বিচার হয়ে থাকে। এটা যদিও কোর্ট নয় স্যার, তবুও সার্টেন প্রভিসনস আর দেয়ার। এই যে সমস্ত প্রভিসনগুলি আছে এগুলি বিচার করবার জন্যই এইগুলি রক্ষা করবার জন্যই এই প্রভিসনগুলি রাখা হয়েছে। কিন্তু এখানে সে প্রভিসনটাও রাখা হয়নি। যদি এটা তার কথা হত, তাহলে বইটা ডিস্ট্রিবিউটেড হবার পর কিছু কিছু লোকের কাছে যাবার পর আবার ফিরিয়ে নেওয়া হল কেন? কারণ হল, তার ডেলিভারী অব দি স্পীচ হয়নি বলেই তাই ফিরিয়ে নেওয়া হল। আমি একটা ওরকম বই পেয়েছিলাম। কিন্তু একজন এসে বললে আমাদের চাকরি যাবে, যদি না ফিরিয়ে দেওয়া হয়, এই যে এই কথা, তার চাকরি নিয়ে ত আমাদের লাভ নেই। এই কথা থেকেই পরিষ্কার প্রমাণ হয় যে এটা

Delivery of the Speach as required by the Constitution and the Rule.

এবং এটা সম্পূর্ণরূপে পালিত হয়নি। দ্বিতীয়তঃ এই যে ভোট অব থ্যাংক্স এই ভোট অব থ্যাংকস সম্বন্ধে আমি আগেও বলেছি। কোন থ্যাংকস মোসান মুভড হয়েছে বলে ধরতে হবে যতক্ষণ পর্যন্ত স্পীকার ইন দি এ্যাসেম্বলী ইন হিজ সীট। কিন্তু তখন আর এ্যাসেম্বলী নেই। তখন যদি কোন কিছু করা হয় যদিও স্পীকার তখন ছিলেন সেই ভোট অব থ্যাংকস মুভড হয়েছিল, কিন্তু তা শেষ করবার আগে যদি স্পীকার চলে যান, তাহলে এ্যাডজোর্ন করে চলে যান। তাহলে দি এ্যাসেম্বলী ইজ নট সিটিং। তখন সেই আধা সমাপ্ত যে মোশান, সেটাকে মুভড বলে ধরা হবে কিনা? আজ পর্যন্ত কোথাও ধরা হয়নি যে আধা সমাপ্ত যে মোশান তাকে মুভড বলে ধরা হয়েছে। সেকেন্ড করা ত হয়ইনি। কাজেই এটা অত্যন্ত [illegible]

আপনাকে বলছি যে এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার। জ্যোতিবাবু বলেছেন, তাহলে এর পর থেকে এরকম নাকি হতে পারে। যদি নাকি হয়, তাহলে এই হবে যে এই আমার স্পিচ আমি ছাপিয়ে পাঠিয়ে দিলাম। কিন্তু তখনও অন্ততঃ একটা এ্যাড্রেস করতে হবে—টু দি এ্যাসেম্বলী, কিন্তু এখানে এই আমার স্পিচ এই আমি পাঠালাম নাথিং রিটিন—কোন কিছুই লেখা নেই কাজেই স্যার, আপনার উপর এর মর্য্যাদা অনেকখানি নির্ভর করছে। ভারতবর্ষের ইতিহাসে যে এটাই আমার স্পিচ, যদি কেউ অন্যের স্পিচ ছাপিয়ে এনে দেয় তাহলে সেটা কি চালু হবে? এরকম ঘটনা একটাও নেই। আজকে এরকম ঘটনাটি আপনাকে বিচার করে এই এ্যাসেম্বলী চালাবার নির্দেশ দিতে হবে। কি ভাবে চলবে, চলবে কি চলবে না? নূতন সামনস দেওয়া হবে কি হবে না? প্রেসিডেন্ট এসে কিছু করবেন কি করবেন না? এই যে প্রিসিডেন্ট ইন ইন্ডিয়ান হিষ্ট্রি ভারতবর্ষের ইতিহাসে—এই ঘটনার ও তার উপরে আপনার বিচার এই প্রথম এটাই নজীর হবে। এই নজীর দেবার ব্যাপারে, এই বিচার করার ব্যাপারে, যদি আপনি সতর্ক না হন, সচেতন না হন, এবং ডেমোক্রাসির প্রতি গণতন্ত্রের প্রতি আপনি যথেষ্ট ভাবে মর্য্যাদা না দিয়ে, যদি নির্দেশ দেন তাহলে ভারতবর্ষের ভবিষ্যৎ, ভারতবর্ষের যে পার্লিয়ামেণ্টারী ডেমোক্রাসি তার ভবিষ্যৎ কি হবে বলা যায় না। কাজেই স্যার, আমরা মনে করি যে এটাকে উপযুক্ত ভাবে সংশোধন করা উচিত, দুটি পথ আপনারা দেখিয়েছেন। আমি সে কথা বলতে চাই না। নিশ্চয়ই আপনি সে সম্পর্কে বিবেচনা করবেন। দাঁড়ানো সম্পর্কে স্যার, যে কথা উঠেছে যে কেন আমরা দাঁড়াইনি? দাঁড়নো সম্পর্কে আমরা এটা মনে করেছি ইট ইজ এ পার্ট অব দি প্রসিডিওর, এখানে স্পীকার আসেন, অর্থাৎ কি ভাবে আসা হয় তার কতকগুলি পদ্ধতি আছে। আগে স্তম্ভ আসে, তারপর অন্যান্যরা আসেন, শেষে আপনি আসেন। সেক্রেটারী মহাশয় এনাউন্স করেন লেডিজ এ্যান্ড জেন্টেলমেন, মিঃ স্পীকার, তারপর আমরা দাঁড়াই, এটাই একটা পার্ট অব দি প্রসিডিওর। সেই প্রসিডিওর যখন নট ফরমাল, সেইজন্য আমরা দাঁড়াইনি, এটা নয় যে, আমরা আপনাকে ব্যক্তিগত ভাবে কোন অসম্মান প্রদর্শন করবার জন্য দাঁড়াইনি। আমরা মনে করি এই প্রসিডিওর যখন পালিত হচ্ছে না, তখন এই দাঁড়ানোটা আমাদের সমীচিন নয়। আমরা দাঁড়াতে পারি না। এই মনে করে আমরা দাঁড়াইনি, কাজেই আমরা আপনাকে অনুরোধ করবো, আপনি এটাকে ব্যক্তিগত ব্যাপার মনে করবেন না।

hri Girish Mahato:

মাননীয় স্পীকার মহাশয়, আপনার কাছে বলতে চাই, গণতান্তিক রাষ্ট্রে জনদাবি বিধানসভায় বা রাজ্যপালের কাছে রাখবার অধিকার আছে। সেই উদ্দেশ্যে গতকাল রাজ্যপালের কাছে কতকগুলি মৌলিক দাবি করা হয়েছিল। রাজ্যপালের উচিত ছিল প্রশ্নগুলির উত্তর দেওয়া। কিন্তু দুঃখের বিষয় যে তিনি তা দেননি। পশ্চিমবঙ্গের একটা ঐতিহ্য রয়েছে, ইতিহাস রয়েছে, সেই ইতিহাস তিনি খণ্ডন করে চলে গেলেন। এই বিধানসভায় আজ পর্যন্ত এরকম কোন ঘটনা হয়নি, যেটা কালকে ঘটে গেল। তিনি জানেন যে, যে প্রশ্নগুলি করা হয়েছে সেই প্রশ্নগুলির তিনি উত্তর দিতে পারবেন না, সেইজন্য তিনি চলে গেলেন। দ্বিতীয়তঃ আমরা এই বাজেট প্রোগ্রাম দেখলাম যে প্রথমে আমাদের রাজ্যপালের ভাষণ হবে।

[4-20—4-30 p.m.]

কিন্তু কালকে তিনি ভাষণ দিয়ে চলে গেলেন—পেপারে বেরিয়েছে—যে রাজ্যপাল ভাষণ দিতে পারেন নি—তার পাশে আবার বেরিয়েছে ঐ পেপারেই। আমরা টেপরেকর্ডারে দেখলাম রাজ্যপাল ভাষণ দেন নি। মাননীয় স্পীকার মহাশয় এই ঘটনাটা শুধু পশ্চিমবাংলার বিধানসভায় নয়—আমাদের এই সমস্ত ঘটনাটাই সমস্ত দেশের কাছে ফেটে বেরুচ্ছে। আমরা রাজ্যপালের ভাষণকে সমালোচনা করি, তাঁর ভাষণে দেশে একটা তার গুরুত্ব রয়েছে, সরকারী একটা গুরুত্ব রয়েছে—কিন্তু যেখানে রাজ্যপাল ভাষণ দেন নি—সেই ভাষণকে যে কি করে স্বীকার করতে পারি যে রাজ্যপাল ভাষণ দিয়েছেন, খবরের কাগজে স্বীকার করছে যে হ্যাঁ ভাষণ দিয়েছেন—আবার এক দিকে বলছে যে রাজ্যপাল ভাষণ দেন নি। আমাদের এই অধিবেশনের যে একটা সম্মান রয়েছে

সেটা যদি রাখতে চান বা যে একটা পশ্চিমবাংলার সম্মান রাখতে চান তাহলে আপনাকে অনুরোধ করছি যে রাজ্যপাল তাঁর ভাষণ পেশ করুন এবং আমাদের কাছে ভাষণ দিন এবং সেই ভাষণ দেশের লোকের কাছে প্রকাশ হোক এবং সেই ভাষণকে আমরা সমালোচনা করবো তারপর আমাদের অধিবেশন চলবে।

Shri Kanai Pal:

মাননীয় স্পীকার স্যার, আমি একজন বিরোধী সদস্য—আমি কোন দলের সঙ্গে সংশ্লিষ্ট নই, সেই হিসাবে আমার দু একটি কথা রাখার আবশ্যক বলে মনে করছি। আমি এই কথা বলতে চাই যে আজকে এই যে পার্লামেণ্টারী ডেমোক্রাসী চলছে—এটা একটা প্রহসনে দাঁড়িয়ে যাচ্ছে এবং আজকে পশ্চিমবাংলার বিধানসভায় যে জিনিস সুরু হয়েছে সেটা অত্যন্ত লজ্জার এবং এটাতে গণতন্ত্রেকে কবর দেওয়া হচ্ছে। ক্ষমতাশীল দলের বিভিন্ন জায়গায় বিভিন্ন ক্ষেত্রে অনেক রকম আচরণ যেমন এই বিধানসভায় দাঁড়িয়ে যে আচরণ দেখছি তাতে আমরা স্তম্ভিত হচ্ছি। আমি এক্ষেত্রে একটি বিষয়ের উল্লেখ করতে চাই যে আমি যে অঞ্চলের থেকে—শান্তিপুর—এসেছি—সেখানে কংগ্রেস মিউনিসিপ্যাল বোর্ডের তরফ থেকে সেখানে একটা মিউনিসিপ্যাল আইনে ছিল যে কোন রেটপেয়ার এই মিউনিসিপ্যালিটির মিনিট বুক দেখতে পারেন—এটা দেখতে দেওয়া হয় না এবং শুধু তাই নয় এই মিনিট বুক দেখতে দেওয়ার জন্য যে নাগরিক সমিতির তরফ থেকে যে মামলা করা হয়েছিল—সেই মামলায় খেসারত শুদ্ধ রায় দেওয়া হয়েছে—মামলায় মিউনিসিপ্যাল বোর্ডের বিরুদ্ধে খেসারত শুদ্ধ রায় দিয়েছে। এই সভায় এইটা অত্যন্ত বেআইনী কাজ করা হচ্ছে—আর এখানে স্তম্ভিত হলাম যে এই পশ্চিমবাংলার বিধান পরিষদে দাঁড়িয়ে সেখানে যে গভর্ণর-এর এ্যাড্রেস শেষ হতে পারে নি—অন্য কারণে একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ কারণে যেটা এই এ্যাসেম্বলীর সদস্যদের যাঁরা নির্বাচিত সদস্য যাঁদের আটকে রাখা হয়েছে এবং তাঁদের এই বিধানসভায় আসবার জন্য—তাঁদের যে আমন্ত্রণ—যে সমন দেওয়া হয়েছে এবং তাঁরা নিজেরাও আসতে চান—কিন্তু তাঁদের হাজির করা হচ্ছে না। এই সব নির্বাচিত প্রতিনিধিদের অনুপস্থিতিতে এই রকম একটা গুরুত্বপূর্ণ অধিবেশন শেষ করবার চেষ্টা হচ্ছে। এটা অত্যন্ত অসংগত ব্যাপার, বেআইনী ব্যাপার এবং এদার প্রতি বিরোধীপক্ষের তরফ থেকে আপনার দৃষ্টি আকর্ষণ করা হয়েছে—গভর্ণরের একটা লিখিত এ্যাড্রেস দেখলাম কিন্তু তিনি তার একটি বর্ণও পাঠ করতে পারেন নি বা আমাদের কাছে উপস্থিত করতে পারেন নি। তিনি কেবল কিপ কোয়াইট—কাইণ্ডলি সিট ডাউন...... এ ছাড়া অন্য কথা তিনি বলতে পারেন নি এবং আমরা পরবর্তী কালে দেখেছি যে বিষয়টি নিয়ে আমরা আমাদের বক্তব্য রেখেছিলাম আমাদের বিরোধী দলের পক্ষ থেকে যে এই এ্যাড্রেসে সে বিষয়ে একটি কথাও উল্লেখ নাই যে সেই সমস্ত লোক যাদের আটক রাখা হয়েছে তাদের অনুপস্থিতিতে এই যে বিধানসভার কার্য চালনা কেন—এবং এটা আইন সংগত হচ্ছে কিনা এবং এর কোন কৈফিয়ৎ নাই। সে ক্ষেত্রে তিনি লেডিজ এ্যাণ্ড জেন্টেলমেন বলে এ্যাড্রেস করলেন। এটা হতে পারে যে বিষয়টি শুনার পর তিনি অন্য বক্তব্য রাখতে পারেন এবং রাখা উচিত ছিল বলে তাঁর মতামত তিনি রাখবেন এটা আমরা আশা করতে পারি। এতবড় একটা গুরুত্বপূর্ণ ব্যাপারে যেখানে আমরা তাঁর মতামত জানতে চাচ্ছি—আমাদের সরকারের বক্তব্য জানতে চাচ্ছি তখন তিনি সেটা জানাবেন। কিন্তু সেটা তো জানানো হোল না—সেখানে তিনি বসে পড়লেন। আর সেটাকে তিনি তাঁর বক্তব্যের মধ্যে উপস্থাপিত করেছেন বলে যে চালাবার চেষ্টা, এটা ঠিক নয়। তিনি যখন নিজে এখানে থেকে চলে যান তখনও বোধহয় তিনি একথা কিছুতেই ভাবতে পারেন না যে সেসব কথা সেসব দায়িত্ব তিনি পূর্ণ পালন করতে পারলেন না ; আর আপনারা কংগ্রেসের তরফ থেকে সেটা পালিত হয়েছে বলে ঘোষণা করবেন এবং সেইভাবে কোন কোন খবরের কাগজের সহযোগিতায় সেই অন্যায় কাজটা এবং অত্যন্ত মিথ্যা জিনিসটাকে সত্য বলে চালু করবার চেষ্টা করবেন একথা বোধহয় তিনিও তখন ভাবতে পারেননি কিন্তু পরবর্তীকালে আপনারা সেই প্রচেষ্টা করেছেন এবং এটা অত্যন্ত লজ্জার কথা, ক্ষোভের কথা যদি বিধানসভা এভাবে এগিয়ে চলবার চেষ্টা করেন তাহলে গণতন্ত্রের কোন কিছু অবশিষ্ট থাকেনা এবং এই অ্যাসেম্বলীতে আসা না আসা বা কিছু বলা ফার্স হয়ে দাঁড়াবে। সেজন্য আমি আপনার দৃষ্টি আকর্ষণ করবো যে দেশটাকে একটা বৈপ্লবিক ধারার দিকে ঠেলে দিচ্ছেন, ক্ষমতাসীন দলের কার্যকলাপ দেশটাকে একটা অরাজকতার

দিকে এবং বিপ্লবের দিকে ঠেলে দিচ্ছে। গণতন্ত্রের যেটুকুন অবশিষ্ট আছে সেটুকুন ভূমিকা প্লে করতে না দিয়া তাঁরা দেশটাকে আরো অরাজকতার দিকে এবং বিপ্লবের দিকে ঠেলে দিচ্ছেন। কাজেই আমার বক্তব্য হচ্ছে যে এই কাজ না করে আপনারা সত্যই যদি পার্লামেন্টারী ডেমোক্রাসীকে চালু রাখতে ইচ্ছা করেন তাহলে অন্ততঃ যে কাজটা হয়নি তা হয়েছে বলে নিজেদের কাজ সুরু করবার চেষ্টা করবেন না, অন্ততঃ আপনি যে রায় দেবেন সেটা গভীরভাবে বিবেচনা করে দেবেন এই বলে আমি আমার বক্তৃতা শেষ করছি।

Shri Birendra Narayan Roy:

স্যার, আমরা টেপ রেকর্ডিং-এ শুনেছি যে উনি বক্তৃতা শেষ করেন নি, আর অশোক দত্তের প্রস্তাবও শেষ করেননি, সেক্রেটারী এটা কোথা থেকে পেলেন। সে সম্বন্ধে আপনার রুলিং চাই।

[4-30—4-40 p.m.]

Shri Sankar Das Bandoypadhyay:

মিঃ স্পীকার স্যার, একটা গুরুত্বপূর্ণ বিষয় আলোচিত হচ্ছে। আমি চেষ্টা করবো যে হাউসের সামনে যে প্রশ্ন উঠেছে, অর্থাৎ ১৭৬নং আর্টিকেল ভারতের সংবিধানে যেটা আছে সেটা মোতাবেক হয়েছে কিনা। আমার মাননীয় বন্ধু জ্যোতিবাবুর সঙ্গে দুপুর বেলায় আপনার ঘরে আমার দেখা হয়, আমি তখন তাঁকে বলেছিলাম যে আমি হাউসে উপস্থিত ছিলাম না। কিন্তু প্রশ্নটা হচ্ছে একটা সংবিধানের প্রশ্ন এবং একটা গুরুত্বপূর্ণ বিষয়। নিশ্চয়ই এই বিষয়ে আমার কি মতামত আছে সেটা আমি আপনাকে জানাচ্ছি। আমি এর মধ্যে রাজনীতি আনতে চাই না, মিউনিসিপ্যালিটি আনতে চাই না, কর্পোরেশান আনতে চাই না, আনতে চাই সংবিধানের কথা। মাননীয় সদস্যরা সকলেই মোটের উপর একটা কথা বলেছেন যে রাজ্যপাল যেভাবে ভাষণ দিয়েছেন তাতে আর্টিকেল ১৭৬ ভারতের সংবিধানের যা করণীয় তা করা হয় নি। জ্যোতিবাবু যে বক্তৃতা প্রথমে দিলেন তা আমি খুব মন দিয়ে শুনলাম, তাতে দুটি কথা উনি বলেছেন যে রাজ্যপাল নাকি ভাষণের মধ্যে বলেছেন পারমিট মি টু এ্যাড্রেস দি হাউস। এটা আমি শুনেছি, আমার যদি ভুল হয় তাহলে জ্যোতিবাবু আমাকে কারেক্ট করে দেবেন। আর একবার বলেছেন আর একটা কথা সাইলেন্স প্লিজ। এই দুটি কথা আমি যা শুনলাম। কালকে সভা ভাঙ্গবার পরে আমি হাউসে এসেছিলাম, হাউসের মধ্যে একটা গোলযোগ হয়। মাননীয় সদস্যরা রাগ করবেন না আমি এই কথা বলেছি বলে যে গোলমাল হয়েছিল, যে কোন উদ্দেশ্যে হোক একটা গোলমাল যে হয়েছিল সেই বিষয়ে কোন সন্দেহ নেই। আমি যতদুর জানি, আমি কারোর নাম করে কিছু বলতে চাই না, মাননীয় সদস্যরা অনেকে বলেছেন যে এই সভার অনেক সভ্য এখনও ডি-আই রুলে আবদ্ধ আছেন, এই কারণে আমরা অত্যন্ত ক্ষুন্ন হয়েছি, দুঃখিত হয়েছি। নিশ্চয়ই দুঃখিত হবার কথা। আমরা চাই বিধানসভায় যখন আলোচনা হয় তখন সেই আলোচনায় সকলে এসে যোগদান করেন। কিন্তু প্রশ্ন তা নয়। প্রশ্ন হচ্ছে রাজ্যপাল আইন অনুসারে কি কি করেছেন। রাজ্যপাল সামন দিয়েছিলেন বিধান সভার প্রত্যেক সদস্যকে এখানে এসে উপস্থিত হতে। সেটা কংগ্রেস বলে নয়, কমিউনিষ্ট বলে নয়, ইন্ডিপেন্ডেন্ট মেম্বার বলে নয়, সকলকে সামন দেওয়া হয়েছে। সকলেই এসেছিলেন। ১৭৬ নং আর্টিকেলে রাজ্যপালের কতকগুলি করণীয় কাজ আছে। করণীয় কাজ কি—প্রথম হচ্ছে টু এ্যাড্রেস দি হাউস, দ্বিতীয়, এ্যান্ড গিভ ইনফর্মেশান। আমি পড়েছিলাম, আজ অনেকবার করে পড়লাম—

"At the commencement of the first session after each general election to the Legislative Assembly and at the commencement of the first session of each year the Governor shall address the Legislative Assembly or, in the case of a State having a Legislative Council, both Houses assembled together and inform the Legislature of the causes of its summons.".

সুতরাং এ্যাড্রেস করবার কথা আছে এবং সদস্যদের কি ইনফর্মেশান দিতে হবে, কেন ডাকা হচ্ছে সেটা সদস্যদের জানাতে হবে এবং সেটা তখন ডাকবেন তিনি, এ্যাট দি কমেন্সমেণ্ট অব ইচ ইয়ার। সুতরাং এজন্য একটা বিশেষ ধারা ওর মধ্যে দেওয়া হয়েছে। রাজ্যপাল সামন দিলেন, সদস্যরা সকলে এসেছিলেন, যেমন ধারাবাহিক আমাদের নিয়ম আছে রাজ্যপাল এখানে এ্যাড্রেস মানে একটা বক্তৃতা পড়েন, মন থেকে দেন না এবং সেই বক্তৃতাটুকু এক কথায় আমরা বলতে পারি প্রিপেয়ার্ড স্পীচ। প্রিপারেশান কে করেন, রাজ্যপালের নিজের লেখাও নয়, গভর্ণমেণ্ট ফর দি টাইম বিইং তৈরি করে দেন বক্তৃতাটা। ক্যাবিনেট সেটা মঞ্জুর করেন—এ্যাপ্রুভড বাই দি ক্যাবিনেট, সেটা রাজ্যপাল পড়েন। ঠিক ধারাবাহিক নিয়ম অনুসারে রাজ্যপাল এসেছিলেন আমাদের বিধানসভায় তাঁর সেই এ্যাড্রেস বা বক্তৃতা দিতে বা পড়তে। জ্যোতিবাবু যা বললেন তার সঙ্গে আমার কোন মতভেদ নেই, ফ্যাকচুয়াল ডিসপিউট কিছু নেই। জ্যোতিবাবু বললেন যে রাজ্যপাল এইটুকু বলতে পেরেছিলেন মেম্বার্স অব দি এ্যাসেম্বলী, আই ওয়েলকাম ইউ অল। আমার একটু-আধটু ভুল হতে পারে, মোটের উপর এই কথা বলেছিলেন, তারপর তিনি আর পড়তে পারেন নি। না পড়তে পারলে উনি দু'একবার থামাবার চেষ্টা করেছিলেন। জ্যোতিবাবু যেটা বললেন পারমিট মি টু এ্যাড্রেস দি হাউস এই কথা বলার অর্থ হচ্ছে তিনি এ্যাড্রেস করতে পারেন নি। আমার নিজের মতে আমি এটা মনে করছি যে উনি প্রথমে বলেছিলেন মেম্বার্স অব দি এ্যাসেম্বলী, আই ওয়েলকাম ইউ অল। দ্বিতীয় কথা হচ্ছে পারমিট মি টু এ্যাড্রেস মানে পারমিট মি টু কনটিনিউ টু এ্যাড্রেস, এই তার অর্থ। সাইলেন্স প্লিজ, তার মানে গোলমাল হচ্ছিল বলে তিনি তা থামাতে চেষ্টা করেছিলেন। ভদ্রমহিলা যদি আপারগ হয়ে থাকেন তাহলে খুব যে অপরাধ হয়েছে এবং ভারতের সংবিধান মতে কাজ করেননি তিনি এই কথা বলা কি করে সম্ভব তা আমি বুঝতে পারি না। ধরুণ আমি একটা কাজ করতে এলাম, আমাকে চেঁচিয়ে বন্ধ করে দেওয়া হল, আমি কাজটি করতে পারলাম না। আমি সকলের কাছে আবেদন-নিবেদন করলাম যে আপনারা দয়া করে চুপ করুন। কিন্তু আপনারা চুপ যখন হলেন না তখন তিনি নিরুপায় হয়ে চলে গেলেন। তাঁর যে ভাষণ ছিল সেটা ছাপান বাংলায় এবং ইংরাজীতে। প্রত্যেক মেম্বার হয়ত সেটা পেয়েছেন। (এ ভয়েস ফ্রম অপোজিসান বেঞ্চঃ আমরা পাইনি।) যদি কোন মেম্বার না পেয়ে থাকেন আমি জ্যোতিবাবুর প্রত্যেকটি কথা শুনেছি এবং গ্রহণ করেছি, অনেকে বললেন যে তারা এসে বললেন দয়া করে ওগুলো ফেরৎ দেন তা না হলে আমাদের চাকরি যাবে, এই কথা জ্যোতিবাবুর বক্তৃতায় পেলাম, তার মানে হচ্ছে যদি না নেন তাহলে ওগুলো জোর করে নেওয়াতে পারা যায় না। (এ ভয়েসঃ ওগুলো তাঁরা ফেরৎ চেয়েছিলেন।)

[তুমুল হট্টগোল]

এবারে বুঝতে পারছেন রাজ্যপাল কেন হাউস ছেড়ে চলে গিয়েছিলেন। প্রত্যেক দলের সদস্যরা আমাদের স্পীকারের ঘরে আজ দুপুরবেলায় মিলিত হন। আমি জ্যোতিবাবু ও অন্যান্য সদস্য যাঁরা উপস্থিত ছিলেন তাঁদের আমি বললাম দেখুন, আমি ধরে নিচ্ছি তর্কস্থলে যে কোন গোলমাল হয়নি এবং রাজ্যপালও ঐটুকুই মাত্র বলেছেন এবং একথাও ঠিক যে অনেক মেম্বার পেয়েছিলেন তাঁর ছাপান ভাষণ—এই কয়েকটি জিনিস যদি গ্রহণ করা হয় আর কিছু যদি গ্রহণ নাও করা হয় তাহলেও সংবিধানের ১৭৬ ধারা মতে কাজ আইনের চোখে সম্পূর্ণ হয়েছে। এটা আমার মত। অনেক বড় বড় উকিল ব্যারিষ্টার সকল দলের বন্ধু আছেন, তাঁরাও নিশ্চয়ই তাঁদের মত প্রকাশ করবেন। কিন্তু আমি যে মতটুকু প্রকাশ করছি সেটা আমার ব্যক্তিগত মত, কোন দলগত মত নয়। আমি জানি আমাদের বিধানসভার রাইটস এ্যাণ্ড প্রিভিলেজেস প্রত্যেকের জন্য, কেবল আমার জন্য নয় বা আমার বন্ধুদের জন্য নয়। আমরা প্রত্যেকেই চাই এই হাউসের সম্মান অক্ষুণ্ণ থাকুক। আমরা প্রত্যেকে চাই

That the powers and privileges which we enjoy under the Constitution

সেটা অক্ষুণ্ণ থাকুক। রাজ্যপালের বক্তৃতাটা কি—আমাদের গভর্ণমেণ্টের ফর দি টাইম বিইং

তাঁদের পলিসি কি সেটা তাঁরা লিখে দেন এবং রাজ্যপাল সেটা পড়েন এখানে এসে। সংবিধানে নিশ্চয়ই লেখা আছে যে রাজ্যপাল মেম্বারদের সামন করে সেটা এ্যাড্রেস করবেন এবং ইনফর্মেশান দেবেন। তারমধ্যে যদি তাঁর কাজ ব্যাহত করে দেওয়া হয়ে থাকে গোলমাল করে, যদি তিনি তাঁর কাজ শেষ করতে না পারেন তাহলে নিশ্চয়ই

She was well within Her rights to leave the House. It must be deemed what she wanted to do has been done.

আমি ভাবছিলাম একটা কথা—মাননীয় বন্ধু কাশীবাবু এখানে আছেন, তিনি উচ্চ শিক্ষিত উকিল, রোজ ওকালতি করছেন, উনিও জানেন হাইকোর্টে কি হয়। আমার নিজের কথা বলছি আমার আইনতঃ ক্ষমতা আছে মক্কেলের পক্ষ হয়ে জজদের সামনে দাঁড়িয়ে এ্যাড্রেস করবার এবং সেই রাইট আমার কেউ কেড়ে নিতে পারে না। কিন্তু যদি আমি দাঁড়িয়ে জজদের কাজ ব্যাহত করতে চেষ্টা করি এবং জজ যদি বলেন যে ইউ উইল হ্যাভ টু টেক ইওর সিট তাহলে আমি বসে পড়তে বাধ্য এবং আমি তখন নিশ্চয়ই বলতে পারি না এ্যাপিল কোর্টে গিয়ে যে আমাকে বলবার সুযোগ দেওয়া হয় নাই।

রাজ্যপালকে যে কোন কারণে হোক মাননীয় সদস্যেরা বলতে দেননি গোলমাল করে এবং সেটা কেউ অস্বীকার করতে পারবেন না। আমার বক্তব্য হচ্ছে যথেষ্ট কারণ থাকতে পারে এবং আমি জ্যোতিবাবুর সামনেই বলছি তিনি আমাকে বলেছেন যে, আমরা অত্যন্ত ক্ষুণ্ণ হয়েছি কারণ বিধানসভা আরম্ভ হচ্ছে অথচ অনেক সদস্যেরা এখনও জেলে আছেন ডি-আই রুল-এ এবং এই কারণে আমরা একটুখানি বাধা দেবার চেষ্টা করেছি। জ্যোতিবাবু সেটা যদি করে থাকেন তাহলে আমি তাঁকে দোষ দিতে চাইনা। তবে এটা অস্বীকার করা চলেনা যে, রাজ্যপালকে একরকম বক্তৃতা দিতে দেওয়া হয়নি, গোলমালের চোটে তিনি বক্তৃতা দিতে পারেন নি। কাজেই আইনতঃ বক্তৃতা দেননি বা দেওয়া হোলনা একথা মোটেই বলা চলেনা। আমি জ্যোতিবাবুকে বলেছি, ভাই এটা আমার ব্যক্তিগত মত—তবে তোমাদের তো অনেক ব্যারিস্টার, উকিল বন্ধু আছেন তাঁদের সংগে আলোচনা করে দেখতে পার। আমার নিজস্ব মত হচ্ছে ১৭৬ ধারা অনুসারে যেভাবে কাজ হওয়া উচিত তাতে সম্পূর্ণভাবে গভর্ণর এ্যাড্রেস করতে পারেননি, আমরা ব্যাহত করেছি। তিনি যতটা সম্ভব দিয়েছেন, তারপর ছাপান বক্তৃতা বিলি করা হয়েছে, কাজেই আইন মোতাবেক যে কাজ হয়েছে সে বিষয়ে কোন সন্দেহ নেই কাজেই স্পীকার মহাশয়, আমার নিজস্ব মত দিয়ে আপনাকে অনুরোধ করব আপনি এই অর্ডার দিন যে, হ্যাঁ, রাজ্যপাল যা করেছেন সেটা আইন মাফিক হয়েছে।

[4-40—4-46 p.m.]

Speaker's Ruling

Mr. Speaker: Honourable members, I must first thank all the honourable members for the kind expression of regret. Now, on the point of order raised this day, I will give my ruling.

At the joint session of the Legislature the Governor in addressing the House had said, "Members of the West Bengal Legislature, as I rise to welcome you......" and after this due to certain circumstances, the Governor could not complete her speech. A copy of her written Address was made available to the honourable members In the circumstances I am of the opinion that it is in compliance with the provisions of Article 176(1) of the Constitution.

Now regarding the motion of thanks that was moved by the honourable member, Shri Asoke Krishna Dutta, yesterday, I shall request the honourable member Shri Dutta to move the motion afresh to-day.

Motion of Thanks

Shri Asoke Krishna Dutta:

মাননীয় স্পীকার মহাশয়, গতকাল আমি মহামান্য রাজ্যপালের ভাষণের উত্তরে একটা ধন্যবাদ-সূচক প্রস্তাব উত্থাপন করেছিলাম এবং সেটা যথাযথভাবে সমর্থিত হয়েছিল। কিন্তু তা সত্বেও আপনি যখন আবার বলছেন.........

Mr. Speaker: Mr. Dutta, you move it afresh. Whatever may be, I have asked you to move it afresh and I have given my ruling.

Shri Asoke Krishna Dutta:

স্যার, একটা কন্ট্রোভার্সি রেইজড্ হয়েছিল বলে আমি জিনিসটা পরিষ্কার করে দিতে চাই-ছিলাম। তবে আপনি যখন বলছেন তখন আপনার আদেশ শিরোধার্য করে আমি আবার প্রস্তাব উত্থাপন করছি। আই মুভ দ্যাট এ রেসপেক্টফুল এ্যাড্রেস ইন রিপ্লাই বি প্রেজেন্টেড টু দি গভর্ণর এ্যাজ ফলোস :—

"এই অধিবেশনে সমবেত পশ্চিমবঙ্গ বিধানসভার সদস্যবৃন্দ, আমরা, মহামান্যা রাজ্যপাল মহাশয়া ৮ই ফেব্রুয়ারী, ১৯৬৫ তারিখে উভয় সভার যুক্ত অধিবেশনে যে উৎকৃষ্ট ভাষণ দান করিয়াছেন, সেইজন্য তাঁহাকে বিনীতভাবে ধন্যবাদ জ্ঞাপন করিতেছি"।

Shrimati Biva Mitra:

মাননীয় সদস্য অশোকবাবু যে প্রস্তাব নিয়ে এসেছেন আমি সেই প্রস্তাব সর্বান্তকরণে সমর্থন করছি।

Shri Jyoti Basu:

আমাদের যে এ্যাডজোর্নমেণ্ট মোশন, প্রিভিলেজ ইত্যাদির কথা ছিল, সেগুলি কবে হবে, কাল হবে না কখন হবে?

Mr. Speaker:

কাল হবে।

Shri Siddhartha Shankar Ray:

আমি আমার টেবিলে দেখছি কেবল মাত্র বাংলায় দেওয়া হয়েছে, এর ইংরেজী কপি পাব কি?

Mr. Speaker: হ্যাঁ হবে।

The oral questions for this day shall be held over to the next rotational day. All the other business fixed for to-day will be taken up to-morrow.

The House stands adjourned till 1 p.m. to-morrow.

Adjournment

The House was accordingly adjourned at 4-46 p.m. till 1 p.m. on Wednesday, the 10th February, 1965, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Wednesday, the 10th February, 1965, at 1 p.m.

Present:

Mr. Speaker (Shri Keshab Chandra Basu) in the Chair, 8 Ministers, 8 Ministers of State and 190 Members.

Obituary

[1—1-10 p.m.]

Mr. Speaker: Honourable Members, I am sorry to inform you that Dr. Rafiuddin Ahmed, an ex-Minister and an ex-Member of this House passed away last morning at the age of 74. Born in 1890 he was educated at the Dacca Collegiate School and later on in the State University of Iowa, U.S.A. Founder of the Calcutta Dental College and Hospital he was truly the "Father of Dentistry" in this country. With his affable manners and genial temperament he endeared himself to all sections of this House during the twelve years of his membership. He did not contest the 1962 General Elections. He was awarded Padma Bhusan in 1964.

Next, I have to refer to the death of Shri Radha Gobinda Roy, an ex-Minister of West Bengal from 1952-57, on the 30th October, 1964, at the age of 75. He was a brave fighter in the struggle for independence of our motherland and devoted himself wholeheartedly to the service of the country.

Lastly, I feel it my duty to mention the death of Shri Sarat Chandra Roy Choudhury, a sitting member of the West Bengal Legislative Council. Born in April 1895 in the district of Jessore, now in East Pakistan, he was educated at the Sammilani Jessore Town School and later at the Scottish Church College and the Calcutta University Law College. He started his career as a lawyer. An active political worker, he was connected with various cultural and philanthropic institutions.

I would now request the honourable members to stand in their places for two minutes as a mark of respect to the departed souls.

(Honourable members then rose in their seats for two minutes)

Thank you, ladies and gentlemen. The Secretary will do the needful.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Tahsildars

***25.** (Admitted question No. *44.) **Shri Sanat Kumar Raha:**
ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ভূমিরাজস্বের কত শতাংশ তহশীলদারদের জন্য ব্যয়িত হয়; এবং

(খ) তহশীলদারগণের বেতনহার বৃদ্ধি করার কোন প্রস্তাব আছে কি?

Shri Syamadas Bhattacharyya:

(ক) তহশীলদারদের জন্য গত ১৯৬৩-৬৪ আর্থিক বৎসরে ভূমি রাজস্বের শতকরা ১১·৩ শতাংশ ব্যয়িত হইয়াছে।

(খ) না।

Shri Sanat Kumar Raha:

পশ্চিমবঙ্গে রাজস্ব আদায়ের জন্য কত তহশীলদার নিযুক্ত আছেন?

Shri Syamadas Bhattacharyya:

প্রায় ৭৬ হাজার।

Shri Sanat Kumar Raha:

তহশীলদারের সঙ্গে কি পিওন দেওয়া হয় এবং দিলে কতজন করে দেওয়া হয়?

Shri Syamadas Bhattacharyya:

বলতে পারবো না।

Shri Sanat Kumar Raha:

পিওনসহ তহশীলদারদের যে টাকা খরচ হয় তা ১১·৩ শতাংশ।

Shri Syamadas Bhattacharyya:

শুধু তহশীলদারদের কথা বলা হয়েছে।

Shri Sanat Kumar Raha:

তহশীলদারদের বেতন বা মাহিনা কত?

Shri Syamadas Bhattacharyya:

২৭ টাকা নির্দিষ্ট হারে দেওয়া হয়ে থাকে তা ছাড়া আদায়ের উপর নির্দিষ্ট হারে কমিশনও পায়।

Shri Sanat Kumar Raha:

তহশীলদারদের এই যে ২৭ টাকা বেতন দেওয়া হয় এত নিম্ন বেতন আর কোন তহশীলদারদের বা অন্য কোথাও দেওয়া হয়ে থাকে কি?

Shri Syamadas Bhattacharyya:

আমি যেটা বলেছিলাম তাদের ২৭ টাকা বেতন ছাড়া কমিসান দেওয়া হয়ে থাকে প্রথম ৩ হাজার বা তার চেয়ে বেশী আদায়ের জন্য শতকরা আড়াই টাকা, পরে দু হাজারের জন্য বা তার চেয়ে কম আদায়ের জন্য শতকরা তিন টাকা, পরে তিন হাজার টাকা বা কম আদায়ের জন্য শতকরা চার টাকা, তবে পরের যত বেশী আদায় হবে তারজন্য সাড়ে চার টাকা। প্রত্যেক তহশীলদার ব্লক থেকে আদায়ের জন্য মোটামুটি দশ হাজার টাকা আদায়ের ব্যবস্থা থাকে এবং মোটামুটি পঞ্চাশ টাকা থেকে ৬০ টাকা গড়পড়তা আদায় হয়।

Shri Sanat Kumar Raha:

সরকারের নূতন করে পঞ্চায়েৎ রাজ হবার ফলে তাদের বেতন বা কমিশন বাড়াবার কোন পরিকল্পনা আছে কি না?

Shri Syamadas Bhattacharyya:

না।

Shri Sunil Das Gupta:

তহশীলদাররা কি সরকারী কর্মচারী?

Shri Syamadas Bhattacharyya:

এ প্রশ্ন থেকে এই কথা উঠে না।

Shri Daman Kuiry:

অন্যান্যদের তুলনায় পুরুলিয়া জেলার তহশীলদারদের বেতন কি কম?

Shri Syamadas Bhattacharyya:

পুরুলিয়া জেলা সম্পর্কে কোন প্রশ্ন নেই সুতরাং বলা সম্ভব নয়।

Shri Nikhil Das:

পশ্চিমবঙ্গের তহশীলদারদের সম্পর্কে প্রশ্ন আছে কারণ উনি জিজ্ঞাসা করেছেন। সুতরাং পুরুলিয়া জেলার কথা কেন প্রশ্নে ওঠে না বলছেন, উত্তর দেবেন না তাই বলুন?

Mr. Speaker:

উনি যদি জেনারেল কোশ্চেন করতেন তাহলে হতো কিন্তু উনি জিজ্ঞাসা করেছেন পারটিকুলারলি পুরুলিয়া জেলার কথা সুতরাং ঠিক সেই ইনফরমেসান থাকতে পারে না। জেনারেল কোশ্চেন যদি করেন যে সব জায়গায় সমান কিনা—মে বি দ্যাট উইল বি এ্যাভেলেবল টু এন্সার। কিন্তু পারটিকুলারলি একটা জেলায় বেশী কি কম তা এখানে বলা যেতে পারে না।

Shri Daman Kuiry:

সব জায়গায় তহশীলদারদের বেতন কি এক?

Shri Syamadas Bhattacharyya:

নোটিশ চাই।

Shri Sanat Kumar Raha:

পশ্চিমবঙ্গ ভূমি রাজস্ব বিভাগে যে তহশীলদার আছে তারা যে রাজস্ব সংগ্রহ করে সে অর্থ কোথায় রাখা হয় এবং তা নিরাপত্তার কি ব্যবস্থা আছে?

Shri Syamadas Bhattacharyya:

নোটিশ চাই।

[1-10—1-20 p.m.]

Shri Sanat Kumar Raha:

প্রশ্ন হচ্ছে তহশীলদারদের যে ১১·৩ যেটা ব্যয় হয় তার মধ্যে তাদের নিরাপত্তা এবং অফিস খরচ ধরা হয়েছে কি না?

Shri Syamadas Bhattacharyya:

নোটিশ চাই।

Shri Kamal Kanti Guha:

তহশীলদারদের তরফ থেকে তাঁদের বেতনের জন্য কোন আবেদন হয়েছে কি?

Shri Syamadas Bhattacharyya:

অনেকবার হয়েছে।

Shri Birendra Kumar Maitra:

খাজনা আদায়ের জন্য পশ্চিমবাংলায় কত শতাংশ মোট ব্যয় হয় তহশীলদারদের জন্য এস এল আর ও এবং জে এল আর ও বা অন্য বাবদ কত ব্যয় হয় তার কোন হিসাব আছে কি?

Shri Syamadas Bhattacharyya:

খাজনা আদায়ের জন্য তহশীলদারদের ব্যয় ছাড়া জে এল আর ও এবং এস এল আর ও এদের জন্য ব্যয় এবং তাদের অফিসের দরুণ খরচ ধরা হয় সমস্ত ধরে আমাদের মোট শতকরা ১৬ থেকে ১৮ ভাগ আদায়ের জন্য খরচ হয়।

Shri Deb Saran Ghosh:

তহশীলদারদের প্রাপ্য যে কমিশন তা থেকে টাকা কেটে নিয়ে তাদের মনিঅর্ডার করা হয় কি?

Shri Syamadas Bhattacharyya:

সরকার কমিশন পরে দেন।

Shri Aswini Roy:

ভূমি রাজস্ব ছাড়া বর্তমানে তাদের সেচ কর আদায়ের ভার দেওয়া হচ্ছে কি?

Shri Syamadas Bhattacharyya:

কোন কোন জায়গায় আমরা ভূমি রাজস্ব আদায় ছাড়া ক্যানাল কর আদায় করবার ভার দিয়েছি —যাতে তহশীলদারদের মোট আয় বাড়ে, এবং সেইজন্য আমরা কতকগুলি ব্যবস্থা অবলম্বন করেছি—তার মধ্যে মাননীয় সদস্যের যে অভিমত সেটা আছে।

Shri Aswini Roy:

তাহলে তাদের এই বাড়তি বেতন বৃদ্ধির জন্য অর্থাৎ এই বাড়তি কাজের জন্য তাদের বেতন বৃদ্ধির প্রশ্নটা কি আশু হচ্ছে না?

(উত্তর নাই)

Shri Bhadra Bahadur Hamal:

যেখানে তহশীলদার নাই—যেমন দার্জিলিং-এ মণ্ডল দ্বারা খাজনা আদায় করার ব্যবস্থা আছে কি না?

Shri Syamadas Bhattacharyya:

প্রশ্নটা কেবল তহশীলদারদের সম্পর্কে, মণ্ডলদের প্রশ্ন আলাদা করবেন, উত্তর দেবো।

Shri Bhadra Bahadur Hamal:

যেখানে তহশীলদার নাই—যেমন ওখানে--সেখানে কি করে অর্থাৎ কারা গিয়ে আদায় করে?

Mr. Speaker:

মিঃ হামাল এটা হচ্ছে তহশীলদারদের প্রশ্ন—
It is nothing beyond that.

Shri Rabindra Nath Mukhopadhyay:

দার্জিলিংয়ে কোন তহশীল আছে কি না?

Shri Syamadas Bhattacharyya:

নোটিশ চাই।

Mr. Speaker:

প্রশ্নটা হচ্ছে পারসেনটেজ অফ এক্সপেনসেস—যারা তহশীলদার তাদের কিন্তু
That is a different point.

Shri Nani Bhattacharjee:

পশ্চিমবাংলার মধ্যে দার্জিলিং একটি ডিস্ট্রিক্ট, সেখানে তহশীলদার আছে কি না? তহশীলদার আছে কি না এটা যদি না জানেন তাহলে ওখানে কি করতে বসে আছেন?

Shri Syamadas Bhattacharyya:

মাননীয় সদস্যগণ অনুগ্রহ করে যেভাবে প্রশ্নটা রচনা করা হয়েছে সেটা যদি দেখেন নিশ্চয় এরকম প্রশ্ন করবেন না।

Shri Monoranjan Roy:

দার্জিলিংয়ে তহশীলদারদের আদায়ী খাজনার কত দেওয়া হয়?

Shri Syamadas Bhattacharyya:

এখানে জেলাওয়ারী কোন হিসাব দেওয়া হয় নি।

Shri Sanat Kumar Raha:

মন্ত্রিমহাশয় বল্লেন যে ১১·৩ শতাংশ খরচ হয় তহশীলদারদের জন্য পরে ঢুকিয়ে দিলেন জে এল আর ও এবং এস এল আর ও এস্টাবলিশমেণ্ট ইত্যাদি আমি জিজ্ঞাসা করতে চাই এই ১১·৩ শতাংশের কত শতাংশ শুধু এই তহশীলদারদের জন্য খরচ হয়?

Shri Syamadas Bhattacharyya:

মাননীয় সদস্য অত্যন্ত দুঃখের কথা, আমার উত্তরটা মোটেই শুনেননি আমি তা বলিনি, শতকরা ১১ ভাগের মধ্যে জে এল আর ও এবং এস এল আর ও-র টাকা আছে এ কথা আমি বলিনি।

Shri Sanat Kumar Raha:

এই শতকরা ১১ ভাগের মধ্যে যদি এস এল আর ও, জে এল আর ও, থাকে তাহলে তাদের এষ্টাবলিশমেণ্টের জন্য কত টাকা খরচ হয়—এদের পুষতে যে খরচ হয় তার থেকে কম না বেশী খরচ হয়?

(No reply)

Shri Somnath Lahiri:

উনি বলেছেন তহশীলদারদের জন্য ১১.৩ শতাংশ খরচ হয়, এই ১১.৩ শতাংশ কি কি আইটেমে ধরা হয়েছে?

Shri Syamadas Bhattacharyya:

এটা ধরা হয়েছে তাদের যে বেতন দেয়া হয়, কমিশন দেয়া হয়, এবং অন্যান্য বাবদ যা খরচ হয়, তার কনটিজেন্সী খরচ আছে এই সমস্ত খরচ ধরে বলা হয়েছে।

Shri Kashi Kanta Maitra:

এটা কি সত্য যে সেন্ট্রাল বোর্ড অব রেভিনিউ থেকে তহশীলদারদের যেহেতু তাদের সংগে গ্রামীন অর্থনীতি এবং গ্রামীন জীবনের সংগে ঘনিষ্ট যোগাযোগ সেজন্য রুরাল ভাইটাল ষ্ট্যাটিসটিক্স গ্রহণ করার জন্য তাদের আলাদা একটা ক্যাডার সার্ভিস করার পরিকল্পনা সেন্ট্রাল বোর্ড অব রেভিনিউ করেছেন ?

'As distinct from the Statistical Bureau.

দ্বিতীয় হচ্ছে সংবাদপত্রে বেরিয়েছে যে পশ্চিমবঙ্গ সরকার সিদ্ধান্ত নিয়েছেন যে ল্যাণ্ড রেভিনিউর যা টোটাল কলেকসন হয় তার সাইজেব্‌ল পোর্সান পঞ্চায়েৎ এবং জেলা পরিষদের হাতে ছেড়ে দিচ্ছেন এবং যেহেতু মাননীয় মন্ত্রিমহাশয় পঞ্চায়েৎ রাজের কথা বলেছেন, সে জন্য

আমি জিজ্ঞাসা করছি যদি সেটা গভর্ণমেন্টের পরিকল্পনা হয় তাহলে তহশীলদারদের সার্ভিস কমিসন সম্বন্ধে পুনর্বিবেচনা করার প্রয়োজন হবে না কি including their pays.

Shri Syamadas Bhattacharyya:

মাননীয় সদস্য যে সমস্ত কথাগুলি বল্লেন প্রশ্নাকারে সেগুলি এই প্যার্টিকুলার প্রশ্ন থেকে উঠে না।

Proposal for Sadarghat bridge at Burdwan

***26.** (Admitted question No. *164.) **Shri Monoranjan Bakshi:**

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্ধমান জেলা পরিষদ কর্তৃক গৃহীত একটি প্রস্তাব বর্ধমান সদরঘাটে দামোদর নদীতে সেতু নির্মাণের জন্য প্রেরিত হইয়াছে; এবং

(খ) সত্য হইলে এ বিষয়ে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

Shri Jagannath Kolay:

(ক) হ্যাঁ।

(খ) উক্ত সেতু নির্মাণের কাজ চতুর্থ পরিকল্পনায় গ্রহণের প্রস্তাব বিবেচনাধীন আছে।

Shri Monoranjan Baksi:

এই প্রস্তাব কোন তারিখে সরকারের হস্তগত হয়েছে এবং কতদিন বিচারাধীন হয়ে আছে।

Shri Jagannath Kolay:

কবে হস্তগত হয়েছে সেটা আমার কাছে নেই তবে এটা চতুর্থ পরিকল্পনায় ধরা হয়েছে, দামোদরে দুটো ব্রীজ হবে এবং সদর ঘাটে একটা ব্রীজ হবে এটা ধরা হয়েছে এবং এর প্রাথমিক প্রস্তুতির কাজ করবার জন্য নির্দেশ দেয়া হয়েছে।

Shri Syed Abul Mansur Habibullah:

মন্ত্রিমহাশয় কি জানেন যে সদর ঘাটে ভিত্তি স্থাপন করা হয়েছে আজ থেকে ২০ বছর আগে?

Shri Jagannath Kolay:

হতে পারে।

Shri Aswini Roy:

আপনি যে বল্লেন পরিকল্পনার মধ্যে অন্তর্ভূক্ত করা হচ্ছে এর জন্য ব্যয় কত হবে তার একটা আনুমাণিক হিসাব হয়েছে কি?

Shri Jagannath Kolay:

না, তার হিসাব হয়নি। তবে ব্রীজ যে হবে তা ঠিক হয়েছে।

Shri Nikhil Das:

একথা কি সত্য যে ভিত্তিটা যখন স্থাপন হয়েছিল এই ব্রীজের তখন বামপন্থী প্রার্থীকে হারিয়ে কংগ্রেস প্রার্থী সেখানে নির্বাচিত হয়েছিল এবং ভিত্তি স্থাপনের পরে আবার বামপন্থী পার্টি সেখান থেকে নির্বাচিত হয়েছে, সেজন্যই কি ভিত্তিটা স্থাপিত হওয়া সত্বেও ব্রীজ হল না?

Shri Jagannath Kolay:

এটা সম্পূর্ণ অসত্য।

Road communication facilities at Durgapur

***27.** (Admitted question No. *204.) **Shri Somnath Lahiri:** Will the Minister-in-charge of the Public Works (Roads) Department be pleased to state—

(a) whether a large sum of money had been sanctioned by the Government to improve road communication facilities at Durgapur previous to the holding of the Indian National Congress Session at Durgapur in January, 1965; and

(b) if the reply to (a) is in the affirmative, will the Minister be pleased to state—

(i) what amount was sanctioned by the Government for 1964-65 for the above purpose; and

(ii) what amount was actualy spent during 1964-65 previous to the holding of the Congress Session?

Shri Jagannath Kolay: (a) and (b) Upgrading of the existing Government road from G.T. Road to Durgapur Barrage Approach road was taken up in March, 1964, as a scheme under the Third Five-Year Plan and the work was completed by the end of the year, 1964, at a cost of Rs. 3,83,700.00 only sanctioned for the purpose.

[1-20—1-30 p.m.]

Shri Somnath Lahiri:

আপনি রাস্তার জন্য যে খরচের কথা বললেন এই টাকাটা স্যাংকশান করা হয়েছিল কখন?

Shri Jagannath Kolay:

থার্ড ফাইভ-ইয়ার প্ল্যানে যখন মার্চ মাসে কাজ আরম্ভ থেকে ধরা হয় তখন সেই থার্ড ফাইভ-ইয়ার প্ল্যানে এটা ধরা হয় এবং এটা ১৯৬৪ সালের ফার্স্ট এপ্রিল থেকে ধরা হয়। এরজন্য ৩ লক্ষ ৮৩ হাজার ৭ শো টাকা স্যাংশান হয়েছিল এবং সেই কাজটা ডিসেম্বর মাসের মধ্যে কম্প্লিট হয়ে গেছে।

Shri Somnath Lahiri:

এই বছরে ঐ এলাকার রাস্তার জন্য যে ৩ লক্ষ ৮৩ হাজার টাকা খরচ এটা কি টোটাল খরচ? দুর্গাপুর সেসান হওয়ার আগে ১৯৬৪-৬৫ সালে দুর্গাপুরে রাস্তাঘাটের ফেসিলিটি বাড়াবার জন্য কত টাকা আপনি খরচ করেছেন, তার জবাবে আপনি বলেছেন ৩ লক্ষ ৮৩ হাজার টাকা এ বছরে। সেজন্য আমি জিজ্ঞাসা করছি ১৯৬৩-৬৪ সালে ঐ দুর্গাপুর এলাকাতে রাস্তাঘাটের উন্নতির জন্য কত টাকা বরাদ্দ করা হয়েছিল এবং কত খরচ হয়েছিল?

Shri Jagannath Kolay:

আপনি যদি প্রথম বছর থেকে চান, কারণ থার্ড ফাইভ-ইয়ার প্ল্যানে কিছু কিছু হয়েছে স্টেজ বাই স্টেজ হয়েছে, তাহলে নোটিশ চাই।

Shri Somnath Lahiri:

আমি সব বছরের চাচ্ছি না আমি শুধু আগের বছরের চাচ্ছি।

Shri Jagannath Kolay:

নোটিশ চাই, তা না হলে বলতে পারব না।

Shri Sunil Das Gupta:

৩ লক্ষ ৮৩ হাজার টাকা খরচ করে কত মাইল রাস্তা তৈরি হয়েছিল জানাবেন কি?

Shri Jagannath Kolay:

এই যে ৩ লক্ষ ৮৩ হাজার টাকা খরচ হয়েছে এটা একবারে খরচ হয় নাই, স্টেজ বাই স্টেজ খরচ হয়েছে এবং তার আগেও খরচ হয়েছে—গ্র্যান্ড ট্রাঙ্ক রোড থেকে দুর্গাপুর ব্যারেজ হয়ে যেটা বাঁকুড়া রোড গেছে তার জন্যও খরচ হয়েছে।

Shri Kashi Kanta Maitra:

মাননীয় মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি তাঁর দৃষ্টি আকৃষ্ট হয়েছে কিনা যে কিছুদিন আগে বোধহয় ১৮ই জানুয়ারী তারিখে দৈনিক স্টেটসম্যানে ইকনমিক্স অব দুর্গাপুর সেশান এই নামে যে আর্টিকেল বেরিয়েছিল তাতে বলা হয়েছিল যে ১০ লক্ষ টাকা আনুমাণিক প্রায় রাস্তা তৈরী করবার জন্য দুর্গাপুর উপলক্ষে খরচ হয়েছে। সেই তথ্য সত্য কি না আমি জানতে চাই।

Shri Jagannath Kolay:

স্টেটসম্যানে কি বেরিয়ে ছিল জানি না। গভর্ণমেন্টের যে রাস্তা হচ্ছে তা দুর্গাপুর সেশানের জন্য নয়। আমাদের থার্ড ফাইভ-ইয়ার প্ল্যানের মধ্যে যেটা ধরা হয়েছিল এটা সেই খরচ। গভর্ণমেণ্ট এ ছাড়া কোন খরচ করেন নি।

Shri Somnath Lahiri:

আমার প্রশ্ন ছিল যে ১৯৬৪-৬৫ সালের জন্য কত স্যাংকশান হয়েছিল এবং কত খরচ হয়েছিল। আপনি একটা অংক দিলেন। দুটো অংক কি? স্যাংকশান কত হয়েছিল অর্থাৎ মার্চ মাসে যখন আপনারা কাজ আরম্ভ করলেন প্রিভিয়াস বাজেটে কত স্যাংকশান হয়েছিল ঐ এলাকার জন)এবং এ্যাকচুয়ালি এক্সপেন্ডিচার ডিউরিং ১৯৬৪-৬৫ কত হয়েছিল সেটা আমি জানতে চাই

Shri Jagannath Kolay:

৩ লক্ষ ৮৩ হাজার ৭ শো টাকা আমাদের খরচ হয়েছে। তাহলে ৩ লক্ষ ৮৪ হাজার এমন হবে।

Shri Prafulla Chandra Sen:

মাননীয় সদস্য মহাশয় বোধ হয় একটু ভুল করছেন। তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় রাস্তার জন্য কোন ব্যয় বরাদ্দ হয়ে থাকলে সেই পরিকল্পনাতে সেটা ধরা হয়। তবে প্রত্যেক বছর আমরা নতুন করে পরিকল্পনার কাজ যখন আরম্ভ করি তখন সেই বছরে কি পরিমাণ খরচ করব সেটা ধরা হয়। ১৯৬৪-৬৫ সালে যে পরিমাণ টাকা ঐ রাস্তার জন্য বরাদ্দ করা হয়েছিল সেটা খরচ করা হয়েছে।

Dr. Kanai Lal Bhattacharya:

মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে একটা রাস্তা দুর্গাপুরে তৈরি করা হয়েছে দুর্গাপুর গ্র্যান্ড ট্রাঙ্ক রোড থেকে সুরু করে ব্যারেজ পর্যন্ত যার জন্য ৩ লক্ষ ৮৩ হাজার টাকা খরচ হয়েছে। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করতে পারি কি এটার আগে যেটা এলাইনমেন্ট ছিল সেই এলাইনমেণ্ট চেঞ্জ করে ঐ যেখান থেকে কংগ্রেস সেশান হয়েছিল তার উপর দিয়ে করা হয়েছিল এটা কি সত্য কথা?

Shri Jagannath Kolay: না।

Dr. Kanai Lal Bhattacharya: আগে কি ঐ এলাইনমেন্ট ছিল?

Shri Jagannath Kolay: হ্যাঁ, ঐ এলাইনমেণ্ট হয়েছে।

Shri Narayan Choubey:

মাননীয় মুখ্যমন্ত্রিমহাশয় বললেন দুর্গাপুরের ঐ এলাকার জন্য থার্ড ফাইভ-ইয়ার প্ল্যান, ১৯৬৪-৬৫-তে যে অর্থ বরাদ্দ করা হয়েছিল, তা খরচ করা হয়েছে ৩ লক্ষ ৮৩ হাজার টাকা। তিনি কি বলবেন বাংলাদেশে আর কোন এলাকা আছে যার জন্য টাকা স্যাংশান করা হয়েছিল ১৯৬৪-৬৫-তে এবং সেই টাকা সম্পূর্ণ খরচ সেখানে হয়ে গেছে?

Shri Prafulla Chandra Sen:

সেই সেই রাস্তার নাম করে প্রশ্ন করলে পর নিশ্চয়ই আমরা তার জবাব দেব।

Shri Sudhir Chandra Das:

একটা সিডিউল রোড—ঐ গ্রান্ড ট্রাঙ্ক রোড সারান ছাড়া কংগ্রেসমঞ্চ বা প্যাণ্ডেল অস্থায়ী রোড দুর্গাপুরের অধিবেশনের জন্য যে সমস্ত হয়েছে, তার জন্য এই টাকা খরচ হয়েছে কিনা?

Shri Prafulla Chandra Sen:

সেই টাকা কংগ্রেস মঞ্চের জন্য বা প্যাণ্ডেলের জন্য বা লোক খাওয়ানোর জন্য ও লোককে আসবার জন্য আদৌ ব্যয় করা হয় নাই। যে কারণের জন্য এই টাকা বরাদ্দ ছিল, তার জন্যই ঐ টাকা ব্যয় করা হয়েছে।

Shri Kashi Kanta Maitra:

এই প্রশ্ন করা হয়েছিল ঐ কংগ্রেস প্যাণ্ডেলের অ্যাপ্রোচ-এর কাছাকাছি কোন রাস্তা তৈরী হয়েছিল কিনা—তার তো কোন কিছু হল না!

(No reply)

Shri Nikhil Das:

উত্তরটা পরিষ্কার হয় নাই। প্রশ্নটা ছিল কত টাকা বরাদ্দ ছিল এবং বাজেটে কি এই বরাদ্দ সম্পর্কে কোন উল্লেখ ছিল?

Mr. Speaker:

উনি জবাব দিয়েছেন।

Shri Nikhil Das:

না, জবাব দেন নাই। সেটা বরাদ্দ থাকলে কত টাকা বরাদ্দ ছিল? উনি বলেছেন থার্ড ফাইভ-ইয়ার প্ল্যান-এ তার জন্য বরাদ্দকৃত পুরা টাকাটা খরচ করেছেন। সেই সম্পর্কে বাজেটে কত টাকার উল্লেখ ছিল বলবেন কি?

Shri Prafulla Chandra Sen:

মাননীয় সদস্য একটু ভুল করছেন। দুর্গাপুর প্রজেক্টে রাস্তা সমেত এবং অন্যান্য কাজের জন্য যে টাকা বরাদ্দ আছে তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় সেই টাকা আমরা খরচ করবো। রাস্তার জন্য যে টাকা বরাদ্দ আছে, তা ঐ রাস্তার জন্যই খরচ করবো। যে টাকা হাউজিং-এর জন্য বরাদ্দ আছে, তা হাউজিং-এর জন্য ব্যয় করবো; যে টাকা জল সরবরাহের জন্য বরাদ্দ আছে, তা জল সরবরাহের জন্য ব্যয় করবো। কাজেই মাননীয় সদস্যকে এইটুকুই বলতে পারি রাস্তার জন্য যে টাকা বরাদ্দ ছিল, তার অতিরিক্ত আমরা ব্যয় করি নাই।

Shri Nikhil Das:

আমার প্রশ্ন হচ্ছে যে টাকা দুর্গাপুর প্রজেক্টে রাস্তার জন্য বরাদ্দ ছিল, সেই টাকা খরচ করা হয়েছে। এটাই কি একমাত্র প্রয়োজনীয় রাস্তা ছিল দুর্গাপুরে কংগ্রেস অধিবেশন যেখানে হয়েছে, সেখানে যাবার রাস্তা যার জন্য অন্য কোন রাস্তার জন্য টাকা না দিয়ে এই টাকা ওখানে খরচ করা হয়েছে?

Shri Prafulla Chandra Sen:

মাননীয় সদস্যের এই প্রশ্নটা যদিও অপ্রাসঙ্গিক, তবু জবাব দিচ্ছি। দুর্গাপুরের কংগ্রেস অধিবেশন সম্বন্ধে অনেক মাননীয় সদস্যের একটা এলারজি আছে। তাঁরা মনে করছেন এই দুর্গাপুর কংগ্রেসের জন্য সরকার পক্ষ থেকে অন্যায়ভাবে রাস্তা এবং অন্যান্য বাবদ খরচ করা হয়েছে। আমি তাঁদের এইটুকু বলতে পারি রাস্তার জন্য যে টাকা বরাদ্দ ছিল, তার চেয়ে কোন অতিরিক্ত টাকা আমরা ব্যয় করি নাই।

Realisation of water rate in the D.V.C. and Mourakshi Command area

***28.** (Admitted question No. *235.) **Shri Benoy Krishna Chowdhury:** Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) whether water rate is being realised from lands which have not received Canal water both in the D.V.C. and Mourakshi Command area; and

(b) if the answer to (a) be in affirmative, will the Minister be pleased consider the desirability of easing the situation by giving relief in such cases.

Shri Syamadas Bhattacharyya: (a) No.

(b) Does not arise.

Shri Aswini Roy:

এই যে জমিতে জল আপনারা দিতে পারেন নাই, গত বছর এই জল না দিয়েও কর ধার্য করেছেন তার জন্য কোন আপত্তি-পত্র আপনারা পেয়েছেন কি?

Shri Syamadas Bhattacharyya:

মাননীয় সদস্য এই যে প্রশ্ন করেছেন যে জমিতে জল না দিয়ে ও জমিতে কর ধার্য করা হয়েছে এবং আদায় করা হয়েছে এ সম্বন্ধে কোন অভিযোগ আমরা পেয়েছি কিনা, আমি সেটা সঠিক বলতে পারবো না। তবে এই রকম অভিযোগ পেয়েছি বলে মনে হয় না। কিন্তু মাননীয় সদস্যগণ জানেন যে আমাদের দুটো আইন বলে এই কর ধার্য হয়ে থাকে। একটা হলো West Bengal Irrigation (Imposition of Water Rate for Damodar Valley Corporation Water) Act, 1958 ও আর একটা হলো ডেভেলপমেন্ট এ্যাক্ট এই দুটো আইনের ধারাতে এই রকম বিধান আছে যে জল না দিয়ে যদি জলকর ধার্য করা হয় অথবা অপ্রচুর জল দিয়ে জলকর ধার্য করা হয়, সেখানে আপত্তি করা যেতে পারে, আপীল করা যেতে পারে এবং সংশ্লিষ্ট সরকারী কর্মচারীর উপর এই ক্ষমতা দেওয়া হয়েছে যে তিনি শুনানী করবার পর সেই আপত্তির উপর যুক্তিসংগত রিলিফের ব্যবস্থা করতে পারবেন।

Shri Shambhu Gopal Das:

মন্ত্রিমহাশয় কি জানেন যে, অনেক জায়গায় ক্যানেলের জল জমিতে পেঁছায়নি অথচ তাদের উপর সার্টিফিকেট করা হয়েছে এবং সেই সার্টিফিকেট বন্ধ করবার জন্য হাইকোর্টে দুটি কেস চলছে?

[1-30—1-40 p.m.]

Shri Syamadas Bhattacharyya:

হতে পারে, আমার জানা নেই।

Shri Shambhu Gopal Das:

মন্ত্রিমহাশয় কি জানেন যে, কাঁদি মহকুমার এড়েদা গ্রাম থেকে এরকম কেস হয়েছে?

Shri Prafulla Chandra Sen:

মন্ত্রিমহাশয় বলেছেন যে, যদি অন্যায় করে কারুর উপর কর ধার্য করা হয় তাহলে তিনি আপত্তি করতে পারেন, মামলা করতে পারেন, সব করতে পারেন। এটা কখনও হয় না যে ভুল করে কারুর উপরে কর ধার্য হতে পারে না। কিন্তু তার প্রতিকার হচ্ছে সংশ্লিষ্ট বিভাগে আপত্তি জানান বা আদালতের আশ্রয় নেওয়া।

Shri Nani Bhattacharjee:

মন্ত্রিমহাশয় নিশ্চয়ই জানেন জল দেবার দায়িত্ব সেচ বিভাগের এবং তাঁরা দিতে পারছেন কিনা সেটা সেচ বিভাগের ব্যাপার। কিন্তু খাজনা আদায়কারী বিভাগের কর্মচারীরা বর্ধমান এবং সংশ্লিষ্ট এলাকা যেটা সেচ এলাকার অধীনে সেখানে জল না যাওয়া সত্ত্বেও খাজনা আদায় করছে এবং খাজনা না দিলে বলছে আমরা এসব জানিনা, সেচ বিভাগকে লিখুন। আবার সেচ বিভাগকে বললে তাঁরা বলছেন আমরা এসব কিছু জানিনা। আমার প্রশ্ন হচ্ছে এরকম একটা আনকোঅর্ডিনেটেড অবস্থা যে চলছে সেটা কি রাজস্ব মন্ত্রিমহাশয় জানেন?

Shri Syamadas Bhattacharyya:

এরকম হতে পারে না। কারণ ইরিগেসন বিভাগ কোন্ কোন্ জমিতে জল দিয়েছে তার একটা তালিকা প্রস্তুত করেন এবং ম্যাপ তৈরী করেন। সেই ম্যাপ রেভেনিউ অফিসারের কাছে পাঠান হয় এবং তিনি খাজনা আদায় করবার ব্যবস্থা করেন। যে দুটি আইনের বলে ক্যানেল কর ধার্য হয় তাতে যথেষ্ট বিধান আছে, যেমন সেকশন সিক্স। দামোদর কম্যাণ্ড এরিয়ার খাজনা আদায়ের ব্যাপারে ডেভেলপমেণ্ট এ্যাক্টে ধারা রয়েছে। সেই ধারা অনুযায়ী আপত্তি দাখিল করবার যথেষ্ট সুযোগ আছে এবং সেটা নির্দিষ্ট সময়ের মধ্যে করতে হবে তা নয়, নির্দিষ্ট তারিখের পর করলেও সেই কেস-এর শুনানী হয় এবং তার বিচারের বিধান আছে।

Shri Shambhu Gopal Das:

মন্ত্রিমহাশয় জানাবেন কি, আপত্তি দাখিল করবার পর শুনানী কোনখানে হয়?

Shri Syamadas Bhattacharyya:

মাননীয় সদস্যগণ যদি অনুমতি দেন তাহলে আমি সেকশন সিক্স, সেভেন্টিন এগুলি বলতে পারি।

Shri Abhoy Pada Saha:

মন্ত্রিমহাশয় কি জানেন যে, চলিত আইন যেটা আছে সেই অনুসারে সরকারী কর্মচারীরা চলেন না?

Shri Syamadas Bhattacharyya:

সরকারী কর্মচারীরা আইন অনুযায়ী চলেন।

Ceiling of lands

***29.** (Admitted question No. *58.)

Shri Sanat Kumar Raha:

ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) সরকারী সিলিং ফাঁকি দিবার জন্য অবৈধভাবে রাখা হইয়াছে এইরূপ জমির আনুমানিক পরিমাণ কত;

(খ) ব্যক্তি ও পরিবারগতভাবে সমগ্র জমির পরিমাণ জানিবার কোন ব্যবস্থা আছে কি না, এবং

(গ) একই ব্যক্তি বিভিন্ন রাজ্যে জমি রাখিলে কিভাবে সিলিং নির্দিষ্ট হয়?

Shri Syamadas Bhattacharyya:

(ক) সরকারী সিলিং ফাঁকি দিয়া অবৈধভাবে জমি রাখা হইয়াছে। এইরূপ কোন তথ্য সরকার পান নাই।

(খ) পরিবারগতভাবে সেরূপ কোন সঠিক ব্যবস্থা নেই। তবে ব্যক্তিগতভাবে আছে।

(গ) কোন ব্যক্তির বিভিন্ন রাজ্যে জমি থাকিলে, প্রত্যেক রাজ্যের অন্তর্ভুক্ত জমির উপর ঐ রাজ্যের নির্দিষ্ট হিসাব প্রযুক্ত হবে।

Shri Sanat Kumar Raha:

মন্ত্রিমহাশয় বললেন এরকম তথ্য সরকারের কাছে নেই। আমার প্রশ্ন হচ্ছে জমিদারী উচ্ছেদের পর সিলিং ফাঁকি দেবার চক্রান্ত হচ্ছে এবং সিলিং ফাঁকি দেবার ঘটনা যে আছে সেটা তদন্ত করবার জন্য কোন সংস্থা বা সংগঠন আছে কিনা সরকারের?

Shri Syamadas Bhattacharyya:

মাননীয় সদস্যরা জানেন জমিদারী দখল আইনের ৫ ধারা এইভাবে জমি হস্তান্তর বন্ধ করবার জন্যই প্রণয়ন করা হয়েছে এবং সেই ধারা অনুযায়ী ৫(ক) ধারায় আমরা একজেমশন আরম্ভ করি। এ পর্যন্ত ১৯৬৪ সালে আমরা ২০ হাজার ৬৩১টি কেস ম্যালাফাইডি ট্রান্সফার বলে ধার্য করেছি এবং ৫২ হাজার ৯৫৭ একর জমি এইভাবে উদ্ধার করেছি। আমি একথা বলতে পারি কোন জায়গায় বেআইনী বা অবৈধ হস্তান্তরের সংবাদ পেলে আমরা সংগে সংগে ব্যবস্থা অবলম্বন করি এবং একথা জোর করে বলতে পারি কোন জায়গায় সংবাদ পাবার পর ব্যবস্থা অবলম্বন করা হয়নি এটা ঠিক নয়।

Shri Sanat Kumar Raha:

৫(ক)-এ যে মামলা রুজু করেছে তার ফলে সিলিং ফাঁকি দেবার ঘটনা কি প্রমাণিত হয়েছে?

Shri Syamadas Bhattacharyya:

নিশ্চয়ই প্রমাণিত হয়েছে, আমি সে কথাই বলেছি, মাননীয় সদস্য যদি একটু দয়া করে শোনেন তাহলে ভাল হয়, আমি যে কথা বলেছি সেটা হচ্ছে ১৯৬৪ সাল পর্যন্ত ২০৬৩১ মামলাতে ৫২৯৫৭ একর জমি এই ৫(ক) ধারা অনুযায়ী ম্যালাফাইডি বলে ঘোষণা করে উদ্ধার করা হয়েছে।

Shri Sanat Kumar Raha:

তাহলে এগুলি সিলিং ফাঁকি দেবার ঘটনা কিনা?

Shri Syamadas Bhattacharyya:

নিশ্চয়ই ঘটনা।

Shri Sanat Kumar Raha:

সরকারের কাছে কোন তথ্য নেই এটা কি করে হয়?

Shri Syamadas Bhattacharyya:

মাননীয় সদস্য অত্যন্ত সুচতুরভাবে প্রশ্ন করেছেন এবং আমাকে অত্যন্ত ফাঁপড়ে ফেলেছেন। মাননীয় সদস্যের প্রশ্ন হচ্ছে সিলিং ফাঁকি দেবার জন্য অবৈধভাবে রাখা হয়েছে এই রকম জমির আনুমানিক পরিমাণ কত? আমি যদি জানতাম সরকারের আইনকে ফাঁকি দেবার জন্য ব্যবস্থা হচ্ছে তাহলে তর জন্য ব্যবস্থা করতে পারতাম।

Shri Sanat Kumar Raha:

তাহলে সরকারের কাছে কোন তথ্য নেই কি পরিমাণ জমি এখন ফাঁকি পড়ে আছে।

Shri Syamadas Bhattacharyya:

তথ্য যদি দেন নিশ্চয়ই উদ্ধার করবো।

Shri Sanat Kumar Raha:

এই যে মেছোঘেরী বাগান করবার সরকারী তদন্তে এসেছে তার মধ্যে সরকার কতটা জমি উদ্ধার করতে পেরেছে?

Shri Syamadas Bhattacharyya:

মেছোঘেরী আমাদের এক্‌জেমশনের মধ্যে পড়ে, ট্যাংক ফিশারী, অর্চাড্‌স, বাগান ওটাও এক্‌জেমশনের মধ্যে পড়ে।

Shri Sanat Kumar Raha:

মেছোঘেরীর নাম করে যে জমি রাখা হয়েছিল সেটা মেছোঘেরী নয়, বাগানের নাম করে যে জমি রাখা হয়েছিল সেটাও বাগানের জন্য নয়, সরকার এমন কোন তথ্য পেয়েছেন কি না যে সিলিং ফাঁকি দেবার জন্যই এরকম করা হয়েছিল?

Shri Syamadas Bhattacharyya:

একথা বলতে পারি না, সংবাদ পেলে নিশ্চয়ই ব্যবস্থা করবো।

D.A. for the non-teaching staff of the Secondary Schools

***24.** (Short Notice.) (Admitted question No. *868.)

ডাঃ প্রতাপচন্দ্র চন্দর : অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় জানাইবেন কি—

(ক) বর্তমান মাধ্যমিক বিদ্যালয়সমূহের শিক্ষক-শিক্ষিকা ব্যতীত অন্যান্য কর্মীদের জন্য মাগ্‌গী ভাতা দানের ব্যবস্থা আছে কি না; এবং

(খ) ব্যবস্থা থাকিলে—

(১) কি হারে উহা দেওয়া হইতেছে,

(২) বর্তমানে উহা বৃদ্ধির কোনও প্রস্তাব আছে কি না, এবং

(৩) বৃদ্ধি করা হইলে কি হারে উহা করা হইবে?

Shri Saila Kumar Mukherjee:

আমি প্রশ্নটা পড়ে দিচ্ছি—

(১) বর্তমান মাধ্যমিক বিদ্যালয়সমূহের শিক্ষক শিক্ষিকা ব্যতীত অন্যান্য কর্মীদের জন্য মাগ্‌গী ভাতা দানের ব্যবস্থা আছে কিনা; এবং

(২) থাকিলে কি হারে উহা দেওয়া হইতেছে?

(৩) বর্তমানে উহা বৃদ্ধির কোন প্রস্তাব আছে কিনা,

(৪) বৃদ্ধি করা হইলে, কি হারে উহা করা হইবে।

(১) না।

(২)—(৪) বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে।

Dr. Pratap Chandra Chunder:

মাননীয় মন্ত্রিমহাশয় বললেন বিবেচনাধীন আছে, কি হারে দেওয়া হবে সেটার কোন ইংগিত এখানে উপস্থিত করতে পারেন কি?

Shri Saila Kumar Mukherjee:

এখনও কোন চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত হয়নি, আশা করা যায় বাজেট উপস্থিত হবার পূর্বে এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত হতে পারে।

Dr. Pratap Chandra Chunder:

এই বৃদ্ধির প্রস্তাব শিক্ষক শিক্ষিকাদের সম্পর্কে চালু হতে পারে?

Shri Saila Kumar Mukherjee:

এই প্রশ্ন হচ্ছে শিক্ষক শিক্ষিকা ব্যতীত, একথা বলতে পারি সেটা এ রেটে নয়, শিক্ষক শিক্ষিকার জন্য বিবেচনাধীন আছে, এ বছরই বিবেচনাধীন আছে।

[1-40—1-50 p.m.]

Shri Napal Chandra Ray:

আপনি কি জানাবেন এই যে মাগ্গী ভাতা দেওয়া হবে তা বর্তমানে দ্রব্যমূল্য যে হারে বেড়েছে সে দিকে চিন্তা করে কি দেওয়া হবে, না যেমন একটা মামুলি দেওয়া হয় সেই রকম ২।৫ টাকা দেওয়া হবে?

Shri Saila Kumar Mukherjee:

এ বিষয়ে নিশ্চয় একটা নিয়ম আছে। তা ছাড়া সম্প্রতি সর্বভারতীয় ভিত্তিতে দাশ কমিশনের যে রিপোর্ট প্রকাশত হয়েছে সেই রিপোর্টের ইংগিতে সরকারের এই প্রশ্নটা বিবেচনা করবার ও মাগ্গীভাতা অনুপাতে বিবেচনা করার সুবিধা হচ্ছে।

Shri Nikhil Das:

১৬ই তারিখ থেকে মাধ্যমিক স্কুলের শিক্ষক শিক্ষিকারা কর্মবিরতি করছেন ও তাঁদের যে দাবী দিয়েছেন মাইনে বাড়াবার সম্পর্কে সেই ব্যাপারটা এখনও বিবেচনাধীন আছে; স্কুলগুলি বন্ধ হবার যোগাড় হয়েছে। এই বিবেচনা কি আগে থাকতে জানিয়ে দিলে হয় না যে এত তোমাদের দিচ্ছি?

Shri Saila Kumar Mukherjee:

আমি মাননীয় সদস্যদের অনুরোধ করব তাঁদের বলতে যে এক দিনের জন্য এটা যেন তাঁরা পোষ্টপোণ্ড করেন।

Shri Jyoti Basu:

মুখ্যমন্ত্রি কি জানেন মুখ্যমন্ত্রি ডাঃ রায় এই মাধ্যমিক শিক্ষকদের সংগে আলোচনার সময় যেখানে আমরা বিরোধী পক্ষ থেকে উপস্থিত ছিলাম—এই প্রতিশ্রুতি দিয়েছিলেন যে স্কুলের যাঁরা কর্মচারী তাঁদের বেতন বৃদ্ধি করার প্রশ্নটা তিনি বিবেচনা করবেন যখন সরকারী কর্মচারীদের বেতন বৃদ্ধির প্রশ্নটা মীমাংসা হয়ে যাবে যে কমিশন বলেছিল তার মারফৎ?

Shri Saila Kumar Mukherjee:

জ্যোতিবাবু বোধহয় প্রশ্নটা শোনেননি। এই যে প্রশ্ন তার উত্তর দিয়েছিলাম যে প্রশ্নটা বিবেচনাধীন আছে।

Shri Jyoti Basu:

এই প্রশ্ন মাগ্গীভাতা সম্পর্কে?

Shri Saila Kumar Mukherjee:

শিক্ষক শিক্ষিকা ব্যতীত...................।

Shri Jyoti Basu:

আমার প্রশ্নটা ডি, এ সম্পর্কে নয়। আমি জিজ্ঞাসা করছি ডাঃ রায় এই কথা বলেছিলেন আমাদের অনেকের সামনে এবং এ্যাসেমবিল্ডিতে দাঁড়িয়ে যে অন্য যারা কর্মচারী মাগ্গীভাতার প্রশ্নে আসছে না, বেতন বৃদ্ধি সম্পর্কে তিনি বিবেচনা করবেন যখন পে কমিশন-এর রিপোর্ট বাংলা দেশে যেটা ছিল সেই রিপোর্ট যখন বেরুবে সরকারী কর্মচারীদের সম্পর্কে এটা কি জানা আছে?

Shri Saila Kumar Mukherjee:

জানা আছে। প্রশ্ন হচ্ছে, মাগ্‌গীভাতা সম্পর্কে আপনি যদি পে কমিশন সম্পর্কে প্রশ্ন করেন নিশ্চয় বিস্তারিত জবাব দেব।

Shri Jyoti Basu:

আমি জিজ্ঞাসা করছি মাগ্‌গীভাতা ছাড়া মাইনে বৃদ্ধির কোন প্রশ্ন আছে কি না?

Shri Saila Kumar Mukherjee:

আজ আমি মাগ্গীভাতা ছাড়া অন্য প্রশ্নের কথা বলতে পারব না। কারণ সর্ট নোটিশ কোশ্চেন হচ্ছে শুধু শিক্ষক শিক্ষিকা ব্যতীত অন্য কর্মচারীদের মাগ্গীভাতার বিষয়ে।

Shri Jyoti Basu:

১৭ই তারিখে বাজেট উনি দেবেন বলে একটু ধৈর্য্য ধরবার কথা বলছেন। শিক্ষকরা শুধু মাগ্‌গীভাতার কথা বলেননি। তাঁদের প্রথম দাবী হচ্ছে যারা স্কুলের কর্মচারী তাঁদের মাইনে বাড়ান হবে কিনা এবং দ্বিতীয় প্রশ্ন হচ্ছে তাঁদের মাগ্গীভাতা দেওয়া হবে কি না। এই দুটোর প্রশ্ন সম্বন্ধে তিনি এখন বলছেন যে মাগ্‌গীভাতার কথা তাঁরা এখন বিবেচনা করছেন। কিন্তু মাইনে সম্বন্ধে কি বিবেচনা করছেন সেটা জানতে চাই?

Shri Saila Kumar Mukherjee:

আমি অতিরিক্ত প্রশ্নের জবাবে বলেছি যে দাস কমিশনের রিপোর্ট-এর ভিত্তিতে সমস্ত বিষয় সরকার বিবেচনা করছেন।

Shri Napal Chandra Ray:

এই শিক্ষক কি স্কুলের শিক্ষক, না কলেজের শিক্ষকও আছেন?

Shri Saila Kumar Mukherjee:

সমস্ত শ্রেণীর শিক্ষক প্রাথমিক থেকে কলেজের পর্যন্ত চিন্তা করছি।

Shri Shambhu Charan Ghosh:

মন্ত্রিমহাশয় এইমাত্র বললেন যে মাধ্যমিক শিক্ষক শিক্ষিকারা ১৬ তারিখ থেকে যে কর্ম বিরতি করছেন তাঁদের কাছে গিয়ে যদি আমরা বলি যে একদিনের জন্য অপেক্ষা করতে তাহলে তাঁরা কর্ম বিরতি করবেন না। মাধ্যমিক শিক্ষকরা সরকারের কাছে বহুদিন থেকে আবেদন নিবেদন রেখেছেন অত্যন্ত পরিষ্কার ভাষায় যে স্কুলের কর্মচারীদের মাইনে বৃদ্ধি ও ভাতা বৃদ্ধির কথা এবং মহার্ঘ্যভাতা সম্পর্কে অত্যন্ত স্পষ্টই ভাষায় রেখেছেন যে ৩৫ টাকা মহার্ঘভাতা বৃদ্ধি করা হোক। এই কথায় উত্তরে গতকাল ও আজকের সংবাদপত্রে দেখা গেল সরকার পক্ষ থেকে একটা বিবৃতি দিয়ে তাদের উপর একটা হুমকী দেওয়া হয়েছে যে তাঁরা যদি সীজ ওয়ার্ক করে তাহলে সরকার সেটা সহ্য করবে না। আমার প্রশ্ন হচ্ছে, যে কথা আমাদের কাছে বলছেন সেই কথা বিবৃতির মাধ্যমে মাধ্যমিক শিক্ষকদের কাছে রেখেছেন কি না?

Shri Saila Kumar Mukherjee:

আমরা হাউসে যে কথা বললাম এইসব কথা সমস্ত সংগঠনের মাধ্যমে শিক্ষকদের কাছে পেঁৗছে যাবে।

Shri Shambhu Charan Ghosh:

গতকাল এবং আজকে সংবাদপত্রের মাধ্যমে মুখ্যমন্ত্রি যে বিবৃতি দিয়েছেন সেখানে হুমকী দেওয়া হয়েছে যে তারা যদি সিজ ওয়ার্ক করে তা হলে তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে। শিক্ষক শিক্ষিকাদের উপর এটা সহানুভূতির মনোভাব কি?

Shri Prafulla Chandra Sen:
সরকারী মনোভাব কি আমাদের মাননীয় অর্থমন্ত্রি তা বললেন। তিনি জানিয়েছেন কয়েক দিন অপেক্ষা করলেই এটা জানতে পারা যাবে।

Dr. Kanai Lal Bhattacharya:
শম্ভুবাবু জবাবে জানতে চেয়েছিলেন যে মাধ্যমিক শিক্ষক শিক্ষিকারা যে কর্মবিরতি করবেন বলছেন তার জন্য যে প্রস্তাব কাগজে দেওয়া হয়েছে সে প্রস্তাব কি তাদের কাছে রাখা হয়েছিল? সেই সংগঠন নিখিল বঙ্গ শিক্ষক সমিতি তাদের কাছে কি সরকারের পক্ষ থেকে কি আবেদন জানানো হয়েছিল?

Shri Prafulla Chandra Sen:
না, সে আবেদনের তখন কোনো প্রশ্ন ওঠে নি বা জবাবের কোনো প্রশ্ন ওঠে নি। আমাদের মাননীয় অর্থমন্ত্রী বর্তমানে আর্থিক অবস্থা পর্যবেক্ষণ করে চিন্তা করছেন যে তাদের জন্য কিছু করা যায় কি না? কাজেই মাননীয় শিক্ষামন্ত্রি মহাশয়ের সঙ্গে কি কথা হয়েছিল তার উত্তর দেওয়ার কথা ওঠে না।

Shri Jyoti Basu:

কর্মবিরতির প্রশ্ন আজকে উঠেছে, একদিনের জন্য ধৈর্য ধরতে বলা হচ্ছে মাননীয় অর্থমন্ত্রি এবং মুখ্যমন্ত্রির পক্ষ থেকে। আমি জিজ্ঞাসা করি যে এই মন্ত্রিদ্বয় কি জানাবেন যে শিক্ষক শিক্ষিকারা যে কর্মবিরতির নোটিশ দিয়েছিলেন তাতে শুধু কর্মবিরতির প্রশ্নই নয় তার সঙ্গে বহু প্রশ্ন সংশ্লিষ্ট আছে যেটা স্বর্গতঃ মুখ্যমন্ত্রি ডাঃ বিধানচন্দ্র রায় ওদের প্রতিশ্রুতি দিয়েছিলেন। আজকে সেই তিন চারটে প্রতিশ্রুতি দিয়েছিলেন তার একটাও কার্যকরী হয় নি কেন?

Shri Prafulla Chandra Sen:

আমার যতদূর জানা আছে তিনি প্রতিশ্রুতি দেন নি, তিনি কেবলমাত্র এই কথাই বলেছিলেন বিবেচনা করবেন একটা প্রতিশ্রুতিও তিনি দেন নি এবং প্রতিশ্রুতির প্রশ্নও উঠে না। আমাদের মাননীয় অর্থমন্ত্রিমহাশয় এখন যে কথা বললেন তার পরিষ্কার মানে হচ্ছে এই যে তিনি আর্থিক অবস্থা বিবেচনা করে মাগ্‌গী ভাতা ইত্যাদি সমস্ত জিনিষটা বিবেচনা করবেন।

Shri Jyoti Basu:
সেটা কি সতেরো তারিখে দিতে পারবেন?

Shri Prafulla Chandra Sen:
যে কথা বলা হলো তাতে সতেরো তারিখে জানা যাবে।

Shri Rabindra Nath Mukhopadhyay:
আজকে কাগজের মাধ্যমে তা হলে এরকম সংবাদ ছাড়লেন কেন?

Shri Prafulla Chandra Sen:
আজকে এইমাত্র মাননীয় সদস্যদের কাছে যে আবেদন মাননীয় অর্থমন্ত্রিমহাশয় জানালেন সেটা কালকে কাগজে বেরিয়ে যাবে।

Shri Rabindra Nath Mukhopadhyay:
প্রশ্ন হচ্ছে যেটা আজকে বললেন আর চব্বিশ ঘন্টা আগে কাগজের মাধ্যমে যে হুমকী ছেড়ে দিলেন সেটা কি এ ব্যাপারে সাহায্য করবে?

Shri Prafulla Chandra Sen:
চব্বিশ ঘন্টা আগে এই কথা বলা হয়নি যে কেউ যদি মাগ্‌গী ভাতা দাবী করে তাকে শাস্তি দেওয়া হবে বা এ কথা বলা হয়নি যে কেউ যদি বেতন বৃদ্ধির দাবী করে তাকে শাস্তি দেওয়া হবে। আমাদের মাননীয় অর্থমন্ত্রিমহাশয় বললেন যে মাগ্‌গী ভাতা এবং অন্যান্য সমস্ত বিষয় এখন বিবেচনাধীন আছে এবং এই সম্পর্কে সতেরো তারিখে তিনি বিবৃতি দেবেন।

Shri Bijoy Kumar Banerjee:
মাননীয় মুখ্যমন্ত্রিমহাশয় বললেন যে কাগজে বেরুবে এবং আমরা জানতে পারবো কিন্তু কাগজওলারা কি লিখেছেন তা জানা নেই। তাহলে কথা হচ্ছে আমরা কোথায় যাব?

Shri Prafulla Chandra Sen:
কাগজের উপর বিশ্বাস না রেখে আমাদের উপর একটু আস্থা রাখুন।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the Table)

Illicit distillation in Debsala village, Burdwan

11. (Admitted question No. 29.)

শ্রীমনোরঞ্জন বক্সী: আবগারী বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে বর্ধমান জেলায় আউশগ্রাম থানার দেবশালা গ্রামে ব্যাপকভাবে বে-আইনী চোলাই মদ তৈয়ারী হইতেছে ; এবং

(খ) যদি সত্য হয় তাহলে এ সম্পর্কে সরকার কোন ব্যবস্থা অবলম্বন করিতেছেন কিনা?

The Minister for Excise:

(ক) আউশগ্রাম থানার অধীনে দেবশালা ও অপর কয়েকটি গ্রামে কিছু পরিমাণে বে-আইনী চোলাই মদ তৈয়ারী হইতেছে বলিয়া খবর পাওয়া গিয়াছে। কিন্তু ইহা ব্যাপকভাবে তৈয়ারী হইতেছে একথা সত্য নহে।

(খ) চোলাই মদ তৈয়ারী বন্ধ করিবার জন্য আবগারী কর্মচারীরা সর্বদাই সচেষ্ট আছেন এবং তাঁহারা যে সমস্ত জায়গায় চোলাই মদ তৈয়ারী হয় সে সমস্ত জায়গায় প্রায়ই অতর্কিতে হানা দিয়া থাকেন।

Advisory Committee for Berhampore Sadar Hospital

12. (Admitted question No. 37.)

শ্রীসনৎকুমার রাহা: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর সদর হাসপাতালের জন্য এডভাইসারি কমিটির সদস্যগণের নাম কি;

(খ) এই কমিটি কিরূপে গঠিত হয় ; এবং

(গ) স্থানীয় এম-এল-এ ইহার সদস্য হইতে পারে কিনা?

The Minister for Health:

(ক) উপদেষ্টা কমিটির বর্তমান সদস্যগণের নাম:

(১) জেলা ম্যাজিস্ট্রেট, মুর্শিদাবাদ—সভাপতি।

(২) চীফ মেডিক্যাল অফিসার অফ হেলথ, মুর্শিদাবাদ—সেক্রেটারী।

(৩) ডিস্ট্রিক্ট মেডিক্যাল অফিসার, মুর্শিদাবাদ—অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারী;

(৪) মহকুমা-শাসক, সদর।

(৫) চেয়ারম্যান, বহরমপুর মিউনিসিপ্যালিটি।
(৬) চেয়ারম্যান, মুর্শিদাবাদ ডিস্ট্রিক্ট বোর্ড।
(৭) সেক্রেটারী, ইণ্ডিয়ান মেডিক্যাল অ্যাসোসিয়েশন, বহরমপুর।
(৮) প্রেসিডেণ্ট, বহরমপুর প্লিডার্স বার অ্যাসোসিয়েশন।
(৯) প্রেসিডেণ্ট, বহরমপুর মুক্তিয়ার্স বার অ্যাসোসিয়েশন।
(১০) রাজা রাও ডি এন রায়, লালগোলা।
(১১) ডাঃ আর এন রায়, এম বি বি এস, বহরমপুর।
(১২) শ্রীমতী অপরাজিতা দাশগুপ্তা, চেয়ারম্যান, ওয়েলফেয়ার প্রোজেক্ট ইমপ্লিমেণ্টিং কমিটি, বহরমপুর।
(১৩) শ্রীসুরেন্দ্রনারায়ণ সিংহ, জিয়াগঞ্জ।
(১৪) শ্রী এ কে চ্যাটার্জী, বেলডাঙ্গা।
(১৫) শ্রীনগেন্দ্রকুমার ভট্টাচার্য, অ্যাডভোকেট, এম-এল-সি।
(১৬) ডাঃ অজিতকুমার ব্যানার্জী, কনভেনর, ভারত সেবক সমাজ, বহরমপুর ব্রাঞ্চ।
(১৭) প্রফেসার রেজাউল করিম, এম, এ, বি, এল, এম, এল, সি।

(খ) স্থানীয় মিউনিসিপ্যালিটি ও জেলা পরিষদের প্রতিনিধি, অন্যান্য বিশিষ্ট স্থানীয় প্রতিষ্ঠানের সভ্য, স্থানীয় বিশিষ্ট বেসরকারী ব্যক্তি ও সরকারী কর্মচারীদিগকে লইয়া বিভাগীয় কমিশনার এই কমিটি গঠন করেন।

(গ) স্থানীয় এম-এল-এ'র সদস্য হইতে কোন বাধা নাই।

Free Education to the Children of Displaced Goldsmiths

13. (Admitted question No. 49.)

শ্রীসনৎকুমার রাহা ঃ শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) (১) ইহা কি সত্য যে স্বর্ণশিল্পী দুঃস্থ পরিবারের সন্তানদের জন্য সরকার বিদ্যালয়ের বেতন মাপ করিয়া দিয়াছেন;

(২) পরীক্ষার ফি ও পুস্তকের দাম সরকার দিবেন; এবং

(খ) কি পদ্ধতিতে ছাত্র ও ছাত্রীদের এই সুযোগ দেওয়া হয় ও দুঃস্থ তালিকা ঠিক করা হয়?

The Minister for Education:

(ক) (খ) স্বর্ণ নিয়ন্ত্রণ আদেশের ফলে যে সকল স্বর্ণশিল্পী বেকার হইয়াছেন তাহাদের বার্ষিক আয় অনধিক ২,০০০ টাকা হইলে, তাঁহাদিগের সন্তানদের স্কুল ও কলেজের বেতন, পরীক্ষার ফি ও পুস্তকের দাম সরকার হইতে দেওয়ার ব্যবস্থা করা হইয়াছে। তালিকাভুক্ত হওয়ার জন্য ছাত্র-ছাত্রীগণকে প্রধান শিক্ষকের সুপারিশসহ জেলা বিদ্যালয়ের পরিদর্শকের নিকট আবেদন করিতে হয়।

Revenue for some lands of Nabagram Circle, Murshidabad

14. (Admitted question No. 61.)

শ্রীসনৎকুমার রাহাঃ ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে মুর্শিদাবাদ জেলার নবগ্রাম সার্কেলের ১৭৮ খং নং জমাবন্দী নং ১৬৭ জমির পরিমাণ ২.০৫ এই জমের খাজনা আবেদন করা সত্ত্বেও ১৩৬৮ বঙ্গাব্দ হইতে সরকার কর্তৃক লওয়া হইতেছে না;

(খ) সত্য হইলে তাহার কারণ কি;

(গ) ইহা কি সত্য যে নবগ্রাম সার্কেলের জমাবন্দী ৪৬৬/৫০৮ তৌজী নং ২৪ (এন জে) তহশীলদারের ২৭৯ নম্বর রসিদ পশ্চিমবঙ্গ সরকার উক্ত জমের ১৯৬২ হইতে ১৯৬৬ পর্যন্ত পাঁচ বৎসরের খাজনা ঠাকুর এস্টেটকে দেওয়া সত্ত্বেও পুনরায় উক্ত খাজনা আদায় করেন; এবং

(ঘ) যদি উত্তর "হ্যাঁ" হয় তবে সরকার এই খাজনা যাহা ২য় দফায় অতিরিক্ত গ্রহণ করিয়াছেন তাহা ফেরত দিবেন কি?

The Minister for Land and Land Revenue:

(ক) খতিয়ান নং ও জমাবন্দী নং মৌজাওয়ারী লিখিত হয় এবং এক্ষেত্রে মৌজার নাম উল্লেখ না থাকায় উত্তর দেওয়া সম্ভব নয়।

(খ) ও (গ) প্রশ্ন উঠে না।

(ঘ) জমির সঠিক বিবরণ অর্থাৎ মৌজার নাম, খতিয়ান নং ইত্যাদি না থাকায় উত্তর দেওয়া সম্ভব নয়।

Advisory Committee for distribution of land

15. (Admitted question No. 83.)

শ্রীজীবনকৃষ্ণ দেঃ ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ভূমি বিতরণের জন্য অ্যাডভাইসরী কমিটি গঠনের কোনরূপ পরিকল্পনা আছে কিনা?

The Minister for Land and Land Revenue:

হ্যাঁ।

School Health Unit in Cooch Behar district

16. (Admitted question No. 89.)

শ্রীজীবনকৃষ্ণ দেঃ স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোচবিহার জেলায় কোন জেলা স্কুল হেলথ ইউনিট আছে কিনা;

(খ) হেলথ ইউনিট থাকিলে ১৯৬৪ সালে তার কার্যক্রমের বিবরণ কি; এবং

(গ) বিদ্যালয়গুলিতে ভ্যাকসিনেসান ও ইনওকুলেশনের কোন ব্যবস্থা থাকিলে তার ১৯৬৪ সালের বিবরণ?

The Minister for Health:

(ক) হ্যাঁ, আছে।

(খ) ১৯৬৪ সালের কার্যক্রমের কোন বিবরণ এখনও প্রস্তুত হয় নাই। তথ্যসমূহ সংগ্রহ করা হইতেছে।

(গ) বিদ্যালয়গুলির ছাত্রদের ভ্যাকসিনেসন ইনওকুলেশন দিবার ব্যবস্থা আছে। তবে ১৯৬৪ সালের বিস্তারিত বিবরণ এখনও সংগৃহীত হয় নাই।

Re-constitution of Gram and Anchal Panchayats in Bhatar, Ausgram and Burdwan police-stations

17. (Admitted question No. 179.)

শ্রীঅশ্বিনীকুমার রায়ঃ স্বায়ত্তশাসন ও পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে বর্ধমান জেলার সদর, ভাতাড় ও আউশগ্রাম থানার অন্তর্ভুক্ত গ্রাম ও অঞ্চল পঞ্চায়েতগুলির পুনর্নির্বাচন ১৯৬৪ সাল পর্যন্ত স্থগিত ছিল; এবং

(খ) অবগত থাকিলে ১৯৬৫ সালে উক্ত পঞ্চায়েতগুলির নির্বাচন হইবে কিনা এবং কোন্ মাসের কোন্ তারিখে অনুষ্ঠিত হইবে বলিয়া আশা করা যায়?

The Minister of State for Panchayats:

(ক) না। সংশোধিত পঞ্চায়েত আইন অনুসারে গ্রাম পঞ্চায়েতের মেয়াদ চার বৎসর পূর্ণ হইবার পর আরও তিন বৎসর বৃদ্ধি করা যাইতে পারে।

(খ) আশা করা যায় ১৯৬৫ সালে নির্বাচন অনুষ্ঠিত হইবে।

Explosion in the Science Laboratory of R. C. Kar Medical College, Calcutta

18. (Admitted question No. 181.) **Shri Aswini Roy:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state whether the Government is aware of an explosion on 23rd October, 1964, in the Science Laboratory at the R. G. Kar Medical College, Calcutta?

(b) If the reply to (a) be in affirmative will the Minister be pleased to state—

(i) the cause of such explosion;
(ii) total loss of equipment; and
(iii) and injury to human body?

The Minister for Health: (a) Yes.

(b) (i) The cause of the explosion is under investigation.
(ii) Rs. 1,887.05.
(iii) Two labourers of a contractor engaged by the P. W. Department for white-washing the Laboratory room were injured as a result of the explosion.

Protection of Krishnagar town

19. (Admitted question No. 193.)

শ্রীকাশীকান্ত মৈত্র: সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ঘড়ে নদীর অবক্ষয় থেকে কৃষ্ণনগর শহরকে রক্ষা করার জন্য রাজ্যসরকারের কোন পরিকল্পনা আছে কিনা;

(খ) এই সম্বন্ধে কৃষ্ণনগর পৌর প্রতিষ্ঠানের পক্ষ থেকে রাজ্যসরকার কোন পরিকল্পনা বা ব্যবস্থা গ্রহণের জন্য কোন আবেদন পেয়েছেন কিনা; এবং

(গ) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

The Minister for Irrigation and Waterways:

(ক) ও (গ) কৃষ্ণনগর পৌরসভার জলকলের পাম্পিং স্টেশনের নিকট জলঙ্গী বা ঘড়ে নদীর বাম তীরের ভাঙ্গন প্রতিরোধের জন্য একটি প্রকল্প কার্যকরী করা হইয়াছে। সংরক্ষিত এলাকার পার্শ্ববর্তী অংশে গত বর্ষার নদীর তীর ভাঙ্গিতে দেখা গিয়াছে। এই অংশে ভাঙ্গন প্রতিরোধের জন্য প্রয়োজনীয় অনুসন্ধান কার্য চলিতেছে এবং একটি প্রকল্প প্রস্তুত করা হইতেছে।

(খ) ভাঙ্গন প্রতিরোধের ব্যবস্থা গ্রহণের জন্য কৃষ্ণনগর পৌরসভার নিকট হইতে আবেদন পাওয়া গিয়াছে।

Remission of Refugee Rehabilitation loans

20. (Admitted question No. 258.)

শ্রীসনৎকুমার রাহা: উদ্বাস্তু, ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এ পর্যন্ত পশ্চিমবঙ্গে উদ্বাস্তুদের পুনর্বাসনের ঋণের কত টাকা সরকার কর্তৃক মকুব করা হইয়াছে; এবং

(খ) এইরূপ ঋণ গ্রহীতার সংখ্যা ও ঋণের পরিমাণ কত?

The Minister for Refugee Relief and Rehabilitation:

(ক) সবেমাত্র ঋণ মকুবের কার্য শুরু হইয়াছে। পরিমাণ এখন বলা সম্ভব নহে। তবে ২৪-পরগণা জেলার কিছু সংখ্যক পরিবারের ঋণ মকুবের সরকারী নির্দেশ বাহির হইয়াছে। বিলম্ব হইবার কারণ এই যে আমাদের লোনের খতিয়ানগুলি পৃথক পৃথক লোন হিসাবে রাখা হইয়াছিল। এখন ভারত সরকারের আদেশানুসারে পরিবার অনুযায়ী খতিয়ান করা হইতেছে। যেহেতু তাহা না হইলে একটি পরিবার কত ঋণ মকুব পাইবে তাহা বাহির করা যাইবে না। কিন্তু এইভাবে ঋণ মকুব করিতে হইলে বহুদিন অপেক্ষা করিতে হইবে। সুতরাং এই সিদ্ধান্ত লওয়া হইয়াছে যে যেমন যেমন কাজ অগ্রসর হইতে থাকিবে তেমন তেমন কিছু কিছু করিয়া পরিবারের ঋণ মকুবের আদেশ বাহির করা হইবে।

(খ) এ প্রশ্ন উঠে না। যাহাদের ঋণ মকুবের আদেশ বাহির হইয়াছে তাহাদের সংখ্যা--১৯১, এবং টাকার পরিমাণ—২,৪৫,২২৫ টাকা।

Adjournment motions

[1-50—2 p.m.]

Mr. Speaker: I have received one notice of an adjournment motion from Shrimati Ila Mittra on the subject of demands of teachers and their movement. The next notice of adjournment motion I have received, is from Shri Hemanta Kumar Basu on the subject of failure of Government to check soaring prices of essential commodities. Another notice has been received from Shri Nani Bhattacharjee and Shri Nikhil Das on the subject of failure of Government to fulfil the demands of school and college teachers. Another notice has been received from Shri Jyoti Basu on the subject of hunger strike from tomorrow by the political prisoners in jail. I have withheld consent in each case.

Shri Jyoti Basu:

আমার কথা হচ্ছে এই যে এ্যাডজোর্নমেণ্ট মোসন দিয়েছি যাতে আপনি অনুমতি দিতে পারছেন না সে সম্বন্ধে। কিন্তু কাল থেকে দমদম জেলে এম-এল-এ সহ অন্যান্য রাজনৈতিক বন্দী যারা আছেন—যাদের ডিফেন্স অব ইণ্ডিয়া রুলস-এ ধরা হয়েছে—তাদের বিভিন্ন দাবী-দাওয়া নিয়ে তারা অনশন করছে—এ সম্বন্ধে কি তাঁরা কিছু ঠিক করেছেন। এটা একটা গুরুত্বপূর্ণ বিষয়—বহু দিন ধরে এটা সরকারের কাছে লেখা হয়েছে—তাদের সামান্যতম দাবী-দাওয়াগুলি বিবেচনা করার জন্য তাদের ফ্যামেলি এ্যালাউন্স সম্বন্ধে। এ সম্বন্ধে কি আপনারা কিছু জানাতে পারেন? এটা আমি বুঝতে পারছি না—এটা আমি শুধু জানতে চাই আপনার মাধ্যমে ওঁদের কাছ থেকে।

Shri Prafulla Chandra Sen:

মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন যে ফ্যামেলি এ্যালাউন্স সম্বন্ধে আমরা ব্যবস্থা অবলম্বন করেছি এবং বোধ হয় দু একটি কেস ব্যতীত সমস্ত ক্ষেত্রেই ফ্যামেলি এ্যালাউন্স দিয়ে দিয়েছি........

[এ ভয়েসঃ—কত টাকা করে?]

আমাদের একটা স্কেল আছে—সেই স্কেল অনুসারে দিচ্ছি। দ্বিতীয় কথা হোল কিছু কিছু এ্যামিনিটিজ সম্বন্ধে মাননীয় সদস্য শ্রীজ্যোতি বসু আমার সঙ্গে আলোচনা করেছিলেন—তার মধ্যে সমস্ত দাবী-দাওয়া আমরা মেনে নিতে পারি নি—কিছু কিছু দাবী মেনে নিয়েছি। আজকে তারিখে আমি একটা নোটিশ দিয়েছি—অন্যান্য প্রদেশের হিসাব দেখে—আরও যে সমস্ত জিনিস দেবার কথা হয়েছে তার অতিরিক্ত সাড়ে সাত টাকা করে বর্তমানে মাসিক দেওয়া হবে।

Dr. Kanai Lal Bhattacharya:

মিঃ স্পীকার স্যার, আমি মুখ্যমন্ত্রীকে একটু রিমাইণ্ড করে দিতে চাই যে আমি যখন জেলে ছিলাম সেই সময়—জেলে স্ট্রাইকের প্রশ্ন উঠে—তখন কারামন্ত্রী আমাদের এ্যাসিওরেন্স

দিয়েছিলেন যে ডি-আই ৩০-তে যারা এ্যারেস্টেড হবেন—তাদের যা দেওয়া হবে প্রিভেন্টিভ ডিটেনসন এ্যাক্টে—তাদের যে সমস্ত ফ্যামিলিস তাদের সেই টাকা দেওয়া হবে। এই ব্যবস্থা করে দেবেন বলেছিলেন।

Shri Jagannath Kolay:

না সেই রকম আমি বলি নি। উনি যেটা বলেছিলেন আমাদের পি-ডি এ্যাক্টের মত এগুলি কনসিডার করতে। তাতে আমি কনসিডার করে বলেছিলাম যে ডি-আই রুল এবং পি-ডি এ্যাক্টের সমস্ত কিছু আলাদা—আমরা তা দিতে পারবো না।

Dr. Kanai Lal Bhattacharya:

পি-ডি এ্যাক্ট অনুযায়ী ১০০ টাকা দিবার কথা বলছি না—সেই ফেসিলিটিজগুলি যে দেবেন বলেছিলেন—সেটা দেবেন কিনা।

Shri Jagannath Kolay:

না।

Shri Nikhil Das:

মিঃ স্পীকার স্যার, ডি-আই ৩০-তে আছে—বিনা বিচারে

Under trial division I prisoner

যারা থাকবেন—উনি এ্যাসেম্বলীতে বলেছেন—তারা আন্ডার ট্রায়াল—তাদের শুধু ভাতা সম্পর্কে বলছি যে তাদের স্কেল অব ফুড এবং আদার থিং ও এ্যালাউন্স সম্পর্কে তিনি কিছু করবেন বলেছিলেন............

Shri Prafulla Chandra Sen:

মাননীয় সদস্য যেটা বললেন—আমার যতদূর স্মরণ আছে—মাননীয় কারামন্ত্রী মহাশয় বন্দী মহাশয়দের সঙ্গে দেখা করে এসে এই বলেছিলেন আমাকে যে আমি ওদের বলে এসেছি যে আমি আজকে গিয়ে আলোচনা করবো—এর বেশী কিছু উনি বলেন নি।

Shri Nepal Roy:

আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই যে চোর-জোচ্চোর যারা ডি-আই—৩০-তে ধরা হয়েছে তাদেরও কি ফ্যামিলি এ্যালাউন্স দেবেন?

Shri Prafulla Chandra Sen:

মাননীয় সদস্য এখন চোর-ডাকাতের কথা যদি কম করে চিন্তা করেন তাহলে ভাল হয়।

Shri Nepal Roy:

আমি বলছি যে তাদের দেওয়া উচিত নয়.........

Mr. Speaker:

আপনি বলবার কেউ নয়—

Shri Nepal Roy:

প্রশ্নের জবাব মুখ্যমন্ত্রী যে ভাবে দিলেন তাতে সবাই পাবে—এইটাই মনে হয়—তাই আমি...

Shrimati Ila Mittra:

স্যার, আমি যে এ্যাডজোর্নমেন্ট মোশান দিয়েছি তার গুরুত্ব সম্পর্কে শুধু এক লাইন বলে দিতে চাই যদি এ সম্পর্কে মন্ত্রীসভা থেকে কিছু বলেন। টীচারদের ডিমান্ড সম্পর্কে আমি এ্যাডজোর্নমেন্ট নোটিশ দিয়েছিলাম। আপনি জানেন ১৯এ তারিখে সর্বস্তরের শিক্ষকদের মিলিত মিছিল হয়ে গেছে সরকারের দৃষ্টি আকর্ষণ করবার জন্য এবং আগামী দিনে সমস্ত কলেজ এবং ইউনিভার্সিটি শিক্ষকরা পরীক্ষার খাতা দেখবেন না, বর্জন করবেন বলে সিদ্ধান্ত নিয়েছেন, ১৬ই তারিখ থেকে মাধ্যমিক শিক্ষকরা কর্মবিরতি করছেন এবং প্রাথমিক শিক্ষকরা অবস্থান

ধর্মঘট সুরু করবেন। কাজেই এই রকম যখন একটা শিক্ষার ক্ষেত্রে বিপজ্জনক অবস্থা ঘটেছে তখন আমি আশা করি যে এই সরকারের নিশ্চয়ই দায়িত্ব আছে যে তাঁরা এগিয়ে আসবেন এবং এই সংকট যাতে না হয় তারজন্য ব্যবস্থা করবেন। সেজন্য আমি এ্যাডজোর্ণমেন্ট মোসানটা দিয়েছিলাম যে এবিষয়ে সহানুভূতির সংগে বিবেচনা করুন এবং শিক্ষাক্ষেত্রে যেন এই ধরনের দুর্ঘটনা না ঘটে তারজন্য আপনারা হস্তক্ষেপ করে এবিষয়ে একটা সিদ্ধান্ত গ্রহণ করুন।

Shri Prafulla Chandra Sen:

মাননীয়া সদস্য মহাশয়া যেকথা বলেছেন তার মধ্যে দুটো জিনিস আছে—একটা হচ্ছে শিক্ষক বা শিক্ষিকাদের দাবী দাওয়া, বেতন সম্বন্ধে এবং আমরা বার বার বলেছি যে তাঁদের বেতন বৃদ্ধি হওয়া উচিৎ। আমাদের সংগতি থাকলে আমরা এক্ষুণি বেতন বৃদ্ধি করে দিতাম এবং এই বেতন বৃদ্ধি বা মাগ্গীভাতা সম্বন্ধে আমাদের অর্থমন্ত্রী বিবেচনা করছেন এবং তিনি ১৭ই তারিখে এ সম্বন্ধে কি করতে পারেন বলবেন। এখন শিক্ষক শিক্ষিকারা রাগের বশবর্তী হয়ে যদি পরীক্ষার খাতা না দেখেন বা অন্য কিছু করেন সে সম্বন্ধে আমি কোন জবাব দিতে পারবো না।

Shrimati Ila Mittra:

স্যার, তাঁরা সিদ্ধান্ত নিয়েছেন শেষ মুহূর্ত্তে, তাঁরা ৫ বছর ধরে এই দাবী নিয়ে বহু আবেদন নিবেদন করেছেন। অন্ততঃপক্ষে কলেজের অধ্যাপকরা আপনাদের সামনে এমন কিছু দাবী নিয়ে উপস্থিত হয়নি, এমন কোন ঔদ্ধত্যপূর্ণ ঘটনা ঘটায়নি, তাঁরা দুবার মিছিল করেছেন, একবার সীজ ওয়ার্ক করেছেন, তারপরে শেষ পর্য্যায়ে এসে ৫ বছর ধরে তাঁরা ধৈর্য্য ধরেছেন, ৫ বছর পরে চূড়ান্ত সিদ্ধান্ত নিতে বাধ্য হয়েছেন। কাজেই এখানে কোন রাগের প্রশ্ন নেই।

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker: I have received eleven notices of calling attention to matters of urgent public importance, five yesterday and six today on the following subjects:—

(1) motor accident on the G. T. Road on the 11th January 1965—from Shri Ananga Mohan Das;

(2) supply of wheat from modified ration shops of Murshidabad district—from Shri Birendra Narayan Roy;

(3) reported strike of the teachers of the secondary schools of West Bengal—from Shri Monoranjan Roy;

(4) boycott of examinations by the professors of West Bengal—from Shri Sambhu Charan Ghosh;

(5) movement of the primary, secondary and college teachers—from Shrimati Ila Mittra;

(6) proposed boycott of examinations by college teachers—from Shri Sanat Kumar Raha;

(7) delay in the use of Bengali language in Anchalik Parishad etc., of Midnapore district—from Shri Ananga Mohan Das;

(8) increase of smuggling in the border areas of West Bengal—from Shri Birendra Narayan Roy;

(9) acquisition of land for Kanthi Basin Project—from Shri Sudhir Chandra Das;

(10) construction of dams for irrigation at Ghatal subdivision—from Shri Mrigendra Bhattacharyya; and

(11) enhancement of bus fare by the State Transport Corporation—from Shri Nani Bhattacharjee and Shri Nikhil Das.

I have selected the notice of Shri Sambhu Charan Ghosh on the subject of boycott of examinations by the professors of West Bengal and the notice of Shri Nani Bhattacharjee and Shri Nikhil Das on the subject of enhancement of the bus fare by the State Transport Corporation of Calcutta. The Hon'ble Minister-in-charge may please make the statement on the subjects today, if possible, or give a date each for the same.

[2—2-10 p.m.]

Shri Rabindralal Sinha: A statement will be made day after tomorrow.

Shri Saila Kumar Mukherjee: A statement will be made on Monday.

High price of mustard oil in villages

Shri Nikhil Das:

মাননীয় স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং খাদ্যমন্ত্রীর দিকে একটি দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমরা শুনছি এবং দেখছি যে সরষের তেল নাকি যথেষ্ট বাজারে আছে। ৩ টাকা ৯০ নঃ পঃ দাম বেঁধে দিয়েছিলেন। তারপর ৩ টাকা ৪০ নঃ পঃ দাম করেছেন। তারপর নাকি সরষের তেল বাজারে বিক্রয় হচ্ছে না এবং পাচ্ছিও না। আমরা ঠিক কত কি দামে পাবো উনি কিছুই বললেন না। তাহলে সরষের তেলের অবস্থাটা কি হবে? এবং কি দামে লোকে পাবে, এ সম্পর্কে যদি উনি কিছু বলেন তাহলে দেশবাসী খুশী হবে এবং উপকৃত হবে।

Shri Prafulla Chandra Sen:

আমি অত্যন্ত আনন্দের সঙ্গে বলব যে আমাদের বাংলাদেশের সকলে, আমাদের আইনসভার সদস্য এদিকের এবং ওদিকের, বাংলাদেশের সরকার এবং বাংলাদেশের জনসাধারণ সরকারের সাহায্যে যে কনজিউমার্স রেজিষ্ট্যান্স দেখিয়েছিলেন এর অত্যন্ত সুফল ফলেছে। যারা মনে করেছিলেন গত বছর উত্তর প্রদেশ এবং অন্যান্য জায়গায় সরষের চাষ উৎপন্ন কম হয়েছিল, যারা মনে করেছিলেন ধরে রেখে ৮।৯।১০ টাকা দরে সরষের তেল বিক্রী করতে পারবেন, তারা এখন বুঝতে পেরেছেন যে বাঙ্গালী রেজিষ্ট্যান্স দেখাতে পারে। বাঙ্গালী বাদাম তেল খেয়েছে, কম করে তেল খেয়েছে, না খেয়ে থেকেছে, তবুও বেশী দামে সরষের তেল কিনতে রাজী হয়নি। যার ফলে এখন যত হোর্ডেড ষ্টক হয়েছে, যদি কেউ ৮।১০ টাকায় কিনে থাকেন তাহলে আমাদের যে কনজিউমার্স রেজিষ্ট্যান্স দেখাবার কথা হচ্ছে তার সঙ্গে অসহযোগিতা করছেন। মোটামুটি কথা হচ্ছে, আমাদের কনজিউমার্স রেজিষ্ট্যান্স দেখাবার ফলে এবং সরকারী প্রচেষ্টার ফলে খুব সুফল ফলেছে। যত হোর্ডেড মাসটাড সিড ছিল যেগুলো এখন বেরুচ্ছে এবং প্রত্যেকদিন আমি সংবাদ রাখছি যে সরষের বীজের দাম কত। যেমন যেমন দাম করছে তেমনি তেমনি আমিও দাম কমিয়ে দিচ্ছি। আগামী সপ্তাহে সোমবার আমি আবার বসব এবং আরো দাম কমিয়ে দেব এবং আমি আশা করছি সরষের তেলের দাম গত বছর যে রকম হয়েছিল সেরকম তো হবেই না বরং ১৯৬৩ সালে যেরকম দাম ছিল সেই স্তরে নেমে আসবে।

Shri Nikhil Das:

মাননীয় খাদ্যমন্ত্রী কি খবর রাখেন যে এখন গ্রামাঞ্চলে ৭।৮ টাকা কিলো দরে সরষের তেল বিক্রী হচ্ছে?

Shri Prafulla Chandra Sen:

আমার গ্রাম সম্বন্ধে যতদূর ধারণা আছে তাতে বলতে পারি—অবশ্য আমি ৩৭ হাজার গ্রামের কথা বলতে পারব না, তবে আমি বলতে পারি পশ্চিমবাংলার অন্ততঃ শতকরা ৮০টি গ্রামে সরষের তেল সরকারী নির্দ্ধারিত মূল্যে বিক্রী হচ্ছে।

Shri Anadi Das:

মুখ্যমন্ত্রী কি বলবেন এই যে সরষের তেলের সংকটে তেলের কারবারীরা মিলের মালিকরা কত লক্ষ টাকা লাভ করে নিয়েছে?

Shri Prafulla Chandra Sen:

এই সংকটের মধ্যে মিলের মালিকেরা যদি কিছু লাভ করে থাকে তার ৩ গুণ করে তারা লোকসান দিয়েছে।

Shri Jyoti Basu:

স্পীকার মহাশয়, আপনি এখন বোধ হয় গভর্ণমেন্ট বিজনেস-এ যাচ্ছেন। তার আগে আমার দুটি প্রশ্ন আপনার কাছে আছে। একটি হচ্ছে যে আজকে আপনি হয়ত স্টেটসম্যানে দেখেছেন কিনা জানিনা, সেখানে যে ভাবে রিপোর্টিং হয়েছে কালকে আপনার রুলিং সম্বন্ধে আমাদের সেই রেকর্ড সম্বন্ধে যে দৃষ্টিভঙ্গী সেটা আমার মনে হয় সম্পূর্ণ ভুল এবং সেইটা শুধু রেকর্ড করবার জন্য আমি বলছি। অন্য যে ২।১টি কাগজে দেখেছি তাতে এই ভুল বেরোয়নি। কিন্তু আপনার যে রুলিং অর্থাৎ

Article 176 has been complied with

সেইটা আমরা অপোজিসান যেন মেনে নিয়েছি, আমরা সেটা মেনে নিইনি। আমরা এখানে যা বলে দিয়েছি তাতে আপনার সঙ্গে আমরা একমত হইনি। তবে আপনার রুলিং-এর বিরুদ্ধে আমাদের তো কিছু করবার নেই। স্পীকার মহাশয়, দ্বিতীয় কথা হচ্ছে যে আমি শুনলাম আমাদের এম-এল-এ'রা যারা বিনা বিচারে গ্রেপ্তার হয়ে আছেন এখানকার ১৪ জন, তারা আপনার কাছে নাকি একটি চিঠি পাঠিয়েছিলেন যে জেল থেকে তারা এখানে এসে অংশগ্রহণ করতে চান। তাদের ব্যবস্থা যাতে আপনি করেন এবং সংবাদপত্রে আমরা দেখেছি ও শুনেছি যে এই রকম নাকি একটা এসেছে—তারা তো এখানে নেই এটাই রাজ্যপালিকার কাছে আমরা তুলেছিলাম যে একটা গুরুত্বপূর্ণ বাজেট অধিবেশনে সেখানে এতজন সদস্য বিনা বিচারে বিনা অভিযোগে গ্রেপ্তার হয়ে আছে ডিফেন্স অফ ইণ্ডিয়া রুলস-এ এটাকে নিশ্চয়ই পার্লিয়ামেন্টারী ডেমোক্রাসি সংসদীয় গণতন্ত্র বলে আমরা বলতে পারি না এবং সেই মত কাজ হয়নি। সেইজন্য আমরা জানতে চাই সেই যে চিঠি যাতে আপনার কাছে অনুরোধ এসেছিল আপনি সেটার কিছু করেছেন কিনা এবং সরকারের কাছে জানতে চাই যে তাদের এখানে এনে অংশ গ্রহণ করতে দিলে কি গেরিলা ওয়ার আরম্ভ হয়ে যেত? না কি হত? কি কারণে তাদের জেলে আবদ্ধ করে রাখা হয়েছে? এটা ১৭ বছরের গণতন্ত্রের কুঠার আঘাত। ১৭ বছরে এই সরকার এমন চমৎকার ব্যবস্থা দেখাচ্ছেন যে সাধারণ পার্লিয়ামেন্টারি ডেমোক্রাসি চালাবার ক্ষমতা নেই। এই জিনিষটা কেন হল? এইটুকু আমরা আপনার কাছে জানতে চাচ্ছি। আপনি কি করছেন? সরকারের উত্তর দেওয়ার যদি কিছু থাকে তা ওরা আমাদের উত্তর দেবেন। কেন আমাদের বন্ধুদের এখানে আনা হচ্ছে না অংশ গ্রহণের জন্য? তাঁরা যেটা চাচ্ছেন। এটা আমাদের মনে রাখতে হবে যে সরকারের অনুগ্রহে তাঁরা এখানে আসেনি বা নির্বাচিত হয়নি। লক্ষ লক্ষ মানুষ তাদের নির্বাচিত করেছে। এমন অনেকে তাঁদের মধ্যে আছেন যাঁরা প্রফুল্ল বাবুর চেয়ে অনেক বেশী ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন।

কিন্তু তাদের এইভাবে বিনা বিচারে রাখা হয়েছে। আমি আগেও বলেছি অপরাধ যদি থাকে, আপনাদের কাছে কোন দয়া চাইনি, তাহলে কোর্টে খাড়া করে দিন। যদি প্রমাণ করতে পারেন তাহলে ফাঁসি কাষ্ঠে তাদের ঝোলান কিছু আমাদের বলবার থাকবে না। সংসদীয় কোর্টকে ভয় পাচ্ছেন, গণতন্ত্রকে ভয় পাচ্ছেন, কি তাহলে রইল আমাদের? এইজন্য আজকে এখানে দাঁড়িয়ে এই কথা আপনার কাছে আমি জিজ্ঞাসা করছি। আশা করি মন্ত্রীমহাশয় একটা উত্তর দেবেন।

Mr. Speaker:

মিঃ বসু, আমি চিঠিগুলি মিনিষ্টার কনসার্ণকে পাঠিয়ে দিয়েছি এবং

I have written to every member who has addressed this letter to me that I have passed it on to the department and to the Minister concerned for necessary action.

Shri Prafulla Chandra Sen:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এ সম্বন্ধে এইটুকুই বলতে পারি এটা শুধু আমাদের পশ্চিমবঙ্গ সংক্রান্ত ব্যাপার নয়, এটা সর্বভারতীয় ব্যাপার। এ সম্বন্ধে আমাদের কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী ১৭ তারিখে একটি শ্বেতপত্র প্রচার করবেন। তা থেকে যা বোঝা যায় করব।

LAYING OF ORDINANCE

The West Bengal Land (Requisition and Acquisition) (Validation of Orders) Ordinance, 1964

Shri Syamadas Bhattacharyya: Sir, I beg to lay before the Assembly the West Bengal Land (Requisition and Acquisition) (Validation of Orders) Ordinance, 1964 (West Bengal Ordinance No. IV of 1964), under Article 213(2)(a) of the Constitution of India.

The West Bengal Cattle Licensing (Amendment) Ordinance, 1964

Shri S. M. Fazlur Rahman: Sir, I beg to lay before the Assembly the West Bengal Cattle Licensing (Amendment) Ordinance, 1964 (West Bengal Ordinance No. V of 1964), under Article 213(2)(a) of the Constitution of India.

The Calcutta Municipal (Amendment) Ordinance, 1965

Shri S. M. Fazlur Rahman: Sir, I beg to lay before the Assembly the Calcutta Municipal (Amendment) Ordinance, 1965 (West Bengal Ordinance No. I of 1965), under Article 213(2)(a) of the Constitution of India.

[2-10—2-20 p.m.]

The Bengal Aerial Ropeways (Amendment) Ordinance, 1965

Shri Saila Kumar Mukherjee:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সভার সামনে বঙ্গীয় আকাশরজ্জু পথ (সংশোধন) আদেশটি উপস্থাপিত করিতেছি।

GOVERNMENT BILLS

The West Bengal Land (Requisition and Acquisition) (Validation of Orders) Bill, 1965

Shri Syamadas Bhattacharyya: Sir, I beg to introduce the West Bengal Land (Requisition and Acquisition) (Validation of Orders) Bill, 1965, and to place before the House a statement required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৪৮ সালের পশ্চিমবংগ ভূমি অধিগ্রহণ এবং দখল আইনে ৩(১) ধারা মতে উন্নততর বাসস্থানের জন্য জমি দখলের বিধান আছে। ১৯৬৪ সালের সংশোধন অনুসারে এই বিধানটি কলকাতার ক্ষেত্রেও প্রয়োগ করা হয়। তারপরে ঐ ৩(১) ধারা মতে কলকাতার প্রথম জেলা সমাহর্তা ফার্স্ট ল্যাণ্ড এ্যাকুইজিসান কালেক্টর অনেকগুলি ক্ষেত্রে জমি দখলের আদেশ দেন। তিনি যখন এই আদেশ দেন তখন তাঁকে ৩(১)(ক) ধারা অনুসারে যথারীতি কর্তৃত্ব বা অধিকার দেওয়া হয় নি। তারই ফলে তাঁর কতকগুলি আদেশ ঠিক ঠিক বিধি সম্মত হয় নি। অবশ্য পরে ঐ আইনের ৩(১)(ক) ধারা অনুসারে কলকাতা জেলার প্রথম ভূমি সমাহর্তাকে ঠিকমত বিধি সম্মতভাবে ক্ষমতা দেওয়া হয়েছে। কিন্তু এই ক্ষমতা অর্পণের পূর্বে তিনি যে সমস্ত ক্ষেত্রে তাঁর কার্য করেছেন সেগুলিকে বিধি সম্মত করবার জন্য আমাদের একটা বিধান করবার প্রয়োজন হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিষয়টি অত্যন্ত জরুরী ছিল এবং যখন এই বিষয়ে আইন প্রণয়ন করবার প্রয়োজন অনুভূত হল তখন আমাদের বিধানসভার অধিবেশন ছিল না। সেজন্য এই অধ্যাদেশটি জারি করতে হয়। বর্তমানে যে বিধেয়কটি এই কক্ষের সম্মুখে উপস্থাপিত করা হয়েছে এই বিধেয়কের মধ্যে সেই অধ্যাদেশের বিধানগুলি সন্নিবেশিত করা হয়েছে।

(Secretary then read the title of the bill)

Sir, I beg to move that the West Bengal Land (Requisition and Acquisition) (Validation of Orders) Bill, 1965, be taken into consideration.

Mr. Speaker: Honourable members, there are motions for circulation of the bill by Dr. Kanai Lal Bhattacharya and Shri Sanat Kumar Raha. The motions are out of order. The ordinance will expire on 21st March, 1965, but the motions for circulation are beyond that date.

Shri Syed Abul Mansur Habibullah:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে সার্কুলেশান মোশান আজকে সনত রাহা মহাশয় রেখেছেন তার স্বপক্ষে আমার বক্তব্য রাখতে চাই।

Mr. Speaker:

সার্কুলেশান মোশানটা আউট অব অর্ডার, আপনি কন্সিডারেসানের উপর বলতে পারেন।

Shri Syed Abul Mansur Habibullah:

আমার বক্তব্য হচ্ছে আজকে এই যে বিলটা আমাদের সামনে এসেছে এই বিলটা হচ্ছে হাই কোর্টের বিরুদ্ধে একটা আক্রমণ। হাই কোর্টের বিরুদ্ধে আক্রমণ এই কারণে বলছি এই বিলের উদ্দেশ্য সম্বন্ধে মাননীয় মন্ত্রী মহাশয় যে কথা বলেছেন তার পিছনে একটা ইতিহাস আছে। কলকাতায় ল্যাণ্ড রিকুইজিসান এ্যাণ্ড এ্যাকুইজিসান এ্যাক্ট প্রয়োগ করবার জন্য আমরা যখন আইনসভায় এই আইন পাশ করেছিলাম তখন আমরা যে কারণে পাশ করেছিলাম বা যে কারণে আমাদের বিরোধী পক্ষ থেকে খুব প্রবল প্রতিবাদ উঠেনি তার পিছনে আমাদের এই রকম একটা ধারণা ছিল যে কলকাতায় বস্তি এলাকার উন্নতি হচ্ছে। কিন্তু যখন এই আইনের প্রয়োগ আরম্ভ হয় তখন দেখা যায় বস্তির মানুষকে তাদের আবাস স্থল থেকে আর্বিট্রারিলি তাড়িয়ে দেবার জন্য সমস্ত জায়গায় এই আইনের প্রয়োগ আরম্ভ হয়েছে। যখন সেচ্ছাচারমূলকভাবে এই আইনের প্রয়োগের ব্যবস্থা হয়েছে তখন তার প্রতিবাদ স্বরূপ তখনকার মানুষ যারা এর কবলে পড়ে তাদের রক্ষা করবার জন্য চেষ্টা হয়েছে। কোন রকমভাবে এটাকে বিধি বহির্ভূত করা যায় কিনা এই চিন্তা থেকে আইনসভা একসংগে বসে হাই কোর্টে এর বিরুদ্ধে অনেকগুলি মোশান এনেছেন। কলকাতার বস্তি এলাকায় যখন এই আইন প্রয়োগ করা হয় তখন আশ্বাস দেওয়া হয়েছিল যে কলকাতার দাংগা বিধ্বস্ত এলাকার উন্নতির জন্য এই আইন প্রয়োগ করা হবে। কিন্তু দেখা গেল যে বস্তির মানুষকে উচ্ছেদ করার জন্য এই আইন প্রয়োগ করেছেন।

তখন হাই কোর্টে তার বিরুদ্ধে অনেকগুলি মোশান করা হয়েছে। এখন মন্ত্রী মহাশয় যখন এই বিল এনেছেন তখন সেই কথা লুকিয়েছেন। আসলে যে কারণে যে গ্রাউণ্ডে হাই কোর্টে মোসান করা হয়েছে সেই গ্রাউণ্ডে যেগুলি ইনভ্যালিড বলে ধরা হয়েছে হাই কোর্টে আমাদের আবেদনপত্র গ্রহণ করা হয়, সেই গ্রাউণ্ড বাতিল করে দেওয়ার জন্য আজকে এই আইন আনা হয়েছে।

এটা আজকে আনা হয়েছে এজন্য যে যে সমস্ত বস্তি এলাকার মানুষ আজকে হাইকোর্টের কাছে আমাদের ভুলের জন্য, আমাদেরই এক্সিকিউটিভ-এর হাতে যে ক্ষমতা আমরা দিয়েছি, তার আক্রমণকে প্রতিহত করবার জন্য মানুষ যখন আজকে হাইকোর্টের শরণাপন্ন হয়েছে—বাঁচবার জন্য আশ্রয় পাবার জন্য তখন সেই আশ্রয় থেকে তাদের চ্যুত করবার জন্য, আজকে ল্যাণ্ড এ্যাণ্ড ল্যাণ্ড রেভিনিউ মিনিস্টার এই আইনসভায় আপনাদের সামনে এই বিল এনেছেন এবং অন্য ব্যবস্থাকে, বিধি বহির্ভূত ব্যবস্থাকে বিধিসংগত করে নিবার জন্য এখানে তিনি হাজির হয়েছেন। তাই আমি বলতে চাই—এই ব্যবস্থার দ্বারা কলকাতার বস্তির মানুষের উপর অন্যায় হস্তক্ষেপ করা হচ্ছে। আমরা বিরোধীদলের সদস্যরা একথা মনে করবো—কলকাতার এলাকায় নূতন করে রিকুইজিসান এ্যাণ্ড এ্যাকুইজেসান এ্যাক্ট প্রয়োগ করিবার জন্য যে ব্যবস্থা হয়েছে—সেই ব্যবস্থা করা চলবেনা। আমাদের সমস্ত বিরোধীদলের প্রতিনিধি ও অন্যান্য দলের সদস্যদের নিয়ে একটি কমিটি করে বসুন এবং যদি দরকার হয় বস্তি উন্নয়ন পরিকল্পনাগুলি কার্যকরী করার জন্য তাদের সংগে আলাপ আলোচনার ব্যবস্থা করুন। এই ভাবে আইন প্রয়োগ করে রিকুইজিসান এ্যাণ্ড এ্যাকুইজিসান এ্যাক্ট-এ যে বিধান করা হয়েছে সাময়িকভাবে তার মেয়াদ বাড়িয়ে জবরদস্তিমূলকভাবে কলকাতার বস্তি এলাকায় আইনকে প্রয়োগ করে তথাকার মানুষকে উচ্ছেদ করবার ব্যবস্থা, উৎপীড়ন করবার ব্যবস্থা আপনারা করবেন না। এই দাবী আমরা করবো।

সংবিধানগতভাবে এবং যেটুকু কোর্ট বা আদালতের অধিকার রয়েছে, কোন বিধি বহির্ভূত ব্যবস্থাকে বিচার করবার যে অধিকার রয়েছে সেটাকে আইনের ব্যাক-ডোর দিয়ে তাকে নূতন করে ধ্বংস করবার ব্যবস্থা করবেন না। এই দুটো কথা জোরের সংগে বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Sanat Kumar Raha:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ভূমি সরকার কর্তৃক গ্রহণ করা এবং দখল করা বিষয়ে যে সংশোধন প্রস্তাব এবার মন্ত্রীমহাশয় নিয়ে এসেছেন, সে সম্পর্কে আমার প্রথম বক্তব্য হচ্ছে কয়েক মাস অন্তর অন্তর একটা করে ভূমি সংক্রান্ত সংশোধন প্রস্তাব আনার পেছনে কোন উইজডম বা কোন বুদ্ধিমত্তা ছিল না। এ সম্বন্ধে আগে কোন বিচার বিবেচনা হয় না—কেন? সরকারী দপ্তরে সরকারের অনেক আইন বিভাগ আছে—তার বিচার বিভাগ আছে তা সত্ত্বেও এই ধরণের ঘনঘন আইন পাশ করা হয় কেন? এ প্রশ্ন আমাদের আছে। এর স্টেটমেন্ট অব অবজেক্টস অ্যাণ্ড রিজন-এর মধ্যে লক্ষ্য ও উদ্দেশ্যের মধ্যে যে সমস্ত কথা বলা হয়েছে,—তাতে স্রেফ একথা বলা হয়েছে যিনি কলকাতা জেলার সমাহর্তা তিনি ৩(১) ধারা অনুযায়ী যে নোটীশ দিয়েছিলেন তা টেকে নাই ইনভ্যালিড হয়ে গেছে। যার ফলে সেই নির্দেশগুলি যাতে আইনসম্মত করা যায় তার জন্য এই সংশোধনী আনা হয়েছে। আমার পূর্ববর্তী বক্তা হবিব সাহেব যে বক্তব্য পেশ করলেন—যে যখন সরকার একটা আইন পাশ করেন এই বিধানসভায়, সেই আইনের ভালোর দিকটা দেখানো সত্ত্বেও আইনের অপপ্রয়োগ করা হয় এবং আইন সেই ভাবে গরীবের বিরুদ্ধে প্রয়োগ করা হয়। কাজেই আমি বলবো যে প্রস্তাব এখানে আনা হয়েছে, তার সম্বন্ধে জনমত নির্ধারণের নিমিত্ত একটি সার্কুলার মোশান আমরা দিয়েছিলাম। কিন্তু শুনলাম যে এটা ছয় মাস অতীত হয়ে যাচ্ছে এই অজুহাতে আমাদের সার্কুলার মোশান গৃহীত হল না। সেইজন্য এটা আইন বিরুদ্ধ হয়ে পড়ছে। কাজেই এই আইনটা গ্রহণ করতে হবে এবং এই সংশোধনী নিয়ে এবার ম্যাজিস্ট্রেটকে ক্ষমতা দিতে হবে।

[2-20—2-30 p.m.]

সেক্ষেত্রে কংগ্রেস বেঞ্চের পক্ষ থেকে এমন অধিক সংখ্যক লোক আছেন যাঁরা এই সংশোধনী প্রস্তাবে ভোট দেবেন এবং শেষ পর্যন্ত মনে করি জোর করে পাশ করিয়ে আইন চালু করবেন। আমার বক্তব্য হচ্ছে আইন পাশ করতে গেলে আইনের ভাল দিক সম্বন্ধে লোককে সচেতন করা দরকার এবং আইনের যে খারাপ দিক আছে সেই দরজা বন্ধ করা দরকার। ১৯৬৪ সালে যখন কোলকাতা আইন তৈরী হোল তখন সেটাকে এইভাবে দেখান হয়েছে যে, কোলকাতার উন্নতির জন্য জমি দখল করবার আইন বিবেচনা করতে হবে এবং তার ফলে ম্যাজিস্ট্রেট-কে ক্ষমতা দেওয়া হয় যে, কোলকাতার উন্নতির জন্য এবং প্রগতিশীল জীবন যাপন করবার জন্য যা যা করা দরকার সেটা নাকি এই আইনের বলে হবে। আমরা তখন ভেবেছিলাম কোলকাতায় যখন সমস্যা সৃষ্টি হচ্ছে তখন কোলকাতার উন্নতির জন্য, রাস্তা—ঘাট, বাজার—হাটের যে সমস্যা আছে তার সমাধান করবার জন্য এবং উন্নত জীবন যাপন যাতে হয় তারজন্য এই আইন প্রয়োগ করা হবে। কিন্তু আইন প্রয়োগ করতে গিয়ে দেখা গেল কোলকাতার বস্তিবাসীদের উপর ব্যাপকভাবে আক্রমণ চলেছে। তাদের জন্য বিকল্প সুরাহা না করে, জীবনের স্বাচ্ছন্দের ব্যবস্থা না করে তাঁরা যেভাবে আইন প্রয়োগ করে চলেছেন তাতে মনে হয় আইনের অপপ্রয়োগ করা হচ্ছে এবং কল্যাণকর আইনকে কল্যাণহানীকর আইনে উৎখাত করা হয়েছে রামনগর—ফরাক্কা রাস্তা নির্মাণের জন্য তাতে দেখেছি ২ বছর আগে যেসব পরিণত করা হচ্ছে। আমার বক্তব্য হচ্ছে যেভাবে আইনকে এনেছেন তাতে ভূমি রাজস্ব মন্ত্রীর একথা বলা উচিত যে, এই আইন প্রয়োগের ফলে যারা উৎখাত হবে তাদের জন্য ব্যবস্থা করা হবে। বর্তমান সমাজ ব্যবস্থার ফলে যেখানে বস্তী নোংরা জায়গা আছে পল্লী-গ্রামে যে অবস্থা আছে যেখানে অস্বাস্থ্যকর অবস্থা আছে এবং লোক যেখানে বাধ্য হয়ে বাস করছে সেগুলির উন্নতি করবার জন্য দখলে আনা হবে। কিন্তু অবস্থা যা দেখছি তাতে মনে হয় যেখানে গরীব লোক বাস করে সেগুলি সরকার যখন চাইবেন তখন দখল করবার জন্য নোটীশ দেবেন এবং তারফলে তাদের উপর জুলুম হবে এবং তারা ক্ষতিপূরণ জীবন যাত্রার সন্ধান বা ভবিষ্যতে জীবন যাত্রার পথ খুঁজে পাবে না। স্যার, আমি অভিজ্ঞতা থেকে বলছি আমাদের মুর্শিদাবাদ জেলায় রাঙ্গামাটি অঞ্চল, কোতলা গ্রামে যেসব চাষীকে লোককে উৎখাত করা হয়েছে তাদের ক্ষতিপূরণ দেওয়া হয়নি। আমার বিশ্বাস হয়, আশঙ্কা হয় এইসব আইন প্রয়োগ করবার ফলে যেখানে যেখানে গরীব লোক আছে তাদের পুলিশের সাহায্যে, আইনের জোরে উচ্ছেদ করবার পর তাদের দিকটা তাকাবার চিন্তা সরকার করবেন না। আমি আগেই বললাম ফরাক্কা-রামনগর রাস্তা নির্মাণের জন্য যাদের জমি নেওয়া হয়েছে তাদের ক্ষতিপূরণ এখনও দেওয়া হয়নি, ২ বছর হয়ে গেল তারা ক্ষতিপূরণ পায়নি। অদ্যাবধি তারা ঘুরেছে, বহু পয়সা খরচ করেছে, কমপেনসেসন ডিপার্টমেণ্টে যাচ্ছে কিন্তু কোন সুরাহা হয়নি। তাই আমার বক্তব্য হচ্ছে আপনারা আইন হয়ত প্রয়োগ করবেন কিন্তু তারজন্য বাধা পেতে হবে—অর্থাৎ এরকম আইনের জন্য বাধা পেতে হবে। আপনারা এই আইন বিচার করবার জন্য যখন বিধানসভায় তুলেছেন তখন আমি বলতে চাই যে, এই জমি দখল করবার জন্য সরকার যখন হুকুম দেবেন তখন চাষী, মধ্যবিত্ত লোকেরা যাতে তাদের অর্থ পায় তারজন্য ব্যবস্থা করবেন। স্যার, একথা ঠিক যে বড় লোকের জমি দখল করলে তাদের ক্ষতিপূরণ ৬ মাস পরে দিলেও তাঁরা সেটা সহ্য করতে পারেন, কিন্তু গরীব লোক যদি সঙ্গে সঙ্গে না পায় তাহলে তারা দাঁড়াবে কোথায়? তারপর এই আইন প্রয়োগ করবার ফলে যেসব জমি সরকার নেবেন তাতে কয়েক মাস এবং বছর পরে দেখা যায় খাজনা পুরান মালিককেই টানতে হয়, তার কাছে নোটিশ যায়। তখন সে ঘাবড়ে যায় এবং ঘাবড়ে যেয়ে অনেক পয়সা খরচ করে ফেলে, এই ব্যবস্থা যদি না হয় তাহলে অনেক ঝঞ্ঝাটে তাকে পড়তে হয়, ফলে উকীল মোক্তার ডাকতে বাধ্য হয়। এইভাবে এইভাবে জটিলতার সৃষ্টি হয়েছে। কাজেই ভূমি রাজস্ব মন্ত্রীকে বলছি তিনি ভাল করে তাকিয়ে দেখে আইনটা ভাল করে করুন যাতে সমাজের কল্যাণ হয়, রাস্তাঘাট নির্মাণ করার জন্য, যে উদ্দেশ্য নিয়ে আইন রচিত হচ্ছে, সেই উদ্দেশ্যে যাতে আইনটার প্রয়োগ হয় সেদিকে দৃষ্টি দিন। আইনের যদি অসৎভাবে ব্যবহার হয়, সেই আইন গ্রহণ করার জন্য গরীবদের যদি অসুবিধা হয়, দুঃখীদের যদি অসুবিধা হয়, রাস্তাঘাট নির্মাণের জন্য কিছু লোক উচ্ছেদ

হয়ে যায়, তাহলে সেই সব অবস্থার বিধান করা দরকার। আমি মনে করি যেভাবে আইন করা হচ্ছে, যেমন আগে কোন রকম আইনের প্রয়োগ করা হত, সেইরকম যাতে না হয় তার জন্য সরকারকে বলবো একটু বিবেচনা করে বুদ্ধিমত্তার পরিচয় দিন, সহৃদয়তার পরিচয় দিন। এবং সেই ভাবে আইন রচনা করে আইন পাশ করার ব্যবস্থা করুন, নতুবা আইনের বিরুদ্ধে সাধারণ লোকের বিক্ষোভ থেকে যাবে এবং সেই বিক্ষোভের কথাই আজকে বলবার জন্য আজকে এখানে এসেছি। আমি আবার বলছি আইনকে জোর করে পাশ করুন কিন্তু আইনের প্রয়োগ করার সময় যেন তাঁরা বিবেচনা করেন, যার জমি নেবেন তার জমির ক্ষতিপূরণ যেন সঙ্গে সঙ্গে দেওয়া হয়, বিকল্প জীবিকার যেন ব্যবস্থা করা হয়, এবং যে জমি নিচ্ছেন, সেই জমির নাম যেন সঙ্গে সঙ্গে খারিজ করা হয়, নোটিশ যেন না পড়ে, কে খাজনা টানবেন সেটা যেন লক্ষ্য রাখেন, কেননা এই খাজনার ভার যদি মধ্যবিত্তের উপর পড়ে তাহলে সেই খাজনা টানবে কে? আইন রচনা করার সময় সরকারের বিবেচনা করা উচিত আইনের প্রয়োগ যেন গরীবদের বিরুদ্ধে না যায়, মধ্যবিত্তের বিরুদ্ধে না যায়, জনসাধারণের বিরুদ্ধে না যায় ভবিষ্যতে, সেদিকে ভূমিরাজস্ব বিভাগের বিশেষভাবে দৃষ্টি দেওয়া দরকার। আমরা বার বার শুনেছি, আশ্বাসবাণী পেয়েছি কিন্তু এতে হয়নি, চাষী মজুর উচ্ছেদ হয়ে যায়, সম্পত্তির দাম তারা পায়না। আমি আবার বলি মন্ত্রী মহাশয়ের শুনবার জন্য, রাঙ্গামাটি অঞ্চলে যে রাস্তার জমি নিয়েছেন চাষীদের, তার দু'বছর ধরে ক্ষতিপূরণ পায়নি, ফরাক্কা-রামনগর রাস্তার ক্ষতিপূরণ তারা পায়নি। আইন আপনারা পাশ করবেন উন্নতি করুন কিন্তু আইন প্রয়োগে যে প্রতিক্রিয়ার সৃষ্টি হয় তার সম্বন্ধে সচেতন থাকবার জন্য এই কথাগুলি বললাম।

Shri Bejoy Kumar Banerjee:

মাননীয় স্পীকার মহাশয়, একথা অনেকবার আমি বলেছি যে সব আইন পাশ হয় এখানে গণতন্ত্রের নামে এই রকম গণতন্ত্র বিরোধী ব্যাপার পৃথিবীর ইতিহাসে কোথাও নাই। আমি জিজ্ঞাসা করতে চাই মাননীয় মন্ত্রীমহাশয় যিনি এই আইন এনেছেন তাঁকে এই আইনের ব্যাপারটা কি? সরকারী কর্মচারী বে-আইনী কাজ করেছে। সরকারী কর্মচারীর ক্ষমতা ছিলনা যে ক্ষমতা দেওয়া হয়নি সেই ক্ষমতা প্রয়োগ করেছে, এই সব বে-আইনী কাজকে আইন সংগত করবার জন্যই এই আইন এসেছে। ফলে প্রশ্ন উঠেছে, জানতে হবে, সরকারী কর্মচারী কি কি বে-আইনী করেছে, কোথায় বে-আইনী করেছে, কেন বে-আইনী করল, এই বে-আইনী করার জন্য কি শাস্তি সে পেল, এসব আমাদের জানা দরকার। তা যদি না হয়, ১৯৬৪ সালে একটা আইন পাশ করলেন, ১৯৬৫ সালে লজ্জা হয়না বলতে, আশ্চর্য্য হয়ে যাই, ভ্যালিডেশন অব অর্ডারস; ল্যাণ্ড এ্যাকুইজিশন কালেক্টার আদেশ দিয়েছেন, মন্ত্রী মহাশয় বলছেন ক্ষমতা ছিলনা, আদেশ দিয়ে ফেলেছেন। তাঁর কি মস্তিষ্কে ঠিক ছিলনা? যদি ক্ষমতা না থাকে তবে এই রকম আদেশ কেন দেন? ক্ষমতা আছে কিন্তু না বুঝতে পেরে আদেশ দিয়েছেন, আদালত থেকে বলে দেওয়া হয়ে থাকে যদি এই সব ক্ষমতা ছিলনা, তারা এইভাবে ক্ষমতা প্রয়োগ করেছেন, তাহলে আদালতকে ডিঙ্গিয়ে যাবার এতো ভাল ব্যবস্থা। আজকাল আমরা দেখছি, তিন বছর ধরে দেখছি, এই রকম ১৪।১৫টি আইন হয়েছে যাতে লেখা আছে

notwithstanding anything to the contrary in any Act or any order

মানে হাইকোর্ট বরবাদ করে দাও, যে কোন আইন চুলোয় যাক, আমার কর্মচারী বলছে আর একটা আইন আনবো। এই যদি অবস্থা হয় তাহলে গণতন্ত্র সমাজতন্ত্রের কথা শুনতে চাইনা, এই রকম আইন চলেনা। ভেবেছিলাম রাজনীতির ক্ষেত্রে বুঝি এই রকম হয়, এখন দেখছি সামাজিক, আর্থিক এবং দৈনন্দিন জীবনে যে কোন সময় আইন হয়ে যেতে পারে। কর্মচারী একবার ভুল করলেই হল। তখনই মন্ত্রী মহাশয় যাবেন, আমি আছি, আইন করে দিচ্ছি। সরকার এই রকম জিনিষ বন্ধ করুন। আমি রাগ টাগ করছিনা, রাগ-টাগ করে কোন লাভ নেই। যদি দেশের মানুষকে মারতে চান তো এই রকমভাবে মেরে কি হবে? যদি মারতেই চান তবে এই রকম সমাজতন্ত্র, গণতন্ত্রের কথা নয়, আজকে আইন পাশ করার আগে এক এক করে জানতে চাই কি কি ল্যাণ্ড এ্যাকুইজিশন করেছে, বে-আইনী কেন করেছে, আইনসংগতভাবে কেন করেনি আমাদের জানতে হবে সার্টিফিকেট হয়েছে বললেই দায়িত্ব পালন করা হবে না।

আমি একথাই আপনাকে বলতে চাই দয়া করে আইন আর নিয়ে আসবেন না। যদি আনেন যদি বলে সংখ্যাগরিষ্ঠতা আছে জোর করে আইন পাশ করবো, আলো জ্বলবে, তাহলে বলুন আমাদের থেকে কি হবে?

[2-30--2-40 p.m.]

Shri Abhoy Pada Saha:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের ভূমি ও ভূমি রাজস্বমন্ত্রী আজকে যেভাবে জমি অধিকার আইন সংশোধনের বিধেয়কটি নিয়ে এসেছেন তাতে সরকার পক্ষের খুব একটা সম্মানজনক বলে মনে হচ্ছে না। তার কারণ ১৯৬৪ সালে ৪।৫ মাস আগে এই আইন তৈরী হয়েছিল। কিন্তু সেই আইন প্রয়োগ করার সময় এমন বিধি বহির্ভূত ভাবে প্রয়োগ করা হ'ল যাতে করে এই আইন কার্য্যকরী করা হল না এর কোর্টে কেস হবার জন্য যে অর্থ ব্যয় হল ও তাতে যে ক্ষতি হল সেই ক্ষতি জনসাধারণের ক্ষতি। সরকারী বড় বড় মোটা মাইনের কর্মচারী রাখা হয়েছে যাতে সরকারী ব্যবস্থা ঠিক ঠিক ভাবে চলে, কিন্তু দেখা যাচ্ছে সরকারী ব্যবস্থা ঠিক ঠিক ভাবে চলছে না ঐসব কর্মচারী দিয়ে। অর্থাৎ তাঁরা খেয়ালখুশীমত চলেন, আইনের ধারা বহির্ভূত ভাবে চলেন না। এর ফলে সরকারকে অর্ডিন্যান্স তৈরী করতে হয়েছে এবং সেই অর্ডিন্যান্স জারী করে সরকারের সম্মান রক্ষা করতে হচ্ছে। এই বিধি ব্যবস্থায় দেখা যায় সরকারের কাজকর্মে কত গাফিলতি চলছে এবং তা এই বিলে ফুটে উঠেছে। ১৯৬৪ সালে এই বিল যখন প্রথম পাশ হয় তখন মন্ত্রীমহাশয় আশ্বাস দিয়েছিলেন যে গরীব মানুষ, অল্প আয়ের লোক যারা ঐ বস্তীতে বাস করে সেই বস্তী যখন গ্রহণ করা হবে এই আইনের দ্বারা তখন তাদের বিকল্প ব্যবস্থা করা হবে বাস করবার। তারপর এই বস্তীতে যখন বাড়ীঘর হবে তখন তাদের প্রথম সুযোগ দেওয়া হবে বাস করার জন্য। এই আশ্বাস দিয়ে এই হাউসে সেই বিল তিনি পাশ করিয়ে নিয়েছিলেন। কিন্তু আজকে দেখছি আমাদের মাননীয় সদস্য হাবিবুল্লা সাহেব যে কথাগুলি এখানে রাখলেন সেগুলি অত্যন্ত দুঃখজনক কথা। এই আইনবলে যেসব বস্তী গ্রহণ করা হয়েছিল, জোর জুলুম চালান হয়েছিল সেখানে যে গরীব মানুষগুলি সেখানে বাস করত তাদের বিকল্প ব্যবস্থা করা হবে। কোলকাতা শহরে একে তো বাসস্থান মেলে না—আমরা বাসস্থান পাই না। গরীব অল্প আয়ের মানুষ যারা সেই বস্তীতে বাস করে তাদের সেই জায়গা থেকে উচ্ছেদ করে দিয়ে যে জায়গা গ্রহণ করা হবে এবং সেখানে ঘরবাড়ী তৈরী করা হবে সেসব ভাল কথা। কিন্তু তারা আপাততঃ থাকবে কোথায়, কোথায় বাস করবে সেটা দেখা কি সরকারের কর্তব্য নয়? যদি না করা হয় তাহলে আইনের যে উদ্দেশ্য বস্তী ভাল করা এর সঙ্গে সঙ্গে বস্তীতে যারা এখন বাস করছে তাদের প্রথমে সুযোগ করে দেওয়ার যে প্রতিশ্রুতি ছিল সেটা যদি পালন না করা হয় তাহ'লে যে প্রতিশ্রুতিতে আইন তৈরী করা হয়েছিল তা লঙ্ঘন করা হবে এর যে উদ্দেশ্য নিয়ে আইন তৈরী করা হয়েছিল সেই উদ্দেশ্য ব্যর্থ হবে। সেজন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যাঁরা বস্তি এলাকায় আছে বা যে জমি সরকারের দ্বারা গৃহীত হবে দখল হবে সেই সমস্ততে যাঁরা বাস করবেন তাদের দিকে নজর দিতে হবে এবং তাদের বিকল্প ব্যবস্থা গ্রহণ করতে হবে।

Shri Syamadas Bhattacharyya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যগণ যে সমালোচনা উত্থাপন করেছেন এবং মাননীয় সদস্য সনতবাবু যা বলেছেন এবং আমি যা বুঝেছি তার একটা অংশ বোধ হয় এরূপ যে তিনি চান যে কলকাতার উন্নতির জন্য বস্তির জমি দখল করা হোক এবং যেন ক্ষতিপূরনের টাকা ঠিকমত দেওয়া হয়। তিনি আরো বলেছেন তাঁর এলাকায় ২ বৎসরের মধ্যে কি জমি খারিজ করা হয় নি। এবং অন্যান্য যে সমস্ত অসুবিধা ভোগ করছেন সেই সাধারণ মানুষ যাতে আর অসুবিধা ভোগ না করে তার কথা তিনি বলেছেন। কলকাতার সমস্যা আমাদের জেলার সমস্যার সঙ্গে ঠিক এক নয়। এটা একটা আলাদা, এখানে ঐ ভাবে খারিজের সমস্যা উঠবে না তবে ক্ষতিপূরনের সমস্যা উঠবে। মাননীয় সদস্য হাবিবুল্লা সাহেব বললেন কলকাতা হাইকোর্টের উপর আক্রমণের উদ্দেশ্যে এটা করা হয়েছে। কিন্তু আইনের পেছনে তা উদ্দেশ্য

ছিল না। এটা ঠিক যে কলকাতা হাইকোর্ট কতকগুলি রায় দিয়েছেন কিন্তু হাইকোর্ট এই কথা বলেন নি যে আমাদের যে মূল আইন সেটা নীতিগতভাবে হোক বা সাংবিধানিক হিসাবে হোক বা অন্য কোন দিক থেকেই হোক এটা বলা হয়েছে যে এটা টেকনিক্যাল ভুল হয়েছে এবং তাই দৃষ্টি আকর্ষণ করেছেন এবং তাঁরা বলেছেন টেকনিক্যাল ভুল থাকার জন্য কতকগুলি বিধিসম্মত হয় নি। আমাদের পশ্চিমবাংলার অধিগ্রহণ এবং দখল আইনের যেটা আলোচনা করছি তার একটা ধারাতে সেখানে আমরা জমি দখল করবার ক্ষমতা পাচ্ছি। সেখানে ১৯৬৪ সালে এই বিধান সভার একটা সংশোধনী প্রস্তাব পাশ করেছিলাম। আগে সেখানে যে ভাষা ছিল সেখানে মাননীয় সদস্যগণ নিশ্চয়ই জানেন যে সংশোধন করা হয়েছে এবং তার মধ্যে কিছু অংশ বাদ দেওয়া হয় যাতে কলকাতা করপোরেসানের মধ্যে জমি উন্নতির বাসস্থানের উদ্দেশ্যে দখল করা যেতে পারে। ১৯৬৪ সালে এই এক্টের কয়েকটা কথা বাদ দিয়ে দেওয়া হয়।

An area under the administration of the Corporation of Calcutta.

ফলে পরিমাণ দাঁড়ায় যে সরকার থেকে উন্নততর বস্তি ব্যবস্থা ফলে জমি দখল করা যেতে পারে। এর আগে যে ব্যবস্থা ছিল তাতে আমাদের যিনি ফার্স্ট ল্যান্ড একুইজেসান কালেক্টর, তাকে ক্ষমতা দেওয়া ছিল। ১৯৬৩ সালের নভেম্বর মাসের একটা নটিফিকেসানের দ্বারা তার উপর ক্ষমতা অর্পন করা হয়েছিল। সেই নটিফিকেসান ১৯৬৪ সালে সংশোধন করার পর একটু খালি সংশোধনের প্রয়োজন হল।

[2-40—2-50 p.m.]

মাননীয় স্পীকার মহোদয়, বিজয়বাবু এটাতে অত্যন্ত গুরুতর ত্রুটি দেখেছেন। এটার মধ্যে অন্য কোন উদ্দেশ্য নেই। এটার মধ্যে মূল যে উদ্দেশ্য, যে আইন এখানে প্রণয়ন করেছি সেই আইনকে সার্থক করে তোলবার জন্য যেটুকু করা দরকার সেইটুকু করা হয়েছে। সে সম্বন্ধে নূতন কোন জিনিস আমদানি করা হচ্ছে না। এইটুকু এবার-এর জন্য—এইটুকু ভুলের জন্য আমাদের কতকগুলি কাজ বিধিসম্মত হয় না। সেটা আমি দুঃখের সঙ্গে এখানে সবিনয়ে স্বীকার করছি। কিন্তু তার মানে যদি এই ধরা হয় যে আমরা হাইকোর্টের অবমাননা করছি, হাইকোর্টের উদ্দেশ্যের গুরুত্ব দিচ্ছি, তা হয়। হাইকোর্টে একথা দেখেছি যে এটুকু ভুলের জন্য আইন অনুযায়ী কাজ করা সম্ভব হয় না। মাননীয় সদস্য মনসুর সাহেব বল্লেন যে এতে গরীব লোকদের অসুবিধা করা হবে বস্তী থেকে তাড়িয়ে দেওয়া হবে। টাকা দেওয়া হবে না। কম টাকা দেওয়া হবে কিন্তু আসলে ফর ক্রিয়েটিং বেটার লিভিং কণ্ডিসান্স আমাদের এই আইনটা প্রয়োগ করা হচ্ছে। যাতে করে উন্নততর বাসস্থানে বাস করা যায়, ভাল সব বাড়ী করা যায় এবং বর্তমানে বস্তীগুলি যে ভাবে অপরিচ্ছন্ন অবস্থায় থাকে যেরকম সংকীর্ণ স্থানের মধ্যে অনেকজনকে ঠেসাঠেসি হয়ে থাকতে হয় যদি তা বদলে ভাল ঘর বাড়ী করে, ভাল জায়গায় সৃষ্টি করে বসবাস করার সুযোগ করে দেওয়া হয় তাহলে নিশ্চয়ই ভাল হবে এবং সেই উদ্দেশ্যে এটা করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয় আমরা যে ১৯৬৪ সালের আইনের কথা বলছিলাম সেখানে সংশোধন করে একটা কথা বলা হোল যে আমরা ৭ ধারার ১ পি ধারার পরে একটা প্রভাইসো যোগ করলাম

Provided further that in respect of any land in Calcutta which immediately before the 1st day of January 1964 constituted a bustee as referred to in sub-section (10) of section 5 of the Calcutta Municipal Act, 1951, the amount of compensation to be paid on account of acquisition to the persons interested shall be determined in the manner and in accordance with the principle set out in sub-section (1) of section 7 of the Calcutta Slum Clearance and Rehabilitation of Slum Dwellers Act, 1958, so far as they may be applicable.

স্যার, কথাটা হচ্ছে এই যে বস্তীবাসী যারা সাধারণ দরিদ্র বস্তীবাসী তাদের কোন অনিষ্ট করবার উদ্দেশ্য এর মধ্যে নাই। এবং যদি কেউ দাম কম পাবেন বলে ভয় করে থাকেন তাদের আমি সবিনয়ে বলতে পারি যে যারা মামলা করেছেন এবং যারা জয়লাভে উল্লসিত হয়েছেন, তারা বেশীর ভাগই বস্তীবাসী নন। বস্তীর মালিক যারা, যারা জমি-জমার মালিক ঐ

স্লাম-ডোয়েলার্সের, তারা নিশ্চয় ঐ আইন অনুযায়ী কমপেনসেসন কম পাবেন বলে ভয় করছেন নিশ্চয়। তারা হাইকোর্টে গিয়ে আর একবার মামলা করবেন কিনা জানি না—তবে আমার কথা হচ্ছে যে তাদের আশঙ্কা যে তারা যে পরিমাণ ক্ষতিপূরণ অন্য আইনে পেতে পারতো এই আইনে সে পরিমাণ ক্ষতিপূরণ পাবেন না ; এবং তাই তারা সমস্ত জিনিষটাকে অন্য রূপ দেবার চেষ্টা করেছেন—যেন তারা ঐ বস্তীবাসীদের দুঃখে দুঃখীত, তাদের উচ্ছেদের ভয়ে দুশ্চিন্তাগ্রস্ত। মাননীয় সদস্য হামাল সাহেব বল্লেন যে হাইকোর্টের যে রায় সে রায়ের প্রতি আমরা সম্মান দেখাচ্ছি না এবং সেই সঙ্গে সঙ্গে বস্তীবাসীদের স্বার্থ রক্ষা করবার ব্যবস্থা করছি না তখন আমি কিছুটা অস্বস্তি বোধ করছিলাম যে আসলে যারা মামলা করে জিতেছেন তাদের মধ্যে বস্তীবাসী থাকতে পারে কিন্তু ক্ষতি পূরণের দিকটা যদি বিবেচনা করি তাহলে দেখবো যারা বড়লোক, যারা বস্তীর মালিক তাদের ক্ষতি পূরণের টাকা অনেক কমে যাবে—তাই তারা আতঙ্কিত বা আশঙ্কিত হতে পারেন। কিন্তু সাধারণ মানুষ, সাধারণ বস্তীবাসী তাদের এই আইন প্রয়োগে কোন অনিষ্ট হবে না, এটা মাননীয় সদস্য অনুধাবন করলেই বুঝতে পারবেন। আমি আশা করি এই বিধেয়কটী বিনা বাধায় গৃহীত হবে।

The motion of Shri Syamadas Bhattacharyya that the West Bengal Land (Requisition and Acquisition) (Validation of Orders) Bill, 1965, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 to 4 and the Preamble

The question that clauses 1 to 4 and the preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Syamadas Bhattacharyya: I beg to move that the West Bengal Land (Requisition and Acquisition) (Validation of Orders) Bill, 1965, as settled in the Assembly be passed.

The motion was then put and agreed to.

The West Bengal Cattle Licensing (Amendment) Bill, 1965

Shri S. M. Fazlur Rahman: I beg to introduce the West Bengal Cattle Licensing (Amendment) Bill, 1965.

(Secretary then read the title of the Bill)

Shri S. M. Fazlur Rahman: I place before the House a statement required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

মাননীয় সভাপাল মহাশয়, শহর অঞ্চলে গবাদি পশুরক্ষণ প্রনিয়মিত করিবার এবং জনস্বাস্থ্য অনাময়ের স্বার্থে গবাদি পশু-সংক্রান্ত অনুজ্ঞা প্রদানের ব্যবস্থা করিবার জন্য ১৯৫৯ খ্রীষ্টাব্দের মার্চ মাসে পশ্চিমবঙ্গ গবাদি পশু-সংক্রান্ত অনুজ্ঞা প্রদান আইন, ১৯৫৯, নামে একটি আইন বিধিবদ্ধ করা হয়। তদধীনে প্রয়োজনীয় নিয়মাবলী ১৯৬০ খ্রীষ্টাব্দের মে মাসে ঐ আইনের ১৩ ধারা অনুসারে প্রখ্যাপিত হয়। ঐ আইন কলিকাতা পৌরনিগমের অন্তর্ভুক্ত সমগ্র এলাকায় বলবৎ করা হইয়াছে।

অভিজ্ঞতা হইতে দেখা গিয়াছে যে, ঐ আইনের অন্তর্গত বিধানাবলী ঐ আইনের উদ্দেশ্য সাধনের জন্য কোনরূপ প্রত্যাভূতির (গ্যারান্টী) ব্যবস্থা করিতে পারে নাই। যদিও ঐ আইনে অনুজ্ঞা প্রদানের ব্যবস্থা আছে তথাপি ঐ আইনমতে নির্দিষ্ট নিয়মাবলী অনুসারে যেরূপ আবশ্যক সেইরূপ গোশালা নির্মাণ করিতে দৃষ্টতঃ প্রস্তুত না থাকায় কেহই অনুজ্ঞাপত্র প্রার্থনা করে নাই। অপরাধী বলিয়া সাব্যস্ত খাটাল-মালিকদের যে জরিমানা প্রদান করিতে হয় তাহা অবশ্যই তাহাদের লাভের নগণ্য অংশ। কেন না তাহারা জরিমানা প্রদান করিয়াই এই আইন না মানিয়া তাহাদের পশু তাহাদের খাটালে ফিরাইয়া আনে। যদিও ছয় মাসের কারাদণ্ডে দণ্ডিত হওয়ার ব্যবস্থা আছে, তবুও এ-যাবৎ কোন আদালত কাহাকেও এরূপ কোন কারাদণ্ডে দণ্ডিত করেন নাই। আদালতের ইচ্ছানুযায়ী আটক পশু বাজেয়াপ্ত করিবার ব্যবস্থা থাকা সত্ত্বেও আদালত এ-পর্যন্ত একটি ক্ষেত্রেও ঐরূপ কোন পশু বাজেয়াপ্ত করেন নাই। সুতরাং দণ্ড সংক্রান্ত বিধান সম্পর্কে এই আইনটিকে যথযোগ্য সংশোধন করা একান্ত দরকার যাহাতে ১২ ধারার অধীনে পূর্বতন কোন অপরাধের তারিখ হইতে ছয় মাসের মধ্যে অনুষ্ঠিত কোন অপরাধে কোন ব্যক্তি দোষী সাব্যস্ত হইলে অথবা অপরাধটি ৯ ধারার(১) উপধারামতে ঘোষিত কোন নিষিদ্ধ অঞ্চলে অনুজ্ঞাপত্র ব্যতীত কোন গবাদি পশুরক্ষণ সম্পর্কিত হইলে, আদালত নির্দেশ দিবেন যে, যে গবাদি পশু সম্পর্কে অপরাধটি অনুষ্ঠিত হইয়াছে তাহা সরকারে বাজেয়াপ্ত হইবে। সুতরাং নিবর্তক (ডেটারেন্ট) দণ্ডের ব্যবস্থা করার জন্য রাজ্যপাল কর্তৃক পশ্চিমবঙ্গ গবাদি পশু-সংক্রান্ত অনুজ্ঞা প্রদান (সংশোধন) অধ্যাদেশ, ১৯৬৪ (১৯৬৪ খ্রীষ্টাব্দের পশ্চিমবঙ্গীয় ৫নং অধ্যাদেশ) প্রখ্যাপিত হয়। এখন উক্ত অধ্যাদেশটিকে আইনে রূপান্তরিত করার প্রস্তাব করা হইয়াছে।

উপরি-উক্ত উদ্দেশ্যের প্রতি লক্ষ্য রাখিয়া বিধেয়কটি রচিত হইয়াছে।

I beg to move that the West Bengal Cattle Licensing (Amendment) Bill, 1965, be taken into consideration.

Mr. Speaker: There is a motion for circulation of the Bill by Shri Aswini Roy. The motion is out of order, but Shri Aswini Roy may speak, if he wants.

[2-50—3 p.m.]

Shri Aswini Roy:

মাননীয় স্পীকার মহাশয়, যে বিলটা আনা হয়েছে, এটা শুধু যদি কলকাতা শহরে প্রয়োগ করা হত তাহলে হয়তো এই বিলের সম্পর্কে বক্তব্য রাখা আমার উচিৎ ছিল না বা রাখতাম না। কিন্তু আসলে এই বিলটা হচ্ছে সারা পশ্চিমবাংলার জন্য। কাজেই আজকে কলকাতা শহরে যেটা প্রযোজ্য হচ্ছে, কিছুদিন পরে এটা আবার আমাদের মফঃস্বলে যে সমস্ত পৌর অঞ্চল রয়েছে, যেমন বর্ধমান সেখানেও প্রয়োগ করা হবে। কারণ এই ধরণের বহু আইন এইরকমভাবে আগে প্রয়োগ করা হয়েছে। কাজেই সেই দৃষ্টিভঙ্গি দিয়ে আমি আপনার কাছে একটা সাধারণ বক্তব্য রাখছি। যে উদ্দেশ্যে এই বিলটা আনা হয়েছে—সত্যই খাটাল কলকাতা থেকে বাইরে রাখা দরকার। এটায় আমিও এক মত, কারণ উদ্দেশ্যটা মহৎ। কিন্তু এই বিলে এই যে খাটাল বাইরে রাখতে গেলে বা খাটাল যে জায়গায় তৈরী করবে, যেভাবে গোশালা নির্মাণ আপনাদের সিডিউল-এ যা আছে, সে সিডিউল অনুযায়ী কাজ হচ্ছে না, গোশালা তারা নির্মাণ করছে না। তৃতীয় জিনিষ বলা হয়েছে যে গোশালা তৈরী না করলে, তাদের জন্য যে জরিমানা বা দণ্ডবিধি আছে সেটা কোর্ট-এ সর্বোচ্চ পরিমাণ দণ্ড বা জারমানা তারা ধার্য্য করছেন না। মাননীয় মন্ত্রিমহাশয় একটু আক্ষেপের সঙ্গে বলেছেন যে ছয় মাস পর্যন্ত দণ্ড হতে পারে লাইসেন্স যদি কেউ না করায় এবং ১ হাজার টাকা জরিমানা, এই দুটোই এক সঙ্গে প্রয়োগ করা যেতে পারে। কিন্তু কোন বিচারক এটা প্রয়োগ করছে না, সেই জন্য তিনি আক্ষেপ করেছেন। এখন এই যে খাটাল সরানোর প্রশ্ন যেটা, সেটার পরিবেশটা কি দেখতে হবে। যদি কলকাতা থেকে সমস্ত খাটাল সরালে সব সমস্যার সমাধান হতো তাহলে কোন আপত্তি ছিল না। কিন্তু

পশ্চিমবঙ্গ সরকার কলকাতার ৩০ লক্ষ অধিবাসীর এবং বৃহত্তর কলকাতা নিলে গোটা ৫০ লক্ষের মত লোক হবে, এই ৫০ লক্ষ লোকের যদি দুধ সরবরাহ ব্যবস্থা করতে পারতেন, তাহলে এখনকার মত মোটামুটিভাবে সমস্যার সমাধান হত। কিন্তু রাজ্যপাল মহাশয়া সেদিন তাঁর ভাষণের মধ্যে একটা কথা স্বীকার করেছেন, যে আমরা ১৫ শ থেকে ২১ শ মন দুধ হরিণঘাটায় তৈরী করছি, আর আমাদের একটা মাত্র দুগ্ধ উৎপাদন কেন্দ্র। তাহলে যদি হিসাব করা যায়, দেখা যায় যে ৬০ লক্ষ লোকের জন্য ২১ শ মন দুধ যদি সরবরাহ করা হয় তাহলে দেখি এক কাপ করে চা খাবার জন্য যে দুধের প্রয়োজন সেটাও পাওয়া যাচ্ছে না। কাজেই এই পশ্চিমবঙ্গ সরকার যখন তার পরিকল্পনা অনুযায়ী সত্বর এই কলকাতার অধিবাসীদের জন্য ন্যূনতম দুধ সরবরাহের ব্যবস্থা করতে পারছে না, তখন প্রশ্ন হচ্ছে এই যে কলকাতায় দুধ ব্যবসায়ীদের রাখার দরকার আছে। কারণ বাকি দুধ যাতে লোকেরা দুধ ব্যবসায়ীদের কাছ থেকে কিনতে পারে তার ব্যবস্থা থাকা উচিৎ। সেইজন্য কলকাতার এই দুধ ব্যবসায়ীদের কলকাতায় থাকা দরকার। এখন প্রশ্ন উঠছে যে বিলটার উদ্দেশ্য কি? জনস্বাস্থ্য এবং স্বাস্থ্য ব্যবস্থা রক্ষার জন্য এই বিলটা আনা হয়েছে। এটা যদি হত যে খাটালগুলি সরিয়ে দিলে কলকাতার স্বাস্থ্য, ঠিক অন্যান্য উন্নত দেশের মত থাকবে, তাহলে দুধ না খেয়েও খাটালগুলো সরিয়ে দেওয়া দরকার। কিন্তু শুধু কি খাটালগুলোর জন্য স্বাস্থ্যের উন্নতি হচ্ছেনা বা স্বাস্থ্য ব্যবস্থাকে উন্নত করা যাচ্ছে না? কারণ স্বাস্থ্য ব্যবস্থার উন্নতি করতে গেলে প্রথমে যেটা দরকার শুধু কলকাতা শহরেই নয়, মফঃস্বল শহরগুলোতেও যে বস্তীগুলি রয়েছে, সেই বস্তীর মধ্যে পায়খানা, প্রস্রাবাগার ইত্যাদি, ইত্যাদি যে সমস্ত মৌলিক প্রয়োজনীয়তা, সরকারের পক্ষ থেকে, দু-একটা রাস্তাঘাটের কাছে করলেও, কলকাতায় তার প্রাচুর্য নেই। অবশ্য সেই তুলনায় বম্বে শহর অনেক কিছু করেছে।

এখন কলকাতার কথা বাদ দিয়ে যদি মফঃস্বলের কথা ধরি, তাহলে আমি যে শহরে বাস করি, বর্ধমান শহর, সেই শহরের অবস্থা কি? মেহেদীবাগানে একটা বস্তী আছে, সেখানে সেই বস্তীতে এগার শত পরিবার বাস করে। সেই এগার শত পরিবারের মধ্যে ৮ শত পরিবারের কোন নিজস্ব পায়খানা, প্রস্রাবাগার নেই। কাজেই তাদের রাস্তাঘাটের মধ্যে এই মলমূত্র ত্যাগ করতে হয়, এবং সেই সমস্ত পরিবারের ছেলেমেয়ে আছে, লজ্জা বা আব্রু বলে একটা জিনিস আমরা চিরকাল বলে থাকি, রহমন সাহেব ভাল করে জানেন, কাজেই সেই লজ্জা বা আব্রু তাদের কাছে আজ সেটা অবাস্তব হয়ে যায়, যখন তারা ঐ মলমূত্র ত্যাগ করে। কাজেই এই অভাব দূর করবার জন্য এক সপ্তাহ আগে, বর্তমানে যে পৌরশাসক রয়েছেন তাঁর নিকট যাওয়া যায়। আপনারা জানেন যে পৌরশাসক, এ্যাডমিনিস্ট্রেটর আছেন, কিন্তু পৌর শাসন নেই। পৌরসভা যেটা ছিল সেটাকে বাতিল করা হয়েছে, তার কণ্ঠকে রোধ করা হয়েছে, এবং কখন আবার নির্বাচন হবে, তার সম্পর্কে কোন গ্যারান্টি পাওয়া যাচ্ছে না, যদিও সকল লোক ভোট দেবার অধিকারটা পেয়েছে, কিন্তু কবে ভোট হবে এটাই জানা যাচ্ছে না। যা হক পৌর শাসকের কাছে যাওয়া গেল, তিনি বললেন যে এটা অভাবনীয় পরিকল্পনা, এটা কি করা যায়? যাহোক জনসাধারণের চাপে পড়ে তিনি প্রতিশ্রুতি দিলেন যে এটা একটা পরিকল্পনা, এতে কত খরচ এটুকু তিনি দেখতে বলবেন। কাজেই এই সমস্ত ত্রুটিগুলো সম্পর্কে ভাবা উচিৎ, যে শুধু গরুর উপর লাইসেন্স করলেই জনস্বাস্থ্য হয়ে যাবে তা নয়। তিনি শুধু পশুপালন মন্ত্রী নন, তিনি আবার স্বায়ত্বশাসন মন্ত্রীও বটেন, সেই জন্যই তার কাছে এটা রাখছি। আর একটা কথা হচ্ছে যে কেন লোকে গোশালা তৈরী করছে না? এখন গোশালা তৈরী করতে গেলে কতকগুলো প্রয়োজনীয়তা রয়েছে। প্রথমেই প্রশ্ন ওঠে, জমি, এখন সেই জমি তো শ্যামাদাসবাবু জমিদারী দখল আইন থেকে কলকাতাকে বাদ দিয়ে রেখেছেন, কাজেই কলকাতায় জমির কুমীর যারা ল্যান্ড শার্কস তাদের কাছে প্রচুর জমি থাকবে, আর আপনি ছোট্ট একটু গোশালা তৈরী করার জন্য জমি পাবেন না। এই গেল জমির প্রশ্ন। এখন দ্বিতীয় প্রশ্ন হচ্ছে জমি পাওয়া গেলেও, ইট, সিমেন্ট প্রভৃতি পাবেন কিনা, ইট সিমেন্ট-এর কথা যদি বলেন তাহলে আমি বলবো যদি দুর্গাপুর বা কল্যাণীতে যে ধরণের কংগ্রেসের অধিবেশন হয়েছে, তাতে যে পরিমান সাময়িকভাবে স্টেশন, ঘরবাড়ী তৈরী করতে এবং অভ্যাগতদের অভ্যর্থনাগার তৈরী করতে

যে ভাবে সিমেন্ট খরচ হয়েছে, যদি ৩ বছর অন্তরও এই অধিবেশন হয় তাহলে যার লাস্ট প্রায়রিটি আছে that should be deferred to another 9 years আর ৯ বছর তার প্রায়রিটি-টা পেছিয়ে যাবে। তাহলে, এই যে সিমেণ্ট পাওয়ার ব্যাপারেও, সরবরাহ দপ্তরের আবার একটা কারচুপি আছে। জমি পাওয়া যাবে না, সিমেণ্টও পাওয়া যাবে না, এখন ইঁট পাওয়ার ব্যাপারে, যদিও এখন ইঁট পাওয়া যাচ্ছে, কিন্তু শ্যামাদাসবাবু, ভূমি রাজস্ব মন্ত্রী আবার একটা আইন আনছেন যাতে ইঁট পাওয়াটাও খুব অসুবিধাজনক হয়ে পড়বে। কাজেই এই যে পরিবেশ স্যার, তৈরী করতে গেলে আর একটা পরিবেশ সৃষ্টি করতে হবে, শুধু আইনের দ্বারা কাঠামোটা পরিবর্তন করা যায়, কিন্তু জনসাধারণের মানসিক অবস্থার পরিবর্তন করা যায় না। কাজেই জনস্বাস্থ্য কথাটাকে ঐরকম টুকরো করে দেখলে হবে না, একটা সামগ্রিক দৃষ্টিভঙ্গী নিয়ে দেখতে হবে। এখন উনি হয়তো বলবেন, যে আমি ঐসব দপ্তরের মন্ত্রী নই, কিন্তু বিলটা আনার সময় মন্ত্রী মণ্ডলীদের সঙ্গে আলোচনা করে, আনা হয়েছে ; কাজেই তিনি আইনে এক কথা বলছেন, এ পিস অফ লেজিসলেশন, এক টুকরো আইন, শুধু আইন। ঐটিকে বাদ দেবার জন্য সামগ্রিক দায়িত্বটা যাতে উনার ঘাড়ে না পড়ে, কাজেই এ পিস অফ লেজিসলেশন এই কথা বললে ঠিক হবে না। এখন এই যে পরিবেশ, এই পরিবেশে যাদের তৈরী করবার ইচ্ছাও থাকে, যারা আইন-টাকে মানবার চেষ্টাও করে, তারা মানতে পারে না। আমি জানি মধ্য কলকাতার একজন বিশিষ্ট শিক্ষাবিদ, বিশিষ্ট চিকিৎসক যিনি এই জনস্বাস্থ্য ব্যবস্থার জন্য আজীবন রীসার্চ করে এসে-ছেন, এমন কি পদ্মভূষণ টাইটেলও পেয়েছেন, সেই রকম ভদ্রলোকও এই আইন অমান্য করতে বাধ্য হয়েছেন।

[3—3-35 p.m.]

তিনি কাউসেড তৈরী না করে তাঁর গ্যারেজের মধ্যে দুটো গাড়ীর পাশে দুটো গরুও রাখার ব্যবস্থা করেছেন। কাজেই আইন অনুযায়ী পরিবেশ সৃষ্টি করার জন্য তিনি কোন ব্যবস্থা করতে পারলেন না। সেজন্য এই রকম টুকরো আইন না নিয়ে এসে কি করে সামগ্রিক আইন করা যায় সে দিকে লক্ষ্য দিতে হবে। গরুর প্রয়োজন রয়েছে, দুধ সরকার দিতে পারছেন না। অবশ্য বোম্বে মিউনিসিপ্যালিটি সে দিকে অনেক এগিয়েছেন। তাঁরা সমস্ত শহরে যে পরিমাণ দুধের দরকার সেই পরিমাণ দুধ সরবরাহ করছেন। কিন্তু আমরা যখন তা পারছি না তখন এই রকম আইন নিয়ে আসা ঠিক হচ্ছে না। দ্বিতীয় কথা হচ্ছে আপনারা বলছেন যে, অনেক লাভ করছে খাটালের মালিকরা। খাটালের মালিকরা লাভ করতে পারত যদি সরকারের সরবরাহ দপ্তর সে দিকে দৃষ্টি না দিতেন। তাঁরা কি করছেন—তেলের দাম বাড়ানর সঙ্গে খোলের দামও বাড়িয়ে দিলেন। ডাল ৮ আনার জায়গায় ২ টাকায় বিক্রি হল, ফলে ভূষির দাম বেড়ে গেল। কাজেই এত খরচ করে গরুকে খাইয়ে দুধে তারা বেশী লাভ করতে পারছে না। অবশ্য তারা লাভ করছে। কি করে—আমাদের যে মিশ্র অর্থনীতি, গণতান্ত্রিক সমাজবাদ সেই গণতান্ত্রিক সমাজবাদের আওতায় যেমন আমরা চোরাকারবারীদের রক্ষা করছি তেমনি দুধে জল মেশান চলছে, জল মিশিয়ে তারা লাভ করছে। কাজেই তাদের লাভ হচ্ছে খালি দুধে জল মেশানর জন্য। স্বাস্থ্য বিভাগের দৃষ্টি সে দিকে দেওয়া উচিত বা সেই অনুযায়ী আইন হওয়া উচিত। তা না হলে শুধু লাভ করছে বলা ঠিক হবে না। কাজেই এই আইন এইভাবে না নিয়ে এসে কি করে পরিবেশ সৃষ্টি করা যায় সে দিকে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি দেওয়া উচিৎ ছিল। সে দিকে দৃষ্টি দিয়ে সর্বাংগীন-ভাবে পৌর এলাকার স্বাস্থ্য কি করে উন্নত হতে পারে সে দিকে দৃষ্টি দেওয়া উচিত ছিল। কাজেই আমি এই আইন মোটামুটিভাবে এখনই পাশ হোক এটা মানতে পারছি না। সেজন্য আমার সংশোধনী আছে।

Mr. Speaker: The House stands adjourned for half an hour. Now the meeting of the Business Advisory Committee will be held and the members are requested to attend.

[At this stage the House was adjourned for half an hour]

[After adjournment]

Students' procession

Shri Jyoti Basu:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি যদি একটু শুনেন তো আমি বলি। আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই যে ১৪৪ ধারার বাইরে গভর্নর হাউসের কাছে বহু ছাত্র-ছাত্রী এসেছে বন্দীদের মুক্তি দাবি করে যাঁরা বিনা বিচারে ভারত রক্ষা আইনে গ্রেপ্তার হয়ে আছেন। তারা ডিমনস্ট্রেশান করে এসেছে তাঁদের মুক্তি চেয়ে। তারা মনে করছে অত্যন্ত অগণতান্ত্রিক কাজ সরকার পক্ষ করছেন, এমন কি ছাত্র ফেডারেশানের নেতাদেরও গ্রেপ্তার করা হচ্ছে। আমরা যখন এখানে সংসদীয় গণতন্ত্র, নানারকম আলোচনা করছি তখন কিন্তু যাঁরা নির্বাচিত প্রতিনিধি তাঁরা অনেকেই এখানে নেই এবং কাকে কখন ধরা হচ্ছে তা কেউ বুঝতে পারছেন না। কোন চার্জ নেই, কোর্ট নেই, এই রকম একটা মগের মুল্লুকে আমরা এখন আছি। এইটুকু আপনার কাছে জানালাম। সরকারের কথা আমরা শুনলাম সকলে যে আমরা কি করব, কেন্দ্রীয় সরকার করেছে, হোয়াইট পেপার বেরুলে সব ঠিক হয়ে যাবে। হোয়াইট পেপার আমরাও দেখব। আপনি অনেক দিন এই রাজনীতিতে আছেন। আপনি দেখেছেন এখানকার আইন-কানুন। রুলস, ল, কোন কিছু নেই, এই হচ্ছে কংগ্রেসী রাজত্ব। অবশ্য এখানে যতদিন আছি, যতদিন ডিফেন্স অব ইন্ডিয়া রুলে গ্রেপ্তার না হচ্ছি ততদিন চেঁচিয়ে যাব। তবে এইটুকু বুঝতে পারছি যে জন-সাধারণ সরকারের এই নীতিকে সমর্থন করছে না। সেজন্য আজ ছাত্র-ছাত্রীরা হাজারে হাজারে ধর্মঘট করেছে, এইভাবে প্রতিবাদ জানিয়ে তারা তাদের দাবি নিয়ে এখানে এসেছে।

Shri Nikhil Das:

মিঃ ডেপুটি স্পীকার, স্যার, জ্যোতিবাবু যেটা বললেন আমিও বলছি যে ছাত্রদের ৪টা দাবি আছে। একটা দাবি হচ্ছে বন্দী মুক্তি, আর একটা হচ্ছে শিক্ষকদের প্রস্তাবিত একটা স্তরে কর্ম বিরতি, আর একটা স্তরে অনশন ধর্মঘট, আর একটা স্তরে পরীক্ষা বর্জন, শিক্ষকদের যে ন্যায্য দাবি এবং ছাত্রদের যে সমস্যা সেটাও এই দাবির অঙ্গ, সেই দাবি নিয়ে আজকে কলকাতা শহরের আশে-পাশে সমস্ত ছাত্ররা ধর্মঘট করেছে, ধর্মঘট করে তারা এ্যাসেম্বলীর সামনে এসেছে। স্যার, আপনার মাধ্যমে আমি সংশ্লিষ্ট মন্ত্রী যাঁরা আছেন, আমাদের মুখ্যমন্ত্রী, অন্যান্য মন্ত্রী যাঁরা আছেন, তাঁদের কাছে আবেদন করছি তাঁরা যেন এই ব্যাপারে একটা সুরাহা করেন। কারণ, ছাত্ররা রাস্তায় নেমে এসেছে, অবস্থা কতটা গুরুত্বপূর্ণ সেটা বুঝতে পারছেন। এখন এই ব্যাপারটা উপেক্ষার সাথে না দেখে যেভাবে ১৬ তারিখ থেকে আরম্ভ হতে চলেছে তাতে গুরুত্ব দিয়ে ব্যাপারটা বিচার করে দেখুন।

Shrimati Ila Mitra:

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, ছাত্ররা যে দাবী নিয়ে আজকে সারা দেশে ধর্মঘট করেছে এবং সেই হাজার হাজার ছাত্রছাত্রী—তারা এখানে এসে উপস্থিত হয়েছে। আজ সমস্ত স্কুল কলেজে স্ট্রাইক হয়েছে তা আপনি জানেন নিশ্চয়। তাদের যে দাবী এই মাত্র জ্যোতিবাবু যে কথা বললেন যে বিনা বিচারে যাদের আটক করা হয়েছে বিশেষ করে ছাত্র নেতাদের পর্যন্ত বিনা বিচারে আটক করা হয়েছে—তাদের মুক্তির একটা দাবী এবং তাছাড়া ছাত্রদের বিভিন্ন শিক্ষা সমস্যার দাবী এবং শিক্ষকরা যে সমস্ত দাবী নিয়ে আন্দোলনে নেমেছেন—সেই দাবীর সমর্থনে তারা এখানে এসেছে এবং মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে তারা এই কথা বলছে যে সরকার পক্ষ থেকে তাদের সঙ্গে গিয়ে দেখা করুন এবং এই সম্পর্কে আপনাদের যা বক্তব্য সেখানে গিয়ে আপনারা বলুন।

[3-35—3-45 p.m.]

The West Bengal Cattle Licensing (Amendment) Bill, 1965

Dr. Kanai Lal Bhattacharya:

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, মন্ত্রীমহাশয় আমাদের কাছে যে আইনটী এনেছেন, তার দ্বারা তিনি সংশোধন করতে চেয়েছেন একটা পেনাল ক্লজ—অবশ্য আমরা এটাকে সমর্থন করি। আমরা মনে করি যে আরো ডিটারেণ্ট পানিসমেণ্ট হওয়া উচিত। কিন্তু মন্ত্রীমহাশয়কে তার আগে গুটিকয়েক প্রশ্ন আমি করতে চাই। যখন এই আইনটা আনা হয়, তখন বিরোধীপক্ষের তরফ থেকে আমরা তার দৃষ্টি আকর্ষণ করেছিলাম যে এই যে শাস্তির ব্যবস্থা এই আইনে করা হচ্ছে, তার দ্বারা যারা খাটাল কলকাতায় করে সমস্ত কলকাতা সহরকে আবর্জনাময় করে তুলেছে তাদের কতখানি তাড়ান যাবে তাতে সন্দেহ আছে। যাহোক অভিজ্ঞতার দ্বারা তাদের সেই শিক্ষা অর্জন হয়েছে। আমি শুধু এইটুকু বলতে চাই যে খাটাল অপসারণ করার সংগে সংগে তাঁদের যে কাজগুলি করা উচিত ছিল, সেই দিক দিয়ে সরকার সেই সমস্ত কাজগুলি সুষ্ঠুভাবে করতে পারেননি। অর্থাৎ সেই সময় বিল তৈরীর সময়—মন্ত্রীমহাশয় বলেছিলেন যে কলকাতা থেকে এই সমস্ত খাটাল অপসারণ করে হরিণঘাটায় নিয়ে যাওয়া হবে এবং সেই সমস্ত গবাদি পশুর জন্য হরিণঘাটায় জমি দিয়ে তাদের খাটাল তৈরী করে দিয়ে রাখা হবে এবং ওখান থেকে যে দুধ পাওয়া যাবে, যে দুধ সেখানে উৎপাদিত হবে সেই দুধ হরিণঘাটার ডেয়ারী ফার্ম কিনে নেবে এবং কিনে নিয়ে জনসাধারণের মধ্যে সেই দুধ বিক্রী করা হবে, সরবরাহ করা হবে এবং যে সমস্যার কথা আমরা তখন বলেছিলাম মন্ত্রীমহাশয়ের কাছে তাতে তিনি বলেছিলেন যে দুধ সরবরাহ এর দ্বারা কমবে না বা হ্রস হবে না; বরং এর দ্বারা খাঁটি দুগ্ধ সরবরাহ করা যাবে। কিন্তু প্রকৃতপক্ষে আমরা কী দেখলাম? উত্তর কলকাতা থেকে মধ্য কলকাতা, দক্ষিণ কলকাতা থেকে বিগত দু-এক বছরের মধ্যে খাটাল অপসারিত হলো। অনেক ক্ষেত্রে বে-আইনী ভাবে কোন আইনের আশ্রয় না নিয়ে—জোরজবরদস্তি করে সেই সমস্ত খাটাল অপসারিত করা হয়েছে পুলিশের সাহায্যে এবং কর্পোরেশনের সাহায্যে। তখন অবশ্য পাবলিকের তরফ থেকে সাধারণ মানুষের তরফ থেকে খুব একটা বাধা সৃষ্টি করা হয় নাই। তার কারণ হচ্ছে সরকার যে কাজটি করছেন তার উদ্দেশ্য সৎ ও ভাল। কিন্তু তার দ্বারা যে সমস্যা সৃষ্টি করা হয়েছে—তার সমাধান মন্ত্রীমহাশয় করতে পারেন নি। অর্থাৎ এই খাটাল দ্বারা কলকাতায় যে দুগ্ধ সরবরাহ করা হতো সেই দুগ্ধ সরবরাহ তাঁরা বজায় রাখতে পারেন নি।

হরিণঘাটার দুধ সরবরাহ বিগত কয়েক বছরে ৪।৫ হাজার মণ বেড়েছে বটে, কিন্তু কোলকাতার ৬০ লক্ষ লোকের কথা বলব না কারণ আমাদের দেশের নিম্ন মধ্যবিত্ত লোকেরা কিংবা তাদের শিশুরা দুধের মুখ দেখে বলে মনে হয় না তবে যে সমস্ত উচ্চ মধ্যবিত্ত এবং মধ্যবিত্ত সম্প্রদায় তাদের শিশুদের মুখে দুধ দিতে পারেন তাদের পক্ষেও দুধের যোগান দেওয়া একটা অসম্ভব ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। মন্ত্রীমহাশয় একথা নিশ্চয়ই স্বীকার করবেন যে, তাঁর কাছেও শহরের বিভিন্ন জায়গা থেকে গণ্যমান্য ব্যক্তিরা হরিণঘাটার একটু দুধের জন্য ছোটাছুটি করছেন। স্যার, এ ব্যাপারে শুধু মিল্ক কমিশনার-কে বা যাঁরা হরিণঘাটার দুধ সরবরাহ করেন সেই ভারপ্রাপ্ত কর্মচারীদের দোষ দিয়ে লাভ নেই কারণ তাঁদের কাছে এরকম হাজার হাজার দরখাস্ত পড়ে রয়েছে যে, আমাকে এক লিটার বা আধ লিটার দুধ দিন। কিন্তু সেটা তাঁরা সরবরাহ করতে পারছেন না। তাঁরা যে টোণ্ড মিল্ক করছিলেন সেটা এখন আবার ডাবল টোনড মিল্ক হয়ে গেছে। অর্থাৎ গরুর দুধের সংগে গুড়ো দুধ মিশিয়ে ফ্যাট পারসেণ্ট কমিয়েছে এবং এখন আবার ডাবল টোণ্ড করায় দুভাগ ফ্যাট আছে কিনা সন্দেহ। আমার বক্তব্য হচ্ছে খাটাল অপসারণের মত একটা মহৎ কাজ যখন করতে চলেছেন তখন তার দ্বারা যে সমস্যার সৃষ্টি হচ্ছে

সেটা সমাধান করবার জন্য কোন পরিকল্পনা করেছেন কিনা? যদি সেই পরিকল্পনা আগে থেকে না করা হয়ে থাকে তাহলে আমি বলব খুব অন্যায় করা হয়েছে। আর যদি সেই পরিকল্পনা করা হয়ে থাকে তাহলে তাকে বাস্তবে রূপ দেবার পক্ষে কি অসুবিধা হচ্ছে বা কি কারণে তাকে বাস্তবে রূপ দেওয়া সম্ভব হচ্ছে না সেটা আমাদের বলতে হবে, জনসাধারণের কাছে জবাবদিহি করতে হবে। যদি মনে করেন গুটিকতক অসুবিধার জন্য সেই পরিকল্পনাকে রূপ দিতে পারছেন না তাহলে আমি বলব এই খাটাল অপসারণের কাজ কিছু দিনের জন্য স্থগিত রাখুন এবং যারা এতদিন ধরে দুধ পেয়ে আসছিল তারা যাতে সেই দুধ থেকে বঞ্চিত না হয় তার জন্য প্রচেষ্টা করুন। আমি জানি কোলকাতার ৬০ লক্ষ লোক বা তাদের শিশুদের দুধ দেবার পরিকল্পনা সরকারের পক্ষ থেকে এখনই করা সম্ভব নয়, তাঁরা তা করতে পারবেন না এবং আমিও তা বলি না। আমি বলছি যারা পাচ্ছিল তাদের বঞ্চিত করবার অধিকার আপনাদের নেই বিকল্প ব্যবস্থা না করে। আজকে এই আইন পাশ করিয়ে. কোলকাতা থেকে খাটাল সরিয়ে নিয়ে সমস্ত কোলকাতাকে দুধ-শূণ্য করে দেবেন এটা আমরা সমর্থন করিনা। তাই মন্ত্রীমহাশয়কে বলি আপনি যে আইনের ধারা সংশোধন করছেন তার জন্য যদি সমস্যার সৃষ্টি হয় তাহলে এদিকে এগুবেন না। তাছাড়া আর একটি কথা বলব। বিলে উনি বলছেন যদি কোন লোক ৬ মাসের মধ্যে দুবার অপরাধ করে অর্থাৎ কোলকাতার মধ্যে খাটাল করে যেটা আইনের চোখে অপরাধ তাহলে সরকার তার গবাদি পশু বাজেয়াপ্ত করবেন এবং সেই মর্মে ম্যাজিস্ট্রেট নির্দেশ দিতে বাধ্য থাকবেন। মন্ত্রীমহাশয় এই যে সংশোধন করছেন তাতে আমি তাঁকে বলতে চাই আজকে যে শ্রেণীর লোক কোলকাতায় দুধের ব্যবসা করে তাদের সম্বন্ধে মন্ত্রীমহাশয় জানেন এবং আমরাও সকলে জানি।

[3-45—3-55 p.m.]

সেই শ্রেণীর লোক মনে করুন এক্স, এক জায়গায় গুটিকতক গরু নিয়ে কলকাতায় খাটাল করে অপরাধ অনুষ্ঠিত করে তার শাস্তি হল, ৬ মাসের মধ্যে সে যদি তার নাম পরিবর্তন করে ফেলে ওয়াই, তাহলে জিজ্ঞাসা করতে চাই সেই রকম ক্ষেত্রে মাননীয় মন্ত্রীমহাশয় কি করবেন, সেটা চিন্তা করা দরকার। কারণ আইন পাশ করার পর আবার সেটা সংশোধন করতে হচ্ছে। তার কারণ আইনের মধ্যে ফাঁকি ছিল, মনে হয় যে শ্রেণীর লোক এই অপরাধ করে, তারা অনায়াসে এটা করতে পারে, তারা আমাদের এ দেশের লোক নয়, অর্থাৎ আমাদের বাংলাদেশের লোক নয়, সাধারণতঃ তারা বাইরে থেকে আসে, বাংলাদেশে দুধের ব্যবসা করে, কাজেই তার যখন নাম পরিবর্তন করে ওয়াই-এর ক্যাটলের ওনার হিসাবে ভাইয়ের নামে তখন দ্বিতীয়বার অপরাধ অনুষ্ঠিত করতে পারে। সেদিকটা মন্ত্রীমহাশয়ের দেখা দরকার। কাজেই যে ফাঁকি আইনের মধ্যে দেখা যাচ্ছে সেদিকটায় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি দেওয়া উচিত বলে মনে করি।

Shri Rabindra Nath Mukhopadhyay:

ডেপুটি স্পীকার মহাশয়, আমার সংক্ষেপে দুই একটি কথা বলার আছে। আমি সাধারণভাবে বিলটিকে সমর্থন করি। আমার পূর্ববর্তী বক্তাম্বয় যা বলেছেন দুধের ব্যবস্থা করতে পারলেন না অথচ খাটাল সরাবার আইন করেছেন, গরুগুলিকে সরাবার ব্যবস্থা করেছেন, মাঝখান থেকে শিশুগুলি দুধ পেলনা, এই যে পরিস্থিতি এই পরিস্থিতির বিরুদ্ধে আমি জানিনা মাননীয় মন্ত্রীমহাশয়ের বলার কি আছে, তাঁর ভাষা কি আছে। মোট কথা হচ্ছে আমার সাধারণ অভিজ্ঞতায় দেখেছি, একবার স্লাম ক্লীয়ারেন্স বিলের কথা উঠেছিল, তখন অপরের কি হয়েছে জানি না, তার ধাক্কা গিয়ে আসে পাশে গিয়ে পড়তে আরম্ভ করলো, অর্থাৎ আমরা লক্ষ্য করে দেখলাম কলকাতা থেকে কিছু কিছু স্লাম বাইরে বেহালা অঞ্চলে যেতে আরম্ভ করল, এবার মনে হচ্ছে স্লাম সম্বন্ধে নানা ধরণের আছে, এটা যখন হবে তখন দেখা যাবে কলকাতা সংলগ্ন যে সমস্ত মিউনিসিপ্যালিটি আছে সেই সমস্ত জায়গায় আস্তে আস্তে খাটাল যেতে সুরু করবে। সুতরাং যদি আমার বিশেষভাব অনুভব করি যে এই খাটাল পরিকল্পনা কার্যকরী করতে হবে, খাটাল সরাতে হবে তাহলে কোন কোন জায়গা চিহ্নিত করা প্রয়োজন—এই সমস্ত জায়গায় খাটাল করা যেতে পারে এবং এ বিষয়ে মিউনিসিপ্যালিটিগুলিতে ক্ষমতা দেওয়া দরকার।

তা নাহলে অধিকাংশ ক্ষেত্রে দেখা যায় কোথাও কোথাও লাইসেন্স পর্যন্ত দেওয়া হয়েছে আশে পাশে বস্তীর জন্য, তার বিরুদ্ধে মামলা করা অসম্ভব, যেটা রুলসের মধ্যে লেখা আছে। প্রথমতঃ যদি মামলা করতে হয়, নোটিশ সার্ভ করার পূর্বে পর্যন্ত যে সমস্ত দারোগারা দুধ খান তারা নোটিশ সার্ভ করতে দেননা, তারপরে কোন রকমে ৬ মাস ১ বছর কাটাবার পর দু টাকা চার টাকা ফাইন হয় এবং তারা সেই ফাইন দিয়ে যথারীতি কাজ চালিয়ে যায় এদিক থেকে এবং অন্য দিক থেকে প্রয়োজন আছে বলে মনে করি। যেহেতু এটা কলকাতার মধ্যে নিবদ্ধ ক- কাতার সমস্যা সমাধান করতে স্বভাবতঃই আমরা ব্যস্ত আছি, এবং তা আগে কবার — কার, কিন্তু দুধের কি ব্যবস্থা করবেন? এ'রা জানেন এই সমস্যার সমাধান করতে গিয়ে যদি বেহালা কিংবা দমদমে গিয়ে বা যাদবপুরে গিয়ে খাটাল পরিস্থিতি নূতন করে সৃষ্টি হয় তাহলে আসলে এ কোন কার্যকরী ব্যবস্থা হবেনা, কেননা এই সমস্ত জায়গায় অতি দ্রুত হারে পপুলেশন বাড়তে সুরু করেছে। সেজন্য আমি মনে করি অসুবিধা অনেক আছে এবং একটার সংগে আর একটা জড়িত।

আমার ব্যক্তিগত অভিজ্ঞতা আছে যে গত ২।৩ বছরের মধ্যে বেহালা অঞ্চলে ক্রমাগত খাটা- লের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে এবং স্লাম-এর সংখ্যা নানা কারণে ওখান থেকে তাড়া খেয়ে এখানে এসে হাজির হয়েছে এবং এগুলি মোটামুটি শহরাঞ্চলে হচ্ছে। এর ফলে এখানকার জনস্বাস্থ্য বহু পরিমাণে বিঘ্নিত হচ্ছে। এই কারণে আমি মনে করি বিলে যে চৌহদ্দী আছে সেটাকে ঠিক ঠিক ভাবে যদি প্রয়োগ করা হয় তাহলে আমি মনে করি আশেপাশের যে সমস্ত মিউনিসি- প্যালিটিগুলি আছে যেখান থেকে কোলকাতায় তাঁরা হয়ত খানিকটা পরিমাণে দুধ সরবরাহ করতে পারে। এখন যে রুলস আছে সেই রুলস আমি জানি না খাটাল কি রকম — ভিত্তিতে সরবরাহ করতে হবে, কত ক্যাট্‌ল কি পরিমাণ গরু থাকলে খাটাল হবে — জানাবেন। ব্যক্তিগত প্রয়োজনে কোন বড় ফ্যামিলি-তে যদি ২।৩টা গরু থাকে সেগুলি এর মধ্যে পড়বে কিনা জানিনা? সুতরাং যদি ধরে নেওয়া হয় ব্যক্তিগত প্রয়োজনে, ব্যবসার প্রয়োজনে নয় এটাকে ব্যবহার করা হবে না তাহলে আমার কথা হচ্ছে এক্ষেত্রে দৃষ্টিটা আরও একটু প্রসারিত করা দরকার। আমি যেখান থেকে এসেছি সেই বেহালা জায়গাটা কোলকাতার অত্যন্ত নিকট বর্তী অঞ্চল। সেজন্য সেখানে যদি এর ধাক্কা গিয়ে পড়ে তাহলে সেখান থেকে একটা — সৃষ্টি হবে এবং গত ৩।৪ বছরের পূর্বে অভিজ্ঞতায় বলছি যে এখানকার ধাক্কা এখনই ঐসব দিকে পড়তে আরম্ভ করেছে। সেদিক থেকে এই বিলটা আরও একটু ঠিক করার প্রয়োজন আছে।

[3-50—4 p.m.]

Shri Bejoy Kumar Banerjee:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ গবাদি পশু সংক্রান্ত অনুজ্ঞা প্রদান (সংশোধন) বিধেয়ক বিল বাংলা ভাষায় গবাদি নিয়ে আরম্ভ প্রথম এই বিল। একটা অস্বাস্থ্যকর খাটাল পল্লীঅঞ্চলে থাকে এটা কেউ চায় না। সাধারণ মানুষ যেখানে বাস করে সুন্দর পরিবেশের মধ্যে তাদের বাস করা উচিৎ। এই শহরের চৌরঙ্গীতে যেখানে ৫০ হাত দূরে যক্ষা রুগী, গরু, ছাগল সহ মানুষ একঘরে থাকে, যেখানে রাস্তার ফুটপাতে লক্ষ লক্ষ লোক সারাদিন রাত বছরের পর বছর থাকে সেখানে খাটাল উঠে গেলে যে খুব একটা পরিচ্ছন্ন হবে তা আমি বিশ্বাস করি না। কিন্তু তাহলেও খাটাল তুলে দেওয়া উচিৎ। অনেক দিনের আইন করা সত্বেও আজও খবরের কাগজে ছবি দেখলাম চৌরঙ্গীতে পুলিশ হাত দেখিয়েছে সেখানে ষাঁড় ঘুরে বেড়াচ্ছে। সে যাই হোক উদ্দেশ্য সম্বন্ধে বাস্তবিক পক্ষে যদি কোন আন্তরিকতা থাকতো যে যাই আইন আমরা করি না কেন সেটা কার্যকরী হতে পারে সৎ এ্যাডমিনিস্ট্রেশন যদি থাকে। কিন্তু এখানে পাকাপোক্ত ব্যবস্থা আছে মাসের পর মাস বছরের পর বছর পুলিশকে টাকা দেওয়া হয় এবং তারাও সেইভাবে কালেকসন করে চলে যায় এবং যে যেখানে আছে সে সেখানেই থেকে যায়। আর এই আইনে সেটা আর একটু বাড়বে। আমি বাহিরে খুব বেশী যাই নি, কিন্তু কোলকাতা শহরে আজ কতজন লোক হরিণঘাটার দুধ খাচ্ছে। কতজন লোকের দুধ কেনবার ব্যবস্থা আছে

এবং এর জন্য কার্ড কোথায় কি ভাবে করতে হয় তাও জানে না। এছাড়া কত লোককেই বা টোণ্ড অবল টোণ্ড মিল্ক কেনার ক্ষমতা আছে। লাইসেন্স করার কথা বলেছেন, কিন্তু ১৬।১৭ বছর স্বাধীনতার পর বাংলাদেশে বিশেষ করে কোলকাতা শহরের আজ ছোট ছোট ছেলেমেয়েদের দুধ না খেয়ে মেরে ফেলার দায়িত্ব এই সরকার নিয়েছেন। এটাকে হেসে উড়িয়ে দেবার ব্যাপার নয়। সেজন্য আজ ল্যাক্টোজেন, প্লাক্সো, হরলিক্স খাওয়াবার জন্য আমরা চেষ্টা করছি, কারণ ছেলেমেয়েদের খাবার দুধ চলে গেছে। আজ গেরস্ত বাড়ীতে তারা নিজেরাই থাকতে পারে না, সেখানে গরু থাকবে কি করে--তার উপর আবার স্পেসিফিকেশন করা হচ্ছে যে গরু কি রকম ভাবে থাকবে। এই শহরে যেখানে মানুষ থাকতে পারে না সেখানে গরু থাকার ব্যবস্থা করা সম্ভব নয়।

মাননীয় মন্ত্রীমহাশয় ঠিক বলেছেন যে অবজেক্ট এণ্ড রিজিন আমাদের ঠিক থাকা সত্বেও আমাদের স্পেসিফিকেসান অনুসারে কোন লোক গোয়াল তৈরী করে নি। কি করে করবে? কারণটা বুঝুন। যে স্পেসিফিকেসান হয়েছে তা পাগলের স্পেসিফিকেসান সে স্পেসিফিকেসানের মাথা মুণ্ডু নেই। অথচ আপনারা আইনে ক্ষমতা দেখাচ্ছেন। সেখানে এটা কোন রকমে পাশ হতে পারে না। ধরুন একটা লোক সামান্য দু একটা ছেলেপুলে নিয়ে থাকে এবং হয়ত তার একটু দুধের দরকার তাহলে সে কি করবে? ২৪ ঘণ্টা তার পেছনে পুলিস লেগেছে। আমি সে সবের কথাই বলছি এবং অভিজ্ঞতা থেকে বলছি। আইন আনছেন জোর করে পাশ করবেন। একটা আইন করেছিলেন তা তারা মানে নি, তখন তারা মানবে কেন। এটা যে মানবে তার গ্যারাণ্টি কোথায়? এতে কেবল ঘুষের পরিমাণ বাড়বে। আমি একটা ছোট সংসারের কর্তা হিসাবে বলছি। আজকে পয়সা দিয়েও দুধ পাওয়া যায় না, পয়সা দিলেও কোন সুযোগ সুবিধার ব্যবস্থা নেই। আপনারা বলছেন খাটাল সরিয়ে দাও। আপনারা সরাচ্ছেন সরান। কিন্তু এর জন্য ব্যবস্থা কি করছেন? এ বিলে আপনারা বলছেন কি সহরাঞ্চলে কি হবে? আমি জিজ্ঞাসা করি কোন পাড়ায় টেন পারসেন্ট লোক ঐ দুধ খায়। হরিণঘাটার কোন রকম দুধ পাওয়া যায় না। লোকে আজকে খেতে পায় না। আজকে দেখা যাচ্ছে কোন জায়গায় দুধ নেই আর তার কোন ব্যবস্থাও আপনারা করেন নি। সামান্য দূরে উত্তরপাড়া বেলুড় বালিতে এ সব জায়গায় ঐ দুধ পাওয়া যায় না। আমি জানি এর ফলে পুলিসি রাজত্ব বাড়বে আর সেখান থেকে গরু নিয়ে লোক পালাবে। গোয়ালাদের যত দোষ থাক তারা তো বালতি নিয়ে হাজির হয় এবং খানিকটা দুধ দেয়। আপনারা গেলে দুধ দেবেন? আমি এই কথাই বলছি স্যার, এই সব আইন আপনাদের মন গড়া আইন। আইন করুন—গোয়ালা তুলুন তবে আমি তা সমর্থন করি না। আমি জানতে চাই তার অলটারনেটিভ ব্যবস্থা কিছু করতে পারেন নি। কেন? আপনারা যাতে হাত দিচ্ছেন তাই সোনা ফলিয়ে দিচ্ছেন। আজ দুধ নেই, আজ লোকে খেতে পারছে না। এ ভাবে আইন করে পেনাল্টি দেবার চেষ্টা করছেন। এতে কি হবে? মাননীয় ডেপুটী স্পীকার স্যার, আমি মন্ত্রীমহাশয়কে এই কথা বলি তিনি এটা একটু ভেবে দেখুন। উত্তর বাঁধা ধরা আছে দেবেন আমি জানি এবং এও জানি যে বিল পাশ হবে, কিন্তু আপনারা একটু সিরিয়াসলি ভাবুন। এই দেশকে যারা রক্ষা করবে যারা দেশের ভবিষ্যৎ নাগরিক হয়ে আমাদের দাঁড়াবে সেই ছোট ছেলেরা দুধ খেতে পারছে না। আমরা তাদের খেতে দিতে পারছি না। এই ১৬।১৭ বৎসরের রাষ্ট্র ব্যবস্থায় হল না তার কারণ হল এই অপদার্থতা। তারজন্য ছেলেরা কি করে পুষ্টিকর খাদ্য পাবে সেটা দেখা হচ্ছে না। আজকে আমেরিকা ইত্যাদি জায়গা থেকে ল্যাক্টোজেন আনাচ্ছেন এবং সে সব অধিক মূল্য দিয়ে খাওয়াতে বাধ্য করাচ্ছেন। (শ্রীনেপালচন্দ্র রায়ঃ—স্যার, উনি তো আগে কংগ্রেসে ছিলেন,) আমি ওসব কংগ্রেস অকংগ্রেস বুঝিনা। আমার কথা হচ্ছে আমরা যা বলি তা একটু শুনুন। কারণ ইতিহাস ওল্টাবে না এর পানিশমেণ্ট একদিন আপনাদের পেতেই হবে। দেশকে সর্বনাশের পথে আপনারা নিয়ে যাচ্ছেন। আজ আপনাদের ক্ষমতা নেই। সাজেসান আপনারা নিচ্ছেন না। আজকে যে সমস্ত জায়গা খালি পড়ে আছে সে সমস্ত জায়গায় যাতে আইন মতে গরু রাখতে পারে তাদের সে ফেসিলিটি দিন ও দুধের ব্যবস্থা করুন। ছোট ছোট জায়গায় নিয়ম মত দুধ সাপ্লাই দিন। আমরা দেখছি কলকাতার বাহিরে বিড়লা কারখানায় হিন্দ মোটরে ওখানে দুধ আপনারা পাঠাচ্ছেন, কিন্তু মধ্যিখানের রাস্তায় তারা পাচ্ছে না। সেখান থেকে কোথায়

হরিণঘাটা? কিন্তু মধ্যিখানের লোকেরা একটু দুধও চোখে দেখতে পারছে না। এসব দুধ বাড়াবার কোন ক্ষমতা আপনাদের নেই। এছাড়া টোন ডবল টোন ইত্যাদি কি সব খাওয়াচ্ছেন কে জানে। তাই আমার বিনীত অনুরোধ আপনারা এ সবের ব্যবস্থা করুন। আমি এই বিলের বিরোধীতা করছি। ইতিহাসের কাছে সাক্ষি রেখে যাচ্ছি আপনারা দেশের সর্বনাশের একটা সূচনা করছেন।

[4—4-10 p.m.]

Shri Deb Saran Ghosh:

মাননীয় ডেপুটী স্পীকার মহোদয়, মন্ত্রীমহাশয় তাঁর সংশোধনী বিলের মাধ্যমে আসলে শাস্তি-মূলক ধারাটা সংশোধন করতে চেয়েছেন কিন্তু তার প্রতিক্রিয়া হিসাবে যে অবস্থাগুলি দেখা দেবে সে সম্পর্কে আমি দু একটি কথা আপনার মাধ্যমে বলতে চাই। মন্ত্রীমহাশয় কলকাতার জনস্বাস্থ্যের অজুহাত দেখিয়ে—এই খাটালগুলি অপসারণ করতে চেয়েছেন। কিন্তু এটা কি ঠিক যে খাটাল থাকার ফলে কলকাতার স্বাস্থ্যের অবনতি হয়েছে? অবশ্য কিছুটা সত্য এটা অস্বীকার করা অন্যায়। কিন্তু সংগে সংগে এটা ঠিক যে এই খাটাল রাখার জন্য একে নিয়ন্ত্রণ করার জন্য বা পরিষ্কার করার জন্য কলিকাতা করপোরেসানকে যে ট্যাক্স দেওয়া হয় তারা সেই টাকা নেবার পর তারা যদি সেগুলি পরিষ্কার না করে থাকেন তাহলে সেই খাটালওয়ালাদের উপর দোষ চাপিয়ে তারা যে আইন পাশ করতে যাচ্ছেন- তার যে আসল উদ্দেশ্য জনস্বাস্থ্য রক্ষা করা তা রক্ষা করা সম্ভব হবে না। উপরন্তু আমরা জানি, সরকারী যে দুগ্ধ বিতরণী কেন্দ্র হরিণঘাটা, সেখান থেকে এই কলকাতার অধিবাসীদের যে দুধ দেওয়া হয় তা প্রয়োজনের তুলনায় কম। বাকী যে অংশটা তা আজও বেসরকারী খাটাল— অর্থাৎ দুগ্ধ ব্যবসায়ী আছে কলকাতার আসে পাশে তাদের কাছ থেকে পাওয়া যায়। সেই সমস্ত খাটাল সরিয়ে দিলে সেই সমস্যা আরও ভয়াবহ সমস্যা হবে। এখনও সেই দুধের বেশীর ভাগ অংশ স্থানীয় ব্যবসায়ীদের কাছ থেকে কলকাতার অধিবাসীরা পেয়ে থাকে। যদি খাটাল সরিয়ে দিয়ে তাদের গরু মহিষ রাখার ব্যবস্থা সরকার কলকাতার মধ্যে বা আসে পাশে না করতে পারেন তাহলে কলকাতা থেকে ওটা দূর চলে গেলে সে দুধ আসতে সময় লাগবে এবং আসবার যে যানবাহনের ব্যবস্থা আছে তাতে খরচ বেশী পড়বে এবং দুধের দাম বেশী হবে, যার ফলে সেই দুধ কলকাতায় এসে পৌঁছাবে না। আমি এটা দেখাতে পারি য হরিণঘাটা দুগ্ধ কেন্দ্র থেকে জেলা মফঃস্বল অঞ্চলে বিভিন্ন কেন্দ্র খোলা হয়েছে। আমি জানি, সেখানে দুধ কেনবার যে ব্যবস্থা সেটা হচ্ছে এই য, যে দুধ আমদানি করে তাদের সেই কেন্দ্রে গিয়ে দাঁড়িয়ে বিক্রি করতে হয় কিন্তু দুধের দাম সংগে সংগে পাওয়া যায় না। সেখানে সেই দুধের দামের জন্য ১০।২০।২৫ এক মাস পর্যন্ত অপেক্ষা করতে হয়। মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, আপনি জানেন যে সরকার দুধ কেনার যে হার তা কি রকম। কিন্তু যাদের গরু মহিষ—যারা গোয়ালা তাদের গরু মহিষের খাদ্য এবং সেই ধরণের জিনিষপত্র নগদ কিনে খাওয়াতে হয় এবং সেই দুধ বিক্রি করে তাদের জীবিকা অর্জন করতে হয় এবং সংগে সংগে গরু, মহিষ রক্ষা করার ব্যবস্থা করতে হয়। অর্থাৎ এমন অবস্থায় সরকারী দুগ্ধ ক্রয় কেন্দ্রে সস্তায় এবং ধারে কেনবার ফলে যে তাতে কোন চাষী সেখানে দুধ বিক্রি করতে চায় না। লাভের দিকেও তাই সরকার যে দামে দুধ কেনেন তার থেকে বেশী দামে বিক্রি করার যথেষ্ট সম্ভাবনা আছে। এই সব কারণগুলি বিচার করে দেখার দরকার আছে। কলকাতা থেকে খাটাল সরিয়ে দেবার প্রয়োজনীয়তা আছে, কিন্তু খাটাল না সরিয়ে যদি আপনারা চেষ্টা করেন খাটালের উন্নতি সম্বন্ধে যাতে জনস্বাস্থ্য খারাপ না হয় সেদিকে ব্যবস্থা করেন তাহলে ভাল হয়। কলকাতার জনস্বাস্থ্য খারাপ হওয়ার ব্যাপারে অন্য কারণ আছে—যেমন পায়খানা ড্রেন যেগুলি আছে সেগুলিতে পয়সা খরচ করে, বৈজ্ঞানিক পদ্ধতিতে নিয়ন্ত্রণ করা না হয় তাহলে এই খাটালগুলি তুলে দেবার কি যুক্তি আছে তা আমি জানি না। যদি বৈজ্ঞানিক পদ্ধতিতে খাটালগুলি তৈরী করেন এবং সেগুলি যদি কলকাতার আসে পাশে বা মাঝখানে রাখা হয় তাহলে আমার মনে হয় জনস্বাস্থ্য খারাপের যে অজুহাত তোলা হচ্ছে সেটা টেকে না। সংগে সংগে কলকাতার অধিবাসীদের যে দুধের অভাব সেই কৃত্রিম অভাব—সরকারী এই যে ব্যবস্থা,

এর জন্য এটা কিছুটা দায়ী। তাহলে আর দুধের অভাব হয় না সেজন্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আশা করি, যে সমস্ত অসুবিধার কথা বল্লাম, তিনি সেগুলি চিন্তা করে দেখবেন।

Shri Nikhil Das:

ডেপুটী স্পীকার মহাশয়, আমি এটা সম্পর্কে দুটো বক্তব্য রাখতে চাই—যদি মাননীয় মন্ত্রী মহাশয় এর উত্তর দেন তাহলে খুশী হব। একটা হচ্ছে কোলকাতা সহরে বে-আইনী খাটালে কত গরু মহিষ আছে, এক নং। ২নং হচ্ছে গোশালা তৈরী করবার অনুজ্ঞা নিয়ে কোলকাতা সহরে কতজন গোশালা করেছেন এবং কত গরু মহিষ সেখানে আছে। ৩নং হচ্ছে হরিণঘাটায় দুধ যা এখানে দেয়া হয় সেই ডাবল টোণ্ড মিল্ক বা এমন দুধ সেই দুধের দাম কত, এখানে খাটালে যারা দুধ বিক্রী করে তারা কি দামে দুধ বিক্রী করে—উনি বলেছেন অতিরিক্ত লাভ হচ্ছে, এই ৩টা প্রশ্নের উনি যেন জবাব দেন।

Shri S. M. Fazlur Rahman:

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, আমি অত্যন্ত আনন্দিত যে এই বিলের সমালোচনায় কয়েক-জন মাননীয় সদস্য যোগদান করেছেন। প্রথমতঃ আমি মাননীয় সদস্য শ্রীঅশ্বিনী রায় মহাশয় যে কয়েকটা কথা তুলেছেন তার কিছু জবাব দিতে চাই। আমি দুঃখের সাথে জানাচ্ছি যে এই ক্যাট্‌ল লাইসেন্সিং এ্যাক্ট ঠিক কি উদ্দেশ্যে নেয়া হয়েছিল, পাশ করা হয়েছিল সেই উদ্দেশ্যটা ও'দের সম্যক উপলব্ধির মধ্যে আসেনি, কারণ এই ক্যাট্‌ল লাইসেন্সিং এ্যাক্ট সম্বন্ধে বলতে গিয়ে মাননীয় সদস্যদের বেশীর ভাগই ব'লছেন যে কোলকাতা থেকে খাটাল অপসারণ করা এবং খাটাল অপসারণ করলে দুধের যে অভাব হবে তার জন্য জনসাধারণের যথেষ্ট অসুবিধা হবে এই কয়েকটা কথা বলতে চেয়েছেন। প্রথমতঃ আমি বলছি যে এই আইনটা খাটাল অপসারণের আইন নয়, এটা হল ক্যাট্‌ল লাইসেন্সিং এ্যাক্ট, অর্থাৎ এই কোলকাতা মহানগরীতে বা মফঃস্বলে যেসব সহর আছে, সেখানে লোক ব্যক্তিগত প্রয়োজনে বা ব্যবসার প্রয়োজনে গরু মহিষ রাখে তাদের স্বাস্থ্যকর পরিবেশে রাখার দরুণ সাধারণের স্বাস্থ্য সংরক্ষণের ব্যবস্থা যাতে ব্যাহত না হয় সেই উদ্দেশ্যে এই আইনটা আনা হয়েছে এবং গরু রাখতে গেলে তার যে বিধান তা তাতে সুস্পষ্টভাবে বলা আছে যে এই বিধানবলে দুই শ্রেণীর লোক তারা গরু রাখতে পারে। প্রথম শ্রেণী হলেন "ক" শ্রেণী, কোন ব্যক্তি যদি নিজের প্রয়োজনে কিম্বা পরিবারের সদস্যগণের প্রয়োজনে গরু রাখতে চান তাদের "ক" শ্রেণীর লাইসেন্স নিতে হবে এবং সেই লাইসেনধারী ব্যক্তিদের এও সুবিধা দেয়া হয়েছে যদি প্রয়োজন মনে করেন ৫ সের পর্যন্ত দুধ নিজের প্রয়োজন মেটাবার পর তাঁরা বিক্রী করতে পারেন। তারা "খ" শ্রেণীর লাইসেন্স নেয়ার জন্য তাদের জন্য গোটা কয়েক কণ্ডিসন দেয়া হয়েছে। এগুলি কি না, যাঁরা "ক" শ্রেণীর লাইসেন্স রাখবেন তাঁরা কি ভাবে গরু রাখবেন তাতে সুস্পষ্ট দেয়া আছে—তাতে বলা আছে যে এতটুকু জায়গা, এইটুকু ঘর, তার সম্মুখে ড্রেন, তাদের মলমূত্র ত্যাগের পর ড্রেনের সঙ্গে সংযুক্ত হয়ে বাইরে যাতে কোন অস্বাস্থ্যকর পরিবেশ সৃষ্টি না করে, তাতে লেখা আছে।

[4-10—4-20 p.m.]

এই ক্ষেত্রে শহরাঞ্চল থেকে গরু উঠিয়ে নিয়ে যাও এ কথা বিলের কোন জায়গায় নেই। তোমরা গবাদি পালন কর, গরুর স্বাস্থ্য রক্ষা কর এবং গরুর স্বাস্থ্য রক্ষা করে ভালভাবে ভাল পরিবেশে গরু রেখে নিজে দুধ খাও, প্রয়োজন হলে বিক্রী কর। কিন্তু তোমাদের ব্যক্তিগত স্বার্থরক্ষার জন্য, তোমাদের ব্যবসার সুবিধার জন্য এমনভাবে গরু রাখতে পাবে না, যাতে তোমরা অর্থ উপার্জন করে যাবে আর গরু পোষার প্রয়োজনে জনস্বাস্থ্য হানিকর কোন কাজ হবে, সেটা হতে পারে না। এই হচ্ছে বিলের মুখ্য উদ্দেশ্য। গরু উঠিয়ে নিয়ে যাও তা আমরা বলছি না। এখানে আমরা বলছি ভালভাবে গরু প্রতিপালন করতে। সেইজন্য এই আইনটিকে কার্যকরী করবার জন্য দুটি পন্থা আমরা নিয়েছি। প্রথম হচ্ছে, যে এলাকাটাকে আমরা আওতাভুক্ত করবো, নোটিফাই করে দেব, এতে "ক" এবং "খ" এই দুই শ্রেণীর লোক লাইসেন্স

নিতে পারবে। আর একটা আছে যে, একটা এলাকাকে আমরা নিষিদ্ধ এলাকা করে দেব। সেই নিষিদ্ধ জায়গায় "খ" শ্রেণীর লাইসেন্স ধারী কোন ব্যক্তি ব্যবসা করবার জন্য সেখানে গরু পুষতে পারবেন না। সেখানে "ক" শ্রেণীর লাইসেন্সধারী ব্যক্তিরা নিজেদের ব্যক্তিগত প্রয়োজনে গরু রাখতে পারবেন। মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, আমাদের ভারতীয় সভ্যতা ও সংস্কৃতির একটি অংশ হচ্ছে গো পালন। গরু আমাদের সম্পদ, কিন্তু দুঃখের কথা, গরুকে আমরা সম্পদ হিসাবে গ্রহণ করছি না। গরুর স্বাস্থ্য রক্ষার চেষ্টা করছি না। গরু ভালভাবে থাকুক তার চেষ্টা করছি না, এবং উন্নত ধরণের গরু পালন করে তার থেকে আমরা সম্পদ আহরণের চেষ্টা করছি না। গরু পুষেছি, যেভাবে যেমন অবস্থায় থাকুক না কেন, সে অত্যাচারিত উৎপীড়িত হোক না কেন, তা আমাদের দেখার প্রয়োজন নেই। শুধু গরু থাকুক সস্তায় দুধ পাই এই আমাদের মনোবৃত্তি। আমার মনে হয় ১৯৫৯ সালে যে আইনটি পাশ হয়েছিল, এর উদ্দেশ্য আমাদের সমাজের সত্য এবং ভিত্তির উপর নির্ভর করেই। এই আইনটি করাতে যদি কেউ বলে আমার গরু আমি যেমন ভাবে খুশি রাখবো, আপনার কিছু বলবার নেই, গরু যেখানে খুশি মল মূত্র ত্যাগ করল, তাতেও আপনার কিছু বলবার নেই। তা যদি আপনারা করেন সে ভাল কথা, কিন্তু কোন সভ্যই বলছেন না এই অবস্থায় খাটালগুলি রক্ষা করা যায়। তাদের তাড়িয়ে দাও বা খাটাল উঠিয়ে নাও একথা বলছি না। কিন্তু গরুকে স্বাস্থ্যকর পরিবেশে রাখ যাতে গরুর স্বাস্থ্য এবং জনসাধারণের স্বাস্থ্য বিঘ্নিত না হয়। এই ভাবে গরু রাখতে যদি কারুর অসুবিধাজনক মনে হয় সেইজন্য সরকার একটি ব্যবস্থা করেছেন। হরিণঘাটার কথা এ প্রসঙ্গে এসে যায়। দুধ সরবরাহের কথা বলা হয়েছে। বাস্তবিকই খাটাল উঠে গেলে তারা আর জনসাধারণের কাছে দুধ বিক্রী করতে পারবে না। কিন্তু সে যদি সর্তগুলি প্রতিপালন করতে না পারে, তা হলে নিশ্চয়ই সে খাটাল উঠিয়ে নিয়ে যাবে। তা না হলে দণ্ডনীয় অপরাধ হবে। সেইজন্য হরিণঘাটায় আমরা ব্যবস্থা করেছি। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, কলকাতায় প্রায় ৪০ হাজার গবাদি পশু আছে। এই ৪০ হাজারের মধ্যে ৩০ হাজার গরু মোষ খাটালে আছে। আর ১০ হাজার ব্যক্তিগত মালিকানায় আছে এবং এই ১০ হাজারের যারা মালিক তারা সভ্যতা এবং সংস্কৃতির কথা স্মরণ করেই গো-পালন করেন। গরুকে তারা সম্পদ হিসাবে গ্রহণ করেন। সুতরাং এদের কথা ছেড়েই দিলাম। কিন্তু বাকি ৩০ হাজার, এদের মালিক কে? কোন জায়গায় দেখবেন না যে বাংলাদেশের কোন লোক এই খাটালগুলি রক্ষা করছেন। বিদেশ থেকে গরু নিয়ে এসে লক্ষাধিক টাকার উপর ক্যাপিটেল তারা লে-আউট করে তারা এই খাটালগুলি পরিচালিত করছেন। আর একটি অপরাধ হল কি? এই উন্নত ধরণের গো সম্পদ এদের দ্বারা কি ভাবে দিন দিন ধ্বংসের পথে যাচ্ছে। তারই একটি চিত্র আপনাদেব সামনে তুলে ধরতে চাই। উন্নত ধরণের গরু এবং মোষ দুগ্ধবতী হবার পূর্বে অর্থাৎ গর্ভবতী অবস্থায় অথবা বাছুর সহ বাইরে থেকে এখানে নিয়ে এসে এই খাটালগুলিতে রাখা হয়। এই রকম হাজার হাজার গরু এখানে নিয়ে আসা হয়। কিন্তু ল্যাকটেসন পিরিওড-এ যখন আর দুধ দেয়না তখন তাদের পক্ষে এগুলি প্রতিপালন করা অসুবিধাজনক হয়ে যায়। গরু প্রতিপালন করতে কি পরিমাণ অর্থ এবং যত্নের প্রয়োজন হয় তা আপনারা জানেন। তা যখন পারে না তখন এই গরুকে নানারকম ভাবে অমানুষিক উপায়ে খঞ্জ করে বুচার্স কাছে দেওয়া হয়। এই ভাবে হাজার হাজার উন্নত ধরণের পশু, যেহেতু তারা পয়সা দেবে না, সেইজন্য কসাইদের কাছে বিক্রী করে দেয়। এবং যে টাকা পায় সেই টাকা দিয়ে নূতন গরু কেনে। এই ভাবে গো-সম্পদ, বাংলার বাহিরের উন্নত ধরণের গো-সম্পদ দিন দিন অবনতির পথে ধ্বংসের পথে যাচ্ছে। এটা যদি বন্ধ না হয়, আমি বলতে পারি, শুধু খাটাল অপসারণ নয়, খাটালকে যদি ঠিকমত লাইসেন্স করে প্রতিপালন না করতে পারি তাহলে এমন দিন আসবে যে, যে দুধ বর্তমানে পাওয়া যাচ্ছে অদূর ভবিষ্যতে বাংলাদেশের মানুষের তাও আর পাবার উপায় থাকবে না। তবে এই উন্নত ধরণের পশুগুলো যাবে কোথায়? কাজেই আমার হল এই কথা, খাটাল অপসারণ করতে চাইলেও গো-সম্পদকে রক্ষা করা দরকার। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, শুনলে অবাক হয়ে যাবেন যে আজ পর্যন্ত একটি অভিযোগ আসেনি যে মহাশয়, আমাদের যে স্পেসিফিকেসন দিয়েছেন সেই স্পেসিফিকেসান অনুযায়ী আমি গোশালা নির্মাণ করতে পারছি না। গরু রাখার মত অবস্থা আমার নেই। এই কারণের জন্য গরু

রাখতে বা লাইসেন্স নিতে পারছি না। তাহলে দেখা যাচ্ছে যে ক্যাটল লাইসেন্স অ্যাক্ট-এ বলছে গরু রক্ষা কর ভালভাবে স্বাস্থ্যকর পরিবেশে রেখে। কিন্তু তারা এই কলকাতা শহরের সভ্যতার বুকে একটা অমানুষিক অস্বাভাবিক উপায়ে তাদের উপর অত্যাচার করে নানারকম ভাবে গো-সম্পদকে নষ্ট করছেন। এ কখনই সমর্থন করা যায় না। কাজেই ভবিষ্যতে যাতে তাদের অসুবিধা না হয় সেইজন্য হরিণঘাটার ব্যবস্থা করা হয়েছে। সেখানে দেখবেন যে লক্ষ লক্ষ টাকা ব্যয় করে ব্যবস্থা করা হয়েছে। প্রায় সাত হাজার সাড়ে সাত হাজার গরু সেখানে আছে। আমরা ১০ হাজার পর্যন্ত গরু সেখানে রাখতে পারি। এ বছর থেকে আরও ২২ হাজার গরু সেখানে রাখতে পারবো, কিন্তু আজকে সেখানে রয়েছে সাত হাজার সাড়ে সাত হাজার গরু। সে গরুগুলিকে আমরা সযত্নে রক্ষা করি। তাদের ঠিকমত খাওয়ার ব্যবস্থা, তাদের ঠিকমত স্বাস্থ্য রক্ষা করা এবং স্বাস্থ্য রক্ষা করে ভাল পরিবেশে রেখে যে দুধ পাওয়া যায় সেই ইকনমিক প্রাইসটা প্রোডাকসন কষ্টটা আগাম দিয়ে তার কাছে দুধটা নিই। সেই দুধটা স্বাস্থ্যকর পরিবেশে এবং বৈজ্ঞানিক পদ্ধতিতে জনসাধারণের কাছে বিতরণ করা হয়। আনন্দের সাথে বলছি, কানাইবাবু যে বললেন হাজার হাজার লোক দুধ পাবার জন্য দরখাস্ত করেছেন। এত জনপ্রিয়তা অর্জন করেছে কেন? তার কারণ আমরা জানি, যেটুকু পাই খাঁটি জিনিষ পাই। যেটুকু পাই বৈজ্ঞানিক পদ্ধতিতে বট্‌লড হয়। আর জনসাধারণ আগ্রহের সঙ্গে তার সাথে কি দেখছেন? দেখছেন, এই ব্যবসাদাররা গো-সম্পদকে কি ভাবে নিধন করছেন এবং অস্বাস্থ্যকর পরিবেশের মধ্যে রেখে কত টাকা নিচ্ছেন। নিখিল দাস মহাশয় বলছিলেন, গরু যে দামে আমরা নিই সেই দামের সাথে আর সাধারণভাবে যে দুধ নিয়ে যায় তার ভিত্তি ডবলের উপর বেশী দামে বিক্রী করে। আমি ঠিক দাম বলতে পারছি না। কিন্তু এইভাবে বেশী দামে জল দুধ বিক্রী করে যারা লক্ষ লক্ষ টাকা উপার্জন করে এই গো-সম্পদকে ধ্বংস করছেন সেই ব্যবসায়ী, পুঁজিপতিদের সাহায্য করে লাভ হচ্ছে কি? এই আইন প্যানেল সেকসন প্রয়োগ করে দেখা যাচ্ছে কি—আজ পর্যন্ত এরা ৮৭ হাজার টাকা দণ্ড দিয়েছেন।

[4-20—4-30 p.m.]

এই ৮৭ হাজার টাকা কেন কত ৮৭ হাজার টাকা দণ্ড দিতে তারা প্রস্তুত তার ইয়ত্তা নেই। এই খাটালের মালিকরা গরু পিছু ৫০ টাকা করে দণ্ড দিয়ে আবার অন্য রকম ভেক ধরে নাম পাল্টে সেখানে গরু রাখা হচ্ছে। এমনি করে একটা পাপ চক্র তারা রচনা করেছে আইনকে তারা ফাঁকি দেবার জন্য। আইনের যে ত্রুটি এবং দুর্বলতা এতদিনে ধরা পড়েছে সেটাকেই আমি সংশোধন করতে চাই। সেই সুযোগ নিয়ে এইভাবে তারা পাপচক্র রচনা করেছে দিনের পর দিন। তাদের অভাব অভিযোগ কিছু নেই, সেখানে গরু তারা নিয়ে যাবে না, গরু নিয়ে গেলে ১॥ টাকা ২ টাকা দরে দুধ তারা বিক্রি করতে পারবে না। গরু যদি নিয়ে যায় তাহলে তারা জনসাধারণের কাছে জোলো দুধ বিক্রি করতে পারবে না। কিন্তু একটা স্বাস্থ্যকর আওতায়, আইনের আওতায় এসে সেখানে তাদের থাকবার কোন অসুবিধা নেই। আজ পর্যন্ত যেসব মালিক এই খাটাল থেকে গরু মহিষ নিয়ে গিয়ে সেখানে বসবাস করছে তারা সেখানে গরুর খোরাকি গরুর খাদ্যের যে দাম বেড়েছে তার জন্য আন্দোলন করেছে। আমরা বলছি কোন গরুর যদি অযত্ন করা হয় বা অস্বাস্থ্যকর পরিবেশে রাখা হয়, খাটাল সরানর প্রশ্ন নেই, খাটাল রাখ, কিন্তু স্বাস্থ্যকর পরিবেশে রাখ, তা নাহলে শাস্তি হবে। যদি উঠিয়ে নিয়ে যেতে চাও, খাটাল না রাখতে পার তাহলে তারজন্য আমি আগাম লক্ষ লক্ষ টাকা ব্যয় করে ২০ হাজার গরু রাখবার ব্যবস্থা করেছি। তাহলে প্রশ্ন দাঁড়াচ্ছে এই যে ঠিকমত দুধ দেবার জন্য যে দুধ পেয়ে ডেয়ারি লোকপ্রিয়তা অর্জন করেছে যদি এইসব লোক খাটালের ২০ হাজার গরু উঠিয়ে নিয়ে যেতে পারত তাহলে আমি সবচেয়ে বেশী আনন্দিত হতাম এবং তাহলে আজকে ওয়ান-ফোর্থ অব দি পপুলেশান যারা দুধ খেতে পারে তাদের দুধ দেওয়া যেতে পারত। কোটি কোটি টাকা ব্যয় করে ডেয়ারি যেটা করা হয়েছে, থার্ড ফাইভ-ইয়ার প্ল্যানের মধ্যে ৫ হাজার মণ যে দুধ দেবার কথা সেই দুধ যদি দিতে পারা যেত তাহলে ৮ লক্ষ থেকে ১০ লক্ষ লোককে আমরা দুধ দিতে পারতাম। কিন্তু সেখানে দর কম হওয়ার দরুন এমনি ক'রে তারা পাপ চক্রের মধ্যে পড়ে একটা স্বাস্থ্যহীন অবস্থায় এবং স্বাস্থ্যহীন পরিবেশে গরুগুলিকে প্রতিপালন করছে। ফলে তারা গো-সম্পদের উপর অত্যাচার করছে এবং জনসাধারণকে জোলো দুধ

খাইয়ে প্রভুত অর্থ উপার্জন করছে। এই পাপ চক্র থেকে মুক্তি পেতে গেলে একটামাত্র পন্থ হল এই আইনের যে ফাঁক সেটা সংশোধন করা এবং সেজন্য একটা পেন্যাল ক্লজের সংশোধন এনেছি। তাতে বলেছি ৬ মাসের মধ্যে যদি কোন ব্যক্তি নাম ভাঁড়িয়ে তার আইডেনটিটি কাড থাক বা না থাক কোন নোটিফায়েড এলাকায় গরু নিয়ে যায় তাহলে তার গরুটি ফরফিটেড হবে এবং দণ্ডের গুরুত্ব উপলব্ধি করে তারা সেখানে গরু নিশ্চয়ই নিয়ে যাবে। নিয়ে যাওয়ার পথে কোন অন্তরায় নেই, বরং সুবিধা আছে। দ্বিতীয় হচ্ছে, নিষিদ্ধ এলাকায় ক শ্রেণীর গরুর লাইসেন্সধারী যারা থাকবে তারা সেখানে যদি গরুকে ঐ রকমভাবে প্রতিপালন না করেন—একটা ভদ্রলোক যিনি লক্ষ লক্ষ টাকা উপার্জন করছেন, তাঁর হয়ত গাড়ী আছে, গাড়ী বারান্দা আছে তিনি ১৷৷ হাজার ২ হাজার টাকা যে গরুর দাম, যে গরু ১২।১৪ সের দুধ দেয় এই রকম ২।৩ টা গো-সম্পদকে রক্ষা করবার জন্য স্বাস্থ্যকর পরিবেশ করতে পারবেন না? এই যে দৃষ্টিভঙ্গী এটা অমানুষিক দৃষ্টিভঙ্গী। আমি বাঁচব, গবাদি পশু মূক, তারা আন্দোলন করতে পারে না, কাজেই তাদের বাঁচবার অধিকার নেই, খাবার অধিকার নেই, তাদের স্বাস্থ্যকর পরিবেশে থাকবার অধিকার নেই এটা সভ্যতার বিপরীত, এটা এই দেশে সর্বনাশকর। কাজেই যাঁরা ১০ সের দুধ ওয়ালা গরু রাখতে পারে তাঁরা ৫০ কি ১ শো কি ২ শো টাকা খরচ করে তাদের থাকবার আশ্রয় করতে পারেন, একটা ড্রেন করতে পারেন। আপনারা স্পেসিফিকেসান দেখবেন সেখানে আছে তারা কার্পেট চাচ্ছে না, চেয়ার চাচ্ছে না, তারা পাঁকে কাদায় মল মূত্রে এক হয়ে যাতে না থাকে, স্বাস্থ্যকর পরিবেশে যাতে থাকে সেটাই আমি বলেছি। কাজেই আমার নিবেদন যে দৃষ্টিভঙ্গী নিয়ে এই বিলটা আলোচনা করা হচ্ছে এই দৃষ্টিভঙ্গী জনসাধারণের স্বাস্থ্যের জন্য, গো-সম্পদের স্বাস্থ্যের জন্য। এই দৃষ্টিভঙ্গী থেকে বিলে একটা পেন্যাল সেকসান দেওয়া হয়েছে যে গরু সেখানে বাজেয়াপ্ত করা হবে। হাজার হাজার টাকা নিয়ে নয়, গরু দিয়ে। তাহলে হয় তারা গরু ওখানে নিয়ে যাবে কিংবা তারা গরু যেখানে রাখবে সেটা স্বাস্থ্যকর পরিবেশ হবে।

১৮৬০ সাল থেকে এই আইনটা প্রচলিত হয়েছে। ক এবং খ শ্রেণী, যাঁরা আসবেন তাঁরা লাইসেন্স নেবেন। তাঁদের সংখ্যা শুনে অবাক হয়ে যাবেন। কিভাবে ও কেন তাদের এই লাইসেন্সের আওতায় নিয়ে আসতে হয়েছে। ডিপার্টমেণ্ট থেকে খোঁজ নিয়ে দেখা যাচ্ছে যে আজ পর্যন্ত
so far two licences, one A class and one B class, have been issued
আজকে ৪০ হাজার গরু যেখানে আছে, যেখানে নোটিফাইয়েড এরিয়া হয়েছে এই এরিয়া প্রোহিবিটেড হয়েছে। আজকে এই ৪০ হাজার গরু রাখবার জন্য—সেখানে দুটী লাইসেন্সের দরকার হয়। এ ক্লাশ এবং বি ক্লাশ লাইসেন্সের জন্য আর মাত্র ৯টী দরখাস্ত পেণ্ডিং আছে। তাহলে ফরফিউচার ছাড়া আর উপায় কি আছে। আজকের দিনে এই ফরফিউচার ক্লজটা এর থেকে যদি আরো ডিফারেণ্ট হতো, তাহলে আরো আনন্দিত হবো এবং সেই দৃষ্টিভঙ্গী নিয়ে এই বিলের যাঁরা সমালোচনা করেছেন, সেই মাননীয় সদস্যগণকে আমি ধন্যবাদ জানাচ্ছি। এই ধন্যবাদ জানানোর সাথে সাথে আমি বলবো আমাদের দুধ পাবার প্রয়োজন আছে, দুধ দিতে হবে এবং দুধ দেওয়ার জন্য, সত্যিকার দুধ জলো দুধ নয়, ম্যানুফ্যাকচারড মিল্ক নয়, সত্যিকারের খাঁটি দুধ যেটা, তাই দেবার জন্য এই পরিকল্পনা নেওয়া হয়েছে এবং আইনটা বিশেষ করে এই সভায় আলোচনা হয়েছে, মাননীয় সদস্যগণ এই যে দৃষ্টিভঙ্গী নিয়ে বিলটীর আলোচনা করলেন এটা খাটাল অপসারণ নয়, দুধ বাড়ান নয়। খাটাল ঠিকমত রাখলে এবং ঠিক দামে যদি দুধ দেই, তাহলে জনসাধারণের কোন অসুবিধা নাই, খাটাল সরাবারও কোন প্রয়োজন নাই এবং খাটাল না সরানো হলে ও দুধের প্রসঙ্গ অপ্রাসঙ্গিক হলে ও এই প্রসঙ্গে বলে যাই—এখানে ১০ হাজার গরু রাখবার জন্য ব্যবস্থা আছে। আরো সেখানে আমরা ২২ হাজার ক্যাটল রাখতে পারি। তারজন্য চার হাজার সাড়ে চার হাজার গরু মহিষ আমরা কিনবার জন্য চেষ্টা করছি, দুধের অভাব মেটাবার জন্য চেষ্টা করছি। এই ব্যবস্থার সাথে যদি খাটালওয়ালারা সহযোগিতা করেন, তাহলে আশা করি যে দুধের অভাবও এই দিক দিয়ে মিটে যাবে। মানুষে থাকতে পারে না, আর গরু কি করে থাকবে মশায়? আপনাকে যারা খাওয়াবে—যেমন আপনার সন্তানকে ফেলতে পারেন না, আপনার গাভীকেও আপনি পরিত্যাগ করতে পারেন নি—এই যে দৃষ্টিভঙ্গী এটা খুবই কলঙ্কজনক দৃষ্টিভঙ্গী বলে আমি মনে করি। কাজেই মানুষ যেখানে থাকতে পারছে না, জায়গা পাচ্ছে না, সেখানে গরু থাকলো আর

া থাকলো বয়ে গেল,—এই দৃষ্টিভঙ্গী থাকার জন্য বাংলাদেশের গো-সম্পদের সর্বনাশ হয়ে গল। এটা বাস্তবিক আমি প্রশংসা করতে পারছি না।

রবীন মুখার্জী বলেছেন বেহালার এই আইনের যে বিধান আছে, তা যদি প্রয়োজন হয় াংলাদেশের আরবান এরিয়া-তেও এক্সটেণ্ড করা যেতে পারে। কানাইবাবু বলেছেন নামের ারিবর্তনের কথা। নাম পরিবর্তন করতে পারি। এই আইন যদি একবার ঠিকমত চালু করতে পারি এবং এই ফর্‌ফিউচার রুল যদি এ্যাপ্লাই করতে পারি তাহলে নিশ্চয়ই ঐ নাম পরিবর্তনের কোন প্রয়োজন হবে না। হয়ত ঠিকমত স্থানে নিয়ে গিয়ে ভালভাবে রাখতে পারবো। াজেই সেদিক থেকে আর কোন যুক্তি আছে বলে আমি মনে করি না। নিখিলবাবু যে কথা বলেছেন তার জবাব আমি দিয়ে দিয়েছি। মোদ্দা কথা দাম কি আমি অফহ্যাণ্ড বলতে পারছি না, তবে আমরা যে দামে বিক্রী করি টোণ্ড, ডবল-টোণ্ড, স্ট্যাণ্ডার্ড মিল্ক—তার দেড়গুণ দু-গুণের বেশী দামে বিক্রী হয় তবে আমার যতটুকু মনে আছে তা বললাম। দেবশরণবাবু বললেন যে গরু মহিষ সরিয়ে নিয়ে হরিণঘাটায় দুধ সংগ্রহ কেন্দ্রে রাখলে সেই দুধ কেমন করে নওয়া হয়, ঠিকমত সময়ে দাম পায়না, আমি বলবো

There are administrative matters ; certainly I will look into this.

মোদ্দা কথা আজকে যে আইন সংশোধন করবার জন্য এখানে এসেছে, তা অনেক বিচার-বিবেচনা করে আনা হয়েছে। এ ছাড়া আর কোন গত্যন্তর নাই। একেবারে সুগঠিত এই যে চরিত্রহীনতা এক শ্রেণীর লোকের -আমি বলতে চাই একে ভাঙ্গতে গেলে এ ছাড়া আর কোন পথ নাই। এক একটা গরু দেড় হাজার দু-হাজার টাকা এমন কি ৮৭ হাজার দিয়ে যাদের পুষতে হয় তাদের হাজার হাজার টাকা জরিমানা করেও সায়েস্তা করা যায় না। কিংবা ঐ যে জরিমানা দিয়ে যাচ্ছে সেই জরিমানার ডবল অন্য দিক দিয়ে আবার সে তুলবে।

আমার বক্তব্য এই যে আপনারা যে দৃষ্টিভঙ্গী নিয়ে সমালোচনা করেছেন, তারজন্য সকলকে ধন্যবাদ জানাচ্ছি এবং আশা করছি যে একবাক্যে সকলে এই আইনটী পাশ করে দেবেন।

The motion of Shri S. M. Fazlur Rahaman that the West Bengal Cattle Licensing (Amendment) Bill, 1965, be taken into consideration, was then put and agreed to.

Clause 1

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

Mr. Speaker: There are 3 amendments of Shri Aswini Roy—amendment Nos. 1, 2, 3 and 4. No. 4 is out of order.

[4-30—4-40 p.m.]

Shri Aswini Roy: I move that in clause 2(1)(b), in proposed clause (vi), line 3, after the words "without a licence" the words "exceeding three months from the declaration of prohibited area" be inserted.

I also move that after clause 2(1)(b), the following be added :

'(c) the words "or with both" shall be omitted.'

মাননীয় স্পীকার মহাশয়, আমি নূতন কোন বক্তব্য রাখছি না। বর্তমানে ১ হাজার টাকা জরিমানা এবং ৬ মাস জেল এই দুটো একসঙ্গে প্রয়োগ হয় এবং এত কঠোরতা থাকা সত্বেও আমরা দেখছি ম্যাজিস্ট্রেট সেইরূপ শাস্তি দিচ্ছেন না। একটা গরু মনে করুন "একজন" রেখেছেন এবং দাম হচ্ছে ৫০০।৭০০ বা ১ হাজার টাকা এবং ১ হাজার টাকা জরিমানার বিধান থাকা সত্বেও ম্যাজিস্ট্রেট সেটা করছেন না বা গরু নিয়ে নিচ্ছেন না। এর কারণ হচ্ছে তাঁরা এটাকে অবাস্তব মনে করেন। বর্তমানে যে সংশোধন করা হচ্ছে তাতে বলা হচ্ছে গরুকে বাজেয়াপ্ত কর। কিন্তু গরুকে বাজেয়াপ্ত কর এই শাস্তি বিধানসভা দেবেন না, এটা দেবেন বিচারক। এখন দেখা যাচ্ছে মানুষকে শাস্তি দিলে তারজন্য লালবাজার লক-আপ আছে, কিন্তু গরুকে শাস্তি দিলে কোর্টের উপর দায়িত্ব এসে পড়ে। কাজেই এই সমস্ত ব্যবস্থা না করে অর্থাৎ গরুকে শাস্তি দিলে কোথায় সেটাকে দিয়ে যাবে সেই ব্যবস্থা না করে তাঁরা এই যে আইন বদলাবার প্রস্তাব নিয়ে এসেছেন সেখানে আমি সংশোধনী দিয়েছি।

Shri S. M. Fazlur Rahman:

গরুকে শাস্তি দিলে কোথায় সেটাকে নিয়ে যাবে এই যে কথা বলা হয়েছে তাতে আমার বক্তব্য হচ্ছে তার জন্য হরিণঘাটা করে রেখেছি, তারা সেখানে সুস্থ শরীরে সরল মনে যাবে।

The motion of Shri Aswini Roy that in clause 2(1)(b), in the proposed clause (vi), line 3, after the words "without a licence" the words "exceeding three months from the declaration of prohibited area" be inserted, was then put and lost.

The motion of Shri Aswini Roy that after clause 2(1)(b), the following be added:—

'(c) the words "or with both" shall be omitted.' was then put and lost.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri S. M. Fazlur Rahaman: I beg to move that the West Bengal Cattle Licensing (Amendment) Bill, 1965, settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

The Calcutta Municipal (Amendment) Bill, 1965

Shri S. M. Fazlur Rahman: I beg to introduce the Calcutta Municipal (Amendment) Bill, 1965.

(Secretary then read the title of the Bill.)

Shri S. M. Fazlur Rahman: I now place before the House a statement required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

For the purpose of holding the general election of the Councillors of the Calcutta Corporation, due to be held in March 1965, for the first time, on adult franchise, it was considered essential to incorporate in the Calcutta

Municipal Act, 1951, certain provisions on the lines of the Representation of the People Act, 1951, to provide for requisition of premises and vehicles adjournment of poll and taking fresh poll, if necessary, at any particular polling station so that there may be no procedural difficulty at any stage of the election. Besides, the Corporation recommended certain changes in some of the boundaries of a number of wards which under section 8 of the Calcutta Municipal Act formed constituencies for the purpose of election, and it was considered imperative to amend the Calcutta Municipal Act if the general election of the Councillors of the Calcutta Corporation on adult franchise was not to be postponed but was to be held before the expiry of the present term. As the houses of the legislature were not in session, necessary amendments could be effective only by the promulgation of an ordinance and so the Calcutta Municipal (Amendment) Ordinance, 1965 (West Bengal Ordinance No. I of 1965) was promulgated.

I beg to move that Calcutta Municipal (Amendment) Bill, 1965, be taken into consideration.

Mr. Speaker: There is a motion for circulation by Shri Aswini Roy, which is out of order. Shri Nikhil Das to speak.

Shri Nikhil Das:

মাননীয় স্পীকার মহাশয়, এই বিলটা আমাদের কাছে এসেছে, এই এ্যামেণ্ডিং বিলে তিনটি মূল কথা আছে। একটি কথা হচ্ছে পোলিং চলতে চলতে কোথাও যদি কোন গণ্ডগোল হয়, তাহলে সেই বুথের অবস্থা কি হবে। এক নম্বর সেই সংক্রান্ত আছে। যদি ভোট হয়ে যাবার সময় কোথাও পোলিং বক্স চুরি হয় বা টেম্পার্ড হয় তাহলে সেখানে কি অবস্থা হবে? দু নম্বর কথা হচ্ছে—ইলেকশনের জন্য যদি কোন প্রপার্টি রিকুইজিশনের দরকার হয় সেগুলি কি করে করা যাবে, বাড়ী ঘর দোর ইত্যাদির কথা, আর তিন নম্বর হচ্ছে গত সেশনে বাউণ্ডারী ১০০টি কনস্টিটিউয়েন্সী করা হয়েছিল, সেই বাউণ্ডারীর কিছু অদল বদল করা হয়েছে সেই সম্পর্কে। মাননীয় মন্ত্রীমহাশয় প্রথম দুটি সম্পর্কে বলেছেন কিন্তু যেখানে ইলেকশন হতে হতে কোন গণ্ডগোল হবে, সেখানে গণ্ডগোল হবার পরে যেভাবে ইলেকশন করতে যাচ্ছেন, কেন এটা করছেন সেটা উনি বলছেন না। এই প্রসংগে আমি আপনার কাছে যে কথা বলতে চাই, আপনার মাধ্যমে যে কথা মন্ত্রীমহাশয়ের কাছে রাখতে চাই, সেটা হল—ধরুণ, কোথাও এক ঘণ্টা ইলেকশন হল তারপর সেখানে গণ্ডগোল হল, মারামারি হল, পোলিং চলবার মত অবস্থা রইল না। সে সম্বন্ধে এ্যামেণ্ডিং হচ্ছে যে পর্যন্ত হয়েছে ঠিক আছে, বাকী যেটা রইল সেটা সম্বন্ধে রিটার্ণিং অফিসার যিনি রইলেন তিনি এ্যাডজোর্ন করে দিলেন, তার ইলেকশন ঐ তারিখে হবে। একটা পোলিং বুথে গণ্ডগোল হল, যেটা হল, যে পর্যন্ত হল সেটা রইল, বাকিটার ইলেকশন আর একদিন হবে। ৬ নম্বর ধারার মাধ্যমে এই এ্যামেণ্ডমেণ্ট আনতে চান। আমি মনে করি এ্যাসেম্বলীর ইলেকশনে যে নিয়ম কানুন আছে যে রীতিনীতি আছে যে নিয়মে এখানকার ইলেকশন পরিচালিত হয়, সেই নিয়মের এটা বহির্ভূত। এটা নিয়ম বহির্ভূত কারণ যেখানে ইলেকশন হতে হতে বন্ধ হয়ে যায় সেখানে ফ্রেশ ইলেকশন হওয়া উচিত। অর্ধেকটা হল আর বাকী যা রইল, সেটা এ্যাডজোর্ণ করে দিয়ে তিন দিন পরে হবে এই যে জিনিস এটা বে-আইনী জিনিস, এটা করা উচিত নয়, এটা ইলেকশন আইনে সন্নিবেশিত নেই। এটা আমি আপনার মাধ্যমে সরকারের নজরে আনতে চাই যে এটা যদি করেন তাহলে মারাত্মক ভুল হবে। কর্পোরেশন ইলেকশন আসছে, আমরা জানি গুণ্ডা পার্টি কাদের আছে, যদি তাদের বিরুদ্ধে যাচ্ছে তখনই গণ্ডগোল হল, মারামারি হল, ফলে কিছু ফল্‌স ভোটিং হয়ে গেল, এখন আমাদের পক্ষ থেকে সেখানে লোক রাখার ব্যবস্থা নাই। এখন গণ্ডগোল হওয়ার ফলে এই গণ্ডগোলের মধ্যে যারা ভোট দিয়ে গেল, তাদের ঠিকই রয়ে গেল বাকি যেটা রয়ে গেল সেটা আর একদিন হবে, এ্যাডজোর্ন করে দিলেন সেটা আর একদিন হবে, এই যে পদ্ধতি এই যে এ্যামেণ্ডমেণ্ট আমি মনে করি এর মধ্যে দুর্নীতি আশ্রয় নেবে। কর্পোরেশন ইলেকশনে তারা যাতে পুরোপুরি জিততে পারেন তারই জন্য তারা এই ধরণের এ্যামেণ্ডমেণ্ট আনছেন। কারণ এই এ্যামেণ্ডমেণ্ট

এটা ফর্মাল এ্যামেণ্ডমেন্ট নয়, অবজেক্টস এণ্ড রীজন্সে যা বলেছেন তা নয়, ইট ইজ এ সাবস্টেনটিভ এ্যামেণ্ডমেণ্ট মার্চ মাসের মধ্যে ইলেকশন হচ্ছে, আজকে ফেব্রুয়ারী ১০ তারিখ, এখন আইনের এইভাবে এ্যামেণ্ডমেন্ট করা ঠিক হবেনা বলে আমি মনে করি। আমি আবার বলছি, ইলেকশন আর্ধেকটা হয়ে গেল তার পর সেটা বন্ধ করে দিয়ে বাকীটা আর এক দিন করবেন এই ব্যবস্থা যেন তিনি না করেন এবং যদি মন্ত্রীমহাশয় তা করেন তাহলে আইনের নানা প্রশ্ন দেখা দেবে। দ্বিতীয় নম্বর হচ্ছে— রিকুইজিসন অফ প্রপার্টি ফর ইলেকশন পারপাসেস বাড়ী ঘরদোর রিকুইজিশন করবেন, সেই জায়গায় আইনের ক্ষমতা হাতে নিয়ে নিচ্ছেন যে আইনের বলে তার মাথা কাটতে পারবেন। এই ধরণের ক্ষমতা সরকারের হাতে নেওয়া উচিত নয় এবং এই ক্ষমতা দেওয়াও উচিত নয়। তা যদি নিতে চান, ধারা বাই ধারা যখন আলোচনা হবে তখন আমি আমার বক্তব্য রাখবো। আমি শুধু এখানে এটুকু বলতে চাই এই রিকুইজিশন-এর কেন দরকার হল, এই ধারাগুলি সন্নিবেশিন করার কি প্রয়োজনীয়তা দেখা দিল?

[4-40—4-50 p.m.]

সেই প্রয়োজনীয়তা সম্বন্ধে একটি কথাও মন্ত্রীমহাশয় বললেন না যে এই ৭নং যে ক্লজ সেই ৭নং ক্লজ-এ যে ক্ষমতা তাঁরা হাতে নিতে চান, যানবাহন রিকুইজিশন, বাড়ী-ঘরদোর রিকুইজিশন করার ব্যাপারে ক্ষমতা হাতে নেবার কি প্রয়োজন দেখা দিল? কি প্রয়োজন থেকে এই অতিরিক্ত ক্ষমতা তাঁরা নিতে চান সেকথা তিনি বললেন না? আমরা জানি এটা কেন করা ক্ষমতা তাঁরা নিতে চান সেকথা তিনি বললেন না? আমরা জানি এটা কেন করা হয়েছে। এজন্য এটা করা হয়েছে যে যাতে তাঁদের ইলেকশন-এর সুবিধা হতে পারে। সুবিধাজনক জায়গায় যাতে পোলিং বুথ হতে পারে, দরকার মত যে বাড়ী ইচ্ছা নেবেন, যে যানবাহন হয়ত অন্য লোকের ব্যবহার করার সুযোগ থাকতে পারে সেগুলি যাতে তাঁরা দখলে আনতে পারেন সেজন্য এইভাবে তাঁরা অতিরিক্ত ক্ষমতা তাঁরা হাতে নিচ্ছেন। অর্থাৎ দুর্নীতির আশ্রয়ে একটা নির্বাচন চালাতে গেলে যে কাজ করা দরকার সেই প্রতিটা কাজ করার ব্যবস্থা তাঁরা এই আইনের মধ্যে রেখেছেন। এর পর ৮নং ক্লজ সম্বন্ধে বলতে চাই। কিছুদিন আগে যখন ডেলিমিটেশন-এর প্রশ্ন আসে তখন আপনার মাধ্যমে বলবার বলার চেষ্টা করেছি এমন জায়গা দিয়ে ভাগ করাব চেষ্টা করছেন যাতে প্যাসেজ পড়ছে, প্রাইভেট গলি জায়গা পড়ছে সেটা কোন রাস্তা নয়। অর্থাৎ এই রকমভাবে বাউণ্ডারী হয় না এবং এটা আপনারা করবেন না। এ নিয়ে রহমন সাহেবের কাছে এ্যাপীল করেছি তখন তিনি বলেছেন যে এই কাজ ঠিক ভাবে করছি। এই ডেলিমিটেশন এ্যাক্ট-টা আমরা ৩।৪ মাস আগে এই হাউস থেকে পাশ করেছি। ৩।৪ মাস পর দেখা গেল এই ডেলিমিটেশন-এর ব্যাপারে এই ধরণের প্রাইভেট প্যাসেজ পড়েছে তার দিকে কিছু কিছু ওয়ার্ড লাইন ঠিক ঠিক ভাবে কেটে দিতে হচ্ছে। আমরা বিরোধীপক্ষ থেকে এই কথাগুলি যখন বলেছিলাম তখন শোনেননি এবং তিনি তখন বলেছিলেন এইগুলি আমাদের অযৌক্তিক যুক্তি। তখন যদি তিনি আমাদের সব কথাগুলি শুনতেন তাহলে জনসাধারণের পয়সা খরচ করে আজ এই এ্যামেন্ডমেন্ট বিল এনে এ্যাসেম্বলী-র মূল্যবান সময় নষ্ট করার প্রয়োজন হত না। আমরা তখন বলেছিলাম আরও পালটাতে হবে, আরও আসতে হবে, কারণ আপনারা যেভাবে ডেলিমিটেশন করছেন সেই ডেলিমিটেশন বে-আইনী হচ্ছে এই কারণে। কারণ প্রাইভেট রাস্তা প্রাইভেট প্যাসেজ ইত্যাদি সব এর মধ্যে পড়ে যাচ্ছে। সুতরাং আমরা বলেছিলাম ডেলিমিটেশন করার আগে ভালভাবে চিন্তা করে দেখুন। তখনও তাঁরা বলেছেন সব ঠিক আছে, অফিসার রা বলেছেন সব ঠিক আছে। কিন্তু ৩ মাসের মধ্যে দেখা গেল সব ঠিক নেই, সব বেঠিক। ইলেকশন-এর যখন ১।১½ মাস বাকী সেই সময় দেখা যাচ্ছে সব বেঠিক জিনিস। সেজন্য সব বেঠিক জিনিসকে ঠিক করার জন্য আমরা আবার এসেছি। এই যে ৩টা ব্যাপার নিয়ে আমাদের কাছে যখন এই এ্যামেণ্ডমেন্ট বিল-টা আনা হয়েছে তখন আমি মনে করি এটা আগে আনা উচিৎ ছিল। এটা আগে আনলেন না এবং যখন আনলেন তখন আর একটা বক্তব্য আপনার কাছে রাখতে চাই সিডিউল ৫ পরিবর্তন করতে হলে সিডিউল ৫-এর এ্যামেন্ডমেন্ট আগে আনবার প্রয়োজন হল ইলেকশন-এর ১½ মাস আগে তখন সিডিউল ৫ আরও পুরাপুরিভাবে এ্যামেণ্ড করা উচিৎ ছিল। ডেলিমিটেশন যদি দেখি তাহলে দেখব কোন কন্সটিটিউয়েন্সী-তে ৮।১০ হাজার ভোটার, কোথাও ২

হাজার ভোটার। এইভাবে যে এলাকা ভারটিক্যালী ভাগ কবার কথা ছিল সেই এলাকা হরাই-জেন্টালী ভাগ করা হয়েছে। এই যে অনিয়ম করা হয়েছে সেই প্রশ্ন সম্বন্ধে বারবার তখন বলবার চেষ্টা করেছি। আজ আবার যখন এ্যামেণ্ডমেন্ট আনলেন তখন সেই জিনিসগুলি চিন্তা করার প্রয়োজন ছিল তা তাঁরা না করে দলীয় স্বার্থে ভাগ করেছেন এবং যেখানে তাঁদের প্রার্থী জিতবার সম্ভাবনা আছে সেই ভাবে ভাগ করেছেন। এটা ন্যায়সঙ্গত ভাবে হয়নি, কারণ তা নাহলে ইলেকশন বানচাল হতে পারে। সুতরাং এ্যামেণ্ডিং বিল যখন এসেছে সেই সুযোগে আপনার মাধ্যমে বলতে চাই কর্পোরেশন-এ এ্যাডাল্ট ফ্রানচাইজ ভিত্তিতে যে নির্বাচন হতে চলেছে সেই নির্বাচনকে বানচাল করার জন্য সেই নির্বাচনে দুর্নীতি এনে জেতাবার জন্য কংগ্রেস নানাভাবে চেষ্টা করবেন সেটা আমরা জানি এবং সেই চেষ্টা যাতে ঠিক ঠিক ভাবে করতে পারে তা এই ৬নং ক্লজে দেখতে পাচ্ছি। অর্থাৎ এই রকম কোথাও যদি বাঁধা বিপত্তি হয় তাহলে ওখানে অফিসার যিনি থাকবেন তিনি যদি মনে করেন যে ঠিকভাবে চলতে পারছেন না—অর্থাৎ যদি মনে করেন যে বিরোধী পক্ষের দিকে ভোট ভাল ভাবে চলতে সুরু করল—তখন হয়ত কেউ একটা গণ্ডগোল করলে তিনি বলতে পারেন যে আজ আর ভোট হবে না আমি এ্যাডজোর্ন করে দিলাম। অর্থাৎ অন্যায়ভাবে দুর্নীতিকে প্রশ্রয় করে ইলেকশন জেতবার যে প্রচেষ্টা সেই প্রচেষ্টা এই এ্যামেণ্ডমেন্ট-এর ভেতর দিয়ে আমাদের কাছে পরিস্ফুট হচ্ছে। তাই আপনার মাধ্যমে ৮ নং ধারার যে এ্যামেণ্ডমেন্ট সে সম্পর্কে যে বক্তব্য হোক, ৬নং ক্লজ আনবার দরকার নেই। এই বলে ৬, ৭ নং ক্লজ-এর উপর আমার বক্তব্য রেখে আমি শেষ করছি।

Shri Aswini Roy:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রাপ্ত বয়স্কদের ভোটাধিকারের ভিত্তিতে পৌর নির্বাচন হবে এটা বহু দিন ধরে আলোচনা হচ্ছে এবং এ ব্যাপারে বহু প্রস্তাব উত্থাপিত হয়েছে এবং প্রস্তাব গৃহীত হয়েছে। এই প্রাপ্ত বয়স্কের ভিত্তিতে যে নির্বাচন তার জন্য প্রায় তিনবার আইন সংশোধন করতে হল, প্রথম প্রাপ্ত বয়স্কদের নির্বাচন আইন সংগত হল তারপর তার কয়েকটা ধারা সংশোধন হল, যে পৌরসভায় কি কি কাজ হবে ইত্যাদি সংশোধন হল, এর পর নির্বাচন ক্ষেত্র বা এলাকা কি হবে তা ঠিক হল আজকে আমরা দেখছি টুকরো টুকরো ভাবে আইন এখানে আসছে। এই টুকরো টুকরো হলেও যখন জোড়া হবে তখন এতে ভুল বেরুবে কিন্তু এর মধ্যে একটা নির্বাচন আমাদের সামনে এসেছে। বর্তমানে এই সংশোধনী হল কিভাবে নির্বাচন হবে ইত্যাদি সে বিষয় সম্পর্কে সংশোধনী আসছে। এবং আজকে দেখা যাচ্ছে যেটা টুকরো টুকরো ভাবে আসছে। এর কারণ কি আমরা জানতে চাই? এতদিন পর প্রাপ্ত বয়স্ক ভোটাধিকারের ভিত্তিতে একটা পৌরসভা নির্বাচন হবে, ৩০ লক্ষের মত লোকের প্রতিনিধি তাতে থাকবে, এবং বিশেষ করে কলকাতা সহর যেটা নাকি বাংলাদেশের সবচেয়ে বড় সহর তার তাঁরা প্রতিনিধিত্ব করবেন। এরূপ যে নির্বাচন হবে সেই নির্বাচন সুষ্ঠু এবং দুর্নীতি মুক্ত হওয়া উচিত। সে দিক থেকে প্রাপ্ত বয়স্ক ভোটাধিকারের ভিত্তিতে সুষ্ঠু নির্বাচন করতে গেলে ভোটার তালিকা প্রণয়ন প্রিপারেশন অফ ইলেকটোরাল কি ভাবে হবে। সেখানে পুরাণ আইনটা যেভাবে এসেছে অর্থাৎ সেই মিউনিসিপ্যাল এ্যামেণ্ডমেন্ট এ্যাক্ট সেটা বজায় থাকলো। প্রশ্ন আছে প্রাপ্ত বয়স্কদের ভোটাধিকারের ভিত্তিতে যে নির্বাচন হবে সেটা হচ্ছে এ্যাসেম্বলী কন্সটিটিউন্সিতে যে ভাবে ভোটার তালিকা আছে তার যে নিয়ম কানুন সে অনুযায়ী হবে, না সেগুলি এতে ঠিক ঘটবে না সেই ব্যাপারে কতকগুলি সুবিধার ব্যাপার আছে এবং তা আইনে ইচ্ছা করে রাখা হয়েছে। সেই কারণে বা সেই উদ্দেশ্যে নির্বাচন হয়ে গেলে কালকে যদি হাইকোর্টে মামলা হয় তাহলে ইলেকশন বাতিল হয়ে যাবে যেখানে পিপলস্ রিপ্রেজেণ্টেশন এ্যাক্ট-এ আছে যে ইলেকশন কমিশন ভোটার তালিকা প্রণয়ন করবেন, এখানে বলা হচ্ছে স্টেট গভর্নমেন্ট উইল এ্যাপয়েন্ট, কাজেই এই দুটার মধ্যে কন্ট্রাডিকশন আছে, অথচ ভোটার তালিকা, ইলেকটোরাল রেজিস্ট্রেশন থেকে আরম্ভ করে সে আইন বদলান উচিত ছিল, সেটা হচ্ছে না দ্বিতীয় কথা হচ্ছে ভোটার তালিকা তৈরী হল এবং নির্বাচন হল। এখন নির্বাচন করতে গিয়ে মাননীয় মন্ত্রীমহাশয় যা বলেছেন সেই পিপলস্ রিপ্রেজেন্টেশন এ্যাক্ট-এ আমরা যা দেখেছি

সেটা পরিবর্তন করছেন, সেগুলি পিপলস রিপ্রেজেণ্টেশন এ্যাক্ট-এর জিনিস নয়, ওরা সেইটা পরিবর্তন করছেন। এখন তাই যদি হয় তাহলে দেখা যাচ্ছে ২৮ লক্ষ লোকের মধ্যে অন্ততঃ ১৪ থেকে ১৫ লক্ষ লোক ভোটার হবে। সেই ১৫ লক্ষ লোকের যে নির্বাচন সেই নির্বাচন যাতে দুর্নীতিমুক্ত হয় তার জন্য কতকগুলি বিধিসম্মত ব্যবস্থা থাকা উচিত। সে দিক থেকে এ্যাসেম্বলীর নির্বাচন ক্ষেত্রে আছে কোরাপ্ট প্র্যাকটিসেস, ইল্লীগ্যাল প্র্যাকটিসেস বলে যে জিনিষটা, সে বিষয়টা কোন জায়গায় থাকছে না।

[4-50—5 p.m.]

ভোট গ্রহণের সময় যদি দুর্নীতি সত্ত্বেও সেখানে নির্বাচন হয় তাহলে তার যে প্রতিকার সেটা থাকছে না। কাজেই সামগ্রিকভাবে একটা যদি সুষ্ঠু নির্বাচন পরিচালনা করতে হয় এবং সুষ্ঠুভাবে নির্বাচিত প্রতিনিধি পাঠাতে হয় তাহলে তার জন্য যেগুলি সংশোধন করা দরকার সেই সংশোধনগুলি থাকছে না। কাজেই আমি এটা মন্ত্রীমহাশয়কে বলছি যে এ রকম আবার টুকরা করে আপনি যে সংশোধন করতে চাচ্ছেন এতে অনেক কিছু হবে। দ্বিতীয় কথা হচ্ছে ইমপার্সোনিফিকেশন বা কৃত্রিম ভোট, জাল ভোট—এ সম্পর্কে পিপলস্ রিপ্রেজেন্টেসন য়্যাক্টে আছে কিন্তু এর মধ্যে সেকথা দেখছি না। কাজেই এ রকম বহু জিনিস বাদ দিয়ে পিপলস্ রিপ্রেজেন্টেসন য়্যাক্ট থেকে নিয়ে আমরা যে সুষ্ঠু নির্বাচন করতে যাচ্ছি সেটা হচ্ছে না। সেই ক্ষেত্রে আমার বক্তব্য হচ্ছে যে এই ধরণের একটা দৃষ্টিভঙ্গী থাকার ফলে আমার মনে হচ্ছে যে নির্বাচনে যাতে একটা দুর্নীতি থাকে তার জন্য একটা ব্যবস্থা করা হচ্ছে—এটা অজ্ঞানে নয়, সজ্ঞানেই করা হচ্ছে, কারণ চারিদিকে দুর্নীতি কাজেই দুর্নীতিটাই আজকাল নীতি হয়ে গেছে। সে জনাই জেনেশুনে একটা অংশকে বাদ দিয়ে একটা অংশকে সংশোধন করা হচ্ছে। সেজন্য সামগ্রিকভাবে একটা সংশোধনী তাড়াতাড়ি আনা উচিৎ যাতে ইলেকটোরেট রেজিষ্ট্রেসন থেকে আরম্ভ করে কি পদ্ধতিতে নির্বাচন হবে, নির্বাচনকালীন কোন রকম দুর্নীতি থাকবে কি না থাকবে, এই সমস্ত বিচার বিবেচনা করে এই আইনটা আনা উচিৎ ছিল এবং সেজন্য আমি মোশান ফর সার্কুলেশনের কথাটা দিয়েছিলাম কিন্তু যেহেতু নির্বাচন হচ্ছে সেহেতু মোশান ফর সার্কুলেশন হয় না। এখন অল্প রয়েছে—যদি মাননীয় মন্ত্রীমহাশয় এই আলোচনাটাকে স্থগিত রেখে একটু ভেবে চিন্তে আরও সংশোধন করে একটা বিল আনতে পারেন তাহলে ভবিষ্যতে ভাল হবে, তা না হলে কোর্টের কাছে যাবে এবং লক্ষ লক্ষ টাকা খরচ করে যে পৌরসভার নির্বাচন হবে সেটা অকেজো হয়ে যাবে। কাজেই এ বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। তৃতীয় কথা, এ্যাডজোর্ণমেণ্ট এ্যাণ্ড পোষ্টপোনমেণ্ট, অবশ্য পিপলস রিপ্রেজেণ্টেশন এ্যাক্টে আছে, এ্যাডজোর্ণমেণ্টের কথা আছে, পোষ্টপোনমেণ্টের কথা আছে, ঢুকিয়ে দিয়েছেন। কাজেই সেখানে যখন পিপলস রিপ্রেজেণ্টেশন এ্যাক্ট থেকে নিচ্ছেন তখন আমি কিছু বক্তব্য রাখছি। তারপর রিকুইজিশেনের ব্যাপারে যেটা করতে যাচ্ছেন, হ্যাঁ দরকার আছে কতকগুলি ঘরবাড়ীর। এতগুলি নির্বাচন হতে যাচ্ছে, কাজে কাজেই অন্ততঃপক্ষে নির্বাচনী এলাকায় সেখানে যদি হাজারের ভিত্তিতে হয় তাহলে ১০।১৫টা পোলিং ষ্টেশন করতে হবে ইত্যাদি কিন্তু যেভাবে আইনটা করছেন এটা যেন পীড়নমূলক হচ্ছে। কাজেই সেদিক থেকে এক বছর বা ৬ মাস শাস্তি হবে যদি বাড়ী না দিতে চায় তাহলে তাকে নোটীশ দেওয়া তার বক্তব্য শুনে বিচার বিবেচনা করে শাস্তির বিধান আইনটাতে আনা উচিৎ ছিল। সেদিক থেকে সেকসনটা ভীষণ পীড়নমূলক হচ্ছে। সেজন্য আমি একটু ভাবতে বলছি এবং ভাল করে দেখে এই আইনটাকে আনা উচিৎ।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই বিধানসভার মাননীয় মন্ত্রীমহোদয় জনাব ফজলুর রহমন সাহেব খুব আবেগের সংগে আমার বক্তৃতার জবাব দিয়েছিলেন এবং আমার বেশ মনে পড়ছে যে সেই আবেগের মধ্যে তাঁর সেদিনকার একটা ইংরাজীতে যাকে বলে রাইটিয়াস র‍্যাথ, ঠিক সেই রকম একটা ন্যায়সংগত ক্রোধ ছিল এবং ১৯৩২ সালের আগে যখন তাঁকে জেলে দেখেছি তখন সেই তাঁর ন্যায়সংগত ক্রোধের সেই মূর্তিটা আমার তখন মনে হয়েছিল এবং আমি নিজে মনে করেছিলাম বোধ হয় আমি কি ভুল বলেছি কিন্তু নিয়তির পরিহাস কি ফজলুর রহমন সাহেবের

নিজের পরিহাস জানিনা—আমি যখন খবরের কাগজে দেখলাম যে ক্যালকাটা মিউনিসিপ্যাল এ্যামেণ্ডমেণ্ট এ্যাক্ট যেটা পাশ হয়েছে তাকেও আবার এ্যামেণ্ড করবার জন্য অর্ডিন্যান্স পাশ হয়েছে তখন আমি ভাবছিলাম যে এটা ফজলুর রহমন সাহেবের অদৃষ্টের পরিহাস। স্পীকার মহোদয়, আপনি আইনজ্ঞ লোক, আপনি একটা জিনিস লক্ষ্য করে নিশ্চয়ই খুব শঙ্কিত হয়ে পড়েছেন যে একটা গভর্নমেন্ট যে কোন সময় যে কোন বিল নিয়ে আসছেন —আমি এই হাউসের সামনে এর আগেও বলেছি, আপনি স্মরণ করে দেখুন, তার কয়েক দিনের মধ্যে, কয়েক মাসের মধ্যে আবার তার য়্যামেণ্ডমেন্ট আনার দরকার হয়ে পড়ছে। সেদিন খবরের কাগজে আপনি নিশ্চয় দেখেছেন যে সেন্ট্রাল গভর্নমেন্টের যে আইনমন্ত্রী, আমাদের দেশের মাননীয় ভদ্রলোক শ্রীঅশোক সেন মহাশয় খুব গর্বের সঙ্গে বড়াই করে বলেছেন যে ১ শত বৎসরে বৃটিশ গভর্ণমেণ্ট যতটা না আইন পাশ করেছে, আমরা এই ১০ বৎসরে তার চেয়ে বেশী আইন পাশ করে ফেলেছি। অর্থাৎ তার দ্বারা তিনি প্রমাণ করতে চেয়েছেন যে তাঁরা ১০ বৎসরে ১০০ বৎসরের কাজ করে ফেলেছেন। ঐ যে চিত্রটা, ঐ চিত্রটা সামনে রেখে এই ধরণের আইনগুলি বিশ্লেষণ করলে বুঝতে পারবেন যে ও'রা ১০০ বছর ধরে ১০০ বৎসরের কাজ করতে পারবে না, এটাই প্রমাণ হচ্ছে প্রকারন্তরে। কি রকম দেখুন—এই যে এ্যামেণ্ডমেন্ট বিল নিয়ে আসা হোল—সে সময় আমরা বল্লাম যে আপনারা করপোরেশনের কাছ থেকে এই ডেলিমিটেসন ব্যাপারে কিছু মতামত নিলেন না—এটা কি ঠিক হোল আমরা এটা বলেছিলাম এবং আপনারা তো চেয়েও ছিলেন—চাওয়ার পর তারা পাঠিয়েছিল উইথ এমফ্যাসিস। যে ব্লু প্রিন্ট পাঠিয়েছিল সেই ব্লু প্রিন্ট-টী কারচুপি করা হয়েছে। মাননীয় মন্ত্রীমহোদয় ঠিক এই ভাবে প্রতিবাদ করুন যে করপোরেশনের পাঠানো যে ব্লু প্রিন্ট সেটাতে কারচুপি করা হয়েছে কি না। মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনাকে বলছি যে এই করপোরেশনকে নিয়ে ছেলেখেলা করা উচিৎ নয়। এখানে ৩০।৩৫ লক্ষ লোক বাস করে—তাঁদের গরু ভেড়ার মত ট্রিট করার জন্য আমরা এখানে বসে নাই—তাঁদের প্রতিনিধি হয়ে হয় তো অনেক মন্ত্রীমহোদয় বিরাজ করছেন। একটু গুরুত্বপূর্ণ পদ্ধতিতে ও গুরুত্বপূর্ণ ভঙ্গিতে বিলগুলি আনা উচিৎ ছিল কিন্তু ঠিক সেই ভাবে আনা হয়নি। এই বিলে তিন-তিনটী এ্যামেণ্ডমেন্ট-এ তার প্রমাণ পাওয়া গেল। আমি তথাপি মাননীয় মন্ত্রীমহাশয়কে এইটুকু বলবো যে সরলভাবে ঠিক পাশ করালেন যে সবই ঠিক আছে এই বিলের মধ্যে। কিন্তু দেখা গেল যে আমরা সেই সময় যেটা বলেছিলাম আমাদের এ্যামেণ্ডমেন্টে আপনি নিশ্চয় দেখেছেন আমাদের এ্যামেণ্ডমেন্ট যেগুলি ছিল মোটামুটি ভাবে সেগুলি তাদের সবার এমেণ্ড করতে হয়েছে। আমি সেই সময় বলেছিলাম যে এমন এমন জায়গা রয়ে গিয়েছে যেগুলি ডিমার্কেট করা হয়নি। কিন্তু তখন বলা হয়েছিল—না, সব ঠিক হ্যায়। ও পক্ষ ধরে রেখেছেন যে তাঁরা যেটা বলবেন সেটাই সত্য। ইংলণ্ডে টিউডর আমলে কথা ছিল রাজাদের এবং সেই রাজার যারা সঙ্গী থাকতো—সেই পরিষদ দলের সম্বন্ধে কথা ছিল যে কিং ক্যান ডু নো রং। এ'রা প্রকারন্তরে ঠিক এই কথাই বলতে চান যে কংগ্রেস ক্যান ডু নো রং, মিনিস্টার্স ক্যান ডু নো রং, এবং পারিষদবর্গ তাতে গদগদ হয়ে উঠেছেন। এইভাবে সমস্ত সরকারের যে চিত্র তাঁদের প্রত্যেকটী এ্যামেণ্ডমেণ্টের মধ্য দিয়ে তাদের ফেলিওরকে আমরা দেখতে পাই। এই ভাবেই কি জনসাধারণের মনে আস্থা আনবেন? সেই জন্য আমি মন্ত্রীমহাশয়কে আবার বলছি যে আপনি যে বিলটী নিয়ে এসেছেন এই বিলটী আপনি ভাল করে দেখুন। তাতে উনি আমাকে বল্লেন যে আপনি মাননীয় শৈলেনবাবু আপনি তো মফঃস্বলের লোক আপনি কলিকাতা মহানগরীর অলিতে গলিতে ঘুরছেন কেন—আমি কলিকাতা মহানগরীতে ঘুরছি এই জন্য যে আমি মফঃস্বলের বেকার লোক; মফঃস্বলের বেকার লোক যেমন অলিতে-গলিতে ঘুরে পথ পায় না—আমিও ঠিক সেই রকম অলিতে-গলিতে ঘুরছি। কিন্তু মন্ত্রীমহোদয়ও তো এই মহানগরীর লোক নন—কাজেই তিনি কেন এই মহানগরীর এই সমস্ত দায়িত্ব নিয়ে এই ভাবে বার বার আমাদের সামনে নিজের ব্যর্থতা প্রকাশ করেছেন? সে কথাই আমি জিজ্ঞাসা করে তাঁকে বলব যে তাদের মধ্যে যে সততা এবং সরলতা আছে সেটাকে তিনি দৃঢ়ভাবে প্রয়োগ করে যাতে জনজীবনে আবার কোন দুর্ভোগ না আসে, কলকাতার এই মহানগরীর ইলেকসান নিয়ে আবার যাতে গণ্ডগোল না হয় সেই জন্য তিনি এই বিলটাকে ভালভাবে ঢেলে সাজাবার এবং ভাল করে খুঁটিয়ে দেখাবার জন্য ব্যবস্থা করুন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5—5-10 p.m.]

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani:

মিঃ স্পীকার স্যার, বহুদিন চেষ্টার পর আগামী ১ মাস পরে ক্যালকাটা করপোরেশন এডাল্ট ফ্রানচাইজ-এর ভিত্তিতে ইলেকসন হতে যাচ্ছে এবং তার জন্য নিশ্চয়ই ক্যালকাটা মিউনিসিপাল এ্যাক্ট-এর এ্যামেণ্ডমেন্ট দরকার। কিন্তু যতটা আমরা আশা করেছিলাম ঠিক ততটা এতে পাচ্ছি-না। আমার আগে মাননীয় অশ্বিনী রায় মহাশয় বলেছেন যে বহু জিনিস এতে নেই। যেমন ইলেকসন বিল। তার মাধ্যমে দুটো করাপ্ট প্রাকটিস্ করা হয় তার কি ব্যবস্থা হবে না হবে—আমি আশা করি বোধ হয় এই জন্যই মন্ত্রীমহাশয় এটা দেননি যে পিপলস্ রিপ্রেজেন্টেসন এ্যাক্ট-এর মধ্যে যা কিছু আছে সেগুলি অ্যাপ্লাই করে, যদি তাই হয়ে থাকে তাহলে আমার বলবার কিছু নেই। আর একটা জিনিস আছে এরা দিয়েছেন এ্যাডজোর্নমেন্ট-এর কথা। যতদূর আমার জানা আছে পিপলস রিপ্রেজেণ্টেশন এ্যাক্ট সেটাও আছে এবং সেটা আমি আমার মাননীয় বন্ধু শ্রীনিখিল দাস মহাশয়ের সামনে আপনার মাধ্যমে নিবেদন রাখছি। বোধ হয় এই এ্যামেণ্ডমেন্ট বিলে যেটা লেখা আছে, যা ব্যবস্থা করেছেন এই এ্যাডজোর্নমেন্ট-এ গণ্ডগোল হবার ফলে সেটাই বোধ হয় সঠিক হবে। তা না হলে যে কোন ইন্টারেস্টেড পার্টি যখন দেখবে যে আমরা এই উমুক ওয়ার্ডে ইলেকসনে হেরে যাচ্ছি তখন ডেলিবারেটলি গুণ্ডামী করতে পারে এবং সেই এ্যাডভাণ্টেজটা যাতে না হয় তা যদি আমরা পোষ্টপোন করে নিয়ে রিপোলিং করি তাহলে ওদের সুবিধা হয়ে যাবে। সে এ্যাডভাণ্টেজ থেকে গেলে ডেলিবারেটলি সেই গুণ্ডামী করার কথা চিন্তা করার আগে যা এ্যাড্ভান্টেজ অলরেডি ওদের হাতে চলে গিয়েছে যা এখন অল্প কিছু রি-পোল বাকি রয়েছে, রি-পোল করলেও কিছু সুবিধা হচ্ছে না বলে গুণ্ডামী নাও হতে পারে। আমাদের বিশেষ আপত্তি আছে সেটা হচ্ছে এই যখন রিকুইজিসন-এর কথা বলেছেন রিকুইজিসন-এ পরিষ্কার উদ্দেশ্যটা বলেছেন
to be used as polling station or for the storage of ballot boxes.
এই বাড়ী রিকুইজিসনের কথা যেটা বলেছেন। কিন্তু বিলে বলেছেন ওখানে যে
building or part of a building and includes a hut, shed or other structures or any part thereof.
এই হাট্ কথাটার উপর আমার আপত্তি আছে। যে পারপাস-এর জন্য উনি চাচ্ছেন, হাট্ নিয়ে করবে কি? কলকাতা শহরে কি গাদা গাদা হাট্ পড়ে রয়েছে? গরীব পরিবার ওখানে কোন রকমে বাস করছে। সেটা জোরজবরদস্তি করে যদি আপনারা রিকুইজিসন করে নেন তাহলে কয়েক দিনের জন্য ওরা যাবে কোথায় এবং হাট নিয়ে আপনারা করবেন কি? পোলিং ষ্টেসন-এ আমরা নিজেরা দেখেছি যে সেখানে জায়গার অভাব, ঘরবাড়ী পাওয়া যাচ্ছে না। সেখানে কোন খালি জায়গায় আপনারা কোনরকম পর্দাটর্দা লাগিয়ে একটা ইম্প্রোভাইসড সেড এ হাট করেছেন আর ব্যালট বক্স ষ্টোর করবার জন্য হাতে কোন রকম সিকিওরলি হাট আছে তা আমার জানা নেই। সেখানে রেগুলারলি একটা ভাল পাকাবাড়ী দরকার। যাতে আপনারা সিকিওরলি বন্ধ করতে পারেন সে রকম বাড়ী দরকার। সেই জন্য আমি বলছি যে হাট কথাটা না রাখাই ভাল ভেনিকোনাম্ রিকুইজিসন-এ আমি বুঝতে পারলাম না যে ইলেকসন পারপাস-এ গভর্নমেন্ট কে কিম্বা করপোরেশন-কে পাবলিক-এর কাছ থেকে রিকুইজিসন করতে হবে কেন? সেটা গভর্নমেণ্ট-এর নিজের এবং করপোরেশন সোর্সেস থেকে ব্যবস্থা করা উচিত। অফিসারস পোলিং অফিসারস্ যাদের জন্য দরকার সেটা তাঁরা করবেন। পাবলিকের কাছ থেকে জোর জবরদস্তি রিকুইজিসন করবেন কেন? যদি কেউ পাব্লিকের কাছ থেকে কোন লোক ভল্যান্টারি অফার করেন গাড়ী দেন তাহলে সেটা আলাদা কথা। কিন্তু জোর জবরদস্তি করে রিকুইজিসন করায় আমার আশঙ্কা আছে। এটা প্রভিসন দিয়েছেন আপনারা। যদি কোন ক্যাণ্ডিডেট-এর সার্ভিস গাড়ী থাকে তাহলে তাকে রিকুইজিসন করা হবে না। কিন্তু মাননীয় সদস্য জানেন যে রিকুইজিসন ফিক্সড্ একটা গাড়ী ছাড়া বন্ধুবান্ধবদের মধ্যে আরও কিছু কিছু গাড়ী সময়মত ইলেকসনের কাজে পাওয়া যায় এবং আমরা সেটা ভয় করছি যেখানে এই পসিবিলিটি থাকবে সে অমুক লোকের গাড়ী হয়ত অমুক ক্যানডিডেট্-এর জন্য ইলেকসনে ব্যবহার হতে পারে, আপনারা ঝট্ করে ঐ গাড়ীটিকে রিকুইজিসন করে নেবেন সেই জন্য গাড়ী রিকুইজিসন করাটা আমি

প্রয়োজন আছে বলে মনে করি না। বাড়ী সম্বন্ধে ঐ হাটটা বাদ দিয়ে যদি রিকুইজিসন করেন তাহলে ভালই হয়। বাকিগুলি কন্সটিটিউয়েন্সী সম্বন্ধে যেগুলি আছে সে সম্বন্ধে বিশেষ বিশেষ কিছু বক্তৃতা নেই। যেগুলির আলোচনা আগেই শেষ হয়ে গেছে এবং তার পরবর্তী যেগুলো বলতে চেষ্টা করেছেন তাতে আমার বিশেষ কোন আপত্তি নেই। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri S. M. Fazlur Rahman:

মাননীয় সভাপালমহাশয়, এই বিলের আলোচনায় মাননীয় সদস্য শ্রীনিখিল দাস মহাশয় কয়েকটি প্রশ্ন উত্থাপন করেছেন। তার মন্তব্যের শেষে তিনি বলেছেন যে সমস্ত অ্যামেণ্ডমেন্টগুলি নিয়ে আনা হয়েছে তার কারণ হল দুর্নীতিকে প্রশ্রয় দিয়ে নিজেদের আর দলগত স্বার্থ সিদ্ধির জন্য এই কয়েকটি জিনিষ নেওয়া হচ্ছে। তিনি তার মনগড়া কতকগুলি যুক্তি এখানে নিশ্চয়ই উপস্থাপিত করেছেন। আমি বলব তার মনে যদি এই ধারণার উদ্বেগ হয়ে থাকে যে দুর্নীতিকে প্রশ্রয় দেবার জন্য এবং দলগত স্বার্থ সিদ্ধির জন্য এই এ্যামেণ্ডমেণ্ট আনা হয়েছে তাহলে তিনি সেটা নিশ্চয় ভুল করেছেন। দুর্নীতি যাতে না হয় এবং দলগত স্বার্থসিদ্ধি যাতে না হয় এবং স সব থেকে মুক্ত করবার জন্যই এই নিষ্পাপ নির্বাচনের চেষ্টা হচ্ছে। কাজেই এই অ্যাড-জার্ণমেণ্টের কথায় রিকুইজিশনের কথায় তিনি বলেছেন যে আমাদের ক্লজ ৮-এ একটা রদ-বদলের সম্ভাবনা রয়েছে। আমরা এই সর্বপ্রথম পূর্ণ বয়স্ক ভোটাধিকারের ভিত্তিতে এই নির্বাচন পরিচালিত করতে যাচ্ছি। আগে যা ছিল ওয়ার্ড কম ছিল এবং সীমিত ভোটদাতা ছিল। এখন প্রায় ১৬ লক্ষ থাকবে ২ হাজার পোলিং ষ্টেসনএ। এই কলিকাতায় একদিনে ২ হাজার পোলিং ষ্টেসনের মধ্যেই নির্বাচন হবে। এক একটি পোলিং ষ্টেসনে আপনারা সকলেই দেখবেন যে কতগুলি অফিসার দরকার হয় আর ২ হাজার পোলিং ষ্টেসনের জন্য কতটা জায়গা প্রয়োজন হয়। সেইজন্য যেহেতু কয়েকটি পোলিং ষ্টেসন আগে ছিল এবং সীমিত ভোটদাতা ছিল সেহেতু সে সাহায্য নিতে গেলে ঠিকই এই পূর্ণ বয়স্ক ভোটাধিকারের ভিত্তিতে রিপ্রেজেনটেসন অব পিপলস এ্যাক্ট-এ যে ধারাগুলি আছে তার একটি অক্ষরও রদবদল করা হয়নি, ঠিক হুবহু আছে। কাজেই ১৯৫২ সাল থেকে ১৯৬২ সাল পর্যন্ত এই ৩টা নির্বাচনে আপনাদের সকলের অভিজ্ঞতা আছে যে রিপ্রেজেনটেসন্ অব পিপলস্ অ্যাক্ট-এর ধারাগুলি এই নির্বাচন পরিচালনার ব্যাপারে যে সাহায্য নেওয়া হয়েছে অফিসারদের কাছ থেকে সেই ধারা-গুলিও পূর্ণ বয়স্ক ভোটাধিকারের ভিত্তিতে কেবল নাম হচ্ছে যে পৌরসভা করপোরেসন ইলেকসন, কিন্তু পদ্ধতিটা মোটামুটি সব একই ধরনের। কাজেই পিপলস্ রিপ্রেজেনটেসন অ্যাক্ট-এর যে ধারা সকলে সাদরে গ্রহণ করেছে এবং যার অভিজ্ঞতায় ভাল ফল পাওয়া গেছে সেই ধারাগুলি সন্নিবেশিত হয়েছে। এ্যাডজোর্ণমেন্ট-এর ব্যাপারে হয়েছে রিকুইজিশন-এর ব্যাপারে হয়েছে। এই দুটোর ব্যাপারে হয়েছে। এ্যাডজোর্ণমেণ্ট-এর কথা বলেছেন, শ্রদ্ধেয় সদস্য নিখিলবাবু নিজের কথায় নিজেই ধরা পড়ে গেছেন। উনি বলেছেন যে মহাশয় এ্যাড-জোর্ণমেণ্ট কেন। উনি বলেছেন যে যখন দেখলেন ওঁর দলের ক্যাণ্ডিডেট আছে, আমাদের দলের একটি ক্যান্‌ডিডেট দাঁড়িয়েছে এবং দেখা যাচ্ছে ওঁর দলের ক্যান্‌ডিডেট্ ভাল ভোট পাচ্ছে তখন কংগ্রেস গুণ্ডা লাগিয়ে ভেঙে দিল, আবার এটা করবার জন্য এই ধারাটা দেওয়া হয়েছে। আমি বলছি নিখিলবাবুর ক্যান্‌ডিডেট যখন ভাল ভোট পাচ্ছে তখন যদি কোন কংগ্রেসী গুণ্ডা গিয়ে সেই ভোট ভাঙাবার জন্য রায়ট করে তাহলে যেটুকু ফল তিনি পেয়েছেন এটা থাকলে পরবর্তী যে ডেটে এ্যাডজোর্ণমেণ্ট হবে সেই ডেটে তিনি সুস্থ পরিবেশের মধ্যে ভাল ফল করে দিতে পারবেন। সেইজন্য এ্যাডজোর্ণমেণ্ট হলে যেখানে ভোটগুলি অলরেডি হয়ে গেছে সেটাকে ডিসকার্ড না করে অন্যভাবে আর একটা দিন পরবর্তী তারিখে সেই বাকি ভোট নেবার জন্য ব্যবস্থা করা হবে যে পক্ষই ক্ষতিগ্রস্থ হবেন তাদেরই সুবিধার জন্য। যে পক্ষেরই দুর্নীতির আওতায় পড়ে নিজের স্বার্থ ক্ষুণ্ণ হবে তাদের স্বার্থের জনাই এই এ্যাডজোর্ণমেণ্ট। সেই জন্যই রিপ্রেজেনটেসন অব পিপলস এ্যাক্ট-এ এই ধারাটা সন্নিবেশিত হয়েছে, সেইজন্য এ্যাডজোর্ণমেণ্ট করা হয়েছে। সেইজন্য পোষ্টপোনমেণ্ট করা হচ্ছে না, ফ্রেস ইলেকসন করা

হচ্ছে না। যতদূর পর্যন্ত হয়েছে সেটা শান্তিপূর্ণভাবে হয়েছে এবং অন্যান্য গোলযোগ রায়ট বা দুর্বিপাকে পড়ে যদি বন্ধ হয়ে যায় সেইজন্য সেটা পরে করার জন্য এ্যাডজোর্ণমেণ্ট করা হয়েছে।

[5-10—5-20 p.m.]

আর পোস্টপোনমেন্টের অর্থ হল কোন্ দিন তারিখ নির্দিষ্ট করা হয় না। আমাদের বাংলা শব্দে দুটোরই অর্থ বন্ধ রাখা। কিন্তু বন্ধ করে একটা দিন নির্দিষ্ট করে এ্যাডজোর্ণমেণ্ট আর পোস্টপোনমেন্ট-এ সেটা আর হয় না। কাজেই এ্যাডজোর্নমেন্ট করা হয়েছে। তারপর রিকুইজিসানের কথা বলা হয়েছে। ২ হাজার পোলিং স্টেশান যদি হয় তাহলে ২ হাজার বাড়ীতে ইলেকসান হবে বলে সরকার থেকে কর্পোরেশান থেকে কি ২ হাজার বাড়ী তৈরী করে রেখে দেবেন? তা তো নয়। পিপলস রিপ্রেজেনটেসান এ্যাক্টে সে জন্য ধারা করা হয়েছে যে এই রকম ক্ষেত্রে পূর্ণ বয়স্ক ভোটাধিকারের ভিত্তিতে নির্বাচন করতে গেলে যদি সাময়িক প্রয়োজন হয় তাহলে রিকুইজিসান ছাড়া কোন উপায় নেই। সেজন্য রিকুইজিসানের ধারাটা আপনি দেখবেন পিপল্‌স রিপ্রেজেনটেসান এ্যাক্টের হুবহু নকল করা হয়েছে। এর চেয়ে একটা অক্ষরও ওলট-পালট করা হয়নি। ২ হাজার যদি পোলিং স্টেশান হয়, তার পোলিং অফিসার আছে, এ্যাসিসট্যান্ট পোলিং অফিসার আছে, পুলিশ অফিসার আছে, একটা পোলিং স্টেশানের জন্য যদি ৫টা করে লোকের দরকার হয় তাহলে ১০ হাজার লোকের দরকার হয়, তাহলে এই ১০ হাজার লোকের জন্য কি সরকারের সব গাড়ী তৈরী হয়ে আছে? কর্পোরেশানের সব গাড়ী আছে? কাজে কাজেই রিকুইজিসান ছাড়া সম্ভব নয়। এটা সাময়িক প্রয়োজনে নিয়ে তারজন্য তাদের ক্ষতিপূরণ দেওয়ার ব্যবস্থা আছে। কাজে কাজেই কোন দলের স্বার্থ ক্ষুণ্ণ করবার জন্য তাদের গাড়ীটা নিয়ে আসবার জন্য রিকুইজিসান করা বা যেখানে ভাল হবে না যে জায়গায় ভোটের স্থান আছে সেই স্থান পরিত্যাগ করে অন্য স্থানে গিয়ে একটা বাড়ী রিকুইজিসান করা এই উদ্দেশ্য না। আপনারা দেখেছেন পোলিং স্টেশান যেগুলো হয় সেগুলো সেণ্ট্রালী লোকেটেড প্লেসে হয়। কাজে কাজেই ঐ এ্যাডজোর্ণমেণ্ট, রিকুইজিসান আর প্যাসেজের যে কথা নিখিল-বাবু বলেছেন, দেখা যাচ্ছে যে অতীতে যা করা হয়েছিল সেইভাবে হয়; ৫৩২ ধারা মিউনিসি-প্যাল এ্যাক্টে রয়ে গেছে যে যদি কোনরকমভাবে রদ বদল করতে হয় তাহলে মিউনিসিপ্যালিটির কমিশনাররা কর্পোরেশানে একটা রেকমেন্ডেশান করলে হয়। এখানে একটা রেকমেন্ডেশান এসেছে যে ৭ আর ৮ নম্বর ওয়ার্ডের একটা রাস্তাকে অন্ধ গলি বলে উল্লেখ করা হয়েছে, সেখানে রাস্তার কোন নাম নেই। কাজেই সেটাকে এ্যাভয়েড করবার জন্য—একটা মাত্র কেস রেকমেন্ডে-শন করেছেন, মিউনিসিপ্যালিটি যেটা এ্যাডজোর্ণমেণ্ট করে ঘুরিয়ে নামকরণ করছে। কাজেই এতে ১ শো কি ২ শো কি ২॥ শো ভোটের তারতম্য হয়েছে। এতে মেটিরিয়ালি এ্যাফেক্ট হবার সম্ভাবনা নেই। তারপর ক্লজ ৮-এ যেসব সংশোধনী দেখছেন শ্রীঅরবিন্দের সঙ্গে তিন যোগ করা হয়নি। মিউনিসিপ্যালিটিতে নিত্য নতুন রাস্তার নাম পরিবর্তন হচ্ছে, আপ-টু-ডেট করার জন্য এগুলি করা হয়েছে, এগুলি এ্যাবসলিউটলি টেকনিক্যাল ম্যাটার। আর ওটার যে পরিবর্তন করা হয়েছে ওটা যে মারাত্মক কিছু হয়েছে তা নয়। তারপর অশ্বিনী বাবু বলেছেন সব কিছু করাপ্ট প্র্যাকটিস হয়েছে। করাপ্ট প্র্যাকটিস কিছু নেই। তিনি যদি আইনটা পড়ে দেখতেন তাহলে দেখতে পেতেন ৭৩ ধারাতে বলা হয়েছে ইলেকসান সেট এ্যাসাইডের ব্যাপারে পিপলস রিপ্রেজেনটেসান এ্যাক্টে সেটা কনস্টিটিউসানে আছে সেখানে ট্রাইবুন্যালে কোর্টে চ্যালেঞ্জ করতে পারবে না, আর এখানে দি অর্ডিনারি ল এ্যাপ্লাই করে সেক্সন ৭৩, ৭৪, ৭৫ মিউনিসিপ্যাল এ্যাক্টে যে বিধান আছে তাতে বলা আছে—সেকশান ৭৩-এ ইলেকশান সেট এ সাইড সম্বন্ধে বলা আছে -দি ডিক্লিজ অব দি ভ্যালু অব ইলেকশান

If there is any dispute as to whether any person whose name is published under sub-section (6) of section 59 is eligible for election as a Councillor, or if the validity of any election is questioned, whether by reason of the commission of any corrupt practice by a candidate or his agent or by any other person or by reason

of the improper rejection of a nomination or of the improper reception or refusal of a vote, or for any other cause, any person enrolled in the electoral roll may at any time within eight days after the said publication, apply to the Chief Judge, Small Cause Court of Calcutta.

এই বিধান রয়েছে। কাজেই সেখানে পিপলস রিপ্রেজেনটেসান এ্যাক্টে সেই ধারাটা কেন কেন পড়ছেনা, না, পিপলস রিপ্রেজেনটেসান এ্যাক্টে এর বিচার হয় না, ট্রাইবুন্যালে বিচার হয়। আর এখানে অর্ডিনারি কোর্টে জুরিসডিকসান আছে, এবং করাপ্ট প্র্যাকটিস হলে সেগুলি সেখানে করবার আছে। কাজেই সে দিক থেকে ওঁনার যে বক্তব্য সেটার আমি উত্তর দিলাম। শ্রদ্ধেয় বন্ধু শ্রীশৈলেন অধিকারীমহাশয় ক্ষোভ করে বলেছেন যে, যে দৃষ্টিভঙ্গী নিয়ে আমি এটা করেছি তাতে আমি কারচুপি করেছি। কারচুপি কিছু হয়েছে বলে যেটা উনি বলছেন সেটা ওঁর নিজের কথা নয়, উনি প্রভাবিত হয়ে এই কথা বলেছেন। কিন্তু আমি তাঁকে ভাবের সাথে বলছি এটা অসৎ উদ্দেশ্যে কিছু করা হয়নি। ডাঃ গনি সাহেব বলেছেন তার সবগুলির উপর হয়ে গেছে। মোটামুটি যে কথা বললাম তাতে স্মুথলি, উইথআউট এনি ডিসটারব্যান্স ইলেকসান করবার জন্য এগুলি করা হয়েছে। কাজেই আমার অনুরোধ মাননীয় সদস্যগণ এক বাক্যে এটা গ্রহণ করবেন।

The motion of Shri S. M. Fazlur Rahman that the Calcutta Municipal (Amendment) Bill, 1965, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1, 2, 3, 4 and 5

The question that Clauses 1, 2, 3, 4 and 5 do stand part of the Bill was then put and agreed to

Clause 6

Mr. Speaker: There are several amendments by Shri Aswini Roy and Shri Dulal Chandra Mandal. All are in order excepting the second part of amendment no. 3.

Shri Aswini Roy: I move that in clause 6, in proposed section 65A(1), line 11, for the word "adjournment" the word "postponement" be substituted.

I also move that in clause 6, after the proposed section 65A(1), the following be inserted:—

"(1a) In case the poll is interrupted or obstructed as specified in sub-section (1) for less than an hour the presiding officer of the polling station may resume poll and extend the hour of poll accordingly."

I also move that in clause 6 in proposed section 65A(2), last line, for the words "adjourned poll" the words "fresh poll" be substituted.

I also move that in clause 6, in proposed section 65A(3), line 3, for the word "polling" the words "fresh polling" be substituted.

এখানে যেটা বলা হয়েছে এই এ্যাডজোর্ণমেণ্ট কথাটা কিছুটা স্পেসিফাই করা দরকার। এ্যাডজোর্ণমেণ্ট বাদ দিচ্ছি না। মনে করুন এক ঘণ্টা ডিসটারবেন্স হলো, আবার সেখানে ভোট হবে, না কি, আবার পরবর্তী ডেট-এর জন্য বন্ধ থাকবে? সেইজন্য ওটা স্পেসিফাইড থাকা দরকার আমি আমি দিয়েছি এক ঘণ্টার বেলায় যদি ইনটারাপসান হয় ওখানে যিনি প্রিসাইডিং অফিসার থাকবেন, যিনি পোলিং অফিসার থাকবেন, তিনি টাইমটা এক্সটেণ্ড করতে পারেন বাই ওয়ান আওয়ার যাতে

ভোটিংটা সেদিন কমপ্লিট হয়। পিপলস রিপ্রেজেনটেসান অ্যাক্ট-এ যেভাবে আছে, সেখানে বহু-লোকের ভোট হয়, এখানে পুলিং বুথ আরো ছোট হবে। সেইজন্য সেখানে যদি ওয়ান আওয়ার এক্সটেনসান হয় এই প্রভিসন এখানে রাখেন তাহলে ভাল হয়। সেটা এ্যাডজোর্ণমেণ্ট এর জায়গায় পোষ্টপোন্ড কথাটা রাখতে চেয়েছিলাম। সেইজন্য এর স্পেসিফিকেসান অফ দি এ্যাডজোর্ণমেণ্ট থাকা দরকার।

The motion of Shri Aswini Roy that in clause 6, in proposed section 65A(1), line 11, for the word "adjournment" the word "postponement" be substituted, was then put and lost.

The motion of Shri Aswini Roy that in clause 6, after the proposed section 65A(1), the following be inserted:—

"(1a) In case the poll is interrupted or obstructed as specified in sub-section (1) for less than an hour the presiding officer of the polling station may resume poll and extend the hour of poll accordingly.",

was then put and lost.

The motion of Shri Aswini Roy that in clause 6 in proposed section 65A(2), last line, for the words "adjourned poll" the words "fresh poll" be substituted, was then put and lost.

The motion of Shri Aswini Roy that in clause 6, in proposed section 65A(3), line 3, for the word "polling" the words "fresh polling" be substituted, was then put and lost.

The question that clause 6 do stand part of the Bill was then put and agreed to.

Clause 7

Shri Aswini Roy: I move that in clause 7, after the proposed section 75B(1)(b) the following be inserted:

"(c) in case of any loss of property or damage to the premises be found during occupation after requisition the owner of the premises be entitled to get compensation".

I also move that in clause 7, in proviso to proposed section 75B(2), line 4, for the word "Thirty", the word "Forty-five" be substituted.

I also move that in clause 7 after the proposed section 75B(2) the following be inserted:—

(2a) On expiry of the period of requisition of the vehicle if any damage to the vehicle is detected, the State Government is liable to pay compensation to the owner of the vehicle for such damages."

I also move that in clause 7, in the proposed section 75H, line 5, for the words "one year", the words "six months" be substituted.

I also move that in Clause 7, in the proposed section 75H, line 7, the words "or with both" be omitted.

মাননীয় স্পীকারমহাশয় আবার ক্লজ ৭-এ অ্যামেন্ডমেন্ট দিয়েছি একটা নূতন প্যারা যোগ করবার জন্য। কারণ আপনারা যখন প্রেমিসেস নিচ্ছেন, ঘরবাড়ী লোকের নিলেন, সেটা নেবার অধিকার থাকছে, কিন্তু সেই ঘরবাড়ী নেবার পরে যদি ড্যামেজ হয়, তাহলে বাড়ীর মালিকের কাছে তার জন্য ক্ষতিপূরণ দেবার কোন বাধ্যবাধকতা আপনাদের থাকছে না। সেইজন্য আমি বলছি এই

জিনিষটা থাকা উচিত যে ইন এনি কেস অফ ড্যামেজ যারা বাড়ীটা নেবেন, তাদের সেজন্য ক্ষতিপূরণ করতে হবে এই প্রভিসনটা আপনি করুন। লোকের যে রেজিসট্যান্স বাড়ী না দেবার জন্য, সেই রেজিসট্যান্স হাল্কা হয়ে যায়। গাড়ীর ক্ষেত্রেও যে এ্যামেণ্ডমেণ্ট আমি দিয়েছি, এই বাড়ীর ক্ষেত্রেও সেই রকম এ্যামেণ্ডমেণ্ট আমি দিচ্ছি। আশা করি মন্ত্রিমহাশয় এটা গ্রহণ করবেন।

Shri S. M. Fazlur Rahman:

যেখানে রিকুইজিসান হচ্ছে, সেই রিকুইজিসান-এর জন্য কমপেনসেসান দেবার কথা, দেওয়া উচিত। এখানে উনি বলছেন ড্যামেজ হলে কি হবে? কমপেনসেসান পাবে ড্যামেজ হলে এই অর্ডিনারী ল তো সেখানে রয়ে গেছে

very body is entile d to it.

কাজেই সেটা এই আইনে রিকুইজিসান করার পরে ড্যামেজ হলে তো কমপেনসেসান পাবে—এটা সেপারেট ক্লজ অফ এক্সান—এই ক্লজ এ্যাকসান-এর জন্য যাঁরা রিকুইজিসান করেছেন, তাঁদের কাছে পেতে পারেন। বেআইনী করে জবরদস্তি করে ক্ষতি করলে তো অর্ডিনারী ল ইজ দেয়ার। তারজন্য ড্যামেজ পেতে পারেন। কাজে কাজেই তার জন্য অন্য কোন কথা ওঠে না।

The motion of Shri Aswini Roy that in clause 7, after proposed section 75B(1) the following be inserted:

"(c) in case of any loss of property or damage to the premises be found during occupation after requisition the owner of the premises be entitled to get compensation.",

was then put and lost.

The motion of Shri Aswini Roy that in clause 7, in proviso to proposed section 75B(2), line 4, for the word "Thirty" the word "Fortyfive" be substituted, was then put and lost.

The motion of Shri Aswini Roy that in clause 7 after proposed section 75B(2) the following be inserted:—

"(2a) On expiry of the period of requisition of the vehicle if any damage to vehicle is detected the State Government is liable to pay compensation to the owner of the vehicles for such damages.",

was then put and lost.

The motion of Shri Aswini Roy that in clause 7, in proposed section 75H, line 5, for the words "one year", the words "six months" be substituted, was then put and lost.

The motion of Shri Aswini Roy that in clause 7, in proposed section 75H, line 7, the words "or with both" be omitted, was then put and lost.

The question that clause 7 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 8 and 9

The question that clauses 8 and 9 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri S. M. Fazlur Rahman: I beg to move that the Calcutta Municipal (Amendment) Bill, 1965, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

The Bengal Aerial Ropeways (Amendment) Bill, 1965.

[5-20—5-29 p.m.]

Shri Saila Kumar Mukherjee: I beg to introduce the Bengal Aerial Ropeways (Amendment) Bill, 1965.

(Secretary then read the title of the Bill.)

Shri Saila Kumar Mukherjee: I place before the House a statement required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

This is a very short and simple Bill.

মাননীয় স্পীকারমহাশয়, এটি অত্যন্ত সংক্ষিপ্ত সংশোধনী বিধেয়ক। বেঙ্গল এরিয়াল রোপ-ওয়েজ এ্যাক্ট, নাইনটিন টুয়ান্টি থ্রি আমাদের পশ্চিমবাংলায় আছে এবং সেই আইনটি সরকারী-ভাবে পাবলিক ট্রাফিক এবং প্রাইভেট রোপওয়েতে প্রযোজ্য। সেই আইনের দুটি সেকশন অর্থাৎ সেকশন ১৪ এবং সেকশন ৪০ সংশোধন করা হচ্ছে। প্রাইভেট রোপওয়ে যারা নির্মাণ করতে চান তাতে জমির উপর যেতে হলে যে সার্ভে করা দরকার সেই সেই পাওয়ার তাদের ছিল না, তাই সে সার্ভে করবার পাওয়ার দরকার। প্রাইভেট এ্যান্ড পাবলিক দুই-ই আছে এবং প্রাইভেট রোপ-ওয়েজ-এ ক্ষমতা দেওয়া হোল—অর্থাৎ মুটাটিস্ মুটান্ডিস্ প্রয়োগ করা হচ্ছে। এই বিল আনার কারণ হোল ইণ্ডিয়ান আয়রন এ্যান্ড স্টীল কোম্পানী ৫৩ কিলোমিটার রোপওয়ে করছে যার অর্ধেক বাংলায় এবং বাকীটা বিহারে। বিহারে যে আইন আছে তাতে প্রাইভেট রোপওয়ের ক্ষমতা আছে, কিন্তু বেংগল এ্যাক্ট-এ ল্যাকুনা ছিল—অর্থাৎ সার্ভে করার ক্ষমতা ছিল না। এটা আমাদের বাংলাদেশের ইস্পাত শিল্পের উন্নতি করছে এবং ইণ্ডিয়ান আয়রন অ্যান্ড স্টীল কোম্পানী ওয়ার্লড ব্যাংকের কাছে থেকে ২৪ কোটি টাকার কাজ পেয়েছে। তারা যদি দ্রুত খনিজ পদার্থ নিতে পারে তাহলে ইস্পাত তৈরী করতে সুবিধা হবে এবং সেদিক থেকে বাংলাদেশের শিল্পোন্নতির পক্ষে এটা গুরুত্বপূর্ণ। এইসব কারণে এটা করা হচ্ছে এবং আগে যেটা অর্ডি-ন্যান্স করে করা হয়েছিল এখন সেটা আইন করা হচ্ছে।

I beg to move that the Bengal Aerial Ropeways (Amendment) Bill, 1965, be taken into consideration.

Shri Nathaniel Murmu:

মাননীয় স্পীকারমহাশয়, আকাশ রজ্জু পথ বিধেয়কটি আমাদের এখানে এসেছে এবং সে সম্পর্কে মন্ত্রিমহাশয় যেসব অসুবিধার কথা বললেন সেগুলি হয়ত আছে, কিন্তু আমার মনে হয় প্রাইভেট সেক্টর-এ যেসব শিল্পপতিরা আকাশ পথ তৈরী করবেন সেখানে সার্ভে যদি তাঁদের নিজেদের উপর রাখা যায় তাহলে তাঁরা তাঁদের খেয়াল খুসীমত করবেন। কাজেই আমার বক্তব্য হচ্ছে যারা আকাশ পথ তৈরী করবেন সেখানে সার্ভে যদি সরকারের অনুমোদন সাপেক্ষ হয়—অর্থাৎ সরকার অনুমতি দিলে সার্ভে করতে পারবে এটা যদি রাখা যায় তাহলে এটা সর্বাঙ্গ সুন্দর আইনে পরিণত হবে। আমি আশা করি ভবিষ্যতে এটা করবেন।

Shri Saila Kumar Mukherjee:

মাননীয় স্পীকার মহাশয়, তাঁরা অনুমোদন চাইবেন বলে এবং আইনে [illegible] আছে বলেই এই সংশোধনী প্রস্তাব আনা হয়েছে। বিহারে কোন অসুবিধা নেই [illegible] এই একটা ল্যাকুনা

ছল, আইনের অভাব ছিল। এটা বোধ পাবলিক এবং প্রাইভেট সেক্টর-এ প্রযোজ্য, কিন্তু প্রাইভেট সেক্টর-এ সার্ভে করার ক্ষমতা ছিলনা। যে যে জায়গায় প্রাইভেট সেক্টর-এ করবার ক্ষমতা ছিল সেখানে যাতে সমানভাবে হয় সেটা স্পষ্ট করে বলা হয়েছে। এটা প্রাইভেট সেক্টর-এর স্বার্থে করা হচ্ছেনা, দেশের স্বার্থের প্রয়োজনে করা হচ্ছে। আমাদের মিক্সড ইকনমি-তে প্রাইভেট সেক্টর এবং পাবলিক সেক্টর দুই-ই আছে। পাবলিক সেক্টর-এ শিল্পের উন্নতি হচ্ছে কাজেই প্রাইভেট সেক্টরও যাতে বাংলাদেশে প্রসার লাভ করতে পারে এবং ইস্পাত শিল্প খনিজ পদার্থ যাতে দ্রুত এবং কম আনতে পারে সেইজন্যই এটা করা হয়েছে।

The motion of Shri Saila Kumar Mukherjee that the Bengal Aerial Ropeways (Amendment) Bill, 1965, be taken into consideration, was then put and agreed to.

Clause 1

The question that Clause 1 do stand part of the bill was then put and agreed to.

Clause 2

Shri Saila Kumar Mukherjee: Sub-clause (1) of Clause 2 is not necessary. I move that sub-clause (1) be omitted and that sub-clause (2) be renumbered as sub-clause (1).

The motion of Shri Saila Kumar Mukherjee that sub-clause (1) of Clause 2 be omitted and that sub-clause (2) be renumbered as (1), was then put and agreed to.

The question that Clause 2, as amended, do stand part of the Bill, was then put and agreed to.

Clauses 3, 4 and the Preamble

The question that Clauses 3, 4 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Saila Kumar Mukherjee: Sir, I beg to move that the Bengal Aerial Ropeways (Amendment) Bill, 1965, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

Report of the Business Advisory Committee

Mr. Speaker: Honourable Members, I present to you the 22nd Report of the Business Advisory Committee which at its meeting held in my chamber this day, considered the business to be taken up in the Assembly on the 11th February, 1965, and recommended that the following items of business be taken up on that date, viz.

Non-official Business 2½ hours.

Shri Jagannath Kolay: Sir, I beg to move that the 22nd Report of the Business Advisory Committee presented this day be agreed to by the House.

The motion was then put and agreed to.

Mr. Speaker: The House stands adjourned till 2 p.m. tomorrow.

Adjournment

The House was accordingly adjourned at 5-29 p.m. till 2 p.m. on Thursday, the 11th February, 1965, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Thursday, the 11th February, 1965, at 2 p.m.

Present:

Mr. Speaker (Shri KESHAB CHANDRA BASU) in the Chair, 9 Ministers, 3 Ministers of State and 188 Members.

STARRED QUESTIONS
(to which oral answers were given)

[2-00—2-10 p.m.]

Mr. Speaker: Questions.

Shri Sanat Kumar Raha:

আজ আমরা টেবিলে কোন উত্তর পাই নাই।

Mr. Speaker: May I draw the attention of the Hon'ble Ministers that the answers to the questions are not duly received by this Secretariat?

Shri Jagannath Kolay:

দেখব।

Facilities for Chest Examination in district hospitals

*30. (Admitted question No. *27.) **Shri Monoranjan Bakshi:**

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলার বিভিন্ন জেলা হাসপাতালগুলিতে ছোট ছেলে-মেয়েদের বিনামূল্যে বক্ষ পরীক্ষাগার স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) পরিকল্পনা থাকিলে, তাহা কখন হইতে কার্যকরী হইবে?

Shrimati Purabi Mukhopadhyay:

(ক) না, (খ) প্রশ্ন উঠে না।

Shri Birendra Narayan Roy:

আপনি কি মনে করেন না যে হাসপাতালগুলিতে ছোট ছোট ছেলেমেয়েদের বক্ষ পরীক্ষার ইমিডিয়েটলী ব্যবস্থা করা উচিত?

Shrimati Purabi Mukhopadhyay:

স্পেশিয়ালী ছোট ছেলেদের বক্ষ পরীক্ষার জন্য আমাদের কোন পরিকল্পনা নেই, টাকাও নেই।

Shri Birendra Narayan Roy:

এটা করার ব্যবস্থা হবে কি?

Shrimati Purabi Mukhopadhyay:

দেখব।

Shri Kanai Pal :

বিভিন্ন জেলায় হাসপাতালগুলিতে বক্ষ পরীক্ষা করার যে ব্যবস্থা আছে তাতে সেখানে মাত্র দৈনিক ৩।৪টি রুগীর বেশী বক্ষ পরীক্ষা করা হয় না এবং তার ফলে অনেক রুগীর ৩।৪ মাস পরে বক্ষ পরীক্ষা করার ব্যবস্থা হয় একথা তিনি জানেন কিনা এবং যার ফলে অনেক রুগী মারা যায়?

Shrimati Purabi Mukhopadhyay:

মোটেই সত্য নয়, ২।৩টা করে কেস হয় বাদ বাকী হয় না এটা সত্য নয়। এ বিষয়ে কোন স্পেসিফিক কেস দিলে আমি তদন্ত করব।

Shri Anadi Das:

মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কি যে হাসপাতালে বক্ষ পরীক্ষা করবার জন্য ড্রাই ফিল্ম পাওয়া যায় না বলে বক্ষ পরীক্ষা করা যাচ্ছে না। বিশেষ করে হাওড়া জেনারেল হাসপাতালে কথা আমি জানি সেখানের যে অবস্থা ছিল, ", কোটা ছিল, যে ফিল্ম, এর কোটা ছিল গত কয়েক মাস থেকে তা পাওয়া যাচ্ছে না এবং এর ফলে অনেকেই বক্ষ পরীক্ষা করাতে পারছে না এ কথা আপনি জানেন?

Shrimati Purabi Mukhopadhyay:

আপনি যে প্রশ্ন তুলেছেন এটা একটা জায়গাকার প্রশ্ন নয় বা সাধারণ প্রশ্ন নয় বা এটা শুধু পশ্চিমবাংলারও প্রশ্ন নয়। ভারতবর্ষের সবত্রই পরীক্ষা করবার জন্য এই ফিল্ম এর দরকার এটা হাওড়া জেনারেল হাসপাতালের প্রশ্ন নয়। যাতে আমাদের ফিল্ম পজিসান ইমপ্রুভ করা যায় তারজন্য চেষ্টা করছি।

Shri Aswini Roy:

আপনি বললেন যে বিনা মূল্যে ব্যবস্থা আছে, আমার জিজ্ঞাস্য কি কি কণ্ডিসান থাকলে বিনা মূল্যে ব্যবস্থা হতে পারে?

Shrimati Purabi Mukhopadhyay:

হাসপাতালে বিনা মূল্যে হবার কথা কি কি কণ্ডিসান তা দেখবার দরকার নেই।

Shri Anadi Das:

আপনি কি জানেন বিনা মূল্যে বক্ষ পরীক্ষা এক্সরে করা হয় না। হাসপাতালে অনেক সময় এম. এল. এ বা মিউনিসিপাল কমিশনার পরিচয়পত্র নেয় টু প্রুফ দ্যাট হি ইস একচুয়ালি পুওর তাহলে বিনা মূল্যে দেওয়া হয় আপনি যেটা বললেন এটার একচুয়াল ঘটনা এবং এটা পরস্পর বিরোধী হয়ে যাচ্ছে। এই সম্পর্কে আপনি কিছু বলবেন কি?

Shrimati Purabi Mukhopadhyay:

আমাদের পজিসানটা আর একটু ক্লারিফাই দরকার। পেয়িং বেডে বক্ষ পরীক্ষা এমনিতে হয় পেয়িং বেডে যদি কেউ প্রার্থনা করে যে আমার দেবার ক্ষমতা নেই তখন তাদের কোন না কোন এম. এল. এ. বা মিউনিসিপ্যাল কমিশনারের কাছ থেকে তার পিকিউনারি কণ্ডিসানের জন্য সার্টিফিকেট বা প্রমাণ পত্র দাখিল করতে হয়, এম. এল. এ. বা মিউনিসিপ্যাল কমিশনার বা কোন জনহিতকর প্রতিষ্ঠান থেকে সার্টিফিকেট দিতে পারেন। সেখানে বক্ষ

পরীক্ষা করা ছাড়া এক্সরেও হয়। ফিল্ম এর কণ্ডিসান যতদিন না ভাল হয়, ততদিন বিনা মূল্যে সব ব্যবস্থা করা সম্ভব নয়।

Shri Nepal Chandra Roy:

মাননীয় মন্ত্রীমহাশয় এক্সরে করা এবং বক্ষ পরীক্ষা করার কথা বললেন। হাসপাতালে যে সমস্ত ফিল্ম ইউস হয় সেই ফিল্ম রুগীদের দেওয়া হয় না এবং তার ফলে হাসপাতালে একবার এক্সরে হলে এবং তারপর যদি এডমিসান না হয় তার ফলে কি হবে। ধরুন, একজনের বোন ফ্র্যাকচার হয়েছে তাকে হাসপাতালে নেওয়া হল না অথচ অন্য জায়গায় গিয়ে তিনি ডাক্তার দেখাতে পারেন এবং তখন ডাক্তার তাঁকে বলবেন এক্সরে আনতে সেই জন্য আমার কথা হচ্ছে যে এক্সরে করার পর যদি সে প্লেট দিয়ে দেবার ব্যবস্থা করা হয় তাহলে উপকার হয়। আমার জিজ্ঞাস্য এরূপ কোন পরিকল্পনা আছে কিনা?

Shrimati Purabi Mukhopadhyay:

হাসপাতালে যিনি বক্ষ পরীক্ষা করাবেন ধরে নেওয়া যায় যে তিনি হাসপাতালে চিকিৎসিত হবেন। তার বাইরে তিনি প্রাইভেট প্র্যাকটিসানারকে দেখাবেন এবং আমাদের কাছ থেকে বিনা মূল্যে এক্সরে করিয়ে নিয়ে যাবেন এই পজিসানটা একসেপ্ট করে নেওয়া যায় না।

Shri Nepal Chandra Roy:

মাননীয় মন্ত্রীমহাশয় নিশ্চয়ই জোর করে বলতে পারেন না যে সমস্ত রুগী হাসপাতালে চিকিৎসিত হয় তারা সবাই ভর্তি হয়। আমি নিজে বহু ঘটনা দেখেছি এবং আমার নিজের কথাই বলি যে আমার ছেলের হাত ভেঙ্গে গেলেও তাকে ভর্তি করা হয় নি সেটা অন্য কোন কলেজে নয়, মেডিকেল কলেজের ব্যাপার ধরুন একটা বোন ফেকচার হয়ে গেছে সে রুগীকে হাসপাতালে ভর্তি করা গেল না, তখন তাকে সাধারণ হাসপাতালে ভর্তি করাতে না পেরে তার এক্সরে পেলে সে বাড়ীতে চিকিৎসা করাতে পারে সে অন্য ডাক্তারকে দেখাতে পারে। এরূপ করলে হাসপাতালের কনজেসানও কমে যাবে। তাই আমার জিজ্ঞাস্য তিনি এটা দিয়ে দেবার ব্যবস্থা করবেন কিনা?

Shrimati Purabi Mukhopadhyay:

চিন্তা করে দেখবো।

[2-10—2-20 p.m.]

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani:

এই যে প্লেটগুলি এর জন্য কি ১৬ টাকা চার্জ হয়—না কনসেসন্যাল রেট আছে?

Shrimati Purabi Mukhopadhyay:

কনসেসন্যাল রেট চার্জ করা হয়।

Shri Kanai Pal:

মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কিনা যে, যে সমস্ত খুব অসুস্থ লোক যেগুলি ভর্তির খুবই প্রয়োজন—যা চিকিৎসকরা মনে করেছেন সেটাতে তার কোন রকম লাংস ইনফেকসন আছে টিউবারকুলারে—যে ক্ষেত্রে তাদের ভর্তি করার অক্ষমতা জানাচ্ছেন এবং সেটা পরীক্ষা করে দেখবার পর ২।৩ মাস লেট হচ্ছে ভর্তি করতে তত দিনে যে অনেক রোগী বাঁচছে না মারা যাচ্ছে এ খবর কি মন্ত্রী মহাশয় রাখেন?

Shrimati Purabi Mukhopadhyay:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আসল প্রশ্ন থেকে উনি অনেক দূরে সরে গেছেন।

Shri Sudhir Chandra Das :

মফঃস্বলের হাসপাতালগুলিতে যাদের যাদের ফ্রী এক্সরে করা হচ্ছে তাদের প্লেট দেওয়া হচ্ছে না এবং সেই প্লেট না দেওয়ার জন্য যে অসুবিধার সৃষ্টি হচ্ছে সে সম্পর্কে আপনারা কোন নির্দেশ দেবেন কিনা ?

(উত্তর নাই)

D. I. R. Prisoners

***31.** (Admitted question No. *116.) **Dr. Narayan Chandra Roy :**

স্বরাষ্ট্র (জেল) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলে ভারত রক্ষা আইনে আটক ব্যক্তিদের সংখ্যা কত ;

(খ) ইহাদের মধ্যে কতজনকে রাজনৈতিক কারণে এবং কতজনকে সমাজ বিরোধী কার্যকলাপের জন্য আটক করা হইয়াছে ;

(গ) ইহাদের মধ্যে যথাক্রমে কতজনকে কোন শ্রেণীর বন্দী হিসাবে গণ্য করা হইয়াছে ;

(ঘ) বিভিন্ন শ্রেণীর বন্দীকে কি কি ধরণের সুবিধা দেওয়া হইতেছে ; এবং

(ঙ) রাজনৈতিক কারণে আটক বন্দীদের পারিবারিক ভাতা ও অন্যান্য প্রয়োজনীয় জিনিস সরবরাহের কোন ব্যবস্থা করা হইয়াছে কিনা ?

Mr. Speaker: Dr. Roy, regarding your question—question No. *31—it relates to the Home (Special) Department, and the answer will be given on Tuesday, that is the next rotational day fixed for the Department. It was sent to the Home (Jails) Department at first.

Gunji oil

***32.** (Admitted question No. *131.) **Shri Sanat Kumar Raha :**

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সমবায় সমিতি মারফত যে গুঁজির তৈল বিক্রয় করা হইতেছে সরকার তাহা পরীক্ষা করিয়া দেখিয়াছেন কিনা ; এবং

(খ) পরীক্ষিত হইলে ফলাফল কি ?

Shrimati Purabi Mukhopadhyay:

(ক) সমবায় সমিতি মারফৎ যে গুঁজির তৈল বিক্রয় হইতেছে সে সম্বন্ধে কোন তথ্য স্বাস্থ্য দপ্তরে জানা নাই, তবে বাঁকুড়া জেলাকর্তৃপক্ষ এবং পৌর কর্তৃপক্ষ উক্ত তৈলের ৩টি নমুনা সংগ্রহ করেন এবং তাহার রাসায়নিক পরীক্ষা করা হয়। (খ) বাঁকুড়ার জেলা কর্তৃপক্ষ এবং পৌর কর্তৃপক্ষ যে তিনটি ক্ষেত্রে রাসায়নিক পরীক্ষা করান সে তিনটি ক্ষেত্রেই তৈল বিশুদ্ধ বলিয়া প্রমাণিত হইয়াছে।

Shri Sanat Kumar Raha:

এই যে পরীক্ষা করার আগে এই যে গুঁজির তৈল বাংলা দেশে নূতন গুঁজে দেওয়া হোল—যেটা খাওয়ার জিনিস সেটা পরীক্ষা না করে স্বাস্থ্য দপ্তর কি করে করলেন ?

Shrimati Purabi Mukhopadhyay:

এটা ঠিক নয়। বাঁকুড়া এবং পুরুলিয়াতে গুঁজির তৈল খাবার বরাবরই ব্যবস্থা ছিল। এটা নতন করে খেতে স্বাস্থ্য দপ্তর বলেছে একথা সত্য নয়। ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট বাঁকুড়া রেফারেন্স

করেছিলেন যে এই তেলটা ব্যাপকভাবে সমবায় সমিতি কিংবা কোন দোকানদার যদি বিক্রি করতে চান তাহলে তার পূর্বে একটু ভাল করে পরীক্ষা করানো দরকার—এই হিসাবে তারা আমাদের কাছে স্যাম্পেল পাঠিয়েছিলেন এবং ইণ্ডিপেণ্ডেণ্টলি তিনটি পরীক্ষা করা হয়েছে এবং তাতে কোন বিরুদ্ধ প্রতিক্রিয়া না এটা বিশেষজ্ঞদের মত।

Shri Sanat Kumar Raha:

এই তেলটা বিদেশের থেকে আমদানি হয় না, দেশে তৈরী হয়?

Shrimati Purabi Mukhopadhyay:

দেশে তৈরী হয়।

Shri Sanat Kumar Raha:

যেখানে চাষ হয় সেখানে তৈল যখন প্রথমে পেশাই হয় তখন সেখানে কোন পরীক্ষা করার ব্যবস্থা থাকে না?

Shrimati Purabi Mukhopadhyay:

এটা বাঁকুড়া ও পুরুলিয়া এই দুটি জায়গায় গৃহস্থদের নিত্যব্যবহার্য হিসাবে বহু পূর্বের থেকে এটা আছে এবং সেখানে কোন পেশাই করার সময় পরীক্ষা করার প্রয়োজন হয় না এ জন্য যে নিগার অয়েলের ভিতর কি কি থাকে এবং এই অনুদান সমস্ত পরীক্ষা করে বহু পূর্ব থেকে এটা সংযোজিত হয়—সরকারের সেই তালিকা যে আছে তার ভিতর এর গুণাগুণ লিপিবদ্ধ আছে। ওঁরা যখন সেটা নিজেরা ব্যক্তিগত ব্যবহার না করে করে বাজারে পেশাইয়ের জন্য বা সেটা বিক্রয়ের ক্ষেত্রে নামলে তখন আমাদের সাবধানতা অবলম্বন করতে হবে যে গুজিয়া তেলের সঙ্গে আর কিছু মেশানো হচ্ছে কিনা। সদস্যরা জানেন যে একটি এডিবল অয়েলের সঙ্গে আর একটি এডিবল অয়েল যদি মেশানো হয় তাহলে ফুড এ্যাডালটারেসন এ্যাক্ট অনুযায়ী সেট এ্যাডাল্টারেটেড তেল বলে প্রমাণিত হয় এবং সেজন্য পরীক্ষার প্রশ্ন উঠেছিল এবং আমর পরীক্ষা করে দেখেছি যে তার সঙ্গে অন্য কিছু মেশানো হচ্ছে না।

Shri Sanat Kumar Raha:

আপনার উত্তর অনুযায়ী বিশুদ্ধ বলা যায়, অশুদ্ধ কিছু নয় শুনলাম কিন্তু পজিটিভলি এর মধ্যে পুষ্টিকর জিনিস কি আছে?

Shrimati Purabi Mukhopadhyay:

ওদের যে রিপোর্ট দিয়েছেন তার কাজটা আমি টেবিলে লে করে দিতে পারি। পুষ্টিকর, অপুষ্টিকর কিনা এত ডিটেল বলতে পারবো না তবে শরীরের পক্ষে ক্ষতিকারক কিছু তার মধ্যে নেই।

Shri Anadi Das:

মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি যে সরিষার তেল এবং গুঁজির তেল এই দুটো তেলের মধ্যে কোনটা উৎকৃষ্ট বা নিকৃষ্ট কিনা অথবা দুটোই সমান?

Shrimati Purabi Mukhopadhyay:

নিকৃষ্ট উৎকৃষ্টের হিসাব আমি দিতে পারবো না তবে এটা দেহের পক্ষে ক্ষতিকারক যে নয় এটা বলতে পারি।

Shrimati Ila Mittra:

২৬এ জানুয়ারী ক্যানেডিয়ান তেল বলে যে তেল দেয়া হয়েছে সেটা কি তেল?

Shrimati Purabi Mukhopadhyay:

এ প্রশ্নের জবাব থেকে এটা বলতে পারবো না।

Deadlock of the Bangeswari Cotton Mills Ltd.

***33.** (Admitted question No. *174.) **Shri Panchu Gopal Bhaduri:** Will the Minister for Labour be pleased to state—

(a) whether he is aware of the present deadlock in the Bangeswari Cotton Mills Ltd., at Serampore;

(b) if the reply to (a) be in affirmative will the Minister be pleased to state—

(i) the reasons for the deadlock,

(ii) whether it is a fact that the workers are not getting their dues; and

(c) if so, what steps does Government contemplate to take in this regard?

Shri Bijoy Singh Nahar: (a) Government are aware that the management of the Mills is in the hands of a Receiver appointed by the Hon'ble High Court since 4th September, 1964.

(b) (i) Financial difficulties and alleged differences among the Directors.

(ii) Irregularities in payment of increments, leave wages, sickness leave have been reported from time to time.

(c) Two cases have been sent to the Labour Court for computation of dues arising out of the Omnibus Tribunal Award of 1958 and another Tribunal Award of 1959. According to the tripartite agreement, dated 11th April, 1963, the company has agreed to clear up arrear sick leave wages and dues on account of statutory holidays in instalments. The company has also agreed to pay all back wages due to the workmen. According to another tripartite agreement, dated 4th December, 1963, the company has also agreed to pay in instalments the statutory leave wages which have remained unpaid.

Shri Panchu Gopal Bhaduri:

মন্ত্রিমহাশয় কি বলবেন, যে দুটো এগ্রিমেণ্ট কোং করেছিলেন ত্রিপার্টাইট এগ্রিমেণ্ট সেই দুটো এগ্রিমেণ্ট তারা কেন করেছেন এরকম খবর জানেন কিনা?

Shri Bejoy Singh Nahar:

হ্যাঁ, জানা আছে।

Shri Panchu Gopal Bhaduri:

মন্ত্রিমহাশয় কি জানেন যে ১৯৬৪ সালে সর্বনিম্ন বোনাস ৪০ টাকা শ্রমিক প্রতি দেয়া হবে, এটা কোম্পানী দেয় নি?

Shri Bejoy Singh Nahar:

সর্ব নিম্ন যে দেয়া হবে এমন কোন আইন নেই। তবে দেবার জন্য অনুরোধ করা হয়েছিল তাঁরা দেন নি।

Shri Panchu Gopal Bhaduri:

তারা যে দেন সে সম্পর্কে কোন প্রতিকারের পথ নিয়েছেন কি?

Shri Bijoy Singh Nahar:

এখনও আইন হয়নি, সেজন্য কোন ব্যবস্থা গ্রহণ করা সম্ভবপর নয়।

Shri Panchu Gopal Bhaduri:

হাইকোর্টের রিসিভারের কাছে থাকার সময় ওয়ার্কাররা যে ওয়েজ পাচেছ না তার জন্য কি ব্যবস্থা আপনারা ডিপার্টমেণ্ট করেছেন জানাবেন কি?

Shri Bijoy Singh Nahar:

ওয়েজ পাচেছ না এরকম জানা নেই, তবে যেমন ইনক্রিমেণ্ট, লীভ্ লিভ এরকম কতকগুলি টাকা তারা পাচেছ না।

Shri Panchu Gopal Bhaduri:

স্টাটুটরী ডিউজ সেগুলি যেমন [পাওনা ছুটির পয়সা, স্ট্যাটুটরী লিভের পয়সা সেটা ওয়েজের মধ্যে ইনক্লুডেড্ ১৯৬১ সাল থেকে সেই পাওনা ছুটির পয়সা [ওয়ার্কাররা পাচেছ না সে সম্পর্কে কি করবেন?

Shri Bijoy Singh Nahar:

সে সম্বন্ধেই তো এগ্রিমেণ্ট ছিল এবং এগ্রিমেণ্ট এখনও হয়নি, তবে ইণ্ডিভিজুয়াল কেস যদি আমাদের কাছে আসে তবে আমরা কোর্টে প্রসিডিংস করতে পারি এটা আসেনি বলে আমরা করতে পারিনি।

Shri Panchu Gopal Bhaduri:

মন্ত্রিমহাশয় জানাবেন কি সেখানে এগ্রিমেণ্ট ভায়োলেসন হচেছ এবং প্রত্যেকটা বিষয়ে কেস করে নেবার প্রশ্ন উঠছে সেখানে পেমেণ্ট অফ ওয়েজেজ অ্যাক্ট-এ কোন পেনাল রুল দেবেন কিনা যাতে মালিক পক্ষ আর একটুখানি অ্যাকটিভ হন এই সমস্ত পেমেণ্ট সম্পর্কে?

Shri Bijoy Singh Nahar:

এখানে পেমেণ্ট অব ওয়েজেস অ্যাক্ট খাটবে কিনা পরীক্ষা করে দেখতে হবে, এখন আমি বলতে পারছি না।

[2-20—2-30 p.m.]

Shri Aswini Roy:

এই যে ফাইনানসিয়াল ডিফিকাল্টিজের কথা বললেন সেটা যদি একটু এক্সপ্লেন করেন তাহলে ভাল হয় এবং ২ বছর আগে ঐ কোম্পানীর কি পরিমাণ লাভ হত সেটাও যদি বলেন তাহলে ভাল হয়।

Shri Bijoy Singh Nahar:

লাভের অঙ্ক বলতে পারব না। তবে এটা বার বার তাঁদের কাছে শুনেছি যে তাঁদের কাছে টাকা নেই এবং আমাদের যতদূর জানা আছে তাতে তাঁরা দু'বার দু'জন ফাইনানসিয়ারকে নিয়ে আসেন কিন্তু তাঁদের বনে না। সেজন্য হাইকোর্টে কেস চলছে।

Facilities of private practice for the Government doctors

*34. (Admitted question No. *223.) **Shri Ananga Mohan Das:**

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী ডাক্তারখানায় নিযুক্ত চিকিৎসকগণ প্রাইভেট প্র্যাকটিশ করিতে পারেন কি না;

(খ) যাঁহারা প্রাইভেট প্র্যাকটিশ করেন না, তাঁহারা কিভাবে ক্ষতিপূরণ ভাতা পাইয়া থাকেন; এবং

(গ) ক্ষতিপূরণ ভাতা পাওয়া সত্ত্বেও যে সকল চিকিৎসক প্রাইভেট প্র্যাকটিশ করেন তাঁহাদের বিরুদ্ধে কিরূপ ব্যবস্থা গ্রহণ করা হয়?

Shrimati Purabi Mukhopadhyay:

(ক) ১৯৫৮ সালের পশ্চিমবঙ্গ হেলথ সার্ভিসের বিধি অনুসারে সদর ও মহকুমা হাসপাতালে নিযুক্ত বিশেষজ্ঞ চিকিৎসক ব্যতীত ঐ বিধির অন্তর্ভুক্ত আর কোন সরকারী চিকিৎসক প্রাইভেট প্র্যাকটিস করিতে পারেন না। যে সকল সরকারী চিকিৎসক উক্ত বিধির অন্তর্ভুক্ত নহেন এবং সকল অবৈতনিক চিকিৎসকই প্রাইভেট প্র্যাকটিস করিতে পারেন।

(খ) প্রাইভেট প্র্যাকটিসের সুবিধা হইতে বঞ্চিত সরকারী চিকিৎসকগণ নিম্নলিখিত হারে ননপ্রাকটিসিং এলাওয়েন্স পাইয়া থাকেন:—

(১) বেসিক গ্রেডে নিযুক্ত যে সকল সরকারী চিকিৎসকের চাকুরী কাল অনূর্ধ পাঁচ বৎসর তাহারা মাসিক ৭৫ টাকা পাইয়া থাকেন, যাহাদের চাকুরীকাল পাচ বৎসরের উর্ধে এবং অনূর্ধ পনেরো বৎসর তাহারা মাসিক ১০০ টাকা এবং যাহাদের চাকুরিকাল পনেরো বৎসরের উর্ধে তাহারা মাসিক ১৫০ টাকা পাইয়া থাকেন।

(২) সিলেকসন গ্রেডে নিযুক্ত সরকারী চিকিৎসকগণ মাসিক ২০০ টাকা পাইয়া থাকেন।

(৩) স্পেশাল সিলেকসন গ্রেডে নিযুক্ত চিকিৎসকগণ মাসক ৩০০ টাকা পাইয়া থাকেন।

(গ) নন্-প্রাকটিসিং এলাওয়েন্স পাওয়া সত্ত্বেও কোন সরকারী চিকিৎসক যদি প্রাইভেট প্রাকটিস করেন এবং তাহার বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হয় তবে সংশ্লিষ্ট চিকিৎসকের বিরুদ্ধে যথোপযুক্ত শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়।

Shri Ananga Mohan Das:

আপনি এই রকম কোন অভিযোগ পেয়েছেন কিনা যে যে সমস্ত ডাক্তার প্রাইভেট প্র্যাকটিস করেন না বলে এ্যালাওয়েন্স পান তাঁদের মধ্যে কোন কোন ডাক্তার নন-প্র্যাকটিসিং এ্যালাওয়েন্স পান এবং প্রাইভেট প্র্যাকটিসও করেন?

Shrimati Purabi Mukhopadhyay:

অভিযোগ তো পাওয়া নিশ্চয়ই যায় কিন্তু বহু ক্ষেত্রে তা প্রমাণ করা যায় না।

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani:

যাঁহারা প্রাইভেট প্র্যাকটিস করেন না এই জন্য ক্ষতিপূরণ পাচ্ছেন তাঁদের সংখ্যা কত এবং তাঁদের পার্সেন্টেজ কত?

Shrimati Purabi Mukhopadhyay:

সবশুদ্ধ কেডার আছে ৩ হাজার ৬ শত। তার মধ্যে বর্তমানে প্রাইভেট প্র্যাকটিস করার সুযোগ পাচেছন ২০০ জন, বাদ বাকি অন্যরা প্রাইভেট প্র্যাকটিস করেন না বলে ক্ষতিপূরণ ভাতা পান।

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani:

কলকাতার হাসপাতালে তাদের পার্সেনটেজ কত ?

Shrimati Purabi Mukhopadhyay:

বেশীরভাগ হাসপাতালে এই সমস্ত ডাক্তারের মধ্যে ঠিক কত পার্সেন্টেজ কলকাতায় আছে বলতে প না, তবে তাদের সংখ্যা কলকাতায় ওল্ড বি এম এস অনরারি ভিজিটিং সার্জেন এ অনরারি প্রফেসার ডিরেক্টর্স কিছু আছেন, বাদ বাকি সমস্তই নন-প্র্যাকটিসিং।

Shri Sanat Kumar Raha:

মফঃস্বল প্রাইমারী হেলথ সেণ্টারে যাঁরা এ্যাসিস্ট্যাণ্ট মেডিক্যাল অফিসার আছেন তাঁরা নন-প্র্যাকটিসিং ?

Shrimati Purabi Mukhopadhyay:

তাঁরা পুরো নন-প্র্যাকটিসিং।

Shri Sanat Kumar Raha:

সেখানে এ্যাসিস্ট্যাণ্ট মেডিক্যাল অফিসার দেওয়া হয়েছে ?

Shrimati Purabi Mukhopadhyay:

ওটা একটা স্বতন্ত্র প্রশ্ন, এখানে আছে, পরে উত্তর দেবো।

Shri Sunil Das Gupta:

বিভিন্ন জেলা হাসপাতালে নন-প্র্যাকটিসিং ডাক্তাররা বেপরোয়া প্র্যাকটিস করে যাচ্ছেন ‹ সম্পর্কে দপ্তরের কাছে অভিযোগ জানান হয়েছে বিশেষ করে কুচবিহার থেকে আম জানিয়েছি আপনার দপ্তরে। আমি জিজ্ঞাসা করছি এই অভিযোগ ব্যাপকভাবে ত করবার জন্য একটা তদন্ত কমিটি আপনারা নিয়োগ করবেন কি ?

Shrimati Purabi Mukhopadhyay:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই রকম ধরণের বহু প্রশ্ন এখানে বাইরে সর্বত্র আলোচি হয় যে প্রাইভেট প্র্যাকটিস যাঁদের করা নিষিদ্ধ তাঁরা লুকিয়ে প্রাইভেট প্র্যাকটিস করছে এবং এই দায়িত্বপূর্ণ হাউসে দাঁড়িয়ে যখন কোন দায়িত্বশীল সদস্য বলেন যে এই রব অভিযোগ তিনি জানিয়েছিলেন তখন আমি তাঁকে অনুরোধ করব সেই অভিযোগ মু না বলে নিশ্চয়ই তা প্রমাণ করার জন্য ব্যবস্থা করবেন। তারজন্য কোন তদন্ত কমি করার প্রয়োজন হবে না। সেই ধরণের অভিযোগ এলে আমরা তারজন্য যথোপযু ব্যবস্থা অবলম্বন করব। অভিযোগ যা আসে তা সাবস্ট্যানসিয়েটেড হয় না এ অত্যন্ত দুঃখের কথা।

Shri Sunil Das Gupta:

এই নন-প্রাকটিসিং ডাক্তাররা কি কোন নেম প্লেট লাগিয়ে চেম্বার খুলতে পারেন ?

Shrimati Purabi Mukhopadhyay:

কোন নন-প্র্যাকটিসিং ডাক্তার সাধারণতঃ ঐ ভাবে নেমপ্লেট লাগিয়ে প্র্যাকটিস করতে পারে না। যদি কোন নেম প্লেট তাঁর চেম্বারে ইনডিকেট না করে, তাহলে নিশ্চয়ই চেম্বা রোগী পয়সা নিয়ে দেখার প্রশ্ন ওঠে না। কিন্তু তিনি যদি সেইভাবে কোন চেম্বা

করে থাকেন—এবং যদি প্রমাণ হয় যে সেই চেম্বার থেকে তাঁর পারসোনাল ইনটারেস্ট বা ফাইনানসিয়াল ইণ্টারেস্ট আছে—তাহলে নিশ্চয়ই সেটা দণ্ডনীয় অপরাধ।

Shri Anadi Das:

নন-প্র্যাকটিসিং ডাক্তাররা যদি চিকিৎসা বিজ্ঞানের জ্ঞান কোন ব্যক্তিকে দেন অর্থাৎ বিনা পয়সায় কাউকে চিকিৎসা করেন বা পরামর্শ দেন, অহলেও কি সেটা প্র্যাকটিস বলে গণ্য করা হবে? কোন ভিজিট না নিয়ে এমনিতে প্রেসক্রিপশন করে দেন, সেই ভাবে কাউকে সাহায্য করেন, তাহলে সেটা প্রাকটিস বলে গণ্য হবে কিনা?

Shrimati Purabi Mukhopadhyay:

এর আগে আমার প্রশ্নের জবাব অনুগ্রহ করে শুনলে বুঝতে পারতেন আমি সেটা ইমপ্লাই করেছি।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় স্বাস্থ্য মন্ত্রী মহোদয়া এই মাত্র বললেন যে কোন সরকারী মেডিক্যালম্যান সম্বন্ধে যদি এই রকম কোন অভিযোগ থাকে, তাহলে সেটা তাঁর কাছে বললে তদন্ত কমিটিত দূরের কথা—তদন্ত কমিটি না হয়ে তিনি নিজে সে ব্যাপারে ব্যবস্থা অবলম্বন করবেন—এই রকম বোধ হয় মন্ত্রী মহোদয়া আভাস দিয়েছেন?

Shrimati Purabi Mukhopadhyay:

আপনি একটু ভুল করছেন। মন্ত্রী মহোদয়াকে কতকগুলো কনসটিটিউশন্যাল প্রোসিডিওর এর ভেতর দিয়ে যেতে হয়। আমি বলেছি তার জন্য তদন্ত কমিটি করা সব সময় প্রয়োজন থাকে না। তদন্ত কমিটি হয় যখন ডিপার্টমেণ্ট তদন্ত করবেন, প্রাইমা-ফ্যাসি কেস এসটাবলিসড হলো, তখন ফারদার তদন্তের জন্য তার এগেন্‌স্টে-এ আরো অ্যাপ্রোপ্রিয়েট অ্যাকসন নেবার প্রয়োজন যদি মনে করেন, তাহলে তদন্ত কমিটি করতে পারেন। আমার মত ব্যক্তিগত মন্ত্রীর খেয়াল খুসির উপর তা নির্ভর করে না।

Shri Sailendra Nath Adhikary:

উনি তার সঙ্গে সঙ্গে আর একটা কথা বললেন মাননীয় সদস্য সুনীল দাশগুপ্তকে যে এই বিধান সভার সদস্য হিসাবে—একজন রেসপনসিবল ম্যান হয়ে তাঁরা যদি এই ধরণের কথা বলেন তাহলে তাঁদেরকে বলবো তাঁরা প্রমাণ করুন। আমি সেখানে মন্ত্রী মহোদয়াকে সাজেসান দিতে পারি যাতে তিনি এই প্রমাণ নিজে করে নিতে পারেন। সেটা হলো এই—তিনি যদি গোপনে কাউকে না জানিয়ে যে কোনদিন যে কোন হাসপাতালে গিয়ে উপস্থিত হন, তাহলে নিশ্চয়ই নিজে সাক্ষী হতে পারবেন। এটা তিনি বিবেচনা করবেন কি?

Shrimati Purabi Mukhopadhyay:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি প্রশ্নটা এ্যালাউ করেছেন বলে আমি এর উত্তর দেব। মাননীয় মন্ত্রী মহোদয়া ইজ পার্ট এ্যাণ্ড পার্সেল অফ দিস লেজিসলেচার অলসো। সুতরাং আপনারা একা তাঁর ঘাড়ে না চাপিয়ে নিজেরা কেউ ফী দিয়ে এসে সাক্ষীর কাঠগড়ায় দাঁড়িয়ে বলুন —আমি ফী দিয়েছি।

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani:

মন্ত্রী মহোদয়া প্র্যাকটিসিং ও নন-প্র্যাকটিসিং ডাক্তারদের সম্বন্ধে যে ফিগার দিলেন,—সেটা সেন্ট্রাল হেলথ মিনিস্ট্রি-র নির্দেশ অনুযায়ী ফিগার কী? আর যেহেতু গভর্নমেন্টের অত টাকা নাই অজুহাত দেখিয়ে পরবর্তীকালে নন-প্র্যাকটিসিং ডাক্তারদের প্র্যাকটিসিং করেছিলেন?

Shrimati Purabi Mukhopadhyay:

এই মাত্র যে প্রশ্নের জবাব দিলাম আজকে তার মধ্যে আছে—১১২।৬৫ এই তারিখ পর্য্যন্ত প্রচলিত বিধি অনুসারে যে উত্তর সেই উত্তর। কিন্তু ভবিষ্যতের কর্মপন্থা এখানে নাই। আমি এই সম্পর্কে হাউসকে জানাতে পারি ইনফরমেশন যে আগামী নূতন ফাইন্যানসিয়াল ইয়ার থেকে এটা পরিবর্তন অন্য রকম করতে যাচ্ছি।

Shri Kanai Pal :

মন্ত্রিমহোদয়া জানাবেন কি—এই রকম খবর কি তাঁর জানা আছে যে বিভিন্ন সদর হাসপাতালে ডিস্ট্রিক্ট মেডিকেল অফিসার-এর যে প্রাইভেট প্রাকটিস করার অধিকার আছে, সেই অধিকার অপব্যবহার করা হয়ে থাকে এই ভাবে যে যেসমস্ত রোগী দীর্ঘ দিন ধরে ভর্তি হবার জন্য চেষ্টা করছে, তারা তাঁদের ফী না দিলে ভর্তি হয় না ?

Shrimati Purabi Mukhopadhyay:

আপনার এই প্রশ্নের উত্তর স্বাস্থ্য দপ্তরের এখন পর্যন্ত ও ভবিষ্যতে সেই সমস্ত হেল্‌থ সার্ভিস কেডার-এর ডাক্তারদের যে নন-প্রাকটিসিং হোলটাইম ইউনিফাইড কেডার করা উচিত এরই যুক্তির সপক্ষে যাচেছ এবং ঐ ধরণের যদি হয়ে থাকে ওখানে টাকা না দিয়ে ভর্তি হতে পারে না, তার জন্য আমরা বেশীর ভাগ অ্যাডমিনিং অথরিটি যাতে প্রাকটিস না করতে পারে, নূতন পরিকল্পনায় আমরা সেটা নিষিদ্ধ করে দিচ্ছি।

[2-30—2-40 p.m.]

Shri Jaharlal Banerjee :

প্র্যাকটিসিং এ্যাণ্ড নন-প্র্যাকটিসিং সম্বন্ধে এস্টিমেট কমিটি কোন রেকমেণ্ডেসন করেছে কিনা ?

Shrimati Purabi Mukhopadhyay:

এস্টিমেট কমিটি সম্বন্ধে কোন মন্তব্য হাউসে করলে মেম্বাররা হয়ত আমার সেই মন্তব্যকে প্রিভিলেজ ভঙ্গের দায়ে অভিযুক্ত করবেন।

Shri Kanai Pal:

মন্ত্রিমহাশয় একটু আগে জানালেন মাননীয় সদস্যগণ যদি এসে জানান তাহলে তিনি সন্তুষ্ট হবেন। এই প্রসঙ্গে আমি তাঁকে একটা খবর দিতে পারি এবং সেটা হচেছ কৃষ্ণনগর সদর হাসপাতালে যিনি কুষ্ঠ রোগের চিকিৎসা করেন তিনি অত্যন্ত বে-আইনী ভাবে অন্যায়ভাবে জনসাধারণকে বিভ্রান্ত করে প্রাইভেট প্র্যাকটিস করেন। এই ব্যাপারে কিছুদিন আগে কৃষ্ণনগরের ডিস্ট্রিক্ট মেডিকেল অফিসার মি: মল্লিককে কেস দেওয়া সত্বেও তিনি স্পষ্টভাবে বললেন যে, এই সমস্ত কেস যদি আমরা পুলিস বিভাগকে এনফোর্স-মেণ্টকে দিই তাহলে এটা প্রমাণ করা অত্যন্ত শক্ত হয়ে পড়ে এবং সেই জন্যই আমাদের ইচ্ছা থাকলেও আমরা এটা প্রিভেণ্ট করতে পারি না। আমার প্রশ্ন হচেছ যারা টাকা দিয়ে চিকিৎসা করিয়েছে তাদের যদি সাক্ষী হিসেবে তাঁর কাছে হাজির করি তাহলে তিনি এটা অনুসন্ধান করে দেখবেন কিনা ?

Shrimati Purabi Mukhopadhyay:

উনি বললেন জনসাধারণ টাকা দেয় এবং ডাক্তাররা ফী নেন—দিস এ্যাগেন ইজ এ ভেগ টার্ম। আমার বক্তব্য হচেছ উনি নিজে বা অপর কোন লোক গিয়ে নন-প্রাকটিসিং ডাক্তারকে টাকা দিন এবং তারপর সে সাক্ষীর কাঠগড়ায় এসে সেকথা বলুন। অনেকে টাকা দিয়ে বলতে চান না এবং এই যদি অবস্থা হয় তাহলে এটা বন্ধ হবে কি করে ?

Shri Sudhir Chandra Das:

মন্ত্রিমহাশয় বললেন, সদস্যেরা যদি সমান দায়িত্ব নিয়ে কাজে এগিয়ে যান, সাক্ষী নিয়ে আসেন তাহলে আমরা কাজে এগুতে পারি। আমার প্রশ্ন হচ্ছে সদস্যদের ইনস্পেক্ট করবার ক্ষমতা আছে এটা তিনি স্বীকার করেন, না মন্ত্রীদের হাসপাতালগুলো পরিদর্শন করে তদন্তের ক্ষমতা আছে এটা তিনি স্বীকার করেন? অর্থাৎ আমার প্রশ্ন হচ্ছে স্বাস্থ্যমন্ত্রীর ক্ষমতা আছে, না সদস্যদের ক্ষমতা আছে?

Shrimati Purabi Mukhopadhyay:

এখানে বলা হচ্ছে কে ফী দিচ্ছে তা প্রমাণ করতে হবে—তদন্ত আপনাকে করতে বলা হয়নি। আপনাকে বলা হচ্ছে যে, সাক্ষীর কাঠগড়ায় দাঁড়িয়ে আপনি বলুন, যে ফী দিয়েছি। তদন্ত করতে হবে কেন?

D.I.R. detainees

***35.** (Admitted question No. *279.) **Shri Monoranjan Hazra:**

স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি সরকার সম্প্রতি ধৃত ও আটক কমিউনিস্ট বন্দীদের প্রয়োজনীয় জিনিষপত্র এবং পারিবারিক ভাতা ইত্যাদি দেওয়ার কোন ব্যবস্থা করিতেছেন কি না?

Mr. Speaker: Regarding starred question No. 35, it will be answered on the next rotational day fixed for the Home (Special) Department to which it relates.

Employment for the physically disabled persons

***36.** (Admitted question No. *28.) **Shri Monoranjan Bakshi:**

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ-সরকার গত ১৯৬৪ সালের এপ্রিল মাস হইতে এপর্যন্ত কতগুলি দৈহিক অন্তরায়গ্রস্ত ব্যক্তিগণকে বিশেষ কর্মসংস্থান কেন্দ্রের মাধ্যমে চাকরিতে নিয়োগ করিয়াছেন;

(খ) উক্ত চাকরী প্রাপ্তগণের মধ্যে কি কি শ্রেণীর দৈহিক অন্তরায়গ্রস্ত ব্যক্তি আছেন;

(গ) পশ্চিম বাংলার কোন্ জেলায় কত সংখ্যক উক্ত ব্যক্তি চাকরীতে নিয়োগ হইয়াছেন; এবং

(ঘ) ইহাদের যোগ্যতাবলী কি কি আছে?

Shri Bijoy Singh Nahar:

(ক) ৬০ জন।

(খ) মূক ও বধির, অন্ধ ও পঙ্গু।

(গ) পরিসংখ্যান দেওয়া হইল।

জেলা	সংখ্যা
কলিকাতা	৪৮
হাওড়া	৫
বর্ধমান	৩
২৪-পরগনা	২
মুর্শিদাবাদ	১
পশ্চিম দিনাজপুর	১
মোট	৬০

(ঘ) প্রাক্ স্কুল ফাইন্যাল, স্কুল ফাইন্যাল উত্তীর্ণ, হায়ার সেকেণ্ডারী ও প্রি-ইউনিভারসিটি উত্তীর্ণ ও স্নাতক সব রকম যোগ্যতা সম্পন্ন লোকই আছেন।

Shri Monoranjan Bakshi:

কি কি শ্রেণীর চাকুরি দেওয়া হচ্ছে?

Shri Bijoy Singh Nahar:

ইউ ডি ক্লার্ক—১, এল ডি ক্লার্ক—৩৫, স্টেনোগ্রাফার—১, টিচার—১, পিওন—৫, লাইব্রেরিয়ান—১ কম্পাউণ্ডার—১, ড্রেসার—১, ফিটার মেকার—১, বুকবাইণ্ডার—১, ওয়ার্কার—১২, মোট—৬০।

Shri Monoranjan Bakshi:

কোন্ কোন্ জায়গায় নিয়োগ করা হয়েছে?

Shri Bijoy Singh Nahar:

রাজ্যসরকার-এর অধীনে ২১ জন, কেন্দ্রীয় সরকারের অধীনে ১৬ জন, বেসরকারী প্রতি-প্রতিষ্ঠানে ২৩ জন।

Shri Nepal Chandra Roy:

হাত পা কাটা কজন লোককে ভর্তি করেছেন এবং মূক বধির কজনকে ভর্তি করেছেন?

Shri Bijoy Singh Nahar:

মূক বধির—৮জন, অন্ধ ২ জন, পঙ্গু—৫০ জন।

Shri Nepal Chandra Roy:

হাত পা কাটা লোক কজন আছে?

Shri Bijoy Singh Nahar:

সাধারণ দুর্ঘটনায় পতিত হয়েছে এই রকম ৮ জন আছে এবং চৈনিক আক্রমণের সময় সাংঘাতিকভাবে আহত হয়েছে ৪ জন প্রাক্তন সৈন্য বিভাগের কর্মী আছেন।

Shri Sunil Das Gupta:

ঠোঁট কাটা লোক কজনকে নিয়োগ করা হয়েছে?

Shri Bijoy Singh Nahar:

কাণ কাটা লোক আপনার যদি পাঠিয়ে দেন তাহলে আমি দেখতে পারি।

Shri Sanat Kumar Rana:

এই যে যারা হ্যাণ্ডিক্যাপড এদের চাকুরিতে প্রাইওরিটি দেওয়া হয় কিনা অন্যান্য প্রার্থী থেকে?

Shri Bijoy Singh Nahar:

কয়েকটি জায়গায় প্রাইওরিটি দেবার জন্য অনুরোধ করে পাঠিয়েছি, যারা নিতে রাজী আছে তাদের কাছে পাঠিয়েছি।

Shri Sailendra Nath Adhikary:

এই যে এদের চাকুরি দেওয়া হয়েছে, তাদের যে যে পোস্টে চাকুরি দেওয়া হয়েছে, সেই সেই পোস্টগুলি তাদের পক্ষে অনুকূল কিনা সে বিষয়ে বলবেন কিনা?

Shri Bijoy Singh Nahar:

অনুকূল না হলে তাঁরা গ্রহণ করতেন না এবং যারা দিয়েছে তাঁরাও দিতেন না।

Shri Nepal Chandra Roy:

কলকাতা সহরে বা বাংলাদেশে কজন মূক বধির আছে যারা এখনও আনএমপ্লয়েড?

Shri Bijoy Singh Nahar:

৩১এ জানুয়ারী পর্যন্ত আমাদের এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে যে নাম রয়েছে তাতে অন্ধ ৬৫, মূক-বধির ১৪৯, পঙ্গু ৩৯৪, মোট ৬০৪ জন।

Shri Nepal Chandra Roy:

মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি পশ্চিমবঙ্গ সরকারের এই মূক বধিরদের এডুকেশন দিয়ে মূক-বধিরদের সমাজে প্রতিষ্ঠিত করার কোন পরিকল্পনা আছে কিনা আপনার লেবার দপ্তরের?

Shri Bijoy Singh Nahar:

এমপ্লয়মেণ্ট এক্সেঞ্জের মাধ্যমে নাই।

Shri Nepal Chandra Roy:

আমি এমপ্লয়মেণ্ট এক্সেঞ্জের কথা বলছি না, পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে কোন ডিপার্টমেণ্টের, আপনার ডিপার্টমেণ্টের যে যে শাখা আছে, সেই সব শাখাতে এমপ্লয়মেণ্ট পাবার কোন সুযোগ আছে কিনা বা কোন সুযোগ পাবে কিনা?

Shri Bijoy Singh Nahar:

নোটিশ দিলে খোঁজ করে বলতে পারি।

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani:

যাদের অপারেটিভ ট্রিটমেণ্ট হয়েছে, প্ল্যাস্টিক ইত্যাদি হয়েছে, এ রকম কোন লোক এমপ্লয়মেণ্ট পেয়েছে কি?

Shri Bijoy Singh Nahar:

এই প্রশ্নে সেটা নেই, প্রশ্ন করলে বলতে পারি।

Shri Lakshmi Ranjan Jesse: Out of the disabled persons who have been employed, how many are there who have been disabled in action while fighting the Chinese?

Shri Bijoy Singh Nahar: I have already stated that 4 persons who have been disabled in defending our country against Chinese aggression have been given employment.

[2-40--2-50 p.m.]

Shri Birendra Narayan Roy:

৬৫০টা যে ফিগার বললেন এটা শুধু পশ্চিমবাংলা না কোলকাতার।

Shri Bijoy Singh Nahar:

সারা পশ্চিমবাংলার।

Groundnut oil and til oil

***37.** (Admitted question No. *135.) **Shri Sanat Kumar Raha:**

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে বাজারে খাইবার জন্য যে বাদাম বা তিলের তৈল বিক্রয় হইতেছে সরকার তাহা পরীক্ষা করিয়া দেখিয়াছেন কিনা ; এবং

(খ) দেখিয়া থাকিলে, তার ফলাফল কি?

Shrimati Purabi Mukhopadhyay:

(ক) হ্যাঁ, কিছু কিছু ক্ষেত্রে হইয়াছে। (খ) ১৯৬৪ সালের শেষ ৩ মাসে মোট ১৪৯টি বাদাম ও ১টি তিল তেলের নমুনা সংগৃহীত হইয়াছে। ঐ সময়ের মধ্যে ৫৩টি বাদাম তেল এবং ২টি তিল তেল। (পূর্ববর্তী মাসের গৃহীত নমুনা সহ) পরীক্ষিত হইয়াছে। ইহাদের মধ্যে ২টি বাদাম তেল ভেজাল বলিয়া প্রমাণিত হইয়াছে এবং উভয় ক্ষেত্রেই মামলা দায়ের করা হইয়াছে। মামলা ২টি বর্তমানে বিচারাধীন।

Shri Sanat Kumar Raha:

ভেজালের রিপোর্ট কি?

Shrimati Purabi Mukhopadhyay:

ভেজাল বলে রয়েছে, কোন রিপোর্ট নেই।

Shri Sanat Kumar Raha:

বাদাম তেল পশ্চিমবাংলার বাহিরে থেকে আসে। এই তেল যখন বাংলায় আসে ঠিক সে সময় এই তেলগুলি পরীক্ষা করার ব্যবস্থা আছে, না যেখানে তৈরী হয় সেখানে ব্যবস্থা আছে?

Shrimati Purabi Mukhopadhyay:

ভেজাল নিরোধ আইনে রেলওয়ে হেড, এয়ার পোর্ট, শিপইয়ার্ড'এ পরীক্ষা করার ব্যবস্থার জুরিসডিকসান নেই— যখন দোকানে এসে পৌঁছায় বা স্টকিস্ট এর কাছে এসে পৌঁছায় তখন শুধু এগুলি পরীক্ষা করা যেতে পারে।

Shri Sanat Kumar Raha:

পরীক্ষা করার জন্য সরকারের কোন স্বতস্ফূর্ত সংস্থা আছে কিনা যে যাঁরা দোকানে দোকানে কি পরীক্ষা করেন, না অভিযোগ পেলে করেন?

Shrimati Purabi Mukhopadhyay:

এটা সেনিটারী ইনস্পেকটর-এর কাজ।

Shri Sanat Kumar Raha:

তিল তেল সম্পর্কে একটাও কেস নেই?

Shrimati Purabi Mukhopadhyay:

তিল তেল সম্পর্কে ভেজাল বলে কোন অভিযোগ এখনও আমরা পাইনি।

Shri Sanat Kumar Raha:

ভেজাল তেল মোটামুটি কয়েকরকম প্রকারের আছে?

Shrimati Purabi Mukhopadhyay:

জানি না।

Shri Nani Bhattacharjee:

বাদাম তেলের সঙ্গে বহু রকম ভেজাল জাতীয় পদার্থ মেশান হচ্ছে এ রকম কোন অভিযোগ এসেছে কিনা?

Shrimati Purabi Mukhopadhyay:

এখানে যে দুটি কেস-এর কথা রয়েছে, তার রিপোর্ট নেই। অতএব কি ধরণের ভেজাল তার মধ্যে রয়েছে তা বলতে পারব না।

Shri Nani Bhattacharjee:

আপনার দপ্তরে এই রকম কোন অভিযোগ এসেছে কি না যে এই রকম ভেজাল মেশান হচ্ছে?

Shrimati Purabi Mukhopadhyay:

আমি যে ফিগার দিয়েছি তাতে দেখলাম যে ৪৬ টার মধ্যে ২টি হয়েছে। অতএব এটা যে ব্যাপক হচ্ছে তা বলা যায় না।

Shrimati Ila Mittra:

প্রজাতন্ত্র দিবস উপলক্ষে সরকারের এই ঘোষিত সরসের তেল দেওয়া হবে বলে ঘোষণা করা হয়েছিল এবং কোন কোন রেশন দোকান থেকে কিছু ভাগ্যবান লোক তা পেয়েছিলেন। কিন্তু এটা কি তিল ও বাদাম তেলের অংশ না অন্য কিছু।

Shrimati Purabi Mukhopadhyay:

সরষের তেল।

Shri Sanat Kumar Raha:

বাদাম তেল ও তিল তেল খেয়ে আমরা অভ্যস্ত হয়ে গেছি। সুতরাং পশ্চিমবঙ্গ স্বাস্থ্য দপ্তর থেকে এমন কোন ব্যবস্থা করা যায় কি না যে বাংলাদেশে এটা ইনডেন্ট হলেই আগমার্ক স্ট্যাণ্ডার্ড-এর মত কোন একটা ব্যবস্থা করা?

Shrimati Purabi Mukhopadhyay:

আপনি যেটা বলছেন সেটা আমরাও মনে করি। কারণ যখন যেটার উপর কনজাম্পশন রেট বাড়ে সাধারণত তখন তার উপর ভেজাল দেখা যায়। বাদাম তেল ও তিল তেলে যাতে ভেজাল না হয় তার জন্য আমরা এ্যালার্ট আছি, তবে ইনডেন্ট করলে কিছু করা যাবে না এবং কেন করা যাবে না সেটা আমি বলেছি।

Homoeopathy

***38.** (Admitted question No. *285.) **Shri Ananga Mohan Das:**

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হোমিওপ্যাথি চিকিৎসা পদ্ধতি সরকার কর্তৃক অনুমোদিত হওয়ার পূর্বে এই রাজ্যে কোন্ কোন্ উক্ত প্রতিষ্ঠান সরকারের নিকট অর্থ সাহায্য পাইয়াছে;

(খ) সরকারী উদ্যোগে নূতন নূতন প্রতিষ্ঠান খোলার কোন প্রস্তাব আছে কি না; এবং

(গ) হোমিওপ্যাথি চিকিৎসার জন্য কোন সরকারী কলেজ স্থাপন করার পরিকল্পনা আছে কি না?

Shrimati Purabi Mukhopadhyay:

(ক) হোমিওপ্যাথিক পদ্ধতিতে শিক্ষা ও চিকিৎসা সুনিয়ন্ত্রণের উদ্যোগে প্রণীত "দি ওয়েস্ট বেঙ্গল হোমিওপ্যাথিক সিস্টেম অফ মেডিসিন এ্যাক্ট, ১৯৬৩" নামক আইনটি ১৯৬৪ সালের ১লা আগষ্ট হইতে এই রাজ্যে প্রচলিত হইয়াছে। ইহার পূর্বে এই রাজ্যের যে সকল হোমিওপ্যাথিক প্রতিষ্ঠান রাজ্য সরকারের আর্থিক সাহায্য (অনুদান) পাইয়াছে উহাদের একটি তালিকা সংযোজিত করা হইল।

(খ) আপাতত নাই।

(গ) আপাতত নাই।

Statement referred to in clause (Ka) in reply to starred question No. 38

রাজ্য সরকারের আর্থিক অনুদান প্রাপ্ত হোমিওপ্যাথিক প্রতিষ্ঠান সমূহ—

(১) ক্যালকাটা হোমিওপ্যাথিক মেডিক্যাল কলেজ এ্যাণ্ড হসপিট্যাল, কলিকাতা।

(২) মেদিনীপুর হোমিওপ্যাথিক মেডিক্যাল কলেজ হসপিট্যাল, মেদিনীপুর।

(৩) ডি. এন. দে হোমিওপ্যাথিক মেডিক্যাল কলেজ হসপিট্যাল, কলিকাতা।

(৪) প্রতাপচন্দ্র মেমোরিয়াল হোমিওপ্যাথিক হসপিট্যাল, কলিকাতা।

(৫) অচিন্ত্য মোহন হোমিওপ্যাথিক হসপিট্যাল, কলিকাতা।

(৬) জেনারেল কাউন্সিল এ্যাণ্ড স্টেট ফ্যাকালটী অফ হোমিওপ্যাথিক মেডিসিন, ওয়েস্ট বেঙ্গল, কলিকাতা।

(৭) বিবেকানন্দ সোসাইটি, কলিকাতা।
(হোমিওপ্যাথিক ডিসপেনসারী পরিচালনার জন্য)।

(৮) তারাং হোমিওপ্যাথিক ডিসপেন্সারী, মেদিনীপুর।

(৯) পুরুলিয়া ডিস্ট্রিক্ট বোর্ড।
(হোমিও ডিসপেনসারী পরিচালনার জন্য)

(১০) ঢাকুরিয়া শ্রীরামকৃষ্ণ আশ্রম।
(হোমিওপ্যাথিক ডিসপেন্সারী পরিচালনার জন্য)।

Shri Ananga Mohan Das:

যখন হোমিওপ্যাথি চিকিৎসা ব্যবস্থা সরকার নিয়েছেন তখন হোমিওপ্যাথি যাতে ভাল ভাবে চলে এবং চিকিৎসা যাতে ভাল ভাবে হয় সেজন্য সরকারের সেদিকে লক্ষ রেখে সরকারের পরিচালনাধীনে কোন একটা কলেজ স্থাপনের ইচ্ছা সরকারের আছে কি না বা এ বিষয়ে সরকার বিবেচনা করবেন কি না?

Shrimati Purabi Mukhopadhyay:

নিশ্চয়ই আছে, এবং বর্তমানে যে যে কলেজগুলি রয়েছে আমরা সে গুলিকে এখন সাহায্য করছি বর্তমানে আর নেওয়া যায় কিনা কিম্বা আর প্রতিষ্ঠা করা যায় কিনা এ বিষয়ে এখন আমরা কিছু বলতে পারবো না।

Shri Ananga Mohan Das:

হোমিওপ্যাথি চিকিৎসা ব্যবস্থার জন্য হেলথ সেণ্টারের সঙ্গে হোমিওপ্যাথি বিভাগ খুলবার কোন পরিকল্পনা আছে কি?

Shrimati Purabi Mukhopadhyay:

এরূপ কোন পরিকল্পনা নেই তবে আমরা বলেছি হোমিওপ্যাথি বোর্ড যেখানে হয়েছে সেখানে হতে পারে যেমন ব্লকে একটা প্রাথমিক চিকিৎসা কেন্দ্র আছে এরূপ বিভিন্ন গ্রামাঞ্চলে এবং সহরাঞ্চলে করতে পারেন। এটা নির্ভর করবে স্থানীয় অঞ্চলের চাহিদার উপর। আমরা জোর করে চাহিদা আছে কিনা তা না দেখে সরকারী খরচে পল্লী অঞ্চলে করবার কোন পরিকল্পনা নেই।

Shri Ananga Mohan Das:

আপনি কি জানেন যে পল্লী অঞ্চলে বা সহরাঞ্চলে যত লোক এ্যালোপ্যাথীতে চিকিৎসা করায় তা চেয়ে বেশী লোক হোমিওপ্যাথিতে চিকিৎসা করায়?

Shrimati Purabi Mukhopadhyay:

এটা একটা আলাদা কথা এ নিয়ে আমি কনট্রোভারসিতে যেতে চাই না।

Shri Sanat Kumar Raha:

মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি যে সমস্ত প্রতিষ্ঠান এই হোমিওপ্যাথি সিস্টেম অফ মেডিসিন এ্যাক্ট পাশ হবার আগে অর্থ সাহায্য পেত বা সাহায্য দেওয়া হত, বর্তমান সরকারের যে সাহায্য নীতি আছে কিনা বা টাকা এখনও দেবেন কি না?

Shrimati Purabi Mukhopadhyay:

সে নীতি এখনও আছে এবং টাকা দেওয়া হচ্ছে। আমাদের নীতিটা হচ্ছে তারা চিকিৎসা বিজ্ঞানে মতে ব্যবস্থা করবেন এবং যে জন্য হোমিওপ্যাথিতে বহুলোক বিশ্বাস করে এবং চিকিৎসিত হয় এবং তাতে রুগী হয় দ্যাট ইসদি সাফিসিয়েণ্ট রিজিন ফর গিভিং দিস হেলপ্।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয়া স্বাস্থ্য মন্ত্রিমহোদয়া আমাদের মাননীয়, অনঙ্গবাবুর প্রশ্নের উত্তরে বললেন যে গ্রামে হোমিওপ্যাথি কলেজ তাঁদের নিজেদের থেকে করার কোন পরিকল্পনা নেই তবে সেখানকার লোকেরা করলে দেখা যাবে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করি যে পাবলিক সারভিস করবার জন্য যদি প্রতিষ্ঠিত হয় সেটাকে এনকারেজ করবার জন্য তাদের কোন গ্রাণ্ট বা সাহায্য দেবার ব্যবস্থা করবেন কিনা?

Shrimati Purabi Mukhopadhyay:

আমরা সাহায্য এখনও দিই এবং ভবিষ্যতে নিশ্চয়ই দেবো। আমরা দেখবো রুগী হচ্ছে কিনা এবং লোক চিকিৎসিত হচ্ছে কিনা। তবে এরূপ সেণ্টার হলে নিশ্চয়ই সাহায্য দেবো।

Shri Sanat Kumar Raha:

বিভিন্ন সদর হাসপাতাল এবং মহকুমা হাসপাতালে ভলেনটিয়ারি কাজ করবে টাকা নেবে না এরূপ আউটডোর চেম্বারের জন্য টাকা দেবেন কিনা?

Shrimati Purabi Mukhopadhyay:

এরূপ কোন পরিকল্পনা করি নি। তবে আমরা মনে করি হোমিওপ্যাথিকে বুস্ট আপ করবার জন্য আমরা একটা পাবলিক হেলথ কিউরেটিভ সাইড যেমন ইউনিফায়েড আছে সেই রকম আমাদের ডিপার্টমেন্টের মারফত হোমিওপ্যাথি সিস্টেম অফ মেডিসিন আর আয়ুর্বেদীকে সম্পূর্ণ স্ট্যাটাস দেওয়া যায় কিনা তারজন্য চেষ্টা করছি। কারণ সরকার যখন আইন পাশ করেছেন তা মেনে নিয়েছেন এগুলি সব বিভিন্ন চিকিৎসা শিক্ষা তখন তাদের সর্বপ্রকার সাহায্য করার নীতি আমাদের আছে।

Mobile Centres for eye operation

***39.** (Admitted question No. *130.) **Shri Monoranjan Bakshi:**

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পল্লী অঞ্চলের অধিবাসীদের চক্ষুর ছানি কাটার জন্য সরকারের ভ্রাম্যমাণ চিকিৎসা ব্যবস্থা আছে;

(খ) সত্য হইলে, পল্লীবাসীরা কিভাবে উক্ত সুযোগ লাভ করিতে পারেন; এবং

(গ) গত ১৯৬৪ সাল হইতে উক্ত ভ্রাম্যমাণ চিকিৎসাকেন্দ্র এপর্যন্ত কতগুলি পল্লীবাসীর চক্ষুর ছানি কাটা কার্য সম্পন্ন করিয়াছে?

[2-50—3 p.m.]

Shrimati Purabi Mukhopadhyay:

(ক) সরকারের নিজস্ব কোন ভ্রাম্যমাণ চক্ষু চিকিৎসালয় নাই। সরকারী সাহায্য প্রাপ্ত একটি প্রতিষ্ঠান তিনটি ভ্রাম্যমাণ চিকিৎসালয়ের মাধ্যমে পল্লীবাসীদের চক্ষুরোগের চিকিৎসার ব্যবস্থা করিয়া থাকে। প্রয়োজনীয় ক্ষেত্রে চক্ষুর ছানিও কাটা হয়। (খ) এই ভ্রাম্যমাণ চক্ষু চিকিৎসালয়গুলি সরকারী হাসপাতাল এবং স্বাস্থ্য কেন্দ্রে নির্দিষ্ট কার্যসূচী অনুসারে চিকিৎসা কার্য করিয়া থাকে। চক্ষু রোগীগণ নির্দিষ্ট স্থানে আসিয়া প্রয়োজনীয় চিকিৎসার সুযোগ লাভ করিতে পারেন। (গ) ১৯৬৪ সালে মোট ৫৬৩টি চক্ষুর ছানি কাটা হইয়াছে। বর্তমান বৎসরের সংখ্যা এখনও জানা যায় নাই।

Shri Monoranjan Bakshi:

এই যে সাহায্যপ্রাপ্ত প্রতিষ্ঠান—এগুলি কি কি এবং কোথায় কোথায় আছে?

Shrimati Purabi Mukhopadhyay:

এ্যাসোসিয়েশন ফর্ প্রিভেনসান অফ ব্লাইণ্ডনেস এই নামে এখানে একটি দায়িত্বশীল প্রতিষ্ঠান আছে তারা আমাদের কাছে বাৎসরিক ৩০ হাজার গত দু বছর অতিরিক্ত আরও ৮ হাজার টাকা করে পায়—যারা ভ্রাম্যমান চক্ষু চিকিৎসা কেন্দ্রগুলি পরিচালনা করেন এবং এটা অনেকটা ইনটিগ্রেটেড ব্যবস্থায় চলে। আমাদের এই প্রাইমারী হেলথ সেণ্টারে গিয়ে তারা বসেন—পূর্ব থেকে দিন নির্দিষ্ট থাকে এবং সেখান থেকে প্রাইমারী হেলথ সেণ্টার মারফৎ সেটা প্রচার করা হয় এবং তাদের হাসপাতালের শয্যা এবং খাবারের সুযোগ দেওয়া হয় এবং প্রয়োজন হলে ছানি কাটে—আমরা উক্ত প্রতিষ্ঠানটিকে সাহায্য দিয়ে থাকি।

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani:

এই চক্ষু অপারেশনের কোন মোবাইল ইউনিটের পরিকল্পনা আছে কি —আপনার মনে আছে হয়তো যে গত বারে আমি সাজেস্ট করেছিলাম তাতে আপনি বলেছিলেন... ?

Shrimati Purabi Mukhopadhyay:

আমি মোবাইল ইউনিটের চেষ্টা করছি। কিন্তু আমি দেখতে পাচ্ছি যে এই প্রতিষ্ঠানে অনেক ভাল ভাল লব্ধ প্রতিষ্ঠ চক্ষু চিকিৎসক বা বিশেষজ্ঞ, তাঁরা সাহায্য করছেন—যদি আর্থিক সাহায্য দিলে এই মোবাইল ইউনিট চলে—আমাদের উদ্দেশ্য সাধিত হয় তাহলে বেসরকারী প্রতিষ্ঠান বলে তাদের নাকচ না করে সরকারী প্রতিষ্ঠান করার কোন অর্থ হয় না।

Shri Sanat Kumar Raha:

এই যে ভ্রাম্যমান প্রতিষ্ঠান আছে—এদের যে প্রোগ্রাম, সেটা তারা নিজেরা করেন—করে আপনাদের কাছে পাঠিয়ে দেন—না আপনারা পাঠিয়ে দেন ?

Shrimati Purabi Mukhopadhyay:

এটা উভয়ত—এক সঙ্গে আমরা বসে প্রোগ্রাম ডিটেলস ঠিক করা হয়।

Shri Sanat Kumar Raha:

সিজন টাইমে—অর্থাৎ শীতকালে সেই ইউনিটগুলি সংখ্যা বাড়াবার চেষ্টা সরকার করছেন কিনা ?

Shrimati Purabi Mukhopadhyay:

আমরা বাড়াবো না তবে তারা গত দু বছর এগুলি করছেন বলে আমরা আরও অতিরিক্ত ৮ হাজার টাকা দিই ঐ জন্য। যদি তারা আরও আমাদের কাছে সেণ্টার বাড়াবার জন্য টাকা চান তাহলে আমরা তা নিশ্চয়ই দেবো।

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয়া মন্ত্রী জানেন কি যে একটি প্রতিষ্ঠানের দ্বারা সমগ্র বাংলা দেশে চক্ষু চিকিৎসা করা সম্ভব নয়। যদি অন্য কোন প্রতিষ্ঠান এই কাছে এগিয়ে আসেন তাহলে কি সাহায্য করবেন ?

Shrimati Purabi Mukhopadhyay:

এটা খুব ডেলিকেট প্রশ্ন, কারণ একটি প্রতিষ্ঠান যদি দায়িত্বশীল হয় সমগ্র পশ্চিমবঙ্গে তার পক্ষে কাজ করার কোন অসুবিধা হতে পারে না। কারণ তারা স্থানীয় লোকের সাহায্য নিয়ে তাদের ডিফিকালটি মেকআপ করতে পারেন—এই ধরণের আরও প্রতিষ্ঠান যদি অগ্রসর হয়ে আসতে চান আমাদের কোন আপত্তি নাই কিন্তু সেটা নির্ভর করছে তারা কতখানি দায়িত্বশীল এবং তাদের সঙ্গে কত বিশেষজ্ঞ জড়িত।

Shri Birendra Narayan Roy:

আমার বক্তব্য হচ্ছে যে এই প্রতিষ্ঠান মাত্র তিনটির বেশী ইউনিট করতে পারে নি—তারা হয় ইউনিটগুলি বাড়ান—না হয়—অন্য প্রতিষ্ঠানকে দিন।

Shrimati Purabi Mukhopadhyay:

আমরা তো অন্য প্রতিষ্ঠান সৃষ্টি করবো না—অন্য প্রতিষ্ঠান যদি অগ্রসর হয়ে আসেন তাহলে নিশ্চয়ই সাহায্য করবো। এই যে তিনটি ইউনিট বলছেন তাতে যে আমাদের কাজের অসুবিধা হচ্ছে তা হচ্ছে না।

Shri Aswini Roy:

এই যে লব্ধপ্রতিষ্ঠ ডাক্তারদের কথা বললেন তাদের মধ্যে কয়েকজনের নাম জানা আছে কি?

Shrimati Purabi Mukhopadhyay:

এর সঙ্গে আমাদের বেসরকারী যারা চক্ষু চিকিৎসক আছেন তাঁরা তাদের সার্ভিস লেণ্ড করেন—অতএব তারা তাদের পার্মামেন্ট সংস্থার অংশ না হলেও যে অঞ্চলে এরা যায় সেই অঞ্চলে যাহারা চক্ষু চিকিৎসায় বহু দিন ধরে প্রাকটিশ কিংবা পরীক্ষা করে আসছে তাদের তাতে নেওয়া হয় এবং এর প্রসিডেণ্ট, সেক্রেটারী, অফিস বেয়ারার যাঁরা আছেন তাঁদের মধ্যেও ডাক্তার চিকিৎসক অনেকে আছেন।

Shri Birendra Kumar Maitra:

এমন যদি কোন প্রতিষ্ঠান গত ৩।৪ বছর ধরে এরকম চোখ কাটার কাজ করে থাকে অথচ সরকারের নোটিশে আসেনি—তারা যদি ভবিষ্যতে অর্গানাইজ করে তাহলে সরকার তাদের সাহায্য করবেন কিনা?

Shrimati Purabi Mukhopadhyay:

আমরা নিশ্চয়ই টাকা দেব বাড়ানোর জন্য।

Adulteration of mustard oil

***40.** (Admitted question No. *136.) **Shri Sanat Kumar Raha:**

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি বিগত চার মাসে (১) কতগুলি ক্ষেত্রে সরিষার তৈল ভেজাল বলিয়া ধরা পড়িয়াছে এবং (২) কতগুলি ক্ষেত্রে ভেজাল প্রামাণিত হয় নাই?

Shrimati Purabi Mukhopadhyay:

(ক) ১৯৬৪ সালের শেষ তিন মাসে মোট ৫৩৯টি সরিষার তৈলের নমুনা সংগৃহীত হয়। উহার মধ্যে ৪৬২টির রাসায়নিক বিশ্লেষণ করা হইয়াছে। ঐ ৪৬২টির মধ্যে ১০৩টি ভেজাল প্রমাণিত হইয়াছে বাকি ৩৫৯টি বিশুদ্ধ।

চতুর্থ মাসের অর্থাৎ ১৯৬৫ সালের জানুয়ারী মাসের হিসাব প্রস্তুত করা হইতেছে।

Statement showing the number of mustard oil samples collected districtwise during the quarter ending 31st December 1964 and action taken thereon

Name of the district	Period	No. of mustard oil samples collected	No. analysed (including pending samples of previous quarter)	No. found adulterated	Nature of adulterant detected	No. of prosecution launched	No. of conviction	Name and address of the persons convicted with his business status i.e. Miller/Wholesaler/Retailer	Nature and Range of punishment
1	2	3	4	5	6	7	8	9	10
1. Calcutta (Corporation area)	Quarter ending on 31-2-64	77	77	41	Linseed oil, Groundnut oil, Sesame oil, Cotton seed oil (one case) Argemone oil (one case)	77	8	(1) Nur Hossain (R) 100 Dilkhusha St.	Find Rs. 400
								(2) Nasiram Ghosh (R) Maniktala	Fined Rs. 300
								(3) Ahindralal Kundu (R) 25 Sir Gurudas Road	Fined Rs. 300
								(4) Musaraf Hossain (R) 23 Dedar Bux Lane	Fined Rs. 600
								(5) (i) Kiron Sashi Banik (R)	Fined Rs. 50
								(ii) Gopinath Banik (R) 236 Kesab Sen St.	Fined Rs. 300
								(6) Nanigopal De (R) 3 Eden Hospital Rd	Fined Rs. 300
								(7) (i) Ashutosh Chiney (W & R)	Fined Rs. 500
								(ii) Sambgunath Chiney 204 Maharshi Debendra Rd	Fined Rs. 500 + R.I. for 3 months.
								(8) Radhika Oil Mills Belarani Banerjee Sivapada Banerji B. B. Sadhukhan 48/1 Kashba Rd (Mfr.)	Fined Rs. 400 each
2. Howrah	Do.	35	11	4	Linseed oil	4	5	(1) Satish Ch. Sadhukhan S/o. Late Ambika Ch. Sadhukhan Vill & P.O. Kolorah P.S. Domjur Dist. Howrah	Fined Rs. 600
								(2) Golam Kabir Molla S/o Abdul Latif Molla Vill & P.O. Binkhali	Fined Rs. 200
								(3) Amulya Ch. Saha (P) S/o Late Umesh Ch. Saha Vill & P.O. Amta Ananda Gopal Saha (Seller) Vill & P.O. Amta,	Fined Rs. 100 each

Statement showing the number of mustard oil samples collected districtwise during the quarter ending 31st December 1964 and action taken thereon

Name of the district	Period	No. of mustard oil samples collected	No. analysed (including pending samples of previous quarter)	No. found adulterated	Nature of adulterant detected	No. of prosecutions launched	No. of conviction	Name and address of the persons convicted with his business status viz. Miller/Wholesaler/Retailer	Nature and Range of punishment
1	2	3	4	5	6	7	8	9	10
								(4) Biswanath Koley S/o Late Manindra Koley Ulberia Lockbazar P.O. Ulberia	Fined Rs. 200
								(5) Badruddin Beg S/o Late Moslemali Beg Vill Natibpur, P.O. Ulberia.	Fined Rs. 200
3. Hooghly	Quarter ending on 31-2-64	12	..	..	..	..	..	..	..
4. Burdwan	Do.	47	86	15	Linseed oil and other highly unsaturated oil and Sesame oil	22	13	(1) Sunil Kr. Pramanik (R) Anil Kumar Pramanik, Vill Satgachia, P.S. Memari	Fined Rs. 70
								(2) Bholanath Dey (R) Dhananjoy Kundu Haragobindapur, P.O. Surkalana P.S. Jamalpur	Fined Rs. 50
								(3) Damodar Sadhukhan (R) Vill. & P.O. Saknara P.S. Raina	Fined Rs. 50
								(4) Probhat Kr. Dey (R) Sandhya Kr. Dey Vill & P.O. Paraj, P.S. Galsi	Fined Rs. 50
								(5) Kamal Ch. Das (R) Subal Ch. Das, Manirambati, P.S. Jamalpur	Fined Rs. 60
								(6) Sanat Kumar Saha (R) Vill Mankar, P.S. Galsi	Fined Rs. 75
								(7) Dulal Chandra Ghose (R) Raipur P.O. Sankar, P.S. Galsi	Find Rs. 50
								(8) Sankar Bhusan Guha (R) Menani P.O. and P.S.	Fiend Rs. 100
								(9) Kashinath Roy (R) Balai Chand Roy Satgachia, P.S. Menani	Fined Rs. 50

Statement showing the number of mustard oil samples collected districtwise during the quarter ending 31st December 1964 and action taken thereon

Name of the district	Period	No. of mustard oil samples collected	No. analysed (including pending samples of previous quarter)	No. found adulterated	Nature of adulterant detected	No. of prosecutions launched	No. of conviction	Name and address of the persons convicted with his business status viz. Miller/Wholesaler/Retailer	Nature and Range of punishment
1	2	3	4	5	6	7	8	9	10
								(10) Milan Kr. Saha (R) Mohini Mohan Saha Piarinagar, Krishnadebpur P.S. Kalna.	Fined Rs. 50
								(11) Ead Ali, Vill & P.O. Atghoria, P.S. Kalna.	R. I. for one month only
								(12) Biswanath Goenka (R) Katwa	Fined Rs. 200
								(13) Bhairab Nath Das (R) Katwa	Fined Rs. 175
5. Midnapur	Quarter ending on 31-2-64	8	2	1	•	1		Sitaram Agarwalla (R) S/o Makhan Lal Agarwalla, Kharida, Kharagpur	Two month R.I.
6. Bankura	Do.	3	3	..	..	..	..	..	..
7. Purulia	Do	7	..	..	..	..	..	..	..
8. Murshidabad	Do.	73	108	15	Linseed oil and Sesame oil	15	14	(1) Rajesh Pradas Keshori Sagordighi Bazar, P.S. Sagordighi	Fined Rs. 5C
								(2) Harendra Kumar Saha Sagordighi Bazar, P.S. Sagordighi	Fined Rs. 40
								(3) Gurupad Malakar S/o Late Miswanath Malakar Vill Chhapghati, P.S. Surty	Fined Rs. 15
								(4) Mongol Pramanik S/o Lt. Tarak Pramanik Vill Daharpara, P.S. Surty	Fined Rs. 15
								(5) Sarbeswar Saha Vill Aurangabad, P.S. Duty	Fined Rs. 40

Statement showing the number of mustard oil samples collected districtwise during the Quarter ending 31st December 1964 and action taken thereon

Name of the district	Period	No. of mustard oil samples collected	No. analysed (including pending samples of previous quarter)	No. found adulterated	Nature of adulterant detected	No. of prosecutions launched	No. of conviction	Name and address of the persons covincted with his business status viz. Miller/Wholesaler/Retailer	Nature and Range of punishment
1	2	3	4	5	6	7	8	9	10
								(6) Abdur Rahim, Vill Dharampur, P.S. Suty,	Fined Rs. 15
								(7) Aditya Kumar Saha, S/o Lt. Bhagirath Saha, P.S. Samsherganj	Fined Rs. 10
								(8) Kantow Das, Vill Arjunpur, P.S. Samsherganj	Fined Rs. 100
								(9) Kalimuddin Sk. S/o Lt. Bhaharuddin Sk. Vill Kankuria, P.S. Samsherganj	Fined Rs. 200
								(10) Abdul Mannan S/o Lt. Jonal Mondal Vill Mamnagar P.S. Hariharpara	Fined Rs. 300
								(11) Narendranath Chaki, Vill Baranagar, P.S. Jiaganj	Fined Rs. 200
								(12) Joynal Abedin Proprietor Sadbar Ali Vill Duriopur P.S. Lalgola	Fined Rs. 200
								(13) Alimuddin Saha, Vill Kuthirampur P.S. Bhagwangola	Fined Rs. 10
								(14) Mahsin Biswas, Vill Islampur, P.S. Raninagar	Fined Rs. 100
9. Nadia	31-12-64	29	69	15	Sesame oil and Linseed oil	17		(1) Nidhiram Saha Vill Ramnagar P.O. Palashipara P.S. Tehatta	Fined Rs. 150 to 500 (for (1) and (2))
								(2) Sadananda Saha Vill Ramnagarpara P.O. Palashipara, P.S. Tehatta	

Statement showing the number of mustard oil samples collected districtwise during the quarter ending 31st December 1964 and action taken thereon

Name of the district	Period	No. of mustard oil samples collected	No. analysed (including pending samples of previous quarter)	No. found adulterated	Nature of adulterant detected	No. of prosecutions launched	No. of conviction	Name and address of the persons convicted with his business status viz. Miller/Wholesaler/Retailer	Nature and Range of punishment
1	2	3	4	5	6		8	9	10
								(3) Nishakar Mandal Vill Tejnagar P.S. Kaliganj	Fined Rs. 150 to 500
								(4) Nandalal Adhikary Vill & P.O. Bamanpukur P.S. Nabadwip	
								(5) Shaik Asgarali Vill & P.O. Teorkhali P.S. Nabadwip	
								(6) Nimai Chand Ghose, (R) Mahisalpara	Fined Rs. 60
								(7) Dhirendra Das (R) Gobindasarak	Fined Rs. 100
	Quarter ending on							(8) Haradhan Ch. Sarkar (R) Nagendranagar	Fined Rs. 1000
10. 24-Parganas	31-2-64	94	35	4	Linseed oil and Sesame oil	4	..	..	..
11. Malda	Do.	24	..	..	..	..	..	..	..
12. West Dinajpur	Do.	65	50	7	Groundnut oil	..	2	(1) Babesh Ch. Majumdar (R) Danga, P.S. Kumarganj (2) Sadhu Charan Mondal (R) Molladighi, P.S. Kumarganj	Fined Rs. 25 to 30
13. Cooch Behar	Do.	24	..	..	..	..	..	..	..
14. Jalpaigri	Do.	41	26	1	Linseed oil	1	..	..	..
15. Darjeeling					Report has not yet been received				
16. Birbhum					Report has not yet been received				
		530	462	103 (percent of adulteration) 22.2	Linseed oil, groundnut oil, Sesame oil, Argemone oil (one case) and other highly unsaturated oil	141	51		

R = Retailer
W = Wholesaler
Mfr = Manufacturer

Shri Sanat Kumar Raha:

আমার এই প্রশ্নটা দেয়ার উদ্দেশ্য হচ্ছে এই যে চার মাস সরিষার তেলের বিশেষ সংকট গেছে—ভেজাল করবার সম্ভাবনা রিপোর্টে প্রমাণিত হচ্ছে। আপনারা অনুপাতটা দেখেছেন কি যে আগে সে পরিমাণ ভেজাল চলছিল বর্তমানে ভেজালের হার কি পরিমাণ বৃদ্ধি হয়েছে?

Shrimati Purabi Mukhopadhyay:

মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি একটা স্টেটমেণ্ট প্রস্তুত করে নিয়ে এসেছি এই ভেজাল সম্বন্ধে কি অ্যাকসান নেয়া হয়েছে। প্রত্যেকটা কেন আমি এখানকার টেবিলে এটা বলে করে দিচ্ছি।

Shri Sunil Das Gupta:

মন্ত্রিমহাশয় কি জানেন যে উত্তরবঙ্গের ৪টা জেলা নিয়ে একটা টেস্ট ল্যাবোরেটরী আছে এবং সেখানকার ভেজাল তেল পরীক্ষা করতে ৩।৪ মাস সময় লাগে?

Shrimati Purabi Mukhopadhyay:

আপনি ঠিকই বলেছেন আমরা চতুর্থ পরিকল্পনায় সমস্ত জেলায় ডিস্ট্রিক্ট ডায়নামিস্টিক ল্যাবোরেটরী তৈরী করছি।

Shri Jiban Krishna Dey:

এই ১০০টা ভেজালের মধ্যে আগ মার্কা কতগুলি আছে?

Shrimati Purabi Mukhopadhyay:

আমি এইসমস্তগুলি এখানকার টেবিলে দিয়ে দেব।

Shri Jiban Krishna Dey:

এই ১০০টা ভেজাল যে ধরা পড়েছে আপনি বল্লেন এর মধ্যে আগ মার্কা প্রতিষ্ঠান কতগুলি?

Shrimati Purabi Mukhopadhyay:

আমি এটা অ্যানালাইজ করিনি তবে আগ মার্কার উপর ব্যাপকভাবে ভেজাল হয়েছে বলে কোথাও কোন জায়গায় তা হয়নি।

Shri Sanat Kumar Raha:

এই আগ মার্কা তেল কত রকমের আছে।

Shrimati Purabi Mukhopadhyay:

এ সম্বন্ধে আপনার ব্যক্তিগত চিঠি আমি পেয়েছিলাম এবং তার উত্তরও দিয়ে দিয়েছি। আপনি একটা খুব জরুরী প্রশ্ন তুলেছিলেন সেটা হচ্ছে আগ মার্কার যখন গ্রেডেসন হয় তখন তারা দুটো গ্রেডেসন করেন—একটা গ্রেডেসন করলেন, (১), আর একটা করলেন (২)। আমরা স্বাস্থ্য দপ্তর থেকে সে সম্বন্ধে আপত্তি জানিয়েছি এবং সেই আপত্তি কেন্দ্রীয় সরকার মেনে নিয়েছেন এবং এর পর থেকে তারা শুধু একটা গ্রেডেসন করবেন।

Shri Balai Lal Das Mahapatra:

মন্ত্রিমহাশয় কি বলবেন যে এই ১০০টা ভেজাল ধরা পড়েছে এর মধ্যে পাইকার কতগুলি আছে আর খুচরা কতগুলি আছে?

Shrimati Purabi Mukhopadhyay:

এর মধ্যে প্রচুর নাম আছে। আপনি খুঁজে নেবেন।

UNSTARRED QUESTIONS
(to which written answers were laid on the Table)

Fair price shops

21. (Admitted question No. 11.) **Shri Kashi Kanta Maitra:** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) how many fair price shops have been opened in Calcutta and other industrial areas covered by the Scheme of Statutory Rationing;

(b) how have the allottees been selected and what procedure has been gone through before selecting the dealers:

(c) of the total number of such fair price shops how many are old allottees; and

(d) how many of these dealers were prior to selection foodgrain dealers?

The Minister for Food and Supplies: (a) 1,365 fair price shops have been opened in Calcutta Industrial Area.

(b) The existing fair price shops have been selected as appointed retail shops.

(c) All were old allottees.

(d) All were foodgrain dealers.

Pisciculture Programme in Anjana River, Krishnagore

22. (Admitted question No. 16.) **Shri Kashi Kanta Maitra:**

মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কৃষ্ণনগরের অঞ্জনা নদীতে মৎস্যচাষ কেন্দ্রের জন্য এ পর্যন্ত বিভিন্ন বৎসরে রাজ্য-সরকারের মৎস্য দপ্তর কত টাকা ব্যয় করেছেন;

(খ) এই পরিকল্পনা চালু হবার পর এ পর্য্যন্ত কি পরিমাণ মাছ বিভিন্ন ট্যাঙ্কে ছাড়া হয়েছে এবং মোট কি পরিমাণ মাছ ট্যাঙ্কগুলিতে আছে;

(গ) কি পরিমাণ অঞ্জনা স্কীমের মাছ কৃষ্ণনগর শহর ও কলকাতায় গত 'অক্টোবর নভেম্বর' ১৯৬৪, বিক্রয় হয়েছে;

(ঘ) কতজন কর্মচারী অফিসার সমেত অঞ্জনা স্কীমে কাজ করছেন এবং স্কীমটিকে চালু রাখার মাসিক ব্যয় কত;

(ঙ) ইহা কি সত্য যে, অঞ্জনার মাছ কৃষ্ণনগর ও অন্যত্র বিক্রয় বন্ধ করা হইয়াছে; এবং

(চ) সত্য হইলে ইহার কারণ কি?

The Minister for Fisheries:

(ক) ১৯৬১-৬২ সন হইতে ১৯৬৪-৬৫ সনের ডিসেম্বর পর্যন্ত ব্যয়ের হিসাব নিম্নে দেওয়া হইল—

১৯৬১–৬২	১৯৬২–৬৩	১৯৬৩–৬৪	১৯৬৪–৬৫ ডিসেম্বর পর্যন্ত
টাকা	টাকা	টাকা	টাকা
১৮,২৪৪	৬১,১৭৪	৮৫,৬৮৪	৩৭,৩৩৭

(খ) এ পর্যন্ত মোট ১ লক্ষ ৪ হাজার ২ শত চারা-পোনা ও ১১.৭৯ কুইণ্টাল "চালা মাছ" বিভিন্ন ট্যাঙ্কে ছাড়া হয়েছে। ট্যাঙ্কগুলিতে বর্তমানে আনুমানিক প্রায় ৯৪.৫০ কুইণ্টাল মাছ ও প্রায় ৮৭ হাজার "চালা মাছ" আছে।

(গ) এতৎসম্পর্কিত একটি বিবরণী দেওয়া হইল।

(ঘ) এই স্কীমের কাজে বর্তমানে ১২ জন ফিশারমেন অ্যাটেণ্ড্যাণ্ট, ১ জন গার্ড, ১ জন পিওন ও ১ জন টাইপিস্ট ক্লার্ক নিযুক্ত আছেন। এ বাবত মাসিক খরচের পরিমাণ নিম্নরূপ—

১৯৬২–৬৩	১৯৬৩–৬৪	১৯৬৪–৬৫ ডিসেম্বর পর্যন্ত
টাকা	টাকা	টাকা
১,০৪৮	২,১২২	১,৯১৮

ইহা ব্যতীত একজন মৎস্য বিভাগীয় অধ্যক্ষ ও জিলা মৎস্য আধিকারিক তাঁহাদের নিজ নিজ কাজ ছাড়াও এই স্কীমের কাজ তত্ত্বাবধান করেন।

(ঙ) অঞ্জনা বিল হইতে নিয়মিত মাছ সরবরাহ আপাতত বন্ধ। তবে মাছের যথাযথ বৃদ্ধির উদ্দেশ্যে নির্দিষ্ট সময়ান্তরে জাল টানার কালে ধৃত মাছ মাঝে মাঝে বিক্রয় করা হয়।

(চ) জলাধারে সঞ্চিত মাছের এখনও বিক্রয়যোগ্য আয়তন হয় নাই।

Statement referred to in reply to clause (Ga) of unstarred question No. 22

বিবরণী

মাস	কৃষ্ণনগর	কলিকাতা	মোট
সেপ্টেম্বর, ৬৪	১,৫৪৮.১০০ কেজি	... কেজি	১,৫৪৮.১০০ কেজি
অক্টোবর, ৬৪	১,০৪৩.৫০০ "	২,১০০.৩০০ "	৩,১৪৩.৮০০ "
নভেম্বর, ৬৪	৯৪৬.১৫০ "	২৫৭.৮০০ "	১,২০৩.৯৫০ "
সর্বমোট—	৩,৫৩৭.৭৫০ "	২,৩৫৮.১০০ "	৫,৮৯৫.৮৫০ "

T. B. patients in West Bengal

23. (Admitted question No. 42.) **Shri Sanat Kumar Raha:**

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পল্লী বাংলায় টি বি রোগীর সংখ্যা ১৯৩৯-৪০এর পর বৃদ্ধি পাইয়াছে;

(খ) সত্য হইলে কতগুণ বৃদ্ধি পাইয়াছে এবং কোন্ সূত্রে এই সংখ্যা পাওয়া গিয়াছে; এবং

(গ) ইহার প্রতিকারের জন্য সরকার কি কি ব্যবস্থা লইয়াছেন?

The Minister for Health:

(ক) এবং (খ) টি বি রোগীর সংখ্যা নির্ণয়ের জন্য ব্যাপকভাবে কোন সমীক্ষা হয় নাই, তবে ১৯৪৪ সালে এবং ১৯৫৫-৫৬ সালে যে দুইটি সমীক্ষা, স্যাম্পল সার্ভে হইয়াছে তাহা হইতে জানা যায় যে পল্লী অঞ্চলে টি বি রোগীর সংখ্যা বৃদ্ধি পাইয়াছে, তবে কতগুণ বৃদ্ধি পাইয়াছে তাহা বলা সম্ভব নহে।

(গ) টি বি রোগ প্রতিরোধকল্পে রাজ্যসরকার নিম্নলিখিত ব্যবস্থা অবলম্বন করিয়াছেন :—

(১) মাস্ মিনিয়েচার রেডিওগ্রাফী ইউনিট স্থাপন করিয়া রোগের প্রাদুর্ভাব অনুসন্ধান করা হইতেছে;

(২) ক্লিনিক-এ চিকিৎসার ব্যবস্থা করার জন্য বর্তমানে সমগ্র রাজ্যে ৩১টি সরকার পরিচালিত এবং ৩৭টি সরকারী সাহায্যপ্রাপ্ত বেসরকারী পরিচালিত—মোট ৬৮টি চেস্ট ক্লিনিক রহিয়াছে। তৃতীয় পঞ্চ-বার্ষিক পরিকল্পনায় কলিকাতায় ও বৃহত্তর কলিকাতায় প্রতি দুই লক্ষে একটি এবং রাজ্যের অন্যান্য স্থানে প্রতি চার লক্ষে একটি করিয়া চেস্ট ক্লিনিক স্থাপন করার পরিকল্পনা রহিয়াছে;

(৩) বর্তমানে সমগ্র রাজ্যে ৮টি সরকারী এবং একটি সরকারী সাহায্যপ্রাপ্ত বেসরকারী ডোমিসিলিয়ারী ট্রিটমেণ্ট ইউনিট রহিয়াছে। চলতি বছরে আরও দুইটি স্থাপন করার পরিকল্পনা রহিয়াছে;

(৪) যে সমস্ত টি বি রোগী ক্লিনিক-এ চিকিৎসার স্তর অতিক্রম করিয়াছে, তাহাদের জন্য হাসপাতালসমূহে শয্যাসংখ্যা বৃদ্ধি করা হইয়াছে। বর্তমানে মোট শয্যাসংখ্যা ৪,৮০৮টি;

(৫) বিশেষ প্রতিরোধকল্পে বি সি জি টীকা দেওয়ার ব্যবস্থা করা হইয়াছে;

(৬) সরকার পরিচালিত হাসপাতালসমূহে কাআউট-ডোর-এ চিকিৎসিত দুঃস্থ রোগীদের মধ্যে বিনামূল্যে ঔষধ সরবরাহের ব্যবস্থা রহিয়াছে। বেসরকারী পরিচালিত হাসপাতালসমূহেও এই ব্যবস্থা চালু করা হইতেছে—; এবং

(৭) আরোগ্যোত্তর রোগীদের মেদিনীপুর জেলার এম আর বাংগুর স্যানাটোরিয়াম সংলগ্ন ডিগরী অঞ্চলে পুনর্বাসনের ব্যবস্থা করা হইয়াছে। অদূর ভবিষ্যতে ধুবুলিয়াতে আরোগ্যোত্তর রোগীদের জন্য অকুপেশনাল থেরাপী সেণ্টার স্থাপন করা হইবে।

Establishment of hospitals during Fourth Plan

24. (Admitted question No. 52.) **Shri Sanat Kumar Raha:**

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চতুর্থ পরিকল্পনাকালে প্রতিটি অঞ্চলে হাসপাতাল নির্মাণের কোন প্রস্তাব আছে কিনা; এবং

(খ) পল্লী অঞ্চলে হাসপাতালগুলির চিকিৎসকগণকে প্রাইভেট প্র্যাকটিশ করিতে দেওয়া হইবে কি না?

The Minister for Health:

(ক) না। তবে যেসব উন্নয়ণ সংস্থায় ১টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং ২টি উপ স্বাস্থ্য-কেন্দ্র নাই তথায় ঐগুলি স্থাপন করিবার পরিকল্পনা আছে. ইহা ছাড়া প্রয়োজনমত কতকগুলি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের শয্যাসংখ্যা বৃদ্ধি করিবার পরিকল্পনাও আছে।

(খ) স্বাস্থ্য কেন্দ্রের চিকিৎসকদের প্রাইভেট প্র্যাকটিশ করিতে দেওয়ার কোন পরিকল্পনা নাই।

Bakshirhat Service Co-operative

25. (Admitted questtion No. 86) **Shri Jiban Krishna Dey:**

সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বক্সীরহাট সার্ভিস কো-অপারেটিভ কত দিনের প্রতিষ্ঠান ; এবং

(খ) ম্যানেজারিয়েল অ্যালাউন্স অদ্যাবধি কিছু দেওয়া হয়ে থাকলে তার পরিমাণ এবং যদি কোন অ্যালাউন্স না দেওয়া হয় তার কারণ কি ?

The Minister for Co-operation:

(ক) সমিতিটি দুই বৎসর দশ মাসের প্রতিষ্ঠান।

(খ) ম্যানেজারিয়েল অ্যালাউন্স অদ্যাবধি কিছু দেওয়া হয় নাই, কারণ সমিতি অ্যালাউন্সের জন্য আজ পর্যন্ত কোন আবেদন করে নাই।

Provision of beds in the Hospitals in the State

26. (Admitted question No. 88.) **Shri Jiban Krishna Dey:**

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূবক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলায় কত সংখ্যক লোকের মাথা পিছু হাসপাতালে একটি বেডের ব্যবস্থা আছে ;

(খ) ইহা কি সত্য যে তুফানগঞ্জ মহকুমায় ২ লক্ষ লোকের জন্য মাত্র ১৯টি বেড রহিয়াছে ; এবং

(গ) সত্য হইলে, এ সংখ্যা বৃদ্ধির কোন সম্ভাবনা শীঘ্রই আশা করা যায় কি না ?

The Minister for Health:

(ক) গড়ে ১,১৯১ জন প্রতি ১টি শয্যা আছে।

(খ) ১৯৬১ সালের আদমসুমারী অনুসারে তুফানগঞ্জ মহকুমার লোকসংখ্যা ছিল ৭৩,৬৩৭। সেখানে বর্তমানে ২৮টি শয্যা আছে।

(গ) বর্তমানে শয্যা বৃদ্ধির কোন পরিকল্পনা নাই।

xt Books in Bengali for Polytechnics and Technical Institution in West Bengal

27. (Admitted question No. 108.) **Shri Kashi Kanta Maitra:**

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূবক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলায় সরকারী নিয়ন্ত্রাধীনে যে সমস্ত পলিটেকনিক্স, টেকনিক্যাল স্কুল ইণ্ডাস্ট্রিয়াল ট্রেনিং ইনস্টিটিউটস ইত্যাদি আছে সেই সব শিক্ষা প্রতিষ্ঠানে বিভিন্ন বিষয়ের উপর যেসব টেক্সট বুক আছে এবং পাঠ্যতালিকাভুক্ত আছে বাংলা ভাষায় এ সব বিষয়ের উপর টেক্সট বুক পড়াবার কোন ব্যবস্থা আছে কিনা এবং না থাকিলে তাহার কারণ কি ; এবং

(খ) এই সব বিভিন্ন বিষয়ে ইংরাজী ভাষায় যেসব স্ট্যাণ্ডার্ড টেক্সট বুক আছে সেগুলি সহজবোধ্য বাংলা ভাষায় অনুদিত করে বিজ্ঞান বিষয়ক জ্ঞান বাংলা ভাষা মাধ্যমে দান করার কোন পরিকল্পনা রাজ্য সরকারের আছে ?

The Minister for Education:

(ক) স্টেট কাউন্সিলের মাধ্যমে পরিচালিত পলিটেকনিক ও জুনিয়ার টেকনিকেল স্কুলের জন্য কোন টেক্সট বুক সুপারিশ করা হয় নাই। আলোচনা ও পরামর্শ গ্রহণের জন্য যে সকল বই ব্যবহার করা হয় তাহার কয়েকটি প্রাথমিক স্তরের বই ছাড়া সবই ইংরাজীতে লেখা—পরীক্ষা সব ক্ষেত্রেই ইংরাজিতে হয়। পড়াইবার সময় বাংলা ভাষা ব্যবহারে কোন বাধা নাই। ছাত্রদের ভবিষ্যত কর্ম সংস্থানের কথা চিন্তা করিয়া এখনও পর্য্যন্ত ইংরাজি বহাল রাখা হইয়াছে।

(খ) টেক্‌নিকেল স্কুলে বিজ্ঞান বিষয়ক স্ট্যাণ্ডার্ড বই বাংলা ভাষায় অনুদিত করা এবং বাংলা ভাষার মাধ্যমে শিক্ষা দান করার কোনও পরিকল্পনা বর্ত্তমানে রাজ্যসরকারের বিবেচনাধীন নাই।

Employment Exchanges in West Bengal

28. (Admitted question No. 149.) **Shri Bhabani Mukhopadhyay:**

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪ সালের ৩১এ ডিসেম্বর পর্যন্ত পশ্চিমবঙ্গের কর্মসংস্থান কেন্দ্রগুলিতে রেজিস্ট্রিকৃত কর্মপ্রার্থীর সংখ্যা কত; এবং

(খ) উক্ত বৎসরে ঐ সংস্থা মারফত কতজনকে চাকুরী দেওয়া সম্ভব হইয়াছে?

The Minister for Labour:

(ক) ১৯৬৪ সালের ৩১এ ডিসেম্বর পর্যন্ত পশ্চিমবঙ্গের কর্মসংস্থান কেন্দ্রগুলিতে মোট রেজিস্ট্রিকৃত কর্মপ্রার্থীর সংখ্যা ছিল ৫,০৩,৮৮৭ জন।

(খ) ১৯৬৪ সালে পশ্চিমবঙ্গের বিভিন্ন কর্মসংস্থান কেন্দ্র মারফত মোট ৫০,৬৭৮ জনকে চাকুরী দেওয়া সম্ভব হইয়াছে।

Seizure of volatile oil from a Shalimar godown

29. (Admitted question No. 182.) **Shri Aswini Roy:** (a) Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state if it is a fact that the Enforcement Branch of Howrah Police raided a Shalimar godown on 13th December, 1964, and seized four boxes containing volatile oil?

(b) If the reply to (a) be in affirmative will he be pleased to state—

(i) whether the said oil was chemically analysed;

(ii) whether any ingredient injurious to public health was found; and

(iii) how the oil was disposed of?

The Minister for Home (Police): (a) Yes, the raid was conducted on 13th November, 1964.

(b) (i) One bottle of the seized oil was sent to the Director of Forensic Science Laboratory for Chemical analysis.

(ii) The report has not yet been received and hence the required information cannot be given.

(iii) The seized oil has not yet been disposed of.

Contribution to National Defence Fund in Midnapur district

30. (Admitted question No. 203.) **Shri Sudhir Chandra Das:**

মুখ্য মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত ১৯৬৩ সালে মেদিনীপুর জেলায় ত্রাণমন্ত্রী শ্রীমতী আভা মাইতির উপস্থিতিতে বিভিন্ন জনসভায় প্রতিরক্ষা তহবিলের জন্য অর্থ ও গহনা ইত্যাদি সংগৃহীত হইয়াছে;

(খ) সত্য হইলে (১) কোন্ কোন্ জনসভায়; এবং (২) ঐ জনসভাগুলিতে যাঁহারা প্রতিরক্ষা তহবিলের জন্য অর্থ ও গহনা ইত্যাদি দান করিয়াছেন তাঁহাদের দানের পরিমাণসহ নাম ও ঠিকানা কি?

The Chief Minister:

(ক) হ্যাঁ।

(খ) (১) জনকা, ভূপতিনগর, কলাবেড়িয়া বাজার, ডমুরদারি, ভগবানপুর, হেঁড়িয়া কলাগাছিয়া, গোপীচক।

(২) সম্ভব নয়।

Arrangement for supply of rations to the temporary persons in Calcutta

31. (Admitted question No. 241.) **Shri Niranjan Sen Gupta:** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) whether any arrangement has been made for supplying rations to the persons who will come to the Greater Calcutta Statutory Rationing Area, temporarily on various business; and

(b) if so, what are those?

The Minister for Food and Supplies: (a) Yes.

(b) Paragraph 15 of the Calcutta Industrial Area Rationing Regulations, 1964, provides thus—

A temporary family identity card shall be issued by the Rationing Officer to any person who has made an application under regulation 10 after the Rationing date, if the period of his stay in the Calcutta Industrial Area is likely to be more than one week but less than eight weeks. A temporary family identity card shall be over-printed or over-written in red with word "temporary" and shall consist of eight coupons. The Rationing Officer shall specify on one or more coupons the weeks for which they are valid and the temporary family identity card shall be valid accordingly. The Rationing Officer may at the request of the holder of the card and after making such enquiry as he deems fit specify on any of the other coupons the weeks for which they shall be valid and the validity of the Officer, shall issue an intimation thereof to the appointed retailer with whom card shall be extended accordingly. On such extension the Rationing the card is registered. These intimations shall be retained by such retailer.

Arrival of refugees from East Pakistan to West Bengal

32. (Admitted question No. 255.) **Shri Sanat Kumar Raha:** উদ্বাস্তু, ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পূর্ব পাকিস্তান হইতে গত ১৯৬৩ ও ১৯৬৪ সালে কোন মাসে কত উদ্বাস্তু পশ্চিমবঙ্গে আসেন এবং তাহাদের কিভাবে সরকার সাহায্য করিতেছেন?

The Minister for Refugee Relief and Rehabilitation: একটি তালিকা দেওয়া হইল।

১৯৬৩ সালে যাহারা আসিয়াছেন ভারত সরকারের ১৯৫৮ সালের আদেশানুসারে তাহাদিগকে কোন সরকারী সাহায্য দেওয়া হয় নাই।

১৯৬৪ সালে ১লা জানুয়ারী হইতে যাঁহারা আসিয়াছেন তাঁহাদের মধ্যে যাঁহারা পশ্চিমবঙ্গের বাহিরে যাইতে ইচ্ছা প্রকাশ করেন তাঁহাদিগকে ২।৩ দিনের রিসেপশান সেণ্টার-এ রাখিয়া জামা, কাপড়, কম্বল, মাদুর বা সতরঞ্চি, থালা, গ্লাস, বালতি কড়াই ইত্যাদি দিয়া দণ্ডকারণ্যে পাঠানর ব্যবস্থা করা হয়। আর যাঁহারা পশ্চিমবঙ্গে থাকিয়া যান তাঁহাদের মধ্যে দুঃস্থ পরিবারদের এই রাষ্ট্রে চালু খয়রাতি সাহায্য দেওয়া হয়।

Month	1963.	1964 (New migrants).
January	763	
February	1,449	133,000 (January–March)
March	1,465	
April	991	108,192
May	1,352	81,467
June	1,487	71,899
July	1,388	73,467
August	1,307	47,160
September	937	39,003
October	1,345	41,753
November	1,086	30,192
December	1,031	40,992
	*14,601	**667,125

*With Migration Certificates only.
**With and without travel documents.

[3—3-10 p.m.]

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker: I have received 11 notices of Calling Attention. One from Shri Ananga Mohan Das—Clash at Bijpur Check Post on the 10th January, 1965; second from Shri Aswini Roy—Introduction of price protection for paddy; third from Shri Birendra Narayan Ray—Teachers' movement in West Bengal, fourth from Shri Amarendra Nath Roy Prodhan and Shri Sunil Das Gupta—Concentration of troops by Pakistan at the border of Mekliganj Police Station; fifth from Shri Sanat Kumar Raha—Delay in construction of Bhagirathi bridge at Berhampore; sixth from Shri Gopal Banerjee—Attempts for demolition of shops near Belgharia Police Station; seventh from Shri Sambhu Charan Ghosh—Reported strike of the teachers in West Bengal; eighth from Shri Sambhu Charan Ghosh—Rumour of Netaji's appearance at Kalyani; ninth from Shri Mohammad Israil and Shri Abdul Latif—Making an obstruction over the drainage canal at Naoda; tenth from Shri Bhakti Bhusan Mandal—Ensuing teachers' strike in West Bengal, and eleventh from Shrimati Ila Mittra—Realisation of group loan at Manikchak Police Station, district Malda.

I have selected the notice of Shri Aswini Roy regarding introduction of price protection for paddy, and I would request the Hon'ble Minister-in-charge to make a statement now or give a date when a statement will be made.

Shri Jagannath Kolay: Next Wednesday.

Nomination of Members to the Business Advisory Committee

Mr. Speaker: In accordance with the provisions of rule 284 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I nominate the Business Advisory Committee which shall consist of the following members of the Assembly:—

1. Shri Jagannath Kolay,
2. Shri Bijesh Chandra Sen,
3. Shri Ananda Gopal Mukhopadhyay,
4. Shri Abani Kumar Basu,
5. Shri Asoke Krishna Dutta,
6. Shri Ganesh Ghose,
7. Shri Kamal Kanti Guha, and
8. Shri Nikhil Das,

and shall include the Speaker who shall be the Chairman of the Committee.

Nomination of Members to the Committee of Privileges

Mr. Speaker: In accordance with the provisions of rule 304 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I nominate the following members of the Assembly to form the Committee of Privileges:—

1. Shri Ashutosh Mallik (Chairman),
2. Shri Baidyanath Banerjee,
3. Kumar Jagadish Chandra Sinha,
4. Shri Sankardas Banerjee,
5. Shri Asoke Krishna Dutta,
6. Dr. Pratap Chandra Chunder,
7. Shri Syed Abul Mansur Habibullah,
8. Shri Nani Bhattacharyee, and
9. Dr. Kanai Lal Bhattacharya.

Nomination of Members to the Committee of Petitions

Mr. Speaker: In accordance with the provisions of rule 299 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I nominate the following members of the Assembly to form the Committee on petitions:—

1. Shri Ashutosh Mallick (Chairman),
2. Shri Gurupada Khan,
3. Shri Brindaban Gayen,
4. Dr. Ranjit Kumar Ghosh Chowdhury,
5. Shrimati Biva Mitra,
6. Shri A. K. M. Ishaque,
7. Dr. Golam Yazdani,
8. Shri Amarendra Nath Roy Prodhan,
9. Shri Nathaniel Murmu, and
10. Shri Kashi Kanta Maitra.

Confidential Circular of District Inspector of Schools

Shri Jyoti Basu:

মাননীয় মুখ্যমন্ত্রী এবং অন্যান্য সদস্য যাঁরা এখানে আছেন তাঁদের দৃষ্টি আকর্ষণ করছি এবং সেটা হচ্ছে, এই যে গতকাল মুখ্যমন্ত্রি মহাশয় এখানে দাঁড়িয়ে বললেন যে মাধ্যমিক শিক্ষকদের কর্মবিরতির ব্যাপারে যেটা ১৬ তারিখ থেকে হবার কথা, তাদের কোন রকম হুমকি দেওয়া হয় নি। অথচ আমি আজকে দেখছিলাম একটি সরকারী বিজ্ঞপ্তির উপর, যে বিজ্ঞপ্তি সরকার দিয়েছিলেন, এই কর্মবিরতি সম্বন্ধে, তার উপর একটা কনফিডেনসিয়াল সার্কুলার, সেটা ডিসস্ট্রিক্ট ইনস্পেকটর অব স্কুলস থেকে দেওয়া হয়েছে, এবং সমস্ত স্কুল এর লোকেদের কাছেও দেওয়া হয়েছে. এখন এটাতে যা বলা হয়েছে, আমি পড়ে আপনাকে শোনাচ্ছি, তাতে লেখা আছে—

from the Director of Public Instruction, West Bengal, to Secretaries of Institutions.

তাতে যা দেওয়া হয়েছে সবটা পড়বার দরকার নেই, খালি এটা আপনি লক্ষ্য করবেন এটা এখানে দেওয়া হয়েছে—

It would be clear from the press note that if any school employee absents himself from duty without proper leave, his unauthorised absence shall be considered as serious breach of discipline, and consequential steps would follow. I would like to make it clear that with your co-operation Government is determined to maintain normal school service. In the present emergency you will no doubt ask for necessary assistance to maintain law and order in your school, or if in your opinion you apprehend disorderly conduct around your school. It is the primary obligation of the Government to maintain normal school service.........

It would not be possible for Government to continue assistance in any form from public funds unless the schools continue to function normally

এটা আমরা যা বুঝলাম, তা হচ্ছে যে জোর করে যদি কর্মবিরতি হয়, ওদের দাবি দাওয়া নিয়ে যদি মাধ্যমিক শিক্ষকরা কর্মবিরতি করেন তাহলে আমরা ব্যবস্থা অবলম্বন করবো সরকার আমাদের সমস্ত রকম সাহায্য দেবেন। সেই দরুন যদি কোন স্কুলএ পুলিস না ডাকে এবং যদি স্কুল না চলে তাহলে সেই স্কুলএর অ্যাসিসট্যান্স বন্ধ করে দেওয়া হবে, এটাই আমি বুঝলাম এ থেকে। এটা যদি হুমকি না হয়, মাননীয় স্পীকার মহাশয়, আমি জানি না হুমকি কাকে বলে। অথচ কালকে আমার একটু আশা হয়েছিল মাননীয় মন্ত্রীদের কথা শুনে যে ওঁরা হয়তো সত্যিই কিছু বিবেচনা করবেন। আমি আর একটা কথা বলতে চাই, যে মাধ্যমিক স্কুল এর শিক্ষকদের যে যে সংগঠন আছে, এ. বি. টি. এ,

তাঁদের প্রতিনিধিরা আমাকে এই কথা বললেন, যে তাঁরা হয়তো আপার হাউসএ এটা তুলবেন। তাঁরা আমাকে আরও বলেছেন যে কালকে যা বললেন একটুকু নিয়েও এবং আরও যে দাবি দাওয়া ওরা দিয়েছেন, ১৭ দফা, এইগুলো নিয়ে যদি ওঁরা একটু বসতে পারেন, তাহলে খুব ভাল হত। আমি মুখ্যমন্ত্রীকে উনার ঘরে খুঁজতে গেছিলাম, কিন্তু তখন উনি আসেন নি। সেই জন্য উনার সঙ্গে কথা বলতে পারিনি। তারপর আমি এটা পেলাম। সেই জন্যই কথাটা আমি তুললাম। আমি আশা করি মুখ্যমন্ত্রী এ বিষয় কিছু বলবেন এবং যাতে এই সমস্ত উইথড্র করা হয়। এরকম একটা অপমানকর জিনিষ, এই বলে কি মাস্টারদের বন্ধ করা যাবে? অসম্ভব; এটা কখনও করা যায় না। আপনি দেখেছেন, প্রেসিডেণ্টকে পর্য্যন্ত আজকে ভারতবর্ষে বলতে হয়

There is a limit to patience of human beings.

Mr. Speaker:

মিঃ বসু, আপনি তো অ্যাটেনসন ড্র করেছেন; মিঃ ভট্টাচার্জি যে নাউ স্পীক।

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি কালকে যে কথা বলেছিলাম, এই মাত্র শ্রীজ্যোতি বাসু মহাশয় যে সারকুলার পড়ে শোনালেন, তার সঙ্গে এর কোন সম্পর্ক নেই। আমি বলেছিলাম যে দাবি দাওয়া করা সম্বন্ধে আমরা কাউউকে হুমকি দেখাইনি। যদি স্কুল বন্ধ হয়, ছাত্র ছাত্রীদের পড়াশুনার ব্যাঘাত হয়, তাহলে সরকার নিশ্চয়ই ব্যবস্থা অবলম্বন করবেন।

Shri Nani Bhattacharya:

মাননীয় স্পীকার মহাশয় আমি যে বিষয়ে অ্যাটেনসন ড্র করতে চাই সেটা সম্বন্ধে বলবার আগে আমি বিশেষ করে যে কনফিডেসিয়াল সারকুলার ইস্যু করা হয়েছে বিভিন্ন স্কুল-এ সেটা যাতে মুখ্যমন্ত্রী এবং শিক্ষা দপ্তরের থেকে প্রত্যাহার করে নেওয়া হয়, এই দাবি রেখে আমি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এখন আমি যে বিষয় বলতে চাই, সেটা হচ্ছে যে উত্তর বাংলাতে জলপাইগুড়ি থেকে আরম্ভ করে বালুরঘাট পর্যন্ত যে সমস্ত জেলায় যাতে বাইর থেকে সেটা পশ্চিমবঙ্গের অন্যান্য জেলা থেকে হোক বা বিহার, আসাম, এই সমস্ত জায়গা থেকে হোক যদি এসেনসিয়াল কমোডিটিস গুলো যায়, আগে যে ভাবে যেত, নুতন একটা নির্দেশ অনুসারে পশ্চিমবঙ্গ সরকারের নির্দেশ অনুসারে, সেভাবে যাচ্ছে না বা যেতে পারবে না। ভারত রক্ষা নিয়মাবলি অনুসারে পশ্চিমবঙ্গ সরকার সম্প্রতি একটা নির্দেশ জারী করেছেন যার ফলে এই সমস্ত এসেনসিয়াল কমোডিটিস যারা ওখানে রপ্তানি করবেন, তারা স্টীমার যোগেই আসুন বা ট্রেণ যোগেই আসুন, সেটা। ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট এনডোরস করে দেবেন এবং তারপর সেগুলো সেখানে সরবরাহ করা চলতে পারবে। আমার নিজের যা ধারণা এবং এই ইনফরমেসনটা দিচ্ছি এই জন্য যে এটা একটা উদ্বেগের বিষয় হয়ে যাচ্ছে এবং এই কারণেই এটা বলছি, যে জলপাইগুড়ি জেলা থেকে এবং আমি যতদুর শুনেছি কুচবিহার থেকেও, সেখান থেকেও চাল, ধান রপ্তানী হয়ে বাইরে চলে যাচ্ছে। ঠিক এই রকম যখন অবস্থা একদিক চলছে, আবার কিছু কিছু ধান, চাল অন্যভাবে সেই জেলাতে আসছে এবং এত বেশী পরিমাণে চলে আসছে, যাতে আমাদের এই আশংকা জেগেছে, বিশেষ করে আপনার যে খাদ্যনীতি, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে খাদ্যনীতি গ্রহণ করেছেন যে কলকাতাকে বাংলাদেশের অন্যান্য মফঃস্বল চালের থেকে যে লেভী হবে, সেই লেভী কলকাতা এবং ইনডাসট্রিয়াল অঞ্চলে প্রয়োজনে আসবে। আর বাইর থেকে যে চাল পাবেন সেগুলো মফঃস্বলে যদি কোন ডেফিসিট পড়ে, সেখানে সেই চালের সরবরাহ ব্যবস্থা রাখা হবে, আমি যতখানি বুঝেছি।

সুতরাং এই অর্ডার যদি আজকে থাকে এবং যদি সেখানকার অংশ বাইর থেকে ও বিভিন্ন জেলা থেকে অবাধ চলাচলের সুযোগ চাল, ধান বা অন্যান্য এসেনসিয়াল কমোডিটিস, তেল যা যাচ্ছে, সেগুলো যদি অবাধ চলাচলের সুযোগ না থাকে তাহলে উত্তর বঙ্গের প্রতিটি জেলায় আর কিছুদিন পর থেকে একটা সাংঘাতিক টান পড়বে এবং খুব কাহিল হবে। অগত্যা সেইজন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে এই বিষয়ে পা... তার যে কি নীতি বিশেষ করে উত্তরবঙ্গের জেলাগুলির খাদ্য বা অন্যান্য এসেনসিয়াল কমোডিটিস যাতে সুলভ হয়, সেই সম্পর্কে কি নীতি, সেই নীতি তিনি জানাবেন দয়া করে।

সুতরাং এই অর্ডার যদি আজকে থাকে এবং যদি সেখানে বাইরে থেকে বিভিন্ন জেলা থেকে ধান চাল, অন্যান্য এসেনসিয়াল কমোডিটিজ যেমন তেল, ডাল সেগুলির অবাধ চলাচলের সুবিধা না থাকে তাহলে উত্তরবঙ্গের প্রতিটি জেলায় আর কিছুদিন পরে একটা টান পড়বে এবং অবস্থা খুব কাহিল হবে। সেজন্য মুখ্যমন্ত্রীকে বলব উত্তরবঙ্গের জেলাগুলি সম্বন্ধে তাঁর কি নীতি, সেখানে এসেনসিয়াল কমোডিটিজ এর অবাধ চলাচল সম্বন্ধে তাঁর কি নীতি সেটা তিনি দয়া করে জানাবেন।

[3-10—3-20 p.m.]

Shri Sambhu Charan Ghosh:

মাননীয় জ্যোতিবাবু যে প্রশ্নটা এখানে রেখেছেন এবং যে যে সার্কুলারের কথা উল্লেখ করেছেন আমার হাতেও সেই দুটি সারকুলার আছে। গতকাল প্রশ্নোত্তরের সময় মাননীয় মুখ্যমন্ত্রী এবং মাননীয় অর্থমন্ত্রীর কাছে আমি অত্যন্ত স্পষ্টভাবে প্রশ্ন করেছিলাম যে মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকাদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বনের জন্য সরকার যে বিবৃতি দিয়েছেন সে সম্বন্ধে তাঁদের কি বক্তব্য। মাননীয় মুখ্যমন্ত্রী এই হাউসের সামনে দাঁড়িয়ে উত্তর দিয়েছিলেন যে কাগজে কি বেরুল সেটা জানবার দরকার নেই, এখন যা বলছি সেটা কাগজে বেরিয়েছে বলে ধরে নিন। জ্যোতি বাবু যে সার্কুলার এর আগে পড়েছেন তার সাথে ডিস্ট্রিক্ট ইনস্পেক্টর অব স্কুলস একটা ফরওয়ার্ডিং লেটার দিয়েছেন এবং তাতে তিনি একজায়গায় বলেছেন শুধু মাত্র স্কুলে কর্মবিরতি হলে তার গ্রাণ্ট বন্ধ করা হবে তা নয়, স্কুলের হেড মাস্টারকে বলছেন গোয়েন্দাগিরি করবার জন্য। সেখানে বলছেন—

I am to request you to obtain in writing from each of the staff teachers and others whether they would take part in the cease work movement as proposed by the A.B.T.A. The declaration must reach this office by the 15th February, 1965.

চিঠি গতকাল ইস্যু হয়েছে, আজকে বোধ হয় স্কুলে পৌঁছেছে। এই কনফিডেনসিয়াল সার্কুলার একদিকে সরকারী শিক্ষা দপ্তর থেকে বিভিন্ন স্কুলে পাঠান হচ্ছে যে তাদের নাম পাঠাও, পুলিশ প্রস্তুত আছে এবং যদি ধর্মঘট হয় তাহলে তোমাদের স্কুলের যে এড সেটা বন্ধ করে দেওয়া হবে। অপরদিকে সরকার এখানে গতকাল বিধানসভায় বলেছেন যে আমরা তাদের ১৭ তারিখ পর্য্যন্ত অপেক্ষা করতে বলেছি। কাজে কাজেই আমার কাছে বিষয়টা অত্যন্ত অদ্ভুত লাগছে। আমি সেজন্য আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করব যে তাঁরা ইমিডিয়েটলি এই সার্কুলার উইথড্র করে নিন এবং গতকাল যে কথা বলেছেন সেই কথা সরাসরি তাঁরা এ বি টি এ'র প্রতিনিধিদের কাছে বলুন, তাঁরা রাজী আছেন। ১৭ তারিখের আগে তাঁদের প্রতিনিধিদের সাথে বসুন, তাঁদের যে ১৭ দফা দাবি সেই দাবি নিয়ে আলোচনা করুন, আলোচনা করে তার সমাধান করুন। তাঁরা রাজী আছেন। এইটুকু আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে রাখছি।

Shri Nikhil Das :

স্যার, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার, স্কুল বন্ধ হয়ে যাচ্ছে, ১৬ তারিখে হরতাল হচ্ছে। মুখ্যমন্ত্রীর কাছে কালকে আমরা একটা সাজেসান রেখেছিলাম যে এ বি টি এ'র যাঁরা

প্রতিনিধি তাঁদের নিয়ে বসুন। আজকে দেখলাম এই রকম একটা অ্যাপিল তাঁরা মুখ্যমন্ত্রীর কাছে করেছেন যে তাঁরা তাঁর সাথে বসতে চান। উনি তাঁদের সাথে বসে যাতে এই ব্যাপারে একটা ফয়সালা হয় তার ব্যবস্থা করুন। তিনি এখানে আছেন, এ সম্বন্ধে যদি কিছু বলেন তাহলে বাংলা দেশের সমস্ত লোক এতে উপকৃত হবে। এ সম্পর্কে ওঁনার বক্তৃতা শুনতে চাই।

Non-Official Resolutions

Shri Jyoti Basu: Sir, I beg to move that this Assembly is of the opinion—

that whilst it is proper to encourage the study of Hindi so that it emerges as a language of communication between people of different States, it must not be imposed on non-Hindi speaking people;

that whilst adhering to the principle of replacing English by the regional languages at the State level and by Hindi at the Centre as administrative language, this change at the Centre should be decided with the consent of the non-Hindi speaking regions;

that in the intervening period, English must continue as an associate administrative language and be used for Central Public Service Commission examinations; and

that parity of all national languages in Parliament and Central Administration must be recognised.

স্পীকার মহাশয়, একটা অত্যন্ত বেদনাদায়ক পরিস্থিতির মধ্যে আজকে এই ভাষা সম্বন্ধে এখানে আমাদের আলোচনা করতে হচ্ছে এবং আমরা দেখছি যে ১৭ বছর কংগ্রেস রাজত্বের পর ভাষা নিয়ে বোধ হয় এরই মধ্যে প্রায় ৩০ জন ব্যক্তি তামিলনাদে প্রাণ দিয়েছে এবং আমি জানি না আরো কত রক্ত সেখানে বইবে। যাঁরা সেখানে মারা গেছেন তাঁদের প্রতি শ্রদ্ধা নিবেদন করে তাঁদের পরিবারবর্গকে আমাদের সহানুভূতি জানিয়ে আমি আমার বক্তব্য সুরু করছি। এই প্রস্তাব অত্যন্ত গুরুত্বপূর্ণ, এটা আমরা সহজেই অনুমান করেছি আগেও, এখনও করছি। সেজন্য আমার আশা যে এই প্রস্তাব আমরা সবাই মিলে এক সঙ্গে যাতে গ্রহণ করতে পারি এবং যদি কিছু পরিবর্তন দরকার হয় যদি এটাকে আরো শক্তিশালী করার দরকার হয়, স্বচ্ছ করার দরকার হয় তাহলে নিশ্চয়ই এখানকার অন্যান্য সদস্য যাঁরা আছেন তাঁরা সেই সাহায্য করবেন এবং তারপর এই প্রস্তাব আমরা কেন্দ্রের কাছে এবং অন্য রাজ্যসরকারগুলির কাছে পাঠিয়ে দেব আমাদের মত হিসাবে।

আমাদের ভাষা সংক্রান্ত বিষয়ে আলোচনা করতে গিয়ে আমার এইটা বক্তব্য যে আমরা মূলগত একটি কথা যদি ভুলে যাই তাহলে এই সমস্যার সমাধান কখনো কোনসময়ে আমরা করতে পারবো না—যে আমাদের দেশ এক ভারতবর্ষ। কিন্তু এখানে ঐ বিভেদের মধ্যে একতা, বহু ভাষাভাষী মানুষ এখানে আছেন—এই কথাটা আমাদের একটা মূলগত কথা। অনেকদিন ধরে আমরা এই কথা বলে আসছি বটে, কিন্তু দুর্ভাগ্যবশতঃ সবসময় আমাদের যে সরকার কংগ্রেস সরকার তারা তা মনে রাখতে পারছে না। যার দরুণ আমরা দেখছি যে আমরা একতাবদ্ধ না হয়ে, আমাদের মধ্যে ঐক্য না বেড়ে—ঠিক তার উল্টোটা হচ্ছে, নানারকমভাবে আমরা ভাগ হয়ে যাচ্ছি এবং তার দৃষ্টান্ত বহু আছে তা এখন এখানে এত সাম্প্রতিক ঘটনা যা সবাইকে মনে করিয়ে দেবার প্রয়োজন নাই। শুধু আমি এইটুকু বলবো—এমন কি স্বাধীন হবার পরে ভাষার ভিত্তিতে প্রদেশ গঠন হবে, আমরা মনে করেছিলাম এটা নিয়ে কোন তর্কবিতর্ক নাই। কিন্তু দেখলাম তা করতে গিয়ে কত রক্ত বয়ে গিয়েছিল। অন্ধ্রে দেখলাম, মহারাষ্ট্রে দেখলাম—কত অসংখ্য মানুষ খুন হয়ে গেল—মহারাষ্ট্রে বোধহয় একশো জন লোককে প্রাণ দিতে

হয়েছিল—ওদের রাজ্য গঠন করতে গিয়ে। এমন কি আমাদের পশ্চিমবঙ্গে যেখানে এই-সব হবার কথা নয়—সেখানে এমন এক অদ্ভুত প্রস্তাব এলো সরকারের পক্ষ থেকে—সংযুক্তি করণ প্রস্তাব বিহারের সঙ্গে বাংলার এবং যেখানে এই সব হবার কথা নয়, সেখানে এমন এক অদ্ভুত প্রস্তাব এলো যার জন্য বিশ হাজার লোককে কারাবরণ করতে হলো, আন্দোলন করতে হলো; তারপর স্বীকৃত হলো যে ভাষার ভিত্তিতে প্রদেশ গঠন হবে, এবং সেই জন্য আমি বলছি যে আমাদের মূলগত কথা, আমাদের দেশের ইতিহাসের ঐতিহ্যের সমস্ত কিছু এই কংগ্রেস সরকার মাঝে মাঝে দুর্ভাগ্যবশত: ভুলে যাচেছন এবং তার মাশুল যোগাতে হচেছ আমাদের সাধারণ মানুষকে। ঠিক সেই ভাবে আমরা দেখছি অ্যাডমিনিস্ট্রেসন এর ক্ষেত্রে—প্রশাসনিক ক্ষেত্রে যাতে সবকিছু কেন্দ্রীভূত করা যায়, কেন্দ্রীকরণ করা যায় এই দিকে কংগ্রেস সরকারের নজর। কিন্তু আমরা এর বিরোধী। আমরা মনে করি শক্তিশালী দেশ গড়ে তুলতে হলে, আরো একতাবদ্ধ করতে হলে এই ভলান্টারি ইউনিয়ন দরকার। এই হিসেবে কেন্দ্র থেকে যদি মনে করেন যে ঐভাবে শক্তিশালী করবেন তাহলে কি শক্তিশালী হয়? এইজন্য কেন্দ্রকে সেই ভাবে রেখে অনেকবেশী অটোনমি দিতে হবে রাজ্যগুলিকে। তাহলে এইভাবে আমাদের আরো বেশী একতা দৃঢ়বদ্ধ হতে পারে। কিন্তু দুর্ভাগ্যবশত: কংগ্রেস সরকারকে বোঝান একটু কঠিন।

ভাষার ব্যাপারে এখন যদি আমরা আসি—তাহলে এ বিষয়ে আমরা একমত যে আমাদের লক্ষ্য থাকা প্রয়োজন যে ইংরেজীর জায়গায় আমরা স্বাধীন হবার পর একটা ভারতীয় ভাষা বা বিভিন্ন ভারতীয় ভাষা বিভিন্ন রাজ্যে ইংরেজীর জায়গায় নেব। বাংলাদেশে কি বরাবর ইংরেজী চলবে প্রশাসনিক ব্যাপারে, শিক্ষার ব্যাপারে, আদালতের ব্যাপারে, আইনের ব্যাপারে? না। সেখানে ইংরেজীর জায়গায় বাংলা হবে। তেমনি বিভিন্ন রাজ্যেও যে ভাষা আস্তে আস্তে যাতে করে সেখানে সেই ভাষাগুলি হয় ইংরেজী ২ গা নিয়ে—সেই ব্যবস্থা করতে হবে। এখানে বোধহয় কারো দ্বিমত নাই এবং এই ভাবে আমরা সবাই চলতে চাই বলে আমার ধারণা।

[3-20—3-30 p.m.]

কিন্তু যদি এটা তাড়াহুড়া করে করতে চাই বা এমনভাবে করতে চাই যাতে করে আমরা প্রস্তুত নই, অথবা যদি এরকম করি যে, সম্পূর্ণভাবে ইংরেজী বর্জন করে দিলাম তাতেও দেখছি সেটা চলছে না। এখানেও আইনের ব্যাপার আছে, ভারতবর্ষে সুপ্রিম কোর্ট আছে, বিভিন্ন জায়গায় আইন আদালত আছে—কাজেই কিছুদিন পর্যন্ত হয়ত বাংলা এইভাবে চলবে না, ইংরেজী অনুসারেই চলবে। আমাদের এ্যাসেম্বলীতেও সেই জিনিস, কোন উপায় নেই। আমরা যদি বাংলা আরম্ভ করি তাহলে কোর্ট সেই বাংলা দলীল গ্রাহ্য করবে না, আইনের ইংরেজী ট্রানস্লেশন, সেটাই প্রামাণ্য দলীল। কাজেই এটা বুঝে যাতে আমরা চলি সেই চেষ্টা আমাদের সকলকেই করতে হবে। তবে এ বিষয়ে কোন সন্দেহ নেই যে, বিভিন্ন প্রাদেশিক ভাষার প্রাধান্য পাবার যে কথা ছিল সেটা অনেক কম সময়ে করা যেত। কিন্তু কংগ্রেস সরকারের সেদিকে নজর ছিল না বলে আমরা দেখছি জনসাধারণ থেকে বিচ্ছিন্ন হয়ে প্রশাসনিক ব্যবস্থা, আইন কানুন চলছে। আমাদের এ্যাসেম্বলীতেও এই ব্যাপার চলছে—অর্থাৎ জনসাধারণ থেকে বিচ্ছিন্ন হয়ে আমাদের অন্য ভাষায় কাজ করতে হচেছ যেটা বেশীর ভাগ জনসাধারণ বোঝে না। আমার ধারনা দেরি হলে ক্রমশ: যদি এথা চালু হয় তাহলে ভাষার উন্নতি হবে এবং জনসাধারণকে এই সব প্রশাসনিক ব্যাপারে আমরা সংশ্লিষ্ট করতে পারব। কিন্তু আসল কথা দাঁড়িয়েছে কেন্দ্রে কি হবে? সর্ব-ভারতীয় ভাষা কি হবে প্রধাণত: সেই প্রশ্ন আমাদের কাছে এসে দেখা দিয়েছে। স্যার, আমি আমার প্রস্তাবে প্রথমত: ল্যাংগোয়েজ অব কমিউনিকেসন এই শব্দ ব্যবহার করেছি। আমি মনে করি ভাব আদান প্রদানের জন্য, বিভিন্ন রাজ্যের সঙ্গে সংযোগ রাখার জন্য, পরস্পরের সঙ্গে কথাবার্তা বলার জন্য একটা সর্ব ভারতীয় ভাষা এখনই সঠিকভাবে করতে পারলে ভাল হয়। এই ইংরেজী ভাষা আমাদের দেশের কজন লোক

বোঝে? একজন সাধারণ মানুষের পক্ষে ইংরেজী ভাষা লেখা যত শক্ত, একটি ভারতীয় ভাষা শেখা তার পক্ষে তত শক্ত নয়। আমরা মনে করি একটি ভারতীয় ভাষা সেই জায়গা নিশ্চয়ই নেবে। আমাদের লক্ষ্য এক কিন্তু কবে সেখানে পৌঁছাতে পারবো সেটাও আলাদা কথা। আমরা যদি এককভাবে দেখি তাহলে দেখব ভারতীয় ভাষা হিন্দী বেশীরভাগ লোক বলেন এবং বোঝেন এবং সেইজন্য আমি বলছি এই হিন্দী ভাষা ·ইংরেজীর জায়গা নিশ্চয়ই নেবে। তবে কবে এটা হবে সেকথা আমি বা অন্য কেউ বলতে পারবে না—সেটা ভবিষ্যতের কথা। কিন্তু আমরা যদি সমস্ত জিনিসটা ভাল করে দেখি, বিচার করি তাহলে আমার মনে হয় হিন্দী ভাষা সম্পর্কে আমি যেটা বললাম সেটাই সঠিক দৃষ্টিভঙ্গী এবং ·প্রশাসনিক ব্যাপারে হোক বা ল্যাংগোয়েজ অব কমিউনিকেসন-এর ব্যাপারে হোক সেটা হবে। কিন্তু আমার প্রস্তাবে যেটা গুরুত্বপূর্ণ কথা সেটা হচ্ছে এটা কবে হবে এবং কিকরে হবে? আমি বলছি যেহেতু তাঁদের পার্লামেণ্টএ মেজোরিটি আছে সেহেতু তাঁরা যদি এটা জোরকরে, আইন করে কারুর উপর চাপিয়ে কারুর উপর চাপিয়ে দেন তাহলে সর্বনাস হবে। একথা আমরা বরাবর বলেছি এখনও বলছি এবং তার প্রমাণ হচ্ছে চারিধারে ঘটনা যা হচ্ছে।

এতে কি ভারতের সংহতি বাড়ছে? একতা বাড়ছে? এতে বরং উল্টো জিনিষই ভারতবর্ষে হচ্ছে, ভয়াবহ এক অবস্থার সৃষ্টি করেছেন কংগ্রেস সরকার এই সব না বুঝে কোন অবস্থার মধ্যে কি করতে হবে, জোর করে হিন্দী ভাষাকে চাপাতে গিয়ে। এবং সেজন্য দেখছি কত বছর লাগবে আমি জানি না, যদি দেরী হয়, দেরী হবে। কিন্তু কনসেণ্ট যদি না পাওয়া যায় মত যদি সপক্ষে না পাওয়া যায়—সমস্ত রাজ্যগুলির মত দিতে হবে কিন্তু যতদিন মত না দিচ্ছেন ততদিন কখনো হিন্দীকে কেন্দ্রে করা, ইংরেজীকে উঠিয়ে দিয়ে, সেখানে এ্যাডমিনিস্ট্রেশনের ভাষা হিন্দীকে করা, লেংগুয়েজ অব কমিউনিকেশন জোর করে দেওয়া চলতে পারেনা। এটা অসম্ভব, করতে গেলে যা হয়েছে এর থেকে ভয়াবহ কাণ্ড ঘটবে, এবং সেজন্য আমি বলছি যতদিন এভাবে কনসেণ্ট না পাওয়া যায়, মত না দেয়, ততদিন ইংরেজী প্রশাসনিক ব্যাপারে চলবে, যেমন এখন চলছে। দিল্লীতে এ নিয়ে অস্পষ্টতা আছে, জানি না কি দাঁড়িয়েছে, কিন্তু যদি এমন কোন প্রস্তাব থেকে থাকে যে হিন্দীকে লেংগুয়েজ অব একজামিনেশন করা হবে। এবার থেকে পি এস সিতে এই ব্যবস্থা যদি হয়ে থাকে তাহলে সর্বনাশ হয়ে যাবে। এটা কখনো হতে পারে না। এখন ইংরেজী যেমন আমাদের কেন্দ্রের ব্যাপারে চলছে সেটাই চলুক, একজামিনেশন ব্যাপারে চলুক। কেন না হিন্দী ভাষাকে যদি নেন তাহলে সমস্ত ভাষাকে নিতে হবে। যারা বাঙ্গালী তারা বলবে আমরা বাংলা ভাষায় পরীক্ষা দেব, যারা তামিলনাদের তারা বলবে আমরা তামিল ভাষায় পরীক্ষা দেব। কাজেই এটা যখন হচ্ছে না তখন ইংরেজীই থাকবে বলে মনে করি। তাহলে পরিবর্তন কি হতে পারে, এটা হতে পরে, আমার যা দেখছি ইংরেজী হতে পারে কেন্দ্রে বাংলাদেশের কি হবে সেটা পরিষ্কার, মহারাষ্ট্রে কি হবে সেটা পরিষ্কার। কিন্তু ১৪টি ভাষা সেখানে নেবেন এটা আমি অবাস্তব বলে মনে করি। ইংরেজী চলে গেলে বিভিন্ন রাজ্যে সেই রাজ্যের ভাষা হবে, একই পর্য্যায়ে কেন্দ্রেও সেই ভাষা হবে এটা হতে পারে না, এটা এ্যাডমিনিস্ট্রেশনে চলতে পারে না, এটাই আমার ধারনা সেজন্য আমি বলছি কতটা এখন করা যায়। এটুকু করা যায় যেটা সরকার করেছেন, খানিকটা বিভিন্ন স্কুলে বিভিন্ন রাজ্যে তাঁরা করেছেন—ক্লাস ফাইভ থেকে হিন্দী পড়ান হবে। হিন্দী বলতে আমাদের পক্ষে খুব অসুবিধা নাই। কিন্তু দক্ষিণ ভারতে সবাই জানেন কি অসম্ভব পরিস্থিতি সৃষ্টি করেছেন সেখানে, তবু তাঁরা সেখানে স্কুলে সেটা গ্রহণ করে নিয়েছে। এইভাবে আস্তে আস্তে যদি গ্রহণ করতে দেন এবং সেইভাবে দেশ গড়ে উঠে তাহলে বিরোধিতা হবে না, আসতে আস্তে হোক সময় লাগে লাগুক তাতে ভারতবর্ষের কোন ক্ষতি হবে না। এই জিনিষটা করতে আমি বলছি। তবে সরকার, মন্ত্রীরা হিন্দীতে যখন বক্তৃতা দেন, এখন অবশ্য হিন্দী আরম্ভ হয়েছে এটা ট্রানস্লেশন হোক। ইংরেজীতে হোক হিন্দীতেও হোক ইমপরটেণ্ট স্পীচ দুটিতেই দেবেন,

এগুলি পরবর্তীকালে বিভিন্ন রাজ্যেও হোক এবং তাদের নিজ নিজ ভাষায়ও হোক, এভাবে জিনিষটা হতে পারে তার বেশী নয়। তারপর আমি যেটা বলছি সেটা হচ্ছে, এটা আমাদের দুর্ভাগ্য যে আমাদের পার্লামেণ্টে আমাদের মাতৃভাষায় বক্তৃতা দেবার উপায় নাই, হিন্দী বলতে পারেন, ইংরেজী বলতে পারেন কিন্তু ইংরেজীতো সবাই জানে না, যারা যাবেন সেখানে এই দুই ভাষায় যদি না বলতে পারেন তাহলে-তো গিয়ে কোনও লাভ নাই। স্পীকার মহাশয়, আমাদের এখানে ইনস্ট্রুমেণ্ট আছে, এই ভাষায় বললে সেটা সাইমালটেনিয়াস ট্র্যানস্লেশন হয়ে যাবে অটোমেটিক বিভিন্ন ভাষাতে, এই ব্যবস্থা কেন পার্লামেণ্টে ইনষ্টুমেণ্টের সাহায্যে করা হচ্ছে না? একজন যদি গুজরাটি ভাষায় বক্তৃতা দিতে চান তবে তিনি সেই ভাষায় প্রকাশ করতে পারবেন না কিন্তু যদি ঐ রকম ইনস্ট্রুমেণ্টের সাহায্যে করা যায় তাহলে মহারাষ্ট্রীয় ভাষায়ই হোক আর যে ভাষাতেই হোক সেটা ট্র্যানস্লেশন করে দেওয়া যেতে পারে, যেমন ইণ্টারন্যাশনাল কনফারেন্সে হয়। সেখানে কোন অসুবিধা হয় না সেজন্য এটা নিশ্চয়ই করা উচিত বলে মনে করি। কিন্তু আমাদের দুর্ভাগ্য যে আজ অবধি কংগ্রেস সরকার তা করলেন না, সেখান যারা অহিন্দীভাষি, যারা ইংরাজী জানেন না তাঁরা পার্লামেণ্টে গিয়ে করবেন কি? কোন কাজ হবেনা, আমি যা বললাম সেই ব্যবস্থা হওয়া উচিত বলে মনে করি। এও হতে পারে দিল্লী থেকে যদি বিহারে চিঠি লিখতে হয় এবং হিন্দীতে লিখতে হয় তাহলে এমন অফিসার রাখা দরকার যিনি হিন্দীতে লিখতে জানেন, কিন্তু রাজ্যের সঙ্গে যে চিঠিপত্রের আদান প্রদান হবে সেটার সঙ্গে ইংরেজী কপি থাকতে হবে তা না হলে যারা অফিসার আছেন তাদের ছেড়ে দিতে হবে সেজন্য এটা প্র্যাকটিক্যাল দিক থেকেই অসম্ভব হয়ে যায় যদি সেটা না থাকে।

[3-30—3-40 p.m.]

আমার আর একটা শেষ কথা আছে। আমার প্রস্তাবে আছে প্যারিটি অফ ল্যাংগুয়েজ। এখন প্যারিটি কথার মানে এটা হতে পারে যে সমস্ত ল্যাংগুয়েজ-কে যদি সমস্ত অধিকার কেন্দ্র ও এখান থেকে দিতে হয় তাহলে সেটা কি করে হবে। আমরা প্যারিটি মানে যেটা বুঝি সেটা হচ্ছে যে এখানে যে সমস্ত আইন কানুন হচ্ছে, কেন্দ্রে যে সমস্ত সার্কুলার, বই, পুস্তক ইত্যাদি তাঁরা বার করছেন সেগুলির জন্য কেন্দ্রের টাকা খরচ করে বিভিন্ন ভাষায় সেগুলি ছাপতে হবে—আমাদের ঘাড়ে তুলে দিলে চলবে না। আপনারা ট্রান্সলেট করে ছাপান বা না ছাপান আমরা ইংরাজী বা হিন্দী ভাষায় দিয়েছি এবং সেই জিনিসগুলোকে বিভিন্ন রাজ্যের ভাষায় ছাপিয়ে আমাদের কাছে দিতে হবে—এই কথাই আমরা বলেছি। প্যারিটি মানে এটা হচ্ছে যে পার্লামেন্ট-এ বিভিন্ন ভাষায় মাতৃভাষায় বক্তৃতা দেবার অধিকার আমাদের দিতে হবে এবং সেটা তাঁরা তর্জমা করে দেবেন এবং তার ব্যবস্থা সেখানে তাঁরা রাখবেন। যেখানে ট্রান্সলেট করে বই, পুস্তক ইত্যাদি বার করার ব্যবস্থা করতে হবে, যেমন এখানে আমরা করেছি ইংরাজী ও বাংলায়। আমাদের এখানে নেপালী করা দরকার। নেপালী ভাষা আমরা মেনে নিয়েছি, কিন্তু আজ পর্যন্ত সেটা হয়নি—এগুলি যেমন আমাদের এখানে করা দরকার, সেই রকম ব্যবস্থা কেন্দ্রেও করা দরকার বিভিন্ন ভাষার ব্যাপারে। এজন্য আমি প্যারিটি শব্দটা ব্যবহার করেছি। যাই হোক, আমার কথা হচ্ছে, আমি যখন এই প্রস্তাব বিধান সভায় এনেছি তখন আমি সঙ্গে সঙ্গে এই কথা বলব যে কেন্দ্রীয় সরকার না বুঝে বা জোর করে যে ব্যবস্থা করেছিলেন এখন তাঁরা দেখছি কিছুটা পিছু হটছেন। কিন্তু এখানে মানুষ সন্তুষ্ট হতে পারছে না। এখন আমাদের সংবিধান বদলাবার প্রশ্ন এসেছে। প্রশ্ন হচ্ছে পণ্ডিত নেহেরু যে প্রতিশ্রুতি দিয়েছিলেন ইংরাজী রাখা সম্বন্ধে যে যতদিন না সমস্ত মানুষ তৈরী হচ্ছে হিন্দী গ্রহণ করার জন্য কেন্দ্রীয় ভাষা হিসাবে ততদিন ইংরাজী চলবে। তাঁর এই প্রতিশ্রুতি আইনে পরিণত না করার ফলে এই সমস্ত কথা সেখানে উঠেছে এবং বিপর্যয় দেখা দিয়েছে। এসব কথাগুলি অস্বীকার করার উপায় নেই। এজন্য আজ চিন্তা করা দরকার যে কিভাবে এগুলি আমরা করতে পারি। এজন্য আমি বলতে চাই রাজনৈতিক দল যাঁরা আছেন, বা অন্য যাঁরা মানুষ আছেন তাঁদের প্রতিনিধিদের নিয়ে এখন সমস্ত রাজ্যে ও কেন্দ্রে মিটিং ডাকা দরকার এবং সমস্ত বিষয়টা আমরা একবার আলোচনা করতে পারি। যদিও আগে অনেক আলোচনা হয়েছে, তবুও যখন দেখা যাচ্ছে এই রকম একটা অবস্থা সৃষ্টি হচ্ছে এবং যে ভাষা আমরা করেছিলাম তাতে একটা বিপরীত জিনিস যখন হচ্ছে তখন নিশ্চয় সেখানে ভুল ভ্রান্তি কিছু হয়েছে

বলে আমাদের বলা দরকার। আমরা দেখছি তামিলনাদে সৈন্য পাঠান হয়েছে। এটা এমন একটা জিনিস যা সৈন্য দিয়ে দমন করা যায় না। এজন্য আমরা বলছিলাম সৈন্যের কথা নয়, আজ সমস্ত কিছু আন্দোলন এখুনি বন্ধ হয়ে যাবে যদি কেন্দ্রীয় সরকার বলেন—আমরা তাঁদের বাধ্য করতে পারি সেকথা বলার জন্য—আমরা স্থগিত রাখছি যা আমরা বলেছিলাম এবং আসুন আমরা রাউন্ড টেবিল কনফারেন্স-এ বসে আলোচনা করি এবং আপনাদের সকলের কথা শুনে কি অসুবিধা হচ্ছে দেখে সকলকে সন্তুষ্ট করার জন্য একটা ব্যবস্থা করি। আমার মনে হয় এটাই ঠিক হবে। আমাদের সকলে মিলে কেন্দ্রীয় সরকারকে এই কথা বলার আমাদের প্রয়োজন আছে বলে আমি মনে করি।

Mr. Speaker: I take it that I have the leave of the House to take all the amendments as moved except the amendment of Shri Narendra Nath Sen which he does not want to move.

Shri Sambhu Charan Ghosh: I move that in paragraph 3, in lines 2-3, for the words "Central Public Service Commission examinations", the words "all central competitive examinations including Union Public Service Commission examinations" be substituted.

Shri Sambhu Charan Ghosh: I move that—

(i) in paragraph 3, line 3, the word "and" be omitted.

(ii) in paragraph 4, line 2, for the word "recognised" at the end, the words "recognised; and" be added.

(iii) after paragraph 4, the following new paragraph be added:

"That it must be imperative for all the States to accept the three language formula.".

Shri Nani Bhattacharjee: I move that in paragraph 1, line 3, after the words "non-Hindi speaking people", the words "as is being done by the party in power to disrupt the toiling peoples' unity throughout the country" be inserted.

Shri Sailendra Nath Adhikary: I move that—

(i) in paragraph 1, line 3, after the words "on non-Hindi speaking people" the words "without having their consent" be added.

(ii) after paragraph 4, the following new paragraph be added:—

"That arbitrary imposition of Hindi on non-Hindi speaking people may invite, in future, mass resentment which may hamper National Integration".

Shri Birendra Narayan Ray: I move that—

(i) in paragraph 1, line 3, after the words "non-Hindi speaking people" the words "as it is being done by the brute majority of the party in power" be added.

(ii) in paragraph 2, line 3, after the words "This change at the Centre should" the words "go very slow and" be inserted.

(iii) in paragraph 3, line 1, the words "in the intervening period" be deleted.

Shri Somnath Lahiri: I move that—

(i) in paragraph 2, line 2, after the words "State level". the words "both as the official language of the State and as the medium of all instruction" be inserted.

(ii) in paragraph 2, line 3, for the words "as administrative language" the following be substituted:

"as the medium of communication between different State Governments and between the Centre and the State Governments".

(iii) in paragraph 3, line 2, for the words "be used" the following be substituted:

"it shall be the only language to be used for Central Public Service Examinations tii such time as all the languages enlisted in Schedule VIII of the Constitution may replace English for this purpose".

(iv) at the end of paragraph 3, the word "and" be omitted and after that the following new paragraphs be inserted:

"That in Parliament and State Legislatures a member will have the right to use his mother tongue and that simultaneous translation of parliamentary proceedings will be provided for in all State languages. Further that all bills, laws, decrees, proclamations, etc., will be published in all the State languages.".

"That the three-language formula for education, in the intervening period, should be applied in such a way that while non-Hindi speaking students will learn their mother tongue, Hindi and English, Hindi-speaking students will learn English, Hindi and another modern Indian Language; and".

Shri Gopal Banerjee: I move that the last paragraph be omitted.

Shri Anadi Das: I move that in paragraph 2, line 4, after the word "regions" the words "and should not take place before the regional languages have been firmly established in their respective States" be inserted.

Dr. Pratap Chandra Chunder: I move that in paragraphs 1-4, for the words beginning with "That whilst it is proper" and ending with the words "must be recognised" the following be inserted, namely:—

'That whilst it is proper to encourage the study of Hindi which is our national language and which will ultimately emerge as a language of communication between people of different States, English should continue to be used until people in the non-Hindi speaking areas were ready for the necessary change-over;

That the recommendation of the Chief Ministers' Conference held in New Delhi in December, 1964, to the effect that no ban should be imposed on the use of English for purposes of communication with the Centre or between one State and another in view of the Official Language Act passed by the Parliament in 1963, should be adhered to;

That in the intervening period, English must continue as an associate administrative language and be used for Central Public Service Commission Examinations; and

That the Government of India be requested to consider and examine the advisability of the parity of all national languages in Parliament and Central Administration.".

Shri Sambhu Charan Ghosh:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রথমে ভাষা আন্দোলনে তামিলনাদে গতকাল যে অমূল্য জীবন নষ্ট হয়েছে তাঁদের উদ্দেশ্যে শ্রদ্ধা জানিয়ে আমি আমার বক্তব্য সুরু করছি। ভারতবর্ষে একদিন এসেছিল যেদিন পাশ্চাত্তের রুদ্ধ বাতায়ন পথ খোলা ছিল। রাজা রামমোহন রায় থেকে সুরু করে বিশ্বকবি রবীন্দ্রনাথ পর্যন্ত সেই মুক্ত বাতায়ন পথে ভারতবষের শ্বাশ্বতঃ আদর্শ জগতের জাগ্রত অংশে প্রতিষ্ঠা করেছিলেন। পাশ্চাত্ত্য ভাবধারা গ্রহণ করে জাতীয় মুক্তি ভাবের উদারবৃত্তি বলে তাঁরা উল্লেখ করেছেন। স্বাধীন ভারতবর্ষে জাতীয় ভাষার বিকাশ নিশ্চয় ঘটুক, কিন্তু সঙ্কীর্ণ [illegible]বোধের অপরাধে যদি বাহিরের জানলা বন্ধ করে দেবার চেষ্টা হয় তাহলে তিনি আত্মহত্যার অপরাধে অপরাধী বলে গণ্য হবেন। সংবিধানের নির্দেশ অনুসারে ২৬এ জানুয়ারী থেকে সারা ভারতবর্ষে হিন্দীকে রাষ্ট্রভাষা হিসাবে চালু করা হচ্ছে।

বহু ভাষাভাষীর দেশ ভারতবর্ষ সেই ভারতবর্ষকে একমাত্র ভাষাকে রাষ্ট্রভাষার মর্য্যাদা দিতে অহিন্দী ভাষাভাষীর অঞ্চলের তুমুল বিক্ষোভ সৃষ্টি হয়েছে, অহিন্দী ভাষাভাষীর অঞ্চলে মানুষের বিক্ষোভের প্রাবল্য জাতির সংহতির মূলে কুঠারাঘাত করেছে, ঠিক এমনি ঘটনা আমরা দেখতে পাই সিজার-এর আমলে রাশিয়া জোর করে সেখানে রুশভাষার স্টিম রোলার চালাতে চেয়েছিলেন কিন্তু ব্যর্থ হয়েছিল সেই প্রচেষ্টা বর্তমানে আমরা দেখছি রুশ ভাষা সহ সমস্ত জাতীয় ভাষাই সেখানে শান্তিপূর্ণ ভাবে অবস্থান করছে তাই আজকে সেখানে সংহতির প্রশ্ন প্রশ্নাতীত ভাবে দেখা যাচ্ছে, ভাষার প্রশ্নে আমরা দেখেছি ক্যানাডা সুইজারল্যাণ্ডএ রাজনৈতিক সঙ্কট দেখা দিয়েছিল আমরা দেখেছি বর্তমানে এই ভাষার প্রশ্নকে কেন্দ্র করে ভারতবষের সংহতি বিনষ্ট হতে চলেছে, তাই ঠিক ভাবে আমরা অন্য সমস্যার কথা চিন্তা করতে পারছি না ; আমরা বেকার সমস্যা, খাদ্য সমস্যার কথা ঠিক তেমনি গুরুত্বপূণভাবে গ্রহণ করতে পারছি না যেমন ভাবে নাকি আমাদের গ্রহণ করা দরকার। আজকে আমাদের ভাষার কথা চিন্তা করতে হবে আমাদের দেশের অন্যতম ভাষা হিন্দীকে রাজ সিংহাসনের আসনে আনা হোক তাতে আপত্তি নেই কিন্তু জোরকরে যদি অন্য ভাষাকে দলন করে হিন্দীভাষাকে প্রতিষ্ঠা করা হয় তাহলে জাতীয় সংহতির ক্ষেত্রে সেটা আপত্তিকর বলে মনে হবে। আমি এই প্রসঙ্গে বিখ্যাত দার্শনিক জন দেওয়ে তার ডেমোক্রেসি অ্যাণ্ড এডুকেসনএ একটা কথা বলেছিলেন যে কনসেনসাস ডিম্যাণ্ড অব কমিউনিকেসান ভাবের আদান প্রদানের মধ্য দিয়ে একটা জাতীয় সংহতি গড়ে উঠে এবং তার মধ্য দিয়েই গণতান্ত্রিক স্বার্থকতা লাভ করে। হিন্দী ভাষাকে যদি রাষ্ট্রভাষা হিসাবে চালু করতে হয় তা হলে অহিন্দী ভাষাভাষীর অঞ্চলের মানুষের সঙ্গে আপোষ আলোচনা করে তাদের মনোভাবের পরিবর্ত্তনের সুযোগ দিয়ে যদি তাকে রাজসিংহাসনে প্রতিষ্ঠা করা যায় তবে সেই ভাবেই তাকে প্রতিষ্ঠা করা উচিত বলে আমি মনে করি, প্রথিতযশা সাহিত্যিক এলবার্ট ক্যামেন তিনি একটা উল্লেখযোগ্য কথা বলেছিলেন। এলবাট ক্যামেন বলেছিলেন ইট ইজ প্ল্যাটো নট মোসেস অ্যাণ্ডনীটসে প্লটোই একমাত্র ঠিক নীট্সে মোসেস দাশনিক ঠিকভাবে তার বক্তব্য রাখেন নি। এবং তার কারণ ক্যামেন ব্যাখ্যা করে ছিলেন যে প্লেটো তার দার্শনিক ব্যাখ্যা করতে গিয়ে তিনি ডায়লকের সাহায্য নিয়ে ছিলেন। কথোপকথনের মধ্য দিয়ে দাশনিক সাধারণ মানুষের সামনে উত্থাপন করেছিলেন। ভারতবর্ষের ক্ষেত্রেও তার সেই দর্শনের বাণী রেখেছেন অতএব এই ভাবে কথোপকথনের মধ্য দিয়ে যদি অন্য ভাষাভাষী মানুষের সংঙ্গে আলোচনা করি এর রূপ দিতে পারি তবেই তার সার্থকতা লাভ আমরা যদি করতে পারি, তা না করে যদি আজকে তারা গোঁড়ামীর সুযোগ নিয়ে একটা ভাষাকে প্রাধান্য দিতে চান বা তাকে যদি প্রতিষ্ঠা

করার চেষ্টা করা হয় তা হলে এর ফল খারাপ হবে। আজকে আমরা সেখানে দেখছি যে অহিন্দী ভাষাভাষী অঞ্চলে বিরাট বিক্ষোভ দেখা দিয়েছে। সেখানে শুধু জাতীয় সংহতির প্রশ্ন নয় আমাদের ভারতবর্ষের গণতন্ত্র আমাদের দেশের ভবিষ্যত সেখানে সঙ্কটাপন্ন অবস্থায় এসে দাঁড়িয়েছে। আমরা জানি যে গত সেন্সাসে ভারতবর্ষে চারটি প্রদেশ দিল্লী এবং হিমাচল প্রদেশ এই ছটি এলাকায় মাত্র ১৬ কোটি মানুষ হিন্দী ভাষায় কথা বলে বাকী ৩০ কোটি মানুষ অহিন্দী ভাষায় কথা বলে।

[3-40—3-50 p.m.]

কাজে কাজেই এই ভাষাকে যদি আমাদের প্রতিষ্ঠিত করতে হয় তাহলে ৩০ কোটি মানুষের কাছে এই হিন্দী ভাষার সার্থকতা উপযোগিতা বুঝিয়ে দিতে হবে। তা না করে যদি শুধু মাত্র গায়ের জোরে একটা ভাষাকে আমরা রাষ্ট্রভাষা হিসাবে চাপিয়ে দিতে চাই তাহলে মনে পড়ে ইতিহাসের কথা, মনে পড়ে মোগল সাম্রাজ্যের সাজাহানের কথা—যে সাজাহান তার পুত্র ঔরঙ্গজেবের হাতে গ্রেপ্তার ও বন্দী হয়েছিলেন এবং ৮ বছর পরে মৃত্যু বরণ করেছিলেন। তেমনি ভাবে যদি জোর করে সমস্ত ভাষাগুলিকে দলন করে আজ হিন্দীকে রাজসিংহাসনে অভিষেক করেন তাহলে আমার মনে হয় উদ্দেশ্য সিদ্ধ হবে না; জাতীয় সংহতির কাজ ত্বরান্বিত হবে না। ঔরঙ্গজেবের সাজাহানের যে অবস্থা হয়েছিল এই হিন্দী ভাষারও সেই পরিণতি হবে। কাজে কাজেই যে প্রস্তাব এই হাউসের সামনে মাননীয় বন্ধু জ্যোতিবাবু এনেছেন আমি তাঁকে সমর্থন করে আমার এই সংশোধনী প্রস্তাব মুভ করেছি এবং সেখানে আমার অত্যন্ত পরিস্কার বক্তব্য যে আজকে যদি কোন এলাকার মানুষ হিন্দীর বিরুদ্ধে তার বক্তব্য রাখে তাহলে জোর করে তার বক্তব্য দূরে ঠেকানো যাবে না। যার ফলে সমস্ত ভারতবর্ষে বিক্ষোভের দাবানল জ্বলে উঠবে এবং তার মধ্য দিয়ে ভারতবর্ষের শুধু মান গণতন্ত্র নয়, সংস্কৃতি সভ্যতার যত কিছু অর্জিত সম্পদ ছিল সমস্ত ধূলিস্মাত হয়ে যাবে। তাই আমি বলি যে সংবিধানে নির্দেশ আছে ১৯৬৩ সালে ভাষা আইন পাশ করা আছে কিন্তু এত তাড়াতাড়ি সমস্ত দিকে প্রস্তুতি না করে সেই ভাষাকে চালু করার জন্য তাদের এতো তাগিদ কেন? সংবিধানে তো আছে যে প্রাথমিক শিক্ষাকে ১৯৬২ সালের মধ্যে কম্পালসারি এবং ফ্রি করতে হবে—সেখানে কেন সেটা করতে পারেন নি, সংবিধানের নির্দেশ মানতে পারেন নি। কাজে কাজেই সংবিধানের নির্দেশের অজুহাত দিয়ে একটা ভাষাকে চালু করতে গিয়ে তাঁরা বিক্ষোভ ডেকে আনছেন, বিদ্বেষ ডেকে আনছেন। সংহতির মূলে কুঠারাঘাত করছেন এদিকে সংযত হওয়া উচিত। এ ব্যাপারে আরও ২ বছর সময় নেওয়া হোক যে হিন্দীকে যদি রাষ্ট্র ভাষা করতে ২ বছর অন্তত সময় নেওয়া হোক সমস্ত অহিন্দী ভাষাভাষী মানুষের সঙ্গে আলোচনা করে একটা সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহণ করুন এবং তখন হয়তো এই বিক্ষোভ মানুষের মধ্যে দেখা যাবে না। যত দিন না হচ্ছে ততদিন পর্যন্ত কেন্দ্রীয় সমস্ত পরীক্ষায় ইংরাজী ভাষার প্রচলন থাকুক—ততদিন পর্যন্ত হিন্দী চাপানোর প্রয়াস যেন না হয়। আর সাথে সাথে কেন্দ্রীয় সরকার একটা রক্ষা কবচ গ্রহণ করেছেন এবং একথা ওঁরা বলেছেন যে থ্রি ল্যাঙ্গোয়েজ ফরমুলার কথা—তিনটে ভাষার ফরমূলা সমস্ত রাজ্যে কার্যকরী করা হোক। উত্তর ভারতের বিভিন্ন রাজ্যের মানুষ দক্ষিণ ভারতের একটা ভাষায় তারা শিক্ষা লাভ করুক এই থ্রি ল্যাংগোয়েজ ফরমূলাকে যদি সার্থকভাবে বিভিন্ন রাজ্যে ইমপ্লিমেণ্ট করা যায় তাহলে হয়তো এই ভাষা নিয়ে বিক্ষোভ কিছু প্রশমিত হতে পারে। পশ্চিমবঙ্গ সরকার এই থ্রি ল্যাঙ্গোয়েজ ফরমূলাকে একটা অদ্ভুত অবস্থার মধ্যে এনে ফেলেছেন—আমরা পশ্চিমবঙ্গের বিভিন্ন জায়গায় দেখি যে ক্লাস ফাইব, সিক্স পর্যন্ত থ্রি ল্যাঙ্গোয়েজ ফরমূলা সেখানে এ্যাডপ্ট করা হয়—আবার সেভেন, এইট, নাইন, টেনে, আর এক রকম থ্রি ল্যাঙ্গোয়েজ ফরমূলা সেখানে রয়েছে আমাদের পশ্চিমবাঙলার বিদ্যালয়ে ক্লাস সিক্স পর্যন্ত ইংরাজী বাংলা এবং হিন্দী আবশ্যিক বিষয় হিসাবে রাখা হয়েছে তার পরে ক্লাস সেবেন থেকে টেন পর্যন্ত সেখানে ইংরাজী বাংলা এবং সংস্কৃত রাখা হয়েছে। কাজে কাজেই ঠিকভাবে থ্রি ল্যাঙ্গোয়েজ ফরমূলাকে কেমনভাবে হওয়া উচিত—হিন্দীকে যদি আস্তে আস্তে অন্তর্ভুক্ত করতে হয়

তাহলে সেইভাবে মনোভাব গড়ে তুলতে হবে—তার আগে জোর করবার চেষ্টা যদি করা হয় তাহলে দক্ষিণ ভারতে যে অবস্থা ঘটেছে—সমস্ত ভারতবর্ষের মধ্যে সেই অবস্থা ছড়িয়ে পড়বে এবং সেটা তখন সরকারের নাগালের বাইরে চলে যাবে।

Shri Somnath Lahiri:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, জ্যোতিবাবুর প্রস্তাবের উপর আমি যে সংশোধনীগুলি দিয়েছি—আমি আর সেগুলি পড়ছি না—কিন্তু তার প্রধান পয়েণ্ট কি আছে সেটা উপস্থিত করছি। তার মধ্যে প্রথম পয়েণ্ট হচ্ছে এই যে স্টেট ল্যাঙ্গোয়েজ ইংরাজীকে যেখানে রিপ্লেস করবে বলে বলা হয়েছে সেটা আমি পরিষ্কার করতে চেয়েছি যে

both as the official language of the State and as the medium of all instruction...medium of communication between different State Governments and between the Centre and the State Governments...

কারণ আমাদের দেশে এই রকম কিছু বুদ্ধিজীবী মানুষ আছেন যারা বাঙ্গালী হওয়া সত্বেও বাংলা ভাষার চেয়ে ইংরাজী ভাষাকে বেশী ভালবাসেন। এবং সেজন্য তাদের অনেকে একথা বলে থাকেন যে অন্তত: বাংলাদেশে উচ্চ শিক্ষার মাধ্যম হিসাবে বাংলার যোগ্যতা নেই ইংরাজী থাকা উচিত। আমার মনে হয় এটা বাস্তব সত্য নয়। বাংলা ভাষা সে যোগ্যতা অনায়াসে অর্জন করতে পারছে। দ্বিতীয়ত: এটা পুরানো দিনের দাসসুলভ মনোভাব থেকে আসছে। তৃতীয়ত: কিছু কিছু ইংরাজী শিক্ষিত ব্যক্তির কায়েমী স্বার্থের মনোভাব থেকে এটা আসছে। কাজেই আমার পরিষ্কার করে দেওয়া দরকার যে ইংরাজীর বদলে বাংলাকে যখন রাজ্য স্তরে বসাচ্ছি তখন তাকে শুধু সরকারী ভাষা হিসাবে বসাচ্ছি না তাকে শিক্ষার বাহন হিসাবেও বসাচ্ছি। দ্বিতীয় যে সংশোধনী দিয়েছি তাতে হিন্দী ভাষা কেন্দ্রের কোন ক্ষেত্রে হবে সেটা জ্যোতিবাবুর প্রস্তাবে ব্যাপকভাবে আছে—আমি সেটাকে একটু সংকীর্ণ করে আনতে চেয়েছি যে হিন্দী কেন্দ্রে হতে পারে এটা শুধু মিডিয়াম অব কমিউনিকেসন এটুকু ক্ষেত্রের মধ্যে সেটা যেন সীমাবদ্ধ থাকে এবং যখন তা করা সম্ভব তখনই তার চেয়ে বেশী নয়। অর্থাৎ হিন্দী যদি তার উপযুক্ত কোন সময়ে বিবেচিত হয় তাহলেও প্রত্যেক ক্ষেত্রে যে হিন্দীকে বসাতে হবে এমন কোন কারণ নেই। কেন্দ্রে ভাষার ফাংসানে ইংরাজী যেভাবে দখল করেছিল তার সীমাবদ্ধভাবে প্রয়োগ করা উচিত হবে বলে আমার ধারণা। সেই জন্য আমি বলেছি শুধু মিডিয়াম অব কমিউনিকেসন হিসাবে হিন্দীকে নেওয়া যেতে পারে যখন নেওয়া উচিত বলে মনে হবে তারপর তৃতীয় এমেণ্ডমেণ্টে আছে আপাতত: ইণ্টারভিনিং পীরিয়ডে যখন ইংরাজী থাকছে তখন পি. এস. সি একজামিনেসনে এবং কেন্দ্রের সমস্ত পরীক্ষায় কি ভাষা হবে। জ্যোতিবাবুর ভাষায় যা আছে তাতে আছে যে

English must continue as associate administrative language and be used for Central Public Service Commission Examinations, etc.

তাতে মনে হতে পারে যে বর্তমানে সরকারের তরফ থেকে যে চেষ্টা আছে যে ইংরাজী থাকতে পারে—কিন্তু হিন্দীও থাকতে পারে। তাই জ্যোতিবাবুও চাইছেন। কেন্দ্রের পরীক্ষায় তাঁরা দুটো ভাষা চালাবেন সেই জিনিসটা সুনির্দিষ্টভাবে আমাদের আপত্তি করা উচিত এই কারণে যে যদি তা হয় তাহলে হিন্দী ভাষী যারা পরীক্ষায় তাদের পক্ষে অধিকতর সুযোগসুবিধা হবে—আর অন্য ভাষী যারা তাদের নিজেদের মাতৃভাষায় পরীক্ষা দিতে পারবেন না তাদের ইংরাজী ভাষায় দিতে হবে। সুতরাং পরীক্ষায় দুই জনের মধ্যে একটা অসুবিধার সৃষ্টি হবে—হিন্দীভাষীদের কিছু সুবিধা হয়ে যাবে। সেই জন্য যত দিন পর্যন্ত না রাজ্যের ভাষাগুলি শিক্ষার বাহন হয়ে সমস্ত পরীক্ষার বাহন হতে পারছে, ততদিন পর্যন্ত সমস্ত ভাষাভাষী শিক্ষার্থী এবং পরীক্ষার্থীদের মধ্যে সমতা আনবার জন্য ব্যবস্থা এই থাকা উচিত যা আগে ছিল যে শুধু ইংরাজী ভাষাতেই পরীক্ষা হবে এবং পরে যিনি যে ভাষায় শিক্ষিত সেই ভাষায় পরীক্ষা দেওয়ার অধিকারী হবেন এই সুযোগ দেওয়া উচিত।

[3-50—4 p.m.]

তারপর যে পয়েন্ট দিয়েছি যে, পার্লামেন্টে সমস্ত ভাষাকে যথাসম্ভব সমান সুযোগ দিতে হবে। এই যে কদর্য্য নিয়ম আছে, যে মাতৃভাষা যদি কেউ বলতে চায় তাহলে আগে তার লিখিত জিনিষ দাখিল করে, অনুমতি নিয়ে তবে তিনি বলতে পারেন এ নিয়ম তুলে দিতে হবে। বিল, ল, ডিক্রি, প্রোকলামেসন ইত্যাদি সমস্ত ভাষায় হওয়া দরকার এবং পার্লিয়ামেণ্টারী প্রোসিডিংস এক সঙ্গে সমস্ত স্টেট ল্যাংগুয়েজ-এ সামুলটেনেয়াস ট্রানশ্লেসন হওয়া দরকার। এই হচ্ছে আমার সংশোধনী। আর সংশোধনী হচ্ছে যে, যে থ্রি ল্যাংগুয়েজ ফরমুলা চালু করার কথা চলেছে এবং কোথাও কোথাও চালুও হয়েছে সে সম্বন্ধে আমার মতটা পরিস্কার করে বলা দরকার। কারণ এই ফরমুলাটা যদিও অনেকে গ্রহণ করেছেন, কিন্তু এটাকে বিকৃত ভাবে প্রয়োগ করা হচ্ছে। ফরমুলার উদ্দেশ্য এই ছিল যে হিন্দীভাষীরা তারা ভারতবর্ষের অন্য কোন একটা প্রদেশের ভাষা শিখবে আর অন্য প্রদেশের লোকেরা তারা হিন্দী ভাষা শিখবে আর সকলেই ইংরাজি ভাষা শিখবে। এই ছিল উদ্দেশ্য। কিন্তু এখন দেখা যাচ্ছে অনেক হিন্দীভাষী অঞ্চল তারা নিয়ম করেছে যে হিন্দী ভাষী থ্রি ল্যাংগুয়েজ ফরমুলা যেমন, হিন্দী, ইংরাজী এবং সংস্কৃত শিখবেন, আর ভারতীয় অন্য কোন ভাষা তারা শেখবার চেষ্টা করবেন না। কিন্তু অন্য প্রদেশে যদি এই থ্রি ল্যাংগুয়েজ ফরমুলা অ্যাপ্লাই হয়, তখন তাদেরকে নিজের মাতৃভাষা এবং হিন্দী ও ইংরাজী শিখতে হবে। অন্য অবকাশ তাদের নেই। এই ধরণের ধারণা প্রবর্তন করার চেষ্টা হচ্ছে। আমার মনে হয় এই জিনিষটা পরিস্কার করা দরকার। হিন্দীভাষীদের সঙ্গে ঝগড়া করা আমাদের উদ্দেশ্য নয়, হিন্দীভাষীরাও আমাদের সঙ্গে ঝগড়া করবেন সেটাও আমরা চাই না, যাতে উভয় অঞ্চলেই হিন্দীভাষী অঞ্চল এবং অহিন্দীভাষী অঞ্চল উভয় অঞ্চলই যাতে পরস্পরের ভাষা কিছু পরিমাণে আয়ত্ব করে পরস্পরের নিকটে আসতে পারে সেই জন্য আমারও থ্রি ল্যাংগুয়েজ ফরমুলা সম্বন্ধে এই সাজেসানটা রেখেছি যে, হিন্দীভাষীরা অন্য কোন আধুনিক ভারতীয় ভাষা শিখবে এবং অহিন্দী ভাষীরা হিন্দী শিক্ষা করবে। এই হল মোটের উপর আমি যে সংশোধনীগুলো দিয়েছি এবং আমি নিশ্চয়ই আশা করি জ্যোতিবাবু এই সমস্ত সংশোধনীতে কোন আপত্তি করবেন না। তার প্রস্তাবের যে মূলনীতি তার বিরোধি এটা নয় এবং কংগ্রেস পক্ষ যে অ্যামেণ্ডমেণ্ট দিয়েছেন সেটাও দেখছিলাম যে তারও যে মূলনীতির বিরুদ্ধে গিয়েছে বলে মনে হল না। সুতরাং একটা মিটমাট করে পরিস্কার ভাবে একটা প্রস্তাব গ্রহণ করা, আমি আশা করি আমাদের সকলের পক্ষেই সম্ভব হবে।

আমি এখন শুধু আমার বক্তব্যের সমর্থনে কয়েকটা যুক্তি আপনার কাছে রাখতে চাচ্ছি। সেটা হচ্ছে যে ইংরাজী ভাষাকে একদিন চলে যেতে হবে একথা আমাদের বুঝে নেওয়া দরকার। ইংরাজী ভাষা এক কালে বাইরের একটা জানলা খুলেছিল এটা সত্য, কিন্তু ইংরাজী ভাষা সেই উদ্দেশ্যে আসেনি, সেটা হচ্ছে তার কনট্রাডিকসন যেমন ব্রিটিশ রাজ্য এখানে স্থাপিত হয়েছিল, ডাক, তার, টেলিগ্রাফ, টেলিফোন ইত্যাদ পেয়েছিলাম। কিন্তু ডাক তার টেলিগাফ টেলিফোন এই সবের জন্য আমরা কেউই ইংরাজ রাজত্ব জীইয়ে রাখতে চাই না। ইংরেজরা যে ভাষা এখানে জবরদস্তি চালু করেছিলেন বলে আমরা একটা ছোট্ট দুনিয়ায় জানলা পেয়েছিলাম, যে জানলা দিয়ে অতি স্বল্প সংখ্যক অতি নগণ্য সংখ্যক ইংরাজী শিক্ষা পাওয়ার সুযোগ যাদের হয়েছিল তাদের কাছেই একটা জানালা খুলেছিল, এই ছিল তার গৌণ ফল। কিন্তু তার প্রত্যক্ষ ফল কি ছিল? দেশের ৯৯ পারসেণ্ট লোক শিক্ষা থেকে বঞ্চিত হয়েছিল এবং ইংরাজী ভাষা প্রবর্তনের তাই ছিল উদ্দেশ্য। আর একটা উদ্দেশ্য ছিল তাদের যে ভারতবর্ষের মানুষ শিক্ষায় দীক্ষায় পিছিয়ে পড়ে থাক, আলো তারা যেন না পায়। ব্রিটিশ সাম্রাজ্যবাদের কর্দয্য চেহারা বুঝে, তার বিরুদ্ধে আঘাত করার চেতনা যেন তারা না পায়, তারা যত পেছনে পড়ে থাকে, তার ব্যবস্থা করা হোক এই ছিল উদ্দেশ্য। কাজেই এই তার ফল হয়েছে, যে এতকাল পরে, আজকে আমাদের ভারতবর্ষের শতকরা ২৫ জন শিক্ষিত কিনা সন্দেহ। আর ইংরাজী জানে বোধ হয় শতকরা ২ জন মাত্র। আমরা ইংরাজ, শিক্ষিতেরা যখন আমরা ভাষার প্রশ্ন ভাবি, আমরা যেহেতু অধিকাংশই ইংরাজী ভাষায় শিক্ষিত হয়েছি, স্বভাবতঃ আমরা দুনিয়া ভাবতে, ভারতবর্ষ

ভাবতে আমাদের কথাই ভাবি, এখন আমাদের মতন লোক তাদের সার্থকতা কিছুটা আছে। ইংরাজী শেখার ফলে তারা যে অবস্থায় এখন পৌছেছেন, তার ফলে তাদের ভবিষ্যত যেন বিপদাপন্ন না হয় সেজন্য আমাদের ব্যবস্থা গ্রহণ করতে হবে, একথাও সত্য। কিন্তু সঙ্গে সঙ্গে একথাও সত্য যে, দেশের শতকরা ৮০ থেকে ৯০ ভাগ মানুষ যারা শিক্ষা থেকে সম্পূর্ণরূপে বঞ্চিত, ভাষার প্রশ্ন, শিক্ষার প্রশ্নত তাদেরই প্রশ্ন। কি করলে তারা শিক্ষিত হয়ে উঠতে পারে, কি করলে আমাদের দেশের জ্ঞান, বিজ্ঞান, ফল ফুল, তাদের কাছে তাদের জীবনে নূতন রস নিয়ে আসতে পারে এই চিন্তা করতে হবে। সেকথা আমরা যখন চিন্তা করি, মানুষের শিক্ষা পাওয়ার কথা যখন আমরা চিন্তা করি, নিশ্চয়ই আমাদের কারো একথা বুঝতে অসুবিধা হবে না যে ইংরাজী ভাষা মারফৎ তাদের সেই স্তরে নিয়ে আসা সম্ভব নয়। সুতরাং ইংরাজী ভাষাকে যেতে হবে আমাদের জাতীয় জীবন থেকে। তা না হলে কোন দিনই শিক্ষা বা প্রশাসন আমাদের দেশের সাধারণ মানুষের কাছে পৌছাতে পারবে না। তাদের সাড়ায় সাড়া মেলাতে পারবে না। সুতরাং ইংরাজী ভাষাকে যেতে হব। যারা বেশী শিক্ষা লাভ করবেন, তাদের কমপ্রিহেনসন ল্যাংগুয়েজ হিসাবে, তাদের উচ্চ শিক্ষার জন্য ইংরাজী ভাষা তারা শিখতে পারেন কোন আপত্তি নেই। কিন্তু তা যদি আমার অগ্রসরের অগ্রগতির পথে অনিবার্য্য কমপালসারি—বাধ্যতামূলক হয়ে দাড়ায় তা হলে তা হবে আমার অগ্রগতির পথে প্রতিবন্ধক। সুতরাং ইংরাজী ভাষাকে যেতে হবে।

যেতে হলে স্বভাবতঃ সর্বপ্রথম রাজ্য স্তরে যেতে হবে। রাজ্যস্তরে যাওয়া মানে, আমাদের প্রশাসন এবং শিক্ষা উভয়ের প্রধান বাহন হতে হবে আমাদের দেশের মানুষের মাতৃভাষাকে। আমি আপনি, যারা লেখাপড়া শিখেছি, তাদের হয়ত ইংরাজের প্রতি মমতা থাকবে, কিন্তু সাধারণ মানুষ যারা লেখাপড়া বেশি জানে না, তাদের কাছে যদি জিজ্ঞাসা করি, হ্যাঁ, হে, তুমি কি চাও, ইংরাজী না বাঙ্গালা? তারা অনায়াসেই বলবে যে না বাংলাই চাই, কাজেই আমাদের রাজ্যস্তরে প্রসাসন ব্যবস্থা এবং শিক্ষার ব্যবস্থা সম্পূর্ণরূপে বাংলায় করতে হবে। এ বিষয়ে কোন সন্দেহ নেই। ইংরাজী দূর করে দিতে হবে। "দূর" শব্দটা কঠিন। কিন্তু যে একদিন জোর করে বসেছিল, তাকে জোর করেই দূর করতে হবে। শুধু জোর করে বসে মানুষের উপর এই ভাবে আধিপত্য করেছে তা নয়, মানুষের মনের মধ্যেও প্রবেশ করেছে। কাজেই সেই সমস্ত মানুষ কায়েমি স্বার্থই বলুন বা দুর্বলতাই বলুন তাঁরা ইংরাজীকে আটকে রাখতে চাইছেন। সুতরাং নির্ম্মমভাবে উৎপাটিত করতে হবে আমাদের রাষ্ট্রের জীবন থেকে এই ইংরাজী ভাষার বন্ধনকে।

কিন্তু আমাদের পশ্চিমবাংলা সরকার বাংলা ভাষাকে এই অবস্থায় প্রতিষ্ঠিত করতে এখনও খুব শম্বুক গতিতে অগ্রসর হচ্ছেন। হিন্দীর ব্যাপারে শম্বুক গতি আমরা বুঝি। কিন্তু ইংরাজীর বদলে বাংলা ভাষার এই শম্বুক গতির আমরা কোন অর্থ বুঝি না। কারণ এখানে মাত্র সামান্য মুষ্টিমেয় শিক্ষিত সম্প্রদায়ের মধ্যে এক অংশ ইংরাজী ভালবাসেন, এই রকম অংশের স্বার্থের সঙ্গে সংঘাতের শুধু প্রশ্ন সে প্রশ্ন আমাদের দূর করতে হবে।

তারপর হচ্ছে হিন্দী। এখন কেন্দ্রের ক্ষেত্রে কোন ভাষা মানুষের কাছে আসতে পারে। দেখা যায়, বাজারে রাস্তায় সিনেমায় অলিতেগলিতে যখন লোকে বিভিন্ন প্রদেশে কথাবার্তা বলে তখন দেখা যায় সাধারণত একটা ভাঙ্গা হিন্দীই ব্যবহার করেন। ভাঙ্গা ইংরাজী কেউ ব্যবহার করেন না, বা ভাঙ্গা অন্য ভাষা কেউ ব্যবহার করেন না। কাজেই এটা বললে বোধ হয় অন্যায় হবে না যে হিন্দী মোটের পর স্বাভাবিকভাবে সমস্ত প্রদেশের মধ্যে, সমস্ত ভাষার মধ্যে একটা সমন্বয় ল্যাংগুয়েজ হয়ে দাঁড়াচ্ছে। দাঁড়ায়নি এখনও তবে দাঁড়াচ্ছে, একথা বোধ হয় সত্য। কাজেই যদি আমরা ভাবি যে কেন্দ্রে শেষ পর্যন্ত ইংরাজীর বদলে কি ভাষা দাঁড়াবে, তবে মনে হয় সম্ভবতঃ হিন্দীই দাঁড়াবে। অন্ততঃ অন্যান্য প্রাদেশিক ভাষার তুলনায় হিন্দীর পক্ষে সে সম্ভাবনা বেশী। কারণ সাধারণ লোকও সেই ভাবে হিন্দীকে গ্রহণ করতে আরম্ভ করেছে। এটা যেমন সত্য যে হিন্দী ভারতবর্ষের মেজরিটি ভাষা নয়, আবার ভারতবর্ষে সিঙ্গেল মেজোরিটি ল্যাংগুয়েজ যদি কিছু থাকে সে হিন্দী, একথাও সত্য। এবং সেই জন্য স্বাভাবিকভাবে এই দিকেই যাচ্ছে। এখন প্রশ্ন হচ্ছে তার সঙ্গে অন্য যে ডিভারসিটি আছে

যে ভারতবর্ষে এমন অনেকগুলি ভাষা যা বহু বিকশিত, যার প্রতি সেই সব রাজ্যের মানুষের মমতা আছে। সে ভাষা তাদের জীবনকে প্রকাশিত করেছে এবং ভবিষ্যতে আরও সুন্দরভাবে করবে। তার ফলে সেই ভাষার প্রতি তাদের ভালবাসা আছে। কাজেই হিন্দী রাজ্যপাটে বসতে পারে তখনই যখন এই সমস্ত ভাষাভাষীদের মনে তার প্রতি সম্পতি থাকবে।

[4—4-25 p.m.]

যে সম্মতি আপনি বাজারে দেখছেন—যখন দু'জন বিভিন্ন প্রদেশের লোক কথা বলে তখন তারা হিন্দীতে কথা বলতে বাধ্য হয় স্বাভাবিকভাবে, ঠিক তেমনি স্বাভাবিকভাবে যখন বিভিন্ন প্রদেশের মানুষ হিন্দীকে গ্রহণ করবে তখন কেন্দ্রের সাথে ল্যাংগুয়েজ অব কমিউনিকেশান হিসাবে হিন্দীকে প্রয়োগ করা যেত পারে।

কিন্তু সে সম্বন্ধে যে পদ্ধতি গ্রহণ করা হচ্ছে সেই পদ্ধতিতে আমার ভয় হয় যে সেই উদ্দেশ্য ব্যর্থ হবে। স্বাধীনতা দিবসে মানুষ কোথায় স্ফূর্তি করবে, না দেখলাম হিন্দী ভাষা চাপানর জন্য গুলি চলল। গুলি দিয়ে অন্ধ্র প্রদেশের লোককে তামিলনাদ প্রদেশের লোককে কি হিন্দী নিতে বাধ্য করা সম্ভব? কখনই সম্ভব নয়। যেমন পূর্ববাংলায় এককালে মানুষ প্রাণ দিয়েছিল ভাষার জন্য ঠিক সেইভাবে প্রাণ দিচ্ছে মুনেত্রা কাজাঘামের মানুষরা। কাজেই তাদের সম্মতি ছাড়া হতে পারে না এ কথা আমাদের বোঝা দরকার। কিন্তু সরকার কি করছেন, না, গুলি চালালেন। নেহেরু যে আশ্বাস দিয়েছিলেন যে যতদিন না হিন্দী সবাই গ্রহণ করছে ততদিন ইংরাজী তুলে দিয়ে হিন্দী করা হবে না সেই আশ্বাস তাঁরা রাখছেন না, বরং তার উল্টো ফল দেখতে পাচ্ছি। তারপর দেখুন পরীক্ষার ভাষা নিয়ে যে কথা উঠেছে যে হিন্দী বাহন হবে তাতে সাধারণ মানুষের মনে আবার নতুন সন্দেহ সৃষ্টি হয়েছে। থ্রি ল্যাংয়োয়েজ ফরমুলা ঠিক যথাযথভাবে এ্যাপ্লাই করার চেষ্টা সরকার পক্ষ থেকে দেখা যাচ্ছে না, বরং হিন্দী ভাষা শিখে আর একটা ভাষা হিসাবে সংস্কৃত শিখলাম অতএব পার পেয়ে যাব সেই পার পেয়ে যাবার আগ্রহ দেখা যাচ্ছে। এমন কি সংবিধানের মধ্যে যে দুর্বলতাগুলি আছে সেগুলি দূর করার কোন চেষ্টা নেই। সংবিধানে আছে একমাত্র হিন্দী ভাষার জন্য কেন্দ্রীয় সরকার টাকা খরচ করবেন, অন্য কোন ভাষার জন্য টাকা খরচ করবেন না। সংবিধানের ৩৫১ নম্বর ধারায় লেখা আছে—

It shall be the duty of the Union Government to develop the Hindi language so that it can serve as the medium of expression of the composite culture of India

অর্থাৎ ভারতবর্ষের সংযুক্তির সংস্কৃতির অভিব্যক্তির বাহন হিসাবে হিন্দী যাতে ডেভেলপড হয় তাই করা ইউনিয়ন গভর্নমেণ্টের কর্তব্য হবে এই কথা ৩৫১ নম্বর ধারায় পরিস্কার লিখে দেওয়া হয়েছে। তারপরেও কি বিভিন্ন ভাষার মধ্যে সমতা থাকতে পারে? কাজেই আমাদের মনে রাখতে হবে যে এগুলি যদি সরকারকে বলে আমরা বদলানর ব্যবস্থা করতে পারি তাহলে হিন্দীকে গ্রহণ করানর দিক থেকে সম্ভব হবে। এ্যাট দি সেম টাইম আমাদের এখানে বাংলা নিয়ে চলতে হবে এবং হিন্দীকে মানুষ গ্রহণ করতে রাজী হলে তারপর হবে, আপাততঃ জোর করে চাপান নয়। আজকে দেশের মধ্যে হিন্দীর বিরুদ্ধে একটা উত্তেজনা সৃষ্টি করার চেষ্টা হচ্ছে। আজ আওয়াজ উঠেছে হিন্দী সিনেমা বয়কট কর। পোস্টার পড়ছে রাস্তায় রাস্তায় যে হিন্দী সাম্রাজ্যবাদ ধ্বংস হোউক। এইভাবে ঠিক হিন্দী ভাষার বিরুদ্ধে, হিন্দী ভাষাভাষী মানুষের বিরুদ্ধে, হিন্দী সংস্কৃতির বিরুদ্ধে, হিন্দী ভাষার ঐতিহ্যের বিরুদ্ধে বাংলা দেশের মানুষকে উত্তেজিত করতে দেবেন না। তার মাধ্যমে বাংলা দেশের মানুষকে বিপথে চালিত করতে দেবেন না, একটা ভ্রাতৃঘাতী দাঙ্গার আবহাওয়া সৃষ্টি করতে দেবেন না যা অনেক অঞ্চলে সুরু হয়েছে। তার বিরুদ্ধে বাংলা-ভাষী মানুষ এবং বাঙ্গালী জাতি তার সুস্থ অস্তিত্বকে রক্ষা করতে পারবে এই বিশ্বাস করে আমি শেষ করছি।

[At this stage the House was adjourned for twenty minutes.]

[4-25—4-35 p.m.]

Shri Nikhil Das:

মাননীয় সভাপতি মহাশয়, যে প্রস্তাবের উপর আজকে আলোচনা হচ্ছে, সেই প্রস্তাবটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কারণ এই প্রস্তাবকে নিয়ে, এই ঘটনাকে নিয়ে আজ সারা ভারতবর্ষে যে অবস্থা সৃষ্টি হচ্ছে, তাতে এই প্রস্তাবের গুরুত্ব অনেকখানি বেড়ে গেছে। আমরা দক্ষিণ ভারতের ঘটনার কথা জানি এবং দক্ষিণ ভারতে যে ঘটনা ঘটেছে এবং তাতে যারা প্রাণ দিয়েছে এবং আজকের কাগজেও আছে—২৩টি মূল্যবান জীবন গুলিতে সেখানে গেছে। তার জন্য দুঃখ আমাদের হচ্ছে। যারা প্রাণ দিয়েছে তাদের প্রতি শ্রদ্ধা আমাদের আছে। তাদের পরিবারবর্গের প্রতি সহানুভূতি এবং শ্রদ্ধা জানিয়ে আমি বক্তৃতা সুরু করছি। তাই প্রশ্নটা অত্যন্ত গুরুত্বের সঙ্গে চিন্তা করা দরকার। প্রশ্ন উচ্ছ্বাসের নয়, প্রশ্ন ভাবাবেগেরও নয়, প্রশ্নটা কারো ঘাড়ে চাপিয়ে দেবারও নয়। ভারতবর্ষ একটা যুক্তরাষ্ট্র এবং তার ঐক্য কিভাবে গড়ে উঠতে পারে বিভিন্ন প্রদেশের ভেতর, বিভিন্ন রাজ্যবাসীর ভেতর সেই প্রশ্ন সামনে রেখে ভাষা সমস্যা সম্পর্কে আমাদের চিন্তা করা দরকার। আমরা যদি এইটুকু ভাবি যে একটি ভাষা জোর করে অপর রাজ্যের মানুষের ঘাড়ের উপর চাপিয়ে দিয়ে একটি ভাষাকে গায়ের জোরে আর একটি প্রদেশের মানুষের উপর চাপিয়ে দেব তাতে ঐক্য নষ্ট হবে, ভারতবর্ষের মানুষের ভেতর অনৈক্য দেখা দেবে এবং তা নিয়ে দাঙ্গাহাঙ্গামা ও প্রাণপাত পর্যন্ত দেখা দেবে। এবং কেন্দ্রীয় সরকারের যে নীতি আমরা আজকে লক্ষ্য করছি, সেই নীতি থেকে আজকে এটা পরিষ্কার এই হয়ে যাচ্ছে যে ভাষা নিয়ে ভারতবর্ষে যে অবস্থা সৃষ্টি হয়েছে, তার পুরাদায়িত্ব কেন্দ্রীয় সরকারের। তাঁরা অবিবেচকের মত একটা ভাষাকে অনিচ্ছুক আর একটি ভাষা গোষ্ঠীর মানুষের উপর চাপিয়ে দিয়ে আজকে ভারতবর্ষের যে গুরুতর পরিস্থিতির সৃষ্টি করছেন, সেই গুরুতর পরিস্থিতি সৃষ্টি হবার পরে আমরা জানি, তারা দু-পা পিছু হটবেন, কি, তিন পা পিছু হটবেন এবং আর এই ভারতবর্ষের মানুষ যে ভাবে চিন্তা করছেন, তাঁরা সেই জায়গায় মাথা নত করবেন। কিন্তু যে মানুষগুলির জীবন চলে গেল, যে মানুষগুলি আজকে প্রাণ দিলো তাদের জীবন আমরা আর ফিরে পাব না। তাদের জীবন হানির জন্য দেশের যে অস্বাভাবিক ও অপূরণীয় ক্ষতি হলো, সেই ক্ষতি আর কখনো পূরণ হবে না।

মাননীয় সভাপতি মহাশয়, আপনি জানেন অন্ধ্র প্রদেশ গঠন করবার ব্যাপারে লোকেরা প্রাণ দিয়েছে, নিহত হয়েছে এবং তারপর সরকারকে সেই দাবী মেনে নিতে হয়েছে। কিন্তু প্রাণ যাদের গেছে তাদের আর আমাদের মধ্যে ফিরে পাইনি। তাই বলছি ভাষার প্রশ্ন নিয়ে ভারতবর্ষে খেলা করা উচিত নয়, আগুন নিয়ে খেলা করা উচিত নয়। কিন্তু তা সত্ত্বেও যদি এই খেলা করা হয় তাহলে দেশে দাবানল জ্বলে উঠবে। ভারতবর্ষ সংকটের সম্মুখীন হয়েছে, ভারতবর্ষের ভেতরকার অবস্থা অদ্ভুত জায়গায় এসে দাঁড়িয়েছে। কাজেই সরকার এখন যদি ভাষা নিয়ে গোঁড়ামি করতে চান তাহলে ভারতবর্ষের পক্ষে অশেষ ক্ষতি হবে একথা বলে আমি আমার বক্তব্য সুরু করতে চাই। স্যার, আজকে অত্যন্ত গুরুত্বপূর্ণ পরিস্থিতি এবং এই প্রসঙ্গে দক্ষিণ ভারতের কথা ভুলে গেলে চলবে না। শুধু তাই নয়, কোলকাতা শহরে নানাধরণের ঘটনা হওয়ার সম্ভাবনা আছে, এই ভাষা নিয়ে নানা ঘটনা ঘটতে পারে। কাজেই গুরুত্বপূর্ণ পরিস্থিতিতে দাঁড়িয়ে সরকার যদি গুরুত্বের সঙ্গে চিন্তা না করেন তাহলে দেশকে তাঁরা অন্যদিকে নিয়ে যাবেন এবং দেশের পক্ষে সেটা ক্ষতিকর হবে। মাননীয় সভাপতি মহাশয়, আপনি জানেন আমাদের সংবিধানে ভারতবর্ষের ১৪টি ভাষাকে জাতীয় ভাষা হিসেবে মর্য্যাদা দেওয়া হয়েছে। যে মুহূর্তে এই ১৪টি ভাষাকে জাতীয় ভাষার মর্য্যাদা দেওয়া হয়েছে সেই মুহূর্তে এটা পরিস্ফুট হয়ে উঠেছে যে, ভারতবাসী এক ভাষায় কথা বলতে পারে না, বিভিন্ন ভাষা, বিভিন্ন অঞ্চলে চলছে। এটা সত্য যখন সংবিধানে স্বীকৃত হয়েছে তখন এর সঙ্গে সঙ্গে তার পরের করণীয় কাজ হচ্ছে ভারতবর্ষে একটি ভাষা হওয়া উচিত এবং ভারতবর্ষকে সেই দিকে যাওয়া উচিত। এই যুক্তি কেউ অস্বীকার করবে না। কিন্তু সেদিকে কিভাবে যাবে সেটাই আজকে বড় প্রশ্ন। সেদিকে যাবার যে রাস্তা তাতে আমাদের কেন্দ্রীয় সরকার ব্যর্থতার পরিচয় দিয়েছেন। প্রয়োজন ছিল যে সমস্ত আঞ্চলিক ভাষা জাতীয় ভাষার মর্য্যাদা পেয়েছে তাকে

স্ফুরণের সুযোগ দেওয়া। প্রয়োজন ছিল প্রত্যেক রাজ্যে তাদের ভাষাকে অগ্রাধিকার দিয়ে তাদের কাজকর্ম সেই ভাষায় যাতে হয় সেই ব্যবস্থা করা হোক, সেই রাজ্যের সেই ভাষাকে মর্য্যাদার আসনে প্রতিষ্ঠিত করা হোক। তা যদি করা হোত অর্থাৎ বাংলাদেশে বাংলাভাষাকে মর্যাদার আসনে প্রতিষ্ঠিত করা হোত, তামিলনাদে তাদের ভাষাকে মার্যাদার আসনে প্রতিষ্ঠিত করা হোত এবং বিভিন্ন রাজ্যে তাদের সেই ভাষাকে মর্য্যাদার আসনে করা হোত তাহলে প্রত্যেক অঞ্চলের মানুষ বোধ করত আমার ভাষা আঞ্চলিক মর্যাদা পেয়েছে এবং মর্য্যাদার আসনে প্রতিষ্ঠিত হয়েছে। এই আঞ্চলিক ভাষাগুলোকে মর্য্যাদার আসনে প্রতিষ্ঠিত করবার পর কেন্দ্রের ভাষা কেন্দ্রীয় মর্য্যাদা নিয়ে সারা ভারতবর্ষের ভাষা হিসেবে গড়ে তুলবার জন্য যদি যাই তাহলে ঝঞ্ঝাট অনেকটা কমে যেত। স্যার, আঞ্চলিক ভাষাকে যখন আঞ্চলিক মর্য্যাদা দেবার ব্যবস্থা হোল তখন দেখলাম কেন্দ্র থেকে একসঙ্গে হিন্দী চাপাবার চেষ্টা চলছে। এর ফলে সারা দেশময় একটা ভুল বোঝাবুঝি হচ্ছে এবং তারা মনে করছে আমাদের উপর গায়ের জোরে এটা চাপান হচ্ছে। এর প্রতিক্রিয়া সারা ভারতবর্ষে দেখা দিয়েছে এবং বিশেষ করে দক্ষিণ ভারতে এর প্রতিক্রিয়া দেখা দিয়েছে। এই সব কারণে আপনার মাধ্যমে পরিস্কার করে বলতে চাই যে, এই সভা থেকে এরকম একটা প্রস্তাব যাওয়া উচিত যাতে আঞ্চলিক ভাষাগুলো বিকসিত হয়ে উঠতে পারে, আঞ্চলিক ভাষায় সেই রাজ্যের কাজকর্ম যাতে হতে পারে। আমরা এবারে দেখলাম এখানে বাংলাভাষায় বিলগুলো অনুবাদ করা হচ্ছে এবং সেই অনুবাদ সবে সুরু হয়েছে। আগে এরকম হয়নি, তবে অনুবাদ যে আকারে এসেছে সেই অনুবাদের ভাষা আরও সংশোধিত হওয়া উচিত, আরও প্রাঞ্জল হওয়া উচিত। প্রসাশনিক ক্ষেত্রে, শিক্ষা ক্ষেত্রে এবং প্রতিটি ক্ষেত্রে যদি বাংলাভাষার বিস্তৃতি ঘটাতে হয় তাহলে তাকে প্রাঞ্জল করতে হবে, জনসাধারণের বোধগম্য করতে হবে। ইংরেজের চেয়ে কঠিন প্রতিশব্দ রেখে যদি চালু করতে চাই তাহলে সুফল ফলবে না। অবশ্য জানি এটা একদিনে করা সম্ভব নয়—বাংলাদেশে এ্যাসেম্বলীতে সুরু হয়েছে, শিক্ষাক্ষেত্রে সুরু হয়েছে, আজকে সে এখানে এসে দাঁড়ায়নি। ভাষাকে আরও প্রাঞ্জল করে প্রতিষ্ঠিত করতে হবে এবং তার ফলে আঞ্চলিক ভাষা বিকসিত হয়ে অঞ্চলের মানুষের মধ্যে যখন মর্য্যাদার আসনে প্রতিষ্ঠিত হবে যখন কেন্দ্রের ভাষা কি হবে সেদিকে মানুষের মন যেতে পারে।

[4-35—4-45 p.m.]

আমি লক্ষ্য করছি আঞ্চলিক ভাষাকে তার মর্যাদায় প্রতিষ্ঠিত করার জন্য কোন পরিকল্পনা রাজ্য সরকার বা কেন্দ্রীয় সরকার গ্রহণ করেন নি, এমন কি রাজ্য সরকারও গ্রহণ করেন নি। এমন কি গঠনতন্ত্রে আঞ্চলিক ভাষাগুলিকে বিকশিত করার জন্য যে প্রয়োজন আছে এবং তার জন্য যে অর্থ বরাদ্দের দরকার সেই অর্থ বরাদ্দ কেন্দ্র থেকে করা হয়নি। এদিকগুলি সংশোধন করে আঞ্চলিক ভাষাগুলিকে প্রতিষ্ঠিত করার জন্য কার্য্যকরী পন্থা যদি সরকার গ্রহণ করতেন কেন্দ্রে যে ভাষা হওয়া উচিত সে ভাষা ধীরে ধীরে মানুষ গ্রহণ করত, সেদিকে মানুষ যেত। কিন্তু সরকারের ভুলের জন্য দেশ বিপথে চলে যাচ্ছে, দেশের সমস্ত কাজ কর্ম বিপথে পরিচালিত হচ্ছে। আপনার মাধ্যমে যে কথা আমি জোর দিয়ে বলতে চাই, যেকথা স্বীকার করি, ভারতবর্ষে রাষ্ট্র ভাষা একটি ভারতীয় ভাষা হওয়া উচিত, বাইরে থেকে একটা ভাষা ভারতবর্ষের রাষ্ট্রভাষা হয়ে থাকবে এ যুক্তি আমি স্বীকার করি না। এখন ভারতবর্ষে কোন্ ভাষা রাষ্ট্রভাষা হবে? ভারতবর্ষের অধিকাংশ লোক হিন্দী ভাষাতে কথা বলে, অন্যান্য ভাষার অনুপাতে হিন্দীভাষাতেই ভারতের অধিকসংখ্যক লোক কথা বলে, সেদিক থেকে হিন্দী রাষ্ট্রভাষা হিসাবে দাড় করান দরকার 'যেটা সমাজের প্রয়োজনে মানুষ গ্রহণ করবে। এবং যে মুহূর্তে এটা গ্রহণ করা যায় তখনই এটা করা হবে, করা উচিত, তার আগে নয়। দক্ষিণভারতের মানুষ কাজ কর্মের মাধ্যমে, প্রচারের মাধ্যমে, প্রসারের মাধ্যমে হিন্দীর কার্যকারিতা বুঝাতে পারবো তখনই গ্রহণ করবে এবং তখনই একমাত্র হিন্দীকে রাষ্ট্রভাষা হিসাবে চালু করা সম্ভব। তার আগে করতে গেলে যে অনর্থ ঘটেছে আজ সারা ভারতবর্ষে তা ঘটবে। মাননীয় সভাপতি মহাশয়, এই প্রসংগে আমার যে সংশোধনী সেটা তুলে ধরছি। সরকার এটা জানেন, কেন্দ্রীয় সরকার জানেন যে আজকের

মুহূর্তে যা ঘটছে, এই মুহূর্ত ঠিক মুহূর্ত নয় যখন হিন্দীকে জোর করে চাপিয়ে দেওয়া যায় তবে কেন করছেন? আমি বলেছি

"as is being done by the party in power to disrupt the toiling peoples' unity throughout the country."

তাঁরা করছেন কেন? তাঁরা জানেন যে খাদ্য সমস্যার সমাধান তাঁরা করতে পারেন নি, বেকারত্বের মীমাংসা তাঁরা করতে পারেন নি, দেশে অভাব, জনসাধারণের সমস্ত ক্ষেত্রে সরকার ব্যর্থতায় পরিগণিত হয়েছেন। এই সরকারের বিরুদ্ধে মেহনতি মানুষের সংগ্রাম গড়ে উঠেছে, ক্ষুধার্তমানুষ বিভিন্ন রাজ্যে সরকারের বিরুদ্ধে বিক্ষুব্ধ হয়ে উঠেছে, বিক্ষুব্ধ মানুষের যে চাপ তা আমরা ভারত-বন্ধের ভিতর দিয়ে দেখছি শুধু কলকাতায় নয়, সারা ভারতবর্ষে বিভিন্ন রাজ্যের ক্ষুধার্ত মানুষ এক সঙ্গে দাঁড়িয়ে সরকারের অনাচারের বিরুদ্ধে প্রতিরোধ সংগ্রাম গড়ে তুলেছে, এই যে সারা ভারতবর্ষে সাধারণ মানুষের ঐক্যবোধ-এর সম্ভাবনা দেখা দিয়েছে, সেটাকে বানচাল করবার জন্যই আজকে এই অনুপযুক্ত সময়ে তাঁরা হিন্দী ভাষাকে ভারতের বুকে চাপিয়ে দিয়েছেন। এইভাবে ভাষা অনিচ্ছুক মানুষ গোষ্ঠীর উপর চাপিয়ে দিলে প্রতিকার হওয়া সম্ভব এবং সেই প্রতিক্রিয়াই তামিলনাদে হচেছ। যে অঞ্চলে হিন্দী বলে না সেখানে রাষ্ট্রভাষা করা যাচেছ না। যারা ইংরেজীতে কথা বলে তার উপর যদি হিন্দীকে চাপিয়ে দেওয়া হয় তাহলে তামিলনাদে যে প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে সেই প্রতিক্রিয়াই দেখা দেবে সেই গণ্ডগোলই দেখা দেবে এবং যারা বাংলা ভাষায় কথা বলে সেখানেও প্রতিক্রিয়া দেখা দেবে এবং এসম্বন্ধে যদি কিছু না করেন তাহলে তারা ভাববে বোধ হয় হিন্দীকে জোর করে চাপান হচেছ। তাই আমি বলবো কেন্দ্রীয় সরকার ইচছা করে মেহনতি মানুষের ঐক্যকে ধ্বংস করবার জন্য গায়ের জোরে হিন্দীকে চাপিয়ে দিচেছন। আমি তাই আপনার মাধ্যমে এই সতর্কবাণী উচচারণ করতে চাই। যে আগুন নিয়ে খেলা করবেন না, আগুন নিয়ে খেলা করার যে পরিণতি তা দক্ষিণ ভারতে দেখা দিয়েছে, সেখানে অনল জ্বলে উঠেছে। তাই কেন্দ্রীয় সরকার যদি নীতি পরিবর্তন না করেন তাহলে এই অনল সারা ভারতবর্ষে ছড়িয়ে পড়বে এই আশঙ্কা হচেছ, মানুষ অত্যন্ত বিক্ষুব্ধ, আমি আপনার মাধ্যমে পশ্চিম বাংলার কংগ্রেস দলে যারা আছেন তাদের কাছে আবেদন করবো ভাষা নিয়ে আপনারা খেলা খেলবেন না।

ভাষা নিয়ে তারা খেলা খেলবেন না। দেশের জনজীবনে দুঃখ দুর্দশা আছে তার সঙ্গে ভাষাকে জড়িয়ে দেবেন না যাতে সেটা দেশের মানুষের জীবনে দুর্বিসহ সৃষ্টি না করে। ভারতবর্ষে যে ঐক্য গড়বার সম্ভাবনা দেখা দিয়েছিল, ভারতবর্ষের মেহনতী মানুষের মধ্যে যে ঐক্য গড়ে উঠছিল সেখানে হিন্দীকে জোর করে চাপিয়ে সর্বনাশা পথে দেশকে তাঁরা ঠেলে দিচেছ। কিন্তু এই পথে তাঁরা যেন না যান। তাই আজ প্রস্তাব ও সংশোধনী এসেছে সেটার বিষয়ে আমরা সকলে মিলে বসে ঠিক ভাবে একটা প্রস্তাব সকলে নিতে পারি ও কেন্দ্রের কাজে পাঠাতে পারি। আমাদের মুখ্যমন্ত্রী যিনি আছেন তিনি কেন্দ্রের উপর চাপ দিন যে যে পথে কাজ হচেছ সেই পথে না গিয়ে যাতে ঠিকভাবে আঞ্চলিক ভাষা বিকাশ করে রাষ্ট্রভাষাকে ঠিক ভাবে আমরা নিতে পারি সেই ভাবে যদি এগুনো যায় তাহলে ভারতবর্ষের ঐক্য গড়ে উঠবে এবং ভারতবর্ষের মানুষ তখনই নিজেরা একটা রাষ্ট্রভাষা গ্রহণ করবে। কিন্তু তা যদি না হয় তাহলে নানা রকম প্রশ্ন আমাদের সামনে আসবে। এদিক থেকে আপনার মাধ্যমে কংগ্রেসী সদস্যদের দৃষ্টি আকর্ষণ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় চেয়ারম্যান মহাশয়, মাননীয় সদস্য বিরোধীদলের নেতা জ্যোতিবাবুর যে প্রস্তাব আমি সেই প্রস্তাব সমর্থন করতে উঠে আমার নিজের একটা অ্যামেণ্ডমেণ্ট তাঁর সঙ্গে যোগ করে দিতে চেয়েছিলাম এবং আমার অ্যামেণ্ডমেণ্ট হচেছ :

that arbitrary imposition of Hindi on non-Hindi speaking people may invite, in future, mass resentment which may hamper national integration

এই আশঙ্কা আমি এর সঙ্গে জুড়ে দিতে চেয়েছিলাম। আমরা একটা গভীর সমস্যাপূর্ণ বিষয়

নিয়ে পশ্চিমবাংলা বিধানসভায় আলোচনা শুরু করছি। আমরা যখন আলোচনা সুরু করেছি তার আগেই সমস্ত দক্ষিণ ভারতে একটা উত্তাল স্রোত বয়ে যাচ্ছে এবং সেটা হিন্দী বিরোধী স্রোত। এ বিষয়ে পশ্চিমবাংলা মানুষের মনে যে একটা বিক্ষোভের দানা বেঁধে উঠেছে এবং আমরা লক্ষ্য করছি সেই দানা বাঁধা বিক্ষোভ গভীর কালো মেঘের সৃষ্টি করতে যাচেছ। এবং হয়ত সেই মেঘ অচিরে কেটে পড়তে পারে। এই অবস্থার মধ্যে জাতীয় সংহতি ও জাতীয়তার যে মূল্যবোধ সেই মূল্য বোধ আমরা কি করে রাখতে পারি? বা জাতির এতদিনের যে পরিশ্রম এবং যার ফলে আমরা যে স্বাধীনতা লাভ করেছি সেটা আমরা কি ভাবে অটুট রাখতে পারি সেটার জন্য আমরা এই প্রস্তাব এনেছি। ভারতবর্ষে সংবিধান চালু করার যে রাজ্যগুলি গঠন হল সে বিষয়ে আপনারা জানেন যে ভাষাভিত্তিক হিসাবে এই সমস্ত রাজ্য গঠন হয়েছে। ভাষাভিত্তিক রাজ্যগঠন করার ব্যাপারে অন্ধ্রের শহীদ রামালুকে প্রাণত্যাগ করতে হয়েছিল, মহারাষ্ট্রে হাজার হাজার লোককে জেলে যেতে হয়েছিল, পুলিশের গুলিতে মরতে হয়েছিল। তাঁদের এই দধিচীর মত আত্মত্যাগের ফলে ভাষাভিত্তিক রাজ্য পুনর্গঠনের সূচনা হয়েছিল। ভাষাভিত্তিক রাজ্যে এই ভারতীয় যে ফেডারেশন তার যে ভাষাভিত্তিক রাজ্য একটা কমপোনেণ্ট পার্ট হয়ে থাকে তাহলে সমস্ত ভাষাভিত্তিক রাজ্যে সকলের মতে একটা ভাষাকে ভাষা হিসাবে গ্রহণ করা উচিত ছিল। কিন্তু সেখানে কি দেখা গেছে—না হিন্দী। হিন্দীতে নিশ্চয় ভারতবর্ষের ১৩ কোটির উপরে লোক কথা বলে। কিন্তু সেদিন খবরের কাগজে দেখেছি যে হিন্দীর পরে তেলেগু ও তারপর বাংলা তাছাড়া ছোট বড় বিভিন্ন ভাষা আছে। এই ভাষাগুলোকে যদি রাষ্ট্রীয় মার্যাদা না দিতে পারি তাহলে এই ভাষার মানুষগুলো বুঝতে পারবে না যে ভারতবর্ষ স্বাধীন হবার পর তাদের কি মূল্য দিয়েছে?

[4-45—4-55 p.m.]

সেইজন্য ভাষার ভিত্তিতে রাজ্য গঠনের জন্য পুনর্বিন্যাস হয়েছে। ভারতবর্ষের ১৪টা ভাষা। এই ১৪টা ল্যাংগোয়েজই চালু থাক। এই কথা বলতে আমি বাধ্য হচ্ছি যতদিন তা না হচ্ছে ততদিন আগেকার মত ইংরাজী থাক। মাননীয় চেয়ারম্যান স্যার, আপনি জানেন যে ইস্ট ইণ্ডিয়া কোম্পানী যখন ভারতবর্ষ দখল করলো তার পর থেকে ৯০ বৎসর লেগেছে। তখন যে সরকারী ভাষা ছিল সেই ভাষাকে সেই ফরাসী ভাষাকে সরিয়ে ইংরাজী করতে তাদের লেগেছে ৯০ বৎসর। ইংরাজ আমাদের দেশে সাম্রাজ্যবাদ হিসাবে এসেছিল তবু তারা সাহস পায় নি নিজের ফর্মান জারী করে দিতে একট প্রচলিত ভাষা সরিয়ে দিতে। মাননীয় চেয়ারম্যান স্যার ইংরাজ যেটা করেছিল সেটা তারা সাম্রাজ্যবাদ হিসাবে করেছিল সমস্ত মানুষের মনের কথা বুঝে রূপায়িত করবার জন্য ঠিক সেইভাবে ধৈর্য্য ধরে অগ্রসর হতে তারা সাহস পায়নি কেন? আমি জিজ্ঞাসা করি আজ ভারতবর্ষের বিভিন্ন শিক্ষা, সংস্কৃতির যে বিভিন্ন গোষ্ঠী আছে তাকে বা সেইসব গোষ্ঠীকে জোর জবরদস্তি করে আইন করে করা সম্ভব হবেনা। আজকে আপনারা যদি হিন্দী ভাষা চালু রাখেন তাহলে দেশের যে সমস্ত রিজিওনাল লেংগোয়েজ তার কি হবে? যে কথা আমাদের মাননীয় সদস্য নিখিলবাবু বলেছেন। তিনি বলেছেন যে আঞ্চলিক ভাষার উন্নতি করার কোন চেষ্টা করা হয় নি যেরূপ আপনারা হিন্দী ভাষার পিছনে টাকা খরচ করেছেন বা হিন্দীকে রাষ্ট্র ভাষা হিসাবে চালু করার জন্য তরান্বিত করেছেন। কিন্তু সেই ভাবে যদি আঞ্চলিক ভাষাকে এগিয়ে নিয়ে যাবার জন্য প্রয়োগ করতেন তাহলে তারা সাহস পেত তাদের সাইকোলজিকাল রিহাবিটেসান হতো। আজকে হিন্দীর স্যোরস্ অফ ইনস্পিরেসান কোথা থেকে আসছে। আজকে হিন্দীকে যে পদ্ধতিতে বা যে ভঙ্গীতে চাপানো হচ্ছে তাতে তাদের মনে লেগেছে। আমার মনে হয় সেদিক থেকে অন্য কারণ থাকলেও এটা একটা বড় গ্লেয়ারিং কজ। মাননীয় চেয়ারম্যান স্যার, আমি আর একটা কথা বলতে চাই সেটা হল সংহতির কথা। আজ আমাদের সংহতির বিশেষ দরকার। এটা উত্তর দক্ষিণ সব দিকেই দরকার। আপনারা উত্তরে চৈনিক আক্রমণের কথা বলেছেন আজকে পূর্ব এশিয়ায় দাবানল জ্বলে উঠবার মত অবস্থায় এসে দাঁড়িয়েছে। আজকে ভারতবর্ষ

পাইভ্ট্যাল পজিসানে এসে দাঁড়িয়েছে। আজকে যদি ভারতবর্ষের সংহতি নষ্ট হয়ে যায় তাহলে তাতে ভারতবর্ষের শুধু ক্ষতি হবে না এতে সমস্ত এশিয়ার শান্তি বিঘ্নিত হতে পারে। তাই সেরূপ কোন কাজ করা আমাদের উচিত হবে না যাতে ভারতবর্ষের সংহতি নষ্ট হয়ে যায় বা তার যে নিজস্য শক্তি তাতে ঘুণ ধরে যায়। আমার কথা হচ্ছে এই আজকে হিন্দী যদি এইভাবে যা সেণ্ট্রাল গভঃ চালু করছেন সেই ভাবে যদি চালু করেন তাহলে দিকে দিকে মানুষের বিক্ষোভ ফেটে পড়বে। একটা আনকনফারমড নিউস শুনলাম যে ভবানীপুরে বিক্ষোভ ফেটে পড়েছে। তাহলে ভাবুন কি সাংঘাতিক অবস্থায় আমরা দাঁড়িয়ে আছি, আমরা আমাদের ভারতবর্ষের সংহতির বদলে বিছিন্নর দিকে নিয়ে যাবার জন্য কি চেষ্টা করছি? সেইজন্য মাননীয় চেয়ারম্যান স্যার আপনার মাধ্যমে আমি ওপক্ষের কাছে আবেদন করতে চাই। আজ আপনাদের লোকে দেশ শাসনের ক্ষমতা দিয়েছে। আপনারা দেশকে সর্বনাশের পথে নিয়ে যাবেন না। কেন্দ্রীয় সরকার যেভাবে হিন্দী চাপাচ্ছেন আমি তার বিরুদ্ধে সাবধান বাণী উচচারণ করি।

আমাদের নেতাজী সুভাষ চন্দ্রের বাংলা চিত্তরঞ্জনের বাংলা—এই বাংলার বিধানসভা থেকে বহু নজীরের স্থষ্টি হয়েছে—বহু আন্দোলনের স্থষ্টি হয়েছে। আজ সমস্ত বিধান সভা থেকে এ কথা বলি—তোমরা এখান থেকে সরো এবং সরে কনস্টিটিউয়েণ্ট এসেম্বলীতে এক ভোটের ব্যবধানে মাত্র যে হিন্দী প্রয়োগ করা হয়েছিল সেই কনস্টিটিউয়েণ্ট এসেম্বলীর সেই ভার্ডিক্টকে আপাতত স্থগিত রেখে সকলকে নিয়ে সমস্ত রাজ্যকে নিয়ে এমনভাবে একটা কর্মসূচী কর যেটা ভাল হবে। সেই কর্মসূচী করতে গিয়ে তোমরা একটা রাউণ্ড টেবিল কনফারেন্স কর এবং সেই রাউণ্ড টেবিল কনফারেন্সে বিভিন্ন প্রান্ত থেকে যাঁরা সত্যিকারের জনমনের প্রতিনিধি তাদের ডেকে খোলাখুলি আলোচনা হোক, আলোচনা হওয়ার পর প্রয়োজন হলে সংবিধানকে সংশোধন করো। আমি এখানে আপনার মাধ্যমে আর একটি কথা বলতে চাই যে রেফারেণ্ডাম বলে যে জিনিসটা অন্যান্য দেশে চালু আছে সেই রেফারেণ্ডাম এখানে চালু করা হোক—হিন্দী বা এই রকম ধরণের রাউণ্ড টেবিল কনফেরেন্সে যে জিনিসটা গৃহীত হোল সেটা তোমরা মান কিনা। সেই রেফারেণ্ডামের মাধ্যমে তাদের কাছে পেশ করা হোক তা যদি না হয় মাননীয় চেয়ারম্যান মহোদয় তাহলে আমাদের এমন একটা অবস্থা আসবে তখন যদি আমরা এইভাবে হল্ট করি তাহলে আর কোন উপায় থাকবে না। সেইজন্য এখনও সময় আছে আমি আপনার মাধ্যমে বলছি যে সমস্ত দল মিলে আসুন আমরা একটা সেণ্ট্রাল গভর্নমেণ্টের উপর চাপ স্থষ্টি করি যাতে এই আত্মঘাতি নীতি নিয়ে দেশকে বিপর্যয়ের পথে না নিয়ে গিয়ে—দেশকে সত্যিকারের একটা ন্যায় নীতির পথে নিয়ে যাওয়া হয় এবং নেতাজীর বাংলা দেশবন্ধুর বাংলা আজকে সেই পথ দেখাবে এই কথা বলে আমি আমার বক্তৃতা শেষ করছি।

Dr. Pratap Chandra Chunder:

মাননীয় সভাপাল মহাশয়, বাঙ্গালী কবি গেয়েছিলেন "নানা ভাষা নানা মত নানা পরিধান বিভেদের মাঝে দেখ মিলন মহান"। এই মহান মিলনের যে স্বপ্ন এই ভারতবর্ষের বিভিন্ন সময় বিভিন্ন মনীষী আমাদের সামনে উপস্থিত করেছেন সেই স্বপ্নকে সার্থক করবার গুরুদায়িত্ব আজকে সমস্ত দেশবাসীর কাছে এসে উপস্থিত হয়েছে সেই মহান আদর্শের কথা আমাদের কাছে বার বার তুলে ধরা হয়েছে। বিভেদের মধ্যে ঐক্যের যে আদর্শ আমরা শুনে এসেছি—তাকে রূপ দেবার দায়িত্ব আজকের দিনে ভারতবর্ষের সমস্ত নাগরিকের উপর এসে অর্পিত হয়েছে। এই ঐক্য অত্যন্ত সাধনার বস্তু এবং একে রক্ষা করার জন্য অতন্দ্র প্রহরার দরকার। সব সময় আমাদের সচেতন থাকতে হবে যদি ঐক্য ধ্বংস হয়ে যায় তাহলে দেশ ছিন্ন বিচ্ছিন্ন হয়ে যাবে যেমন আমরা অতীতের ইতিহাস দেখেছি, আমরা দেখেছি যে ভারতবর্ষ বিভক্ত হয়ে গেছে। সেজন্য আজকে মাননীয় জ্যোতি বসু মহাশয় যে প্রস্তাব উত্থাপন করেছেন তার গুরুত্ব নিশ্চয়ই আছে এবং তা আমরা উপলব্ধিও করছি। আমি যে সংশোধন প্রস্তাব এখানে উপস্থিত করেছি মৌলিক দিক থেকে জ্যোতিবাবুর প্রস্তাবের সঙ্গে তার কোন পার্থক্য নেই। কেবল কতকগুলি বিষয়ে এই প্রস্তাবকে আরও জোরালো করবার জন্য আমি এই সংশোধনী প্রস্তাব

এনেছি। আমরা জানি যে ঐক্য বজায় রাখতে গেলে সাধনার প্রয়োজন। ছোট্ট একটা দেশ গ্রেটবৃটেন তার কথা যদি আমরা ভাবি—এত দিন তারা স্বাধীন রয়েছে, রাণীর সেখানে রাজত্ব চলছে কিন্তু সেখানে বিভিন্ন অঞ্চলের মধ্যে বিভেদের বীজ নিহিত রয়েছে। স্কটল্যাণ্ডে স্কটিশ ন্যাশন্যাল পার্টি আছে তাঁরা মাঝে মাঝে একটু গোলমাল করে ফেলেন তারা ইংরাজের বিরুদ্ধে বিষোদগার করেন ওয়েলস দেশে যে ভাষা চালু আছে সেইসব ভাষাভাষী যাঁরা রয়েছেন তারা ইংরাজের বিরুদ্ধে মাঝে মাঝে আন্দোলন করেন—সভা সমিতি করেন। এই জিনিস আমরা পুস্তকে পড়েছি। কাজেই একটা ছোট্ট দেশে যদি এই ভাষা নিয়ে এই রকম বিভেদ থাকে তবে আমাদের এই বিরাট দেশের সেই ভাষা নিয়ে বিভেদ থাকবে এটা খুবই স্বাভাবিক কিন্তু সেই বিভেদকে কি করে আমরা দূর করতে পারি—এই প্রশ্ন আমাদের সামনে উপস্থিত হয়েছে তাই মাননীয় জ্যোতি বসু মহাশয় যখন কংগ্রেসকে দায়ী করছেন যে তাদের ভুলের জন্য এই সমস্ত গণ্ডগোল সৃষ্টি হয়েছে, তখন আমি তাঁর সঙ্গে এক মত হতে পারি না। আমি আপনাকে বলবো যে এই কংগ্রেস প্রতিষ্ঠান এক মাত্র প্রতিষ্ঠান যা দেশের সংহতিকে রক্ষা করার চেষ্টা করছে—আর অন্যান্য দল জ্যোতিবাবুর দলও তারা তো টুকরা টুকরা হয়ে ভাগ হয়ে গেছে, তারা কি করে সমস্ত দেশকে এক সঙ্গে করবে?—কাজেই যে ব্রত আমাদের সামনে রয়েছে সেই ব্রত সাধনা কি করে করা যায় সেটা আমাদের সামনে সমস্যা। আমরা জানি যে গত বৎসরে ধর্ম নিয়ে একটা বিভীষিকা সৃষ্টি হয়েছিল তার পরে শুভবুদ্ধি আমাদের মধ্যে জাগ্রত হয়েছে—

[4-55—5-5 p.m.]

অন্তত এখনকার মত সেই ধর্ম নিয়ে বিভেদ স্থগিত রয়েছে, আশা করি সেই শুভ বুদ্ধি বজায় থাকবে এবং এই বৎসর দেখতে পাচ্ছি ভাষার ব্যাপার নিয়ে এরকম একটা বিভীষিকার সৃষ্টি হতে চলেছে—কয়েকটি অঞ্চলে সৃষ্টি হয়ে গেছে—কাজেই তার বিরুদ্ধে কিভাবে অগ্রসর হলে আবার আমাদের শুভবুদ্ধি ফিরে আসে শান্ত সংযতভাবে তা আমাদের চিন্তা করা দরকার। এইজন্য কোন একটা দল বা সরকারকে দায়ী করা ঠিক হবে বলে আমি মনে করি না। আজকে অত্যন্ত আনন্দের কথা যে সমস্ত দলের সমস্ত প্রতিনিধিরা এখানে বলেছেন—তাঁরা স্বীকার করছেন যে হিন্দী ভারতবর্ষের মধ্যে বিরাট একটি জনসাধারণের ভাষা এটা সত্য যে ভারতবর্ষের অধিকাংশের ভাষা না হলেও বিরাট একটি অংশের ভাষা এবং তাদের এই ভাষাকে শেষ পর্যন্ত হয়তো আমাদের রাষ্ট্র ভাষা হিসাবে গ্রহণ করে নিতে হবে। আমাদের সংবিধান ঠিক এই রকম চিন্তা করে অফিসিয়াল ল্যাংগুয়েজ অব দি সেণ্টার বলেছেন। অফিসিয়াল ল্যাংগোয়েজ অর্থাৎ সরকারী কাজে কেন্দ্র বা ইউনিয়ন কি ভাষা ব্যবহার করবেন সেটা আমাদের সংবিধানে বলা হয়েছে কিন্তু যে অঙ্গ রাজ্যগুলি আছে সেগুলিতে কি ভাষা ব্যবহৃত হবে সেটা অঙ্গ রাজ্যের উপর ছেড়ে দেওয়া হয়েছে। সেই অঙ্গ রাজ্যের যে বিধান সভা রয়েছে তারা স্থির করবেন যে কি ভাষা হবে, ইংরাজী থাকবে, কি সেই অঞ্চলের ভাষা হবে। যেমন আমরা আমাদের রাজ্যে স্থির করছি যে বাংলা ভাষায় আমাদের এই বিধান সভার কার্য এবং সরকারী কার্য চলবে। কাজেই সে দিক থেকে সংবিধান খুব একটা যে মারাত্মক ভুল করেছে হিসাবে সেটা আমরা স্বীকার করি না। সংবিধান ধরেই নিয়েছে অঙ্গ রাজ্যের ভাষা হিসাবে সেখানে যে ভাষা বিধান সভা মেনে নেবে সে ভাষা অনুসারে হবে। এখন তাহলে প্রশ্ন দাঁড়াচ্ছে যে কেন্দ্রের সঙ্গে আদান প্রদানের জন্য কি ভাষায় আমরা কথা বলবো এটাই আজকে মূল প্রশ্ন। সমস্ত দলের প্রতিনিধি যাঁরা এখানে রয়েছেন তাঁরা একবাক্যে বলেছেন যে শেষ পর্যন্ত হয়তো হিন্দীকে আমাদের স্বীকার করে নিতে হবে। জানি না আর কেউ এর প্রতিবাদ করবেন কিনা—বীরেনবাবু এখানে এসে কথা বলছিলেন আমি জানি না এ সম্পর্কে তিনি একমত কি না—কিন্তু রাজনৈতিক দল যাঁরা এখানে উপস্থিত রয়েছেন—বীরেনবাবু নির্দলীয় দলের প্রতীক বা সেক্রেটারী তাঁর কথা আমি বলতে পারি না কিন্তু রাজনৈতিক দলগুলি স্বীকার করে নিয়েছেন হিন্দীকে শেষ পর্যন্ত আমাদের কেন্দ্রের সরকারী ভাষা এবং কেন্দ্র-এর সঙ্গে আদান প্রদানের ভাষা হতে হবে। এখন প্রশ্ন দাঁড়াচ্ছে যে কখন হবে। এটা নিয়ে যত কিছু সমস্যা। দুঃখের

বিষয় কখন হবে এই ব্যাপার নিয়ে সব থেকে অসুবিধা হয়েছে। সব থেকে অসুবিধা হয়েছে যে আমাদের দেশে এক শ্রেণীর লোক আছেন যাঁরা বলছেন কখনও হবে না। বিশেষ করে দক্ষিণ ভারত কিছু নেতা রয়েছেন যাঁরা বলছেন হিন্দীকে কেন্দ্রের সঙ্গে যোগাযোগের ভাষা হিসাবে আমরা কখনও বোধ হয় গ্রহণ করতে পারবো না। আমাদের পশ্চিমবাংলায়ও এই ধরণের কিছু লোক আছেন যাঁরা এই রকম চিন্তা করছেন কিন্তু তাঁদের মধ্যে মতের স্থিরতা নেই। এই সমস্ত নেতারা এক সময় এক রকম কথা বলেছেন, এখন আবার অন্য রকম কথা বলছেন। আমরা জানি শ্রীরাজাগোপালাচারী হিন্দীর বিরুদ্ধে এখন বিষোদগার করেছেন—আমার কাছে যে বইটা রয়েছে ১৯২৮ সালের বহুকাল আগে, তখন ভারতবর্ষ স্বাধীন হয় নি তখন তিনি লিখছেন

Hindi is bound to be the language of the Central Government and the legislature and also of Provincial Governments in their dealings with Government of India. If South India does not desire to be practically disenfranchised in regard to the future Central Government of India and if educated men of the South do not wish to be disabled from taking part in All-India affairs or influencing the decisions taken in such matters, it is necessary that Hindi should be learnt by them.

১৯২৮ সাল থেকে তিনি হিন্দী শেখাবার জন্য একটা আবেদন জানিয়েছেন এবং দক্ষিণ ভারতে হিন্দী প্রচার সভায় মাদ্রাজ থেকে এই হিন্দী শেখাবার বইটি প্রচারিত হয়েছিল, মুখবন্ধে তিনি এই লেখা দিয়েছিলেন। কিন্তু আজকে আমরা দেখতে পাচ্ছি যে অনেক পরিবর্ত্তন সেখানে দেখা যাচ্ছে, হয়ত নিজেদের রাজনৈতিক ক্ষমতার প্রয়োজনে বা দলীয় যে সমস্ত দলীয় লোক রয়েছে তাদের স্বার্থসিদ্ধির প্রয়োজনে। সেই জন্য ঐ যে পুরনো শুভবুদ্ধি তাদের ছিল অনেক ক্ষেত্রে সেই শুভবুদ্ধির আজকে অভাব দেখা যাচ্ছে। অসুবিধা কি হয়েছে দেখুন, দেশের এক শ্রেণীর লোক আমরা দেখছি আমরা দেখছি ইংরাজী হঠাও বলে আন্দোলন করছেন। আমি নিজেও দেখেছি রাস্তায় অনেক জায়গায় মাইল পোস্ট গুলিতে কালি লেপে দেওয়া হচ্ছে, সেগুলিকে সম্পূর্ণ মিলিয়ে দেওয়া হচ্ছে। অপরিণামদর্শীর মত কাজ। আবার অন্য দিকে আমরা আন্দোলন দেখতে পাচ্ছি যে হিন্দী সিনেমায় আগুন ধরিয়ে দেওয়া হচ্ছে, হিন্দীর বিরুদ্ধে প্রতিবাদ করে আগুনে আত্মাহুতি দেওয়া হচ্ছে, এমন কি যারা শান্তি শৃঙ্খলা রক্ষার জন্য দায়িত্ব নিয়েছেন সেই সমস্ত নিরীহ সরকারী পুলিস কর্মচারীদের পর্যন্ত জীবন্ত দগ্ধ করে মারা হচ্ছে। গুলিও চলছে আর শান্তি শৃঙ্খলাও ভঙ্গ হচ্ছে। নানান কারণে গুলি চলছে, অনেক সাধারণ মানুষ সেখানে প্রাণ হারাচ্ছে, এটা খুবই দুঃখের কথা। এই অবস্থার মধ্যে দুই দিক থেকে আমরা যদি এই ভাবে অপরিনামদর্শীর মত এবং ফ্যানাটিক-এর মত কাজ করি তাহলে ভারতবর্ষের ঐক্যই বা কোথায় থাকবে আর যে ধরণের ভারতবর্ষ আমরা গড়তে চাইছি, যে স্বপ্ন আমরা এতকাল ধরে দেখেছি তার কি অবস্থা হবে? সেই জন্য আজকে শুভবুদ্ধির প্রয়োজন এবং সেই শুভবুদ্ধিকে সংহত করবার জন্য স্থির মস্তিস্কের কাজ করা প্রয়োজন। তাই আমি আপনার মারফত শুধু কেন্দ্রীয় সরকারের কাছে নয় সমস্ত রাজনৈতিক দলের নেতৃবৃন্দের কাছে এই আবেদন জানাব যে তাঁরা যেন দয়া করে স্কুল কলেজের ছেলেমেয়েদের খেপিয়ে দিয়ে হিন্দী বিরোধী আন্দোলনের নাম করে দেশে আগুন জ্বালিয়ে আবার যেন শান্তি শৃঙ্খলা ভঙ্গ না করেন। কেননা সে রকম অবস্থা ঘটলে দেশ যে কোথায় গিয়ে পড়বে সেটা আমরা কেউ কল্পনা করতে পারি না। সেইজন্যই আজকে আমরা সকলে এই আশা করব যে হিন্দীকে যদি রাষ্ট্রভাষা করতে হয়, সংবিধান যেটা স্বীকার করে নিয়েছে তাহলে কবে করতে হবে, ধীরে ধীরে কিভাবে করতে হবে সেটা স্থির মস্তিস্কে চিন্তা করা প্রয়োজন। আমার আনন্দের কথা, মাননীয় জ্যোতিবাবু সমালোচনা করতে গিয়ে তিনি একটি বিষয়ে সমর্থন করেছেন। তিনি বলেছেন যে সরকার ঠিক পথে যাচ্ছে যে স্কুলের শিক্ষার মধ্য দিয়ে ধীরে ধীরে ছাত্রদের হিন্দী ভাষায় অভিজ্ঞ করে তুলছেন। এই যে সরকারী পন্থা এটাকে তিনি সমর্থন করেছেন এই জন্যই আমি তাঁকে ধন্যবাদ দিচ্ছি। সোমনাথ লাহিড়ী মহাশয়, খুব ভাল কথা বলেছেন, তিনিও প্রতিবাদ করেছেন মানুষের মনে যে

উত্তেজনা রয়েছে সেই উত্তেজনাকে যদি হিন্দীর বিরুদ্ধে লাগান যায় তাহলে দেশে আগুন জ্বলে যাবে, সেটা কারোর পক্ষেই মঙ্গল হবে না, সরকারের পক্ষে তো হবেই না। আর আগুন জ্বললে বেসরকারী লোকদের আছেন তাদেরও মঙ্গল হবে না এটা আমরা নিশ্চয়ই জানি। সেইজন্য আজকে আমরা যে সংশোধনী প্রস্তাব এখানে উপস্থিত করেছি, তার মূল কথা এটা বলতে চাচ্ছি যে হিন্দী আমাদের সরকারী ভাষা এবং সেই সরকারী ভাষা সমস্ত দেশের মধ্যে প্রচলিত হবে। কিন্তু যতক্ষণ পর্যন্ত না অহিন্দী ভাষী যে সব লোক রয়েছেন তাঁরা হিন্দী শিখে নিয়ে হিন্দী মেনে নেন ততক্ষণ পর্যন্ত ইংরাজী বিকল্প ভাষা হিসাবে চালু থাকুক। ইংরাজীর প্রতি আমার ব্যক্তিগত কোন মায়া মমতা নেই। এটা বিদেশী ভাষা। একটা বিদেশী ভাষা শেখা চলুক, সে ইংরাজীই হোক, ফ্রেঞ্চই হোক, রাশিয়ানই হোক, যে ভাষাই হোক। কিন্তু একটা জাতিকে পরিচয় দিতে হবে সমস্ত বিদেশের কাছে এবং নিজের দেশের মধ্যে, একটা বিদেশের ভাষার মধ্য দিয়ে এটা অত্যন্ত দুঃখের কথা এবং লজ্জার কথা। সেই জন্য একটা ভারতীয় ভাষাকে ইংরাজীর স্থানে নিতে হবে, সেটা আমরা নিশ্চয়ই একমত হয়ে স্বীকার করে নেব। কিন্তু গোড়ায় যে কথা বার বার বলেছি সেটা হচ্ছে যে কখন স্বীকার করে নেওয়া হবে সেটা নিয়ে আজকে এই প্রস্তাব এবং এই আমার সংশোধনী। এই সংশোধনী আমি বলেছি যে যতদিন পর্যন্ত না অহিন্দীভাষী অঞ্চলের লোকেরা হিন্দীকে গ্রহণ করবার জন্য উপযুক্ত হবেন ততদিন পর্যন্ত বিকল্পভাবে ইংরাজী চালু রাখতে হবে। দ্বিতীয় কথা আমার এই সংশোধনী প্রস্তাবের মধ্যে বলতে চেয়েছি যে আমাদের সরকার যাঁরা পরিচালনা করছেন তাঁরা সমস্যা সম্পর্কে অবহিত নন, কেন না আমরা জানি যে ডিসেম্বর মাসে যখন বিভিন্ন রাজ্যের মুখ্য মন্ত্রী সম্মেলন হয়েছিল তাঁরা সেখানে সম্মিলিতভাবে যে ধরণের প্রস্তাব গ্রহণ করেছিলেন সেটা সংবাদপত্র মারফত আমরা দেখেছি সেটা হ'ল যে ইংরাজী ব্যবহার করার ব্যাপারে কোন রকম বাধা সৃষ্টি যেন না করা হয়। অর্থাৎ আমরা কেন্দ্রের সঙ্গে যোগাযোগ সম্পর্কে বা এক রাজ্য থেকে আর এক রাজ্যের সঙ্গে যোগাযোগ সম্পর্কে যদি প্রয়োজন হয় ইংরাজীকেও ব্যবহার করতে পারবে এবং তার সম্পর্কে যেন পুরোপুরি বাধা সৃষ্টি না করা হয়। আমাদের যে সমস্ত পরীক্ষা ব্যবস্থা আছে সরকারী কাজের ব্যাপারে সেখানে ইংরাজীকে একটা সহযোগী ভাষা হিস্যাবে রাখা হোক জ্যোতিবাবু এই কথা বলেছেন। কিন্তু শেষকালে জ্যোতিবাবু যেকথা বলেছেন যে অন্যান্য জাতীয় ভাষা যেগুলি রয়েছে সেগুলিকে একটি প্যারিটি বা সমান স্তরে রাখা হোক, সেটা, সত্যি বলছি আমি প্রথমে ঠিক বুঝতে পারিনি। জ্যোতিবাবু সেটা পরিস্কার করে দিয়েছেন তাঁর বক্তৃতার মধ্যে। তিনি এই কথা বলছেন না যে সমস্ত জাতীয় ভাষাগুলিকে সমান স্তরে সমান পর্য্যায়ে নিয়ে আসা হোক তিনি বলতে চেয়েছেন যে সরকারী খরচায় বিলগুলি অনুবাদিত হোক গুলি আমাদের কাছে পাঠিয়ে দেওয়া হোক, এবিষয়ে আপত্তি থাকতে পারে না এবং এ বিষয়ে চিন্তা করবার জন্য শেষ পর্যন্ত কেন্দ্রীয় সরকারের কাছে যেতে হবে। আমার এই সংশোধনীর মধ্যে আমি পরিস্কার বলতে চেয়েছি যে কেন্দ্রীয় সরকারের কাছে আমরা জানাচ্ছি যে তাঁরা যেন এ সম্পর্কে চিন্তা করেন। কিন্তু এই সংশোধনী প্রস্তাবে মৌলিক কথা যেটা রয়েছে সেটা হল একটা সরকারী ভাষা আমাদের নিতে হবে, কখন নেব সে প্রশ্ন সম্পর্কে সম্পর্কে স্থির ভাবে চিন্তা করা দরকার। আজকে দেশের মধ্যে এইরকম কথা ওঠে যে হিন্দী সাম্রাজ্যবাদের বিরুদ্ধে আমাদের প্রতিবাদ করা দরকার। এতে কোন সাম্রাজ্যবাদের প্রশ্ন কিছু নেই। ভাষা নিজের ভাব প্রকাশের জন্য এবং কাজ চালাবার জন্য। এখানে সাম্রাজ্যবাদের কোন প্রশ্ন নেই। সংবিধান ঠিক করুক বা ভুল করুক ২৬এ জানুয়ারী ১৯৬৫ নির্দ্দিষ্ট ধরে নিয়েছেন সেই অনুসারে যে কাজ করতে যাওয়া হয়েছে তাকে কিছুটা মোলায়েম করবার জন্য ১৯৬৩ সালে সরকারী ভাষা বিল পাশ করা হয়ে গেছে অফিসিয়্যাল ল্যাংগুয়েজ অ্যাক্টএ বলা হয়েছে যে ইংরাজীকে অন্তত: বেশ অনির্দ্দিষ্ট অনির্দ্দিষ্টকালের জন্য বিকল্প ভাষা হিসাবে অনেকগুলি ব্যাপারে ব্যবহার করবার ব্যবস্থা করা হবে। কাজেই এখন চারিদিকে লোকের মনের মধ্যে আগুন জ্বালিয়ে এবং এই সরলমতি শিশুদের, ছাত্রদের উত্তেজিত করে তাদেরকে সামনে রেখে নেতারা পিছনে সরে গিয়ে দেশের মধ্যে যে সর্বনাশ ডেকে আনছেন তা প্রতিবাদ করা আজকে

বিশেষ দরকার। সেইজন্য আমি যে সংশোধনী প্রস্তাব এখানে উপস্থিত করেছি আশা করব মাননীয় জ্যোতিবাবু সেই সংশোধনী প্রস্তাব গ্রহণ করবেন।

[5-5—5-15 p.m.]

Shri Birendra Narayan Ray:

মিঃ স্পীকার স্যার, বিরোধী দলের নেতা মাননীয় জ্যোতিবাবুর বেসরকারী প্রস্তাবের উপর আমার সংশোধনী প্রস্তাবে বলতে গিয়ে আমি এই কথা বলতে চাই যে হিন্দী ভাষার সঙ্গে ব্যক্তিগতভাবে আমার কোন বিরোধ নেই। কিন্তু হিন্দী ভাষার উপর বিরোধ নেই বলে এ নয় যেভাবে কেন্দ্রীয় সরকার হিন্দী ভাষাকে আমাদের অহিন্দীভাষী অঞ্চলের উপর চাপিয়ে দিচ্ছেন আমার আপত্তি সেইখানে। যখন আপনারা সংবিধান করেছিলেন হিন্দীকে রাষ্ট্রভাষা হিসাবে চালু করবার জন্য তখন আপনারা পরিষ্কার বলেছিলেন যে হিন্দী আস্তে আস্তে নিজের আসন গড়ে নেবে। আপনারা বলেছিলেন যে "হিন্দী উইথআউট টিয়ার্স" কোন ভারতীয়ের অশ্রুজলের উপর হিন্দী নিজের আসন প্রতিষ্ঠিত করতে পারবে না। কিন্তু আমরা কাজে কি দেখেছি, অহিন্দী ভাষাভাষী অঞ্চলের উপর ওদের মত না নিয়ে কেবলমাত্র মুখ্যমন্ত্রীর সমর্থন নিয়ে চাপিয়ে দেওয়া হয়েছে এবং ২৬এ জানুয়ারী থেকে দেশে এরকম একটা ভয়ানক জিনিষ চাপিয়ে দেবার চেষ্টা হয়েছে। তার ফলে কি হয়েছে হিন্দী উইথআউট টিয়ার্স, হয় নি, হিন্দী এসেছে রক্ত নিয়ে, এসেছে বুলেট নিয়ে, এসেছে আত্মহত্যার মধ্য দিয়ে। মিঃ স্পীকার, স্যার, আমি আপনাকে জিজ্ঞাসা করি হিন্দী কি স্বাভাবিকভাবে নিজের আসন নিজে নিয়ে নিয়েছে? আমরা মাদ্রাজে দেখেছি নিজের গায়ে পেট্রোল ঢেলে আত্মাহুতি দিয়েছেন কয়েক জন নাগরিক। কেন দিয়েছেন? নিশ্চয়ই এইজন্য নয় যে হিন্দীর উপর তাঁদের বিদ্বেষ ছিল, নিশ্চয়ই আত্মাহুতি দিয়েছে একমাত্র এই কারণে যে হিন্দী তাঁদের উপর জোর করে চাপিয়ে দেওয়া হয়েছে। কংগ্রেস পক্ষের সদস্যরা একটু আগে বলে গেলেন "কই অন্য ভাষার উপর আমরা জুলুম করছি না",. পরিষ্কারভাবে আমরা বলছি তারাও বিকশিত হোক। এই বিকশিত হওয়ার একটা ছোট্ট নমুনা দিচ্ছি। মাস খানেক আগে আমি উত্তরবংগ থেকে আসছিলাম, সেখানে দেখলাম ট্রেণের টিকিটে সেণ্ট্রাল গভর্নমেণ্টের ছাপ, বাংলা দেশে ছাপান হয়েছে। থার্ড ক্লাস টিকিটের বাংলা বানান কি করেছে শুনুন, তৃতিয় শ্রেনি। আমি সেই স্টেশনে গিয়ে জিজ্ঞাসা করলাম বাংলা আমাদের রিজিওন্যাল ল্যাংগোয়েজ, তৃতীয় শ্রেণীর এই রকম বানান কেন? তখন মাস্টার মহাশয় হাসতে হাসতে বললেন ২৬ তারিখ আর কয়েকদিন মাত্র বাকি, তারপর হিন্দী চলবে। বাংলাভাষার প্রতি তাঁদের সম্মানের এটা একটা প্রকাশ। প্রত্যেকটি রিজিওন্যাল ল্যাংগোয়েজের প্রতি তাদের যে কত শ্রদ্ধা এটা তারই প্রমাণ। আজকে যে তাড়াতাড়ি ইংরাজীকে সরিয়ে দেওয়া হচ্ছে তার কারণ কি? নিশ্চয়ই ইংরাজী ভাষার সঙ্গে আমাদের শত্রুতা নেই, যা কিছু শত্রুতা আছে সেটা হচ্ছে ইংরাজী ভাষাভাষী সাম্রাজ্যবাদীদের সঙ্গে। অথচ তাদের কাছ থেকে আমরা অস্ত্রশস্ত্র নিচ্ছি এতে লজ্জা পাচ্ছি না, আমাদের টাকা ধার করতে লজ্জা হচ্ছে না, গম নিতে লজ্জা হচ্ছে না। আমাদের লজ্জা হচ্ছে কোথায়, না, ইংরাজী ভাষাটাকে রাখার ব্যাপারে, সেজন্য ইংরাজী ভাষাটাকে হঠাও। এটা হচ্ছে একটা শয়তানী চাল, সিনিস্টার মুভ। আজ যারা হিন্দী ভাষাভাষী উপর তলার লোক আছে, টাকাওয়ালা লোক আছে তারা তাদের ছেলে মেয়েদের ভাল হিন্দী স্কুলে বা বাংলা রিজিওন্যাল ল্যাংয়োগোয়েজ স্কুলে পড়াচ্ছে না, তারা তাদের ছেলে মেয়েদের মিশনারী স্কুলে বা ইংরাজী মিডিয়াম স্কুলে পড়াচ্ছে। তার কারণ হচ্ছে যারা বড় লোক বা অতি ধনিকলোক তারা হয় তাদের ছেলে মেয়েদের ইংল্যাণ্ডে না হয় আমেরিকায় পাঠিয়ে দিচ্ছে। তাদের ফরেন এক্সচেঞ্জের অভাব নেই কারণ, উপর তলার যত চাকুরি ফরেণ সার্ভিস সেটা ইংরাজী না হলে চলবে না, সেখানে হিন্দী চলবে না। তাই নিজেদের ছেলে মেয়েদের আত্মীয়-স্বজনদের সেই সব স্কুলে পড়িয়ে প্রথম শ্রেণীর নাগরিক তৈরি করছে, আর বাদ বাকি আমাদের মত সাধারণ লোকের ছেলেমেয়েরা তৃতীয় শ্রেণীর চাকুরি প্রার্থী হবে। এই রকম ভাবে জনগণকে দুটো গ্রেড করে দেওয়া হচ্ছে। ইংরাজী ভাষা যদি না থাকতো তাহলে কি আমাদের মধ্যে জাতীয়তা বোধ জাগ্রত হত? এই কথা প্রত্যেকে নিজের মনে জিজ্ঞাসা করুন। আমরা ভারতবর্ষের প্রত্যেক

রাজ্যের [অধিবাসী বাঙালী উড়িয়া সকলেই ইংরাজী ভাষার মাধ্যমে কথা বলি। আমাদের মধ্যে জাতীয়তা বোধের উন্মেষ ঘটেছিল, গণতান্ত্রিক চেতনা জাগ্রত হয়েছিল এই ইংরাজী ভাষার মাধ্যমে। আমাদের কনস্টিটিউসান ইংরাজ এবং আমেরিকার সিসটেম থেকে নেওয়া তাও ইংরাজীতে লেখা। আজকে জাতীয় সংহতি বলে অনেক বড় বড় কথা আমরা বলি, অথচ আজকে হিন্দীকে জোর করে চাপিয়ে দেওয়ার চেষ্টা হচ্ছে। এটা জাতীয় সংহতির নিশ্চয়ই পরিপন্থী। আজকে দক্ষিণ ভারতে যারা আত্মাহুতি দিচ্ছে তাদের পথ মত আমাদের সঙ্গে আলাদা হতে পারে কিন্তু এটা ঠিক যে তারা আত্মাহুতি দিয়েছেন কোন সাম্প্রদায়িক ব্যাপারের জন্য নয়, তাঁরা আত্মাহুতি দিয়েছেন হিন্দী সাম্রাজ্যবাদী যাঁরা ভারতের জাতীয় সংহতি নষ্ট করতে চায় তাঁদের বিরুদ্ধে তাঁদের একটা সক্রিয় প্রতিবাদ জানাতে। স্যার, আমি আর একটা কথা আপনাকে বলতে চাই। যাঁরা আজকে চিৎকার করছেন বড় বড় কথা বলছেন যে প্রত্যেক ভাষাকে আমরা বিকশিত করে তুলতে চাই আমি তাঁদের জিজ্ঞাসা করতে চাই ২ বছর ধরে বাংলাদেশে আমরা চেঁচামেচি করছি পশ্চিমবাংলার একটা রিজিওন্যাল ল্যাংগোয়েজ নেপালী ভাষা নিয়ে এই নিয়ে বহু কথা হয়েছে এবং মন্ত্রী সভা থেকে কংগ্রেস পক্ষ থেকে আমরা বহু ভাল ভাল কথা শুনেছি যে আমরা নেপালী ভাষার আপলিফমেণ্ট চাই. আমাদের বন্ধুদের মুখ থেকে শুনেছি যাঁরা দার্জিলিং অঞ্চল থেকে এসেছেন তাঁদের মুখ থেকে শুনেছি যে নেপালী ভাষার স্কুল একটি মাত্র আছে, তা ছাড়া আর নেই এবং সেখানে নাকি শিক্ষক পাওয়া যায় না. নানা রকম অছিলা করে কেন সেই রিজিওন্যাল ল্যাংগোয়েজ প্রগতিকে পিছিয়ে দেওয়া হচ্ছে? এরও উদ্দেশ্য ঠিক সেই এক।

[5-15—5-25 p.m.]

আমাদের কংগ্রেস সদস্য ডক্টর প্রতাপ চন্দ্র চন্দ্র বলেছেন—আমরা নাকি বিরোধী পক্ষ উসকিয়ে দিয়ে ছেলেমেয়েদের দিয়ে গণ্ডগোল করছি। বাংলাদেশে ওঁরা কোথায় দেখলেন রক্তপাত হয়েছে, গণ্ডগোল হয়েছে যদি কখনো গণ্ডগোল হয়, তাহলে এটা আপনারা ঠিক জানবেন যে ঐ কংগ্রেস পক্ষীয় লোকেরা—ঐ প্রতাপ চন্দ্র চন্দ্রের পক্ষীয় লোকেরা উসকিয়ে দিয়ে গণ্ডগোল করছেন। তাই তিনি আগে থেকে তার সাফাই গেয়ে রাখছেন।

বাংলাদেশে আমরা কখনো গণ্ডগোল লাগাতে চাই না। আমরা এখানে প্রগতিশীল মুভমেণ্ট করতে চাই। তবে আমাদের এখানে হিন্দী বিরোধী বিক্ষোভ কিছু হয়েছে—ঠিক। তবে ইংরেজী চালু রাখার পক্ষেও নিশ্চয়ই যুক্তি আছে। কিন্তু তার মানে এই নয় যে আমরা গণ্ডগোল করবো।

শেষ কথা আমি বলবো আপনারা ক্লাসিক্যাল ল্যাংগুয়েজ হিসেবে সংস্কৃত, আরবী, উর্দ্দু পারসী ইত্যাদি পড়াচ্ছেন। কাজেই ইংরেজীকে এ্যাসোসিয়েট ল্যাংগুয়েজ হিসেবে রাখলে কি মহাভারত অশুদ্ধ হয়ে যাবে? আমরা ইংরেজী রাখতে চাই দেশের স্বার্থে, দেশ রক্ষার জন্য, পরস্পরের সঙ্গে ভাবের আদান প্রদান ও ভাব বিনিময়ের জন্য। ইতিপূর্বে দেখা গেছে মাত্র একটি কলমের খোঁচায় বহু ব্যাপারে আপনারা বহুবার সংবিধান পরিবর্তন করেছেন। কাজেই এই রকম একটি জাতীয় সংহতির পরিপন্থী ব্যাপারে যদি সংবিধানকে বদলাতেও হয় তাহলেও সেটা আপনারা করুন। প্রত্যেকটা ভাষার সঙ্গে আপনারা ইংরেজী বজায় রাখুন—এই দাবী জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Daya Ram Beri:

अध्यक्ष महोदय. ये जो संशोधन हमारे भाई प्रताप चन्द चन्दर ने रखा है. मैं उसका समर्थन करने के लिए आपके सामने उपस्थित हुआ हूं। (विरोधी पक्ष की ओर से व्यवधान) संशोधन—अमेण्डमेन्ट जिसको बोलते हैं. अंग्रेजी में।

व्यवधान)

Mr. Speaker:

मिस्टर बेरी आप बोलिए।

(पुन: व्यवधान)

Mr. Speaker:

मिस्टर बेरी आप बोलिए।

Shri Daya Ram Beri:

तो मैं उसका समर्थन करने के लिए खडा हुआ हूं। आज हिन्दुस्तान के अन्दर जितनी मेल की जरूरत है, उतनी और किसी चीज की नहीं है। अगर देश को बचाना है, अगर देश को बडा करना है, अगर देश को गौरवशाली करना है, तो जो साम्प्रदायिकता है और जो प्रान्तीयता है इसको दूर करें। एक भारत की कल्पना आपको करनी पडेगी।

भारत की यह जो १४ भाषाएं हैं, ये हमारे भारत की भाषाएं हैं। और सभी को हमने राष्ट्र भाषा कहा है। क्यों ऐसा कहा है? ये हमारे राष्ट्र में—हमारे भारतवर्ष में एक-एक प्रान्त की भाषाएं हैं। लेकिन हिन्दी को क्यो बनाया गया है राष्ट्रभाषा, उसका भी एक कारण है। जैसे सभी लोग एम० एल० ए० चुन कर आते हैं लेकिन मुख्य मंत्री एक ही होता है। स्पीकर एक ही होता है। उसी तरह भारतवर्ष की समस्त भाषाएं हमारी पूज्य भाषाएं हैं। किसी भाषा के प्रति हमारा कोई द्वेष नही होना चाहिए। जबकि हमारे प्रधान मंत्री ने और पार्लियामेन्ट ने यह चीज ठीक किया है कि हिन्दी ही राष्ट्र भाषा के पद पर आसीन होगी। लेकिन जो अहिन्दी भाषी प्रान्त हैं, वे जब तक हिन्दी न समझलें, तब तक उनपर जबरदस्ती हिन्दी नहीं लादी जायगी। वो तब तक अंग्रेजी में अपनी राय दे सकेंगे। यह नया सवाल नहीं है। यहतो पहलेही कह दिया गया है कि जो लोग हिन्दी की योग्यता नहीं रखते, वे लोग अंग्रेजी में अपना उत्तर दे सकते हैं। लडाई की बात हमारी समझ में नही आती है कि लडाई क्यों हो रही है? सब लोग यह बोलते है कि यहां हिन्दी बोलने वाले और समझने वाले सबसे ज्यादे हैं। तो अगर आपलोग इसपर झगडा करें—झगडे की बात करें, तो क्यों करें? मैं तो कहता हूं कि हमारे देश की कोई भी भाषा अगर राष्ट्र भाषा हो, तो हम उसे मानने के लिए तैयार हैं। तब हमारे यहां जो हिन्दी का निर्माण हुआ है, उसके अन्दर बंगाली, पंजाबी, मद्रासी, गुजराती आदि सभी आदमी हैं।

आपलोगों को मालूम होगा कि बिहार के अन्दर कैथी अक्षर थी। हमारे बंगाल के होनहार संन्तान श्री भूदेव मुखोपाध्याय ने हिन्दी की अक्षरों को चालू किया था। श्री अनुकूल चक्रवर्ती ने जिन्दगी भर हिन्दी की सेवा की। श्री राजाराम मोहन राय ने राष्ट्र भाषा के लिए बहुत बडे-बडे कार्य किए। और एक चीज सुन लीजिए, पहले जहां कांग्रेस होती थी, वहां राष्ट्रभाषा सम्मेलन हुआ करता था। सन १९१ में जब एनीबेसेन्ट कांग्रेस की अध्यक्षा हुई तो उस वक्त राष्ट्रभाषा सम्मेलन हुआ था। उसमें लोकमान्य तिलक भी आए थे। वहां पर यह स्वीकार किया गया था कि हिन्दुस्तान की राष्ट्रभाषा हिन्दी है होगी। अब यह चीज किसी प्रान्त की नहीं रही। अंग्रेजी से किसी प्रान्त का मोह क्यों? यह तो किसी भी प्रान्त की भाषा नहीं है। भारत की राष्ट्र भाषा हिन्दी है, जिसकी लीपि देवनागरी है, उसकी लिखने में बडी आसानी होती है। इसके लिए इतना गुस्सा, इतनी शत्रुता की भावना नहीं होनी चाहिए। जैसे बंगाल की भाषा बंगाली पूजनीय है, उसी तरह से हिन्दी भी पूजनीय है, उसके लिए झमेले की आवश्यकता नहीं है। सा भाषा प्रत्येक हिन्दुस्तानी के लिए पूजनीय है। और हिन्दी के लिए द्वेष की बात मत कीजिए। भाषा बखेडे से देश गिर जायगा और सभी भाषा-भाषियों में झगडे की सृष्टि हो जायगी, सबमें द्वेष की भावना बढ जायगी। हमारे देश में द्वेष की जरूरत नहीं है। इसलिए सरकार को विश्वास दिलाना चाहिए कि हिन्दी हमारे देश की राष्ट्र भाषा है किन्तु जब तक अंग्रेजी जानने वालों कोहिन्दी कीयोग्यता नहो जाय, तब तक वे लोग अपना कार्य अंग्रेजी में चला सकते हैं। लिहाजा इसमें गुस्से की बात नहीं

हमारा मुल्क सबसे बडा मुल्क है। चाहे कम्युनिस्ट पार्टी हो, चाहे शोस्लिस्ट पार्टी हो, चाहे आर० सी० पी० आई०, चाहे आर० एस० पी० हो, सबको देश के नुकशान का ख्याल होना चाहिए। देश सबसे बडा होता है। लडाई का कार्य कराना सबसे बडा कार्य नहीं है। यह काम तो बहुत ही बुरा है आप लोग से नखेलें, नहीं तो अंगुलीजल जायगी। इसलिए मुल्क की खिजमत के लिए जिन्दगी भर तैयार रहना चाहिए।

हिन्दी साम्राज्यबाद--हिन्दी साम्राज्यबाद सुनते-सुनते कान पक गया। गुस्से में हिन्दी साम्राज्यबाद की चर्चा करते हैं। बंगाल के प्रति किसको घृणा है? आपको ताज्जुब होगा कि बनारस में १९०५ में बंग-भाषा पुस्तक की नीव पडी थी। हिन्दी के प्रत्येक लेखक को बंगला भाषा के प्रति अगाध प्रेम है। प्रत्येक हिन्दी लेखक बंगाल भाषा को समझता ह। रविन्द्रनाथ टैगोर को हिन्दी के प्रति बड़ा प्रेम था। उनको हिन्दी के प्रति कभी भी घृणा नहीं रही। रविन्द्रनाथ हिन्दी को भारत की राष्ट्र भाषा के रूप में समर्थन करतें थे। सुन्दर दास ग्रन्थावलि निकली. तो उसकी भूमिका लिखने के लिए रविन्द्रनाथ के पास भेजा गया। रविन्द्र नाथ ने लिखा कि जब अपनी गीतांजलि क पहले मुन्दर को पढा तो हमें अपने में अपने का बोध होता है।

लिहाजा बंगाल वालों. हिन्दी वालों. मद्रासी वालों. मराठी वालों. गुजराती वालों में मेल होना चाहिए। हर तरह से मेल रहना चाहिए---हरतरह से मेल रहना चाहिए। मैं हर तरह से एक मत का हिमायती हूं।

[5-25—5-35 p.m.]

Shri Anadi Das:

মাননীয় স্পীকার মহাশয়, আমাকে মাত্র পাঁচ মিনিট সময় দেওয়া হয়েছে, আশা করি আর একটু বেশী সময় দেবেন। মাননীয় জ্যোতি বসু মহাশয় যে প্রস্তাব এনেছেন, তাতে আমি একটা সংশোধনী প্রস্তাব এনেছি হিন্দী রাষ্ট্রভাষা হবে এর বিরোধী আমরা নই, হিন্দী রাষ্ট্রভাষা হতে পারে শুধু জনসাধারণের সম্মতি নিয়ে নয়. একমাত্র তখনই হতে পারে যখন আঞ্চলিক ভাষাগুলি নিজের পায়ে প্রতিষ্ঠিত হবে, রাজ্যে প্রতিষ্ঠিত হবে, একমাত্র তখনই হতে পারে তার আগে নয়। শুনেছি, দেশপ্রেম, দেশের ঐক্য, কিন্তু দৃষ্টিভঙ্গীর যে কত তফাৎ. সেটা এখানে বক্তব্যের মাধ্যমে প্রকাশ পেয়ে গেল, দেশের ঐক্য সেটাও কি উপর থেকে চাপিয়ে দেওয়া হবে? কিংবা অন্তরের বাসনা থেকে ঐক্যের প্রয়োজনীয়তা অনুভূত হবে এবং সেইমত তৈরী হবে। এই দুই দৃষ্টিভঙ্গীর পার্থক্য হচ্ছে হিন্দী কংগ্রেস পক্ষ থেকে চাওয়া হয়েছে। আমরা বিরোধী পক্ষে আছি, প্রায় সকলেই হিন্দী ভারতীয় ভাষা রাষ্ট্রভাষা হতে পারে. এর প্রয়োজনীয়তা সবাই অনুভব করেছি. যদি ভারতীয় ভাষা হতে হয় তাহলে হিন্দীর সম্ভাবনা চান্স বেশী। একথা আমরা সবাই স্বীকার করি, স্বীকার করার পর এই বিরোধিতা দেখা যায় কেন? হিন্দীকে স্বীকার করে নিতে হবে উপর থেকে চাপিয়ে অথবা ভিতর থেকে অন্তরের বাসনা থেকে প্রয়োজন বোধে? প্রতাপবাবু বলেছেন যখন বেশীরভাগ লোক হিন্দী বুঝতে পারে তখন হবে। আমি সেকথা বলি না। হিন্দী বুঝলেই হল না। আঞ্চলিক ভাষাগুলি এখানে থাকা দরকার। মাননীয় স্পীকার স্যার, আজ যারা প্রাণ দিচ্ছে, তাদের অপরিনামদর্শী বলা হচ্ছে, এখানে গভীরতার অভাব পরিলক্ষিত হচ্ছে। একটা লোক বিবাহিত তার সংসার আছে. গায়ে আগুন জ্বেলে প্রাণ দিচ্ছে. এটা কেন বুঝতে গেলে যুক্তি তর্ক দিয়ে বুঝলে হবে না। কতখানি অসহায় হলে মানুষ এর ভবিষ্যৎ কতখানি অনিশ্চিত হলে তবে মানুষ তার নিজের গায়ে আগুন জ্বেলে প্রাণ দিতে পারে সে বোধ থাকার দরকার সেটা বুঝার দরকার। যুক্তি দিয়ে বুঝান যায় কিন্তু যুক্তি দিয়ে মানুষকে গ্রহণ করান যায় না। তার জন্য অন্য জিনিষের দরকার আছে। তাই বলছি আজকে যদি ভাল মানুষের মত হিন্দীকে মেনে নিই তাহলে দেশের ভবিষ্যৎ অত্যন্ত ভয়াবহ। কারণ আজকে যে অবস্থা, সেই অবস্থায় যদি হিন্দীকে মেনে নিতে হয়, যদি কেন্দ্রের কাজ হিন্দী দ্বারা পরিচালিত হয়, তাহলে রাজ্যের ভাষাগুলি রাজ্যর কাজগুলির উপর হিন্দীর প্রভাব বাড়বেই বাড়বে। প্রয়োজনীয় কাজ রাজ্যের কাজ যদি হিন্দী দ্বারা পরিচালিত হয় তাহলে আঞ্চলিক ভাষার প্রয়োজন অনুভূত হবে না, ফলে হবে কি ইংরেজী ভাষা থেকে যাবে এবং সেটা হবে সংস্কৃতিবানদের ভাষা, হিন্দী হবে সরকারী ভাষা, আর আঞ্চলিক ভাষাগুলি হবে চাষাভুষো মুটেমজুরের ভাষা। এরূপ একটা পরিনতি হয়ে যাবে যদি আঞ্চলিক ভাষাগুলিকে প্রতিষ্ঠিত না করেন, অন্য কোন ভাষাকে রাষ্ট্রভাষা হিসাবে গণ্য করে দেওয়া হয়।

এর পরিণাম অত্যন্ত ভয়াবহ. আজ যাঁরা রাজনৈতিক নেতা বলে পরিচিত তাঁরা যদি এটাকে মেনে নেন। কিন্তু অঞ্চলে অঞ্চলে মানুষের অস্তরাত্মা এই অবস্থা মানবে না। আমরা ঐক্য বলে চিৎকার করলেও ঐক্য থাকবে না। এই ব্যাপারে নাগাল্যাণ্ডে আমরা দেখেছি তাঁরা কি করেছেন. আসামের পার্বত্য জাতিগুলির মধ্যে দেখেছি তাঁরা কি করেছেন এবং বিভিন্ন জায়গায় দেখেছি তাঁরা কি চেয়েছেন। সমস্ত জায়গায় উপর থেকে ঐক্য চাপাবার যদি চেষ্টা হয়. উপর থেকে ভাষা চাপাবার যদি ব্যবস্থা হয় তাহলে এই রকম ঘটনা ঘটতে থাকবে। সেজন্য আঞ্চলিক ভাষা যেগুলি সেগুলিকে সুপ্রতিষ্ঠিত করা প্রথমে দরকার: প্রথমেই দরকার মাতৃভাষাকে প্রাথমিক শিক্ষায় কমপালসারী করা. সর্বব্যাপী করা: বিধান সভার কাজ যে কোন প্রান্তে হোক না কেন মাতৃভাষায় তা পরিচালিত করা। আইনগুলিকে মাতৃভাষায় লিখিত করা এবং সমগ্র কাজকর্ম মাতৃভাষায় পরিচালিত করা। এই ভাবে যদি অঞ্চলের ভাষা প্রতিষ্ঠিত হয় তাহলে তখন মানুষের মনে যে মিসগিভিং আছে. ভয় আছে তা দূর হবে এবং তখন ইনটার স্টেট কমিউনিকেসান-এর জন্য মানুষ বুঝবে একটা ভাষার দরকার আছে এবং সেই ভাষা স্বভাবতঃই হিন্দী হবে। সেজন্য বলছি যে আজ যাঁরা প্রাণ দিয়েছেন শুধু তাঁদের প্রতি সহানুভূতি নয়. আজ যারা কর্তৃত্বে আছেন. ক্ষমতায় আসীন আছেন তাঁরা যদি বুঝতে না চান তাহলে তাঁরা নিজেদের কাজের দ্বারা ভারতবর্ষকে বিচ্ছিন্ন করে দিচ্ছেন। কিন্তু এই বলার পর যদি তাঁরা না শোনেন তাহলে আমরা কি নীরবে সেই কাজ দেখতে থাকবো যে ভারতবর্ষকে তাঁরা বিচ্ছিন্ন করছেন তাঁদের নিজেদের গোঁয়ার্তুমির ফলে। আমরা তাই বলব যদি হিন্দীকে এই ভাবে জোর করে চাপাবার চেষ্টা হয় তাহলে প্রত্যেকটি অঞ্চলে অঞ্চলে আঞ্চলিক ভাষাভাষীদের অধিকার আছে তার বিরুদ্ধে আন্দোলন করার। সংবিধানে আছে বলে সেটা বড় কথা নয় সংবিধানের জন্য মানুষ নয়. মানুষের জন্যই সংবিধান যদি দরকার হয় সংবিধান পরিবর্তিত করতে হবে। মন্ত্রীদের কোন ব্যক্তিগত কারণে যদি সংবিধানের পরিবর্তন করা হয় তাহলে এতবড় ব্যাপারে যেখানে দেশের ঐক্য বিঘ্নিত হচ্ছে সেখানে সংবিধান কেন পরিবর্তন হবে না। তাই বলছি অন্যান্য সমস্ত আঞ্চলিক ভাষাকে সাহায্য করা তাকে প্রতিষ্ঠিত করার অধিকার আছে এবং তার পরেই একটা ভাষাকে নির্বাচন করতে হবে যা ভারতের রাষ্ট্রভাষা হতে পারে। হিন্দী অন্যদিক থেকে এখনও এমনতর কালচারাল জায়গায় পৌঁছায়নি যে সে রাষ্ট্রভাষা বলে পরিগণিত হতে পারে। ইংরাজী যখন ছিল তার দাপট আমরা দেখেছি—বহুদিন ধরে তার বিরুদ্ধে আন্দোলনও করেছি। আজ পর্যন্ত মাতৃভাষায় একটা সংবাদপত্র নেই কারণ এই কাজ করতে পারে। এই কথা বলে শেষ করছি যে হিন্দীকে জোর করে চাপান হবে না. বিভিন্ন অঞ্চলের মাতৃভাষাকে প্রতিষ্ঠা করে তবেই হিন্দী ভাষা হবে।

[5-35—5-45 p.m.]

Shri Apurba Lal Majumdar:

মাননীয় স্পীকার স্যার, আজকে আমরা একটা গুরুত্বপূর্ণ বিষয় আলোচনা করছি। আমি এর আগে অনেক বক্তা যে ভাষণ দিয়েছেন তা মনোযোগ সহকারে শুনলাম. এই কথা শুনে আমার মনে হল যে বড় রকমের কারো হিন্দীর বিরুদ্ধে কিছু বলার নেই এবং আমারও ব্যক্তিগতভাবে নেই। এছাড়া সমস্ত বক্তৃতা শুনে মনে হল যে তাঁদের মনের যে বেদনা বা ফিলিং এই সম্পর্কে হাউসে ঠিক ভাব রিফ্লেক্টেড হচ্ছে বলে মনে হয় না। বাহিরের জনসাধারণ অর্থাৎ বাংলাদেশের লক্ষ লক্ষ মানুষের যে বেদনা যে দুঃখ এবং এই সম্পর্কে যে মনোভাব তার প্রসারতা এই হাউসের মধ্যে প্রতিধ্বনিত হচ্ছে বলে মনে হল না. আমি তাই এই ভাবে প্রস্তাব রাখতে চাই। ১৯৬৫ সালে ২৬এ জানুয়ারী তারিখ থেকে আমাদের কনস্টিটিউসনএ আর্টিকেল ৩৪৩ অনুসারে এক মাত্র অফিসিয়াল লেংগুয়েজ যেটা হল তা হল হিন্দী অর্থাৎ ২৬এ তারিখ থেকে ইংরাজী স্থানের ভারতবর্ষের ভাষা হল হিন্দী এবং ইংরাজী এ্যাসোসিয়েট ল্যাংগোয়েজ হিসাবে চলবে। আমি কিন্তু এর বিরোধিতা করি কারণ হিন্দীকে কেবলএকমাত্র অফিসিয়াল

ল্যাংগোয়েজ করলে চলবে না ইংরাজী এবং হিন্দী যা ছিল বর্তমানে ভারতবর্ষে যে অবস্থা সাধারণ মানুষের যে অবস্থা তাতে দুটা এর সম পর্য্যায়ে অফিসিয়াল ল্যাংগোয়েজ হিসাবে সম্মতি দেওয়া উচিত। এখানে অনেক বক্তা যা বললেন তাতে তারা কেবল নিজের ব্যক্তিগত মত প্রকাশ করেছেন একথা মনে হয় না। আমি দেখলাম সংবিধানের ৩৫১ ধারা অনুসারে কনস্টিটিউসন আমাদের সুযোগ দিয়েছে, হিন্দীকে ১৫ বৎসর ধরে ভারতবর্ষের বিভিন্ন জায়গায় প্রচার করা তাকে ডেভেলপ করা, আমি জিজ্ঞাসা করি কনস্টিটিউসন-এর ৩৫১ ধারা অনুসারে তাঁরা যে হাজার হাজার টাকা ব্যয় করেছেন এবং ভারতবর্ষের বিভিন্ন জায়গায় প্রচারের ব্যবস্থা করছেন তার ডেভেলপমেণ্ট করবার চেষ্টা করছেন কিন্তু তাঁরা তা কতদূর পেরেছেন? ভারতবর্ষের দক্ষিণ অঞ্চলে কেন ভারতবর্ষের যে সমস্ত জায়গা নন হিন্দী স্পীকিং এরিয়া সেখানে অফিসিয়াল ল্যাংগোয়েজ ডেভোলপমেণ্ট হয় নি নিজের মনোভাব প্রকাশ করা দূরে থাক। আমি নিজেই হিন্দী পড়তে পারি না এবং হিন্দীতে কথা বলতে পারি না। শুধু আমি নয় বাংলা দেশের লক্ষ লক্ষ লোক তাঁরা হঠাৎ এই পরিবর্তন করার বিরোধীতা করবে এবং ইংরাজীকে অফিসিয়াল ল্যাংগোয়েজ হিসাবে রাখা দরকার এবং যাতে করে হিন্দী ভাষা আগামী কোন দিন যাতে সত্যিকারের ডেভোলপমেণ্ট হয় তা দেখা দরকার এ ভারতবর্ষের আপামর জনসাধারণ যদি হৃদয়ের সঙ্গে যে ভাষা গ্রহণ করতে পারে তখনই শুধু অটোমেটিক্যালি হিন্দী ভাষা অফিসিয়াল ল্যাংগোয়েজ হওয়া উচিত তার আগে নয়। তার আগে হিন্দী কখনই একমাত্র অফিসিয়াল ল্যাংগোয়েজ হতে পারে না। আপনারা গত ২৬এ জানুয়ারী থেকে জোর করে হিন্দীকে ভারতবর্ষের মানুষের মধ্যে চাপাবার চেষ্টা করছেন আজকে তার ফলে আমরা দেখছি দক্ষিণ অঞ্চলের মানুষের মনে বিক্ষোভ দেখা দিয়েছে। জোর করে মানুষের উপর কোন ভাষা চাপিয়ে দেওয়া যায় না। দীর্ঘদিন ধরে আমরা যে ভাষায় কথা বলি সেই ভাষায়ই আমরা মনের ভাব আদান প্রদান করতে পারি, মনোভাব প্রকাশ করতে পারি, বিকাশ করতে পারি, অন্যভাষাকে যদি জোর করে চাপিয়ে দেবার চেষ্টা করি তাহলে স্বভাবতই যা আমরা অন্য দেশের ইতিহাসে দেখেছি তাই হবে এতে কোন দিন ভাল ফল ফলতে পারে না। আমরা এ কথাই বলব যে হিন্দীভাষা এখনও অফিসিয়াল ল্যাংগোয়েজ হিসাবে হবার মত অবস্থায় এখনও আসে নি। আমরা কনস্টিটিউসানএ দেখেছি স্বাধীনতার পনেরো বৎসর পরে হিন্দী ভাষা আমাদের দেশের অফিসিয়াল ল্যাংগুয়েজ হবে ১৭ অনুচ্ছেদ অনুসারে কনস্টিটিউসন এর ধারা-গুলি পরিবর্তন করা দরকার, সংবিধান সংশোধন করা দরকার, গত পনেরো বৎসরে সতেরো বার আমরা সংবিধান সংশোধন করেছি কিন্তু এত বড় ভাষার প্রশ্ন সেখানে কিছু করে নি। আমরা অত্যন্ত ছোট ব্যাপারে সংবিধান সংশোধন করেছি। বেরুবাড়ী পাকি-স্তানকে হস্তান্তর করার ব্যাপারে আমরা কনস্টিটিউসনএ অ্যামেণ্ড করেছি কিন্তু ভাষার প্রশ্ন হল যার ফলে আজ লক্ষ লক্ষ মানুষের মনে বিক্ষোভ দেখা দিয়েছে সেই বিক্ষোভ থাকা সত্ত্বেও আজ সংবিধান সংশোধন কেন হচ্ছে না এবং অফিসিয়াল ল্যাগুয়েজ হিসাবে ইংরাজীকে কেন রাখা হচ্ছে না তা আমরা বুঝতে পাচ্ছি না।

মি: স্পীকার স্যার, আমি আপনার কাছে নিবেদন করবো যে ইতিমধ্যেই বিভিন্ন জায়গায় সার্কুলার এসে গেছে যে সেণ্ট্রাল গভর্নমেণ্ট এমপ্লয়ী যারা তাদের তিন মাসের মধ্যে হিন্দী পরীক্ষা দিয়ে পাশ করতে হবে। তা না হলে তাদের প্রমোসন হবে না, কনফারমেসন হবে না। সেদিন অর্থাৎ ২৬ তারিখের পর ২৭ তারিখে অর্ডার হোল রেলের রিজারভেসন স্লিপ-এর সমস্তটাতেই হিন্দীতে লেখা হবে। ঐ ২৭ তারিখে ফেয়ারলি প্লেসে হাতাহাতি, মারামারি পর্যন্ত হয়ে গেল এ নিয়ে। আপনি কি পারবেন স্পীকার মহাশয়, আমি তো আমার অক্ষমতা প্রকাশ করছি যে যদি তারা সমস্ত সিটগুলির রিজারভেসন হিন্দীতে লিখে দেওয়া হয় তাহলে আমি পড়তে পারিবো না এবং আমার পক্ষে সম্ভবও নয়। আমাদের কোর্টে দেখছি যে বিহার থেকে যে সমস্ত সমনগুলি রিটার্ন আছে সেই সমস্ত সমন-গুলির পিছনে যে হিন্দী লেখা থাকে—আমরা হিন্দী ভাষাভাষী লোক জোগাড় করেও তা পড়তে পারি নি। আজকে যদি আমরা দেখি পোস্ট অফিসে এবং রেলের রিজারভেসন ব্যাপারে সমস্ত জায়গায় আজকে যদি হিন্দীকে জোর করে লাগিয়ে দেওয়া

হয় তাহলে তার বিরুদ্ধে মানুষের বিক্ষোভ ফেটে পড়া স্বাভাবিক। এবং সেইভাবে বাংলা দেশের আপামর জনসাধারণের মধ্যে সেই বিক্ষোভ আছে। অনেকে হয়তো সেই বিক্ষোভ তাদের মধ্যে থাকা সত্বেও কনসাসনেসকে বিট্রে করে আমাদের যে মনোভাব সেই মনোভাবকে প্রকাশ করতে পারছি না—এটা অত্যন্ত লজ্জার কথা। আমরা তাই আপনার কাছে অনুরোধ করবো যে এখন থেকে পরিস্কারভাবে কেন্দ্রীয় সরকারের কাছে বা কংগ্রেস সরকারের কাছে জানিয়ে দেওয়া চাই যে হিন্দীর বিরুদ্ধে আমাদের মনোভাব নাই। কিন্তু হিন্দী ভাষা আনডেভেলপ এবং ভারতবর্ষের এই ৪০ কোটি নর-নারীর মধ্যে মুষ্টিমেয় লোকে হিন্দী বলে এবং শতকরা ২৫ ভাগ লোকও তাদের মাতৃভাষা হিন্দী নয়। সেই ২৫ এরও কম যাদের মাতৃভাষা—সেই মাতৃভাষাকে আমরা অন্তর দিয়ে গ্রহণ করতে পারছি না, উড়িষ্যা ও আসামের লোক অন্তর দিয়ে গ্রহণ করতে পারছে না। তবে কেন আপনারা সেই ভাষা জোর করে আজকে আমাদের উপর চাপিয়ে দেবার চেষ্টা করবেন? মিঃ স্পীকার মহোদয় ইতিমধ্যে প্রশ্ন উঠেছে—এবং অনেকে বক্তব্যও রেখেছেন যে কেন্দ্রে যে সমস্ত কমপিটিটিভ একজামিনেসন হয় সেখানে এ্যাসোসিয়েট ল্যাংগোয়েজ হিসাবে হিন্দীর পাশাপাশি যদি ইংরাজী রাখা হয় তাহলে হিন্দীভাষীদের সুবিধা করে দেওয়া হবে৷ আমরা জানি বাংলা ভাষা যদি মিডিয়াম হোত এবং বাংলা ভাষায় যদি কমপিটিটিভ পরীক্ষা হোত তাহলে বাংলা দেশের ছেলেরা অনেক সুবিধা পেতো। যদি হিন্দী মাতৃভাষা যাদের যেসমস্ত স্টেটের মাতৃভাষা হিন্দী এবং সেখানে হিন্দী যদি অন্যতম ল্যাঙ্গোয়েজ হিসাবে কমপিটিটিভ পরীক্ষা হয় তাহলে তাদের সুযোগ দেওয়া হয়—তাহলে তারা আমাদের ভারতবর্ষের উপর আধিপত্য দীর্ঘ দিন কায়েম রাখতে পারবে এবং নিজেদের ব্যক্তিগত স্বার্থে এবং সামান্য কয়েকটি সদস্যদের স্বার্থে আজকে সারা ভারতবর্ষের স্বার্থকে পদদলিত করতে এগিয়ে যাচ্ছেন তারা। তাই কমপিটিটিভ একজামিনেসন ব্যাপারে আমি একমত যে শুধু মাত্র ইংরাজী ভাষাকে সেখানে প্রয়োগ করতে হবে। যাতে ইকুয়াল স্ট্যাটাস, ইকুয়াল অপারচুনিটি সেখানে পাওয়া যায়। যদি আজকে সেই ইংরাজী ভাষা ভারতবর্ষের একমাত্র মিডিয়াম হয়ে থাকে তাহলে দক্ষিণাঞ্চল থেকে কাশ্মীর পর্যন্ত এবং আসাম থেকে বম্বে পর্যন্ত সমস্ত জায়গায় ছাত্ররা—অর্থাৎ কমিপিটিটিভ পরীক্ষার্থী যারা তারা এক স্ট্যাটাসএ পরিণত হতে পারবে। কিন্তু সেখানে যদি পাশাপাশি ইংরাজী এবং হিন্দী থাকে তাহলে যারা হিন্দী ভাষাভাষী তাদের অপারচুনিটি দেওয়া হবে। আমরা প্রিমিয়াম দিতে চাই—আমরা চাই সমান অধিকার এবং চাই সমান সুযোগ। এই সমান সুযোগ আমাদের সংবিধান যদি হরণ করে তাহলে সেই সংবিধানকে ভেঙ্গে ফেলে দিয়ে নূতন করে আমাদের অফিসিয়াল ল্যাঙ্গোয়েজ ইংরাজীকে প্রতিষ্ঠিত করতে হবে এবং ততদিন পর্যন্ত রাখতে হবে—যতদিন পর্যন্ত ভারতবর্ষের ৪০ কোটি লোক নিজেরা সানন্দে ইংরাজীকে তাড়িয়ে দিয়ে হিন্দী ভাষাকে অফিসিয়াল ল্যাঙ্গোয়েজ-এ প্রতিষ্ঠিত করতে না পারে। সেইজন্য আমি এর তীব্র প্রতিবাদ জানাচ্ছি যে একমাত্র ঐ হিন্দী ভাষাকে বর্তমানে ভারতবর্ষের অফিসিয়াল ল্যাঙ্গোয়েজ হিসাবে বাংলা দেশে এবং ভারতর্ষের আপামর জনসাধারণের উপর চাপিয়ে দেওয়ার আমরা ঘোর বিরোধী এবং এতে আমাদের খুব অসুবিধার সম্মুখীন করে দেওয়া হয়েছে।

[5-45—6 p.m.]

Shri Jyoti Basu:

স্পীকার মহাশয়, আমি উত্তর দিতে গিয়ে বেশী সময় নেবো না। আমি দু একটা কথা বলবো। প্রথম হচ্ছে যে আমি এখনও মনে করি——কংগ্রেস পক্ষের বক্তৃতা শুনার পরও যে আমাদের দেশে ভাষা নিয়ে যে অনৈক্য দেখা দিয়েছে যে ভয়াবহ অবস্থার সৃষ্টি হয়েছে তার জন্য কংগ্রেস সরকার সম্পূর্ণভাবে দায়ী। দ্বিতীয় কথা হচ্ছে যে ২৬এ জানুয়ারী যা হয়েছে সেটাকে আমরা মেনে নিতে পারি না, মেনে নিতে পারি না বলেই এই প্রস্তাব এখানে আনা হয়েছে যদি মেনে নিতে পারতাম তাহলে দক্ষিণ ভারতে এত বিক্ষোভ হোত না। এবং আমাদের মনেও সংশয় দেখা দিতো না। কিন্তু সংশয় এই জন্য দেখা দিয়েছে যে এই

যদি মানে যদ ২৬এ তারিখে যা হয়েছে কনস্টিটিউসনে যা আছে অর্থাৎ ইংরাজীর বদলে এখন হিন্দী হোল আমি তার বিরুদ্ধে এটা বলতে চাচ্ছি যে এমন কিছু তাহলে আইনতঃ বদলাতে হবে—এমন একটা ব্যবস্থা করতে হবে যাতে হিন্দী যে প্রবেশ করেছে খানিকটা—সে কতটা প্রবেশ করবে না করবে সে পরে দেখবো—কিন্তু ইংরাজী যেমন চলছিল এখনও চলবে। এ্যাসোসিয়েট কথাটা আমি ব্যবহার করেছি—এখানে একটা ভুল বোঝাবুঝি হচ্ছে, হয়তো কথাটা হ্যাপী নয়—কিন্তু এ্যাসোসিয়েট কথাটা এইজন্য বলেছিলাম যে ঐ যে আইনতঃ হয়েছে—হবার পর আমি বলছি যে, যে কোন অফিসার যে কোন কর্মচারী যাঁরা আছেন তাঁরা ইংরাজীকে ইকুয়াল স্ট্যাটাস দেবেন হিন্দী যদি লেখবার দরকারও হয়ে থাকে তাহলে আমি বলছি—আইন যত দিন না বদলাচ্ছে বা সংবিধান যত দিন পরিবর্তন হয় তত দিন এমন একটা ব্যবস্থা করতে হবে যে ইংরাজী সমান স্ট্যাটাস পাবে। তাঁরা ইচ্ছা করলে ইংরাজী লিখতে পারবেন—তাঁদের কেউ বাধ্য করাতে পারবেন না। এখন যদি আইন বদলে সংবিধান পরিবর্তন করে এই অবস্থার যদি পরিবর্তন হয়। এবং সঠিকভাবে যদি বর্ণনা থাকে কোথায় কতটুকু প্রাইমমিনিস্টার বক্তৃতা দিলেন সেই বক্তৃতা ইংরাজী কি হিন্দীতে কোন ভাষায় দেবেন এগুলি পরিষ্কার হয়ে যাওয়া ভাল। সেইজন্য এ্যাসোসিয়েট কথাটা ব্যবহার করেছিলাম। কিন্তু এটার মানে আমি যা বুঝেছি যে আগের মত ইংরাজী চলবে। অথচ হিন্দী একটা চিঠি এখানে বিহারে বা অন্য জায়গায় যাঁরা বোঝেন করস্পণ্ডেন্সের মধ্যে লিখতে পারেন উইথ এ কমপালসারি ইংলিশ ট্রানশ্লেসান। এটা হচ্ছে সব থেকে গুরুত্বপূর্ণ কথা। তৃতীয় কথা হচ্ছে। আমার ওখানে ধারণা ছিল পরিষ্কার কিন্তু সোমনাথ বাবু যেটা বলেছেন সেটা আরও পরিষ্কার করে দিয়েছেন—সেটা হচ্ছে এটা যদি কেউ বুঝে থাকেন—আমি জানি না সেণ্ট্রাল গভর্নমেণ্ট করেছেন কিনা—যে পাবলিক সার্ভিস কমিশনের পরীক্ষা কোন ভাষায় হবে. এটা কি সেণ্ট্রাল গভর্নমেণ্ট ঠিক করেছেন যে হিন্দী ভাষায় হবে। আমি যেটা বলতে চাচ্ছি সেটা হচ্ছে হিন্দী ভাষাতে হবে না। কারণ যে দিন হিন্দী ভাষায় হবে সেদিন বাংলা ভাষায় তামিল, উড়িয়া ভাষায় হবে—অসমীয়া ভাষায় হবে সব ভাষায় হবে। আমি বলতে চাচ্ছি যে ইংরাজীতে চলবে। হিন্দী আনলে পাবলিক সার্ভিস একজামিনেসনে গোলমাল হবে এটা আনা উচিত নয়। পরবর্তী কালে কি হবে আমাদের কি লক্ষ্য সেটা আলাদা কথা। সেটা এখন আসছে না। এখানে শ্রীচন্দ্র যে সংশোধনী এনেছেন আমারটা এদিক ওদিক করে আমার সেখানে মনে হচ্ছিল যে সোমনাথবাবুর এ্যামেণ্ডমেণ্টটা যদি নিয়ে নেওয়া হোত পরিষ্কার জিনিসটা যে অনলি ল্যাঙ্গোয়েজ যেটায় নাকি এখন পরীক্ষা ইত্যাদি হবে—তাহলে ভাল হোত—আর ঐ যে এ্যাডভাইজেবিলিটি আমি জানি না এ্যাডভাইজেবিলিটি অফ দি পার্টি অফ অল ন্যাশনাল ল্যাংগোয়েজস। এটা কেন—এ্যাডভাইজেবিলিটি কিছু নেই। আমরা তো দেখছি কি হচ্ছে—পার্লামেণ্টে কি প্রতাপ বাবু যান নি—সেখানে মাতৃভাষা বলতে পাবে—উনি কি যান নি সেখানে নিজের ভাষায় ট্রানস্লেশন হয় যেমন এখানে অনেকে আছেন তেমন পার্লামেণ্টেও আছেন যাঁরা ইংরাজীও বোঝেন না হিন্দীও জানেন না তাঁদের চুপ করে বসে থাকতে হবে—এই অবস্থার মধ্যে কাটিয়েছেন ১৭ বছর—এখন বদলানো দরকার। সেজন্য আমি আগেই বলেছি যে যন্ত্রপাতি আছে বিশেষ অসুবিধা নেই—অনেক ইণ্টারন্যাশনাল কনফারেন্সে দেখেছি কোন অসুবিধা হয় না—সেখানে অসংখ্য রকম ভাষা থাকে—একসঙ্গে বসেন শুনেন এই জিনিস হয়। কাজেই এই হচ্ছে অবস্থা। আর সব থেকে ভাল হোত এখন সময় খুব কম কিন্তু যদি বসে এটা করে নিতে পারতেন তাহলে আরও পরিষ্কার হয়ে যেতো—কারণ এই সমস্ত জিনিসগুলি পরিষ্কার করে যাওয়া ভাল—কারণ এটা যখন সেণ্ট্রাল গভর্ণমেণ্টের কাছে পাঠাবার কথা বলছি তখন আপনি যদি ১০ মিনিট সময় দেন তাহলে ভাল হয়।

Mr. Speaker: I will now put to vote the amendments which have been moved.

Shri Hemanta Kumar Basu:
মাননীয় স্পীকার মহাশয়, এই সমস্ত রিজোলিউসন-এর ব্যাপারে সমস্ত বিভিন্ন অ্যামেণ্ডমেণ্ট সম্বন্ধে কথা বার্তা বলে যাতে আননিমিটি হয়, সেটা হওয়া উচিত এবং আপনি সেই জন্য ১০ মিনিট সময় দেবেন।

Mr. Speaker:

সেটা আমি দিতে পারি যদি ডা: চন্দ্র বলেন, উনি কনসিডার করবেন, তাহলে দিতে পারি।

Dr. Pratap Chandra Chunder:

মাননীয় স্পীকার মহাশয়, বলতে পারি, আমার কোন আপত্তি নেই।

Mr. Speaker: All right the House is adjourned for ten minutes.

[At this stage the House was adjourned for 10 minutes]

[After adjournment]

6—6-10 p.m.]

Shri Jyoti Basu:

মাননীয় স্পীকার মহাশয়, আপনি এসে গিয়েছেন, কিন্তু যার জন্য আমরা মুলতুবী করলাম তারা এখনও ফিরে আসেন নি।

Mr. Speaker: They should have been here in time. I again adjourn the House for ten minutes.

[At this stage the House was again adjourned for 10 minutes]

[After adjournment]

6-10—6-19 p.m.]

Dr. Pratap Chandra Chunder:

মাননীয় স্পীকার মহাশয়, আপনি যে আমাদের একমত হবার সুযোগ দিয়েছেন তার জন্য আপনাকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। আমি যে সংশোধনী প্রস্তাব এখানে উপস্থিত করেছি, আপনার বিশেষ অনুমতি চাচ্ছি, তার শেষ অনুচ্ছেদে কিছু পরিবর্তন করার জন্য এবং সেই পরিবর্তন হলে, আমি আশা করবো মাননীয় জ্যোতিবাবু এই সংশোধনী প্রস্তাবটা গ্রহণ করতে পারেন সেটা আমি পড়ে দিচ্ছি,

Mr. Speaker, Sir, with your permission I beg to move that for the last paragraph of my amendment (No. 10) the following may be substituted:—

"That the Government of India be requested to consider the introduction of the parity of all national languages in Parliament, Central Administration and All India Examinations".

আমি এটাই পরিবর্তনের জন্য আপনার অনুমতি চাইছি।

Mr. Speaker: May I take it that this amendment is accepted by all?

(Pause)

[The Motion was agreed to.]

Shri Jyoti Basu:

মাননীয় স্পীকার মহাশয়, আর একটি হচ্ছে যে, ঐ যে থ্রি ল্যাংগোয়েজ ফর্মুলা শম্ভুবাবু যা এনেছেন, আর সোমনাথবাবু একই জিনিষ আর একটু ক্ল্যারিফাই করে রেখেছেন, সেটা অবশ্য এটার ভেতর

সেই, উনি যেটা এনেছেন। তবে উনি এখন যেটা বললেন, ওনার অ্যামেণ্ডমেণ্টএর মধ্যে,যেটা অ্যামেণ্ড করলেন, সেটা আমি মেনে নিচ্ছি। কিন্তু ওটার ওপরও একটু ওপিনিয়নটা চাই।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় স্পীকার মহাশয়, আমি যে অ্যামেণ্ডমেণ্ট দিয়েছিলাম, সেটা উইথড্র করে নিচ্ছি।

Shri Sambhu Charan Ghosh:

মাননীয় স্পীকার মহাশয়, আমার অ্যামেণ্ডমেণ্ট সকলে যদি একমত হন, তাহলে উইথড্র করতে আপত্তি নেই, তবে আমি ডাক্তার চন্দ্রকে অনুরোধ জানাবো যে, যে প্রশ্নটা জ্যোতিবাবু রেখেছেন, থ্রি ল্যাংগোয়েজ ফর্মুলা সেটা আমার কথা নয়, এটা কেন্দ্রীয় সরকারের একটা নীতি। এটা যদি গ্রহণ করে নেন, তাহলে আপত্তি নেই, অবশ্য তাতে যদি অসুবিধা থাকে, আমি উইথড্র করে নিচ্ছি।

Shri Nani Bhattacharya:

মাননীয় স্পীকার মহাশয়, আমার অ্যামেণ্ডমেণ্ট আমি উইথড্র করে নিচ্ছি।

Mr. Speaker: May I take it that all the other amendments are withdrawn?

[All the other amendments were then withdrawn by leave of the House.]

The motion of Shri Sambhu Charan Ghosh that in paragraph 3, in lines 2-3, for the words "Central Public Service Commission examinations", the words "all central competitive examinations including Union Public Service Commission examinations" be substituted, was then withdrawn by leave of the House.

The motion of Shri Sambhu Charan Ghosh that—

(i) in paragraph 3, line 3, the word "and" be omitted.

(ii) in paragraph 4, line 2, for the word "recognised" at the end, the words "recognised; and" be added.

(iii) after paragraph 4, the following new paragraph be added:

"That it must be imperative for all the States to accept the three language formula".

was then withdrawn by leave of the House.

The motion of Shri Nani Bhattacharjee that in paragraph 1, line 3, after the words "non-Hindi speaking people", the words "as is being done by the party in power to disrupt the toiling peoples' unity throughout the country" be inserted,

was then withdrawn by leave of the House.

The motion of Shri Sailendra Nath Adhikary that—

(i) in paragraph 1, line 3, after the words "on non-Hindi speaking people" the words "without having their consent" be added.

(ii) after paragraph 4, the following new paragraph be added:—

"That arbitrary imposition of Hindi on non-Hindi speaking people may invite, in future, mass resentment which may hamper National Integration",

was then withdrawn by leave of the House.

The motion of Shri Birendra Narayan Ray that—

(i) in paragraph 1, line 3, after the words "non-Hindi speaking people" the words "as it is being done by the brute majority of the party in power" be added.

(ii) in paragraph 2, line 3, after the words "This change at the Centre should" the words "go very slow and" be inserted.

(iii) in paragraph 3, line 1, the words "in the intervening period" be deleted, was then withdrawn by leave of the House.

The motion of Shri Somnath Lahiri that—

(i) in paragraph 2, line 2, after the words "State level", the words "both as the official language of the State and the medium of all instruction" be inserted.

(ii) in paragraph 2, line 3, for the words "as administrative language" the following be substituted:

"as the medium of communication between different State Governments and between the Centre and the State Governments".

(iii) in paragraph 3, line 2, for the words "be used" the following be substituted:

"it shall be the only language to be used for Central Public Service Examinations till such time as all the languages enlisted in Schedule VIII of the Constitution may replace English for this purpose".

(iv) at the end of paragraph 3, the word "and" be omitted and after that the following new paragraphs be inserted:

"That in Parliament and State Legislatures a member will have the right to use his mother tongue and that simultaneous translation of parliamentary proceedings will be provided for in all State languages. Further that all bills, laws, decrees, proclamations, etc., will be published in all the State languages."

"That the three-language formula for education, in the intervening period, should be applied in such a way that while non-Hindi speaking students will learn their mother tongue, Hindi and English, Hindi-speaking students will learn English, Hindi and another modern Indian Language; and"

was then withdrawn by leave of the House.

The motion of Shri Gopal Banerjee that the last paragraph be omitted, was then withdrawn by leave of the House.

The motion of Shri Anadi Das that in paragraph 2, line 4, after the word "regions" the words "and should not take place before the regional languages have been firmly established in their respective States" be inserted, was then withdrawn by leave of the House.

The motion of Dr. Pratap Chandra Chunder as amended that in paragraphs 1-4, for the words beginning with "That whilst it is proper" and ending with the words "must be recognised" the following be inserted, namely :—

"That whilst it is proper to encourage the study of Hindi which is our national language and which will ultimately emerge as a language of communication between people of different States, English should continue to be used until people in the non-Hindi speaking areas were ready for the necessary change-over;

That the recommendation of the Chief Ministers' Conference held in New Delhi in December, 1964, to the effect that no ban should be imposed on the use of English for purpose of communication with the Centre or between one State and another in view of the Official Languages Act passed by the Parliament in 1963, should be adhered to;

That in the intervening period, English must continue as an associate administrative language and be used for Central Public Service Commission Examinations; and

That the Government of India be requested to consider the introduction of the parity of all national languages in Parliament, Central Administration and All-India Examinations.

was then put and agreed to.

The motion of Shri Jyoti Basu, as amended by the motion of Dr. Pratap Chandra Chunder,

That this Assembly is of the opinion—

"That whilst it is proper to encourage the study of Hindi which is our national language and which will ultimately emerge as a language of communication between people of different States. English should continue to be used until people in the non-Hindi speaking areas were ready from the necessary change-over.

That the recommendation of the Chief Ministers' Conference held in New Delhi in December, 1964, to the effect that no ban should be inposed on the use of English for purpose of communication with the Centre or between one State and another in view of the Official Languages Act passed by the Parliament in 1963, should be adhered to.

That in the intervening period, English must continue as a associate administrative language and be used for Central Public Service Commission Examination, and

That the Government of India be requested to consider the introduction of the parity of all national languages in Parliament, Central Administration and All-India Examinations.

was then put and agreed to.

Mr. Speaker: The motion is passed unanimously.

Adjournment

The House was then adjourned at 6-19 p.m. till 1 p.m. on Friday, the 12th February, 1965, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Friday, the 12th February, 1965, at 1 p.m.

Present:

Mr. Speaker (Shri Keshab Chandra Basu) in the Chair, 7 Ministers, 4 Ministers of State and 174 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[1—1-10 p.m.]

Calcutta Electric Supply Corporation Ltd.

*41. (Admitted question No. *93.) **Shri Somnath Lahiri:** (a) Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state whether the terms and conditions under which the Calcutta Electric Supply Corporation Ltd., transacts business allow any option to the West Bengal Government to take over the Corporation at a future date?

(b) If the reply to (a) be in the affirmative, will the Minister be pleased to state—

(i) whether the Government propose to exercise such option, and, if so, when; and

(ii) what are the terms and conditions under which the option can be exercised?

Shri Ardhendu Shekhar Naskar: (a) Yes, if the West Bengal State Electricity Board does not elect to exercise such option.

(b) (i) No decision in this respect has been taken yet.

(ii) The terms and conditions under clause 10 of the Calcutta and District Consolidated Electric Licence, 1946, under which the option can be exercised are set out in Annexure 'A'.

Annexure referred to in clause (b)(ii) in reply to starred question No. 41.

ANNEXURE 'A'

The Calcutta and District Consolidated Electric License, 1946.

Clause 10—Purchase of the undertaking—

(1) The option of purchase given by section 7 of the Act shall be exercisable on the 1st day of January, 1950, and thereafter at the end of every subsequent period of twenty years during the subsistence of this license.

(2) The purchase price payable on the exercise of the said option of purchase in 1970 or subsequently shall be—

(a) The net expenditure on the capital account of the licensees in respect of lands, buildings, works, machinery, mains, apparatus, appliances, fixtures, furniture, vehicles and other like property (including serviceable stand by plant) owned and used by the licensees for the purposes of the Undertaking less the total depreciation thereon calculated by applying each year the following rates on the original cost:—

	Per cent.
Plant and machinery (including foundations) ...	5
Boilers	6
Transformers	2½
Switchgear	5
Underground cable	3
Overhead Lines	4
Services	3
Buildings	2
Tunnel	2
Motor Cars	15
Office furniture and equipment	10
Physical assets not otherwise provided for unless a special rate is agreed with the Provincial Government, and	5

(b) the value of the stores, spare parts and loose tools in the use or available and suitable for use at the date of purchase for the purposes of the undertaking at such price as may be agreed, or, failing agreement, as may be determined by arbitration.

(3) In accordance with clause (d) (ii) of sub-section (2) of section 3 of the Act, it is hereby declared that all generating stations in the area of supply owned by the licensees shall form part of the undertaking for the purpose of purchase under section 5 or section 7 of the Act.

Shri Somnath Lahiri:

আপনার তাড়াতাড়ি পড়া থেকে এইটুকু বুঝলাম যে ১৯৭০-তে অপশান্ এক্সারসাইজ করা যেতে পারে—এই তো?

Shri Ardhendu Shekhar Naskar:

তা নয়—১৯৬৯-এর এণ্ড-এ, শেষ দিকে।

Shri Somnath Lahiri:

ঐ হলো; তখন গভর্নমেন্ট এ বিষয়ে তাঁদের অপশান্ এক্সারসাইজ করার কথা বিবেচনা করবেন কী?

Shri Ardhendu Shekhar Naskar:

এখনো সে রকম কোন সময় আসেনি, ওঁদের সংগে আমাদের যে টারমস্ এ্যাণ্ড কণ্ডিসান্স আছে, তার কোন ব্রীচ এখনো হয়নি বলে এখন সেটা বিবেচনা করতে পারছি না।

Jaldhaka Project

***42.** (Admitted question No. *104.) **Shri Kashi Kanta Maitra:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) what was the original estimated cost of Jaldhaka Project and what is the revised estimate;

(b) at what stage of construction is the Jaldhaka Project now and when it is likely to be completed;

(c) who is the contractor and what were the terms stipulated in contract regarding the period within which the Project work to be completed; and

(d) if the work is progressing in accordance with terms provided for in the contract regarding time element?

Shri Ardhendu Shekhar Naskar:
ওটা হেন্ড ওভার করবার জন্য মাননীয় অধ্যক্ষ মহাশয়কে চিঠি দিয়েছি।

Mr. Speaker: It will be taken up on the next rotational day.

Rules for giving loans to Co-operative Societies

***43.** (Admitted question No. *114.) **Dr. Narayan Chandra Roy:** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) সমবায় সমিতিগুলিকে ঋণদান সংক্রান্ত নিয়মকানুনের সম্প্রতি কোন পরিবর্তন করা হইয়াছে কি না;

(খ) পরিবর্তন করা হইয়া থাকিলে কি কি পরিবর্তন হইয়াছে; এবং

(গ) এই প্রসঙ্গে সমবায় সংক্রান্ত সম্মেলন ও সেমিনারগুলির সুপারিশগুলি বিবেচনা করা হইয়াছে কি না?

Shri Tenzing Wangdi:

(ক) সম্প্রতি কোন পরিবর্তন করা হয় নাই।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) সমবায় সমিতি সমূহের নিবন্ধক মহাশয় সুপারিশগুলি পরীক্ষা করিয়া সরকারের নিকট পেশ করিলে সরকার তাহা বিবেচনা করিয়া থাকেন।

Dr. Narayan Chandra Roy: Is it necessary that all seminars should send their recommendations to the department? Is not the department represented in the seminars?

Shri Tenzing Wangdi: The question put by the honourable member was whether the recommendations made in any seminar are given due consideration and in reply I have given that.

Dr. Narayan Chandra Roy: Mr. Speaker, Sir, the Hon'ble Minister is new to the department—he does not know that there have been many seminars held and in all the seminars the department is represented. automatically all the recommendations come to the department. If the department chooses not to hear the recommendations then the seminars are useless.

Shri Tenzing Wangdi: It is not necessary that every recommendation should be accepted.

Shri Sailendra Nath Adhikary: Will the Hon'ble Minister state that if the recommendations of the seminars are not mandatory on the part of the Government then why are these seminars held after incurring so much cost?

Shri Tenzing Wangdi: It is not necessary for me to inform the House that these seminars held to discuss various problems concerning Co-operative Department.

Rules for giving loans to Co-operative Socities

***44.** (Admitted question No. *120.) **Shri Amarendra Nath Basu:**

সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) সরকার কর্তৃক নির্ধারিত সমবায় সমিতিকে ঋণদান নীতি বর্তমানে কি;

(খ) মূলধনের উপর ১০ গুণের চেয়ে বেশি টাকা প্রয়োজন হলে সেই ঋণ দেবার বর্তমান নিয়ম কি;

(গ) কোন সমিতির মূলধন পর্যাপ্ত না হলে কিভাবে সিকিউরিটি নেওয়া হয়;

(ঘ) কোন্ কোন্ সমিতির কাছে ঐরূপ জামানত নেওয়া হয় নি এবং কি কারণে তাহা করা হইয়াছে; এবং

(ঙ) মূলধন বাড়িবার পর এবং পর্যাপ্ত পরিমাণের সীমা স্পর্শ করিবার পর জামানত ফেরত দেবার সরকারের নিয়ম কি?

Shri Tenzing Wangdi:

(ক) সরকার সমবায় সমিতিকে বিভিন্ন উদ্দেশ্যে ঋণ দিয়া থাকেন, যেমন (১) গুদামঘর তৈয়ারী, (২) পরিসম্পত সৃষ্টি, (৩) যে সকল ক্ষেত্রে সমিতি অর্থাভাবে কাজ করিতে অক্ষম সে সকল ক্ষেত্রে তাহাদিগকে কার্যকরী মূলধন যোগান ইত্যাদি সাধারণতঃ উপস্থিত পরিসম্পত বা ঋণ পাইয়া সমিতি যে পরিসম্পত সৃষ্টি করিবে তাহার জামানতে এই ঋণ দেওয়া হয় এবং এই ঋণ পরিশোধ না হওয়া পর্যন্ত এই জামানত ফেরৎ দেওয়া হয় না।

(খ) ১৯৪২ সালের সমবায় সমিতি সমূহের নিয়মাবলীর ৬৮ ও ৭৬ নিয়মে ইহা বর্ণিত হইয়াছে। নিয়মাবলীর নকল টেবিলে সংস্থাপিত করা হইল।

(গ) সমিতির মূলধন পর্যাপ্ত না হইলে উপযুক্ত পরিমাণে ব্যক্তিগত জামানত সরকার বিবেচনা করিলে লইতে পারেন।

(ঘ) কোন্ সমিতির কাছে এইরূপ জামানত নেওয়া হয়নি তাহা প্রশ্নে উল্লিখিত হইলে কি কারণে তাহা করা হয় নাই বলা সম্ভব।

(ঙ) সুদ সমেত ঋণ পরিশোধ না হইলে জামানত ফেরৎ দেওয়া হয় না।

Copy of rule referred to n clause (Kha) in reply to starred question No. 44.

Copy of Rule 68 of Bengal Co-operative Societies Rules, 1942.

68. No society with limited liability shall by accepting deposit or loans or in any other way incur liabilities exceeding ten times the sum of the paid up share capital and the reserve fund for the time being separately invested outside the business of the society;

Provided that—

(a) a central land mortgage bank, or the provincial bank, or a central bank for the purpose of financing land mortgage banks, or a land mortgage bank for the purpose of financing its members, may incur liabilities by floating debentures, accepting deposits or in any other way to the extent of twenty times the value of paid up share capital and the reserve fund for the time being separately invested;

(b) with the permission of the Registrar and under such conditions as he may impose an agricultural society or a financing bank may incur liabilities for the purpose of advancing loans to members for production of crops and for financing the disposal of produce repayable within a period of twelve months irrespective of the amount of its paid up share capital or reserve fund separately invested outside the business;

(bb) "with the permission of the Registrar and under such conditions as he may impose, the Central Land Mortgage Bank, or the Provincial Bank or a Central Bank, or a Central or a Primary Society may incur liabilities irrespective of the amount of its paid-up share capital and reserve fund separately invested outside the business for the purpose of carrying on by itself or for the purpose of providing loans for carrying on by its members, the production, marketing and processing of any agricultural or industrial commodity".

(c) with the permission of Registrar and under such conditions as he may impose a co-operative society may incur liabilities by way of loan or deposits from another co-operative society re-payable within a period of twelve months irrespective of the amount of its paid up share capital and reserve fund separately invested, if such liabilities are incurred on pledge or hypothecation of marketable security or goods or both and the amount of such liabilities does not exceed 80 per cent. of the market value of such security or goods or both offered for pledge or hypothecation;

(d) with the permission of the Registrar and under such conditions as he may impose, a Co-operative Society composed solely of displaced persons and recommended by the Refugee Rehabilitation Commissioner, West Bengal, may incur liabilities irrespective of its paid up share capital and reserve fund separately invested.

Explanation—In this rule and in rule 76, the expression "displaced person" means a person who having been ordinarily resident in the territories which are included in the Dominion of Pakistan or were immediately before the commencement of the Constitution of India, included in an Indian State not being an Acceding State—

(i) has, on or after the 1st June, 1947, arrived at any place in West Bengal on account of the partition of India or of civil disturbances at the place of his former residence;

(ii) intends to take up his permanent residence in West Bengal;

(iii) satisfies such other requirements as may, from time to time, be prescribed by the Refugee, Relief and Rehabilitation Department of the Government of West Bengal:

Provided that in the case of persons ordinarily resident in the districts of Noakhali and Tippera forming part of the Dominion of Pakistan, the above reference to the 1st June, 1947, shall be construed as a reference to the 31st October, 1946.

68A. The Provisions of rule 68 shall not apply to the Kalimpong Industrial Co-operative Society Limited, for the period from the date of final publication of this rule to the 31st March, 1955.

Copy of Rule 76 of Bengal Co-operative Societies Rules, 1942.

76. In any co-operative society in which the liability of the members is limited by shares no loan shall be granted to a member exceeding ten times the amount of share capital paid up by him:

Provided that—

(a) a central co-operative land mortgage bank, the provincial bank or central bank may grant loans to a co-operative land mortgage bank up to twenty times the amount of share capital paid up by the land mortgage bank;

(b) a land mortgage bank may grant loans to its members up to twenty times the amount of share capital paid up by a member;

(c) the provincial bank may advance loans to a society enaged in the purchase or production and disposal of goods of its members in excess of ten times the share capital paid up by such society;

(cc) with permission of the Registrar and under such conditions as he may impose, the Provincial Bank or any other financing bank may grant loans to its members societies up to twenty times the amount of share capital paid up by the member societies.

(d) with the permission of the Registrar and under such conditions as he may impose, an agricultural society may grant loans to its members repayable within a period of twelve months for facilitating the production or disposal of crop, irrespective of the amount of the share capital paid up by such member;

(e) with the permission of the Registrar and under such conditions as he may impose, the provincial bank or any other financial co-operative bank may grant loans to its members against pledge or hypothecation of marketable security or goods or both up to a maximum limit of 80 per cent. of the market value of such security or goods or both irrespective of the amount of share capital paid up by such members.

(f) with the permission of the Registrar and under such conditions as he may impose, a Co-operative Society composed solely of displaced persons and recommended by the Refugee, Relief and Rehabilitation Commissioner, West Bengal, may grant loans to its members irrespective of the amount of Share Capital paid up by such members.

76A. The provisions of rule 76 shall not apply to the West Bengal Provincial Co-operative Bank Limited, and the Darjeeling Co-operative Banking Union Limited, for a period of four years from the 1st April, 1955, so far as such provisions relate to the grant of loans by the West Bengal Provincial Co-operative Bank Limited, to the Darjeeling Co-operative Banking Union Limited, and by the Darjeeling Co-operative Banking Union Limited, to its members, being primary agricultural societies to enable such societies to issue loans to their members for production of crops and disposal of produce:

Provided that all such loans shall be issued in accordance with the directions given by the State Government in this behalf and shall be repayable within a period of twelve months from their respective dates of issue.

The provisions of clause (a) of sub-section (1) of section 39 of the Bengal o-operative Societies Act, 1940 (Bengal Act XXI of 1940), shall apply to ie West Bengal Provincial Co-operative Bank Limited (hereinafter referred) as the said society) to the extent that the said society may make loans any person other than a member on the security of such person's fixed eposit in the said society to such extent, not exceeding seventy-five per ent. of the total amount of such fixed deposit as may be determined by the egistrar.

[-10—1-20 p.m.]

Shri Amarendra Nath Basu:
ন্ত্রীমহাশয় জানাবেন কি, মূলধন বাড়ার পর এবং পর্যাপ্ত পরিমাণ সীমা স্পর্শ করবার পর জামানত ফেরৎ দেবার নিয়ম কি? বিশেষ কোন নিয়ম আছে কি? যদি মূলধন বেড়ে যায় তাহলে জামানত ফেরৎ দেবেন কিনা?

Shri Tenzing Wangdi:
আমি উত্তরে বলেছি সুদ সমেত ঋণ পরিশোধ না হলে জামানত ফেরৎ দেওয়া হবে না।

Dr. Narayan Chandra Roy :
াননীয় স্পীকার মহাশয়, উনি বাংলায় যেটা বলেছেন সেটা আমি বুঝলাম না বলে আপনার াছে কোশ্চেন কংক্রিটলী পুট করছি এবং আপনি এ্যানসারগুলো কনভে করুন। ১০ গুণ না লে কোন সমিতির ঋণ পেতে গেলে জামানত দিতে হয়। ৭৬(এ) বলে যেটা উনি বলেছেন াতে দেড় পাতা পড়েছেন—রেলেভেন্ট পোর্সন-টুকু পড়ে দিন। দ্বিতীয় নম্বর প্রশ্ন হচ্ছে কা-অপারেটিভ-কে যে টাকা দেওয়া হচ্ছে সেটা সুদ সমেত ফেরৎ না দিলে জামানত ফেরৎ দেওয়া হবে না এটা কোন্ আইনে আছে?

Shri Tenzing Wangdi: With your permission, Sir, I am glad to read ule 76 which is a pretty lengthy one. Rule 76 runs thus:

(a) A central co-operative land mortgage bank, a provincial bank or a central bank may grant loans to a co-operative land mortgage bank up to twenty times the amount of share capital paid up by the land mortgage bank;

(b) A land mortgage bank may grant loans to its members up to twenty times the amount of share capital paid up by a member;

(c) A provincial bank may advance loans to a society engaged in the purchase or production and disposal of goods of its members in excess of ten times the share capital paid up by such society;

(cc) With permission of the Registrar under such conditions as he may impose, the provincial bank or any other financing bank may grant loans to its member-societies up to twenty times the amount of share capital paid up by the member-societies;

(d) With the permission of the Registrar under such conditions as he may impose, an agricultural society may grant loans to its members repayable within a period of twelve months for facilitating the production or disposal of crop, irrespective of the amount of the share capital paid up by such member.

Dr. Narayan Chandra Roy:

মার একটা প্রশ্ন হচ্ছে রিকুইজিট ডিপোজিট রিচ করবার পর সুদ সমেত ফেরত না দিলে জামানত ফেরত দেওয়া হবেনা এই কথা উনি যে এ্যাসেম্বলী হলে—অন দি এ্যাসেম্বলী হল বললেন সেটা কোন সেকসনে আছে?

Shri Tenzing Wangdi: As far as the Act and the rules go, security once given cannot be refunded. Security is deposited before a magistrate in a law-court and it is common sense that security cannot be refunded.

Dr. Narayan Chandra Roy: Sir, I would like you to note the answer. This is an important matter which will be discussed in the budget also. The concrete question that I again drive at is this. Supposing some poor people from co-operative; how can the co-operative ask somebody else to furnish security for the loan?

তিনি বলেছেন কো-অপারেটিভকে ইন্ডিভিজুয়েল মেম্বারকে ঋণ দিতে গেলে কো-অপারেটিভের ডিপোজিট যদি টেন টাইমসের বেশী হয়, আমি জিজ্ঞাসা করছি

if the co-operative wants loan from the Government.

ডিপোজিট যদি টেন টাইমসের বেশী হয় তাহলে প্রাইভেট পার্সন্স-এর জামানত চাওয়া হবে এটা কোন সেকশনে আছে? আর রিটার্ণের সময় টেন পার্সেন্ট রীচ করলেও যতক্ষণ সুদ সমেত ফেরৎ দেওয়া হবেনা এটাই বা কোন্ সেকশনে আছে।

Shri Tenzing Wangdi:

If the honourable members put an explicit question, I may give an answer

Dr. Narayan Chandra Roy:

My question is simple. If the answer to that is this:

এখানে লেখা আছে মূলধন বাড়বার পর এবং পর্যাপ্ত পরিমাণের সীমা স্পর্শ করবার পর জামানত ফেরৎ দেবার সরকারের নিয়ম কি?

then it is a dangerous thing. It is a declaration of Government policy.

সুদ সমেত ফেরৎ না দিলে ফেরৎ দেওয়া হবেনা।

Shri Nikhil Das:

মূলধনের উপর ১০ গুনের বেশী চাওয়া হলে সেই ঋণ দেবার নিয়ম কি? উনি বলছেন জামানত দিতে হবে, সিকিউরিটি দিতে হবে, আমার প্রশ্ন হচ্ছে মূলধন যদি বেড়ে যায়, ১০ গুণ থাকে, পর্যাপ্ত থাকে, জামানত ফেরৎ দেবার নিয়ম কি? মূলধন যখন বেড়ে গেল পর্যাপ্ত পরিমাণ হল তখন জামানত ফেরৎ দিতে অসুবিধা কি?

Shri Tenzing Wangdi: I could not follow the question.

Shri Monoranjan Roy: Exactly this question has been put to you in writing.

Shri Tenzing Wangdi: Does the question you put come under admitted question No. 120 or 118? Am I to give answer to question No. 118?

Shri Somnath Lahiri: It is admitted question No. 120, last part of the question, which says, if a co-operative society asks for more than ten times its capital as loan, a security is demanded; now, subsequently, if the capital of the Co-operative increases, that is, the loan no longer remains 10 times of the capital but less than that, would the security be retained in that case? What is the rule?

Shri Tenzing Wangdi: I have given a clear answer. Unless the loan is repaid with interest, security cannot be released.

[1-20—1-30 p.m.]

Shri Nikhil Das: Sir, the question is simple. One co-operative has a share capital of Rs. 900. That co-operative wants a loan for Rs. 10,000. It means more than ten times the share capital. Then he will have to give similar security. The question is whether the security will be refunded. That is the simple question.

Shri Tenzing Wangdi: Sir, I have given the answer which is based on existing law. I am not in a position to say anything more.

Shri Aswini Roy:

আমার আর একটা প্রশ্ন হচ্ছে যে,

Mr. Speaker: I think it will be better if this question is taken up on the next rotational day. I hope he will be able to give a clear answer on the next ratational day.

Shri Tenzing Wangdi: I would request the honourable members to put questions more specifically. If they put questions specifically, then I would try to give answers as far as possible.

Rural Industrialisation

***45.** (Admitted question No. *133.) **Shri Sanat Kumar Raha:** Will the Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department be pleased to state—

(a) whether State Government has any plan for rural industrialisation;

(b) whether any agro-industrial corporation has been established in this State; and

(c) if so, (i) where this agro-industrial corporation has been established and (ii) who are the members of this Corporation?

Shri Ardhendu Shekhar Naskar: (a) Yes.

(b) No.

(c) Does not arise.

Shri Sanat Kumar Raha:

আপনি প্রথম প্রশ্নের উত্তরে "ইয়েস্" বলেছেন অর্থাৎ সরকারের প্ল্যান আছে। কিন্তু কি ধরণের প্ল্যান আছে এবং তার ডিটেল আউটলাইন আছে কি?

Shri Ardhendu Shekhar Naskar:

আমরা দার্জিলিং, বারাসত ও তমলুকে ৩টা স্কীম গ্রহণ করেছি, আর সেটা হচ্ছে entirely financed by the Planning Commission.

Shri Sanat Kumar Raha:

আপনারা ৩টা এলাকার জন্য ৩টা স্কীম নিয়েছেন। কিন্তু সেটা কি ধরণের শিল্প হবে, কত ওয়ারকার্স নেওয়া হবে, কত লোককে প্রোভাইড্ করতে পারবেন এসব বিষয়ে সরকার চিন্তা করেছেন কিনা?

Shri Ardhendu Shekhar Naskar:

এত ডিটেলস্ বলা সম্ভব নয়, তবে সাপ্লিমেন্টারী-র জন্য আমরা বলতে পারি যে ট্রেনিং স্কীম-এর জন্য ১ লক্ষ ৫৯ হাজার ধরা আছে, কমন সার্ভিস ফেসিলিটিস-এর জন্য ৩১ হাজার ধরা আছে, আদার ডেভেলপমেন্ট-এর জন্য ১৪ হাজার টাকা এবং লোন অলট্‌মেন্টের ৩ লক্ষ ১ হাজার টাকা।

Shri Sanat Kumar Raha:

পল্লী জীবনকে উন্নত করার জন্য সরকারের কোন কম্প্রীহেনসিভ্ স্কীম আছে কিনা এবং তা থাকলে তার কোন নীতি, লক্ষ ঠিক করা হয়েছে কিনা?

Shri Ardhendu Shekhar Naskar:

আমার কাছে যেটুকুন ইনফরমেসন আছে সেটুকুন পড়ে দিচ্ছি

Besides the normal programme undertaken under the different State Development Schemes (Plan or non-Plan) a centrally sponsored scheme for development of small industries in rural area has been undertaken in the State from 1962 and 1963. This has been started as a Pilot Scheme for the present. The scheme is entirely financed by the Planning Commision, Government of India.

Shri Sanat Kumar Raha:

গতবার আমাদের অর্থ মন্ত্রী জানিয়েছিলেন যে আমাদের এখানে শিল্প বিস্তারের জন্য আমরা বাংলাদেশের ক্যাবিনেট থেকে ঠিক করব—একটা ইণ্ডাস্ট্রিয়াল এক্সপ্যানসান হবে। তারপর এক বছর পরে আমরা এই রকম ধরণের প্রশ্ন তুলেছি—হালে কংগ্রেস থেকেও বলা হচ্ছে অ্যাগ্রো-ইণ্ডাস্ট্রিয়াল করপোরেশন গঠন করা হবে। আমরা জানতে চাই এক বছরের মধ্যে শিল্প বিস্তৃতি বা সম্প্রসারণের জন্য ক্যাবিনেট কোন আলোচনা করেছেন কি না?

Shri Ardhendu Shekhar Naskar:

এ সম্বন্ধে প্ল্যানিং কমিশন বিবেচনা করছেন।

Shri Nani Bhattacharjee

এরূপ কোন চিন্তা করেছেন কিনা বা এরূপ কোন স্কীম আছে কিনা?

Shri Ardhendu Shekhar Naskar:

আমার কাছে যেটা আছে সেটা আমি বলছি।

Shri Nani Bhattacharjee

আপনি বললেন ৩টা জায়গায় রুরাল ইণ্ডাস্ট্রিয়ালাইজেসান স্কীম গ্রহণ করা হয়েছে দার্জিলিং, বারাসাত এবং তমলুকে এই তিনটা জায়গায় করেছেন। সেখানে কি কি অবস্থার উন্নতি হয়েছে সেটা একটু বলুন।

Shri Ardhendu Shekhar Naskar:

ডিটেলস বলা সম্ভব নয়।

Shri Nani Bhattacharjee

দার্জিলিং সম্বন্ধে বলুন।

Shri Ardhendu Shekhar Naskar:

তিনটা জায়গার কথা জানতে চেয়ে লিখুন এভাবে বলা সম্ভব নয়।

Shri Nani Bhattacharjee

এর আগে কো-অপারেটিভ বিভাগের মন্ত্রীমহাশয় উত্তর দিতে গিয়ে লেজে গোবরে হয়ে গেলেন এখন আমাদের এখানে কোশ্চেনটা দেখুন এখানে ক্লিয়ারলি বলা আছে

Number (1) Whether State Government has any plan for rural industrialisation;

(2) whether any agro-industrial corporation has been established in this State; and

(3) if so, (i) where this agro-industrial corporation has been established and (ii) who are the members of this Corporation?

করপোরেশানের মেম্বারের মিটি-এর কথা বলুন।

Mr. Speaker:

না—মিঃ ভট্টাচার্য এভাবে কোশ্চেন করলে বলা সম্ভব নয়।

Shri Ardhendu Shekhar Naskar:

যা হয়েছে তাতে ১ লক্ষ ৭১ হাজার টাকা খরচ করা হয়েছে যদি ডিটেলস চান নোটীশ দিন বলবো।

Shri Nikhil Das:

আমাদের সাপ্লিমেন্টারীটা খুবই সহজ বারাসাত, দার্জিলিং এবং তোমলুক এখানে কি হচ্ছে?

Shri Ardhendu Shekhar Naskar:

ডিটেলস চান পরে বলবো, এটা হাঁসির কথা নয় একটু বোঝবার চেষ্টা করুন কারণ যা বলা আছে

Providing for training, common service facilities, marketing and small industries have been drawn up.

এর বেশী ইনফরমেশন আমার নেই আমি বলতে পারবো না।

Shri Sailendra Nath Adhikari:

এগরো ইন্ডাস্ট্রিয়াল স্কীমে রূপায়িত করবার ব্যাপারে কি কি কন্ডিসানকে প্রেফারেন্স দিয়ে-ছিয়েছেন?

Shri Ardhendu Shekhar Naskar:

আগই বলেছি নোটীশ চাই তা না হলে বলা সম্ভব নয়।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় মন্ত্রীমহাশয় কি বলবেন যে বারাসাত, তোমলুক এবং দার্জিলিং ছাড়া অন্যান্য জেলায় যেমন জলপাইগুড়ী, নদীয়া, কুচবিহার ইত্যাদি এই সমস্ত জায়গায় এই স্কীম চালু করবার কোন পরিকল্পনা আপনাদের আছে কিনা?

Shri Ardhendu Shekhar Naskar:

আগামী ফোরথ ফাইভ ইয়ার প্ল্যান-এ আছে।

Shri Aswini Roy:

মার্কেটিং ইন্ডাস্ট্রি ইত্যাদি এগুলি কি ধরণের ইন্ডাস্ট্রি জুট ইন্ডাস্ট্রি ধরণের কি?

Shri Ardhendu Shekhar Naskar:

বলা সম্ভব নয়।

Cement Factory

***46.** (Admitted question No. *168.) **Shri Monoranjan Baksi:**

শিল্প ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলার কোন্ কোন্ স্থানে সিমেন্ট কারখানা স্থাপনের জন্য রাজ্যসরকার কেন্দ্রীয় সরকারের নিকট প্রস্তাব পেশ করিয়াছেন;

(খ) উক্ত প্রস্তাবের অনুমোদন আসিয়াছে কি না; এবং

(গ) উক্ত কারখানা কতদিনের মধ্যে চালু হইবার সম্ভাবনা আছে?

Shri Ardhendu Shekhar Naskar:

(ক) দুর্গাপুর ও পুরুলিয়া।

(খ) এখন পর্যন্ত কেবল দুর্গাপুর সিমেন্ট কারখানা স্থাপনের অনুজ্ঞাপত্র (লাইসেন্স) পাওয়া গিয়াছে;

(গ) বর্তমানে সঠিকভাবে বলা সম্ভব নহে।

Shri Monoranjan Baksi:
পুরুলিয়া জেলার যে প্রস্তাব ছিল সেটা কি মঞ্জুর করেন নি?

Shri Ardhendu Shekhar Naskar:
এখনও খবর পাওয়া যায়নি।

Shri Sunil Dasgupta:
উত্তরবংগে জয়ন্তি অঞ্চলে যথেষ্ট পরিমাণে সিমেন্ট পাওয়া যায় বলে জানা গেছে। সেখানে কোন সিমেন্ট কারখানা করবার কথা সরকার বিবেচনা করছেন কিনা?

Shri Ardhendu Shekhar Naskar:
না কোন পরিকল্পনা নেই।

Shri Girish Mahato:
পুরুলিয়া জেলার কোন কোন থানার সিমেণ্ট কারখানা খোলবার প্রস্তাব করা হয়েছে?

Shri Ardhendu Shekhar Naskar:
পুরুলিয়া জেলা বলে আছে থানা বলে নেই।

Shri Birendra Narayan Roy:
আমি জানতে চাই হবে কি হবে না আপনারা সোজা কথা বলুন?

Shri Ardhendu Shekhar Naskar:
পুরুলিয়ায় হবে।

Shri Girish Mahato:
কত দিনে কাজ আরম্ভ হবে?

Shri Ardhendu Shekhar Naskar:
এখনও পারমিসন পাওয়া যায় নি।

Refugee Rehabilitation

***47.** (Admitted question No. *242.) **Shri Niranjan Sengupta:** Wil the Minister-in-charge of the Refugee Relief and Rehabilitation Dapartmen be pleased to state what arrangements have been made for the rehabilitatio of the refugees who remained (i) in camps, (ii) Government-sponsore colonies and (iii) in squatters' colonies within West Bengal prior to 196 with details for each categories?

[1-30—1-40 p.m.]

Shrimati Abha Maiti: (i) There are no camps in the State now and as such this part of the question does not require any answer.

(ii) There are 82,000 allotees in Government colonies. Colonies within the industrial belt of Calcutta are much better off. Rural non-agriculturist colonies situated at a greater distance in the districts face the problem of under-employment. The State Government started some Production Centres and ultimately transferred them to the Rehabilitation Industries Corporation who have taken over management and have expanded the activities. The number of persons employed is not constant but may be placed at between 3,500 to 4,000. Similarly in the industries and the State Transport assisted by the State Government with loans a large number of persons from these colonies form a part of the total of about 10,000 refugees employed by such organizations. Regarding agricultural colonies the problem is essentially one of economic holding. The State Government has drawn up schemes and one such scheme, namely purchase of additional land has actually been sanctioned by Government of India though a dispute has arisen regarding the sharing of losses between the two Governments. The State Government has also submitted a scheme for provision of better irrigation facilities with a view to convert one-crop lands into two-three crop lands and thus provides some assistance to the agriculturists. At present the agriculturists wherever they do not find enough occupation from their own lands work as farm labourers in the neighbourhood and thus make their two ends meet. The number of agriculturist families settled in these Government Colonies is 11,137.

(iii) In 149 squatters' colonies the total number of refugees to be regularised is 28,390. Of whom up to the end of December, 1964, 17,189 have actually been regularised. The progress of regularisation receives set-back due to injunctions from Courts, other delays in land acquisition proceedings and in the ability of refugees themselves to establish their eligibility for regularisation. There are 220 acquisition schemes, of which 215 have passed the declaration stage.

It is the intention of Government to develop the colonies as early as possible. Work has been taken up in 164 colonies out of which 49 colonies have been completed which include both Government colonies and squatters' colonies.

Shri Gopal Banerjee:

এটা খুব আনন্দের কথা যে পশ্চিমবাংলায় কোন ক্যাম্প নেই—[illegible] অর্থাৎ উদ্বাস্তুদের পুনর্বাসন দেবার পর কি ক্যাম্পগুলি বন্ধ করে দেওয়া হয়েছে?

Shrimati Abha Maiti:

আপনারা সকলেই জানেন যে কয়েক বছর আগে ক্যাম্পগুলি বন্ধ করার কথা হয় এবং সে জন্য [illegible]ন ক্যাম্পের প্রশ্ন আসে—এবং আমাদের এখানে যেহেতু কোন ক্যাম্প নাই—তাই আপনারা যদি জিজ্ঞাসা করতেন এক্স-ক্যাম্প-এর সাইডগুলিতে কি অবস্থা তাহলে সেইভাবে আমি জবাব দিতে পারতাম।

Shri Gopal Banerjee:

আমার প্রশ্ন হচ্ছে সমস্ত উদ্বাস্তুদের পুনর্বাসন দেবার পর কি ক্যাম্পগুলি বন্ধ করে দেওয়া হয়েছে।

Shrimati Abha Maiti:

আমি তো আগে বলেছি যে আগে যে ক্যাম্পগুলি ছিল তাদের সকলকে দণ্ডকারণ্যে যেতে বলা হয়েছিল কিন্তু কেউ কেউ যেতে চাননি—তাই তাদের সমস্ত ডোল ইত্যাদি বন্ধ করে দেওয়া হয়েছে।

Shri Gopal Banerjee:

এসব পরিবার এখন কি করছে—সে সম্পর্কে সরকার কি তদন্ত করেছেন?

Shrimati Abha Maiti:

আমি খোঁজ খবর রাখি এবং ভারত সরকারের কাছে এ বিষয়ে কতকগুলি সুপারিশ পাঠিয়েছি —যে এক্স-ক্যাম্প সাইডে প্রায় ৮ হাজার রিফিউজী আছে—একথা ভারত সরকারকে জানিয়েছি —এবং তারা মোটামুটি সেইসব জায়গায় —অর্থাৎ এক্স-ক্যাম্প সাইডে সংগে খানিকটা খাপ খাইয়ে নিয়েছে অতএব একটা নূতন পলিসি করা হোক যাতে সেই সব জায়গায় আমরা কোন সাহায্য দিতে পারি—যাতে তারা সেই সব জায়গায় পুনর্বসতি পেতে পারে এবং এ ছাড়া প্রায় ৮ হাজার ফেমিলি সম্পর্কে যাতে পি, এল ক্যাম্পে স্থান পায় এবং অন্য কিছু কিছু সুবিধা দেওয়া হয় সেজন্য সুপারিশ করে পাঠিয়েছি—কিন্তু দুঃখের বিষয় প্রায় দেড় বছর ধরে এ নিয়ে করছি তবুও কোন ফেভারেবল জবাব পাই নি।

Shri Nikhil Das:

উনি একটা কথা বল্লেন যে স্কোয়াটার্স কলোনীতে প্রায় ২৮ হাজার ৩ শত লোক আছে তার মধ্যে ১৫,১৮৯ জনকে রেগুলারাইজ করেছেন—এখন আমি জিজ্ঞাসা করতে চাই যে এর মধ্যে কতজন রিফিউজীকে জমির মালিকানা দিতে পেরেছেন?

Shrimati Abha Maiti:

আপনারা যেমন উৎসুক এদের জমির মালিকানা দিতে আমরাও তেমন সমানভাবে উৎসুক—এটা যদি আলাদা প্রশ্ন করেন তাহলে আপনাকে ডিটেল দিয়ে দেব।

Shri Nikhil Das:

প্রশ্নটা ক্লিয়ার যে স্কোয়াটার্স কলোনীতে কতজনের রিহ্যাবিলিটেসন হয়েছে—রিহ্যাবিলিটেসন মিন্স সেখানে জমির মালিকানা কতজন পেয়েছেন? উনি বল্লেন রেগুলারাইজ, আমার যতটা খবর আছে, স্কোয়াটার্স কলোনীতে জমির মালিকানা এখনও পর্যন্ত বোধ হয় একজন রেফিউজিও পায়নি।

Shrimati Abha Maiti:

আমি গতবারেই আপনাদের বলেছিলাম যে জমির মালিকানা দেবার জন্য আমরা কতকগুলি কাগজপত্র তৈরী করেছি এবং রেফিউজি যাঁরা সেসব জায়গাতে রিহ্যাবিলিটেসন নিয়েছেন বা রেগুলারাইজড্ হয়েছেন তাঁদের আমরা একথা বলেছি যে সেই ল্যান্ডের যা দাম এবং যেসব গভর্নমেন্ট কলোনীর ডেভেলপমেন্ট হয়ে গেছে তার খরচ ধরে তাঁকে পুরোপুরি মালিকানা দিয়ে দেব এবং যে জায়গা ডেভেলপমেন্ট করা হয়নি সেটার জন্য আলাদা ব্যবস্থা করেছি, জমির দাম যদি দিয়ে দেন তাহলে সঙ্গে সঙ্গে মালিকানা আমরা দিয়ে দেব। প্রথম দিকে নানা রকম কনফিউসন বা যে কোন কারণেই হোক্ উদ্বাস্তুরা এটা নেবার জন্য এগিয়ে আসেন নি কিন্তু এখন তাঁরা খানিকটা বুঝতে পেরেছেন যে জমির মালিকানা তাড়াতাড়ি নিয়ে নেয়া উচিৎ এবং তাঁরা অগ্রসর হচ্ছেন নেবার জন্য। এটা যদি আলাদা প্রশ্ন করেন তাহলে ডিটেলস দিতে পারি।

Shri Gopal Banerjee:

ব্যাপারটা হচ্ছে—যাঁদের এক্স-ক্যাম্প ইনমেট বলা হচ্ছে তাঁদের পশ্চিমবংগ সরকার কি রেফিউজি বলে গণ্য করে? এর আগে যা দেখেছি তাতে করে তাঁদের নাম কেটে দেয়া হয়েছে এখন কেন্দ্রীয় সরকারের কোন্ দপ্তরের কাছে তাঁরা গিয়েছিলেন বা প্রস্তাব পাঠিয়েছেন এই সমস্ত পরিবারের

পুনর্বসতি সাহায্য করবার জন্য অর্থাৎ উদ্বাস্তু পুনর্বাসন দপ্তর কি এ'দের উদ্বাস্তু বলে এখন গণ্য করছেন। একবার এ'দের বাতিল করে দেয়া হয়েছিল, এ'দের কি নূতন করে আবার উদ্বাস্তু বলে গণ্য করছেন এবং এ'দের উদ্বাস্তু পুনর্বাসন দপ্তর থেকে পুনর্বাসন করছেন?

Shrimati Abha Maiti:

পশ্চিমবঙ্গের উদ্বাস্তু পুনর্বাসন দপ্তর থেকে কেন্দ্রীয় সরকারকে লেখা হয়েছে এবং যখন এ'দের বাতিল করা হয় তখন এ'রা আর উদ্বাস্তু নয় বলে বাতিল করা হয় নি—সরকারের কতকগুলি প্রস্তাব তাঁরা গ্রহণ করেননি বলে তাঁদের সম্পর্কে দায়িত্ব শেষ হয়ে গেছে একথা বলা হয়েছিল।

Shri Gopal Banerjee:

তাহলে এখন কি তাদের দায়িত্ব আবার সরকার নিতে চাচ্ছেন?

Shrimati Abha Maiti:

ভারত সরকার নেবেন কিনা জানিনা—তাঁরা অর্থ দেন, দায়িত্ব তাঁদের নেয়ার কথা। বাংলা সরকার এটা সুপারিশ করেছেন যাঁরা ৪।৫।৬ বছর ধরে রয়েছেন ক্যাম্প সাইটে যেহেতু তাঁরা সেখান থেকে গেছেন সেহেতু তাঁরা যাতে কোন জমির সাহায্য পান কিম্বা কেউ যদি ইতিমধ্যে কোন জমি কিনে থাকেন তাহলে ঘরবাড়ী করার সাহায্য পান—এই ধরণের কিছু করা যায় কিনা জানতে চাওয়া হয়েছে। তাঁরা যদি সাহায্য করার প্রস্তাব দেন তাহলে কোন রেফিউজি কোন জায়গায় কি ভাবে হতে পারে সেই ডিটেলস দিতে পারি। আমরা একটা কমপ্লিট প্রপোজাল ৮০০ ফ্যামিলী সম্পর্কে দিয়েছি —যে এ'দের পি, এল ক্যাম্পে নেয়া উচিৎ এবং এ'দের আরো সুবিধা করে দেয়া উচিৎ—যাঁদের ডোল বন্ধ করে দেয়া হয়েছে তাঁদের ডোল দেয়া উচিৎ ইত্যাদি।

Shri Gopal Banerjee:

তাহলেও এই পক্ষ থেকে যে কেন্দ্রীয় সরকার বারবার এটা অভিযোগ করেন, পশ্চিমবংগ সরকারের পক্ষ থেকে কোন নির্দিষ্ট পরিকল্পনা না দেয়ার ফলে তাঁরা বিবেচনা করে সেই পরিকল্পনা মঞ্জুর করতে পারেন না। এখন তাত্ত্বিক দিক থেকে তাঁরা সাহায্য করবেন কি করবেন না এটা বিবেচনা করা তখনই সম্ভব যখনই পরিকল্পনার ব্যয় এবং তার ইমপ্লিকেসন টোটালী বুঝা যায়। যদি রাজ্য সরকার সে রকম ভাবে নির্দিষ্ট পরিকল্পনা উপস্থিত না করেন তাহলে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে তাঁরা বিবেচনা করবেন কি করে একথা আমাদের পক্ষে বুঝা কষ্টকর।

Shrimati Abha Maiti:

আমরা যে ৮০০ ফ্যামিলীর জন্য নির্দিষ্ট পরিকল্পনা দিয়েছি সেটা তাঁরা আগে করে দিন তাহলে।

[1-40—1-50 p.m.]

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় মন্ত্রী মহোদয় বল'লন যে কেন্দ্রীয় সরকারের কাছে তাঁরা কতকগুলি প্ল্যান পাঠিয়েছেন এই সমস্ত এক্স-ক্যাম্প রেফিউজীদের জন্য। আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করছি সেই প্ল্যানের মধ্যে কি টাউনসিপ প্ল্যান উইথ ইন্ডাস্ট্রিয়ালাইজেসান স্কীম এই রকম ধরণের কোন প্ল্যান পাঠিয়েছেন?

Shrimati Abha Maiti:

আমি প্ল্যান পাঠানর কথা একবারও বলিনি। আমি বলেছি যে তাদের সাহায্য দেওয়া উচিত যারা ৫।৬ বছর রয়ে গেছে এক্স-ক্যাম্প সাইটে, তারা সেখানকার স্থানীয় অর্থনীতির সংগে খানিকটা জড়িয়ে পড়েছেন। মোটামুটি তাঁদের সেখানে রিহ্যাবিলিটেশনের সুযোগ দেওয়া উচিত। এটা যদি নীতিগতভাবে স্বীকৃতি দেওয়া হয় তাহলে পরে টাউনসিপ প্ল্যান হোক, অন্য প্ল্যান হোক দেওয়া যাবে।

Shri Sailendra Nath Adhikary:

আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করছি এটা আপনারা কবে কেন্দ্রীয় সরকারের কাছে পাঠিয়েছেন ?

Shrimati Abha Maiti:

আমি আগেই বলেছি দেড় বছর ধরে আমরা চেষ্টা করছি, এখনও কোন জবাব পাইনি।

Shri Nani Bhattacharjee

জলপাইগুড়ি জেলায় আপনি জানেন বোধ হয় যে এই রকম বহু সরকারী খাস জায়গা আছে বা যেগুলি অনেক সময় গ্রেজিং ব্লক ছিল সেই সমস্ত অঞ্চলে বহু রিফিউজী ১৯৫০ সাল থেকে বসবাস করছে। তাদের পুনর্বাসনের ব্যবস্থা আপনি কোন কিছু করেছেন ?

Shrimati Abha Maiti:

এই সমস্যা শুধু জলপাইগুড়ি নয়, উত্তর বংগের কয়েকটা জেলাতে এটা আছে। এটাও আমরা বিবেচনা করছি এবং আমি আমাদের বিভাগ থেকে ল্যান্ড রেভেনিউ ডিপার্টমেন্টকে জানিয়েছি। এগুলি সাধারণতঃ খুব কম সময়ের জন্য বন্দোবস্ত দেওয়া হয়েছে। যে সময় রিফিউজীরা ওখানে যায় সেই সময় স্থানীয় কলেকটর যেমন যেমন জমি ছিল প্রচলিত নিয়ম অনুযায়ী তাদের বন্দোবস্ত দিয়েছিলেন, ১।২।৫ বছর এই রকম করে দিয়েছিলেন। আমরা এটার একটা পুরোপুরি সুরাহা করার জন্য ল্যান্ড রেভেনিউ বিভাগের সংগে আলোচনা করছি প্রায় ১॥ বছর ধরে যাতে করে এদের একটু বেশী সময়ের জন্য দেওয়া যায়। আমি প্রস্তাব দিয়েছিলাম যে ৯৯ ইয়ার্সের লিজ দিয়ে দেওয়া হোক যাতে তারা অনুভব করতে পারে যে এটা তাদের নিজস্ব জায়গা হয়ে গেল। সেটা এখনও ল্যান্ড রেভেনিউ বিভাগের সংগে আলোচনার স্তরে আছে। আমরা বিশ্বাস করি যে এটার একটা সুরাহা করতে পারব।

Shri Gopal Banerjee:

রেসিডিউয়ারী প্রবলেম বলে যেটাকে পশ্চিমবংগ সরকার বলেছেন সে সম্পর্কে কেন্দ্রীয় সরকারের সংগে আলোচনা হচ্ছিল এটা আমরা শুনেছি। এখন সেই আলোচনা কোন দফায় আছে সেটা জানাবেন কি?

Shrimati Abha Maiti:

এ সম্বন্ধে আলাদা একটা প্রশ্ন করবেন দফায় দফায় জানিয়ে দেব।

Anchal Panchayat Secretaries

***48.** (Admitted question No. *447.) **Shri Sailendra Nath Adhikary:**

স্বায়ত্তশাসন ও পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) অঞ্চল পঞ্চায়েতগুলির সেক্রেটারিদের বেতন বা ভাতা বৃদ্ধি করিবার কোন পরিকল্পনা আছে কি না;

(খ) ইহা কি সত্য যে, সেক্রেটারিদের নিয়োগপত্র পশ্চিমবঙ্গ-সরকার দিয়া থাকেন;

(গ) সত্য হইলে, উহারা কোন্ শ্রেণীর কর্মচারীরূপে গণ্য হইতেছেন এবং নিয়োগের মূল নীতি ও পদ্ধতি ঠিক করা হইয়াছে কিনা; এবং

(ঘ) উহাদের জন্য সার্ভিস রুল, পে-স্কেল, রিটায়ারমেন্ট বেনিফিট, প্রভিডেন্ট ফান্ড বেনিফিট অ্যান্ড আদার অ্যামেনিটিজ অন্যান্য সমগোত্রীয় সরকারী কর্মচারীর মত আছে কি না?

Shri Sowrindra Mohan Misra:

(ক) অঞ্চল পঞ্চায়েত সমূহের সচিবদের বেতন ও ভাতা বৃদ্ধির প্রশ্নটী সরকারের বিবেচনাধীন আছে।

(খ) হ্যাঁ।

(গ) উঁহারা সংশ্লিষ্ট অঞ্চল পঞ্চায়েতের কর্মচারীরূপে গণ্য হইয়া থাকেন, কারণ তাহাদের বেতন ও ভাতা পঞ্চায়েত তহবিল হইতে লওয়া হয়। নিয়োগের মূলনীতি ও পদ্ধতি পঞ্চায়েত আইনের নিয়মাবলী দ্বারা নির্ধারিত রহিয়াছে।

(ঘ) পঞ্চায়েত সচিবগণ সরকারী কর্মচারী নহেন। সুতরাং প্রশ্ন উঠে না।

Shri Sailendra Nath Adhikary:

আমার (খ) প্রশ্নের জবাবে মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে হ্যাঁ। আমি তারই পরিপ্রেক্ষিতে তাঁর (গ) প্রশ্নের জবাবে একটা প্রশ্ন করে নিই। তিনি বললেন যে তাঁদের সরকারী কর্মচারী রূপে গণ্য করা যাবে না। তাহলে এ্যাপয়েন্টিং অথরিটি পশ্চিমবংগ সরকার নন এই কথাই আপনি বলছেন?

Shri Sowrindra Mohan Misra:

আপনার (খ) প্রশ্নে আছে যে সেক্রেটারীদের নিয়োগপত্র পশ্চিমবংগ সরকার দিয়ে থাকেন কিনা, আমি বলেছি হ্যাঁ দিয়ে থাকেন। কিন্তু পশ্চিমবঙ্গ সরকার নিয়োগপত্র দিলেও তাঁরা সরকারী কর্মচারী রূপে গণ্য হন না যেহেতু তাঁদের পঞ্চায়েত তহবিল হইতে টাকা দেওয়া হয়।

Shri Sailendra Nath Adhikary:

এটা কি সত্য -পঞ্চায়েৎ তহবিলের যে টাকাটা তার জন্য নির্ধারিত হয়, সেই টাকাটা তো পশ্চিমবঙ্গ সরকারের পঞ্চায়েৎগুলো দিয়ে থাকেন?

Shri Sowrindra Mohan Misra:

হ্যাঁ।

Shri Sailendra Nath Adhikary:

একথা কি সত্য অ্যাপয়েন্টমেন্ট যেটা দেওয়া হয়ে থাকে তার সিলেকসন পঞ্চায়েৎ না করে পশ্চিমবঙ্গ সরকারের বিশেষ বিভাগ থেকে সেই এ্যাপয়েন্টমেন্ট-এর জন্য সিলেকসন করা হয়—অর্থাৎ এস, ডি, ও, এবং কয়েকজন মিলে প্যানেল তৈরী করে সেই প্যানেল রাইটার্স বিল্ডিংস্ থেকে স্যাংশন হয় এবং তারপরে তারা পশ্চিমবঙ্গ সরকারের নিয়োগপত্র পান্?

Shri Sowrindra Mohan Misra:

আমি তার উত্তর (গ) এ বলেছি—অঞ্চল পঞ্চায়েৎ-এ যে আইন এবং নিয়ম—যদি বলেন তো আমি উল্লেখ করে দিতে পারি, আইনটা দেখে নেবেন—ওয়েষ্ট বেঙ্গল পঞ্চায়েৎ এ্যাক্ট, ১৯৫৭: আর ওয়েষ্ট বেঙ্গল পঞ্চায়েৎ রুলস্, ১৯৫৮-এর ৪৩ ধারা অনুযায়ী ঐ নিয়োগপত্র দেওয়া হয়। আপনি এই যে বললেন এস, ডি, ও, প্যানেল করেন, ঐ যে নিয়মটা আছে সেটা খুলে দেখলে বিষয়টা পরিষ্কার হয়ে যাবে।

Shri Sailendra Nath Adhikary:

তাহলে এ্যাপয়েন্টিং অথরিটি কে? সে নিয়মে তো এটা স্পষ্ট নাই।

Shri Sowrindra Mohan Misra:

এ্যাপয়েন্টিং অথরিটি হচ্ছে গভর্ণমেন্ট—নিয়োগপত্র এখান থেকে যাচ্ছে। তাহলেও যে সে সরকারী কর্মচারী হবে তা হচ্ছে না।

Shri Sailendra Nath Adhikary:

আপনি রুলটা নিয়ে এসে দেখুন—সে যে সরকারী কর্মচারী হবে না—এরকম কোন নির্দেশ তাতে নেই।

Shri Sowrindra Mohan Misra:

আমি জানি—আমি বলছি তাঁরা সরকারী কর্মচারী হচ্ছেন না।

Shri Sailendra Nath Adhikary:

আপনি বললে তো হবে না! রুল দেখুন—তাতে কি বলে।

Shri Sowrindra Mohan Misra:

রুলের কথা তো আমি বললাম—রুলটা আমার কাছে আছে—পঞ্চায়েত রুল ১৯৫৮ এর ৪৩ এবং ৪৪ রুল যদি পড়েন, তাহলে দেখতে পাবেন।

Shri Sailendra Nath Adhikary:

আমি রুল পড়েছি, পড়েই বলছি। আপনি দয়া করে এটা বলবেন কিনা—তারা সরকারী কর্মচারী রূপে গণ্য হবে? সেই রুলসে, আপনি যে কথা বললেন, তাদেরকে সরকারী কর্মচারী রূপে গণ্য করার কোন সুযোগ নাই। সেই রুলে এমন কোন কথা এক্সপ্রেসলি উল্লেখ আছে কিনা আমি জানিনা।

Shri Sowrindra Mohan Misra:

আমরা তাদের সরকারী কর্মচারী রূপে গণ্য করি না।

Mr. Speaker:

রুলে কি লেখা আছে সেটা আপনি দেখে নিন।

That cannot form a subject-matter of supplementary question here.

Shri Sanat Kumar Raha:

আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে জানতে চাই যে অঞ্চল পঞ্চায়েতের সেক্রেটারী নিয়োগ করা সম্পর্কে যে রুলস্ আছে, সেই রুলস্ অনুযায়ী কি বি, ডি, ও'র রেকমেণ্ডেসান-এ এস, ডি, ও, এবং এস, ডি ও'র রেকমেণ্ডেসান-এ ম্যাজিস্ট্রেট এবং ম্যাজিস্ট্রেটের কাছ থেকে রাইটার্স বিল্ডিংসে আসে এবং সর্বোপরি কংগ্রেস কমিটীর কোন কর্তৃপক্ষের দ্বারা অনুমোদিত হয়ে আসে সেই নামগুলি?

Shri Sowrindra Mohan Misra:

আসল কথা হচ্ছে এই রুলটা যদি আপনি দেখেন, তাহলে জিনিসটা পরিস্কার হবে। এস, ডি, ও, তিনি ইনভাইট করেন এজন্য এ্যাপ্লিকেসন প্রথমে; তারপরে এস, ডি, ও, তাঁর অফিসে ইন্টারভিউ দিয়ে চার জনের একটা প্যানেল করেন। তারপরে পঞ্চায়েত ডাইরেক্টরেট থেকে চার জনের মধ্যে থেকে একজনকে সিলেক্ট করা হয়।

Shri Sanat Kumar Raha:

প্যানেলে যাদের থাকা উচিত, এক্জিসটিং ইউনিয়ন সেক্রেটারী যারা, তাদের নাম বাদ দিয়ে বাইরের লোককে নেবার জন্য কি নির্দেশ দেওয়া হয়েছে?

Shri Sowrindra Mohan Misra:

এ রকম কোন নির্দেশ দেওয়া হয় নাই। বরং সেখানে বলা হয়েছে বাইরের ক্যাণ্ডিডেট্-রা ম্যাট্রিকুলেট না হলে তারা অ্যাপ্লাই করতে পারবে না। কিন্তু এমপ্লয়েড বা এক্জিসটিং অঞ্চল পঞ্চায়েত এর সেক্রেটারী যারা, তারা যদি ম্যাট্রিকুলেশন বা স্কুল ফাইনাল পাশ নাও হয়, তবুও তাঁরা ইন্টারভিউ দিতে পারেন। তারপরে এস, ডি, ও, তাদের মধ্য থেকে প্যানেল তৈরী করবেন।

Shri Sanat Kumar Raha:

এই সম্পর্কে যদি কোন বিশেষ অভিযোগ আমি আনি যে ম্যাট্রিকুলেশন পাস করা একজিসটিং সেক্রেটারী থাকা সত্বেও তার নাম প্যানেলে নাই, সে নিয়োগপত্র পায় নাই, তাহলে কি আপনি সেটা বিবেচনা করবেন?

Shri Sowrindra Mohan Misra:

এই রকম অভিযোগ পাঠালে পরে দেখা যাবে।

Shri Sailendra Nath Adhikary:

অঞ্চল পঞ্চায়েতের সেক্রেটারীর নামের যে প্যানেল তৈরী করা হয়েছে, সেটা এস, ডি, ও,'র অফিস থেকে আসবার পর ম্যাজিস্ট্রেটের সুপারিশেও ফাষ্ট প্যানেল, সেকেন্ড প্যানেল-এ তার নাম ছিল। কিন্তু শেষে দেখা গেল যার নাম নাই প্যানেলের মধ্যে এমন একজনকে নিয়োগপত্র দেওয়া হয়েছে; এর ব্যাপার কি বলবেন?

Shri Sowrindra Mohan Misra:

সমস্ত বাংলাদেশের পে-স্কেল ইত্যাদি নিয়ে এক সঙ্গে প্রশ্ন করলে অসুবিধা হয়।

Mr. Speaker:

এর জন্য সেপারেট কোয়েশ্চান আপনি করুন।

[1-50—2 p.m.]

Shri Deb Saran Ghosh:

মন্ত্রীমহাশয় (ক-তে) বলেছেন পঞ্চায়েতের সেক্রেটারীরা পশ্চিমবংগ সরকারের কর্মচারী নয় এবং তাঁদের বেতন ও ভাতা বৃদ্ধির প্রশ্ন বিবেচনাধীন আছে। আমার প্রশ্ন হচ্ছে তাঁরা যদি সরকারী কর্মচারী না হন তাহলে তাঁদের ভাতা বৃদ্ধির প্রশ্ন কারা বিবেচনা করছে?

Shri Sowrindra Mohan Misra:

টাকা যখন সরকার দিচ্ছেন তখন সরকারই বিবেচনা করছেন।

Shri Kamal Kanti Guha:

বর্তমানে জিনিসপত্রের দাম চিন্তা করে আগামী আর্থিক বছরে এ'দের মহার্ঘ ভাতা বাড়ানোর কথা চিন্তা করছেন কিনা?

Shri Sowrindra Mohan Misra:

আমি প্রথম উত্তরে বলেছি তাঁদের পে-স্কেল ইত্যাদি যাতে বৃদ্ধি পায় তার জন্য আমরা চিন্তা করছি, বিবেচনা করছি।

Shri Kamal Kanti Guha:

আমার প্রশ্ন হচ্ছে আগামী আর্থিক বছরে তাঁরা পাবেন কিনা?

Shri Sowrindra Mohan Misra:

সেটা বিবেচনাধীন আছে সেটা এখনই কি করে জানাব।

Shri Jiban Krishna Dey:

মন্ত্রীমহাশয় কি অবগত আছেন যে, আগে ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্ট তাঁদের এ্যাপয়েন্টিং অথরিটি ছিল?

Shri Sowrindra Mohan Misra:

আগে ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্ট বা বোর্ড থেকে ইউনিয়ন বোর্ডের ক্লার্ক-কে এ্যাপয়েন্টমেন্ট দিত। এটা অঞ্চল পঞ্চায়েতের প্রশ্ন।

Shri Jiban Krishna Dey:

মন্ত্রীমহাশয় কি জানেন আগে যেটা ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্ট করতেন এখন ডিসেন্ট্রালাই-জেসন অব পাওয়ার-এর নামে সেটা মন্ত্রীরা করছেন?

Shri Sowrindra Mohan Misra:

আমরা আইনের বাইরে যেতে পারব না। ১৯৫৮ সালের যে আইন আছে তার ৪৩ এবং ৪৪ ধারার দিকে দৃষ্টি দিতে বলছি।

Shri Bhakti Bhushan Mondal:

মন্ত্রীমহাশয় বললেন এঁরা সরকারী কর্মচারী নন। আমার প্রশ্ন হচ্ছে আপনি যে আইন রেফার করলেন সেই আইনের কোন জায়গায় এটা এক্সক্লুসিভলী লেখা আছে জানাবেন কি?

Shri Sowrindra Mohan Misra:

এক্সক্লুসিভলী লেখা থাকার প্রশ্ন নয়। যে ফান্ড থেকে তাদের টাকা দেওয়া হয় তার জন্য সরকারী কর্মচারী বলে তাদের গণ্য করা হয়না। এর নজীর হিসেবে আপনি দেখাতে পারেন ডিস্ট্রিক্ট বোর্ড থেকে প্রাইমারী টিচারদের চাকুরী দেওয়া হয়, কিন্তু তাদের বেতন গভর্নমেন্ট দিলেও তাদের সরকারী কর্মচারী বলে গণ্য করা হয়না।

Shri Bhakti Bhushan Mondal:

এঁদের নিয়োগের অথরিটি যখন গভর্নমেন্ট অব ওয়েস্ট বেঙ্গল তখন ডিসমিসাল-এর অথরিটি-ও কি গভর্নমেন্ট অব ওয়েস্ট বেঙ্গল?

Shri Sowrindra Mohan Misra:

গভর্ণমেন্ট অব ওয়েস্ট বেঙ্গল নয়, নিয়মে বলা হয়েছে সাব-ডিভিসনাল ম্যাজিস্ট্রেট যিনি নিয়োগপত্র দেন সেখান থেকেই এটা হবে।

Shri Bhakti Bhuson Mandal:

আপনি বললেন এস, ডি, ও, এ্যাপয়েন্টমেন্ট দেন। আমার প্রশ্ন হচ্ছে তিনি কোন অথরিটিতে এ্যাপয়েন্টমেন্ট দেন?

Shri Sowrindra Mohan Misra:

এস, ডি, ও, প্যানেল করে গভর্নমেন্টের কাছে পাঠিয়ে দেন এবং গভর্নমেন্ট থেকে তাদের এ্যাপ-য়েন্টমেন্ট দেওয়া হয়--তবে ডিসমিসাল ইত্যাদি এস, ডি, ও,-র কাছে।

Shri Jaynal Abedin:

মন্ত্রীমহাশয় জানাবেন কি, প্রাক্তন ইউনিয়ন বোর্ডের কেরাণীদের মাইনের তুলনায় বর্তমান অঞ্চল পঞ্চায়েতের সেক্রেটারীর মাইনে কত বেশী এবং যদি বেশী হয় তাহলে সেই মাইনে বিবেচনা করার কথা কেন এল?

Shri Sowrindra Mohan Misra:

ইউনিয়ম বোর্ডের কেরাণীদের কোথায় কত বেতন ছিল সেটা পুরাপুরি আমার জানা নেই। তবে সাধারণতঃ আমি জানি আগে যেখানে ২৫ থেকে ৩০ টাকা কেরাণীদের বেতন ছিল সেটা এখন ৮০ থেকে ৯০ টাকা হয়েছে। এখন আপনি হিসেব করে নিন কত গুণ হয়েছে। তবে এসব সত্বেও তাদের বেতন এবং ভাতা বৃদ্ধির কথা সরকার যে বিবেচনা করছেন তার কারণ হচ্ছে সেই ইউ-নিয়ন বোর্ড নেই, এখন অন্য জিনিস এসেছে।

Shri Nikhil Das:

এরা সরকারী কর্মচারী নয়তো কাদের কর্মচারী? পঞ্চায়েতের সেক্রেটারী নিয়োগ করছেন সরকার, বরখাস্ত করছেন সরকার, মাইনে দিচ্ছেন সরকার, সেক্রেটারী হচ্ছে পঞ্চায়েতের, যাদের পঞ্চায়েতের নিয়োগের ক্ষমতা নাই, বরখাস্ত করার ক্ষমতা নাই, সরকার টাকা পর্যন্ত দিচ্ছেন অথচ তারা সরকারী কর্মচারী নয়। তার মানে কি এই যে এদেরকে কিছু টাকা পয়সা থেকে বঞ্চিত করবার জন্য এবং ন্যায্য বেতন থেকে বঞ্চিত করার জন্য এই চক্রান্ত হচ্ছে?

(কোন উত্তর দেওয়া হয়নি)

Central Grant for refugee rehabilitation

***40.** (Admitted question No. *456.) **Shri Gour Chandra Kundu:**

উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪ ও ১৯৬৫ সালের এ পর্যন্ত উদ্বাস্তু পুনর্বাসন ব্যাপারে কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গ সরকারকে কোন অর্থ সাহায্য করিয়াছেন কি; এবং

(খ) অর্থ সাহায্য করিয়া থাকিলে সেই সাহায্যের পরিমাণ কত এবং কিভাবে সেই সাহায্য দেওয়া হইয়াছে?

Shrimati Abha Maiti:

(ক) হ্যাঁ।

(খ) অনুদান (গ্রান্ট) ১,৫৭,১৭,৭৫২ টাকা।
ঋণ (লোন) ৬০,০০,০০০।

Shri Bejoy Pal:

মন্ত্রীমহোদয়া জানাবেন কি বর্তমানে যেসব রিফিউজী এসেছে সম্প্রতিকালে তাদের সাহায্যের জন্য বাংলা সরকার কি পরিমাণ টাকা খরচ করেছেন?

Shrimati Abha Maiti:

মাননীয় সদস্য প্রশ্ন করেছিলেন ১৯৬৪-৬৫ সালের সম্বন্ধে, যে হিসাব দিয়েছি, এই সালের যে টাকা এসেছে, এটার মধ্যে পাবেন না, এ বছর যত টাকা চেয়েছিলাম, তার মধ্যে এসেছে কিনা? ১৯৬৪-৬৫ সালে যত টাকা চেয়েছিলাম তা থেকে পেয়েছি মাত্র ৪০ লক্ষ টাকা গ্রান্ট, দেড় লক্ষ টাকা ঋণ, বাকী যে টাকার কথা বলা হয়েছে সেটা অন্যান্য বছর বাংলা সরকার খরচ করেছিলেন, সেই টাকা পাঠিয়ে দিয়েছেন ভারত সরকার। প্রশ্নটা যেভাবে ছিল মোট টাকার কথা সেভাবে বলেছি, তবে আজকে ভারত সরকার-এর একটা চিঠি পেয়েছি তাতে আরও কিছু টাকা স্যাংশন করেছেন—এক কোটি ষোল লক্ষ টাকা স্যাংশন করেছেন, তার খানিকটা চেয়েছিলাম নিউ মাইগ্রেন্টস্‌সের জন্য, ৪৩ লক্ষ ৫০ হাজার এসেছে, যদিও আরও বেশী টাকা চেয়েছি।

Shri Gopal Banerjee:

নিউ মাইগ্রেন্ট-এর জন্য যে টাকা এসেছে তাদের আপনারা কি সুযোগ সুবিধা দিয়েছেন?

Shrimati Abha Maiti:

এই টাকা আমরা আগেই খরচ করেছি।

Shri Gopal Banerjee:

কি কাজের জন্য এই টাকা খরচ হয়েছে?

Shrimati Abha Maiti:

এটা সবাই জানেন যে ১৯৬৪ সালের জানুয়ারী মাসে পলিসি নিয়েছিলাম যে তিন মাস পর্যন্ত ১৮ টাকা এবং ৯ টাকা করে দেব, এবং সেটা তিন মাস পর্যন্ত দিয়েছিলাম মূলতঃ এই খাতে।

Shri Nikhil Das:

এই যে টাকা এসেছে ১ কোটি ১৬ লক্ষ টাকা, অনেকদিন ধরে হাউস বিল্ডিং লোন, ল্যান্ড পার্চেজ লোন যে দেওয়া বন্ধ ছিল সেটা কি টাকা ছিলনা বলে? এর মধ্যে কি সেই টাকা এসেছে?

Shrimati Abha Maiti:

টাকা আসেনি, চিঠি এসেছে। তবে আমি সদস্যদের অবগতির জন্য এটা জানাতে চাই একটু আগে একটা প্রশ্নের জবাব দিয়েছিলাম, ঋণ খাতে যে টাকা সেটা সম্পর্কে ভারত সরকার প্রশ্ন তুলেছিলেন, তারা স্কুলকে যেমন সরাসরি ঋণ দিতেন সেই রকম চাইছেন সরাসরি উদ্বাস্তুদের নামে দিতে, এখন তাঁরা চাইছেন পশ্চিমবংগ সরকারকে সব তারা লোন হিসাবে দেবেন এবং উদ্বাস্তুরা যতটা দিতে পারবেন অর্থাৎ উদ্বাস্তুদের কাছ থেকে যতটা তুলতে আমরা পারবো ততটা তারা দিতে পারবেন, যদি না তুলতে পারেন সেটা বাংলা সরকারকে দিতে হবে। তাদের আমরা এটা বলেছি যে না এটা হতে পারেনা। আগে যে নীতি ছিল যে টাকা উদ্বাস্তুদের কাছ থেকে ঋণ আদায় করতে পারবো ততটাই দেব এবং বাকীটা ভারত সরকারের পুরোটা দায়িত্ব নিতে হবে—সেটাই জানিয়েছি। এখনও তারা মনস্থির করতে পারেন নি, চিঠিপত্র লেখালেখি হচ্ছে সেজন্য হয়ত ঋণ আটকে রয়েছে, যদি আসে নিশ্চয়ই পাব।

Starred questions to which answers were laid on the table

Berhampore Central Sericultural Research Station

*52. (Admitted question *143.) **Shri Sanat Kumar Raha:** Will the Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department be pleased to state—

(a) whether West Bengal State Government makes any contribution to the Berhampore Central Sericultural Research Station;

(b) if the answer to (a) be in affirmative, will the Minister be pleased to state the nature of such contribution; and

(c) whether the State Government has got any complaint against the Director of Research of this station?

The Minister for Cottage and Small Scale Industries: (a) Yes.

(b) In conducting research for fixation of new breeds of silkworms and new species of mulberry, Sericulture Section of the Directorate of Industries, West Bengal, regularly supplies laying and mulberry grafts from the State Nurseries as and when required by the Research Station, free of cost. In 1943, about 40 bighas of land with structures thereon and in 1960 about 87 bighas of land was also given, free of cost, for the Central Sericultural Research Station at Berhampore.

(c) No.

New migrants from East Pakistan

*53. (Admitted question No. *243.) **Shri Niranjan Sengupta:** Will the Minister-in-charge of the Refugee Relief and Rehabilitation Department be pleased to state—

(a) how many refugees have come from East Pakistan to West Bengal in 1964 (January to December);

(b) how many amongst them have been sent outside West Bengal and what arrangements have been made for rehabilitation of those who remained within West Bengal; and

(c) to what extent financial responsibility has been taken by the Union Government and for what categories of refugees?

The Minister for Refugee Relief and Rehabilitation: (a) 6,67,125 persons.

(b) 2,00,513 persons.

(c) Government of India has taken the financial responsibility for rehabilitation of those persons who agree to settle outside the State. many of those persons who have stayed behind were also in distress and at the initial stage of their coming they were assisted with gratuitous doles. Government of India has agreed to bear to some extent this expenditure for the period up to 10th June 1964. Thereafter only the most deserving among the distressed new migrants who are staying back are being helped by the State Government with G. R. as part of normal relief operations in the State.

Refugee loans

***54.** (Admitted question No. *457.) **Shri Gour Chandra Kundu:**

উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কেন্দ্রীয় সরকার উদ্বাস্তু ঋণ মকুব করার নির্দেশ দিয়া কোন সার্কুলার পাঠাইয়াছেন কি; এবং

(খ) যদি পাঠাইয়া থাকেন, তবে (১) সেই সার্কুলার-এর মূল বক্তব্য কি, (২) কত টাকা পর্যন্ত উদ্বাস্তু ঋণ মকুব করা হবে এবং (৩) কবে তাহা কার্যকরী হবে?

The Minister for Refugee Relief and Rehabilitation:

(ক) হ্যাঁ।

(খ) (১) ও (২) আনুপাতিক কনট্রিবিউটারী গৃহ নির্মাণ ঋণ, আর, বি ঋণ, আর. এফ, এ, ঋণ ; উচ্চতর ব্যবসায় ঋণ, বৃত্তিগত (প্রফেসনাল) ঋণের কয়েকটি ক্ষেত্র ছাড়া অপরাপর ঋণী উদ্বাস্তু পরিবারের ক্ষেত্রে ১০০০্ (এক হাজার) টাকা পর্যন্ত ঋণে সুদ যত মকুব করা হইবে। ইহার পরও যদি কোনও উদ্বাস্তু পরিবারে মোট ঋণের পরিমাণ ২০০০্ (দুই হাজার) টাকার বেশী হয় তাহা হইলে ঐ দুই হাজার টাকার বেশী যে অংশটুকু থাকিবে তাহাও মকুব করা হইবে। উল্লিখিত ব্যতিক্রমগুলির কথা বাদ দিলে কোন উদ্বাস্তু পরিবারকে কোন অবস্থাতেই ২০০০্ (দুই হাজার) টাকার বেশী ঋণ পরিশোধ করিতে হইবে না। কি সরকারী কলোনী কি জবর দখল কলোনী কোথাও জমির জন্য যে ঋণ পরে দর্শাইবে উন্নয়নসহ তাহা মকুবের আওতায় আসা ভারত সরকারের অভিপ্রেত নয়।

(৩) কেন্দ্রীয় সরকারের উক্ত নির্দেশনামানুসারে রাজ্য সরকার ঋণ মকুব সংক্রান্ত এক নির্দেশনামা বিভিন্ন জেলায় পাঠাইয়াছেন। কিন্তু পরিবার ভিত্তিক ঋণের হিসাব (ফেমিলী ওয়াইজ লোন লেজার) না থাকায় ঋণ মকুব করার ব্যাপারে বিশেষ অসুবিধার সৃষ্টি হইয়াছে। ঋণ মকুব করিতে হইলে প্রত্যেক ঋণী পরিবারের মোট ঋণের পরিমাণ নির্ধারণ করার অবশ্যই প্রয়োজন। ইহার জন্য পরিবার ভিত্তিক ঋণ খতিয়ান তৈয়ারী করা হইতেছে। ইহা সময় সাপেক্ষ হইলেও সরকারী নির্দেশ কার্যকরী করিবার জন্য পরিবার ভিত্তিক ঋণের খতিয়ান প্রস্তুত না করিয়া উপায় নাই। যাহাতে বিলম্ব না হয় তজ্জন্য রাজ্যসরকার আদেশ দিয়াছেন যে যেমন

যেমন উদ্বাস্তু পরিবারের মোট ঋণের পরিমাণ জানা যাইবে। তেমন তেমন মকুব করার কাজ চালাইয়া যাওয়া হইবে। ইত্যবসরে রাজ্য সরকার ১৯১টি পরিবারের ঋণ মকুবের আদেশ দান করিয়াছেন।

Ahmedpur National Sugar Mill

***55.** (Admitted question No. *152.) **Shri Sanat Kumar Raha:**

বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আমেদপুর ন্যাশনাল সুগার মিলের নিকট ইক্ষুচাষীদের এ পর্যন্ত পাওনা টাকার পরিমাণ কত;

(খ) কতদিনের মধ্যে উক্ত টাকা দেওয়া হইবে; এবং

(গ) এ বিষয়ে সরকার কোন দায়িত্ব লইবেন কি না?

The Minister for Commerce and Industries:

(ক) টা ১,২৪,২৬৪·৯৫ পয়সা।

(খ) বর্তমানে সঠিকভাবে বলা সম্ভব নয়।

(গ) ইহা সরকারী কোম্পানী নয় বিধায় এই প্রশ্ন উঠে না।

Camp refugees

***56.** (Admitted question No. *458.) **Shri Gour Chandra Kundu:**

উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪ সালের কতসংখ্যক ক্যাম্প রিফিউজীকে পশ্চিমবঙ্গের বিভিন্ন জায়গায় পুনর্বাসন দেওয়া হইয়াছে;

(খ) এখনও কতসংখ্যক উদ্বাস্তু পশ্চিমবঙ্গের বিভিন্ন শিবিরে পুনর্বাসনের অপেক্ষায় বসিয়া আছেন;

(গ) পশ্চিমবঙ্গের উদ্বাস্তু শিবিরে উদ্বাস্তুদের বর্তমানে কি হারে সরকারী ডোল দেওয়া হয়; এবং

(ঘ) বর্তমানে দ্রব্যমূল্য বৃদ্ধির পরিপ্রেক্ষিতে এই হার বৃদ্ধি করিবার বিষয়ে সরকার চিন্তা করিতেছেন কি?

The Minister for Refugee Relief and Rehabilitation:

(ক) এই রাজ্যে কোন ক্যাম্প বা শিবির না থাকায় ১৯৬৪ সালের ক্যাম্প রিফিউজীকে পুনর্বাসন দেওয়ার প্রশ্ন উঠে না।

(খ) এ প্রশ্ন উঠে না।

(গ) এ প্রশ্ন উঠে না।

(ঘ) এ প্রশ্ন উঠে না।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the Table)

Derelict tubewells

33. (Admitted question No. 72.) **Shri Sanat Kumar Raha:**

স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গে বিভিন্ন থানায় কতগুলি নলকূপ অকেজো হইয়া পড়িয়াছে ; এবং

(খ) সত্য হইলে উক্ত নলকূপগুলির পুনর্খননের কাজ ত্বরান্বিত করিবার কি ব্যবস্থা করা হইয়াছে ?

The Minister for Health:

(ক) হ্যাঁ।

(খ) প্রতি বৎসর রুর‍্যাল ওয়াটার সাপ্লাই প্রোগ্রাম-এর অধীনে বরাদ্দকৃত অর্থের পরিমাণ-সাপেক্ষ প্রতি ৪০০ জনে ১টি ও প্রতি গ্রামে অন্তত ১টি জল উৎস স্থাপনের প্রচলিত নীতি অনুযায়ী অকেজো নলকূপগুলি অগ্রাধিকারের ভিত্তিতে ক্রমান্বয়ে পুনর্স্থাপন করা হইয়া থাকে।

Construction allowance to the Medical staff of Jaldhaka Hydro-Electric Project.

34. (Admitted question No. 87.) **Shri Jiban Krishna Dey:**

স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলঢাকা বিদ্যুৎ প্রকল্পে মেডিক্যাল স্টাফ সংখ্যা কত;

(খ) ইহা কি সত্য যে, এই সমস্ত কর্মচারীদের কনস্ট্রাকসন এলাওয়েন্স দেওয়া হয় না ;

(গ) যদি উত্তর "না" হয়, তবে কারণ কি ;

(ঘ) ইহা কি সত্য যে উক্ত প্রকল্পের আর সব কর্মচারীরা এই কনস্ট্রাকসন ভাতা পেয়ে থাকেন ; এবং

(ঙ) সত্য হইলে মেডিক্যাল কর্মচারীদের উক্ত ভাতা দিবার বিষয় সরকার বিবেচনা করিতেছেন কি ?

The Minister for Health:

(ক) জলঢাকা বিদ্যুৎ প্রকল্পের অধীনে কোন মেডিক্যাল কর্মচারী নাই। এখানে একটি উপ-স্বাস্থ্যকেন্দ্র আছে। উক্ত উপ-স্বাস্থ্যকেন্দ্রের মেডিক্যাল কর্মচারীরাই উক্ত প্রকল্পের কর্মচারীদেরও চিকিৎসা করিয়া থাকেন। এই স্বাস্থ্যকেন্দ্রে একজন ডাক্তার ও আর ৫ জন অন্যান্য কর্মচারী আছেন।

(খ) ও (গ) হ্যাঁ, ইহা সত্য যে এই স্বাস্থ্যকেন্দ্রের কর্মচারীদের কোন কনস্ট্রাকসন ভাতা দেওয়া হয় না, কারণ স্বাস্থ্যকেন্দ্রের কর্মচারীদের কোন কনস্ট্রাকসন ভাতা দেওয়ার বিধান নাই।

(ঘ) উক্ত প্রকল্পের কর্মচারীরা কনস্ট্রাকসনের কাজে নিযুক্ত অবস্থায় [illegible] ভাতা পাইয়া থাকেন।

(ঙ) স্বাস্থ্যকেন্দ্রের কর্মচারীদের [illegible] ভাতা দেওয়ার প্রশ্ন উঠে না।

Jugir Bundh in Debsala village, Burdwan

35. (Admitted question No. 127.) **Shri Monoranjan Baksi:**

কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে—

(১) বর্ধমান জেলার আউশগ্রাম থানার দেবশালা গ্রামের যুগীর বাঁধটি ট্যাঙ্ক ইমপ্রুভমেন্ট বিভাগ কর্তৃক নির্মিত করা সত্ত্বেও সেচনের জমিতে সেচকার্যের জন্য জল পাওয়া যায় নাই; এবং

(২) উক্ত বাঁধটির কোন জলাধার নাই ; এবং

(খ) সত্য হইলে, সব সময় কৃষিকার্যের জন্য জল না দিতে পারার জন্য জলকর রহিত হইবে কিনা ; এবং এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন

The Minister of State for Agriculture and Community Development:

(ক) (১) স্বাভাবিক অবক্ষয়জনিত কারণে পুকুরটির গভীরতা পূর্বাপেক্ষা হ্রাসপ্রাপ্ত হইলেও খরিপ মরশুমে সেচোপযোগী জল পাওয়া যায়।

(২) ইহা সত্য নহে।

(খ) অধিকাংশ উপকৃত ব্যক্তিই নিয়মিত জলকর প্রদান করিতেছেন, সুতরাং কর রহিত করার প্রশ্ন উঠে না।

Investigations into the malnutrition among the people of West Bengal

36. (Admitted question No. 142.) **Shri Sanat Kumar Raha:**

স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে কেন্দ্রীয় খাদ্য ও কৃষি দপ্তর পশ্চিমবঙ্গের অধিবাসীগণের অপুষ্টি সম্পর্কে কোন তদন্ত করিয়াছেন ; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয় তবে উক্ত তদন্তের ফলাফল কি ?

The Minister for Health:

(ক) এ সম্বন্ধে আমাদের কিছু জানা নেই।

(খ) প্রশ্ন উঠে না।

Establishment of a Medical College at Burdwan

37. (Admitted question No. 165.) **Shri Monoranjan Baksi:**

স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে বর্ধমান জেলা পরিষদ কর্তৃক গৃহীত একটি প্রস্তাব, বর্ধমান মেডিক্যাল কলেজ স্থাপনের জন্য প্রেরিত হইয়াছে ; এবং

(খ) সত্য হইলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

The Minister for Health:

(ক) হ্যাঁ।

(খ) বর্ধমানে মেডিক্যাল কলেজ সংস্থাপনের কোন পরিকল্পনা বর্তমানে নাই।

Registered unemployed persons in West Bengal

38. (Admitted question No. 191.) **Shri Kashi Kanta Maitra:**

শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে নথীভুক্ত বেকারের সংখ্যা বর্তমানে কত ; এবং

(খ) পশ্চিমবঙ্গের জেলাওয়ারী নথীভুক্ত বেকারীর সংখ্যা ১৯৬৫ সালে এ পর্যন্ত কত ?

The Minister for Labour:

(ক) ১৯৬৪ সালের ৩১এ ডিসেম্বর কর্মসংস্থান কেন্দ্রসমূহে নথীভুক্ত বেকার সংখ্যা, ৫০৩,৮৮৭।

(খ) জেলাওয়ারী পরিসংখ্যান নাই। কর্মসংস্থান কেন্দ্র অনুসারে ৩১-১২-৬৪ তারিখের পরিসংখ্যান পেশ করা হইল।

Statement referred to in reply to clause (kha) of unstarred question No 38

কর্ম সংস্থানকেন্দ্র।	পুরুষ।	স্ত্রী।	মোট।
কলিকাতা	৬১,১১৫	১৫,১১৬	৭৬,২৩১
খিদ্দিরপুর	৭৬,৭৭৯	..	৭৬,৭৭৯
হাওড়া	২৮,০২৮	১,১৯৩	২৯,২২১
ব্যারাকপুর	৬০,৩৮০	১,৬৯২	৬২,০৭২
আসানসোল	১৬,০০৬	২১৬	১৬,২২২
দার্জিলিং	২,১৫৮	২০০	২,৩৫৮
উত্তর কলিকাতা	৫৬,৭৪৭	..	৫৬,৭৪৭
দুর্গাপুর	১৪,৮৯২	১৪৩	১৫,০৩৫
শ্রীরামপুর	১৫,৪০৯	৪১৯	১৫,৮২৮
খড়্গপুর	১৯,৮৩০	২৭০	২০,১০০
বর্ধমান	৭,৬৮১	১,৩৮৯	৯,০৭০
দক্ষিণ কলিকাতা	৫,৯৭৭	..	৫,৯৭৭
শিলিগুড়ি	৫,৮৫৭	২৬৬	৬,১২৩
পুরুলিয়া	৪,৪৭৬	১০০	৪,৫৭৬
কল্যাণী	১৮,৩০৮	২,৬৪৬	২০,৯৫৪
মালদহ	১৪,৬০৩	৫১৭	১৫,১২০
বহরমপুর	৪,৬৯৮	৩১৫	৫,০১৩
কোচবিহার	৮,৪২৫	৩৯১	৮,৮১৬
সিউড়ি	৮,৯৯৪	৯৯৫	৯,৯৮৯
বাঁকড়া	৫,৩৬৪	২৩	৫,৩৮৭
জলপাইগুড়ি	৩,৫১৫	২২২	৩,৭৩৭
রাণীগঞ্জ	৭,১৮৪	১৬	৭,২০০
সীতারামপুর	৭,৭৮৭	৮	৭,৭৯৫
ফরাক্কা	৭,২৬০	৯০	৭,৩৫০
ত্রিবেণী	১৪,৪৮২	১৩১	১৪,৬১৩
কর্ম সহায়ক কেন্দ্র, কলিকাতা বিশ্ববিদ্যালয়	২৪৯	৫২	৩০১
বিশেষ কর্মসংস্থান কেন্দ্র, জাতীয় কর্ম বিনিয়োগ কৃত্যক ..	১, ২২২	৫১	১,২৭৩
মোট ..	৪৭৭,৪২৬	২৬,৪৬১	৫০৩,৮৮৭

Rate of fuel sold from Government Forests in Jhargram subdivision

39. (Admitted question No. 213.) **Shri Surendra Nath Mahata:**

বনবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমায় সরকারী বন হইতে শাল ইত্যাদি গাছের জ্বালানী কাঠ এ বৎসর কত দরে বিক্রয় হইতেছে ;

(খ) গত বৎসর এ দর কত ছিল ; এবং

(গ) দুই বৎসরের দরের কোন পার্থক্য থাকিলে তাহার কারণ কি?

The Minister of State for Forests:

(ক) গোপীবল্লভপুর ও নয়াগ্রাম অঞ্চল বাদে সমগ্র ঝাড়গ্রাম মহকুমায় এই বৎসর জ্বালানী-কাঠের প্রতি কুইণ্টালের দর ২ টাকা ৪০ পয়সা। ঐ দুইটি অঞ্চলে জ্বালানীকাঠ নির্দিষ্ট মাপের ঠেক হিসাবে বিক্রয় হয় এবং সেখানে ৪০·৫০ ঘনফুট মাপের ঠেকের দাম ৩ টাকা ৭৫ পয়সা।

(খ) ঐ দরই ছিল।

(গ) এই প্রশ্ন ওঠে না।

Canal tax from the D.V.C. Mayurakshi Canal areas

40. (Admitted question No. 234.) **Shri Benoy Krishna Chowdhury:** Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) amounts of canal tax collected from the D.V.C. and Mayurakshi Canal areas in each of the following years, viz., 1961, 1962, 1963 and 1964; and

(b) the amount of canal tax still outstanding in the above two canal areas?

The Minister for Irrigation and Waterways: (a) (i) Amounts of canal tax collected from the D.V.C. Canal areas are:

1961-62—	Rs. 90,368.00
1962-63—	Rs. 3,04,791.00
1963-64—	Rs. 27,53,733.00
1964-65—	Rs. 24,42,375.00 (up to 31-12-1964)

(ii) Amounts of canal tax collected from Mayurakshi Canal area are:

1961-62—	Rs. 16,84,169.00
1962-63—	Rs. 63,84,469.00
1963-64—	Rs. 63,93,387.00
1964-65—	Rs. 18,00,000.00 (up to 31-1-1965)

(b) Amounts of canal tax outstanding as against the assessment made up to date are—

(i) In D.V.C. area—Rs. 50,23,806.00.

(ii) In Mayurakshi Canal area—Rs. 1,41,65,618.00.

Agricultural income

41. (Admitted question No. 257.) **Shri Sanat Kumar Raha:**

অর্থবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কাহাদের উপর কৃষি আয়কর ধার্য করা হয় এবং কি নীতিতে এই কর নির্দিষ্ট হয়; এবং

(খ) এই কর আদায়ের পদ্ধতি কিরূপ?

The Minister for Finance:

(ক) কৃষি আয়কর নীট কৃষি আয়ের ক্রমানুসারে ধার্য করা হয়। ব্যক্তি বা অবিভক্ত হিন্দু পরিবারের ক্ষেত্রে এই কর টাকা প্রতি সর্বনিম্ন ৫ পয়সা এবং সর্বোচ্চ ২৫ পয়সা হারে নির্ণয় করা হয়। ফার্ম, অ্যাসোসিয়েশন এবং কোম্পানীর ক্ষেত্রে এই কর টাকা প্রতি ৪০ পয়সা হিসাবে নীট কৃষি আয়ের উপর প্রযোজ্য। কোন ব্যক্তি বা অবিভক্ত হিন্দু পরিবারের নীট আয়ের পরিমাণ ৩,০০০ টাকার অধিক না হইলে, অথবা উহার দখলাধীন ও কর্ষিত জমির পরিমাণ আশী (৮০) স্ট্যাণ্ডার্ড বিঘার অধিক না হইলে এবং ঐ পরিমাণ জমিই উহার কৃষি আয়ের একমাত্র উৎস হইলে কোন কৃষি আয়কর দিতে হয় না। কোম্পানী, ফার্ম বা অ্যাসোসিয়েশন-এর ক্ষেত্রে কিন্তু এরূপ কোন ছাড় নাই।

নীতি কথাটি কি অর্থে প্রয়োগ করা হইয়াছে তাহা ঠিক বুঝা যাইতেছে না। তবে মনে হয় পূর্ব অনুচ্ছেদে যাহা বলা হইয়াছে তাহা হইতেই কৃষি আয়কর নীতি সম্যক বুঝা যাইবে।

(খ) কৃষি আয়কর আধিকারিক করদাতার আয়ের রিটার্ন-এর ভিত্তিতে তাহার হিসাবপত্র দেখিয়া কৃষি আয়কর ধার্য করেন। ধার্য কর আদায়ের জন্য করদাতার নিকট ডিম্যাণ্ড নোটিস এবং চালান প্রেরণ করেন। নির্দিষ্ট তারিখের মধ্যে ট্রেজারি বা সাব-ট্রেজারিতে কর আদায় দিবার জন্য বলা হয়। ক্ষেত্র বিশেষে করদাতার আবেদনক্রমে কৃষি আয়কর আধিকারিক যোগ্য ক্ষেত্রে আদায়ের সময় বর্ধিত করিতে পারেন। করদাতার আবেদনক্রমে কৃষি আয়কর আধি-কারিক অনধিক চারি কিস্তিতে ধার্য কর আদায়ের নির্দেশ দিতে পারেন।

বিশদ বিবরণের জন্য ১৯৪৪ সালের কৃষি আইনটি দ্রষ্টব্য।

Unemployed persons in West Bengal

42. (Admitted question No. 278.) **Shri Monoranjan Hazra:**

শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তৃতীয় পরিকল্পনার শেষ অর্থাৎ বর্তমান অধ্যায়ে পশ্চিমবাংলায় বেকারের সংখ্যা কত;

(খ) উক্ত পরিকল্পনাকালে কর্মসংস্থান কেন্দ্রগুলি থেকে এ পর্যন্ত মোট কত ব্যক্তিকে চাকুরী দেওয়া হইয়াছে; এবং

(গ) উক্ত পরিকল্পনাকালে সরকারী বিভিন্ন সংস্থা হতে ছাঁটাইয়ের সংখ্যা কত?

The Minister for Labour:

(ক) ১৯৬৪ সালের ৩১এ ডিসেম্বর তারিখে নথীভুক্ত বেকারের সংখ্যা ৫,০০,৮৭৭ জন।

(খ) মোট ১,৪১,৯৮৬ জনকে কর্মসংস্থান কেন্দ্র মারফত চাকুরী দেওয়া হইয়াছে।

(গ) সরকারী অফিসে কোনোও ছাঁটাই হয় নাই। সরকারী শিল্প প্রতিষ্ঠানে ৬৩৩ জন ছাঁটাই হইয়াছে।

Signas Printing Co-operative Society Ltd., Berhampur

43. (Admitted question No. 377.) **Shri Birendra Narayan Ray:** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় অবস্থিত সিগনাস প্রিণ্টিং কো-অপারেটিভ সোসাইটি লিঃ ১৯৬৩ এবং ১৯৬৪ সালে কত টাকা লাভ বা লোকসান করিয়াছে;

(খ) উক্ত সোসাইটির বর্তমান কার্যনির্বাহক সমিতি সদস্যদের নাম ও পরিচয় কি;

(গ) উক্ত সমিতি উক্ত দুই বৎসরে সরকারের কোন কাজ পাইয়াছেন কি; এবং

(ঘ) পাইয়া থাকিলে কোন্ বৎসর কত টাকার করিয়া কাজ পাইয়াছেন?

The Minister for Co-operation:

(ক) ১৯৬২-৬৩ সমবায় বৎসরে কোন লেনদেন ছিল না। ১৯৬৩-৬৪ সমবায় বৎসরে লোকসানের পরিমাণ ১,৮৮৬·৩৩ টাকা।

(খ) (১) শ্রীসামসুদ্দিন আহমেদ, এম-এল-এ (চেয়ারম্যান), (২) শ্রীবিজয়কুমার মল্লিক, শিক্ষক এবং গ্রন্থকার (ভাইস চেয়ারম্যান), (৩) শ্রীপিযূষকান্তি চন্দ্র, সাংবাদিক (সেক্রেটারি), (৪) শ্রীকালিদাস ধর, শিল্পী এবং ব্লক মেকার (ডিরেক্টর), (৫) শ্রীআব্বাস সাত্তার, এ্যাডভোকেট (ডিরেক্টর), (৬) শ্রীদেবনারায়ণ ঘোষ, কম্পোজিটার (ডিরেক্টর), (৭) শ্রীবিমলকুমার পাণী, চাকুরী (ডিরেক্টর), (৮) শ্রীরামনারায়ণ ভট্টাচার্য, চিকিৎসক (ডিরেক্টর), (৯) শ্রীইন্দ্রনারায়ণ ঘোষ, কারিগর (ডিরেক্টর), (১০) শ্রীদীপ্তিকুমার চট্টোরাজ, শিক্ষক (ডিরেক্টর), (১১) শ্রীফণীভূষণ চন্দ্র, শিক্ষক (ডিরেক্টর), (১২) শ্রীশৈলেশচন্দ্র মৈত্র, চাকুরী (ডিরেক্টর)।

(গ) হ্যাঁ।

(ঘ) ১৯৬৩-৬৪ সমবায় বৎসরে টাকা ৮৩৪·৫০ এর এবং ১-৭-৬৪ হইতে ৩১-১২-৬৪ পর্যন্ত টাকা ২৭৪·৫৭ এর ছাপার কাজ বিভিন্ন সরকারী অফিস হইতে পাইয়াছে।

Illicit Ganja, Opium, etc., detected in West Bengal

44. (Admitted question No. 323.) **Shri Mrigendra Bhattacharyya:** আবগারী বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ১৯৬০-৬১, ১৯৬১-৬২, ১৯৬২-৬৩ এবং ১৯৬৩-৬৪ সালে কোন্ বৎসর কত পরিমাণ বে-আইনী গাঁজা, আফিম এবং সিদ্ধি ধরা পড়িয়াছে এবং ইহাদের মূল্য কত;

(খ) ঐ সমস্ত জিনিস কোন্ কোন্ প্রদেশ হইতে আমদানি হয়;

(গ) কোন্ বৎসর কতজনের উক্ত অপরাধের জন্য সাজা হইয়াছে এবং উহাদের মধ্যে বাংলার বাহিরের কোন্ প্রদেশের কতজন অপরাধী রহিয়াছে;

(ঘ) এই বে-আইনী অপরাধে ইণ্টার প্রভিন্সিয়াল গ্যাংগ-এর কোন সন্ধান পাইয়াছেন কি; এবং

(ঙ) এই বে-আইনী কারবার বন্ধ করার জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন?

The Minister for Excise:

(ক) উল্লিখিত চারি বৎসরে যে বে-আইনী গাঁজা, সিদ্ধি ও আফিম অন্তঃশুল্ক কর্মচারিগণ ধরিয়াছেন তাহার আনুমানিক পরিমাণ এবং মূল্য নিম্নের তালিকায় দেওয়া হইল :—

ধৃত বে-আইনী মাদক দ্রব্যের পরিমাণ এবং মূল্য

বৎসর।		গাঁজা।		সিদ্ধি।		আফিম।	
		পরিমাণ।	মূল্য।	পরিমাণ।	মূল্য।	পরিমাণ।	মূল্য।
		কেজি।	টাকা।	কেজি।	টাকা।	কেজি।	টাকা।
১৯৬০-৬১	..	৩,৭৬৪	৭,৫২,৮০০	১,৩৫৯	৮১,৫৪০	৪৫৫	৪,৫৫,০০০
১৯৬১-৬২	..	৪,১৮৮	৮,৩৭,৬০০	১,৩৭৩	৮২,৩৮০	৬৪২	৬,৪২,০০০
১৯৬২-৬৩	..	৫,২৬৪	১০,৫২,৮০০	৩,২৮৮	১,৯৭,২৮০	৬০৬	৬,০৬,০০০
১৯৬৩-৬৪	..	৪,৮০৪	৯,৬০,৮০০	১,২৪২	৭৪,৫২০	১৩৯	১,৩৯,০০০

(খ) বে-আইনী গাঁজা যাহা এই রাজ্যে ধরা পড়ে তাহার প্রায় সবটাই নেপালে উৎপন্ন হয় এবং সেখান হইতে সাধারণত বিহার হইয়া আমদানী হয়। সিদ্ধি প্রধানত পাঞ্জাব ও উত্তরপ্রদেশ হইতে এবং আফিম প্রধানত উত্তরপ্রদেশ, মধ্যপ্রদেশ ও রাজস্থান হইতে চোরা কারবারী মারফৎ এই প্রদেশে আমদানী হয়।

(গ) গত ১৯৬৩-৬৪ সালে গাঁজা, সিদ্ধি ও আফিমের চোরা কারবারে লিপ্ত আছে এই অভিযোগে যথাক্রমে ২,৭৪৬, ১৮৭ ও ৩৬৯ ব্যক্তির সাজা হইয়াছে বলিয়া প্রকাশ। ইহাদের মধ্যে কতজন অন্য প্রদেশের অধিবাসী এবং অন্যান্য বৎসরের অনুরূপ তথ্য সংগ্রহ করা অনেক সময় সাপেক্ষ।

(ঘ) এই বে-আইনী চোরা কারবার একটি ইন্টার প্রভিন্সিয়াল গ্যাং করে এরূপ নহে। এই রাজ্যের ও বিভিন্ন রাজ্যের বহু লোক এই কারবারে লিপ্ত আছে ও ধরা পড়ে।

(ঙ) যতদিন বিভিন্ন রাজ্যে মাদক দ্রব্যগুলির বে-আইনী উৎপাদন সম্পূর্ণ বন্ধ না হয় ততদিন এই রাজ্যে ইহার চোরা কারবার নির্মূল করা সম্ভব নয়।

রাজ্যসরকার এই বিষয়ে অন্যান্য রাজ্যসরকার ও ভারতসরকারের সহিত যোগাযোগ রাখিয়া প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করেন।

[2—2-10 p.m.]

Mr. Speaker: I inform the honourable members that starred question No. 50 of Shri Kashi Kanta Maitra will be taken up on the next rotational day, as the reply has not been given today by the Hon'ble Minister concerned. The question of Dr. Narayan Chandra Ray (starred question No. 51) will also be taken up on the next rotational day.

Adjournment Motion

Mr. Speaker: I have received notice of an adjournment motion from Shri Aswini Roy on the subject of assault on three students by a Durwan of a school of Bhowanipore, Calcutta, on the 11th February, 1965. I have refused consent.

Calling Attention to Matters of Urgent Public Importance

The Hon'ble Minister-in-charge will please make a statement on the boycott of examination by professors of West Bengal, to which attention was called by Shri Sambhu Charan Ghosh on the 10th February, 1965.

Shri Rabindralal Sinha: Sir, I beg to make the following statement in reply to the calling attention notice of Shri Sambhu Charan Ghosh about the decision of college teachers of West Bengal to boycott University examinations.

The West Bengal College and University Teachers' Association handed over a memorandum containing their demands and asked for an interview with me. I met a deputation of the said Association on the 5th September, 1964, when their main proposals were discussed. I met them again on the 27th January, 1965, and the Chief Minister and myself met the representatives of the Association once again on the 3rd February, 1965. The Association's demands were as follows:—

(1) Regular payment of improved salaries of college teachers in accordance with the University Grants Commission's scales of pay;

(2) Grant of Provident Fund benefits on the difference of pay between the University Grants Commission's scale of pay and the college scale of pay;

(3) Extension of the benefit of the University Grants Commission's scale of pay to teachers appointed in new posts, not covered by University Grants Commission's grants, created in existing colleges;

(4) Grant of the benefit of University Grants Commission's scales of pay to teachers of new private colleges established during the Third Plan;

(5) Revision of salary scales of college teachers;

(6) Increase of Government Dearness Allowance to the college teachers.

2. As regards the question of payment of grants for the improved salary scales of college teachers in accordance with the University Grants Commission's scales of pay, the Association has been informed that the State Government's grants to colleges in respect of improved salary scales of college teachers are now being paid quarterly and would continue to be paid regularly in every quarter.

3. As regards grant of Provident Fund benefits, Government has agreed to pay additional grants at the rate of 6¼ per cent. of the difference of pay between the University Grants Commission's scales of pay and the college scale of pay for Provident Fund contributions, provided the colleges have already adopted a Contributory Provident Fund Scheme. This decision is being given effect to from the beginning of the present financial year.

4. As regards extension of benefits of the University Grants Commission's scales of pay to teachers appointed in new posts created in existing colleges and to teachers of private colleges established during the Third Five-Year Plan, the representatives of the Association were informed that notwithstanding the difficulty of taking any new financial liability so late

in the Plan period, Government was prepared to extend, as a special case, the benefit of University Grants Commission's scales of pay to those teachers provided the new posts were found necessary according to the University Grants Commission's standard and the new colleges established during the Third Plan period came up to the University Grants Commission standard, the Commission bearing their share of benefit for a period of five years in respect of teachers in new colleges.

In this connection it was also made clear that if new colleges were established in close proximity of one another with low enrolment and with under-paid staff inspite of the pay structure having been standardised by the University Grants Commission, and if new posts were created in the old colleges without regard to accept yardstick for work-load, it would not be possible for the State Government to take upon itself an indeterminate liability in all such cases. In future, therefore, unless a college is established with the prior approval of the Government, and unless new posts are created also with the approval of the Government, the State Government cannot take upon itself any financial liability in these respects. The representatives of the Association also agreed that there should not be such unplanned establishment of colleges in future.

As regards revision of salary scales of college teachers, it was explained that at this stage when the Third Plan period was almost at an end, and all funds available for development schemes were fully committed, substantial financial commitment for a new scheme was not possible. However, the State Government was alive to the necessity of an upward revision. The University Grants Commission formulated the present scales of pay and the State Government hopes that the University Grants Commission will revise the scales further upward on a national basis and the matter has already been taken up with the Government of India, the University Grants Commission and the Planning Commission for futher improvement of the scales of pay in the Fourth Plan period. The University Grants Commission has appointed a Committee of which Shri Malik, Vice-Chancellor, Calcutta University, is a member, to go into the matter. So, consideration in the matter of further upward revision of pay scales has already started.

The deputation of the College and University Teachers' Association was assured that salary scales would be further revised and improved in the Fourth Plan.

When the representatives of the Association met the Chief Minister and myself on the 3rd February, 1965, for further clarification they requested the Chief Minister for a firm assurance that the revised pay scales that would be recommended by the University Grants Commission should be adopted by the State Government in regard to the non-Government colleges from the beginning of the Fourth Plan period. The Chief Minister said that the Education Minister had virtually accepted the suggestion at the meeting with the representatives of the Association held on the 27th January, 1965. The Chief Minister assured that on the acceptance by the Government of India the revised pay scales to be recommended by the University Grants Commission would be given effect to by the State Government in the Fourth Five-Year Plan from the date on which the same is accepted by the Government of India.

As regards grant of ad interim relief in the shape of additional dearness allowance the Chief Minister explained at length the general financial position of the State Government and the difficulty in accepting any additional financial liability during this Plan period. He expressed full

sympathy with the hardship that is being caused and stated that if the State Government found it possible to grant any ad interim relief as a general measure in the form of additional dearness allowances, non-Government college teachers would also be included in the scheme. In this connection I may draw the attention of the House to the statement of the Chief Minister made in the House on 10th February, 1965.

Sir, from what has been stated it would be clear that the Government has been considering the proposals of the Association with all sympathy. I understand that the Association is also now considering the matter. I hope they would reconsider their decision and desist from any action which would be detrimental to the interests of their students and to the community in general.

Shri Sambhu Charan Ghosh:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকরা আজকে যে সিদ্ধান্ত নিয়েছেন এই সিদ্ধান্তের কথা আমরা ৫ বছর ধরে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে আমাদের বক্তব্য রেখেছি। উনি যে বিবৃতি রাখলেন আমি তার উপর কয়েকটি প্রশ্ন রাখছি। আমার প্রথম প্রশ্নটা হচ্ছে যে, ইউ-জি-সি যে কমিটি করেছে সেই কমিটি যে স্কেল করে দেবে সেই স্কেলটা কেন্দ্রীয় সরকার গ্রহণ করুক বা না করুক পশ্চিমবঙ্গ সরকার তাকে ইন-টো-টো গ্রহণ করবেন কি করবেন না? দ্বিতীয় হচ্ছে যে নিউ এনট্রান্টস এলিজিবিলিটি উপরেতে তারা গ্রান্টটা দেবেন কিনা? এবং তৃতীয় হচ্ছে তার পরিমাণটা কত এবং সেটা কবে থেকে কার্য্যকরী করবেন? আমার এই প্রশ্নগুলি যদি পরিষ্কার করে দেন, তাহলে আমার কাছে প্রশ্নটা অনেকখানি পরিষ্কার হয়ে যায়।

[2-10—2-20 p.m.]

Shri Prafulla Chandra Sen:

স্যার, যদিও এটা কলিং এ্যাটেনশন-এর নোটিশের উপর বিবৃতি দিয়েছেন মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়, কিন্তু এই জিনিষটা নিয়ে আমাদের সকলের মনে নানা রকম প্রশ্ন জেগেছে বলে আপনার অনুমতি নিয়ে আমি বলতে চাই যে যদি ইউ-জি-সি'র রেকমেন্ডেসন কেন্দ্রীয় সরকার গ্রহণ না করেন—অবশ্য আমি মনে করি না তাঁরা গ্রহণ করবেন না—তাহলে আমাদের রাজ্য সরকার একক ভাবে সমস্ত ভার বহন করবেন বলে আমি মনে করি না তবুও আমার এটা ধ্রুব বিশ্বাস যে কেন্দ্রীয় সরকার ইউ-জি-সি'র সুপারিশ মেনে নেবেন। দ্বিতীয়তঃ ইন্টারিম রিলিফ দেবার কথা সম্বন্ধে আমরা বিশেষভাবে চিন্তা করছি এবং আমাদের বর্তমান আর্থিক সঙ্গতি যেভাবে আছে তাতে আমরা তাঁদের কাছে কোন কথা বলতে পারিনি। তবে পরিষ্কার ভাবে একথা আমি জানাতে চাই, সেদিনও বলেছি, আমাদের অর্থমন্ত্রী মহাশয় এবিষয়ে আরও ভালভাবে পরীক্ষা করে দেখছেন যদি কিছু দেওয়া যায়।

Shrimati Ila Mitra:

আমি একটা কোশ্চেন-এর ক্লারিফিকেশন চাই। আমি একটা কথা জিজ্ঞাসা করছি যখন আমাদের সামনে একটা সঙ্কট রয়েছে তখন তার থেকে আমরা পরিত্রাণ পেতে পারি কিনা। তিনি বলেছেন ইউ-জি-সি যদি রেকমেন্ড করেন এর যদি সেন্ট্রাল গভর্ণমেন্ট এ্যাকসেপ্ট করেন তাহলে আমরা বিবেচনা করতে পারি এবং ক্যাটেগোরিকাল অ্যাসুরেন্স দিয়েছেন যে আমরা এটা গ্রহণ করব। এই প্রসঙ্গে আমার প্রশ্ন হচ্ছে যে এডুকেসান এখন কনকারেন্ট সাবজেক্ট হয়নি, এটা স্টেট সাবজেক্ট-এর কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী এটা বারবার বলেছেন যে সেই রাজ্যে সেই সরকার যদি শতকরা ৫০ ভাগ এডুকেসান-এর দায়িত্ব গ্রহণ করেন বেতন বৃদ্ধি হোক বা যে কোন কারণেই হোক না কেন, তাহলে শতকরা ৫০ ভাগ সেন্ট্রাল গভর্ণমেন্ট দেবেন। অর্থাৎ তাহলে সেখানে কি ওই ধরনের দায়িত্ব আমাদের সরকার গ্রহণ করছেন না?

Shri Prafulla Chandra Sen:

আমি এটার জবাব দিতে চাই। একথা আমরা অনেক সময় শুনে থাকি যে শিক্ষকদের বেতন বৃদ্ধির টাকা যদি প্রাদেশিক সরকার দিতে রাজী হন তাহলে কেন্দ্রীয় সরকার তার কিছু অংশ গ্রহণ করতে পারেন। কিন্তু এটা মাননীয় সদস্যদের জানা উচিৎ যে আমাদের সমস্ত কাজগুলো পরিকল্পনার মাধ্যমে হয়ে থাকে। আমাদের শিক্ষার খাতে তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ৩৬ কোটি টাকা ধার্য্য ছিল শিক্ষকদের বেতন বৃদ্ধির জন্য। অতিরিক্ত ১৩ কোটি টাকার ভার আমাদের বহন করতে হচ্ছে। অর্থাৎ যেখানে তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ৩৩ কোটি টাকা ধার্য্য ছিল সেখানে আমরা ৫১ কোটি টাকা এ পর্যন্ত শিক্ষার খাতে খরচ করছি; আর আমাদের কেন্দ্রীয় সরকারের তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যেটা ২৫০ কোটি টাকা ধার্য্য করা হয়েছিল তাতে কথা ছিল কেন্দ্রীয় সরকার বহন করবেন ১৬০ কোটি টাকা আর রাজ্য সরকার বহন করবেন ৯০ কোটি টাকা। সেই স্থলে কেন্দ্রীয় সরকার ইমারজেন্সির পরে বললেন আমরা ১৬০ কোটি টাকা বহন করতে পারব না, আমরা দেব ১৫৬ কোটি ৪০ লক্ষ টাকা। মাননীয় সদস্যদের অবগতির জন্য আমরা বলতে পারি আমরা রাজ্য সরকার ৯০ কোটির স্থলে ১৪৪ কোটি টাকা দিয়েছি। কাজেই আমরা যদি কিছু ব্যয় করি তাহলে ওঁরা তখন বলবেন ১৫৬ কোটি ৪০ লক্ষের মধ্যে সেরে নাও--কিন্তু এটা সম্ভব নয়।

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker: I have received 11 notices of Calling Attention on the following subjects, namely:—

(1) Adulterated mustard oil—by Shri Ananga Mohan Das;

(2) Movement by the primary, secondary and college teachers of West Bengal for increase of their pay-scales and introduction of D.A.—by Shri Aswini Roy;

(3) Delay in formation of Murshidabad Zilla Parishad—by Shri Sanat Kumar Raha;

(4) Boycott of examination of papers by the professors of West Bengal—by Shri Bhakti Bhusan Mandal;

(5) The growing scarcity and rising prices of fish in Calcutta—by Shri Somnath Lahiri;

(6) Construction of proposed stadium in Calcutta—by Shri Bijesh Chandra Sen;

(7) Declaration of lock-out by the Management of M/s. Reckitt and Colman India (Private) Ltd.—by Shri Aswini Roy;

(8) Insufficient supply of flour to bakeries in West Bengal—by Shri Sanat Kumar Raha;

(9) Scarcity of pulses and wheat in West Bengal—by Shri Birendra Narayan Ray, Shri Monoranjan Baksi, Shri Mahananda Haldar, Shri Hrishikesh Halder and Shri Adhar Chandra Halder;

(10) Murder and kidnapping incidents by persons of Pakistani police and rifle forces—by Shri Birendra Kumar Mitra, Shri Promode Ranjan Bose, Shri Kamal Krishna Ray, Shri Dhaneswar Saha and Shri Bhupendra Deb Raikut;

(11) Police action on students' demonstration in South Calcutta on 11-2-65—by Shri Gopal Banerjee.

I have selected the notice of Shri Bijesh Chandra Sen on the subject of construction of the proposed stadium in Calcutta. The Minister-in-charge may please make a statement on the subject today, if possible, or give a date for the same.

Shri Rabindralal Sinha: I will make the statement on Tuesday.

Shri Aswini Roy:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় শিক্ষাদপ্তরের মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে গত ৮ই থেকে পঃ বঃ মাধ্যমিক শিক্ষা পর্ষদের কর্মচারীরা কলম ধর্মঘট করেছেন। এই দপ্তরটা খুবই গুরুত্বপূর্ণ দপ্তর। তাদের দাবীদাওয়া যা রয়েছে তা বড় বেশী দাবীদাওয়া নয়। ৫ টাকা ১০ টাকা মাগ্গী ভাতা আগে যা মঞ্জুর করেছিলেন তা এখনও চালু হয় নি। আগেকার বেতন হারের পর নূতন করে চালু করতে গেলে পর তাতে কিছু লোকের বেতন কমে গেল। এই ধরনের কতকগুলি গুরুত্বপূর্ণ দাবীদাওয়া আছে। এই সবের যাতে আশু মীমাংসা হয় তারজন্য আমি সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

Shri Hemanta Kumar Basu:

গতকাল দক্ষিণ কলিকাতায় খালসাস্কুলে যে ঘটনা ঘটেছে হিন্দী চাপানোর ব্যাপারে। আমাদের এখানে যে প্রস্তাব গ্রহণ করা হয়েছে তাতে গভর্ণমেণ্ট পরিষ্কার ভাবে কিছু বলেন নি। তবে পরিষ্কার করে না বললেও আমরা সর্বসম্মতিক্রমে প্রস্তাব গ্রহণ করেছি। আজকে যদি জনসাধারণের কাছে পরিষ্কার করে একটা বিবৃতি দেন যে অহিন্দীভাষীদের উপরে জোর করে হিন্দী চাপান হবে না যতদিন না হিন্দী ফাল্লি ডেভালাপ হয় ততদিন পর্যন্ত ইংরাজী চলবে। আজকে জনসাধারণের মনে হিন্দী চাপানোর ব্যাপারে সন্দেহের সৃষ্টি হয়েছে সেটা যাতে দক্ষিণ ভারতের ন্যায় প্রসার লাভ না করতে পারে, তার সূচনা যাতে দেখা না দেয় তারজন্য বাংলা গভর্ণমেণ্ট-এর পক্ষ থেকে এক্ষুনি একটা বিবৃতি দেওয়া দরকার, আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় এই সম্বন্ধে কিছু বলুন।

[2-20—2-30 p.m.]

Shri Prafulla Chandra Sen:

আমাদের এ সম্বন্ধে গতকাল যে প্রস্তাব গ্রহণ করা হয়েছে সেটা আমরা কেন্দ্রীয় সরকারের কাছে পাঠিয়ে দেবো। আমাদের বাংলাদেশের উপর হিন্দী চাপাবার কোন প্রশ্নই উঠে না। আমরা এখন কেন্দ্রীয় সরকারের কাছে যে চিঠি লিখি তা ইংরাজীতে লিখছি এবং কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যে জবাব পাই তা ইংরাজীতেই পাচ্ছি। কাজে কাজেই পশ্চিমবাংলায় হিন্দী ভাষা জোর করে চাপাবার কোন প্রশ্নই উঠে না।

Shri Syed Abul Mansur Habibullah:

মাননীয় স্পীকার স্যার, এ বিষয়ে মুখ্যমন্ত্রী যে কথা বললেন তার পরও একটা প্রশ্ন আছে। আমরা গতকাল যে স্তরে এবং যেভাবে রেজলিউসন পাশ করেছি এই হাউসে তার পরে একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ পরিবর্তন এসেছে। কেন্দ্রের দু'জন মন্ত্রী রিজাইন দেবার পর নন-হিন্দী স্পীকিং পিপলদের মধ্যে আরও সন্দেহ হতে পারে যে কেন্দ্রে এমন একটা নীতি গ্রহণ করা হচ্ছে যেটা এর পরিপন্থী। আমরা যেভাবে ও যে উদ্দেশ্যে কালকে প্রস্তাবটা পাশ করেছি তার পরে আজকে যে একটা গুরুতর পরিবর্তন হয়েছে সেই কারণে আজকে শুধু আমাদের রেজলিউসন পাঠিয়ে দেবার প্রশ্ন নয়। আমরা বেঙ্গল গভর্ণমেন্টের তরফ থেকে বাংলাদেশের গভর্ণমেন্টের তরফ থেকে বাংলাদেশে যে রুলিং পার্টি আছে তারা কতখানি জোরের সঙ্গে আমাদের বক্তব্যকে রাখতে পারছেন এবং আমরা কতখানি জোরের সঙ্গে রাখতে পারছি যে অবস্থার মধ্যে দু'জন কেন্দ্রীয় মন্ত্রীকে রিজাইন দিতে হয়েছে সেখানে বাংলাদেশের মনোভাব আরও স্পষ্টভাবে এবং দৃঢ়ভাবে যাতে ব্যক্ত হতে পারে সেই প্রশ্ন এসেছে—সেই নীতি গ্রহণ করার প্রয়োজন আছে বলে আমরা মনে করি।

Shri Prafulla Chandra Sen:

আমি তো বলেছি যে বাংলাদেশে জোর করে হিন্দী ভাষাকে চাপাবার কোন প্রশ্ন উঠে না। এবং ইংরাজী বনাম হিন্দী সম্বন্ধে আমাদের মনে যে সমস্ত ভ্রান্ত ধারণা ছিল—গতকাল প্রধান-মন্ত্রী মহাশয় সেগুলি নিরসন করে দিয়েছেন। কাজে কাজেই আমাদের উপর হিন্দী ভাষা জোর করে যে কেউ চাপাবে সেটা সম্ভবপর নয় এবং আমরা এ পক্ষের বা ও পক্ষের সকলে মিলে এটা জোর করে চাপানোর যদি কোন চেষ্টা—আমি বিশ্বাস করি, তা হবে না—তাহলে তা প্রতিরোধ করবো।

Shri Rabindra Nath Mukhopadhyay:

মিঃ স্পীকার স্যার, উনি বললেন যে প্রধানমন্ত্রী নিরসন করে দিয়েছে—তাহলে নিরসনের ফলটা কি এই হোল যে দুইজন মন্ত্রী পদত্যাগ করলেন।

Shri Prafulla Chandra Sen:

এ সম্বন্ধে আমি এটুকু বলতে পারি যে কেন্দ্রীয় কৃষিমন্ত্রী এবং কেন্দ্রীয় উপমন্ত্রী শ্রীআলাগেসান—এ'রা পদত্যাগপত্র দাখিল করেছেন আমাদের প্রধানমন্ত্রীর বেতার অভিভাষণের পূর্বে।

Shri Nikhil Das:

স্যার, এ সম্বন্ধে একটা প্রেসনোট বের করা দরকার এবং এই হাউসে একটা কংক্রীট স্টেটমেন্ট ফ্রম দি চীফ মিনিষ্টার আমরা আশা করছি।

Non-payment of salary to the workers of Hindustan Development Corporation

Mr. Speaker:

মিঃ দাস আপনার কি একটা আর্জেণ্ট ম্যাটার আছে সেটা বলুন।

Shri Nikhil Das:

স্পীকার স্যার, এই প্রশ্নটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ সম্পর্কে পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে একটা প্রেস নোটে পরিষ্কার করে কতকগুলি কথা বলে দেওয়া দরকার। সেটা যেন তারা করেন এবং হাউসেও একটা স্টেটমেণ্ট যদি মুখ্যমন্ত্রী করেন তাহলে পশ্চিমবাংলার অবস্থা ভাল হবে। পরিষ্কার করে একটা কংক্রীট স্টেটমেণ্ট যদি আমাদের চীফ মিনিষ্টার দেন। আর একটা কথা বলতে চাই সেটা হচ্ছে হিন্দুস্থান ডেভেলপমেণ্ট করপোরেসান বলে তাদের একটা ইঞ্জিনীয়ারিং ফ্যাক্টরী আছে ৩৮ তিলজলা রোড, সেখানে ১৪ শত ওয়ার্কার কাজ করে। আজকে ১২ তারিখ এই দুর্মূল্যের দিনে আজ পর্যন্ত তাদের জানুয়ারী মাসের মাইনে হয় নি। কবে হবে ওয়ার্কাররা জানে না—তারা হেড অফিসে এসে বসে আছে। সেইজন্য আমি আপনার মাধ্যমে শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি—তিনি যদি দয়া করে এ সম্পর্কে কিছু বলেন তাহলে শ্রমিকরা বাধিত হবে এবং আমিও তাদের কাছে গিয়ে কিছু বলতে পারি।

Shri Bijoy Singh Nahar:

এ সম্বন্ধে আমি জানাতে পারি যে তারা জানুয়ারী মাসের মাইনে দেন নি এবং ১০ তারিখে মাইনের ডিউ ডেট ছিল—সেদিন তারা নোটিশ দিলেন যে শীঘ্র দেবো—১১ তারিখে আবার নোটিশ দিয়েছেন যে ১৩ তারিখে মাইনে দেবার খুব চেষ্টা করবো—এই অবস্থায় আছে। এখনও আমাদের দপ্তরে কোন কিছু কোন কর্মী জানায় নি—এর পূর্বে আরও তিনবার ঐ রকম হয়েছে—কর্মীরা জানিয়েছিল এবং স্টেপও নেওয়া হয়েছিল এবং শ্রমিকদের টাকা তারা দিয়ে দিয়েছে।

Shri Nikhil Das:

১০ তারিখে আপনার দপ্তরে চিঠি দেওয়া হয়েছে—তার রসিদ আমার কাছে আছে।

Shri Bijoy Singh Nahar:
বোধ হয় আমাদের চীফ ইন্সপেক্টর অব ফ্যাক্টরীজ কাছে এখনও কিছু পৌঁছায় নি।

Mr. Speaker: I am sorry, it has not yet reached our hands from the Press. I will ask the Minister concerned to see that the papers are printed by the Press in time.

Shri Somnath Lahiri:
স্যার, আমি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে বিষয়টি অলরেডি উল্লেখ করা হয়েছে—কালকে যে ঘটনাটা ঘটেছে খালসা কলেজের সামনে তাতে সহরে কিছুটা উত্তেজনার সঞ্চার হয়েছে—ঘটনার বিবরণ কি তা নিয়ে নানা গুজব নানা দিকে ছড়াচ্ছে। যদিও আজকে স্কুল বন্ধ থাকার ফলে ততটা হয়তো বাড়াবাড়ি এখনও হয় নি—কিন্তু তাহলে আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ করবো যে একটা সরকারী প্রেসনোট বের করুন এবং তিনি এখানে একটা বিবৃতি দিন যে বাস্তবিক ঘটনা কি দাঁড়িয়েছে—কেন হয়েছিল কি বৃত্তান্ত, তা একটা দেওয়া দরকার। বিশেষ করে এখন গুজব রটছে যে, যে ছেলেটা আহত হয়েছিল সে নাকি মারা গেছে—সেই সমস্ত বিবরণ আপটু ডেট করে একটা প্রেসনোট দেওয়া উচিত। দ্বিতীয়তঃ আমরা কালকে যে প্রস্তাব এখানে গ্রহণ করেছি তার মধ্যে যেটা শেষ অংশ অর্থাৎ পরীক্ষা ইত্যাদি সম্পর্কে সেণ্ট্রাল একজামিনেসন ইত্যাদি সম্পর্কে আমরা যে সমস্ত ল্যাঙ্গোয়েজ প্যারিটি চাচ্ছি যেটা হিন্দী বিরোধী বিক্ষোভের একটা অন্যতম প্রধান কারণ যে পরীক্ষা অন্যদের ইংরাজীতে দিতে হবে—কিন্তু হিন্দীভাষী যারা তারা মাতৃভাষায় দিতে পারবেন—সেজন্য আমরা আমাদের প্রস্তাব পেশ করেছি যে পরীক্ষার ব্যাপারে সমস্ত ইনডিয়ান ন্যাশনাল ল্যাঙ্গোয়েজ যেন সমান পর্য্যায়ে রাখা হয়। এ পয়েণ্টটার ওপর একটু ষ্ট্রেস দিয়ে লোকের নজরে আনা যে এই বিষয়টা আমরা কেন্দ্রীয় সরকারের নজরে আনার চেষ্টা করছি। এবং কালকের ঘটনা সম্বন্ধেও একটা যদি বিবৃতি দেন তাহলে অবস্থা শান্ত রাখতে সাহায্য করবে।

Shri Prafulla Chandra Sen:
মাননীয় স্পীকার মহাশয়, সদস্য মহাশয় যে কথা বলেছেন আমি তার সঙ্গে দ্বিমত নয়। আমরা যখন সর্বসম্মতিক্রমে একটা প্রস্তাব গ্রহণ করেছি তার আমরা বহুল প্রচার চাই। কেন্দ্রীয় সরকারকে আমরা জানাচ্ছি এ বিষয়ে কোন সন্দেহ নেই। কালকে যে ঘটনা ঘটলো সেই ঘটনা সম্বন্ধে অনেকে ভুল খবর রটনা হয়েছিল যে মৃত্যু ঘটেছে—কিন্তু তা হয় নি। আমি আজ নিজে সকাল বেলায় যে তিনজন আহত হয়েছে তাদের সঙ্গে কথা বলে এসেছি। তারা ভাল আছে এবং তাদের চিকিৎসার সুব্যবস্থা হয়েছে এবং ঐ ঘটনার পর কালকে আমাদের ঐ অঞ্চলের নির্বাচিত যিনি বিধান সভার সদস্য শ্রীসিদ্ধার্থ শঙ্কর রায় আমাদের শ্রীমতী বিভা মিত্র, শ্রীশঙ্কর দাস ব্যানার্জি প্রভৃতি তাঁরা গিয়েছিলেন এবং যে সমস্ত শিখরা এ সম্বন্ধে কিছুই জানতেন না—তাঁরাও একটা বৈঠকে মিলিত হয়ে এক বিবৃতি দিয়েছিলেন—সেই বিবৃতি আজকে অমৃতবাজার পত্রিকায় এবং হিন্দুস্থান ষ্ট্যাণ্ডার্ডে প্রকাশিত হয়েছে এবং যারা স্কুলের কর্তৃপক্ষ তাঁরাও বিবৃতি দিয়েছেন ধিক্কার দিয়ে এবং যারা দোষী তাদের যাতে শাস্তি হয় তার জন্য অনুরোধ জানিয়ে এবং সরকারের সঙ্গে সহযোগিতা করবার প্রতিশ্রুতি দিয়ে একটা বিবৃতি দান করেছেন। মাননীয় সদস্য যা বলছেন আমি একটা বিবৃতি দিয়ে দেবো।

Shri Sanat Kumar Raha:
স্যার, আমি আপনার মাধ্যমে আমার বক্তব্যটা সংক্ষেপে বলতে চাই যে বহরমপুর থেকে চিঠিতে জানিয়েছেন যে ৩৫ জন বেকারীর মালিক আর ২ শত জন কর্মী তারা গত এক মাস থেকে কর্মহীন অবস্থায় ব্যবসা বন্ধ করে দিয়েছেন। এটা শুধু বহরমপুরের সমস্যা নয়, সারা বাংলা দেশের ১ লক্ষ বেকারী কর্মী এবং প্রায় হাজর কয়েক বেকারীর মালিক—এদের সম্বন্ধে কোন সুব্যবস্থা হচ্ছে কিনা তাদের ফ্লাওয়ার দেবেন কিনা—ময়দা-আটা ইত্যাদি—সে সম্বন্ধে একটা বিবৃতি দিলে ভাল হয়। তা না হলে সমস্ত দোকান বন্ধ হয়ে যাবে এবং এই বেকারীর কর্মীরা কোন কাজ পাবে না—একটা সংকট সৃষ্টি হয়ে যাবে।

Shri Prafulla Chandra Sen:

আমি এ টুকু বলতে পারি এবং মাননীয় সদস্য মহাশয়, আমার থেকে কম জানেন না যে আমেরিকায় স্ট্রাইক হওয়ার দরুন গম আসছে না এবং যেটুকু গম আমাদের কাছে আছে সেটুকু আমরা ষ্টাটুটারী রেশনিং এরিয়ায় দিচ্ছি—অন্য জায়গায় দিতে পারছি না। যতক্ষণ পর্যন্ত আমেরিকা থেকে গম না আসে ততক্ষণ পর্যন্ত আমরা ময়দা বা আটা দিতে পারবো না।

Mr. Speaker: Now, discussion on the Governor's Address.

Point of Order

Shri Nikhil Das:

স্যার, আমরা গভর্ণরের এ্যাড্রেসের উপর কোন এ্যামেণ্ডমেণ্ট পাই নি। গভর্ণরের এ্যাড্রেসের উপর ডিসকাসন সুরু হবে—কিন্তু কোন এ্যামেণ্ডমেণ্ট আমাদের কাছে সারকুলেট করা হয় নি।

[2-30—3-20 p.m.]

Shri Nani Bhattacharjee:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা বিষয়ে বলতে চাই সেটা হচ্ছে হাউসের প্রিভিলেজ এবং রাইট সংক্রান্ত ব্যাপার। গত বছর পাবলিক এ্যাকাউণ্টস কমিটি এই হাউস থেকে নির্বাচিত হয়েছিল। অথচ সেই পাবলিক এ্যাকাউণ্টস কমিটির বৈঠক কি কারণে কেন এ পর্যন্ত ডাকা হয় নি জানি না। তাঁরা এই ধরণের সংসদীয় গণতন্ত্রের কথা বলছেন, সব কিছু বলছেন অথচ এখানকার নির্বাচিত কমিটির বৈঠক ডাকা হচ্ছে না, সেটা কেবল পেপার কমিটি থেকে যাচ্ছে। এখানে পার্লামেণ্টারী এ্যাফেয়ার্সের মন্ত্রী আছেন, তিনি বলুন এ সম্বন্ধে তাঁর কি বক্তব্য আছে, কেন ডাকা হচ্ছে না।

Shri Jagannath Kolay:

এই বিষয়ে আমাদের ফাইনান্স মিনিষ্টার বলে গেছেন যে তিনি সোমবার এই বিষয়ে জবাব দেবেন।

Shri Jyoti Basu:

স্পীকার মহাশয়, আমি রাজ্যপালের বক্তৃতার উপর বলার আগে একটা বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই এবং এটা একটা গুরুতর প্রশ্ন এবং মন্ত্রীমহাশয়কে এইমাত্র আপনি বললেন আমি শুনলাম, মিনিষ্টারের এটা ব্যবস্থা করা উচিৎ যাতে সংশোধনীগুলি প্রেস থেকে ঠিক ছাপা হয়ে সময় মত আসে। এইভাবে আর কতদিন চলবে সেটা আমাদের জানা দরকার। কারণ, আমরা এখানে মিনিষ্টারদের দাসত্ব করবার জন্য আসিনি, আমরা এখানে নির্বাচিত হয়ে এসেছি। সেজন্য আপনাকে আমি বলছি আজকের যে বিজনেস সেটা স্থগিত রাখা হোক। আমি বলছি যে এ্যামেণ্ডমেণ্টে কি আছে না আছে সেটা যদি আমরা না জানি তাহলে কি করে কাজ চলতে পারে? সেই কাগজ কোথায়? এর এক্সকিউজে এই কথা বলতে পারেন না। এটা কি একটা জোক? ২॥ মাস পরে এ্যাসেম্বলী ডাকা হয়েছে। আমরা ২॥ মাস আগে রাজ্যপালের কাছে লিখেছিলাম সেসান ডাকার জন্য, তখন বললেন হাউস ডাকার দরকার নেই। আর আজকে ২॥ মাস পরে হাউসে এসে বলছেন যে পেপার আসেনি। আমি বলছি পেপার আসলে তবে হাউসের বিজনেস চলবে, না হলে চলবে না। হাউস ৩ বছর হয়ে গেল চলছে, পরের নির্বাচন এসে গেল, বরাবর আমরা একই কথা শুনছি। অনেক সহ্য করেছি, আর নয়। আপনাকে আমি বলছি আপনিও এই অপমান অনুভব করছেন। আপনি স্পীকার, আমাদের চেয়ে আপনার আরো বেশী মর্যাদা, আপনি উঠে চলে যান, দেখি ওঁরা হাউস কি করে চালায় এই হাউস চলতে পারে না।

Shri Somnath Lahiri:

জ্যোতিবাবু যা বলছেন তা আমরা সম্পূর্ণ সমর্থন করি। ছাপার ব্যাপারটা ক্রমে ক্রমে একটা তামাসায় দাঁড়িয়ে গেছে। প্রোসিডিংস ৫ বছর পরে বোধ হয় পাই। এই এ্যাসেম্বলীর কাজ কর্ম কি করে করতে পারি যদি আমি না জানতে পারি যে গত বাজেট সেসানে কে কি বলেছিলেন? এই পর্যায়ে আপনি বলছেন যে এ্যাসেম্বলী ডিসকাসান আরম্ভ হয়ে যাবে অথচ এখনও এ্যামেন্ডমেন্ট এসে পৌঁছায় নি। এ কি তামাসা? সমস্ত দেশে, প্রত্যেকটি প্রদেশে তাড়াতাড়ি ছাপা হয়ে যায়।

Mr. Speaker: Mr. Lahiri, I will tell you that the papers have not yet come from the Press. Everything will be available to you within a few minutes. Honourable Members have the right to have the papers in time. Regarding the availability of the papers in time, I remember that attention was also drawn during the last session. I will again ask the Hon'ble Minister concerned to see that there must be some solution to this critical problem. Unless the honourable Members get the amendments and other papers which they should receive in time, how can they carry on with the business? There must be some solution with regard to this matter.

Shri Prafulla Chandra Sen: We are very sorry for this.

(Noise and interruptions)

Shri Jyoti Basu:

আমি জানি না ৩ বছর ধরে হাউস চলবার পর কোন অবস্থায় আমরা এসে পৌঁছেছি—যেখানে আমাদের ১৬ জন লেজিসলেটর আজকে জেলে বিনা বিচারে আটক আছেন সেখানে এই পার্লামেন্টারী ডেমোক্র্যাসি প্রহসনে পরিণত হচ্ছে। তার উপর এখানে এসে বলবেন কাগজপত্র নেই, আসছে। কার চাকর আমরা? আপনাকে আমি বলছি আপনি ঘরে চলে যান, হাউস চলবে না, ওঁরা চালান। কেউ বক্তৃতা দেবেন না, কোন কথা শুনতে চাই না, অনেক শুনেছি।

Mr. Speaker: When you are reluctant to speak I adjourn the House for 45 minutes. In the meantime I will see that the amendments reach the hands of the honourable Members.

[At this stage the House was adjourned for 45 minutes]

[**After Adjournment**]

[3-20—3-30 p.m.]

Shri Jyoti Basu: Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz.:

"But regret that—

(a) there is no recognition in the speech that all sections of the common people in the State are undergoing great hardships and sufferings as a result of Government policies; and

(b) there is no mention of the massive attack against democracy and rule of law as expressed in the detention without trial of members of the legislature and local bodies and political parties and mass organisations."

মাননীয় স্পীকার মহাশয়, আজকে রাজ্যপাল যে বক্তৃতা এখানে দিতে পারেননি আমাদের মতে, এবং যে বক্তৃতার অনুলিপি আমরা বিভিন্নভাবে যোগাড় করেছি, সেই বক্তৃতার উপর আজ এখানে এখন আলোচনা সুরু হচ্ছে। এও একটি অসাধারণ পরিস্থিতি, একটি অদ্ভুত অবস্থায়

মধ্যে যে আমরা আছি, তার প্রতিফলন বলে মনে হয়। এত দিন ধরে এখানে আছি এ রকম অবস্থা আমরা কোনদিন অন্ততঃ দেখিনি। তবে বক্তৃতাটা না দিলেও কোন ক্ষতি হয়েছে বলে মনে হয় না। কারণ বক্তৃতা পরে পড়ে যেটুকু দেখলাম বিশেষ কিছু এই বক্তৃতার মধ্যে নেই, এমন কিছু নেই যা নিয়ে আমরা সঠিক কোন আলোচনা পশ্চিমবাংলার নানা বিষয়ে নানা সমস্যার উপর আমরা করতে পারি এবং এতেই বোঝা যাচ্ছে যে বক্তৃতা যাঁরা তৈরী করেছেন, তাঁদের যে কতটা দেউলিয়া অবস্থা, তাঁরা এমন একটি অবস্থার মধ্যে পড়েছেন যে, জনসাধারণের কাছে কিছুই তাঁদের বলার নেই বলে আমাদের মনে হচ্ছে। এবং বোধকরি তাঁরা খানিকটা অনিচ্ছাকৃত-ভাবে বাস্তব যে সংকট দেখা দিয়েছে, বাস্তব অবস্থা যে রকম দাঁড়িয়েছে, যার জন্য প্রধানতঃ দায়ী ও'রা; সেই দুঃখজনক ও ভয়াবহ অবস্থা যাতে মানুষ বুঝতে না পারে বা যাতে সেদিকে তাদের মনটা আকৃষ্ট না হয় ভুলিয়ে দেবার জন্য কোন বিষয়ের অবতারণা, সাধারণ মানুষের তাদের অভাব, তাদের অভিযোগ এই সমস্ত কোন বিষয় তন্ন তন্ন করে আপনি খুঁজলেও ঐ বক্তৃতার প্রথম থেকে শেষ অবধি কোথাও আপনি পাবেন না। এই সাথে এটাও বোঝা যাচ্ছে যে ও'রা কত অবজ্ঞার দৃষ্টিতে সাধারণ মানুষকে এবং আমাদের এই বিধান মণ্ডলীকে দেখেন যে রাজ্যপাল এই রকম একটি বক্তৃতা এই রকম একটি সময়ে দিতে পারলেন। এর আনুষ্ঠানিক দুচার লাইন লেখা ছাড়া আর কোন কিছুর উল্লেখ নাই এর মধ্যে এই আমার ধারনা। অবস্থা যা দাঁড়িয়েছে তার বিশদ বিবরণ আর দেবার প্রয়োজন আজ নাই। তবে এটুকু বলবো যে আপনি লক্ষ্য করবেন যদি আপনার মনে থাকে যে গত ২৬এ জানুয়ারী আমাদের রাষ্ট্রপতি তিনি যে বক্তৃতা দিয়েছিলেন তার মধ্যে তিনি এই কথা বলেছেন যে "Government must remember that the people's patience is not limitless." এই কথাটা তাঁর বলতে হয়েছে। একথা তাঁর বলতে হয়েছে যে জনসাধারণের ধৈর্য্যেরও একটা সীমা আছে। তিনি জনসাধারণ থেকে অনেক দূরে সরে থাকলেও বোধকরি তাঁর কাছে দেশের বিভিন্ন জায়গা থেকে সংবাদ পৌঁছেছে, তিনি সংবাদপত্র পড়েন এবং কিছু খবর রাখেন। কিছুদিন আগে অর্থাৎ ২৬এ জানুয়ারীর আগে আমি যখন দিল্লীতে গিয়েছিলাম এবং তাঁর সঙ্গে দেখা করেছিলাম তখন নানা কথার মধ্যে তিনি আমাকে বলেছিলেন যে, হ্যাঁ, দেশে এমন একটা অবস্থা হয়েছে। তিনি আমাকে বলেছিলেন, আমি যখন সাম্প্রতিককালে মহীশূরে গিয়েছিলাম ইউনিভার্সিটিতে বক্তৃতা করতে তখন আমি একথা বলতে বাধ্য হয়েছিলাম যে, অর্থনৈতিক অবস্থা যা দাঁড়িয়েছে তাতে আমরা যদি সেদিকে দৃষ্টি না দিই অর্থাৎ সরকার দৃষ্টি না দেন তাহলে অদূর ভবিষ্যতে একটা সাংঘাতিক ঘটনা ভারতবর্ষে ঘটতে পারে। তাঁর বিশ্লেষণের সংগে আমি একমত নাও হতে পারি। তিনি আরও বলেছিলেন, আমাদের অর্থনৈতিক পরিকল্পনাগুলোকে সাবোটেজ করবার জন্য কিছু লোক এই কংগ্রেস পার্টি অর্থাৎ শাসক পার্টির মধ্যে হয়ত ঢুকেছে। এটা তাঁর বিশ্লেষণ, তাঁর সিদ্ধান্ত—আমি তার সঙ্গে একমত নাও হতে পারি। কিন্তু একথা তাঁকে বলতে হয়েছে এবং এ থেকেই বোঝা যায় অবস্থা কোথায় গিয়েছে। আজকে ২৬এ জানুয়ারী যেটা উৎসবের দিন সেদিন আমাদের রাষ্ট্রপতিকে একথা বলতে হচ্ছে। তারপর, আমরা এবং আপনারাও এটা লক্ষ্য করেছেন যে, এবারে ২৬এ জানুয়ারী সকালবেলায় দেখলাম কোথাও কোন উৎসবের চিহ্ন মাত্র নেই। আমরা এটা লক্ষ্য করেছি আগে যেমন বহু বাড়ীতে ২৬এ জানুয়ারী পতাকা উঠত এবারে খুব কম বাড়ীতেই সেই পতাকা উত্তোলিত হয়েছে। তারপর আমরা আশ্চর্য্যের সঙ্গে আরও একটা জিনিস লক্ষ্য করলাম যে, কংগ্রেস পার্টি প্রত্যেক বছর ২৬এ জানুয়ারী কোলকাতার ময়দানে মিটিং করে উৎসব, আনন্দ করবার জন্য, কিন্তু এবারে তাঁরা সেই উৎসব, আনন্দ সভা ডাকেননি। অবশ্য না ডেকে ভালই করেছেন, কেননা ডাকলে কি হোত আমরা জানিনা। স্যার, ১৭ বছর কংগ্রেস রাজত্বের পর এবং এতগুলো পরিকল্পনার পর আমরা এমন একটা অবস্থার মধ্যে পড়েছি যে সমস্ত দিক থেকে একটা সঙ্কট দেখা দিয়েছে বলে আমরা মনে করি। এর বর্ণনা না দিলেও খানিকটা আমি যা বলতে চাই প্রত্যেকটি মানুষ তা বোঝে এবং সেটা হচ্ছে এমন কোন নিত্য প্রয়োজনীয় জিনিস নেই যার দাম বাড়েনি। কিন্তু রাজ্যপালের বক্তৃতার মধ্যে আমরা এমন কোন আভাস পাচ্ছিনা যাতে আমরা বুঝতে পারি জিনিসের দাম যা বেড়েছে এই অবধি থাকল, এরপর আর বাড়বেনা বা কমবে। এরকম আমরা কিছু দেখলাম না। কিন্তু আমরা মনে করি এটা বাড়বে স্থিতিশীল থাকবেনা এবং কমবে তো নয়ই। ১৭ বছরের

কংগ্রেস রাজত্বের পর চাল নেই, ডাল নেই, গম নেই, চিনি নেই, তেল নেই, মাছ নেই এরকম একটা অবস্থার মধ্যে আমাদের এনে ফেলেছেন। শুধু তাই নয়, বাইরে আমরা দেখছি বিভিন্ন রকম কিউ, বিভিন্ন রকম জিনিসের জন্য লোকেরা লাইনে দাঁড়িয়ে আছে এবং সাথে সাথে আরও দেখছি স্বাস্থ্যের ব্যাপারে হাসপাতালে হাসপাতালে যতই আপনারা সংখ্যা তত্ত্ব দিননা কেন এরকম অবস্থা চলছে যে, ভীড় বাড়ছে এবং সেই অনুপাতে ব্যবস্থা নেই। তারপর, শ্রমিকদের ক্ষেত্রে দেখছি স্টেট ইনস্যুরেন্স-এ যে সমস্ত শ্রমিক অন্তর্ভূক্ত হয়েছে সেখানেও বিক্ষোভ দেখা যাচ্ছে। শ্রমিক সম্মেলনে গেলে এমন কথা ওঠে যে বয়কট করা উচিত। ঔষধ পাওয়া যাচ্ছেনা, হাসপাতালে জায়গা নেই এরকম কথা বার বার হাজার হাজার শ্রমিক এবং তাদের প্রতিনিধিদের কাছ থেকে আমরা শুনি। তারপর, মানুষের আর একটা নিত্য প্রয়োজনীয় জিনিষ বাসস্থান সম্বন্ধে রাজ্যপালের বক্তৃতায় লেখা আছে যে, আমরা বাসস্থান করছি। কিন্তু জিজ্ঞাসা করি কোথায় করছেন?

[3-30—3-40 p.m.]

যা প্রয়োজন তার কোন পরিকল্পনা নাই, যে পরিকল্পনা আছে যে টার্গেট আছে, তা সম্পূর্ণ হয়নি, দুই তৃতীয়াংশও পূরণ হয়নি করতে পারেননি কিংবা যদি সম্পূর্ণও হত যা প্রয়োজন তার ধারে কাছেও পৌঁছুতে পারেননি, এই অবস্থা আমাদের দেশে চলেছে এবং এমন কোন কথা সরকার বলছেন না যে এবার থেকে অন্ততঃ এই শিক্ষা গ্রহণ করেছি যে আমাদের তৃতীয় পরিকল্পনার শেষ বছরে পদার্পণ করে এই কতকগুলি পরিকল্পনা গ্রহণ করেছি যাতে করে এই রকম জিনিষের দাম আর বাড়বে না বা আমরা এই রকম একটা প্রাইস পলিসি নিয়েছি যাতে করে জিনিষপত্রের দাম এই থাকবে এবং লোকে সরবরাহ পাবে, উৎপাদনের ব্যবস্থা এই করতে পারবেন—এই রকম কোন আশ্বাস আমরা পেলাম না। বরং উল্টো দেখলাম পশ্চিমবঙ্গের খাদ্যের ব্যাপারে বাড়বার কোন উপায় নাই। কেন উপায় নাই? আমরা জানি, এমন কি পশ্চিমবাঙলার গড়পড়তা হিসাব যদি দেখি তাহলে এক এক একর জমিতে পশ্চিমবঙ্গ একবারে সেচুরেশন পয়েন্টে রীচ করেছে, এটাই কি ঘটনা? বিঘা প্রতি ফলন কি বাড়ান যায় না? মাছের চাষ কি বাড়ান যায়না? বাইরে থেকে কি যোগাড় করা যায় না? এই রকম অবস্থাই কি দাঁড়িয়েছে? কোন ক্ষেত্রেই আমরা এরকম কোন আশ্বাস পেলাম না। অথচ যে অবস্থা চলছে সেই অবস্থাই চলবে, এবং কোন উন্নতি যে হবে সে রকম সঠিক খবর সরকার আমাদের কাছে পরিবেশন করতে পারলেন না। তারপর এখানে এই যে প্রথম তিন চার পাতা দেখলাম, খাদ্য সম্বন্ধে বলা হয়েছে, রাজ্যপালের বক্তৃতায় খাদ্য সম্বন্ধে বলা আছে রেশনিং করেছেন এবং তিনি বিশেষ করে জনসাধারণের সাহায্য চেয়েছেন যাতে করে এটা সফল হয়। কিন্তু সরকারকে আমরা এতদিন ধরে বুঝাবার চেষ্টা করেছিলাম, গত অধিবেশনেও বুঝাবার চেষ্টা করেছিলাম যে আমাদের অভিজ্ঞতায় সেটা বুঝেছি মানুষের যে নিত্য প্রয়োজনীয় জিনিষ, এবং তার ব্যবসা বাণিজ্য সেটা যদি প্রাইভেট ট্রেডারদের হাতে ছেড়ে দেন তাহলে তা কখনও সরবরাহ হতে পারেনা, তাঁরা সরবরাহ করবে না, এই শিক্ষাটা তাঁরা গ্রহণ করবেন কিনা এটা প্রশ্ন ছিল। এক সময় আমাদেরও মনে হচ্ছিল সরকার, যখন ষ্টেট ট্রেডিং-এর কথা উঠেছে, অন্ততঃ খানিকটা তাঁরা ব্যবস্থা করবেন। কিন্তু যা দেখছি সমস্তটাই ভাঁওতা কথা। ষ্টেট ট্রেডিং-এর কোন ব্যবস্থা তাঁরা করেননি। যার দরুণ সরকার কৃষকদের কাছ থেকে সরাসরি গিয়ে কেনেন না, এবং যে দাম নির্দিষ্ট করেছেন, সেই দামে কেনেন না এবং কৃষকদের যে খরচ পড়ে, যে খরচ করে তারা উৎপাদন করবে, তাদের খোল ইত্যাদি যে দাম দিয়ে কিনতে হয় সেসব তাঁরা হিসাবপত্র করেন না, যার জন্য কৃষকদের মাথার উপর এর ভার গিয়ে পড়ে এবং পরবর্তীকালে দেখা যায় শহরে এবং গ্রামে লোককে বেশী দামে চাল কিনতে হয়। যতই রেশনিং-এর কথা বলুন ষ্টেট ট্রেডিং করেননি শুধু ৫০ ভাগ লেভি করেছেন ধানকলের উপর। গভর্নমেন্ট ধানকলের কাছ থেকে হিসাব করে নেবে, যদি তারা বলে আমরা পাঁচ মন যোগাড় করেছি তাহলে আড়াই মন তারা দিয়ে দেবে, এভাবে তারা দুটি খাতা রাখতে পারে। যা দাঁড়াচ্ছে বাংলাদেশের প্রায় তিন কোটি মানুষের দায়িত্ব সরকার নেননি। তারা বলছেন ৫০।৬০ লক্ষ লোকের রেশনিং-এর ব্যবস্থা করেছেন এবং তাতে যতটা দেবেন তাই যথেষ্ট। বাকীটা অর্ডিনারী ট্রেড রুলস চলবে। তার মানে হচ্ছে ঐ কালোবাজারী মুনাফাখোরী ফাটকাবাজ মানুষদের হাতে বাংলাদেশের মানুষকে আপনারা ঠেলে দিচ্ছেন এবং তার কোন দায়িত্ব সরকার

থেকে আজ পর্যন্ত নেননি, যার দরুণ নূতন যা উঠল তার যে রকম দাম বেঁধে দেওয়া দরকার সে রকম দাম বেঁধে দেননি। একবার দাম উঠে গেলে সেই দাম সেখানেই থেকে যায় এবং পরবর্তীকালে আবার উঠে। যার জন্য আমরা যা দেখছি, আমাদের আশংকা হচ্ছে সরকার রেশনিং সিষ্টেম যেটা করেছেন সেটা রাখতে পারবেন কিনা সন্দেহ। এবং বাইরের লোকদের দায়িত্ব তো কোন নেননি। তাদের আর ২।১ মাস পরে যে কি দামে চাল কিনতে হবে সেটা মনে করে আমরা শিউরে উঠছি। কাজেই ঐ রেশনিং সম্বন্ধে যেটুকু তাঁরা বলেছেন সেটা তো এই অবস্থার মধ্যে আমরা দেখতে পাচ্ছি। তাঁরা বলেছিলেন যে এই কো-অপারেটিভের মারফৎ ব্যবসাদারদের হাত থেকে জিনিষ নিয়ে ব্যবস্থা করবেন। সেই কো-অপারেটিভের কি হল সেটা আমরা জানি না। কো-অপারেটিভের মন্ত্রী তো তখন বিদেশে ভ্রমণ করছিলেন যখন এখানে এইসব সংকট। তারপর আমরা দেখেছি কতকগুলি কো-অপারেটিভ অন্ততঃ আমাকে এসে বলেছে যে সরবরাহ আমাদের কাছে কেউ করছে না। দু'চারটা কো-অপারেটিভ হয়ত এদিক ওদিক থেকে তাদের মেম্বারদের জন্য জোগাড় করেছে কিন্তু তারা সেইভাবে জিনিসের সরবরাহ পাচ্ছে না। কাজেই তারা যখন বেশী দামে বিক্রি করতে আরম্ভ করে এইসব নানা কারনে তখন আবার মেম্বার যারা তারা বলেন যে তাহলে আমাদের কো-অপারেটিভের সভ্য হয়ে কি হল? এই হচ্ছে কো-অপারেটিভের অবস্থা। সেটাও তাহলে ফাঁকির কথা, যা বলেছিলেন তা হয় নি। আবার শুনছি যে কো-অপারেটিভ নিয়ে রাজনীতি হচ্ছে। খুঁজে খুঁজে কোথায় কংগ্রেসের লোক আছে তাদের দিয়ে কো-অপারেটিভ কর, মানুষের যে দুরবস্থা তার পূর্ণ সুযোগ গ্রহণ কর। কাজেই সেখানে কংগ্রেসের আধিপত্য যাতে থাকে, পরবর্তীকালে যাতে ভোটের সুবিধা হয়, নানা ব্যাপারে সুবিধা হয় সেই ব্যবস্থা কর। এই অবস্থা চলছে কো-অপারেটিভে। সেজন্য আমি এই কথা বলব যে সাধারণ মানুষ আমাদের জিজ্ঞাসা করেন তেলগুলি গেল কোথায়, ডালগুলি গেল কোথায়? সুজিটা আমরা গেল কয়েকমাস ধরে পাচ্ছি না, রেশন সপে দেবার কথা, কখনও তো পাইনি। এই যে সাধারণ জিনিস যেগুলি মানুষ পেত, বড় বড় কথা পরিকল্পনার কথা মানুষের মাথায় ঢোকেনা, সেই সাধারণ জিনিসগুলি তারা পাচ্ছে না কেন? এর জবাব কি? মুখ্যমন্ত্রী যে জবাব দিয়েছিলেন তা একেবারে অসত্য। তিনি আমাদের বুঝিয়ে ছিলেন যে সরষের উৎপাদন কমে গেছে উত্তর প্রদেশে, সেজন্য দুরবস্থা হয়েছে সরষের তেলের। যখনই এই রকম কিছু হয় তখনই তিনি ঐ ব্যবসাদারদের পক্ষ নিয়ে কথা বলেন এবং তিনি এই ভাবে বললেন যে ডাল, ও তেল পাওয়া যাবে না, আমরা কি করব, এখানে তো ডাল হয় না, ও তো পাওয়া যাবে না, আমরা কি করব যখনই আমরা বলি তখনই মুখ্যমন্ত্রী আমাদের এই জবাব দেন এবং পরশু শুনলাম মুখ্যমন্ত্রী বললেন আবার নাকি একেবারে সরষের তেলে ভরে দেবেন, এমন নাকি কনজিউমার্স রেজিসট্যান্স হয়েছে বাংলাদেশে যে সরকারী রেজিসসট্যান্স, কনজিউমার্স রেজিসট্যানসের ফলে সরষের তেলগুলি আবার চলে এল। তাহলে কোন কথাটা সত্য? তাহলে সরষের তেল আছে, সরষে আছে। তাহলে এই অসত্য কথাটা তিনি কেন এখানে বলে ছিলেন যে সরষে কম হয়েছে বলে সরষের দাম বেড়েছে, সরষের দাম বেড়েছে বলে তেলের দাম আবার বাড়াতে হবে, এজন্য তেল পাওয়া যাচ্ছে না, এই সব কথা কেন বলেছিলেন? কাজেই আমরা দেখছি যে যে কথাগুলি ওঁরা বলেন সেগুলি সমস্ত জেনেশুনেও অসত্য কথা এখানে বলেন। এখন শুনছি এত ডাল নাকি আসছে, এত তেল নাকি আসছে যে সব ভরে যাবে। খুব ভাল কথা। তবুও যদি কর্পোরেশানের ইলেকসানের মত ইলেকসান মাঝে মাঝে হয় ৬ মাস অন্তর অন্তর তাহলে কিছু চাল ডাল তেল হয়ত পাওয়া যেতে পারে, ২ মাসও পাওয়া যেতে পারে। সেজন্য আমার মনে হয় ঐ নিয়মও করা যেতে পারে যে আমাদের ৬ মাস অন্তর অন্তর নির্বাচন হবে। ফল হয় এতে, অন্ততঃ কিছুটা সরবরাহ ব্যবস্থা হয়ত হতে পারে। যাইহোক, পেলে ভাল ইলেকসান মারফত। এখন কথা হচ্ছে এই যে অবস্থাগুলো দাঁড়াচ্ছে এটা কি শুধু অর্থনৈতিক সংকট দেখা দিয়েছে সেজন্য? মানুষের দুঃখ দারিদ্র লাঞ্ছনা উৎপীড়ন শুধু কি সেজন্য? না এর থেকে একটা কথা আছে যেটা এর সংগে জড়িত? সেটা হচ্ছে সরকার আমাদের এমন অবস্থায় এনেছেন—মুখ্য মন্ত্রী সকালে ১ টার পরে যখন এখান থেকে একজন প্রশ্ন করেছিলেন যে গম পাওয়া যাচ্ছে না কেন তখন জবাবে বলেছিলেন আমেরিকায় স্ট্রাইক হচ্ছে সেজন্য গম আসছে না, আমেরিকায় স্ট্রাইক যেদিন শেষ হয়ে যাবে সেদিন গম আসবে। তাহলে ১৭ বছরে কোন অবস্থায় নিয়ে গেছে আমাদের

কংগ্রেস সরকার? আমরা আজকে সম্পূর্ণভাবে মার্কিন সাম্রাজ্যবাদীদের উপর প্রধানতঃ নির্ভরশীল আমাদের খাদ্যের জন্য। এই জন্যই কি মার্কিন সাম্রাজ্যবাদীদের উপর নির্ভর করে সরকার আমাদের এতদিন করে, প্রফুল্লবাবু যতদিন ধরে খাদ্যমন্ত্রী আছেন, বলে এসেছেন যে বাঙালী ভাত খেতে ভুলে যাও, কম খাও, তোমার শরীর ভাল হবে? কার উপর নির্ভর করে কোন জোরে তিনি বাঙালী—কে বরাবর এই কথা বলেছেন? আজ সেই অবস্থার মধ্যে আমাদের নিয়ে এসেছেন যার দ্বারা আমাদের স্বাধীনতা আমাদের দেশের সার্বভৌমত্ব সমস্ত বিপদাপন্ন করে দিচ্ছেন এই কংগ্রেস সরকার। আমাদের এতবড় দেশ এত জমি যেখানে সেখানে আমাদের লোককে খাওয়াবার ব্যবস্থা, একটু মোটা ভাতের ব্যবস্থা, গমের ব্যবস্থা আমরা করতে পারলাম না এই ১৭ বছরে। এই হচ্ছে কংগ্রেস সরকারের পরিকল্পনা, এই হচ্ছে তাদের ব্যবস্থা এবং

[3-40—3-50 p.m.]

এমন বিপদ তাঁরা ডেকে এনেছেন যে মার্কিন সাম্রাজ্যবাদীদের উপর আমাদের সম্পূর্ণ নির্ভরশীল করে দিচ্ছেন দু'বেলা পেট ভরে খাবার জন্য এবং সাম্রাজ্যবাদীরা আমাদের এমনি সাহায্য করে না এবং এমনি তারা খেতে দেয় না। আমরা জানি তারা যখন দেয় তখন তাদের স্বার্থ আছে এবং এইভাবে তাদের পদানত করে তাদের আজ্ঞাবহ করে তবে তারা আমাদের খেতে দেবে এই বিষয়ে কোন সন্দেহ নেই এবং সেজন্য বোধ করি যখন দস্যু মার্কিন সাম্রাজ্যবাদীরা আক্রমণ করে উত্তর ভিয়েৎনামের উপর তখন আমাদের কংগ্রেস সরকারকে বলতে হয় যে তোমরা দু'পক্ষই থাম। কোন দু'পক্ষ? এই দু'পক্ষের কথা বলতে হয় এই কারণে যে ঐ মার্কিণ গমটা তা না হলে বন্ধ হয়ে যাবে। এই অবস্থার মধ্যে তাঁরা দেশকে এনেছেন। দু'পক্ষ তো নেই, শুধু এক পক্ষ, দস্যু পক্ষ শুধু একটা, সেটা হচ্ছে মার্কিন সাম্রাজ্যবাদ। তারা আক্রমণ করেছে নর্থ ভিয়েতনামের উপর। সেখানকার স্বাধীনতা যোদ্ধার উপর তারা আক্রমণ করেছে, ১০।১৫ বছর ধরে সেখানে লড়াই চলছে। অথচ আমাদের সরকার নিরপেক্ষ সরকার, তাঁরা দু'পক্ষ সেজন্য খুঁজে বের করেছেন। এমন নির্লজ্জ বিবৃতি আমাদের প্রধানমন্ত্রীর আমাদের কেন্দ্রীয় সরকারের। এই জন্যই ঐ মার্কিন সাম্রাজ্যবাদীদের উপর এই অর্থনৈতিক নির্ভরতা দিনের পর দিন আমাদের বেড়ে যাচ্ছে। এই হচ্ছে আমাদের দেশের বিপদ। এই বিপদ যদি মানুষ অবহিত না হন তাহলে আমাদের এই দাসত্বের নূতুন শৃংখলে আমরা বাঁধা পড়ে যাব, একটু বুঝতেও আমরা পারব না। এই যে দেশের অবস্থা তাঁরা করেছেন এই সব কথা রাজ্যপালের বক্তৃতার মধ্যে কোথাও খুঁজে পাবেন? এর আভাস ইংগিত কোথাও পাবেন না। অন্ততঃ মানুষের দুঃখ বেদনা লাঞ্ছনা, মানুষের যে অভাব, মানুষ যে মাঝে মাঝে এই অভাবের কথা বলেন ট্রামে, বাসে, ট্রেনে, রাস্তাঘাটে, ক্ষেতে খামারে, কলকারখানায়, অফিস আদালতে এগুলির প্রতিফলন তো আমরা পাই, কিন্তু এই বিবৃতিতে কোথাও আমরা তা পেলাম না। তিনি একটা কথা এর মধ্যে বলেন নি। সমস্যার সমাধান নাই বা করতে পারলেন আপাততঃ, কিন্তু সরকার সমবেদনা জ্ঞাপন করবেন না এই সাধারণ মানুষের জন্য? এবং সেই কথাই বারে বারে এই বিবৃতি পড়ে আমার মনে হচ্ছে। এই যে অবস্থা এর বিশদ বিবরণ সংখ্যাতত্ব দিয়ে আমার দেবার কোন প্রয়োজন নেই, এটা হাড়ে হাড়ে আমরা প্রত্যেকে বুঝি এবং যে কোন মানুষ দেশে বাস করে তারা বোঝে এবং এই অবস্থার প্রতিফলন সম্বন্ধে আমি বোধ করি কংগ্রেস পক্ষ থেকেও যদি কেউ বলেন তার প্রতিবাদ করবেন। কারণ, এটাই মানুষের অবস্থা। এর প্রতিবাদ করে কোন লাভ হবে না, এটা সত্য ঘটনা। আমরা বলি এরজন্য দায়ী হচ্ছে সম্পূর্ণভাবে আমাদের কংগ্রেস সরকার, শাসক পার্টি কংগ্রেস পার্টি। এ ছাড়া আর কেউ দায়ী নয়। এঁরা নিজেদের শ্রেণী স্বার্থে মুষ্টিমেয় কিছু লোকের দিকে তাকিয়ে দেশ শাসন করছেন এই ১৭ বছর ধরে, এই হচ্ছে আমাদের অভিজ্ঞতা। এঁরা কালো ব্যবসায়ী মুনাফা লোভী যারা আছে, একচেটিয়া কোটিপতি যারা আছে, জমিদার শ্রেণী যারা আছে তাদের স্বার্থের দিকে তাকিয়ে রাজত্ব চালাচ্ছে, পঞ্চবার্ষিকী পরিকল্পনা করছেন, যার জন্য জনসাধারণের এই দুঃখ, দুর্দশা, লাঞ্ছনা হয়েছে। এইজন্য তাদের উপর এই উৎপীড়ন হয়। সেজন্য আমি বলছিলাম এটা যদি আকস্মিক ঘটনা হত যে কোথাও অতিবৃষ্টি হয়েছে বা কোথাও অনাবৃষ্টি হয়েছে তাহলে এত কথা বলার কিছু ছিল না। কিন্তু কংগ্রেস সরকারকে আমরা কাঠগোড়ায় এইজন্যই বারে বারে দাঁড় করাই যে আমরা মনে করি এটা ইচ্ছাকৃত, এটা মুষ্টিমেয় লোকের স্বার্থে, দেশের শতকরা ৯৫ জন

মানুষের স্বার্থে এ'রা দেশকে পরিচালিত করছেন না, পরিকল্পনা করছেন না, অর্থনীতি গড়ে তুলছেন না। এই কারণে আজকে সেই অবস্থার মধ্যে দেশ পড়েছে। এর সঙ্গে সাম্রাজ্যবাদ যেটা ওরা বলেন সেই সমাজবাদ আমরা যা বুঝি তার সঙ্গে কোন মিল নেই, কোন সম্পর্ক নেই। এরা আজকে সমাজবাদ বলে যেটাকে বলেন সেই সমাজবাদ বলতে আমরা যা বুঝি তার সঙ্গে কোন সম্পর্ক নেই। এ'রা আজকে সমাজবাদের নামে একটা ধণতান্ত্রিক অর্থনীতি ব্যবস্থা রাজ্যে গড়ে তুলছেন। অর্থাৎ একচেটিয়া পুঁজিপতি কোটিপতি থেকে আরও কোটিপতি হচ্ছেন আরও লক্ষপতি হচ্ছেন। এমন যদি হোত যে সমস্ত মানুষ একটা বিপদের মধ্যে পড়েছে কোনও কারণে সেটা অন্য কথা। সমস্ত মানুষ বিপদে পড়েনি পড়েছে শতকরা ৯৫ জন মানুষ। কিন্তু কিছু মানুষ আছে যারা আরও বড় হচ্ছে। অর্থাৎ যেখানে ৫ জন কোটিপতি ছিল সেখানে এখন ১০ জন হয়েছেন, যেখানে ২০ জন লাখপতি ছিল, সেখানে ৫০ জন হয়েছে। টাকা গিয়ে জমা হচ্ছে অল্প কিছু লোকের কাছে। এ জিনিষ আমার কথা নয় -সরকারের যে কমিশন বসে তার রিপোর্টই এই সব কথা বলেছে মহলানবিশ কমিটি ইত্যাদি। এই অবস্থা সৃষ্টির জন্য যদি সরকারকে দায়ী করি তাহলে কি অন্যায় হয়? এই যে অবস্থা তার প্রতিফলন আমরা দেখতে পাই সমস্ত শ্রেণীর মানুষের মধ্যে। আপনারা লক্ষ্য করবেন কোন না কোন জায়গায় শ্রমিক স্ট্রাইক করছে, মিছিল, সভা করছে, সমস্ত শ্রমিক একতাবদ্ধ হচ্ছে সংগ্রাম সমিতির মারফত, সমস্ত ট্রেড ইউনিয়ন একতাবদ্ধ হচ্ছে যাতে করে তারা ভারত বন্ধের দিকে যেতে পারে। এটা ভেবে দেখুন ১৯ বছর রাজত্বের পর সমস্ত শ্রমিক আজ একত্রিত হচ্ছে যে তারা ভারত বন্ধের দিকে যাবে যদিনা তাদের দাবী দাওয়া আপনারা পূরণ না করেন, যদি মানুষের মত তাদের বাঁচতে না দেন এই পথে আপনারা শ্রমিকদের ঠেলে দিচ্ছেন। শ্রমিক কৃষকরা বরাবরই এই জিনিষ করে, কিন্তু এখন দেখতে পাচ্ছি শিক্ষকরা—যাদের কথা প্রথম দিন যেদিন থেকে এসেম্বলী হয়েছে সেদিন থেকে আমরা ও'দের সম্বন্ধে বার বার দৃষ্টি আকর্ষণ করার চেষ্টা করছি স্কুল, কলেজ-এ প্রস্তুত হচ্ছে ঐ শ্রমিকদের মত কর্মবিরতি করবেন। এটা অত্যন্ত লজ্জার কথা যে এসেম্বলী-র বাহিরে এসে তাঁরা অবস্থান করবেন দিনের পর দিন যত দিন না তাঁদের দাবী দাওয়া মিটে যায়। তারপর আমরা শঙ্কিত হচ্ছি ৪র্থ পরিকল্পনায় ব্যয় বরাদ্দ কমে যাচ্ছে বলে খবর এসেছে শুনেছি। এই সব কারণে আমরা দেখেছি এমন অবস্থার মধ্যে আমরা এসেছি যে আর কটা দিন পরে হরতাল, কর্মবিরতি, মিছিল, মিটিং অবস্থার এই সবের মধ্যে আমরা যে পড়ে যাবো সে বিষয়ে সন্দেহ নেই। সরকার কিছু করতে না পেরে হুমকী দিচ্ছেন সারকুলার দিচ্ছেন যে পুলিসের সাহায্য চাও পুলিসের সাহায্য দেব হেড মাস্টারদের কাছে দিয়েছেন। আমরা এখানে মুখ্যমন্ত্রীকে যখন জিজ্ঞাসা করলাম যে এইভাবে হুমকী দিচ্ছেন কেন তখন তিনি বললেন আপৎকালীন অবস্থায়। এমার্জেন্সী-তে স্কুল কলেজ খুলে রাখতে হবে কিন্তু সকালে উঠে দেখলাম না স্কুল কলেজ ৭ দিনের জন্য বন্ধ হয়ে গেছে। মাষ্টাররা যদি কর্মবিরতি করে তাহলে এই সার্কুলার-এর মধ্যে এই কথা আছে যে লাঠি মার। তিনি বলেছেন স্কুল কলেজ নিশ্চয় খুলে রাখতে হবে, কিন্তু আজ সকালে উঠে দেখলাম যে সমস্ত স্কুল কলেজ ৭ দিনের জন্য বন্ধ আরও কতদিন বন্ধ থাকবে জানি না। সবই গায়ের জোরে করা যায় না। গায়ের জোর করতে গিয়ে তামিলনাদ, কেরালায়, অন্ধ্রে এখন কি সুরু হয়েছে? আপনারা বলছেন এসব জিনিষ বাঞ্ছনীয় নয়। কিন্তু মুখ্যমন্ত্রী এইভাবে যে কথা বললেন তাতে এই জিনিষ হবে যে সেই চ্যালেঞ্জ মাষ্টারমশাইরা গ্রহণ করবেন। সেজন্য আমরা বলেছিলাম, শম্ভুবাবুও একজন প্রফেসর বলেছেন আপনারা এক দিন বসে মাষ্টারদের সঙ্গে আলোচনা করুন। কিন্তু এই রকম যদি হুমকী হয়, সারকুলার যদি এই রকম হয় তাহলে দাবী দাওয়া দিতে পারবেন না, হুমকী দেবেন তাহলে মাষ্টার মহাশয়দের মেরুদণ্ডগুলি কি এতই ভেঙ্গে গেছে যে মুখ্যমন্ত্রীর পুলিশের ভয়ে তাঁরা পিছু হটবেন? এই অবস্থায় বাংলাদেশ, ভারতবর্ষে কোথাও হয়নি।

[3-50—4 p.m.]

সেজন্য আজকে আমরা দেখতে পাচ্ছি যে সেকেন্ডারী স্কুল বোর্ডের যে কর্মচারী তারাও পেন ডাউন স্ট্রাইক করেছে গত ৮ই তারিখ থেকে এবং এটা যে কত দিন চলবে তা জানা নেই এই ভাবে সেখানে সুরু হয়েছে, তাদের দাবী দাওয়ার ব্যাপারে হস্তক্ষেপ করবার কেউ নেই যাতে

এটা মিটে যায় তা দেখা হচ্ছে না। আজকে ছাত্ররা রাস্তায় বেরিয়েছে মাস্টারদের জন্য, এ ছাড়া তাদের নিজেদের দাবী দাওয়া আছে, বন্দীমুক্তি আছে আরও নানা জিনিষ আছে। আজকে তাদের ডেকে বলা হয় না সরকার পক্ষ থেকে। আপনারা তাদের আন্দোলনের পথে সংগ্রামের পথে ঠেলে নিয়ে যাচ্ছেন। কিছু দিন আগে আমরা দেখেছি যে সরকারী কর্মচারীদের এক অভাবনীয় জিনিষ। আমরা দেখেছি কেন্দ্রীয় এবং পশ্চিমবাংলার কর্মচারীরা যাদের নিজেদের মধ্যে একতাবদ্ধতা নেই তারাও এক সঙ্গে মিলে আজ বেরিয়েছে। প্রায় পঁচাত্তর হাজার থেকে এক লক্ষের মত মানুষ দাবী-দাওয়ার জন্য মিছিল করে সমস্ত রাস্তায় ঘুরেছে, ময়দানে মিটিং বা এত বড় শোভাযাত্রা আমরা এর আগে কখনও দেখি নি। এই মিলিত দাবী নিয়ে সমস্ত সরকারী কর্মচারীরা বেরিয়েছিলেন। সরকারী কর্মচারীরা বার বার এই কথা বলেছেন যে আমাদের মাগ্গী-ভাতা বাড়ান। কারণ স্ত্রী পুত্র পরিবার নিয়ে আর্ত মানুষের মতন আমরা থাকতে পারছিনা কিন্তু তাদের কথা শুনলেন না বরং কি করে পানিশমেন্ট দেবেন তার দিকে নজর, কোথায় গভর্নমেন্ট সার্ভিস কন্ডাক্ট-রুল ভাঙ্গছেন সে দিক থেকে হুমকী দিচ্ছেন, তাদের সাসপেন্ড করেছেন এইজন্য দেখছি যে তারা মিলিত হয়ে পথে নেমেছেন। কেন্দ্রীয় সরকারী কর্মচারী তাদের নিজেদের শক্তিতে কিছুটা মাগ্গীভাতা আদায় করে নিয়েছেন কিন্তু দুর্ভাগ্য বশতঃ পশ্চিম বাংলার সরকারী কর্মচারীরা এক পয়সাও পান নি। আজকে আমরা এখন দেখলাম যে ফায়ার সার্ভিস—যারা দমকলে কাজ করেন তারা নাকি বিবৃতি দিয়েছেন যে আন্দোলন করবেন অর্থাৎ কাজ থেকে বিরত থাকবেন তাদের দাবী-দাওয়া ইত্যাদি নিয়ে, তাহলে আর বাকী রইলো কি? এই ভাবে সমস্ত দেশে একটা যখন সঙ্কট এবং সে সঙ্কট সমস্ত দিক থেকে আসছে তখন আবার সরকার এই ভাবে ভাষার সমস্যার সমাধান করতে যাচ্ছেন, যার ফলে আরও এটা একটা ভীষণ আকার ধারণ করছে এবং চারি দিকে ধ্বনিত হয়ে উঠেছে, আজকে সকালে উঠে দেখলাম যে সাতদিনের জন্য সমস্ত স্কুল বন্ধ হয়ে গেল, লেখা পড়া উঠে গেল। আমরা দেখেছি এই সমস্যার জন্য ইতিমধ্যেই চল্লিশটা লোক প্রাণ দিয়েছে। সেখানে ছাত্র আছে তলার লোকও আছে। তামিলনাদ, কেরালে এবং অন্ধে এই রকম হয়েছে। অন্যান্য জায়গায়ও এটা ছড়িয়ে পড়ছে, অথচ এই ভাবে না করে যদি তাদের সেই প্রতিনিধিদের নিয়ে আলোচনা করতেন বিবেচনা করতেন তাহলে সমস্ত জিনিসটাই ভাল হত। কালকে প্রধানমন্ত্রী মহাশয় একটা বিবৃতি দিয়েছেন আমি বাড়ীতে গিয়ে শুনলাম। আমাদের এখানেও একটা প্রস্তাব পাস হয়েছে কিন্তু তবুও মনে একটা আশঙ্কা জাগল কারণ কথায় চিঁড়ে ভেজেনা। পণ্ডিত নেহেরু যা বলেছিলেন এবং সেই কথা তারা যখন রাখলেন না তখন আর কি করবেন? সেজন্য আমি বলছি যে সংবিধানের পরিবর্তন করা উচিত, আইনের পরিবর্তন শুধু নয় নূতন করে আইন করতে হবে এবং তারই আজ প্রয়োজন হয়ে পড়েছে। আমার কথা হচ্ছে তা হলে আমরা কাকে বিশ্বাস করবো? আজকে যিনি প্রধানমন্ত্রী কাল তিনি প্রধানমন্ত্রী থাকবেন এমন কথা নয়। আমরা দেখলাম কেন্দ্রের দুজন মন্ত্রী পদত্যাগ করেছেন তাঁরা তাঁর কথা বিশ্বাস করতে পারেন নি। সে জন্য আমি বলছি আপনারা যা করছেন এতে পরিষ্কার হচ্ছেনা ফলে নানান রকম সমস্যা দেখা দিয়েছে, একটা সার্কুলার জারী হয়ে গেল আবার সে সার্কুলার উইথড্র করতে হল। এখন তিনি বলছেন যে হিন্দীতে পরীক্ষা হবে অর্থাৎ ইউ পি এস পি পরীক্ষা হবে কি হবে না বা কবে হবে এটা ঠিক করতে পারছেন না, আমরা স্কীম করেছি, কি ব্যাপার মর্ডানেশন স্কীম আমরা কি দেখছি কিন্তু এই স্কীমকে করবেন তা জানি না। এই সব করতে গেলে গোলমাল হবে আপনারা হিন্দীকে এই ভাবে চাপাতে গেলে গোলমাল হবে সেই জন্য আমাদের প্রস্তাবে কতটা নেবেন তা জানি না তবে আমার বক্তব্য হল তা না হলে ইংরাজী থাক যেটা আছে সেটা থাক। আমরা সকলে মিলে আলোচনা করে একটা কিছু ঠিক করি সেজন্য আমি একটা রাউন্ড টেবিলের কনফারেন্সের কথা বলেছিলেম তার মাধ্যমে হয়ত কিছু একটা করা যেতে পারে অন্য কোন প্রকারে কেবল কথা বলে কিছু হবে না। শুনছি সোলজার পাঠানো হয়েছে কাগজে দেখছি যে ফৌজ গেছে মাদ্রাজে। আমরা তো জানতাম যে দেশের নাকি বিপদ—হামলা হোল বলে উত্তর দিক থেকে এবং সেই জন্য অনেক ব্যবস্থাও নাকি হয়েছে। সেই যে সোলজার আমাদের তাদের কি ট্রেনিং দেওয়া হচ্ছে ঐ মাদ্রাজের ছাত্রদের গুলি করে তার পরে তারা উত্তরে গিয়ে লড়াই করবে। এই ট্রেনিং কি তাদের দেওয়া হচ্ছে। এই ট্রেনিং আজকে কংগ্রেসের পক্ষ থেকে দেওয়া হচ্ছে—এই কথাটা আজকে চিন্তা করবার বিষয় এসেছে। যে যারা দেশ রক্ষা

করে তাদের পাঠানো হচ্ছে ছাত্রদের গুলি করবার জন্য। এইভাবে তারা বলছেন যে এই নাকি আপৎকালীন অবস্থা দেশের নাকি চরম বিপদ—দেশের ঐক্য নাকি ডেকে আনতে হবে। কিন্তু এমন ব্যবস্থা করলেন যে অনৈক্য ছাড়া কোথাও ঐক্য চোখে পড়ে না। সেজন্য বলছিলাম এতো সমস্যা থাকতে এটাকে এইভাবে ডেকে এনেছেন এই কংগ্রেস সরকার। এইজন্য আমি কালকে বলেছিলাম—প্রতাপবাবু পছন্দ করেন নি আমার কথা। আমি বলেছিলাম যে কংগ্রেস সরকারকে আমরা দায়ী করছি ভাষা ভিত্তিক আন্দোলনে আমরা এ জিনিস দেখেছিলাম। কেন আমাদের আন্দোলন করতে আমাদের বাধ্য করলেন—কেন প্রস্তাব আনলেন পশ্চিমবঙ্গ বিহার সংযুক্তিকরণ। কেন আপনারা মহারাষ্ট্র, অন্ধ্র, গুজরাট ইত্যাদি রাষ্ট্রগুলিকে কেন মেনে নিলেন না ভাষা ভিত্তিতে। এই রকম সেদিনও এই রকম সেদিনও এই রকম সৈন্য গিয়েছিল—সেদিন এইভাবে জনসাধারণ বুকের রক্ত ঢেলে দিয়েছিল ভাষার ভিত্তিতে রাজ্য গঠন করবার জন্য। এর জন্য রুলিংপার্টি—কংগ্রেস সরকারী দায়ী একথা বলছি। এবং এই রকম একটা অবস্থা সৃষ্টি করার পর কোন সমস্যার সমাধান যখন হচ্ছে তখন বোধ করি কংগ্রেস সরকার এই সিদ্ধান্তে পৌঁছেছেন যে এখন

repression is the only lasting philosophy of life.

রিপ্রেসন ছাড়া—অত্যাচার, উৎপীড়ন ছাড়া যদি টিকিয়ে রাখা যাবে না। এই পড়ে আমরা বেঁচে থাকতে পারবো। কারণ কংগ্রেস সরকার সেদিন নিজেকে দুর্বল মনে করছেন মনে করছে। কংগ্রেস সরকার যতই মানুষ থেকে বিচ্ছিন্ন হচ্ছে ততই তাঁদের নিজেদের উপর ভরসা চলে যাচ্ছে। আমাকে রাষ্ট্রপতি জিজ্ঞাসা করেছিলেন যখন আমি তাঁর কাছে গিয়েছিলাম যে আপনার কি মনে হয় কেন এইভাবে আপনার পার্টির লোকদের ধরা হচ্ছে বিনা বিচারে আটক করা হচ্ছে—আমি বলেছিলাম আমার মতে কংগ্রেস সরকার যতই মানুষ থেকে বিচ্ছিন্ন হয়ে যাচ্ছে তাদের নিজেদের উপর ভরসা যতই চলে যাচ্ছে ততই তারা ভাবছেন সমস্যার সমাধান করা যেতে পারবে না। এও তারা বুঝতে পারছেন যে এমন সমস্যার তারা সৃষ্টি করেছেন যা সমাধান তাদের হাতে অসম্ভব। এইজন্য তারা ভাবছেন যে কোন আন্দোলনকে আমরা রুখতে পারবো না সংগ্রামকে আমরা রুখতে পারবো—মানুষের যাত্রাকে আমরা স্তব্ধ করতে পারবো না। এইজন্য আমাদের আক্রমণ করে সেই মানুষকে সেই ডিফেন্স অব ইন্ডিয়া রুলস দিয়ে আমাদের বেঁচে থাকতে হবে। এ ছাড়া বাঁচবার কোন উপায় নেই। এবং সেইজন্য পূর্বেই আমাদের আঘাত করেছেন। আমাদের দিয়ে সুরু হয়েছে—কমিউনিষ্টদের দিয়ে বরাবর সুরু হয় কিন্তু শেষ হয় সমস্ত গণতন্ত্র হত্যা করে। এবং সেই পথে কংগ্রেসের সরকার যাত্রা করেছেন এ কথা আমি রাষ্ট্রপতিকে সেদিন বলেছিলাম। সেই কারণে কংগ্রেস সরকার আজকে বেঁচে থাকবার জন্য বলছেন তারা আর্টিক্যাল ১৪. ২১. ২২ সংবিধানের আজকে পদদলিত। জরুরী অবস্থা ঘোষণার পর ডিফেন্স অব ইন্ডিয়া রুলসের সেকসন ৩০তে ধরলে আদালতে যাবার আমাদের কোন উপায় নেই—আমি যখন জেলে ছিলাম গতবার তখন মামলা সুরু হয়। তখন সুপ্রীম কোর্টের জজেরা বলেছিলেন দুঃখ করে যে আমরা তো আপনাদের সাহায্য করতে পারলাম না। আমাদের কোন ক্ষমতা নেই—একমাত্র উপায় হচ্ছে আপনারা জনমত সৃষ্টি করুন এবং জনমত যদি গঠিত হয় তাহলে হয়তো এইসব পরিবর্তন হতে পারে। আমরা নারাজ আমরা কিছু করতে পারবো না এই কথা জজেরা বলেছিলেন এক মত হয়ে। এবং সেইজন্য আপনি দেখছেন যে জরুরী অবস্থাকে টিকিয়ে রাখা হচ্ছে কারণ আর্টিকেল ১৪, ২১, ২২ এই সব যদি থাকে তাহলে এইভাবে রাজত্ব চালানো যাবে না—বিনা বিচারে কোন অজুহাত না দিয়ে কোন চার্জসীট না দিয়ে গ্রেপ্তার করে কি করে রাখা যাবে? এই জন্য তাদের বাঁচবার জন্য এটা প্রয়োজন। যতই দুর্বল হচ্ছেন যতই বিচ্ছিন্ন হচ্ছেন মানুষ থেকে ততই অত্যাচারের পথে তারা পা বাড়াচ্ছেন এবং এমন অবস্থা এই ১৭ বছরের মধ্যে দেখছি যে পুরা সংশোধীয় গণতন্ত্র আমাদের দেশে এখনও হয় নি। কিন্তু সীমাবদ্ধ যতটুকু হয়েছে তাও আজ আক্রান্ত—গণতন্ত্র আক্রান্ত, যতটুকু সীমাবদ্ধ অধিকার আমাদের আছে সংবিধানে এবং বিভিন্ন আইনে সমস্ত কিছু আজ আক্রান্ত। আমি আজকে এখানে বক্তৃতা দিচ্ছি কালকে দিতে পারবো কিনা তা জানি না। যে কোন মুহূর্তে এ্যারেষ্ট হয়ে যেতে পারি। এখানে আসবার সময় রোজ দেখি এই দৃশ্য যে এসেম্বলীর চারিধারে আমাদের চেনা ইন্টেলীজেন্স ব্রাঞ্চের লোক দাঁড়িয়ে আছে। যে ওয়ারেন্টেড লোক আছে। ওরা বলছে ওয়ারেন্ট নাকি আরও অনেক লোকের বিরুদ্ধে আছে তারা যাতায়াত করে কিনা দেখবার জন্য। আমাকে এখানে বলা হয়

লিডার অব দি অপোজিসন—হাসি পায় কি চমৎকার লিডার অব দি অপোজিসন—সেই লিডার অব দি অপোজিসন এখন থেকে বের্লে তার পরে কোন আই বি ওয়াচার ধরে নিয়ে দমদম জেলে প্রে দিতে পারে একটা সহি কেউ করে দিলে। এই জন্য আবার আমি বলি যে ১৬ জন আইন সভার সদস্য আজ আমাদের মধ্যে নেই লক্ষ লক্ষ মান্ষ তাদের ভোট দিয়েছেন অথচ সেই মান্ষের কথা তারা বলতে পারছেন না। অপরাধ কি জানেন না। তারা বিনা বিচারে আটক আছেন, আজকে কেউ কিছ্ জানেন না যে কেন তাদের

[4—4-10 p.m.]

গ্রেপ্তার করা হোল। এই অবস্থার মধ্যে আমাদের তাঁরা এনে ফেলেছেন। এবং শ্ধ্ সংসদীয় গণতন্ত্রকে তাঁরা ভয় পাচ্ছেন না স্বাধীন নির্বাচনকেও তাঁরা ভয় পাচ্ছেন, আদালতকে ভয় পাচ্ছেন। ক্ষমতা থাকে আদালতে হাজির কর্ন—কিন্তু ক্ষমতা নেই—আদালত দেখে ও'রা ভীত সন্ত্রস্ত, স্বাধীন নির্বাচনে ও'রা ভীত সন্ত্রস্ত। কেরালার নির্বাচন কে না জানে—সেখানে স্বাধীন ভাবে যদি নির্বাচন হোত তাহলে কংগ্রেস পার্টি পাঁচটি সীটও পেত না।

[কংগ্রেস বেঞ্চ হইতে হাস্য]

জানোয়ারের হাসি—কারণ একটা পার্টিকে শৃংখলিত করে হাত পা বে'ধে প্রধান পার্টি কেরালার —তার পর বলা হচ্ছে সংসদীয় গণতন্ত্রে আমরা বিশ্বাসী। আপনারা তো জেল থেকে দাঁড়াতে পারেন—সংসদীয় গণতন্ত্রে খদ্দরধারী কতকগ্লি লোক যারা নাম কোন দিন জানে না—বিচারও করতে পারে না সংসদীয় গণতন্ত্র কাকে বলে ঐ সমস্ত নীচ প্রবৃত্তির লোকগ্লি হাসে যখন আমরা বলি সমস্ত সংসদীয় গণতন্ত্র প্রহসনে পরিণত হয়েছে। আবার তাঁরা আয়্বখানের বির্দ্ধে বলেন—সেখানে কি রকম ডেমোক্রাসী চলছে। আপনাদের কি ডেমোক্রাসী—আয়্বখানের কাছে পে'ছাতে কত দিন বাকী। এই সমস্ত খদ্দরধারী যারা আছেন তাঁরা হিংসাম্লক ব্যবস্থা অবলম্বন করেছেন। সেইজন্য আমি বলছিলাম যে স্বাধীন নির্বাচন হচ্ছে না, আমাদের পার্টির কলকাতার সমস্ত লোককে তাঁরা গ্রেপ্তার করেছেন—কারণ করপোরেসনের নির্বাচন আসছে। এইভাবে ফরওয়ার্ড ব্লকেরও কিছ্ আছে—ট্রেড ইউনিয়ন আন্দোলন শ্ধ্ আমাদের পার্টি নয়—যাঁরা ট্রেড ইউনিয়ন আন্দোলন করেন—এই সব লোককে বিনা বিচারে আটক করেছেন যাঁরা কৃষক আন্দোলন করেন তাঁরাও বিনা বিচারে আটক, এই জিনিস ১৭ বছর ধরে আমরা দেখছি—এই স্বাধীনতা তাঁরা বজায় রেখেছেন। সংসদীয় গণতন্ত্রের প্রতি তাঁরা এই রকম শ্রদ্ধা নিবেদন করছেন। আমি শ্ধ্ এই কথা বলব যে এমন অবস্থা তাঁরা করেছেন যার দর্ণ একটা কাগজ সেনচুরি, এই কাগজের সঙ্গে কংগ্রেসের কিছ্ নেতা য্ক্ত আছেন, এই কাগজ লিখছেন আমাদের এই গ্রেপ্তার সম্বন্ধে—

"Is it not significant that not one national newspaper, almost all of them conformists or docile, has accepted the Government's story or written strong condemnation of the alleged wrongdoers? The way the Government has proceeded about this business has done little to enhance its reputation."

এই কাগজ কমিউনিস্ট পত্রিকা নয়, কংগ্রেসের লোক এই কাগজের সঙ্গে জড়িত, কংগ্রেসের কিছ্ নেতা বিশ্বাস করতে পারছেন না এই সমস্ত মিথ্যা কথা যা আমাদের সম্বন্ধে শ্রী নন্দ তাঁর ব্রডকাস্টে প্রচার করেছেন। আর একটা কাগজ এর সঙ্গে শ্নেছি কংগ্রেসের নেতা জড়িত, নাউ বলে একটা সাপ্তাহিক কাগজ আমাদের এ্যারেস্ট সম্বন্ধে বলছেন যে ডেমোক্র্যাটরা আমাদের গেরিলা বলে গ্রেপ্তার করছেন—

Who subverts the nation's security.

তারপর বলছে নাউ কাগজ

"One might argue that whoever fouls up the distributive machinery, so that food does not reach the hungry, subverts the nation's security, for hungry people can soon grow into angry people bent on destruction.

Whatever action or event or situation makes people disgusted with established authority and turns their mind to the desirability of a violent overthrow of the system is subversive. Once we accept this view, a hoarder or a profiteering trader is a subversive man, and the Cabinet Minister who wobbles down before profiteering is no less so. By the same token, a corrupt politician and a callous civil servant are perpetrators of subversive acts. The poorer sections of the community would have been more impressed if, let us say, five hundred of such economic evil-doers could have been locked up in course of one morning's dramatic swoop. Five hundred and odd men were apprehended in course of one morning by the authorities last week, a few days after Parliament had recessed. More people are being rounded up. However, they are not profiteers; they are the leaders and cadres of the left-wing Communist Party of India. Despite Mr. Nanda's broadcast to the nation, the episode is bound to leave a very sour taste in the mouth. The voice of the persons whom the Home Minister has accused is silenced; Mr. Nanda will not prosecute them before a court of law, and, thanks to the Defence of India Act, the accused individuals will not be allowed to move a court that the Government either proves the allegations or withdraws them. As long as he Government is reluctant to prosecute the arrested persons, the benefit of the doubt will lie with those who have been deprived of their liberty, and not with Mr. Nanda who has so far talked of "reasons to believe" and produced no credible evidence."

এই হচ্ছে এই পত্রিকাগুলির কথা। এইভাবে আমাদের বিরোধী পত্রিকাগুলি যা আছে তাতে আমি দেখছি তারাও এমন কথা বলেছেন কমিউনিষ্টরা খারাপ লোক আমরা জানি, কিন্তু প্রমাণ তো দিতে হবে সংসদীয় গণতন্ত্রে? প্রমাণ না দিলে এই জিনিস কেউ বিশ্বাস করবে না। লোকে মনে করবে কেরালার নির্বাচনের জন্য, কর্পোরেশানের নির্বাচনের জন্য এই সমস্ত জিনিস করা হচ্ছে। একটা শক্তিশালী পার্টিকে খর্ব করে কংগ্রেস পার্টি মনে করছে যে তাদের রাজত্ব তাঁরা প্রতিষ্ঠিত করবেন।—স্পীকার মহাশয়, সৌভাগ্য বশতঃ এই সমস্ত করে সাধারণ মানুষকে তাঁরা ভীত করতে পারেন নি, তাঁদের তাঁরা পদানত করতে পারেন নি। সেজন্য আজকে শত হুমকি দিয়েও মানুষের আন্দোলনকে স্তব্ধ করে রাখতে পারছেন না। সেজন্য ডাঃ রাধাকৃষ্ণান যা বলেছিলেন সেটা হচ্ছে মানুষের একটা ধৈর্যের সীমা আছে। আজকে সেই পথে মানুষ পা বাড়াচ্ছে। সেই সাধারণ মানুষের পাশে আমরা নিশ্চয়ই দাঁড়াব। ও'দের শত সহস্র অত্যাচার হুমকি দিয়েও মানুষের আন্দোলনকে স্তব্ধ করে রাখতে পারছেন না। সেজন্য ডাঃ রাধা কৃষ্ণাণ যা বলেছিলেন সেটা হচ্ছে মানুষের একটা ধৈর্য্যের সীমা আছে। আজকে সেই পথে মানুষ পা বাড়াচ্ছে। সেই সাধারণ মানুষের পাশে আমরা নিশ্চয়ই দাঁড়াব ও'দের শত সহস্র অত্যাচার সত্বেও। ও'রা যতই আমাদের জেলে পাঠান, অত্যাচার করুন, গুলি, লাঠি চালান, এই রাজত্বগুলি লাঠি দিয়ে ইংরাজ যেমন টিকিয়ে রাখতে পারেনি তেমনি এই কংগ্রেস সরকার এই ১৭ বছরে প্রমাণ করে দিচ্ছেন যে এই রাজত্ব ও'রা টিকিয়ে রাখতে পারবেন না। আমি অবশেষে এই কথা বলব যে সাধারণ মানুষ এই কথা বুঝতে পারছেন এবং তাদেরও একটা কর্তব্য আছে। এটা মস্ত বড় কথা যেটা কার্ল মার্কস বলেছিলেন সেটা পড়ে আমি শেষ করছি—

Neither a nation nor a woman can be excused the unguarded hour in which any adventurer that came along could violate it.

[4-10—4-20 p.m.]

কোন একটা জাতির কোন একজন নারী একথা বলে পার পাবেন না যে আমিতো জানতাম না কখন আমার উপর অত্যাচার হয়ে গেল, বলাৎকার হয়ে গেল, কিছু এসে চলে গেল। কাজেই সাধারণ মানুষকে এ সম্বন্ধে অবহিত হতে হবে, তাঁরা যদি এই রকম সুইণ্ডালার্স, এই রকম চোর জোচ্চোরদের ভোট দিয়ে গদিতে বসান তাহলে এই অবস্থা ও'রা দেশকে করবেন। এ ছাড়া আর কোন অবস্থায় দেশকে তাঁরা নিয়ে যেতে পারবেন না। আপনি যদি সুইণ্ডালার্সদের গদিতে

বসিয়ে দেন, [illegible] গদিতে বসিয়ে দেন, তাহলে এই অবস্থাই দেশের হবে। এই জন্য ধীরে ধীরে মানুষ আজকে বুঝতে পারছে যে ইংরেজ রাজত্ব তাড়াতে দুশো বছর লেগেছে, কিন্তু আজকে কংগ্রেস শাসনের ১৭ বছরে দেখছি মানুষ আজকে তাদের ঘৃণা করতে আরম্ভ করেছেন এই কংগ্রেস সরকারকে। ক্রমেই মানুষ এদের থেকে দূরে সরে যাচ্ছে এবং মানুষ দলবদ্ধ হচ্ছে, একতাবদ্ধ হচ্ছে এদের গদিচ্যুত করবার জন্য, এদের সমুচিত জবাব দেবার জন্য, নিজেদের দাবী দাওয়া আদায় করবার জন্য এবং নিজেদের জনগণের শাসন প্রতিষ্ঠা করবার জন্য এই কথা বলে এই যে প্রস্তাব এখানে এসেছে তার বিরোধীতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Hemanta Kumar Basu:

প্রস্তাব করিবেন যে. উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত সংশোধনীটি যুক্ত করা হউক :—

"কিন্তু দুঃখের বিষয় যে, রাজ্যপালের ভাষণে—

(ক) ভারত রক্ষা আইনের ৩০ ধারায় যাঁহাদের গ্রেপ্তার করিয়া রাখা হইয়াছে, যাঁহারা দেশের বিভিন্ন গণতান্ত্রিক আন্দোলনের সহিত যুক্ত, যাঁহারা স্বদেশপ্রেমিক, এবং যাঁহারা চীনের আক্রমণের বিরুদ্ধে তাঁহাদের সর্বশক্তি প্রয়োগ করিবার প্রতিজ্ঞা করিয়াছিলেন, তাঁহাদের সত্বর মুক্তি দিবার, অথবা আদালতে হাজির করিবার কোন উল্লেখ নাই বা এই আটক রাখার বিরুদ্ধে কোন নিন্দাসূচক বাণী নাই;

(খ) যাঁহারা সাম্প্রদায়িক বা অন্য কোনও অভিযোগে উক্ত ধারায় গ্রেপ্তার হইয়া বিনা বিচারে তৃতীয় শ্রেণীর বন্দী হিসাবে প্রায় এক বৎসর আটক আছে, তাঁহাদের আদালতে বিচার বা তাঁহাদের মুক্তি দিবার বিষয় কোন উল্লেখ নাই;

(গ) পশ্চিমবাংলার ক্রমবর্দ্ধমান বেকার সমস্যা সমাধানের বিশেষ কোন উল্লেখ নাই;

(ঘ) কলিকাতা ও কলিকাতার পার্শ্বস্থ স্থানের অধিবাসীরা যাহাতে উচ্ছেদ না হইতে পারে এবং যাহাদের উচ্ছেদের সংখ্যা দিন দিনই বাড়িয়া চলিয়াছে, সেই উচ্ছেদ রোধ করিবার কোনও উল্লেখ নাই; এবং

(ঙ) কলিকাতায় যানবাহন চলাচলের অসুবিধা দূরীকরণের কোনও উল্লেখ নাই।

মাননীয় স্পীকার মহাশয়, রাজ্যপালের ভাষণ, আমরা আগেই বলেছি, যে সে ভাষণ এখানে দেওয়া হয় নাই। কাজেই সে বিষয়ে আমরা একমত এবং সেদিক থেকে আজকে সমস্ত দেশের যা অবস্থা —খাদ্যের অবস্থা, উৎপাদনের অবস্থা, বেকার সমস্যার অবস্থা, শিক্ষাসংকটের অবস্থা এবং এই ভাষা নিয়ে সারা দেশময় যে একটা বিরাট অসন্তোষ সৃষ্টি হয়েছে—এই সমস্ত ব্যাপারে বা এই সমস্ত বিষয়ে রাজ্যপালের ভাষণের মধ্যে কোন ইঙ্গিত নাই। কি করে খাদ্যসমস্যার সমাধান হবে, তার কোন আভাষও এতে নাই। যেটা গভর্নমেন্ট করেছেন—সেটাই এখানে তিনি রিপোর্ট করেছেন যে এই ভাবে রেশনিং চলবে। কিন্তু কি ভাবে উৎপাদন বাড়াবে, কি করে আমাদের খাদ্য-সমস্যার সমাধান হবে—সে বিষয়ে কোন কথা এই ভাষণে নাই। এই যে শিক্ষকদের সমস্যা—সে বিষয়েও কোন একটা বাক্য এখানে নাই। এই যে গভর্নমেন্ট কর্মচারীদের দাবীদাওয়া নিয়ে তাঁরা আন্দোলন করছে, সে সম্পর্কেও কোন সমাধানের কথা নাই। এই যে জিনিষপত্রের দাম অত্যধিক বেড়ে চলেছে,—এই যে দাম ধরা হয়েছে—মুখ্যমন্ত্রী যে দাম বেঁধে দিয়েছেন, তাতে ব্ল্যাক মার্কেটিং প্রাইস হয়ত কিছু কিছু কমেছে, কিন্তু মূলতঃ কোন জিনিষেরই দাম কমে নাই। কোনটা হয়ত ১·২০ পয়সা, ১·২৫ পয়সা বা ১·০০ টাকা হয়েছে, যার দাম ছিল বারো আনা,চৌদ্দ আনা। আজকে সব জিনিসেরই দাম হচ্ছে ব্ল্যাক মার্কেটিং প্রাইস। কোন জিনিসই সুবিধা হয়েছে বলে আমাদের মনে হচ্ছে না। যাকে ব্ল্যাক মার্কেটিং প্রাইস বলা হয়, সেই দরই আমাদের সরকার বেঁধে দেন। হয়ত কোন জায়গায় দু-চার পয়সা কম বেশী করে দিয়েছেন। ব্ল্যাক-মার্কেটিং বা যে প্রাইস বলে দেন—সেটাই আমাদের গভর্ণমেণ্ট বেঁধে দেন—সে বিষয়ে কোন সন্দেহ নাই। কাজেই রাজ্যপালের ভাষণের মধ্যে কোন উল্লেখ নাই। সরকার যে জিনিস করেছেন, তা কি অন্যায়

করেছেন—সে সম্বন্ধে কোন কথা নাই। আজকে দেখছি—কলকাতা সহরে যে সমস্ত মধ্যবিত্ত দরিদ্র জনসাধারণ আছে, তারা আজকে কলকাতা থেকে উচ্ছেদ হয়ে যাচ্ছে, কলকাতাতে তারা বসবাস করতে পারছে না। আজ যে সমস্ত বড় বড় ধণী—তারা যেভাবে এখানে জমির দর বাড়িয়ে জায়গাজমি কিনতে আরম্ভ করেছে, যারা কলকাতার পুরাণো অধিবাসী—যারা বিত্তশালী ছিলেন, তাঁরা এবং দরিদ্র উভয়ে আজকে উৎখাৎ হচ্ছে এখান থেকে। সরকার এ বিষয়ে কোন রকম প্রতিকারের ব্যবস্থা করছেন না ; এ বিষয়ে কোন নির্দেশ নাই, কোন রকম প্রতিকারের ব্যবস্থা সরকার করতে পারছেন না, কলকাতা সহরে আজকে দরিদ্র মধ্যবিত্ত বাঙ্গালীশূন্য হয়ে যাচ্ছে। হয়ত দিন কতক পরে দেখা যাবে যে বাংলাদেশে বাঙ্গালী মফঃস্বলে কিছু আছে, কিন্তু কলকাতা সহরে কিছুই খুঁজে পাওয়া যাবে না। আজকে সল্ট লেক ডেভলপমেন্ট করা হয়েছে, কিন্তু সেখানে ৪ হাজার টাকা কাঠা জমির দাম ধরা হয়েছে। আমি জিজ্ঞাসা করি কয়জন গরীব সাধারণ লোক এবং মধ্যবিত্ত সেই ৪ হাজার টাকা দিয়ে জমি কিনতে পারবে? তারপর কোলকাতায় যখন ইমপ্রুভমেন্ট ট্রাস্টের স্কীম হয় তখন কোলকাতার সাধারণ মানুষ, মধ্যবিত্ত মানুষ উৎখাত হয়ে যায় এবং তাহাদের বসাবার জন্য কোন ব্যবস্থা নেই, স্কীম নেই। আমার বক্তব্য হচ্ছে তাঁদের কলকাতা শহরে পুনর্বাসনের ব্যবস্থা করা উচিত। সেদিন ইমপ্রুভমেন্ট ট্রাস্টের চেয়ারম্যান বলেছেন কলকাতা শহরে ১ লক্ষ লোকের বাড়ীর দরকার যেখানে লোক বাস করতে পারে। এই অবস্থা যদি চলে তাহলে আমরা কি করে বুঝব যে বাংলাদেশের সরকার দরিদ্র সাধারণ বাঙালীদের প্রতি তাঁদের যে করণীয় সেটা করছেন? অথচ এইসব সমস্যার সমাধানের কোন নির্দেশ রাজ্যপালের ভাষণে নেই। তারপর, কলকাতা শহরে যাতায়াতের ক্ষেত্র আমরা দেখছি লোকেরা ব্যারাকপুর, শ্যামবাজার, দক্ষিণেশ্বর প্রভৃতি জায়গা থেকে ডালহৌসী স্কোয়ার-এ চাকুরী করতে ট্রাম এবং বাস-এ ঝুলে আসে। ট্রাম-বাস এই যে অত্যধিক ভীড় তার সমাধানের কোন পথ আমরা দেখছি না। কিছুদিন আগে ট্রাম এবং বাসের ভাড়া বেড়েছে এবং এখন আবার বাসের ভাড়া ৩ পয়সা করে বেড়েছে—কোথাও, কোথাও ১ পয়সা করে কমেছে বটে। কিন্তু বেশীর ভাগ জায়গাতেই বেড়েছে। কিন্তু আশ্চর্যের বিষয় হচ্ছে এই যে বাসের ভাড়া বাড়ছে তার বদলে সাধারণ মানুষের এ্যামিনিটিস-এর কোন ব্যবস্থা নেই। সাধারণ মানুষের পকেট কেটে এইভাবে পয়সা নেওয়া হচ্ছে অথচ বাস-ট্রামের সংখ্যা বাড়িয়ে কলকাতা শহরের জনসাধারণকে যাতে নির্বিকারে যাতায়াতের সুযোগ দেওয়া যায় সেটা মন্ত্রীমহাশয়রা দেখছেন না। তারপর, প্রায়ই দেখি বাস-এ এ্যাক্সিডেন্ট হবার ফলে সাধারণ মানুষের মৃত্যু হয়, অথচ তার প্রতিকারের কোন ব্যবস্থা দেখছি না। স্যার, এই সরকার নানা দিক থেকে এইভাবে চলেছে এটা আমরা দেখছি। তারপর, ডি, আই, রুল-এর কি রকম অপব্যবহার হচ্ছে সেটা আমরা সকলেই দেখছি। স্যার, পূর্ববাংলা থেকে যখন উদ্বাস্তুরা আসতে আরম্ভ করল তখন তারা যাতে মাইগ্রেসন নিয়ে সহজে আসতে পারে এবং তাদের পুনর্বাসন যাতে সহজে হয় তার জন্য "সংখ্যালঘু বাঁচাও আন্দোলন" করা হয়েছিল। তখন অনেকে বললেন এটা একটা সাম্প্রদায়িক কাণ্ড হবে। কিন্তু আমরা জানতাম এবং বিশ্বাস করি এতে কোন সাম্প্রদায়িক কাণ্ড হবে না—বরং কমে যাবে এবং বাস্তবেও তাই হোল। কিন্তু আশ্চর্যের বিষয় তারা যখন বনগাঁ বর্ডারে আসতে আরম্ভ করল এবং আমরা তাদের মাইগ্রেসন-এর দাবী নিয়ে আন্দোলন করতে আরম্ভ করলাম তখন আমাদের উপর ডি, আই, রুল প্রয়োগ করা হোল এবং অনেককে ধরা হোল। ডি, আই, রুল কখন প্রয়োগ করা হয়? চীনের আক্রমণ-এর সময় যে সমস্ত লোক চীনের আক্রমণকে সমর্থন করবে বা সাহায্য করবে বা সেই রকম মনোভাব জানাবে তাদের হাত থেকে দেশকে রক্ষা করবার জন্য ডি, আই, রুল প্রয়োগ হতে পারে। কিন্তু আমরা যখন "সংখ্যালঘু বাঁচাও আন্দোলন" করলাম তখন আমাদের উপর ডি, আই, রুল প্রয়োগ করা হল। তারপর, জিনিসপত্রের দাম বেড়ে চলেছে বলে আমরা তার প্রতিবাদ হিসেবে ভারত বন্ধ আন্দোলন করেছিলাম, একটা হরতাল করেছিলাম এবং এটা আমাদের গণতান্ত্রিক অধিকার। কিন্তু আশ্চর্যের বিষয় তার জন্য আমাদের ডি, আই, রুল-এ ধরা হোল।

[4-20—4-30 p.m.]

এই রকমভাবে আমার পার্টির তিন জন কর্মীকে তাঁরা গ্রেপ্তার করেছেন। তারা যুদ্ধের ব্যাপারে নানা সাহায্য করেছেন, টাকা তুলেছেন, অর্থ দিয়েছেন এবং তাদের বাড়ী থেকে গেঞ্জি তৈরী

করে নওজোয়ানদের পাঠিয়েছেন। যেহেতু তাদের যে সংগঠন আছে, সেই সংগঠনের সঙ্গে কংগ্রেসের প্রতিদ্বন্দ্বিতা চলছে, কংগ্রেসের লোকেরা তাদের বিরুদ্ধে রিপোর্ট দিয়েছে এবং ধরিয়ে দিয়েছে। আর কোন কারণ নাই। আমি বার বার মুখ্যমন্ত্রীকে বলেছি, বেলেঘাটার সরল দে, টালিগঞ্জের শান্তি গাঙ্গুলী এবং আর একজন সুধাংশু দত্ত, ঠাকুর নগরের, তিনি আমাদের দলের কর্মী নয়, তিনি একজন বিশিষ্ট কর্মী এবং সমাজসেবী, তিনি অনেক স্কুল কমিটির প্রেসিডেণ্ট এবং সেক্রেটারী, তাদের কথা আমি বলে যাচ্ছি, ৮।৯ মাস ধরে তাদের ডিভিশনের কথা বলছি। কিন্তু ডিভিশন দেওয়া হচ্ছে না, এই রকম অন্যায় অত্যাচার জুলুম চলছে। আমি আবার বলছি এটা নিশ্চয়ই অত্যন্ত নিন্দনীয় এবং তাদের দলের স্বার্থে দলের খাতিরে দলের প্রভাব যাতে নষ্ট না হয় সেজন্য এইভাবে ডি, আই, রুল প্রয়োগ করছেন দেশের জনসাধারণের বিরুদ্ধে, যারা দেশকে রক্ষা করবে তাদের বিরুদ্ধে, যারা দেশরক্ষকদের সাহায্য করছেন তাদের বিরুদ্ধে আমি বার বার বলবো আমার দৃঢ় সন্দেহ এই যে এদের বার বার করে ধরা হচ্ছে এবং আবার ছাড়া হচ্ছে, আবার ধরা হচ্ছে, এইভাবে বার বার ধরার কি কারণ থাকতে পারে? কোন যুক্তিযুক্ত কারণ নাই। আমি শুনেছি, এদের ধরে নিজের দলের প্রভাব যাতে নষ্ট না হয়, ক্ষুন্ন না হয় তারই জন্য তাদের বার বার ধরা হচ্ছে। এইভাবে তাদের বিনা বিচারে আটক রেখে দেবেন এটা হতে পারে না। সেজন্য দাবী হচ্ছে তাদের যেভাবেই ধরা হোক্, কোর্টে নিয়ে যাওয়া হোক, তাদের বিচার করা হোক। এবার জেলে গিয়ে দেখি, এটা আগেও দেখেছি সংখ্যালঘু আন্দোলনের সময় সাম্প্রদায়িক দাংগা হাংগামার সময় যাদের ধরা হয়েছিল তাদের বিরুদ্ধে কোন চার্জ নাই, বিনা বিচারে তাদের আটকে রেখে দেওয়া হয়েছে কারও কারও বিরুদ্ধে অভিযোগ দেওয়া হয়েছে, কিন্তু দিনের পর দিন, মাসের পর মাস, এক বছর হয়ে গেল তাদের আটকে রেখে দিচ্ছেন, এর মানে কি বুঝতে পারলাম না। যে অভিযোগেই তাদের গ্রেপ্তার করা হোক না কেন তাদের কোর্টে নিয়ে যাওয়া হোক এবং তাদের বিচার করা হোক। কিন্তু তা হচ্ছে না, তাদের আটকে রেখে দেওয়া হচ্ছে। এরকম অবস্থায় সরকার যদি পরিচালনা করেন তাহলে সরকারের উপর কোন শ্রদ্ধা লোকের থাকবে না, আনুগত্য থাকবে না, কেনই বা তাহলে লোকে সরকারকে চাইবে? সেদিক থেকে বিশেষ করে বলছি রাজ্যপালের ভাষণের মধ্যে কোন আশ্বাস বাণী নাই, কোন সত্যতা নাই, সেজন্য আমি রাজ্যপালর ভাষণের বিরোধিতা করছি।

Shri Asoke Krishna Dutta:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ৮ই ফেব্রুয়ারী আমাদের এই সভায় মহামান্য রাজ্যপাল যে ভাষণ রেখেছেন, তার উত্তরে তাঁকে ধন্যবাদ জানাবার জন্য আমি এই প্রস্তাব এনেছি। আজকের বিতর্ক আরম্ভ হওয়ার পর থেকে বিশেষ করে প্রথম বক্তৃতা, বিরোধী দলের নেতার বক্তৃতা খুব মনোযোগ সহকারে আমি শুনেছি। তিনি বলছিলেন তাঁর খুব হাসি পায় তাঁকে লীডার অব দি অপোজিশন বলা হয়, আমাদেরও হাসি পায় যে তাঁকে লীডার অব দি অপোজিশন বলা হয়। এমন একদিন ছিল যখন অপোজিশনের মধ্যেও অন্ততঃ তাঁর অধিকসংখ্যক লোকের উপর কনফিডেন্স ছিল, কিন্তু তাঁর দল ক্রমশঃ ছোট হতে হতে আজকে এমন অবস্থায় এসে দাঁড়িয়েছে, তাঁর যে সমস্ত লোক ডি, আই, রুলে আটকে আছেন, তাঁরা সব ছাড়া পেলেও সমস্ত টুটেল গণনা করলেও তিনি এখন-অপোজিশনের মধ্যে অধিক সংখ্যক লোকের কনফিডেন্স কম্যাণ্ড করেন না, তাঁর গ্রুপ অপোজিশনের মধ্যে একক সংখ্যাগরিষ্ঠতায়, এর প্রতিফলন আমি দেখতে পাচ্ছি তাঁর বক্তৃতার মধ্যে। মানুষের যুক্তি যখন কমে যায়, তখন যত আক্রোশ আর আস্ফালন গড়ে উঠে। আজ যুক্তির অভাব হয়েছে সেজন্য আমাদের অনেক রকম গালাগালির কথা তিনি বলছেন, বললেন আমাদের নীচু, ইংরেজী বাংলায় আরও অনেক রকম গালাগালি দিলেন, তবে তিনি তো গালাগালি দেবার জন্যই আছেন, আশা করি তিনি আমাদের যুক্তি দিয়ে সমালোচনা করবেন। আমরা আশা করেছিলাম যুক্তি দিয়ে আমাদের সমালোচনা করবেন, ঐ রকম আক্রোশের বশীভূত হয়ে ঐ ধরণের গালাগালি আমরা স্কুল-এর ছোট ছেলেমেয়েদের মধ্যে দেখতে পাই, যখন অক্ষম অপারগ ছেলেমেয়েরা পেরে ওঠে না, তখন রেগে কেঁদে গালাগালি দিয়ে ওঠে, অনেকটা সে ধরণের বক্তৃতার ইঙ্গিত আমরা পেলাম বিরোধী দলের নেতার কাছে। তার বক্তৃতায় অনেক অবান্তর কথা রয়েছে। প্রথমেই তিনি বললেন, যে মহামান্যা রাজ্যপালিকা এখানে বক্তৃতা করতে এসে, তাঁর বক্তৃতা দেন নি।·দেন নি নয়, তাঁকে দিতে দেওয়া হয়নি। আমরা প্রত্যেকেই

দেখেছি, মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনিও এখানে উপস্থিত ছিলেন, আপনিও দেখেছেন যে কি ভাবে মাননীয়া রাজ্যপালিকা বার বার চেষ্টা করেছেন বক্তৃতা দেবার জন্য, কি ভাবে তিনি অনুনয় বিনয় করেছেন, তবুও তাঁকে বক্তৃতা দিতে দেওয়া হয়নি। বক্তৃতা দিতে দেওয়া হয়নি বলে এড্রেস হয়নি, এটা অবশ্য কোন যুক্তি নয়। তারা যে যুক্তিও রেখেছিলেন যে এ্যাড্রেস হয়নি বলে আন্ডার প্রোটেষ্ট, হাউস চালাচ্ছেন। মাননীয় বিরোধী দলের নেতার দলের একজন লোক, দরখাস্ত এনেছিলেন কালকে হাই কোর্ট-এ একটা, এখানকারই একজন সদস্য। যাহ'ক সেখানে যা বিচার হ'বার হ'ক। আমাদের এখানে এই বক্তব্য যে এ্যাড্রেস হয়েছে। সামান্য দু-তিন দিন আগে বিরোধী দলের অন্যতম নেতা সোমনাথবাবু বলেছিলেন যে ডিক্সেনারী মিনিং অফ "এ্যাড্রেস". এটা তিনি বিচার করে দেখে আসেন নি। এটা অবশ্য আমার বিশ্বাস হয় না সোমনাথবাবুর মত একজন সুপণ্ডিত লোক যে এ্যাড্রেস কথাটার মানে জানেন না এবং দেখেন নি, এটা সত্য কথা নয়, কিন্তু ডিক্সেনারী মিনিং-টা তাদের বিরুদ্ধে বলে প্রয়োগ করেন নি। আমরা সাধারণতঃ ইংরাজী কথার জন্য অক্সফোর্ড ডিক্সেনারী ব্যবহার করে থাকি এবং অক্সফোর্ড ডিক্সেনারী-তে এ্যাড্রেস কথাটা যেখানেই ব্যবহার করা হয়েছে টু ডাইরেক্ট স্পীচ অর রাইটিং। মাননীয় রাজ্যপালিকাকে যেখানে তার বক্তব্য স্পীচ-এ দিতে দেওয়া হয়নি, তখন লিখিত বক্তৃতা তিনি পেশ করে গিয়েছিলেন এখানে। সেটাই যথেষ্ট হয়েছে। আমরা প্রায় বিরোধী দলের নেতাদের কাছ থেকে বিশেষ করে লীডার অফ দি অপোজিশন্-এর কাছ থেকে প্রায়ই শুনি যে কন্সটিটিউশন-এর প্রতি নাকি তাদের অগাধ আনুগত্য রয়েছে। তারা ডেমোক্রাসী-র জন্য যথেষ্ট কিছু করে থাকেন। তারা সত্যিকারের ভারতবর্ষে ডেমোক্রাসী স্থাপন করতে চান। আমি তাকে জিজ্ঞাসা করি, যে মহামান্যা রাজ্যপালিকার সামনে যে ব্যবহারটা করলেন, সেটা ডেমোক্রাটিক হয়েছিল, না কন্সটিটিউশনাল হয়েছিল? আমি ছেড়ে দিচ্ছি তারা মহামান্যা রাজ্যপালের প্রতি বিশেষ করে একজন মহিলার প্রতি যে ধরণের অসমীচিন আচরণ করেছেন, আমি বলবো অভদ্র ব্যবহার করেছেন, সেদিকটা আমি ছেড়েই দিচ্ছি শুধু কন্সটিটিউশন-এর দিক থেকে দেখতে গেলে, আমরা জানি ভারতের সংবিধানের ১৬৬ অনুচ্ছেদ অনুযায়ী, আর্টিকল ১৬৬ বলে যে

All executive action of the Government of a State shall be expressed to be taken in the name of the Governor

অতএব সেদিন যে ভাষণ গভর্নর দিতে এসেছিলেন সেটা তাঁর ভাষণ প্রিপেয়ার্ড......
Prepared under the aid and advise of her Ministers

এবং যা নিয়ে এ'রা সেদিন আক্রোশ করেছিলেন যে অনেকগুলি তাঁদের দলের সভ্য ডিফেন্স অব ইণ্ডিয়া রুল-এ ধরা রয়েছে, গভর্নর-এর আদেশ অনুযায়ী। সেই আদেশটা গভর্নর-এর নামে হলেও সেই গভর্নর-কে যাঁরা এ্যাডভাইস দিচ্ছেন, সেই কাউন্সিল অব মিনিষ্টার এ'দের দায়িত্বে তাঁদের ধরা হয়েছে, অতএব সেই নিয়ে যদি সমালোচনা করতে হয় তাহলে এই আজকের বিতর্কের মাধ্যমে সমালোচনা হওয়া উচিৎ। গভর্নর যখন ১৭৬ অনুচ্ছেদ অনুযায়ী তাঁর একটি কন্সটিটিউশনাল ডিউটি এখানে করতে এসেছেন, কি? যে কাউন্সিল অব মিনিষ্টারস্-দের এ্যাডভাইস অনুযায়ী যে বক্তৃতা তৈরী হয়েছে, সেই বক্তৃতা তিনি এখানে দিতে এসেছেন, সেই বক্তৃতায় এ দুটোর কোনটাই হয়নি। এর উচিৎ ছিল, যদি সত্যিই তাঁরা মনে করে থাকেন, অন্যায়ভাবে উপদেশ দেওয়া হয়েছে, তার বিতর্ক বা সমালোচনা করবার দিন আজকে, এই ডিবেট-এর মাধ্যমে। গভর্নরকে জোর করে বক্তৃতা দেওয়া বন্ধ করে তার বিচার হয় না। মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি প্রস্তাব আনবার সময় বলেছি মহামান্যা রাজ্যপালিকার ভাষণকে ধন্যবাদ দেওয়া হয়েছে, যে এই ভাষণের মধ্যে বাংলাদেশের আজকে যেগুলো সমস্যা, পরিষ্কারভাবে তুলে ধরা হয়েছে, কোন সমস্যাই এড়িয়ে যাওয়া হয়নি, বরং সমস্যা সমাধানের পথও একটার পর একটা সুন্দর ভাবে দেওয়া হয়েছে।

[4-30—4-40 p.m.]

আজকে আমাদের খাদ্য সমস্যাকে এড়িয়ে যাওয়া হয়নি, নিত্য প্রয়োজনীয় সমস্যাকে এড়িয়ে যাওয়া হয়নি, যে কটি সমস্যা রয়েছে, প্রত্যেকটিকে পরিষ্কার করে দেখিয়ে দেওয়া হয়েছে। ভাষণের মধ্যে অনেকখানি হচ্ছে খাদ্যসমস্যার বিষয়। আগামী বছর কি ভাবে খাদ্য সমস্যার সমাধান করা হবে, তার পরিষ্কার ভাবে এর মধ্যে আলোচনা করা আছে। এর মধ্যে কলিকাতার, বৃহত্তর কলিকাতার শিল্পাঞ্চল, গ্রেটার ক্যালকাটা ইণ্ডাস্ট্রিয়াল এরিয়া-তে স্টাটুটারী রেশনিং করা হবে,

তারও ব্যবস্থা করা হয়েছে। এবং সংগে সংগে বাংলাদেশের অন্য যে কোন জায়গায় প্রয়োজন মত মডিফাইড রেশনিং হবে, তার ব্যবস্থাও করা হয়েছে। সমালোচনা করা হয়েছে যে ৩ কোটি বাংগালী নাকি এতে রেশনিং-এর বাইরে চলে গেল। অবশ্য অঙ্কের হিসাবটা বিরোধী দলের নেতাকে শিখিয়ে দিতে হবে। গ্রেটার ক্যালকাটা এরিয়া যখন স্ট্যাটুটারী রেশনিং হয়েছে, তখন তার বাইরে ৩ কোটি বাংগালী থাকে না, প্রায় ২॥ কোটি থাকেই যখনই প্রয়োজন হবে মডিফায়েড রেশন-এর ব্যবস্থা করা রয়েছে, সমস্ত এলাকায় রাখতে হবে যদি স্ট্যাটুটারী রেশনিং করা হয় কম্পালসারী প্রকিওরমেন্ট ও তার সংগে সংগে করতে হয়। আমরা আগেও দেখেছি, পৃথিবীর অন্যান্য বড় বড় দেশে যারা এই সমস্ত করতে গিয়ে পিছিয়ে গেছে, তাদেরও উদাহরণ আমরা দেখেছি, সোভিয়েত রাশিয়ার ব্যাপারেও আমরা দেখি, এবং এই সমস্ত জোর করে প্রোকিওরমেন্ট কর ত গেলে চাষীর ২তথা।ন ক্ষা হয় তা আমরা জানি সেই জন্য এই জিনিসটাকে এমন করে করা হয়েছে যাতে অনেকখানি চাষীকে এবং ফ্রি মার্কেট-কে স্কোপ দেওয়া হয়েছে। রুরাল এলাকার জন্য এবং গ্রেটার ক্যালকাটা ইণ্ডাস্ট্রিয়াল এরিয়া-র যে সম্পূর্ণ নির্ভরশীল অন্য এলাকায় পেত, সেখানে ফিট করবার জন্য স্ট্যাটুটারী রেশনিং-এর ব্যবস্থা, দুটোর সামঞ্জস্য রেখে সুন্দর ভাবে করা হয়েছে, এই জিনিসটা যেভাবে করা হয়েছে, সমালোচনা যাঁরা করছেন তাঁরা সত্যিকারের সমাধান করবার জন্য সমালোচনা করছেন না, এটাকে তাঁরা রাজনৈতিক কাজে ব্যবহার করতে চান, সেই জন্যই তাঁরা সমালোচনা করছেন। সাধারণ কৃষকদের কথার ইঙ্গিত রয়েছে এর মধ্যে, কমলবাবু যদি বুঝতে পারতেন তাহলে জ্যোতিবাবু যে সমালোচনা করেছেন, তাতে কৃষকের আরও ক্ষতি হ'ত। এই যে রুর‍্যাল এলাকাতে স্ট্যাটুটারী রেশনিং করা হয়নি, কম্পালসারী প্রোকিওরমেন্ট করা হয়নি, কারণ এটা সাধারণ কৃষকদের দিকে চেয়ে করা হয়েছে, এটা বোঝবার নিশ্চয়ই জ্ঞান আমাদের আছে। এর সংগে সংগে আজকে আরও যে সমস্ত গুরুত্বপূর্ণ বিষয়ের আলোচনা এখানে রয়েছে। একটু আগে দলের কথা বলতে বলতে জ্যোতিবাবু উচ্ছাসের সংগে বলে উঠলেন, যে এরাও তো করেছে। উত্তর ভিয়েৎনাম-কে আক্রমণ করেছে, তাই নিয়ে ভারত সরকার বলেছে, যে এরাও তো করেছে। উত্তর ভিয়েৎনাম-কে আক্রমণ করেছে, সাউথ ভিয়েৎনাম থেকে, তাই নিয়ে সমালোচনা করে বললেন যে এদেরও বন্ধ কর ওদেরও বন্ধ কর। শুধু সাম্রাজ্যবাদীদের বলা উচিৎ ছিল। আমি ধরে নিচ্ছি যে সে পক্ষে আমরা নিউট্রাল, আমরা এ পক্ষেও নয় ও পক্ষেও নয়। সে ক্ষেত্রে যদি বলা হয় দু পক্ষকেই যে বন্ধ কর ভয়ানক অন্যায় করা হচ্ছে। আর জ্যোতিবাবুর দল, যারা কনস্টিটিউসান-এর প্রতি আনুগত্য বলেন, যারা ডেমোক্রেসী রক্ষা করছি বলেন, তাঁরা যখন দু বছর আগে আমাদের ভারতবর্ষের সংগে আর একটা বিদেশীর সংগে যুদ্ধ হয়েছিল, তখন তারা তো কৈ সেই বিদেশী সাম্রাজ্যবাদী যারা ভারতবর্ষ আক্রমণ করেছিল, তাদের বলেন নি যে তোমরা খারাপ করছো। তারা বলেছিলেন দু পক্ষই সরে যাও। সেই সময় তাদের মনে হয়নি যে আমার দেশ ভারতবর্ষকে যারা আক্রমণ করেছে, তাদের সংগে এ্যাট পার আমি চায়না-কে ধরবো, তারা বলতে পারেন নি, কারণ তাদের সংগে চায়না-র যে যোগাযোগ রয়েছে, আমরা জানি। আজকে তাই জন্য যখন আইন ও শৃংখলা রক্ষা করবার জন্য সৈন্য পাঠান হচ্ছে বিভিন্ন বিভিন্ন জায়গায়, তখন তিনি বলছেন কি যে, আমাদের দেশের আর্মি-কে ট্রেন্ড করা হচ্ছে, ছাত্রদের গুলি করবার জন্য। সম্পূর্ণ মিথ্যা কথা একটা কেসও এখানে হয়নি, যেখানে আর্মি ছাত্রদের উপর গুলি করেছে। সম্পূর্ণ মিথ্যা কথা, তিনি দেখিয়ে দিন যে কোথায় আর্মি ছাত্রদের উপর গুলি করেছে? এটা তার কল্পনা। যে সরকার আজ ভারতবর্ষের শাসনে অধিষ্ঠিত, তাদের দায়িত্ব, ভারতবর্ষের বিপুল সংখ্যক জনসাধারণ, সেই সরকারের কাছে দাবি এবং আশা করি যে শান্তি এবং শৃংখলা বজায় থাকবে। সেই শান্তি ও শৃংখলা বজায় রাখার জন্য যদি প্রয়োজন হয়, সরকারের সমস্ত শক্তি সেখানে প্রয়োগ করতে হবে। আজকে উত্তর সীমানায় আর্মির দরকার, এই নিয়ে তিনি ব্যাংগ করেছেন। আর্মি সত্যি দরকার, উত্তর সীমানায় আজ যতখানি আর্মি রয়েছে তার চেয়ে অনেক বেশী রাখতে পারলে ভাল হ'ত, সেই আর্মি-কে আমাদের পাঠানো হচ্ছে দক্ষিণে, কেন? ছাত্রদের বিরুদ্ধে নয়, যে দল আজকে বিদেশীর সংগে যোগাযোগ রেখে, যাদের বিরুদ্ধে আজকে ডিফেন্স অব ইণ্ডিয়া রুলস প্রয়োগ করা একান্ত প্রয়োজন হয়ে উঠেছে, সেই দলের চর সমস্ত দেশময় রয়েছে এবং এই ভাষা ভিত্তির আন্দোলন, ছাত্রদের আন্দোলনকে সব সময় বিভ্রান্তের পথে চালিত

করবার জন্য তারা তৈরী হয়ে রয়েছে। তারা যাতে দেশের শক্তি না পায়, তারা যাঁতে দেশের ক্ষমতা না পায় তাই জন্য আজকে আর্মি-কে পাঠাতে হচ্ছে।

[Noise and interruptions]

আজকে উত্তর সীমানা থেকে আর্মি-কে পাঠাতে হচ্ছে, এই জন্য যাতে দেশের মধ্যে যে সমস্ত সাবভারসিভ রয়েছে, দেশের মধ্যে যে সব ফিপ্ত কলামিস্ট রয়েছে দেশের মধ্যে, দেশে যে সমস্ত দেশদ্রোহী রয়েছে তারা যাতে আইন ও শৃংখলাকে নষ্ট করে না দিতে পারে, তার জন্য আর্মি পাঠাতে হচ্ছে। রাজ্যপালের ভাষণে যেখানে তিনি বলেছেন "আমাদের দেশের সীমান্তবর্তী দুটি রাজ্যের অমিত্র সুলভ আচরণের ফলে আমরা যে বিপদসংকুল অবস্থার মধ্যে বাস করিতেছি তাহার কথা আপনাদিগকে স্মরণ করাইয়া দিতে চাই।আমাদের মধ্যে অনৈক্য থাকিলে তাহা শত্রুর পক্ষে সহায়ক হইবে" সেখানে পরিষ্কার ইঙ্গিত রয়েছে আমাদের দেশের উপর সাবভার-সিটিভ রয়েছে। আমরা জানি আজকে ডি, আই, আর, তাদের বিরুদ্ধে ব্যবহার করতে হচ্ছে। অর্থাৎ যারা সাবভারসিভ করতে চায় তাদের বিরুদ্ধে এই আইন প্রয়োগ করা হচ্ছে। দেশের মধ্যে অভাব অভিযোগ রয়েছে এ থেকে কংগ্রেস সরে যেতে চায় না। নিশ্চয় আমাদের অনেক সমস্যা রয়েছে, অনেক প্রশ্ন রয়েছে সেই প্রশ্নকে কেউ এড়িয়ে যেতে চায় না। এই সমস্যার সমাধান আমরা চাই। আজ এই সমস্যার সুযোগ নিয়ে যাঁরা নিজেদের অভিসন্ধি চরিতার্থ করিতেছেন, রাজনৈতিক স্বার্থসিদ্ধি করতে চাচ্ছেন তাঁদের বিরুদ্ধে ডি, আই, আর, প্রয়োগ নিশ্চয় করা দরকার। (গোলমাল) আমি বুঝতে পারছি যে আমার যুক্তি তাঁদের গায়ে লেগেছে বলে তাঁরা চিৎকার করছেন। তাঁদের বক্তৃতা যেভাবে আমরা ধৈর্য্য সহকারে শুনে থাকি, সেই ধৈর্য্য তাঁদের নেই, থাকলে তাঁরা নিশ্চয় শুনতেন। আজকে ছাত্রদের আন্দোলনের কথা, শিক্ষার সমস্যার কথা বলা হচ্ছে। আজকে যে আন্দোলন করছেন শিক্ষকদের বিষয়ে সেটা মামুলী নয়। এখানে পরিষ্কারভাবে ইঙ্গিত রয়েছে শিক্ষকদের বেতন যে অল্প, তাঁদের অভাব যে অনেক সে বিষয়ে সরকার যথেষ্ট সচেতন। কিন্তু এখানে এই জিনিসটা নিয়ে বিক্ষোভ সৃষ্টি করা, মারামারি, দাঙ্গা সৃষ্টি করলে সমস্যার সমাধান হবে না। এই সমস্যার সমাধান করতে গেলে আমাদের দুটো দিক থেকে এটা বিচার করতে হবে। এটা আমাদের রাজনৈতিক বন্ধুদের মনে করিয়ে দেবার দরকার নেই যে আমাদের দলের প্রত্যেকেই অবগত যে শিক্ষকদের বেতন অল্প এবং এটাতে তাঁদের চলতে পারে না এবং এটা আমরা নিশ্চয় স্বীকার করব যে অনেক ক্ষেত্রে আমাদের প্রাথমিক শিক্ষকরা যে বেতন পান কলকাতা মহানগরীর পিওনরা তার চেয়ে অনেক বেশী বেতন পান। এটা চিন্তার কথা এবং সরকারও যে এ বিষয়ে যথেষ্ট সচেতন তার পরিষ্কার ইঙ্গিত রাজ্যপালের ভাষণে রয়েছে। আমরা এই সঙ্গে আশ্বাস পেয়েছি যে ১৭ই তারিখে যে বাজেট আসছে সেই বাজেটে সরকারের তরফ থেকে কতখানি বাড়ান যায় তার নিশ্চয় ব্যবস্থা করা হবে। কিন্তু এই সংগে সংগে এটা আমাদের মনে রাখতে হবে যে আমরা দায়িত্বশীল দল হিসাবে সরকারে আসীন রয়েছি, আমাদের দায়িত্বহীনের মত লোক খেপিয়ে বেড়ান কাজ নয়। আমরা যতখানি পারব ততখানি বাড়াবার কথা বলব। আমাদের এই বাজেট থেকে নিয়ে প্রত্যেকটা উন্নয়নের কাজে আমাদের টাকা খরচ করতে হবে। আমরা স্বাস্থ্য খাতে ও অন্যান্য প্রয়োজনীয় খাতে টাকা বন্ধ করে শুধু মাত্র শিক্ষার খাতে টাকা বরাদ্দ করতে পারব না। আমাদের মনে রাখতে হবে আমাদের দেশে ২০০ বছরে শিক্ষার প্রসারের কোন ব্যবস্থা হয়নি। যে দেশে হাজার হাজার প্রাইমারী স্কুল হচ্ছে সেখানে হঠাৎ বিপুল সংখ্যক বাড়িয়ে দেওয়া সরকরের পক্ষে সম্ভব নয়। এটা সামর্থ্যের বাহিরে। কিন্তু যেখানে কয়েক হাজার প্রাইমারী স্কুল সামান্য কয়েক বছরের মধ্যে হয়েছে, কয়েক শত সেকেন্ডারী স্কুল কয়েক বছরের মধ্যে হয়েছে, হাজার হাজার প্রাইমারী শিক্ষক যেখানে নূতন নূতন এ্যাপয়েন্টমেন্ট পাচ্ছে সেখানে বাড়িয়ে দেওয়া সরকারের সাধ্যাতীত। অতএব সাধ্যাতীত বলে আমরা নিশ্চয় দায়িত্বহীনতার পরিচয় দেব না।

[4-40—4-50 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটু আগে আমাদের বিরোধী দলের মাননীয় নেতা জ্যোতিবাবু আমাদের মুখ্যমন্ত্রীর ষ্টেটমেণ্টের ব্যাঙ্গ করে বললেন যে গত ১৭ বৎসরে কংগ্রেস সরকার এমন একটা কাজ করেছেন যে আমেরিকা থেকে গম এনে চালাতে হচ্ছে। (গণ্ডগোল হতেঃ—এটা কি

মিথ্যা কথা?) আমি মিথ্যা কথা তা বলি নি। এটাকে মোটেই মিথ্যা কথা বলা চলে না। তবে এটা কেন হচ্ছে সে কথা আমাদের ভাবতে হবে। আমাদের বাংলাদেশের জনসংখ্যা বিপুল পরিমাণে বেড়ে গেছে। একথা চেঁচিয়ে উড়িয়ে দেবার কথা নয় একটু চিন্তা করে দেখলে পাওয়া যাবে যে সামান্য ১৫ বছর আগে ভারতের লোকসংখ্যা ছিল ৩৩ কোটি আর ভারতবর্ষের বর্তমান লোকসংখ্যা হল ৪৫ কোটি। আমাদের বাংলাদেশের কথা একটু ভাবুন আমরা কেন গম খাই। গম ইতিপূর্বে আমরা করতাম না: এটা মনে রাখতে হবে বাংলাদেশ যে গম খেত সেটা বাংলাদেশে উৎপন্ন হত না সেটা উত্তর প্রদেশ থেকে এবং বিহার থেকে আসত। মাননীয় বিরোধী দলের নেতা যদি এটা একটু দেখেন বা একটু যদি চিন্তা করেন তাহলে দেখবেন যে. যে উত্তর প্রদেশ এবং বিহার আগে গম রপ্তানী করত তাকেও গম আমদানী করতে হচ্ছে। বিদেশ থেকে। আজকে তাদের আমেরিকা থেকে গম আনতে হচ্ছে। আমাদের আজকে গম এই কারণেই আনতে হচ্ছে। এই গম উৎপাদন যদি বন্ধ করে দি তাহলে তার ফল কি হবে।

[গোলমাল]

মাননীয় অধ্যক্ষ মহাশয়. চিৎকার করে আমার যুক্তি চাপা দেবার চেষ্টা করছেন এঁনারা। আমাদের একথা মনে রাখতে হবে যে আমাদের বিপুল সংখ্যায় লোক বেড়ে গেছে। আমাদের বাংলাদেশেরও লোকসংখ্যা বিরাটভাবে বেড়ে গেছে। এই জিনিসের সঙ্গে সঙ্গে আমাদের আর একটা কথা মনে রাখতে হবে যে পরিবার পরিকল্পনা শহরাঞ্চলে বিশেষভাবে চালু করা দরকার।

[গোলমাল]

আমাদের এই পরিবার পরিকল্পনার দিকে আরও ভালভাবে নজর দেওয়া দরকার। একটা কথা মনে রাখা দরকার যে পরিকল্পনায় যে ব্যবস্থা করেছেন সেই ব্যবস্থাকে বাধ্যতামূলক করা দরকার এর পাবলিসিটিতেই লোকের মনে রেখাপাত হবেনা সেটাকে কম্পালসারি করবার চেষ্টা করা উচিৎ। যাতে নাকি পরিবার নিয়ন্ত্রণ করা যায়। এই প্রবলেম যে ভাবে বেড়ে যাচ্ছে তাতে আমরা যতই কৃষি উৎপাদন করিনা কেন যতই শিল্প উৎপাদন করিনা কেন বা ন্যাশানাল ইনকাম যতই আমরা বাড়াই না কেন তার ফল আমরা পাচ্ছি না যদি নাকি আমরা জনসংখ্যা চাপ না কমাতে পারি তাহলে কখনই ফল পেতে পারি না। আমাদের মনে রাখতে হবে সমস্ত পৃথিবীর মধ্যে ভারতবর্ষেই জনসংখ্যা সবচেয়ে বেশী।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার আরো অনেক কিছু বলার ছিল আপনি আলো জ্বালিয়ে দিয়েছেন এবং আমার বিরোধী দলের বন্ধুরা কেবল চিৎকার করে যাচ্ছেন তাঁরা যুক্তি শুনতে চান না। তাঁদের যুক্তি নেই তাঁদের ধৈর্য্য নেই। অবশেষে আমি এই কথাই বলবো আমাদের মহামান্যা রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন তাতে বাংলাদেশের প্রত্যেকটি সমস্যার কথা বলা হয়েছে এবং সমস্যা সমাধানের ইঙ্গিত করা হয়েছে। আমি এই ভাষণের জন্য মহামান্যা রাজ্যপালকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Panchu Gopal Bhaduri:
I move that the following be added at the end of the address in reply, viz:

"But regret that the Governor's address does not correctly reflect the situation or problems of West Bengal nor does it a correct way out".

স্পীকার মহাশয়, রাজ্যপালের লিখিত বক্তৃতার ভিতর বাংলাদেশের জনজীবনের যে বাস্তব অবস্থা তার মোটেই কোন ছবি পাওয়া যায় নি। সেই জনজীবনের উপর যে দুর্যোগের ছায়া নেমে এসেছে তার প্রতিকারের জন্য সমস্ত বাংলাদেশ জুড়ে বিভিন্ন গণসংগঠনের তরফ থেকে একটা মিলিত সংগ্রাম সমিতি করে আন্দোলন সুরু হয়েছে। এই আন্দোলন যে দাবী এখানকার সরকার মেটাতে পারে নি—সেই সব দাবী পূরণের জন্য তারা বাইরে আন্দোলন সুরু করেছে।

এবং আজই ১২ তারিখে এই বিধানসভার বাইরে ময়দানে বিরাট জনসমাবেশে তারা সেই দাবী, সেই ধর্বনি তুলবেন। সেই দাবীগুলি এই হাউসের সামনে থাকা উচিত। কারণ তার মধ্য দিয়ে ভারতবর্ষের জনগণের জীবনের অভাব অভিযোগ প্রতিফলিত হচ্ছে। প্রথমত খাদ্যশস্যের বাণিজ্য পূর্ণ রাষ্ট্রীয়করণ এই জিনিসটা আমাদের পশ্চিমবঙ্গ সরকার করেন নি—মুখ্যমন্ত্রী প্রফুল্ল বাবু যিনি খাদ্য মন্ত্রীও বটে—তিনি ১৯৬৩ সালে যতবার তাঁর সংগে কথা হয়েছে যে এই খাদ্যশস্যের পাইকারী বাণিজ্য রাষ্ট্রীয়করণ করবেন কিনা। তিনি বলেছেন—কিছুতেই করবো না—তোমরা ভোটে হারিয়ে দিয়ে আমাকে সরিয়ে দাও—তার পর কর—এই কথা তিনি বলেছিলেন। তারপর হঠাৎ যখন রাষ্ট্রীয় বাণিজ্য করবেন বলে বললেন তখন মনে হোল যে কিছু গোলমাল আছে। তার পর তিনি যা করলেন তাতে তাঁর বন্ধু মজুতদার, চোরাকারবারীরা রক্ষা পেল এবং তিনি স্ট্যাটুটারী রেশন নিয়ে এলেন। আমি এখানে এই বিধানসভায় আসবার আগে সহরাঞ্চলের শ্রমিকদের জিজ্ঞাসা করছিলাম—তারা বললো যে ঐ যে রেশন পাওয়া যায় তাতে কঠোর পরিশ্রম করে শ্রমিকদের দু দিন চলে বাকী পাঁচ দিন তারা চোরাবাজার থেকে কিনে খায় এবং সহরাঞ্চলে মিউনিসিপ্যাল এলাকার বাইরে দেখলাম যে পাশাপাশি সমস্ত চাল নিয়ে লোকে বসে গেছে। এই দুই দিনের রেশন পায় শ্রমিকরা সরকারের কাছ থেকে বিধিবদ্ধ রেশনের মারফৎ আর বাকী পাঁচ দিনের চাল তারা কেনেন বাইরে থেকে। চালের খুচরা ব্যবসা আজকে হয়ে উঠেছে সবথেকে বড় খুচরা ব্যবসা। আমরা বলছিলাম যে চোলাই মদের কারবার এটা সব থেকে বড় কুটিরশিল্প হয়ে উঠেছে—কিন্তু ঐ সমস্ত চোলাই মদের কুটির শিল্পীরা চোলাই মদের ব্যবসা ছেড়ে তার থেকে লাভজনক ব্যবসা—চালের খুচরা ব্যবসা সুরু করেছে। এবং এদের সরবরাহ আসছে গ্রামাঞ্চল থেকে কাজে কাজেই সহরাঞ্চলের চোরা বাজার তিনি বন্ধ করেন নি সহরাঞ্চলের সাধারণ লোক—তিন চার দিন রেশন চলে—জেলের ভিতর সশ্রম কারাদণ্ডে দণ্ডিত একজন কয়েদী পায় দৈনিক আড়াই পোয়া ওজনের রেশন যার পরিমাণ হবে এক সপ্তাহে চার কিলোর চেয়ে বেশী- আর বাইরের লোক পায় তার কত তা বুঝতেই পারছেন। সেদিক থেকে তিনি বাইরের মজুতদারদের সমর্থন করছেন।

[4-50—5 p.m.]

গ্রামাঞ্চলের চোরাকারবারীর ভিত্তিকে রক্ষা করার জন্য তিনি কি করেছেন? তিনি মিল মালিক যারা গ্রামাঞ্চলে চোরাকারবার করে মজুতদারী করে তাদের ভার দিয়েছেন সংগ্রহের। সেই সংগ্রহের ভারের মধ্যে একদিকে সাধারণ কৃষক মারা পড়ছে, তারা ৮।৯ টাকাতে ধান বিক্রি করতে বাধ্য হয়েছে। কাজে কাজেই তারা একদিকে ধান কিনে মার্জিন রাখছে—আর এক দিক থেকে চালের চোরাবাজার করে আগামী দিনের জন্য প্রস্তুতি রাখছে। আমি এখানকার মুখ্যমন্ত্রীকে স্মরণ করতে বলি যে কামরাজ যে কথা বলেছিলেন, মাদ্রাজে বক্তৃতা দিয়ে বলেছেন সরকারী নীতির তীব্র নিন্দা করে সমালোচনা করে, তিনি দুঃখের সংগে বলেছেন যে সরকার আজও যথোচিত পরিমাণে যে খাদ্যশস্য সংগ্রহ করছেন না—তার জন্য ভুগতে হবে। মজুতদারেরা সমস্ত চাল মজুত করে ফেলছে এবং বছরের শেষে মারা পড়তে হবে—এই সাবধানবাণী কংগ্রেস সভাপতি দিয়েছেন। তার উল্টো কথা সংসদীয় দলের ২৭শে জানুয়ারী রঘুনাথ সিং তিনি হয়তো প্রফুল্লবাবুর কানে কানে বলে যেতে পারেন—নিয়ন্ত্রণ নয়—বিনিয়ন্ত্রণ করো। নিয়ন্ত্রণ খাদ্যশস্যে করলে চলবে না এবং প্রফুল্লবাবু তিনি একদিকে রেখেছেন নিয়ন্ত্রণ আর এক দিকে রেখেছেন চোরাকারবার এবং তাকেই লালনপালন করছেন তাকে বাড়িয়ে চলেছেন। এর ফল কি হবে হয়তো এই রেশনিং ব্যবস্থা পঙ্গু হয়ে যাবে। আগামী বছরের শেষ দিকে কি মাঝামাঝি নাগাদ জুলাই আগষ্ট সেপ্টেম্বর নাগাদ সংকট আসতে পারে। খাদ্যশস্যে পাইকারী ব্যবসা এটা যেমন একটা পাইকারী পূর্ণ রাষ্ট্রীয়করণ তেমনি সংগে সংগে কৃষকদের ন্যায্য দাম প্রফুল্লবাবু দেননি—তেমনি ক্রেতাদের সারা বছর ন্যায্য দরে খাদ্যদ্রব্য দেবেন—চাল আটা দেবেন তারও ব্যবস্থা করেন নি। গ্রামাঞ্চলে সাধারণ কৃষকের হাত থেকে যখন ধান চাল যাবে তখন তাদের কিনে খেতে হবে অনেক বেশী দরে—তার সংগে আর একটা কথা আমি বলবো ব্যাঙ্ক জাতীয়করণ। আমি পশ্চিমবঙ্গ বিধানসভার এদিক ওদিক সমস্ত সদস্যদের অভিনন্দন জানাই যে আমাদের এই হাউস—ব্যাঙ্ক জাতীয়করণ প্রস্তাব গ্রহণ করে—কিন্তু তার যে ইম্পলিকেসন সেটা সম্পূর্ণভাবে

না বুঝে গ্রহণ করেন। ব্যাঙ্ক জাতীয়করণের পিছনে অনেক কিছু কথা আছে। ব্যাঙ্ক জাতীয়করণ মারফৎ আমরা গ্রামাঞ্চলে মজুত করা বন্ধ করতে পারি—চোরাবাজার বন্ধ করতে পারি—যে তিন হাজার কোটি কালো টাকার একটা প্যারালাল গভর্ণমেণ্ট সৃষ্টি করছেন সেই টাকা ধরতে পারি। আজকে সরকার থেকে একটা নমুনা চেষ্টা করে তারা বম্বে এবং কলকাতাতে ৩ কোটি ২১ লক্ষ কালো টাকা ধরেছেন—এই রকম ভাবে ধরতে থাকলে ১ হাজার বছরে ৩ হাজার কোটি কালো টাকা ধরা পড়বে, তাতে কোন সমস্যার সমাধান হবে না। তেমনি আমাদের রাজ্যপালের লিখিত ভাষণে আমরা একথা পাই নি যে আমাদের তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা—সেটা যে ব্যর্থ হতে চলেছে। সরকারের একটা মিথ্যা রিপোর্টের ভিতর দিয়ে সেই সংকটের ছায়া ফুটিয়ে তোলা হয়েছে। এখানে পশ্চিমবঙ্গে একটা পারফরমেন্স রিপোর্ট দেওয়া উচিত যা নিয়ে আমরা রাজ্যপালের ভাষণ এবং বাজেট বক্তৃতা সকলে আলোচনা করতে পারতাম—কিন্তু তার কোন চিহ্ন আমরা এখানে পাচ্ছি না। ব্যাঙ্ক জাতীয়করণ আমাদের এখুনি করতে হবে—এই সভা ব্যাঙ্ক জাতীয়করণের প্রস্তাব নিয়েছেন এটা ভাল কথা—এ কিন্তু ব্যাঙ্ক জাতীয়করণ করা আর দেরী করা চলে না। এটা দেরী করলে আমাদের জীবনের উপর যে দুর্যোগ নেমে এসেছে—সেই দুর্যোগ আরও ঘনীভূত হবে—তেমনি মূল্যবৃদ্ধের সঙ্গে সম অনুপাতে মাগ্গীভাতা বাড়াতে হবে—এটাই মূল দাবী—এবং এই দাবীর ভিত্তিতে সমস্ত শ্রমিক অঞ্চলে বিক্ষুব্ধ হয়ে উঠেছে। সরকারী খাতাপত্রে যে মাগ্গীভাতার হিসাব হয় কষ্ট অব লিভিংয়ের হিসাব হয় তাতে অনেক জোচ্চুরি আছে। সেটা বন্ধ করে সি-এল-আই হিসাব করতে হবে এবং সম পরিমাণে মাগ্গীভাতা বাড়াতে হবে—তা না হলে শ্রমিকদের কাজ কর্ম, কলের চাকা সব বন্ধ হয়ে যাবে। তেমনি তিন বছর আলাপ আলোচনা করে পরীক্ষা করে বোনাস কমিশন যে সুপারিশ করেছিলেন বড় বড় একচেটিয়া মালিকদের প্রভাবে পড়ে কেন্দ্রীয় সরকার সেটা আইনে পরিণত করলেন না এবং তার সঙ্গে যতটুকু আইনে পরিণত হোল তাও পশ্চিমবঙ্গে ঠিকমত চালু হোল না।

আমি আপনাদের সামনে বললে আপনারা স্তম্ভিত হবেন যে আই-এন-টি-ইউ-সি এবং এ-আই-টি-ইউ-সি প্রভৃতি সমস্ত ইউনিয়নের সমবেত চেষ্টায় চটকলের ৩ লক্ষ শ্রমিক এক দিন ধর্মঘট করল বোনাস কমিশনের রায় চটকলের মালিকরা না মানার জন্য। কিন্তু তা চটকলের মালিকদের মানাবার সার্থক চেষ্টা সরকারের পক্ষ থেকে করা হল না। ডি-আই-আর প্রয়োগ করা হয় গণতান্ত্রিক আন্দোলনের বিরুদ্ধে, কিন্তু ডি-আই-আর চটকলের মালিকদের বিরুদ্ধে প্রয়োগ করার সাহস এই গভর্ণমেণ্টের নেই। আমি আপনাদের কাছে এই মালিকদের লাভের অঙ্কের পরিমাণ শোনাচ্ছি। বিড়লা জুট ম্যানুফ্যাকচারিং আদায়ীকৃত মূলধন ২ কোটি ৮৩ লক্ষ, ১৯৬৩-৬৪ সালে লাভ করেছে ২ কোটি ৩৫ লক্ষ টাকা। গ্যাঞ্জেস জুট মিল ৯০ লক্ষ টাকা আদায়ীকৃত পুঁজি, তারা ঐ বছরে লাভ করেছে ৯৯ লক্ষ টাকা। হেসটিংস মিল-এর ৬৫ লক্ষ টাকা পুঁজি, লাভ করেছে ৬৩ লক্ষ ৫৮ হাজার টাকা। ইণ্ডিয়া জুট কোম্পানী ৮৭ লক্ষ টাকা মূলধন নিয়ে লাভ করে ৬৪ লক্ষ টাকা। এঁরা বোনাস কমিশানের সুপারিশ মত বোনাস শ্রমিকদের দিলেন না। এটা খুব শুভ লক্ষণ যে এর বিরুদ্ধে সরকারী পার্টি অন্য সমস্ত ইউনিয়নের সঙ্গে যুক্ত হয়ে আই-এন-টি-ইউ-সি তারা একদিন ধর্মঘট করে সরকারের কাছে প্রমাণ করেছেন যে সরকারের জন বিরোধী নীতি যদি একচেটিয়া মালিকদের পায়ে অবনত হয়ে থাকে তাহলে তা কেউ সহ্য করবে না। আমি এর সঙ্গে একটা কথা জোর করে বলতে চাই যে আজকে একটা খুব অশুভ ইঙ্গিত দেখতে পাচ্ছি—দুর্গাপুর কংগ্রেসে কংগ্রেস কয়েক ধাপ পিছিয়ে পড়েছে। সেখানে গণতান্ত্রিক সংগঠন ওয়ার্কিং কমিটি ছাড়া আর একটা ক্লিক—একটা সিণ্ডিকেট তারা সমস্ত সংগঠনকে প্রভাবিত করছে এবং তাদের সঙ্গে একচেটিয়া মালিকদের যোগাযোগ আছে এবং তারা যে প্রস্তাব নিয়েছে তাতে অতীত কংগ্রেস থেকে তারা অনেক পশ্চাতে হঠে গেছে। সুখের কথা এর বিরুদ্ধে বি-পি-এন-টি-ইউ-সি'র সভাপতি কনফারেন্সে কংগ্রেস মঞ্চ থেকে প্রতিবাদ করেছেন। কংগ্রেসের মধ্যে গণতান্ত্রিক জীবন এখনও কিছু কিছু আছে এজন্য আমি সুখী এবং এজন্য তাঁকে অভিনন্দন জানাচ্ছি। কিন্তু অপর দিকে কেন্দ্রীয় কংগ্রেস সংসদীয় দলের মিটিং-এ ২৭এ জানুয়ারী তারিখে রঘুনাথ সিং প্রস্তাব করেছেন বিনিয়ন্ত্রণের জন্য, সমস্ত নিয়ন্ত্রণ খাদ্যাবস্থা থেকে তুলে দাও এবং সুব্রাহ্মনিয়ম তখন

কেন্দ্রীয় মন্ত্রী ছিলেন, তিনি কাঁপছেন, তিনি টলছেন, তিনি কোন ব্যবস্থা করতে ভয় পেলেন। আমাদের এখানে প্রফুল্লবাবুর রেশনিং-এর জন্য লোকে সপ্তাহে ৩।৪।৫ দিন চোরাকারবার থেকে চাল কিনে খাচ্ছে। গ্রামাঞ্চলে তিনি বলছেন কৃষকদের ন্যায্য দাম দাও, কৃষকরা ডিসট্রেস হয়ে ধনী কৃষকদের কাছে জমি বিক্রি করে দিচ্ছে। এ দিক থেকে আর একটা অশুভ ইঙ্গিত দেখতে পাচ্ছি সেটা হচ্ছে দিল্লীতে এখন ইন্টারন্যাশানাল চেম্বার অব কমার্সের যে মিটিং হচ্ছে তার উদ্বোধন করার সময় প্রধান মন্ত্রী শাস্ত্রী গ্রিন লাইট দেখালেন, সমস্ত আন্তর্জাতিক পুঁজিকে আহ্বান করলেন যে ভারতবর্ষের দ্বার উন্মুক্ত হয়ে গেছে। আজকে এই অশুভের সম্ভাবনা বেড়ে উঠছে। ১৯৪৮ সালের যে ইণ্ডাষ্ট্রিয়াল রেজলিউসান ছিল এবং যেটাকে আরো সাপ্লিমেন্ট করা হয়েছিল ১৯৫৬ সালের ইণ্ডাষ্ট্রিয়াল রেজলিউসানে এবং তারপর কংগ্রেসের মধ্যে পার্লামেণ্টে সোসালিজম সম্পর্কে যে ব্যবস্থা নেওয়া হয় তার ভেতর এই কথা ছিল যে পঞ্চবার্ষিকী পরিকল্পনাতে স্টেট সেকটরে ভারী শিল্প গড়ে দ্রুত শিল্পায়ন করতে হবে এবং স্টেট সেকটর বাড়িয়ে তুলতে হবে এবং স্টেট সেকটারের মারফৎ ক্রমশঃ ক্রমশঃ সমস্ত নিয়ে সেখানে সোসালিজমের দিকে অগ্রগতি করতে হবে। এই অগ্রগতি সম্পর্কে আমাদের যে সমালোচনা সেটা আজকে আমি করব না। এই স্টেট সেকটরকে অবলম্বন করে যে এগিয়ে যাওয়া, এই স্টেট সেকটরের মারফৎ মনোপলি ক্যাপিটাল ইনফ্রা-স্ট্রাকচার করে দেওয়ার মত চেষ্টা আজকে শাস্ত্রী সরকার করতে চলেছেন বলে ইঙ্গিত বা সেই রকমের কথা-বার্তা শুনতে পাওয়া যাচ্ছে। এর সঙ্গে সঙ্গে সবচেয়ে বেশী যে আশংকা সেটা হচ্ছে দেশে ২০ টা একচেটিয়া পরিবার তারা দেশের সমস্ত ধন সম্পদ একচেটিয়া করে ফেলছে। গ্রামাঞ্চলে একচেটিয়া জমির মালিক তারা ব্যবসাকে একচেটিয়া করছে। আজকে, পেশাদারী মহাজন গ্রামে বেশী ঋণ দেয় না, সরকারের কো-অপারেটিভ দেয় না, ঋণ বেশীর ভাগ দেয় ধনী কৃষক। শতকরা ৪৫ ভাগ কৃষি ঋণ ধনী কৃষকের কাছ থেকে আসে। এবং ধনী কৃষকরা ব্যবসা, ঋণ এবং জমি এই তিনটি একচেটিয়াভাবে দখল করেছে। সমস্ত গ্রামাঞ্চলে একটা প্রতিক্রিয়া রাজত্ব চলছে আর সহরাঞ্চলে ২০।২৫ টা রাঘববোয়াল একচেটিয়া রাজত্ব করছে, তাদের পিছনে আছে দক্ষিণপন্থী প্রতিক্রিয়া এবং তাদের সঙ্গে যোগাযোগ রয়েছে সাম্রাজ্যবাদী পুঁজি এবং এরই মধ্য দিয়ে আর একটা বিপদ এসেছে ভারতবর্ষে সেটা হচ্ছে উপনিবেশ বাদ। আমরা বহুদিন আগে রাবি নদীর তীরে ১৯২৯ সালের ৩১এ ডিসেম্বর মধ্য রাত্রিতে খুব গম্ভীরতার মধ্যে স্বাধীনতার যে পবিত্র সংকল্প নিয়েছিলাম সেটা আজকে আমি একটু পড়ে দিতে চাই। তাতে আমরা বলেছিলাম –

"We believe that it is the inalienable right of the Indian people, as of any other people, to have freedom and to enjoy the fruits of their toil and have the necessaries of life so that they may have full opportunities of growth. We believe also that if any Government deprives the people of the rights and oppresses them the people have a further right to alter it or to abolish it."

আজকে তাই সেই কথা বলার সময় এসেছে। আজকে শুধু সরকারী নীতি পরিবর্তনের জন্য সারা ভারতব্যাপী যে আন্দোলন আমরা করে চলেছি, সমস্ত ভারতবর্ষে ভারত বন্দ যে কথা উঠেছে সেই কথার সঙ্গে আমি এই কথা বলতে চাই যদি সরকারের জন-বিরোধী আমরা বদলাতে না পারি, তাহলে আমরা এই কথায় আসবো যে ১৯৩০ সালে যে পবিত্র স্বাধীনতার সংকল্পবাক্য উচ্চারণ করেছিলাম, তাতে আমরা বলেছিলাম—

If we cannot alter it we must abolish it.

এই গভর্ণমেণ্টকে অ্যাবলিশ করতে হবে। আজকে অশোকবাবু তিনি হয়ত সেই স্বাধীনতার সংকল্পবাক্য পড়েন নাই ভাল করে। সেই কালে তিনি হয়ত শিশু ছিলেন বা জন্মান নাই। এই যে সাফ কথা—জেফারসন যে কথা বলেছিলেন যে যদি কোন গভর্ণমেণ্ট জনগণের জীবন নিয়ে ছিনিমিনি খেলেন, তাকে উল্টে পাল্টে দেবার সাভভার্ট অধিকার জনগণের আছে। ১৯৩০ সালের ৩১এ ডিসেম্বর মধ্যরাত্রে যে সংকল্প নিয়েছিলাম এবং যে সংকল্পবাক্য ২৬এ জানুয়ারী বার বার স্বাধীনতা দিবসে পাঠ করা হয়েছে, তার মধ্যে এই কথা বলা হয়েছিল যে—যদি কেন্দ্র গভর্ণমেণ্ট জনগণের উন্নতির যে সব সুযোগ সুবিধা তা বন্ধ করে দেন এবং তাদের উ...

অত্যাচার করেন তাহলে সেই গভর্ণমেন্টকে বদলে দেওয়ার, তাকে এ্যাবলিশ করার, উচ্ছেদ করার পবিত্র অধিকার জনগণের আছে। সেই পবিত্র অধিকারের উপর দাঁড়িয়ে আমি এই কথা ঘোষণা করতে চাই যে ৬টী দাবীর ভিত্তিতে আমরা সেই আন্দোলন করতে সুরু করেছি, আমি মনে করি না—যে কংগ্রেসের সব লোক প্রতিক্রিয়াশীল। আমি মনে করি যে কংগ্রেসের মধ্যে এখনো অনেক সদস্য আছেন, যাঁরা কংগ্রেসের ঐতিহ্যকে বাঁচিয়ে রেখেছেন। দুর্গাপুরেও দেখেছি প্রতিক্রিয়াশীল পলিসীর বিরুদ্ধে বহু কংগ্রেস কর্মী প্রতিবাদ জানিয়েছেন। বি-পি-এন-টি-ইউ-সি'র চেয়ারম্যান যে প্রতিবাদ জানিয়েছেন, সেই প্রতিবাদ ধ্বনিত হোক আমাদের সংগ্রামে গণতান্ত্রিক ফ্রন্টের কন্ঠে, এটা বিস্তারিত হোক, প্রতিধ্বনিত হোক—কংগ্রেস কর্মীদের ফ্রন্টে সমবেত কন্ঠে—এই ৬টী দাবী পূরণ করবার জন্য সরকার পলিসি পরিবর্তন করুন। নাহলে জনগণের কায়েমী গণতন্ত্র এগিয়ে যাবে ; তার কোন বিরাম থাকবে না—এই গভর্ণমেন্ট এ্যাবলিশ না করে তার বিরাম হবে না।

[5—5-10 p.m.]

Dr. Gopikaranjan Mitra:

মাননীয় সভাপাল মহাশয়, আমাদের বিরোধীদলের নেতা এবং এখন পাঁচুগোপাল বাবু যে বক্তৃতা দিলেন তাতে যে চিত্র রাখতে চাইলেন, সেটা ভারতবর্ষের সঠিক চিত্র কিনা সে সম্বন্ধে আমি কিছু বলতে চাই। তার পূর্বে অশোকবাবু মাননীয় রাজ্যপালকে ধন্যবাদ দিয়ে যে প্রস্তাব রেখেছেন তার পুরোপুরি আমি সমর্থন জানাচ্ছি।

গত ১০ই জানুয়ারী স্টেটসম্যান কাগজে দুটী লিডিং আর্টিকেল লিখেছেন যিনি, তিনি আমাদের দেশের কোন লোক নন, তিনি হচ্ছেন ডানিয়ুব প্রোনার জামাইকার লোক। তিনি এর আগে ভারতবর্ষে ১৯৪৪ সাল থেকে ১৯৪৬ সাল পর্যন্ত ছিলেন এবং তারপরে ১৯৫২ সাল থেকে ১৯৬২ সাল পর্যন্ত এদেশে ছিলেন।

তাঁর লিখবার প্রথম কথা তিনি এরকমভাবে আরম্ভ করেছেন যে, আমি যখন বিদেশে ছিলাম তখন জার্নাল-এ দেখলাম ভারতবর্ষের লোকের ভীষণ কষ্ট, এখানে নাকি প্রাইস ইনক্রিস এমন ভাবে হয়েছে যার ফলে জনজীবন ভেঙ্গে গেছে। কিন্তু ভারতবর্ষের ৫।৬টি জায়গা ঘুরে এসে যেখানে তিনি শেষ করছেন সেখানে তিনি বলছেন, ভারতবর্ষে রিয়ালি এ্যান ইন্ডাস্ট্রিয়াল এক্সপ্লোসন তিনি প্রথমে একবার ভারতবর্ষের গ্রামগুলো দেখেছিলেন এবং এবারে যে যে জিনিস দেখেছেন তার সঙ্গে তফাৎ করে বলছেন, ভারতবর্ষ যে এগিয়ে চলেছে তাতে যারা সন্দেহ প্রকাশ করে তারা আত্ম প্রবঞ্চনা করছেন। স্যার, আমি একথা কখনও বলিনা যে, ভারতবর্ষ তার সমস্ত দারিদ্র্য জয় করেছে, তার সমস্ত অশিক্ষা দূর করেছে এবং সমস্ত কুসংস্কার বর্জন করেছে। কিন্তু সঙ্গে সঙ্গে একথাও বলি যখন যুদ্ধ চলছে এবং মানুষ লক্ষ্যের দিকে এগিয়ে চলেছে তখন একদল লোক আছে যারা মানুষকে ভ্রান্ত করছে। তাদের সাভভার্ট করবার অধিকার জনসাধারণের নিশ্চয়ই আছে। মাননীয় সদস্য পাঁচুবাবু বললেন যদি সত্যসত্যই সরকার জনসাধারণকে ঠিক পথে না নিতে পারে তাহলে প্রতি ৫ বছর অন্তর জনসাধারণ নিশ্চয়ই তাদের বিচার করবে। কিন্তু সঙ্গে সঙ্গে একথা বলি এই এগিয়ে যাবার সময় যারা শুধু বলে আমরা পেলামনা, এই এই হোলনা, আমরা আরও চাই এবং নানা রকম বিভেদের কথা বলে বিভেদের সূচনা করছে তাদেরও সাভভার্ট করবার ক্ষমতা জনসাধারণের আছে। তারপর আমাদের যে ইন্ডাস্ট্রিয়াল এক্সপ্লোসন হচ্ছে তাতে আমি আমাদের স্থানীয় সমস্যার কথা কিছু বলব। আসানসোল শহরে আসানসোল প্ল্যানিং অর্গানাইজেসন হয়েছে। মাননীয় সভাপতি মহাশয়, কিছুদিন আগে বিরোধীদলের হেমন্তবাবু বলেছিলেন শ্যামবাজার বা যে কোন জায়গা থেকে যেতে হলে কোলকাতা শহরে ভীড়ে বড়ই অসুবিধা হয়। আজ এমন একটা অবস্থা হয়েছে যখন আমাদের চিন্তা করা উচিৎ যে, কোলকাতায় আর বেশী গাড়ী দেওয়া উচিৎ কিনা এবং কোলকাতার ফার্দার ডেভেলপমেন্ট হওয়া উচিৎ কিনা। কোলকাতায় এবং কোলকাতার শিল্পাঞ্চলে যে পপুলেসন গ্রো করেছে তার সঙ্গে সঙ্গে সরকারকে চিন্তা করতে হবে এই

কোলকাতার কিছু দূরে আসানসোল, দুর্গাপুর এবং চিত্তরঞ্জন গড়ে উঠেছে। আমার প্রশ্ন হচ্ছে সেখানে কাউণ্টার ম্যাগনেট হিসেবে আর একটা শিল্পাঞ্চল প্রতিষ্ঠা করতে আপনারা প্রস্তুত আছেন কিনা? স্যার, ১২০ স্কোয়ার মাইল নিয়ে এই আসানসোল প্ল্যানিং অর্গানাইজেসন হয়েছে এবং সেখানে ডেভেলপমেণ্ট করবার এবং নূতন ইণ্ডাস্ট্রি করবার বহু সুযোগ আছে। কিন্তু সেখানে কতগুলি বাধা আছে এবং সেইসব বাধার মধ্যে সবচেয়ে বড় বাধা হচ্ছে জলের সমস্যা। আমরা জানি ইণ্ডিয়া গভর্ণমেণ্ট রানিগঞ্জ কোল ফিল্ডস ওয়াটার-সাপ্লাই স্কীম-কে এ্যাপ্রুভ করেছে। এই স্কীম-এ মাইথন থেকে রানিগঞ্জ দামোদর এবং অজয় নদীর দুটি সোর্স থেকে জল নেবার ব্যবস্থা হয়েছে। সেই সোর্স সম্বন্ধে আমি বলতে চাই অজয়ের উপর একটি ড্যাম হওয়া উচিৎ এবং এটা পশ্চিমবাংলার যে অঞ্চল গ্রো করছে সেই গ্রো-এর জন্য দরকার। এছাড়া আর একটি বিষয়ের প্রতি আমি মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি এবং সেটা হচ্ছে আজকে ঐ অঞ্চলে বহু ব্যাক মাইনিং চলছে এবং এইসব ব্যাক মাইনিং-এর জন্য অনেক জল নষ্ট হয়ে যাচ্ছে। এইভাবে জল নষ্ট হবার জন্য সমস্যা আরও তীব্রতর হয়েছে। আমরা জানি মাইনিং ইজ এ সেণ্ট্রাল সাবজেক্ট, তবুও পশ্চিমবঙ্গ সরকারের এই বিষয়ে নজর দেওয়া উচিৎ কারণ খাবার জলের অবস্থা এই ধরণের হয়েছে। তারপর, আমাদের বন্ধুরা নানারকম কথা বলছেন, কিন্তু আমি নিজে বিশ্বাস করি রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন তাতে তিনি পশ্চিমবাংলার সমস্ত সমস্যা অত্যন্ত সুচিন্তিতভাবে উল্লেখ করেছেন। ভাষণের প্রারম্ভে তিনি পণ্ডিত নেহেরুর প্রতি শ্রদ্ধা জানিয়ে বলেছেন, তিনি স্বাধীনতা সংগ্রামে আমাদের নেতৃত্ব করেছিলেন এবং ভারতবর্ষ স্বাধীন হবার পর দেশ গড়বার কাজে নেতৃত্ব দিয়েছিলেন এবং শেষের দুবছর জাতির দৃষ্টি আকৃষ্ট করেছেন সেটা হচ্ছে গণতান্ত্রিক সমাজবাদের কথা। আমি মনে করি আমাদের দেশ পরিষদীয় গণতন্ত্রে দৃষ্টান্ত স্থাপন করেছে। কিন্তু এই গণতন্ত্রের দৃঢ় মূল হতে পারেনা, তার শিকড় ভেতরে যেতে পারেনা যদি দেশের মানুষের মধ্যে বিরাট আর্থিক বৈষম্য থাকে। কাজেই গণতন্ত্রকে সবল করবার জন্য সমাজবাদ দরকার। আমি বিশ্বাস করি সমাজবাদ, সমাজবাদ বললেই সেটা আসেনা, তার মধ্য এমন মানুষ সৃষ্টি করতে হবে যারা আত্মত্যাগ করতে প্রস্তুত থাকে। আমরা জানি অন্যান্য দেশ যারা সমাজবাদ প্রতিষ্ঠা করেছে তারা মানসিকতার দিক থেকে প্রস্তুত থাক বা না থাক সেদিকে না তাকিয়ে স্টীম রোলার চালিয়ে সমাজবাদ প্রতিষ্ঠা করেছে। আমরা যে সমাজবাদে বিশ্বাস করি সেই সমাজবাদ স্টীম রোলার চালাল সমাজবাদ নয়। আমরা বিশ্বাস করি এমন মানসিকতা সৃষ্টি হবে যেটা মানুষের মধ্যে দৃঢ়মূল স্থাপিত করবে। স্যার, মহাত্মা গান্ধী যখন অহিংসা আন্দোলন করেছিলেন তখন আমরা লক্ষ্য করেছিলাম এখন যাঁরা বিরোধী দলে আছেন তাঁদের অনেক নেতা তখন হাসি, ঠাট্টা করেছিলেন এবং বলেছিলেন অহিংসা সত্যাগ্রহের দ্বারা স্বাধীনতা লাভ এটা একটা বুজরুকী জিনিস। তাঁরা তখন বলেছিলেন যারা এই সত্যাগ্রহ বিশ্বাস করে তারা ক্যাপিটালিস্ট-দের লোক। স্যার, আজকে যারা গণতান্ত্রিক সমাজবাদে বিশ্বাস করেনা তারা অন্য কাদের সমাজবাদ বিশ্বাস করে সেটা আমার জানা নেই। তবে মনে হয় তারা ভিন্ন গণতান্ত্রিক সমাজবাদ প্রতিষ্ঠিত করবে এবং সেই সাক্ষ্যই বহন করছে।

[5-10—5-20 p.m.]

কিন্তু আজকে যারা এই সংগ্রামের বিরুদ্ধে বিভেদ চালিয়ে যাচ্ছে তাঁরা লক্ষ্য করে দেখবেন, আজকে বিরোধী দলের কি অবস্থা। ছিল কমিউনিষ্ট পার্টি, তাঁরা বড় বড় করে কথা বলতেন নানা কথা বলে দেশের লোককে ক্ষেপাতেন, আজকে কি তাঁরা নিজেদের দিকে তাকিয়ে দেখেছেন কি অবস্থা হয়েছে? তাঁরা দুই ছত্তর হয়ে গেছেন। জ্যোতিবাবু ডি-আই রুলের কথা তুলেছেন। মাননীয় স্পীকার মহাশয়, আপনি ১৯৬৩ সালের প্রসিডিংস খুলে দেখবেন অমরবাবু এবং ফরওয়ার্ড ব্লকের ওঁরা যে রকম স্পষ্ট করে বলেছেন, কমিউনিষ্ট পার্টির লোকেরা তত স্পষ্ট করে বলতে পারেননি চীন আক্রমণ করেছেন কি করেনি। ফলে কি হয়েছে, আমাদের দেশে এমন কিছু লোক আছে আজ পর্যন্ত যারা বিশ্বাস করেনা চীন আমাদের দেশ আক্রমণ করেছে। এখানে এই যে জ্যোতি বাবু যাদের হয়ে ওকালতি করলেন তাদের সঙ্গে জ্যোতিবাবুর তফাৎ আছে, সেই তফাৎ কি তিনি অস্বীকার করতে পারেন? যেভাবে মিঃ নাম্বুদ্রিপাদ বলেছেন ঠিক সেইভাবে তাঁর দলের

লোক বলতে পারেননি, তাহলে আমরা যে গণতন্ত্রের কথা বলি এটা কিসের গণতন্ত্র? যে গণতন্ত্র দেশকে ভালবাসেনা, যে গণতন্ত্র দেশ আক্রান্ত হলে সাহস দেয়না সেই গণতন্ত্রের কথা বলে তিনি ডি-আই-আর কে আক্রমণ করতে আসছেন। আমার কথা হচ্ছে ডি-আই-আর প্রয়োগ করেছেন আমাদের চীফ মিনিষ্টার প্রফুল্লবাবু, তিনি এক বছরের মধ্যে যেভাবে ব্ল্যাক মার্কেটিয়ার মুনাফাখোর এবং মজুতদারদের সন্ধান করেছেন তাঁকে পশ্চিমবঙ্গের জনসাধারণ সাপোর্ট করেছে। এমন অনেক ঘটনা হয়েছে বাঁকুড়াতে যখন মুনাফাখোর এ্যারেষ্টেড হয়েছে তখন বিরোধী দলের কোন কোন লোক সেই লোককে ছাড়াবার জন্য বলেছেন। এমন অনেক ঘটনা হয়েছে যখন ময়দার কলের মালিক এ্যারেষ্টেড হয়েছে তখন বিরোধীদলের কোন কোন লোক গিয়ে তাকে ছাড়াবার জন্য বলেছেন। পশ্চিমবঙ্গের কংগ্রেস কর্মীরা মুনাফাখোর এবং কালোবাজারীদের বিরুদ্ধে সংগ্রাম চালিয়ে যাচ্ছে, আমরা সেই সংগ্রামকে সমর্থন করি। কলকাতার রেশনিং সম্বন্ধে কিছু কথা হচ্ছিল, পাঁচুবাবু বললেন মাত্র ২·৪ কেজি সপ্তাহে দেওয়া হচ্ছে। তা সত্ত্বেও কম দেওয়া হচ্ছে এটা বলতে পারেন না। রেশন মানে কি? রেশন মানে হচ্ছে আজ দেশের এই পরিকল্পনার মাধ্যমে বহু লোকের বহু ধরণের পেয়িং ক্যাপাসিটি তৈরী হয়ে গেছে। আজ একজন বড় লোক আর একজন গরীব লোক যদি বাজারে যায় তাহলে দেখা যাবে বড় লোক তার পয়সার জোরে গরীব লোককে বাজার থেকে হটিয়ে দিচ্ছে। রেশন সেই সুবিধা দেবে, বড় লোক যে পরিমাণ জিনিষ পাবে গরীব লোকও সেই পরিমাণ জিনিস পাবে। আজ আমার অর্থ আছে বলে আমি অনেক জিনিস কিনবো, আর সে কিছু কিনতে পারবে না এ কখনো হতে পারেনা। আজ ১৪ আউন্স আমাদের পরিমাপ ঠিক হয়েছে। কিছুদিন আগে আমি কাশীকান্তবাবুর এক বক্তৃতা শুনেছিলাম যে বক্তৃতার মাঝখানে তিনি সেই প্রশ্নই তুলেছিলেন যে সত্যিকার আমাদের ১৪ আউন্স দরকার না ১৮ আউন্স দরকার? সে সম্বন্ধে এখনো অনেক সন্দেহ আছে। আমি সর্বান্তকরণে রাজ্যপালের এই ভাষণ সমর্থন করছি।

Shri Nani Bhattacharjee:

প্রস্তাব করিবেন যে, উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত সংশোধনীটি যুক্ত করা হউক:—

"কিন্তু দুঃখের বিষয় যে, রাজ্যপালের ভাষণে—

(ক) বাংলাদেশের বাস্তব চিত্র প্রতিফলিত হয় নাই; জনসাধারণের দুঃখ দুর্দশার প্রতি উপেক্ষার ভাব দেখানো হইয়াছে;

(খ) জরুরী অবস্থার সুযোগে শিল্পপতি ও ব্যবসায়ীরা নিত্য ব্যবহার্য দ্রব্যের মূল্য বৃদ্ধি ঘটাইয়া, জনসাধারণের জীবনে বিপর্যয় আনিয়া যে ভাবে মুনাফা লুণ্ঠনের অবাধ সুযোগ সরকারী প্রশাসনের কল্যাণে পাইয়াছে তৎসম্পর্কে কোনও উল্লেখ নাই;

(গ) সরকার নির্ধারিত দরে পশ্চিমবাংলার কোনও দোকানেই যে চাল, তৈল প্রভৃতি পাওয়া যায় নাই, অন্যদিকে সরকারের প্রশ্রয়পুষ্ট অসাধু শিল্পপতি ও পাইকারী ব্যবসায়ীগণ সরবরাহের ক্ষেত্রে যে অরাজকতা আনিয়াছে এবং অবৈধ মুনাফা অর্জনের সুযোগ পাইয়াছে—তাহার উল্লেখ নাই; এবং

(ঘ) এম-এল-এ, এম-এল-সি সহ বিভিন্ন রাজনৈতিক দল ও ট্রেড ইউনিয়ন প্রভৃতি গণ-সংগঠনের নেতা ও কর্মিগণকে কংগ্রেসের সংকীর্ণ দলীয় স্বার্থে ভারতরক্ষা বিধির সুযোগ লইয়া বিনা বিচারে আটক করা হইয়াছে—সে সম্পর্কেও কোন উল্লেখ নাই;

মাননীয় স্পীকার মহাশয়, গত বৎসর বাংলাদেশের জনসাধারণের জীবনে সব থেকে দুর্বৎসর ছিল। দুর্বৎসর ছিল কেন? তা এখানকার যাঁরা মাননীয় সদস্য বা ওখানে যিনি চেঁচাচ্ছেন, তিনি যদি অতীতের দিকে ফেরেন তাহলেই বুঝতে পারবেন যে সরকারী নির্ধারিত দরে কোন দোকানে চাল, তেল পাওয়া যাচ্ছিল না—ঠিক এইরকম অবস্থা চলেছিল। শুধু তাই নয় অনেক

জায়গায় চালের অভাব দেখা দিয়েছে, চাল আটা পাওয়া যাবে কিনা কিছুই বুঝতে পারা যাচ্ছে না। অন্যদিকে যারা ধান চালের চোরাকারবারী, মজুতদার, ব্যবসায়ী তারা আস্ফালন করছে যে এই সরকার যদি দর তুলে না দেন, তাদের খুশীমত দরে যদি চাল, তেল, ব্যবহার্য্য জিনিষ বিক্রী করতে না দেন তাহলে তারা কৃত্রিম অভাবের সৃষ্টি করবে। আমরা দেখেছি কোন জেলায় এর ব্যতিক্রম নেই। প্রত্যেকটি জেলায় যারা সরকারী কর্তৃপক্ষ তারা অসহায় বোধ করছেন। এবং তাঁরা শেষ পর্যন্ত হাল ছেড়ে দিয়েছেন। যা কিছু করছে কোন আন্দোলন যাতে না দেখা দেয়, সে উর্ধতন মন্ত্রীসভা থেকে আরম্ভ করে একবারে জেলা শাসক কর্তৃপক্ষ পর্যন্ত সব চোখ বন্ধ করে বাংলাদেশের যাঁরা ধান চালের চোরাকারবারী, চালকলের মালিক থেকে আরম্ভ করে ব্যবসায়ী বড় বড় পাইকার, তাঁদের খুশীমত লাভ লোটবার সুযোগ করে দিয়েছিলেন। আজকে রাজ্যপালের সেই অযাচিত ভাষণে সেই উদ্বেগ, অতীতের সেই দুর্ঘটনা—বড় দুবর্তসর এ বছর চলে গিয়েছে, তার সম্বন্ধে কোন আভাস পাওয়া গেলনা—কোন রকমে এক কথায় ছেড়ে দেয়েছেন, তার বেশী বিশেষ কিছু বলা হয়নি। সেই চোরাকারবারীদের সাজা দেবার জন্য কি করা হয়েছে? সেই অসাধু মজুতদার তাদের ধরবার জন্য কি করা হয়েছে? তাদের বিরুদ্ধে সাধারণ মানুষ, যেখানে ধান চাল গোপনে মজুত করে রাখা হয়েছিল সেখান থেকে খুঁজে বার করে পুলিশকে সরকারী কর্তৃপক্ষকে খবর দিয়েছে, কেন তাদের ধরা হয়নি? সে সম্বন্ধে কিছু বলা হয়নি। পরবর্তীকালে যখন কোলকাতায় এবং শিল্পাঞ্চলের জন্য বিধিবন্ধ রেশন চালু করা হল, নতুন খাদ্য নীতি গ্রহণ করা হয় তখন আমরা দেখলাম যে ২·৪ কেজি চাল এবং গমে মিলিয়ে দেবার ব্যবস্থা হয়েছে। লজ্জার কথা, রাজ্যপালের লিখিত ভাষণে বলা হচ্ছে শহরাঞ্চলে জনগণের পুষ্টির জন্য যথেষ্ট ভাবে বিবেচিত হচ্ছে। জানিনা, এখানে যাঁরা মাননীয় সদস্য আছেন তাদের মতে এবং মন্ত্রীসভার মতে কি করে এটা হতে পারে যে ২·৪ কে-জি চাল এবং গম শহরাঞ্চলের লোকের পুষ্টির দিক থেকে যথেষ্ট? অথচ রাজ্যপাল তার ভাষণে এটা বলেছেন আমরা মনে করি এটার থেকে নির্লজ্জ মিথ্যাকথা আর কিছু হতে পারে না। বাংলাদেশের যারা শহরাঞ্চলের জনসাধারণ যারা কলকারখানায় খাটে, তাদের ২,৪০০ গ্রাম চাল এবং গম সাপ্তাহিক খোরাক হতে পারেনা। এতে পুষ্টির অভাব ঘটে যাচ্ছে। অথচ রাজ্যপালের মিথ্যা ভাষণে, পুষ্টির দিক থেকে যথেষ্ট বলা হচ্ছে। এবং অন্যান্য দিক থেকে এটা বিবেচনা করলে দেখা যায় যে এ ভাষণে যা কিছু আছে তা সর্বাংশে সত্য নয়। খাদ্যের পাইকারি ব্যবস্থা হাতে নেবার জন্য বলা হয়েছে। সরকার যদি নিজের হাতে নিয়ে নেন এবং সংগে সংগে ইনসেনটিভ প্রাইস যদি চাষীদের দেওয়া হয় এবং সাবসিডাইজড রেটে যারা লোয়ার ইনকাম গ্রুপ-এর লোক শুধু কোলকাতা বা শিল্পাঞ্চলে নয়, সারা পশ্চিমবাংলার জনসাধারণকে যদি সরবরাহের ব্যবস্থা করা যেত, তাহলেই এক মাত্র রিলিফ দেওয়া যেতে পারত এবং তা করার ক্ষমতা এই গভর্ণমেণ্টের ছিল। তবে পাইকারি ব্যবস্থা হাতে নিতে গেলে যে সমস্ত জিনিষ করা দরকার, অর্থাৎ চালকলগুলি জাতীয়করণ করা, ব্যাংক জাতীয়করণ করা, এগুলি যদি করতে পারতেন তাহলে হত। কিন্তু তা করেন নি। এবং সেখানেও দেখা যাচ্ছে সেই গরীব তোষণ নীতি নিয়ে তাঁরা চলেছেন। যে ধনতন্ত্র গড়ে তোলবার চেষ্টা হচ্ছে ভারতবর্ষের মধ্যে তাই তাঁরা গড়ে তোলবার চেষ্টা করছেন বাংলাদেশে, এবং সে দিকে তাকিয়েই তাদের যে খাদ্য নীতি তা চরম ব্যর্থতায় পর্যবসিত হয়েছে ১৯৬৪ সালে এবং তা আবার হতে যাচ্ছে। কোলকাতায় এবং শিল্পাঞ্চলে বিধিবন্ধ রেশনিং এলাকায় যে ৭০ লক্ষ মানুষ, তাদের সামান্য রেশন সরবরাহের ব্যবস্থা করা হয়েছে। কিন্তু তার বিনিময়ে গোটা বাংলাদেশের ৩ কোটি ৩৮ লক্ষ জনসাধারণকে নিজেদের ভাগ্যের উপর ছেড়ে দেওয়া হয়নি, এই চোরাকারবারীদের উপর ছেড়ে দেওয়া হয়েছে। এই অসাধু মজুতদার ব্যবসায়ী, যাদের সাথে শহরাঞ্চলের ব্যবসায়ী মালিকদের যোগাযোগ, সেভাবে যে চক্র গড়ে উঠেছে তাদের ইচ্ছার উপরই ছেড়ে দেওয়া হয়েছে। সেই অবস্থায়ই চলেছে, এবং তারা সরকারের এই খাদ্যনীতি আবার বানচাল করে দেবে তারই ষড়যন্ত্র তারা এখন থেকে করছে। সুতরাং সেই কথাই আমরা বলছি—অহেতুক সমালোচনা আমরা করি নি। কিন্তু তার কোন আভাষ রাজ্যপালের ভাষণে নেই। অবশ্য মাননীয় গোপিকাবাবু অশোকবাবুদের মতে যে সমাজবাদের পরীক্ষা নিরীক্ষা গত বছর হয়েছে। সেই পরীক্ষা নিরীক্ষা কি ধরণের হয়েছে আমরা লক্ষ্য করেছি। শ্রম নিয়োগের ক্ষেত্রে যদি আমরা তাকাই তাহলে দেখতে পাবো বাংলাদেশে বেকার সমস্যা সংঘাতিকভাবে

বেড়ে চলেছে। তাঁরা অবশ্য দায় সারা গোছের একটা কথা বলেছেন যে জনসংখ্যা বাড়ছে, বেকার বাড়ছেই। কলকারখানা বাড়তে পারত, বাংলাদেশের বিভিন্ন অঞ্চলকে আরোও শিল্পের দিক থেকে এগিয়ে নিয়ে যাওয়া যেতে পারত, গ্রামীন জীবন নূতন ভাবে গড়ে তোলবার চেষ্টা করা যেত। কিন্তু আমরা দেখেছি এসব কিছুই হয়নি। ধনীকদের স্বার্থের দিকে তাকিয়ে যা করতে পারতেন তাও করেন নি এবং সেই ভাবে বেকার সমস্যা বেড়ে চলেছে। যে নূতন নূতন শিল্প গড়ে উঠেছে তার কথা আমি বাদ দিলাম,—কিন্তু চটকলের ১০।১৫ বছর আগে যে পরিমাণ কর্মসংস্থানের সুযোগ ছিল আজকে কি তা আছে? না, আজকে তাও নেই ১০।১২ বছর আগে অর্থাৎ ১৯৫০-৫১ সালে কর্মসংস্থানের যে সুযোগ ছিল এই ১৯৬২-৬৩ সালে সেই কর্মসংস্থানের সুযোগ কমতে কমতে এক লক্ষের মতো সুযোগ কমে গেছে। ১৯৫০-৫১ সালে কর্মসংস্থানের যে সুযোগ ছিল সেখানে আজকে ২ লক্ষ ১০ হাজার জনের সুযোগ পর্যন্ত কমে গেছে। এখানে দেখতে পাচ্ছি সেই মালিক তোষণ নীতি। কি ভাবে তারা বেশী বেশী লাভ করবে কি ভাবে অল্প শ্রমিক দিয়ে তাদের বেশী করে খাটিয়ে তারা বেশী বেশী টাকা লুঠ করতে পারে সে দিকেই কংগ্রেস প্রশ্রয় দিয়ে চলেছে আর ঠিক তেমনি শিক্ষকদের দাবী দাওয়ার কথা অনেকে বলেছেন সেগুলিও কিছু মানা চলবে না বাংলাদেশের জনসাধারণের আয় বাড়ানোর দিকে সেখানেও কোন রকম ব্যবস্থা করা চলবে না। মাননীয় স্পীকার মহাশয়, এই কলকাতা শহরে ১৯৩৯ সালকে ১০০ বেস ধরে ১৯৬৩ সালে ৪৪২ কনজিউমার প্রাইস ইনডেক্স-এ এসে দাঁড়িয়েছে ওয়ার্কিং ক্লাস-এর ক্ষেত্রে, ১৯৬৪ সালের সেপ্টেম্বর-এর ৫১০ এসে দাঁড়িয়েছে, অক্টোবরে ৫৪০ এসে দাঁড়িয়েছে–অর্থাৎ ৫ গুণের উপর বেড়েছে ১৯৩৯ সালের তুলনায়। কলকাতা শ্রমিক শ্রেণীর জীবনযাত্রার যে কস্ট অফ কনজিউমারস প্রাইস ইনডেক্স সেটা বেড়ে এই জায়গায় এসে দাঁড়িয়েছে।

[5-20—5-30 p.m.]

আপনারা কি ওয়েজ বাড়িয়েছেন? আজ যখনই ওয়েজ বাড়াবার কথা ওঠে তখনই তাকে আপনাকে নস্যাৎ করে দিচ্ছেন। শিক্ষকদের দাবীও নস্যাৎ করছেন এবং তারজন্য কুম্ভীরাশ্রু বিসর্জন করছেন। এই অবস্থায় ঠিক তেমনি সব দিকে যদি লক্ষ্য করা যায় তাহলে এই সরকারের ব্যর্থতা প্রমাণিত হচ্ছে। দুর্নীতি কতখানি বাড়ছে দেখুন। কোন জায়গায় নীতির কোন ব্যাপার নেই—সব জায়গায় ঘুসখোরী, দুর্নীতি, চোরাকারবারী চলছে, সরকারের সব দপ্তরেই ঘুসখোরে ভর্তি হয়ে গেছে? এটা এত ব্যাপাক ভাবে দেখা দিয়েছে যে এটা একটা জাতীয় সমস্যা হিসাবে দেখা দিয়েছে। সদাচার সমিতি গঠন করে সরকার ভাবছেন যে দুর্নীতির হাত থেকে দেশকে মুক্ত করা যাবে। এই সদাচার সমিতি গঠন করে কিছুই হবে না যদি না দুর্নীতির সোর্স বড় বড় ব্যবসায়ী এবং ব্যাঙ্কার্স যারা আমাদের দেশের অর্থনৈতিক জীবনকে তাদের মুঠোর মধ্যে ধরে আছে তাদের আমাদের মুঠোর মধ্যে ধরা যায়। অর্থাৎ তাদের যদি কঠোর ভাবে নিয়ন্ত্রণ না করা যায় তাহলে যত চেষ্টাই করা হোক না কেন ফাইলের অট্টালিকা তৈরী হবে। কিন্তু তাতে দুর্নীতি দূর হবে না। এই ব্যাপারে এই সরকার কিছুই করছেন না বরং দেখা যাচ্ছে দুর্নীতির কাছে তাঁরা আত্মসমর্পণ করেছেন। করবেন কি করে? কারণ এই সরকার ধনীদের সরকার। কংগ্রেস তার আগেকার ঐতিহ্য হারিয়ে বসে আছে—ইংরাজ আমলে তাদের যে গণতান্ত্রিক ঐতিহ্য ছিল সেটা সম্পূর্ণ হারিয়ে গেছে। কংগ্রেস বড়লোকদের দলে পরিণত হয়েছে, তাদের গোলামী করছেন এবং তাদের হাতেই এখন শাসন ক্ষমতাটা আছে। সুতরাং আমরা তাঁদের কাছ থেকে এর চেয়ে খুববেশী আশা করতে পারি না। আজ যে সমস্ত জটিল সমস্যায় এই সরকার পড়েছেন সেইসব জটিল সমস্যা এই ধনতান্ত্রিক কাঠামোর মধ্যে দিয়ে তার সমাধান হতে পারে না—তারজন্য সমাজতন্ত্রের দরকার। তাই গণতান্ত্রিক সমাজবাদের কথা গোপিকাবাবু যে ভাবে বললেন সেই ধরণের গণতান্ত্রিক সমাজবাদ নয়। এই সমাজবাদে সেইরকম হবে যাতে ধনীদের দুঃশাসন ও শোষণ থাকবে না। দেশের জনসাধারণ যে ভোগ্যপণ্য তৈরী করছে তারা যেদিন তার মালিক হবে এবং সমস্ত রাষ্ট্রযন্ত্রে ও উৎপাদন যন্ত্রে যেদিন তারা মালিক হবে সেদিনই প্রকৃত সমাজবাদ হবে। কিন্তু সামান্য রিলিফ আশা করেছিল দেশের লোক। অর্থাৎ এই সরকার যেখানে গণতন্ত্রের বড় বড় কথা বলেন, সমাজতন্ত্রের কথা বলে তখন কিছুটা রিলিফ পাবলিককে তাঁরা দিতে পারবেন এটাই লোকে আশা

করেছিল। কিন্তু সেদিক থেকে দেখতে পাচ্ছিল এই সরকার বাংলাদেশের জনসাধারণকে হতাশা করেছেন—এমন কি এই দুর্দিনেও তারা হতাশ করেছেন। সেজন্য এমারজেন্সি-কে জিইয়ে রাখা হয়েছে এবং এমারজেন্সি-কে জিইয়ে রেখে ডি-আই-আরকে [illegible] স্বার্থে অপ-ব্যবহার করা হচ্ছে। সেজন্য দেখতে পাচ্ছি জাগ্রত কোন বিক্ষোভকে নানা ভাবে দমন করার জন্য ভাষার প্রশ্নকে সামনে নিয়ে এসে তামিলনাদের অনৈক্যকে বজায় রাখা হচ্ছে এবং গোটা ভারতবর্ষ জুড়ে আজ একটা অনৈক্যের প্রশ্ন দেখা দিচ্ছে। এইভাবে গণতান্ত্রিক যে ঐক্য গড়ে উঠেছিল তাকে ভেংগে চুরমার করে দেওয়াই এই সরকারের লক্ষ্য। কিন্তু রাজ্যপালের ভাষণে এই সমস্ত বিষয়ে কোন উল্লেখ নেই বলেই আমরা তাঁর এই ভাষণের বিরোধীতা করছি।

[5-30—5-40 p.m.]

Shrimati Biva Mitra:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয়া রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন সে ভাষণকে সমর্থন করবার জন্য দাঁড়িয়েছি। এই ভাষণের জন্য মাননীয় বিরোধী দলের সদস্যরা অনেক সমালোচনা করেছেন: তার মধ্যে জ্যোতিবাবুর একটা কথা আমার বিশেষ ভাবে লেগেছে। তিনি বলেছেন যে, এ ভাষণে সাধারণ মানুষের অভাব অভিযোগের কথা উল্লেখ নেই। আমি এই কথা বলতে চাই যে, এই ভাষণের মধ্যে বর্তমানের খাদ্য পরিস্থিতি সহ সমস্ত কঠিন পরিস্থিতির কথা আলোচনা করা হয়েছে। খাদ্য পরিস্থিতি ও সাধারণ মানুষের খাদ্যাবস্থা তার সমাধানের কথাও ভাষণে বলা হয়েছে। রাজ্যপালিকা তাঁর ভাষণে লিখেছেন কি ভাবে এই কঠিন সমস্যা থেকে এই সংকট থেকে সরকার সাধ্যমত চেষ্টা করে সমস্ত জনসাধারণকে বাঁচিয়ে রাখবার চেষ্টা করছেন। আজকে এই কথা বলতে পারি যে কলকাতা সহরে যদি রেশনিং না হ'ত, যদি সরকার এটা না করতেন বা আমাদের মুখ্যমন্ত্রী যদি না তাকাতেন তাহলে অর্দ্ধেক লোক মারা যেত। মুনাফাখোরের কথা রাজ্যপালের ভাষণে আমরা পেয়েছি। আজকে মুখ্যমন্ত্রী মহাশয় রেশনিং করে দিয়েছেন বলে কলকাতার সাধারণ মানুষ তাঁকে অভিনন্দন জানাচ্ছেন এবং সহযোগিতা করছেন। কলকাতা আজকে একটি সমস্যাবহুল জায়গায় পরিগণিত হয়েছে, সেখানে আজ নানা রকম সমস্যা রয়েছে হেমন্তবাবু গৃহ সমস্যার কথা বলেছেন, এছাড়া খাদ্যসমস্যা চাকরীর সমস্যা, ইত্যাদি নানা রকম সমস্যা মানুষের কাছে এগিয়ে এসেছে। তবে মানুষও এগিয়ে এসেছে তাকে সাহায্য করবার জন্য। যদি আজকে সরকার ন্যায় ব্যবস্থা না করতেন, সরকারের মধ্যে যদি গলাতি থাকতো তাহলে কলকাতার জনসাধারণ কেন বা বাংলা দেশের জনসাধারণ কেন সমস্ত ভারতবর্ষের মধ্যে পলিটিক্যালি কনসাস্ বা রাজনৈতিক চেতনা বোধ যাদের আছে তারা তা সহ্য করতেন না বা তাদের সহানুভূতি থাকতো না। আমাদের মুখ্যমন্ত্রী মহাশয়ের এরূপ সুন্দর খাদ্যব্যবস্থা দেখে রেশন ব্যবস্থা দেখে অন্যান্য রাজ্য তাঁকে ডেকে পাঠিয়েছেন যে তাঁরা কি ভাবে রেশন ব্যবস্থা করবেন সে সম্বন্ধে মুখ্যমন্ত্রীর সংগে আলোচনা করতে চান। আজকে তাঁর যে অভিজ্ঞতা রয়েছে গত সতেরো বৎসর ধরে বাংলাদেশকে বহু দুর্ভিক্ষের মধ্য দিয়ে, বহু সমস্যার মধ্য দিয়ে যেভাবে তিনি আমাদের বাঁচিয়ে রেখেছেন তা দেখে অন্য জায়গার লোকেরা চাইছেন তাঁর সাহায্য নিতে। তাই আমি বলবো যে সমালোচনা এমনই করবার দরকার যা হল সুস্থ সমালোচনা যে সমালোচনার মধ্যে কোন সংগতি নেই বা বিশেষ কোনো লক্ষ্য নেই সেদিক লক্ষ্য করে সমালোচনাও করা উচিত নয়। তাই জ্যোতিবাবুর কথা আমার বিশেষ ভাবে লেগেছে। মাননীয়া রাজ্যপাল মহোদয়ার বক্তৃতার মধ্যে লেখা আছে মুনাফাখোরদের কথা। যে সমস্ত মুনাফাখোর আজকে কলকাতায় মানুষকে জব্দ করতে চেয়েছে বা আমাদের যে গণতন্ত্র তাকে ব্যর্থ করতে চেয়েছে সরকারের কর্মদক্ষতা তাকে জোরদার করতে দেয় নি বরং কলকাতার জনসাধারণ তাকে দমন করবার জন্য সরকারের সঙ্গে সহযোগিতা করেছেন। তারা পাঁচ টাকা, দশ টাকা, কুড়ি টাকা দিয়ে তেল কিনে খান নি বা চার টাকা, পাঁচ টাকা বা ছয় টাকা দিয়ে চাল কিনে খাননি। রেশনের চাল যে মুড়ির চালের মতন মোটা হোক বা কাঁকর মেশানো থাক সেই জিনিস খেয়েই কলকাতার মানুষ প্রাণ বাঁচিয়েছে সেইজন্য আমি বলব সরকার যদি সুষ্ঠ ব্যবস্থায় পরিচালনা না করতেন তাহলে জনসাধারণের সহযোগিতা তিনি পেতেন না এবং তাহার এই ব্যবস্থা লোকে মানত না। গৃহ

সমস্যার কথা হেমন্তবাবু বলেছেন সত্যই আজ বাসগৃহের সমস্যা ভীষণ আকার ধারণ করেছে এবং বাড়ীওয়ালারা উচ্ছেদের মামলা করলে উঠে যেতে হয়। আজকে গৃহনির্মাণ যে হয়নি এ কথা ঠিক নয় তবে আমি বলব জনসংখ্যা যে ভীষণ ভাবে বেড়ে চলেছে তার সঙ্গে সঙ্গতি রেখে এটা হচ্ছে না। হেমন্তবাবু নিশ্চয়ই জানেন সি, আই, টি, হাউসিং স্কীম ইত্যাদিতে বহু ফ্ল্যাট বাড়ী তৈয়ারী হয়েছে তবে সরকারকে বলবো যে আরও বাড়ী করার দরকার, ফ্যাক্টরী করা দরকার তবে যে সমস্ত জায়গায় রিকুইজিসান্ হয়ে পড়ে আছে যে সমস্ত টাকা পত্তর পড়ে আছে সেই সমস্ত টাকা দিয়ে এক্ষুণি গৃহনির্মাণ করা দরকার। আর এই যে কলকাতায় আজকে যে সমস্ত যানবাহন চলছে—এই যানবাহন চলাতে মনে হয় যে কারও বাড়ীর মানুষ বা আত্মীয়স্বজন যখন বাইরে বেরোয় তখন মনে হয় কেউ ফিরে আসবেন কি হয়তো আসবেন না—এই অবস্থা হয়ে দাঁড়িয়েছে। যানবাহন বাড়াবার জন্য বিশেষকরে সরকারের দেখার দরকার হয়ে পরেছে। স্কুল কলেজের ছেলেমেয়েরা যখন যায় তখন মা বাপদের এমন ক্ষমতা নেই যে তাদের ২২ টাকা ২৪ টাকা মাইনে দেবার পর আবার বাসের ১৮।১৯ ভাড়া দেবে। তখন তারা ভাবেন যে বাসে যদি কনসেসন টিকিট হোত বা অন্য কিছু হোত তাহলে তাদের ছেলেমেয়েরা যেতে পারতো। কাজেই ঐ সমস্ত বাসে করে ছেলেমেয়েরা যে যাবে তারা ফিরে আসবে কিনা সেটা ভাবতে হয়। সুতরাং আমি সরকারকে একটু সচেতন করে দিচ্ছি যাতে পরিবহন ব্যবস্থাটা একটু ভাল হয়। একটা কথা বলি—আজকে এই পরিবহন টিকিটের মূল্য বৃদ্ধি করে দেওয়া হোল সরকারের সেটা বলা উচিত ছিল যে আমরা বাড়িয়ে দিচ্ছি। কাজেই মানুষের এতে বিশেষ কষ্ট হয়েছে একথা বলতে বাধ্য হচ্ছি। আর একটা কথা বলছি—আজকে সরকারের নানা রকম পরিস্থিতির মাধ্যমে মানুষ সুখ শান্তির দিকে এগিয়ে চলেছে—কিন্তু ভুলত্রুটি যেগুলি রয়েছে সেগুলিকে আমরা নিশ্চয়ই আমরা সমালোচনা করবো এবং সেই সমালোচনা নিশ্চয়ই বিরোধী সমালোচনা হবে না—সেগুলি সরকারী নীতির মাঝখানে যে গলদ রয়েছে সেগুলি সংশোধন করিয়ে দেবার সমালোচনা হবে।

(কালীঘাটের রেশনের কথা বলুন—বিরোধী বেঞ্চ হইতে কন্ঠস্বর)

কালিঘাটের কথা আমি বলতে চাই—সেখানে লোকে রেশন খায়—এবং কালিঘাটের মানুষের রেশন কার্ডসবচেয়ে আগে আমি করে দিয়েছি বড়ী গিয়ে। অতএব কালিঘাটের মানুষ কোনদিন খাদ্যভাবে মরবে না—তারাও চাল মোটা চাল কাঁকর মেশানো খায় আমাদের কমলবাবু মাঝে মাঝে বলেন যে কাঁকর মেশানো চাল। আমরাও কাঁকর মেশানো চাল খাই—এবং আমি বলবো মেদিনীপুর, বীরভূম, বাঁকুড়া এই সমস্ত দেশের চাল যদি এখানে চালান করা যায় তাহলে নিশ্চয়ই কাঁকর আসবে—সে ঢেঁকিছাটা খেয়েও দেখেছি যে সেখানে কাঁকর থাকে। আর একটা কথা বলছি—এখানে বলা হয়েছে যে আমাদের শিল্পে কোন রকম উন্নত ধরণের কিছু করা হয় নি। এ কথাটা আমি স্বীকার করি না। কারণ আমাদের সংগে নারানবাবু, মনোরঞ্জনবাবু প্রভৃতি সদস্যরা অন্যান্য জায়গায় গিয়ে দেখে এসেছেন যে দুর্গাপুরে কতরকম ইন্ডাষ্ট্রি গ্রো করেছে এবং ধীরে ধীরে আরও ইন্ডাষ্ট্রি গ্রো করছে। এবং যাতে বিদ্যুৎ আরও বেশী উৎপাদন হয় তার জন্য ব্যান্ডেল থারম্যালপ্ল্যান্ট, দুর্গাপুর প্ল্যান্ট এবং জলঢাকা যে পরিকল্পনা চলছে সেগুলি চালু হয়েছে। তবে একথা বলতে পারেন যে এতো দেরী হচ্ছে কেন আরও তাড়াতাড়ি করার প্রয়োজন আছে। সেই প্রয়োজন অনুযায়ী কাজ করবার জন্য মানুষকে এগিয়ে আসতে হবে। সচেতন হতে হবে। তার মাঝখানে আবার আপনাদের এই সব বাধা আছে। দেখুন আপনারা শিক্ষক আন্দোলন সুরু করে দিয়েছেন। যে কোন আন্দোলন হোক না কেন আপনারা সেটাকে রাজনৈতিক দিকে নিয়ে যাচ্ছেন। শিক্ষকদের প্রয়োজন আছে তা আমি জানি। শিক্ষকদের সংগে আমার নিকট সম্বন্ধ সেকথা হেমন্তবাবু জানেন—তাদের টাকার অত্যান্ত প্রয়োজন এটা আমি স্বীকার করি। কিন্তু শিক্ষকদের আন্দোলন যে ধারায় আপনারা নিয়ে যাচ্ছেন তাতে দেশের ক্ষতি করছেন। কারণ এই সমস্ত ছোট ছোট ছেলেগুলিকে তাদের মা বাপের কাছ থেকে নিয়ে ইট-পাটকেল খাওয়াচ্ছেন এবং তার জন্য তাদের মা বাপদের আরও বহু টাকা ঔষধের জন্য খরচ হচ্ছে এই কথা বলে আমি রাজ্যপালের ভাষণকে সমর্থন করে বলবো যে তাঁর ভাষণে সব রকম কথাই লেখা আছে যদি একটু চোখ খুলে দেখতেন তাহলে বুঝতে পারতেন।

[5-40—5-50 p.m.]

Shri Balai Lal Dasmahapatra:

প্রস্তাব করবেন যে, উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত সংশোধনীটি যুক্ত করা হউক :—

"কিন্তু দুঃখের বিষয় যে, রাজ্যপালের ভাষণে—

(ক) গত ১৭ বৎসরের কংগ্রেসী শাসনে দেশের জনসাধারণের জীবন ধারনের চরম দুর্দশার এবং জাতীয় চরিত্রের শোচনীয় অবনতির উল্লেখ নাই;

(খ) খাদ্য সমস্যা সমাধানে সরকারী ব্যর্থতার উল্লেখ নাই;

(গ) খাদ্য ও ঔষধে ভেজালকারী, চোরাকারবারী ও মুনাফাশিকারীদিগকে সমাজের সমাজের জঘন্যতম অপরাধী বিবেচনায় চরম দণ্ড দানের সিদ্ধান্ত সম্পর্কে কোন উল্লেখ নাই;

(ঘ) খাদ্য ও নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্যে হ্রাস করিয়া জনসাধারণের ক্রয় ক্ষমতার সীমানার মধ্যে আনার কোন সুষ্ঠু পরিকল্পনার উল্লেখ নাই :

(ঙ) কৃষি উন্নয়নে ব্যর্থতাই খাদ্য সংকটের প্রধানতম কারণ এবং ইহার জন্য কৃষি দপ্তরের অক্ষমতাই দায়ী এই গুরুত্বপূর্ণ বিষয়ের কোন উল্লেখ নাই;

(চ) ভূমি সংস্কারের চরম ব্যর্থতার ফলে রাজ্যের খাদ্য সংকট ও আর্থিক সংকট জটিল আকার ধারণ করিতেছে তাহার প্রতিকারের কোন উল্লেখ নাই;

(ছ) পশ্চিম বাংলার প্রাথমিক, মাধ্যমিক ও কলেজী শিক্ষার সর্বস্তরে যে বিপর্যয় দেখা দিয়াছে এবং তাহার শোচনীয় পরিণাম ছাত্র ছাত্রী ও তাহাদের অভিভাবকবর্গকে ভোগ করিতে হইতেছে উহার উল্লেখ নাই;

(জ) এই রাজ্যের প্রাথমিক, মাধ্যমিক ও কলেজের শিক্ষক ও কর্মচারিগণের ন্যায়সঙ্গত দাবীর প্রতি সরকারী উপেক্ষার ফলে শিক্ষাক্ষেত্রে যে অচল অবস্থা সৃষ্টি হইতে যাইতেছে তাহার সমাধানের কোন নির্দিষ্ট প্রতিশ্রুতির উল্লেখ নাই;

(ঝ) উত্তরোত্তর দ্রব্যমূল্যে বৃদ্ধির সহিত সমতা রক্ষা করিয়া সরকারী কর্মচারীদের বিশেষতঃ তৃতীয় ও চতুর্থ শ্রেণীর সরকারী কর্মচারীদের যুক্তিসঙ্গতভাবে বেতন ও ভাতা বৃদ্ধির কোন পরিকল্পনার উল্লেখ নাই;

(ঞ) দেশের ভয়াবহ বেকার সমস্যা সমাধানের সুস্পষ্ট পরিকল্পনার উল্লেখ নাই;

(ট) পল্লী বাংলার জনসাধারণের আর্থিক উন্নয়ন ও বেকার সমস্যা সমাধানের জন্য পল্লীতে পল্লীতে কৃষির পরিপূরক হিসাবে কুটির ও ক্ষুদ্রশিল্প প্রসারের জন্য কোন সুষ্ঠু পরিকল্পনার উল্লেখ নাই;

(ঠ) সরকারী ও বেসরকারী ক্ষেত্রে দুর্নীতির ব্যাপক প্রসার রোধের জন্য কোন কঠোরতম ব্যবস্থার উল্লেখ নাই;

(ড) পঞ্চায়েতীরাজ প্রতিষ্ঠার নামে সারা পশ্চিমবাংলায় শাসক দল, দলীয় স্বার্থ রক্ষার অশোভন আগ্রহে অঞ্চল পঞ্চায়েৎ, আঞ্চলিক পরিষদ এবং জেলা পরিষদ প্রভৃতি পঞ্চায়েতের বিভিন্ন স্তরে কংগ্রেস দলভুক্ত অতিরিক্ত সদস্য ও মনোনীত সদস্য গ্রহণের চাপে যেভাবে জনগণের গণতান্ত্রিক অধিকারকে পঙ্গু করিয়া দিতেছেন এবং গ্রামপঞ্চায়েৎ প্রতিষ্ঠার আসল উদ্দেশ্যকে ব্যর্থতায় পর্যবসিত করিতেছেন তাহার প্রতিকার পন্থার কোন উল্লেখ নাই;

(ঢ) শাসক দল ভারত রক্ষা আইনের দৈনন্দিন অপব্যবহার করায় এবং প্রধানতঃ দলের স্বার্থে উহার ব্যবহার করায় ভারতের স্বাধীনতা রক্ষায় পশ্চিমবাংলার দেশপ্রেমিক জনসাধারণের মনে যে বিভ্রান্তি সৃষ্টি হইতেছে তাহার প্রতিকারের কোন উল্লেখ নাই;

(ণ) পশ্চিম বাংলার পল্লী অঞ্চলে পানীয় জল সরবরাহের জন্য ব্যাপকভাবে নলকূপ স্থাপনের পরিকল্পনাকে অগ্রাধিকার দেওয়ার কোন পরিকল্পনার উল্লেখ নাই:

(ত) দীঘা উন্নয়নের নামে যে শত শত একর জমি দখল লওয়ার নোটিশ জারী করা হইয়াছে তাহার মধ্য হইতে ধান চাষের ও বরোজ প্রভৃতি আবাদী জমিগুলিকে দখল লওয়ার বহির্ভূক্ত না করায় স্থানীয় জনসাধারণের মধ্যে যে সন্ত্রাস ও বিক্ষোভের সঞ্চার হইয়াছে তাহার প্রতিবিধানের কোন উল্লেখ নাই; এবং

(থ) লবণ শিল্প উন্নয়নের নামে রামনগর থানার সমুদ্রোপকূলে শত শত একর আবাদী-অনাবাদী নির্বিশেষে জমি দখলের নোটিশ জারী হওয়ায় সংশ্লিষ্ট জনসাধারণের মধ্যে উৎসাহের পরিবর্তে যে অসন্তোষের সৃষ্টি হইয়াছে তৎসম্পর্কে সহানুভূতির সহিত বিবেচনার কোন প্রতিশ্রুতির উল্লেখ নাই।"

অধ্যক্ষ মহাশয়, আজ রাজ্যপালের ভাষণের উপরে আমরা যে আলোচনা করতে যাচ্ছি সেটা বৈধ কি অবৈধ সে বিষয়ে এখনও পর্যন্ত আমাদের মনে সন্দেহ রয়েছে। তবে আপনি রুলিং দিয়েছেন--কিন্তু আজ হাইকোর্টে কেস চলছে। জানিনা রায় কি হবে। এবং সেই রায় যে সুদূর প্রসারী হবে সে বিষয়ে কোন সন্দেহ নেই। যাক তাঁর ভাষণের উপর আমি দু একটি কথা বলবো। কিন্তু এই যে ভাষণ—এটাকে ভাষণ বলবো না সরকারী কার্যের একটা বিজ্ঞাপন বলবো সেটা ঠিক বুঝে উঠতে পারছি না। আজ তাঁর ভাষণ যদি পড়া যায় তাহলে দেখা যাবে যে বাংলা দেশের যে বহু সমস্যা আছে তার কোন উল্লেখ নেই। যদিও কংগ্রেস পক্ষ থেকে অনেকে বলেছেন যে সমস্ত সমস্যার বিষয় উল্লেখ আছে এবং তার সমাধানের ব্যবস্থাও তার মধ্যে আছে। কিন্তু আজকে আমরা দেখি খাদ্য সমস্যা, বেকার সমস্যা যেখানে আজও লক্ষ লক্ষ বেকার ঘুরে বেড়াচ্ছে—শিক্ষা সমস্যা যেখানে আজও লক্ষ লক্ষ লোক একেবারে নিরক্ষর হয়ে রয়েছে—এই সমস্তগুলি আমাদের দেশে রয়েছে। আজ ভারতবর্ষের অন্যান্য দেশের সঙ্গে যদি তুলনা করি তাহলে দেখবো যে আমরা কত পিছনে পড়ে আছি। আমাদের স্থান পঞ্চম, কি ষষ্ঠ স্থান। আজ কেরালা, মহারাষ্ট্র, গুজরাট যেখানে এগিয়ে চলেছে সেখানে বাংলাদেশ কত পিছনে পড়ে আছে। অথচ রবীন্দ্রনাথের গর্ব করি। আমরা ভূমি সংস্কার সম্বন্ধে যদি আলোচনা করি তাহলে দেখবো যে এক টুকরা জমির জন্য লক্ষ লক্ষ চাষী ঘুরে বেড়াচ্ছে। কিন্তু ১৭ বছরের মধ্যেও এই ভূমি সমস্যার সমাধান হোল না। আমরা নাকি শুনতে পাই এই সব প্রচার পত্রের ভিতর দিয়ে যে কৃষির দিক দিয়ে আমরা উন্নয়ন করে চলেছি। কিন্তু এটা আমার কথা নয়, প্ল্যানিং কমিশন নিজেরা বলেছে যে বাংলাদেশ সম্পূর্ণ ব্যর্থতার পরিচয় দিয়েছে। দুর্নীতির দিক দিয়ে বলবো যে সমগ্র স্তরে দুর্নীতি ছেয়ে গেছে--আর ভেজালের কথা না বলাই ভাল—আমরা নিজেরাই ভুক্তভোগী। ভেজাল দেশে যে কিভাবে চলছে তা বর্ণনা করার প্রয়োজন নেই। আজ ও'রা বলছেন যে কঠোর হস্তে এগুলি দমন করছেন ভেজাল এ্যাক্টের দ্বারা। কিন্তু আমি জিজ্ঞাসা করি যে এই জিনিস একটুও কমলো না কেন? আমরা সাত আট টাকা দরে যে তেল কিনি তাও ভেজাল। আমরা সুজী চিনি, সিমেন্ট দেখতে পাই না। অথচ ১৪ টাকা দিলে সিমেন্ট পাওয়া যায়—সমস্ত জিনিসই পাওয়া যায় যদি মূল্য বেশী দেওয়া যায়। চালের কথা এখুনি শুনলাম যে যথেষ্ট পুষ্টির ব্যবস্থা হবে কিন্তু আপনি খোঁজ নিয়ে দেখুন যে চোরাকারবারীদের কাছ থেকে কেনা ছাড়া আর কোন উপায় নেই। মাছের অবস্থাও সেই। কাজেই সব দিক থেকে দেখা যাচ্ছে যে চোরাকারবারী ছাড়া আর বাঁচবার কোন উপায় নেই। এই সব বড় বড় সমস্যার দিকে মাননীয়া রাজ্যপাল দৃষ্টিপাত করেন নি। আমরা আজও দেখতে পাচ্ছি যে বহু প্রকারের সমস্যা আমাদের সামনে রয়েছে—যেমন শিক্ষকদের সমস্যা—৩৫ হাজার শিক্ষক কর্মবিরতি করবেন—প্রাথমিক শিক্ষকরা অনশন ধর্মঘট করবেন, এগুলি নূতন সমস্যা নয়,—বছরের পর বছর তাঁরা দাবী করেছেন—বাঁচবার দাবী নিয়ে তাঁরা এসেছেন তাঁদের বেতন বৃদ্ধির জন্য, ভাতা বৃদ্ধির জন্য তাঁরা দাবী

করেছেন—এবং যখন তাঁরা অসমর্থ হয়েছেন সরকারকে বোঝাতে তখন কর্মবিরতির প্রস্তাব দিয়েছেন। প্রাথমিক শিক্ষকরা অনশন ধর্মঘট করবেন। কাজেই আজ যদি এগুলি উড়িয়ে দেওয়া বা হুমকী দিয়ে এগুলি বন্ধ করা যায় তাহলে ভুল করা হবে। আমরা জানি অনেক ক্ষেত্রে তাঁরা হুমকী দিয়েছেন—কিন্তু শেষ পর্যন্ত তাঁদের হারতে হয়েছে। এই যে সমস্ত সমস্যা রয়েছে—এগুলি উপেক্ষা করবার মত নয়। কিন্তু মাননীয়া রাজ্যপাল এই সমস্ত সমস্যার কথা বলেন নি—তিনি সামান্য একটু আশ্বাস দিয়ে চলে গেছেন. পরিষ্কারভাবে কিছু বলেন নি। তার পর স্বাধীনতার কথা যদি ধরা যায়, মাননীয়া রাজ্যপাল সে বিষয়ের কথা উল্লেখ করেন নি। তিনি বলেছেন প্রতিবেশী রাজ্য—তিনি কার কথা বলতে চাচ্ছেন—চীনের বা পাকিস্তানের কথা তিনি উল্লেখ করেন নি—এটা তাঁর পরিষ্কারভাবে উল্লেখ করা উচিত যে চীন এখনও আমাদের ১২ হাজার বর্গ মাইল জমি দখল করে রেখেছে। আজ আমাদের জাতীয় স্বাধীনতা বিপন্ন—আজ সীমান্তে সৈন্য সমাবেশ হচ্ছে—আমরা জানতে পারছি—রাজ্যপালের পরিষ্কার করে এগুলি জানানো দরকার ছিল—কিন্তু সে সম্বন্ধে তিনি কিছুই বলেন নি।

কিন্তু সে সম্বন্ধে নীরব রয়েছেন। তারপর জাতীয় সংহতি সম্বন্ধে একটা শব্দও তিনি বলেন নি। আজকে যে জাতীয় সংহতি জাতীয় স্বাধীনতা বিপন্ন হতে চলেছে সে সম্বন্ধে তিনি নীরব রয়েছেন। আমি বুঝতে পারছি না বাংলা দেশের পক্ষ থেকে তাঁর কি বলার কিছু ছিল না যখন অহিন্দীভাষীদের উপর হিন্দী প্রেমিকরা জোর করে হিন্দী চাপিয়ে দিচ্ছে? সেখানে তিনি নীরব। যাই হোক জাতীয় সংহতি জাতীয় স্বাধীনতার বিষয়ে তাঁর পরিষ্কার করে বলা উচিত ছিল। তারপর আমাদের যে সব বড় বড় সমস্যা রয়েছে সে সম্বন্ধে দু-একটা কথা বলে আমি আমার বক্তব্য শেষ করব। শিক্ষকদের সম্বন্ধে আমি পরিষ্কার করে বলতে চাই যে শিক্ষকরা আজকে যে কর্মবিরতি বা অনশন ধর্মঘট করতে যাচ্ছেন যাঁরা ভারতকে গড়ে তুলবেন জাতির ভবিষ্যতকে গড়ে তুলবেন তাঁদের দাবি সম্বন্ধে সহানুভূতির সংগে বিবেচনা করা উচিত। আপনারা ডি. আই. আর-এর মারফত যে হুমকি দিয়েছেন তা অবিলম্বে প্রত্যাহার করুন এবং শিক্ষকদের সংগে সমঝোতা করুন এই আবেদন করছি। মাননীয় স্পীকার মহাশয়, মাননীয়া রাজ্যপাল বলেছেন যে পঞ্চায়েত রাজ প্রতিষ্ঠা সমাপ্ত। সমগ্র রাজ্যে গ্রাম পঞ্চায়েত, অঞ্চল পঞ্চায়েত এবং আঞ্চলিক পরিষদ গঠিত হয়েছে। মুর্শিদাবাদ জেলা ছাড়া সকল জেলাতে জেলা পঞ্চায়েত গঠিত হয়েছে। এ সম্বন্ধে অনেক কথা বলার আছে। তিনি পঞ্চায়েত রাজ সম্বন্ধে উচ্চ প্রশংসা করেছেন। আমি যদি বলি যে পঞ্চায়েত যদি কোথাও ব্যর্থ হয়ে থাকে তাহলে তা বাংলাদেশে হয়েছে তাহলে কি অন্যায় বলা হবে? অঞ্চল পঞ্চায়েত, গ্রাম পঞ্চায়েতের আজ অচল অবস্থা। সেখানে মনোনীত সদস্যদের সংখ্যা বেশী রেখেছেন। সেখানে প্রকৃত প্রস্তাবে যাঁরা অঞ্চল থেকে নির্বাচিত হয়ে গেছেন তাঁদের কোন কিছু করবার নেই। আঞ্চলিক পরিষদও তাঁদের দলের মনোনীত সদস্যদের নিয়ে গঠন করেছেন। সেজন্য প্রকৃত প্রস্তাবে পঞ্চায়েত রাজ কায়েম হয়নি. তাঁরা দলীয় স্বার্থ কায়েম করবার জন্য এই ব্যবস্থা করেছেন। শুধু তাই নয়, আজ কংগ্রেসের নিজেদের মধ্যেও ক্ষমতার লড়াই চলেছে। জেলা পরিষদ সমস্ত জায়গায় কাজ করছে না। আমি মেদিনীপুরের কথা বলছি--মেদিনীপুর জেলা পরিষদ গত নভেম্বর মাস থেকে অচলাবস্থায় রয়েছে। এখানে বসে আছেন প্রাক্তন মন্ত্রী অজয় মুখার্জী, তিনি মেদিনীপুর জেলা পরিষদের চেয়ারম্যান। তিনি এক দলকে পরিচালিত করছেন। আর আভা মাইতি তিনি অন্য দলকে পরিচালিত করছেন। আপনারা যে চেয়ারম্যান নির্বাচিত করেছেন তাঁকে ক্ষমতা দেওয়া হয় নি, আজ সেখানে অচল অবস্থা চলছে অর্থাৎ সেখানে ক্ষমতার লড়াই চলছে। তাঁরা জনসাধারণের কথা কি ভাববেন, তাঁরা নিজেদের মধ্যে ক্ষমতার লড়াই আরম্ভ করেছেন। আমি এখানে কংগ্রেস থেকে যে সার্কুলার ছিল —জেলা কংগ্রেসের প্রেসিডেন্ট চারুচন্দ্র মহান্তি, এ সম্বন্ধে মাননীয় অধ্যক্ষ মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পঞ্চায়েত রাজ কিভাবে গঠন করতে যাচ্ছেন, না, তাঁরা বলছেন জেলা পরিষদ আইনের ২৭ নম্বর নিয়ম অনুসারে চেয়ারম্যানকে কোন পাওয়ার, ফাংকসান এণ্ড ডিউটিজ ডেলিগেট করা হবে না। এবং তারপরে বলছেন পশ্চিমবংগ জেলা পরিষদ আইনের একটা নিয়মে ভাইস-চেয়ারম্যানকে এই সমস্ত ক্ষমতা দেবার ব্যবস্থা আছে এবং এই সমস্ত ক্ষমতা ভাইস-চেয়ারম্যান রাসবিহারী পাল মহাশয়কে দেওয়া হোক। এবং ৯০ নম্বর ধারা অনুসারে ১ লক্ষ টাকার চেকে সই করবার ক্ষমতা তাঁকে দেওয়া হোক। যিনি চেয়ারম্যান তাঁকে ক্ষমতা দেওয়া হল না। সুতরাং এইভাবে

তাঁদের দলের মধ্যে যে ক্ষমতার লড়াই চলছে তার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। কাজেই মাননীয় রাজ্যপাল পঞ্চায়েত রাজ সম্বন্ধে আমাদের যে বলেছেন সর্বত্র পঞ্চায়েত রাজ কায়েম হয়ে গেছে সে কথা ঠিক নয়। কারণ, পঞ্চায়েৎ রাজের কোন চিহ্নই নেই, সেখানে প্রকৃত প্রস্তাবে দলীয় স্বার্থ কায়েম করবার জন্য ক্ষমতার লড়াই চলছে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-50—6 p.m.]

Shri Mono Ranjan Baksi:

প্রস্তাব করিবেন যে, উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত সংশোধনীটি যুক্ত করা হউক :—

"কিন্তু দুঃখের বিষয় যে, রাজ্যপালের ভাষণে--

(ক) পশ্চিম বাংলার বিভিন্ন জেলাতে সরকারী ধার্যকৃত ধান্যমূল্য অপেক্ষা কম মূল্যে ধান্যচাষীগণ ধান্য বিক্রয় করিতে বাধ্য হইতেছেন। এ সম্পর্কে ধান্যচাষীগণকে রক্ষা করিবার জন্য সরকারের সুষ্ঠু নীতির কোন উল্লেখ নাই;

(খ) পশ্চিম বাংলার বিভিন্ন জেলার কোন্ কোন্ সমবায় সমিতিগুলিকে সরকারী নির্দিষ্ট দরে ধান্য ক্রয় করিবার জন্য কত পরিমাণ আর্থিক সাহায্য বা ঋণ মঞ্জুর করিয়াছেন সে সম্পর্কে কোন উল্লেখ নাই;

(গ) বর্ধমানে মেডিক্যাল কলেজ স্থাপনের কোন প্রস্তাবের উল্লেখ নাই:

(ঘ) বেকার সমস্যা সমাধানের কোন ইঙ্গিত নাই;

(ঙ) আউশগ্রাম থানা, কাঁকসা থানা এবং ভাতার ও গলসী থানার রাস্তাঘাটের এবং পানীয় জলের সুব্যবস্থার কোন কথাই উল্লিখিত নাই;

(চ) নিত্যব্যবহার্য জিনিসপত্রের দরের উর্ধ্বগতি রোধ করিবার কোন কথা উল্লিখিত নাই;

(ছ) বর্ধমান জেলার সেচবিহীন এলাকায় গভীর নলকূপ বা বিকল্প ব্যবস্থার কোন কথাই বলা হয় নাই:

(জ) আদিবাসী, হরিজন সম্প্রদায়ের উন্নয়নের কোন প্রস্তাব উল্লিখিত নাই;

(ঝ) বর্ধমান জেলায় জমিদারি ক্ষতিপূরণ উদ্দেশ্যে অদ্যাবধি চূড়ান্ত ব্যবস্থা না হওয়ার কথা উল্লিখিত নাই:

(ঞ) বর্ধমান জেলার বিভিন্ন গ্রামাঞ্চলে ব্যাপকভাবে বে-আইনী উপায়ে চোলাই মদ তৈয়ারি হইতেছে—এ সম্পর্কে বর্ধমানের আবগারী বিভাগ নিষ্ক্রিয় থাকা সম্পর্কে কোন কথা উল্লিখিত নাই: এবং

(ট) স্ত্রীশিক্ষার দ্রুত প্রসারব্যবস্থার কোন কথাই উল্লিখিত নাই।"

মাননীয় স্পীকার মহাশয়, পশ্চিমবাংলার মাননীয়া রাজ্যপাল যে ভাষণ আমাদের সামনে রেখেছেন, তাতে দেখতে পাচ্ছি—বর্তমানে পশ্চিমবাংলায় যে সমস্ত সমস্যা বিরাট আকার রূপে দেখা দিয়েছে- তার কোনটার উল্লেখ নাই তার মধ্যে। এই ভাষণ সেই কারণে হতাশাব্যঞ্জক এবং নৈরাশ্যজনক। বর্তমানে অত্যন্ত চড়া বাজার দর এবং ক্রমবর্ধমান সংসার খরচ যারা বাঁধা আয়ের লোক—তাদের বিপদগ্রস্ত করে ফেলেছে এবং আজকে সকলে দেখতে পাচ্ছি যে কিছুদিন আগে বাংলাদেশে সরিষার তেলের অভাব বাঙ্গালীর রন্ধনশালার যে এক সংকট সৃষ্টি করেছিল তার কোন কথার উল্লেখ এই ভাষণের মধ্যে নাই। আরো আমরা দেখতে পাচ্ছি—বর্তমানে ভারতের অন্যান্য রাজ্য তাদের উদ্বৃত্ত খাদ্যশস্য অন্যান্য দেশে চালান দিয়ে পশ্চিমবাংলাকে বে-কায়দায়

অধিকার আমাদের দিয়েছে—সবাই আমরা সমান, তাকে বিঘ্নিত করা হচ্ছে—পল্লীগ্রাম ও সহরের মধ্যে ডিফারেনসিয়াল ট্রিটমেন্ট দেখছি। রেশন বিতরণের মাধ্যমে পল্লীগ্রামের লোককে মাসে চিনি দেওয়া হয় মাথাপিছু আড়াই শো গ্রাম; আর সহরে দেওয়া হয় তার চেয়ে অনেক বেশী এবং তা সপ্তাহে সপ্তাহে দেওয়া হয়। এই যে ডিফারেনসিয়াল ট্রিটমেন্ট করা হচ্ছে, তাতে সংবিধান প্রদত্ত আমাদের মৌলিক অধিকারকে ক্ষুন্ন করা হয়েছে এবং রাজ্যপালের ভাষণের মধ্যে সে সম্বন্ধে কোন কথা নাই। শুধু তাই নয়—আমরা আজকে দেখছি—মায়ের জাত হয়ে যে সমস্ত নারী সদ্য বিধবা হয়ে শ্মশান থেকে ফিরে আসছে তাদেরকে সান্ত্বনা দেবার জন্য চিনির সরবৎ করে দেওয়া যায় না চিনির অভাবে। আমরা দেখতে পাচ্ছি—কলকাতা সহরে বাসের ভাড়া বৃদ্ধি হয়েছে। তার ফলে সকল মনুষের মনে একটা গভীর অসন্তোষ ধূমায়িত হচ্ছে এবং যে কোন মুহূর্তে একটা বিদ্রোহের আগুন জ্বলে উঠতে পারে—তারই একটা ইঙ্গিত আমরা দেখতে পাচ্ছি। আমরা আজকে আরো দেখতে পাচ্ছি—সমস্ত স্তরের শিক্ষকরা বাংলাদেশের সরকারের এক অনমনীয় মনোভাবের ফলে আন্দোলনের পথে নামতে বাধ্য হচ্ছে। আপনি জানেন স্যার, দেশ যখন স্বাধীন হয় নাই, সেই সময় পরাধীন দেশে অত্যন্ত পদমর্য্যাদা সম্পন্ন ব্যক্তি স্বর্গতঃ শ্রীদীনবন্ধু মিত্র মহাশয় সরকারী কর্মচারী হয়েও তৎকালীন বৃটিশ শাসকদের আচরণ সম্বন্ধে কটাক্ষপাত করে নীলদর্পনে যে কথা উল্লেখ করেছিলেন,—তা সেই সভ্য ইংরেজ জানতে পেরে লজ্জায় মাথা হেঁট করেছিল। কিন্তু অত্যন্ত পরিতাপের কথা, দুঃখের কথা যে আজ দেশ স্বাধীন হবার পরেও স্বাধীন দেশের সরকারের বিরুদ্ধে জনগণের অসন্তোষ ও বিক্ষোভ দানা বেঁধে উঠছে, সে সম্বন্ধে রাজ্যপালের ভাষণের মধ্যে কোন লজ্জার প্রকাশ নাই। আজকে সেদিক থেকে এই ভাষণ অত্যন্ত হতাশাব্যঞ্জক ও নৈরাশ্যজনক।

আমাদের সরকার ধানচালের দর বেঁধে দিয়েছেন—সে কথা তিনি বলেছেন। কিন্তু আপনি জানেন স্যার, এই বাংলাদেশে নানারকমের ধান আছে। অত্যন্ত অবৈজ্ঞানিক উপায়ে মাত্র তিন-চার রকম ধানের মূল্য ধার্য্য করা হয়েছে। চাষীদের ধান উৎপাদন করতে যে খরচ হয়, সে সম্বন্ধে কোন বিচার বিবেচনা না করেই এই মূল্য নির্ধারণ করা হয়েছে। সেই মূল্যায়ণ বাংলাদেশের মানুষ স্বীকার করে নিলেও আমরা পল্লীগ্রাম থেকে খবর পাচ্ছি—সরকার নির্ধারিত মূল্যে সেখানে ধানচাল বিক্রী হচ্ছে না। রাজ্যপাল বলেছেন সমবায় সমিতির মাধ্যমে ধানচাল কেনাবেচা হবে। আমি সরকার এবং সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করছি—তাঁরা আজ পল্লী অঞ্চলের কোন জেলায়, কোন থানায়, কোন গ্রামে সমবায় সমিতিগুলিকে এই ধান কেনবার জন্য অর্থ প্রদান করা হয়েছে, ঋণদান করা হয়েছে? এই অন্তঃসারশূন্য ভাষণ খুব বেদনাদায়ক ও দুঃখজনক পরিস্থিতির এবং নৈরাশ্যের সৃষ্টি করেছে। আজ বলা হচ্ছে ভারতবর্ষের উন্নতি হয়েছে, আমরা প্যাকেজ স্কীম আরম্ভ করেছি ইত্যাদি। যে দেশের আর্থিক বনিয়াদ কৃষির উপর নির্ভরশীল, সেই কৃষি সম্বন্ধে কোন সুস্থ ও বলিষ্ঠ মাননীয়া রাজ্যপালের ভাষণের মধ্যে নাই। আমরা জানি এবং আপনিও জানেন বর্ধমান জেলায় প্যাকেজ স্কীম ইন্ট্রোডিউস্ করা হয়েছে। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় এই যে প্যাকেজ স্কীম করা হয়েছে এটা প্রচারের ভিত্তি, কাজের কিছু নয়। মাননীয় স্পীকার মহাশয়, এবারে আমি আপনার কাছে চালকলের নমুনা রাখছি যেটা মেমারিতে স্থাপন করা হবে। অ্যাপেক্স কো-অপারেটিভ এগ্রিকালচারাল মার্কেটিং সোসাইটির পরিচালনায় এই কল স্থাপন করবার জন্য মেমারিতে মহামায়া রাইস্ মিল সরকারীভাবে দখল করা হয়। তারা হাইকোর্টে ইনজাংসন প্রার্থনা করেছে, কাজেই জানিনা কতদিনে এই চালকল স্থাপন করা হবে। এই হচ্ছে তাঁদের কাজের নমুনা। তারপর, প্যাকেজ স্কীম হলেও আমরা দেখছি মাটি পরীক্ষা করবার জন্য কোন ল্যাবোরেটরী নেই। আমরা দেখেছি মেমারিতে যখন আলুতে পোকা লাগল, আলু নষ্ট হোল তখন মাটি পরীক্ষা করবার জন্য তাঁদের কলকাতায় ছুটে আসতে হয়, বর্ধমানে ব্যবস্থা নেই। কাজেই দেখা যাচ্ছে এঁরা যেখানেই হাত দিচ্ছেন সেখানেই সব শেষ হয়ে যাচ্ছে। স্যার, আমরা শুনেছিলাম এক ভদ্রলোক পেটের যন্ত্রনায় অস্থির হয়ে মুখ্যমন্ত্রীর সংগে দেখা করবার জন্য অনুমতি প্রার্থনা করেছিলেন। তারপর মুখ্যমন্ত্রীর সংগে যখন দেখা হোল তখন তিনি বললেন আমি তো ডাক্তার নই, আমার কাছে কেন এসেছেন? তখন সেই ভদ্রলোক বললেন আপনি আমার পেটে হাত বুলিয়ে দিন। তারপর মুখ্যমন্ত্রী যখন তার পেটে হাত বুলালেন তখন সেই লোকটি বলল সব জুড়িয়ে গেছে। তাই বলছিলাম তাঁরা যেখানেই হাত দিচ্ছেন সব জুড়িয়ে যাচ্ছে।

Shri Bejoy Bhattacharyya:

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় সদস্য অশোক দত্ত মহাশয় যে প্রস্তাব এনেছেন আমি তাকে সমর্থন করছি। বিরোধী পক্ষের সদস্যেরা বলেছেন তাঁরা যে সংশোধনী প্রস্তাব দিয়েছেন তার প্রথম কারণ হচ্ছে রাজ্যপালের ভাষণের মধ্যে অনেকগুলো সমস্যার কথা নেই এবং সেই কারণেই তাঁরা এর বিরোধিতা করছেন। স্যার, আমি সেদিন হাংগামার জন্য ভাল করে পড়তে পারিনি তাই আর একবার ভাল করে পড়ে দেখলাম যে কয়টা মৌলিক অসুবিধা রয়েছে তার প্রত্যেকটির উল্লেখ রাজ্যপালের ভাষণে রয়েছে। প্রথমে দেখুন খাদ্য পরিস্থিতি সম্বন্ধে তিনি আলোচনা করেছেন। তারপর, পূর্ব পাকিস্তান থেকে আগত শরণার্থিদের সম্বন্ধে বিস্তারিত আলোচনা করেছেন, কৃষি সম্বন্ধে বিস্তারিত আলোচনা করেছেন, বৃহৎ আয়তন এবং ক্ষুদ্র শিল্প সম্বন্ধেও আলোচনা করেছেন। শুধু এগুলিই নয়, অন্যান্য যে সমস্ত সমস্যায় আমরা জর্জরিত হয়ে আছি সে সম্বন্ধেও যথেষ্ট আলোচনা করেছেন। অবশ্য মাননীয়া রাজ্যপাল যে দৃষ্টিভঙ্গী নিয়ে এইসব সমস্যার আলোচনা করেছেন বিরোধী পক্ষের সদস্যেরা সেই দৃষ্টিভঙ্গী সমর্থন করেন না। তাঁদের চক্ষু দিয়ে মাননীয়া রাজ্যপাল যে আলোচনা করবেন না এটা স্বাভাবিক। তবে একথা ঠিক যে সব বড় বড় সমস্যায় আমাদের জীবন কন্টকাকীর্ণ রাজ্যপাল সে সম্বন্ধে যথেষ্ট আলোচনা করেছেন। স্যার, আমি হয়ত বেশী সময় পাব না তাই সর্ব প্রথমে একটা বিষয়ের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আমি শিক্ষা সম্বন্ধে গুটিকতক কথা বলে একটা প্রস্তাব রাখতে চাই। আমার প্রথম কথা হচ্ছে পশ্চিমবাংলার শিক্ষা জগতে প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে আমরা পিছিয়ে পড়েছি। তাই আমার মনে হয় এখানে অন্য শিক্ষা সম্বন্ধে বেশী ব্যয়ভার বহন না করে প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে ডাইরেক্টিভ প্রিন্সিপল অনুযায়ী ব্যবস্থা করা উচিত। গ্রামে এই শিক্ষা হচ্ছে, কিন্তু শহরাঞ্চলে হচ্ছে না। তারপর, শিক্ষা বিভাগে কর্মচারী কম থাকার ফলে যেসব শিক্ষা প্রতিষ্ঠান গড়ে উঠেছে তার ইন্সপেকসন হচ্ছে না। আমি গত বক্তৃতায় একথা বলেছিলাম।

[6—6-6 p.m.]

যখনই কেউ অনুমোদনের জন্য দরখাস্ত করে, কখনো ৬ মাস কখনো ৮ মাস কখনো এক বছর দেড় বছর পর শিক্ষা বিভাগের কর্তৃপক্ষরা যান সেই অনুমোদন পরীক্ষা করবার জন্য, তখন তাঁদের পক্ষে কাজকর্ম ভালভাবে চালান খুব দুরূহ হয়। আমি তাই প্রস্তাব করছি অন্য সব কাজ বাদ দিয়ে এই যে ইন্সপেকশন ডিপার্টমেন্ট আছে তাতে যেন অধিক সংখ্যক কর্মচারী নিযুক্ত হয় এবং তারা যাতে প্রত্যেক বিদ্যালয়ে গিয়ে ইন্সপেকশন করতে পারে। আমি ছেলেবেলা থেকে যে ইন্সপেকশন দেখেছি তাতে এটা বলছি স্কুল থেকে কলেজ পর্যন্ত এই ইন্সপেকশনের মান তুলতে গেলে এই ইন্সপেকশন ভাল ভাবে দরকার। কিন্তু সেটা হচ্ছেনা। তাছাড়া স্ত্রী শিক্ষার ব্যাপার। স্ত্রী শিক্ষা প্রতিষ্ঠান প্রচুর বেড়ে যাচ্ছে। গ্রামে হচ্ছে, সহরেও হচ্ছে। এই স্ত্রী শিক্ষা প্রতিষ্ঠান যা হাওড়ার কোন কোন অঞ্চলে আছে, মেয়েদের জুনিয়ার হাই স্কুল আছে তার অনুমোদনের জন্য যেতে হবে মেদিনীপুরে। সেখানে একজন পরিদর্শিকা আছে, তিন চারটি জেলা নিয়ে তিনি কাজ করছেন। আমি একবার পূর্বের শিক্ষা মন্ত্রী হরেণবাবুকে বলেছিলাম এ সম্বন্ধে, তিনিও এটা স্বীকার করেছেন যে এদের সংখ্যা বাড়িয়ে দেওয়া দরকার, এবং ইন্সপেকশনের সংখ্যা যাতে বাড়ান যায় তার জন্য তিনি চেষ্টা করবেন, তার ব্যবস্থা করবেন। বর্তমানে যিনি শিক্ষামন্ত্রী আছেন তাঁকেও এ বিষয়ে দৃষ্টি দেবার জন্য অনুরোধ জানাই।

দ্বিতীয় কথা টেকনিক্যাল স্কুল, বহু ছাত্র আছে যারা ক্লাস সেভেন এইট পর্যন্ত আর পড়াশুনা চালাতে পারেনা, তার জন্য এই টেকনিক্যাল স্কুল বাড়ান দরকার। হাওড়ায় দু তিনটি স্কুল আছে, তাতে প্রচুর ছেলে মেয়ে সুবিধা পাচ্ছে, অনেক ছেলে মেয়ে শিক্ষালাভ করছে এবং তারা কেউ বেকার থাকছেনা। কিন্তু যেখানে নেওয়া ছাত্র ২০০ সেখানে দরখাস্ত আসছে ১২০০ থেকে ২০০০ কোন কোন ক্ষেত্রে, কাজেই আমরা যারা সিলেকশন কমিটিতে আছি তাতে অনেক সময় আমাদের বিপন্ন হতে হয়, এত ছেলেমেয়েরা আসে তারা টেকনিক্যাল স্কুলে পড়বার সুযোগ পায়না। আমি তাই সব কাজ এখন ছেড়ে দিয়ে প্রাথমিক শিক্ষাপ্রতিষ্ঠান করে টেকনিকেল স্কুলের সংখ্যা বাড়াবার চেষ্টা করুন। আর একটা কথা আমি বলতে চাই সেটা

হচ্ছে এই যে নাম্বার অব স্কুলস এবং কলেজস্ বাড়ছে, প্রাইমারী স্কুল থেকে আরম্ভ করে, তাতে সুশিক্ষিত শিক্ষকের সংখ্যা অত্যন্ত কম, তাই সব জায়গায় স্কুল কর্তৃপক্ষরা বিশেষ অসুবিধা ভোগ করছেন। সেজন্য আমি বলি যে বঙ্গীয় সরকার কলকাতা বিশ্ববিদ্যালয় এবং অন্যান বিশ্ববিদ্যালয়কে আর বেশী করে অর্থ সাহায্য করুন যাতে তারা এম-এ, এম-এস-সি, বি-টি ছাত্রের সংখ্যা বাড়াতে পারে। কলকাতা বিশ্ববিদ্যালয়ে ৬০।৬৫ জনের বেশী এম, এস, সি, পড়াবার ব্যবস্থা নাই, যাদবপুরেও সেই অবস্থা, তাদের সংখ্যা অত্যন্ত কম। অথচ টেকনিকেল স্কুল বাড়ছে, হাইয়ার সেকেন্ডারী স্কুলস্ সায়ান্স ষ্ট্রীম বাড়ছে, অনুমোদন পাচ্ছে। সহরে হয়ত কিছু কিছু লোক পাওয়া যায় কিন্তু গ্রামে পাওয়া যায়না। তাই এর এক মাত্র প্রতিকার বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষকে প্রচুর অর্থ সাহায্য করা যাতে তাঁরা এম, এস, সি ক্লাসে আর বেশী সংখ্যক ছাত্র পড়াতে পারে।

আমি শেষ কথা শিক্ষকদের সম্বন্ধে বলবো। আজকে অনেক বন্ধু বিরোধী পক্ষের শিক্ষকদের কথা বলেছেন। তাঁরা যে মজুরী পান, শিক্ষকদের যে মাইনে দেওয়া হয় তা যে অত্যন্ত কম তাতে সন্দেহ নাই। একথা ঠিক যে যে সমস্ত শিক্ষক প্রতিষ্ঠান আছে তারা বহুদিন ধরে বহুবার আবেদন নিবেদন করেছে সরকারের কাছে, কিন্তু তাদের আশা ব্যর্থ হয়েছে। ফলে দাঁড়াচ্ছে যে প্রথমে আবেদন নিবেদন করে ধীরে ধীরে তারা আন্দোলনের পথে অগ্রসর হচ্ছে এবং এই আন্দোলন যে কিরূপ ধারণ করেছে তা আপনারা সকলে দেখতে পাচ্ছেন। দেশের যে বর্তমান পরিস্থিতি, চতুর্দিকে যে অশান্তি দেখা দিয়েছে এই অশান্তি দূর করতে হলে একমাত্র পথ হচ্ছে সুশিক্ষার ব্যবস্থা করা। সুশিক্ষার ব্যবস্থা করতে গেলে ভাল শিক্ষক দরকার এবং ভাল শিক্ষক যদি আবশ্যক মনে করেন তাহলে তাদের উপযুক্ত বেতন থাকা দরকার। অবশ্য এটাও ঠিক যে গভর্নমেন্টের আর্থিক অবস্থা যেরকম তাতে তার বেশী বেতন বৃদ্ধি করা গভর্নমেন্ট-এর পক্ষে সম্ভব নয়। কিন্তু তাহলেও শেষ পর্যন্ত আবেদন নিবেদনের পর তাঁরা যখন আন্দোলনের পথে যাচ্ছেন, তখন হঠাৎ বেতন বৃদ্ধি হল। আমি জানি যে ডাক্তার রায় যখন ছিলেন তখন তাঁরা আন্দোলন করেছিলেন। তিনি তাদের কথা শুনলেন না। তারপর যখন আন্দোলন ভীষণ আকার ধারণ করল তখন তিনি মাধ্যমিক শিক্ষকদের বেতনের হার বাড়িয়ে দিলেন এবং বেতনের হার যা হয়েছে তা যথেষ্ট হয়েছে। আমি এই কথা বলে গভর্নমেন্ট-এর কাছে জানাব যে তাঁরা শিক্ষা সম্বন্ধে আরো বেশী অগ্রণী হবার চেষ্টা করুন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Adjournment

The House was then ajourned at 6-6 p.m. till 1 p.m. on Monday, the 15th February, 1965, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Monday, the 15th February, 1965, at 1 p.m.

Present:

Mr. Speaker (Shri Keshab Chandra Basu) in the Chair, 10 Ministers, 3 Ministers of State and 156 Members.

STARRED QUESTIONS
(to which oral answers were given)

[1—1-10 p.m.]

West Bengal Government aircraft and Durgapur Conference

***57.** (Admitted question No. *4.) **Shri Kashi Kanta Maitra:**

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ইহা কি সত্য যে—

(ক) অধুনা অনুষ্ঠিত দুর্গাপুর কংগ্রেস অধিবেশনে যোগদানকারী শ্রীমতী ইন্দিরা গান্ধীকে দুর্গাপুর থেকে কলকাতা আসার জন্য পশ্চিমবঙ্গের ডাকোটা বিমানটিকে প্রেরণ করা হয়;

(খ) উক্ত কংগ্রেস সম্মেলনে যোগদানকারী ভি আই পিদের জন্য এই বিমানটিকে কাজে লাগান হয়; এবং

(গ) সত্য হইলে, দুর্গাপুর সম্মেলনের জন্য এই বিমানটির জন্য কত টাকা ব্যয় হইয়াছে?

Shri Saila Kumar Mukherjee:

(ক) হ্যাঁ, প্রেরণ করা হয়। (খ) হ্যাঁ। (গ) ইহার জন্য সরকারের কোন ব্যয়ই হয় নাই।

Shri Kashi Kanta Maitra:

পশ্চিমবঙ্গ সরকারের এই যে ডাকোটা বিমান আছে সেই ডাকোটা বিমান কি কি কাজের জন্য ব্যবহার করা হয় এবং অতীতে কোন কোন কাজে ব্যবহার করা হয়েছে এবং এটা কি সত্য পশ্চিমবঙ্গ সরকারের যে ডাকোটা বিমান আছে সেটা একমাত্র সরকারের অফিসিয়াল কাজে ব্যবহৃত হতে পারে?

Shri Saila Kumar Mukherjee:

এমন নিয়ম নেই। সরকার এর থেকে অর্থাগম কিছু করতে পারে। গভর্নমেণ্ট অফ ইণ্ডিয়া এ্যাভিয়েশন ডিপার্টমেণ্ট-এর যে চার্টার্ড রেট আছে সেই অনুসারে ভাড়া দেওয়া হয়। আমাদের বিমান যখন বসে থাকে তখন আমরা ভাড়া দিই, কারণ এর জন্য একটা মাসিক ব্যয় হয়। সুতরাং অন্যের চার্টার্ড রেটএ যে কোন প্রতিষ্ঠানকে দিতে পারি এবং পূর্বেও দেওয়া হয়েছে।

Shri Kashi Kanta Maitra:

শ্রীমতী ইন্দিরা গান্ধীকে দুর্গাপুর থেকে কোলকাতা এই ডাকোটা বিমানে আনা হয়েছিল, কিন্তু সেই বিমানে আসার জন্য তিনি কি ভাড়া দিয়েছিলেন এবং তা কত?

Shri Saila Kumar Mukherjee:

উনি দেখেনি, রিলেশনস কমিটি এই ভাকোটাটি আমাদের কাছ থেকে ১৯, ৬, ৮, ১০, ১২, ১৬, ২০, ২১ তারিখে আইনতঃ নিয়ম অনুসারে চার্টার্ড করেছিলেন এবং সেই চার্টার্ড-এ ৮ হাজার ৪৬০ টাকা ৫২ নঃ পঃ পেয়েছিলাম—সরকারের একটা পয়সাও খরচ হয়নি।

Dr. Kanai Lal Bhattacharya:

আপনি কি বলবেন এই কদিন বিমান পরিচালনা করার জন্য সরকারের কত ব্যয় হয়েছিল ? অর্থাৎ বিমানটি জলে নিশ্চয় চলে নি, তখন তৈল ইত্যাদি বাবদ সরকারের কত খরচ হয়েছিল ?

Shri Saila Kumar Mukherjee:

সেটা হচ্ছে আমাদের প্লেন এটা একটা এয়ারকণ্ডিশানএর সঙ্গে মেইণ্টেনেন্স-এর বন্দোবস্ত আছে। এর জন্য দৈনিক আমাদের কোন খরচ হয় না। মাসিক এই প্লেনটা এয়ার ক্যারিং করপোরেশন মেইনটেন্স করেন তাঁরা পাইলট দেন তারজন্য একটা নির্ধারিত মাসিক ব্যবস্থা আজ ৩ বছর ধরে চলছে। সরকার ছাড়া অন্য কোন প্রতিষ্ঠান হিসাবে যেমন ডিফেন্স এটা নিয়েছিল এবং সরকারের তাতে উপরন্তু কিছু অর্থাগম হয় এবং চার্টার্ড প্ল্যান অনুসারে ভাড়া দেওয়া হয়।

Dr. Kanai Lal Bhattacharya:

এই বিমানটি চলাচল করার জন্য কি খরচ হচ্ছে তা জানতে চেয়েছি—অর্থাৎ আমি জানতে চেয়েছি দুর্গাপুর যাওয়া ও আসা এই কয়েকদিন ধরে যে হয়েছিল তার জন্য তেল বাবদ কত খরচ হয়েছিল ?

Shri Saila Kumar Mukherjee:

অতিরিক্ত এক আউন্সও তেল খরচ হয় নি। একটা প্লেন চললে নিয়মমত যে খরচ হয় তাই হয়েছে এবং মাসিক ভাড়া দিলে যে আদায় হয় সেটার পাই পয়সা আদায় হয়।

Dr. Kanai Lal Bhattacharya:

মাননীয় মন্ত্রিমহাশয় হয় আমার প্রশ্ন বুঝে উঠতে পারেন নি অথবা বুঝছেন না, আমার কথা হচ্ছে এই প্লেন যদি বসে থাকতো অথবা প্লেন যদি না উঠতো তাহলে তেল খরচ হত না। আমি জিজ্ঞাসা করছি যে এই কদিন ওড়ার জন্য কি পরিমাণ তেলের খরচ হয়েছে ?

Shri Saila Kumar Mukherjee:

শুধু তেলের জন্য খরচ হয়নি, যে খরচ হয় সে অতিরিক্ত খরচ আদায় হয় চার্টার্ড রেট ফিক্সড বাই দি গভর্নমেণ্ট অফ ইণ্ডিয়া ।

Shri Hemanta Kumar Basu:

চার্টার্ড করলে সে সময় কত তেল খরচ হয় ?

Shri Prafulla Chandra Sen:

আমাদের যে চার্টার্ড আছে তাতে লোকসান হবার কথা নয়, আমরা চার্টার্ড যখন করি তখন হিসাব দেখে করি কত মাইল যাবে, কত মাইল আসবে তা দেখে আমরা করি, এবং দেখি তার জন্য কত তেল খরচ হয়েছে, সেই খরচের উপর সামান্য লাভ রেখে দিয়ে আমরা করি।

Dr. Kanai Lal Bhattacharya:

মাননীয় মন্ত্রীমহাশয় যা বললেন আমাদের মাননীয় অর্থমন্ত্রী তা বলেন নি। আমি জিজ্ঞাসা করছি ৮ হাজার টাকা যেটা আমরা পেয়েছি সেটা কি সবই লাভ হয়েছে।

Shri Saila Kumar Mukherjee:

আমি এর উত্তর আগেই দিয়েছি

Mr. Speaker : স্টেটমেণ্ট-এ মুখ্য মন্ত্রিমহাশয় তো বললেন।

Shri Prafulla Chandra Sen:

আমাদের অর্থমন্ত্রি মহাশয় যা বলেছেন আমি তাই বললাম আমরা এটা ব্যবহার করছি। আমরা কেন্দ্রের মন্ত্রিদেরও এটা ব্যবহার করতে দিই। আমরা প্রথম ব্যবহার করতে দিই আমাদের কেন্দ্রের রেল মন্ত্রীকে, এছাড়া আমরা পার্লামেণ্টারী এফেয়ার্সের মন্ত্রী মহাশয়কে দিই এবং আমাদের আইনমন্ত্রীকেও দিই। আমি নিজে ডাকোটায় গিয়েছিলাম আমরা ইচ্ছা করলেই ১ পয়সা চার্টার্ড না দিয়েই যেতে পারতাম কিন্তু তা সত্বেও আমাদের রিসেপসান কমিটি ভাড়া দিয়েছে।

Dr. Kanai Lal Bhattacharya:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি অন্য কোন ব্যবসায়ী প্রতিষ্ঠান কিম্বা অন্য কোন নাগরিক যদি প্লেন ব্যবহার করতে চান তাহলে সেটা দেবেন কি না ?

Shri Prafulla Chandra Sen:

আমরা এ পর্যন্ত যা দিচ্ছি, আমরা ইমারজেন্সির সময় ডিফেন্স ডিপার্টমেণ্টকে দিয়েছি কয়েক মাস। আমরা তারপর ঠিক করেছি কয়েক মাস যে টুরিস্ট যদি চায় বিশেষ করে বিদেশী টুরিস্ট তাহলে দেবো। আমাদের প্লেন যদি বসে থাকে এবং কোন মন্ত্রীর যদি ব্যক্তিগত কাজে বা ঐরূপ কাজে দরকার হয় তাহলে আমরা দেবো। প্রাইভেট কাউকে দেবো কি দেবো না তা আমরা ঠিক করতে পারি নি।

Shri Nani Bhattacharjee:

ভাড়ার হার কিরূপ ?

Shri Prafulla Chandra Sen:

সেই হার হিসাব করে অতিরিক্ত প্রশ্ন করলে বলবো।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে ডাকোটা বিমান কেন্দ্রীয় মন্ত্রী এবং অন্যান্য ভি, আই, পি দের দেওয়া হয়। সেই সমস্ত ভি, আই, পিরা কি সকলেই মন্ত্রী বা নন্ অফিসিয়াল থাকেন তা জানতে চাই।

Shri Prafulla Chandra Sen:

আমি আগেই বলেছি যে আমরা ৪ বা ৫ দিন ঐ ধরণের ব্যবহার করেছি, এটা কেন্দ্রীয় মন্ত্রীরা করেছেন এবং রাজ্যের অন্য মন্ত্রীরাও চার্টার্ড করেছেন। আমাদের চার্টার্ড করবার সময় যা নিয়ম আছে সেই অনুসারেই ভাড়া আদায় করে থাকি। ।

Shri Sailendra Nath Adhikary:

চার্টার্ড যে রেট সেই রেটএ ভাড়া আদায় করে নিচ্ছেন কিন্তু আমি জিজ্ঞাসা করি যে Is it for an official purpose or for a non-official purpose.

Shri Prafulla Chandra Sen:

অফিসিয়াল পারপাস বা নন-অফিসিয়াল পারপাস-এর কথা উঠে না। আমাদের ডাকোটা বিমান আছে, এবং সে ডাকাটো বিমান আমরা প্রত্যেকেই ব্যবহার করতে পারি না। আমাদের মন্ত্রী

মহাশয়রা এবং সরকারী কর্মচারীরা প্রয়োজনমত সেটা ব্যবহার করেন। এটা আমরা কেন্দ্রীয় সরকারের ডিফেন্স মিনিস্ট্রিকে ব্যবহার করবার জন্য কয়েকমাস দিয়েছিলাম এবং আমরা বিদেশী টুরিস্টদের ব্যবহার করতে দিচ্ছি এবং সম্প্রতি আমরা দুর্গাপুরে কংগ্রেসের যে অধিবেশন হয়ে গেল সেই অধিবেশনে আমাদের কেন্দ্রীয় মন্ত্রীরা এটা চেয়েছিলেন আমরা তাঁদের কাছ থেকে ভাড়া নিয়ে সেটা ব্যবহার করতে দিয়েছি।

[1-10—1-20 p.m.]

Shri Kashi Kanta Maitra:

অর্থমন্ত্রী বল্লেন যে এই একজিসটিং এ্যারেঞ্জমেণ্ট যে হচ্ছে—কোন এয়ার ক্যারিং কোম্পানীর সঙ্গে যা ব্যবস্থা আছে মেণ্টেনেন্সের তারা সমস্ত কিছু দেখাশুনা করেন এবং আমাদের মুখ্যমন্ত্রী বল্লেন যে ভাড়ার ব্যাপার নিয়ে—এটা জানা কথা যে লোকসান হবে এই মনে করে আমরা কখনও রেট বাঁধিনি—আমি জিজ্ঞাসা করছি যে প্রথমত এই ডাকোটা ইতি-মধ্যে কেনার পর যে ব্যবহৃত, হয়ে আসছে এর থেকে পশ্চিমবঙ্গ সরকারের এক নয়া পয়সা আয় হয়েছে কিনা ? দ্বিতীয়ত: এই এয়ার ক্যারিং কোম্পানী, যাদের উপর মেণ্টেনেন্সের ব্যবস্থা দেওয়া রয়েছে তাদের ব্যবসার স্বার্থে এই ডাকোটা কোনদিন ব্যবহার করে নি এই রকম এ্যাসিওরেন্স দিতে পারেন কিনা ?

Shri Prafulla Chandra Sen:

প্রথম প্রশ্নের উত্তরে এটা আমি বলতে পারি যে সরকার এই যে বিমান রেখেছে সেটা আয় করবার জন্য রাখেন নাই বা ব্যবসা করবার জন্য রাখেন নাই—সরকারী কাজের সুবিধার জন্য রেখেছেন—দ্বিতীয়ত: যে এয়ার করপোরেশন-যাদের হেফাজত করবার জন্য দেওয়া হয়েছে তাদের ব্যবসার জন্য এই বিমান ব্যবহার করতে পারেন না এবং আমাদের কাছ থেকে এর জন্য কোন অনমতিও কোন দিন নেন নি এবং ব্যবহারও করেন নি।

Shri Anadi Das:

অর্থমন্ত্রী বল্লেন যে চাটার্ড করা হয়েছিল—রিসেপসন কমিটি, তারা চাটার্ড করেছিল এবং তারা পাই পয়সা মিটিয়ে দিয়েছে—আমি মুখ্য মন্ত্রীকে বলছি যে কেন্দ্রীয় মন্ত্রী যে বলে-ছিলেন যে আমাদের ব্যবহার করতে দেওয়া হোক—তাহলে এই চাটার্ড কার নামে দেওয়া হয়েছে ?

Shri Prafulla Chandra Sen:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কেন্দ্রীয় মন্ত্রী আমাদের এই বিমান ব্যবহার করবার জন্য আমাদের কাছে জানিয়েছিল। এই বিমান ব্যবহার করলে পর কি খরচ দিতে হবে সেটা আমাদের রিসেপ-সন কমিটি জানিয়ে দিয়েছিল যে কেন্দ্রীয় মন্ত্রীর কাছে আদায় কর—আমরা তাদের খরচ দেবো।

Rabindra Memorial Prizes

***58.** (Admitted question No. *24.) **Shri Monoranjan Bakshi:**

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকার ১৯৬৩-৬৪ সালের জন্য কোন্ কোন্ ব্যক্তিকে রবীন্দ্র স্মৃতি পুরস্কার প্রদান করিয়াছেন;

(খ) উক্ত পুরস্কারের আর্থিক পরিমাণ কত; এবং
(গ) কোন্ কোন্ ব্যক্তিকে লইয়া উক্ত পুরস্কার প্রদানের বিচারক মণ্ডলী গঠন করা হয়?

Shri Rabindralal Sinha:

(ক) ১। শ্রীবিমল মিত্র
২। ডঃ মৃত্যুঞ্জয় প্রসাদ গুহ
৩। শ্রীশঙ্কর নাথ রায়
(ওরফে প্রমথ নাথ ভট্টাচার্য্য)।

(খ) প্রত্যেকটি ৫০০০৲ টাকা হারে মোট তিনটি পুরস্কারের আর্থিক পরিমাণ ১৫,০০০৲ টাকা মাত্র।

(গ) প্রখ্যাত সাহিত্যিক ও সুধী ব্যক্তিদের লইয়া বিচারকমণ্ডলী গঠন করা হয়। ১৯৬৩-৬৪ সনের বিচারক মণ্ডলীতে ছিলেন:—

১। শ্রীসুধীরঞ্জন দাস—সভাপতি
২। ডঃ সুনীতি কুমার চট্টোপাধ্যায়—সদস্য
৩। অধ্যাপক দেবেন্দ্রমোহন বসু—সদস্য
৪। ডঃ কালিদাস নাগ—সদস্য
৫। শ্রীঅর্ধেন্দু কুমার গাঙ্গুলী—সদস্য
৬। অধ্যাপক প্রিয়দারঞ্জন রায়—সদস্য
৭। ডঃ শশীভূষণ দাসগুপ্ত—সদস্য
৮। ডঃ উপেন্দ্রনাথ ঘোষাল—সদস্য
৯। মঃ মহোঃ কালীপদ তর্কাচার্য্য—সদস্য
১০। ডঃ ধীরেন্দ্রমোহন সেন, শিক্ষা সচিব—সদস্য

Pay-scales and Providend Fund Schemes for the Library Staff

***59.** (Admitted question No. *46.) **Shri Sanat Kumar Raha:**

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি গ্রন্থাগারের সহিত যুক্ত কর্মচারীদের বেতন ও ভাতা বৃদ্ধির ব্যাপারে এবং স্কেল ও প্রভিডেণ্ট ফাণ্ড নির্ণয়ের বিষয়ে সরকারের কোন পরিকল্পনা আছে কি না?

Shri Rabindralal Sinha:

সরকারী সাহায্যে পরিচালিত গ্রন্থাগারসমূহের কর্মচারীদের জন্য বেতন ক্রম প্রবর্তনের প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

কেন্দ্রীয় সরকারের সহায়তায় চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় এই প্রস্তাব কার্য্যকরী করিবার চেষ্টা করা হইতেছে।

Shri Gour Chandra Kundu:

মাননীয় শিক্ষা মন্ত্রী কি বলবেন যে বর্তমানে সরকারী অনুমোদিত গ্রন্থাগারিকদের বেতন কত, সহ-গ্রন্থাগারিকদের বেতন কত?

Shri Rabindralal Sinha:

বর্তমান বেতন হচ্ছে রুরাল লাইব্রেরীর লাইব্রেরীয়ান ৭৫ টাকা। এরিয়া লাইব্রেরী ৫৫–৮০ এবং ২৫ টাকা ডি এ, সাবডিভিসনাল এবং টাউন লাইব্রেরীর এখনও স্টাফ স্যাংসন করা হয়নি। আর ডিস্ট্রিক্ট লাইব্রেরীর লাইব্রেরীয়ান ২৫০ টাকা। লাইব্রেরী অ্যাসিস্টাণ্ট ৭৫ টাকা,

লাইব্রেরী অ্যাটেনডেণ্ট ৬০ টাকা, ড্রাইভার ১২৫ টাকা, ক্লিনার ৫০ টাকা, পিওন ৫০ টাকা দারোয়ান ৫০ টাকা। নাইট ওয়াচম্যান ৫০ টাকা।

Shri Gour Chandra Kundu:

মন্ত্রিমহাশয় কি বলবেন যে এদের সরকারী কর্মচারী হিসাবে গণ্য করেন কিনা এবং যদি গণ্য করেন তাহলে এঁদের সরকারী কর্মচারীদের মত স্কেল দেয়া হবে কিনা?

Shri Rabindralal Sinha:

এদের সরকারী কর্মচারী বলে গণ্য করা হয় না বলেই আমার ধারণা এবং এঁদের পে স্কেল সম্বন্ধে আমরা বিবেচনা করছি কি করা হবে—এখন বলতে পারবো না।

Shri Aswini Roy:

এঁদের নিয়োগের সময় যোগ্যতার মান কি—জেলা, আঞ্চলিক এবং গ্রামীন গ্রন্থাগারিকদের?

Shri Rabindralal Sinha:

এটা আমি আমার আইনে পাচ্ছি না, তবে নূতন করে যখন আমরা স্কেল তৈরী করবো তখন নিশ্চয়ই যোগ্যতা বেঁধে দেব।

Shri Kashi Kanta Maitra:

এই যে রুরাল লাইব্রেরীর যে সমস্ত লাইব্রেরীয়ানরা বা অ্যাসিস্ট্যাণ্ট কাজ করছেন গত ৮।১০ বছর যাবৎ এঁরা ফিক্সড পে-তে কাজ করে যাচ্ছেন এবং সমস্ত শ্রেণীর কর্মচারীদের কিছু কিছু বেতন বেড়েছে—আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি যে এই সার্ভিস চালু হবার পর থেকে, অর্থাৎ রুরাল লাইব্রেরী স্কীম ইমপ্লিমেণ্ট হবার পর থেকে আজ পর্যন্ত এই সমস্ত কর্মচারীদের কোন রকম বেতন বৃদ্ধি করা হয়েছে কিনা এবং চতুর্থ পরিকল্পনায় বেতন বৃদ্ধি সম্পর্কে যে চূড়ান্ত সিদ্ধান্ত আপনারা নেবেন সেটা সাপেক্ষে একটা ইণ্টারিম অ্যারেঞ্জমেণ্ট করে তাদের কোন ইণ্টারিম রিলিফ দেয়ার কথা সরকার বিবেচনা করবেন কিনা?

Shri Rabindralal Sinha:

এখন এরকম কোন প্রশ্ন বিবেচনাধীন নেই।

Shri Sanat Kumar Raha:

ফোর্থ প্ল্যানে নূতন করে কনসিডার করে তাদের জন্য রেট্রোসপেকটিভ এফেক্ট দেয়া হবে কি?

Shri Rabindralal Sinha:

যে স্কীম এখনও পর্যন্ত তৈরী হল না সেটা সম্বন্ধে আমি এখন কিছু বলতে পারবো না। প্রশ্ন করলে কি ঘটেছে সেটা বলতে পারি
I can give you information.

College of Technology at Burdwan

***60.** (Admitted question No. *97.) **Shri Aswini Roy:** (a) Will the Minister-in-charge of the Education Department be pleased to state if it is a fact that the Burdwan University had submitted a scheme for opening a College of Technology at Burdwan?

(b) If the reply to (a) be in affirmative, will the Minister be pleased to state as to when the said scheme is likely to be implemented?

Shri Rabindralal Sinha : (a) Yes. They submitted a scheme to the University Grants Commission.

(b) It has been suggested by the All India Council for Technical Educaton and the Central Government, that the Degree courses in (i) Chemical Technology and (ii) Instrumentation Technology and Automatic Control should be instituted in the Regionl Engineering College, Durgapur, and not at Burdwan.

Shri Aswini Roy:

অল ইণ্ডিয়া কাউন্সিল এবং সেণ্ট্রাল গভর্নমেণ্ট রেকমেণ্ডেসন দেয়ার পরে বর্তমানে কি অবস্থায় আছে এবং কখন ঐ দুর্গাপুর ইঞ্জিনীয়ারিং কলেজে ঐ বিষয়গুলি প্রবর্ত্তিত হবে ?

Shri Rabindralal Sinha : State Government have agreed to the proposal to offer these courses at the Regional Engineering College, Dugrapur. The Principal of the College is, under instruction from the Ministry of Education, preparing a scheme for starting the courses in July 1965. The courses of study are being drawn up and estimates of physical facilities required for running these courses are being worked out taking into account the facilities already available in the College.

Shri Aswini Roy:

মাননীয় মন্ত্রিমহাশয়তো জানেন যে বর্ধমানে একটা ইনস্টিটিউট অব টেকনোলজি আছে। সেটাকে উন্নত করবার কোন পরিকল্পনা এর সঙ্গে আছে কি ?

Shri Rabindralal Sinha:

সেটা সম্বন্ধে আলাদা প্রশ্ন দিলে আমি বলতে পারব।

Dues of the Secondary School teachers from the Board of Secondary Education

***61.** (Admitted question No. *115.) **Dr. Narayan Chandra Roy:**

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬১ সালের এপ্রিল মাস হইতে মাধ্যমিক শিক্ষকগণের জন্য বেতনের যে নূতন স্কেল প্রবর্তন করা হয় সেই বাবদ মাধ্যমিক শিক্ষা বোর্ডের নিকট উক্ত শিক্ষকগণের কোন বকেয়া প্রাপ্য আছে কিনা।

(খ) এই বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষকগণের নিকট হইতে বোর্ড বা শিক্ষা বিভাগ কোন আবেদন পাইয়াছেন কি না ;

(গ) সে বকেয়া প্রাপ্য কি কি ধরণের এবং তাহার মোট পরিমাণ কত ; এবং

(ঘ) এই প্রাপ্য টাকা মিটাইয়া দিতে দেরী হওয়ার কারণ কি ?

[1-20—1-30 p.m.]

Shri Rabindralal Sinha:

(ক) নূতন মধ্যশিক্ষা পর্ষৎ আইন প্রবর্ত্তনের ফলে ১।১।৬৪ ইং তারিখ হইতে মাধ্যমিক বিদ্যালয়ের সাহায্য মঞ্জুর করার দায়িত্ব শিক্ষা অধিকর্তার উপর ন্যস্ত হইয়াছে। এর পূর্বে ঐ দায়িত্ব পর্ষতের ছিল। ১৯৬৩-৬৪ সালের পূর্বেকার প্রাপ্য বাবদ মঞ্জুরী কোনও কোনও ক্ষেত্রে পর্ষৎ দিতে পারেন নাই।

(খ) কয়েকটি আবেদন পাওয়া গিয়াছে।

(গ) শিক্ষকগণের বকেয়া প্রাপ্য প্রধানতঃ নূতন স্কেল প্রবর্তন বাবদ। প্রাপ্য বকেয়া টাকার সম্পূর্ণ হিসাব পর্ষৎ হইতে এখনও পাওয়া যায় নাই।

(ঘ) প্রাপ্য বকেয়া টাকার সম্পূর্ণ হিসাব পর্ষৎ হইতে না পাওয়ার জন্যই উহা এখনও মিটান সম্ভবপর হয় নাই। উক্ত প্রাপ্য টাকা হিসাবের জন্য পর্ষৎকে অনুরোধ করা হইয়াছে।

Dr. Narayan Chandra Roy:

হিসাবটা পেলে আপনারা ঐ টাকাটা কি পুরাপুরি মিটিয়ে দেবেন?

Shri Rabindralal Sinha:

টাকাটা স্যাংশন গ্রাণ্ট, নিশ্চয়ই পুরাপুরি মেটাতে হবে। তবে ১৯৬৩-৬৪ সালে যেটা বাকি ছিল সেটা দিয়েছি। তার পূর্বেকার যেটা বাকি সেটা বাজেটেড এ্যামাউণ্ট নয়। সুতরাং সেটা এলে আমরা মিটিয়ে দেব যত তাড়াতাড়ি সম্ভব।

Shri Sanat Kumar Raha:

এটা বোর্ড থেকে কি নাগাদ পাবেন তার একটা ডেট ফিক্স করে দেওয়া উচিত। কতকাল থাকবে এই বাকি বকেয়া, কতদিনের মধ্যে পাওয়া যাবে আশা করা যায়?

Shri Rabindralal Sinha:

এ কথা বলা আমার পক্ষে অসম্ভব। তবে তাগাদা যা দেবার দিয়েছি, আমি অলরেডি আমার ডিপার্টমেণ্টকে ডিরেকসান দিয়েছি পর্ষৎ থেকে তাড়াতাড়ি নিয়ে এসে দিয়ে দিন।

Shri Nani Bhattacharjee:

কিন্তু প্রশ্নটা হচ্ছে পর্ষৎ জবাব দিচ্ছে না। আপনারা কি পর্ষৎকে জিজ্ঞাসা করেছেন যে কি কারণে এই সমস্ত হিসাব নিকাশ কমপ্লিট হচ্ছে না, কি কারণে তোমরা এই হিসাবটা তাড়াতাড়ি করে উঠতে পারছ না এবং পর্ষৎ কি সে সম্বন্ধে কোন কিছু জানিয়েছে যে হিসাব নিকাশ না হওয়ার কারণ কি?

Shri Rabindralal Sinha:

কারণ আমি সঠিক বলতে পারব না। তবে এইটুকু বলতে পারি যে সকলের বাকি নাই, কোন কোন ক্ষেত্রে ফিক্সেসানের কিছু গোলমাল আছে এবং অডিটেড এ্যাকাউণ্ট, ওরা যা বলেন, এটা আমি বলতে পারব না, সর্বক্ষেত্রে ঠিকমত না পাওয়ায় এবং কতকগুলি এক্সপ্ল্যানেসান স্কুল কনসার্ণ্ড-এর কাছে চাওয়া হয়েছে সেগুলি ঠিকমত না পাওয়ার জন্য তাদের পক্ষে দিতে বিলম্ব হচ্ছে। আশা করা যায় তাঁরা সেটা ত্বরান্বিত করবেন।

Proposed boycott of University examinations by the College teachers

***62.** (Admitted question No. *124.) **Dr. Golam Yazdani:** (a) Will the Minister-in-charge of the Education Department be pleased to state if it is a fact that College Teachers' Associations have recently given notice that they would not accept examination papers of different University Examinations?

(b) If the answer to (a) be in affirmative, will the Minister be pleased to state—

(i) whether the Government have ascertained reasons for the same;

(ii) if so, what are the reasons; and

(iii) what steps have the Government proposed to take to stop the intending deadlock in the University examinations?

Shri Rabindralal Sinha: (a) Yes.

(b) (i) and (ii) The West Bengal College and University Teachers' Associations have prayed for the following:—

(i) Regular payment of improved salary of college teachers in accordance with the University Grants Commission scales of pay.

(ii) Grant of Provident Fund benefits on the difference of pay between the University Grants Commission's scales of pay and the college scale of pay.

(iii) Extension of the benefit of the University Grants Commission's scales of pay to teachers appointed in new posts, not covered by the University Grant Commission Grants, in existing colleges.

(iv) Grant of the benefit of University Grant Commission's scales of pay to teachers of new colleges established during the Third Plan.

(v) Further upward revision of the salary scales of college teachers.

(vi) Increase of Government dearness allowance to college teachers.

(b)(iii) The Universities conduct the examinations.

It is for them to take steps so that the examinations are held. The Education Minister and the Chief Minister had discussions with the representatives of the Teachers' Association about the teachers' demands. A full statement was made in the House on this subject on the 12th February, 1965.

Durgapur Session of the Indian National Congress

*63. (Admitted question No. *236.) **Shri Gopal Basu:** Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) whether the West Bengal Government has spent any sum in connection with the Durgapur Session of the Indian National Congress; and

(b) if the answer to (a) be in the affirmative will the Minister be pleased to state what is the total sum spent and on what items the said amount has been spent?

Shri Saila Kumar Mukherjee: (a) None for the Congress Session as such but mainly for the Industrial and Agricultural Exhibition in connection with the session.

(b) Detailed information is being collected. From the information received up to 12th February 1965 an amount of Rs. 7,50,668.33 was spent on the items noted below:—

	Rs. P.
(i) T. A. and D.A. of officers and staff	5,312·11
(ii) Pavilion and staff of West Bengal Government in the Exhibition.	5,66,931·96
(iii) Grant to Khadi and Village Industries Board for their Exhibition.	50,000·00
(iv) Construction of a model of Kangsabati Project ..	3,724·00
(v) Sanitary arrangements	1,03,265·00
(vi) Illumination of the Bus and car parks	21,000·00
(vii) Miscellaneous expenditure	159·26
(viii) Driver and petrol	276·00
Total ..	7,50,668·33

Shri Kashi Kanta Maitra:

এই যে আপনি বললেন যে দুর্গাপুর কংগ্রেসের জন্য এই খরচ হয় নাই, টাকাটা খরচ করা হয়েছে ইণ্ডাস্ট্রিয়াল অ্যাণ্ড এগ্রিকালচারাল এক্সিবিশন-এর জন্য হুইচ ওয়াজ...আমি জিজ্ঞাসা করছি তাহলে কংগ্রেস দলের বার্ষিক সম্মেলন যেখানে হচ্ছে সেখানে এই ধরণের ব্যয় করে যে এক্সিবিশন করা হয়, তার কারণটা কি এবং তার যৌক্তিকতা কী?

Shri Prafulla Chandra Sen:

আমাদের মতে যেখানে খুব বেশী লোক সমাগম হয়। তা ছাড়া কংগ্রেস ভারতবর্ষের মধ্যে সর্ব জনপ্রিয় প্রতিষ্ঠান বলে তার অধিবেশনে লোক সমাগম সবচেয়ে বেশী হয়। সেই হাজার হাজারলোকের সামনে সমগ্রদেশের শুধু পশ্চিমবঙ্গ রাজ্যের নয়, সমগ্র রাজ্যের বিভিন্ন বিভাগে কি রকম উন্নয়ন হয়েছে, তার চিত্র আমরা তুলে ধরতে চাই। সেই উদ্দেশ্যে আমরা এই প্রদর্শন করে থাকি। আমাদের দেশে আজকে অন্য কোন রাজনৈতিক প্রতিষ্ঠান সে কম্যুনিস্টই হোক, পি-এস-পি-ই হোক, ফরওয়ার্ড ব্লকই হোক তাঁরা যদি তাদের অধিবেশনের সময় আমাদের প্রদর্শনী করতে ডাকেন, তাহলে সানন্দে আমরা গিয়ে তথায় হাজির হব।

Dr. Kanai Lal Bhattacharya:

পশ্চিমবঙ্গ সরকারের কোন্ কোন্ কর্মচারীর ওখানে যাবার জন্য কত টাকা খরচ হয়েছিল—সেটা বলবেন কী?

Shri Saila Kumar Mukherjee:

সরকারের বিভিন্ন বিভাগ থেকে বিভিন্ন জেলা থেকে কুটির শিল্প এবং কৃষি শিল্প থেকে তাঁরা যান। নোটিশ দিলে বিস্তারিতভাবে বলতে পারবো। কারণ এটা বলতে সময় লাগবে।

Dr. Kanai Lal Bhattacharya:

দুর্গাপুর কংগ্রেস অধিবেশনের সময় ওখানে সমস্ত প্রদেশ থেকে প্রায় ষোল শত কনষ্টেবল, পুলিশ ইনস্পেক্টর ও সাব-ইনস্পেক্টর জড় করা হয়েছিল ডিউটি দেবার জন্য তাদের জন্য পশ্চিমবঙ্গ সরকারের কি কোন ব্যয় হয় নাই?

Shri Saila Kumar Mukherjee:

আমি তো আগেই বলেছি এর মধ্যে সম্পূর্ণ তথ্য দেওয়া হয় নাই। পরে আর একটি কোশ্চেন আছে, তাতে বিস্তারিত করে বলতে পারবো।

[1-30—1-40 p.m.]

Dr. Kanai Lal Bhattacharya:

১৬০০ পুলিশের জন্য ওয়েস্ট বেঙ্গল গভর্নমেণ্ট ৫ হাজার টাকা খরচ করেছে একথা কেউ বিশ্বাস করবে না। আমি জানি বর্ধমান এবং অন্যান্য জায়গা থেকে ১০।১১ জন ডি. এম এম-কে সমস্ত কাজ ছাড়িয়ে ওখানে এমপ্লয় করা হয়েছিল এবং তার জন্য তাঁদের ডি.এ. ইত্যাদি দেওয়া হয়েছে। সেই খরচ ওখানে ধরা হয়নি—অথচ উনি বলছেন ১৬০০ পুলিশের জন্য ৫ হাজার টাকা খরচ হয়েছে। এটা কি কেউ বিশ্বাস করে?

Shri Saila Kumar Mukherjee:

আমি আগেই বলেছি ডটেল্ড ইনফর্মেসন ইজ বিয়িং কলেকটেড। যতটুকু হয়েছে আমি বলেছি এবং কোন বিভাগে কত হয়েছে সেটা আমি দেব।

Dr. Kanai Lal Bhattacharya:

এক্সিবিসন ছাড়া ওখানে যে স্টাফ নিয়োগ করা হয়েছে এবং তার জন্য পশ্চিমবঙ্গ সরকার যে খরচ করেছেন তাতে আমি মন্ত্রীমহাশয়ের কাছ থেকে জানতে চাই কংগ্রেস পলিটিক্যাল পার্টির সেসনের জন্য পশ্চিমবঙ্গ সরার কেন এই খরচ করেছেন?

Shri Prafulla Chandra Sen:

যখন কোথাও একটা মেলা হয় তখন আইন ও শৃঙ্খলা রক্ষা করবার জন্য আমাদের পুলিশ পাঠাতে হয়। সাগর মেলা যখন হয় তখন আমাদের পুলিশকে যেতে হয়, স্বাস্থ্য বিভাগকে যেতে হয় এবং অন্যান্য বিভাগকেও যেতে হয়। সেখানেও অনেক টাকা খরচ হয়, তবে তার সঙ্গে কংগ্রেসের নাম জড়িত থাকে না বলে সেই প্রশ্ন ওঠে না। এখানে কংগ্রেসের নাম জড়িত আছে প্রশ্ন উঠেছে এবং আমি নিশ্চয়ই তার উত্তর দেব। যেখানে লক্ষ লক্ষ লোক যায়, হাজার হাজার মোটর গাড়ী যায়, বিভিন্ন প্রদেশ থেকে লোক আসে এবং এমন কি বিভিন্ন প্রদেশ থেকে পকেট মাররা পর্যন্ত আসে সেখানে আইন, শৃঙ্খলা করবার জন্য সরকার নিশ্চয়ই পুলিশ পাঠাবেন এবং তার জন্য যত টাকা ব্যয় হবে সেটা নিশ্চয়ই করবেন। আমাদের নানা রকম প্রদর্শনী হয়, যেমন কৃষি প্রদর্শনী হয়, শিল্প প্রদর্শনী হয়, স্বাস্থ্য প্রদর্শনী হয়, কুটির শিল্প প্রদর্শনী হয় এবং খাদি বোর্ড থেকে প্রদর্শনী হয়। প্রত্যেক কংগ্রেস অধিবেশনে প্রত্যেক প্রদশ থেকে এগুলি করেন এবং তা দেখবার জন্য লক্ষ লক্ষ লোকের সমাগম হয় এবং তাঁরা এসব থেকে অনেক জিনিস শেখেন। কাজে কাজেই সেখানে যানবাহন চলাচল, লোকজন চলাচল এবং স্বাস্থ্য রক্ষা করবার জন্য সরকার ন্যায্য-ভাবে যা প্রয়োজন সেই টাকা নিশ্চয়ই খরচ করবেন।

Shri Deb Saran Ghosh:

এই এক্সিবিসন স্টল-এর জন্য অনেক টাকা খরচ হয়েছে, আমার প্রশ্ন হচেছ এর মাধ্যমে কোন ইনকাম হয়েছে কিনা?

Shri Prafulla Chandra Sen:

ইনকাম এইভাবে হতে পারে। আমাদের খাদি এবং কুটির শিল্প প্রদর্শনী যেটা হয়েছিল তাতে খাদি কমিশন কর্তৃক আমরা ক্ষমতা পেয়েছিলাম অর্থাৎ পশ্চিমবঙ্গ খাদি এবং ভিলেজ ইণ্ডাস্ট্রি বোর্ড ক্ষমতা পেয়েছিল। মাননীয় স্পীকার মহাশয় আপনি বোধ হয় জানেন এগুলি স্ট্যাটুটারী বোর্ড এবং খাদি প্রদর্শনীর জন্য অনেক টাকা খরচ হয়েছে। এই খরচের মধ্যে পশ্চিমবঙ্গ সরকার দিয়েছে ৫০ হাজার টাকা এবং কেন্দ্রীয় সরকারের নিযুক্ত খাদি কমিশন দিয়েছে ৩ লক্ষ টাকা। এতে বিভিন্ন প্রদেশ থেকে অংশ গ্রহণ করেছিল এবং রেশম শিল্প, কুটির শিল্প প্রভৃতি দেখাবার জন্য যে ডিমনেস্ট্রেটররা এসেছিলেন তারজন্য ব্যয় হয়েছে। তবে তাদের যদি কিছু বিক্রি হয়ে থাকে তাহলে তাদের লাভ হয়েছে, সরকারের কিছু লাভ হয়নি।

Shri Anadi Das:

এই এক্সিবিসন-এর জন্য সরকার কতখানি স্পেস অধিবেসনের অধিবেশনের রিসেপশন কমিটির কাছ থেকে নিয়েছিলেন সেটা জানাবেন কি?

Shri Prafulla Chandra Sen:

এই এক্সিবিসন-এর জন্য সরকার যেটুকু জমি দিয়েছিল তারজন্য সরকার পৃথকভাবে আদায় করেছে। তবে এসব খুটিনাটি প্রশ্নের উত্তর এখেকে দেওয়া সম্ভব নয়।

Shri Haridas Chakravarty:

অর্থমন্ত্রী মহাশয় যেটা বলেছেন ৭ লক্ষ টাকা খরচ হয়েছে, ডিটেইলস পরে দেবেন, সরকারী কর্মচারীদের বাবদ যেটা খরচ হয়েছে সেটার ডিটেইলস পরে দেবেন, আমার প্রশ্ন হচেছ

এই যে ৭ লক্ষ টাকার হিসাব দিলেন এর মধ্যে দুর্গাপুর প্রজেক্টস লিঃ-এর জন্য যে খরচ হয়েছে, সেটা কি ইনক্লুডেড আছে না আলাদা ?

Shri Saila Kumar Mukherjee:

ওয়েস্ট বেঙ্গল স্টল যেটা বিভিন্ন প্রতিষ্ঠান নিয়েছেন এক্সিবিসন কমিটির কাছ থেকে, জমি ভাড়া নিয়ে জমি ভাড়া দিয়েই নিয়েছেন, নিজেদের ব্যয়েই স্টল করেছিলেন।

Shri Anadi Das:

স্পেস যা কভার করা হয়েছিল, এক্সিবিশনের জায়গা থেকে দরকার হয়েছিল, এই জায়গার জন্য কোন ভাড়া দেওয়া হয়েছিল কিনা যদি দেওয়া হয়ে থাকে কত দেওয়া হয়েছিল ?

Shri Prafulla Chandra Sen:

এটা এই প্রশ্ন থেকে আসে না, যদি মাননীয় সদস্য পুনরায় আর একটি প্রশ্ন করেন উত্তর দেবো আমাদের গোপন করবার কিছু নাই।

Shri Kashi Kanta Maitra:

মাননীয় অর্থ মন্ত্রী ৭ লক্ষ টাকার হিসাব দিলেন, দুর্গাপুর সম্মেলনের আশে পাশে যে সব এ্যাপ্রোচ রোড তৈরী হয়েছে, তার জন্য যে টাকা খরচ হয়েছে সেটা কি ইনক্লুডেড না তা ছাড়া ?

Shri Prafulla Chandra Sen:

দুর্গাপুরে যে সব রাস্তা তৈরী হয়েছে, আমাদের মনে অনেকের সন্দেহ হচ্ছে, বোধ হয় দুর্গাপুর কংগ্রেসের জন্যই এই সমস্ত রাস্তা তৈরী হয়েছে। আমি মাননীয় সদস্যদের অবগতির জন্য এটুকু নিবেদন করতে পারি আমাদের তৃতীয় পরিকল্পনা মধ্যে যে সমস্ত রাস্তা তৈরী করবার কথা ছিল, সেই সমস্ত রাস্তাগুলি তৈরী করা হয়েছে এবং এর জন্য আলাদা একটা প্রশ্ন আছে, আমরা সেই প্রশ্নের উত্তর দেবো, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় দেবেন, তখন দেখবেন এই রাস্তার কাজ কংগ্রেস অধিবেশন হবে বলে করা হয়নি, এটা ১৯৬৪ সালের মার্চ মাস থেকে আরম্ভ হয়েছে, তবে এটা হতে পারে যে অনেক লোক সমাগম হবে বলে ত্বরান্বিত হয়েছে, এই আমার ধারণা, এই রাস্তা ১৯৬৪-৬৫ ফিনান্সিয়াল ইয়ারের মধ্যে হওয়া উচিত, হয়ত দুমাস আগে করেছে।

Shri Anadi Das:

এখানে এটা পরিষ্কার আছে—

whether Government has spent any sum in connection with the Durgapur session.

কোন টাকা যদি খরচ হয়ে থাকে কোন কোন বাবদ কত টাকা খরচ হয়েছে বলতে পারেন কি ?

Shri Prafulla Chandra Sen:

মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বলেছেন কোন কোন বাবদ কত টাকা খরচ হয়েছে, পুলিশের বাবদ কত টাকা খরচ হয়েছে তার হিসাব ১২ই ফেব্রুয়ারী পাননি, যখন পাবেন, তখন দেবেন।

D.A. for the State Government employees

***64.** (Admitted question No. *286.) **Shri Ananga Mohan Das:**

অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে বর্তমানে দ্রব্যমূল্যতার জন্য কেন্দ্রীয় সরকার তাঁহার কর্মচারীদের জন্য নূতন দুর্মূল্যভাতা প্রদানের ব্যবস্থা করিয়াছেন ; এবং

(খ) সত্য হইলে, রাজ্য সরকার তাঁহাদের অধীনস্থ কর্মচারীদের জন্য নূতন দুর্মূল্যভাতা প্রদান করার কথা চিন্তা করিতেছেন কি না ?

Shri Saila Kumar Mukherjee:

(ক) হ্যাঁ, ইহা সত্য যে কেন্দ্রীয় সরকার সম্প্রতি ৬০০ টাকা অনুর্ধের বেতনপ্রাপ্ত কর্মচারীদের দুর্মূল্য ভাতা কিছু বৃদ্ধি করিয়াছেন।

(খ) বিষয়টি সরকার বিবেচনা করিতেছেন।

Shri Ananga Mohan Das:

কেন্দ্রীয় সরকার তাদের কর্মচারীদের বেতন ও দুর্মূল্যভাতা যা দিয়েছেন তা কোন তারিখ থেকে দিয়েছেন?

Shri Saila Kumar Mukherjee:

তিন মাস আগে নোটিশ দিয়েছেন, সেই তারিখ থেকে দিয়েছেন, কোন তারিখ থেকে তা বলতে পারি না।

Shri Ananga Mohan Das:

জিনিষপত্রের দাম বাড়বার জন্য কেন্দ্রীয় সরকারের অধীনস্থ কর্মচারীরা যে অসুবিধায় পড়েছে, রাজ্য সরকারের অধীনস্থ কর্মচারীরাও সেই অবস্থায় পড়েছে, তবে কেন্দ্রীয় সরকারের অধীনস্থ কর্মচারীদের যেদিন থেকে দুর্মুল্যভাতা দিচ্ছেন সেই সময় থেকে রাজ্য সরকারের অধীনস্থ কর্মচারীদের দুর্মূল্যভাতা দেবেন কি?

Shri Saila Kumar Mukherjee:

কেন্দ্রীয় সরকারের বিরাট অর্থ সঙ্গতি, সেই পরিমাণ দিতে পারবো না, তবে কোন তারিখ থেকে দেওয়া হবে সেটা সরকারের বিবেচনাধীন আছে।

Shri Anadi Das:

সরকারী কর্মচারীদের মাগগীভাতা বাড়াবার কথা যে বিবেচনা করছেন তার নীতি কি হবে সমস্ত কস্ট অব লিভিং ইনডেক্স যা রাইজ করেছে সেটা সম্পর্ণ সেট-আপ করবার মত ইনক্রিজ করবেন কি?

Shri Saila Kumar Mukherjee:

সেই ভিত্তিতেই বিবেচনা করা হচ্ছে।

Shri Monoranjan Ray:

কস্ট অব লিভিং ইণ্ডেক্স যা তৈরী হয় সেটার ভিত্তি যেভাবে তৈরী হয় সেটা সম্পর্কে কি বিবেচনা করছেন, সেটাতো ভুলভাবে, খারাপভাবে বললে ক্রডভাবে তৈরী হয়, সেটা সম্বন্ধে বিবেচনা করবেন কি?

Shri Saila Kumar Mukherjee:

সেটা সম্বন্ধে আমি কি বলবো, কস্ট অব লিভিং ইণ্ডেক্স সর্বভারতীয় ভিত্তিতে হচ্ছে, সেটা ভুল কি অন্য কিছু আমি তা বলতে পারি না।

[1-40—150 p.m.]

Shri Monoranjan Roy:

এটা সর্বভারতীয় ভিত্তিতে নয়, এখানকার যেটা সেটাও ভুল ভাবে হচ্ছে, সর্বভারতীয় ভিত্তিতে ভুল হচ্ছে এবং এই ব্যাপারে সরকারের কাছে এক্সপার্ট কমিটি করার জন্য ডেপুটেশনও করা হয়েছে। কি ভাবে ভুল হচ্ছে সেটা আমরা পরবর্তী বক্তৃতায় বাজেটে সব দেখিয়ে দেব এবং জনসাধারণও জানে . . . . .

Shri Saila Kumar Mukherjee:

এটা স্ট্যাটিসটিক্যাল বুরোর এক্সপার্ট কমিটি-র দ্বারা সম্পন্ন হয়েছে। এই এক্সপার্ট কমিটি তাঁরাই এটা করেন, চিরকাল করছেন এবং এখনও করবেন।

Shri Rabindra Nath Mukhopadhyay:

আপনি কি জানেন যে ঠিক এরূপ ক্ষেত্রে বম্বে ও গুজরাটে একটা সাধারণ ধর্মঘট হয়েছিল? এই সাধারণ ধর্মঘটের অন্যতম দাবী ছিল কস্ট অব লিভিং ইণ্ডেক্স-এর মধ্যে ফ্রড হচ্ছে এটা দূর করা এবং একটা এক্সপার্ট কমিটি তৈরী হয়ে দেখা গেছে যে কস্ট অফ লিভিং ইণ্ডেক্স-এর কমপিউটেশন ফ্রড হচ্ছে এবং তারপর তাদের ডি. এ. বেড়েছে—এই সংবাদ কি আপনি অবগত আছেন?

Shri Saila Kumar Mukherjee:

বম্বে ও গুজরাটে কি হয়েছে সে সম্বন্ধে আমার জানা নাই। এটা আপনার অভিমত হতে পারে।

Shri Rabindra Nath Mukhopadhyay:

কেন্দ্র থেকে আরম্ভ করে সব জায়গায় এই রকম হচ্ছে। আপনি এই মাত্র বললেন কেন্দ্রের সম্বন্ধে আপনি জানেন না, কিন্তু কেন্দ্রে এই জিনিষ হচ্ছে এবং কেন্দ্রের ভিত্তিতে পশ্চিমবাংলায় ঠিক এই রকম হচ্ছে। সুতরাং সেই কারণে অন্য জায়গায় স্ট্রাইক-এর ব্যাপারে এক্সপার্ট কমিটি স্থির সিদ্ধান্তে এসেছেন যে কস্ট অব লিভিং ইণ্ডেক্স-এর কমপিউটেশন ঠিক ঠিক ভাবে হচ্ছে না। এখানেও ঠিক সেইরকম ভাবে দাবী করা হয়েছে যে এখানেও কস্ট অফ লিভিং ইণ্ডেক্স-এর কমপিউটেশন ঠিক ভাবে হচ্ছে কিনা দেখা হোক? সুতরাং এটা ম্যাটার অফ ওপিনিয়ন-এর ব্যাপার নয়, এটা প্রমাণিত হয়েছে।

Shri Prafulla Chandra Sen:

ম্যাটার অফ ওপিনিয়ন হিসাবে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বলেছেন যে এটা ভ্রান্ত। আমরা নিজেরা মনে করি আমাদের পশ্চিমবাংলার স্ট্যাটিসটিক্যাল বুরো যেভাবে তৈরী করে থাকেন সেটা ঠিক ভাবেই করে যাবেন।

Shri Anadi Das:

স্ট্যাটিসটিক্যাল বুরো যেভাবে করেন সেটা আমরা জানি না। আপনি কি বলবেন যে স্ট্যাটিসটিক্যাল বুরো কিভাবে কস্ট অফ লিভিং ইণ্ডেক্স তৈরী করেন, তার পদ্ধতি রীতি এগুলি কি প্রকাশ করবেন?

Shri Prafulla Chandra Sen:

এটাতে একটু জটিল অঙ্কের বুদ্ধির দরকার। মাননীয় সদস্যরা যদি আমাদের স্ট্যাটিসটিক্যাল বুরোর ডিরেক্টর কর্মচারী যারা আছেন তাঁদের কাছে গিয়ে বুঝুন এবং তাঁদের যদি অঙ্কের জ্ঞান থাকে নিশ্চয় বুঝতে পারবেন।

Shri Anadi Das:

এটা কি সত্য যে জানতে গেলে বলা হয় ইট ইজ সিকরেট কনফিডেনসিয়াল কাউকে বলা হবে না? এটা কোন ব্যক্তিগত অ্যাপ্রোচ এর প্রশ্ন নয় এটা যদি পাবলিশ করা হয় তাহলে মেম্বার বা মিনিস্টাররা কেবল বুদ্ধিমান আছেন তা নয়, বাহিরের অনেক লোকও বুদ্ধিমান আছেন যারা এ সব বুঝতে পারবেন। সুতরাং সকলের জন্য এটা পাবলিশ করা হবে কিনা?

Shri Prafulla Chandra Sen:

এটা বৈজ্ঞানিক পদ্ধতিতে করা হয়। আমাদের বাংলাদেশের একজন কৃতি সন্তান যিনি এরজন্য এফ.আর.এস. হয়েছেন সেই প্রফেসার প্রশান্ত বিহারী মহলানবিশ যার বৈজ্ঞানিক পদ্ধতি শুধু ভারতবর্ষে স্বীকৃত হয়েছে তা নয় সমস্ত পৃথিবীতে স্বীকৃত হয়েছে, সেই পদ্ধতি অনুসারে করা হয়।

Shri Anadi Das:

সেই পদ্ধতি জানতে চাই?

Shri Prafulla Chandra Sen:

পদ্ধতি জানতে গেলে একটা স্কুল খুলতে হয়, আপনারা যদি বলেন আমরা একটা স্কুল খুলতে পারি।

Shri Monoranjan Roy:

মহলানবীশের কথা নয়। ১৯৫৫ সালকে বেস ইয়ার ধরেছি যখন জিনিষপত্রের দাম হাইয়েষ্ট পিকএ ছিল। তার পরবর্তী বছরে কমিয়ে দেখান হয় যাতে ডি. এ. না দিয়ে পারা যায়। আপনারা এক মাস ধরে ঐ সমস্ত জিনিষ ক্যালকুলেট করে দিয়েছেন উইথ দি ইনটেনসান যাতে নাকি এমপ্লয়িজদের কম দিয়ে পারা যায়। যখন বাজারে দুধের বদলে টোনড মিল্ক আসল তখন বললেন যে দুধের দাম কমে গেছে, ফ্যাট মেটিরিয়াল এর দাম কমে গেছে অর্থাৎ যাতে না কি ডি. এ. না দেওয়া যায়। এই ভাবে সাবস্টিটিউট ধরে ঘি পাওয়া যায় না ডালডার দাম ধরা হয়। এইভাবে আপনারা ফ্যাট কনটেণ্ট দেখিয়ে দিলেন অথচ যে কাউ মিল্ক এর মধ্যে ছিল সেটা না দেখিয়ে ডবল টোনড মিল্ক দেখিয়ে দিলেন। এগুলি প্রফুল্লবাবু না বুঝতে পারেন, আমরা সাধারণ বুদ্ধিতে বুঝতে পারি।

Shri Prafulla Chandra Sen:

মাননীয় সদস্য অভিজ্ঞতার কথা বললেন যদিও এই প্রস্তাব তাহলেও বলবো এ সম্বন্ধে তিনি আলোচনা করেছেন এবং অনেক জ্ঞান সঞ্চয় করেছেন তা তাঁর সেই জ্ঞান যদি আমাদের কাছে জানিয়ে দেন তাহলে নিশ্চয়ই আমরা তা বিবেচনা করবো।

Shri Rabindra Nath Mukhopadhyay:

তিনি বললেন জটিল স্ট্যাটিস্টিক্যাল ব্যাপার কিন্তু যে ভাবে জটিল বলে প্রয়োগ করা হয়েছে সেরূপ জটিল ব্যাপার নয়। যেভাবে কমপিউট করা হয় তার যে নিয়ম তাকে যেভাবে প্রয়োগ করা হচ্ছে সেটা জটিল ব্যাপার নয়, সুতরাং এসম্বন্ধে বলুন। আর বুদ্ধিমানের কথা যা বলেছেন তার উত্তরে বলছি বুদ্ধিমান তিনি একাই নন, আরও কিছু বুদ্ধিমান লোক বাইরে আছে।

(No reply)

Shri Panchu Gopal Bhaduri:

পশ্চিমবঙ্গে যে বাড়ী ভাড়া ধরা হয় মাথাপিছু তার দৈনিক ২-৫০ নয়া পয়সা ধরা হয় সেই যে এবসার্ড ফিগার সেটা রিভাইজ করবার কথা বিবেচনা করছেন কি?

Shri Prafulla Chandra Sen:

আলাদা প্রশ্ন করলে উত্তর দেবো।

Shri Anadi Das:

ইন্সপেক্টারা বাজারে দর জানবার জন্য যায় স্ট্যাটিসটিক্যাল বুরোর তরফ থেকে গেলে দোকানদাররা বলে তেলের কি দর অর্থাৎ ৩.৯০ পয়সা দরে বিক্রি হচ্ছে, অথচ বাজার দর ৬ টাকা ৭ টাকা তা হলে যে ফিগার নেওয়া হয় সেটা কোন ফিগারএ দেখা যায় চালের দর ২৬ টাকা কিন্তু বাজারে বিক্রী হচ্ছে ৪৫ টাকায়, তা হলে কস্ট অফ লিভিং ইণ্ডেক্স কি?

Shri Prafulla Chandra Sen:

আমি মোটামুটি বলতে পারি আমাদের বিভিন্ন বাজারে কণ্ট্রোল-এর দাম যা হোক বিভিন্ন বাজারের দাম সেই সমস্ত দাম ইন্সপেক্টরা জেনে তারপর অ্যাভারেজ করে তাঁরা কমপিউট করেন,

Shri Somnath Lahiri:

মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে এটা বৈজ্ঞানিক ভিত্তিতে করা হয় তা করা হোক তাতে আমার আপত্তি নেই, আর বৈজ্ঞানিক ভিত্তিতে যেটা করা হয় সেটা শুধু পশ্চিম বাংলায় নয় তা সারা ভারতবর্ষেই সে ভিত্তিতে করা হচ্ছে তাতে করা হতো তা সত্ত্বেও বম্বে প্রদেশে রিপ্রেজেনটেসন করা হয়েছিল যে এটা ঠিক হচ্ছে না। যেভাবে এটা কমপিউট হচ্ছে সেটা ঠিক হচ্ছে না তার ফলে ওয়ারকাররা লস করছে, তার জন্য সেখানকার সরকার ইত্যাদি মিলে বলে। এখন প্রশ্ন হচ্ছে এই ধরণের যে অভিযোগ উঠেছে সে ধরণের অভিযোগ ভিত্তিতে আমাদের মন্ত্রীমহাশয় শ্রমিক প্রতিনিধিদের সঙ্গে আলাপ আলোচনায় প্রস্তুত আছেন।

Shri Saila Kumar Mukherjee:

আমি এই কথা বলতে পারি গত বৎসর বিধান সভায় এই প্রশ্ন উঠেছিল এবং সে সম্বন্ধে স্টেট স্ট্যাটিসটিক্যাল বুরো-এর দৃষ্টি আকর্ষণ করা হয়েছিল। সুতরাং এ বৎসর যে সমস্ত তথ্য সংগ্রহ করা হয়েছে তাতে যাতে কোন প্রকারে ভুল না হয়ে যায় সেদিকে যথেষ্ট দৃষ্টি রেখে এবারের তথ্য তৈয়ারী করা হচ্ছে।

[1-50—2 p.m.]

Shri Somnath Lahiri:

আমার প্রশ্নটা খুবই প্রত্যক্ষ ছিল যে সেটা হচ্ছে যে স্টেট স্ট্যাটিস্টিক্যাল বুরো কি করেছে সেটা প্রশ্ন নয়—প্রশ্ন হচ্ছে যে যেহেতু অভিযোগ আছে—তাতে লেবার রিপ্রেজেণ্টেটিভদের সঙ্গে সরকার পক্ষ বা তাদের প্রতিনিধিরা বসে এ বিষয়ে আলোচনা করতে প্রস্তুত আছেন কিনা ?

Shri Prafulla Chandra Sen:

শ্রমিকদের যে সমস্ত প্রতিনিধি আছে—তাঁদের এ সম্বন্ধে যদি কোন এক্সপার্ট নলেজ থাকে তো নিশ্চয়ই শুনতে রাজী আছি—তাঁরা যদি অন্য কোন এক্সপার্ট-এর কাছ থেকে সমস্ত কিছু তথ্য সঞ্চয় করে আমাদের দেন আমাদের স্ট্যাটিস্টিক্যাল বুরোতে তাহলে আমরা আলোচনা করে দেখতে পারি। কিংবা লেবার রিপ্রেজেণ্টেটিভরা বসেন আমাদের লেবার মিনিস্টারের সঙ্গে তবে লেবার মিনিস্টার এ বিষয়ে কিছু বোঝেন না বলে আমার মনে হয় এবং লেবার রিপ্রেজেণ্টেটিভরা কিছু বোঝেন না।

Shri Monoranjan Roy:

আমরা বার বার যেটা বলছি যে সেটা হচ্ছে এক্সপার্ট কমিটি নিযুক্ত করা হোক, অবশ্য লেবার রিপ্রেজেণ্টেটিভদের সঙ্গে তারা বসলে কোন আলোচনা হবে না এটা জানি—তবুও আমাদের দাবী যে আপনারা একটা এক্সপার্ট কমিটি নিযুক্ত করুন এবং এক্সপার্ট আছেন যাঁরা তাঁদের সঙ্গে বসে, এটা ঝগড়া করার ব্যপার নয়—বম্বেতে হয়েছে গুজরাটে হয়েছে, দিল্লীতে হয়েছে—পশ্চিমবঙ্গে যেখানে আমরা বার বার দেখছি যে চোখের সামনে যে ভুল তথ্যের, ভুল ফিগারের ফলে শ্রমিক কর্মচারীদের মাইনে কাটা যাচ্ছে—ডি. এ. কাটা গেল আড়াই লক্ষ চটকল শ্রমিকদের—আমরা লেবার মিনিস্টার, তাঁর কাছে আবেদন করেছি—শুধু আমরা এ. আই. টি. ইউ. সি নয়, আই. এন. টি. ইউ. ইউ টি. ইউ সি-র মেম্বারগণও ছিলেন একটা দাবী নিয়ে যে এখানে একটা বিশেষজ্ঞ কমিটি হোক—শুধু ভারত সরকারের দিকে তাকিয়ে থাকতে হবে আমাদের প্রদেশের শ্রমিকদের মাইনে কাটা গেলে- আমাদের মিনিস্টারকে তাল সামলাতে হয়—সেজন্য আপনারা উদ্যোগী হয়ে একটা

বিশেষজ্ঞ কমিটি নিয়োগ করুন—এটাই দাবী ছিল—শুধু বিশেষজ্ঞ কমিটি এখানে নয়—বাইরেও আছে—যাদের নিয়ে বিশেষজ্ঞ কমিটি তৈরী করার কথা বলছি।

Mr. Speaker:

এটা তো অনুরোধ করা হোল.....

Shri Bijoy Singh Nahar:

এ বিষয়ে মাননীয় সদস্যদের মনে অনেক কিছু আছে এবং গত বছরের অধিবেশনে একথা উঠেছিল। আমি এটুকু বলতে পারি যে এ বিষয়ে আমরা ভারত সরকারের সঙ্গে কথা বলেছি। সিম্লা' স্টেট ট্যাটিস্টিক্যাল বুরো যেটা নিয়ে লেবারদের ব্যাপার রয়েছে তাদের ডাকা হয়েছিল এবং এইভাবে আমরা আরো পরীক্ষা করছি যে কোন বিশেষজ্ঞ কমিটি নিয়োগ করা যায় কিনা—এখনও আমরা সিদ্ধান্তে আসি নি—তবে আমি আশা করছি যে শীঘ্র আমরা একটা সিদ্ধান্ত করতে পারবো যে বিশেষজ্ঞ কমিটি হবে কিনা।

Shri Anadi Das:

প্রাইস ইণ্ডেক্স-এর ব্যাপারে হোল-সেল প্রাইস থেকে রিটেল প্রাইস ইণ্ডেক্স কখনও সেখানে হতে পারে না। এই যে ইণ্ডেক্সগুলি বাড়াই এতে পরিষ্কার বোঝা যাচ্ছে যে কোথাও কোথাও গলদ রয়েছে যার জন্য হোল সেল প্রাইস ইণ্ডেক্স রিটেল প্রাইস ইণ্ডেক্স-এর বেশী হয়ে যাচ্ছে। সেইজন্য বলছি যে এটা সম্পর্কে যেন দ্রুত ব্যবস্থা করা হয়।

(উত্তর নাই)

Shri Kashi Kanta Maitra:

একটা জিনিস আমি ক্লারিফাই করতে চাচ্ছি যে যে মুখ্যমন্ত্রী বল্লেন যে স্ট্যাটিসটিক্স সম্বন্ধে আমাদের বিশ্ববিশ্রুত বৈজ্ঞানিক প্রফেসার মহালানবীশ মহাশয়ের কথা বল্লেন এবং স্ট্যাটিসটিক্স অভ্রান্ত এই কথা বললেন—আমি ওঁর জ্ঞাতার্থে জানাচ্ছি যে স্ট্যাটিসটিক্স সম্বন্ধে।।হ। It is like a garment, what it reveals is interesting, what it conceals is very vital. সে কথা স্মরণ রেখে কি এই কথা বলেছিলেন?

Shri Prafulla Chandra Sen:

স্ট্যাটিসটিক্স সম্বন্ধে অনেক কথা আছে—লাই, ড্যাম লাই স্ট্যাটিসটিক্স—কিন্তু একথা বল্লে তো কোন জিনিসের সুরাহা হবে না।
আজ আমরা স্ট্যাটিসটিক্সকে এমন একটা পর্য্যায়ে এনেছি এটাকে একটা বিশেষ বিজ্ঞান বলে স্বীকার করে নেওয়া হয়েছে—যে তথ্যটা আমাদের অধ্যাপক মহালানবীশ করেছেন, সমস্ত পৃথিবী তা মেনে নিয়েছে। তবে বৈজ্ঞানিকরা যা বলেন সেটা শেষ কথা নয়—প্রত্যেক সময়ে বিজ্ঞানেরই তথ্য অনুসারে তাদের থিওরি বদলাচ্ছে। যদি আমাদের এখানে কোন বিশেষ বৈজ্ঞানিক আমাদের যেসব তথ্য আছে তার উপর নির্ভর করে নূতন কোন পদ্ধতি বলতে পারেন নিশ্চয়ই আমরা তা স্বীকার করে নেবো এই কথাই আমি বলেছি।

Recommendation of the Sports Council

***65.** (Admitted question No. *400.) **Shri Birendra Narayan Roy:**

গত ২৭এ ফেব্রুয়ারি, ১৯৬৪ তারিখে প্রদত্ত তারকাবিহীন ১৮৭নং (এ্যাডমিটেড প্রশ্ন নং ৩২৪) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ স্পোর্টস কাউন্সিল কোন্ কোন্ সংস্থার জন্য কত অর্থ মঞ্জুরীর সুপারিশ করিয়াছেন; এবং

(খ) উক্ত সংস্থাগুলি ঐ সুপারিশটিতে কত টাকা সরকার দিয়াছেন?

Shri Rabindralal Sinha:

(ক) ও (খ)—পশ্চিমবঙ্গ স্পোর্টস কাউন্সিল ১৯৬৩-৬৪ আর্থিক বৎসরে—

১। পশ্চিমবঙ্গ বাস্কেটবল এ্যাসোসিয়েসন-এর জন্য—	৫০০০৲
২। পশ্চিমবঙ্গ ব্যাডমিণ্টন এ্যাসোসিয়েসন-এর জন্য—	৩০০৲
৩। পশ্চিমবঙ্গ ভারোত্তলন ও দেহ সৌষ্ঠব এ্যাসোসিয়েসনের জন্য	২০০০৲
৪। পশ্চিমবঙ্গ ভলিবল এ্যাসোসিয়েসনের জন্য	২৯০০৲
৫। বঙ্গীয় অলিম্পিক এ্যাসোসিয়েসনের জন্য	২৫,০০০৲
৬। এ্যামেচার এ্যাথলেটিক ফেডারেশনের জন্য —	৫০০৲
৭। পশ্চিম বঙ্গ রাইফেল এ্যাসোসিয়েসনের জন্য—	১০.০০০৲
৮। বঙ্গীয় হকি এ্যাসোসিয়েসনের জন্য	৪.৭৪০৲

এবং

১৯৬৪-৬৫ আর্থিক বৎসরে:—

১। ২৪-পরগণা জেলা ক্রীড়া এ্যাসোসিয়েসনের জন্য—	৭০০৲
২। বঙ্গীয় এ্যামেচার সুইমিং এ্যাসোসিয়েসনের জন্য—	১০,০০০৲
৩। পশ্চিমবঙ্গ কুস্তি এ্যাসোসিয়েসনের জন্য—	৮৫০৲
৪। পশ্চিমবঙ্গ স্কুল ক্রীড়া এ্যাসোসিয়েসনের জন্য—	৫,৬৫০৲
৫। কুচবিহার জেলা যুব-কল্যাণ সংস্থার জন্য—	৭,০০০৲
৬। জিলা যুব-কল্যাণ সংস্থার (কলিকাতা বাদে ১৫টি জিলা) জন্য—	৩০,০০০৲
৭। পশ্চিমবঙ্গ কবাডী ফেডারেশনের জন্য—	৯০৬৲
৮। নদীয়া জেলা ক্রীড়া সংস্থার জন্য—	৫,২০০৲
৯। বনবিহারী জেলা এ্যাথলেটিক এ্যাসোসিয়েসনের জন্য—	১০,০০০৲
১০। শ্রীরামপুর মহকুমা এ্যাথলেটিক এ্যাসোসিয়েসনের জন্য—	১৫,০০০৲
১১। এ্যামেচার এ্যাথলেটিক ফেডারেশনের জন্য—	৫,০৭২৲
১২। পশ্চিমবঙ্গ ভলিবল ফেডারেশনের জন্য—	৩,২০০৲
১৩। হাওড়া জেলা ভারোত্তলন ও দেহ সৌষ্ঠব এ্যাসোসিয়েসনের জন্য—	৫০০৲
১৪। বর্ধমান জিলা জাতীয় ক্রীড়া ও শক্তিসংঘের জন্য—	৪,০০০৲
১৫। বঙ্গীয় টেবিল টেনিস এ্যাসোসিয়েসনের জন্য—	২,০০০৲
১৬। মানভূম ক্রীড়া এ্যাসোসিয়েসনের জন্য	৩৮৪৲

তন্মধ্যে— ১। পশ্চিমবঙ্গ কুস্তি ফেডারেশন,
২। নদীয়া জেলা ক্রীড়া এ্যাসোসিয়েসন,
৩। জিলা যুব কল্যাণ সংস্থা (১৫টি),
৪। এ্যামেচার এ্যাথলেটিক ফেডারেশন, (ক্রমিক সংখ্যা ১১),
৫। হাওড়া জিলা ভারোত্তলন ও দেহ-সৌষ্ঠব এ্যাসোসিয়েসন।
(৬) বর্ধমান জিলা জাতীয় ক্রীড়া ও শক্তি সংঘ এই ছয়টি সংস্থার বিষয় এখন বিবেচনাধীন আছে।

তিনটি ক্ষেত্রে সুপারিশের পরিমাণ অপেক্ষা কিছু কম অর্থ মঞ্জুর করা হইয়াছে, যথা:—

১। বঙ্গীয় এ্যামেচার সুইমিং এ্যাসোসিয়েসন ১০,০০০৲ টাকার স্থলে ৪,৫০০৲
২। কুচবিহার জিলা যুব-কল্যাণ সংস্থা ৭,০০০৲ টাকার স্থলে ৪,৫০০৲ এবং
৩। পশ্চিমবঙ্গ স্কুল ক্রীড়া এ্যাসোসিয়েসন ৫,৬৫০৲ টাকার স্থলে ৪,২৬০।

অপরাপর ১৫টি ক্ষেত্রে সুপারিশ অনুযায়ী অর্থ মঞ্জুর করা হইয়াছে।

[2—2-10 p.m.]

Shri Kashi Kanta Maitra:

মি: স্পীকার, আমি একটা কথা আপনাকে জানাচ্ছি, কোয়েশ্চেন নং *৭৬ সম্বন্ধে সেটা আমাদের হাউস-এর এ্যাসুরেন্সকে কেন্দ্র করেই রয়েছে, সেই জন্য আমি আপনাকে অনুরোধ করছি যে আমাদের বিরোধী দলের সকলেই একমত আপনার অনুমতি সাপেক্ষে এটা যদি নেক্সট রোটেসানাল ডেতে প্রশ্নটা রাখেন আপনার এটা ....

Mr. Speaker:

মি: মৈত্র, ঐ অনুরোধটা এখানে না জানিয়ে আমার সেক্রেটারীর অফিসে জানাবেন, যদি আইনত: হয় রুল মাফিক হয়, করবো তা না হলে আমার স্টাফ-ই হোক আর যার স্টাফ-ই হোক করতে পারবে না।

STARRED QUESTIONS
(to which written answers were laid on the table)

Government vehicles for Durgapur Congress Session

***66.** (Admitted question No. *427.) **Shri Sailendra Nath Adhikari:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দুর্গাপুর কংগ্রেস অধিবেশনে কোনও সরকারী গাড়ী ব্যবহার করা হইয়াছিল কি;

(খ) হইয়া থাকিলে কয়খানি ও কাহাদের জন্য; এবং

(গ) ঐ গাড়ী ব্যবহার করিতে পেট্রোলাদি কি পরিমাণ লাগিয়াছে?

The Minister for Home (Transport):

কংগ্রেস অধিবেশনের সময়ে সরকারী গাড়ী ব্যবহার করা হয়।

১৫ খানি গাড়ী সরকারী কর্মচারীরা ব্যবহার করেন; ১৪ খানি গাড়ী কেন্দ্রীয় ও অন্যান্য রাজ্যের মন্ত্রীমহোদয়গণের জন্য ব্যবহৃত হয়।

পেট্রল—৬২৯৫ লিটার

মবিল—৯০ লিটার।

Pay-scale for Special Cadre Teachers

***67.** (Admitted question No. *521.) **Shri Debsaran Ghosh:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) স্পেশাল কেডার শিক্ষকদের বেতন বৃদ্ধির কোন পরিকল্পনা আছে কি; এবং

(খ) পরিকল্পনা থাকিলে কত টাকা বৃদ্ধি করা হইবে?

The Minister for Education:

(ক) শিক্ষিত উপার্জন রহিত ব্যক্তিগণের কর্ম সংস্থানের জন্য "স্পেশাল কাডার" শিক্ষক নিয়োগের পরিকল্পনা গ্রহণ করা হয়। ইঁহাদিগের সকলেকেই প্রাথমিক বিদ্যালয়ে বিশেষ বেতনে নিয়োগ করা হয়। উপযুক্ত ব্যক্তিগণকে ক্রমে মাধ্যমিক বিদ্যালয়ে নিয়োগ করা হইতেছে এবং নিয়োগের পর তাঁহারা শিক্ষাগত গুণানুসারে মাধ্যমিক বিদ্যালয়ের বেতন পাইতেছেন। যাঁহারা প্রাথমিক বিদ্যালয়ে আছেন তাঁহারাও গুণানুসারে প্রাথমিক শিক্ষকদের বেতন হার

পাইতেছেন। অবশ্য প্রাথমিক বিদ্যালয়ে কর্মরত যে সকল শিক্ষকের বর্তমান বেতন সাধারণ প্রাথমিক শিক্ষক অপেক্ষা অধিক তাঁহারা অধিক বেতনই পাইবেন।

এইভাবে সকল "স্পেশাল কাডার' শিক্ষককে প্রাথমিক বা মাধ্যমিক বিদ্যালয়ের অন্যান্য শিক্ষকদের সমপর্যায়ে আনা হইয়াছে।

(খ) প্রশ্ন উঠে না।

Proposal for Calcutta Circular Railway

***68.** (Admitted question No. *534.) **Shri Gour Chandra Kundu:**

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা সারকুলার রেলওয়ে নির্মাণ করিবার জন্য পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ হইতে কেন্দ্রীয় সরকারের নিকট কোন প্রস্তাব পাঠানো হইয়াছে কি ; এবং

(খ) প্রস্তাব পাঠানো হইয়া থাকিলে কেন্দ্রীয় সরকারের পক্ষ হইতে কোন উত্তর পাওয়া গিয়াছে কি ?

The Minister for Home (Transport):

(ক) হ্যাঁ।

(খ) প্রস্তাবটা এখনও কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন।

Government vehicles for Durgapur Congress Session

***69.** (Admitted question No. *6.) **Shri Kashi Kanta Maitra:**

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দুর্গাপুর কংগ্রেস অধিবেশনে রাজ্য সরকারের নিজস্ব বিভিন্ন বিভাগীয় গাড়ী—জীপ—ভ্যান—পুল-কার ইত্যাদি ব্যবহৃত হইয়াছিল কি না ;

(খ) ব্যবহৃত হয়ে থাকলে মোট কত গাড়ী কোন্ কোন্ বিভাগের ব্যবহৃত হয়েছিল;

(গ) ইহা কি সত্য যে বর্ধমান জেলার বিভিন্ন বিভাগীয় গাড়ী ব্যবহৃত হয়েছিল ; এবং

(ঘ) এই সব ব্যাপারে মোট ব্যয় কত হয়েছিল?

The Minister for Home (Transport):

দুর্গাপুর কংগ্রেস অধিবেশনের সময় ব্যবহৃত হয়েছিল।

মোট ২৯ খানি। কলিকাতা পুলের ১৪ খানি, এবং বর্ধমান জিলার বিভিন্ন ব্লকের ১২টি এবং ঐ জিলা পুলের ৩টি।

মোট ব্যয় ৫,২৪৫.২০ পঃ।

D.A. for the State Government employees

***70.** (Admitted question No. *53.) **Shri Sanat Kumar Raha:**

অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্য সরকারী কর্মচারীদের মাগ্গীভাতা বৃদ্ধি করিবার কোন পরিকল্পনা আছে কি না, এবং

খ)) পরিকল্পনা থাকিলে তাহা কিরূপ ?

The Minister for Finance:

(ক ও খ) মহার্ঘ ভাতা বৃদ্ধির প্রশ্ন সরকার বিবেচনা করিতেছেন।

Burdwan and Asansol Municipal Elections

***71.** (Admitted question No. *100.) **Shri Aswini Roy:**

স্বায়ত্ত শাসন ও পঞ্চায়েৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৫ সালে বর্ধমান জেলার বর্ধমান ও আসানসোল পৌরসভার নির্বাচনের কোনও প্রকল্প আছে কি; এবং

(খ) প্রকল্প থাকিলে, কোন মাসে এবং কোন তারিখে উক্ত নির্বাচন অনুষ্ঠিত হইবে বলিয়া আশা করা যায়?

The Minister for Local Self-Government and Panchayats:

(ক) বর্ধমান ও আসানসোল পৌরসভার সাধারণ নির্বাচনে আগামী আর্থিক বৎসর ১৯৬৫-৬৬ সালে অনুষ্ঠিত হইবার সম্ভাবনা আছে।

(খ) কোন্ মাসের কোন তারিখে উক্ত নির্বাচন অনুষ্ঠিত হইবে তাহা বর্তমানে সঠিকভাবে বলা সম্ভবপর নয়।

Girls' hostels in Midnapore district

***72.** (Admitted question No. *112.) **Shri Ananga Mohan Das:**

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কোন কোন্ কলেজে ছাত্রীনিবাস আছে।

(খ) উহাদের প্রত্যেকটিতে কতজন করিয়া ছাত্রী আছে; এবং

(গ) মেদিনীপুর শহরে অবস্থিত নরেন্দ্রলাল খাঁন মহিলা কলেজের ছাত্রীনিবাসে স্থানাভাবের কথা সরকার জানেন কি না?

The Minister for Education :

(ক) নিম্নলিখিত কলেজগুলিতে ছাত্রী নিবাস আছে—

(১) মহিষাদল রাজ কলেজ

(২) নন্দীগ্রাম সীতানন্দ কলেজ

(৩) রাজা নরেন্দ্র লাল খাঁন মহিলা কলেজ।

(খ) মহিষাদল রাজ ও নন্দীগ্রাম সীতানন্দ কলেজের ছাত্রীনিবাসে প্রত্যেকটিতে ২৫-৩০ জন ছাত্রীবাসের ব্যবস্থা আছে।

রাজা নরেন্দ্রলাল খাঁন কলেজের ২টি ছাত্রীনিবাসে মোট ১১৭ জন ছাত্রীবাসের সুযোগ আছে।

(গ) হ্যাঁ, আরও একটি ছাত্রী নিবাস নির্মাণের প্রস্তাব বিবেচনা করা হইতেছে।

Milch Cows

***73.** (Admitted question No. *434.) **Shri Sailendra Nath Adhikari:**

পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে সরকারী ও বেসরকারী সূত্রে প্রতিপালিত দুগ্ধবতী গাভী ও মহিষের সংখ্যা কত;

(খ) ই াদের দুগ্ধ দানের পরিমাণ দৈনিক গড়ে কত এবং

(গ) গত তিন বৎসরের তুলনায় উহাদের দুগ্ধ দানের ক্ষমতা কমিতেছে না বাড়িতেছে ?

The Minister for Animal Husbandry and Veterinary Services:

(ক)

	গাভীর সংখ্যা	মহিষের সংখ্যা
সরকারী সূত্রে প্রতিপালিত	৯৯৪	৮২
বেসরকারী সূত্রে প্রতিপালিত	৩৩.৬৬ লক্ষ	২.৪০ লক্ষ

(খ) পশ্চিমবঙ্গে গাভী এবং মহিষের দুগ্ধদানের পরিমাণ দৈনিক গড়ে যথাক্রমে ০.৫৮ কিলোগ্রাম এবং ২.৮০ কিলোগ্রাম। সরকারী সূত্রে প্রতিপালিত গাভী এবং মহিষের দুগ্ধদানের গড় যথাক্রমে ৩.৬০ কিলোগ্রাম এবং ৫.৪৯ কিলোগ্রাম।

(গ) বাড়িতেছে।

D.A. for State Government employees

***74.** (Admitted question No. *537.) **Shri Gour Chandra Kundu:** Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) whether the Government is considering the desirability of enhancing the Dearness Allowance (D.A.) of the State Government employees; and

(b) if so, when this will be given effect to?

The Minister for Finance: (a) The question of grant of increased dearness allowance for the State Government employees is now under the active consideration of Government.

(b) The question of grant of increased dearness allowance is expected to be finalised before the next Budget.

Acharyya Ramendra Sundar Library

***75.** (Admitted question No. *571.) **Shri Birendra Narayan Roy:**

গত ১৯৬৩ সালের ৬ই সেপ্টেম্বর তারিখের তারকাচিহ্নিত ৭৬১ (এ্যাডমিটেড প্রশ্ন নং ১৪১৪) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, কান্দী শহরের জেমো ওয়ার্ডে আচার্য্য রামেন্দ্রসুন্দরের নামে যে লাইব্রেরী হইবার কথা ছিল তাহার সর্বশেষ পরিস্থিতি কি ?

The Minister for Education:

১৯৬৩ সালে, জনসাধারণের আবেদন অনুসারে কান্দী সহরের জেমো ওয়ার্ডে আচার্য রামেন্দ্র সুন্দরের নামে ৫২,০০০ টাকা ব্যয়ে লাইব্রেরী স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। লাইব্রেরী কমিটি সহরের মধ্যে চার বিঘা জমি ও অনুমিত ব্যয়ের গড়ে ১২ পার্সেন্ট অর্থাৎ আনুমানিক ৬,৫০০ টাকা সংগ্রহ করিবার দায়িত্ব গ্রহণ করেন। এ যাবৎ কমিটি তাদের দায়িত্ব পালন করিয়া উঠিতে পারেন নাই—ফলত লাইব্রেরীর কাজ আরম্ভ হয় নাই। এ বিষয়ে একাধিকবার তাগিদ দেওয়া হইয়াছে।

Overtime allowance for the Assembly staff

***76.** (Admitted question No. *9.) **Shri Kashi Kanta Maitra:** (a) Will the Minister-in-charge of the Finance Department be pleased to state whether following the assurance given by him in connection with the starred question No. 387 (admitted question No. *1514) in the House on the 23rd March, 1964.

he has since received any proposal from the Speaker, West Bengal Legislative Assembly, regarding the overtime allowance for the staff of the Legislative Secretariat; and

(b) If the answer to (a) be in the affirmative, will the Minister be pleased to state—

(i) the exact date when the proposal was received; and

(ii) what action has since been taken in this regard?

The Minister for Finance: (a) Yes.

(b) (i) 25th September, 1964.

(ii) The matter will be settled shortly after discussion between Finance Secretary and Secretary, Legislative Assembly Department.

University Teachers' representation for the enhancement of pay-scales

***77.** (Admitted question No. *183.) **Shri Aswini Roy:** (a) Will the Minister-in-charge of the Education Department be pleased to state whether the Government have received any representation from the University Teachers in West Bengal for enhancement of the existing scales of pay?

(b) If the reply to (a) be in affirmative, will the Minister be pleased to state what action, if any, Government proposes to take in this regard?

The Minister for Education: (a) No.

(b) Does not arise.

D.A. for the State Government employees

***78.** (Admitted question No. *270.) **Shri Sanat Kumar Raha:**

অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের সরকারী কর্মচারীগণ বর্তমানে কত মাগ্‌গীভাতা পাইতেছেন;

(খ) উক্ত ভাতা ব্যয় সূচীর ভিত্তিতে বৃদ্ধি করার কোন পরিকল্পনা আছে কি না;

(গ) ১৯৫০ সাল হইতে ১৯৬৪ পর্যন্ত পশ্চিমবঙ্গে জীবিকার ব্যয়সূচী (ইণ্ডেক্স) কি পরিমাণ বৃদ্ধি পাইয়াছে; এবং

(ঘ) ১৯৫০-এর তুলনায় উক্ত মাগ্‌গীভাতা কি পরিমাণ বর্দ্ধিত হইয়াছে?

The Minister for Finance:

(ক) সরকারী কর্মচারীগণ যাহারা ৩০৯ টাকা পর্যন্ত বেতন পান তাহারা নিম্নরূপ মহার্ঘ-ভাতা বর্তমানে পাইয়া থাকেন:—

বেতনের হার	মহার্ঘ ভাতা
১৫০৲ টাকা পর্যন্ত	৫৲
১৫১—৩০০	১০৲
৩০১—৩০৯	৩১০ টাকা হইতে যাহা কম পড়ে

(খ) মহার্ঘ ভাতা বৃদ্ধির প্রশ্ন সরকার বিবেচনা করিতেছেন।

(গ) ১৯৫০ এবং ১৯৬৪ সালের কলিকাতায় ব্যয়সূচী নিম্নে প্রদত্ত হইল:—

১৯৫০	১৯৬৪
১০০	১৩২.৪

অর্থাৎ ৩২.৪ বৃদ্ধি।

(ঘ) ১৯৫০ ও ১৯৬৪ সালে কলিকাতায় চতুর্থ শ্রেণীর মোট বেতন নিম্নে দেখান হইল—

		১৯৫০	১৯৬৪
বেতনক্রম	..	২০–২৫	৬০–৭৫
মহার্ঘ ভাতা	..	৩২–৩২	৫– ৫
বাড়ীভাড়া	..	২– ২	৫– ৫
সিটি এলাওয়েন্স	..	২– ২	০– ০
মোট—	..	৫৬–৬১	৭০–৮৫
		(গড় ৫৮.৫)	(গড় ৭৭.৫)

শতকরা ৩২.৫ বৃদ্ধি হইয়াছে।

Proposal for Ad-interim Increment of Dearness Allowance for the 3rd and 4th class State Government employees

***79.** (Admitted question No. *442.) **Shri Sailendra Nath Adhikari:** অর্থবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকারের অধীনে তৃতীয় ও চতুর্থ শ্রেণীর সরকারী কর্মচারীদের জন্য এই মহার্ঘ্যের বাজারে সাবসিডাইজড রেটে প্রয়োজনীয় দ্রব্যাদি উপযুক্ত পরিমাণে সরবরাহ করার কোনও পরিকল্পনা আছে কি; এবং

(খ) কেন্দ্রীয় সরকারের অধীন কর্মচারীদের জন্য যেভাবে দাশ কমিশন-এর সুপারিশ অনুযায়ী ভাতা বাড়ান হইয়াছে সেইভাবে এড ইণ্টারিম ইনক্রিমেন্ট অফ ডিয়ারনেস এলাউয়েন্স ১৯৬৪ সালের এপ্রিল হইতে চালু করা হইবে কি?

The Minister for Finance:

(ক) না।

(খ) সরকারী কর্মচারীদের মহার্ঘভাতা বৃদ্ধির প্রশ্ন সরকার বিবেচনা করিতেছেন। এবং দাশ কমিশনের রিপোর্ট সম্বন্ধেও সরকার অবহিত আছেন।

State bus accidents

***80.** (Admitted question No. *538.) **Shri Gour Chandra Kundu:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৩-৬৪ এবং ১৯৬৪-৬৫ সালে কলিকাতা ও পার্শ্ববর্তী অঞ্চলে স্টেট বাস-এর মোট কত টাকা লাভ বা লোকসান হইয়াছে;

(খ) ১৯৬৪ সালে স্টেট বাস অ্যাকসিডেন্ট কতগুলি হইয়াছে;

(গ) কত লোক (১) মারা গিয়াছে; এবং (২) কত লোক পঙ্গু হইয়াছ, এবং (৩) কত লোককে কম্পেনসেশন দেওয়া হইয়াছে?

The Minister for Home (Transport):

১৯৬৩-৬৪ সালের হিসাব প্রস্তুত করা হইতেছে। ১৯৬৪-৬৫ সালের হিসাব এখনও অসমাপ্ত। যাহা হউক এই দুই বৎসরে আনুমাণিক ক্ষতির পরিণ যথাক্রমে ৫৯.১৯ লক্ষ টাকা এবং ৫৪.১৪ লক্ষ টাকা।

১৬৪ সালে ২৪২২টি স্টেট বাস একসিডেণ্ট হইয়াছে। স্টেট বাস দুর্ঘটনায় উক্ত বৎসরে ৭৩ জন মারা গিয়াছেন এবং ৬৬৯ জন আহত হইয়াছেন। উক্ত বৎসরে ৭টি ক্ষতিপূরণ-এর দাবী করা হইয়াছিল। ক্ষতিপূরণ বাবদ এই বৎসর মোট ১১,০৪০ টাকা ৯৭ পয়সা ব্যয় করা হইয়াছে।

Jangipur-Raghunathgunj ferryghat

***81.** (Admitted question No. *572.) **Shri Birendra Narayan Roy:**

(ক) গত ১০ই আগস্ট, ১৯৬৪, তারিখে প্রদত্ত তারকা চিহ্নিত প্রশ্ন নং ১২৯ (এ্যাডমিটেড প্রশ্ন নং ৬৫৯) প্রশ্নের উত্তর উল্লেখ করিয়া স্থানীয় স্বায়ত্ত শাসন ও পঞ্চায়েৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) উক্ত ফেরীঘাটের বিষয়ে চূড়ান্ত রিপোর্ট পাওয়া গিয়াছে কি না; এবং

(২) পাইলে তাহা কি?

(খ) সম্প্রতি উক্ত মিউনিসিপ্যালিটি কর্তৃপক্ষ অনাদায়ী অর্থ পুনরুদ্ধার করিবার জন্য কোন প্রস্তাব করিয়াছেন কি?

The Minister for Local Self-Government and Panchayats:

(ক)(১) ও (২) হঁ্যা, ভুক্তিপতির নিকট হইতে প্রাপ্ত রিপোর্ট হইতে ইহা বুঝা যায় যে ১৯৬২-৬৩ সালের ডাকের ৯৪,১১১৲ টাকার মধ্যে ৫০,০০০৲ টাকা আদায় হইয়াছে। বাকী টাকা মুকুব করিবার জন্য পৌরসভার কমিশনারগণ সুপারিশ করিয়াছেন।

(খ) না।

UNSTARRED QUESTIONS
(to which written answers were laid on the table)

Nidhirpota and Padma Beel Small Irrigation Scheme, Nadia

45. (Admitted question No. 21.) **Shri Kashi kanta Maitra:**

কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, নদিয়া জেলা সদর সাব-ডিভিসনের কোতয়ালী থানার আসাননগর ও পোড়াগাছি ইউনিয়নের অন্তর্ভুক্ত নিধিরপোতার ও পদ্মবিলের স্মল ইরিগেশন স্কীম অন্তর্ভুক্ত পুষ্করিণী খনন এবং কৃষ্ণনগর কৃষি-দপ্তর কর্তৃক উক্ত স্কীম কার্যকরী করার জন্য অর্থ মঞ্জুর করা সম্পর্কে সদর সাব-ডিভিসনের মহকুমাশাসক কি কয়েকটি গুরুতর অভিযোগের ভিত্তিতে কিছুকাল পূর্বে সরেজমিনে ঘটনাস্থলে গিয়া তদন্ত করিয়াছিলেন।

(খ) যদি সত্য হয়, তাহা হইলে উক্ত তদন্তের রিপোর্ট কি; এবং

(গ) সেই রিপোর্টের ভিত্তিতে রাজ্যসরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) হঁ্যা।

(খ) ও (গ) বিষয়টি এখন রাজ্যসরকারের তদন্তাধীনে আছে।

Deep tubewells in West Bengal

46. (Admitted question No. 40.) **Shri Sanat Kumar Raha:** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ১৯৬৩-৬৪ সালের জন্য গভীর নলকূপ বসাইয়া সেচকার্যের জন্য কত টাকা বরাদ্দ ছিল;

(খ) কত টাকা অদ্যাবধি ব্যয় হইয়াছে

(গ) কতগুলি নলকূপ বসানো হইয়াছে; এবং

(ঘ) কতগুলি নলকূপ কার্যকরী আছে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) ১,১০,০০,০০০ টাকা।

(খ) ১৯৬৩-৬৪ সালে ১,১৪,১২,৬৮১ টাকা ব্যয় হইয়াছে।

(গ) ১৯৬৩-৬৪ সাল পর্যন্ত ৪৬৪টি গভীর নলকূপ বসানো হইয়াছে এবং ঐ বৎসরে ১৬৮টি গভীর নলকূপ বসানো হইয়াছে।

(ঘ) ৪০টি। অবশিষ্ট ১২৮টি নলকূপে বিদ্যুৎ সংযোজনের কাজ চলিতেছে এবং এই কাজ শেষ হইলে নলকূপগুলি চালু হইবে।

Approach road from Berhampore town to Khagra Ghat Railway Station

47. (Admitted question No. 41.) **Shri Sanat Kumar Raha:** স্বায়ত্তশাসন ও পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর শহরের অন্যতম রেল স্টেশন খাগড়াঘাট রেল স্টেশনটির অ্যাপ্রোচ রোড কাহার আয়ত্তাধীন, পূর্তবিভাগের না জেলা বোর্ডের; এবং

(খ) উক্ত রাস্তা সংস্কার করার জন্য সরকার কোন ব্যবস্থা করিতেছেন কি?

The Minister for Local Self-Government and Panchayats:

(ক) রাস্তাটি মুর্শিদাবাদ জেলা বোর্ডের আয়ত্তাধীন।

(খ) জেলা বোর্ডের ঐ রাস্তাটির সংস্কারের কোন পরিকল্পনা সরকারের নাই।

Hand Pound Industries in Tufanganj Subdivision

48. (Admitted question No. 84.) **Shri Jiban Krishna Dey:** সমবায়বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তুফানগঞ্জ মহকুমার সরকার স্বীকৃত হ্যাণ্ড পাউণ্ড ইণ্ডাস্ট্রির সংখ্যা কত;

(খ) অন্দায়ন ফুলবাড়িতে অবস্থিত তুফানগঞ্জ হ্যাণ্ড পাউণ্ড সমিতি বর্তমানে কি পর্যায়ে রহিয়াছে; এবং

(গ) ১৯৬২-৬৩, ১৯৬৩-৬৪ সালে এই বাবদ তুফানগঞ্জ মহকুমায় গ্রাণ্ট বা লোন কিছু দেওয়া হইয়া থাকিলে তাহারি বিবরণ?

The Minister for Co-operation:

(ক) একটি।

(খ) অন্দায়ন ফুলবাড়িতে অবস্থিত সমিতিটির নাম অন্দায়ন ফুলবাড়ি (হরিধন) কটেজ ইণ্ডাস্ট্রিয়াল কো-অপারেটিভ সোসাইটি লিমিটেড। সমিতিটি বর্তমানে চালু অবস্থায় আছে এবং ১৯৬৩–৬৪ সনে ব্যবসায় লাভ করিয়াছে। এ বৎসর নূতন কার্য্যকরী সমিতি গঠিত হইয়াছে।

(গ) উক্ত বৎসরদ্বয়ে এই বাবদ কোন গ্রাণ্ট বা লোন দেওয়া হয় নাই।

Tank Improvement Scheme in Nadia district

49. (Admitted question No. 107.) **Shri Kashi Kanta Maitra:**

কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদিয়া জেলা কৃষি বিভাগ থেকে ক্ষুদ্র সেচ পরিকল্পনা বাবদ পুষ্করিণী খনন (ট্যাঙ্ক ইম্প্রুভমেণ্ট) বাবদ মোট কতগুলি স্কীম গ্রহণ করা হইয়াছে;

(খ) এই স্কীম কার্য্যকরী করার জন্য জেলা দপ্তর হইতে ১৯৬৩ এবং ১৯৬৪ সালের মোট কত টাকা বরাদ্দ করা হইয়াছে;

(গ) উক্ত দুই বৎসরে এই সব স্কীমের মধ্যে যেগুলি গ্রহণ করা হইয়াছে, জেলা কৃষিবিভাগ হইতে তাহার মধ্যে কতগুলি স্কীম কার্যকরী করার জন্য এ পর্যন্ত মোট কত টাকা ব্যয় হইয়াছে; এবং

(ঘ) যেসব ব্যক্তি বা পুষ্করিণীর মালিকদের মঞ্জুরীকৃত টাকা দেওয়া হইয়া গিয়াছে মোট কাজের কি পরিমাণ কাজ সম্পন্ন হবার পর উক্ত টাকা দেওয়া হইয়াছে গড় হিসাবে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) মোট ৯২টি স্কীম গ্রহণ করা হইয়াছে।

(খ) ১৯৬৩ সালে——৪,৬৮,৬০২.০৬ পঃ।
১৯৬৪ সালে —১,৭০,৭১৭.৬৭ পঃ।

(গ) মোট ৯৩টি স্কীমের জন্য মোট ৩,৫৪,৫৪৭.১৩ পঃ ব্যয় হইয়াছে।

(ঘ) গড় হিসাবে শতকরা ৫০ ভাগ কাজ সম্পূর্ণ হইবার পর আংশিক টাকা দেওয়া হইয়াছে এবং কাজ সম্পূর্ণ হইবার পর সমস্ত টাকা দেওয়া হইয়াছে।

Government representative on the Advisory Board of the E. R. and S. E. Railways

50. (Admitted question No. 125.) **Dr. Golam Yazdani:** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state whether the West Bengal Government have any representative on the Advisory Board of the Eastern Railway and South Eastern Railway to advise in the running of Suburban Train Service?

The Minister for Home (Transport): No.

Package Scheme

51. (Admitted question No. 147.) **Shri Bhabani Mukhopadhyay:**

কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে এ পর্যন্ত কোথায় কোথায় প্যাকেজ স্কীম চালু হইয়াছে;

(খ) উক্ত স্কীম চালু করিতে কত খরচ হইয়াছে (এলাকা ভিত্তিতে); এবং

(গ) ইহার ফলে কৃষি উৎপাদন কত বাড়িয়াছে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) বর্ধমান জেলার নিম্নলিখিত ২৪টি ব্লকে প্যাকেজ স্কীম চালু হইয়াছে:—

(১) মেমারী—১,
(২) মেমারী—২,
(৩) বর্ধমান সদর,
(৪) জামালপুর,
(৫) ভাতার,
(৬) গলসী—১,
(৭) গলসী—২,
(৮) আউসগ্রাম—১,
(৯) আউসগ্রাম—২,
(১০) রায়না—১,
(১১) রায়না—২,
(১২) খণ্ডঘোষ,
(১৩) ফরিদপুর,
(১৪) কাঁক্‌সা,
(১৫) কালনা—১,
(১৬) কালনা—২,
(১৭) মন্তেশ্বর,
(১৮) পূর্বস্থলী—১,
(১৯) পূর্বস্থলী—২,
(২০) কাটোয়া—১,
(২১) কাটোয়া—২,
(২২) কেতুগ্রাম—১,
(২৩) কেতুগ্রাম—২,
(২৪) মঙ্গলকোট।

(খ) বিভিন্ন বৎসরে উক্ত স্কীম বাবদ খরচ নিম্নরূপ ছিল:—

১৯৬২-৬৩— ৮.১৬ লক্ষ টাকা
১৯৬৩-৬৪—২৫.২৫ লক্ষ টাকা
১৯৬৪-৬৫—২৭.১০ লক্ষ টাকা (অনুমিত)।

(গ) ১৯৬২-৬৩ সালকে ভিত্তি বৎসর ধরিয়া প্যাকেজ স্কীমের অন্তর্ভুক্ত জেলায় বিভিন্ন শস্যের অতিরিক্ত উৎপাদন সম্বলিত একটি তালিকা নিম্নে উপস্থাপিত হইল।

Statement referred to in reply to clause (ga) of unstarred question No. 51

প্যাকেজ স্কীমের অন্তর্ভুক্ত জেলায় বিভিন্ন শস্যের অতিরিক্ত উৎপাদন সম্বলিত তালিকা

বৎসর	ও ভিত্তি বৎসরের উপরে অতিরিক্ত উৎপাদন
ধান	
১৯৬৩-৬৪	০.৭৭ লক্ষ টন
১৯৬৪-৬৫	১.০০ লক্ষ টন
পাট	
১৯৬৩-৬৪	৩,০০০ বেল
১৯৬৪-৬৫	৬০,১০০ বেল
গম	
১৯৬৩-৬৪	৯০০ টন
১৯৬৪-৬৫	হিসাব এখনও পাওয়া যায় নাই
ইক্ষু	
১৯৬৩-৬৪	৫১,০০০ টন
১৯৬৪-৬৫	৬০,০০০ টন

Village roads in Hooghly district

52. (Admitted question No. 148.) **Shri Bhabani Mukhopadhyay:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলি জেলায় তৃতীয় পরিকল্পনায় যেসব গ্রাম্য রাস্তা পাকা করার কথা ছিল তাহার মধ্যে—

(১) কোন্ কোন্গুলির কাজ অদ্যাবধি সম্পন্ন হইয়াছে; এবং

(২) কোন্ কোন্গুলির কাজ চলিতেছে; এবং

(খ) কোন্ কোন্গুলির কাজ একেবারে শুরু হয় নাই?

The Minister for Public Works (Roads):

(ক) (১) তৃতীয় পরিকল্পনার অন্তর্ভুক্ত হুগলি জেলার গ্রাম্য রাস্তাসমূহের কাজ এখন পর্যন্ত সম্পূর্ণভাবে শেষ হয় নাই।

(২) এ সম্পর্কে একটি তালিকা পেশ করা হইল।

(খ) কামারকুণ্ড হইতে বেজমেলিয়া স্বাস্থ্যকেন্দ্র পর্যন্ত রাস্তাটির কাজ এখন পযন্ত শুরু করা হয় নাই।

Statement referred to in reply to clause (ka) (2) of unstarred question No. 52.

তালিকা

তৃতীয় পরিকল্পনার অন্তর্ভুক্ত হুগলি জেলার নিম্নলিখিত গ্রাম্য রাস্তাগুলির কাজ চলিতেছে:—

(১) তারকেশ্বর-কানারিয়াঘাট।
(২) কালাচোরা-ভগবতীপুর।
(৩) সিঙ্গুর-মসাট।
(৪) নালিকুল-শিয়াখালা।
(৫) পোলবা-কালোয়ারা।
(৬) বৈঁচি-ভাস্তরা-মাজিনান-বেলমুড়ি।
(৭) পৌরহাটি-বন্দর।
(৮) আরামবাগ-তিরল।
(৯) বাঁধপুর-ঈলপসর।
(১০) মগরা-জয়পুর-ডেমরা-বিলপাড়া-রঘুনাথপুর।
(১১) কাবলার খাল হইতে মলয়পুর স্বাস্থ্যকেন্দ্র।
(১২) জগৎবল্লভপুর-সিতাপুর-জঙ্গীপাড়া-প্রাতপর
(১৩) বাকপোতাঘাট-ইছানগরী।
(১৪) ভাণ্ডারহাটি-কমরুল।
(১৫) বলরামপুর-ছত্রশাল।

Rural electrification scheme in Hooghly district

53. (Admitted question No. 155.) **Shri Bhabani Mukhopadhyay:** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তৃতীয় পরিকল্পনায় হুগলি জেলায় কোন্ কোন্ গ্রামাঞ্চলে বিদ্যুৎ সরবরাহের কথা আছে ; এবং

(খ) অদ্যাবধি সেই কার্য কতটা অগ্রসর হইয়াছে ?

The Minister for Commerce and Industries:

(ক) তৃতীয় পরিকল্পনায় হুগলী জেলায় নিম্নলিখিত গ্রামাঞ্চলে বিদ্যুৎ সরবরাহের কথা আছে :—

গ্রামের নাম		থানার নাম
(১) কামারকুণ্ডু	.. ..	সিঙ্গুর
(২) কৃষ্ণনগর	.. ..	খানাকুল
(৩) বেগমপুর	.. ..	চণ্ডীতলা
(৪) বক্‌ষা	.. ..	ঐ
(৫) বরগাছিয়া	.. ..	হরিপাল
(৬) সাহাপুর	.. ..	ঐ
(৭) জেজুর	.. ..	ঐ
(৮) সিপাইগাছি	.. ..	ঐ
(৯) বালীদহ	.. ..	ধনিয়াখালী
(১০) উত্তর সরকারপুর	.. ..	ঐ
(১১) সতীদাহ	.. ..	ঐ
(১২) গুরুপ	.. ..	ঐ
(১৩) চণ্ডীনগর	.. ..	জঙ্গীপাড়া
(১৪) রাধানগর	.. ..	ঐ
(১৫) মণ্ডসাই	.. ..	পাণ্ডুয়া
(১৬) জামগ্রাম	.. ..	ঐ

(খ) প্রতিটি গ্রামের বৈদ্যুতীকরণের বর্তমান অবস্থা নিম্নে দেওয়া হইল :

(১) কামারকুণ্ডু—২২-৯-৬২ তারিখে বিদ্যুৎসংযোগ স্থাপন করা হইয়াছে।

(২) কৃষ্ণনগর—১৯৬৪ সালের প্রথমভাগে বিদ্যুৎসংযোগ স্থাপন করা হইয়াছে।

(৩) বেগমপুর—বৈদ্যুতীকরণের কার্য আগামী যে মাসের মধ্যে সম্পূর্ণ করা যাইবে বলিয়া আশা করা যায়।

(৪) বক্‌ষা—বৈদ্যুতিক তার সংযোগ ভিন্ন অন্যান্য কার্য সম্পূর্ণ হইয়াছে।

(৫) বরগাছিয়া ও (৬) সাহাপুর—১৯৬০ সালে বিদ্যুৎসংযোগ স্থাপন করা হইয়াছে।

(৭) জেজুর—১৯৬৪ সালের সেপ্টেম্বর মাসে বিদ্যুৎসংযোগ স্থাপন করা হইয়াছে।

(৮) চণ্ডীনগর, (৯) রাধানগর, (১০) মণ্ডসাই, (১১) জামগ্রাম, (১২) সিপাইগাছী—বৈদ্যুতীকরণের কার্য শুরু করিবার নির্দেশ ৬-১-৬৫ তারিখে দেওয়া হইয়াছে। এবং তাহা ত্বরান্বিত করিবার ব্যবস্থা করা হইতেছে।

(১৩) বালীদহ, (১৪) উত্তর সরকারপুর, (১৫) সতীদাহ, (১৬) গুরুপ—বৈদ্যুতীকরণের কার্য সন্তোষজনকরূপে চলিতেছে এবং আশা করা যায় ১৯৬৬ সালের মার্চ মাসের মধ্যে ঐ কার্য সম্পূর্ণ হইবে।

Consumers' Co-operative Societies in Hooghly district

54. (Admitted question No. 157.) **Sshi Bhabani Mukhopadhyay:**

সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলি জেলায় ১৯৬৪ সালে থানা ভিত্তিতে কতগুলি ক্রেতা সমবায় সমিতি চালু ছিল;

(খ) এ সমবায়গুলি মারফত কি কি দ্রব্যসামগ্রী নিয়মিত সরবরাহের ব্যবস্থা আছে; এবং

(গ) পাইকারী সমিতিগুলি খুচরা বিক্রেতা সমবায়গুলিকে নিয়মিত মাল দিতে পারে কিনা —এ সম্পর্কে সরকার কোন খবর রাখেন কি?

The Minister for Co-operation:

(ক) ১৯৬৪ সালে হুগলি জেলায় কোন থানাভিত্তিতে ক্রেতা সমবায় সমিতি ছিল না। কেবলমাত্র চুঁচুড়া ও শ্রীরামপুর এই দুই শহরাঞ্চলে দুইটি পাইকারী ক্রেতা সমবায় সমিতি এবং মোট ৬৯টি প্রাথমিক ক্রেতা সমবায় সমিতি চালু ছিল।

(খ) ও (গ) থানা ভিত্তিতে ক্রেতা সমবায় সমিতি না থাকায় তাহাদের মারফত দ্রব্যসামগ্রী সরবরাহের প্রশ্ন উঠে না। চুঁচুড়া ও শ্রীরামপুর অঞ্চলে যেসকল প্রাথমিক ক্রেতা সমবায় সমিতি আছে তাহাদের মারফত চাল, ডাল, সরিষার তেল, বাদাম তেল, ঘি বনস্পতি, শিশুখাদ্য, হরলিক্স এবং নানাপ্রকার নিত্যপ্রয়োজনীয় প্রসাধন সামগ্রী ও মনোহারী দ্রব্য সরবরাহ করা হয়। দুষ্প্রাপ্যতার জন্য সরবরাহ সব সময় নিয়মিত হয় না।

নানা কারণে পাইকারী সমিতিগুলি আবশ্যক জিনিসগুলি সব সময় প্রচুর পরিমাণে অথবা নিয়মিতভাবে পায় না, এ বিষয়ে সরকার অবহিত আছেন। যথাসম্ভব প্রয়োজনমত জিনিস সংগ্রহের জন্য সরকারপক্ষ হইতে খাদ্য বিভাগ এবং সমবায় বিভাগ সর্বদাই চেষ্টা করিয়া থাকেন।

Deep tubewells in Burdwan district

55. (Admitted question No. 166.) **Shri Monoranjan Bakshi:**

কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার কোন্ কোন্ থানা এবং কোন্ জায়গায় গভীর নলকূপ স্থাপনের সরকারী পরিকল্পনা আছে; এবং

(খ) উক্ত পরিকল্পনা কতদিনের মধ্যে কার্য্যকরী হইবে বলিয়া আশা করা যায়।

The Minister of State for Agriculture and Community Development:

(ক) বর্ধমান জেলায় বর্তমান বৎসরে মোট ১০০টি গভীর নলকূপ বসাইবার পরিকল্পনা আছে। উহার মধ্যে ৭০টির জন্য স্থান নির্বাচিত হইয়াছে। এই সম্পর্কিত একটি বিবরণ এতৎসহ পেশ করা হইল।

(খ) উক্ত গভীর নলকূপগুলি বর্তমান বৎসরের (১৯৬৪-৬৫) মধ্যেই বসান যাইবে বলিয়া আশা করা যাইতেছে।

Statement referred in reply to clause (ka) of unstarred question No. 55

List of site selected for sinking deep tubewells in the district of Burdwan

Name of police-station and mauza.

Police-station Katwa—

Mauzas

Agradip-Sarai
Shahebnagarpara
Gopinathpara
Kharirdanga
Ghoshpara
Chelebabuder Math
Suagachi
Barakulgachi
Ramdaspur
Nalhati
Gope Khanji
Pataihat
Khajurdihi
Chota Kulguchi
Palasi
Ekaihat
Goai

Police-station Purbasthali—

Mauzas

Baradhok
Dirghapara Biralerpar
Kharasgram
Kharasgram-Sukepukur
Arjunpukur
Nimar
Chandpur
Bagpur
Mollar Beel
Rahatpur
Bahara
Shyampur-Golaghat
Banki
Falahari
Polgram-Dogachia
Purbasthali
Shajiara
Simla
Mertala
Jalahati
Noapara
Ghola-Rajibpur
Srirampur
Sulantoo
Barajpota
Palasphuli
Loheshur
Kamnail
Dampal
Santoshpur
Pilla

Police-station Khandaghosh—

Mauzas

Dolempur-Kamalpur
Kamalpur
Tildanga
Salum
Padua
Wania-Krishnapur
Naricha
Rupsa

Police-station Raina—

Mauzas

Jamna
Bandgachha
Bamunia
Hizalna
Chota Koirapur

Police-station Kalna—

Mauzas

Satapali
Purbasahapur
Kusadanga
Jewdhara
Badagachi
Bilkuli
Nagargachi
Durgapur
Nalai

National Defence Fund

56. (Admitted question No. 201.) **Shri Sudhir Chandra Das:**

মুখ্যমন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রতিরক্ষা তহবিলের জন্য বিভিন্ন জনসভায় যাঁহারা অর্থ ও গহনা ইত্যাদি দান করিয়াছেন তাঁহাদের সকলকে প্রাপ্তি স্বীকার রসিদ দেওয়া হইয়াছে কিনা ;

(খ) উত্তর "না" হইলে তাঁহাদের ঐ রসিদ দেওয়া হইবে কি না ?

The Chief Minister:

(ক) হ্যাঁ।

(খ) প্রশ্ন উঠে না।

Rani Benode Manjari Covernment Girls' School at Jhargram

57. (Admitted question No. 216.) **Shri Surendra Nath Mahata:**

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর ঝাড়গ্রামস্থ রাণী বিনোদ মঞ্জুরী গভর্ণমেণ্ট বালিকা বিদ্যালয়ে ছাত্রী ভর্তির চাপ প্রতি বৎসর বাড়ে এবং বহু ছাত্রী ভর্তি হইতে না পারিয়া নিরাশ হয়; এবং

(খ) সত্য হইলে তাহার প্রতিকারের জন্য সেক্সন খোলার কথা সরকার চিন্তা করিতেছেন কি না ?

The Minister for Education:

(ক) এরূপ কোন তথ্য অদ্যাবধি শিক্ষা অধিকারের গোচরীভূত হয় নাই।

(খ) প্রশ্ন উঠে না।

Return of Refugees from Dandakaranya

58. (Admitted question No. 259.) **Shri Sanat Kumar Raha:**

উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, দণ্ডকারণ্য হইতে উদ্বাস্তু ফিরিয়া আসিতেছেন ;

(খ) সত্য হইলে—

(১) অদ্যাবধি কত ফিরিয়া আসিয়াছেন এবং

(২) কী কারণে প্রত্যাবর্তন করেন ?

The Minister for Refugee Relief and Rehabilitation:

(ক) হ্যাঁ।

(খ) (১) ১৯৬৪ সালের ১২ই মে হইতে ২৮এ জানুয়ারি ১৯৬৫ তারিখ পর্যন্ত ৮,৩১২ পরিবার। যাঁহারা ফিরিয়া আসিয়াছেন তাঁহারা সকলেই নূতন উদ্বাস্তু নহেন। পূর্বে এখানে পুনর্বাসন লইয়াছিলেন এমন উদ্বাস্তু ও সরকারের সহজ নীতির সুযোগ লইয়া অধিকতর আর্থিক সুযোগের জন্য দণ্ডকারণ্যে চলিয়া গিয়াছেন। বেশীর ভাগ ক্ষেত্রে তাঁহারাই ফিরিয়া আসিয়াছেন। যাঁহারা ফিরিয়া আসিয়াছেন তাঁহারাই নিম্নলিখিত বিষয় সম্পর্কে অভিযোগ করেন।

(২) (অ) আবহাওয়া অনুকূল বলিয়া মনে না হওয়ায়।

(আ) সকলকেই কৃষি উপযোগী জমি দেওয়া যাইবে না বলিয়া গুজবে।

(ই) স্বার্থান্ধ লোকের অশুভ প্রভাব।

Assistant Medical Officers in Primary Health Centres

59. (Admitted question No. 267.) **Shri Sanat Kumar Raha:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত যে পশ্চিমবঙ্গে প্রাইমারী হাসপাতালগুলির জন্য সহকারী মেডিকেল অফিসার ভর্তি করা হইতেছে; এবং

(খ) সত্য হইলে এই সকল সহকারীর জন্য—

(১) কত বেতন দেওয়া হইবে, এবং

(২) কি কি যোগ্যতার ভিত্তিতে ভর্তি করা হইবে?

The Minister for Health:

(ক) গ্রামাঞ্চলে স্বাস্থ্যকেন্দ্রগুলিতে বহু পদ অপূর্ণ থাকায় এবং প্রাথমিকভাবে উক্ত পদগুলি পাবলিক সার্ভিস কমিশন মারফত নিয়োগ করিতে সময় লাগায় স্থানীয় অঞ্চল হইতে সাময়িক-ভাবে খণ্ড-কালীন (পার্ট টাইম) ভিত্তিতে সহকারী মেডিকেল অফিসার নিয়োগের ব্যবস্থা করা হইয়াছে।

(খ) (১) উপরোক্ত মেডিকেল অফিসারগণ প্রথমে চাকরীতে নিযুক্ত হইলে, নিম্নলিখিত হারে ভাতা পাইবেন:—

ভাতা—মাসিক ১০০ টাকা;

(২) আবেদনকারীদের ন্যূনপক্ষে ১৯৫৬ সালের ইণ্ডিয়ান মেডিকেল কাউন্সিল অ্যাক্টের ফার্স্ট সিডিউল, সেকেণ্ড সিডিউল অথবা থার্ড সিডিউলের দ্বিতীয় অংশে বর্ণিত শিক্ষাগত যোগ্যতার যে কোন একটি থাকা আবশ্যক এবং তাহারা অবশ্যই পশ্চিমবঙ্গ মেডিকেল কাউন্সিলের রেজিস্টার্ড ডাক্তার হইবেন।

Increased D. A. of the employees of Berhampore Municipality

60. (Admitted question No. 272.) **Shri Sanat Kumar Raha:** স্বায়ত্তশাসন ও পঞ্চায়েৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর পৌর সংস্থার কর্মচারিগণকে বর্ধিত হারে মাগ্‌গী ভাতা দিবার জন্য সম্প্রতি সরকার কোন আবেদন পাইয়াছেন কিনা;

(খ) বর্তমানে কি হারে মাগ্‌গী ভাতা দেওয়া হয় এবং কোন্ কোন্ পৌরসভায় এই ভাতা দেওয়া হইতেছে; এবং

(গ) এই ভাতা বৃদ্ধির ব্যাপারে সরকার কি ব্যবস্থা করিতেছেন?

The Minister for Local Self-Government and Panchayats:

(ক) না।

(খ) একটি বিবরণ উপস্থাপিত করা হইল।

(গ) ভাতা বৃদ্ধি করিবার কোন প্রস্তাব বর্তমানে সরকারের বিবেচনাধীন নাই।

Statement referred to in reply to clause (kha) of unstarred question No. 60

পৌর প্রতিষ্ঠানগুলির কর্মচারীদের মাগ্‌গী ভাতা বাবদ সরকারী অর্থ সাহায্যের বিবরণ

পৌর প্রতিষ্ঠানগুলির কর্মচারীদের উপযুক্ত বেতন ও ভাতা দেওয়ার দায়িত্ব উক্ত প্রতিষ্ঠানগুলিরই। তবে এজন্য ঐ প্রতিষ্ঠানগুলির উপর যে আর্থিক চাপ পড়ে তাহা কিছু পরিমাণে লাঘব করিবার জন্য সরকার উহাদিগকে কিছু কিছু আর্থিক সাহায্য দিতেছেন। মাগ্‌গী ভাতা দেওয়ার জন্য নিম্নলিখিতভাবে সরকারী অর্থ সাহায্য করা হয়:

(১) কলিকাতা কর্পোরেশন:—মাগ্‌গী ভাতা বাবদ প্রকৃত ব্যয়ের শতকরা ৮০ ভাগ সরকার বহন করেন;

(২) চন্দননগর করপোরেশন:—(ক) কনজারভেন্সী মজদুরদের জন্য—চাউলের মূল্য প্রতি মণ ১০ টাকার উর্দ্ধে হইলে উক্ত অতিরিক্ত মূল্যের দরুন প্রতি টাকায় অথবা উহার বৃহৎ ভগ্নাংশের জন্য ১ টাকা চাউল ভাতা;

(খ) অন্যান্যদের জন্য—মাসিক ৩৫ টাকা অথবা তদূর্ধ বেতন ভোগার জন্য মাসিক ১ টাকা। মাসিক ৩৫ টাকার নিম্নে বেযন হইলে মাসিক ৮ টাকা;

(৩) হাওড়া মিউনিসিপ্যালিটি:—মাগ্‌গী ভাতা বাবদ প্রকৃত ব্যয়ের ৭০ শতাংশ;

(৪) অশিল্পাঞ্চলের পৌর পতিষ্ঠানগুলি (পুরুলিয়া জেলা বাদে): মাসিক ৩৫ টাকা এবং তদূর্ধ বেতনভোগার জন্য মাসিক ১৬ টাকা এবং মাসিক ৩৫ টাকার নিম্নে বেতন হইলে মাসিক ৮ টাকা;

(৫) পুরুলিয়া জেলার পৌর পতিষ্ঠানগুলি: (ক) মাসিক ৩৫ টাকা অথবা তদূর্ধ বেতনভোগার জন্য মাসিক ১৬ টাকা, (খ) ১লা মার্চ ১৯৫৯ তারিখের পূর্বে নিয়োজিত ৩৫ টাকার নিম্নে বেতনভোগীর জন্য মাসিক ১০ টাকা, (গ) ১লা মার্চ ১৯৫৯ তারিখ বা উহার পর নিয়োজিত ৩৫ টাকার নিম্নে বেতনভোগীর জন্য মাসিক ৮ টাকা;

(৬) চব্বিশপরগণা, হাওড়া এবং হুগলি জেলার শিল্পাঞ্চলের পৌর পতিষ্ঠানগুলি: (হাওড়া মিউনিসিপ্যালিটি বাদে)—কনজারভেন্সী মজদুরদের জন্য—(ক) চাউল-ভাতা ২এর (ক) এর অনুরূপ;

(খ) পাক যুদ্ধকালীন বেতনের উপ বর্ধিত বেতনের (পুরুষ মজদুরদের জন্য ২০ টাকা পর্যন্ত এবং মহিলা মজদুরের জন্য ১৭.৫০ টাকা পর্যন্ত) অর্ধাংশ।

(গ) অন্যান্যদের জন্য—২ এর (খ) এর অনুরূপ।

২। উপরি-উক্ত আর্থিক সাহায্য ছাড়াও গত ১লা এপ্রিল ১৯৫৮ হইতে পৌর পতিষ্ঠানগুলি তাহাদর ১০০ টাকার অনূর্ধ বেতনভোগী কর্মচারীদের জন্য যে ৫ টাকা অতিরিক্ত মাগ্‌গাভাতা দিতেছেন উক্ত টাকা ২।৩ অংশ সরকার বহন করিতেছেন।

৩। গত ১লা নভেম্বর ১৯৫৮ তারিখ হইতে মিনিমাম ওয়েজ অর্ডার কলিকাতা ও হাওড়া পৌর পতিষ্ঠান বাদে অন্যান্য সকল পৌর পতিষ্ঠানে চালু হইয়াছে এবং এই আদেশবলে মাগ্‌গাভাতা সবনিম্ন ৩০ টাকা ধার্য্য হইয়াছে। যদিও উক্ত মিনিমাম ওয়েজ অর্ডার বলবৎ হওয়ায় সরকারের উপর কোন দায় বর্তায় নাই তথাপি সরকার বিশেষভাবে বিবেচনা করিয়া কর্মচারীদের ৩১এ অক্টোবর ১৯৫৮ তারিখের ভাতাসহ সামগ্রিক বেতন হইতে মিনিমাম ওয়েজেস অর্ডার অনযায়ী নিম্নতম বেতন যতটা বেশী উহার ২।৩ অংশ বহন করিতেছেন। অবশ্য যদি ঐ [illegible] সামগ্রিক বেতন হইতে সমপর্যায়ভুক্ত সরকারী কর্মচারীর ৩১এ অক্টোবর ১৯৫৮ তারিখের বেতনের বাড়তি অংশের পরিমাণ মিনিমাম ওয়েজেস অর্ডার অনুযায়ী নিম্নতম বেতনের তুলনায় বাড়তি অংশের পরিমাণ অপেক্ষা কম ব্যয় হয় বা বেশী হয় তাহা হইলে যে বাড়তি অংশ কম হইবে সরকার তাহার ২।৩ অংশ বহন করিবেন।

(৪) মিনিবার ওয়েজ অর্ডারের সেডুউলের ২এর (সি) অনুচ্ছেদ অনুযায়ী পৌর-কর্মচারিদিগকে উপভোগ্য পণ্যমূল্যের প্রতি ২০ পয়েন্ট বৃদ্ধির জন্য ৩.৭৫ টাকা হিসাবে অতিরিক্ত মাগ্‌গী ভাতা দেওয়া পৌর প্রতিষ্ঠানগুলির দায়িত্ব।

Ballichak Sub-Registration Office, Midnapore

61. (Admitted question No. 288.) **Shri Ananga Mohan Das:**

বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার বালিচক সাবরেজেস্ট্রি অফিসে ডেবরা, সব এবং পিংলা থানার অধিবাসিগণকে দলিল রেজেস্ট্রি করিতে হয়, এবং

(খ) সত্য হইলে এই ব্যবস্থা পরিবর্তন করিয়া সবং এবং পিংলাতে সাবরেজেস্ট্রি অফিস খোলার কোন ব্যবস্থা করার কোন পরিকল্পনা আছে কি?

The Minister for Judicial:

(ক) হাঁ, ডেবরা, সবং এবং পিংলা থানার দলিল সাধারণ নিয়মে বালিচক অবর নিবন্ধকের কিরণে নিবন্ধী-করণ হইয়া থাকে।

(খ) সবং-এ বালিচকের একটি যুক্ত অবর নিবন্ধকের করণ খোলার বিষয়টি এখন সরকারের বিবেচনাধীন আছে।

Deed Writers

62. (Admitted question No. 289.) **Shri Ananga Mohan Das:**

বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বিভিন্ন রেজেস্ট্রি অফিসের জন্য দলিল লেখকগণকে নাম রেজেস্ট্রি করিতে হয়; এবং

(খ) সত্য হইলে এইরূপ ধরণের নাম রেজেস্ট্রি কি নিয়মে করা হয় এবং উহা কত-দিনের জন্য মঞ্জুর করা হয়?

The Minister for Judicial Department:

(ক) হাঁ, দলিল লেখককে নিয়মমাফিক অনুজ্ঞাপত্র লইতে হয়।

(খ) প্রথমে এক বৎসরের জন্য অনুজ্ঞাপত্র দেওয়া হয়, পরবর্তী বৎসরসমূহে উহার মেয়াদ সাধারণ নিয়মে বর্ধিত করা হয়। এই ব্যাপারে যথাযথ নিয়মাবলী, ১৯৬২ সালের পশ্চিমবঙ্গ নিবন্ধীকরণ নিয়মাবলীর ঊনবিংশ অধ্যায়ে লিপিবদ্ধ করা হইয়াছে। উক্ত অধ্যায়ের একটি প্রতিলিপি ইহার সহিত সংযোজিত করা হইল।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 62

The West Bengal Registration Rules, 1962

CHAPTER XIX—DEED-WRITERS

Person eligible to apply for licenses to act as deed-writers

199. Any person of the district preferably of the area within the jurisdiction of the Sub-Registry office, not below 21 years of age, who can draft documents well in languages prevalent in the locality and whose handwriting is good and who has practical knowledge of the important provisions of the Transfer of Property Act, 1882, the Bengal Tenancy Act, 1885, the Indian Stamp Act, 1899, and the Indian Registration Act, 1908, and whose

conduct is good and who is of good character may apply in writing in Form No. 40, Appendix I, to the Registrar of the district either direct or through the local Sub-Registrar with testimonials, if any, for a licence referred to in section 80G to act as a deed-writer. The application must be in the candidate's own handwriting.

Grant of a licence to act as a deed-writer

121. (1) If the Registrar is satisfied that the applicant is a desirable person and is fit to be a deed-writer, he shall direct the applicant to pay a licence fee of five rupees and on payment of the said sum his name shall be entered in the Register of deed-writer in Form No. 42 in Appendix I, against the particular Sub-Registry Office concerned and a licence in Form No. 41 in Appendix I shall be issued to him. The licence shall take effect from the date of issue. The name of the deed-writer with necessary particulars shall, at the same time, be communicated to the Sub-Registrar concerned for entry in the Register of deed-writers in Form No. 43 in Appendix I, maintained by him.

(2) In granting a licence under sub-rule (1) all persons who on the date of issue of these rules have been carrying on the work of deed-writers shall, if they apply under rule 120 and fulfil the conditions specified in that rule, be given preference.

Renewal of licence

122. (1) A licence issued under rule 121 shall have effect till the 31st December of the year of issue and may be renewed thereafter year to year by the Registrar, subject to good conduct and satisfactory work and physical fitness, on payment of an annual renewal fee of one rupee. The application for renewal shall be filed between the 15th December and 15th January to the Registrar through the Sub-Registrar together with the treasury chalan or the money-order receipt showing the remittance of the renewal fee. The name of the deed-writer whose renewal is refused by the Registrar or who fails to apply for renewal as herein provided for, shall be struck off the registers maintained by the Registrar as well as by the Sub-Registrar. A deed-writer who fails to apply for a renewal in time may, however, apply for a fresh licence under rule 120.

Issue of duplicate licence

(2)(i) When the licence issued to a deed-writer is worn-out, it may be replaced, free of cost, by a duplicate licence on the prayer of the deed-writer concerned, the original worn-out one to be cancelled and kept pasted with the counterfoil.

(ii) When the licence issued to a deed-writer is lost, it may be replaced by a duplicate licence in the prescribed printed form, on the prayer of the deed-writer concerned and on payment by him of the fee to be calculated as under:

A sum of annas two as price of printed form, plus copying fee at ordinary rates prevalent in registration offices, to be charged for all the printed words in the body of the form as well as for the words inserted therein by hand to complete the duplicate copy.

(3) All fees for first licence, for duplicate of a lost licence and for renewal thereof shall be paid to the Registrar either in cash or through the treasury or by postal money order. All payments in cash shall be accounted for in cash book.

List of deed-writers to be hung up in Registration offices

123. A list of licensed deed-writers shall be hung up at a conspicuous place in the Registration Office with the following note of warning at the foot:

"Any person whose name is not included in this list and who enters the Sub-Registry Office or its compound except for the purpose of transacting business in connection with the registration of his own documents or for the making of searches or application for certified copies or for doing any other transaction in the office on his own behalf, or for doing the same under a power-of-attorney or unless he holds a receipt under section 52 of the Indian Registration Act, 1908, duly endorsed in his favour, shall be deemed to be a tout and his name shall be lilable to be included in the list of touts framed and published under sub-section (1) section 80A."

Deed-writers shall be under the control of Registering Officers

124. Licensed deed-writers shall be allowed to sit in the office precincts and to enter the Registration Office to transact business authorized by the licence under the control and supervision of the Registering Officer.

Number of deed-writers for each office to be fixed by Registrar

125. The number of deed-writers for a particular office shall be fixed by the Registrar with reference to the needs of the particular office, normally one deed-writer for 300 deeds per year. There shall, however, be no limit to the number of deeds to be written by a particular deed-writer.

Scale of fees for writing deed to be exhibited in every office

126. A Table showing the scales of fees for writing deeds by the licensed deed-writers, to be prescribed by the Inspector-General of Registration, shall be exhibited in a conspicuous place outside the Registration Offices. Any deed-writer charging fees in excess of the above prescribed rates shall be liable to the cancellation of his licence. The licensed deed-writer shall issue a receipt in Form No. 44, Appendix I, to the party concerned for payment of dues to him.

The scales of fees to be charged by the licensed deed-writers shall be as noted below:

(1) For drafting deeds (or writing deed without making any separate draft) for each 300 words or part thereof—

(a) in offices within Calcutta and the South Suburban and Howrah Municipalities—Rs. 2.50 nP.

(b) in all other offices—Rs. 2.00 nP.

(2) For writing deeds from drafts and for rendering all assistance to get them registered (for each 300 words or part thereof)—

(a) in offices within Calcutta and the South Suburban and Howrah Municipalities—Rs. 1.25 nP.

(b) in all other offices—Rs. 1.00 nP.

(3) For taking delivery of documents when authorised by the party under section 52 of the Indian Registration Act, 1908—0.25 nP. for each deed.

(4) For writing all applications whether in the prescribed printed forms or otherwise and filing the same—0.25 nP. each.

(5) For writing summons and filing the same—0.12 nP. each.

(6) For writing notices under the Bengal Tenancy Act, 1885 and filing the same—0.25 nP. each.

(7) For making searches of indexes or inspections of volumes (for each person or item of property)—0.25 nP. for each year.

Explanation.—In this rule "Calcutta" means Calcutta as defined in clause (11) of section 5 of the Calcutta Municipal Act, 1951 (West Bengal Act XXXIII of 1951).

Cancellation of licence of deed-writers

127. The District Registrar shall have power to cancel, after a regular proceeding, the licence of any deed-writer who is guilty of the breach of any of the provisions of these rules or of his licence or of any misconduct. In such a proceeding generally, charge should be formally framed, copy of the charge made over to the deed-writer concerned, evidence recorded in his presence, adequate opportunity alowed to him to defend himself by adducing witnesses and, finally, there should be written orders with appropriate reasons. A deed-writer aggrieved by any order of the District Registrar cancelling his licence may prefer an appeal to the Inspector-General of Registration within thirty days of the date of order.

Deed-writers' register open to inspection by Registering Officers

128. Each deed-writer holding a licence under these rules shall maintain a register in Form No. 45, Appendix I, which shall be open to inspection at all times by the Registering Officer or any of the Inspecting Officers of the department. The register when completed shall be preserved by the deed-writer for a period of three years.

Touts

129. Any unlicensed deed-writer who is found at or nearabout the precincts of the Registration office to persuade the public to have their documents written by him or any unlicensed deed-writer, or who is found to be doing any act which is likely to defeat the provision of any rule made under section 80G of the Act, shall be deemed to be a tout within the meaning of clause (11) of section 2 and his name shall be liable to be included in the list of touts framed and published under sub-section (1) of section 80A.

Registration Office in Moyna police-station

63. (Admitted question No. 303.) **Shri Ananga Mohan Das:**

বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ময়না থানাতে অস্থায়ীভাবে একটি সাবরেজেস্ট্রি অফিস রহিয়াছে;

(খ) সত্য হইলে উক্ত সাবরেজেস্ট্রি অফিসের এলাকা কি এবং উহাতে গত তিন বৎসরে কত আয় ও ব্যয় হইয়াছে;

(গ) উক্ত অফিস স্থায়ী অফিসে পরিণত করার কোন পরিকল্পনা আছে কিনা, এবং

(ঘ) পরিকল্পনা থাকিলে উহা কোথায় হইবে?

The Minister for Judicial Department:

(ক) হ্যাঁ, ময়নাতে একটি অস্থায়ী অবর নিবন্ধক অফিস আছে।

(খ) তমলুক ও ময়না থানা ইহার এলাকার অন্তর্ভুক্ত উহার গত তিন বৎসরের আয় ব্যয়ের বিবরণ নীচে দেওয়া হইল—

বৎসর	আয়	ব্যয়
	টা প	টা প
১৯৬২	২৫,২৫০.৯৬	১১,০০১.৭০
১৯৬৩	৩৩,৮০১.৯৯	১১,৭৮৫.৭৭
১৯৬৪ (অক্টোবর পর্যন্ত)	৩০,৭৪৪.৫৪	১০,৪৮০.০০

(গ) ও (ঘ) উক্ত অফিসটি স্থায়ী করিবার বিষয়টি ও কোন স্থানে স্থায়ী হইবে তাহা সরকারের বিচারাধীন আছে।

Eye Specialists and beds in the hospitals in West Bengal

64. (Admitted question No. 321.) **Shri Mrigendra Bhattacharya:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বংলার কোন জেলার কোন্ কোন্ হাসপাতালে চক্ষু বিশেষজ্ঞ রহিয়াছেন এবং চক্ষুরোগীর জন্য কয়টি করিয়া বেড রহিয়াছে;

(খ) ইহা কি সত্য যে গ্রামের বেশ কিছু সংখ্যক মানুষ চক্ষুতে ছানি কাটানোর সুযোগ না পাওয়ায় অকর্মণ্য হইয়া রহিয়াছেন; এবং

(গ) সত্য হইলে, গ্রামের এই সমস্ত লোকের চক্ষু চিকিৎসার জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

The Minister for Health:

(ক) একটি তালিকা টেবিলে সন্নিবেশিত করা হইল।

(খ) এ সম্বন্ধে সঠিক তথ্য সরকারের নিকট নাই।

(গ) এই সকল রোগী নিকটস্থ হাসপাতালে চিকিৎসিত হইতে পারেন। তা ছাড়া সরকারী সাহায্যপ্রাপ্ত এসোসিয়েশন ফর দি প্রিভেনশন অফ ব্লাইণ্ডনেস, বেঙ্গল কর্তৃক পরিচালিত তিনটি ভ্রাম্যমাণ চক্ষু চিকিৎসালয়ের সাহায্যে বিভিন্ন জেলা এবং পল্লী অঞ্চলের অধিবাসীদের চক্ষুরোগের চিকিৎসার ব্যবস্থা করা হইয়াছে। প্রয়োজনীয় ক্ষেত্রে এই চিকিৎসালয়গুলি চক্ষুর ছানিও কাটিয়া থাকে।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 64.

তালিকা

জেলা এবং মহকমা হাসপাতাল		চক্ষু বিশেষজ্ঞের সংখ্যা	চক্ষুরোগীদের জন্য শয্যা
চব্বিশ পরগণা—			
এম আর বাঙুর হাসপাতাল, টালিগঞ্জ	..	২	*
বনগাঁও মহকুমা হাসপাতাল	..	১	*
বসিরহাট মহকুমা হাসপাতাল	..	১	*

জেলা এবং মহকুমা হাসপাতাল		চক্ষু বিশেষজ্ঞের সংখ্যা	চক্ষুরোগীদের জন্য শয্যা
হুগলী—			
হুগলী জেলা হাসপাতাল	..	১	*
হসপিটাল মারগাইন, চন্দননগর	..	১	*
ওয়ালশ্ হাসপাতাল, শ্রীরামপুর	..	২	৯
আরামবাগ মহকুমা হাসপাতাল	..	১	*
পুরুলিয়া—			
পুরুলিয়া সদর হাসপাতাল	..	১	৮
বাঁকুড়া—			
বাঁকুড়া সম্মেলনী মেডিক্যাল কলেজ হাসপাতাল	..	৩	১২
বর্ধমান—			
বিজয়চাঁদ হাসপাতাল, বর্ধমান	..	২	২৩
আসানসোল মহকুমা হাসপাতাল	..	১	৪
কোটায়া মহকুমা হাসপাতাল	..	১	৬
বীরভূম—			
বীরভূম জেলা হাসপাতাল, সিউড়ি	..	১	১৫
রামপুরহাট মহকুমা হাসপাতাল	..	১	*
মেদিনীপুর—			
মেদিনীপুর জেলা হাসপাতাল	..	১	৩০
ঝাড়গ্রাম মহকুমা হাসপাতাল	..	১	*
নদীয়া—			
নদীয়া জেলা হাসপাতাল, কৃষ্ণনগর	..	১	৬
রানাঘাট মহকুমা হাসপাতাল	..	১	*
মুর্শিদাবাদ—			
রাও জে এন রায় হাসপাতাল, বহরমপুর	..	২	২৮
মালদহ—			
মালদহ জেলা হাসপাতাল	..	১	*
পশ্চিম দিনাজপুর—			
বালুরঘাট জেনারেল হাসপাতাল	..	১	*
রায়গঞ্জ মহকুমা হাসপাতাল	..	১	*
কোচবিহার—			
এম জে এন হাসপাতাল, কোচবিহার	..	২	১০
জলপাইগুড়ি—			
জলপাইগুড়ি জেনারেল হাসপাতাল	..	২	১৫

জেলা এবং মহকুমা হাসপাতাল		চক্ষু বিশেষজ্ঞের সংখ্যা	চক্ষুরোগীদের জন্য শয্যা
দার্জিলিং—			..
ভিক্টোরিয়া হাসপাতাল, দার্জিলিং	..	১	১০
শিলিগুড়ি মহকুমা হাসপাতাল	..	১	৩
হাওড়া—			
হাওড়া জেনারেল হাসপাতাল	..	২	১২

* এইসকল হাসপাতালে চক্ষুরোগীদের জন্য পৃথক শয্যা নাই, এখানে সাধারণ সার্জিক্যাল শয্যায় তাহাদিগকে ভর্তি ও চিকিৎসা করা হয়।

Chatal Subdivisional Hospital

65. (Admitted question No. 322.) **Shri Mrigendra Bhattacharya:** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ঘাটাল মহকুমা সদর হাসপাতালের নির্মাণকার্য কতদিনে আরম্ভ হইবে; এবং

(খ) উক্ত হাসপাতালে—

(১) বেডের সংখ্যা কত হইবে, এবং

(২) কি কি বিভাগ থাকিবে?

The Minister for Health:

(ক) নির্দিষ্ট জমি সংগৃহীত হইলে এ বিষয়ে বিবেচনা করা হইবে।

(খ) (১) ৬৮।

(২) মেডিক্যাল, সার্জিক্যাল, প্রসূতি ও স্ত্রী-রোগ, চক্ষু, এবং সংক্রামক ব্যাধি বিভাগ থাকিবে।

Flood Control Commission's Report for Daspur and Chatal police-stations

66. (Admitted question No. 342.) **Shri Mrigendra Bhattacharya:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দাশপুর থানা এবং ঘাটাল সম্বন্ধে বন্যা নিয়ন্ত্রণ কমিশনের (১৯৫৯) সুপারিশ কি কি; এবং

(খ) উক্ত সুপারিশসমূহ কার্যকরী করার কি ব্যবস্থা হইয়াছে এবং কতদিনে কাযকরী করা হইবে বলিয়া আশা করা যায়?

The Minister for Irrigation and Waterways:

(ক) পশ্চিমবঙ্গ বন্যা অনুসন্ধান কমিটি (১৯৫৯) মেদিনীপুর জেলার ঘাটাল মহকুমার জন্য মাত্র একটি পরিকল্পনা সুপারিশ করিয়াছেন। ঐ পরিকল্পনাটির নাম

"Remodelling of Kalmijole Khal in the Chetua Circuit and the Sluice at Maheshghata."

(খ) উক্ত (ক) প্রশ্নের উত্তরে উল্লিখিত প্রকল্পটি জরীপ ও অনুসন্ধানের পর প্রস্তুত করা হইয়াছে এবং উহা এখন পরীক্ষাধীন আছে। ঐ প্রকল্পটি কতদিনে কার্যকরী করা হইবে তাহা বর্তমানে বলা সম্ভব নহে।

Mashagaon lock-gate and Kumuruddin Sluice under Contai Basin Scheme

67. (Admitted question No. 370.) **Shri Sudhir Chandra Das:**

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁথি বেসিন পরিকল্পনার অন্তর্ভুক্ত মশাগাঁ লক-গেট নির্মাণকার্য বর্তমানে কি পর্যায়ে আছে;

(খ) ঐ লক-গেট নির্মাণকার্য কবে শেষ হইবে; এবং

(গ) ঐ পরিকল্পনার অন্তর্ভুক্ত কুমরুদ্দিন স্লুইসটির (কাঁথি শহরের প্রবেশমুখে) কবে নির্মাণকার্য আরম্ভ হইবে?

The Minister for Irrigation and Waterways:

(ক) প্রয়োজনীয় নকশা প্রভৃতি তৈয়ারি করার জন্য অনুসন্ধানকার্য চলিতেছে।

(খ) ১৯৬৭ সালের মধ্যে শেষ হইবে আশা করা যায়।

(গ) আগামী বৎসর আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়।

Nabagram Co-operative Society, Murshidabad

68. (Admitted question No. 402.) **Shri Birendra Narayan Ray:**

গত ২৬এ ফেব্রুয়ারি ১৯৬৪ তারিখে প্রদত্ত তারকাবিহীন ১৫৪নং (অ্যাডমিটেড প্রশ্ন নং ২১৯) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উক্ত নবগ্রাম কো-অপারেটিভ সোসাইটিকে লিকুইডেশনে দেওয়া হইয়াছে কিনা; এবং

(খ) ১৯৬৩-৬৪ সালে উক্ত সমিতি কত লাভ বা লোকসান করিয়াছে?

The Minister for Co-operation:

(ক) হ্যাঁ।

(খ) ৬৭১ টাকা ৩৫ পয়সা লোকসান করিয়াছে।

Doles to Camp Refugees

69. (Admitted question No. 460.) **Shri Gour Chandra Kundu:**

উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের বিভিন্ন উদ্বাস্তুশিবিরে "ডোল বন্ধ" পরিবারের সংখ্যা কত; এবং

(খ) দণ্ডকারণ্যে ও বাংলার বাহিরে যাইতে অস্বীকার করার জন্য যাঁদের ডোল বন্ধ করা হইয়াছে তাঁদের ডোল চালু করা কিংবা পশ্চিমবঙ্গে তাঁদের পুনর্বাসনের বিষয়ে সরকার কোন বিবেচনা করিতেছেন কিনা?

The Minister for Refugee Relief and Rehabilitation:

(ক) গত ১৯৬১-৬২ সালের শেষভাগে পশ্চিমবঙ্গের সকল উদ্বাস্তুশিবির বন্ধ করিয়া দেওয়া হয়। সেই সময় দণ্ডকারণ্যে পুনর্বাসন গ্রহণের অনিচ্ছা প্রকাশ করিয়া যেসকল পরিবার শিবিরস্থানে "ডোল বন্ধ" অবস্থায় রহিয়া যান তাঁহাদের সংখ্যা অনধিক ৮০০০।

(খ) অনধিক ৩।৪ বৎসর শিবির বন্ধ হইয়া যাইবার পর ডোল পুনরায় চালু করা সম্পর্কে কোনও বিবেচনা করা সম্ভব নহে। তবে তাহাদের কোনও প্রকার পুনর্বাসন বাবত সাহায্য দেওয়া যায় কিনা তাহা পরীক্ষা করিয়া দেখা হইতেছে

Adjournment Motion

Mr. Speaker: I have received notice of an adjournment motion from Shri Kamal Kanti Guha and Shri Sunil Das Gupta on the subject of amendment of the Constitution in the matter of language. Consent has been withheld.

Shri Kamal Kanti Guha:

মাননীয় স্পীকার মহাশয়, আমার অ্যাডজোর্নমেণ্ট মোশন সম্বন্ধে আমি একটা কথা বলছি যে বাংলা দেশের বিধান সভা থেকে আমরা সর্বসম্মতিক্রমে একটা প্রস্তাব পাশ করেছি এবং প্রস্তাবটা কেন্দ্রীয় সরকারের কাছে পেশ করার জন্য অনুরোধও করা হয়েছে, কিন্তু কেন্দ্রীয় সরকারের মতিগতি দেখে বাংলাদেশের লোকের মনে সন্দেহ ও অসন্তোষ জমা হয়ে উঠছে। কাজেই এই ইংরাজী ভাষাকে চালু করা হবে বলে তারা যে একটা মৌখিক প্রতিশ্রুতি দিয়েছেন, এটা আমরা বিশ্বাস করতে পারছি না। আজকে সেই জন্য আমার অ্যাডজোর্নমেণ্ট মোশনটা ছিল। এটাকে একটা আলোচনা করে, আমরা একটা সিদ্ধান্ত নিতে পারতাম যে আগামী মুখ্যমন্ত্রী সম্মেলনে আমাদের মুখ্যমন্ত্রী সেখানে যাচ্ছেন, তিনি আমাদের পশ্চিমবঙ্গের তরফ থেকে এই প্রস্তাব সেখানে রাখবেন যে সংবিধান সংশোধন করে ইংরাজী চালু থাকবে, এটাকে সেখানে লিখিত ভাবে রাখা হক, যাতে আমরা নিশ্চিন্ত হতে পারি।

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker: Now, the Hon'ble Minister-in-charge of Home (Transport) Department will please make a statement on the subject of enhancement of bus fare by the State Transport Corporation, called attention on the 10th February, 1965, by Shri Nani Bhattacharya and Shri Nikhil Das.

Shri Saila Kumar Mukherjee:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রীনিখিল দাসের কলিং এ্যাটেনশান নোটিশএর উত্তরে জানাচ্ছি, যে এই ভ্রমণকারী জনসাধারণ ও পরিচালনকর্মী উভয়ের সুবিধার জন্য এবং খুচরা মুদ্রা দেওয়া নেওয়ার অসুবিধা দূরীকরণের জন্য ১লা ফেব্রুয়ারী, ১৯৬৫ সাল হইতে কলিকাতা রাষ্ট্রীয় পরিবহনের ভাড়া বহু সংখ্যক স্টেজ এর সংখ্যা কমাইয়া বাস ভাড়ার পুনর্গঠন এবং পাঁচ পয়সার গুণিতকে ভাড়া দেবার প্রথা প্রবর্তন করা হইয়াছে, ইহাকে সাধারণ বাস ভাড়া বৃদ্ধি বলা চলে না, কেন না, ইহার ফলে পূর্বের ১৩টি স্টেজএ ভাড়া বাড়িয়াছে এবং ১২টি স্টেজএ ভাড়া কমিয়াছে এবং দুটি স্টেজএ ভাড়া অপরিবর্তিত রহিয়াছে। আবার পরিবর্তিত হারে নূতন মিশ্র অঙ্কপাত প্রথার সুবিধা হইলে পূর্বের ৩১টির মধ্যে ২৫টি স্টেজএ ভাড়া কমিয়া গিয়াছে। মাত্র ৫টি স্টেজএ ভাড়া বেড়েছে এবং একটি স্টেজএ ভাড়া অপরিবর্তিত রয়েছে।

Mr. Speaker: I have received five notices of Calling Attention on the following subjects, namely:—

(1) Resinking of the derelict tube-wells by Shri Sanat Kumar Raha.

(2) and (3) Declaration of lock-out by the management of M/S Reckitt Colman India (Private) Ltd., by Shri Haridas Chakravarty and Shri Bijoy Pal.

(4) Attack on students by a durwan of a school at Bhowanipur on 11th February 1965 by Shri Aswini Roy.

(5) Increase of smuggling in the Indo-Pak border areas of West Bengal —by Shri Birendra Narayan Ray, Shri Monoranjan Bakshi, Shri Mahananda Halder, Shri Hrishikesh Halder and Shri Adhar Chandra Halder.

I have selected the notice on the subject of declaration of look-out by the management of Messrs. Reckitt Colman India (Private) Ltd., by Shri Haridas Chakravarty and Shri Bijoy Pal.

The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject to-day, if possible, or give a date for the same.

Shri Jagannath Kolay: On Thursday.

Tram-strike.

Shri Nani Bhattacharjee:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ সকাল বেলা থেকে দেখছি, যে ট্রাম চলাচল বন্ধ হয়ে গেছে। ২।১ দিন আগে থেকে আমরা কিছু কিছু শুনছিলাম কি যেন ঘটমট চলছে এবং ট্রাম কোম্পানীর নানারকম আনাচার, অবিচার ট্রাম শ্রমিকদের ওপর চলছে এবং দেখলাম যে কোন কিছু হল না অথচ ট্রাম চলাচল আজ সকাল থেকে বন্ধ। এটা আমরা আপনার মাধ্যমে যেমন গভর্নমেণ্ট এর দৃষ্টি আকর্ষণ করছি, সেই সঙ্গে সঙ্গে বলছি এবং এই কথা জানতে চাচ্ছি যে কি এমন কাণ্ড ঘটলো এবং গভর্নমেণ্ট কি করলেন এ পর্যন্ত যে ট্রাম চলাচল বন্ধ যাতে না হয় তার জন্য গভর্নমেণ্ট কি করছে এবং কি করেছে সে সম্বন্ধে জানান।

Shri Saila Kumar Mukherjee: I may state for the information of the members that the Labour Minister has just at 1-30 p.m. called a conference of all the Trade Union leaders concerned with the tramways to discuss about what the situation is and to know what steps can be taken. According to their advice we shall proceed.

Meeting of the Public Accounts Committee.

Shri Nani Bhattacharjee:

মাননীয় স্পীকার মহাশয়, আর একটা ব্যাপার আছে সেটা হচ্ছে প্রিভিলেজগত ব্যাপার। এর আগে আমি সেটা রেফার করে দিলাম, তখন জগন্নাথবাবু বলেছিলেন যে শৈলবাবু বলবেন, সেটা হচ্ছে পাবলিক অ্যাকাউণ্টস কমিটি সংক্রান্ত ব্যাপার। এই হাউসএ পাবলিক অ্যাকাউণ্ট কমিটি নিবাচিত হয়েছে, অথচ এ পযন্ত একটা বৈঠকও বসেনি কেন, বসলো না কেন, কি ব্যাপার, অর্থমন্ত্রী মহাশয় বলুন।

Shri Saila Kumar Mukherjee: Sir, I am very sorry. Certainly I agree that there has been delay this year. But you will appreciate that this year the Finance Department is specially busy with the preparation of the Memorandum that has to be submitted on behalf of the West Bengal Government to the Fourth Finance Commission which is coming to West Bengal on the first week of April. You know, on the structure of this Fourth Finance Commission our future five years' financial programme and plan depends. The Finance Department has to collect various data. Naturally, a special cell has to be created to study the details of every departmental expenditure. That is one of the reasons why there has been delay.

[2-10—2-20 p.m.]

Another reason is, simultaneously this year the Planning Commission is sitting. The State Government has prepared their Fourth Five-Year Plan and the memorandum has been sent only today to the Planning Commission for the preparation of Fourth Five-Year Plan. For these two reasons Finance Department was awfully busy. But I have asked the Finance Secretary to call the meeting of the Public Accounts Committee as soon as the Fourth

Finance Commission completes their survey of West Bengal by the first week of April. If that is not possible, if it is not possible to submit the report before that date, we have to see to it. There are certain queries made by the Auditor-General and unless delailed answers to these queries are ready and submitted, then there is no use calling the Public Accounts Committee meeting. We have taken particular steps to prepare the answers to these queries and as soon as they are completed, we shall take step to see that the Public Accounts Committee meeting is called very early.

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় স্পীকার মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্য মন্ত্রী এখানে তো অনুপস্থিত, তার মন্ত্রী মণ্ডলার কাছে একটা বিষয়ের অবতারণা করতে চাই। আমি যে বিষয়টা বলতে চাই সেটা হচ্ছে এই যে মানিকতলা বোম কেসের যে বাড়ীটা আবিস্কার করা হয়েছিল এবং শ্রীঅরবিন্দ ইত্যাদি যার সঙ্গে জড়িত সেই বোম কেসের জজের বাগানের বাড়ীটা ভেঙ্গে ফেলা হয়েছে এবং সেখানে দেখা যাচ্ছে যে খাটাল তৈরি হচ্ছে। আমি মুখ্য মন্ত্রী এবং কংগ্রেস মন্ত্রী মণ্ডলীর কাছে অনুরোধ করব তাঁরা যেন আমাদের এই ঐতিহাসিক জায়গাটাকে রক্ষা করার জন্য ব্যবস্থা অবলম্বন করেন।

Dr. Narayan Chandra Roy :

আমি সংশ্লিষ্ট মন্ত্রী দপ্তরের কলকাতা শহরের ওয়াটার সাপ্লাই ভেঙ্গে যাওয়ার জন্য দৃষ্টি আকর্ষণ করতে চাই এবং কবে আবার জল ঠিক পাব সেটা জানতে চাই।

Shri Gour Chandra Kundu:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বলতে চাই যে পুনর্বাসন মন্ত্রী এতক্ষণ বসেছিলেন, তিনি চলে গেলেন, গত ১।। মাস যাবত পশ্চিমবঙ্গে বিভিন্ন পি, এল, হোমে কয়েক হাজার উদ্বাস্তুপরিবার রয়েছে, তারা সম্পূর্ণরূপে সরকারের ডোলেব উপর নির্ভরশীল। তাদের সেই ডোল সরবাহ বন্ধ করে দেওয়া হয়েছে, ফলে তারা ভীষণ বিপদাপন্ন হয়ে পড়েছে। এখানে দু' একজন মন্ত্রী বসে আছেন, তারা যদি পুনর্বাসন মন্ত্রীকে ব্যাপারটা জানান তাহলে আমি বাধিত হব।

Discussion on Governor's Address

Shri Gour Chandra Kundu:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণ বলে যে বইটা আমরা দেখলাম তার মধ্যে আমরা আশা করেছিলাম যে সরকারের কাজ কর্মের একটা ইঙ্গিত পাব এবং আগামী দিনে আমাদের সরকার কোন নীতিতে পশ্চিমবঙ্গ শাসন করবেন তার একটা আভাস পাব। কিন্তু আমরা সম্পূর্ণরূপে নিরাশ হয়েছি। গত ৩ বছর ধরে আমরা এ্যাসেম্বলীতে আসছি, আমি অন্ততঃ নতুন এসেছি, আমি গভর্নরের এ্যাড্রেসগুলি পড়ছিলাম দেখলাম যে তার মধ্যে ৩ বছর ধরে যে কথা লেখা হয়েছে এবারেও ঠিক একই কথা লেখা হয়েছে, একটু ভাষার অদলবদল ছাড়া। অবশ্য আমরা এটুকু বুঝি যে সরকার কি রিপোর্ট দেবেন বা কি করবেন। কারণ, তাঁরা গত ১৭ বছর ধরে কেবল অপকর্ম করেছেন, কর্ম কিছু করেন নি। স্বাভাবিকভাবে তাঁদের রিপোর্ট দেওয়ার কিছু থাকে না এবং তাঁদের কথা বলবারও কিছু নেই। আমাদের দেশের যারা মিল মালিক, একচেটিয়া অধিপতি তাদের নির্দেশ মত তাঁরা কাজ কর্ম পরিচালনা করছেন। তারা যখন যে নিদেশ দেন তখন সেই মত তাঁরা চলেন। স্বভাবতঃই এটা আশা করা যায় যে যেহেতু তাঁদের কোন নীতি নেই যেহেতু তাঁরা কাজ কর্ম করেন না সেহেত রিপোর্ট দেওয়ার মত তাঁদের কিছু নেই। অশোকবাবুর মত লোক এতে সন্তুষ্ট হতে পারেন, কিন্তু আমরা যারা জনসাধারণের সঙ্গে মেলামেশা করি তারা মোটেই এতে সন্তুষ্ট হতে পারে নি! সেজন্য যখনই আমরা এই রিপোর্টের সমালোচনা করে ভাল ভাল কথা বলি জনসাধারণের স্বার্থের কথা বলি তখন তা তাঁদের কানে ঢোকানো এবং এ্যাসেম্বলীতে যে কথা বলি সে কথা শোনবার মত তাঁদের আগ্রহ থাকে না। আমরা একথা বলেছিলাম এ পশ্চিমবঙ্গে যে বিভিন্ন সমস্যা আছে তার মধ্যে খাদ্য সমস্যা আজকে সবচেয়ে বড়

আকারে দেখা দিয়েছে। সেজন্য যখন গত বছর খাদ্য সমস্যা তীব্র আকার ধারণ করেছিল তখন আমরা বিরোধী পক্ষের তরফ থেকে মাননীয় রাজ্যপালের কাছে এবং মুখ্যমন্ত্রীর কাছে আইন সভার অধিবেশন আহ্বান করার দাবি করেছিলাম। কিন্তু রাজ্যপাল এবং মুখ্যমন্ত্রী সেই দাবী নস্যাৎ করে দিয়েছিলেন; আমাদের দাবীকে তাঁরা মানেন নাই। অর্থাৎ তাঁরা মুখে বলেন -আমাদের খাদ্যসমস্যার ব্যাপার নিয়ে যে আমাদের সঙ্গে সরকারের সমবেতভাবে কাজ করা দরকার। কিন্তু কার্যতঃ বিরোধী পক্ষ থেকে সে সম্পর্কে এত যে গঠনতান্ত্রিক প্রস্তাব তাঁদের কাছে দেওয়া হয়েছিল, সে প্রস্তাবকে তাঁরা বাতিল করে দিলেন। আমি মনে করি সংসদীয় গণতন্ত্রে এটা খুবই বিপজ্জনক এবং তাঁরা দেশকে স্বৈরাচার অরাজকতার দিকে এগিয়ে নিয়ে যাবার একটা ঝোঁক দেখাচ্ছে সেইজন্য গভর্নর ও মুখ্যমন্ত্রীর এই মনোভাবের তীব্র নিন্দা আমরা করছি।

খাদ্য সমস্যা সম্পর্কে দু একটা কথা ঐ বইয়ের মধ্যে বলা আছে। গত বছর যখন রাজ্যপাল ভাষণ দিয়েছিলেন—তার মধ্যে বলা হয়েছিল

"The food position is likely to be comparatively easy this year. The Aman Paddy crop that has just been harvested is expected to yield about 48 lakh tonnes in terms of rice as compared to only 39 lakh tonnes in the previous year. The next Aus crop is expected to be of the order of 5 lakh tons. We also expect an import of about 4 lakh tonnes from the neighbouring surplus State of Orissa during this year."

অর্থাৎ ১৯৬৪ সালের প্রারম্ভে মাননীয় রাজ্যপাল ভাষণ দিলেন যে আমাদের এবার খাদ্য সমস্যা সমাধান হবে, খাদ্যের পজিসান অনেক ভাল হবে। কিন্তু আমরা জানি আপনিও জানেন স্যার, আমাদের খাদ্যের অবস্থা মোটেই গত বছর ভাল ছিল না। রাজ্যসরকার চালের দাম ৭৬ নয়া পয়সা বেঁধে দিয়েছিলেন। কিন্তু আমরা জানি কলকাতায় এবং মফঃস্বলের কোন জায়গাতেই যে সেই ৭৬ নয়া পয়সা দরে চাল পাওয়া যায় নি। চালের দাম ১.২০ নঃ পঃ ১.২৫ নঃ পঃ পর্যন্ত উঠেছিল। একথা আমরা সকলে জানি যে রেশন শপ ও এম আর শপের মারফৎও কোন জায়গায় চাল পাওয়া যায় নি, চালের সরবরাহ পাওয়া যায় নি। আর ছিটে ফোটা যা পাওয়া গিয়েছিল তা বেশীর ভাগ জনসাধারণের কাছে পৌঁছায় নি। অর্থাৎ শতকরা ৯০ ভাগ জনসাধারণ এই রেশন শপের চাল গম কিছু পায় নি। কারণ সরকার রেশন শপের মারফৎ চাল সরবরাহ করতে পারলেন না বাজারে যাতে চাল গম পাওয়া যায়—তার কোন ব্যবস্থা করলেন না। অথচ দাম সরকার বা বেঁধে দিয়েই খালাস হলেন।

তারপর দু-নম্বর হচ্ছে বাজারে সরিষার তেল চিনি ও অন্যান্য নিত্য প্রয়োজনীয় জিনিষপত্রের দাম—কত বেড়েছিল তা আপনিও জানেন। আমাদের এই বাজে আট টাকা কিলো দরে সরষের তেল আমাদের খেতে হয়েছিল। এর চেয়ে লজ্জার ব্যাপার আর কিছু হতে পারে না। যেখানে বৃটিশ রাজত্বের সময় ছ আনা, আট আনা সের সরষের তেল খেয়েছিলাম এবং সেখানে দু বছর আগেও দু টাকা সের দরে সরষের তেল খেতে পেরেছিলাম সেখানে এবার ৮৲ টাকা দরে তেল খেতে হলো। আমরা আরো দেখলাম চিনির অভাবে খাবারের দোকান বন্ধ হয়ে গেছে। এমন কি আমাদের চা-খাওয়া পর্যন্ত চিনির অভাবে বন্ধ হবার উপক্রম হয়েছে। আমরা দেখলাম মাছের বাজারে একটা চরম অব্যবস্থা চললো, চোরাকারবারী চললো, আমাদের মৎস্যমন্ত্রী মাছের দাম বেঁধে দিলেন, লাইসেন্স প্রথা প্রবর্তন করলেন। কিন্তু সেই বাঁধা দরে বাজারে মাছ পাওয়া গেল না। মাছের দাম পাঁচ, ছয়, সাত টাকা উঠলো। এখনো কণ্ট্রোল দরে মাছ পাওয়া যায় না। তার ফলে ছোট ছোট মাছের ব্যবসায়ীরা প্রচণ্ডভাবে ক্ষতিগ্রস্ত হলেন। সেই দামে মাছের ব্যবসায়ীরা মাছ কিনতে পারলেন না; ফলে মাছের ব্যবসায় তাদের বন্ধ হয়ে গেল। অথচ মেছোভেড়ীর যে সমস্ত বড় বড় মালিক আছে, তার মধ্যে কংগ্রেসের অনেক মন্ত্রীও জড়িত আছেন, আজকে তাদের পোয়া বারো হলো। অর্থাৎ তার মাধ্যমে তারা কোটী কোটী টাকা মুনাফা লুটলেন। আমরা গত বছর দেখলাম দেশে খাদ্যের অভাব নাই, বেশী দাম দিলে বাজারে হাজার হাজার মণ চাল পাওয়া যায়। ১,১০ বা ১.২০ নয়া দাম দিলে চাল পাওয়া যায়

কিন্তু সরকারী বাঁধা দরে ৭৬ নঃ পঃ দরে এক ছটাকও চাল পাওয়া যায় নাই। এই ভাবে মাছ, তেল, চিনি ও অন্যান্য জিনিষ বেশী দাম দিলে পাওয়া যায়। কিন্তু ন্যায্য দাম দিলে কিছু পাওয়া যায় না। গত বছর যেভাবে দিন চলেছে সেটা হলো মূল্য বৃদ্ধির সংকট খাদ্যের সংকট নয়—এই টুকুই আমি বলতে চাই। সেইজন্য জুলাই মাসে এই বিষয়ে যখন আমরা আলোচনা করেছিলাম তখন মুখ্যমন্ত্রী যে একটি বিবৃতি দিয়েছিলেন, সেই বিবৃতিতে তিনি বলেছিলেন—

"We are actively considering the question of taking up State Trading in rice and paddy on a large scale in West Bengal from the beginning of next year. There is a possibility of our taking over the entire output of rice mills all over the State, and also of our direct procurement of paddy from cultivators. We are thinking of full rationing in Calcutta industrial area."

[2-20—2-30 p.m.]

স্যার, ফুল রেশনিং ইন ক্যালকাটা ইণ্ডাস্ট্রিয়াল এরিয়া এই কাজটুকু হয়েছে, কিন্তু আসল যে কাজ সেটা হয়নি। অথাৎ স্টেট ট্রেডিং হয়নি, রাইস মিল থেকে চাল সংগ্রহের কথা যা ছিল তা হয় নি, চাষীদের কাছ থেকে ন্যায্য দামে ধান সংগ্রহের ব্যবস্থা হয়নি। স্যার, এই সব ব্যবস্থা না হবার ফলে আমরা দেখেছি গত বছর সরকার রেশন সপ-এ চাল সরবরাহ করতে ব্যর্থ হয়েছেন, কোলকাতা শহরে ন্যায্য দামে চাল সরবরাহ করতে ব্যর্থ হয়েছেন এবং এই যে রেশনিং করেছেন তাতে আমরা আগে শুনেছিলাম এই চাল এবং গম সমস্তই কেন্দ্রীয় সরকার সরবরাহ করবেন। কিন্তু রাজ্যপাল এই যে লিখিত ভাষণ দিয়েছেন তাতে আমরা দেখছি এটা পশ্চিমবাংলার ভেতর থেকেই সংগ্রহ করবেন অথাৎ কেন্দ্রীয় সরকারের কোন দায়িত্ব নেই। স্যার, পশ্চিমবঙ্গ সরকার যে চালকল মালিকদের কাছ থেকে চাল সংগ্রহ করে আমাদের খাওয়াবেন এটা আমরা আশা করতে পারি না। কারণ আমরা জানি এই পি. সি. সেন গত বছর চরম দায়িত্ব জ্ঞানহীনতার পরিচয় দিয়েছেন—অথাৎ গত বছর তিনি যে বিবৃতি দিয়েছিলেন সেই অনুসারে কাজ করেন নি। এর ফলে গত বছর বাংলাদেশের মানুষ অনাহারে, অর্ধাহারে থেকেছে এবং বেশী দামে জিনিসপত্র কিনেছে। সেইজন্য আমি বলি কেন্দ্রীয় সরকারের কোলকাতার রেশনিং-এর দায়িত্ব নেবার কথা যা হয়েছিল সেটা যদি তাঁরা নেন তাহলে হতে পারে। কিন্তু সেই দায়িত্ব যখন তাঁরা নিচ্ছেন না তখন কোলকাতার রেশনিং-এর ভবিষ্যত যে অনিশ্চিত সে বিষয়ে কোন সন্দেহ নেই। তারপর, মফঃস্বলকে দেখলাম প্রফুল্লবাবু চোরাকারবারীদের হাতে ছেড়ে দিয়েছেন, অথাৎ স্টেট ট্রেডিং করেন নি এবং করবেন বলেও আভাষ দিচ্ছেন না। শুধু তাই নয়, তাঁরা খাদ্য শস্যের পাইকারী নিজেদের হাতে নেন নি, রাইস মিল জাতীয়করণ করা হোল না, রাইস মিলের সমস্ত চাল সরকারের কাছে আনা হোল না এবং অপর পক্ষে রাজ্যসরকার চোরাকারবারীদের মহাজনদের অবাধে বিভিন্ন এলাকা থেকে চাল আনতে দিলেন। আমরা দেখছি বিভিন্ন এলাকায় পার্মিট দেওয়া হয়েছে এবং তারা কণ্ট্রোল দামে চাল কিনে আনছে। কিন্তু কোথাও সেই দামে বিক্রি হচ্ছে না—এখনও ৮৫।৮৬ নয়া পয়সা দামে চাল বিক্রি হচ্ছে। অথচ এটা আজ সকলেই জানে যে এখন চালের দাম কম হওয়া উচিত। এই সব কারণে আমার মনে হয় ক্যালকাটা রেশনিং ফেইল করবে, রাজ্য সরকার চাল সংগ্রহ করে এটাকে বাঁচিয়ে রাখতে পারবেন না এবং অপর পক্ষে দেখছি মফঃস্বলকে চোরাকারবারীদের হাতে ছেড়ে দিয়েছেন, রাষ্ট্রীয়করণ করছেন না, মিল মালিকদের কাছ থেকে চাল নিচ্ছেন না। স্যার, আজকে বাজেট সেসন চলছে বলে মফঃস্বলে আমরা কিছু আতপ চাল এবং গমের মুখ দেখছি, কিন্তু বাজেট সেসন বন্ধ হলেই এই চাল ১ টাকা, ১ টাকা ১০ নয়া পয়সা দামে আবার কিনতে হবে। রাজ্যপালের ভাষণে কোলকাতার রেশনিং সম্বন্ধে কিছু কিছু বলা হয়েছে, কিন্তু মফঃস্বলের লোক কিভাবে চাল পাবে এবং আগামী দিনে কিভাবে জিনিসপত্র পাবে সে সম্বন্ধে কিছু বলা হয়নি। এর কারণ কি? এর কারণ হচ্ছে আমরা জানি এই কংগ্রেস সরকার মুখে যতই বলুন না কেন আসলে তাঁদের নাড়ীর যোগ রয়েছে ধানকল, চালকল, তেলকল, চিনিকল আটাকল এবং ময়দা কলের মালিকদের সঙ্গে। তাই তাদের ব্যবসার পক্ষে ক্ষতি হয় এমন কাজ তাঁরা করবেন না এবং সেই কারণেই দেখছি ১৭ বছর ধরে স্টেট ট্রেডিং-এর কথা

বলা সত্বেও তাঁরা মিল মালিকদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করেন নি, পশ্চিমবাংলার লোকদের রক্ষা করতে পারেন নি এবং এই যে বই দেওয়া হয়েছে তার মধ্যেও সেই নীতির কোন অভাব আমরা দেখছি না। তারপর, আমরা জানি আমাদের দেশে মুদ্রাস্ফিতি হয়েছে এব ২৪ কোটি কালোটাকা রয়েছে। চতুর্থ পরিকল্পনায় যে বিরাট টাকা লগ্নী করা হবে তাতেও মুদ্রাস্ফিতী হবে এবং তার ফলে জিনিস পত্রের দাম প্রচণ্ডভাবে বেড়ে যাবে একথা আমরা নিশ্চয় করে বলতে পারি। স্যার, এটা শুধু আমাদের কথা নয়, দুগাপুর কংগ্রেসের বড় বড় লিডাররা একথা বলেছেন। কাজেই বোঝা যাচ্ছে কংগ্রেস সরকার যখন দেশকে একচেটিয়া পুঁজিপতিদের হাতে ঠেলে দিয়েছেন এবং মিল মালিক ও চোরাকারবারীদের স্বার্থে কাজ করছেন তখন আমাদের আর এঁদের হাত থেকে বাঁচবার উপায় নেই।

আমি আর একটা জিনিষ লক্ষ্য করলাম, আমাদের দেশ স্বাধীন হবার পর আমরা ভেবে-ছিলাম যে আমাদের দেশের লোক অন্ততঃ বিদেশী পুঁজিপতিদের হাত থেকে রক্ষা পাবে, একচেটিয়া পজিপতিদের হাত থেকে রক্ষা পাবে। কিন্তু দেখলাম ১৯৪৮ সালে যেখানে বিদেশী পুঁজির পরিমাণ ছিল ৩০০ কোটি টাকা এখন সেখানে হয়েছে ৯০০ কোটি টাকা। এখানে তাঁরা বড় বড় পুঁজিপতিদের সঙ্গে গাঁটছড়া বেঁধে আমাদের দেশ শাসন করছেন। আমাদের পশ্চিমবাংলায় দেখছি যে বিদেশী পুজি এবং একচেটিয়া পুঁজির অবাধ মিলন হয়েছে এবং শোষণ চলেছে। গত দুগাপুর সেসনে আগে যিনি মন্ত্রী ছিলেন শ্রীজগজীবন রাম তিনি বলেছেন, তিনিও স্বীকার করেছেন যে আজকে ১৫।২০টি পরিবারের হাতে ভারতের ধন সম্পত্তি কব্জা হয়ে বসে আছে। আজকে এটা বুঝি যে কংগ্রেস সরকার দেশের বড় বড় মিল মালিকদের এবং একচেটিয়া পুঁজিপতিদের সঙ্গে এমন এক গাঁটছড়া বেঁধেছেন, এমন ভাবে বিদেশী পুঁজিকে আমন্ত্রণ জানাচ্ছেন, মার্কিণ দেশ থেকে এবং বৃটিশ দেশ থেকে এমনভাবে সাহায্য নিচ্ছেন যার ফলে আমাদের দেশের অর্থনীতিতে বিদেশী পুঁজির, একচেটিয়া পুঁজির মিলন ঘটেছে, এবং তা থেকে বাঁচবার আর কোন পথ নাই। সেজন্য বলছি রাজ্য-পালের যে লিখিত ভাষণ দিয়েছেন তার মধ্যে একথা বলা উচিত ছিল যে, আমাদের দেশের অর্থনীতির সঙ্গে বিদেশী পুঁজিকে যুক্ত করা হয়েছে এবং তার ফলে আমাদের দেশে বিদেশী পুঁজি এবং একচেটিয়া পুঁজিপতিদের শোষণ দিন দিন বেড়ে যাবে, যার ফলে গমের দাম চালের দাম অন্যান্য জিনিষপত্রের দাম বেড়ে যাবে, এটা স্পষ্ট করে বলা উচিত ছিল। আজ বিদেশী পুঁজি আমন্ত্রণের অশুভ ইঙ্গিত আমাদের দেশে দেখা দিয়েছে যেকথা আগেই বলা হয়েছে। এটা শুধু অর্থনীতির মধ্যে সীমাবদ্ধ থাকবে না, রাজনীতির মধ্যে ঢুকে যাচ্ছে। আমরা দেখছি মার্কিণ সাম্রাজ্যবাদীরা সেখানকার জনপ্রতিনিধিরা এসে আমাদের মধ্যে মাতব্বরী করছে, কলকাতা-বিশ্ববিদ্যালয়ের এবং যাদবপুর বিশ্ববিদ্যালয়ের সমাবর্ত্তন উৎসবে এসে তাঁরা মাতব্বরী করছে, ভাষণ দিচ্ছে, আরও দেখছি বৃটিশ এমেরিকার জেনারেলেরা গণনায়করা দিল্লীতে বার বার করে আসছে এবং আমাদের দেশের রাজনীতির সঙ্গে যুক্ত হয়ে পড়ছে, মিলিটারীর সঙ্গে যুক্ত হয়ে পড়ছে কোলকাতায় দেখছি স্কটল্যাণ্ডের পুলিশ আমাদের পুলিশের সঙ্গে যুক্ত হয়ে পড়েছে এবং আমাদের পুলিশকে শিক্ষা দিচ্ছে, অর্থাৎ অর্থনীতির মধ্যে এবং সঙ্গে সঙ্গে রাজনীতির মধ্যে ঢুকে পড়ছে, এমেরিকার সাম্রাজ্যবাদ এবং বৃটিশ সাম্রাজ্যবাদ আমাদের রাজনীতির মধ্যে ঢুকে পড়ছে এবং এই অশুভ ইঙ্গিত আমাদের দেশের মধ্যে দেখা দিয়েছে, যার ফলে আমাদের দেশের স্বাধীনতা এবং সার্বভৌমত্ব বিপন্ন হয়ে পড়ছে। সেজন্য এ সমস্ত কথা এই বইয়েতে থাকা উচিত ছিল, কিন্তু সে কথা সুচিন্তিতভাবে রাজ্যপাল এড়িয়ে গেছেন। এক দিকে কংগ্রেস সরকার সাম্রাজ্যবাদের সঙ্গে ভারতবর্ষকে আবদ্ধ করছেন, অন্যদিকে পরিকল্পনা করছেন কিন্তু তিনটি পঞ্চ বার্ষিকী পরিকল্পনা হল, তাতে হাজার হাজার কোটি টাকা যে খরচ হল তা সত্ত্বেও আমাদের দেশের কি কোন অগ্রগতি ঘটল? জনসাধারণ শ্রমিক কৃষক মধ্যবিত্ত ছোট চাষী এদের অবস্থার কোন উন্নতি হয়নি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি জানেন আমাদের দেশে এই যে পঞ্চ বার্ষিকী পরিকল্পনা হল তার ফলে কি জাতীয় আয় বেড়েছে? সেটা তাঁরাই জানেন, জাতীয় আয়ের ফল কারা পেয়েছে? আমাদের দেশের প্ল্যানিং কমিশন বলছেন শতকরা ১০ জন লোক জাতীয় আয়ের চারের তিন ভাগ পাচ্ছে, অর্থাৎ জাতীয় আয় থেকে যে লাভ হচ্ছে তা মুষ্টিমেয় পুঁজিপতির দল ভোগ করছে। কিন্তু আমাদের দেশের কোটি কোটি জনসাধারণের অবস্থা বিন্দুমাত্র পরিবর্তন হয়নি, উপকার হয়নি। আমরা তাই দেখতে

পারছি পার্লামেণ্টে যে ডিবেট হয় তাতে জাতীয় আয় কত, পণ্ডিত নেহরু পর্য্যন্ত স্বীকার করেছিলেন যে ৪৭ নয়া পয়সা আয়, শঙ্করদাসবাবু যে বাজেট বক্তৃতা দিয়েছিলেন তাতে তিনিও বলেছিলেন ওভারঅল ন্যাশনাল ইনকাম ২৫ টাকা। এই ২৫ টাকার অর্দ্ধেকও বাংলাদেশের মানুষ আয় করে না, করতে পারে না। অর্থাৎ আমাদের মানুষের আয় অত্যন্ত নিম্ন স্তরে নেমে গেছে, জাতীয় আয়ের ফল কিছুই পায়নি, দেশের মানুষের অবস্থা দিনের পর দিন খারাপ হয়ে যাচ্ছে, একথা তাঁরা নিজেরাই স্বীকার করেছেন। তারপর বেকার সমস্যা প্রবল আকার ধারণ করেছে একথা আমরা সকলেই জানি ৫ লক্ষ বেকার বিভিন্ন এমপ্লয়মেণ্ট একচেঞ্জে নাম লিখিয়েছে, পশ্চিম বঙ্গে যদি হিসাব করি তাহলে অন্ততঃ ৫০।৬০ লক্ষ লোক বেকার অবস্থায় দিনের পর দিন ঘুরে বেড়াচ্ছে।

[2-30—2-40 p.m.]

তাদের কর্ম সংস্থানের কোন ব্যবস্থা এই সরকার আজ পর্যন্ত করেননি। আমরা দেখি বাস্তুহারাদের কোন পুনর্বাসন সরকার থেকে হয়নি। এই যে বই দেওয়া হল সেই বইয়ের মধ্যে বলা হল যে নবাগত উদ্বাস্তু যারা এসেছে ৬ লক্ষের মত—তাদের শিক্ষার, চিকিৎসার ব্যবস্থা করা দরকার। কিন্তু এটা আমরা পারছি না, কেন্দ্রীয় সরকার পারছেন না। কেন্দ্রীয় সরকার বলে দিচ্ছেন আমরা কিছু করতে পারব না, রাজ্য সরকার যদি করে করবেন। আবার রাজ্য সরকার বলেছেন কেন্দ্রের করা উচিত, কিন্তু কেন্দ্রীয় সরকার বলছেন আমরা কিছু করতে পারব না। অর্থাৎ এক কথায় সমস্ত দায়িত্ব পরিহার করা হচ্ছে। লোকগুলিকে দণ্ডকারণ্যে পাঠান হচ্ছে, কিন্তু সেখানেও কোন ব্যবস্থা হয়নি। আর এখানে যারা হাজার হাজার নবাগত উদ্বাস্তু পরিবার রয়েছে তাদের সমান্য শিক্ষার সুযোগ, নাগরিক অধিকার, রিলিফ-এর অধিকার থেকে বঞ্চিত করা হচ্ছে। পশ্চিমবঙ্গে যে হাজার হাজার উদ্বাস্তু বিভিন্ন ক্যাম্পে ক্যাম্প-এ পড়ে রয়েছে তাদের সম্বন্ধে সেদিন আমার এক প্রশ্নোত্তরে মাননীয় উদ্বাস্তু মন্ত্রী বললেন পশ্চিমবঙ্গের রিফিউজি ক্যাম্প-এর কোন সমস্যা নেই। কিন্তু এখনও হাজার হাজার উদ্বাস্তু রয়েছে যাদের কোন পুনর্বাসন হয়নি, তারা বহু কষ্টে জীবন যাপন করছেন। তাঁরা বললেন দণ্ডকারন্যে যেতে হবে না বলে ডোল বন্ধ করে দেব। কিন্তু যারা দণ্ডকারণ্যে দীর্ঘদিন যাবৎ আছে তাদের কোন ব্যবস্থা হয়নি, তারা নিজেরাই নিজেদের জীবিকার ব্যবস্থা করে নিয়েছে—কেউ তাঁত চালাচ্ছে, কেউ জাল বুনছে ইত্যাদি। অর্থাৎ এক কথায় পুনর্বাসন ও ব্যবস্থার চরম সঙ্কট এখনও রয়েছে। পাঞ্জাবে যেটা হয়ে গেল, পশ্চিমবাংলায় সেটাকে যেখানে একটা মানবিক দৃষ্টিভঙ্গি নিয়ে সমস্যার সমাধান করা উচিত ছিল সেখানে তা তাঁরা করেন নি। এখানে কৃষকের অবস্থা কি হয়েছে? এখনও শতকরা ৭০ জন লোক গ্রামে বাস করে। জমিদারী দখল আইন পাশ হল। কিন্তু একটা কৃষকও জমি পায়নি। ক্ষেতমজুরদের জন্য যে নিম্ন-তম ওয়েজ ধার্য্য হয়েছে সেই নিম্নতম ওয়েজ দেওয়া হয় না। এই ক্ষেত মজুররা মোটে বছরে ৩।৪ মাস কাজ পায়, বাকী সময় কাজ পায় না—সরকারের জি. আর.-এর উপর নির্ভরশীল। গ্রামের মধ্যে এক শ্রেণীর লোক বড় লোক হচ্ছে, তারা ধনীকৃষক এবং তারাই গ্রাম পঞ্চায়েৎ, অঞ্চল পঞ্চায়েতের মেম্বার হচ্ছে ও মন্ত্রীদের সম্বর্দ্ধনা জানায় অর্থাৎ যে ভূমি সংস্কার করা হয়েছে সেটা প্রহসনে পরিণত হয়েছে। আজও জেলায় জেলায় কৃষকরা ফসলের ন্যায্য দাম পায়নি, সেচ ব্যবস্থার এখনও উন্নতি হয়নি এবং গ্রাম্য অর্থনীতির কোন উন্নতি হয় নি। ছাত্র, শিক্ষক ও সরকারী কর্মচারীদের কথা আমরা সকলেই জানি। ছোট ছোট মুদিখানায় দোকানদাররা আজ সরকারী নীতির ফলে কারবার থেকে হটে যাচ্ছে, বেকার হয়ে যাচ্ছে। ছোট ছোট মাছের ব্যবসায়ীরা আজ বেকার হয়ে পড়ছে। অর্থাৎ তাঁদের নীতির ফলে এই রকম বেকার সমস্যা জর্জরিত পশ্চিমবাংলায় তাঁরা আরও বেকারত্বের সৃষ্টি করেছেন। সুতরাং আমি বলতে চাই দেশের কিছু পুঁজিপতি, চোরাকারবারী ও কিছু কংগ্রেসী ছাড়া আর কোন লোক সুখ সুবিধা পায় নি। সেজন্য আমরা দেখছি কতিপয় চালকল, ধান কলের মালিক, মিল মালিক পুঁজিপতি ছাড়া বাংলাদেশের গরীব জনসাধারণ ছোট ব্যবসায়ী শ্রমিক, কৃষক, মধ্যবিত্ত সরকারী কর্মচারী ইত্যাদি সকলের জীবনে নানা সমস্যার সৃষ্টি হয়েছে। কিন্তু তাদের দুঃখ, অভাব-অভিযোগের কথা এই বইতে নেই আর এটাই সবচেয়ে বেশী দুঃখের সঙ্গে আমরা লক্ষ্য করছি। সেজন্য আমি মনে করি এই যে রিপোট এই রিপোর্টটা পুঁজিপতিদের রিপোট, গরীব জন-সাধারণের রিপোর্ট নয়। পশ্চিমবাংলার দুঃখ, বেদনার রিপোর্ট নয়। স্যার, আমরা এটা খুব ভাল

করে জানি যে আজ দেশের মধ্যে একটা চরম অরাজকতা, হতাশা, দুর্নীতি চলছে। আজ হাসপাতালে আপনি ভর্তি হতে যান দেখবেন ঘুষ না দিলে ভর্তি হওয়া যায় না। ওয়েটিং লিস্ট-এ ৬ মাস, এক বছর ধরে নাম পড়ে আছে, কোন ব্যবস্থাই হয় না। কিন্তু সরকারী হাসপাতালে যে ডাক্তার আছেন তাঁদের প্রাইভেট ফী যদি দেওয়া যায় তাহলে তাড়াতাড়ি ভর্তি হওয়া যায়। অর্থাৎ সেখানেও দুর্নীতি চলছে; তারপর সিমেন্টের পারমিট নিতে যান সেখানেও ২।৩।৪ বছর পারমিটের দরখাস্ত পড়ে থাকবে, আপনি পারমিট পাবেন না। কিন্তু আপনি যদি ঘুষ দেন তাহলে তাড়াতাড়ি পারমিট পাবেন। থানায় যান, আপনি দেখবেন থানায় এফ. আই. আর করতে গেলে টাকা পয়সা দিলে তবে মামলা হবে, তা না হলে কিছু হবে না। অর্থাৎ পুলিসকে ঘুষ দিয়ে সত্য মিথ্যা হয়ে যায়, এইভাবে আমাদের পশ্চিমবাংলা চলেছে। তাই আমি বলছি যে আপনি টি বি রোগীদের প্রতি একটু নজর দিন। মাননীয় সভাপতি মহাশয় আপনি জানেন যে হাজার হাজার টি বি রোগী পশ্চিম বাংলায় রয়েছে এবং তাদের দরখাস্ত দিনের পর দিন স্বাস্থ্য দপ্তরে বা ঐ ডিপার্টমেন্টে কোথাও পড়ে থাকছে যার জন্য রোগী মরে যাবার পরেও দরখাস্ত পড়ে থাকে এইটি আমরা দেখছি, আমরা দেখছি যে ছমাস এক বৎসর চলে গেলেও রোগীর অসুখের ব্যবস্থা হয় না তার ভর্তির ব্যবস্থা হয় না, এবং অপর দিকে টি বি রোগীদের সাহায্য সম্পূর্ণ বন্ধ করে দেওয়া হয়েছে। চীফ মিনিস্টারের ফাণ্ড থেকে হয়ত কোন সময়ে কাউকে পঞ্চাশ টাকা দেওয়া হয় কোন সময়ে তাও হয় না। এই ভাবে তাদের ভাগ্যের উপর ছেড়ে দেওয়া হয়েছে তার পর আমরা দেখছি এই সরকার দলীয় স্বার্থ রক্ষা করে চলেছেন, কোথাও কোন কমিটিতে বিরোধী দলের লোকেদের স্থান দিচ্ছেন না যে সমস্ত অঞ্চল পঞ্চায়েৎ আঞ্চলিক পরিষদ, স্ট্যাণ্ডিং কমিটি হয়েছে সেখানে সযত্নে বিরোধী দলকে বাদ দিয়ে সেটা কংগ্রেস আফিসে পরিণত করা হচ্ছে ও দলীয় স্বার্থের যন্ত্র হিসাবে ব্যবহার করা হচ্ছে আমরা দেখেছি যে একজন এম. এল. এ.-র চেয়েও কংগ্রেসের একজন চোরাকারবারীর অনেক বেশী ক্ষমতা, সহরে বা গ্রামে যান কংগ্রেসের লোক খদ্দর পরে আছেন এস. ডি. ও.-র বি. ডি. ও.-র কাছে তাদের অনেক বেশী প্রভাব অনেক বেশী প্রতিপত্তি, কিন্তু এম. এল. এ. যিনি জনপ্রতিনিধি তার কোন ক্ষমতা নেই অর্থাৎ বিরোধী দলের সঙ্গে কংগ্রেস সরকার এইভাবে ব্যবহার কচ্ছেন, আমরা দেখছি সেপারেশন অফ জুডিসিয়ারি পশ্চিম বাংলা এবং নাগাল্যাণ্ড বাদে ভারতবর্ষের সব জায়গাই হয়েছে কিন্তু পশ্চিমবঙ্গে এখনও করা হচ্ছে না ভয় পাচ্ছেন যদি সেপারেশন অফ জুডিসিয়ারি হয় তাহলে রাজত্ব হয়ত টলমল হয়ে উঠবে এই ভয়েই তাঁরা করছেন না। সারা ভারতবর্ষে হয়ে গেল কিন্তু পশ্চিমবাংলায় হল না, তা ছাড়া আমরা দেখছি কেন্দ্রীয় সরকার আমাদের সঙ্গেই ভাল ব্যবহার করেন নি। দ্বিতীয় অর্থ কমিশনও আমাদের সঙ্গে ভাল ব্যবহার করেন নি। তাঁরা আমাদের সঙ্গে বিমাতৃ-সুলভ ব্যবহার করছেন। আমাদের কাছ থেকে বেশী ট্যাক্স নেন কিন্তু দেন অল্প, আমরা জানি, সেজন্য আমি বলছি যে এটা হওয়া ঠিক নয়। আমি পরিশেষে এই কথা বলতে চাই যে জরুরী অবস্থা ঠেকিয়ে রেখে আমাদের দেশের গণতন্ত্রকে কংগ্রেস সরকার হত্যা করছেন জরুরী অবস্থা আমাদর দেশে লেশ মাত্র নেই সমস্ত কিছুই স্বাভাবিক ভাবে চলেছে, অন্য নির্বাচন চলছে, জেনারেল ইলেকসান চলছে, অথচ জরুরী অবস্থাকে রেখে দেওয়া হয়েছে কংগ্রেস সরকারকে রক্ষা করবার জন্য জনতার বিক্ষোভের হাত থেকে নিজেদের বাঁচবার জন্য। আজকে সত্য কারের যে বামপন্থী দল কম্যুনিষ্ট পার্টি তাকে দমন করা হচ্ছে মিথ্যা অজুহাত দিয়ে বিনা কারণে তাদের গ্রেপ্তার করে রাখা হচ্ছে, এই ভাবেই গণতন্ত্রকে হত্যা করা হচ্ছে, এই জন্যই আমি বলছি মানুষের ধৈর্য্যের একটা সীমানা আছে সুতরাং আজকে আপনারা হুঁসিয়ার হন, পশ্চিমবাংলার জনসাধারণ আজকে কংগ্রেসের অন্যায়ের নীতির বিরুদ্ধে মাঠে নেমেছেন তারা হরতাল করছে, ১৯৬৪ সালে তারা দুটো হরতাল করেছেন এবং প্রয়োজন হলে আগামী দিনে আরও হরতাল করবেন। আগামী দিনে কংগ্রেসের নীতির বিরুদ্ধে সমস্ত কৃষক, সমস্ত শ্রমিক দলবদ্ধ ভাবে সমস্ত মানুষ এগিয়ে আসবে। সুতরাং হুঁসিয়ার হোন এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Sunil Das Gupta:

মাননীয় চেয়ারম্যান স্যার, সংবিধানের ১৭৬ অনুচ্ছেদ অনুসারে রাজ্যপাল আমাদের সভায় ভাষণ দেন নি জোর গলায়ই এ কথা বলছি। আমার দ্বিতীয় কথা হল ভারতবর্ষের দুই সীমানায় দুটা শত্রু রাষ্ট্র আক্রমণমুখি হয়ে আছে সে ব্যাপারে যে জরুরী অবস্থা ঘোষণা করা আছে সেটাকে আমি সমর্থন করি। রাজ্যপাল তাঁর ভাষণে শেষ অনুচ্ছেদে উল্লেখ করেছেন "আমাদের দেশের সীমান্তবর্তী দুটি রাজ্যের অমিত্রসুলভ আচরণের ফলে আমরা যে বিপদ সংকুল অবস্থায় বাস করিতেছি তাহার কথা আপনাদের স্মরণ করাইয়া দিতে চাই" আমি বলি দেশবাসীকে এ কথা স্মরণ করাবার কোন দরকার নাই। একথা যদি স্মরণ করাইয়া দিতে হয় তাহলে ঐ স্তরে যারা বসে আছেন বা যারা পরিচালনা করছেন তাদেরই উল্টে এই কথা আমি স্মরণ করাইয়া দিতে চাই। আমি আমার বক্তব্য উত্তর সীমান্তের দিকে নির্দেশ করে রাখতে চাই। প্রথমে আমি বলতে চাই যেসমস্ত জোয়ানরা যেসমস্ত অফিসাররা ঐ প্রচণ্ড বরফে ঐ বর্ষায় দেশের স্বাধীনতা ও দেশের সার্বভৌমত্ব রক্ষা করবার জন্য অতন্দ্র প্রহরীর সামনে দাঁড়িয়ে অবিরত পাহারা দিচেছ প্রথমে তাদের কথা স্মরণ করেই এই হাউসের সামনে আমার বক্তব্য রাখতে চাই।

[2-40—2-50 p.m.]

আমরা উত্তর সীমান্তে কি দেখছি। আমরা দেখছি যে সেখানে সৈন্য বাহিনীর মধ্যে কিছু সংখ্যক দুর্নীতিপরায়ণ ব্যক্তি আছেন—তাঁরা অফিসার এবং জোয়ান সবই আছে— যাঁরা ক্রমান্বয়ে এই দেশের যে সমস্ত টাকা দিয়ে আমাদের দেশ রক্ষার সম্ভার কেনা হচেছ সেগুলি চোরাকারবারীদের হাতে তুলে দিচেছন। যেমন মোটরকারপেট্রোল। আজকে উত্তর বঙ্গে সম্পূর্ণ যেটা বাইরে বিক্রি হচেছ এই সৈন্য বাহিনীর যে রসদ যোগান দেওয়া হয় তার থেকেই বিক্রী করা হচেছ। আপনি জানেন স্যার আমাদের সৈন্য বাহিনীতে বর্তমানে টাটা মার্সেডিস বেনজ ট্রাক ব্যবহার করা হয়। জনসাধারণের মধ্যেও এই ট্রাক প্রচুর পরিমাণে আছে। এই টাটা মার্সেডিস বেনজের স্পেয়ার পার্টস সব কিছু সৈন্য বাহিনীর ডিপো থেকে এই চোরাকারবারীদের মাধ্যমে বাইরে বেরিয়ে আসছে। যা কিছু পেট্রল বিক্রি হয় সমস্তই সৈন্য বাহিনীর ডিপো থেকে জনসাধারণের মধ্যে বিক্রি হচেছ। এ সম্পর্কে আমাদের আরও অভিযোগ আছে যে সৈন্য বাহিনীর অস্ত্র-শস্ত্র তার পেটেণ্ট নং সব কিছু আমরা জোগাড় করেছি যেটা শুধু বাইরের জনসাধারণের মধ্যেই বিক্রি হচেছ না— আমাদের শত্রু রাষ্ট্রের কাছেও সেগুলি বিক্রি করে পাচার করে দেওয়া হচেছ। আমরা পরে উপযুক্ত সময়ে সমস্ত প্রমাণ সহ এই হাউসে কয়েক দিনের মধ্যে তা দাখিল করবো। আমি স্যার, আপনাকে আরও বলতে চাই যে এর সমস্ত ব্যাপারে আমরা অভিযোগ জানিয়েছি— আমাদের মন্ত্রীমণ্ডলীর সদস্যদের কাছে—ব্যক্তিগতভাবে আমি নিজে কলকাতায় এসে মন্ত্রী মণ্ডলীর কয়েকজন সদস্যের সঙ্গে দেখা করে এ সম্পর্কে অভিযোগ করেছিলাম। কিন্তু অত্যন্ত আশ্চর্য্যের বিষয় এ সম্পর্কে প্রতিকার করার কোন চেষ্টাও তাঁরা করেন নি। আমি এ সম্পর্কে আরও একটা কথা বলতে চাই যে ভুটানের মধ্যে আমাদের যেতে হয়েছে—আমাদের সীমান্তের অবস্থা কি তা জানবার জন্য। আমরা গিয়ে দেখে এসেছি যে সেখানকার অবস্থা অতীব ভয়াবহ। ভুটানের জনসাধারণের মধ্যে আমাদের ভারতবর্ষের যে প্রশাসনিক ব্যবস্থা তার বিন্দুমাত্র রেখাপাত করে নি। সেখানে যা কিছু রাস্তাঘাট তৈরী ভুটানের সাধারণ মানুষরা বলে যে ভারতবর্ষ যে চীনা আক্রমণের ভয়ে আজকে এগুলি করছে এগুলি নিয়ে আমরা বিশেষ কিছু চিন্তা করি না আমরা মনে করি ভারতবর্ষ আমাদের দখলে রাখবার জন্য তারা এই সমস্ত ব্যবস্থা করছে। তাদের মধ্যে কি রকম প্রচার হচেছ তা একটা কথা থেকেই বুঝতে পারবেন। তারা বলছে ওরা বলে—মানে চীনা বলে তোমরা পীত, আমরাও পীত—সুতরাং আমাদের সঙ্গে তোমাদের মিল বেশী আছে, ভারতবর্ষের সঙ্গে তোমাদের মিল কোথায়। চীন গোয়েন্দাদের কথা তারা বিশ্বাস করে আছে এবং ভারতবর্ষ থেকে ক্রমেই তারা দূরে সরে যাচেছ। আজকে এখানে বলতে চাই যে এই জনসাধরণের মধ্যে যদি নিজেদের

প্রশাসনিক ব্যবস্থা কোন রকম বাঁধন না থাকে সেদেশে কিছুতেই উন্নয়নমূলক কাজ বা দেশ রক্ষার কাজ ভালভাবে চলতে পারে না—এটা আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি—যেটা দক্ষিণ ভিয়েতনামে ঘটেছে সেটা আমাদের উত্তর সীমান্তে ঘটবে বলে আমরা মনে মনে করি। যদি চীন ঝাঁপিয়ে পড়ে—তাহলে ঐ ভুটানের মানুষ ভারতবর্ষের পক্ষে থাকবে না। তারা চীনাদের সহায়তা করবে বলে আমি মনে করি। আমাদের ভারতবর্ষের তরফ থেকে সেই ভুটানের মানুষের মণ জয় করবার জন্য কোন রকম প্রচেষ্টা বা কোন রকম প্রচারের ব্যবস্থা তাঁরা কিছুই করেন নি। সুতরাং রাজ্যপাল তাঁর ভাষণে যে বলেছেন—আমি আপনাদের স্মরণ করিয়ে দিতে চাই যে আমাদের উত্তর সীমান্তের দুটো রাষ্ট্র শত্রু ভাবাপন্ন রয়েছে—সেটা আমাদের স্মরণ করিয়ে দেবার কিছু নেই—তিনি তাঁর সরকারের প্রশাসনিক ব্যবস্থাকে যেন সেকথা স্মরণ করিয়ে দেন। আমি এ প্রসঙ্গে আরও একটা কথা আপনার মাধ্যমে বলতে চাই যে আমাদের উত্তর বঙ্গের বাজার মেড ইন চায়না মার্কা মালে ভরে গেছে—ফাউণ্টেনপেন, ট্রানজিসটার সেট, টর্চ লাইট ইত্যাদি সেখানে প্রকাশ্যে বিক্রি করা হয়। আমাদের সাথে যদি চীনাদের ব্যবসার সম্পর্ক না থাকে তাহলে চীনের এই সমস্ত মাল আমাদের দেশে কি করে আসছে। সেটা বুঝতে পারছি না। এই মালের সঙ্গে চীনাদের লোক বা গুপ্তচর যে আমাদের কাছে এসে পৌঁছাচ্ছে না সেটাই বা আমরা কি করে বলবো। অথচ আমরা দেখি—এই যেখানে অবস্থা সেখানে দেশের প্রশাসনিক যন্ত্র অত্যন্ত ব্যর্থতার পরিচয় দিয়েছেন—অথচ আমরা দেখছি যে আমরা যারা দেশপ্রেমিক দল—আমাদের উপর ডি. আই রুলের আঘাত তাঁরা হেনে বসে আছে। আমাদের পার্টির তিনজন কর্মীকে ডি. আই রুলের ৩০-তে আটক রেখেছেন। আমাদের দেশের বহু কর্মীকে এমন কি হেমন্তবাবুও আমাকে এবং আরও অনেককে ডি, আই, আর ৩০-তে আটক রেখেছিলেন আজকের থেকে আমি বলতে পারি সত্যিকারের জরুর। অবস্থা থাকলে পরেও সেই জরুরী অবস্থার সুযোগ নিয়ে একমাত্র তারা এ বিরোধী পক্ষের বামপন্থী দলকে বা তাদের কণ্ঠ রোধ করবার জন্য এই রকম আইন তাঁরা প্রয়োগ করতে যাচ্ছেন। আজকে সেই কারণে আমি বলবো যে আমাদের প্রশাসনিক ব্যবস্থাকে আরও শক্তিশালী করতে হবে—সেটাকে শক্তিশালী না করতে পারলে আমাদের দেশ রক্ষার যন্ত্র ঐ সমস্ত চোরাকারবারী দেশদ্রোহী গুপ্তচরবৃন্দকে কিছুতেই দমন করা যাবে না। সেই প্রসঙ্গে আমি বলবো যদি এই প্রশাসনিক ব্যবস্থাকে যদি শক্ত করতে হয় তাহলে যে সমস্ত সরকারী কর্মচারী আজকে বিক্ষুব্ধ হয়ে রয়েছে তাদের বেতন মহার্ঘ ভাতা অবিলম্বে ভাল করে দেওয়া উচিত—তাদের দাবী পূরণ করা উচিত। তাদের ভাতা বেতন আরও বৃদ্ধি করা উচিত।। এটা যদি না করতে পারা যায় তাহলে প্রশাসনিক ব্যবস্থা কিছুতেই জোরদার করতে পারা যাবে না এটা আমরা মনে করি। আমি স্যার, এই প্রসঙ্গে আমার নিজের জেলার কথা আপনার মাধ্যমে মন্ত্রীসভার কাছে রাখছি। আমাদের কুচবিহার জেলা ১৯৫০ সালের পর থেকে একটা ঘাটতি জেলা বলে আমরা দাবী করে আসছি। সরকার আমাদের সঙ্গে দ্বিমত ছিলেন সেই দ্বিমতের ফলে ১৯৫১ সালে আমাদের কুচবিহারে খাদ্যের দাবীতে মিছিল হয়—তাদের উপর গুলি চালিয়ে সরকার ৫ জনকে হত্যা করেন—বিচার বিভাগীয় তদন্ত হয়—কিন্তু আজ পর্যন্ত তার রায় তাঁরা প্রকাশ করেন নি। আমরা মনে করি যে এবারে ভয়াবহ খাদ্য পরিস্থিতি আমাদের কুচবিহারে বিরাজমান। সে সত্বেও সরকার কুচবিহারকে উদ্বৃত্ত জেলা বলে ঘোষণা করেছেন। একদিকে তাঁরা লেভি করে চাল বাইরে নিয়ে আসছেন কলকাতায় আর এক দিকে চা বাগানের মালিকদের সুবিধা দিচ্ছেন যে তাঁরা ব্যাপকভাবে ধান চাল কিনতে পারেন। এই সমস্ত চা বাগানের মালিকদের নাম করে এই সমস্ত চাল নেপাল এবং ভুটানে গিয়ে জমা হচ্ছে, আবার যখন দর বাড়বে তখন সেখানে থেকে চাল চোরা পথে আমাদের এখানে হাজির হবে। তখন আমাদের চাল আমাদেরই ৪০।৫০।৬০ টাকা মণ দরে কিনতে হবে। আজকে সেই কারণে আমি মন্ত্রী সভার কাছে অনুরোধ করছি যে উত্তর বঙ্গের এই বিশেষ পরিস্থিতির কথা চিন্তা করে তাঁরা যেন অবিলম্বে কুচবিহারকে ঘাটতি জেলা বলে ঘোষণা করেন এবং কুচবিহার থেকে লেভি করা চাল যেন বন্ধ করেন এবং চা বাগানের মালিকদের যে চাল কেনার ঢালাও ব্যবস্থা করে সম্পূর্ণ আইনের আওতা থেকে বাইরে রেখে দিয়েছেন—তাদের যেন অবিলম্বে হুকুম দিয়ে চাল কেনা বন্ধ করে দেন এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Pijus Kanti Mukherjee:

মাননীয় চেয়ারম্যান মহাশয়, আজকে বিশেষ করে গত মঙ্গলবার থেকে বিরোধী পক্ষের বক্তৃতা শুনলাম এবং আমি দু একটা কথা বলতে চাই—বিশেষ করে তাঁরা যে বলেছেন এই সরকার চোরাবাজারীদের মজুতদারদের সরকার এবং যারা সাধারণ লোক—তাদের সুখ দুঃখ বা তাদের অভাবের দিকে কিছুমাত্র দৃষ্টিপাত নেই সে সম্বন্ধে। আমি এ বিষয়ে একটা দৃষ্টান্ত উপস্থিত করতে চাই—গত বছর যখন খাদ্যসঙ্কট তীব্রভাবে দেখা দেয় তখন আমাদের কলকাতা সহরে চোরাবাজারী এবং মজুতদারদের বিরুদ্ধে ডি. আই. আর যেভাবে প্রয়োগ করা হয়েছে সেটাকে কোন লোক প্রশংসা না করে থাকতে পারবে না।

[2-50—3-00 p.m.]

এখানে ছোট খাট ব্যবসায়ী যে শুধু তাই নয়, লক্ষ লক্ষ টাকার মালিক কোটি কোটি টাকার মালিক তাদের সংখ্যাও কম ছিল না। এবং তাদের মধ্যে চাঞ্চল্য এত দেখা দিয়েছিল যে অতি অধুনা যারা নন্দজীর কাছে রিপ্রেজেনটেসান দিচ্ছে যে বাংলাসরকার সাম্প্রদায়িক দোষে দুষ্ট হয়ে এক শ্রেণীর ব্যবসায়ীর বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করেছেন। এর দ্বারা বোঝা যায় পশ্চিমবঙ্গ সরকার অত্যন্ত কঠোর ভাবে ডিফেন্স অফ ইণ্ডিয়া রুলস মজুতদারের বিরুদ্ধে চোরাকারবারির বিরুদ্ধে প্রয়োগ করেছিলেন। সুতরাং এই যে তাদের প্রশ্ন এই প্রশ্ন ঐ ক্ষেত্রে টেকে না বা থাকে না। মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমাদের এই খাদ্যের যে অভাব এই অভাব দূর করবার জন্য এগ্রিকালচার-এর উপর সর্বাপেক্ষা জোর দেওয়া প্রয়োজন। নূতন করে কৃষির উপর গুরুত্ব দেবার চেষ্টা হয়েছে। এবং আগামী পঞ্চবার্ষিকী পরিকল্পনায়ও কৃষির উপর গুরুত্ব দেবার চেষ্টা করা হচ্ছে। কিন্তু মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমরা জানি এ বছর যে বাম্পারক্রপ-এর কথা বলা হচ্ছে বা অন্যান্য বার যেবার ফসল ভাল হয় সেবার যদি লক্ষ্য করে দেখা যায় তাহলে দেখি যে বৃষ্টি ভাল হবার জন্য ফসল অধিক পরিমাণে উৎপন্ন হয়। সুতরাং বীজই ভালো করে বোনা হোক বা সারই জমিতে দেওয়া হোক সমস্ত জিনিষটাই নির্ভর করে যদি জল জমিতে আমরা পর্যাপ্ত পরিমাণে সাপ্লাই করতে পারি। তার জন্য সমস্ত পশ্চিমবঙ্গে একটা ব্যাপক সার্ভে হওয়া দরকার। যাতে করে স্বল্প ব্যয়ে জমিতে কিভাবে জল দেওয়া যায় তা পুকুর কেটেই হোক টিউবওয়েল দ্বারাই হোক বা নদী পরিকল্পনা করেই হোক বা ঝরণা থেকেই হোক। এই ভাবে সার্ভে করে তার উপর ভিত্তি করে এমন ভাবে পরিকল্পনা রচনা করা দরকার যাতে জমিতে ফল উৎপন্ন হয় এবং তাহলেই আমার মনে হয় জমিতে সার বা বীজ ভাল দেবার পূর্বেই বাংলাদেশ খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হতে পারবে। এবং সেইজন্য সমস্ত বাংলাদেশকে নূতন করে জলের জন্য সার্ভে করবার জন্য এই প্রস্তাব আমি সরকারের সামনে রাখছি। তা ছাড়া যে সব জায়গায় জল প্রচুর পরিমাণে আছে তাদের ক্ষেত্রে ভাল বীজ সার ও অন্যান্য ব্যবস্থা অবলম্বন করা দরকার। তা না হলে যদি এটেনসান ডাইভারটেড হয়ে যায় তাহলে সমস্ত বৃথা হবে। আর একটা কথা, এগ্রিকালচার ডিপার্টমেণ্টএ এগ্রিকালচার সম্বন্ধে খাদ্যের বাস্তব ধারণা আছে তাদের দিয়েই এই বিভাগ পরিচালনা করা দরকার। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় যে বাস্তবের সঙ্গে যাদের সম্পর্ক আছে তাঁরা এগ্রিকালচার ডিপার্টমেণ্টএ নেই। একথাটা রূঢ় হলেও সত্য এবং স্বীকার করা প্রয়োজন। মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমরা শিক্ষা বিষয়ে অনেক পিছনে পড়ে আছি। ভারতবর্ষের মধ্যে যে লীড আমাদের ছিল গত সেনসাস আমরা দেখেছি সেই লীড আমরা আজ হারিয়ে ফেলেছি। শুধু তাই নয়, সমগ্র ভারতে বিজ্ঞান ও অন্যান্য শিক্ষার ধারাতে আমরা যে অগ্রগতি বজায় রাখতে পেরেছিলাম আজ সেই অগ্রগতি আমাদের নেই সেই জন্য প্রত্যেকটি কলেজ এবং ইউনিভারসিটি যাতে আরও প্রকৃষ্ট পন্থায় ছাত্রগণ যাতে বিজ্ঞান শিক্ষা করতে পারে সেই ব্যবস্থা করা দরকার। এবং ইউনিভারসিটি থেকে বেরিয়ে ছাত্ররা যাতে গবেষণামূলক কাজে স্বতঃপ্রবৃত্ত হয় তার জন্য তাদের উৎসাহিত করার ব্যবস্থা অবলম্বন করা দরকার। কারণ আমরা কেবলমাত্র অপরের অন্বেষণ অপরের আহরণ করা জ্ঞান নিয়ে নিজেদের ডেভেলপ করতে পারি না, আমরা সমাজের কাছ থেকে জগতের কাছ থেকে জ্ঞান

নেবো আর আমরা জগতকে কিছু দেবো না একখনও সম্ভব হতে পারে না। অন্যে নিত্য নূতন জিনিষ আবিষ্কার করবে আমরা সেটা অনুকরণ করে সেটা আমাদের কাজে প্রয়োগ করবো এটা অত্যন্ত পুরানো ধরণের মনোভাব। সুতরাং আমি মনে করি যে, বিজ্ঞান বিষয়ে গবেষণামূলক কাজে যাতে যথেষ্ট সংখ্যক ছাত্র উৎসাহ পায় তার ব্যবস্থা করা দরকার। নিত্য নূতন আবিষ্কারের দ্বারা যাতে ভারতবর্ষের সমৃদ্ধি বৃদ্ধি করায় তার জন্য চিন্তা করা প্রয়োজন।

মাননীয় চেয়ারম্যান মহাশয়, স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেসন এর প্রসঙ্গে দু একটি কথা না বলে পারি না। বিশেষ করে উত্তর বঙ্গের স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন এ যে ব্যবস্থা আছে সে সম্পর্কে বলতে চাই। প্রথমে এটা যখন চালু হয় তখন ভালই ছিল কিন্তু অযোগ্য ব্যবস্থার জন্য সমস্ত বাস আজ ক্ষতিগ্রস্ত এবং প্রত্যেক রুটে যাত্রীদের হয়রানির সীমা নেই, অথচ নিত্য নূতন তারা রুট চাচ্ছে ও রুট নিচ্ছে কিন্তু রুট-এ কোন বাস বের করতে পারে না। স্টেট ট্রান্সপোর্ট এ ব্যাপারে আরো বলা চলে যে, এমন অনেক ক্ষেত্রে আছে যেখানে এক বা দেড় বছর রুট পেয়েছে কিন্তু আজ পর্য্যন্ত সেখানে বাস বের করতে পারেনি। যার ফলে সেই সব অঞ্চলের জনসাধরণের চলাচলের পক্ষে ভয়ানক অসুবিধা হয়। আমার মনে হয় এটাকে সুষ্ঠু ভাবে পরিচালনা করা সম্ভব এবং যেটুকু স্বচ্ছলভাবে পরিচালনা করাও সম্ভব, অর্থাৎ যেটুকু যোগ্যতা আমাদের আছে সেইটুকু যোগ্যতার মধ্যে সীমাবদ্ধ থেকে আমরা যদি করি তাহলে আমার মনে হয় সরকারকে অযথা সমালোচনার মধ্যে পড়তে হয় না, বা অযথা হয়রানিও জনসাধারণকে ভোগ করতে হয় না। তারপর আর একটি কথা বলতে চাই, কুটীরশিল্প বা ছোট ছোট শিল্প সম্পর্কে আমাদের বাংলাদেশ হতাশার পরিব্যাপ্ত। সমস্ত ভারতবর্ষের মধ্যে পাঞ্জাব দ্রুতগতিতে এগিয়ে গেছে কিন্তু মাদ্রাজ এগিয়ে গেছে কিন্তু সে ক্ষেত্রে পশ্চিমবঙ্গের অবস্থা মোটেই আশাপ্রদ নয়। আমরা কুটীরশিল্প মনে করতে পুরানো আমলের যে দু চারটি জিনিষ ছিল সেই টুকুর উপর ভিত্তি করেই যদি আমরা চলি তাহলে ভুল করা হবে। পাঞ্জাবে কায়রণ মন্ত্রী সভার বিরুদ্ধে আর যতই অভিযোগ করা হোক কায়রণ মন্ত্রীসভা কুটীরশিল্পে পাঞ্জাবকে আত্মনির্ভরশীল করে দিয়ে গেছে। কুটীরশিল্প ব্যাপকভাবে সেখানে প্রচার করেছে। এবং তার ফলে শুধু পাঞ্জাবে নয় তারা বাইরেও ছড়িয়ে পড়েছে কুটীর শিল্পের জ্ঞানের জন্য তার দ্বারা যেমন সাধারণ লোকের ব্যবস্থা হয় সেই রকম যারা কর্মী তাদের যেমন রুজী রোজগারের ব্যবস্থা করা হয় সেই সঙ্গে সঙ্গে দেশের সমৃদ্ধিও বাড়ে। আমাদের দেশের নানা রকম কারখানা আছে। কলকারখানার কাম্পোনেণ্ট পার্টস গুলি যদি আমরা কুটীর শিল্পের মাধ্যমে প্রয়োগ করি বা কুটীর শিল্পের মাধ্যমে উৎপাদন করি তাহলে আমাদের অনেক উপকার হয়। মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমরা জানি হাওড়ায় যে সমস্ত ছোট ছোট শিল্প ছিল তা আজ অত্যন্ত ক্ষতিগ্রস্ত হচ্ছে পাঞ্জাবের কম্পিটিসন এ। যদি আমরা আজকে স্টেট থেকে পর্যাপ্ত পরিমাণে সাহায্য দিতে পারতাম যদি তাদের উৎসাহিত করতে পারতাম তাহলে এই হাওড়ায় যে অদ্ভুত জিনিষ তৈরি হত, সরকারের সাহায্য ছাড়াই এবং তার ফলে আমরা আরও সমৃদ্ধ হতে পারতাম। এবং সেই হাওড়ার কুটীর শিল্পকে কেন্দ্র করে এটা ছড়িয়ে পড়ত আমাদের সমস্ত পশ্চিমবঙ্গে এবং আমাদের পশ্চিমবঙ্গ সমৃদ্ধ হত। তা ছাড়া পশ্চিমবঙ্গের যারা মধ্যবিত্ত জনসাধারণ তারা কুটীর শিল্পের মাধ্যমে করে খাবার ব্যবস্থা পেত। আমরা জানি বাংলার মধ্যবিত্ত জনসাধারণ রং ওয়েতে ফিজিক্যাল লেবার তারা করতে চায় না। তারা ফিজিক্যাল লেবার দিতে রাজী আছে তার মধ্যে যদি ইনটেলেকচুয়াল ড্রাইভ দিয়ে দেওয়া যায় এবং ইনটেলেকচুয়াল ড্রাইভ হচ্ছে কটেজ ইণ্ডাস্ট্রী মাধ্যমেই করা যায়। সেই জন্য এই জিনিষটা বিশেষ করে চিন্তা করবার জন্য আমি সরকারকে আবেদন জানাই। এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani : I beg to move that the following be added at the end of the address in reply, viz :

"But regret that—

The Governor's address does not give any indication of the solution of the food problem by improving production of non-cereal foodstuff of nourishing value like fish, milk and meat, and their special bearing on the health of the people, specially in view of the shortage of cereal food."

According to my amendment, I wish to draw the attention of the House, through you, to those vital problems of food and nutrition which have not been adequately dealt with in the Governor's phantom address. Other more important points, more vital points have been dwelt upon by my friends. I shall try to limit myself to the production of non-cereal foodstuff.

In States where the Applied Nutrition Programme of the Government of India in collaboration with agencies like the United Nations Children Emergency fund Food and Agricultural Organisation and World Health Organisation based on self-help, promotion of local resources and co-ordinated effort is making progress, the Block headquarters have been equipped with poultry centres and sub-centres, orchards, vegetable gardens and fish tanks. In areas where fish forms an important items of daily diet more attention is paid to fish production, but the State of West Bengal does not seem to bother much about this, although it has a big demand for fish consumption but suffers from shortage of fish. Portions of Gangetic shallow-placid water area, bounded on the West by Rajmahal and on the East by Murshidabad have tradionallybeen the collecting ground for fish, eggs and spawns.

[3—3-10 p.m.]

These eggs and spawns are despatched to the Calcutta market and from there large portions are sent out only to other parts of India but also outside India to far East as far as Japan. This lucrative trade is in the hands of a few unscrupulous persons who are making enormous profits, and naturally they are not interested in the sale of fish within the State. It is an irony that Bengal which has a near monopoly of fish-eggs and fry has done almost nothing for fish cultivation. Only vague references have been made in the Governor's Address to a reservation of about 3,000 acres of water area for fish production. But innumerable tanks, about 400 in Calcutta and suburb only are lying unused. Even in the Community Development Blocks unlike those in other States where Applied Nutrition Programme has been taken up, seriusly, nothing significant is being done in out State unfortunately. The Union Government suggested a scheme backed by adequate subsidy in 150 selected Community Development Blocks. Apart from increased fish production, it could have provided jobs for a large number of Bengali youths. Whereas Bengal has not appointed even a single block level fisheries extension worker its neghbouring State, the so-called poor State of Orissa, has already appointed about 89 such workers under this scheme. The Union Government suggested and expenditure of Rs.13,000 per block per year for intensive pisciculture. But our blessed Government did not carry it out, while allother State Governments accepted it. What did our Government do ? Instead of accepting it, it sumitted an alternative scheme for only 16 blocks with an expenditure of about Rs.2,300 per block per year. Of course, the Government of India has not yet accepted this alternative scheme. Another interesting fact is that Diamond Harbour boats are considered by foreign experts as best suited for mechanised fishing in the whole of India. While West Bengal could not mechanise even a single boat out of its 3,000 boats, other State like Andhra Pradesh have mechanised their boats. The work is done by Calcutta workmen here. Junput, a small place of Digha, has one of the finest research stations in India. They have not only developed and popularised certain types of sea and estuarian fish but have also made oil, biscuits and fertilisers out of fish. Unfortunately, at no time much attention was paid by the State Government to this research work though lakhs of rupees were spent to lure a few hundred tourists to the sea-coast of Digha. According to official figures Sir, Calcutta Market was supplied with 12,500 tons of fish in 1958 from the State's own resources. It dwindled to 9,500 tons in 1964, while other States like Orissa, Bihar, Rajasthan, Uttar Pradesh, Madhya Pradesh and Punjab increased their fish supply from 18,500 to 24,900 tons during this period.

Fish supply to West Bengal from East Pakistan—Sir, this is very serious question rose from 9,900 tons in 1958 to 41,000 tons in 1962. You can very well imagine what a terrific drainage of foreign exchange it means. It is a matter of shame that Benga Fisheries Department, perhaps the oldest department in India has not much research statistics to its credit. The little effort made by the enthusiastic workers in Junput has not been reached the ears of the Secretariat bosses. The Government of India has a number of research and training centres in the country. One such is situated at Barrackpore with an adequate staff and a motor boat which plies to and for the Sunderbans. Is there any liaison between this research and training centres and the State's Fishery Department ? No. Does the result of this research reach the fishermen ? No. If not, then why not ? If not, then the only result that can follow from this is that fish will be produced on paper only and not in water. Sir, I have dealt with the problem of fish production in order to show the gross neglect of the State Government in the matter of food production in general.

The same neglect and carelessness will be found everywhere. Take the example of milk production. There is only one diary farm at Haringhata. By the end of the Second Plan it has increased its milk supply from 1,000 tons to 2,100 tons, as claimed in the Governor's Address. Sir, what a disappointing prformance for a State farm when compared with the needs of the State . Sir, Haringhata fowl sells at Rs.5 per kilo. Bazar mutton sells at Rs.4 per kilo. Even the proverbially cheap vegetables are fast going beyond the reach of the common man. Fruits have alrady become a luxury even for the sick. Why should not there be another State dairy farm at least in North Bengal ? Why should not the State Government encourage and help vegetable gardening and fruit cultivation ? Sir, all these neglected items of food led our people to depend heavily and out of all proportion on cereals which are again in short supply and in rising price spiral. It is silly to talk about change of food habit under the circumstances as is frequently advised by the Treasury Bench. They must prepare the ground for this so that people can take variety of foods within their limited means. To crown all, Sir, the institution of adulteration it has come out many times during question hour is fast becoming a national institution under official connivance and ministerial patronage. Sir, it is thriving as prosperously as illicit distillation of liquor. The result is mal-nutrition of the mass of the people to an alarming extent. A sample survey on nutrition and diet by the Union Food and Agriculture Ministry which was conducted recently reveals a gloomy picture of the State. Of all the West Bengal districts, Midnapur, the largest district, is the most nutritionally deficient 20 per cent. of its population suffer from night-blindness due to Vitamin-A deficiency, 35.5 per cent. from bleeding gums and anaemia. 24-Parganas has an incidence of caries teeth in 25.1 per cent and anaemia in 37.9 per cent. Burdwan, the granary district of West Bengal, has 36.1 per cent. people suffering from anaemia. In Murshidabad, about 11 5 per cent suffer from a serious Vitamin B-Complex deficiency resulting in various diseases of nervous and digestive systems .The picture of Jalpaiguri is furthe their depcressing with to musculature in 60 per cent. of the population and anaemia in 66 per cent.

[3-10—3-20 p.m.]

The tragedy of the situation will be realized when viewed on the backgrou ndof economic distress of the masses .The report of the middle-class family living survey, recently conducted by the Central Statistical Organization, says that the average per capita income of urban middle-class families is around Rs.50 per month, low middle-class families have a per capita income of Rs.25 per month and the poorer classes have almost the same income per family. We can easily guess what the per capita income is. The National Council of Applied Economic Research gives an interesting survey report of the growing socialistic pattern of our society under 17 years of Congress rule. It says that there is greater income concentration in India

than in much more highly developed capitalistic countries like U.S.A. and U. K. This is the Durgapur brand of socialism that we are having. It is remarkable that 17 years after independence the top 1 per cent. of people enjoyed 10 per cent. of the total income, while the share of the lower 50 per cent. was not more than 22 per cent. The bottom 15 per cent. claimed only 4 per cent. of the total income. In the rural area the bottom 5 per cent had less than 1 per cent of the total income. In sharp contrast the top 5 per cent. had as much as 22 per cent. of the total income. Does any such picture come out of the Governor's Address ? Then how can we find its remedy in the same which forecasts her Government's programme for the ensuing financial year ? It highlights apathy, callousness and ignorance of the State Government with regard to the vital problems of the people the State. Its complete in competence to solve them follows naturally and as a matter of course from this. From such a misleading address which was never delivered. I do not think that a vote of thanks is necessary. The State Government might as well expect a vote of thanks for spending over a crore of rupees from Durgapur Session of All India Congress Committee. The question of Durgapur railway station has been finally settled it was constructed only for the purpose of Congress Session by a photograph of its demolition soon after the session as appearing in the Press. Even road construction had the same purpose, for the road which was used by 90 per cent. of the people for going to Durgapur has been left dilapidated. The road which was improved at a heavy cost had just this qualification that it is in the vicinity of the Durgapur Session. No other political party in the world could claim such a lavish record for its political meeting and no other democratic government could show such wastage of public money for party purposes. I suppose Government will next expect us to thank the Governor for besmearing the fair name of democracy by such unlawful and undemocratic law as the Defence of India Rules or for misusing the Army to crush all sorts of agitation however justifiable and rightful they be, insead of using it for defending the mother land, for forcing the honest soldier to pollute his hand with his brother's blood as happened recently in South India In one word, this is disgraceful debasement of our armed force. I do not find any redeeming feature in the Address either in the name of democracy or in the shape of planning from which we can picture a visio of socialism or even an improvement of the lot of the common man and his deliverance from the grip of want and hunger, from a pit of despair. With these words I conclude my observation on the Governor's Address which remains as phantom as an illusion. Thank you, Sir.

Shri Brindaban Chattopadhyay :

মাননীয় চেয়ারম্যান স্যার, আমি রাজ্যপালের ভাষণের সমর্থনে কিছু বলতে চাই। গত শুক্রবার দিন বিরোধী দলের নেতা জ্যোতি বসু মহাশয় আমাদের সরকার গম ক্রয় করে আমাদের জনসাধারণের মধ্যে বিতরণ করেন বলে আমাদের সরকারকে আমাদের মুখ্যমন্ত্রীকে ঠাট্টা বিদ্রূপ করেছেন, অনেক কিছু করেছেন। আমি শুধু তার উত্তরে বলতে চাই, আপনারা সকলেই জানেন যে পশ্চিমবাংলার জমির মোট পরিমাণ হচ্ছে এক কোটি ৩৪ লক্ষ একর, আর বর্তমানে পশ্চিম বাংলার লোক সংখ্যা হচ্ছে প্রায় ৩ কোটি ৮১ লক্ষ লোকের মত। আজকে জ্যোতিবাবু যে দেশের সমর্থক সেই রাশিয়াতে ১৯১৭ সালে সরকার গঠিত হওয়ার পর থেকে দেখা গেছে গত বছর রেশন ব্যাগ হাতে নিয়ে তাঁরা মার্কিণ সরকারের কাছে হাজির হয়েছেন। যেখানে রাশিয়াতে এক বর্গমাইলে প্রায় ২৭ জন লোক বাস করে, এবং মাথা পিছু জমির পরিমাণ হচ্ছে ২৭।২৮ বিঘা সেখানে দেখছি রেশন ব্যাগ হাতে নিয়ে তাদেরকে আমেরিকার কাছে হাত পাততে হয়। আপনি জানেন চেয়ারম্যান মহাশয়, আমাদের এক বর্গমাইল জমিতে প্রায় ১১০০ লোকের মত বাস এবং মাথা পিছু এখানে মাত্র দেড় বিঘা জমি পড়ে। এই অবস্থায় সেখানে আমরা যদি আমেরিকার কাছ থেকে গম নিয়ে এসে জনসাধারণকে সরবরাহ করি তাহলে ঠিকই করি। আজকে বিধান সভায় আসার পর থেকে আমি দেখছি আমাদের মাননীয় বন্ধুরা আমাদের সরকারের কোন সুখ্যাতি করেন না, সরকার কোন কল্যাণ করেছে একথা বলেন না আমাদের দেশের কোন অগ্রগতি করেছেন সরকার, একথা তাঁরা

বলেন না। কিন্তু আমি তাদের জিজ্ঞাসা করতে চাই কোন্ দেশ বিদেশী শাসন থেকে মুক্ত হওয়ার ১৭ বছর পর পৃথিবীতে এতখানি অগ্রগতি হয়েছে? আজকে যদি কম্পিটিশনে দাঁড়াতে হয়, অন্য দেশের সঙ্গে তুলনা করতে হয়, সমাজতান্ত্রিক দেশের সঙ্গে তুলনা করতে হয়, আমি বলবো বিদেশী সরকার থেকে মুক্ত হওয়ার ১৭ বছর পর ভারতবর্ষ তথা বাংলাদেশের মত কোন দেশের এত অগ্রগতি হয়েছে দয়া করে আমাকে বলবেন কি?

আমি সরকারের কাছে আর একটি কথা নিবেদন করতে চাই. আজকে ডি ভি সি ইরিগেশন ক্যানেলের দুটি পার আছে এক পারে রাস্তা আছে, আর এক পারে, যদি ইরিগেশন ক্যানেলের জল দেওয়া যায় তাহলে ফল, সর্ষে ইত্যাদি নানা রকম ফসল হতে পারে, সেদিকে যেন সরকার একটু দৃষ্টি দেন।

[3-20—3-50 p.m.]

এটা হলে আমরা খাদ্যের দিক দিয়ে অনেকটা এগিয়ে যেতে পারব একথাই আপনার কাছে নিবেদন করছি। আমাদের দেশে সত্যি যারা ব্লাক মার্কেটিং করে, হোরডিং করে তাদের বিরুদ্ধে যেমন আমাদের অভিযান আছে তেমনি বিরোধী দলেরও রয়েছে। কিন্তু আজ আমাদের দেশে যারা বিগ প্রডিউসার তারাও কম দায়ী নয়। আজ তাদের প্রতি নিন্দাজ্ঞাপন কেউ করেন নি। আজ আমরা বিগ হোরডারসদের যেমন নিন্দা করব তেমনি আমাদের দেশে যারা বিগ প্রোডিউসারস তারা আজ আমাদের দেশের জনসাধারণকে খেলাচ্ছেন ও সরকারকে বিপর্যস্ত করার চেষ্টা করছেন। কিন্তু তাদের নিন্দা কেউ করছেন না। বিগ প্রোডিউসাররা আজ যে অবস্থায় এসেছে তার একমাত্র কারণ আমাদের দেশের কম্যুনিষ্ট বন্ধুরা। ১০।১২ বছর আগে যখন সরকার থেকে ধান, চাল প্রোকিওর করা হোত তখন বিরোধীপক্ষের কম্যুনিস্ট বন্ধুরা গ্রামে গ্রামে কৃষক পরিবারের কাছে বলেছেন সরকারকে এক ছটাক ধান চাল বিক্রি করো না—যদি সরকারকে কর তাহলে অধিক মূল্যে কর এবং এই কথা বলেছে যে শহরের লোক তারা যেমন ব্যাঙ্কে টাকা রাখে এটাও তেমনি ব্যাঙ্ক তোমাদের যখন দরকার হবে তখনই সেই ধান বিক্রি করবে। অর্থাৎ মোটেই তোমরা সরকারকে ধান বিক্রি কোর না! পি. এস. পি. বন্ধুরাও গ্রামে গ্রামে এই সব কথা বলেছেন। এ সব কথা বেশী দিনের কথা নয়। আজকে স্টেট ট্রেডিং এর জন্য যখন বিরোধী পক্ষ থেকে দাবী করছেন, কিন্তু তাতে তাঁদের অসুবিধা হবে। আন্দোলন করা হবে না যদি সরকার ধান প্রোকিউর করে। আর একটা কথা সরকারের কাছে নিবেদন করছি যে আমাদের দেশ নানা দিক দিয়ে অগ্রগতির পথে এগিয়ে যাচ্ছে, কিন্তু আমাদের দেশের নৈতিক চরিত্রের মান উন্নত হচ্ছে না এবং তার জন্য কোন পরিকল্পনাও নেওয়া হচ্ছে না। আমরা দেখেছি যে বহু ব্লাক মার্কেটিয়ারস, হোরডারস তাঁরা যাতে রিয়্যালাইজড হন তারজন্য আমাদের দেশে যারা সমাজসেবী লোক আছেন তাঁরা চেষ্টা করেন। দুর্নীতি যারা করেন তাঁরা যেমন লোককে শোষণ করেন তার সঙ্গে সঙ্গে কিছু দানধ্যানও তাঁরা করেন—সেজন্য তাঁদের হয়ে বিভিন্ন প্রতিষ্ঠানও সরকারের কাছে তদ্বির করতে চান। আমরা জানি যারা আজকে ধরা পড়ছেন তাঁদের হয়ে সরকারের কাছে অন্য লোক দরবার করছেন। আমাদের যাঁরা বিভিন্ন সমাজসেবী আছেন, যাঁরা রাজনৈতিক গন্ধ থেকে মুক্ত তাঁদের নিয়ে একটা মিশনারী করে যাতে করে দেশের সমাজ-সেবীদের নৈতিক চরিত্রের মান উন্নত হয় এবং দুর্নীতি দূর হয় তার জন্য একটা পরিকল্পনা সরকার থেকে থাকা উচিত। আমাদের দেশে সরকার থেকে পরিবার পরিকল্পনা নেওয়া হয়েছে সেটা প্রসংশার যোগ্য আমরা গ্রামে দেখেছি যেখানে শতকরা ৩০।৩৫ জন লোক লেখাপড়া জানে, যাঁরা গোঁড়া হিন্দু মুসলমান আছেন তাঁরা সেখানে এই পরিকল্পনাকে অন্তরের সঙ্গে গ্রহণ করছেন না। আজ এই সমস্ত বিভিন্ন ধর্মের যাঁরা গুরুস্থানীয় লোক আছেন তাঁদের সহযোগিতা নিয়ে যদি আমরা কাজ করি তাহলে আমাদের পরিবার পরিকল্পনা সফল হবে। কারণ গ্রামের এক বর্ণের লোক ভাবছে যে এই বর্ণের লোক বেশী হয়ে যাবে আমরা সংখ্যালঘু হয়ে যাব সেজন্যই এই পরিবার পরিকল্পনা কাজের হচ্ছে না আজ যাঁরা ধর্মীয়গুরু তাঁদের সঙ্গে সহযোগিতা করে যাতে এ বিষয়ে অগ্রণী হওয়া যায় সেদিকে দৃষ্টি দেবার জন্য অনুরোধ করছি। এই কথা বলে ধন্যবাদ জ্ঞাপক যে প্রস্তাব এসেছে সেটা আমি সমর্থন করছি।

(At this stage the House was adjourned for twenty minutes.)

[After Adjournment]

[3-50—4 p.m.]

Shri Nathaniel Murmu : I beg to move that the following be added at the end of the address in reply, viz :

"But regret that—

(a) it does not indicate any effective plan for the uplift of Scheduled Tribe and Scheduled Caste within a stipulated period ;

(b) it does not indicate a vivid picture as regards the immense misery and sufferings of the poor peasants, landless tillers and the lower middle class people in the State of West Bengal ;

(c) it does not indicate any plan for the rapid industrialisation of the vast area of the industrially backward districts of North Bengal Region ;

(d) it does not indicate the failure of the West Bengal Government as regards the enforcement of the prescribed price rate of rice and paddy in the State; and

(e) it does not indicate any effective measure for the settlement of the surplus agricultural lands with the genuine tillers of the soil."

মাননীয় স্পীকার স্যার, রাজ্যপালের ভাষণের উত্তরে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব ওপক্ষের সদস্যরা যা এনেছেন তাঁর সংশোধনীতেই আমি আমার বক্তব্য সীমাবদ্ধ রাখতে চেষ্টা করবো। আমরা আশা করেছিলাম এ বৎসর রাজ্যপালের ভাষণে অন্যান্য সমস্যার সঙ্গে খাদ্য সঙ্কট সমাধানকল্পে একটা সুনির্দিষ্ট কর্মপন্থা বা লক্ষ্য রাজ্যপালের ভাষণে উল্লেখ থাকবে। কিন্তু আমরা দুঃখের সঙ্গে লক্ষ করলাম যে এই ভাষণে তার কোন উল্লেখ নেই। তিনি পরিস্কার তার ভাষণে বলছেন যে অদূর ভবিষ্যতে এই সঙ্কট দূর হবে না এবং খাদ্য উৎপাদন বাড়ান যাবে না এবং এই সম্পর্কে দুটি কারণ তিনি দেখিয়েছেন, একটা হচ্ছে জনসংখ্যা বেড়েছে এবং—দ্বিতীয় হচ্ছে অর্থকরী ফসল যে জমিতে উৎপন্ন হয় সে জমিকে অবিলম্বে খাদ্য উৎপাদন জমিতে পরিণত করা যাচ্ছে না। এই দুটা কারণ বাদে অন্য কোন কারণ দেখান নি। অন্য একটা প্যারাগ্রাফে তিনি অবশ্য বলেছেন যে খাদ্য উৎপাদন বাড়াবার অনেক চেষ্টা করা হচ্ছে। মাননীয় স্পীকার স্যার, আমরা পরিস্কার এই কথা বলতে চাই খাদ্য শষ্যে পরিপূর্ণতা লাভ না করলে অন্য কোন পরিকল্পনা নিয়ে কোন রাষ্ট্র এগিয়ে যেতে পারে না। অন্য পরিকল্পনা গ্রহণ করলে তা ব্যর্থ হতে বাধ্য। বাংলা দেশে যে পরিমাণ জমি আমাদের আছে বা সরকারের হাতে যে পরিমাণ জমি উদ্বৃত্ত আছে সেগুলিতে সুষ্টু পরিকল্পনা নেওয়া যেতে পারে। সেই পরিকল্পনার সুনির্দিষ্ট লক্ষ যদি থাকতো যে এই জমিতে আমাদের বাংলাদেশের যে খাদ্য দরকার তার উৎপাদন সম্ভব হতো তাহলে এর সমাধান হতো। আমার, মনে হয় রাজ্যপাল ২টা কারণ [দেখিয়েছেন। উৎপাদন যথেষ্ট বাড়ছে না এবং সবচেয়ে বড় কারণ হচ্ছে, ভূমি সংস্কারের ক্ষেত্রে সুষ্টু সমাধান হয় নি। যদি ভূমি সংস্কারের ক্ষেত্রে ইউনিফরমালিটি আনা যেত তাহলে খাদ্য শস্যের সমাধানের দিক দিয়ে আমাদের রাজ্য এগিয়ে যেতে পারতো।]

এবং ২নং আর একটা কারণ হচ্ছে যেটা অন্যতম কারণ, উৎপাদিত ফসলের ইনসেনটিভ প্রাইস কোন চাষীরাই পাচেছ। এটা সম্পকে গ্যারাণ্টি দেবার জন্য আমরা বার বার বলেছি মিঃ স্পীকার স্যার, এই উৎপাদনের ক্ষেত্রে প্রাইস ঠিক করা—এটা একটা অপরিহার্য জিনিষ। এটা আমরা পূর্বেই বলেছি—অনেক বার বলেছি আমরা বহু জায়গায় স্লোগান দি মাঠে-ঘাটে। ও পক্ষের সদস্যরা আমাদের বিদ্রুপ করে বলেন যে তোমরা গ্রামে গিয়ে বলো ধানের ইনসেনটিভ প্রাইস দিতে হবে—আবার সহরে এসে বলো যে চালের দাম কমাতে হবে। আমি পরিস্কারভাবে বলতে চাই যে আমরা [একথা বলি যে ধানের দাম বাড়াতে এবং চালের দাম কমাতে। এবং এই কথার সমর্থনে আমরা যে যুক্তিটা দেখাই সেই যুক্তিটা সরকার পক্ষের কাছে বহবার অবতারণা করেছি—আজকে এই হাউসের

সামনে রাখছি যে চাষীদের ইনসেনটিভ প্রাইস দেবার ক্ষেত্রে ধানের যে প্রাইস নির্ধারিত হবে যাতে তার নীচে ধান বা অন্যান্য ফসল বিক্রি না হয় সেটা দেখতে হবে। কিন্তু শিল্পাঞ্চলে বা সহরাঞ্চলে যেসব চাষীরা বা খেটে খাওয়া মানুষরা চাল কিনে খায় তারা যাতে কম দামে তা পায় তার ব্যবস্থা সরকারকে করতে হবে। হিসাব করে দেখা গেছে যে দেড় মণ ধানে এক মণ চাল হয়। এবং এটাও হিসাব করে দেখা গেছে যে এই দেড় মণ ধান চাল করার যে খরচ সেটা হচ্ছে মিলিং খরচ ১ টাকা—গো-ডাউন আনলোডিং বা অন্যান্য খরচ এক টাকা—এবং লাভ যদি আট আনা দেওয়া যায়—অর্থাৎ ন্যায়সঙ্গত চালের যে দাম হবে তার উপর আড়াই টাকা মাত্র মার্জিন। কিন্তু যে নীতি সরকার নির্ধারণ করেছেন তাতে করে ৫।১০ টাকা পযন্ত মার্জিন থেকে যাচ্ছে। এইজন্য আমরা সরকারকে বার বার জানিয়েছি। ইনসেনটিভ প্রাইস চাষীদের ধানের ক্ষেত্রে দেওয়ার ফলে চালের দাম কমানোর যে অসুবিধাটা দেখা দেবে এর জন্য সরকারকে সাবসিডাইজ করতে হবে। সেই সাবসিডাইজ করার জন্য টাকার অভাব হবে বলে ও পক্ষের সদস্যরা বলবেন। কিন্তু আমি মনে করি তা হবে না। আজকে বড় বড় কৃষকদের কাছ থেকে যে এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স আদায় করা হচ্ছে সেই ট্যাক্স উঠিয়ে দেবার কথা আমাদের তরফ থেকে বলা হচ্ছে, এবং ইনডিয়ান ইনকাম ট্যাক্স আইন যেভাবে অন্য ক্ষেত্রে প্রযোজ্য হচ্ছে সেই ভাবে যদি গ্রামাঞ্চলের ধনী কৃষকদের উপর প্রয়োগ করা হোত তাহলে প্রচুর টাকা আসতে পারতো এবং সেই টাকা দিয়ে সাবসিডির টাকা দেওয়া যেতে পারতো। দ্বিতীয় নং ভূমি ব্যবস্থাকে অপরিবর্তনীয় রেখে কৃষি উন্নয়নের নামে, ফসল, বাড়ানোর নামে যে লক্ষ লক্ষ টাকা খরচ করা হচ্ছে সেই টাকার কি রিটার্ন এসেছে সে হিসাব আমাদের কাছে নেই এবং ফসল বাড়ানো, কৃষি উৎপাদনের নাম করে যে লক্ষ লক্ষ টাকা খরচ করা হচ্ছে তাতে ভস্মে ঘি ঢালা হচ্ছে। সেটাকাটা যদি সাবসিডি দেবার ক্ষেত্রে নিয়োগ হোত তাহলে গ্রামাঞ্চলের চাষীরা ন্যায্য মূল্য পেত—ন্যায্য দামে ধান বিক্রি করতে পারতো এবং সহরাঞ্চল ও শিল্পাঞ্চলে যেসব লোক চাল কিনে খান তাঁরাও সস্তা দরে চাল কিনে খেতে পারতো এবং সঙ্গে সঙ্গে চাষীদের উৎপাদন বাড়ানোর ক্ষেত্রে উৎসাহিত হতে পারতো এবং এমনি করে নির্দিষ্ট সময়ের বাংলা দেশের খাদ্য সমস্যার সমাধান হতে পারতো। কিন্তু সেদিকে নজর না দিয়ে আজকে কুখ্যাত ম্যালথুজিয়ান থিওরী—জনসংখ্যা বাড়ছে পাটের চাষ বাড়ছে—এগুলি বলে একটা জগা-খিচুরি করে রাজ্যপালের ভাষণ আমাদের সামনে উপস্থিত করা হয়েছে। দ্বিতীয় কথা, এবারে যে খাদ্যনীতি চালু করেছেন—আমি বুঝতে পারি না এটা অর্থনীতিতে বা খাদ্যনীতিতে কোন জায়গায় আছে। আজকে গ্রামাঞ্চলে যে ধান চাল প্রকিয়োর করা হবে সেই পশ্চিমদিনাজপুর, মালদা, জলপাইগুড়ি, কুচবিহার, মুর্শিদাবাদ বর্ধমান সেই ধান নিয়ে ঐ এসে কলকাতাকে খাওয়ানো হইবে—আর সেণ্ট্রাল থেকে যে চাল আসবে সে চাল গ্রামাঞ্চলে খাওয়ানো হবে এটা আমাদের মুখ্য মন্ত্রী শ্রীপ্রফুল্ল চন্দ্র সেনের রাজত্বে সম্ভব হবে বলে আমরা মনে করি।—গ্রাম বাংলায় যে চাল প্রকিওর হবে সেই চালটা সেখানে রেখে উদ্বৃত্তটা বাইরে দেওয়ার ক্ষেত্রে আমাদের কোন আপত্তি নেই। ওয়েষ্ট দিনাজপুর, বর্ধমান, বীরভূম জেলা সেখানকার লোক প্রথমে খেয়ে বাইরে উদ্বৃত্তটা পঠালে ক্যারিং কষ্ট অনেক বেঁচে যায় এবং সস্তা দরে চালও পাওয়া যায়। অন্য দিকে দিল্লী থেকে যে চাল আসে তার বড় গোডাউন—হাওড়া শালকিয়া এই সব জায়গায় প্রথমে এসে সেটা কলকাতা বা শিৎপাঞ্চলের রেসনের ক্ষেত্রে যদি বিতরণের ব্যবস্থা করা যেতে পারতো তাহলে তার খরচ কম হোত। আজকে কেন্দ্রীয় সরকার বা রাজ্য সরকারের অবহেলার জন্য বিদেশ থেকে যে গম এসেছিল সেটা ছাড়ানোর ক্ষেত্রে ওরা গাফেলতি করেছেন যার ফলে কয়েক লক্ষ টাকা ডেম্যারেজ দিতে হয়েছে এবং এর জন্য রেশনের দাম বেড়েছে—এই রেশনের দাম বাড়ানোর পরেও তাঁরা এ কথা কিছুতেই বিবেচনা করতে পারছেন না যে আর কিছুতেই যেন দাম না বাড়ে। আমরা ন্যায়সঙ্গতভাবে এই দাবী করবো যে এই দাম জনসাধারণ দেবে না। সরকারের ক্যালাসনেসের জন্য এই জিনিস হয়েছে এবং তার জন্য তারাই দায়ী, তার জন্য যদি কিছু ব্যবস্থা করতে হয় তো তাঁরাই করবেন। অন্য দেশে বিশেষ করে ইংল্যাণ্ড, আমেরিকা বা অন্যান্য গণতান্ত্রিক দেশে এই রকম সরকারী শৈথিল্য দেখা দিলে সেখানে গ্রাণ্ড জুরার-এর মত জিনিস আসতে পারতো। কিন্তু আমাদের দেশে আজকে এই

জিনিস চলছে। আজ যদি এই রকম কারণের জন্য কোন জিনিসের দাম বাড়ে তবে সেটা জনসাধারণের ঘাড়ে চাপিয়ে দেওয়া হয়। মিঃ স্পীকার স্যার, সেই জন্য আমার সুনির্দিষ্ট বক্তব্য হচ্ছে সকল সদস্যদের কাছে যে রাজ্যপালের বক্তৃতার সমর্থনে যে প্রশস্তি গাইলেন, তার সঙ্গে সঙ্গে গ্রাম বাংলার চেহারার দিকটা একটু চিন্তা করে আপনাদের দলের উপর এই চাপ কি দিতে পারেন না যাতে খাদ্য নীতির পরিবর্তন করা যায়। বর্ধমানের চাল কলকাতায় আসবে—আর দিল্লীর চাল কলকাতায় এসে বার্ধমনে পোছাবে—এই যে খরচের হেরফের এটা কি বন্ধ করা যায় না? মিঃ স্পীকার স্যার, আমি তাই আজকে রাজ্যপালের ভাষণের সামগ্রিকভাবে বহু জিনিস পর্যালোচনা করার পর একথা বলতে চাচ্চি যে রাজ্যের মূল যে সমস্যা, খাদ্য সমস্যা সেই খাদ্য সমস্যা সমাধানের জন্য কোন সুষ্ঠু পরিকল্পনা এই বক্তব্যে নেই। এই বক্তব্যের সমর্থনে কংগ্রেস দলের সদস্য যাঁরা বলেছেন তাঁরাও কিছু রাখতে পারেন নি—উপরন্তু আজকে উল্টে একথা বিশ্লেষণের ফলে খাদ্যনীতি সেখানে ফলে বলে প্রমাণিত হচ্ছে এবং আজকে লোকে যাতে ন্যায্য মূল্যে খোরাকী না পায় রেসন না পায় তার ব্যবস্থা সরকার করেছেন। এ ক্ষেত্রে রাজ্যপালের ভাষণে আনন্দিত হওয়ার মত আমাদের কাছে কোন কিছু আসে নি। গত বছর রাজ্যপালের ভাষণে যে প্রতিশ্রুতি আমাদের আছে ছিল যে দৃঢ় পদক্ষেপে খাদ্যশস্যে স্বয়ংসম্পূর্ণ হওয়ার জন্য বাংলা দেশ এগিয়ে আসছে—তার এক বছর পরে এবারের বিবৃতিতে দেখছি যে অদূর ভবিষ্যতে খাদ্য সমস্যার সমাধানের কোন আশা নেই। এবং দুটো কারণ তিনি দেখিয়েছেন। এ অবস্থাতে বাংলা দেশের জনসাধারণ আজকে নিশ্চয়ই আশান্বিত হবেন না—যতই প্রশস্তি আপনারা গান। এই খাদ্যনীতি ভুল নীতির ফলে গ্রামাঞ্চলের চাষীরা কোন ইনসেনটিভ প্রাইস পাবে না—তাদের উৎপাদনও বাড়বে না এবং ভূমি ব্যবস্থার মধ্যে যে জটিলতা ওঁরা জিইয়ে রাখছেন তাতে উৎপাদন বাড়বে না এবং তার ফলে সরকারের মুখাপেক্ষী হয়ে ভারতবর্ষের তথা বাংলা দেশের লোককে থাকতে হবে—তাই এই প্রস্তাবের বিরোধিতা করে এই প্রস্তাবের নিন্দা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-00—4-10 p.m.]

Shri Sailendra Nath Adhikary:

প্রস্তাব করিবেন যে, উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত সংশোধনীটি যুক্ত করা হউক :—

"কিন্তু দুঃখের বিষয় যে রাজ্যপালের ভাষণে—

(ক) উচ্চ মাধ্যমিক, মাধ্যমিক, ও প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের, কারণিক ও কর্মচারীগণের এবং মধ্যশিক্ষাপর্ষদের নিম্নবেতনভুক্ কর্মচারীদের জীবনের মান উন্নয়নের জন্য কোনও আর্থিক সুযোগদানের কোনও আভাস নাই;

(খ) কলেজের অধ্যাপকগণের ইউ-জি-সি সম্মত বেতনের দাবীগুলি গ্রহণ করার কোনও আভাস নাই;

(গ) মুর্শিদাবাদ, নদিয়া সমেত মধ্য ও উত্তর বঙ্গের অবহেলিত অঞ্চলগুলিতে ক্ষুদ্র ও মাঝারি শিল্প স্থাপনের কোন পরিকল্পনা নাই। উদ্বাস্তু সমস্যা সম্বন্ধে কোন গঠনাত্মক পরিকল্পনার উল্লেখ নাই;

(ঘ) পশ্চিমবাংলার সাধারণ মানুষের দুর্দশা, দুঃখ ও দুঃসময়ের কোনও উল্লেখ না থাকায় রাজ্যের প্রকৃত চিত্র উদ্ঘাটিত হয় নাই;

(ঙ) পশ্চিমবঙ্গে ভয়ঙ্কর বেকার সমস্যার কোন সমাধানের ইঙ্গিত দেওয়া হয় নাই;

(চ) ভাষণে দুর্নীতি প্রতিরোধের জন্য কোনও সঠিক ও দৃঢ় পন্থা নির্ণয় করা হয় নাই;

(ছ) ভারতরক্ষা আইনের অপপ্রয়োগ-নিরোধের কোনও ঘোষণা নাই এবং ভারতরক্ষা আইন ও ইমার্জেন্সী তুলিয়া লইবার জন্য যথাযথ পদ্ধতিতে অগ্রসর হইবার কোনও আভাস নাই; এবং

(জ) হিন্দিকে যে-ভাবে অ-হিন্দী অঞ্চল পশ্চিমবঙ্গে চালু করিবার ব্যবস্থা হইতেছে—যাহাতে বিচ্ছিন্নতার প্রতি প্রবণতার সৃষ্টি করিবার আশঙ্কা থাকায় এইরূপ জবরদস্তিভাবে হিন্দী প্রচলনের বিরুদ্ধে কোনও কথা বলা হয় নাই।"

অধ্যক্ষ মহোদয় আজকে মহামান্যা রাজ্যপালিকার ভাষণের উপর আমি যে কথাগুলি আপনার মাধ্যমে বলতে চাই সে কথাগুলি একে একে বললে এই দাঁড়ায় যে আমরা গণতন্ত্রের দিক থেকে কোন জায়গায় এসে দাঁড়িয়েছি। আমাদের সব সময় বলা হয় যে সংসদীয় গণতন্ত্র। আমাদের কাছে মুখ্য মন্ত্রী থেকে আরম্ভ করে অনেক মন্ত্রী অনেক বন্ধু ও পক্ষের তাঁরা সংসদীয় গণতন্ত্রের অনেক ব্যাখ্যা দেন। আপনার কাছে মাননীয় স্পীকার মহাশয়, আমি জিজ্ঞাসা করি যে সংসদীয় গণতন্ত্রের যে রূপ আমরা ইংল্যাণ্ডে দেখি যে রূপ আমরা আমেরিকায় দেখি—আজ আপনি এই তিন বৎসর ধরে স্পীকারের আসনে বসে নিজেও বলতে পারেন কিনা—যে আমরা ঠিক সেই মত সংসদীয় গণতন্ত্রকে লক্ষ্য করে তাকে কাজে রূপায়িত করতে চাচ্ছি। আমার বক্তব্য এইখানে যে সংসদীয় গণতন্ত্র একটা ভাঁওতাবাজী হয়ে দাঁড়িয়েছে। এই সংসদীয় গণতন্ত্রকে সামনে রেখে একটা দল, যে দল আজ ১৭ বছর ধরে যে কোন প্রকারেই হোক এই বিধান সভায় এসে সংখ্যা গরিষ্ঠ হচ্ছে, সেই দল তার দলীয় নীতি দলের পদ্ধতিকে সমস্ত জাতির জীবনে ছড়িয়ে দিচ্ছে এবং সমস্ত জাতির গণতান্ত্রিক অধিকারকে পর্যন্ত নিঃশেষিত করছে। কাজেই একে যদি সংসসদীয় গণতন্ত্র বলে খুব গদগদ হয়ে যাই তাতে অন্ততঃপক্ষে সংসদীয় গণতন্ত্র রক্ষা পাবে না। আমি সেদিক থেকে বলতে চাই সংসদীয় গণতন্ত্র বলে যারা আমাদের অনেক উপদেশ দেন তাদের কাছে খুব বিনয়ের সুরে বলব যে সংসদীয় গণতন্ত্রের শিক্ষা প্রথমতঃ ট্রেজারি বেঞ্চকে গ্রহণ করতে হয় সংসদীয় গণতন্ত্রের ট্রেজারি বেঞ্চকে আচার আচরণের পরীক্ষা দিতে হয়। ট্রেজারি বেঞ্চ সেই পরীক্ষা দেয়নি, তাঁরা পরীক্ষায় বারে বারে জনসাধারণের কাছে ফেল মেরে গিয়েছে। কাজেই যখন সংসদীয় গণতন্ত্রের কথা যাঁরা বলেন অন্ততঃপক্ষে যারা বুদ্ধিমান লোক তাঁরা তখন হাসেন। মাননীয় স্পীকার মহোদয়, আমাদের এই সমস্যাসঙ্কুল পশ্চিমবাংলার খাদ্যসমস্যা সম্বন্ধে অনেকেই বলেছেন। খাদ্য সমস্যা যে শুধু একটা সমস্যা বলে আমি মনে করি না আমি মনে করি খাদ্য সমস্যার সঙ্গে অন্যান্য সমস্ত সমস্যা জড়িত আছে, যেমন বেকার সমস্যা, জলের সমস্যা, চাষের জমি সমস্যা, মজুরের সমস্যা, শ্রমিক কর্মচারির সমস্যা, সমস্তরকম সমস্যা নিয়ে এই খাদ্যসমস্যা একীভূত হয়ে দাঁড়িয়েছে।

স্পীকার মহোদয়, আবার ভুবনেশ্বর কংগ্রেসের নূতন সমাজতান্ত্রিক ধাঁচের পর নয়া সমাজতন্ত্রের যে রূপ আমরা দেখেছিলাম তারপর সেই রূপায়নটি আমরা এইবার পশ্চিমবাংলা দেখতে পেলাম। সমাজতন্ত্রের অর্থ যে কি কংগ্রেস শাসনে গত ১ বছর কংগ্রেসী সমাজতন্ত্র আমাদের সামনে পরিস্ফুট হয়ে গেল। এর আগে আপনি শুধু জানতেন যে খাদ্যসমস্যা জলের সমস্যা হত এবার দেখা গেল কি প্রত্যেকটি জিনিষের দাম অকস্মাৎ ঠিক চালের দামের মতই লাফ দিয়ে দিয়ে উঠে গিয়েছে অর্থাৎ তাঁরা এদিক থেকে ইকোয়্যালাইজেসন করে দিয়েছেন। এই কংগ্রেসী সমাজতন্ত্রে ইকোয়্যালাইজেসন অব প্রাইস রাইজ হচ্ছে সমাজতন্ত্রের অন্যতম একটা প্ল্যান। আমার একটু মাত্র দুঃখ হয় যখন দেখি এই কংগ্রেস সরকার একটি জায়গায় ভুল করে গিয়েছেন। সেখানে প্রাইস রাইজ কেন করাতে পারেন নি সেই জন্যই দুঃখ হয়। তার কারণ ইকোয়ালাইজেসন যেখানে হয়নি সেটা হচ্ছে নূনের দাম এখনও বাড়েনি। মাননীয় স্পীকার মহোদয়, এর পরেই আমি আপনাকে বলবো, এই সরকারের অনেক কথার মধ্যে কয়েকটি কথা হচ্ছে এই যে এরা নাকি ভারতবর্ষকে রক্ষা করবেন। ১৭ বছর ধরে যারা এই ভারতবর্ষকে রক্ষা করতে করতে অনেক জায়গা জমি দিয়ে দিয়েছেন তাঁরাই নাকি আজকে এই ভারতবর্ষ রক্ষা করবেন এবং ভারতবর্ষকে রক্ষা করবার জন্য তাঁরা মূলধন হিসাবে ইমারজেন্সি পাওয়ারস এবং ডি, আই রুলসকে নিয়ে অগ্রসর হচ্ছেন। আমার অনেক মাননীয় বন্ধু ডি. আই. রুলস সম্বন্ধে বলেছেন। আমি আপনার মাধ্যমে বলব যে আমরা কমুনিষ্ট পার্টির বিরুদ্ধে কংগ্রেসের চাইতেও বেশী ধিক্কার এনেছিলাম। আমি আপনার মাধ্যমে ঐ মন্ত্রীসভার কাছে জিজ্ঞাসা করব যে ২ বছর আগে চীনের আক্রমণ যখন হয়েছিল, তারপর থেকে আজ পর্যন্ত সরকার কি করেছেন, যার জন্য আজও তাঁরা ডি. আই, রুলসকে স্থায়ী করে রাখতে বাধ্য হচ্ছেন? মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে আর একটি কথা জিজ্ঞাসা করব যে যখন আকসায়ী চীন ভাংচুর করে অনেক ভূমি গ্রাস করল, তখন কি ঐ জ্যোতিবাবু, নাম্বুদ্রিপাদ, না ঐ বাসবপুন্নিয়া দিল্লীর দপ্তর চালাচ্ছিলেন?

আমি জিজ্ঞাসা করব যে যখন নেফায় আমাদের ডিজাস্টার হল তখন প্রতিরক্ষা মন্ত্রী বাসব পুণিয়া ছিলেন, না গোপালন ছিলেন? না সেখানে এই কংগ্রেসী নেতারা প্রতিরক্ষা দপ্তর চালিয়েছিলেন? কাজেই আজকে এই সমস্ত ডি. আই. রুলস্‌ এর ভাঁওতাবাজী করে আমাদের জনসাধারণকে ধোঁকা দেবার যে চেষ্টা সে চেষ্টা সর্বতোভাবে ধিকৃত হওয়া উচিত। ডি. আই. রুলস আমরা কিসের জন্য তৈরী করতে গিয়েছিলাম? যারা নাকি দেশের বিরুদ্ধে যাবে কেবল মাত্র তাদের বিরুদ্ধে প্রয়োগ করা হবে। আমাদের কমিউনিস্ট পার্টির মাননীয় কয়েকজন বন্ধুকে অ্যারেস্ট করে রাখা হয়েছে, তাদের বিরুদ্ধে যেটা নাকি চার্জ দেওয়া হচ্ছে সেটা হওয়াইট পেপারে বের হবে। আমি জিজ্ঞাসা করি হওয়াইট পেপার যদি বের হয় তাহলে চার্জ সিট তাদের বিরুদ্ধে দেওয়া হচ্ছে না কেন এবং তাদের প্রকাশ্য বিচারালয়ে নিয়ে আসা হচ্ছে না কেন? তাদের বিচার না করে অন্ধকারে সকলের অগোচরে রেখে দেওয়া হয়েছে কেন? তাতে কি সরকরের প্রতি তাদের আস্থা বাড়ছে? আমি আরও জিজ্ঞাসা করছি যে তাদের বিরুদ্ধে নাকি একটা চার্জ এসেছে, তারা নাকি মাও সেতুঙের ছবি টাঙিয়ে ছিলেন তেনালী সম্মেলনে। মাও সেতুঙের ছবি টাঙানো অপরাধ কি অপরাধ নয় এই কথা আমি বলব না, কিন্তু আমি জিজ্ঞাসা কেরি যে আজকে যারা সরকারের বড় বড় প্রধান সেই শাস্ত্রীজী দিল্লীর থেকে যখন মাও সেতুঙকে গ্রিটিংস পাঠান তাঁর জন্মবার্ষিকী উপলক্ষে তখন যদি দোষ না হয়ে থাকে তাহলে কম্যুনিষ্ট পার্টির কয়েকজন বন্ধু যদি মাও সেতুঙের ছবি টাঙায় তখনই বা দোষ হবে কেন? ভাব অভাবের প্রশ্ন যা আপনারা বুঝতে পারছেন না সেটা আপনাদের দুর্ভাগ্য। কোশ্চেনটা হচেছ এই যে কোন পার্টির প্রশ্ন নয়, গণতন্ত্রর প্রশ্ন। আজকে যাদের ডি. আই. রুলে বন্ধ করে রাখা হয়েছে, সেটা শুধু কম্যুনিস্ট পার্টির নয়, ফরোয়ার্ড ব্লক এবং অন্যান্য আমাদের কয়েকজন সহকর্মীকে তাঁরা কি চীনের দলের লোক আমি জিজ্ঞাসা করি আমাদের সংযুক্ত সোসালিষ্ট পার্টির রাণী নগরের এ কে মুসাকে ডি. আই. রুলসএ যে বন্দী করে রাখা হয়েছে, সে কি চীনাপন্থীর কমুনিষ্ট ছিল? তাকে এর আগেও ডি. আই. রুলস্‌ এ ধরা হয়েছিল। সেসান জজ অত্যন্ত কঠোর ভাষায় সরকারকে অভিযুক্ত করেন যে সরকার তাঁর দলের জন্য এই সব কাজ করেছেন। তারপর কিছুদিন বাদে আবার তাঁকে ডি. আই. রুলস এ ধরা হল, এদের সাহস পর্যন্ত নেই তাঁহাকে বিচারকের সামনে নিয়ে যাওয়ার এরা এত বড় দুর্বল, এত বড় ভীরু এত বড় কাপুরুষ যে এরা সাহসের সঙ্গে ধর্মাধিকরণের কাছে যেতে চায় না। যারা জাতির নাম করে দেশের নাম করে ভাঁওতা দিয়ে আজকে সমস্ত দেশকে বন্দীশালায় পরিণত করেছেন, দরকার হলে আমরা আমাদের পার্টির তরফ থেকে এর বিরুদ্ধে আন্দোলন করব। মাননীয় স্পীকার মহোদয়, খাদ্য নীতি সম্বন্ধে আমি বলব যে গতবার এখানে দাঁড়িয়ে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী বলেছিলেন যে এবার বাম্পার ক্রপ হয়েছে, বাম্পার আমন ক্রপ হয়েছে, কোন ভয় নেই, একথা নিশ্চয়ই আপনার স্মরণ আছে। তারপর দুই মাস যেতে না যেতেই দেখতে পেলাম চালের দর ঠিক থাকে বলে জাম্প দিয়ে দিয়ে বাড়তে লাগল, চাল আর বাজারে পাওয়া যাচেছ না। সেই সময় আমার একটি গল্পের কথা মনে পড়ল, বন্ধুর কাছে শুনেছিলাম, সেটি হল এই:—গত যুদ্ধের সময় এক কনট্রাক্টর সাহেব কোম্পানীতে কয়লা লোডিং আনলোডিংয়ের কাজ করত এবং সেই কনট্রাক্টর সবই সাফাই করে চুরি করত। এখন নূতন একটি আনকরা সাহেব এসেছেন, তিনি এসেই দেখেন যে লোডিং আনলোডিং এ এত সর্ট্‌ হয় কেন। তখন সেই সাহেব কনট্রাক্টরকে হঠাৎ ডেকে বললেন যে, কণ্ট্রাক্টর "আমি তোমার ডিপো কালকে দেখতে যাব।" কণ্ট্রাক্টর দেখল সর্বনাশ, তার কারণ সেদিন আবার সবই তিনি সাফাই করে দিয়েছিলেন। টোটাল যে দেখাবে সর্ট হয়েছে বলে, সেটা দেখাতে পারেন না কেন না, সবটাই ফাঁক। কণ্ট্রাক্টর অতি ধুরন্ধর লোক। সে বললো স্যার, কালকে শনিবার, শনি অত্যন্ত রুষ্ট দেবতা কালকে আপনি যাবেন না, অন্য একদিন চলুন। সাহেব তখন বলল আমি খ্রীশ্চান মানুষ। আমি ওসব বিশ্বাস করি না। আই স্যাল গো টো-মরো।

তারপর যথারীতি কণ্ট্রাক্টর তাঁকে নিয়ে গেলেন। ইতিমধ্যে দেখলেন যে কতকগুলি গরু ওখান থেকে ফিরে আসছে। যে গরুগুলি ফিরে আসছে, সেই কয়লার উপর যে ঘাস ছিল সেই ঘাস খেঁয়ে গরুগুলির মুখ কালো হয়ে গেছে। কণ্ট্রাক্টর তখন হাউমাউ করে

কেঁদে উঠে বলল সাহেব, সমস্ত কয়লা তো ঐ গরুতে খেয়ে নিয়েছে। কয়লা যদি গরুতে খায় তাহলে বাম্পার ক্রপ ঐ জোড়া বলদের যারা প্রতিনিধি তারা যে খাবে না এটা আমরা মনে করতে পারি না। কাজেই আমরা এই রাজ্যপালের অভিভাষণকে ধন্যবাদ দিতে পারব না।

[4-10—4-20 p.m.]

Dr. Susil Kumar Das Gupta:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের দলের সভ্য শ্রীঅশোক কৃষ্ণ দত্ত মহাশয় যে প্রস্তাব উপস্থিত করেছেন, আমাদের মহামান্য রাজ্যপালকে ধন্যবাদ দিয়ে আমি সেই প্রস্তাব সমর্থন করতে উঠে কয়েকটা কথা আপনার মাধ্যমে রাখতে চাই। আমরা দেখলাম এবছর বিধান সভায় সেই গতানুগতিকভাবে যখন মহামান্য রাজ্যপাল ভাষণ দিতে এলেন তখন বিরোধী দলের সভ্যরা ভুলে গিয়েছিলেন যে আমাদের যিনি রাজ্যপাল তিনি কনস্টিটিউসন্যাল গভর্নর এবং তাঁর প্রতি তাঁরা যে ব্যবহার করেছেন তাতে এখন তাঁদের মুখের দিকে তাকিয়ে আমার যা মনে হয় তাতে তাঁরা অন্তরেতে দুঃখিত এবং যদি সম্ভব হত তাহলে তাঁরা অশোক কৃষ্ণ দত্তের এই ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব সমর্থন করতেন। আমি বিরোধী দলের নেতা জ্যোতি বাবুর বক্তৃতা শুনছিলাম। জ্যোতি বাবুর বক্তৃতা শুনে এবং তাঁকে দেখে মনে হল হি ইজ এ স্পেণ্ট ফোর্স, তিনি নিজেই বলেছেন যে আর আমি বিরোধী দলের নেতা নই। আমরা তাঁকে আর শুভ সম্ভাষণ না দিয়ে নতুন ভূমিকা দিই তাঁকে বিরোধী দলের মুখপাত্র হিসাবে মেনে নিতে আমরা রাজী আছি। জ্যোতি বাবুর বক্তৃতার ভেতর কোন উচ্ছ্বাস নেই, কোন পদার্থ আছে কিনা জানি না, তবে অনেক অভিযোগ আছে এবং লম্ফঝম্প আছে, বিশেষ করে তাঁর দলের ভেতর তাঁর প্রতি যে অবিশ্বাস এসেছে দলের যখন সমস্ত বড় বড় নেতাদের ধরা হল অথচ তাঁকে ধরা হল না তখন দলের অন্য সভ্যদের তাঁর প্রতি যে সন্দেহ এসেছে এটা তাঁর বক্তৃতা থেকে বুঝতে পারলাম। তারপর বিরোধী দলের সভ্যরা বলেছেন যে গত বছর ১৯৬৪ সাল বাংলার খুব খারাপ বছর ছিল। সেটা আমিও স্বীকার করি। তাঁরা জোর করে বলেছিলেন যে দুর্ভিক্ষের পদধ্বনি আমরা শুনতে পাচ্ছি, হাজার হাজার মানুষ মারা যাবে। কিন্তু দুঃখের কথা তাঁদের সেই স্বপ্ন সফল হয় নি। আমাদের মুখ্যমন্ত্রী মানুষকে না খেয়ে মরতে দেব না যে কথা বলেছিলেন তা তিনি অক্ষরে অক্ষরে পালন করেছেন। আমরা ১৯৬৪ সালের শেষে ১৯৬৫ সালে কি দেখলাম, আমাদের জনগণ অনেক অসুবিধা ভোগ করেছে, চাল ডাল পাওয়া যায় নি, নানা খাদ্য দ্রব্য পাওয়া যায় নি। কিন্তু জনগণের ভূমিকা ছিল এটা দেখবার বিষয়, লক্ষ্য করবার বিষয়, উপহাস করবার বিষয় নয়। বিরোধী পক্ষ থেকে অনেক পোস্টার কলকাতায় দেওয়া হয়েছিল, কিন্তু কোন কাজে তাঁরা মানুষের সমর্থন পাননি। সরকার যতটুকু খাদ্য দিতে পেরেছেন সেটা জনগণ খুশী মনে গ্রহণ করেছেন তাঁরা জনগণকে ভ্রান্ত পথে চালিত করতে পারেন নি। ১৯৬১ সালে সেজন্য যে ফুড মুভমেণ্ট করেছিলেন সেটা করতে পারেন নি, ব্যর্থ হয়েছেন।

কো-অপারেটিভ নিয়ে কেউ কেউ রিমার্ক করেছেন। আজকে কলকাতায় একশোটি কো-অপারেটিভ হয়েছে। আমি আরো বলতে পারি যে অনেক জায়গায় কোন দল বিচার করা হয় নাই। কম্যুনিষ্ট পার্টি থেকে অনেক কো-অপারেটিভ করেছেন। সেগুলো তাঁরা ভালই চালাচ্ছেন। কংগ্রেস দলও ভাল চালাচ্ছেন এই কো-অপারেটিভ ভালভাবে চালাতে পারেন যাঁরা তাঁরাই হচ্ছেন কর্মী। শুধু সমালোচনার দ্বারা কিছু হয় না।

এই কো-অপারেটিভ সম্বন্ধে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীর কাছে দু একটি কথা আমি আপনার মাধ্যমে রাখতে চাই। আমাদের দেশে ইণ্ডাস্ট্রিয়াল কো-অপারেটিভ বা ইণ্ডাস্ট্রিয়াল টাউনশিপ হচ্ছে। আমাদের বরাহনগরে একটি ইণ্ডাস্ট্রিয়াল কো-অপারেটিভ হয়েছে। সেখানে কয়েকটি বাঙ্গালী ছেলে সুন্দর একটা ইণ্ডাস্ট্রিয়াল কো-অপারেটিভ করে সেখানে তারা ব্যারেল তৈরী করেন। দেখা গেল এর ভেতর অনেক ভাল ভাল ইঞ্জিনীয়ার আছেন। শিল্পী আছেন শিল্পপতিও আছেন। এই কো-অপারেটিভ যে মাল পায় তাতে তারা ড্রাম তৈরী করে

তাদের যে কম্পিটিটর ভারত ব্যারেল কোম্পানী তারা হচ্ছে মস্তবড় ব্যবসায়ী এরা লার্জ স্কেল ইণ্ডাস্ট্রী করে। তাদের কোটা আসে দিল্লী থেকে। আর এরা স্মল স্কেল ইণ্ডাস্ট্রি করে। এদের কোটা দেয় পশ্চিমবাংলা গভর্নমেণ্ট। কোটা পশ্চিমবাংলা সরকার যেটুকু পেয়েছেন তাদের কোটা না দিয়ে পশ্চিমবঙ্গ সরকার পারমিটে মাল দিচ্ছেন।

(এ ভয়েস : ঘুষ দিলে কোটা পাওয়া যায়)।

ঘুষ দিলেও পাওয়া যায় না। তাই আমি সরকারকে বলবো এই কো-অপারেটিভকে যদি বাঁচিয়ে রাখতে হয় তাহলে আরো বেশী মাল তাদের দেওয়া দরকার যাতে বড় বড় কনসার্ন-এর সঙ্গে এরা কম্পিটিসন এ দাঁড়াতে পারে।

সরকারী কর্মচারীদের সম্বন্ধে এখানে একটা কথা বলতে চাইছি। কারণ বাজেটে হয়ত বলবার সময় পাব না। আমাদের পশ্চিমবাংলার যারা সরকারী কর্মচারী, তাদের গত বছর বাজেটে কিছু মহার্ঘভাতা দেওয়া হয়েছিল। সেখানে বলা হয়েছিল যে চিকিৎসার জন্য কিছু টাকা দেওয়া হবে এবং সরকার স্থির করেছেন প্রত্যেক সরকারী কর্মচারীকে সর্বসাকুল্যে ৭৫৲ টাকা করে চিকিৎসার দরুণ দেবেন। কিন্তু দেখা যাচ্ছে কোন কোন কর্মচারী যাদের দেড়শো টাকা হয়ত: খরচ হয়েছে, আবার কোন কোন ক্ষেত্রে কর্মচারীদের তার চেয়ে কম খরচ হয়েছে। এমতাবস্থায় আমি সরকারকে অনুরোধ করবো এটা যদি চিকিৎসা ভাতা হিসেবে প্রত্যেককে ৭৫৲ টাকা করে দেওয়া হয়, তাহলে সত্যিকার উপকার তাদের করা হবে। তবে এর ভেতর কর্মচারীদের অনেক অসুবিধা আছে। ডাক্তারদের কাছ থেকে প্রেসক্রিপসান ইত্যাদি নিয়ে অনেক সই সাবুদ করাতে হয়। ফলে অনেকে যান না সেই টাকা সরকারের কাছ থেকে আদায় করবার জন্য।

তারপর উদ্বাস্তু সমস্যা সম্পর্কে দু একটা কথা আমি বলতে চাই। এই উদ্বাস্তুদের ভারে পশ্চিমবাংলা প্রপীড়িত। গত বছরও অনেক উদ্বাস্তু ভাইবোনেরা এখানে এসেছেন তবে যারা ক্যাম্প উদ্বাস্তু ছিল তাদের পশ্চিমবঙ্গ সরকার আজকে ভাগবান্সি অ্যাক্টএ ক্যাম্প থেকে সরিয়ে দিলেন এটা অত্যন্ত দুঃখের কথা। তাদের ভ্যাগরান্সি আক্টএ না ফেলে তাদের সম্পর্কে খানিকটা সহানুভূতির সঙ্গে যেন সরকার বিবেচনা করেন—এই অনুরোধ আমি সরকারকে জানাবো।

উত্তর কলকাতায় বিশেষ করে কাশীপুর অঞ্চলে কর্পোরেশনের যে একটি মাত্র হাসপাতাল আছে, সেটা আজকে প্রায় যেতে বসেছে এবং সেখানে একটা কলেজের বিশেষ প্রয়োজন। সেখানে কোন পার্ক নাই, ছেলেদের খেলবার কোন মাঠ বা জায়গা নাই। এদিকে সরকারের একটু দৃষ্টি দেওয়া দরকার। কাশীপুর কলকাতা কর্পোরেশনের মধ্যে হলেও খুব অবহেলিত অবস্থা রয়ে গেছে। এখানকার এক নম্বর ওয়ার্ড ও ছয় নম্বর ওয়ার্ডের সামগ্রিক উন্নতি যাতে ত্বরান্বিত হয় সেদিকে সরকারের দৃষ্টি দিতে অনুরোধ জানাবো।

সর্বশেষে আমি সরকারকে অনুরোধ করবো কলকাতার ট্রান্সপোর্ট যে অবস্থায় আজকে এসেছে, যাত্রীরা বাদুর ঝোলা না হলে আর যেতে পারে না ; সারকুলার রেলওয়ের যে প্রস্তাব এসেছে, আমাদের অর্থমন্ত্রী মহাশয় ও সে প্রস্তাব সমর্থন করেছেন। আমি পশ্চিমবাংলা সরকারকে অনুরোধ জানাই যাতে এই সারকুলার রেলওয়ের কাজটা ত্বরান্বিত হয় সেই ব্যবস্থা যেন তাঁরা করেন।

[4-20—4-30 p.m.]

Shri Bejoy Kumar Banerjee:

মাননীয় স্পীকার মহাশয়, মহামান্যা রাজ্যপাল এই যে বার্ষিক আনুষ্ঠানিক ভাষণ দেন এটা একটা মামুলি ভাষণ এবং এতে নূতন কথা কিছু লেখবার দরকার নেই বলে তিনি লেখেন নি। তিনি যা লিখেছেন তার সঙ্গে বাস্তবের, মানুষের দৈনন্দিন জীবনযাত্রার এবং মানুষের অসহনীয় যন্ত্রণার কোন সম্পর্ক নেই। এটা রেলওয়ের রিভাইজড টাইম টেবেল-এর মত সব

ট্রেণ ঠিকই আছে—কেবলমাত্র একটু এদিক ওদিক করা হয়েছে। পদাধিকার বলে তাঁকে মানতে হয় তাই আমরা মানতে বাধ্য এবং মানছি, কিন্তু দেশের সাধারণ মানুষের সঙ্গে এর কোন সম্পর্ক নেই এবং তাদের মনে এই ভাষণ কোন রেখাপাত করেনি। এই যে দুর্ভোগ তার উপসম হবে কিনা বা এই যে যন্ত্রণা তার কোন উপায় হবে কিনা সে সম্পর্কে কোন নির্দেশ তিনি দেন নি। তিনি করবার মধ্যে করেছেন, সরকারী সব কাজের সুখ্যাতি করেছেন, সরকারী যন্ত্রের প্রতি আস্থা জানিয়েছেন এবং তার অর্থ, হোল এই হচ্ছে অগণিত মানুষের স্বর্গরাজ্যে যাবার, সুখ ঐশ্বর্য ভোগ করার রাস্তা, কাজেই তোমরা এটা অনুসরণ কর। তিনি এই আবেদন জানিয়েছেন, এটা তাঁর ব্যক্তিগত মত, কিন্তু আমাদের সঙ্গে তাঁর এই মতের কোন মিল নেই। স্যার, স্বর্গরাজ্যের পথ না নরক রাজ্যের পথ সেটা বিচার করতে গেলে বা এই ভাষণ মামুলি কিনা সেটা বলতে গেলে বলতে হয় ১৯৬১ সালে তিনি এরকম একটা ভাষণ দিয়েছিলেন। তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা আরম্ভ হবার পূর্বে তিনি বলেছিলেন

The coming years will be fraught with tremendous significance for they will see the unfolding of our Third Plan which is the blue print of our prosperity.

স্যার, তৃতীয় পরিকল্পনা আজ শেষ হতে চলেছে এবং সেই পরিকল্পনায় শত শত কোটি টাকা খরচ করার পর, ঋণগ্রস্ত হয়ে খরচ করার পর সাধারণ মানুষের সুখ সমৃদ্ধি বেড়েছে কিনা তার সাক্ষ্য ইতিহাস দেবে। এঁরা আজ সংখ্যাগরিষ্ঠতার জোরে, ভোটের জোরে এবং গায়ের জোরে গণতন্ত্রকে বাঁচিয়ে রেখেছেন। স্যার, লুই দি ফোরটিন্থ-এর সময় কি হয়েছিল? ফ্রান্স এর লোকেরা যখন চেচাচ্ছিল তখন রাণী জিজ্ঞাসা করেছিলেন, এঁরা চেচাচ্ছে কেন? তখন তাঁকে বলা হোল এঁরা ব্রেড-এর জন্য চেচাচ্ছে। তিনি তখন বলেছিলেন এঁরা কেক খাক। এটা স্যার, ইতিহাসের ঘটনা, এটা আবার রিপিট করবে। আমি আপনাদের ভয় দেখাচ্ছি না, আমার দল নেই, লোকও নেই। কিন্তু ইতিহাসের এই ঘটনা ভুলে যাবে না সেটা সময় থাকতে বলছি। তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার শেষে আমরা দেখছি ১৭ বছর একাধিকক্রমে একটা পলিটিক্যাল পার্টির রাজ্য শাসনের বা কুশাসনের ফলে দেশের জনসাধারণ আজ কোন স্তরে এসে পৌঁছেছে রাজ্যপাল তাঁর ভাষণে এঁদের স্বীকৃতি জানিয়েছেন, তিনি প্রশংসা করেছেন যে, স্ট্যাটুটরি রেশনিং হয়েছে তাতে ১ কে. জি. চাল ও গম পাবে কাঁকর ইত্যাদিও পাবে। স্বাধীনতার ১৭ বছর পর রাজ্যপাল স্ট্যাটুটরির রেশনের কথা বলে আশ্বাস দেন যে বড় ভাল কাজ হয়েছে, সব ব্যবস্থা হয়ে যাবে। কিন্তু জিজ্ঞাসা করি হাজার হাজার মানুষের রক্ত শোষণ করে, তাদের অসহায়তার সুযোগ নিয়ে যেসব কালোবাজারীরা মুনফাখোররা লাভ লুটেছে তার জবাব কি দেবেন? স্যার, আমরা দেখছি যেসব মেয়েছেলেরা জীবনে কোন দিন রাস্তায় হাঁটেনি তাঁরা আজ রাস্তায় নেমেছেন। আমি জিজ্ঞাসা করি আমাদের রাজ্যপাল বৃটিশের লোক, না এখানকার লোক? কেন তিনি তাঁদের কথা উল্লেখ করেন নি? এখানে কি হয়? কলকাতা শহরে? তিনি কি দেখেন নি, মহামান্য রাজ্যপাল কি দেখেন নি এখানে মানুষ ভিক্ষার ঝুলি নিয়ে এখানে সেখানে ঘুরে বেড়াচ্ছে চাল ডাল তেল নুন মাছ ঘি ইত্যাদির জন্য? অফিসে যাবে তার জন্য ছুটোছুটি করছে, ছেলে মেয়েরা খেতে পাচ্ছে না, শুধু নিম্ন মধ্যবিত্ত ঘরের মেয়েরাই নয় সম্ভ্রান্ত ঘরের মেয়েরা, এমন কি যারা পর্দানশীন সেই ঘরের মেয়েরা সামান্য একটু চিনির জন্য ঘুরে বেড়াচ্ছে, সামান্য একটু তেলের জন্য ঘুরছে। রাজ্যপাল তাদের কথা না বলে বলেছেন তাঁর সরকার অত্যন্ত ভাল কাজ করছেন, স্বর্গরাজ্যে যাবার ভাল ব্যবস্থা আছে, তোমরা অনুসরণ কর। তারপর ১৭ বছর স্বাধীনতার পর একাধিকক্রমে রাজত্ব করার পর কি অবস্থা, আজকে একটা বেবীফুড পাওয়া যায় না। দোকানে দোকানে দেখেছি পাওয়া যায় না, কোন বিশুদ্ধ খাবার পাওয়া যায় না। সরকার চিহ্নিত যে আগ মার্কা ঘি তাতে সাপের চর্বি মিশিয়ে বিক্রী করছে। এঁরা আবার ইংরেজের ডিমোক্রেসীর বড়াই করেন, আপনারা যে ডিমোক্রেসীর অনুকরণ করছেন এ যদি ইংরেজদের দেশে হত তো চাবকে ঠিক করে দিত, আজকে ২৪ ঘণ্টার মধ্যে মন্ত্রীসভাকে ফল করিয়ে দিত। আমরা জানি সেখানকার ডিমোক্রেসী কি।

আপনাদের আমি সে ডিমোক্রেসী করতে বলছি না যা ভাল বুঝেন করুন, ইতিহাসে তা লেখা থাকবে। আপনাদের শাস্তি বিরোধী দল দিতে পারে না। বিরোধী দলেরও সমান দোষ, কেন না তাঁরা আপনাদের সরাতে পাচ্ছেন না, এ শুধু কংগ্রেসের দোষ নয়, এ দোষ তাদেরও। আজকে সামান্য ক্ষমতার জন্য, সামান্য মতবাদের জন্য আজকে বিরোধী দলগুলি এক হতে পাচ্ছেন না, আমি চ্যালেঞ্জ করি যদি আজকে বিরোধী দল সমস্ত মতবাদ ভুলে গিয়ে এক হয়, তা হলে কংগ্রেস নির্বাচনে হট আউট হয়ে যাবে, দেশের মানুষ তাই চায়। কিন্তু ইতিহাস তার সাক্ষ্য দেবে, এক এঁরা হবেন না, এক হবার অন্তরায় আছে এ কথা জানি, এর জন্য আফশোষ করবার কিছু নাই। এ যুগে সবই ভেজাল হচ্ছে, যা কিছু জিনিষ পাচ্ছি সবই ভেজাল, এই সভা থেকে বার বার করে বলা হয়েছে, ভেজাল নিরোধের জন্য এসব করুন কিন্তু করেন নি। তাদেরকে একথা চিরকাল বিরোধী পক্ষ থেকে বলা হচ্ছে যে দুর্ভিক্ষের পদধ্বনি শোনা যাচ্ছে, কিন্তু এই সরকার তাতে উপহাস করেছেন, কতবার বলা হয়েছে দর বেঁধে দিন, শুনেননি, আজকে রাজ্যপালের যদি সাহস থাকে তবে ইণ্ডিপেণ্ডেণ্ট ইনকুইয়ারী হোল্ড করুন, এই ১৭ বছর কোন্ অধিকারে এই সরকার অগণিত মানুষকে লুট করেছে, দেশের মানুষকে পিষে দিচ্ছে এ যদি অনুসন্ধান করাতে চান তাহলে ইণ্ডিপেণ্ডেণ্ট ট্রাইবুনাল করতে হবে। কংগ্রেস দলের লোককে নিলে হবে না। আজকে নিরপেক্ষ লোকদের নিয়ে যাদের উপর কোন সন্দেহ নেই, যারা মনে করবেন এটা লোকের টাকা, তাদের নিতে হবে। মানুষের ছেলে মেয়ে মরে গেছে ইঞ্জেকশন পায়নি, ভেজাল ঔষধের জন্য ছেলেমেয়ে মারা গেছে এবং আমরা জানি কি হয়েছে। লক্ষ লক্ষ লোক কোটি কোটি টাকা লুট করে নিয়ে চলে গেল এখন সরকার এসেছেন এস একটা দর বেঁধে দিচ্ছি। জনমত আরও শক্তিশালী হবে, কিন্তু সরকারের সেই ক্ষমতা নাই সেই শক্তিকে উপেক্ষা করার। কংগ্রেস সরকার এটা পারবেন না, আজকে জনমত সেদিকে যাচ্ছে, আমি কোন দলের কথা বলছি না, মানুষের কথা বলছি। রাজ্যপাল ঘুরে বেড়ান, তিনি দেখতে পাবেন দেশের মানুষ কি তাঁকে আশীর্বাদ করছে। আমি আর একটা কথা বলবো, রাজ্যপাল একবার ১৯৬১ সালে বলেছিলেন যে

"Calcutta is the biggest single blot on modern India and also the biggest social, political and economic problem that has to be tackled. Calcutta has the largest student population of any city in India and it exceeds all other cities of India in the number of educated unemployed. Scarcity of houses, overcrowding in educational institutions, middle class unemployment have piled up in the last decade and a half."

[4-30—4-40 p.m.]

১৯৬১ সালে যে সব সমস্যার কথা তিনি উল্লেখ করেছিলেন আমি রাজ্যপালকে জিজ্ঞাসা করি যে তৃতীয় পরিকল্পনার পর কোলকাতা সহরে স্থায়ী ফুটপাতে বাসিন্দার সংখ্যা কমেছে, না বেড়েছে। ৩০ লক্ষ এই যে দেশের আনএমপ্লয়েড যুবক তারা আজ নিস্তেজ হয়ে পড়ছে। আনএমপ্লয়েড করে তাদের আজকে সর্বনাশের পথে ঠেলে দিচ্ছেন। আজকে ভেজাল খাবার খেয়ে দেশের লোকের স্বাস্থ্যহানি ঘটছে। আমাদের রাজ্যপালের মা শ্রীমতী সরোজিনী নাইডুকে সকলে আমরা মহামান্য নেতা বলে জানতাম। তিনি বলেছিলেন এদেশের মানুষের অত্যন্ত সহিষ্ণুতা আছে। তা আছে, তা না হলে এইরকম একটা অসুবিধার মধ্যে এই রকম ভেজালের মধ্যে আজ সুপরিকল্পিত একটা প্রোটেস্ট গড়ে ওঠে না যাতে যাঁরা রাষ্ট্র চালাচ্ছেন সেই শক্তিকে ধূলিসাৎ করে দিতে পারে। আজকে মানুষের না খেয়ে তাদের মেরুদণ্ড ভেঙ্গে যাচ্ছে। আপনারা সুপরিকল্পিত উপায়ে যুবশক্তির সর্বনাশ করছেন। এর পরেও বলছেন আসুন আমরা ধন্যবাদ দিই তিনি যে ভাল অ্যাডড্রেস দিয়েছেন তার জন্য। বাংলার কৃষিক্ষেত্রেও দেখি চরম ব্যর্থতা। এটা আমার কথা নয়, কেন্দ্রীয় সরকারের যে জাতীয় পরিকল্পনা কমিশন আছে তাঁরাই রাজ্য সরকারের যে সমস্ত ত্রুটিপূর্ণ ব্যবস্থা আছে সেটা বারবার দেখিয়েছেন। আমাদের মহামান্য মুখ্যমন্ত্রী তিনি বলেছিলেন তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার তিন বছরে কৃষি বিভাগ ৩৭ কোটি টাকার মধ্যে মাত্র ৯ কোটি টাকা খরচ করেছেন। কিন্তু এসব বিভাগীয় গৃহাদি, জীপগাড়ী কেনা, ভাতা, প্রচার পুস্তক ইত্যাদিতে

সব খরচ হয়েছে। গ্রামাঞ্চলে পপারিজম ব্যাপক বেড়ে চলেছে। অথচ রাজ্যপাল বলেছেন কৃষির উপর জোর দাও, কিন্তু এই হলো আমাদের কৃষির অবস্থা। আর একটা কথা বলতে চাই যেটা অনেকে বলেন নি সেটা হচ্ছে যে আজ আমাদের দেশে কংগ্রেস পার্টি বা পলিটিক্যাল পার্টি ইন পাওয়ার ও ডেমোক্রেটিক গভর্নমেণ্ট দুয়ের মধ্যে একটা সীমারেখার ব্যবধান নির্ধারণ করে দেওয়া পার্টির কতব্য। আজ বিলেতে কনসারভেটিভ পার্টি তারা সরকারের কোন সুযোগ সাহায্য পার্টির কাছে নেয় না। আজ সরকারী পার্টি নিজের কাজে যদি সরকারের সহায়তা নেয় তাহলে তা ভীষণ অন্যায় হয়। দেশের মানুষ জানে রাইটাস বিল্ডিংস হল।

patronogical contre to distribute patronage.

এখানে ডেমোক্রেসির কোন ব্যবস্থা নেই, এখানে দাদা দিদি ভাগ্নে ভাগ্নী মামা পিসে ইত্যাদি থাকলেই তার সব ব্যবস্থা হয়। এই যদি ডেমোক্রেসি হয় তাহলে সেই ডেমোক্রেসি ধূলিসাৎ হোক এটা আমি চাই।

Shri Syed Shamsul Bari:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি সামান্য দু একটি কথা বলতে চাই, মহামান্য রাজ্যপাল যে সুচিন্তিত ভাষণ এখানে দিয়েছেন তারজন্য যে ধন্যবাদ জ্ঞাপন প্রস্তাব এসেছে তাকে আমি সমথন করছি। এর সঙ্গে সঙ্গে আমি বলব এই ভাষণেতে আমরা দেখতে পাচ্ছি যে এই সমস্যা জর্জরিত পশ্চিমবাংলার চিত্র এবং তাহা কি ভাবে ক্রমবর্ধমান উন্নতির দিকে এগিয়ে যাচ্ছে, তিনি তার চিত্র আমাদের কাছে রেখেছেন, তাঁর এই সুচিন্তিত ভাষণের মধ্যে রয়েছে আমাদের দেশে সব চেয়েও যে বড় সমস্যা সেই খাদ্য সমস্যার কথা। আজকে আমরা আরও দেখতে পাই যে এই খাদ্য সমস্যার সমাধান যদি ভালভাবে না হত তা হলে কলকাতা এবং শহরাঞ্চলের খাদ্যের অভাব দেখা দিত। এই খাদ্য সমস্যার সমাধানের জন্য ডি. আই. রুলের মাধ্যমে চোরাকারবারীদের ধরা হয়েছে। আমি জানি আমার জেলার ঐ রকম অনেক লোককে ডি. আই. রুলের মাধ্যমে আটক রাখা হয়েছে এবং খাদ্য শস্যের আমদানী সুযোগ করে দেওয়া হয়েছে। আজকে, পূর্ণাঙ্গ রেশনিং কলকাতা এবং শিল্পাঞ্চলে যদি না হত তা হলে গরীব মধ্যবিত্ত শ্রেণীর মানুষ খাদ্য পেত না ও আজকে এই রেশনিং যদি না হত তা হলে খাদ্যশস্য পাওয়াও যেত কিনা সে ভরসা নেই কারণ সমস্ত খাদ্য কালোবাজারীতে চলে যেত, এছাড়া এ ভাষণের মধ্যে দেখতে পাচ্ছি যে কৃষির ব্যাপারে আমাদের উন্নতির প্রতি লক্ষ্য রাখা হয়েছে, কৃষির ক্রম বর্ধমান উন্নতির জন্য সরকার চেষ্টা করে যাচ্ছেন, সরকার যে চেষ্টা করে যাচ্ছেন তার চিত্র আমরা দেখতে পাচ্ছি। এছাড়া আমরা আরও দেখতে পাই কতগুলি পরিকল্পনা যেমন কংসাবতী প্রোজেক্ট, দামোদর ভ্যালী প্রোজেক্ট এবং ময়ুরাক্ষী প্রোজেক্ট ইত্যাদিতে আমাদের কৃষির যথেষ্ট উন্নতি হয়েছে, এর সঙ্গে আমরা দেখতে পাচ্ছি যে বর্ধমান জেলায় একটা উন্নত ধরণের মডার্ণ রাইস মিলকে কোপারেটিভ বেসিসে হচ্ছে। আমি আপনার মাধ্যমে এই কথা বলতে চাই যে মেদিনীপুর জিলায় যাতে এইরকম একটি মডার্ণ রাইস মিল হয় সে দিকে কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি। আমরা এই ভাষণে দেখছি যে মৎস্য সমস্যা সমাধানের কথাও রয়েছে, অন্ধ্র প্রদেশ এবং উড়িষ্যা থেকে মাছ আনবার ব্যবস্থা করা হচ্ছে। এছাড়া আমরা দেখতে পাচ্ছি যে আমাদের স্টেট ট্রান্সপোর্ট সার্ভিসের যথেষ্ট উন্নতি হয়েছে, যদিও জনবহুল কলকাতায় আরও বাসের দরকার সে বিষয়ে সন্দেহ নেই, তবে এর জন্য আমাদের সার্কুলার রেলওয়ের কথা বলা হয়েছে, পশ্চিমবাংলার গ্রামের উন্নতির জন্য সরকার কি কি পরিকল্পনা নিয়েছেন তার চিত্রও এর মধ্যে রয়েছে। শিক্ষার যথেষ্ট উন্নতি করা হয়েছে যদিও আরও উন্নতি করা দরকার। আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা যতই সমালোচনা করুন না কেন আমাদের পশ্চিমবাংলা যথেষ্ট উন্নতির দিকে এগিয়ে যাচ্ছে পেছিয়ে যাচ্ছে না, আরও যাতে ভালভাবে এগিয়ে যাওয়া যায় তার ব্যবস্থা করা দরকার, আর একটা কথা বলবো যে মহামান্য রাজ্যপাল আমাদের আর একটা কথা বলেছেন তা হল আমাদের দুই প্রতিবেশী রাষ্ট্রের কথা, আমাদের যে প্রতিবেশী রাষ্ট্র রয়েছে তাদের মনোভাব ভাল নয়। আমাদের দেশ আজ বিপদাপন্ন তাই আমি বলব আজ আমরা সমস্ত ভুলে গিয়ে আমরা যেন সকলে এক ভাবে দেশের উন্নতির

চেষ্টা করি। যাতে নাকি আমাদের স্বাধীনতা বিপন্ন না হয় সেজন্য আমাদের সকলের চেষ্টা করা উচিত, পরিশেষে আমি বিরোধী পক্ষের মাননীয় বন্ধুদের বলব যে মহামান্য রাজ্যপাল যখন ভাষণ দিতে এসেছিলেন তখন বিরোধী বন্ধুরা স্কুল কলেজের উচ্ছৃঙ্খল ছাত্রদেরও ছাড়িয়ে গিয়েছিলেন। এটা লজ্জার কথা, স্টেটসম্যান পত্রিকায় সেদিন বিরোধী পক্ষের এই ব্যাপারে নিয়ে লিখেছিলেন। আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা মনে মনে নিশ্চয়ই স্বীকার করবেন যে যেটা করেছেন সেটা খারাপ। আমি আর বিশেষ কিছু বলতে চাই না, এই বলে আমার বক্তব্য শেষ করছি।

Shri Anadi Das:

প্রস্তাব করিবেন যে, উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত সংশোধনীটি যুক্ত করা হউক :—

কিন্তু দুঃখের বিষয় যে, রাজ্যপালের ভাষণে—

(ক) রেশন এলাকার সমস্ত অধিবাসীকে যথাসময়ে রেশন কার্ড না দেওয়ায় বহু অধিবাসী অবর্ণনীয় দুর্দশা ভোগ করিয়াছেন এবং এখনও করিতেছেন ;

(খ) সপ্তাহে মাত্র একবার রেশন দেওয়ার ব্যবস্থা থাকায় বহু ব্যক্তি অর্থের অভাবে পুরা রেশন তুলতে পারেন না। ফলে বহুদিনই তাকে অভুক্ত থাকতে হয় এবং চোরাবাজারীর খপ্পরে পড়তে বাধ্য হয়

(গ) কোন ভিত্তির উপর রেশনের চাল ও গমের দাম বাড়ান হইয়াছে ;

(ঘ) রেশনের মাথাপিছু সাপ্তাহিক পরিমাণ মোটেই যথেষ্ট নয় এবং যথেষ্ট না হওয়ায় চোরাবাজারীর নিকট যাইতে মানুষকে বাধ্য করা হইতেছে ;

(ঙ) একদিকে বলা হইতেছে সাধারণ মানুষকে আর অতিলাভের নিকট সমর্পণ করা যায় না অথচ রেশনের বাহিরের এলাকার লোককে তাহাদেরই নিকট সমর্পণ করা হইয়াছে ;

(চ) দরিদ্র চাষী কিভাবে উৎপাদন বাড়াইতে পারে তাহার কোন সঠিক পন্থা নির্দেশ নাই। তাহারা যাহা সহজে ব্যবহার করিতে পারে এমন হালকা ট্রাক্টর ও অন্যবিধ যন্ত্রপাতি তৈয়ারী করার কি হইতেছে ;

(ছ) ক্রেতা সমবায় সমিতিগুলি যাহা তৈয়ারী হইয়াছে তাহা যথেষ্ট নয় এবং যাও হইয়াছে তাহা সরকারের উপযুক্ত নীতির অভাবে মুমূর্ষু হইয়া পড়িতেছে ;

(জ) এমপ্লয়িজ স্টেট ইন্সিওরেন্সের সভ্যগণকে ঔষধ যোগাড় করিতে বিশেষ হয়রানি ভোগ করিতে হয়, হাসপাতালে শয্যা পাইতে ও স্পেশালিস্টের চিকিৎসা পাইতে বিশেষ অসুবিধা ভোগ করিতে হয়। অনেক সময় পাওয়াই যায় না ;

(ঝ) কলিকাতা স্টেট ট্রান্সপোর্ট যাত্রিগণের জন্য উপযুক্ত গাড়ী সরবরাহ করিতে পারেন নাই—যাত্রীরা বাদুড় ঝোলার মত ঝুলিয়া চলেন। একচেটিয়া অধিকারের সুযোগে ক্রমাগত ভাড়া বাড়াইয়া যাইতেছেন ;

(ঞ) বৃদ্ধ বয়সের পেন্সন ভিক্ষা দেওয়ার মত করিয়া করা হইয়াছে, মানুষকে উপহাস করা হইয়াছে ;

(ট) গৃহনির্মাণ পরিকল্পনা প্রয়োজনের তুলনায় নগণ্য ;

(ঠ) সম্পদ ক্রমাগত কেন্দ্রীভূত হইতেছে এবং ধনী ও দরিদ্রের পার্থক্য ক্রমাগত বাড়িয়া যাইতেছে ;

(ড) মানুষের সৃজনশীল শক্তিকে দেশ গঠনের কাজে ব্যবহারের কোন্ পন্থা অবলম্বিত হইয়াছে ;

(চ) মূল্য বৃদ্ধি রোধের কোন্ ব্যবস্থা অবলম্বিত হইয়াছে; এবং

(ণ) বেকার সমস্যা সমাধানের কোন্ পন্থা নেওয়া হইয়াছে—এই সকল বিষয়ে কোন উল্লেখ নাই।"

মাননীয় স্পীকার মহাশয়, একটা কথা বলে রাজ্যপালের ভাষনের উপর আমার বক্তব্য আমি আরম্ভ করবো। মাননীয়া রাজ্যপাল ৫নং পাতায় বলেছেন কর্মচারীদের বেনিফিটের ব্যাপারে সরকার কি কি করেছেন তিনি বলেছেন এমপ্লয়িজ স্টেট ইনসিওরেন্স কর্মচারী, রাষ্ট্র, বীমা পরিকল্পনা ২৪-পরগণা জেলায় সম্প্রসারিত হয়েছে এবং এই পরিকল্পনা সেই ছয় লক্ষেরও অধিক শ্রমিক বিনামূল্যে চিকিৎসার সুযোগ পাচ্ছেন। শ্রমিকদের প্রমোদ এবং সংস্কৃতিক সম্পর্কিত চাহিদা মেটাবার জন্য এ পর্যন্ত চল্লিশটি শ্রমিক কেন্দ্র স্থাপিত হয়েছে, বলা হয়েছে ছয় লক্ষেরও অধিক কর্মীরা বিনামূল্যে চিকিৎসার সুযোগ পাচ্ছে এটা একটা তথ্য করে রাখা হয়েছে এবং তা দিয়ে গুণগান করার চেষ্টা করা হচ্ছে। কিন্তু আপনারা সকলেই জানেন যে এমপ্লয়িজ স্টেট ইনসিওরেন্সএ বিনামূল্যে কিছু নেই তার জন্য প্রত্যেককে নির্দিষ্ট হারে চাঁদা দিতে হয় এবং কোম্পানীর কাছ থেকে একটা নির্দিষ্ট হারে চাঁদা আদায় করা হয়। যে টাকা আদায় করা হয় সেই টাকাই ব্যয় করা হয়, সুতরাং বিনা পায়সায় চিকিৎসা এটা যদি বলা হয় তা হলে সেটা প্রকৃত অবস্থা কিনা সেটা বিবেচনা করুন।

[4-40—4-50 p.m.]

তা ছাড়া এ টাকা আদায় করে খরচ করার পর যা হচ্ছে—কোটি কোটি টাকা এমপ্লয়ীজ স্টেট ইনসিওরেন্স ফাণ্ডে জমা হয়ে যায়। কাজেই একটা ভুল তথ্য দেওয়া হয়েছে এবং জল উঁচু তো উঁচু—নীচু তো নীচু এই করে নিজের সরকারের একটা কনষ্টিটিউন্যাল গভর্নর যা হয়—একেবারে কোনরকম সমালোচনা নেই—যা কিছু করছেন সমস্ত সাফাই গাইবার চেষ্টা করা হয়েছে। দ্বিতীয় এই রেশন সম্পর্কে অত্যন্ত প্রশংসা করা হয়েছে। কিন্তু রেশনটাকে যেভাবে প্রয়োগ করা হয়েছে একটু বিচার যদি করা যায় তাহলে দেখা যাবে এখানেও অর্থনৈতিক সঙ্কট যাতে রাজনৈতিক সঙ্কটে পরিণত না হয়। অথচ তাঁদের বন্ধু যারা মুনাফাখোর তাদের মুনাফাটা যাতে কমে না হয় সেদিকে নজর রেখে এটা করা হয়েছে। সরকার থেকে যখনই রেশনিং প্রথা ইন্ট্রোডিউস করেছেন তখন স্বীকার করা হয়েছে এবং এখানেও বলা হয়েছে যে প্রাইভেট ট্রেডারের হাতে আর খাদ্য সরবরাহের ব্যবস্থা আর রাখা যায় না। তারা এনিমি অব দি পিপলস। অথচ এই সহরের বাহিরে যে এলাকা পড়ে রয়েছে—কোটি কোটি মানুষ যেখানে রয়েছে সেই জায়গায় কিন্তু রেশন ইন্ট্রোডিউস করা হয়নি। এবং তাদের এই সমস্ত মুনফাখোরদের হাতে ছেড়ে দেওয়া হয়েছে। এই স্ববিরোধীতা—এটা ইচ্ছাকৃত এবং ইচ্ছাকৃত স্ববিরোধীতা কেন—তাদের বলা হোল যে সহরে তোমরা যে কাণ্ড করছো সেই কাণ্ড তোমরা আমাদের তক্তা পর্যন্ত তুলে দেবার ব্যবস্থা করেছো। কাজেই তোমাদের জন্য এই ব্যবস্থা করছি। আর তোমাদের গ্রাম রইলো লুটের জায়গা তোমরা লুট করে খাও। বার বার এই বিধান সভায় বলা হয়েছে যে ১৫ আউন্স খাদ্য চাই এক একটা লোকের—সেই ১৫ আউন্স করে যদি খাদ্য হয় তাহলে দাঁড়ায় তিন কিলো সপ্তাহে। নিজেরা বলছেন বার বার স্বীকার করেছেন যে ১৫ আউন্সের কমে একটা মানুষের চলে না অর্থাৎ তিন কিলোর কমে চলে না—দিচ্ছেন দু কিলো ৪০০—বাকী ৬০০-র জন্য বলা হচ্ছে যে তোমরা যাও ঐ চোরাবাজারীদের কাছে। আমরা চোরাবাজারীদের কাছে যেতে চাই না।—কিন্তু আমাদের হাত-পা বেঁধে চোরাবাজারীদের কাছে পাঠিয়ে দেওয়া হচ্ছে। এই রকম স্যাটাটারী রেশনিং করেছেন। আমরা চোরাবাজারীদের কাছে যেতে বাধ্য হচ্ছি ফলে দুর্নীতি বাড়ছে। কালকে বেলুড় স্টেশনের কাছে কর্ডন করে রেখেছেন। পুলিস বসে আছে—কয়েকটি লোক এসে বলছে ভাই কিছু চাল আনতে চাই—চালে কুলোচ্ছে না—বাড়ীতে উপোষ সাত দিন চলে না পাঁচ দিনে শেষ হয়ে যায়—নন্‌কর্ডন এলাকার বাইরে থেকে কিছু চাল আনতে চাই। পুলিস বলছে এটা আমরাও বুঝি—আমরাও ঐ রকম চাল জোগাড় করে খাই তবে আমাদের চোখের উপর এনো না ওখান দিয়ে ঘুরে যাও। পুলিস বিভাগকে

বলা হচ্ছে নজর রেখোনা চুপ করে থাক। মানুষকে বলা হচ্ছে দুর্নীতিপরায়ণ হও পুলিসকে দু আনা চার আনা পয়সা দিলে চাল নিয়ে যাওয়া যায়। এইভাবে দুর্নীতি বাড়ছে ক্রমাগত আপনাদের নিজেদের সিস্টেমের দ্বারা। আবার সেই রেশনিং এর এতো প্রশংসা করেছেন। আমি এই বিধান সভায় বলেছি যে রেশন প্রথা ছাড়া কোন দেশে উপায় নেই—আর. সি. পি আই এর পক্ষ থেকে বলা হয়েছে—তখন সকলে হেয় জ্ঞান করেছিলেন—এইভাবে চলতে পারে না—তার দু মাস পরে তাঁরা নিজেরা স্বীকার করছেন যে রেশন ছাড়া আর কোন উপায় নেই। আজ সেই রেশনই নীতিগতভাবে স্বীকার করা হোল। যেভাবে এটাকে চালনা করা হচ্ছে তাতে ধনীর ধন বৃদ্ধির কাজ করা হচেচ মাত্র। ওঁরা দু মাস আগে বল্লেন গম খাও—খাদ্যাভাস পরিবর্তন করো—দেশের খাদ্য সমস্যার সমাধান হবে—কিন্তু আবার দু মাস বাদে বলছেন যে গম পাওয়া যাচ্ছে না। এমনতরভাবে তাঁদের ভবিষ্যৎ দৃষ্টির অভাব যে আজ যা বলেন দু মাস পরে তার উল্টো জিনিস দেখতে পাই। অথচ তার প্রশংসা করতে হবে। আমি বলছি স্যার, বাংলা দেশে ১ কোটি ৩৪ লক্ষ একর ধান জমি আছে—তার মানে ৪ কোটি বিঘা আর ৬২ লক্ষ টন খাদ্যের দরকার। আমাদের প্রফুল্লবাবু বলেছেন তার মানে দাঁড়ায় পৌণে ১৭ কোটি মণ খাদ্য দরকার। অথাৎ বিঘায় যদি ৪ মনের কিছু বেশী ফসল হয় তাহলে আমাদের খাদ্য সমস্যা সমাধান হয়ে যায়, ওঁরা বলছেন পাঁচমণ করে নাকি গড়পড়তা। তাহলে কেন আমাদের খাদ্যসমস্যার সমাধান হবে না। বিজ্ঞানের প্রযুক্তির সাহায্যের কথা বলেছেন যে ফসল বাড়ানো যায়। মাত্র চার মণ যদি বিঘাতে ফলন হয় তাহলে এই বাংলা দেশে যা মানুষ আছে তাতে খাদ্যের সমাধান হতে পারতো। এবং আরও অনেক বেশী মানুষের খাবার আমরা জোগাড় করতে পারতাম। অথচ কুখ্যাত ম্যালথুসিয়ান থিওরি দিয়ে নিজেদের দায়িত্বটাকে এড়াবার চেষ্টা করছেন। প্রায়ই বলেন মানুষ দুর্নীতিপরায়ণ। কিন্তু গভনমেণ্ট আছে কি জন্য। গভনমেণ্ট পলেসি তৈরী করবে এমনভাবে যে পলেসির মধ্যে পড়ে মানুষ ভালর দিকে যেতে বাধ্য হবে—কিন্তু ওঁরা যে পলেসি করছেন সেই পলেসির মধ্যে পড়ে ভাল মানুষও খারাপের দিকে যেতে বাধ্য হচ্ছে। এই হচ্ছে আমাদের গভর্নমেণ্টের পলেসি। গভনমেণ্টের পলেসি এমনতর হতে হবে যে পলেসির মধ্যে পড়ে আজকে খারাপ মানুষ খারাপের দিকে যেতে পারে না—ভালোর দিকে যেতে বাধ্য হবে। তাই বলছি যে আমাদের দেশের সৃজনী শক্তির সংব্যবহারের কোন চেষ্টা নেই। আমাদের জিনিসের দর কমাবার কোন চেষ্টা নেই। আমাদের দেশের ট্যাক্সের মাত্রা ক্রমাগত বেড়েই যাচেছ। ফলে গ্রামাঞ্চলের অবস্থা খারাপের দিকে যাচেছ। বেকারি বাড়ছে এই রকম ধনতান্ত্রিক ব্যবস্থার জন্য। আমি উল্লেখ করতে চাই যে ইন্দোনেশিয়া সেদিন স্বাধীন হোল—ছোট্টট একটা দেশ—ছোট্টট রিসোরসেস—সেও আজকে এশিয়ার মধ্যে বিগেস্ট মিলিটারী পাওয়ার। আমরা কোথায় দাঁড়িয়ে আছি—এটা কি করে হয়? আজ উত্তর কোরিয়ার মত একটা ছোট্ট দেশ—তারা গত কয়েক বছরের মধ্যে কোরিয়ান যুদ্ধের পরে ছয় বার জিনিসের দাম কমিয়েছে। আর আজকে দশ বছর আগে সেখানে যে ট্যাক্স ছিল ১৯৫০ সালে যে ট্যাক্স ছিল সেখানে আজকে ট্যাক্সের পরিমাণ ২ পারসেণ্ট তার তুলনায়। ট্যাক্স কমাচ্ছে—জিনিসের দর কমাচ্ছে—দেশের উন্নতি হচ্ছে কি করে—তারা প্রথম জিনিস করেছে যে বিদেশী পুঁজিকে কনফিসকেট করেছে—জাতীয়করণ করেছে। আর আমাদের দেশে বিদেশী পুঁজি কেমন করে আসে তার সুযোগ ক্রমশ: করে দেবার চেষ্টা হচ্ছে। বলছেন আমাদের দেশে বিদেশী পুঁজি আসে প্রাইভেট ক্যাপিটেলে গভনমেণ্ট লেভেলে নয়—তাকে আসার সুযোগ করে দেবার চেষ্টা করছেন। সেইজন্য আমি বলতে চাই যে আমি রাজ্যপালিকার এই ভাষণকে ধন্যবাদ জ্ঞাপন করতে পারছি না।

[4-50—5-00 p.m.]

Shri Narendra Nath Sarker :

মাননীয় স্পীকার মহাশয়, মহামান্যা রাজ্যপালিকার ভাষণকে অভিনন্দন জানিয়ে শ্রীঅশোক কুমার বসু মহাশয় যে প্রস্তাব এনেছেন, আমি তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য রাখছি। এখানে বিরোধী পক্ষের বন্ধুরা বহু ভাষণ রেখেছেন, সেই সমস্তগুলি আমি খুব মনযোগ

সহকারে শুনলাম। একটা জিনিস খুব লক্ষ্য করছিলাম যে খাদ্য সমস্যা সম্বন্ধে সবাই কিছু না কিছু আলোচনা করেছেন এবং সরকারের খাদ্য নীতিকে কটাক্ষ করে সকলেই কিছু না কিছু বলেছেন। অনাদিবাবুর ভাষণ শুনছিলাম, শোনার পর মনে হচ্ছিল, অনাদিবাবুর আর কিছু না থাক অঙ্ক শাস্ত্রে অভিজ্ঞতা আছে বলে মনে হল না। কারণ তিনি দেখিয়েছেন এক কোটি চৌত্রিশ লক্ষ একর জমি আছে, এবং তাতে ৪ মণ করে ধান ফললে, দেখা যাচ্ছে, ৪ কোটি একর জমি উনি হিসাব করে দেখলেন, সেখানে ৪ মণ করে ধান ফললে, ১৬ মণ ধান হয় এবং ১৬ মণ ধানে কত চাল হয়, এই হিসাব উনি করেন নি। উনি জানেন যে বাংলাদেশে ৩ কোটি ৭০ লক্ষ লোক আছে এই ৩ কোটি ৭০ লক্ষ লোককে খাওয়ানোর জন্য আজকে যে সমস্ত সমস্যা জাতির সামনে দেখা দিয়েছে, আমরা দেখেছি বাংলাদেশের এই ৩ কোটি ৭০ লক্ষ লোককে খাওয়ানোর জন্য যে নীতি সরকার রেখেছেন, খাদ্যের সম্বন্ধে, যে নীতি বিশ্লেষণ করেছেন এবং কলকাতায় এবং তার শিল্পাঞ্চলে যে স্টাট্‌টরী রেশনিং করেছেন, সমস্ত ভারতবর্ষের জ্ঞানী গুণী সমস্ত লোকই একে অভিনন্দন জানিয়েছেন। কারণ হচ্ছে এই স্ট্যাটুটরী রেশনিং করা ছাড়া এই যে দুর্নীতি, এই যে কালোবাজারী, এই যে মজুৎদার তাদের সায়েস্তা করবার অন্য উপায় ছিল বলে জানি না। যাঁরা আজকে খাদ্য সম্বন্ধে কটাক্ষ করে বারবার নিন্দা করেছেন, সেই বিরোধী পক্ষের বন্ধুদের কাছে আমার পরিস্কার করে একটা বক্তব্য যে তাঁরা এমন কোন নীতি এখানে রাখতে পারেন নি, এই নীতিতে সত্যিকারের কোন কার্যকারিতা দেখা দিচ্ছে না, এই নীতি সত্যিকারের ব্যর্থ হয়েছে সাধারণ মানুষের দুঃখ এবং কষ্ট এতে আরও বেড়ে গেছে। আমরা একথা জানি যে এই ৩ কোটি ৭০ লক্ষ লোককে খাওয়ানোর জন্য সরকার যে নীতি পরিবেশন করেছেন, যে আদর্শ সামনে রেখেছেন, বিগত বৎসর যখন দ্রব্যমূল্য বৃদ্ধি পেয়েছিল এবং সেই বিগত বৎসরে সেই দ্রব্যমূল্য বৃদ্ধি পাওয়ার ফলে সাধারণ মানুষের যখন চরম কষ্ট দেখা দিয়েছিল তখন এই এসেম্বলী ফ্লোরে আমরা সবাই বসে আলোচনা করেছিলাম, সেই আলোচনার সময় আমরা দ্রব্য মূল্য নির্দ্ধারণ করেছিলাম, কারণ আমরা জানি যে দ্রব্যমূল্য নির্দ্ধারণ করা ছাড়া সীমিত আয়ের লোকের পক্ষে জীবনধারণ করার অসুবিধা আছে। এও আমরা জানি পরিকল্পনাকে যারা বিশ্বাস করেন না তাঁদের সঙ্গে আমরা একমত নয়। আমরা মনে করি যে এই জাতির সমৃদ্ধি গড়ে তুলতে গেলে পরিকল্পনার মাধ্যমেই করতে হবে এবং অর্থনৈতিক বুনিয়াদ গড়ে তুলতে গেলে, এই পরিকল্পনার মাধ্যমেই গড়ে তুলতে হবে। সুতরাং এই পরিকল্পনাকে সামনে রেখে আমাদের সরকার যে নীতি গ্রহণ করেছেন, আমি তাকে অভিনন্দন জানাই। এবং আমি বিশ্বাস করি যে ক্যালকাটা স্ট্যাটুটরী রেশনিং করে ভালই করেছেন। একজন বন্ধু বক্তব্য রেখেছেন, যে এ সম্বন্ধে আমিও চিন্তা করছি, সেটা হচ্ছে এই যে ওয়েস্ট দিনাজপুর-এর আমাদের বিরোধী পক্ষের বন্ধু, তিনি বলেছেন যে আমাদের বাংলাদেশের যে চাল যা আমরা লেভি করে নিয়ে আসবো, তা কলকাতাতে খাওয়ানো হবে। কেন্দ্রের যে চাল তা গ্রামাঞ্চলে মডিফাইড রেশনিংএ দেবো। সুতরাং এতে করে যে ট্রান্সপোর্ট কস্ট পড়বে, এটা সত্য, কিন্তু আমার মনে হচ্ছে, যে আমাদের এই নীতিটা বিশ্লেষণ করলে দেখা যাবে, বাংলাদেশে যে লেভি আমরা করবো, বাংলাদেশে যে উৎপাদন হয়েছে, সেই উৎপাদনকে বিশ্লেষণ করেই আমাদের খাদ্যমন্ত্রী মহাশয় এটাকে বিশেষ করে ঠিক করেছেন, যে এই বাংলাদেশের লেভিতে যে চাল হবে, তাতে স্ট্যাটুটরি রেশনিং-এর চাল আমরা নিশ্চয়ই দিতে পারবো। কেন্দ্রের চালের উপর আমরা নির্ভর করেছি এজন্য যা আমরা বাংলাদেশের বিভিন্ন গ্রামাঞ্চলে যে খাদ্যশস্য হয়েছে, সেই খাদ্যশস্যের যদি ঘাটতি হয় তাহলে সেখানে মোডিফাইড রেশনিংএ আমরা স্থির করবো। ট্রান্সপোর্ট কস্ট সম্পর্কে যে কথা বলেছেন, আমার মনে হয় এই বিষয়ে চিন্তা করবার প্রয়োজনীয়তা আছে। যে খাদ্যনীতি রাজ্যপালের ভাষণের মধ্যে আমরা দেখেছি, আমাদের সরকার যে খাদ্যনীতি রেখেছেন, সেই খাদ্যনীতিকে আমি অভিনন্দন জানাচ্ছি। বিরোধী পক্ষের বন্ধুরা যদি নিজের সমস্ত মণ দিয়ে বিচার করে অন্য ধরণের বিকল্প খাদ্যনীতি ঘোষণা করতে পারতেন, তাহলে নিশ্চয়ই আমরা মনে করতে পারতাম সাধারণ মানুষের দুঃখ বা দুর্দশার কথা চিন্তা করে এসেছেন সে কথা আমরা নিশ্চয়ই চিন্তা করতাম, বিবেচনা করতাম। আমরা এই সমস্ত ভাষণের মধ্যে লক্ষ্য করে দেখেছি, এমন কোন নূতন নীতি এখানে ঘোষণা করতে পারেন নি,

যাতে করে আমরা তাকে অভিনন্দন জানাতে পারি। সুতরাং আজকের দিনে এটা পরিষ্কার হয়ে গেছে, গলাবাজী করে এটা হবে না। যখন উৎপাদনের সময় আসে, আমরা তখন দেখেছি সরকারের নীতির ভেতরে পরিষ্কার করে তারা কৃষি সম্বন্ধে ঘোষণা করেছেন, এটা আমরা দেখেছি। ৪র্থ পরিকল্পনায় বিশেষ করে কৃষির উপর জোর দেওয়া হয়েছে। এই বাংলাদেশে যদি আমরা বিচার করে দেখি, এই ১ কোটি ৩৪ লক্ষ একর জমিতে যে ফসল উৎপাদিত হয়েছে এর ভেতর সব ক্ষেত্রে সমস্ত জায়গায় সমান ভাবে ফসল উৎপাদিত হয় না। এই কথা যারা চাষের ক্ষেত্রে আত্মনিয়োগ করেছেন, তাঁরা জানেন, সমস্ত অবস্থায় সব জায়গায় ফসল সমান হতে পারে না। তাঁরা সেচের ব্যবস্থা করেছেন, ভাল বীজের জন্য খামারের ব্যবস্থা করেছেন, সারের জন্য বিভিন্ন জায়গায় ফার্টিলাইজার ফার্মও করেছেন, আমরা মনে করি শুধু এই করলেই চলবে না, আজকের দিনে দেশের উৎপাদন যদি বাড়াতে হয় তাহলে বৈজ্ঞানিক পদ্ধতিতে দেশের উৎপাদন বাড়াতে হবে। যদি এই জিনিষ করতে হয়, তাহলে এর জন্য ইম্প্লিমেণ্টস তৈরী করতে হবে। তার জন্য আজকে আমাদের দেশে কারখানা তৈরী করবার প্রয়োজনীয়তা আছে। ঐ ট্রাক্টর হ'ক বা অন্য সমস্ত ইম্প্লিমেণ্টস হ'ক আমাদের দেশের চাষীরা তাকে কাজে লাগিয়ে যাতে আরও বেশী উৎপাদন করতে পারে, তার জন্য ব্যবস্থা করতে হবে। শুধু শুধু সেচের ব্যবস্থা করলেই হবে না, শুধু বীজের ব্যবস্থা করলেই হবে না, আজ উৎপাদনের ক্ষেত্রে বৈজ্ঞানিক প্রথাকে আরোপ করবার জন্য তাকে সজাগ এবং সযত্নে গড়ে তুলতে হবে। তারপর আমি বলতে চাই যে আজকে এই রেফিউজিদের সম্বন্ধে যে কথা বলা হয়েছে, উৎবাস্তু ভাইদের সম্বন্ধে যে কথা বলা হয়েছে, আমি মনে করি যে বাংলাদেশের সরকার, সে আর কিছু না করুক, তার হৃদয়হীনতার পরিচয় সে দেবে না বা দেয়নি, সে পরিষ্কার করে বলেছে, যে আজকে এটা জাতীয় সমস্যা, এটা কেন্দ্রের সমস্যা আমি মনে করি, এই বিগত ১৭ বছরের মধ্যে এই সমস্যার সমাধান হওয়া উচিত ছিল। এই সমস্যার সমাধান না হওয়ার ফলে যে লক্ষ লক্ষ মা বোনের দুঃখ এবং কষ্ট হয়েছে তার জন্য যদি কেউ দায়ী থাকে, কেন্দ্রীয় সরকার তার জন্য দায়ী। আমরা পরিষ্কার করে ঘোষণা করেছি, বিগত যে রায়ট হয়েছে, যার ফলে আরও ৬ লক্ষ লোক এখানে এসেছে তাদের উপর আজ যে অত্যাচার হচ্ছে, যে অনাচার, অবিচার হচ্ছে, তার প্রতিবাদ করে আমাদের পশ্চিমবঙ্গ সরকার ঘোষণা করেছেন এদের সমান অধিকার দিতে হবে, এদের বাঁচবার সুযোগ দিতে হবে, এদের পুনর্বাসনের অধিকার দিতে হবে—আমি তাকে অভিনন্দন জানাচ্ছি, যে আজকে যাঁরা এখানে এসেছেন সর্বস্ব ত্যাগ করে, যাঁরা এসে আশ্রয় গ্রহণ করেছেন, তাঁদের বাঁচার জন্য যাবতীয় সবকিছুর সমান সুযোগ দিতে হবে। সুতরাং আজকের দিনে আমাদের বিচার করতে হবে যে বিদ্যুৎ সম্প্রসারণের জন্য সরকার যে প্রস্তাব রেখেছেন, আমরা মনে করি যদি এটা সত্যি সত্যি সম্প্রসারিত হয়, তাহলে আমরা জানি গ্রাম থেকে গ্রামাঞ্চলে আজকে এর একটা নূতন রূপ আমরা দেখতে পাবো। বিশেষ করে আমি আমার নদীয়া জেলার কথা বলতে পারি, যে ডিপ টিউবওয়েল বসে গেছে, সেই ডিপ টিউবওয়েল করার ফলে, গ্রাম থেকে গ্রামাঞ্চলে আজকে যে বিদ্যুৎ সম্প্রসারিত হয়েছে, এই বিদ্যুৎ সম্প্রসারণ যদি সুষ্ঠুভাবে হয়ে যায়, সেই গ্রামে যদি আমরা কুটির শিল্প গড়ে তুলতে পারি, তাহলে আমাদের বাংলাদেশের একটা নূতন রূপ আমরা দেখতে পাবো।

বাংলাদেশ চাষের ক্ষেত্রে কিছুটা উন্নত হয়েছে বটে, কিন্তু শিল্পের ক্ষেত্রে আরও উন্নত হবার প্রয়োজনীয়তা আছে। ক্ষুদ্র শিল্প যদি আমরা গড়ে তুলতে না পারি, তাহলে আজকে যে অধিক লোকসংখ্যা বাংলাদেশের ঘাড়ের উপর চেপেছে, যে লোক সংখ্যার চাপে বাংলার আজকে সত্যিকারের দুর্দশা হয়েছে, এ থেকে মুক্তি পাওয়ার জন্য, আমি মনে করি শিল্পের উপর জোর দেওয়ার একান্ত প্রয়োজনীয়তা রয়েছে। তাই গ্রামাঞ্চলে যদি আমরা ছোট ছোট শিল্প গড়ে তুলতে পারি, মানুষকে যদি আজকে আরও বেকারীর হাত থেকে রক্ষা করতে পারি, তাহলে যে সমস্যা আজকে আমাদের সামনে আছে সেই সমস্যার সমাধান আমরা নিশ্চয়ই করতে পারবো। আমি রাজ্যপালের ভাষণকে অভিনন্দন জানিয়ে এই কথা পরিষ্কার করে বলতে পারি যে আমাদের সরকার

অনেক, করেছে, এখনও আরও করবার প্রয়োজনীয়তা আছে, আমারা সেই দলের লোক নই, যারা বলে কিছু হয়নি। আমরা বলি অনেক হয়েছে, কিন্তু আরও করবার প্রয়োজনীয়তা রয়েছে। আজকে যখন পরিকল্পনার মাধ্যমে দেশের সমৃদ্ধি গড়ে তোলার চেষ্টা চলছে, একথা ঠিক যে এদেশে ইংরাজ শাসনে ছিল, যেখানে আমরা লক্ষ করেছি, এই দেশে কলেরা ছিল, ম্যালেরিয়া ছিল, এবং এদেশে মানুষ যেমন বাঁচতো মরতোও সেই রকম কিন্তু আজকে এই বিগত ১৭ বছরের মধ্যে আমরা দেখেছি, ম্যালেরিয়া কলেরা দূর হয়ে গেছে, মানুষের মৃত্যুর হারও কমে গেছে. দেশের সমৃদ্ধি ধীরে ধীরে বেড়ে উঠছে, উৎপাদন বেড়েছে, সর্বাঙ্গীন উন্নতির পথে দেশের জয়যাত্রা শুরু হয়েছে, আজকে যদি নিজেরা ঠিকভাবে দেশকে পরিচালিত করতে পারি, কেবল বিরোধিতা এবং গালাগালি করে দেশের উন্নতি সাধন করা যাবে না এবং সমৃদ্ধি বাড়ানো যাবে না। এর জন্য লড়াই যদি করতে হয় তাহলে উৎপাদনের ক্ষেত্রে লড়াই সীমাবদ্ধ রাখতে হবে। সমস্ত পৃথিবীর ইতিহাসকে যদি বিচার করে দেখি তাহলে দেখবো যে শুধু দেশের খাদ্য সমস্যাকে কেন্দ্র করে এমনিতর কোন বিক্ষোভ হয় না, কারণ বিক্ষোভটা তখনই হবে যখনই খাদ্য নীতিতে কোন ভুল থাকে, কিন্তু সরকারের নীতিতে যে ভুল নেই এটা বার বার প্রমাণ হয়েছে, কাজেই একে সমর্থন না জানিয়ে উৎপাদন বাড়ানোর কাজে আত্মনিয়োগ না করে, সহযোগিতা না করে এর পিছনে যারা নাকি কেবল বিরোধ সৃষ্টি করবার চেষ্টা করছেন, সাধারণ মানুষকে বিভ্রান্ত করবার চেষ্টা করছেন, সেই দলের লোককে আমরা মনে করি তারা শুধু যে অন্যায় করছেন তা নয় অপরাধও করছেন।

Shri Jiban Krishna Dey :

প্রস্তাব করিবেন যে, উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত সংশোধনীটি যুক্ত করা হউক :—

"কিন্তু দুঃখের বিষয় যে, রাজ্যপালের ভাষণে—

(ক) রাজ্যপালের পূর্ববর্তী ভাষণে পাম্পিং মেশিনের সাহায্যে গ্রামাঞ্চলে নদীর জল তুলে উভয়তীরে অবস্থিত অনাবাদী জমি আবাদযোগ্য করার প্রচেষ্টায় প্রতিশ্রুতি ছিল। অন্যকার ভাষণে তার কোনই উল্লেখ কিংবা পরিণতির কথা নেই ;

(খ) শিল্পে একান্ত অনগ্রসর উত্তরবঙ্গে সাধারণ শিল্প প্রতিষ্ঠান মত কোন লক্ষ্মণও এই ভাষণে নেই। অনগ্রসর অঞ্চলের জনতা আজও অনগ্রসরই থেকে গেল। তাদের জীবনধারণের মান উন্নয়নের মত কোন কিছুই করতে না পারার ব্যর্থতা স্বীকার করা রাজ্যপালের পক্ষে একান্ত স্বাভাবিক ছিল। না থাকাটা উত্তরবঙ্গবাসীদের পক্ষে একান্তই দুঃখের। অন্য দিকে যা আছে, তা হলো আত্মসন্তোষ। যেমন ৩১নং জাতীয় সড়ককে সম্প্রসারণ। এই কৃতিত্ব কি রাজ্যসরকার—না জরুরী অবস্থার জন্য কেন্দ্রীয় সরকারের প্রাপ্য ?—এ বিষয়ের কানও উল্লেখ নাই ;

(গ) পূর্ব পাকিস্তান থেকে আগত উদ্বাস্তুদের গৃহ নির্মাণ ও ব্যবসা বাবদ লওয়া ঋণ মকুব করার সুস্পষ্ট প্রতিশ্রুতি নেই। অথচ অন্যান্য রাজ্যে এই ঋণ মকুব করার দৃষ্টান্ত আমাদের কাছে আছে। এখানে মকুব করার নানা প্রতিশ্রুতি ছিল, প্রয়োজনও। নূতন উদ্বাস্তুদের সম্পর্কে তাঁর মন্তব্য দায়িত্ব ত্যাগেরই লক্ষণ মাত্র। রাজ্যের প্রধান হিসেবে এইসব ছিন্নমূলদের প্রাণে বাঁচিবার মত আশা ও ভরসা দেয়া একান্ত আবশ্যক থাকা সত্ত্বেও তিনি তা দেন নি, দিতে পারেন নি ;

(ঘ) ১৯৬২ সালে তুফানগঞ্জ মহকুমায় যে কয়টি পাকা রাস্তা করিবার জন্য বরাদ্দ লাভ করে অদ্যাবধিও তা কার্যকরী হয়নি। বরং চিলাখানা বাজারের নিকট জাতীয় সড়ক ৩১নং-কে অহেতুকভাবেই বিকল্প পথে পুনর্নির্মাণ দ্বারা লক্ষ লক্ষ টাকা অপচয়ের যে সিদ্ধান্ত পূর্ত বিভাগ করছেন বলে প্রকাশ, তার নিন্দা করা হয় নি। বিকল্প সড়ক না করে বাজার রক্ষার জন্য নদীতে বাঁধের ব্যবস্থা করলে একই খরচে হাজার হাজার বিঘা জমি এবং ঘরবাড়ি ও জাতীয় সড়ক একত্রে রক্ষা পেয়ে যেত। টাকা খরচের পূর্বে, এই সরকার যথাযথ বিচারবুদ্ধি প্রয়োগ করেন না। স্বার্থ

সংশ্লিষ্ট মহল অনায়াসেই কাজ হাসিল করে নিয়ে থাকে এবং ভবিষ্যতেও তাই চলবে—এ বিষয়ে কোনও উল্লেখ নাই ;

(ঙ) চলতি বছরে মফঃস্বল জেলা ও মহকুমা শহরবাসীরা ন্যায্যমূল্য দূরের কথা, বর্তমান চড়াদরের রেশনটুকু অন্তত পাবেন, এমন নিশ্চয়তা দিতে পারেন নি। ভাগ্য এবং চোরাকারবারীদের হাতেই রাজ্যের লক্ষ লক্ষ অধিবাসীকে ফেলে রাখা হয়েছে—এ বিষয়ে কোনও উল্লেখ নাই ;

(চ) ১৯৬৪ সালে তুফানগঞ্জ মহকুমায় কোন সেচ পরিকল্পনা কার্যকরী করা হয় নি। ১৯৬৫ সালেও কোন পরিকল্পনার আভাস পাওয়া যাচ্ছে না। অথচ সেচের জল ফসল রক্ষা ও ফসল বৃদ্ধির জন্য অত্যাবশ্যক। এমন মহকুমা এই রাজ্যে কেবল একটি মাত্র নয়, বহু আছে। ভাষণে এই দিকে উপযুক্ত দৃষ্টি দেয়ার পরিবর্তে যা আছে তা হলো গভীর আত্মসন্তোষ—এ বিষয়ে কোন উল্লেখ নাই :

(ছ) পাকিস্তান সীমান্তবর্তী বি ও পি ঘাঁটিগুলোতে চোরাকারবার ও গরু চুরি বন্ধ করতে না পারার স্বীকৃতি থাকা একান্ত আবশ্যক ছিল। দুর্নীতি ও চুর-ছ্যাঁচরামির ভয়ে সীমান্তের অধিবাসীরা রাত্রিতে নিশ্চিন্তমনে নিদ্রা যাওয়া ত্যাগ করেছে। দুর্নীতি পরায়ন বর্ডার গার্ডদের প্রশাসনিক ব্যবস্থার গলদের দরুন এস পি-র ন্যায় পুলিশ কর্তৃপক্ষও নিয়ন্ত্রণ করার পক্ষে বাহুল্য বিবেচিত হয়েছে। বর্ডার গার্ডদের নিয়ন্ত্রণ করার মত উপযুক্ত প্রশাসনিক ব্যবস্থা স্থাপন আত্যাবশ্যক। বর্তমান বি ও পি ক্যাম্পগুলো এক একটি বল্গাহীন ঘোড়া বিশেষ—এ বিষয়ে কোনও উল্লেখ নাই ; এবং

(জ) এই রাজ্যে বহু রাজনৈতিক নেতা ও কর্মীকে বিনা কারণে, বিনা বিচারে, অনির্দিষ্ট-কালের জন্য আটক রাখার কোন উল্লেখ নাই।”

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালিকার ভাষণ সম্পর্কে কোন কিছু বলবার আগে, আমি রাজ্য পালিকা ৩ বছর আগে যে ভাষণ দিয়েছিলেন, ১৯৬২ সালে এই হাউসএ, আমি সেখান থেকে একটু সুরু করতে চাই। সেই ভাষণে তিনি বলেছিলেন যে আজকে এই ৩য় সাধারণ নির্বাচনে জনসাধারণ যে রায় দিল, সেই গণতান্ত্রিক জনতার যে গণমত আমরা যেন সেই জনতার অভিপ্রায়, তাকে মান্য করে চলি। মাননীয় রাজ্যপালিকার সেই ভাষণে, মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন যে তখন একথা পরিস্কার ছিল যে জনতার যে রায় নির্বাচনে পাওয়া গেছে, তাকে যেন আমরা শ্রদ্ধা করে চলি। তারপর আজকে ৩ বছর চলে গেছে, এখন এই তিন বছরে আমরা যথেষ্ট সময় পেয়েছি, রাজ্যপালিকার যে সরকার, যে সরকারের প্রশংসায় তিনি অনেক কিছু বলে গেলেন, ৩ বছর পরে আজকের ভাষণে এই যে তিনি সুরু করেছিলেন, ৩ বছর আগে যা দিয়ে, সেই জনতার রায়কে কতদূর তাঁরা নিজেরা শ্রদ্ধা করেছেন, কতদূর তাঁরা পালন করেছেন, সেখান থেকে আমাদের সুরু করা দরকার।

[5-00—5-10 p.m.]

তারপর ৩ বছর চলে গেছে। এই ৩ বছরে আমরা যথেষ্ট সময় পেয়েছি। রাজ্যপাল তাঁর সরকারের প্রশংসায় অনেক কিছু বলে গেলেন ৩ বছর পরে আজকে তাঁর ভাষণে। ৩ বছর আগে তিনি যা দিয়ে সুরু করেছিলেন সেই জনমতের রায়কে তাঁরা নিজেরা কতদূর শ্রদ্ধা করেছেন, কতদূর তাঁরা পালন করেছেন সেখান থেকে আমাদের সুরু করা দরকার। মিঃ স্পীকার স্যার কুচবিহারে আপনি অবগত আছেন যে গত নিবাচন ৭ জনের মধ্যে ৬ জন কংগ্রেস প্রার্থী পরাজিত হয়েছেন সম্মিলিত বামপন্থীদের কাছে। একজন মাত্র কংগ্রেস প্রার্থী বংশে বাতি দেওয়ার জন্য কোন রকমে টিকে গেছেন। এখন সেই বংশে বাতি দেওয়ার সলতেটিকে বাঁচিয়ে রাখার জন্য এবং আবার ৫ বছর পরে কংগ্রেসের জয়-জয়কার বাজাবার জন্য এই রাজ্যপালের সরকার, কংগ্রেস সরকার কিভাবে গণতান্ত্রিক নীতি জনমতের রায় মেনে চলছে আমি সে সম্বন্ধে বলতে চাই। সেই সমস্ত

পরাজিত এম, এল, এ এবং কংগ্রেসের সমস্ত নেতাদের আজ কি করা হচ্ছে, না, বৈধ এবং অবৈধ সমস্ত রকম উপায়ে তাদের নিয়ে এসে সরকারী যন্ত্র ভারাক্রান্ত করে তোলা হচ্ছে। জনমতের প্রতি যদি কিছুমাত্র শ্রদ্ধা থাকত তাহলে আজকের কংগ্রেস গভর্নমেণ্ট এটা করতে পারতেন না। আমি সামান্য কয়েকটি উদাহরণ দিচ্ছি। ১৯৬১ সালে ডিসেম্বর মাসে বর্তমান কুচবিহার জেলা স্কুল বোর্ড গঠিত হয়েছে। আমি এটা এ্যাসেম্বলীর প্রশ্ন থেকে বলছি। আমি এই জেলা স্কুল বোর্ডের দু'একজন সভ্যের পরিচয় করিয়ে দিচ্ছি তাহলে বুঝতে পারবেন কিভাবে নির্বাচন, গণতন্ত্র, জনমতের রায় সরকার মেনে চলেন। এক ভদ্রলোক, তিনি ৬ (এফ) ধারা অনুযায়ী মনোনীত, তাঁর নাম দীনেশ চন্দ্র দে সরকার, তুফানগঞ্জ থেকে তিনি জেলা স্কুল বোর্ডে মনোনীত। এই ভদ্রলোক মহকুমা কংগ্রেসের সভাপতি, আর ওখানকার হাই স্কুলের নির্বাচনে কিছুদিন আগে তিনি আমাদের কাছে দারুণভাবে হেরে গেলেন। কংগ্রেসের যিনি সভাপতি তিনি জনতার ভোট হেরে যান। তাঁকে বাঁচাবার কি উপায় আছে—স্কুলের ইলেকসানে তিনি হেরে গেলেন বটে কিন্তু মনোনীত সদস্য হিসাবে জেলা স্কুল বোর্ডে তিনি চলে গেলেন। তারপর ৬ (এইচ) ধারা অনুযায়ী কি হল —৬ (এইচ) ধারা অনুযায়ী শ্রীনির্মল চন্দ্র ঘোষ, কুচবিহার জেলা কংগ্রেসের তিনি প্রেসিডেণ্ট, তাঁরও কি পরিচয় আছে, না, মাত্র ৪ মাস আগে তাঁকে গ্রেপ্তার করা হয়েছিল আপনাদের ঐ এনফোর্সমেণ্ট থেকে টাউন স্কুলে সেক্রেটারী হয়ে স্কুলের টিন চুরি করার অপরাধে সেই ভদ্রলোককে আপনারা আজকে জেলা স্কুল বোর্ডের একজন যোগ্যতর প্রার্থী বলে মনোনীত করেছেন। কোন লোককে খুঁজে পেলেন না সারা কুচবিহার জেলাতে। আরো কি করেছেন ৬ (এইচ) ধারা অনুয়ায়ী, না, আর একজনকে আপনারা মনোনীত করেছেন। কে তিনি, তিনি হচ্ছেন মান্যবর উমেশ চন্দ্র মণ্ডল। সেই ভদ্রলোককে কয়েক দিন আগে আমি দেখেছি লবিতে এসে গড়াগড়ি দিতে, প্রায় তাঁকে রাইটার্স বিল্ডিংসে দেখা যায়। এই সমস্ত বিশিষ্ট পরাজিত কংগ্রেস নেতাদের রাইটার্স বিল্ডিংসে ঘোরাঘুরি করতে দেখা যায়, কেন না তাঁদের তো একটা ব্যবস্থা করতে হবে। জনগণের রায় মেনে আপনারা কি করেছেন, না, আমাদের কমল বাবুর কাছে যিনি হেরে গেছেন সেই উমেশবাবুকে নিয়ে আপনারা মনোনীত করেছেন। যতগুলি কুখ্যাত লোক আছে কাউকে বাদ দেননি—মনোনয়ন করবার সময় তাদের খুঁজে খুঁজে আপনারা নিয়েছেন। আরো আছে, তিনি হচ্ছেন মজুরুদ্দিন আমেদ। কমল বাবুর পাশে বসে আছেন সুনীল বাবু, তিনি সেই মজুররুদ্দিন আমেদকে হারিয়েছেন। সেই মজরুদ্দিন আমেদকে আপনারা জেলা স্কুল বোর্ডে মনোনীত করে নিয়েছেন। তাঁর সাধ্যে কুলায়নি নির্বাচিত হয়ে সেই স্কুল বোর্ডে ঢোকা। শুধু তাই নয়, তাঁকে আপনারা নিয়ে ঢুকিয়েছেন মিউনিসিপ্যালিটিতে। জননগণের রায় মেনে চলা, জনতার যে গণতান্ত্রিক অভিপ্রায় তাকে শ্রদ্ধা করা এই হচ্ছে তার নমুনা। তারপর রিফিউজীদের সম্বন্ধে আপনারা কি বলছেন—আমি রাজ্যপালের ভাষণ পড়ে দিচ্ছি—এই নীতি ঘোষণা করা সত্ত্বেও অনেক শরণার্থী পশ্চিমবঙ্গে থাকিয়া যাইতেছেন কিংবা পশ্চিমবঙ্গের বাইরে শিবির ত্যাগ করিয়া এই রাজ্যে ফিরিয়া আসিতেছেন। আমরা আজ যে প্রশ্নের সম্মুখীন সেটা হচ্ছে এই সব শরণার্থীদের প্রশ্ন। দেশ স্বাধীন হওয়ার পর যাদের রক্তে দেশ স্বাধীন হল যারা এই দেশের মানুষ বলে আজকে এখানে আসছে, দেশের স্বাধীনতার জন্য যারা সবকিছু বিসর্জন দিয়েছে, আমাদের বাংলাদেশের কংগ্রেস সরকার তাদের শিক্ষাগত সুযোগ, চিকিৎসাগত সুযোগ, চাকরির সুযোগ সমস্ত সুযোগ কেড়ে নেও। হবে কিনা তার চিন্তা করছেন।

তারপর তিনি বলছেন আমি আপনাদের সমর্থন চাই, অভিনন্দন চাই, ধন্যবাদ চাই। আমি এর পাশাপাশি আর একটি উদাহরণ এখানে রাখতে চাই—এই যে পূর্বপাকিস্তান থেকে এসেছে যে সমস্ত রিফিউজিরা—এই হলো তাদের অপরাধ, তারা কি দুর্দ্দশা এখানে ভোগ করছে। কিন্তু আমরা জানি যান আপনি আজকে বক্সাতে, যান আপনি জয়ন্তী পাহাড়ে—, সেখানে আমরা কি দেখবো? আমরা দেখবো—বক্সা ক্যাম্পে—বারশো লামা রয়ে গেছে এবং বারোজন লামানি তার মধ্যে রয়ে গেছে। আমরা কী দেখি সেখানটাতে? তারা পাঁচ-ছ মাস স্নান করে না, অথচ দৈনিক একটি করে লাক্স সাবান তাদের জন্য বরাদ্দ করা আছে। আর মাখন ছাড়া আজকে সেখানে তারা চা খায় না। তাদের রাজকীয় হালে রাজকীয় চালে সেখানে তাদের

রাখা হয়েছে। যখন বাংলোতে যেখানে রয়ে গেছে হেড লামা-দুজন, তাদের যে আচার ব্যবহার, তাদের যে আসবাবপত্র তাদের জন্য যে আয়োজন, তাতে আমাদের দেশের রাজা মহারাজারাও হার মেনে চলে যায়। তারা হচ্ছে রিফিউজি তিব্বতী রিফিউজী, কিন্তু আমাদের দেশের সত্যিকার মানুষ যারা, তাদের সম্বন্ধে এই ব্যবহার, হৃদয়হীন, নির্মম ব্যবহার আপনাদের! আজকে আমরা জানি যে সেই জয়ন্তি পাহাড়—হয়ত আধ মাইল উঁচু হয়ে গেছে, গত কয়েক বছরে তারা যে পরিমাণ হেগেছে এবং আমাদের অন্ন ধ্বংস করে আজকে আমাদের সর্বনাশ করেছে। সুতরাং আমরা স্বভাবতঃই রাজ্যপালের ভাষণে রিফিউজীদের সম্পর্কে যখন তাঁরা বলতে যাবেন এই কথা বলে আমরা মনে করবো, এখানে অনেক সদস্য গর্ব করে বলে গেছেন যে রাজ্যপালের ভাষণে আছে—আমরা সমবায় আন্দোলন করে দেশকে এগিয়ে নিয়ে যাচ্ছি ; ধাপে ধাপে তারা এগিয়ে নিয়ে চলে যাচ্ছেন সমবায় করে অনেক সদস্য বলেছেন। এই কথা সত্যি —সমবায় করে তাঁরা অনেক কিছু করেছেন। যাহোক এই সমবায় সম্পর্কে এখন বেশী কিছু বলবার সময় আমার নাই। আমি শুধুমাত্র তুফানগঞ্জের একটা সমবায় সমিতির কথা উল্লেখ করবো—, যাহোক আপনারা ৮৩ হাজার টাকা দিয়েছেন। সেকথা আপনারা এই আইনসভায় প্রশ্নোত্তরে বলেছেন। সে একটী বৃহদাকার সমবায় সমিতি ; সেই সমিতির এস-ডি-ও হচ্ছেন চেয়ারম্যান। আর কংগ্রেসের যিনি সেক্রেটারী ছিলেন প্রফুল্ল কুমার সরকার। তিনি হচ্ছেন এর সম্পাদক। আজকে কি হয়েছে সেখানে? এই সম্পাদক যে ভদ্রলোক আছেন, সেই সম্পাদক মহোদয় ৫০ থেকে ৬০ হাজার টাকা তিনি আজকে সেখানথেকে মেরে দিয়ে বসে আছেন, ডিফলকেশন চার্জে তিনি পড়ে আছেন আজকে। কবে এবং কোন্ অবস্থায়? অবস্থা হচ্ছে এই—আপনি জানেন এক বছর আগে এই আইনসভায় ঐ সমবায় সমিতি সম্বন্ধে যে বিবৃতি প্রকাশ করা হয়েছিল প্রশ্নোত্তরের সময়, শুধু সেইটুকু আমি এখানে পড়ে দিচ্ছি, তাহলে বুঝতে পারা যাবে যে কি অবস্থায় তাঁরা আজকে এসেছেন। এখানে এই ১৯৬১ সালের অডিট রিপোর্ট, এ্যাসেম্বলী থেকে যে উত্তর দেওয়া হয়েছে, তাতে বলা হচ্ছে—এই সমিতির হিসাবের বই বা অন্যান্য খাতাপত্র যথাযথভাবে রাখা হয় নাই। এক জেনারেল লেজার রয়েছে। কিন্তু যথাযথভাবে তা রাখা হয় নাই। তদ্ব্যতীত ক্যাশ বই, পার্সনেল লেজার, ক্যাশবই ও অন্যান্য বইগুলিতে প্রচুর কাটাকাটি দেখা যায় অসাবধানতা এবং অমনোযোগিতা ইহার অন্যতম কারণ হতে পারে। অতীতের বহুক্ষেত্রে দেখা গেছে যে সমিতির আদায়ীকৃত অর্থ রসিদবইতে, ক্যাশ বইতে ঠিকভাবে জমা করা হয় নাই। অথচ আদৌ উহা জমা পড়ে নাই। ইহা সহজে অনুমেয় উক্ত টাকা ম্যানেজার মহাশয়ের কাছে ছিল। এইরূপ ভুল সাময়িকভাবে অর্থ আত্মসাতের পর্য্যায়ে পড়ে, এটা আপনাদের অডিট রিপোর্ট, আপনাদের হাত দিয়ে প্রকাশ পেয়েছে—সমিতি বিভিন্ন সময়ে বিভিন্ন ধরণের এ্যাডভান্স দিয়ে থাকে। কিন্তু অনেক এ্যাডভান্স-এর প্রকৃত কোন কারণ অনুধাবন করা যায় না এবং ইহা অযথা সমিতির হিসাবপত্রকে জটিলতর করিয়া তোলে। "আজকে মাননীয় স্পীকার মহাশয়, এই সমিতি থেকে ৫০ হতে ৬০ হাজার টাকা তাঁরা মেরে দিয়ে বসে আছেন। আমি জিজ্ঞাসা করি—এর জন্য কি ব্যবস্থা অবলম্বন সেখানে করা হয়েছে? কোন ব্যবস্থা সেখানে অবলম্বন করা হয় নাই, কারণ তারা কংগ্রেসের লো, তারা তো এসব করবেনই, সমবায় রয়েছে—, দেশের আজকে কোন কাজের জন্য নয়, সমবায় রয়েছে সমস্ত কংগ্রেসের খুঁটি গ্রামাঞ্চলের টাউট যারা, তাদের পোষবার জন্য এবং সরকারী টাকায় তাদেরকে দিয়ে দলের কাজ করিয়ে নেবার জন্য। তাই আমরা জানি এই সমস্ত অব্যবস্থা অডিট রিপোর্টে বলার পরেও আজকে তার কোন সুরাহা হয়নি।

এর সাথে আর একটি কথা আছে—উত্তরবঙ্গে একটা জরুরী পথ উন্নয়নের কর্মসূচী গৃহীত হয়েছে এবং ১২ কোটী টাকা ব্যয়ে এই ৩১ নম্বর জাতীয় সড়কের বিস্তার সাধন ও উন্নয়ন করা হয়েছে, রাজ্যপালের এই যে সদম্ভ উক্তি —১২ কোটী টাকা ব্যয় করা হয়েছে, এতে রাজ্য সরকারের কৃতিত্ব কিছু নাই। এটা কেন্দ্রের টাকা, জাতীয় সড়ক যেটা, সেটাও কেন্দ্রের সড়ক। কেন্দ্রের টাকা পশ্চিমবঙ্গ সরকার তার তদারক করেন, ব্যবস্থা করেন মাত্র। এখানেও রয়ে গেছে আপনাদের জালিয়াতী এবং জোচ্চোরি এবং আপনাদের স্বজন পোষণের চূড়ান্ত নীতি। আজকে আপনারা জানেন যে সেই রাস্তার কি দুরবস্থা।

আমি চিড়িয়াখানা বাজার সম্বন্ধে বলেছিলাম যে ৪।৫ বছর আগে যদি সেখানে বাঁধ দেওয়া হত, তাহলে বন্দর, বাজার এলাকা রক্ষা হতো, হাজার হাজার বিঘা ধানী জমিও রক্ষা হতো, রাস্তা রক্ষা হতো। কিন্তু খগেনবাবু যিনি পূর্তমন্ত্রী তিনি দেখলেন যদি ইরিগেসন কাজ হয় আমার তাতে কি যায় আসে? আমার কনট্রাক্টর তো তাতে বাঁচবে না। আমার কনট্রাক্টর যদি না বাঁচে, তাহলে আমার পকেটে তো কিছু আসবে না! সুতরাং আজকে ডাই-ভারসন করতে হবে, তিন মাইল লম্বা উল্টো দিকে রাস্তা করতে হবে, যেখান দিয়ে রাস্তা হবার কথা সেখানে রাস্তা নদীতে ভেঙ্গে দিয়ে চলে গেছে। তবে তাঁরা চিন্তা করছেন বা ডাইভারসন করে কাজ করবেন কিনা বা কিভাবে কোথা দিয়ে ডাইভারসন করে নেবেন। সময় মত যদি বাঁধ দেওয়া হতো তাহলে তা বাদে বাজার রক্ষা হতো, সমস্ত ধানী জমি রক্ষা হতো এবং রাস্তার জন্য আজকে কোন কাজই হতোনা, টাকা থাকতো না। কিন্তু আমাদের গভর্ণমেণ্ট তা পারলেন না। তাঁরা টাকা ব্যয় করছেন ডাইভারসন করার ব্যাপারে।

[5-10—5-20 p.m.]

তারা ডিভিসন করবার ব্যাপারে টাকা ব্যয় করছে—অর্থাৎ সরকারী টাকার শ্রাদ্ধ যত রকমে করা যায় সেটা করছেন। তারপর, আমরা জানি তাঁরা আরও একটা কাজ করেছেন যেটা খগেনবাবুর এলাকা না ঘুরলে বুঝবেন না। আপনারা জানেন আমাদের জলপাইগুড়ি, কুচবিহারের পাশা-পাশি আলিপুরদুয়ার মহকুমা দিয়ে মিটারগেজ গেছে এবং কুচবিহার দিয়ে ব্রডগেজ নেবার জন্য আসাম, গোয়ালপাড়া, ধুবরী থেকে চেষ্টা করা হয়েছিল। কিন্তু খগেনবাবুর তদবিরে সেই ব্রডগেজ লাইনকে কুচবিহারকে একটু বুড়ি ছোয়ার মত করে নিয়ে গেলেন মিটারগেজ-এর পাশ দিয়ে, আলিপুরদুয়ারের পাশ দিয়ে। স্যার, একই জায়গায় মিটারগেজ এবং তার পাশে ব্রডগেজ এবং তার পাশ দিয়ে হাইওয়ে থার্টিওয়ান যেটাকে বলে তাকেও নেওয়া হোল আলিপুরদুয়ারে। কুচবিহারে ২ নম্বর রাস্তা রয়ে গেল এবং ১৯ নম্বর রাস্তা কোটি কোটি টাকা খরচ করে যেটা তৈরী হোল সেটাকেও নিয়ে যাওয়া হোল। অর্থাৎ এ'রা যথেচ্ছা করছেন, টাকা পয়সা লুঠপাট করছেন এবং যে এলাকার প্রতি নজর দিচ্ছেন, সমানে তার উন্নয়ন করছেন। এর কারণ হোল তাঁর যাঁর ইলেকসনের ব্যাপার, ভবিষ্যতের ব্যবস্থা করছেন এবং এইভাবে গুছিয়ে নিচ্ছেন। সমগ্র দেশ বা জাতীর কথা চিন্তা করে যখন এ'রা ব্যয় করছেননা তখন ধন্যবাদ দেবার প্রশ্নই আসেনা। তারপর, রাজ্যপাল আর একটা জায়গায় বলেছেন, "বন্যা এবং সাম্প্রদায়িক হাঙ্গামায় গত বছর যারা ক্ষতিগ্রস্ত হয়েছে তাদের ব্যাপক ত্রাণের ব্যবস্থা করা হইয়াছে"। এখানে আমি ঘূর্নিবাত্যায় বিধ্বস্ত হয়েছে একথাটা যোগ করতে চাই। আপনারা জানেন ১৯৬৩ সালে তুফানগঞ্জে যে ঘূর্নিবাত্যা হয়, ভয়াবহ ঘূর্নিবাত্যা হয় তার ফলে মানুষের দুর্গতির অন্ত থাকেনা এবং আপনারা কাগজের মারফৎ এই খবর দেখেছেন। সরকার সেখানে যদিও ১০০, দেড়শ টাকা ক্ষতিগ্রস্ত লোকদের দিয়েছিল, কিন্তু এখন সেখানে ক্লোক এবং সার্টিফিকেট করে সমস্ত টাকা তোলা হচ্ছে। স্যার, মানুষ যেখানে ঘরবাড়ী তৈরী করতে পারেনি, এখনও যেখানে ভাঙ্গা স্কুল, ভাঙ্গা হাসপাতাল তৈরী হয়নি সেখানে এইভাবে টাকা তোলা হচ্ছে। এ'রা নিজেরা ঘরবাড়ী তৈরী পারছেননা, অথচ টাকা আদায় করবার জন্য এইভাবে বাড়ী বাড়ী ক্লোক এবং সার্টিফিকেট পাঠাচ্ছেন এবং আমি তার একটু নমুনা দিচ্ছি। আপনারা সকলেই জানেন ক্লোক এবং সার্টিফিকেটের অর্ডার বা সেই সমস্ত নোটিশ রেভিনিউ অফিসার ছাড়া কেউ দিতে পারেনা। কিন্তু আমরা দেখছি সেই ক্লোক এবং সার্টিফিকেট অর্ডার দেবার জন্য এখন আর রেভিনিউ অফিসারের দরকার হয়না, ডেপুটি কমিশনারের দরকার হয়না - একজন সাধারণ পিয়নই যথেষ্ট। স্যার, ১টা বা ২টা নয়, শয়ে শয়ে ঘটনা দেখছি যেখানে অফিসের সিল দিয়ে অফিসের একজন পিয়ন ৭ ধারার নোটিশ পাঠিয়েছে যে, তোমাদের টাকা দিতে হবে—অর্থাৎ একজন পিওন অফিসারের পক্ষে সমন জারী করছে। আমি এই ঘটনার প্রতি দৃষ্টি আকর্ষণ করেছি, কিন্তু কোন প্রতিকার পাইনি। আমার বক্তব্য হচ্ছে পিওনের হাতে যদি দায়িত্ব থাকে তাহলে রেভিনিউ অফিসার কি করছেন? এখানে আমার কাছে একটা টিকেট রয়েছে দেখুন, অর্থাৎ এই সমস্ত দুর্ভাগা লোকদের উপর যে ক্লোক এবং সার্টিফিকেটের নোটিশ দে এবং তখন তাদের যে টাকা শোধ দিতে হয় সেটা তাদের টিকেট দিয়ে শোধ দিতে হয়। এই টিকেটের মধ্যে রেভিনিউ অফিসারের সাইন আছে কিন্তু পাঞ্চ করা নেই এবং একটা তুলে

নেওয়া হয়েছে দেখতে পাচ্ছি। আমি স্যার, এটা মন্ত্রীমহাশয়কে দেব এবং দেখব তিনি কি করতে পারেন। আমি ভাবতে পারিনা বৃটিশ আমলে এরকম জিনিস সম্ভবপর হোত কিনা। আমি জিজ্ঞাসা করি পিওন, রেভিনিউ অফিসার সবাই মিলে এই যে লুঠ এবং অরাজকতার রাজত্ব চালাচ্ছে এসব কি হচ্ছে? আরও আশ্চর্য্যের বিষয় গভর্ণমেণ্টের কাছে এর প্রতিকার চাইলে সেটা পাওয়া যায়না এবং রেভিনিউ অফিসাররা টিকেট তুলে নিয়ে একবারের জায়গায় তিনবার পিটিশন দিতে বাধ্য করছে। তারপর, পঞ্চায়েতের সেক্রেটারী নির্বাচিত হতে পারেনা। পঞ্চায়েতের সেক্রেটারী যিনি হবেন তাঁকে নমিনেসন দেবেন স্বয়ং মিনিস্টার। কিন্তু কি করলেন? এই সেক্রেটারীকে বেতন দেবে পঞ্চায়েৎ কিন্তু নিয়োগ করবার অথারিটি মন্ত্রীসভার হাতে। বৃটিশ আমলে এগুলি ইউনিয়ন বোর্ডের প্রেসিডেণ্ট করতেন, কিন্তু এখন জনতার হাতে ক্ষমতা দিতে হবে তাই জেলা পরিষদ করলেন। কিন্তু কথা হচ্ছে মন্ত্রী কি একা করবেন? নিশ্চয়ই নয়। বি-ডি-ও প্যানেল করবেন তারপর এস-ডি-ও তাকে সমর্থন করবেন। তারপর ডি-সি'র কাছে গেলে তিনি রেকমেণ্ড করবেন, তারপর রাইটার্স বিল্ডিংস-এ যাবে, তারপর সেক্রেটারী আর একদফা লিখবেন, মস্তবড় একটা ফাইল হবে এবং সেই ফাইল যখন মন্ত্রীর কাছে যাবে তখন মন্ত্রী হয়ত ৭ বছর পর তাকে রেকমেণ্ডেসন দেবেন। অথচ এই কাজ ইউনিয়ন বোর্ডের একজন প্রেসিডেণ্ট করতে পারেন।

মন্ত্রী সভা তাই করছে। গভর্নমেণ্টের বড় বড় রাঘব বোয়াল কর্মচারীরা লুঠপাট করে খাচেছ সমানে, আর আমাদের মন্ত্রীরা অবৈতনিক কর্মচারীদের কি হবে এ নিয়ে মাথা ঘামাচেছন। তিনি নিজেই বলেছেন যে এরা সরকারী কর্মচারী নয়, এদের কোন পে-স্কেল নাই, যাদের জন্য গভর্নমেণ্টের দায় দায়িত্ব নাই তাদের নিয়োগ করার সময় সরকারের যত যাথাব্যথা যত যত্ন এরা সরকারী কর্মচারী নয়, তা সত্তেও এদের জন্য এত যত্ন। অথচ অনেক ভাল লোক রয়েছে তাদের কোন প্রমোশন হবে না, তাদের এক্সটেনশন হবে না। কিন্তু দুর্নীতি-গ্রস্ত লোক যারা তারা এদের মাথায় হাত বুলিয়ে কাকা বাবা বলে দিব্বি কাজ চালিয়ে যাচেছ এবং এসব কাজ করার পরও তারা অব্যাহত গতিতে থেকে যাচেছ, এইতো অবস্থা।

স্পীকার মহোদয়, আমার অঞ্চলের দুটি কথা আমি বলবো, রাজ্যপাল মহোদয়া এখানে নেই, তিনি তো বক্তৃতা দিয়েই খালাশ অথচ যে অবস্থা এঁরা করেছেন, ধৈর্য ধরে আমরা মেম্বররা কি বলি, জনপ্রতিনিধিরা কি বলেন সেটা শুনবারও তাঁর সাহস নাই। প্রত্যেকবার দেখি তিনি ভাষণ দিয়েই তাঁর দায়িত্ব শেষ করেন, চলে যান কিন্তু তার ভাষণের প্রতিক্রিয়া কি, জনপ্রতিনিধিরা কি বলেন যা জানবারও প্রয়োজন তিনি বোধ করেন না। এত বড় ঔদ্ধত্য, গণতন্ত্রের প্রতি আস্থাবান যে তাঁর ভাষণের সমালোচনা কি হচেছ, কি প্রতিক্রিয়া হচেছ তা শুনেন না, সব চেয়ে অগণতান্ত্রিক পদ্ধতিতে তিনি চলেন, শুধু তাঁর মন্ত্রীসভাই চলেন না, আগাগোড়া একইভাবে চলে আসছে। মাননীয় স্পীকার মহাশয়, আমার যদি ক্ষমতা থাকত, আমি বলতাম আমার সাথে চলুন আমার এলেকায় চৌধুরীয়ান বলে জায়গায় বি ও পি ক্যাম্প আছে, সাহেবগঞ্জে রাজ্যপালের সেই সাহস নেই। যদি সাহস থাকত, ক্ষমতা থাকত সেখানে গিয়ে যদি তদন্ত করে দেখতেন তাহলে কি দেখতেন? দেখতেন দিনের বেলায় পাকিস্তানের সাথে ভারতবর্ষের পুলিস নাকের ডগার উপর দিয়ে শত শত গাড়ী করে হাজার হাজার মণ ধান, সর্ষে, চাল, পাট, লবঙ্গ, নারকেল তেল সমানে চলে যেতে দিচেছ, দিনের বেলা হরির লঠের মত, তা ছাড়া মানুষও চলে যায় এ ধার থেকে ও ধারে পাকিস্তানে, পাকিস্তান ক্যাম্প থেকে বলা হল এতগুলি লোক গেছে আমাদের ভারতবর্ষে আবার ভারতের বর্ডার থেকে হাত তুলে বলে দেওয়া হয় আমার এতগুলি গেল, এভাবে বিনা পাশপোর্টে যে লোক যায় তার হিসাব নিকাশ হাত তুলে হয়, তা দেখবার কেউ নেই। বর্ডারের লোকের যদি তাদের গরুচুরি যায় এবং থানায় এজাহার দিতে যায় তা হলে তাদের অশেষ দুর্গতি হয়, বি ও পি ক্যাম্পে যেতে তাদের সাহস হয় না, তাদের গরুচুরি গেলে কি তাদের ধান কেটে নিয়ে গেলে তাঁরা সেখানে অভিযোগ করতেও সাহস পায় না। এই তো বর্ডারে অবস্থা চলেছে। সেখানে স্যার, কোটা আছে, কি মজা দেখুন, পুলিশ অফিসারের কোর্ট আছে, সেখানে

লা "কি হে তোমার ওখান থেকে তো কোন কেস আসেনি", নোটিশ গেল, অমনি ব্যবস্থা, কোটা লফিল করতে হবে। তখনই বি ও পি ক্যাম্প থেকে ডাকল চোরা কারবারীদের, দুটি কস সাজান হল দু বস্তা ধনে কি দু বস্তা লবঙ্গ নিয়ে যেতে ধরা পড়ল, পাকিস্তান বর্ডারে এই রাজত্ব চলেছে এবং এভাবেই তারা সেখানে শান্তি রক্ষা করছে। এখানকার মানুষ নের ভয়ে আগুন লাগিয়ে সাফা করে দেবে তার ভয়ে কথা বলবার সাহস পায় না। দি আমাদের মন্ত্রী সভা কাজ করতে চান যদি তদন্ত করতে চান এ্যাক্সন নিতে চান, য কোন দিন সেখানে যান দেখবেন অন্তহীন অভিযোগ রয়েছে। আজকে বর্ডার অঞ্চলের মানুষ ক অসহায় অবস্থায় রয়েছে, রাত্রে তারা ঘুমুতে পারে না, তাদের বাড়ীতে গরু মহিষ সব উঠানের মাঝখানে রেখে রাত্রে চারিদিক থেকে পাহারা দিতে হয়। রাজ্যপাল মহোদয়া থাকেন রাজভবনে, তিনি কল্পনাও করতে পারেন না এই অবস্থা সেখানে হচেছ। এই অবস্থায় তিনি যদি সেখানে তিনি দিন থাকতেন তাহলে পাগল হয়ে যেতেন। এর আগে অনেক আলোচনা হয়েছে, খাদ্যনীতি নিয়ে বহু কিছু আলোচনা হয়েছে, সেসব যদি প্রকাশ করা যায় তাহলে বুঝবেন কি অবস্থার সৃষ্টি হয়েছে। দুই একদিন আগে এখানে কাগজে উঠল কলকাতার রেশন বাড়ান যাচ্ছে না, তাই আশঙ্কা হচ্ছে এই রেশনিং টিঁকে থাকবে কিনা, সর্বশেষ বুদ্ধি হচ্ছে হাস্কিং মেসিন গুলি থেকে লেভি নেবেন, তার উপর লেভি ধার্য করবেন। হাস্কিং মেশিন ধান পয়দা করে না, সহরের মানুষ দুই এক মণ সেখানে ভাঙ্গাতে যায়, কিন্তু সরকার বুদ্ধি করেছেন সেখান থেকে ওয়ান ফোর্থ নিয়ে নেবেন।

5-20—5-30 p.m.]

এই ভাবে নিলে ৫০ হাজার টন চাল তাঁরা পাবেন এবং সেই চাল তাঁরা আমাদের খাওয়াবেন রেশন তাঁরা বাড়াবেন না। এটাই হচেছ তাঁদের পরিকল্পনা। পরিকল্পনার বহু নীতি যে কি রকম বিসমোল্লা হয় দেখুন। ৮ হাজার হাসকিং মেশিন আছে। নিজেরাই বলেছেন ৩ হাজার লাইসেন্স আছে, ৫ হাজার সম্বন্ধে কোন ব্যবস্থা করা হয় নি এবং সেই ৫ হাজার কেমন ভাবে চলে সেটা মন্ত্রীসভা জানেন না। অর্থাৎ এর ফলে কি হবে? এই আইন জারী হবার পর মানুষ যদিও ২।৪ মণ ভাঙ্গাতে আনত হাসকিং মেশিনে তাও এবার সাধারণ মানুষ আসবে না কারণ যথেষ্ট সোর্স তাদের রয়ে গেছে—অর্থাৎ ঢেকী দিয়ে তারা ধান ভাঙ্গবে। সেজন্য হাসকিং মেশিন পরিকল্পনা, মুখ্যমন্ত্রীর এখন শেষ—এবং ৫০ হাজার টন চাল পাবার পরিকল্পনাও এখন শেষ-এর ধান চাল বাড়তি দেবার পরিকল্পনাও এখন শেষ। এই পরিকল্পনা এইভাবে সফল হবে না। আমরা জানি মিল মালিকদের কাছ থেকে যথেষ্ট পরিমাণে চাল নেওয়া হয় নি। যদি নেওয়া হত তাহলে অন্যরকম ব্যবস্থা হতো। এভাবে হোল সেলার যাতে তারা আজকে কুইণ্টল প্রতি মুনাফা যা সে মুনাফার হার অর্দ্ধেক করে দেওয়া হয়েছে ..৪৮ পয়সা থেকে এ বৎসরে ১.২৪ পয়সা করা হল এবং বাকি যে ২৪ পয়সা সেটা মিল মালিক নিয়ে নিল সেটা তাদের মুনাফার ভেতর চলে গেল জনসাধারণ সেটা পেল না। এর ফলে হয়েছে এই যে মিল থেকে মাল তোলা। মিল থেকে মাল আনা গ্রামে পৌছে দেওয়া ইত্যাদির সব হোলসেলে যায় না। কারণ লোডিং আনলোডিং এবং ক্যারিং কস্টে খরচ পোশায় না তারা তার জন্য বহু জয়াগায় স্টক থাকা সত্ত্বেও সেই স্টক তারা ক্লিয়ার করে না। অনেকে। অবস্থায় আমরা জানি জনসাধারণকে সেখানে লাভ দেওয়া হয় নি। এবার চিনির কথা বলে আমি শেষ করবো। মন্ত্রী সভার যারা সদস্য আছেন তারা নিজেরা হিসাব দিয়েছেন। তাতে দেখুন কি অবস্থা হয়েছে। আমরা জানি চাল চিনি যা পেয়েছি তাতে একজন সাধারণ ডিলার য সে হোল সেলার হতে পারে না আমরা তাহলে এটা কি বুঝবো ইম্পোটার যে সে ইম্পোর্টার হতে পারে না, হোলসেলার হতে পারে না। কিন্তু আমাদের কাছে লিস্ট আছে যাতে দেখা যাবে, যারা নাকি বাংলা দেশের ইম্পোর্টার, হোলসেলার, এই সংখ্যা হচ্ছে ৬৩ জন। এই ৬৩ জন ইম্পোর্টও করছে হোল সেলও করছে। আজকে ইম্পোর্টারের মধ্যে বহু লোক রয়েছে যারা চিনির কলের মালিক, নিজেরাই সেখানে উৎপাদক, নিজেরাই আমদানী করে, নিজেরাই পাইকারী ব্যবসা করছেন। এই রকম ৪নং রক্ষিত লেনে ১১ জন লোক রয়েছেন! ১১টা লাইসেন্সের মালিক, ১টা বাড়ীর লোক, এক একটা বাড়ীর লোকের নামও

নাম্বার দিয়ে দেখান যায় যে হোল সেলার লাইসেন্স এবং ইমপোর্ট লাইসেন্স নিয়ে তারা বসে আছে। যেমন ধরুন ৪নং রামকুমার রক্ষিত লেনে স্বদেশী সুগার সাপ্লাইস সেটা আছে সেখানে ২৮ জন হোলসেলার এতে আপনাদের কোন আইনের মধ্যে আসে না। কিন্তু হোল সেলারের ব্যাপারে নীচের দিকে বাঁধি উপরের দিকে বেঁধে না এটাই হল আমার বক্তব্য।

Information regarding Shri Bejoy Pal

Shri Jyoti Basu:

স্পীকার মহাশয়, আমরা শ্রীবিজয় পালকে খুঁজে পাচ্ছি না। তিনি ধরা পড়েছেন কিনা জানি না। আমাদের এধারে তো প্রায় খালি হয়ে গেছে। ১২ তারিখে তিনি এখানে ছিলেন আজকে শুনছি নেই। এটাই কি আপনাদের গণতন্ত্র—সংশোধীয় গণতন্ত্র?

Mr. Speaker:

আমি চেম্বারে ছিলাম, ঠিক জানি না। তবে আমার যে ইনফরমেসান তাতে তিনি ধর পড়েছেন

Discussion on Governor's Address

Shri Pramode Ranjan Bose:

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের উপর শ্রীঅশোক কৃষ্ণ দত্ত যে প্রস্তা এনেছেন তা আমি সর্বান্তকরণে সমর্থন করছি। রাজ্যপালের ভাষণের উপর বীরোধীদলের বিভিন্ন বক্তা নানারূপ মন্তব্য করে বলেছেন যে, এটা একটা মামুলি ভাষণ এবং এতে সমস্ত সমস্যার ইঙ্গিত নেই। কিন্তু আমরা সেদিন দেখলাম রাজ্যপাল যেদিন এখানে এসেছিলেন তাঁর সেই ভাষণ শোনবার মত ধৈর্য তাঁদের ছিল না এবং তাঁরা গণ্ডগোল করেছেন। সুতরাং আরো বেশী বড় ভাষণ হলে তাঁদের শোনবার যে ধৈর্য থাকতো না এটা বোঝা যায়। সেদিন রাজ্যপালের ভাষণের উপর বিরোধী দলের সদস্যরা যে রকম গণ্ডোগোল ও উচ্ছৃঙ্খলতা দেখিয়েছেন তাতে ভারতবর্ষের পার্লামেণ্টারি গণতন্ত্রের পক্ষে দুর্দিনের ইঙ্গিত সূচনা করে। সেদিন এখানে রাজ্যপালের ভাষণের উপর বক্তৃতার সময় বিরোধী দলের নেতা জ্যোতিবাবু ভিয়েৎনামের কথা বলেছেন। তিনি বলেছেন যে আমাদের প্রধান মন্ত্রী লালবাহাদুর শাস্ত্রী বলেছেন যে রাশিয়া এবং আমেরিকা যুক্তরাষ্ট্রের প্রেসিডেণ্ট বসে ভিয়েৎনামে শান্তি যাতে আসে তার জন্য আলাপ আলোচনা করুন। প্রধান মন্ত্রীর সে কথা বিরোধী দলের নেতাকে সন্তুষ্ট করতে পারেনি তাই রাগের মাথায় তিনি এটা বললেন। তাঁরা বিশ্বশান্তি চান কিনা জানি না তবে আমরা বিশ্বশান্তি চাই। ২টা রাষ্ট্র বসে আলাপ আলোচনা করতে পারলে যুদ্ধ বর্জন করা সম্ভব এবং স্থায়ী শান্তি হতে পারে। আমরা খবরের কাগজে দেখলাম যে ভিয়েৎনামের উপর মার্কিণ আক্রমণের জন্য কমিউনিস্ট পার্টি তার দলবল নিয়ে মার্কিণ কনসাল জেনারেল অফিসে গিয়ে প্রতিবাদ জানিয়ে এসেছে মিছিল করে। দুশ্চিন্তাগ্রস্ত মানুষ শান্তি চায় এবং অত্যাচারীত মানুষের প্রতি সমাদরপূর্ণ সমর্থন আছে আমরা দেখেছি চীন আমাদের দেশ যেদিন আক্রমণ করেছিল এবং তার ফলে আমাদের দেশের হাজার হাজার জোওয়ান তার জন্য প্রাণ দিয়েছে সেদিন আমাদের জ্যোতিবাবু ভারতবর্ষ চীনারা যখন আক্রমণ করেছিল, তার প্রতিবাদ তিনি জানান নি অথচ ভিয়েৎনাম এর প্রতি তার এত দরদ, চীন আক্রমণ করেছে বলে তিনি স্বীকারও করেন নি। যারা চীনা আক্রমণ স্বীকার করতে চান না এদের তাহলে দেশদ্রোহী ছাড়া আর কি বলব। মাননীয় স্পীকার স্যার, আজকে আমাদের ভারতবর্ষে আর একটা সমস্যা দেখা দিয়েছে তা হল ভাষা সমস্যা। এ নিয়ে চারিদিকে আন্দোলন দেখা দিয়েছে ভাষাই আমাদের দেশে অখণ্ডতা রক্ষা করার একমাত্র হাতিয়ার বলে আমি মনে করি। আজকে আমাদের ভারতের অখণ্ডতা রক্ষা করার জন্য শক্তিশালী প্রতিষ্ঠান হিসেবে জাতীয় কংগ্রেস কাজ করে যাচ্ছেন। আজকে জনসাধারণ চায় যে কংগ্রেস থাক

যতদিন না শক্তিশালী বিরোধী দল তৈয়ারী হয়, কংগ্রেস বেঁচে থাকুক এটা প্রত্যেকেই স্বীকার করবেন। আমরা শুনলাম জ্যোতিবাবু বলছেন যে কংগ্রেস নাকি সাধারণ মানুষের কাছ থেকে দূরে সরে গেছে। তিনি কলকাতা সহরে থাকেন গ্রামের লোকের কাছে যান না, গেলে দেখতে পেতেন এই দু চার মাসের মধ্যে যে অঞ্চল পরিষদ, আঞ্চলিক পরিষদ, জেলা পরিষদ ইত্যাদি নির্বাচন হয়ে গেছে তাতে বিরোধী দল একটাও আসন পান নি, তা ছাড়া যে বাই ইলেকসান হল তাতেও আমরা দেখলাম যে কংগ্রেস বিপুলভাবে জয়লাভ করেছে, এতেই বোঝা যায় যে এটাই হল প্রকৃষ্ট প্রমাণ যে কংগ্রেস জনসাধারণের কাছে আছে কিনা ?

[5-30—5-40 p.m.]

মাননীয় স্পীকার মহাশয়, আজকে মাননীয়া রাজ্যপালের ভাষণের মধ্যে যে খাদ্যনীতি ঘোষণা করা হয়েছে সেই খাদ্যনীতিকে আমি সমর্থন জানাচ্ছি। আমাদের অভিজ্ঞতা থেকে দেখতে পেয়েছি যে কলকাতা হচেছ ব্ল্যাকমার্কেটিয়ারদের একটি ঘাঁটি—কলকাতায় যদি বিধিবদ্ধ রেসন চালু করা হয় তাহলে আমার মনে হয় যারা চোরাকারবারী তাদের শক্তি অনেকটা কমে যাবে এবং তাদের দৌরাত্ম্য আর থাকবে না। সাথে সাথে আমি সরকারকে অনুরোধ করবো যে যে সমস্ত এলাকা ডেফিসিট এলাকা সেখানে যেন সংশোধিত রেশনই ঠিকমত দেওয়া হয়। আমরা নিজেরা দেখেছি যে সংশোধিত রেশন গ্রামে যা দেওয়া হয় সাধারণ কৃষকদের মধ্যে কলকাতায় সেই চাল দেওয়া হয় না—একেবারে নিকৃষ্ট চাল—দুর্গন্ধময় চাল দেওয়া হয়—সাধারণ মানুষ তাতে প্রতিবাদ করে কিন্তু তার কোন প্রতিকার তারা পায় না। তাই আমার অনুরোধ হচেছ যে এই রকম চাল বা খাদ্যদ্রব্য যাতে সেখানে সরবরাহ না করা হয়। মাননীয় স্পীকার স্যার, আমরা এখানে দেখতে পাচিছ যে বিভিন্ন দাবী-দাওয়া নিয়ে এখানে কথা বলা হয়েছে—শিক্ষকদের দাবী নিয়ে কথাবার্তা বলা হয়েছে—বিরোধী পক্ষ থেকে বলা হয় সরকার শিক্ষকদের প্রতি উদাসীন। আমি নিজে একজন শিক্ষক ছিলাম। আমি একজন গ্রাজুয়েট—আমি যখন কয়েক বছর আগে মাস্টারী করতাম—তখন ৬০ টাকা বেতনে স্কুলে ঢুকেছিলাম। এখন দেখতে পাচিছ যে গ্রাজুয়েটরা ১৬০ টাকা বেতনে প্রথমে যোগদান করেন। শিক্ষকদের সম্বন্ধে অনেক কিছু করবার রয়েছে সেটা আমি স্বীকার করি এবং সব থেকে বেশী প্রয়োজন প্রাথমিক শিক্ষকরা আজকে সমস্ত শিক্ষক সম্প্রদায়ের ভিতর সব থেকে বঞ্চিত। তারা দরিদ্র, তারা যে অর্থ পাচেছ—মাইনে পাচেছ সেই মাইনের দুর্দিনের বাজারে তারা সংসার প্রতিপালন করতে পারে না এবং এই প্রাথমিক শিক্ষকদের উপর আমাদের দেশের প্রাথমিক শিক্ষার ভার ন্যস্ত আছে। কাজেই এই সমস্ত প্রাথমিক শিক্ষকদের অভুক্ত রাখতে দেশের সমাজতন্ত্র সেখানে গড়ে উঠবে না। সেইজন্য আমি সরকারকে অনুরোধ করবো যেন এই সমস্ত প্রাথমিক শিক্ষকদের বেতন বৃদ্ধি করা হয়—এইটুকু বলে আমি শেষ করছি।

Dr. Kanai Lal Bhattacharya:

মাননীয় স্পীকার মহাশয়, আজকের দিনে দুর্নীতি আমাদের সমাজ জীবনকে যেভাবে আক্রমণ করেছে—আমি অত্যন্ত দুঃখের সঙ্গে জানাচ্ছি যে রাজ্যপালের ভাষণের মধ্যে সেই দুর্নীতিকে প্রতিরোধ করার কোন কথা আমি খুঁজে পেলাম না। তার একমাত্র কারণ এই হতে পারে যে কংগ্রেস সরকার যারা আজ দেশকে চালাচেছ তারাই আজ দুর্নীতিকে নেতৃত্ব দিচেছ বলে আজ রাজ্যপালের ভাষণের মধ্যে এই দুর্নীতিকে রোধ করার কোন কথা আমরা পেলাম না। সবচেয়ে বড় কথা যে এই কংগ্রেস দলের যে প্রাদেশিক অধিবেশন বিগত জানুয়ারীতে দুর্গাপুরে অনুষ্ঠিত হোল সেই সম্মেলন অনুষ্ঠিত করবার জন্য সরকারের তরফ থেকে যে ধরণের আর্থিক সুযোগ সুবিধা তারা গ্রহণ করেছেন দুর্নীতির ইতিহাসে আমার মনে হয় না এতবড় নজীর কোনদিন সৃষ্টি হয়েছে বলে। পৃথিবীর যে কোন দেশে আমরা যদি দেখি তাহলে দেখতে পাই কোন দেশে, ক্ষমতাসীন দল এইভাবে সরকারী আনুকূল্যে—সরকারী সাহায্যে প্রকাশ্যভাবে নিজেদের রাজনৈতিক সম্মেলন করে নি। কিন্তু অত্যন্ত দুঃখের কথা যে আজকে তারা দুর্নীতির নেতৃত্ব দিচেছন বলে এই রকম প্রকাশ্যভাবে তারা সাহায্য নিয়েছেন। বিভিন্ন পত্র-পত্রিকায় এই সম্পর্কে যা উল্লেখ করা হয়েছে

তার দু তিনটি নমুনা আমি আপনার সামনে তুলে ধরবো। আমি ১৮ই জানুয়ারী স্টেটস-ম্যান পত্রিকা থেকে দু একটা তথ্য আপনার সামনে রাখছি। রাজ্য সরকারের পক্ষ থেকে রাস্তা উন্নয়নের জন্য ১০ লক্ষ টাকা এই দুর্গাপুর কংগ্রেসের জন্য খরচ করা হয়েছে যদিও সেদিন অর্থমন্ত্রী এই কথা বলেছিলেন যে অনেকদিন আগে থেকে এই রাস্তা উন্নয়নের জন্য অর্থ বরাদ্দ করা হয়েছিল—কিন্তু আমরা জানি ১৯৬৪ সালের জানুয়ারী মাসে ভুবনেশ্বরে যে সম্মেলন হয়েছিল—সেই সম্মেলনে স্থির ছিল যে দুর্গাপুরে ১৯৬৫ সালে কংগ্রেস সম্মেলন হবে। কাজেই এ কথা জানতেন বলে ১ বছর আগে থেকে দুর্গাপুরে রাস্তা নির্মাণের জন্য সরকার পরিকল্পনা করছিলেন এবং সেই পরিকল্পনা অনুযায়ী এই রাস্তা নির্মাণ বাবদ প্রায় ১০ লক্ষ টাকা খরচ করা হয়েছিল। তাছাড়া আমি একটা কথা মন্ত্রী মণ্ডলীকে জিজ্ঞাসা করছি যে দুর্গাপুর প্রজেক্ট লিঃ-এর যেখানে গভর্নমেণ্টের মেজরিটি শেয়ার সেই প্রজেক্ট লিঃ, দুর্গাপুর কংগ্রেসের জল এবং বিজলী সরবরাহ করার জন্য কেন তিন লক্ষ টাকা খরচ করছে তার উত্তর আমরা কিছু পাই না। এছাড়া স্টল ইত্যাদি বাবদ খরচ করা হয়েছে প্রায় ৪ লক্ষ টাকা। আমি যে কথা প্রশ্নোত্তরের সময় তুলেছিলাম যে প্রায় ১৬ শত থেকে ২ হাজার পুলিশ দুর্গাপুরে মোতায়েন করা হয়েছিল তার জন্য সরকার পক্ষ থেকে কত টাকা খরচ করা হয়েছে সে ব্যাপারে অর্থ মন্ত্রী কোন জবাব দেন নি। মুখ্য মন্ত্রী বলেছেন যে যেকোন মেলাতে এই ধরণের ব্যবস্থা সরকার পক্ষ থেকে করা হয়। আমি জিজ্ঞাসা করতে চাই, পশ্চিমবঙ্গে কোন মেলায় এতো পুলিশ রাখা হয়েছে সে কথা মুখ্য মন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই। সঙ্গে সঙ্গে এটাও আমার প্রশ্ন যে কংগ্রেসের এই যে রাজনৈতিক সম্মেলন হয়েছে দুর্গাপুরে কিন্তু তার জন্য বর্ধমান জেলার পাঁচটি মহকুমা অন্ততঃ প্রত্যেক মহকুমা থেকে দুই থেকে তিন জন করে সাবডিভিসন্যাল ম্যাজিস্ট্রেটকে কেন দুর্গাপুরে তলব করা হয়েছিল তিন তারিখ থেকে ১১ তারিখ পর্যন্ত। ঐ তিন তারিখ থেকে ১১ তারিখ পর্যন্ত তাঁরা কেচটের সমস্ত কেস সাসপেণ্ড করে দুর্গাপুরে হাজির হয়েছেন ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের নির্দেশে। ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট কেন নির্দেশ দিয়েছিলেন—কি কাজ ছিল তা আমি জানতে চাই এবং তার জন্য জনসাধারণকে তাদের কেস আন-নেসেসারিলি ডেফার্ড করতে হয়েছে এবং তার জন্য জনসাধারণের বিরাট অর্থের অপচয় হয়েছে। তাছাড়া পাবলিক সেক্টরএ রেলওয়ে প্যাভেলিয়ানএ সাড়ে তিন লক্ষ টাকা খরচ হয়েছে—হিন্দুস্থান ষ্টিল রেণ্ট বাবদ ৫৬ হাজার টাকা দিয়েছে এবং মডেল বাবদ প্রায় ৩ লক্ষ টাকা খরচ হয়েছে। সেগুলি স্টেটসম্যান পত্রিকায় উদ্ধৃত হয়েছিল। গভর্নমেণ্টের পক্ষ থেকে কি কেন্দ্রীয় সরকার কি পশ্চিমবঙ্গ সরকার এর প্রতিবাদ জানান নি। যদিও আমাদের কংগ্রেসের সহসভাপতি অতুল্যবাবু এ সম্পর্কে একটা বিবৃতি দিয়েছেন কিন্তু সে বিবৃতির মধ্যে কোন তথ্য ছিল না। শুধু তিনি স্টেটসম্যান পত্রিকাকে গালিগালাজ করে নিজের গায়ের ঝাল মিটিয়েছেন। তাছাড়া আমরা দেখতে পাই—বিধান চন্দ্র বলে একটা স্টেসন তৈরী করা হয়েছিল যেটা অতুল্যবাবু বলেছিলেন পার্মানেণ্ট স্টেসন হবে। কিন্তু সেটা পার্মানেণ্ট স্টেসন নয় এবং সেই স্টেসনের জন্য কেন্দ্রীয় সরকার থেকে ১০ লক্ষ টাকা খরচ করতে হয়েছিল। তাছাড়া পোস্ট এ্যাণ্ড টেলিগ্রাফ খরচ করেছে ৪ থেকে ৫ লক্ষ টাকা। আমি জানতে চাই যে কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারের অর্থানুকূল্যে যেহেতু কংগ্রেস দল কেন্দ্রে এবং রাজ্যে ক্ষমতাসীন সেই হেতু তাদের বার্ষিক সম্মেলনে তাদের সরকারের এতখানি আনুকূল্যে এত অর্থ ব্যয় কেন করেছেন। এই ভাবে যদি তারা মনে করেন ডেমোক্রাসিকে প্রসারিত করবেন। তাহলে অত্যন্ত ভুল করবেন। আজ ডেমোক্রাসিকে গলাটিপে মারছেন এবং দুর্নীতি আজ জনসাধারণের মধ্যে যে আস্তে আস্তে ব্যাপকভাবে প্রসার হতে সুরু করেছে তার একমাত্র কারণ যে কংগ্রেসী দল এ দুর্নীতিকে আমাদের দেশে ব্যাপকভাবে ছড়িয়ে দিচ্ছে। স্যার, আমি একটা কথা দুর্নীতি ব্যাপারে এই কংগ্রেসী সরকারকে জিজ্ঞাসা করছি যে বিভিন্ন জেলায় যে আর. টি. এ. ছিল সেই আর. টি. এ.-তে এতদিন নন-অফিসিয়াল মেম্বারস ছিলেন এবং যদি সমস্ত জেলার মধ্যে যারা মেম্বার ছিলেন তাঁদের নাম দেখা যায় তাহলে দেখবেন যে প্রত্যেকটি নন-অফিসিয়াল মেম্বার হয় তারা কংগ্রেস এম. এল. এ. না হয় সেই ডিস্ট্রিক্টের কংগ্রেস-এর চাঁই।

[5-40—5-50 p.m.]

এত দিন পর্যন্ত তারা এই আর. টি. এ. থেকে দুর্নীতির চূড়ান্ত করে গিয়েছেন। যার ফলে নন-অফিসিয়াল মেম্বার যত কতক নাগরিকের পক্ষ থেকে কোর্টে কেস করার হুমকি দেখানো হয়েছে। পাছে কোর্টে সে কেস হয় বলে তারা তাড়াতাড়ি আর. টি. এ থেকে সেই সমস্ত সদস্যদের উইথড্র করে নিলেন। এবং এখন অফিসিয়াল সদস্যদের সঙ্গে আর একজন দিয়েছেন জেলা পরিষদের চেয়ারম্যান, আমি জানি এই জেলা পরিষদের চেয়ারম্যান-এর মাধ্যমে যেহেতু জেলা পরিষদের প্রত্যেকজন চেয়ারম্যানই কংগ্রেসী তাদের মাধ্যমে আজ দুর্নীতি চলবে। আমি হাওড়ার একটি সাধারণ উদাহরণ দিচ্ছি। হাওড়া জেলার আর. টি. এ এর তরফ থেকে ১৯৬১ সালে ১০৪ খানি বাসের পারমিট দেওয়া হবে বলে কাগজে বিজ্ঞপ্তি দেওয়া হয়েছিল সেটা হচ্ছে ১৭ই নভেম্বর ১৯৬১ সাল। হাওড়ায় বাসের যা যাত্রি সাধারণের সংখ্যা এখন অত্যন্ত বেশী হয়েছে। বাস সেখানে দেওয়া উচিত। কিন্তু ১৯৬১ সালে যখন এই বিজ্ঞাপন দেওয়া হয় তারপর হাওড়ায় বাস মালিকের যারা হাওড়া বাস সিণ্ডিকেট তৈরি করেছেন তারা হাইকোর্টে আবেদন করে ২২৬ ধারায় এই বাস পারমিট যাতে না দেওয়া হয় তার জন্য হাইকোর্টে আবেদন করেন। হাইকোর্টের পক্ষ থেকে রুল ইস্যু করা হয়। কিন্তু সেই রুল ১৯৬৩ সালের সেপ্টেম্বর মাসে ভেকেটেড হয়ে গেছে। ১৯৬৩ সাল থেকে আজ ১৯৬৫ সালের ফেব্রুয়ারী গত দেড় বছরের মধ্যে এই ১০৪ খানি পারমিট দেবার জন্য যে সমস্ত দরখাস্তকারি ছিলেন তাদের আবেদন আজ পর্যন্ত বিচার বিবেচনা করা হয়নি। কেন করা হয় নি যে না আজকে যে কায়েমী স্বার্থ ওখানে বসে আছে সেই কায়েমী স্বার্থের গায়ে হাত লাগবে বলে আজকে হওড়ায় যে সমস্ত নেতৃবর্গ কংগ্রেসী নেতৃবর্গ এবং হাওড়ায় যে সমস্ত অফিসিয়ালস তারা আজকে সেই ১০৪ খানি বাসের পারমিট এর জন্য দরখাস্ত কারিদের আবেদন বিচারও করছেন না এবং ইনটারভিউও নিচেছন না। আমার এই কনসটিটিউয়েন্সীতে যারা এই বাসের জন্য পারমিট-এর জন্য কয়েকখানি দরখাস্ত করেছিলেন তারা আমার কাছে রিপ্রেসেনটেসন করেছেন আমি তাদের বলেছিলাম ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট-এর কাছে যাও। তারা ডিস্ট্রিক্ট মেজিস্ট্রেট-এর কাছে গিয়েছেন, আর. টি. এ.-এর সেক্রেটারীর কাছে গিয়েছেন, আমাদের পরিবহন মন্ত্রী শ্রীশৈলকুমার মুখার্জীর কাছে গিয়েছেন। তা সত্বেও দেড় বছরের মধ্যে ইনটারভিউ তারা কল করাতে পারেন নি কেন না বাস মালিকদের আজকে ক্ষতি হবে। এইভাবে কায়েমী স্বার্থ বজায় রাখার জন্য কংগ্রেস সরকার কি ভাবে দুর্নীতিকে প্রতি স্তরে ডিস্ট্রিক্ট অফিসিয়ালসদের সাহায্যে চালু রেখেছেন এ হচেছ তার একটি সামান্য উদাহরণ। স্যার, এ ছাড়াও আমি দুর্নীতি সম্বন্ধে আমি আর একটা উদাহরণ আপনার সামনে পেশ করবো। এটি ২৬এ ডিসেম্বর ১৯৬৪ সালে আনন্দ বাজার পত্রিকার প্রকাশিত হয়েছিল। এবং এই খবরের ভত্তিতে ২৭এ ডিসেম্বর দৈনিক বসুমতী তার সম্পাদকীয় প্রবন্ধে মন্তব্য করেছিলেন কিন্তু আমি জানি সরকার আজ পর্যন্ত সে বিষয়ে দৃষ্টি দেন নি। যাতে তারা এ বিষয়ে দৃষ্টি দেন সেইজন্য আবার তাদের দৃষ্টি আকর্ষণ করবো। সেটা হচ্ছে কলকাতার বড় একজন ব্যবসায়ী আমদানি করা স্টেইনলেস স্টীল সিটস ও স্টীল পাইপ, অস্ট্রেলিয়ান ট্যালো তারা কালবাজারে বিক্রী করে প্রতি বৎসর লক্ষ লক্ষ টাকা মুনাফা করেছে। হিসাব মত গত বছরে ভদ্রলোক এই পথে কম করে ৭৫ লক্ষ কালো টাকা গায়েব করেছেন। এ সম্বন্ধে বহু অভিযোগ করা হয়েছে। ১৯৬১ সালের গোড়ার দিকে কমার্শিয়াল ট্যাক্স বিভাগে এবং এই বছর এনফোর্সমেণ্ট বিভাগে অভিযোগ করা হয়েছিল। কিন্তু আজ পর্যন্ত কিছুই হয়নি। ১৯৬৪ সালের মাঝামাঝি নন্দজীর সদাচার সমিতির দুয়ারে এই অভিযোগ পেশ করা হয়েছে। কিন্তু এই বিরাট চুরি ধরার জন্য আজ পর্যন্ত কেউই কিছু করতে পারেন নি। এই নিষ্ক্রিয়তার জন্য দায়ী কে? দায়ী হচেছন তিনি, যিনি একজন রাজনৈতিক দুনিয়ার যথেষ্ট প্রভাবশালী ব্যক্তি এবং তিনি আমাদের পশ্চিমবাংলা বিধানমণ্ডলীর সদস্য। কাজেই তার গায়ে হাত দেওয়া কংগ্রেসী সরকারের কোন ক্ষমতা নেই। তারা কংগ্রেসীরা বলেন যেকথা একজন সদস্য বললেন ওদিক কার যে কোশ্চেন, কোশ্চেন। আমি যখন বললাম কংগ্রেস দুর্নীতির নেতৃত্ব দিচেছন তার প্রমাণে আমি এই কথা বলছি। যদি তাদের সাহস থাকে এবিষয়ে তারা তদন্ত করুন। আমাদের এই বিধানমণ্ডলীর একজন সদস্য হয়ে [নামটা বলুন] তার

নাম হচ্ছে শ্রীগজানন খৈতান তার কোম্পানী আজকে যেভাবে কালোবাজারী করে টাকা করছে সে সম্বন্ধে বহু অভিযোগ বিভিন্ন দপ্তরে দেওয়া হয়েছে। কিন্তু যেহেতু তিনি একজন ইনফ্লুয়েনসিয়াল মেম্বার বলে সমস্ত তদন্ত তিনি ধামাচাপা দিয়েছেন এইভাবে দুর্নীতি আপনাদের দল এবং আপনাদের এই সরকার সাহায্য করছে। যার ফলে আজ দুর্নীতি সমস্ত জনজীবনে ছড়িয়ে পড়েছে। তারা দেখছে দুর্নীতির আশ্রয় গ্রহণ না করলে কোন দিক দিয়ে তাদের আজ সুবিধা হবে না। তারজন্য আজকে তারা এই কাজ করতে বাধ্য হচ্ছেন। মাননীয় স্পীকার মহাশয়, আমি আর বিশেষ সময় নেব না শুধু এইটুকুই বলতে চাই আজকে বিভিন্ন দিকে যেমন কালোবাজারি সৃষ্টি হয়েছে আমি মনে করি এই কালবাজারি সৃষ্টি করেছেন কংগ্রেসীরা। তাদের নিজেদের দলের স্বার্থে এবং নিজেদের স্বার্থে এই কালোবাজারিকে সম্পূর্ণরূপে উচ্ছেদ করার ব্যাপারে যে কোন স্টেপই তারা নিয়েছেন আমরা দেখেছি সেই স্টেপ যারা কালবাজারিকে তারা সাহায্য করেছেন। গভর্নমেণ্ট যখন কোন জিনিষের দাম বেঁধে দিয়েছেন সেই জিনিষ বাজার থেকে শুধু উধাও হয়েছে তাই নয় সেই জিনিষ কালবাজারে আরও চড়া দরে বিক্রী হয়েছে। আমি বেশী কথা বলতে চাই না শুধু আপনাদের একজন সদস্যের একটি উক্তি পাঠ করেই আমার বক্তব্য শেষ করছি। তিনি হচ্ছেন শ্রীজগজীবন রাম, দুর্গাপুর অধিবেশনে তিনি বলেছিলেন—

It was a curious phenomenon that whenever the Government wanted to take steps against profiteers prices went up and goods became scarce in the markets. We know the people who have made money from black-marketing, bribery and corruption. We criticise them at their back but when we are face to face with them we just forget everything and show them all the courtesies because they are rich and powerful.

এই কথা বলেই আমার বক্তব্য শেষ করছি।

Shri Ramendra Kishore Mallick:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয়া রাজ্যপালিকার ভাষণ সম্বন্ধে যে প্রস্তাব এখানে উত্থাপিত হয়েছে সে প্রস্তাবকে আমি সর্ব্বান্তকরনে। সমর্থন করছি এবং তিনি যে অগ্রগতি এবং বাংলার ভবিষ্যতের যে সমস্যা সে সম্বন্ধে তিনি আলোচনা করেছেন সেটাও আমি সমর্থন করছি। রাজ্যপালের ভাষণের সময় যে অবস্থা এখানে পরিলক্ষিত হয়েছে সেটা অত্যন্ত দুঃখের এবং বামপন্থিরা যে অসহিষ্ণুতার পরিচয় দিয়েছেন তা দেখে আমি খুব দুঃখিত হয়েছি।

[5-50—6-00 p.m.]

আজকে এই গণতান্ত্রিক যুগে গণতন্ত্রের যে মর্যাদা আদর্শ এখানে স্থাপন করেছেন তাতে আমার মনে হয় যাঁরা এই ভাষণ পাঠ করতে দেননি তাঁরা সত্যিকারের গণতন্ত্রের অমর্য্যদা করেছেন। খাদ্যশস্য সম্বন্ধে এখানে আলোচনা হয়েছে। আমরা অতি পল্লীর লোক, সেখানকার মানুষের সঙ্গে আমরা মিশে থাকি, তাদের সুবিধা-অসুবিধা, ভাল-মন্দ, তাদের দৈনন্দিন জীবন কি ধারায় চলছে তার সঙ্গে আমরা সদাসর্বদাই জড়িত এবং তার পরিচয় আপনারা পেয়েছেন। হাঁসখালি কেন্দ্রে শতকরা ৯৯ জন কৃষক এবং সেখানকার বেশীর ভাগ লোক বাড়ীতে থাকে, কলকাতার অধিবাসী তারা ১ পার্সেণ্টও নয়। সেখানকার প্রতিটি লোকের সঙ্গে পরিচয় না থাকলেও শতকরা ৯০ জন লোকের সঙ্গে আমি পরিচিত। তাদের সুখ-সুবিধা, আহার-বিহার, সুখ-স্বাচ্ছন্দের সঙ্গে আমরা মিশে দেখেছি তারা পশ্চিমবঙ্গ সরকার যে নীতিতে খাদ্য বণ্টন করেছেন তাতে সুখী। বিশেষ করে কলকাতা মহানগরীতে অল্প কয়েকদিন এসেছি এখানকার নিম্ন মধ্যবিত্ত, উচ্চ মধ্যবিত্ত, বিদ্বান জ্ঞানি-গুনিদের সঙ্গে মিশে দেখেছি তাঁরাও বর্তমানে সরকার যেভাবে খাদ্য শস্য চালু রেখেছেন তাতে সুখী। আজ একথা সত্য যে যে পরিমাণ খাদ্য শস্য উৎপাদন করা প্রয়োজন ছিল তা হয় নি কেন হয়নি তার কারণ খুঁজলে দেখতে পাব—আমি ১৪।১৮ বছর ধরে দেখে আসছি

প্রথম দেখেছিলাম পশ্চিম বাংলায় বন ছিল যে সব অঞ্চলে শস্য হত না সেই সব অঞ্চল এখন ঘন বসতিপূর্ণ হয়েছে, সেখানে শস্য হচ্ছে সত্য কিন্তু লোক সংখ্যা এত বেশী হয়েছে যে উৎপাদন বৃদ্ধি হলেও তাতে সংকুলান হচ্ছে না। তাই আমাদের সরকার বাইরে থেকে অর্থ সংগ্রহ করে এখানে মজুত রেখে সত্যিকারে যাদের খাদ্যাভাব আছে তাদের ভেতর যতটা বণ্টন করে দেওয়া সম্ভব সেটা দিচ্ছেন। দ্বিতীয় কথা হচ্ছে খাদ্য শস্যের উৎপাদন বাড়াতে হলে যেটা আমরা পল্লীগ্রাম থেকে অনুভব করেছি সেটা হচ্ছে সেখানে বেশীর ভাগ আমন ধানের জমি, ৮ মাসে একটা ফসল হয়, এই ৮ মাসে ফসল বেশী না হওয়ার কারণ হচ্ছে জল সেচের অভাব। আমার মনে হয় সরকার যদি জল সেচ ভালভাবে করতে পারেন, ২।৩টা ফসল যদি এই জমিতে উৎপন্ন হয় তাহলে যে চিন্তা বা যে দুরাশা আমরা করছি, ভবিষ্যতে যে কালো মেঘ আমরা দেখছি, ওটা কিছু নয়। আমি বিশ্বাস করি যদি আমরা সততা নিয়ে আত্ম বিশ্বাস নিয়ে এগিয়ে যাই যদি সত্যিকারের শ্রমের মর্যাদা দিই তাহলে বাংলার দুর্দিন থাকবে না। আমি প্রত্যক্ষদর্শী, আমি আমার অঞ্চলের কৃষকদের সঙ্গে মিশি, আজকে সেই অঞ্চলে খাদ্য সমস্যা যেভাবে সমাধানের পথে চলেছে তাতে আমি বিশ্বাস করি বাংলাদেশের দুর্দিন নিশ্চয়ই যাবে যদি আমরা সত্যিকারে জনসাধারণের নেতা বলে আত্মবিশ্বাস রাখি, যদি আমরা জনসাধারণকে সত্য পথে, সহজ সরল পথে, বিশ্বাস পথে এবং আদর্শের পথে চালিত করি। একটা কথা এই সঙ্গে বলা দরকার সেটা হচ্ছে এই যে আমি সীমান্ত অঞ্চলের লোক, সেই অঞ্চলে যাতায়াতের জন্য সরকারী রাস্তা নেই। বগুলা টু আড়ংঘাটা একটা পাকা রাস্তা হচ্ছে কিন্তু এই বর্ডার ঘিরে যে আমরা ঘুরে আসব, বর্ডারে যে আমাদের বি. ও. পি. আছে সেখানে যাওয়ার মত এখনো কোন সরকারী পাকা রাস্তা হয় নি। কিন্তু এর মানে ত নয় যে বাংলা দেশে কোথাও পাকা রাস্তা হয় নি, পাকা রাস্তা হয়েছে। আমি আশা করবো আমার ঐ অঞ্চলে আমাদের বর্ডারে যেটা হচ্ছে সোনাগঞ্জ রোড সেই রাস্তা এবং বার্নপুর থেকে গেদে পর্যন্ত—সীমান্ত অঞ্চল থেকে যেন একটা পাকা রাস্তা হয়। সরকারী কর্তৃপক্ষ অনেকে আছেন, এখানে হাউসের প্রতিনিধিরা আছেন—তাদের সকলের কাছে আমার এই অনুরোধ রইলো।

তারপরে আমি যে অঞ্চলে বাস করি—সেখানে গোড়াগামলী খাল বলে একটা খাল আছে। বিরোধী পক্ষের অনেক নেতা জানেন এই খালটি ৮টি অঞ্চল নিয়ে পরিবেষ্টিত এবং ৫৬ হাজার লোক, তার অধীনে বাস করে। এই গোড়াগামলী খাল যদি সরকার কেটে দেন, তাহলে আমি বিশ্বাস করি ঐ অঞ্চলের প্রভূত উপকার হবে, খাদ্যোৎপাদনও বর্তমানের চেয়ে অনেকগুণ বেশী এবং সরকারও এর দ্বারা উপকৃত হবেন। এখন অবশ্য খাল না কাটার জন্য সেখানকার জনসাধারণ খাদ্যের জন্য সরকারের কাছে ধর্ণা দিচ্ছে না, এমন কি কোন রকম মিছিলেও তারা যোগ দেয় না। অবশ্য যোগ দেয় কি না দেয় সেটা আমার কনস্টিটিউয়েন্সি প্রমাণ করে দিয়েছে। আমি আশা করি এবং বিশ্বাস করি এই সরকার যদি এই গোড়াগামলী খালটার সংস্কার সাধন করে দেন তাহলে সেই অঞ্চলের উৎপাদিত বাড়তি শস্য আমরা কলকাতায় সরকারী মজুতখানায় দিতে পারবো।

তারপর আমার ঐ অঞ্চলে স্বাস্থ্য কেন্দ্রের অভাব। তার মানে এই নয় যে সেখানে একটাও স্বাস্থ্যকেন্দ্র হয় নাই। তবে প্রতি ইউনিয়নে স্বাস্থ্য কেন্দ্র হয় নাই ঠিক। কিন্তু থানা হিসেবে যে তিনটি করে হাসপাতাল হবার কথা ছিল, তা আমাদের অঞ্চলে প্রায় হয়েছে। তবে থানা হাসপাতাল এখনো হয় নাই। তারজন্য আমাদের বগুলায় টাকা জমা দেওয়া হয়েছে। এই দিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যাতে তাড়াতাড়ি আমাদের ঐ থানা হাসপতালটা স্থাপিত হয়।

আর একটি ব্যাপার আছে আমাদের গেদে হচ্ছে সীমান্ত অঞ্চল; এই গেদেতে প্রায় পাঁচশো অফিসার থাকেন। সেদিন সেখানে আমি গিয়েছিলাম দেখতে। সেখানে দেখলাম প্রকাশ্য দিনের বেলায় দশ হাত দূর থেকে একজন কৃষকের মহিষ পাকিস্তানীরা ধরে নিয়ে যাচ্ছিল। তখন ভারতীয় নাগরিক সেই কৃষকরা খালি হাতে প্রায় কোন বন্দুক নাই তারা যে সৎ সাহস ও দেশ প্রেমের পরিচয় দিলেন, তা ভাষায় বর্ণনা করা যায় না। তার

সৎ সাহসের সঙ্গে এগিয়ে গিয়ে পুলিসের সামনে থেকে জীবনমরণ পণ করে তাদের মহিষ কেড়ে নিয়ে এলো।

সরকারকে আরো বলবো এই ইউনিয়নের ভেতর বার্নপুর থেকে চার মাইল দূরে একটা হাসপাতাল হয়েছে। এখানে সমস্ত অফিসার এবং স্থানীয় লোকেরা অনুরোধ করেছেন যাতে এই গেদেতে একটা হাসপাতাল হয়।

আজ বর্ডারে যে অবস্থা দেখছি তাতে আমাদের সকলের একটা চিন্তা করা উচিত—কি করে বর্ডারকে সুরক্ষিত করা যায়। একথা সত্য কারণ বর্ডারে যারা বসে আছে তারা সবাই আমাদের ভারতবর্ষের লোক হলেও তার মধ্যে অনেক পঞ্চমবাহিনী থাকতে পারে। অনেক জায়গায় দেখা যায় মারাত্মক পঞ্চমবাহিনী সেখানে রয়েছে। এই পঞ্চম বাহিনীর জন্য ভারতবর্ষের রাজনৈতিক আকাশে কালোমেঘ দেখা দিয়েছে। রাস্তা ঘাটে, ট্রামে বাসে এমন কি এই এসেম্বলীতে অনেক প্রতিনিধি আছেন।

আজ বাস্তুহারা সমস্যা নিয়ে আমরা প্রপীড়িত জর্জরিত সেই বাস্তুহারা সমস্যার মূলে যে জিনিষ তা হচেছ ঐ সাম্প্রদায়িকতা। এই যে সাম্প্রদায়িকতার কালো মেঘ তা এবার আমরা সৌভাগ্যবশতঃ দেখতে পেলাম না। এই কংগ্রেসকে যে মাইনরিটি সম্প্রদায়ের লোকেরা ভোট দিয়েছে, তারজন্য আজ সেই মাইনরিটির উপর অত্যাচার আরম্ভ হয়েছে এখানে কম্যুনিস্টরা এবার ১৩ হাজারের জায়গায় মাত্র ৫ হাজার ভোট পেয়েছে। সেই হেতু ওদের সঙ্গে যোগেনবাবুর দলও বিরোধী দল মিলে তাদের উপর অত্যাচার করছে। আমি আর কি বলবো। নূতন এসেছি ভবিষ্যতে আরো বলার সৎসাহস রাখি।

Arrest of a member

Mr. Speaker: For the information of the honourable members I am to report that intimation has been received by me regarding the arrest and detention of Shri Bejoy Pal, a member of this House, who was arrested on the 12th February, 1965, under Rule 30 of the Defence of India Rules, 1962, and has been lodged in the Midnapore Central Jail.

Adjournment

The House was then adjourned at 6 p.m. till 1 p.m on Tuesday, the 16th February, 1965, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Tuesday, the 16th February, 1965, at 1 p.m.

Present:

Mr. Speaker (Shri KESEAB CHANDRA BASU) in the Chair. 8 Ministers, 2 Ministers of State and 170 Members.

HELD OVER STARRED QUESTIONS
(to which oral answers were given)

[1—1-10 p.m.]

Durgapur Congress Conference

***1.** (Admitted question No. *1.) **Shri Kashi Kanta Maitra:** স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৫ জানুয়ারীতে অনুষ্ঠিত দুর্গাপুর কংগ্রেস অধিবেশনে—

(১) মোট কত পুলিস কনস্টেবল ও অফিসার নিয়োগ করা হয়; এবং

(২) কোন্ কোন্ জেলা থেকে পুলিসবাহিনী নিয়োগ করা হয়;

(খ) এই পুলিস মোতায়েন ও পেট্রোল-জীপ ইত্যাদি গাড়ী ব্যবহারের জন্য কত টাকা ব্যয় হয়েছে;

(গ) পুলিস বিভাগ ভিন্ন অন্যান্য কোন্ কোন্ বিভাগীয় কতজন অফিসার এই উপলক্ষে দুর্গাপুরে আসেন; এবং

(ঘ) সেজন্য রাজ্যসরকারের কত ব্যয় হয়েছে?

Shri Saila Kumar Mukherjee: Sir, a similar question was answered yesterday, but I repeat the answer.

(ক) (১) দুর্গাপুর কংগ্রেসের অধিবেশনের সময় আইন ও শৃংখলারক্ষার জন্য বিভিন্ন জেলা হইতে ২,৫০০ পুলিশ কনষ্টেবল এবং ৫০০ উচ্চ পদস্থ পুলিশ কর্মচারী নিয়োগ করা হইয়াছিল।

(২) বর্ধমান, ২৪-পরগণা, কলিকাতা, হাওড়া, দার্জিলিং এবং জলপাইগুড়ি জেলা হইতে।

(খ) অদ্যাবধি (১২-২-৬৫) কোন খরচের দাবি না করায় তথ্য দেওয়া যাইতেছে না।

(গ) ১২-২-৬৫ পর্যন্ত প্রাপ্ত সংবাদ অনুযায়ী পুলিশ বিভাগ ভিন্ন অন্যান্য বিভাগ হইতে ১০০ জন অফিসাররা এ সময় দুর্গাপুরে গিয়েছিলেন। যে সমস্ত অফিসাররা দুর্গাপুরে গিয়েছিলেন তাঁদের নাম ও ডেজিগনেশন দেওয়া হইল।

(ঘ) সরকারী কর্মচারীদের রাহা খরচ ও ভাতা বাবদ ১৩-২-৬৫ পর্যন্ত মোট ৫,৩১২·১১ পয়সা খরচ হইয়াছে।

Statement referred to in reply to clause (Ga) of starred question No. 1.

Names and Designation of the Officers who were required to make journeys to Durgapur.

Serial No.	Name of Officer.	Desigantion.
Transport Department—		
1.	Shri S. Mallick, I.A.S.	Commissioner.
2.	Shri S. M. Murshed, I.A.S.	Deputy Secretary.
3.	Shri D. Bhattacharjee	Maintenance Superintendent.
Development & Planning—		
1.	Shri S. K. Banerjee, I.A.S.	Commissioner.
2.	Shri Narathan Das	P. A.
3.	Shri Anil K. Baidya	Peon.
C. & I. Department—		
1.	Shri S. Dutta Mazumdar, I.A.S.	Secretary.
Publicity Department—		
1.	Shri P. S. Mathur	Director.
2.	Shri T. P. Das	Senior Photographer-in-charge.
3.	Shri A. N. Das	A. E. Engineer.
4.	Shri A. K. Gupta	Deputy Director.
Tourism—		
1.	Sm. M. Sinha	Deputy Director.
Home Department.—		
1.	Shri S. P. Ghosh	Wireless Adviser.
2.	Shri Paritosh De	Assistant Wireless Engineer.
Agriculture and Community Development—		
1.	Shri Subrata Roy	U.D. Assistant.
Publicity Department—		
1.	Shri P. K. Bhuian	Orderly.
2.	Shri H. Dutta	A. O.P.
3.	Shri D. Mallick	P. A. Operator.
4.	Shri A. K. Palit	Senior Technical Supervisor.
5.	Shri J. Sengupta	Do.

Statement referred to in reply o clause (Ga) o starred question No. 1—contd.

Serial No.	Name of Officer.	Designation.
6.	Shri R. K. Bhuian	Peon.
7.	Shri K. N. Das	Painter.
8.	Shri Santiranjan Bhattacharjee	Urdu Translator.
9.	Shri S. K. Roy	Assistant Operator.
10.	Shri S. C. Ghosh	Helper. Bist. Section.
11.	Shri Ramen Roy	Artist.
12.	Shri D. B. Bhattacharjee	Demonstrator.
13.	Shri Samir R. Gupta	Store-Keeper.
14.	Shri S. Chakraborty	Artist.
15.	Shri S. C. Mistry	Carpenter-cum Painter.
16.	Shri S. P. Chakraborty	Khalasi.
17.	Shri K. C. Pandey	Do.
18.	Shri Kanai Lal Poddar	Assistant Operator.
19.	Shri Abanindra N. Sen	Store-Keeper.
20.	Shri Niranjan Sengupta	Operator.
21.	Shri Mohammad Ali	Painter.
22.	Shri U. Singha Roy	Store-Keeper.
	Chief Minister's Secretariat—	
1.	Shri S. N. Chakraborty	P. A. to Chief Minister.
	Judicial Department—	
1.	Shri Asoke Kumar	C. A. to Hon'ble Minister.
2.	Shri Rameswar Mondal	Orderly.
	Finance Department—	
1.	Shri Bejoy Kumar Roy	Typist-Clerk.
	R. R. & R. Department—	
1.	Shri Santosh Kr. Das	P. A. to Hon'ble Minister.
2.	Shri Trilochan Hazra	Assistant.
3.	Shri Haripada Dar	Orderly.
4.	Shri Manmatha Das	Orderly.
5	Shri Sk. Sabr	Orderly.

Statement referred to in reply to c'ause (Ga) of starred question No. 1—concld.

Serial No.	Name of Officer.	Designation
Public Works Department.—		
1.	Shri N. C. Sil	Tele-Communication Liaison Officer.
Cottage and Small Scale Industries.—		
1.	Shri A. C. Roy	Deputy Director of Industries (Marketing).
2.	Shri S. C. Chakravorty	Assistant Director of Industries (Marketing).
3.	Shri S. N. Goswamy	Assistant Director of Industries (Handloom).
4.	Shri Gopen Roy	Development Officer, (Design).
5.	Shri J. K. Chakravorty	Pilot Project Officer, Handicraft.
6.	Shri S. B. Roy	Field Organiser.
7.	Shri J. K. Biswas	Do.
8.	Shri K. P. Mazumdar	Do.
9.	Shri B. N. Dey	Ivory Supervisor.
10.	Shri K. C. Roy	Instructor in-charge.
11.	Shri A. Tarafdar	Do.
12.	Shri N. Sen	Assistant Instructor.
13.	Shri N. L. Sarkar	Do.
14.	Shri A. Pradhan	Artist-Designer.
15.	Shri P. B. Banerjee	Textile Designer.
16.	Shri S. Singh	Durwan.
17.	Shri B. Singh	Do.
18.	Shri S. Bhowmick	Exhibition Manager.
19.	Shri A. N. Banerjee	Exhibition Assistant.
20.	Shri S. R. Das	Do.
21.	Shri S. K. Mukherjee	Do.
22.	Shri D. K. Chatterjee	Do.

Statement referred to in reply to clause (Ga) *of starred question No.* 1—concld.

Serial No.	Name of Officer.	Designation.
23.	Shri T. K. Choudhury	Exibition Assistant.
24.	Shri T. K. Tarafdar	Do.
25.	Shri S. R. Biswas	Do.
26.	Shri A. Guha Thakurta	Do.
27.	Shri N. C. Sarkar	Do.
28.	Shri P. B. Guha	Do.
29.	Shri S. N. Ghosh Roy	Interpreter.
30.	Shri M. R. Das	Exhibition Peon.
31.	Shri S. C. Sarkar	Do.
32.	Shri R. R. Mitra	Do.
33.	Shri R. C. Roy	Do.
34.	Shri S. Sahu	Do.
35.	Shri H. K. Das	Do.
36.	Shri S. N. Neogi	Transport Supervisor.
37.	Shri B. K. Chakraborty	Marketing and Publicity Officer.

Labour Department.—

Serial No.	Name of Officer.	Designation.
1.	Shri D. K. Deb	Labour Welfare Supervisor.
2.	Shri Mihir Mukherjee	Do.
3.	Shri Nandalal Ganguli	Do.
4.	Shri Panchanan Ghosh	Do.
5.	Shri Naresh Singh Roy	Labour Welfare Worker.
6.	Shri Amal Roy	Do.
7.	Shri Jiban Nath	Do.
8.	Shri Dilip Kumar Roy Chowdhury	Do.
9.	Shri Sailen Banerjee	Do.
10.	Shri Gopal Addy	Do.

Statement referred to in reply to clause (Ga) *of starred question No.* 1—concld.

Serial No.	Name of Officer.	Designation.
Office of the Director of Chinchona—		
1.	Shri B. N. Banerjee	Assistant Quinologist, Government Quinine Factory, Mungpoo.
2.	Dr. S. K. Chatterji	Horticulturist, Mungpoo.
3.	Shri P. C. Das Gupta	Manager, Government Quinine Sale Depot, Calcutta.
4.	Shri Gopal Chowdhury	L. D. Clerk.
5.	Shri Satyen Chatterji	L. D. Clerk.
6.	Shri Sudhamoy Mukherji	Director.

Dr. Kanailal Bhattacharya :

যে যে অফিসার ওখানে গিয়েছিলেন তাঁদের দুর্গাপুর কংগ্রেসে কি দায়িত্ব ছিল যে ৫০০ জন অফিসারকে সেখানে পাঠিয়েছিলেন?

Shri Saila Kumar Mukherjee :

সেখানে বিভিন্ন ডিপার্টমেন্ট-এর কাজ ছিল। নাম করে বলছি কোন কোন ডিপার্টমেন্ট-এর কাজ ছিল—ট্রান্সপোর্ট ডিপার্টমেন্ট-এর কাজ ছিল, ডেভেলপমেন্ট এ্যান্ড প্ল্যানিং ডিপার্টমেন্ট-এর কাজ ছিল, বেঙ্গল গভর্ণমেন্ট-এর স্টল পরিচালনার জন্য, কমার্স এ্যান্ড ইন্ডাস্ট্রিজ ডিপার্টমেন্ট-এর কাজ ছিল, পাবলিসিটি ডিপার্টমেন্ট-এর যথেষ্ট কাজ ছিল, টুরিজম থেকে আমরা অনেক বেশী উপার্জন করেছি বলে সেখানে টুরিজম অফিসার-এর প্রয়োজন ছিল। হোম ডিপার্টমেন্ট-এর ২ জন ওয়ারলেস এ্যাডভাইজার ছিলেন। এগ্রিকালচারাল এ্যান্ড কম্যুনিটি ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট-এর কাজ ছিল—এ ছাড়া আর বিশেষ কারুর কাজ ছিল না।

Dr. Kanailal Bhattacharya :

ওখানে জন কয়েক ট্রাইং ম্যাজিস্ট্রেট যাঁরা বিভিন্ন জায়গায় ডেপুটি ম্যাজিস্ট্রেট-এর কাজ করেন তাঁদের কোর্ট-এ বিচার স্থগিত রেখে ৩ তারিখ থেকে ১০ তারিখ পর্যন্ত কি কাজ সেখানে ছিল?

Shri Saila Kumar Mukherjee :

আপনি কোথায় পেয়েছেন জানি না। ট্রাইং ম্যাজিস্ট্রেট নিশ্চয়ই হোম ডিপার্টমেন্টের নয়, তাই আমি যা বলেছি তাতে ঐ হোম ডিপার্টমেন্টের মধ্যে ট্রাইং ম্যাজিস্ট্রেটের কথা নেই।

Shri Sailendra Nath Adhikari :

মাননীয় মন্ত্রীমহাশয় যে সমস্ত বললেন তাতে হোম ডিপার্টমেন্টের অফিসারদের কথা বললেন. আমার জিজ্ঞাস্য যে এতে কি ঐ অফিসারদের নাম আছে।

Shri Saila Kumar Mukherjee :

যে দুজনের নাম করা হল তাতে একজন ওয়ারলেস-এ এ্যাডভাইজার আর একজন এ্যাসিস্টেন্ট ওয়ারলেস এ্যাডভাইসার।

Shri Sailendra Nath Adhikari :

এর মধ্যে কতজন পুলিস ছিলেন তা জানেন কি?

Shri Saila Kumar Mukherjee :

যারা গিয়েছিলেন তাদের মধ্যে অনেকেই পুলিস ছিলেন এবং তা আগেই জানিয়েছি তার সংখ্যা কত।

Shri Sailendra Nath Adhikary:

এই যে অফিসারদের ওখানে ডিউটি-তে পাঠিয়েছিলেন তাদের নিত্য নৈমিত্তিক কাজ বাদ দিয়ে পাঠিয়েছিলেন। আমার কথা হচ্ছে যে ওখানে অনেক পকেটমার আমদানী হয়েছিল বলে কি পাঠিয়েছিলেন?

Shri Saila Kumar Mukherjee :

যেখানে ১০ লক্ষ লোকের সমাগম হয় সেখানে চিরকাল এ ধরণের লোকের সমাগম হতে পারে।

Shri Nepal Chandra Roy :

ভারতবর্ষের বা পঃ বাংলার এমন কোন রাজনৈতিক দল আছে কি যাদের এত ঘটা করে সম্মেলন হয়?

Shri Saila Kumar Mukherjee :

আমার জানা নেই।

Dr. Kanailal Bhattacharya :

মাননীয় মন্ত্রীমহাশয় একটু আগে প্রশ্নের জবাবে বললেন যে কোন ট্রেইং ম্যাজিষ্ট্রেটকে দুর্গাপুরে নিয়ে যাওয়া হয় নি। এটা সত্য বলে অস্বীকার করছেন না, না বলছেন ঠিক জানেন না বা অস্বীকার করছেন যে পাঠান হয় নি?

Shri Saila Kumar Mukherjee :

আমি আগেই বলেছি যে হোম ডিপার্টমেন্টের আন্ডারে দুজন অফিসার ছিলেন এবং তার নাম আমি বলে দিয়েছি এবং তাদের ডেজিগনেসানও বলে দিয়েছি সেই লিষ্টের মধ্যে অফিসারদের নাম না থাকলে এটা বোঝা যাচ্ছে যে সেই ট্রেইং ম্যাজিষ্ট্রেটদের নাম নেই ঐ লিষ্ট-এ।

Shri Kamal Kanti Guha :

নেপালচন্দ্র রায় যে কথা বললেন যে এত ঘটা করে সম্মেলন হয়েছিল সেটা কি সত্যকারের এত ঘটা করে হয়েছিল?

Shri Saila Kumar Mukherji: This a matter of opinion, not a question of fact.

Shri Sanat Kumar Raha :

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি যে দুর্গাপুরে যে তিন হাজার পুলিস অফিসার কনস্টেবল সেখানে নিয়োগ করা হয়েছিল। কোন ক্যালকুলেসানের উপর ভিত্তি করে এই তিন হাজার পুলিস অফিসারকে নিয়োগ করা হয়েছিল?

Shri Saila Kumar Mukherjee :

জনসমাগমের কথা চিন্তা করে গাড়ীর কথা চিন্তা করে এবং সমস্ত কিছু বিবেচনা করে অফিসাররা ঠিক করেন যে কতজন কনস্টেবল লাগবে শান্তি রক্ষা করবার জন্য।

Shri Sanat Kumar Raha :

পুলিস অফিসাররা কি ঠিক করেন যে তিন হাজার পুলিস লাগবে?

Shri Saila Kumar Mukherjee :

১০ লক্ষ লোকের সেখানে সমাগম হয় এবং কত লোক লাগতে পারে সেটা এস্টিমেট করে, এবং যানবাহন যাতে ঠিক মত কণ্ট্রোল করা যায় সে কথা বিবেচনা করে একটা পরিকল্পনা গ্রহণ করা হয়, এবং প্রত্যেক ডিস্ট্রিক্ট থেকেই এটা নেওয়া হয়েছে।

Shri Bhakti Bhusan Mondal :

আমি জানতে চাই যে দুর্গাপুরে ডেপুটি ম্যাজিস্ট্রেট বা সাব-ডেপুটি ম্যাজিস্ট্রেট পোস্টিং করা হয়েছিল কি না এবং করা হয়ে থাকলে আপনার কাছে যে হোম ডিপার্টমেন্টের লিষ্ট আছে যা নাকি আপনি পড়লেন তার মধ্যে তার নাম উল্লেখ নেই কেন?

Shri Saila Kumar Mukherjee :

আমি যে হোম ডিপার্টমেন্টের লিষ্ট পড়লাম তাতে তাদের নাম নেই। তাতে কোন ম্যাজিস্ট্রেটের নাম নেই।

Shri Kashi Kanta Maitra :

আপনি বলেছেন আড়াই হাজার কনস্টেবল পোস্টিং হয়েছিল। আমার কথা হচ্ছে তারা কত দিন অন ডিউটিতে ছিল। অর্থাৎ কতদিন সেখানে তারা কনস্টেবল অন ডিউটি ছিল।

Shri Saila Kumar Mukherjee :

নোটিশ দিলে সমস্ত তথ্য পরিবেশন করতে পারবো।

Shri Kashi Kanta Maitra :

যাদের পোস্টিং করা হয়েছিল তারা কতদিন ডিউটিতে ছিল তা বলতে পারবেন?

Shri Saila Kumar Mukherjee :

এটা ঠিক বলতে পারবো না, হয়ত ১০ দিন হতে পারে বা ৫ দিনও হতে পারে। সঠিক তথ্য পরিবেশন করতে হলে নোটিশ চাই।

Shri Kashi Kanta Maitra :

মাননীয় মন্ত্রীমহাশয়কে আমি জিজ্ঞাসা করছি যে, যে আড়াই হাজার কনস্টেবল সেখানে পোস্টিং হয়েছিল এবং তাদের জন্য যে টাকা খরচ হয়েছিল সেটা কি ঐ ৫ হাজার টাকার মধ্যে যে তার অতিরিক্ত?

Shri Saila Kumar Mukherjee :

আমি আগেই বলেছি আমি ১২ই ফেব্রুয়ারী পর্যন্ত যা পেয়েছি তাই আপনাদের দিয়েছি এবং এবং সে টাকার অঙ্ক হল ৫ হাজার ২ শত টাকা।

Shri Nepal Chandra Roy :

মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি যে দুর্গাপুরে যখন কংগ্রেসের অধিবেশন হয় তখন ফরোয়ার্ড ব্লকের তরফ থেকে সেখানে গোলমাল করবার চেষ্টা করা হয় এবং অশোক ঘোষ সেখানে অনশন করবার চেষ্টা করেছিল?

Shri Saila Kumar Mukherjee :

জানি না।

Shri Balailal Das Mahapatra :

মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি সেখানে যে বিভিন্ন জেলা থেকে যে পুলিস পাঠান হয়েছেল তাতে সেই সব জেলার শান্তি বিঘ্নিত হয়েছিল কিনা বা হবার কোন আশা ছিল কি না?

Shri Saila Kumar Mukherjee :

মোটেই বিঘ্নিত হয় নি বরং সে দিকে লক্ষ্য রেখেই করা হয়েছিল।

[1-10—1-20 p.m.]

Shri Bhakti Bhusan Mondal :

এই যে চারটি মহকুমা অর্থাৎ বর্ধমান জেলার ৪টি মহকুমা—আসানসোল, বর্ধমান, কালনা, কাটোয়া এই চারটে মহকুমার কোন ডেপুটি ম্যাজিষ্ট্রেট বা সাব-ডেপুটি ম্যাজিষ্ট্রেট ওখানে তিন তারিখ থেকে পোষ্টেড ছিলেন কিনা—এটার ক্যাটিগরিক্যালি উত্তর চাই।

Shri Saila Kumar Mukherjee:

আমি তো বার বার উত্তর দিলাম যে আমার লিষ্টে নেই—আমি জানি না গোপন করবার তো নেই কিছু—থাকলে দিতাম।

Shri Bhakti Bhusan Mondal :

অরুণ কুমার ভাদুড়ি আসানসোলের ম্যাজিষ্ট্রেট তিনি ওখানে পোষ্টেড ছিলেন কিনা ফ্রম থার্ড টু টেন তারিখ পর্যন্ত?

Shri Saila Kumar Mukherjee:

আমি খোঁজ করে দেখবো—তবে এটুকু বলতে পারি যে এটা তো তাঁর এ জুরিসডিক্সনের মধ্যে—

Shri Bhakti Bhusan Mondal :

আমি আরও নাম দেবো।

Shri Saila Kumar Mukherjee:

তাহলে আমি খোঁজ করে দেখবো।

Shri Balailal Das Mahapatra :

আমার প্রশ্ন হচ্ছে যে আড়াই হাজার পুলিস—সরিয়ে নিলে যদি শান্তিরক্ষা বিঘ্নিত না হয় তাহলে এতো টাকা খরচ করে আড়াই হাজার পুলিসকে রাখা হয়েছে কেন?

(উত্তর নাই)

Mobile Extension Nutrition Programme

***2.** (Admitted question No. *25.) **Shri Monoranjan Bakshi :**

খাদ্য এবং সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকারের ভ্রাম্যমান সম্প্রসারণ পুষ্টি কার্যসূচী গত ১৯৬৪ সালের এপ্রিল মাস হইতে এ পর্যন্ত কোন্ কোন্ জেলার কোন্ কোন্ গ্রামে প্রদর্শন করা হইয়াছে; এবং

(খ) পল্লী অঞ্চল হইতে ১৯৬৪ সালের নবেম্বর মাস হইতে উক্ত কার্যসূচি প্রণশনের জন্য উক্ত বিভাগে এ পর্যন্ত কতগুলি আবেদন পত্র আসিয়াছে?

Shri Smarajit Bandyopadhyay:

(ক) এতদসহ একটি বিবরণী উপস্থাপিত করা হইল।

(খ) ১৯৬৪ সালের নভেম্বর মাস হইতে ১৯৬৪ সালের ডিসেম্বর পর্যন্ত ৭টি লিখিত আবেদন পত্র আসিয়াছে।

Statement referred to in reply to clause (Ka) *of starred question No. 2.*

Statement showing the activities of Mobile Extension Nutrition Programme from April 1964, up to date.

Name of District. 1	Police-station. 2	Villages and Centres. 3
24 Parganas ..	.. Amtala ..	.. Srikrishnapur, Ramkrishna pur, Chandpur, Chandi Barhanpur.
	Sodepur ..	.. Jagriti, Sodepur.
	Shyamnagar ..	.. Gour, Gourdali, Gurda. Naihati, Shyamnagar.
	Bishnupur ..	.. Ramkrishnapur, Chandi, Barajogan Goalia.
	Barrackpore ..	.. Gour (Shyamnagar), Barrackpore, Sakharipatti.
	Baruipur ..	.. Khas Mallick.
	Tollygunge ..	.. Bagha Jatin Colony.
	Barasat ..	.. Bidhanpalli, Madhyamgram.
Hooghly ..	.. Chinsurah ..	.. Dharampur, Dharampur Production Centre.
	Singur ..	.. Singur Health Centre. Singoor Health School, B. D. O. Office, Paltagar.
	Chanditala ..	.. Janai Abhoy Samaj Sikha-kendra, Begamp Kalyan Samaj Siksha Kendra. Manmathanagar Mahila Samity, Manirampur Bharpara Samaj Siksha Kendra, Pairagachi.
	Pursura ..	.. Pursura Mahila Samity, Fatepur Melatola, B. D. O. Office.
	Khanakul	.. Radhanagar Mahila Samity, B. D. O. Office.
Nadia ..	.. Barajagulia ..	.. Barajagulia.
Howrah	Domjur ..	.. Domjur Block Office, Domjur P.S. Paschim Dafarpur Mahila Samity. Jhaparda Duke Girls' School, Domjur Health Centre.
	Bargachia ..	.. Bargachia Block Office, Jagathallavpur Basic Training College, Sontoshpur Mahila Samity.
	[illegible] ..	.. Amta, Anulia School, Basantpur School, Amta College, Raspur Girls' School

Ag-marked mustard oil

***3.** (Admitted question No. *38.) **Shri Sanat Kumar Raha :**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) 'আগ মার্কা' সরিষার তৈলের কোন গ্রেড আছে কি ;

(খ) থাকিলে কয়টি গ্রেডে বিভক্ত ;

(গ) বিভিন্ন গ্রেডের গুণাগুণ কি ; এবং

(ঘ) আগ মার্ক সরিষার তৈল কি সম্পূর্ণ সরিষা হইতে উৎপন্ন হয়?

Shri Smarajit Bandyopadhyay :

(ক) হ্যাঁ।

(খ) দুইটি গ্রেডে বিভক্ত, যথা গ্রেড ১ ও গ্রেড ২।

(গ) এতৎসহ একটি বিবরণী উপস্থাপিত করা হইল।

(ঘ) হ্যাঁ।

Statement referred to in reply to Clause (Ga) *of the starred question No. 38.*

	Acid value (not more than)	Percentage of natural essential oil	
Grade I	1·5	0·25 to 0·60	
Grade I (low pungency) ..	1·5	Not less than 0·05 but less than 0·25	i.e. within 0·05 to ·25
Grade II	4·0	0·10 to 0·60	

Higher Acid value in Grade II may cause slight bitter taste only but does not necessarily indicate lower Food value compared to Grade I oil. Lower range of essential oil merely indicates low pungency in Grade II oil which may not perhaps, be liked by a certain section of consumers prefering high pungency in oil.

Shri Sanat Kumar Raha :

আপনি বিবরণীটা এই হাউসের সামনে পাঠ করে দিলে পরে আমার সাপ্লিমেন্টারী করার সুবিধা হবে।

Shri Smarajit Bandyopadhyay : Grade I—Acid value not more than 1·5; percentage of natural essential oil—·25 to 0·60. Grade I (Low Pungency)—Acid value not more than 1·5; percentage of natural essential oil—not less than 0·05 but more than 0·25; i.e., within 0·05 to ·25. Grade II—Acid value 4·0; percentage of natural essential oil—0·10 to 0·60.

Higher Acid value in Grade II may cause slight bitter taste only but does not necessarily indicate lower food value compared to Grade I oil. Lower range of essential oil merely indicates low pungency in Grade II oil which may not perhaps be liked by a certain section of consumers prefering high pungency in oil.

Shri Sanat Kumar Raha :

যে দুটো গ্রেডে সরিসার তেল বিক্রি করা হয় তার কোন প্রয়োজন আছে কিনা—সরকার বিবেচনা করছেন কিনা একথা?

Shri Smarajit Bandyopadhyay :

সে সম্বন্ধে বিভিন্ন মত আছে।

Shri Sanat Kumar Raha :

গ্রেড ওয়ান এবং গ্রেড টু—এই দুটো তেল খেলে পর কোনটার পুষ্টি বেশী এবং কোনটার পুষ্টি কম বলতে পারেন কি?

Shri Smarajit Bandyopadhyay :

আমি তো আগেই বলেছি যে পুষ্টি দুটোরই সমান তবে কোনটার ঝাঁজ বেশী কোনটার ঝাঁজ কম।

Dr. Narayan Chandra Roy :

আগমার্ক সরষের তেল এখন বাজারে পাওয়া যাচ্ছে, না উইথড্র করেছেন?

Shri Smarajit Bandyohadhyay :

পাওয়া যাচ্ছে।

Shri Somnath Lahiri :

যে আগমার্কার আগ কম তার কি দামও কম?

Shri Smarajit Bandyopadhyay :

একই দাম।

Shri Sanat Kumar Raha :

সেই দিন স্বাস্থ্যমন্ত্রী মহাশয়া বললেন যে এ বিষয়ে কেন্দ্রীয় সরকারের কাছে আগমার্কা সম্বন্ধে লেখা হয়েছে এবং তার থেকে ধারণা যে দুটো গ্রেড উঠিয়ে একটা করা হবে—এটা কি পশ্চিমবঙ্গ সরকার জানেন—এ সম্পর্কে তাঁদের মতামত কি পাঠিয়েছেন?

Shri Smarajit Bandyopadhyay :

এটা আমি বলতে পারবো না স্বাস্থ্য দপ্তর বলতে পারবে।।

Effect of Statutory rationing

Admitted question No. *91.) **Shri Somnath Lahiri :**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে কলিকাতা ও শিল্পাঞ্চলে বিধিবদ্ধ রেশন ব্যবস্থা প্রবর্তিত হওয়ার ফলে খাদ্যশস্যের খুচরা ব্যবসায়ীরা অনেকে ক্ষতিগ্রস্ত হইয়াছেন এবং এই সব দোকানের কর্মচারীরাও ছাঁটাইয়ের সম্মুখীন হইতেছেন; এবং

(খ) অবগত থাকিলে রেশন বিতরণ ব্যবস্থার সঙ্গে এই সকল খুচরা ব্যবসায়ী ও কর্মচারী-দিগকে নিযুক্ত করিবার জন্য সরকারের কোনো পরিকল্পনা আছে কি?

Shri Smarajit Bandyopadhyay :

(ক) রেশন ব্যবস্থা প্রবর্তিত হওয়ার ফলে খাদ্য শস্যের খুচরা ব্যবসায়ীদের লাভের মাত্রা কিছু কম হইতে পারে কিন্তু তাহাদের কর্মচারীদিগের ছাঁটাইয়ের কোন সংবাদ সরকারের গোচরে আসে নাই।

(খ) এ প্রশ্ন উঠে না।

Shri Somnath Lahiri:

আপনি বলছেন যে কোন ছাঁটাইয়ের সংবাদ গোচরে আসে নি, লাভের পরিমাণ কম হতে পারে—কিন্তু এমন অনেক দোকানদার যাদের খাদ্যশস্যের খুচরা ব্যবসা ছিল তাদের প্রত্যেককে আপনি কি রেশনের দোকানের সুবিধা দিয়েছেন?

Shri Smarajit Bandyopadhyay:

প্রায় প্রত্যেককে দেওয়া হয়েছে—তবে সাধারণতঃ রেশনের দোকানের সংগে প্রত্যেকের একটা না একটা সাইড দোকান থাকে—সেজন্য ছাঁটাই হওয়ার প্রশ্ন উঠছে না।

Shri Somnath Lahiri:

আপনি কি জানেন যে সেই সমস্ত দোকানে যদি চাল, আটা, চিনি বাদ পড়ে তাহলে তাদের মোট বিক্রির পরিমাণ অনেক কমে যায় এবং সেজন্য কর্মচারী যত জন আগে রাখতে পারতেন এখন ততজন রাখা মুস্কিল?

Shri Prafulla Chendra Sen:

আমাদের এখানে যে সমস্ত গ্রসার্স সপ ছিল— মুদির দোকান—সেই মুদির দোকানে চিনি বিক্রি অনেক দিন থেকে বন্ধ হয়ে গেছে কেন না মাননীয় সদস্যরা জানেন যে আমরা প্রায় দেড় বছর আগে থেকে চিনি ষ্ট্যাটুটারিলী রেশন করেছি—তারা ডাল তেল নুন চাল এই সব বিক্রি করতেন—গমটা বিক্রি করতে পরিতেন না—কারণ হোল হুইট যেটা সেটা আমাদের রেশন সপ মারফৎ বিক্রি হোত—তারা ময়দাও খুব কম বিক্রি করতেন তবে কিছু পরিমাণ আটা বিক্রি করতেন, চাল তো নিশ্চয়ই করতেন। কাজে কাজেই তাদের ডাল তেল নুন বিক্রি বন্ধ করি নি—এবং অন্যান্য যে সমস্ত জিনিস আমরা নিয়ন্ত্রিত করি নি—সেগুলি বিক্রি করতে পারছেন তারা—তবে আগের তুলনায় লাভ কি লোকসান হচ্ছে সেটা বলতে পারবো না।

Shri Somnath Lahiri:

রেশনের দোকানের কর্মচারীদের পক্ষ থেকে আপনি কি কোন স্মারকলিপি পান নি যাতে তারা এই রকম বর্ণনা দিয়েছেন?

Shri Prafulla Chandra Sen:

স্মারকলিপি কিছু পাই নি—তবে ব্যক্তিগত কয়েকটি দরখাস্ত পেয়েছি—কোন প্রতিষ্ঠান থেকে নয়। আমাদের কাছে তারা জানিয়েছেন যে যদি আমাদের দোকানকে রেশনের দোকানে পরিবর্তন করেন তাহলে আমাদের সুবিধা হবে কেন না আমি আগে চাল বিক্রি করতাম।

Shri Nepal Chandra Roy:

মাননীয় মুখ্যমন্ত্রী বলবেন কি—এই যে সমস্ত রেশনের দোকান বর্তমানে আছে তাদের অনেকগুলি ইউনিট যে এক একটি দোকানে দিয়েছেন সেটা যদি ডিভাইড করে আরো যে সমস্ত গ্রসার্স সপ আছে তাদের ভাগ করে দেন তাহলে কাজের পক্ষে সুবিধা হয় এবং ঐ যে সারা দিন রেশনের দোকানে লাইন দিয়ে জিনিস আনতে হয়—সেই ভীড়টাও কমে যায়—এই পরিকল্পনা আপনাদের আছে কি?

Shri Prafulla Chandra Sen:

এই পরিকল্পনা আমাদের নেই—তবে আমাদের একটা পরিকল্পনা আছে যে সরকারের পক্ষ থেকে ২৫০টি আমরা সরকারী দোকান খুলবো—কিন্তু যদি কো-অপারেটিভ ভাণ্ডার হয় তাহলে আমরা সরকারী দোকান খুলবো না—কো-অপারেটিভ ভাণ্ডার হলে সেখানে কিছু লোক কাজ করতে পারবে, চাকুরী পাবে—আর আমরা কার্ডও ১০ হাজার জায়গায় ছড়িয়ে দিতে পারবো না তাতে আমাদের ইন্সপেকসনের অসুবিধা হবে।

[1-20—1-30 p.m.]

Shri Sanat Kumar Raha:

আমাদের বাংলাদেশে গ্রামে এবং শহরে লক্ষাধিকের বেশী দোকান আছে। আমরা লালবাগ সমিতির পক্ষ থেকে স্মারকলিপি পেয়েছি, সম্ভবতঃ আপনিও পেয়েছেন। বাংলাদেশে চাল, ডাল, চিনি, তেল, আটা, ময়দা এবং আরো কন্ট্রোল্ড জিনিস আসবে যার ফলে সমগ্র মুদি ব্যবসায়ী একটা সংকটাপন্ন অবস্থায় এসেছে। এর গুরুত্বটাকে চিন্তা করে সরকার এমন কোন নীতি নির্ধারণ করেছেন কিনা যাতে গ্রসার সপগুলি রক্ষা পায়?

Shri Prafulla Chandra Sen:

এটা হচ্ছে রিকোয়েস্ট ফর এ্যাকসান।

Shri Sanat Kumar Raha:

মুর্শিদাবাদের লালবাগ মহকুমা সমিতির পক্ষ থেকে কোন স্মারকলিপি পেয়েছেন কিনা?

Shri Prafulla Chandra Sen:

মুর্শিদাবাদের লালবাগ সমিতির তরফ থেকে কোন স্মারকলিপি পাইনি। লালবাগ মুর্শিদাবাদের আমরা স্ট্যাটুটরি রেশনিং প্রবর্তন করিনি। কাজে কাজেই এ প্রশ্ন উঠে না।

Shrimati Biva Mitra:

মাননীয় মন্ত্রীমহাশয় জানেন যে আমাদের কলকাতায় অনেকগুলি কনজিউমার কো-অপারেটিভ চলছে। সেই কনজিউমার কো-অপারেটিভগুলি এখন রেশনের দোকান পাবে কিনা এ সম্বন্ধে তিনি যদি জানান তাহলে ভাল হয়।

Shri Prafulla Chandra Sen:

আমার যতদূর সংখ্যা মনে আছে তাতে ৮৮টা কনজিউমার কো-অপারেটিভ সোসাইটি চলছে। তার মধ্যে ইতিমধ্যে ৩৬টাকে আমরা রেশনের দোকানে পরিবর্তিত করেছি।

Shri Nepal Chandra Roy:

মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় কি জানেন যে এই যে কো-অপারেটিভগুলি করা হয়েছে এবং নতুন আরো হচ্ছে, তাদের ঐ বিগ সেন্ট্রাল কো-অপারেটিভ রেজিষ্ট্রি করছে না, তার ফলে তারা মালপত্র পাচ্ছে না?

Shri Prafulla Chandra Sen:

এই অভিযোগ আমার কাছে প্রথম এসেছিল, এখন এ সম্বন্ধে কোন অভিযোগ নেই।

D.I.R. prisoners in the State

***5.** (Admitted question No. *117.) **Dr. Narayan Chandra Roy:**

স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ভারত রক্ষা আইনে আটকদিগকে আত্মপক্ষ সমর্থনের কোন সুযোগ দেওয়ার কথা সরকারের বিবেচনাধীন আছে কিনা; এবং

(খ) ইহাদের বিরুদ্ধে অভিযোগ সম্বন্ধে কোন শ্বেত পত্র প্রকাশের কথা রাজ্যসরকারের বিবেচনাধীন আছে কিনা?

Shri Ardhendu Sekhar Naskar:

(ক) না ; ভারতরক্ষা আইনের ৩০ ধারায় উক্ত ধারা মতে আটক বন্দীদের সম্বন্ধে এইরূপ কোন বিধিব্যবস্থা নাই।

(খ) রাজ্যসরকার ইহাদের সম্বন্ধে কোন শ্বেতপত্র প্রকাশ করার কথা বিবেচনা করিতেছেন না।

Dr. Narayan Chandra Roy:

দিল্লী থেকে এ সম্বন্ধে শ্বেতপত্র প্রকাশ হবে এই কথাটা কাগজে যে বেরিয়েছে এটা আপনি অবগত আছেন কিনা?

Shri Prafulla Chandra Sen :

কাগজে যেটা বেরিয়েছে যেটা মাননীয় সদস্য দেখেছেন সেটা আমিও দেখেছি।

Dr. Narayan Chandra Roy :

আমি জিজ্ঞাসা করছি সেই শ্বেতপত্র ছাপাতে গেলে বাংলা সরকারের তাতে কন্‌ট্রিবিউসান থাকবে কিনা?

Shri Prafulla Chandra Sen :

এখানে সে কথা আমি কিছু বলতে পারব না।

Digging of Calcutta roads and street accidents

***6.** (Admitted question No. *121.) **Shri Amarendra Nath Basu:**

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে পথঘাট খুঁড়িয়া এবং নামমাত্র ভরিয়া দিয়া কলিকাতার রাস্তাঘাটের বিপদের আশঙ্কা বাড়াইলেও (১) টেলিফোন কোম্পানী, (২) ইলেকট্রিক কোম্পানী, (৩) কলিকাতা করপোরেশন প্রভৃতি সংস্থার উপর পুলিস কোন ব্যবস্থা গ্রহণ করিতেছে না ;

(খ) সত্য হইলে, ইহার কারণ কি ; এবং

(গ) পথ দুর্ঘটনার জন্য কোন ক্ষেত্রে খোঁড়া রাস্তা কারণ হইলে, যাহারা খুঁড়িয়াছে তার উপর আর্থিক দায়িত্ব বর্তায় কিনা?

Shri Ardhendu Sekhar Naskar:

(ক) ও (খ) জনহিতকর প্রতিষ্ঠানগুলি আইন সঙ্গতভাবে কলিকাতা কর্পোরেশনের অনুমতি লইয়া রাস্তা খুঁড়িয়া থাকে। রাস্তাগুলি পুনর্বার স্বাভাবিক অবস্থায় ফিরাইয়া আনা হইয়াছে কিনা তাহা দেখাশুনা করিবার দায়িত্ব কলিকাতা কর্পোরেশনের এ বিষয়ে পুলিশকে কোনও ক্ষমতা দেওয়া হয় নাই।

(গ) ইহা একটি আইনগত প্রশ্ন যাহা প্রতিটি স্বতন্ত্র ক্ষেত্রে দেওয়ানী আদালত কর্তৃক মীমাংসিত হইতে পারে।

Shri Amarendra Nath Basu ;

এ কথা সত্য যে কলকাতার রাস্তায় যদি কোন ফেরিওয়ালা বিক্রি করে তাহলে তাকে পুলিশ ধরে নিয়ে যায়। তাকে ধরে নিয়ে যাবার অধিকার যদি পুলিশের থাকে তাহলে পুলিশের

কি রাস্তার উপর কোন অধিকার নেই যাতে গাড়ী যদি ভেঙেগ যায় তাহলে সে সম্বন্ধে কোন ব্যবস্থা করতে পারে?

Shri Ardhendu Sekhar Naskar:

ইলেকট্রিক সাপ্লাই, টেলিফোন কোম্পানী কি অন্য প্রতিষ্ঠান এরা যখন কাজ করবার জন্য কোন জায়গায় রাস্তা কাটে তখন তারা ক্যালকাটা কর্পোরেশান পুলিশের কাছে অনুমতি চায়। তবে এই রকম যদি হয় যে কোন জায়গায় রাস্তায় ট্র্যাফিকের অসুবিধা হচ্ছে, জ্যাম হয়ে গেছে, সেটা পুলিশকে জানানর সঙেগ সঙেগ আমরা সেটা কর্পোরেশানকে জানাই, কর্পোরেশান তার বিধি ব্যবস্থা করে দেয়।

Dr. Narayan Chandra Roy :

এই যে কলকাতা শহরে একটা গলি নাই, রাস্তা নাই যেখানে ট্রেঞ্চ কাটা হয় নাই। ইট ইজ এ নটোরিয়াস ফ্যাক্ট কলকাতার গলিতে পর্যন্ত স্কুটার গাড়ীর এ্যাক্সিডেণ্ট অত্যন্ত বেশী। এ সম্বন্ধে বিভিন্ন জায়গায় আপনি কি অবগত আছেন যে থানা অফিসারকে খবর দিলে পরই তিনি বলে দেন যে সেটা তার সীমানার মধ্যে নয়?

Shri Prafulla Chandra Sen :

মাননীয় সদস্য যে কথা বলেছেন এটা খুব সত্য। কলকাতার রাস্তার দুরবস্থা যানবাহনের সংখ্যা বেশী, মানুষের সংখ্যা বেশী। এই সমস্তের জন্য আমরা ক্যালকাটা মেট্রোপলিটান অরগানাইজেসন করেছি তারা এ সম্বন্ধে একটা মাস্টার প্ল্যান তৈরী করছেন। অবশ্য এসব সমস্যা সমাধান করা সময় সাপেক্ষ।

Dr. Narayan Chandra Roy :

কলকাতা শহরের রাস্তার মধ্যের গর্তগুলোতে পড়ে সমস্ত গাড়ী ভেঙেগ যাবার পরে কি এই সি-এম-পি-ও সব ব্যবস্থা করবেন?

Shri Ardhendu Sekhar Naskar :

কলকাতার রাস্তা মেরামত করবার দায়িত্ব কলকাতা কর্পোরেশনের।

Dr. Narayan Chandra Roy :

কলকাতা কর্পোরেশন যে কোন কারণে যখন রাস্তা কাটে, তারজন্য একটা টাকা তাদের কাছে আগে থেকে জমা করে দেওয়া হয়। কিন্তু দেখা যাচ্ছে ৬ মাস এক বছর ধরেও রাস্তাটা মেরামত হয় না? এর কারণটা কি মন্ত্রীমহাশয় বলতে পারেন?

Shri Ardhendu Sekhar Naskar :

আমি তো আগেই বলেছি যে এটা একটা আইনগত প্রশ্ন।

Shri Nepal Chandra Roy :

টাকাটা তাঁরা আগে থেকে জমা নিচ্ছেন, অথচ নির্দিষ্ট সময়ের মধ্যে কাজ করছেন না। এর কারণটা কি?

Mr. Speaker :

এ প্রশ্নের জবাব কর্পোরেশান দেবেন, মিনিস্টার দেবেন কি করে?

Dr. Kanailal Bhattacharyya:

মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন এই ধরণের রাস্তা খোঁড়ার জন্য একটা সমস্যা সৃষ্টি হয়েছে একথা সত্য। কিন্তু এই সমস্যার সমাধান যখন বর্তমান আইনের দ্বারা করা যাচ্ছে না, তখন এ সম্বন্ধে নূতন কোন আইন প্রনয়ণ করবার কথা তিনি চিন্তা করছেন কি?

Shri Prafulla Chandra Sen:

এ সম্বন্ধে নূতন কোন আইন করলে যে সমস্যার সমাধান হবে তা আমি মনে করতে পারছি না। তবে মাননীয় সদস্য যদি তেমন কোন আইনের দ্বারা এর সমাধানের কথা চিন্তা করে থাকেন, তাহলে সেটা তিনি আমাকে জানাবেন, আমরা বিবেচনা করে দেখবো।

Dr. Narayan Chandra Roy:

বিভিন্ন জায়গায় যেখানে বড় গর্ত বা ট্রেঞ্চ কাটবার পরে তা ভরা হয় নাই, তার এক একটা পারটিকুলার জায়গা ধরে এনকোয়ারী করে সেই কোম্পানীকে কি শাস্তি দেওয়া যায় না?

Shri Prafulla Chandra Sen:

মাননীয় সদস্য একটু ভুল করছেন। যদি ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশান কোন কাজের দরুণ রা টেলিফোনের কোন কাজের দরুণ বা ট্রামওয়েজ কোম্পানীর কোন কাজের দরুণ রাস্তা কাটা হয়, গর্ত হয় বা কোন কিছু করা হয়, তাহলে সেই সমস্ত কোম্পানীর কাছ থেকে তখন টাকা জমা রাখা হয় এবং কর্পোরেশান টাকাটা নিয়ে নেন এবং পরে সেই টাকাতে সেই জায়গায় মেরামত করা হয়।

Dr. Narayan Chandra Roy:

রোড ট্যাক্স যখন তাঁরা নেন, তখন রোড ভাল থাকবেনা সে দায়িত্ব কেন তাঁরা নিবেন না?

Shri Prafulla Chandra Sen :

এ দায়িত্ব কর্পোরেশনের, সরকারের নয়।

Shri Nepal Chandra Roy :

রোড ট্যাক্স নেন সরকার, মোটর ভেহিকেল ট্যাক্সও তাঁরা নেন। কাজেই সরকার তাঁর দায়িত্ব এড়িয়ে যেতে পারেন কি করে?

Shri Prafulla Chandra Sen :

সরকার সবরকম ট্যাক্স নিতে পারেন। কিন্তু কলকাতা কর্পোরেশনের যে সমস্ত দায়িত্ব আছে, সেটা কলকাতা কর্পোরেশনের। যেটা ইউনিয়ন বোর্ডের দায়িত্ব সেটা ইউনিয়ন বোর্ডের, যেটা মিউনিসিপ্যালিটির দায়িত্ব, সেটা মিউনিসিপ্যালিটীর। কাজেই সরকার রোড ট্যাক্স নেন বলে যে সব রাস্তা সরকারই মেরামত করে দেবেন বা মেনটেইন করবেন এমন কোন কথা নাই।

Shri Amarendra Nath Basu :

আমি একটা প্রশ্ন করতে চাই ধরুণ কলকাতা শহরে ফুটপাথে বিবাহের জন্য ব্যবস্থা করে ঘেরবার আমার যতটুকু জানা আছে কর্পোরেশন পারমিসন দিলেও পুলিশ থেকে পারমিসন আনতে হয়। এইভাবে পুলিশের হাতে কোন ক্ষমতা দিতে আপনি প্রস্তুত আছেন কিনা যে দিন খুড়বে, সেদিনই পুলিশ থেকে পারমিসন নিতে হবে এবং কতদিনে ঐ কাজ শেষ হবে সেটাও জানিয়ে দেবেন পুলিশকে। তা নাহলে—একটা অনির্দিষ্ট কালের জন্য রাস্তাগুলি যদি খোঁড়া অবস্থায় ফেলে রাখা হয়, তাহলে শুধু গাড়ী নয়, মানুষও আহত হয়।

Shri Prafulla Chandra Sen :

মাননীয় সদস্যের সাপ্লিমেন্টারী কি—তা বললে জানিয়ে দিতে পারি।

Dr. Narayan Chandra Roy :

আমি বুঝিয়ে দিচ্ছি। সাম্প্রতিককালে কলকাতা শহরে রাস্তা যারা খুঁড়ছে, তারা এখানকার রাস্তাটা মেরামত করবার অধিকার বা কারো দায়িত্ব আছে—তা তাঁরা অনুভব করেন না একথা আমরা অনুভব করছি এবং গাড়ীতে দূরের কথা পায়ে চলাই সেখানে অসম্ভব হয়ে ওঠে।

Shri Prafulla Chandra Sen :

এর জন্য দায়ী হচ্ছে কর্পোরেশন। সেই সমস্ত কর্পোরেশনের এবং সেই রাস্তা মেরামত করিবার বা সংস্কার করিবার দায়িত্ব সম্পূর্ণভাবে কর্পোরেশনের।

[1-30—1-40 p.m.]

Shri Kashi Kanta Maitra:

মুখ্যমন্ত্রী প্রশ্নগুলিকে এড়িয়ে যাচ্ছেন এবং বলছেন যে কর্পোরেশন-এর দায়িত্ব —আমরাও তাই জানি। কিন্তু আমরা জিজ্ঞাসা করছি বা মাননীয় সদস্যরা অতিরিক্ত প্রশ্নের মাধ্যমে রেখেছেন যে তিনি কি মনে করেন কর্পোরেশন যথাযথভাবে সেই দায়িত্ব পালন করছেন, যদি না করে থাকেন তাহলে অবিলম্বে অতিরিক্ত ক্ষমতা দেবেন কিনা যে যখন একটা রাস্তা খোড়া হবে তখন সেই নির্দিষ্ট রাস্তায় রোড ব্লক টানাতে হবে?

Shri Prafulla Chandra Sen:

মাননীয় সদস্য একটা মৌলিক প্রশ্ন তুলেছেন যেটা এই প্রশ্ন অতিরিক্ত হতে পারে না।

Shri Somnath Lahiri:

তিনি বলেছেন কর্পোরেশন-এর দায়িত্ব এবং কর্পোরেশন যখন তাঁর দায়িত্ব যথাযথভাবে পালন করছেন না তখন সে বিষয়ে কি সরকার কর্পোরেশন-এর দৃষ্টি আকর্ষণ করেছেন?

Shri Prafulla Chandra Sen:

অনেকবার করা হয়েছে।

Shri Somnath Lahiri:

কি জবাব কর্পোরেশন থেকে পেয়েছেন?

Shri Prafulla Chandra Sen:

আপনি নোটিশ দিয়ে প্রশ্ন করেন তাহলে নিশ্চয় জবাব দেব।

Shri Bijesh Chandra Sen:

ক্যালকাটা কর্পোরেশন-এর মধ্যে ইমপ্রুভমেন্ট ট্রাষ্ট-এর অনেক রাস্তা আছে, সেই সব রাস্তায় অনেক গর্ত আছে সে সম্বন্ধে সরকার ইমপ্রুভমেন্ট ট্রাষ্ট-কে কিছু জানিয়েছেন কিনা?

Shri Ardhendu Shekhar Naskar:

যখন খবর পাওয়া যায় সি, আই, টি,-র রাস্তা খারাপ আছে তখন সেই সংবাদ আমরা সঙ্গে সঙ্গে জানিয়ে দিই।

Shri Santi Das:

সি, আই, টি,-র আন্ডার-এ যে রাস্তা তৈরী হয় সেই রাস্তা তৈরী হবার পর ক্যালকাটা কর্পোরেশন-এর আন্ডার-এ সেই রাস্তাগুলি দিয়ে দেওয়া হয় কিনা?

Shri Prafulla Chandra Sen:

হ্যাঁ।

Shri Santi Das:

সি, আই, টি, যে রাস্তাগুলি কর্পোরেশন-কে দিয়ে দেয় সেই রাস্তাগুলির দায়িত্ব সি, আই টি-র আছে কিনা?

Shri Prafulla Chandra Sen:

রাস্তা তৈরী হবার পর সি, আই, টি-র আর কোন দায়িত্ব থাকে না।

Issue of ration cards

***7.** (Admitted question No. *122.) **Dr. Golam Yazdani:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতায় ও শিল্পাঞ্চলে গত ৫ই জানুয়ারি, ১৯৬৪ তারিখে খাদ্যদ্রব্যের রেশনিং চালু হইবার আগের দিন পর্যন্ত ঐ সমস্ত এলাকায় রেশন কার্ডের মোট সংখ্যা কত ছিল এবং কত কার্ড দিতে বাকি ছিল;

(খ) গত ৫ই জানুয়ারি তারিখের পরে রেশন কার্ডের জন্য প্রতিদিন গড়ে কতগুলি দরখাস্ত পড়িতেছে এবং কতগুলি কার্ড দেওয়া হইতেছে ; এবং

(গ) দরখাস্ত করার মোটামুটি কতদিন বাদে রেশন কার্ড দেওয়া হইতেছে?

Shri Smarajit Bandyopadhyay:

(ক) রেশন কার্ডের মোট সংখ্যা ছিল—৮,৩৪,০১০ এবং ৫৬,৯০০ দরখাস্ত তদন্তাধীন ছিল। (খ) কলিকাতা আদিক্ষেত্রে (ইনিশিয়াল এরিয়া) দরখাস্তের দৈনিক গড়—৪,২৮৫ এবং কার্ড বিতরণের দৈনিক গড় ৪,০৪৮।

(গ) কয়েক ঘন্টা হইতে কয়েক দিন মাত্র।

Shri Anadi Das:

সমস্ত যে দরখাস্ত করা হয়েছিল সেই দরখাস্তের উপর কার্ড ৫ই জানুয়ারীর মধ্যে দেওয়া হয়েছিল কিনা?

Shri Smarajit Bandopadhyay:

না সকলকে দেওয়া সম্ভব হয়নি।

Shri Anadi Das:

ষ্টাটুটরি র্যাশনিং করার পর ৫ই জানুয়ারীর মধ্যে যাঁদের কার্ড দেওয়া হল না তাঁরা কি খাবেন সেটার কোন ব্যবস্থা করেছিলেন কি?

Shri Smarajit Bandopabhyay:

আইনতঃ ২০ কে, জি, পর্যন্ত চাল রাখতে পারবেন। দ্বিতীয় হচ্ছে কলকাতার আশেপাশে প্রত্যেক ব্যক্তি ৫ কে, জি, পর্যন্ত চাল আনতে পারেন—এটা ফেব্রুয়ারী থেকে ২ কে, জি, হয়েছে।

Shri Sailendra Nath Adhikary:

আপনি বললেন যেদিন থেকে ষ্টাটুটরি রেশনিং কলকাতা ও সুবারবস-এ সুরু হল সেই ৫ই জানুয়ারী পর্যন্ত রেশন কার্ড-এর জন্য এ্যাপ্লিকেশন-এর সংখ্যা ৫৬ হাজারের মত ছিল এবং তিনি আর একটা উত্তরে বললেন ৪ হাজার করে দৈনিক গড় রেশন কার্ড-এর জন্য এ্যাপ্লিকেশন

পাচ্ছেন ও ঐরকম ধরণের রেশন কার্ড ইস্যু হচ্ছে—তাহলে ৫৬ হাজার যাদের আগে ৫ই জানুয়ারী পর্যন্ত সেটা পেণ্ডিং ছিল তাদের দেওয়া হয়েছে কিনা এবং হয়ে থাকলে কতদিন সময় লেগেছে?

Shri Prafulla Chandra Sen:

আমাদের খাদ্যবিভাগ থেকে জানিয়ে দেওয়া হয়েছিল যে যাদের রেশন কার্ড নেই ষ্ট্যাটুটরী রেশন হবার জন্য তাদের প্রস্তুত থাকতে হবে। তাড়াতাড়ি কার্ড নিতে হবে এবং আমরা ১৫ই ডিসেম্বর পর্যন্ত সময় দিয়েছিলাম যে ১৫ই ডিসেম্বরের মধ্যে দরখাস্ত করতে হবে। ১৫ই ডিসেম্বরের মধ্যে যারা দরখাস্ত করেছিল তাদের কিছু কার্ড দিয়েছি। তারপর দেখা গেল অনেকে এসে হাজির হলেন দরখাস্ত নিয়ে যে আমরা ভুলে গেছি দরখাস্ত করিনি বলে তখন আবার সময় বাড়িয়ে দেওয়া হল এবং তারপর আমরা ৩১এ ডিসেম্বর পর্যন্ত করেছি। এত সময় পেয়ে যদি কেউ দরখাস্ত না করে থাকে তাহলে তাতে সরকারের কিছু দোষ আছে বলে মনে করি না।

Shri Anadi Das:

যে নির্দিষ্ট তারিখে ৩১এ ডিসেম্বর পর্যন্ত করা হয়েছিল কিন্তু ৫ই জানুয়ারী তারিখে তারা কার্ড পায় নাই। কিন্তু আমি এক্ষুণি হাওড়ার রেশনিং অফিস থেকে আসছি —সেখানে ডিসেম্বরের ফার্ষ্ট উইক-এ দরখাস্ত করেছিল কিন্তু আজ পর্যন্ত তারা রেশন কার্ড পায়নি, এদের জন্য চালের কি ব্যবস্থা করা হয়েছে?

Shri Prafulla Chandra Sen:

১৫ই ডিসেম্বরের মধ্যে যারা দরখাস্ত করেছিলো তাদের সকলের বাকী ছিল না। ১৫ই ডিসেম্বরের পর যারা দরখাস্ত করেছে তাদের সম্বন্ধে মন্ত্রী মহাশয় এক্ষুণি বলছেন যে তাদের দরখাস্ত অনুসন্ধান করা হচ্ছে, তারা যখন নির্দিষ্ট তারিখের পরে দরখাস্ত করেছে তখন তাদের কিছুটা দুর্ভোগ ভোগ করতে হবে।

Shri Anadi Das:

তারা কি উপোস করে থাকবে? ষ্ট্যাটুটারী রেশনিং-এ ৫ কেজি করে চাল আনার কথা বাহিরে থেকে বলা হয়েছে কিন্তু এই ৫ কেজি নির্দিষ্ট চাউল তারা আনতে পারে না। ঐ নির্দিষ্ট পরিমাণ আনতে গেলে কর্ডন করা হচ্ছে, পুলিশের পক্ষ থেকে বলা হয় তাদের কাছে কোন নির্দেশ নেই। এইভাবে যারা খেতে পাচ্ছে না তাদের কি ব্যবস্থা হচ্ছে?

Shri Prafulla Chandra Sen:

রেশনিং এরিয়ার বাহিরে থেকে আনার জন্য সরকার জানুয়ারী মাস পর্যন্ত ৫ কেজি করে চাল আনতে দিয়েছেন তাতে পুলিশ ধরে নি। আমরা ফেব্রুয়ারী মাস থেকে একটু কড়াকড়ি করেছি।

Shri Anadi Das:

যদি খবর দেওয়া যায় ৫ কেজি করে চাল কার্ড এলাকার বাহিরে থেকে আনার জন্য ধরা হয়েছে তা হলে তাদের সম্পর্কে ব্যবস্থা করবেন কি?

Shri Prafulla Chandra Sen:

যদি এইরূপ লোক থাকে যে খাবার জন্য আনছিল এবং রেশন কার্ড নেই ধরা হয়েছে তাহলে জানালে নিশ্চয়ই ব্যবস্থা করবো।

Shri Nepal Chandra Roy:

মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে একজন লোক যখন বাহিরে থেকে আসে তখন যে কত কেজি করে চাল আনতে পারে?

Shri Smarajit Bandopadhyay :

জানুয়ারী মাস পর্যন্ত ৫ কেজি করে চাল আনতে পারতো তাতে দোষ ছিল না কিন্তু ফেব্রুয়ারী মাস থেকে ঠিক হয়েছে যে দু কেজি করে আনতে পারবে।

Shri Nepal Chandra Roy :

আনতে পারবে এবং নিয়ে যেতে পারবে কি অর্থাৎ কলকাতার বাহিরে যখন যাবে তখন নিয়ে যেতে পারবে কিনা ?

Mr. Speaker:

আপনি নিয়ে এসে দেখুন।

Shri Khagendra Kumar Roychowdhury:

দু কেজি করে যে চাল আনতে পারবে তার জন্য কি কোন চিঠি চাই?

Shri Prafulla Chandra Sen:

দু কেজি করে যদি নিজের ব্যবহারের জন্য আনতে চায় তাহলে তার জন্য কোন কিছু রাখতে হবে না, কিন্তু যদি সে বিক্রী করবার জন্য ১ কেজি করে চালও আনে তাহলে আমরা ধরবো। কিন্তু ২ কেজি চাল নিজের খাবার জন্য আনলেও ধরব না।

Shri Khagendra Kumar Roychowdhuri:

একটা প্রশ্ন হচ্ছে যে আমার কন্সটিটিউয়েন্সী হল কর্ডন এলাকার পাশে। আমরা দেখেছি নন-রেশনিং এরিয়া থেকে রেশনিং এলাকায় আসাকালীন সময় এরূপ ঘটেছে আমরা ম্যাজিষ্ট্রেট-এর দৃষ্টি আকর্ষণ করেছিলাম কিন্তু তৎসত্ত্বেও আমরা দেখছি যে ১ কেজি বা ২ কেজি আনলেও তাদের এ্যারেষ্ট করা হচ্ছে। সুতরাং আপনার স্টেটমেন্ট ঠিক নয়?

Shri Prafulla Chandra Sen:

যদি নিজের ব্যবহারের জন্য এনে থাকেন তাহলে কিছু হবে না।

Shri Khagendra Kumar Roychowdhuri:

নিজের ব্যবহারের জন্য আনছেন এরূপ বিষয় আমরা ঐ অঞ্চলের অফিসার ইন-চার্জ-কে জানিয়েছি ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট-এর দৃষ্টি আকর্ষণও করেছিলাম যে এরূপভাবে করলে অসুবিধা হচ্ছে লোক ঐ এলাকায় দিয়ে যেতে হচ্ছে আপনি এনকোয়ারী করুন কিন্তু তা সত্ত্বেও পুলিশ বার বার এ্যারেস্ট করছে কেন?

Shri Prafulla Chandra Sen:

আমি জিজ্ঞাসা করব ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট-কে যে কি হয়েছে ?

Shri Anadi Das:

রেশনিং এলাকার বাহিরে থেকে চাল নিয়ে আসছেন তার রেশন কার্ড আছে কি নেই সেখানকার কন্সটেবল-এর তা জানা নেই, ঐ এলাকা থেকে আসে এবং যদি কোন লোক চাল নিয়ে আসে এবং বলে যে আমার কার্ড নেই তাহলে সেরূপ ক্ষেত্রে কার্ড থাকা সত্ত্বেও চাল আনছে কিনা সেটা কি করে বোঝা যাবে?

Shri Prafulla Chandra Sen:

এটা হাইপথেটিক্যাল হচ্ছে এটা ম্যাটার অফ ওপিনিয়ান।

Shri Girish Mahato:

আমি ২ কেজি চাল খাবার জন্য নিয়ে আসছিলাম আমি তা আনতে পারি নি। এখানে রেশন কার্ডে চাল আনতে গিয়ে দেখলাম যে সে চালে দু আনা কাঁকর মেশানো আছে আমার জিজ্ঞাস্য এটা কি ভাবে মেশানো হচ্ছে এবং এটা পরিষ্কার করা হবে কি না?

Shri Prafulla Chandra Sen:

কাঁকরওলা চাল আমার কাছে পাঠিয়ে দিলে আমি দেখব।

[1-40—1-50 p.m.]

Shri Sanat Kumar Raha:

আমি একটা ইনফর্মেশন জানতে চাই, মাননীয় মন্ত্রিমহাশয় যানাবেন কি রেশন আর্টিকল চাল ভিন্ন মফঃস্বল-এর লোক কলকাতা আসলে সপরিবারে, তাদের সংগে চিনি তেল আনতে পারবেন কিনা, সেখানকার এস, ডি, ও, ও ডি, এম এই সমস্ত অফিসারদের জিজ্ঞাসা করলেও তাঁরা জোর করে বলতে পারেন না তাঁরা তা সংগে নিয়ে আসতে পারবেন কিনা, মাঝখানে পুলিশ তাদের হয়রাণি করতে পারত কিনা, আমি তাই এই হাউসের মধ্যে আপনার কাছ থেকে জানতে চাই সপরিবারে কলকাতার বাইরে থেকে কোন লোক আসলে তাদের সংগে কন্ট্রোলড আর্টিকলস আনতে পারবেন কিনা?

Shri Prafulla Chandra Sen:

যারা বাইরে থেকে আসবে, কলকাতাবাসী নয়, রেশন কার্ড নেই, তাঁরা নিশ্চয়ই দু কেজি করে চাল আনতে পারবেন সে বিষয়ে সন্দেহ নাই।

Shri Sanat Kumar Raha:

চালের সংগে চিনি তেল ইত্যাদি আনা যাবে কিনা?

Shri Prafulla Chandra Sen:

তেল তো রেশন্ড নয়, চিনি চালও আনতে পারবে।

Shri Anadi Das:

ফেব্রুয়ারী থেকে চাল আনা যাবেনা আপনারা এই নির্দেশ দিয়েছেন অথচ অনেক লোক রেশন কার্ড পায় নাই তাদের সম্পর্কে কি ব্যবস্থা হয়েছে?

Mr. Speaker:

উনি এর জবাব দিয়েছেন যে তাদের অসুবিধা হবে।

Shri Prafulla Chandra Sen:

আমি পূর্বেই বলেছি যে ১৫ই ডিসেম্বর পর্যন্ত আমরা সময়-তারিখ নির্দিষ্ট করে দিয়েছিলাম দরখাস্তের জন্য, ১৫ই ডিসেম্বর পর্যন্ত যারা দরখাস্ত করেছে, তাদের রেশন কার্ড দিয়েছি, তারপর অনেক লোক এসে বললেন মশায়, ভুল হয়ে গেছে, ১৫ই ডিসেম্বরের মধ্যে করতে পারিনি, তাদের আমরা বলেছি বেশ, ৩১এ ডিসেম্বরের মধ্যে করুন, তবে আমরা বিশেষ অনুসন্ধান না করে দেবনা, কাজে কাজেই বিশেষ অনুসন্ধান করে দেওয়া হচ্ছে।

Shri Anadi Das:

ষ্ট্যাটুটারী রেশন এরিয়াতে তারা থাকে, যে কোন কারণেই হোক তারা যদি রেশন কার্ড না পেয়ে থাকে তাহলে তারা খাবে কি?

Shri Prafulla Chandra Sen:

যদির উত্তর আমি দিই না।

Rice godowns

***8.** (Admitted question No. *145.) **Shri Sudhir Chandra Das:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গ্রামাঞ্চলে ধান্যমূল্য বৃদ্ধি প্রতিরোধের জন্য ধান্য বা চাউলের আঞ্চলিক গুদাম করিবার পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) পরিকল্পনা থাকিলে, ঐ পরিকল্পনা রূপায়ণের কি ব্যবস্থা হইতেছে?

Shri Smarajit Bandyopadhyay:

(ক) সরকারের এই রকম কোন পরিকল্পনা নাই।

(খ) প্রশ্ন উঠে না।

Shri Sudhir Chandra Das:

খাদ্যনীতির আলোচনার সময় পল্লী অঞ্চলে মূল্য বৃদ্ধি প্রতিরোধের জন্য গুদামের কথা বলা হয়েছিল, কেন্দ্রীয় সরকার কলকাতা ও শিল্পাঞ্চলকে সরবরাহ করবেন, এই নীতি চালাবার অসুবিধা কি বলবেন কি?

Shri Smarajit Bandyopadhyay:

মাননীয় সদস্যকে জানাতে চাই ওয়ার হাউসিং কর্পোরেশন থেকে পশ্চিমবংগে এ যাবৎ ৩১টি ওয়ার হাউসিং প্রতিষ্ঠিত হয়েছে, তাছাড়া ওয়ার হাউস মার্কেটিং সোসাইটি থেকে ১৪৯টি গোডাউন প্রতিষ্ঠিত হয়েছে এবং ওয়েষ্ট বেঙ্গল ওয়ার হাউসিং কর্পোরেশন বিল যা পাশ হয়েছে, সে অনুযায়ী প্রাইভেট পার্টি ওয়ার হাউস করতে পারে।

Shri Sudhir Chandra Das:

পল্লী অঞ্চলে খাদ্য মূল্য প্রতিরোধের জন্য রেশন দোকানে গত বছর চাল সরবরাহের যেভাবে ব্যবস্থা ছিল, ট্রান্সপোর্টের অসুবিধা থাকা সত্ত্বেও তাতে ১৮।২০ টাকা পর্যন্ত ধানের দাম উঠেছিল জানেন কি?

Shri Prafulla Chandra Sen:

এ বছর সরকার ধানের দাম চালের দাম নির্ধারণ করে দিয়েছেন, কলকাতা সহরে এবং শিল্পাঞ্চলে বৃহৎ কলকাতায় ষ্ট্যাটুটারী রেশন চালু করেছি এবং এ পর্যন্ত যে খবর পেয়েছি বিশেষ করে আমি মেদিনীপুর জেলার খবর দিতে পারি, তাতে আমাদের নির্ধারিত মূল্যের অতিরিক্ত মূল্যে চাল বিক্রী হচ্ছে না।

Shri Sudhir Chandra Das:

আষাঢ় শ্রাবণ মাসে ধান চালের দাম বেড়ে যায়, এখন ধান চালের দাম সম্পূর্ণ ঠিক আছে, রেশন দোকান থেকে যে পরিমাণ চাল সরবরাহ হয়েছিল গত বছর, এ বছর থেকে তার পরিমাণ বাড়াবার সম্ভাবনা আছে কিনা?

Shri Prafulla Chandra Sen:

যে সমস্ত নীতি আমরা গ্রহণ করেছি তাতে এবার ধানের দাম বাড়বে না, ধানের দাম যদি বাড়ে, আমি পূর্বেই ঘোষণা করেছিলাম যে কেন্দ্রীয় সরকার আমাদের যে চাল দেবেন সেই চাল থেকে গ্রামাঞ্চলে মডিফায়েড রেশন মারফৎ বিক্রী করব।

Shri Sanat Kumar Raha:

পল্লীঅঞ্চলে গুদামের অভাবে কো-অপারেটিভ মার্কেটিং সোসাইটি ধান চাল কিনছে না এটা কি ঠিক?

Shri Prafulla Chandra Sen:

আমাদের চাল কেনবার কোন প্রশ্ন নাই, আমাদের চাল সংগ্রহ করা হয় রাইস মিলগুলির উপর লেভি করে, সেই চাল আমরা খাদ্য বিভাগে সরাসরি নিয়ে আসছি, আমরা প্রাইস সাপোর্ট হিসাবে ধান কিনছি, এবং সেই ধানও কেনবার সংগে সংগে নিয়ে আসছি, কাজে কাজেই গো-ডাউনের প্রশ্ন উঠছে না, যদি এমন প্রশ্ন উঠে তাহলে খাদ্য বিভাগ থেকে লরী পাঠিয়ে রোজ আমরা সেখান থেকে ধান নিয়ে আসবো।

Shri Anadi Das:

হাওড়া জেলায় এখন চালের দাম অন্ততঃ ৯০ নয়া পয়সায় উঠেছে। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন ঠিক আমাদের নির্ধারিত মূল্যে চাল বিক্রী হচ্ছে, তা হচ্ছেনা, এই সব জায়গায় মডি-ফায়েড রেশন সপে চাল পাওয়া যায় না, সেখানে চাল পাঠাবার ব্যবস্থা করেছেন কি?

Shri Prafulla Chandra Sen:

যে কথা বলেছেন উলুবেড়িয়া থেকে প্রথমে এই খবর পেয়েছি তারপর সেখানে চাল পাঠিয়েছি, পাঠাবার পর আমাদের মূল্যেই এখন চাল বিক্রী হচ্ছে, সেখানে সদর মহকুমার, কিছু কিছু গ্রামা-ঞ্চলের খবর পেয়েছি, পরশু তারিখে সেখানে চাল পাঠিয়েছি, আশা করি দুই এক দিনের মধ্যে নির্ধারিত মূল্যের স্তরে দাম নেমে আসবে।

Shri Kashi Kanta Maitra:

বাংলাদেশের কয়েকটি জেলায় যেমন বলছি বিশেষ করে বীরভূমে এখন ধানের দাম বেঁধে দেওয়া সত্ত্বেও সেই দামে বিক্রী হচ্ছে না, কম দামে বিক্রী হচ্ছে, বিশেষ করে বীরভূমের জেলা সম্পর্কে যে অভিযোগ সেটা আঞ্চলিক কয়েকটি পত্রিকায়ও বেরিয়েছে, বীরভূমের চালকলগুলি যে চাল মিহি তা ১৭ টাকা বলছেন কম দামে কিনছেন, ফলে এক কোটি টাকা এইভাবে লাভ করেছে এটা জানেন কিনা? এই অভিযোগ চালকলগুলির বিরুদ্ধে পেয়েছেন কিনা?

Shri Prafulla Chandra Sen:

এই অভিযোগ যদি প্রমাণ করতে পারেন তাহলে চালকলগুলির বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করবো।

Explosion in a private factory, Serampore

***9.** (Admitted question No. *172.) **Shri Panchu Gopal Bhaduri :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether he is aware that an explosion took place in a private factory at Panchanontola Lane, Serampore, in May, 1964:

(b) if so, whether any worker died of it:

(c) if the answer to (b) be in affirmative, the number of persons that died; and

(d) what action has been taken to compensate the persons who died as a result of explosion.

Shri Ardhendu Shekhar Naskar: (a) Yes.

(b) Yes.

(c) Three.

(d) No compensation is reported to have yet been paid to the legal heirs of the deceased workers by the factory authorities.

Shri Panchu Gopal Bhaduri:

যেখানে এক্সপ্লোশন হয়েছিল সেই প্রাইভেট ফ্যাক্টরীর মালিককে কি গ্রেপ্তার করা হয়েছে?

Shri Ardhendu Shekhar Naskar:

এটা এখন পুলিশ এর তদন্তাধীনে আছে, এখনও রিপোর্ট পাওয়া যায়নি, কেমিকেল একজা-মিনার, গভর্নমেন্ট অব ওয়েষ্ট বেঙ্গলের ওপিনিয়নের অপেক্ষা করছি।

Shri Panchu Gopal Bhaduri:

মালিক গ্রেপ্তার হয়ে জামিনে খালাস আছে একথা সত্য কিনা?

Shri Ardhendu Shekhar Naskar:

আমার সেরকম সংবাদ নাই।

Shri Panchu Gopal Bhaduri:

কারখানায় যে তিন জন মারা গেছে তাদের বয়স হচ্ছে ১৫ থেকে ২০ বছরের মধ্যে এরকম কোন খবর জানেন কি?

Shri Ardhendu Shekhar Naskar:

যে তিন জন মারা যায়—এক জন তারক পাল, বয়স ২০ বছর, আর এক জন গোপাল রায়, বয়স ২০ বছর, আরেক জন স্বপন মল্লিক তার বয়স ১৮ বছর।

Shri Panchu Gopal Bhaduri:

এর ভিতর একজনের বাবা বৃদ্ধ কৃষিজীবী, উপার্জনে অক্ষম, এই কারখানায় যারা মারা গেছে তাদের ক্ষতিপূরণের ব্যবস্থা সরকার করবেন কিনা?

Shri Ardhendu Shekhar Naskar:

কেমিক্যাল একজামিনারের রিপোর্ট পেলে পর যদি চার্জশীট হয় তাহলে নিশ্চয়ই কমপেনসেশন পাবে।

Shri Panchu Gopal Bhaduri:

এক্সপ্লোশন হল, এটাই তো প্রমান, এতে কি কারখানার মালিকের দোষ প্রমাণিত হয়না?

Shri Ardhendu Shekhar Naskar:

সেটা এখন প্রকাশ করতে পারি না।

ফ্যাক্টরীতে যে ভি টাইপ প্রডাকশন হত, তাতে যে কন্টেনার পাওয়া যায়, সেটা হাইলী ইনফ্লেমে-বল, সেজন্য আশা করছি ক্যামিক্যাল এগজামিনার গভর্নমেন্ট অব ওয়েষ্ট বেঙ্গল, রিপোর্ট পেলে তার একটা ব্যবস্থা করতে পারবো, এবং আশা করছি যারা ক্ষতিগ্রস্ত হয়েছে, তারা কম-পেনসেসন পাবে।

[1-50—2 p.m.]

Shri Panchu Gopal Bhaduri:

ঐ কারখানায় যে জিনিস প্রস্তুত হোত তার জন্য লাইসেন্স ছিল না—একথা কি সত্য?

Shri Ardhendu Shekhar Naskar:

সে সংবাদ আমার জানা নেই।

Shri Panchu Gopal Bhaduri:

আপনি কি জানেন যে ঐ কারখানার মালিক মিঃ চৌধুরী—তিনি একজন কংগ্রেস সমর্থক।

Shri Ardhendu Shekhar Naskar:

এ সংবাদ আমি জানি না।

Statutory rationing in Calcutta

***10.** (Admitted question No. *227). **Shri Ananga Mohan Das:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা শহরে স্ট্যাটুটরি রেশনিং ব্যবস্থা প্রবর্তন হওয়ার ফলে প্রত্যেক লোক প্রতি সপ্তাহে কি পরিমাণ চাউল ও আটা পাইয়া থাকে;

(খ) চাউল ও আটা বা গম বাদে আর কি কি দ্রব্য রেশনে দেওয়া হয়; এবং

(গ) রেশনে পরিবেশিত খাদ্যবস্তুগুলির জন্য প্রত্যেকটির কি হারে মূল্য দিতে হয়?

Shri Smarajit Bandyopadhyay:

(ক) প্রত্যেক প্রাপ্ত বয়স্ক চাউল ১·২ কিলোগ্রাম এবং গম বা গমজাত দ্রব্য ১·২ কিলোগ্রাম ও অপ্রাপ্ত বয়স্ক উহার অর্দ্ধেক চাউল ও গম বা গমজাত দ্রব্য পাইয়া থাকে।

প্রতি ম্যানুয়াল ওয়ার্কার ইউনিটে প্রতি সপ্তাহে ৬০০ গ্রামে অতিরিক্ত গম বা গমজাত দ্রব্য দেওয়া হয়।

(খ) গমজাত দ্রব্য, অবশ্য গমের সর্বোচ্চ সীমার মধ্যে।

(গ)

		কিলোগ্রাম প্রতি
মোটা চাউল	...	৬৬ পয়সা
বেঙ্গল ফাইন	...	৮০ "
পাঞ্জাব বাসমতি	...	১১০ "
বেগমী আতপ	...	৭০ "
গম	...	৫০ "
আটা	...	৫৫ "
ময়দা	...	৭২ "
সুজি	...	৭৮ "

Shri Ananga Mohan Das:

আপনারা যে পরিমাণ চাল প্রতি লোককে দিচ্ছেন ১·২ কিলোগ্রাম এবং ১·২ কিলোগ্রাম গম দিচ্ছেন—এতে কি যারা পরিশ্রম করেন তাদের পক্ষে কুলিয়ে উঠে?

Shri Smarajit Bandyopadhyay:

পরিশ্রম যাঁরা করেন তাদের জন্য অতিরিক্ত ৬ শত গ্রাম দেওয়া হচ্ছে।

Shri Ananga Mohan Das:

আপনি হয়তো জানেন যে জেলে যে সমস্ত কয়েদীরা সিমপল ইনপ্রিজমেন্ট থাকেন তাদের প্রতিদিন আধ সের করে চাল দেওয়া হয়—তার চেয়ে যে কম দেওয়া হচ্ছে তাতে লোকের চলবে কি করে?

Shri Prafulla Chandra Sen:

প্রশ্নটা তো তা নয় আমাদের দেশে খাদ্যে অকুলান আছে—কাজে কাজেই আমরা বাধ্য হয়েছি রেশন করতে। রেশন আমরা কেন করেছি যাতে সকলে অন্ততঃ যারা ধনী তারা তো যে কোন মূল্যে কিনে খেতে পারেন কিন্তু যারা সবচেয়ে গরীব তারাও যাতে ন্যায্য মূল্যে কিনে খেতে পারে তার জন্য করেছি—কম আছে বলেই রেসন—সেইজন্য কম দেওয়া হচ্ছে। চলবে কি চলবে না, বল্লে তো হবে না। যেখানে রেশনিং হয় সেখানে কম থাকে বলেই তো রেশনিং হয়।

Shri Somnath Lahiri:

মন্ত্রী মহাশয় জানেন কি যে গত যুদ্ধের সময় যখন রেশনিং ছিল তখন মাথাপিছু সাড়ে তিন সের চাল আটা বা গম দেওয়া হোত সাধারণ লোকের জন্য। আর কায়িক পরিশ্রম যারা করেন তাদের আরও অতিরিক্ত দেওয়া হোত?

Shri Prafulla Chandra Sen:

গত যুদ্ধের সময় যখন প্রথম রেশনিং প্রবর্তন করা হয় তখন ভাল ফসল হয়েছিল ১৯৪৩ সালে এবং তার পরে এতো গুদামে জমে গিয়েছিল সরকারের চাল যে তারা স্কেলটা বাড়িয়ে দিয়েছিলেন—কিন্তু পরে ১৯৪৪ সালে যখন দেখা গেল যে বেশী মজুত নেই তখন রেশন কমতে কমতে তারা ১ সের ১২ ছটাক করেছিলেন সপ্তাহে। কাজে কাজেই মাননীয় সদস্য যে বল্লেন সেটা আংশিক সত্য।

Shri Anadi Das:

আমাদের দেশে যদি চাল কম থাকে —লোকে কম খাবে—কিন্তু উনি কি করে জানলেন সমস্ত চালটা প্রকিওর না করে যে আমাদের দেশে কত চাল হয়েছে এবং দ্বিতীয় আমরা খবরের কাগজে দেখেছি যে ৬০ লক্ষ টন আমাদের দেশে প্রডাকসন হয়েছে। যদি বাদ দেওয়া যায় নষ্ট-টষ্ট ধরে তাহলে ৫৬ লক্ষ টন থাকে—গম আমরা খাচ্ছি ১১।১২ লক্ষ টন, এখন বোধ হয় বেশী খাচ্ছি—বাৎসরিক প্রয়োজন ৬২ লক্ষ টন—তাহলে কেন আমরা ১৫ আউন্স করে অন্তত পাচ্ছি না?

Shri Prafulla Chandra Sen:

মাননীয় সদস্য যে সমস্ত হিসাব এই মাত্র বললেন তা সবই ভুল।

Shri Panchu Gopal Bhaduri:

মাননীয় মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করছি যে মাথা পিছু এখন কতটা খাদ্য ঠিক সপম্যান পরিমাণে বন্টন করলে পাওয়া সম্ভব তার পরিমাণটা জানাবেন কি?

Shri Prafulla Chandra Sen:

আমরা তো সমগ্র দেশে রেশন করিনি—আমরা রেশন করেছি শিল্পাঞ্চলে। মাননীয় সদস্য কিছু কম জানেন না আমার চেয়ে যে আমাদের দেশে যারা কৃষক তারা যত পরিমাণ চাল খায় —আমি আটা গমের কথা তুলছি না,—যারা কৃষক নয় তারা তাদের চেয়ে কম খায়। দেশে যত জীবনযাত্রার মান উন্নত হবে তত তারা তন্ডুল জাতীয় পদার্থ কম খাবে। যারা দু হাজার টাকা বেতন পায়—তারা চাল কম খায় কাজে কাজেই আমাদের গ্রামের লোক এক রকম খাবে আর সহরের লোক অন্য রকম খাবে। যারা বেশী কাজ করে তাদের জন্য আমরা অতিরিক্ত ব্যবস্থা করেছি।

Shri Bejoy Kumar Banerjee:

মাননীয় মুখ্যমন্ত্রী বল্লেন যে আমাদের এখানে ষ্ট্যাটুটরী রেশন হয়েছে। যাদের অবস্থা খারাপ —বড় লোকের মত তারা পয়সা দিয়ে কিনতে পারবে না, তাহলে এই যে ষ্ট্যাটুটারী রেশনিং হয়েছে সেখানে কি বেশী পয়সা দিলে চাল পাওয়া যাবে?

Mr. Speaker:

এটা কি কোয়েশ্চেন হোল?

Shri Prafulla Chandra Sen:

মাননীয় সদস্যদের মনে আছে কিনা জানি না আমাদের হাউসে এ পক্ষ ও পক্ষ দুই পক্ষের অনেকের মত ছিল যে সরকার ষ্ট্যাটুটারী রেশনিং করুন। আমরা যখন ষ্ট্যাটুটারী রেশনিং করলাম তখন অবশ্য অন্য কথা বলছেন এবং এটা মাননীয় সদস্যরা সকলেই জানেন যে ষ্ট্যাটু-টারী রেশনিং করলে পর সরকার নির্দিষ্ট পরিমাণ নির্দিষ্ট দরে ১২ মাস দিতে পারবেন—সেই ব্যবস্থাই করেছি।

Shri Somnath Lahiri:

মন্ত্রী মহাশয় জানাবেন কি যে আপনি যে মাথা পিছু ১২ শত গ্রাম চাল এবং ১০০০ গ্রাম আটা বা গম ধার্য করেছেন সেটা কি মানুষের পুষ্টির প্রয়োজনের ভিত্তিতে ধার্য করেছেন—না আপ-নাদের সরবরাহের ক্ষমতার ভিত্তিতে ধার্য করেছেন।

Shri Prafulla Chandra Sen:

দুটোর উপর ভিত্তি করেই ধার্য করা হয়েছে। পুষ্টির দিক দিয়ে এবং আমাদের সরবরাহ কি রকম তার উপর দৃষ্টি রেখে ধার্য করা হয়েছে এবং বার মাস আমরা এক দরে যাতে দিতে পারি তার উপরও দৃষ্টি রেখে ধার্য হয়েছে।

Shri Somnath Lahiri:

তাহলে সরকারের কি এই সিদ্ধান্ত যে এই পরিমাণ পুষ্টির প্রয়োজন সম্পূর্ণ রূপে মিটবে?

Shri Prafulla Chandra Sen:

আমাদের ভারতবর্ষে মাননীয় সদস্য জানেন আমরা যে পরিমাণ ক্যালোরী পাই খাদ্য মারফৎ পৃথিবীর বহু দেশে তার চেয়ে বেশী পায়। কাজে কাজেই উনি যে প্রশ্ন উঠিয়েছেন সেটা উঠতে পারে না।

Shri Kashi Kanta Maitra:

রাষ্ট্রমন্ত্রী শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায় মহাশয়, কিছুক্ষণ আগে চালের দাম যা বল্লেন সেটা আমার কানে গেল যে একটা চালের দাম—পাঞ্জাব রাইস বলে বল্লেন ১·১০ নয়া পয়সা এবং এই হাউসে মুখ্যমন্ত্রী এর আগের অধিবেশনে বলেছিলেন এ্যারোমেটিক রাইস সম্বন্ধে। এই যে পাঞ্জাব রাইস এক টাকা দশ নয়া পয়সা বলছেন—আমার কাছে একটা রেশনের দোকানের স্লিপ আছে—তাতে দেখছি আতপ চালের ঘরে কোন উল্লেখ নেই—শুধু দাম এক টাকা ১০ নয়া পয়সা এই দরে রেশনের দোকানে বিক্রী করেছে। ১·১০ নয়া পয়সা যে দামটা উনি বল্লেন আমি জিজ্ঞাসা করছি যে গভর্নমেন্ট নোটিফিকেসন করে চালের বিভিন্ন কোয়ালিটির যে দাম বেঁধে দিয়েছেন ১·১০ নয়া পয়সায় যে চালটা বিক্রি হচ্ছে রেশনিং অর্ডার বা প্রাইস কণ্ট্রোল অর্ডার বা নোটি-ফিকেসনে যে রেট বাঁধা আছে তার মধ্যে কি ১·১০ নয়া পয়সাটা পড়ছে—না তার বাইরে?

Shri Prafulla Chandra Sen:

আমরা পাঞ্জাব থেকে অতি মিহি চাল কিছু পেয়েছিলাম—বাসমতি এ্যারোমেটিক—সেই চালের এই দাম—তাতে আতপও আছে সিদ্ধও আছে।

Shri Kashi Kanta Maitra:

এখানে আতপের ঘরটা ব্ল্যাঙ্ক আছে—আমি কলকাতার দোকানে খবর নিয়ে দেখেছি যে যে চালটা ৮০ নয়া পয়সায় বিক্রি হচ্ছিল সেটা ১·১০ নয়া পয়সায় বিক্রি হচ্ছে।

Shri Prafulla Chandra Sen:

আমরা বাসমতি চালের দাম ১·১০ নয়া পয়সা করেছি—মাননীয় সদস্য যদি ৬৬ নয়া পয়সার চাল চান তাহলে তা কিনে খেতে পারেন।

Shri Panchu Gopal Bhaduri:

মন্ত্রী মহাশয় জানাবেন কি যে কারখানায় যারা হার্ড ওয়ার্ক করে তাদের জন্য রেশন বর্তমানে ২৪ শত গ্রাম থেকে বাড়িয়ে ৪ কিলো পর্যন্ত করার কোন রকম পরিকল্পনা তাঁদের আছে কিনা।

Shri Prafulla Chandra Sen:

না—নেই।

Shrimati Ila Mitra:

মুখ্যমন্ত্রী বল্লেন যে পাঞ্জাব বাসমতি যে চাল তার দাম রেশনের দোকানে ১·১০ নয়া পয়সা বেঁধে দিয়েছেন—একথা ঠিক নয়। পাঞ্জাব বাসমতি বলে যে চাল সেটা আমি গত সপ্তাহে-এর আগের সপ্তাহে ১·৩০ নয়া পয়সায় কিনেছি।

Shri Prafulla Chandra Sen:

আমার তো জানা নেই যে ১·৩০ নয়া পয়সা দাম বাঁধা হয়েছে বলে।

Shrimati Ila Mitra:

আমি মুখ্যমন্ত্রীকে জানাচ্ছি যে আমার জা এবং ভাসুর মালদা থেকে উপস্থিত হন—আমার কোন উপায় ছিল না বলে আমি রেশনের দোকান থেকে ১·৩০ নয়া পয়সায় গত সপ্তাহে এবং তার আগের সপ্তাহে চাল কিনেছি।

Shri Prafulla Chandra Sen:

আপনি অনুগ্রহ করে ঐ মেমোটা দিয়ে দেবেন।

Shri Khagendra Kumar Roychowdhuri:

১·১০ নয়া পয়সায় যে চাল বিক্রি করেছেন সেটা কিনছেন কত করে?

Shri Prafulla Chandra Sen:

আমাকে নোটিশ দিলে বলে দেবো।

Shri Amarendra Nath Basu:

গমের বদলে ময়দা এবং সুজি দেবার কথা আছে—কিন্তু বোধ হয় কলকাতার লোক এক মাসের মধ্যে ময়দা বা সুজী পাচ্ছে না—এটা কি পাবার কোন সম্ভাবনা আছে?

Shri Prafulla Chandra Sen:

আমাদের এখন ষ্ট্যাটুটারী রেশন পরিয়ায় যে পরিমাণ গম প্রয়োজন সেই পরিমাণ গম আমরা দিচ্ছি—কিন্তু যে পরিমাণ ময়দার প্রয়োজন তা আমরা তৈরী করতে পারছি না। কাজে কাজেই গম বেশী দিতে বাধ্য হয়েছি।

Shri Somnath Lahiri:

মাননীয় মন্ত্রী কি জানেন যে সমস্ত রেশনের দোকানে কয়েক বস্তা করে ময়দা সাপ্লাই করা হয়েছে—কিন্তু অর্ডার দেওয়া হয়েছে যে সেই সাপ্লাই এখন রিলিজ করবে না—সে সম্বন্ধে কবে রিলিজ করবেন বা কেন করছেন না সেটা একটু জানাতে পারেন?

Shri Prafulla Chandra Sen:

এমন কোন অর্ডার দেওয়া হয়েছে বলে আমি জানি না—খোঁজ করে দেখবো।

Influx of Refugees

[2—]2-10 p.m.)

Shri Sailendra Nath Adhikary:

স্পীকার মহোদয়, মাননীয় মুখ্যমন্ত্রী থেকে শুরু করে পুনর্বাসন মন্ত্রী পর্যন্ত সকলেই এই হাউসে বার বার বলে এসেছেন যে যারা নতুন উদ্বাস্তু আসছেন, তাদের সম্বন্ধে কোন ডিফারেন্সিয়েসন করা হবে না। রিগার্ডিং সিটিজেনসিপ সার্টিফিকেটস্, আমরা তাদের সেই কথাটা আমাদের গভর্নমেন্টের কথা হিসাবেই এই হাউসে ধরে নিয়েছিলাম এবং শুধু তাই নয় মিঃ স্পীকার, স্যার, ২৫এ ডিসেম্বর ১৯৬৪ সালে মুখ্যমন্ত্রী মহাশয় এই হাউসের কথা রিফ্লেকসন করে তিনি রেডিওতে বলেছেন যে ১-১-৬৪ তারিখের পর থেকে যারা আসছেন—আমারও তাই পয়েন্ট যে হাউস কি করে নেগলেট করছেন এবং এর পরে আপনি আপনার রায় দেবেন।

Mr. Speaker:

মিঃ অধিকারী, আপনি তাহলে ফর্ম্যাল পারমিসনটা নিয়ে নেবেন এবং আমি রুলটা ফলো করে দেখব, দেখে কন্‌সেন্ট দেব।

Shri Sailendra Nath Adhikary:

হোয়েদার ইট্ ইজ্ এ কোশ্চেন অব প্রিভিলেজ অর নট্ এটা আপনার কাছে জিজ্ঞাসা এবং আজকে দেখা যাচ্ছে কি স্যার যে ও'রা এক কথা বলছেন আর অর্থের অভাবে তাদের কোন রকম চাকরী দেওয়া হচ্ছে না এটা জানাবেন কি ?

Mr. Speaker: That cannot be the pretext for a long statement

সেটা আপনি অলওয়েজ করতে পারেন। আপনি রিটন্ কনসেন্টটা নিয়ে নেবেন।

certainly you have got the right and I will allow you.

Arrest of Shri Bejoy Pal, M.L.A.

Shri Jyoti Basu :

মিঃ স্পীকার স্যার, আমি একটি টেলিগ্রাম পেয়েছি। সেটা একটু গুরুত্বপূর্ণ বলে এখুনি আপনার দৃষ্টি আকর্ষণ করতে হচ্ছে। সেটা হচ্ছে এই

Dragged. Arrested. Assembly compound. Protest.

বিজয় পালকে ওরা ধরেছেন। কালকে আমি আপনাকে জিজ্ঞাসা করেছিলাম, আপনি আমাকে জানিয়েছিলেন যে বিজয় বাবুকে শুক্রবার দিন পুলিশে গ্রেপ্তার করেছেন ভারতরক্ষা আইনে। উনি ৪।৫ দিন অ্যাসেম্‌লি-তে এসেছিলেন, তারপর ও'কে গ্রেপ্তার করা হল। গ্রেপ্তার সম্বন্ধে কিছু বলার নেই। কারণ, সংসদীয় গণতন্ত্র ও'রা খতম করবেন এই সিদ্ধান্ত নিয়েছেন। কিন্তু আমি জানতে চাচ্ছি আপনি এখানে স্পীকার, এই যে ড্রাগড্,

arrested. Assembly compound.

বিজয় পাল তাঁকে ড্রাগড্ করবার দরকার কি? অ্যাসেম্বলি কম্পাউণ্ডে গ্রেপ্তার করবার অনুমতি কে দিল? এজন্য পুলিশ কি আপনার অনুমতি নিয়েছিল? এই গ্রেপ্তার করবার আগে বিজয় পাল একটু অসুস্থ ছিল। আমি জানিনা সে অবস্থায় সে কদিন বাঁচবে। তা সত্ত্বেও ৪।৫ দিন অ্যাটেণ্ড করল। ডেলি ট্রামে বাসে যাচ্ছে, বাড়ীতে গিয়ে তাঁকে ধরতে পারত, কিছু করতে পারত। অথচ এখানে এই যা দেখছি টেলিগ্রামে ধরা হল। এই টেলিগ্রাম মেদিনীপুর থেকে এসেছে। তাঁকে দমদম জেলে নিয়ে গেল না, নিয়ে গেল মেদিনীপুর জেলে।

Mr. Speaker:

মিঃ বোস, আমিও ঠিক কালকে সন্ধ্যাবেলা এই রকম একটা টেলিগ্রামের কপি পেয়েছি এবং আমি এ ব্যাপারটা ঠিক জানি না। তবে আমাদের কম্পাউণ্ড-এর মধ্যে কোন পুলিশ অফিসারের ধরার কোন অধিকার নেই। টেলিগ্রামে যা লিখেছে আমি নিশ্চয়ই এনকোয়ারী করব এবং করছি।

Shri Jyoti Basu:

আপনি এটা আমাদের জানাবেন। অবশ্য সরকার তো মিথ্যা কথা বলে দেবে, তবুও ফরম্যালি...

Mr. Speaker:

আমাদের এই হাউসে প্রিসিন্টস্-এ ধরবার কোন ক্ষমতা নেই।

Shri Jyoti Basu:

আমি জানি ও'রা ধরেছেন তবুও ও'রা বলবেন না। ওরা ঠিক করে নিয়েছেন যে সত্য কথা কখনও বলবেন না। কিন্তু তবুও আমি আপনার কাছে এই কথা বলছি যে ইন্ রাইটিং আপনি পুলিশ কমিশনার, হুএভার ইজ্ ইন্ চার্জ তাঁর কাছ থেকে এই সংবাদটা এনে আমাদের এখানে জানাবেন যে কেন, কোন অধিকারে তাঁরা এই জিনিস করে।

Shri Sailendra Nath Adhikary:

স্যার, উনি যেটা বললেন আমি একটা জিনিস আপনার সামনে রাখতে চাই। এই ব্যাপারে মাননীয় সদস্য......

Mr. Speaker:

মিঃ অধিকারী, অনারেবল মেম্বারস্ প্রিভিলেজ রাইট-এর সম্বন্ধে আপনি আবার কি এ্যাড করবেন?

Shri Sailendra Nath Adhikari:

আমি প্রিভিলেজ রাইট-এ কিছু এ্যাড্ করছি না তবে ওটাকে আপনার কাছে একটু তুলে ধরছি যে উনি টেলিগ্রাম করেছেন আপনার কাছে। কাজেই অনারেবল মেম্বার এটা কি প্রিভিলেজ নয় বা প্রাইমাফেসি নয়? আপনি এটাকে সত্য বলে স্বীকার করে সে সম্বন্ধে অ্যাকসান নেবেন। যেহেতু অনারেবল মেম্বারস টেলিগ্রাম বলে আমি জানতে পারলাম, আমাদের কি এই প্রিভিলেজ নেই যে আমরা আপনার কাছে জানালে সেটা কি......

Mr. Speaker:

সেই জন্যই তাঁকে অ্যালাও করা হয়েছে। এই জন্যই জ্যোতিবাবুকে আন ইণ্টারাপটেড্ বলতে দেওয়া হয়েছে এবং এই জন্যই অ্যাসিওরেন্স দেওয়া হয়েছে—আমি পেয়েছি, খোঁজ করছি, তদ্বির করছি, পরে রিপোর্ট দেওয়া হবে। এই সিরিয়াস জিনিসটাকে আপনি লাইট করে নেবেন না।

HELD OVER STARRED QUESTIONS
(to which answers were laid on the table)

Allowances for moisture in newly harvested paddy

***11.** (Admitted question No. *233.) **Shri Jamini Bhusan Saha:** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) whether there is any Government order for making allowances for moistrue in the newly harvested paddy; and

(b) if there be such order, what is the rate of allowance and up to what time such allowance is to be made?

The Minister for Food and Supplies: (a) Yes. By Order No. 25-FS, dated 4th January, 1965. Government have fixed the limit up to which moisture content in the different varieties of Aman Paddy irrespective of

whether the paddy is newly harvested or not, will be allowed by Government, while purchasing the same from the producers.

(b) A statement is enclosed herewith.

Statement referred to in reply to clause (b) of the starred Assembly Question No. 233

Allowance for moisture in Paddy.

1	2	3	4
Varieties of Paddy	Tolerance limit. Allowance without Batta for fair average quality.	Rate of Batta by which the price of Paddy per Quintal offered by Producers shall be reduced by Government where Moisture content exceeds Tolerance Limit	Rejection limit (in case of Govt. Purchases).
	Per cent		Over per cent
Aman paddy (common) ..	12	58 paise per quintal for every 1 per cent over 12 per cent. up to 14 per cent. and Rs.1.16 per quintal for every 1 per-cent. over 14 per cent. up to 16 per cen .	16
Aman paddy (Fine) ..	12	62 paise per quintal for very 1 per cent. over 12 per cent up to 14 per cent. and Rs.1.24 per quintal for every 1 per cent. over 14 per cent. up to 16 per cent.	16
Aman paddy (Superfine) ..	12	66 paise per quintal for every 1 percent over 12 per cent. up to 14 per cent. and Rs.1.32 per quintal for every 1 per-cent. over 14 per cent. up to 16 per cent.	16

Quality of rice supplied through rationing

*12. (Admitted question No. *237.) **Shri Gopal Basu:** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) whether he is aware of the public complaints about the bad quality of the rice supplied to the ration card holders in the statutory rationing area;

(b) whether it is a fact that stone chips are found in the rice supplied of the ration card holders;

(c) if the answers to (a) and (b) are in the affirmative, what steps are being taken to improve the quality of the rice to be supplied to the ration card holders; and

(d) whether Government has any contemplation to increase the quota of wheat and rice per unit?

The Minister for Food and Supplies: (a) There is no such specific complaint.

(b) In some cases stone chips were found, and that unavoidably, in the rice procured particularly from Bankura, Birbhum and some parts of Midnapore and Burdwan districts.

(c) Better quality of rice as available is now being supplied to the ration shops.

(d) There is no such contemplation at the present moment.

Issue of ration cards

*13. (Admitted question No. *238.) **Shri Tarun Kumar Sen Gupta:** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) it is a fact that though statutory rationing has been introduced in Greater Calcutta area from 5th January, 1965, quite a large number of people have not yet got their ration cards; and

(b) if the answer to (a) be in the affirmative, what steps are being taken to expedite issuing of ration cards to such persons?

The Minister for Food and Supplies: (a) On 1st January, 1965, there were 1,06,514 applications pending for new ration cards. This number has since been reduced to 94,503 as on 24th January, 1965.

(b) Appropriate actions are being taken to expedite the disposal of the pending ration cards—Police was also requested to assist us in holding enquiry quickly.

Scarcity of "dal" and mustard oil

*14. (Admitted question No. *240.) **Shri Niranjan Sen Gupta:** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) whether he is aware that mustard oil and dal have become very much scarce both in Calcutta and in districts;

(b) whether Government has come across any instance whether mustard oil had been sold by the traders over the controlled price fixed by the Government; and

(c) if the answers to (a) and (b) are in the affirmative, will the Minister be pleased to state what steps are being taken to make mustard oil and dal available easily at controlled price?

The Minister for Food and Supplies: (a) Mustard oil and certain varieties of dal were in short supply.

(b) Police had come across instances where mustard oil was sold by traders over the controlled price fixed by the Government.

(c) This Government arranged with the U.P. Government to allow export of mustard seeds/mustard oil in favour of oil mills/traders nominated by this Government. Similar nomination for import of dal was also sent to the producing States.

This Government has also imported Canadian rape seeds which are being crushed in Calcutta and in Districts for supply of Canadian rape seed oil through A. B. Shops in Calcutta and in Districts through the channel of distribution as decided by the District Magistrates/Deputy Commissioners.

Flour mill owners

***15.** (Admitted question No. *2.) **Shri Kashi Kanta Moitra:**

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলকাতার যেসব ময়দাকলের মালিকদের বিরুদ্ধে চোরাকারবার, অতিমুনাফাবাজী ও [illegible] জন্য গ্রেপ্তার পরোয়ানা জারী হয়েছিল তাদের মধ্যে এ পর্যন্ত মোট কতজনকে আটক করা হবেছে বা কতজন আদালতে আত্মসমর্পণ করেছে;

(খ) উক্ত সমস্ত ময়দাকলের মালিকদের নাম ও ঠিকানা এবং প্রাইভেট লিমিটেড কোম্পানী হলে তার ডিরেক্টারদের নাম ও ঠিকানা কি; এবং

(গ) যারা আজও গ্রেপ্তার হয় নি, তাদের সম্বন্ধে পুলিশের রিপোর্ট কি?

The Minister for Home (Police):

(ক) গত ৩-২-৬৫ তারিখ পর্যন্ত ময়দা কলের মালিক অথবা অংশীদার অথবা কর্মকর্ত্তা এইরূপ মোট ১৬ জন ব্যক্তিকে জণসাধারনের জন্য অবশ্য প্রয়োজনীয় দ্রাব্যাদি সরবরাহে বিঘ্নকর কার্য্য হইতে নিরোধ করার জন্য আটক করা হয়।

(খ) উক্ত ১৬ জন আটক বন্দীদের নাম ও ঠিকানা পরিশিষ্ট 'ক' এ দেওয়া হইল। ইহা ব্যতীত অন্যান্য বিবরণ সরকারের সঠিক জানা নাই।

(গ) প্রশ্ন উঠে না।

পরিশিষ্ট 'ক'

ময়দা কলের মালিক অথবা অংশীদার অথবা কর্মকর্ত্তা এইরূপ যে ১৬ জন ব্যক্তিকে আটক করা হয় তাঁহাদের নাম ও ঠিকানা

নাম	ঠিকানা
১। শ্রীভগবতী প্রসাদ আগরওয়ালা	৫০, বিবেকানন্দ রোড।
২। শ্রীগিয়ারসিলাল সা	৯৩ ও ১০১, ডায়মন্ডহারবার রোড।
৩। শ্রীতুলসী প্রসাদ সা	৯৩ ও ১০১, ডায়মন্ডহারবার রোড।
আলোচনা বা কোন রকম নির্দেশ আমরা এই ভাষণ থেকে পাইনি। মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার কাছে এরপরে আমার বর্ধমান জেলায় প্রশাসনিক ব্যবস্থার মধ্যে যে ভয়ংকর অবস্থা দেখা দিয়েছে তার সম্বন্ধে কিছু আলোচনা করব। কিন্তু তার পূর্বে কৃষি ব্যবস্থা সম্বন্ধে আপনার কাছে একটা কথা বলতে চাই। দুটো দিক থেকে দেখা যায়—প্রশাসনিক দুর্নীতি বলুন আর প্রশাসনিক অকর্মণ্যতা অক্ষমতাই বলুন, আমাদের বর্ধমান জেলায় কৃষি ব্যবস্থা ব্যর্থ হয়েছে। স্যার, আপনি জানেন এই আগের ভাষণে সরকার পক্ষ থেকে বলেছিলেন যে বর্ধমান জেলায় ফোর্ড ফাউণ্ডেশান বা প্যাকেজ স্কীম কৃষি ব্যবস্থায় চালু করা হয়েছে, সেটা আপনারা শুনেছেন। কিন্তু আজকে এই কোটী কোটী টাকা সেখানে খরচ করা হচ্ছে। মাননীয় স্পীকার মহোদয়, আপনি বর্ধমানের গ্রামাঞ্চলে গেলে দেখতে পাবেন—অসংখ্য বিজ্ঞাপন —ছাপান কাগজের বিজ্ঞাপন নয়, টীনের পাতে রং দিয়ে লেখা বিজ্ঞাপন টাঙ্গান আছে "আলু চাষের প্রদর্শনী ক্ষেত্র" বলে আপনি দেখতে পারেন। কিন্তু যে জমির উপর প্রদর্শনী ক্ষেত্র বলে লেখা আছে—সেটা দেখবেন চার বিঘের মত একটা জমি, সেই জমির উপর অন্ততঃ হাত তিনেকের উপর জল জমে আছে। তেমনি আরো দেখতে পাবেন "পেঁয়াজ চাষের প্রদর্শনী ক্ষেত্র" বলে বিজ্ঞাপন। সেই জমিটা হচ্ছে একটা পুকুর বা ডাঙ্গা যেখানে জল পোঁছায় না, অথচ প্রদর্শনী ক্ষেত্র হয়ে আছে। আজকে দেখে আশ্চর্য হবার নয়—ফোর্ড ফাউন্ডেশন-এর কৃতিত্বে বা প্যাকেজ স্কীম-এর কৃতিত্বে আমরা যে কত টাকা পেয়েছি—তা আমি জানি না। কিন্তু তার মহিমাগান করা হয়েছে। কিভাবে না, আমাদের দেশে চাষের ক্ষেত্রে বিরাট বৈপ্লবিক পরিবর্তন যে আনা হচ্ছে তা এইভাবে দেখান হচ্ছে।

মাননীয় স্পীকার মহাশয়, আজকে কৃষি ব্যবস্থায় যে সংকট দেখা দিয়েছে, সেই সঙ্কটের সম্বন্ধে আমরা মাননীয় রাজ্যপালের বক্তৃতার মধ্যে কোন রকম উল্লেখ বা পরিচয় দেখতে পাই নি। আমরা জানি যখন কার্তিক মাসে আলু চাষের জন্য সুপারফসফেট সার অত্যন্ত প্রয়োজন, আপনি খবরের কাগজে দেখলে দেখতে পাবেন যে পশ্চিমবাংলায় যে সামান্য সুপারফসফেট পাওয়া যায় যা আমরা উৎপাদন করে থাকি,—সেই সুপারফসফেট সার অন্য প্রদেশে চালান করে দেওয়া হয়েছে, তার ফলে আমাদের দেশে সরষের খোলের দাম বেড়েছে, ৬৬্ টাকা বস্তা পর্যন্ত হয়েছে—যার এখন ২৬।২৭ টাকা বস্তা বিক্রয় হচ্ছে। অথচ সেই খোলের বস্তা কার্তিক মাসে ৬৬ টাকা বস্তা বিক্রী হয়েছে, আর সেই সময় আমাদের সরকারী অফিসাররা এই রাজ্যের বাইরে সেই সুপারফসফেট চালান দিয়েছেন, যে কথা সংবাদপত্রে প্রকাশিত হয়েছে। স্পীকার মহাশয়, আমি যদি বলি সরকারী অফিসাররা এই সুপারফসফেট বাইরের প্রদেশে চালান দিতে সাহায্য করেছে এবং যারা খোলের মার্চেন্ট ৬৬্ টাকা খোলের বস্তা বিক্রী করেছে, তাদের সঙ্গে যোগসাজসে এই জিনিস তাঁরা করেছেন, তাহলে একথা প্রমাণ করবার জন্য কি হাইকোর্টের কোন বিচারককে বসাতে হবে? একথা স্পষ্ট মনে হয় এই বাংলাদেশের সুপারফসফেট বাইরে চালান দেওয়া হয়েছে এবং এই জন্য তা করা হয়েছে —এদেশে সরষের খোলের মালিক যারা আছে, তাদের সাহায্য করবার জন্য, তাদের ৬৬ টাকা দরে বস্তা বিক্রয় করবার জন্য।

এখানে কৃষি সংকটের আর একটা রূপের কথা এখানে বলি। সেটা হচ্ছে এই যে এখানে বলা হচ্ছে - এখানে লক্ষ্য করছি—যেহেতু আমাদের সহরে বসে জনসাধারণের ভয়েস্ তোলার ক্ষমতা এখানে বেশী আছে, যদিও ভোটের মাধ্যমে নির্বাচিত হয়ে গ্রামের লোক বেশী আসে, তাই সহরের লোকের কথাটার স্বীকৃত হয়ে গেল ; গ্রামের লোকের কোন কথা শোনা হল না। কাজেই কলকাতা সহরে রেশনিং চালু করা হয়েছে। কিন্তু রাজ্যপাল বলছেন এটা একটা কারেজাস স্টেপ। যেন এর পূর্বে অন্য কোথাও এটা হয়নি, ভারতবর্ষের অন্য কোন প্রদেশে হয়নি! এটা একটা বিরাট কারেজাস স্টেপ কি জন্য? না গরীব মানুষকে ন্যায্য মূল্যে এ'রা খাদ্য দিচ্ছেন!

[2-20—2-30 p.m.]

কেন এটা এতকাল ধরে হয়নি, আগের বছর কেন করা হয়নি, দাবীতো আমরা করেছি, কিন্তু এর মধ্যে একটা মিথ্যা রয়েছে। কলকাতা এলেকায় যেখানে রেশনিং চালু করা হল সেখানে সাধারণ মানুষকে তিন টাকা দরে চিনি কিনতে হচ্ছে, আজকে কলকাতায় এই রেশনিং চালু

থাকাকালীন আপনি জানেন মাননীয় স্পীকার মহাশয়, ব্ল্যাক মার্কেটিং-এ দ্ন টাকা করে ময়দা বিক্রী হচ্ছে, ঈদের আগের দিন এক কেজি সেমাই ৫ টাকা দরে বিক্রী হয়েছে, যা ১ কেজি ময়দায় তৈরী হয়, তার দাম সাড়ে চার টাকা ৫ টাকা এবং এই দামেই সাধারণ ম্নসলমানকে গরীব ম্নসলমানকে কিনতে হয়েছে, এই দাম কলকাতা সহরেই দিতে হয়েছে, পল্লী বাংলার তো কথাই নাই, তিন টাকা দর চিনি এবং ৫ টাকা থেকে ৮ টাকা পর্যন্ত দরে পল্লীগ্রামে সেমাই বিক্রী হয়েছে। এবং এই অবস্থা চলছে। মাননীয় রাজ্যপাল মহোদয়া কি জানেন না পল্লী বাংলায় এক ছটাকও এসব পাওয়া যায় না? সেখানে ১৩।১৫ টাকা দরে আউস ধান বিক্রী করে চাষী তার বদলে দ্ন কেজি সর্ষে তেল পেয়েছে। এই তো অবস্থা। তাও পাওয়া যায়নি, ১৩ টাকায় ধান বিক্রী করে চাষী দেড় কেজির দাম দিয়েছে, এই ভাষণের মধ্যে বাংলার কৃষি সংকটের কোন চিত্র পাওয়া অসম্ভব। পল্লী বাংলায় এই অবস্থা চলেছে। কেন এর প্রতিফলন এতে পাইনা। একথা সত্য যে কলকাতায় আমরা ষ্ট্যাট্নটারী রেশনিং চেয়েছিলাম, কলকাতায় ষ্ট্যাট্নটারী রেশনিং চাল্ন হলে ধানের দরের যে অবস্থা দাম বেড়ে যাওয়া সেটা থাকবে না, কিন্তু আমি বলতে চাচ্ছি ধানের দাম বেড়ে গেলেই যে কৃষির উন্নতি হয়ে গেল তা হচ্ছে না। যে দরে ধান বিক্রী হচ্ছে সারা বছর ৩০ টাকা চাল পেতে গেলে চাষীরা ১৭ টাকা করে ধান বিক্রী করলেও প্রফিট রেখেও ব্যবসাদারদের ব্যবস্থা রেখেও সর্বকিছ্ন রেখেও সেই দামে চাল বিক্রী হতে পারে, কিন্তু চাষীদের সে দাম দিচ্ছেন না। চাষীরা অধিকাংশ জায়গায় মার খাচ্ছে, এর সব চেয়ে মজা হচ্ছে জান্নয়ারী মাসে কি মাঘ মাসে চাষীদের যে ম্নল্য পাওয়া দরকার তা তাঁরা পাচ্ছেন না আষাঢ় শ্রাবণ মাসে যে দরে তাদের কিনতে হয় তার কোন রেশনিং ব্যবস্থা চাল্ন নাই। আজকে চাষীকে তার ধান বিক্রী করে সর্ষে তেল কিনতে হচ্ছে, কাপড় কিনতে হচ্ছে, আষাঢ় শ্রাবণ মাসে তাদের কি অবস্থা হবে, মহাজনের বাড়ী থেকে তাদের চড়া দরে কিনতে হয় এবং শোধ দিতে হয় ২৩।২৪ টাকা থেকে ২৮ টাকা পর্যন্ত। এই অসহায় অবস্থা থেকে বাংলার চাষীদেরকে ম্নক্ত করার কৃষি ব্যবস্থাকে ম্নক্ত করার কোন শব্দ এই ভাষণের মধ্যে নেই বা আছে বলে আমার মনে হয়নি। আমি এসেছি এমন একটি এলেকা থেকে যেখানে কোন রকম কল চাল্ন হয়নি এক হাস্কিং মেশিন ছাড়া। সেই হাস্কিং মেশিনের কি অবস্থা? আমি কদিন আগে গেছলাম ম্নখ্যমন্ত্রী মহাশয়ের কাছে, হাস্কিং মেশিনগ্নলি ভেংগে পড়ে আছে তার জন্য তারা লাইসেন্স নিয়েছে অথচ আজকে সেই হাস্কিং মেশিনগ্নলি বিকল হয়ে পড়ে আছে, যে হাস্কিং মেশিনগ্নলি পল্লীগ্রামে গ্রামে চাল্ন হয়েছিল সেগ্নলি আজকে এন্তার ভেংগে পড়ে আছে বিকল হয়ে পড়ে আছে, সেখানে কোন রাইস মিল নেই, হাস্কিং মেশিন নেই, তাই চাষীরা আজকে বাধ্য হচ্ছে ধান বেচতে, অথচ সেই ধান চাল করে বিক্রী করলে দাম কিছ্ন বেশী পেত, কিন্তু ঢেঁকির ব্যবস্থা নেই বলে তা তারা পারেনা, হাস্কিণ মেশিনের ব্যবস্থা থাকলে তা তারা করতে পারত। স্নতরাং অবস্থা দাঁড়াচ্ছে, এক দিকে চাল করবার ব্যবস্থা নেই, নষ্ট হয়ে গেছে, হাস্কিং মেশিনগ্নলি বন্ধ আছে চাল করতে পারছে না, এই রকম অবস্থায় চাষীকে ধান বিক্রী করতে হচ্ছে। ধান এবং চালের দামে ব্যবধান আছে, চাষী তাই সেখানে মার খাচ্ছে, গ্রোয়াররা মার খাচ্ছে, সব দিক থেকেই আজকে গ্রোয়াররা মার খাচ্ছে—একবার কিনবার বেলা আবার বিক্রী করবার বেলায়। এ অবস্থা ম্নক্ত করার কোন উপায় বা ব্যবস্থা দেখতে পাচ্ছি না। আজকে চাষীকে ৬৬ টাকা দরে খোল কিনতে হচ্ছে ৩২।৪০ টাকা দরে আল্নর বীজ কিনতে হচ্ছে, এত দাম দিয়ে যে আল্ন উৎপাদন করলে সে আল্ন ১২।১৩ টাকা দরে বিক্রী করে দিতে হচ্ছে, এই আল্ন চাষীদের বাঁচাবার কোন ব্যবস্থা দেখছি না, একমাত্র কোল্ড ষ্টোরেজে যদি বাঁধা রাখতে পারত তাহলে হত কিন্তু সাধারণ চাষীর পক্ষে তা সম্ভব হচ্ছে না। আমি গ্রামের চাষীদের অবস্থা জানি তারা যে কোল্ড ষ্টোরেজে আল্ন রেখে দেবে তাদের সেরকম অবস্থা নয়, আল্ন এখন না বিক্রী করলে তাদের সংসার চলে না তাদের খাওয়া দাওয়া চলেনা, কাপড় ইত্যাদি কিনতে পারেনা, কাজেই তাদের কোন উপায় নাই। চাষীদের এই অসহায় অবস্থার কথা প্রত্যেকবারই যতবার রাজ্যপাল ভাষণ দেন তখন আমি বলি, বলবার চেষ্টা করি কিন্তু এই বাংলাদেশের কৃষক মারা যায় তাদের বাঁচবার জন্য সত্যিকারের কোন উপায় করছেন না। আমি বার বার করে বলছি আজকেই একথাই বলছি যে গ্রামে এই পরিস্থিতি দাঁড়িয়েছে কিন্তু অবস্থা একই ভাবে চলছে।

আস্নন এর পর সেচের দ্নর্ভাগ্যের কথা বলি। সেচ সম্বন্ধে যে প্রশ্নগ্নলি রয়েছে, সেচ সমবায় এবং কৃষি এই তিনটি বিষয়কে আমি একত্র করে দেখবার চেষ্টা করেছি, কিন্তু কোন ন্নতন

জিনিষ নূতন দৃষ্টেভংগী কি আমরা পেয়েছি? আমাদের কতগুলি প্রজেক্ট আছে। বড় বড় প্রজেক্টের কথা এখানে আছে, ছোট স্কীমের কথাও আছে, বড় বড় প্রজেক্টে দ্বারা আমরা বেশী লাভবান হতে পারিনি, তার বহু উদাহরণ দেওয়া হয়েছে। দামোদর প্রজেক্টের কথা বলা হয়েছে, আমি একটা উদাহরণ দিচ্ছি। দামোদর প্রজেক্টে আলু চাষের জন্য জল দেওয়া হয়, এমন অবস্থা হয়েছে পাকা ধানের উপর দিয়ে সেই জল প্রবাহিত হচ্ছে, সেই খবর কি মন্ত্রী মহাশয় রাখেন? তা তো রাখেন না? যখন পাকা ধান উঠে তখনই আলু চাষের জন্য জল দরকার হয়, আলু চাষের জন্য যখন জল দেওয়া হয়, তখন পাকা ধান সেই জলে ডুবে যায়, ফলে যে বিঘাতে ১৫ মণ করে ধান হয় সেখানে ১০ মণ করেও ধান হয়না। এই অবস্থার প্রতি আমি সরকারের দৃষ্টি আক-র্ষণ করি। এই অবস্থার প্রতিশেধক কৃষি বিভাগ থেকে সেচ বিভাগ থেকে আছে কি? দামো-দর ক্যানেলে বাঁধ দিয়ে আলু চাষের এলেকায় যে জলটা যায়, সেই বাঁধটা সংরক্ষণের দরকার, বাঁধ থাকলেও জলটা উপচে পড়ে যায় কিংবা ইঁদুরের গর্ত দিয়ে জলটা বেরিয়ে যায়। কিংবা আলু চাষের সময় যার নিজের গরজ নাই সে হয় খুলে রেখে দিলে তাতে জলটা বেরিয়ে গেল এবং প্রচণ্ড পরিমাণ ক্ষতি তাতে হয়ে গেল, কাজেই এই অবস্থাটা আমি আপনার কাছে তুলে ধরতে চাই। এ কথাটা এখানে বলেন বর্ধমান জেলার লোক খুব লাভবান হচ্ছে, বর্ধমান জেলার ধানচাষী বড় হয়ে গেল, কিন্তু বর্ধমান জেলার কৃষি উৎপাদকদের উপর দিয়ে যে ক্ষতিগুলি চলে যাচ্ছে যে আঘাতগুলি চলে যাচ্ছে, সেগুলো এখানে তুলে ধরা হয়না। সেচ বিভাগের মন্ত্রী মহাশয় সেদিন এখানে বলছিলেন যে সমস্ত জমিতে জল দেওয়া হয়নি, সেই সমস্ত জমির জন্য কোন রকম ট্যাক্স ধার্য করা হয়নি। কিন্তু বেশীর ভাগ জায়গায় যেখানে চাষীরা জানেও না জল পেয়েছে সেখানে, অথচ সরকার থেকে হিসাব করে বলে দিলেন এত পরিমাণ জল পেয়েছে সেখানে, জল পেয়েছে এই নোটিশ গেলে ৩০ দিনের মধ্যে অবজেকশন ফাইল করতে হবে, এই টাইমের মধ্যে যদি খবর না যায় তাহলে তাকে ট্যাক্স দিতে হবে। এখন ৪ বছর পর হয়ত নোটিশ পাওয়া গেল তোমার এত টাকা বাকী, জীবনে তিনি হয়ত কোন দিন জল পাননি, এই অবস্থায় আজকে নিয়ম আছে অফিশিয়েল গেজেট দিলেই হবে

Notification in the official gazette is the sufficient notification.

গেজেটে দিলেই সবাই নোটিশ পেয়ে গেল, ক্যালকাটা গেজেটে বলে দিলে যে এই জায়গায় জল দেওয়া হয়ে গেছে, এই রকম অবস্থা চলছে। এখন বর্ধমান জেলার কত পরিমাণ জমি ক্যানালের জন্য নেওয়া হয়েছে এবং কত পরিমাণ জমি উপকার পেয়েছে তার হিসাব আজ পর্যন্ত নেওয়া হয়নি। আমরা ক্যানেল ট্যাক্স সমানে দিয়ে যাচ্ছি যেখানে কোন উপকার পাচ্ছি না সেখানেও, প্রতিবাদ করেও কোন লাভ নাই, সার্টিফিকেট জারী হয়ে যাচ্ছে, ট্যাক্স আমাদের দিতেই হবে। এমন অনেক জায়গা আছে যেখানে জমি নিয়ে নেওয়া হয়েছে, আজ থেকে ১০ বছর আগে আবেদন নিবেদন করেও সেই সব জমিতে ক্ষতিপূরণ পাওয়া যায়নি, খাজনা মকুব পর্যন্ত হয়নি। ক্যানেলের জমি নিয়ে গেছে রাস্তার জমি নিয়েছেন কিন্তু সেই জমির যে খাজনা মকুব পাব আমাদের গভর্নমেন্টকে রেভিনিউ দিতে হবেনা, তা হয়নি। হয়ত আমার ৪ বিঘা জমি আছে তার দু বিঘা গভর্ণমেণ্ট একুয়ার করলেন, বাকী দু বিঘা যে রেহাই করে খারিজ করে দেবেন সে পর্যন্ত হচ্ছেনা। সমস্ত কৃষি এলেকা বর্ধমানের সম্বন্ধে আমি একথা বলতে পারি, অন্যান্য জেলার কথা বন্ধুরা বলতে পারেন, বর্তমানে এই অবস্থা হয়েছে।

Government acquired land acquired for canal purposes, acquired for road purposes, acquired for many other purposes.

গভর্নমেন্ট যদি আংশিক জমিও নেন তাহলেও সমস্ত জমির জন্য ক্যানেল ট্যাক্স পে করে দিতে হচ্ছে। আবেদন নিবেদন করেও কোন ফল পাওয়া যায়নি। ভাল অফিসার হলে ফল পাওয়া যায় নইলে পাওয়া যায় না।

[2-30—2-40 p.m.]

স্যার, আমার বলবার অবসর বেশী নেই বলে আমি সংক্ষেপে শেষ করব। আমি আপনার কাছে প্রথমেই বলেছিলাম দুর্নীতির কথা। দুর্নীতি বর্ধমানে কি পর্যায়ে এসেছে দেখুন। বর্ধমান এমন একটি জেলা যার প্রতি মুখ্যমন্ত্রীর অনেক নজর আছে এবং কংগ্রেস দল দুর্গাপুরে

একটা সম্মেলনও করেছেন এবং ৫ কোটি টাকা খরচ করেছেন। প্যাকেজ স্কীম-এ বহু চাষীকে তাঁরা ধরবার চেষ্টা করেছেন, ভোটের জন্য তৈরী করার চেষ্টা করেছেন। কিন্তু এটা করতে গিয়ে এমন একটা দুর্নীতির চক্র বর্ধমানে করেছেন যা বলা যায় না। বর্ধমানের ডি, এম, আসানসোলের অফিসার ইত্যাদি সমস্ত লোক এমনভাবে পোষণ করছেন এবং দুর্নীতির চক্র করছেন যা সাধারণ সংবাদপত্রেও বার বার লেখা হয়েছে। আপনি জানেন বর্ধমানের ডি, এম,—মিস্টার কে, পি, এস, মেনন সম্বন্ধে সংবাদপত্রে বেরিয়েছিল যে এক্সপ্লোসিভ এ্যাক্ট-এর আসামীকে পর্যন্ত ছাড়াবার জন্য কংগ্রেসের পেটোয়া লোক গিয়ে খোসামোদ করছেন ছাড়ার জন্য এবং তিনিও তাকে ছেড়ে দিয়েছেন। তাঁর স্বজন পোষণের কথাও সবাই জানে। এই সমস্ত খবর আমার কথা নয়, সংবাদপত্রের খবর। আমি আপনার কাছে আর একটি সংবাদ দিচ্ছি। এটা হচ্ছে আসানসোল মিউনিসিপ্যালিটির কথা। আজ ৭ বছর ধরে আসানসোল মিউনিসিপ্যালিটি সুপার্সিডেড হয়ে আছে। ফজলুর রহমন সাহেবের প্রিডিসেসর থেকে আরম্ভ করে এ পর্যন্ত তাকে সুপারসেসন করে রাখা হয়েছে এবং তার এক্সটেনশন চালিয়ে যাওয়া হচ্ছে। এর কোন অজুহাত নেই যে কেন সুপারসেসন করে রাখা হয়েছে। কারণ আসানসোল মিউনিসিপ্যালিটিতে লেফটিস্ট মেজরিটি হয়েছিল বলে আজ ৭ বছর ধরে সুপারসিডেড করে রাখা হয়েছে এবং তার লাইফ এক্সটেন্ড করা হচ্ছে। এ বিষয়ে সেখানকার জনমত কি বলে সেটা শুনুন। এ বিষয়ে হিন্দুস্থান স্ট্যান্ডার্ড-এ ২৬ তারিখের প্রকাশিত একটা সংবাদ পড়ে শোনাচ্ছি—

It is reliably learnt that the period of supersession of Asansol Municipality, which was first effected by the State Government about seven year ago, has been further extended by another year. But the people here have appealed for the right of franchise. Recently the area of the municipality has been extended drawing in its fold over 30,000 suburban population. The rates, which were about Rs. 8 lakhs before, have been raised to Rs. 16 lakhs. The water mains and the hydrants are so merciful that the valued water flows out incessantly rendering the road muddy and unusable. Heaps of garbage are stinking in the main roads and bustee people are reported to be living a life of hell. The rate-payers have submitted appeals to the Local Self-Government Ministry suggesting either to improve the municipal services or to leave the destiny of the people in the hands of their elected representatives. The people had been disgusted with the inefficient running of the civic body. Local newspapers are coming out with stories of croup-tion, jobbery and nepotism. Leading citizens have drawn out open charges in largely distributed posters and hand bills.

আসানসোলের এমন একটা স্থানীয় পত্রিকা নেই যারা সেখানকার মিউনিসিপ্যালিটির এ্যাডমিনিস্ট্রেটর চন্দ্রশেখর ভট্টাচার্য্য এবং তাঁর দলীয় চক্র নিয়ে আলোচনা না করেছেন। সেখানে তাঁরা একটা চক্রান্ত সৃষ্টি করেছেন। সেখানকার জি, টি, পত্রিকা যেটা কংগ্রেসের সমর্থকদের দ্বারা পরিচালিত তাঁরাও এই চন্দ্রশেখর ভট্টাচার্য এবং তাঁর চক্র আসানসোলে যে দুর্নীতির চক্রান্ত সৃষ্টি করে তুলেছেন তার বিরুদ্ধে অভিমত প্রকাশ না করেছে। আমি এটা একটা স্থানীয় দৃষ্টান্ত মনে করছি না। মিস্টার পি, কে, এস মেনন; চন্দ্রশেখর ভট্টাচার্য এমন একটা দুর্নীতির চক্র সৃষ্টি করেছেন যার জন্য জনসাধারণ বার বার বিক্ষোভ প্রদর্শন করা সত্ত্বেও সংবাদপত্রে প্রকাশিত হওয়া সত্ত্বেও আমাদের মিনিস্ট্রি তার বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করছেন না। শেষে আমি একথা বলব এই যে একটা অবৈধ এই অবৈধের হাত থেকে পরিত্রাণ নেই। আমি জানি তথাকথিত সংসদীয় গণতন্ত্রের দ্বারা তাঁরা যে ব্যবস্থা চালু করেছেন আমাদের তাতে আমার কিছু বলার নেই। অর্থাৎ অফিসার বলে এমন একটি পদার্থ সৃষ্টি করেছেন যাঁরা যা ইচ্ছা তাই করেন। কারণ তাঁরা জানেন যে আমি এটা করে গেলে আমার বিরুদ্ধে বলার কেউ নেই। আর একটা জিনিসের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি এবং এ বিষয়ে শ্রী পি কে. গুহ থাকলে সবাই জানতে পারতেন। আজ বর্ধমানের অবস্থা কি? বর্ধমান জেলা পরিষদের প্রথম সভায় আমি উপস্থিত ছিলাম এবং সেখানে কি দেখলাম সেটাই বলতে চাই। এই জেলা পরিষদে সেখানকার ইলেকটেড রিপ্রেজেনটেটিভ অফ দি পিপল সবাই আছেন, ইনডাইরেক্টলি ইলেকটেড যাঁরা তাঁরা আছেন। ডাইরেক্টলি আমার মত অনেকে আছেন, শ্রীজহর ব্যানার্জি, ডাঃ পি. কে.

গৃহে উপস্থিত আছেন, চন্দ্রশেখর ভট্টাচার্য্যও আছেন। আমি অবাক হয়ে দেখলাম—আমি জানি না অন্যান্য জেলা পরিষদকে এইভাবে পরিচালিত করা হচ্ছে কিনা—ডি, এম, আসা মাত্র সমস্ত সদস্যরা উঠে দাঁড়িয়ে পড়লেন। আমার দুর্ভাগ্য যে আমি দাঁড়াইনি। এমন কি ডি, এম, যে স্পীচ দিলেন তার উপর ভোট অফ দি থ্যাংকস আনা হল। আমরা যেন তাঁর বশংবদ। এসব দেখে মনে হল আমরা কি এ্যাসেম্বলী করছি যে গভর্নর স্পীচ দিয়েছেন বলে তার উপর ভোট অফ থ্যাংকস আনব? আমি এটার প্রতি দৃষ্টি আকর্ষণ করছি এজন্য যে আজকে আমলাতন্ত্রকে এমন একটা জায়গায় নিয়ে গেছেন এই মিনিস্ট্রী থেকে আরম্ভ করে সেক্রেটারিয়েট থেকে আরম্ভ করে যে স্থানীয় কংগ্রেসী সদস্যরা মনে করেন যে আমলাতন্ত্রকে খোসামোদ না করলে আমাদের দেশে কিছুই হবে না। ইলেকটেড রিপ্রেজেনটেটিভ থেকে আরম্ভ করে সবাই তাঁকে এমন সম্বর্দ্ধনা জানালেন যা দেখে মনে হল লালদীঘির ঐ আমলাতন্ত্র ছাড়া আমাদের আর গতি নেই।

আজকে বাংলাদেশের যে অবস্থা সমস্ত মানুষ এই অবস্থার পরিবর্তন দাবী করে। আজকে আমলাতন্ত্রে দুর্নীতিপরায়ণ অবস্থা এখানে কায়েম করা হয়েছে তাতে সাধারণ মানুষ তার ন্যায্য পাওনা পায় না, খাদ্য পেতে পারে না, তার মূল্য পেতে পারে না। এটা অস্বাভাবিক কিছু নয় এবং এই রাজ্য যতদিন থাকবে তার কোন পরিবর্তন হবে না। এই কটি কথা গভর্ণরের ভাষণের উপর আমার বক্তব্য রেখে শেষ করছি।

Shri Nepal Chandra Roy:

মিঃ স্পীকার স্যার, গত ২ দিন ধরে আমরা এই হাউসে রাজ্যপালের ভাষণের উপর আলোচনা করছি। আমি বিভিন্ন বক্তার বক্তৃতা বোঝবার চেষ্টা করেছি এবং রাজ্যপালের ভাষণ নিয়ে যে পরিস্থিতির উদ্ভব হয়েছে সেটা অত্যন্ত লজ্জাস্কর ব্যাপার। বাংলাদেশের মানুষ এটা বোঝে যে, তাদের কিছুটা শালীনতা জ্ঞান, ভদ্রতা জ্ঞান মহিলাদের প্রতি আছে। কিন্তু এই হাউসে যে দৃশ্য আমরা দেখেছি তাতে বাংলাদেশের মানুষ লজ্জায় মরে যাচ্ছে। বাংলাদেশের মানুষ আজকে ভয় পাচ্ছে যে মহিলাদের সম্মান বাংলাদেশে আর থাকবে কিনা, এই বিরোধী দলের আচরণে তাঁরা যা দেখিয়েছেন তার জন্য। আমি রাজ্যপালকে ধন্যবাদ জানাতে উঠে দু একটি কথা আপনার মাধ্যমে বলতে চাই। আমরা দেখতে পাচ্ছি এবং সেদিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যে পশ্চিমবংগ সরকার সব সময় বলে থাকেন যে সানস্ অফ দি সয়েলের জন্য চাকরীর চেষ্টা করছি, শিক্ষার ব্যবস্থা করছি। কিন্তু তা কোথায়? এই প্রশ্নই আজকে সরকারের তুলে ধরতে চাই। আমি কোন প্রভিনসিয়ালের কথা বলতে চাই না। বাংলাদেশে অবাঙ্গালী হোক আর বাঙ্গালী হোক যে নাকি এখানে জন্ম নিয়েছে তার জন্মগত অধিকার আছে বাংলাদেশে চাকরী পাওয়া। বাংলাদেশের কলকারখানায় কাজ পাওয়া। কিন্তু আমরা কি দেখছি? আজ বাইরে থেকে যারা ব্যবসা করতে এসেছেন তারা কোন দিনই সানস্ অফ দি সয়েলদের চাকরী দেয় না এবং যা দেয় তা অতি নগণ্য। যা দেন সেটা আমরা হাতে গুণতে পারি। আমরা দেখেছি আমাদের বাংলাদেশে এই প্রদেশের বাইরের লোক এখানে এসে সরকারের সাহায্য নিয়েই বড় কারখানা করলো কিন্তু সেখানে শিক্ষিত বাঙ্গালী বা সানস্ অফ দি সয়েলকে চাকরী যা দেওয়া হল, দেখা গেল তার মাহিনা ১০০, ২০০, ৪০০ টাকা যারা ইঞ্জিনিয়ার অন্যান্য কারিগরী শিক্ষা নেওয়া সত্ত্বেও এই টাকা পাচ্ছে ঐ ৫০০ টাকা মাত্র অথচ সেই বিদেশী কোম্পানী মানে যে সব প্রভিন্সের কথা বলছি সেই অন্য প্রভিন্সের লোকেরা তাদের ছেলে ভাগনে ভাগনি ইত্যাদিদের ৫ হাজার টাকা মাইনে দিয়ে বসিয়ে দিয়েছেন। এরা অশিক্ষিত টিপ সই দিয়েই তাদের এত টাকা মাইনা দিয়ে দেখিয়ে দিচ্ছে। অপরধারে তারা বলছে দেখ কোম্পানী ইনকাম্ করতে পাচ্ছে না অতএব ইনকাম ট্যাক্স দেব না কোম্পানী লাভ করতে পারছে না অতএব মজুরদের বোনাস দেব না। এইভাবে পশ্চিমবাংলার সানস্ অফ দি সয়েল ডিপ্রাইভ করা হচ্ছে।

[2-40—2-50 p.m.]

আমি লেবার ডিপার্টমেন্টকে এই সম্বন্ধে সচেতন হতে বলছি। এই বিক্ষোভ আজ পশ্চিমবাংলার ঘরে ঘরে দেখা দিয়েছে। আজকে যে বিক্ষোভ এই সামান্য ছুতোনাতা নিয়ে দেখা দিচ্ছে তার কারণ আন-এমপ্লয়মেন্ট—সানস অব দি সয়েল-এর। এইজন্য আমি বলবো যে আজকে আমাদের পশ্চিমবাংলার একজিসট্যান্স বজায় রাখবার জন্য সরকারের এ দিকে দৃষ্টি দেওয়া নিতান্ত প্রয়োজন। তা না হলে বাংলাদেশের ছেলেরা কিন্তু এই সরকারকে ক্ষমা করবে না। আমি বার বার করে এর আগে হুসিয়ার করে দিয়েছি। আজকেও করে দিচ্ছি যে সরকারের এদিকে দৃষ্টি দিতে হবে। দুর্গাপুরে ঐ যে বিভিন্ন প্রজেক্ট হয়েছে সেখানে আমরা দেখেছি যে সেখানে সানস অব দি সয়েল তারা চাকুরী পাচ্ছে না এবং ২৫ পারসেন্ট কেবল সেখানে চাকুরী পাচ্ছে। এটা কি আমাদের লজ্জার কথা নয়। কত দিন এই সানস অব দি সয়েল চুপ করে মুখ বুজে বসে থাকবে। যে কোন ইন্ডাষ্ট্রি ছোট হোক বড় হোক—বাংলাদেশের মানুষ সেখানে বাইরের থেকে মাল আনার ইমপোর্ট লাইসেন্স পাবে না—পাবেন কারা যারা সানস অব দি সয়েল নয়—যাদের পয়সা বেশী। বাইরের অন্য জায়গা থেকে আসছে তারা পাবে। তাই আমি বার বার করে স্মরণ করিয়ে দিচ্ছি যে আজকে যত গোলমাল চারিদিকে দেখা দিয়েছে—অন্যান্য প্রভিন্স দেখা দিয়েছে—কিন্তু বাংলায় যদি আগুন জ্বলে সেই আগুন নেভাতে কিন্তু এই দমকল হবেনা—অনেক বড় বিগ্রেট লাগবে এই আগুন নেভাতে। তাই আমি বলছি যে এই সব নিরীহ ছেলেরা যারা সব ইউনিভার্সিটি থেকে পাশ করেছে—সেই সব ছেলেরা আজ এই সমস্ত দেশদ্রোহীদের খপ্পরে পড়ছে। যদি আমাদের সরকার এ সব দিকে নজর দেন—তাহলে এরা উল্টো-পাল্টা বুঝিয়ে এই সমস্ত দেশভক্ত মানুষকে ওদের খপ্পরে নিয়ে যেতে পারবে না। তার পর আমি নেক্সট পয়েন্টে আসছি—এগ্রিকালচার পয়েন্টে—যেটা আমার বন্ধু এইমাত্র বল্লেন যে আমরা এগ্রিকালচার ব্যাপারে অনেক পিছনে পড়ে আছি। অবশ্য সে দিন মুখ্যমন্ত্রীর ঘরে গিয়ে দেখি—একটা শস্য উৎপাদনের জন্য ভারতবর্ষের একটা সব থেকে বড় পুরস্কার নিয়ে এসেছে আমাদের পশ্চিমবঙ্গের এগ্রিকালচার ডিপার্টমেণ্ট। পুরস্কারে আমি বিশ্বাস করি না। ঐ এক একর জমিতে ১০ হাজার টাকা খরচ করে জল দিয়ে যে পুরস্কার পাওয়া যায় সেই পুরস্কারের দিকে তাকিয়ে বাংলাদেশের এগ্রিকালচার ডিপার্টমেন্টের কথা বিবেচনা করা যায় না। কারণ আমরা দেখেছি পশ্চিমবাংলায় যেভাবে আমাদের খাদ্যের অবস্থা এসে দাঁড়িয়েছে এবং যেভাবে ঐ রাক্ষস ব্যবসাদাররা আমাদের কবজা করবার জন্য চেষ্টা করছে তাতে করে যদি এগ্রিকালচার ডিপার্টমেণ্ট আরও ১০ ধাপ এগিয়ে না চলেন তাহলে পশ্চিমবাংলার মানুষ না খেতে পেয়ে মরবে এবং সরকার কোলাপ্স করবে। কারণ কিছু দিন আগে মুখ্যমন্ত্রী এই হাউসে দাঁড়িয়ে বলেছেন যে আমেরিকায় ষ্ট্রাইক হয়েছে বলে আজকে গম আসছে না। এটা অত্যন্ত এলারমীং নিউজ। কারণ আর আমরা কত দিন আনবো আমেরিকা, অষ্ট্রেলিয়া থেকে। সেজেই আমাদের দেশ যদি সেল্‌ফ সাফিসিয়েন্ট না হয় তাহলে নিশ্চয় বিপদ আছে। আমাদের তাই লেখাপড়া বলো অন্য যাই কিছু বলো পেট আগে—তাই এগ্রিকালচার ডিপার্টমেন্টের দিকে নজর দিয়ে তাকিয়ে দেখা। আমি এমনও জানি যে সেখানে পুকুর চুরি হচ্ছে। সরকার পুকুরের জন্য গ্রান্ট দেয়—পুকুর কাটিয়ে সেই পুকুর বাঁক দেবার জন্য পাটের -এবং সেজন্য টাকা পায়। হয়তো আপনার ডোবা আমি দেখিয়ে দিলাম—দেখিয়ে সরকার থেকে গ্রান্ট নিলাম আমি এই জানি যে হাজার হাজার লোক গ্রান্ট নিয়েছে পুকুর কাটার জন্য কিন্তু কিছুই করে নি - পরের ডোবা দেখিয়ে সরকারী কর্মচারীদের সংগে যোগ-সাজস রেখে টাকা বের করে নিয়েছে। এই রকম চুরি ভুরি ঘটনা নদীয়া জেলায় ফজলুর রহমান সাহেবের জেলায় দেখেছি। আমার স্যার, ২৪-পরগণা জেলায় ছোট একটা বাড়ী আছে সেখানে নিজে দেখেছি যে ২ হাজার টাকা করে পুকুর কাটানোর জন্য নিয়েছে—কিন্তু পুকুর কাটানো হয়নি। সেইজন্য বলছি যে পশ্চিমবঙ্গ সরকারের যে এগ্রিকালচারাল দপ্তরে পুকুর চুরি হচ্ছে। এইটা যদি বন্ধ করতে না পারেন তাহলে সমূহ বিপদ হবে। আমরা যদি ভগবান না করুন—যদি চাইনিজ এগ্রেসন আবার হয় যদি বিশ্বব্যাপী যুদ্ধ বাধে তাহলে কি আমরা আমেরিকা থেকে গম আনতে পারবো? না আমাদের দেশের মানুষকে আমরা আকাশ থেকে গম এনে খাওয়াতে পারবো? আমি তাই বলছি আমেরিকার, বা অন্য দেশের গমের উপর নির্ভর করলে চলবে না। আমাদের হয় কম খেতে হবে—না হয় আমাদের নিজেদের ফসল উৎপাদন বাড়িয়ে খাওয়াতে হবে। দিনের পর দিন আমাদের

জনসংখ্যা বেড়ে চলেছে। কিন্তু আমরা ফসলের দিকে লক্ষ্য কতটা দিয়েছি? আমি ষ্ট্যাটিসটিক্স স্যার, আপনার সামনে তুলে ধরতে পারবো না—কারণ নদীর কুমির বাড়ার মত ঐ ষ্ট্যাটিসটিক্স। আমার বিশ্বাস হয় না যে কারেক্ট ষ্ট্যাটিসটিক্স রাখা হয়। কারও বিরুদ্ধে আমি অভিযোগ করছি না। আমি এই ডিপার্টমেন্টের কোন অফিসারের বিরুদ্ধে কোন অভিযোগ করছি না। শুধু এই কথা বলছি যে তার দিকে বেশী নজর দিতে হবে—বেশী ফসল ফলাতে হবে। আমার বন্ধুরা করাপসনের কথা বলেছেন—করাপসন নিশ্চয়ই আছে। করাপসন আমাদের দেশ থেকে দূর হওয়া দরকার। রাশিয়া বহু দিন আগে স্বাধীন হয়েছে—কিন্তু করাপসন তাদের দেশ থেকে যায়নি। ইংল্যাণ্ড বহুদিন আগে স্বাধীন হয়েছে—কিন্তু সেখানেও আজকে করাপসন যায়নি। করাপসন মানুষের মন থেকে যতক্ষণ না যাবে ততক্ষণ করাপসন যেতে পারে না। আপনি পাওয়ারে গেলে আপনিও করাপটেড হবেন—আমিও হবো। মন যদি বলীয়ান না হয়। আমি আর একটা পয়েন্টে যাচ্ছি যেটা আপনার সামনে তুলে ধরতে চাই। আমি এখানে পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রীকে অসংখ্য ধন্যবাদ জানাচ্ছি এবং আমাদের ভারত সরকারের যারা নাকি আমাদের রেসনিং প্রথাকে কনসেন্ট দিয়েছেন এটা চালু করবার জন্য তাদেরও ধন্যবাদ জানাচ্ছি। আমরা এই হাউসে শুনেছি বিরোধী দলের—ঐ চীনাপন্থী এবং রুশপন্থী—দুই দলই চীৎকার করে বলেছেন যে রেসনিং প্রথা চালু করতে হবে। ষ্ট্যাটুটারী রেশনিং বাংলাদেশে চালু করতে হবে। কিন্তু আজকে যখন রেশনিং চালু হোল তখন দেখা গেল— যে ও'রা রেশনিং-এর বিরুদ্ধে বলছেন। আমি একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই যে আজকে যদি পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী রেশনিং চালু না করতেন তাহলে অবস্থা কি দাঁড়াতো? চালের মণ ৮০ টাকা, তেলের মণ ২০০ টাকা, হোত। এই অবস্থায় হাঙ্গর-কুমীরের দল, সমস্ত ব্যবসাগুলিকে যারা দখল করে বসেছিল—তাদের ও'রা সমর্থন করতে যাচ্ছেন। সেই সমস্ত হাঙ্গর-কুমীরের দলকে আমাদের পশ্চিমবঙ্গ সরকার এবং মুখ্যমন্ত্রী ডি, আই, রুলে আটক রেখেছেন। আজকে যদি তাদের আটক করে না রাখতেন তাহলে চাল ডালের দাম কি কমতো—এ প্রশ্ন আজ আমি আপনার সামনে রাখছি। আজকে পশ্চিমবঙ্গ সরকারের যতটুকু ক্ষমতা আছে সেটুকু তারা প্রয়োগ করেছেন। আজকে একটা পরিবারে যদি ১০ জন লোক থাকে ছোট বড় মিশিয়ে তাহলে সমষ্টিগতভাবে সেখানে এই রেশনে চলে—কিন্তু যদি সবই এ্যাডাল্ট হয় চলে না। তা সত্ত্বেও আমাদের কম খেতে হবে এবং প্রয়োজন হলে এক বেলা খেয়ে থাকতে হবে। আজকে যাদের পয়সা আছে তারা ৮০।৯০ টাকা মণ দরে চাল কিনে খেতে পারে। কিন্তু যারা গরীব দৈনিক ১ টাকা দেড় টাকা রোজগার করে তারা তাদের পরিবারকে কি করে প্রতিপালন করবে ঐ এক টাকা দেড় টাকা কিলো দরে চাল কিনে? তাই আমি বলছি যে তিনি এটা করে শুধু বাংলাদেশেরই আশীর্বাদ পান নি সারা ভারতবর্ষের মানুষ আজকে তাকিয়ে আছে কলকাতার এই লক্ষ লক্ষ মানুষের দিকে, তাদের এই রেশনিং প্রথার দিকে। হয়তো আমার অনেক বন্ধু বলবেন যে মুখ্যমন্ত্রী সব সময় বলতেন গম খাও আটা খাও--কিন্তু আজকে গম আটা দিতে পারছেন না। কিন্তু আমি বলবো যে আজকে বিশেষ করে পশ্চিমবাংলার মানুষ—তারা এই শিক্ষা পেয়েছে যে যখন অভাব হবে তখন তারা অন্য জিনিস খেয়ে চালাবে। তেলের বেলায় কি হয়েছে? আমরা কি তখন ভাবতে পেরেছিলাম যে সরিষার তেল ছাড়া বাংলাদেশের মানুষ চলতে পারবে—কিন্তু পশ্চিমবাংলার মানুষকে আমি ধন্যবাদ জানাই যে ঐ ৩-৯০ নয়া পয়সা যে তেলের দাম বেঁধে দিয়েছিলেন সেই তেল তারা কেনে নি।

[2-50 - 3 p.m.]

এটাও আমি বলবো যে আজকে মানুষকে আমরা বিশেষ করে পশ্চিমবাংলার মানুষ, এই শিক্ষাই পেয়েছে, যখন যেটার অভাব হবে, তারা দেখিয়ে দেবে, সেটা ছাড়াও তারা চলতে পারে। তেলের বেলা কি হয়েছিল? আমরা কি কখনও ভাবতে পেরেছিলাম যে সরষের তেল ছাড়া বাংলাদেশের মানুষ চলতে পারবে? আমরা পশ্চিমবাংলার মানুষকে ধন্যবাদ জানাই ৩·৯০ নঃ পঃ যে দর বেঁধে দেওয়া হয়েছিল, সেই দর ছাড়া তারা তেল কেনেনি হয়তো কিছু কিছু জায়গায় যে ব্ল্যাক মার্কেটিং হয়েছিল, তা নয়, স্বীকার করছি, কিন্তু তারা কেনেনি, তারা বাদাম তেল খেয়েছে। ৪৷৷· দরেও বাদাম তেল বিক্রি হয়েছে। স্যার, পশ্চিমবাংলার মানুষ আজকে তারা তাদের রুচীর পরিবর্তন করে ফেলেছে, বাদাম তেল তারা খেতে শিখেছে।

আজকে বাদাম তেল ২৸৹ টাকা এবং আমি আশা করি সরষের যে অবস্থা হয়েছে, ঐ সরষে ওয়ালারা এবার চোখে সরষে দেখবে। তাদের ২ টাকাতে সরষের তেল বিক্রি করতে হবে। এই ভাবে যদি আমরা পশ্চিমবাংলার মানুষ সংযম করতে শিখি, তাহলে দেখবেন কোন মহাজন, যারা আজকে মনে করে, যে তারা আজকে যা দাম বলবে, সেই দরেই বিক্রি করতে পারবে, এই জিনিষ হবে না, যেকথা বললেন আমার একজন উকিল বন্ধু আলু সম্বন্ধে আমি বলবো আলুর দাম ৪ আনা সের, সিজন ট্যাক্স, কিন্তু দেখবেন যখন আলুর সিজন চলে যাবে, তখন ১ টাকা থেকে ১৷৹ পর্যন্ত দরে আমাদের কিনতে হবে। কোল্ড স্টোরেজ কন্ট্রোল বিল আমাদের ইমিডিয়েটলি আনা দরকার। তা না হলে কিন্তু আজকে বাজারে শব্জী প্রচুর সস্থা কিন্তু কিছু দিনের মধ্যেই শব্জীর দামও বেড়ে যাবে। স্যার, আমি আর একটা পয়েণ্ট সম্বন্ধে বলতে চাই, ডি-আই রুল সম্বন্ধে এঁরা বলেছেন, যে আমাদের ঐ এক ভদ্রলোক বিরোধী দলের যিনি ... তিনি বলেছেন কি? যদি আমরা অন্যায় করে থাকি, আমাদের ফাঁসি দেওয়া হ'ক, আর যদি না করে থাকি ছেড়ে দেওয়া হ'ক, আমি আজকে এই হাউস-এ জোর দিয়ে বলতে চাই, যে পশ্চিমবাংলার সরকারের কোনও অধিকার নেই, এই সমস্ত লোক যারা নাকি দেশোদ্রোহীতার দায়ে আজকে চীনের সংগে আঁতাত করে যারা দায়ী হয়েছে, তাদেরকে ছেড়ে দেবার, তাদেরকে কোনমতেই ছাড়া উচিৎ নয়। সরকার যদি এটা চিন্তা করে থাকেন ২।৪ দিন, ১০ দিন, ২।১ মাস রেখে ছেড়ে দেবে, তাহলে দেশের মানুষের প্রতি সরকারও বিশ্বাসঘাতকতা করবেন।

Shri Amarendra Nath Roy Prodhan:

প্রস্তাব করিবেন যে, উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত সংশোধনীটি যুক্ত করা হউক ঃ—

"কিন্তু দুঃখের বিষয় যে, রাজ্যপালের ভাষণে—

(ক) ভাষণে বারে বারে সীমান্ত অঞ্চলে পাকিস্তানী হানাদারদের আক্রমণ রোধে সরকারী ব্যর্থতার উল্লেখ নাই ;

(খ) ভাষণে চাউলের যে মূল্যবৃদ্ধি হইয়াছে তাহার উল্লেখ নাই ;

(গ) ভাষণে দুর্গাপুরে কংগ্রেস অধিবেশনকালে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে যে সরকারী অর্থ ব্যয় হইয়াছে তাহার উল্লেখ নাই ;

(ঘ) গণতান্ত্রিক আন্দোলনের সহিত যুক্ত দেশপ্রেমিক রাজনৈতিক কর্মীদের যে বিনাবিচারে আটক রাখা হইয়াছে তাঁহাদের মুক্তির কোন উল্লেখ নাই ;

(ঙ) পশ্চিমবঙ্গের পূর্বপাক সীমান্ত এলাকার রাস্তাগুলির দুরবস্থার কথা ভাষণে উল্লেখ নাই ;

(চ) পশ্চিমবঙ্গের সরকারী কর্মচারীদের বর্তমান দুর্মূল্যের বাজারে ভাতা বৃদ্ধি হওয়া প্রয়োজন তাহা স্বীকার করা সত্বেও ভাতা বৃদ্ধির কোন উল্লেখ ভাষণে নাই ;

(ছ) পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন যে কলিকাতায় বাসের ভাড়া বৃদ্ধি করিয়া জনসাধারণের দুঃখ দুর্দ্দশাকে আরও বাড়াইয়া তুলিয়াছে তাহার উল্লেখ ভাষণে নাই;

(জ) সমগ্র পশ্চিমবঙ্গে বিশেষ করিয়া উত্তরবঙ্গে চীন ও পাকিস্তানী গুপ্তচরবৃত্তি যে ভীষণভাবে বাড়িয়া গিয়াছে এবং যাহা নিরোধে সরকার ব্যর্থ হইয়াছে তাহার উল্লেখ ভাষণে নাই ; এবং

(ঝ) পশ্চিমবঙ্গের কলেজ, মাধ্যমিক বিদ্যালয়, প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণ বেতন ও ভাতা বৃদ্ধির জন্য যে আন্দোলন করিতেছেন ভাষণে তাহার কোন উল্লেখ নাই।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, অশোকবাবু যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব তুলেছেন, তার বিরোধীতা করতে উঠে, প্রথমে যে কথা আমার মনে হচ্ছে, ঐ উত্তরবঙ্গের দিকে তাকিয়ে, তাহলো গত বিশ্ব মহাযুদ্ধের সময় যেদিন জার্মাণী, ফ্রান্স আক্রমণ করেছিল, সেদিন ফ্রান্স দেশের মধ্যে কি সিভিল কি মিলিটারী তাদের মধ্যে যে মরাল ডিগ্রেশন দেখা দিয়েছিল, আজকে উত্তরবাংলার দিকে তাকিয়ে, এই ভারতরক্ষা আইন যখন দেশের মধ্যে রয়েছে, জরুরী অবস্থা রয়েছে, যে সব জিনিষ চলেছে, যেসব দেশদ্রোহিতামূলক কাজ চলেছে, রাষ্ট্রদ্রোহীমূলক কাজ চলেছে, সেই সব দেখে আমার একথাই মনে হচ্ছে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, চীন আমাদের শত্রু, পাকিস্তান আমাদের শত্রু, সেই চীন এবং পাকিস্থানের সাঁড়াশী আক্রমণের মধ্যে দাঁড়িয়ে উত্তরবাংলায় আজকে যে সমস্ত দেশদ্রোহিতামূলক কাজ চলছে, তার সংগে জড়িত আছেন ঐ কংগ্রেস সরকার এবং কংগ্রেস নেতৃবৃন্দ এবং একজন পার্লামেণ্ট-এর সদস্য, যার নাম আমি খানিক পরেই বলবো। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, যে চীনের সংগে আমাদের কোনও ব্যবসা বাণিজ্য নেই, কিন্তু যদি উত্তর বাংলার বাজারে বাজারে যান দেখবেন এই সব চীন দ্রব্যাদি, এই যে আমাদের লাইফ টাইম ফাউন্টেন পেন রয়েছে, সিগারেট কেস উইথ লাইটার রয়েছে। এই সব চায়না গুডস, শিলিগুড়ি বাজারে বিক্রি হচ্ছে। আমার কাছে রয়েছে চীন দ্রব্যাদির বিভিন্ন ছবি বা ফটো যা সেই বিক্রি হচ্ছে। সরকার বলতে পারেন, শিলিগুড়িতে একটা লোককেও ধরা হয়েছে শিলিগুড়িতে এই ডিফেন্স অফ ইণ্ডিয়া রুল-এ? ধরা হয়নি—ধরবার ক্ষমতাও নেই, কারণ এই কংগ্রেস সরকার জানে, যদি ওদের ধরবার চেষ্টা করে, তাহলে ঐ মাননীয় সদস্য অরুণবাবুর মত লোককেই ধরতে হয়। এখানেই শেষ নয়, যে পাকিস্তান আমাদের শত্রু অথচ এই সরকার জঘন্য ভাবে আমাদের সামরিক অস্ত্রশস্ত্র সেই পাকিস্তানে পাচার করে দিচ্ছে। আমি এই হাউস-এ এই সরকারের বিরুদ্ধে একটা অভিযোগ আনছি। গত ১২ই অক্টোবর, ১৯৬৪ সালে এবং ২৬শে অক্টোবর, ১৯৬৪ সালে, এই দুদিন মালগাড়ির ওয়াগান-এ করে মর্টার এবং অন্যান্য অস্ত্রশস্ত্র চালান হয়ে গেছে পাকিস্তানে। আমি নাম্বার দিয়ে সর্বকিছু বলছি: ১২ই অক্টোবর, ১৯৬৪ সন্ধ্যা ৭টা ৪৫ মিনিটে নিউ জলপাইগুড়ির হলদিবাড়ি স্টেশান পার হয়ে পাকিস্তানে পাচার হয়, ওয়াগান নম্বর এন-আর।কে-সি ৫৬৪৩২ অফ এইচ পি ১৪ ডাউন ট্রেন এন এফ রেলওয়ে। এই ওয়াগন-এ একটি মর্টার এবং ২টি বড় বড় কাঠের বাক্সে সামরিক অস্ত্রশস্ত্র পাচার হয়। মর্টারটির নম্বর হচ্ছে বি জি এক্স আর ৩৯৫৬৪৮, মেড ইন ইউ কে, এই জিনিস পাচার হয়ে গেছে। ২৬শে অক্টোবর, ১৯৬৪ সালে সন্ধ্যা ৭টা নিউ জলপাইগুড়ি হলদিবাড়ী স্টেশন হয়ে একটি মালগাড়ির ওয়াগন করে ৩টি বড় বড় কাঠের বাক্সে সামরিক অস্ত্রশস্ত্র পাকিস্তানে পাচার হয়ে গেছে, ওয়াগন নম্বর এস আর।কে সি ২৬২৬৯ অফ এইচ পি ২৪ ডাউন ট্রেন এন এফ রেলওয়ে। এটাকেও ধামা চাপা দেবার চেষ্টা হচ্ছে। একটি লোককেও গ্রেপ্তার করা হয়নি। জলপাইগুড়ি কিম্বা হলদিবাড়ী স্টেশন-এর মধ্যবর্তী কোন রেলওয়ে অফিসার-কে গ্রেপ্তার করা হয়নি। কোন কাস্টমস অফিসারকেও গ্রেপ্তার করা হয়নি। পশ্চিমবাংলার যে চেক পোস্ট রয়েছে, তার কোনও অফিসারকেও গ্রেপ্তার করা হয়নি। এমন কি এই সম্পর্কে সেদিনও দুর্গাপুরে কংগ্রেস কনফারেন্স-এর সময়ও সলা পরামর্শ হয়ে গেছে। এর মূলে যারা জড়িত আছেন, যদি ধরবার চেষ্টা হয়, তাহলে একজন পার্লামেণ্ট-এর সদস্য-কে গ্রেপ্তার করতে হয়, তিনি হচ্ছেন অল ইণ্ডিয়া কংগ্রেস কমিটির সাধারণ সম্পাদক, পার্লামেণ্ট-এর সদস্য শ্রী টি ম্যানিয়েল ; এই লোকটি সম্পূর্ণ ব্যাপারটার সংগে জড়িত আছেন, কিন্তু তাকে ধরবার কোন চেষ্টা হচ্ছে না। কি জঘন্য ব্যাপার, যখন দেশোদ্রোহী বলে, কম্যুনিস্টদের দিকে তাকান হচ্ছে, আমি জিজ্ঞাসা করি নেপাল বাবুকে, বলুন পশ্চিমবাংলায় হ'ক, ভারতবর্ষে হ'ক, আজ দেশোদ্রোহী কার্য্যের সংগে সবচেয়ে বেশী জড়িত এই কংগ্রেস সরকার, কংগ্রেস নেতৃবৃন্দ কিনা? যদি ধরবার হয় তবে সেই সমস্ত কংগ্রেসদের আগে ধরা উচিৎ। যদি গুলি করার দরকার হয়, তাহলে তাদের মত লোককেই আগে গুলি করা উচিৎ। মাননীয় মধ্যক্ষ মহাশয়, এই সরকার কি ভাবে এই বেরুবাড়ীর মত করে ধীরে ধীরে সমস্ত দেশটাকে পাকিস্তানের হাতে তুলে দেবার চেষ্টা করছে, আমি যদি সংবাদপত্রের টুকরো টুকরো কয়েকটি সংবাদ রাখি, তাহলে বুঝতে পারবেন। বসুমতী পত্রিকার ৮ই ফেব্রুয়ারী, '৬৫ সালে মেখলিগঞ্জের সীমান্তে পাকিস্তানী সৈন্য সমাবেশ, তার ছিট মহলের সহিত যোগাযোগের জন্য ভারতীয় অঞ্চলে উন্মত্ত জিগির। তিন বিঘা দখল, কুচবিহার জেলার কুচলিবাড়ী অঞ্চল পাকিস্থান ভুক্ত করার চেষ্টায় ভারতীয় নাগরিকগণ

অত্যাচারিত হইয়া সীমান্ত অঞ্চলের বাস্তুভিটা পরিত্যাগ করিয়া উৎবাস্তুতে / পরিণত হইয়াছে। এসম্পর্কে আনন্দবাজার পত্রিকা আরও অত্যন্ত সিরিয়াস অভিযোগ এনেছেন. তারা বলছেন, সম্প্রতি কুচবিহার জেলার মেখলিগঞ্জ থানার পরিবেষ্টিত দাহাগ্রামের পাক ছিটের পাকিস্তানীরা ভারতভূমির উপর দিয়া পাকিস্তানে যায়, সেখানকার নির্বাচনে অংশগ্রহণ করিয়া আবার ফিরিয়া আসে। চারিদিকে পরিবেষ্টিত এই পাকছিটের পাকিস্তানীরা কোনরূপ অনুমোতির পরোয়া না করিয়া অবাধে ভারতের উপর দিয়া চলাফেরা করিতে পারে। সীমান্ত অতিক্রম করিয়া পাকিস্তানে যাতায়াত করিতে পারে। ভারতীয় সীমানা অতিক্রম. ভারতভূমির উপর দিয়া চলাফেরা করার জন্য এইসব পাকিস্তানীদের কোন অনুমতির প্রয়োজন হয় না। অথচ পাকিস্তান পরিবেষ্টিত ভারতীয় ছিটের বসবাসকারী ভারতীয়দের চলাফেরার কোন স্বাধীনতা নেই। এই তো দেশের অবস্থা. এ'রা বড় বড় কথা বলছেন. পাকিস্তানের বিরুদ্ধে. চীনের বিরুদ্ধে। এ'রাই পাকিস্তানের লোকজনকে. পাকিস্তানের সৈন্যদের ভারতভূমির উপর দিয়া অবাধে যাতায়াত করার সুযোগ দিচ্ছে. এদের সহযোগিতায়ই এটা হচ্ছে। তিন বিঘার উপর পুলিশ ক্যাম্প আছে. সেই. পুলিশ ক্যাম্পও কোনদিকে তাকাচ্ছে না। তারা জানে যে আজকে যেমন বেরুবাড়ীকে তুলে দেওয়া হয়েছে. কুচলিবাড়ীকেও সেই রকম পাকিস্তানীদের হাতে তুলে দেওয়া হবে। সেইজন্য আজকে এই জঘন্য ষড়যন্ত্র. জঘন্য চক্রান্ত চলছে. তার বিরুদ্ধে কোনও প্রতিকার হয়নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়. আপনি জানেন যে পাকিস্তান আজকে দেশের উপর কিভাবে অত্যাচার করছে। গত ১ বছরের ফিরিস্তি যদি দেওয়ার চেষ্টা করি তাহলে দেখতে পাবো. যে বহুবার পাকিস্তানীরা ভারতীয় এলাকা আক্রমন করেছে. ভারত-ভূমিতে হানা দিয়েছে। পশ্চিমবঙ্গে হানা দিয়েছে ২৩ বার। এবং গত ১৯৬৪ সালে জানুয়ারী মাস থেকে জুন মাস পর্যন্ত সরকারি ভাবে ৪৭ জন ভারতীয় নাগরিককে আটক রেখেছেন. এবং কত যে গরু. ছাগল. মোস নিয়ে গেছে. কত মেয়ে মানুষের উপর অত্যাচার করেছে. কতবার যে চুরী ডাকাতি. খুন. জখম করেছে তার কোন ইয়ত্তা নেই। এই তো অবস্থা. তবু এদের সঙ্গে প্রীতির ভাব। বেরুবাড়ীকে তুলে দেবার চেষ্টা করছে বারে বারে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এরা বড় বড় বুলি আওড়াবে. ভারতরক্ষা আইন. এমারজেন্সি. কিন্তু কোনটা সম্পর্কে কোন কিছু করে নি। খাদ্য সমস্যা সমাধান করতে পারে নি. কারণটা কি? এর মূল কারণ হচ্ছে. যে দেশ সম্পর্কে এদের এতটুক চিন্তা নেই। কি করলে দেশের মানুষের ভাল হবে। এই যে উত্তর বাংলার কথা বলছি এইজন্য কালকে সুনিলবাবু এখানে রেখেছেন যে উত্তর বাংলার পীত ধরনের মানুষগুলোর সাথে চীনের দালালরা আঁতাত করার চেষ্টা করছে। বলছে দেখো. তোমাদের চেহারা এবং চীনেদের চেহারা ঠিক একরকম কাজেই তোমরা এসো চীনাদের সঙ্গে. তোমাদের সঙ্গে চীনাদের একটা আত্মিক যোগ আছে. অনেকরকম যোগ আছে. কাজেই তোমরা এসো চীনাদের সঙ্গে এই যে অবস্থা চলছে উত্তরবঙ্গে. কি ব্যবস্থা সেখানে নেওয়া হচ্ছে? এইজন্য আমি কংগ্রেস সরকারকে ধিক্কার দিই। এদের দেশের কোনদিকে নজর নেই শুধু ব্যক্তিগত স্বার্থ চরিতার্থ করবার জন্যই. এরা সব কিছু করতে পারে। আমি অভিযোগ নিয়ে আসছি. মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রীগণ বইটা পড়েছেন কিনা জানিনা, ভারতে আমেরিকা যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত চেষ্টার বোলস-এর "শান্তির নবদিগন্ত" বইটা। শুধু সেই বইটার মধ্যে নেতাজী সুভাষচন্দ্র বোস সম্পর্কে যে সমস্ত উক্তি আছে. সেই সমস্ত উক্তির কথা ছেড়ে দিলাম. কেননা নেতাজী সম্পর্কে আপনারা যাই বলুন. অন্তরে অন্তরে কতটুকু শ্রদ্ধা আছে. তা আমরা জানি। সেই বই-এর মধ্যে পরিষ্কার ভাবে একটা জায়গায় বলা আছে. বৃটিশ আমলে ভারতের প্রভূত উন্নতি সাধন হয়েছিল। জানি এসম্পর্কে আপনাদের দিধাগ্রস্ত মন আছে. কিন্তু সবচেয়ে বড কথা. যে কাশ্মীরকে নিয়ে এত হৈচৈ হচ্ছে. যে কাশ্মীরকে আমরা বারে বারে দাবি করছি. সেটা ভারতের অঙ্গ রাজ্য. সেটা ভারতের অন্তর্ভুক্ত রাজ্য. এই "শান্তির নবদিগন্ত" বইতে ভারতের যে মানচিত্র দেওয়া আছে. তাতে কাশ্মীরকে দেখানো হয়নি। কাশ্মীরকে দেখানো হয়েছে. পাকিস্তানের মধ্যে। অথচ এই বই ছাপানো হয়েছে কলকাতার নাভানা প্রিন্টিং ওয়ার্কাস থেকে এবং দিল্লী থেকে পাবলিকেসন হয়েছে। পার্ল পাবলিকেসন. দিল্লী, সেখান থেকে বইটা বেরিয়েছে। এই বই প্রচার হচ্ছে বাংলাদেশের বুকের উপর বাংলা ভাষায়। পশ্চিমবাংলার যে তরুণ ছেলে মেয়েরা তারা দেখছে, কাশ্মীর রয়েছে পাকিস্তানের

মধ্যে। আর এই রকম একটা বইকে প্রচারের সুযোগ দেওয়া হচ্ছে। এর বিরুদ্ধে কোন রকম প্রতিবাদ করেন না আপনারা, কেন করেন না? তার মূল কারণ আমেরিকা পচা গমের লোভে আপনাদের ক্ষমতা নেই, ঐ আমেরিকান রাষ্ট্রদূত চেষ্টার বোলস-এর বিরুদ্ধে কিছু বলবার। এবং সেইজন্যই নানাভাবে আমরা দেখছি যে আপনাদের সামনে আজকে দেশ রসাতলে যেতে বসেছে। তাতে আপনাদের কোন কিছু যায় আসে না, কারণ আপনারা শুধু একটি মাত্র স্বার্থ দেখছেন, সেটা হচ্ছে ব্যক্তিগত স্বার্থ এবং সেইজন্যই দেশের এই রকম দুরবস্থা।

Shrimati Ila Mittra:

প্রস্তাব করেন যে, উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত সংশোধনীটি যুক্ত করা হউকঃ—

কিন্তু দুঃখের বিষয় যে, রাজ্যপালের ভাষণে

(ক) শিক্ষানীতি ও শিক্ষা ব্যবস্থা ত্রুটিপূর্ণ—এ বিষয়ের কোনও উল্লেখ নাই;

(Kha) no mention has been made in the address about the State Government policy of introduction of the scheme of pension to all categories of teachers in the State of West Bengal.",

(Ga) no mention has been made about the failure of imparting free education up to Seecondary standard."

[3—3-10 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষা নীতি সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে যে বক্তব্য রয়েছে তার বিরোধীতা করে আমি কয়েকটি কথা বলতে চাই। যাঁরা আজ শিক্ষক, যাঁরা আজকে দেশের শিক্ষা বিস্তার চান, শিক্ষা দিতে চান, আজকে স্বাধীনতা লাভের ১৮ বছর পরে সেই সব শিক্ষকবৃন্দ যথা কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ, মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ, প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ, পলিটেকনিকের স্টাফবৃন্দ এবং শিক্ষা প্রতিষ্ঠানের কর্মচারীবৃন্দ বিভিন্ন দাবি-দাওয়া নিয়ে আন্দোলনে নেমেছেন। সরকারী শিক্ষা নীতির পরিবর্তনের দাবি নিয়ে তাঁরা সংগ্রাম সুরু করেছেন গত ১৯এ জানুয়ারী কলকাতার বুকে সমস্ত স্তরের হাজার হাজার শিক্ষকদের যে যুক্ত মিছিল হয়ে গেল তার দ্বারা এই কথাই প্রমাণিত হয়েছে যে পশ্চিমবাংলার শিক্ষাজগতে আজ একটা অভাবনীয় সংকট নেমে এসেছে। অথচ আশ্চর্যের বিষয় এই যে রাজ্যপালের ভাষণে সে সম্পর্কে কোন উল্লেখ নেই এমন কি সেই সমস্যা সমাধানের কোন ইংগিত পর্যন্ত নেই। এই প্রসংগে আমার জিজ্ঞাস্য কলেজীয় শিক্ষকদের দাবির সূত্রে মাননীয় মুখ্যমন্ত্রী এবং শিক্ষামন্ত্রী দুটো প্রশ্ন তুলেছেন শিক্ষা নীতি সম্পর্কে। তাঁরা বলেছেন আনপ্ল্যান্ড ওয়েতে স্কুল কলেজ এবং বিশ্ববিদ্যালয় গড়ে উঠছে এবং দ্বিতীয়ত তাঁরা বলেছেন ইউনিয়ন গভর্ণমেণ্ট টাকা না দিলে আমরা টাকা কোথায় পাব। আমার জিজ্ঞাসা হচ্ছে এই যে আন-প্ল্যান্ড ওয়েতে কলেজ এবং বিশ্ববিদ্যালয় ইত্যাদি গড়ে উঠছে এর জন্য দায়ী কে? এর জন্য কি সরকার দায়ী নয়? আমরা চাই বেশী করে স্কুল গড়ে উঠুক। কিন্তু যেখানে প্রয়োজন নেই সেখানে কংগ্রেস সরকারের প্রভাবশালী ব্যক্তিবৃন্দ তাঁদের নিজেদের সংকীর্ণ স্বার্থে নিজ নিজ এলাকায় সস্তায় পপুলারিটি গেন করবার জন্য কলেজ, বিশ্ববিদ্যালয় খুলছেন নতুন নতুন স্কুল খুলছেন এবং সেই সমস্ত নতুন কলেজ এবং বিশ্ববিদ্যালয়গুলি উদ্বোধন করছেন আমাদের এই কংগ্রেসের মন্ত্রীবৃন্দ এবং কংগ্রেসের এম-এল-এ'রা। তাহলে কি আমরা ধরে নিতে পারিনা এই যে আন-প্লান্ড ওয়েতে স্কুল-কলেজগুলি গড়ে উঠছে তারজন্য আমাদের পশ্চিমবঙ্গ সরকারই দায়ী? এরজন্য দায়ী হচ্ছেন আমাদের শিক্ষামন্ত্রী। সেদিন মুখ্যমন্ত্রী লাল বাবা কলেজ উদ্বোধন করে এলেন। অথচ লাল বাবা কলেজ টাকার অভাবে সেখানকার অধ্যাপকদের বেতন ১ শো টাকার বেশী দিতে পারছে না। তাই আমি বলছিলাম এই যে লক্ষ্যহীন পরিকল্পনাহীন শিক্ষা ব্যবস্থা এটাই কি সরকারের শিক্ষা নীতি? আমার বক্তব্য হচ্ছে সরকার দুটো জিনিস করছেন না কেন? প্রথমতঃ কেন্দ্রের ইউ-জি-সি

অনুযায়ী তাঁরা রাজ্য ইউ-জি-সি করছেন না কেন যেটা বিহার ইত্যাদি রাজ্য করেছে, দ্বিতীয়তঃ তাঁরা এডুকেশানকে কনকারেন্ট সাবজেক্ট করছেন না কনে? কেন না চাগলা সেদিনই বলেছেন যে পশ্চিমবঙ্গ সরকার এডুকেশানকে কনকারেন্ট সাবজেক্ট করতে চান না। তাহলে আমার প্রশ্ন সমস্ত শিক্ষার যাবতীয় ব্যয়ভার পশ্চিমবঙ্গ সরকার গ্রহণ করুন। কিন্তু প্রতি প্রশ্নেই সরকার বলেন সহানুভূতি আছে, ন্যায্য দাবি, কিন্তু টাকা নেই।

কিন্তু প্রশ্ন হচ্ছে এখানে টাকা আসবে কোথা থেকে? টাকা আসবে প্রাইওরিটি বিচার অনুযায়ী। পশ্চিমবঙ্গ সরকার কখনো কি এডুকেশানকে প্রাইওরিটি দিয়েছেন? তা তাঁরা কখনো দেন নি। তাদের হিসেবের মধ্যে কখনো এটা নাই। তাই দেখা যায় যে পশ্চিমবঙ্গ সরকার মোট রাজস্বের শতকরা ·৯৬ ভাগ মাত্র শিক্ষা খতে ব্যয় করা হয়, যেখানে ভারতবর্ষের অন্যান্য প্রদেশে এর চেয়ে অনেক বেশী খরচ করা হয় এবং সেদিক থেকে পশ্চিমবঙ্গের স্থান হচ্ছে অষ্টম। অথচ রাজ্যপাল বলে যাচ্ছেন সব ঠিক আছে, সব এগিয়ে চলেছে, কোথাও কোন ত্রুটি নাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়—এই প্রসঙ্গে একটা বিশেষ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই—যেটা হচ্ছে এই যে শিক্ষকদের গণতান্ত্রিক অধিকারের প্রশ্ন। ৮ই ফেব্রুয়ারী মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের কাছে ডি-পি-আই থেকে একটা সারকুলার পাঠান হয়েছে এই বলে যে যদি আন্দোলনের পথে কেউ নামেন তাহলে তার বিরুদ্ধে পুলিস জুলুম, পুলিসী ব্যবস্থা গ্রহণ করা হবে। স্বাধীন দেশে এর চেয়ে লজ্জার এর চেয়ে দুঃখের কথা আর কি থাকতে পারে! আমরা দেখেছি বৃটিশ আমলে স্বাধীনতা আন্দোলনের সময় দিনের পর দিন, মাসের পর মাস স্কুল কলেজ যখন বন্ধ রয়েছে, অথচ তখনও বৃটিশ সরকারই সাহস করেননি শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধে কোন রকম পুলিসী ব্যবস্থা গ্রহণ করতে। আর আজকে আমাদের স্বাধীন দেশের সরকার, সেই পুলিসী ব্যবস্থা নিতে উদ্যত হয়েছেন। কাজেই আমি আশা করি তাঁদের যদি কোন সুবিবেচনা থাকে, তাহলে তাঁদের এই সার্কুলার অবিলম্বে উইথড্র করে নেবেন। এই দাবী আমি এখানে রাখছি।

মাননীয় রাজ্যপাল মহাশয়া আর একটা কথা বলেছেন ৬ থেকে ১১ বছর বয়স্ক ছেলে মেয়েদের শিক্ষা ব্যবস্থা এগিয়ে চলেছে, তাতে তৃতীয় পরিকল্পনার শেষে শতকরা ৮০ ভাগ ছেলে মেয়েদের আমরা প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষায় শিক্ষিত করতে পারবো। কিন্তু প্রশ্ন হচ্ছে এখানে মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন যে গত বছর বাজেট বক্তৃতায় শিক্ষামন্ত্রী মহাশয় বলেছিলেন যে শতকরা ৮০ ভাগ-কে আমাদের পক্ষে তৃতীয় পরিকল্পনায় সম্ভব নয় প্রাথমিক শিক্ষার আওতায় ভর্তি করা। তার কারণ জনসংখ্যা বৃদ্ধি হয়েছে।

তৃতীয়তঃ ভারত গভর্ণমেন্টের যে

"Review of Education in India"

নামে যে পাবলিকেশনটা বেরিয়েছে সেখানে এই কথা বলা হয়েছে যে তৃতীয় পঞ্চ বার্ষিক পরিকল্পনার শেষে শতকরা ৭০ জনকে এই প্রাথমিক শিক্ষা দেওয়া যেতে পারবে। সেদিক দিয়ে বিচার করলে বাংলাদেশের স্থান হবে নবম। কিন্তু রাজ্যপালের মতানুযায়ী যদি ধরে নেওয়া যায় যে শতকরা ৮০ ভাগকে তৃতীয় পরিকল্পনার শেষে প্রাথমিক শিক্ষায় শিক্ষিত করা যাবে, তাহলে পশ্চিমবঙ্গের স্থান দাঁড়াবে সপ্তম। এই দিক থেকে বলা যায় না যে আমাদের বাংলাদেশে শিক্ষার অগ্রগতি ঘটেছে।

আর একটী প্রশ্ন রাজ্যপাল বা সরকার যে কথা গোপন করে রেখেছেন, যা কোন সময় বলছেন না, সেটা হচ্ছে এই ৬ থেকে ১১ বছর বয়স্ক ছেলে মেয়েদের প্রাথমিক শিক্ষার কথা অন্যান্য দেশে যেখানে পঞ্চম শ্রেণী পর্যন্ত যা আমাদের দেশে অধিকাংশ প্রাইমারী স্কুল হচ্ছে প্রথম শ্রেণী থেকে চতুর্থ শ্রেণী পর্যন্ত।

[3-10—3-40 p.m.]

৩২ হাজার ১৫৫টি প্রাথমিক স্কুলের মধ্যে মাত্র ১ হাজার ৮৬৩টি হচ্ছে চতুর্থ শ্রেণী পর্যন্ত। কাজেই রাজ্যপাল সংখ্যা যা বলেছেন তার মধ্যে বিভ্রান্তিকর অবস্থা রয়েছে, এটা অতি যত্নে গোপনে রাখা হয়েছে। স্যার, শিক্ষার মূল ভিত্তি হচ্ছে প্রাথমিক শিক্ষা বিস্তার করা, কিন্তু সেটা যে হয়নি তার অনেক দৃষ্টান্ত আছে। আমি আপনার সামনে তার দু-একটি দৃষ্টান্ত দিতে চাই। আপনারা জানেন ১৯৬৩ সালে ওয়েস্ট বেঙ্গল আর্বান প্রাইমারী এডুকেসন এ্যাক্ট পাশ হয়েছে। এই আইন পাশ হবার আগে মাত্র ৩টি মিউনিসিপ্যালিটিতে—অর্থাৎ খরদহ, জংগীপুর, আসানসোলে কেবলমাত্র প্রাথমিক শিক্ষা চালু ছিল। কিন্তু ১৯৬৩ সালের পর আর কোন মিউনিসিপ্যালিটিতে প্রাথমিক শিক্ষা চালু করা যায়নি এবং এই দুই বছরের মধ্যে তার জন্য যে আইন প্রণয়ন করা দরকার তার জন্য সরকার প্রচেষ্টা করেননি। এমন কি ১৯৬১ সালে যে মেট্রোপলিটন অর্গানাইজেসন রিপোর্ট দেখেছি তাতেও দেখা যাচ্ছে কোলকাতায় মাত্র শতকরা ২৮ জন বিনামূল্যে প্রাথমিক শিক্ষা পান এবং শতকরা ৬২ জনকে পয়সা দিয়ে পড়াশুনা করতে হয়। এর ফলে দেখা যায় শিক্ষা সম্পর্কে যে সর্বনিম্ন মানের প্রতিশ্রুতি ছিল সেটা অত্যন্ত জঘণ্যভাবে লংঘন করা হয়েছে। শুধু তাই নয়, সংবিধানে যে ডাইরেকটিভ প্রিন্সিপল ছিল—অর্থাৎ—৫ থেকে ১৪ বছর বয়স পর্যন্ত, ৮ম শ্রেণী পর্যন্ত সমস্ত বালক বালিকাকে বাধ্যতামূলক অবৈতনিক প্রাথমিক শিক্ষা দিতে হবে সেটাও তাঁরা লংঘন করেছেন। তবে তাঁরা যে শুধু ডাইরেকটিভ প্রিন্সিপল লংঘন করেছেন তাই নয়, বিভিন্ন পন্ডিতদের মতও লংঘন করেছেন। নানা মতের পন্ডিতদের মত হচ্ছে ৮ম শ্রেণী পর্যন্ত শিক্ষা যদি না দেওয়া যায় তাহলে আমাদের সমাজের অর্থনৈতিক উন্নয়ন প্রচন্ডভাবে বাধাপ্রাপ্ত হবে—বিভিন্ন ধরণের পন্ডিতরা, ডাঃ ভি, কে, আর, ভি, রাও এবং অমর্ত সেন-ও এই মত পোষণ করেন। তারপর; তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় বলা হয়েছে যে, সর্ব ভারতীয় ক্ষেত্রে শতকরা ৭৬ জনকে প্রাথমিক শিক্ষার আওতায় আনা হবে। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনাকে জানাতে চাই, স্বাধীনতা লাভের ২০ বছর পরও আমরা দেখছি আমাদের সমাজের এক চতুর্থাংশ বালক বালিকা অ, আ, ক, খ, শেখা থেকে বঞ্চিত হয়ে আছে এবং কর্তকাংশ রয়েছে তারাই যারা আমাদের জন্য জমি চাষ করে, জমিকে সুজলা সুফলা করে। আমরা শুনি অন্ন সংস্থানের জন্য অধিক উৎপাদন করতে হবে, বৈজ্ঞানিক প্রথায় চাষ করতে হবে। কিন্তু মাননীয় স্পীকার মহাশয়, একথা কি কেউ বিশ্বাস করে যে, আসল যারা উৎপাদক তাদের যদি অ, আ, ক, খ না শেখান যায় তাহলে তাদের দ্বারা বৈজ্ঞানিক প্রথায় চাষ হতে পারে? ১৯৬৩ সালে তদানিন্তন শিক্ষামন্ত্রী ডঃ মালি বাংগালোর-বলেছেন, আমাদের দেশে শিক্ষিতের হার শতকরা ২৮ জন এবং এটা গণতন্ত্রের পক্ষে বিপদজনক। ১৯৬৪ সালে বর্তমান শিক্ষামন্ত্রী চাগলা পার্লামেন্টে বলেছেন, শিক্ষা ক্ষেত্রে ব্যয়ের পরিমাণ যদি বিচার করি তাহলে দেখা যাবে ভারতবর্ষ হচ্ছে পৃথিবীর মধ্যে অনগ্রসর দেশ। আমি এই প্রসংগে জোরের সংগে বলতে চাই পশ্চিমবাংলার অনগ্রসরতা হচ্ছে সবচেয়ে প্রকট। সর্বভারতীয় ক্ষেত্রে যেখানে গড়ে শিক্ষা খাতে শতকরা ২২ পয়েন্ট ২ খরচ করা হয়, সেখানে বাংলাদেশে মাত্র খরচ করা হয় শতকরা ৪ পয়েন্ট ২ এবং ভারতবর্ষের অন্যান্য প্রদেশের তুলনায় বাংলাদেশের স্থান হচ্ছে এই ব্যাপারে সকলের চেয়ে নীচে।

তারপর, শিক্ষার হার যদি বিচার করি তাহলে দেখব বাংলাদেশের শতকরা মাত্র ২৯ জন আক্ষরিক এবং সেদিক থেকে বাংলাদেশের স্থান হচ্ছে ষষ্ঠ। ১৯৫১ সালে শিক্ষিতের হারের তুলনায় বাংলাদেশের স্থান ছিল দ্বিতীয়, কিন্তু আজ এত উন্নতি হওয়া সত্বেও ১৯৬৪-৬৫ সালে তাঁদের বলতে হচ্ছে বাংলাদেশের স্থান হচ্ছে ষষ্ঠ। আর একটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করে আমি বক্তব্য শেষ করতে চাই এবং সেটা হচ্ছে স্ত্রী শিক্ষা। আপনারা জানেন সর্বভারতীয় ক্ষেত্রে পাঠরত ছেলে এবং মেয়ের সংখ্যা সমান থাকা সত্বেও সারা ভারতবর্ষে আজ শিক্ষিত পুরুষের সংখ্যা যেখানে শতকরা ৩৫ সেখানে মেয়েদের সংখ্যা হচ্ছে মাত্র ১৩ জন। এই হিসেব থেকেই দেখা যায় স্ত্রী শিক্ষার প্রতি সরকারের কত ঔদাসিন্য। যদি পশ্চিমবাংলার হিসেব ধরি তাহলে দেখা যাবে শুধু স্বাক্ষর করতে পারে এমন পুরুষের সংখ্যা যেখানে শতকরা ৩৩ জন সেখানে মেয়েদের সংখ্যা মাত্র ১২ জন। কাজেই এই সামান্য অংক থেকেই বোঝা যাবে সামগ্রিকভাবে শিক্ষা বিস্তারের মধ্য দিয়ে মেয়েদের শিক্ষা কত পেছনে পড়ে আছে। আজকের চাগলার

যে বক্তৃতা কাগজে দেখলাম তাতে তিনিও বলেছেন, যে দেশের মেয়েরা এডুকেসনে পুরুষের চেয়ে পেছনে পড়ে থাকে সেই জাতির কোন উন্নতি হতে পারে না। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজ জানতে চাই মেয়েদের শিক্ষার জন্য বিশেষ কোন ব্যবস্থা হবে কিনা? আপনারা জানেন এবং সর্বভারতীয় হিসেব থেকেও দেখতে পাই ৬ থেকে ১১ বছর বয়স পর্যন্ত মেয়েরা কিছু লেখাপড়া শেখে, কিন্তু শতকরা ৮৫ ভাগ মেয়েরা ১১ বছরের পর আর স্কুলে যায় না। এই যে ভয়াবহ অবস্থা তাতে আমি জানতে চাই, মেয়েদের শুধু পৈত্রিক সম্পত্তির অধিকারী করলে চলবে না, মেয়েদের যদি গণতান্ত্রিক অধিকার নিশ্চিত করতে হয় তাহলে তার জন্য প্রয়োজন মেয়েদের শিক্ষার অগ্রগতি। সমাজের এই অর্ধেকাংশের গণতান্ত্রিক আবাহন করে হবে সেটা আমি জানতে চাই। সমস্ত দিক বিবেচনা করে শিক্ষা বিস্তারের ক্ষেত্রে যখন দেখছি সরকারের এই ব্যর্থতা তখন আমি রাজ্যপালের ভাষণের বিরোধিতা করছি। তারপর আমার বক্তব্য হচ্ছে সমস্ত স্তরের শিক্ষকবৃন্দ সরকারের এই শিক্ষানীতি যে লক্ষ্যহীণ তার বিরুদ্ধে দাবী নিয়ে সংগ্রামে নেমেছেন এবং তাঁদের দাবী যে ন্যায্য সেটা তাঁরাও স্বীকার করেছেন। একটা ভয়াবহ পরিস্থিতি বাংলাদেশে নেমে এসেছে অর্থাৎ কলেজ অধ্যাপকেরা বলছেন পরীক্ষার খাতা বর্জন করবেন, মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকগণ বলছেন কর্ম বিরতি করবেন এবং প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণ বলছেন স্কোয়াটিং করবেন। এই ভয়াবহ অবস্থা থেকে বাংলাদেশকে মুক্ত করুন, তাঁদের দাবী সমর্থন করুন এবং কেন্দ্র শতকরা ১০ ভাগ এবং প্রদেশের শতকরা ২০ ভাগ এই চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনার শিক্ষাখাতে অর্থ বরাদ্দ করুন এই দাবীর প্রতি দৃষ্টি আকর্ষণ করে আমি রাজ্যপালের ভাষণের বিরোধিতা করছি।

[At this stage the House was adjourned for twenty minutes]

[After adjournment]

[3-40—3-50 p.m.]

Shri Sambhu Gopal Das:

প্রস্তাব করিবেন যে, উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত সংশোধনীটি যুক্ত করা হউক ঃ—

"কিন্তু দুঃখের বিষয় যে, রাজ্যপালের ভাষণে—

(ক) এই ভাষণে মানুষের নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদির মূল্যের অস্বাভাবিক ঊর্ধ্বগতিরোধে পশ্চিমবঙ্গ সরকারের শোচনীয় ব্যর্থতার কোন উল্লেখ নাই;

(খ) এই ভাষণে পশ্চিমবঙ্গের মফঃস্বল এলাকাগুলিতেও পূর্ণ রেশন ব্যবস্থা চালু করার কোন কথা নাই;

(গ) এই ভাষণে খাদ্যশস্যের পাইকারী ব্যবসায়কে সম্পূর্ণরূপে রাষ্ট্রীয়করণের কোন উল্লেখ নাই;

(ঘ) এই ভাষণে অক্ষম এবং নানা কারণে দুঃস্থ ব্যক্তিরা যাহাতে অধিক সংখ্যায় জি আর পাইতে পারে, সে সম্পর্কে কোন উল্লেখ নাই;

(ঙ) শাসন যন্ত্রের রন্ধ্রে রন্ধ্রে যে দুর্নীতির অনুপ্রবেশ ঘটিয়াছে, এবং যাহার ফলস্বরূপ জনজীবনে অশেষ দুর্গতি নামিয়া আসিয়াছে, তাহার কোন উল্লেখ নাই;

(চ) গত এক বৎসরেই জনসাধারণের বাঁচার দাবীতে বিভিন্ন গণ-আন্দোলন দমনের জন্য যেভাবে ভারতরক্ষা আইনের প্রয়োগ করা হইয়াছে, এই ভাষণে তাহার কোন উল্লেখ নাই, এবং ভবিষ্যতে যে গণতন্ত্রের স্বার্থে গণ-আন্দোলন দমনের জন্য এই আইনের অপপ্রয়োগ করা হইবে না, সে সম্পর্কে কোন প্রতিশ্রুতিও মাননীয়া রাজ্যপালের ভাষণে নাই;

(ছ) জরুরী অবস্থায় বিপুল শাসন-ক্ষমতা হাতে থাকা সত্ত্বেও সরকার যে বারবার অসাধু ব্যবসায়ীদের লোভের নিকট আত্মসমর্পণে বাধ্য হইয়াছে, সে সম্পর্কে কোন কথা এই ভাষণে নাই;

(জ) ভারতরক্ষা আইনে ধৃত রাজবন্দীদের মুক্তি সম্পর্কে কোন উল্লেখ এই ভাষণে নাই;

(ঝ) জরুরী অবস্থার বলি, এই রাজ্যের সহস্র সহস্র দুঃস্থ স্বর্ণশিল্পীদের সম্পর্কে কোন আশার বাণী এই ভাষণে অনুপস্থিত;

(ঞ) পশ্চিম বাংলার গ্রামাঞ্চলের দরিদ্র কৃষকশ্রেণী, বিশেষ করিয়া ভূমিহীন কৃষকসমাজ, এবং নিম্নমধ্যবিত্ত ও মধ্যবিত্ত শ্রেণীর অবর্ণনীয় অর্থনৈতিক দুঃখ-দুর্দশার কোন চিত্র অংকিত হয় নাই। গ্রাম এলাকার বেকার ও অর্ধ বেকার সমস্যা সম্পর্কে সেখানকার চাষীদের অনেক স্থলে "ফসলের ন্যায়সংগত মূল্য" হইতে বঞ্চিত হওয়ার সমস্যা সম্পর্কে এবং সেখানকার দরিদ্র মানুষের, বিশেষ করিয়া পর পর দুইটি বিধ্বংসী বন্যায় নিদারুণভাবে ক্ষতিগ্রস্ত মানুষের উপর বকেয়া ঋণ, খাজনা, সেস, ক্যানেল ট্যাক্স ইত্যাদি আদায়ের জন্য যেভাবে সার্টিফিকেট জারী করিয়া উৎপীড়নমূলক ব্যবস্থা অবলম্বন করা হইতেছে, সে সম্পর্কে কোন উল্লেখ এই ভাষণে অনুপস্থিত। এই সমস্ত সমস্যা সম্পর্কে কোন আশ্বাসের বাণীও মাননীয়া রাজ্যপালের ভাষণে নাই;

(ট) দামোদর এবং ময়ুরাক্ষী সেচ প্রকল্প এলাকায় অনেক স্থলে জমিতে আদৌ জল সরবরাহ না করিয়া যেভাবে কৃষকদের নিকট হইতে ক্যানেল-ট্যাক্স আদায় করা হইতেছে, এই ভাষণে তাহার কোন উল্লেখ নাই; এবং

(ঠ) পশ্চিম বাংলার অর্থনৈতিক দিক হইতে পশ্চাৎপদ জেলাগুলিতে "অর্থনৈতিক উন্নতির" জন্য "শিল্প প্রতিষ্ঠার' সম্ভাবনার কোন উল্লেখ এই ভাষণে নাই"।

মিঃ চেয়ারম্যান স্যার, মহামান্য রাজ্যপালিকার যে ভাষণ এই হাউস-এ সদস্যদের কাছে উপস্থিত করেছেন সেই ভাষণ নিয়ে অনেক সদস্য বিতর্কে অংশ গ্রহণ করেছেন। এই ভাষণের উপর আলোচনা আমরা তখন করছি যখন কংগ্রেস সরকারের অদূরদর্শিতার ফলে সমস্ত ভারতবর্ষ খণ্ড বিখণ্ড হতে চলেছে এবং যখন ভারতবর্ষের উপর জরুরী অবস্থা চালু রয়েছে। আমি মনে করি ১৭ বছর ধরে একাধিকক্রমে শাসনক্ষমতায় অধিষ্ঠিত থাকার ফলে এই সরকার দুর্নীতিগ্রস্ত হতে বাধ্য। এই সরকারের যে দেউলিয়া নীতি সেই নীতির প্রতিফলন এই ভাষণের মধ্যে দিয়ে হয়ে গেছে। সমস্ত বাংলাদেশে কি গ্রাম এলাকায়, কি শহর এলাকায় সাধারণ মানুষ আজ হতদরিদ্র, অভাবগ্রস্ত। সমাজের যারা নীচের তলার মানুষ—এক কথায় দুর্গত মানুষের জন জীবনের যে বাস্তব চিত্র সেই চিত্র এই ভাষণের মধ্যে নেই। সেজন্য স্বভাবতঃই বাংলাদেশের শহর ও গ্রাম এলাকায় সাধারণ মানুষ এই ভাষণের মধ্য দিয়ে কোন আশার আলো দেখতে পাচ্ছে না। আপনি একথা নিশ্চয় জানেন যে তিন তিনটা পঞ্চবার্ষিকী পরিকল্পনা আমাদের দেশে প্রায় শেষ হতে চলল। প্রথম পঞ্চমবার্ষিকী পরিকল্পনার শেষে যে পরিমাণ বেকার সংখ্যা আমাদের দেশে ছিল, দ্বিতীয় পরিকল্পনার শেষে এই বেকারের সংখ্যা কয়েকগুণ বেড়ে গিয়েছিল এবং তৃতীয় পরিকল্পনার শেষে এই বেকারের সংখ্যা আরও বেশী হবে। কেউ যদি জিজ্ঞাসা করে এবং বলে যে খাদ্যসমস্যা আজকের দিনে বিরাট সমস্যা সেটা যেমন ঠিক, তেমনি তার চেয়ে বেশী আমাদের দেশে বেকার সমস্যা। আরও দুঃখের কথা হল এই যে রাজ্যপালের ভাষণের মধ্য দিয়ে এই যে একটা বার্ণিং কোশ্চেন আনএমপ্লয়মেন্ট সম্পর্কে কোন উল্লেখ পর্যন্ত নেই। এই বেকার সমস্যা সমাধানের জন্য আমাদের দেশে যে ব্যাপক শিল্পোন্নয়নের প্রয়োজন আছে—যে কথা অর্থনীতিবিদরাও স্বীকার করেন—সেই ব্যাপক শিল্পোন্নয়নের কোন ব্যবস্থা নেই। উপরন্তু আমরা যে জিনিস দেখছি সেটা হচ্ছে যে বাংলাদেশের মধ্যে বর্ধমান, হাওড়া ও কলকাতা যেটা শিল্প এলাকা এবং বাংলাদেশে অন্য সমস্ত শিল্প এলাকাতেও শতকরা ৭২ ভাগ যেখানে কাজ করে সেই সমস্ত এলাকাগুলিতে বাংলাদেশের যে আনএমপ্লয়েড লেবার আছে তাদের নিয়োগের জন্য সরকারের যে বিশেষ ব্যবস্থা থাকা উচিত ছিল সেটা তাঁরা করছেন না। আজকে

বিহার সরকার যেখানে এই মর্মে নোটিশ দিতে পারে যে এত পার্সেন্ট বিহারী কলকারখানাগুলিতে নিয়োগ করতে হবে সেখানে বাংলাদেশের অধিবাসীদের জন্য সরকারের এই ধরণের ব্যবস্থা করা দরকার বলে আমি মনে করি। ইংরাজ আসার পর ব্যবসা বাণিজ্য কলকারখানা ইত্যাদির উন্নতি বাংলাদেশে হয়েছিল ঠিক এবং ভূমির উপর নির্ভর না করে বাংলাদেশে এদিক দিয়ে অনেকখানি এগিয়ে গিয়েছিল, কিন্তু কিছুটা সেই অবস্থার পরিবর্তন হয়েছে। ব্যবসার জিনিস এখানে থাকলে টাকা যে লাভ হয় তার অনেকখানি অংশ বাংলার বাহিরে চলে যায় এবং বাংলাতেই বাঙালীর স্থান নেই। আজ কলকাতা শহর শুধু নয়, কলকাতার বাহিরেও অনেকখানি জায়গা অবাঙালীদের হাতে চলে গেছে এবং এ জিনিস সুদূর মফঃস্বলেও দেখেছি। আমি কোন প্রাদেশিকতার কথা বলছি না আমি বাঙ্গালীদের রক্ষাকবচ হিসাবেই বলছি যে বাঙ্গালীদের যে স্বার্থ তা সম্পূর্ণভাবে নষ্ট হতে চলেছে।

কলকাতা, হাওড়া থেকে বৎসরে যে আড়াই শত কোটী টাকা রোজগার হয় সে টাকা কি বাংলা দেশে থাকে? সে টাকার কত অংশ এই শিল্পে নিয়োজিত হয় তা আমরা জানি। ২৫০ শত কোটী টাকা বাংলাদেশের বাইরে চলে যাচ্ছে। এই টাকাকে আটকে রেখে ভাল ভাবে শিল্পায়ন করে বেকার সমস্যা সমাধানের যে প্রচেষ্টা তা সরকারের নেই। এক দিকে শহরে যেমন এই সমস্যা তেমন গ্রামাঞ্চলেও দেখছি যে কৃষকদের আর্থিক দুরবস্থার চরমে উঠেছে। সেখানে গত ১০ বৎসরে সরকারী হিসাব থেকে দেখা যাচ্ছে যে ভূমিহীন কৃষকের সমস্যা অধিক মাত্রায় বৃদ্ধি পেয়েছে। আজ গ্রাম্য বাংলার সত্যকারের চিত্র কি? আগে ৫ বিঘা যার জমি ছিল সেই জায়গায় আজ সে ভূমিহীন কৃষকে পরিণত হয়েছে। এবং যাদের অভিজ্ঞতা আছে তাঁরা জানেন যে জি, আর, এবং টি, আর,-এর মধ্য দিয়ে বাঁচা ছাড়া আর তাদের কোন উপায় নেই। কোন মন্ত্রী এবং এম, এল, এ-দের কাছে ধন্না দেওয়া ছাড়া আর কোন উপায় নেই। সরকার কলকাতা সহরে ষ্টেটুটারী রেশনিং-এর কথা বলেছেন। কিন্তু এই কথা ঠিক যে রাজ্যপালের ভাষণের মধ্য দিয়ে এমন কোন প্রতিশ্রুতি দিলেন না যে সরকার সমস্ত বাংলা দেশকে খাওয়াবার দায়িত্ব নিচ্ছেন। রুরাল এলাকায় চাল এবং গম-এর সরবরাহের কি হবে সে সম্পর্কে কোন উল্লেখ নাই। কেবল সরকার জিনিসপত্রের দাম সেখানে বেঁধে দিয়েছিলেন। বিশেষকরে খাদ্যশস্যের মূল্য গত বৎসর বেধে দিয়েছিলেন কিন্তু আমাদের অভিজ্ঞতা থেকে জানি যে অসাধু ব্যবসায়ী এবং চোরাকারবারীরা ব্যাপকভাবে বিক্রি করে দেবার জন্য সে সমস্ত কার্যকরী হয়নি। এই সরকারের দুর্নীতিগ্রস্থ এ্যাডমিনিস্ট্রেশন-এর হাত থেকে বাংলাদেশের মানুষ বাঁচতে পারেনি। আজকে বাংলাদেশে যে সমস্ত গ্রাম এলাকার মানুষ আছে তাদের সম্পর্কে আমাদের রাজ্যপাল কি এই গ্যারান্টি দিতে পেরেছেন যে আগামী বৎসরে তাদের সস্তা দরে খাদ্য সরবরাহ করবেন। এই গ্যারান্টি বাংলাদেশের মানুষ পায়নি। কলকাতায় সরিষার তেল বেশী দামে লোকে কিনেছে, কিন্তু গ্রামের মানুষ সে তেল এর চেয়েও বেশী দামে কিনেছে, এমন কি ব্ল্যাক মার্কেটিং-এও পায়নি। ব্ল্যাক মার্কেটিয়ারদের ধরে দেওয়া হয়েছিল কিন্তু প্রশাসনের ব্যবস্থা এমনই যে সে সম্পর্কে কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি। আর একটা জরুরী কথার বিষয় রাজ্যপালের ভাষণে নেই। এ বৎসরে গভর্ণমেন্ট থেকে এই নির্দেশ দেওয়া হয়েছে বাংলাদেশের গ্রাম এলাকায় বিশেষ করে রায় এলাকায় গত ৫।৬ বৎসর ধরে যে ক্যানেল ট্যাক্স বাকি আছে তা সমস্ত এক সংগে আদায় করতে হবে। যত লোন নেওয়া হবে তা সব এক সংগে আদায় করা হবে। এই সমস্ত ক্যানেল ট্যাক্স এবং লোন আদায় করবার জন্য গ্রামে পাইক বরকনদাজ গিয়ে হাজির হচ্ছে। এ, আর, ও আর ও গিয়ে হাজির হচ্ছে এবং ঘুরে ঘুরে তাঁরা নোটীশজারী করছেন এবং হাজার হাজার সার্টিফিকেট গরীব কৃষকের উপর জারী হচ্ছে। একটা কৃষক এত লোন নিয়েছে যে সে তার সমস্ত সম্পত্তি বিক্রি করেও তা শোধ করতে পারবে না, বি, ডি ও-রা হুকুম জারী করছেন যে ৫।৬ বৎসরের বকেয়া ঋণ এ বৎসর শোধ করতে হবে। সেজন্য সার্টিফিকেট-এর মাধ্যমে জানান হচ্ছে যে যত রকম লোন নেওয়া ছিল সব এ বৎসর শোধ দিতে হবে, আমরা জানি ক্যানেল এলাকার কি অবস্থা। যখন গ্রামে মন্ত্রীরা যান সরকারী কর্মচারীরা যান, তখন গ্রামের লোকে ভয়ে তটস্থ হয়ে ওঠে এবং বলে যে আমরা এই লোন ট্যাক্স শোধ করতে রাজি আছি কিন্তু আমাদের রায় এলাকায়, ক্যানেল এলাকায়, জল আদৌ পৌঁছায় না। অথচ সেখানে বিপুল পরিমাণে ট্যাক্স আদায় করা হচ্ছে সার্টিফিকেট জারী করা হচ্ছে এই নিয়ে হাইকোর্টে কেস চলছে

আমাদের মুর্শিদাবাদ জেলায় কাঁন্দি মহকুমায় একরা থানায় পুলিস চাষীদের উপর উৎপীড়ন করছে এবং অন্যান্য এলাকায় অ্যারেস্ট করবার ভয় দেখাচ্ছে অথচ চাষী বলছে এ কথা যে আমরা কোন জল পাই নি।

[3-50—4 p.m.]

১২ মাসে যে জমি জলে ডুবে থাকে--সেই জমির উপর ট্যাক্স ধার্য করা হচ্ছে। এই সব জিনিসের উপর সমস্ত বাংলাদেশের কৃষকের ক্রোধ আছে। তারা একথা আশা করে যে রাজ্যপালের ভাষণ থেকে তারা এই সমস্ত প্রতিশ্রুতি পালনের আশ্বাস পাবে। ঠিক সেই আকারে অর্ধ বেকারী চাষীদের মাঝখানে ছদ্মবেশী বেকারী বাড়ছে। ন্যায্য দরে জিনিসপত্র পাওয়ার মত কোন ব্যবস্থা নেই। রাস্তা ঘাটের দুরবস্থার জন্য তারা সেখানে ভুগছে। ঠিক এই অবস্থার মাঝখানে দাঁড়িয়ে আমরা এখানে রাজ্যপালের ভাষণ শুনেছি এবং সেই ভাষণের উপর আমরা বিতর্ক করেছি। তাই যে কথা আমি আগে বলেছিলাম যে রাজ্যপালের ভাষণের মাঝখানে—কি সহর কি গ্রামের বার্ণিং কোয়েশ্চেনগুলি এখানে নেই এবং তার থেকে সদ উত্তর পাওয়ার জন্য যে আশ্বাস বাণী তা নেই এখানে। সেইজন্য এই ভাষণকে স্বাগত জানাবার জন্য কোন যুক্তিসংগত কারণ আমি খুঁজে পাই না।

Shri Abdul Bari Moktar:

মাননীয় অধ্যক্ষ মহাশয় মাননীয়া রাজ্যপালের ভাষণের উপর এই সভার এ পক্ষ এবং ও পক্ষ থেকে অনেক সমালোচনা হয়েছে। আমি সেই সমস্ত আলোচনা ভালভাবে শুনেছি। রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবকে সমর্থন করতে উঠে আমি একটি জিনিস—একটি কথা নিশ্চয়ই না বলে পারা যায় না। সেটা হচ্ছে যে যখন আমাদের এই বাংলাদেশে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য বৃদ্ধি হচ্ছে এবং বাংলাদেশের মানুষ খানিকটা অস্বাভাবিক অবস্থার দিকে এগিয়ে যাচ্ছে তখন আমাদের সরকার এবং এই মুখ্যমন্ত্রী যে একটা বলিষ্ঠ এবং দৃঢ় চিত্ত নিয়ে শক্ত হাতে প্রাইস ফিক্সেসন করেছেন এবং শক্ত হাতে তা করেছেন তাকে প্রশংসা না করে পারা যায় না। স্যার, যখন আমাদের দেশের তেলের দাম চালের দাম বেধে দেওয়া হোল তখন এই আকারে দাম বাড়ার ফলে কিছু সংখ্যক আমাদের দেশে যারা ব্ল্যাক মার্কেটিয়ার হোর্ডার এই সমস্ত শ্রেণীর লোককে আইনের আওতায় এনে যখন কারাগারে রাখা হোল তখন দেখা গেল যে আমাদের দেশের নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্য অনায়াসে সহজ উপায়ে নেমে এসেছে। এবং আমরা মনে করি এখন সেটা একটা ষ্ট্যাণ্ডার্ডের দিকে এগিয়ে চলেছে। স্যার, কয়েক দিন আগে আমাদের বিরোধী দলের মাননীয় নেতা শ্রীজ্যোতি বসু মহাশয়, বক্তৃতায় বলেছিলেন যে ১৭ বছর রাজত্বে এবং ১৪ বছর প্ল্যানে দেশের কোন রকম উন্নতি কিছু হয় নি। দেশের খাদ্য ঘাটতি আছে একথা মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণে স্বীকার করেছেন। আমাদের কৃষি খাতে, শিক্ষা খাতে, কারিগরী শিল্প খাতে আমরা কি পরিমাণ উন্নতি করতে পেরেছি তা নিশ্চয়ই আর বুঝিয়ে বলার দরকার হবে না। একথা ঠিক যে বাংলা দেশে যেখানে তিনটি বিশ্ব-বিদ্যালয় ছিল সেখানে আমাদের সাতটি বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়েছে এবং কৃষি ও সেচ ব্যবস্থা —বড় বড় বৃহদাকারের সেচ ব্যবস্থা ছাড়াও গভীর নলকূপ বসিয়ে দেশের সর্বাঙ্গীন উন্নতির জন্য দেশ যে এগিয়ে চলেছে এ বিষয়ে কোন সন্দেহ নাই। স্যার, এ সম্বন্ধে একটা কথা নিশ্চয়ই বলা দরকার যে কৃষি এবং সেচ এই দুটোর মধ্যে বোঝাপড়ার যে একটা অসুবিধা প্র্যাকটিক্যাল অসুবিধা সেটার প্রতি আপনার মাধ্যমে আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সেটা হচ্ছে এই স্যার, আমাদের বাংলাদেশে বাকড়ী অঞ্চল বলে পরিচিত যে এলাকা সেখান থেকে আমি এসেছি। সেই সমস্ত এলাকায় জল নিকাশের জন্য সামান্য সামান্য ক্যানেল বা ড্রেনেজ স্কীম করে যদি আমরা জল নিকাশের ব্যবস্থা করতে পারি তাহলে চাষের প্রভুত উন্নতি হতে পারে। কিন্তু যখন এই সমস্ত পরিকল্পনার কথা বলা যায় বা সংশ্লিষ্ট জেলা কর্তৃপক্ষের কাছে যাওয়া যায় তখন দেখা যায় যে এই কৃষি এবং সেচের সংগে এই ইনভেষ্টিগেসন ব্যাপারে একটা বিরাট ফাঁক রয়েছে এবং সেখানে যদি কৃষি বিভাগ কোন রকম জল নিকাশের জন্য ক্যানেল প্রস্তুত [illegible] ডাটা ইরিগেসনের কাছ থেকে পেতে হয় এবং তা অনেক সময়

পেতে দেরী হয় বা পাওয়া যায় না বলে কাজেই অসুবিধা হয়। এই অসুবিধা দূরীকরণের জন্য যে যে ব্যবস্থা অবলম্বন করা দরকার তা গ্রহণ করার জন্য আমি মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি।

স্যার, তার পর এখানে প্রাথমিক শিক্ষার কথা উঠেছে। দেশের প্রাথমিক শিক্ষা সামগ্রিকভাবে হতে পারেনি একথা যেমন ঠিক তেমনি একথাও ঠিক যে এই ১৭ বছরের মধ্যে আমাদের দেশে আগে যে সংখ্যক ছাত্র প্রাথমিক শিক্ষা গ্রহণের জন্য অংশ গ্রহণ করতো তার থেকে অনেক গুণে বেড়ে গেছে এবং শিক্ষায়তন বা বিদ্যালয় সেগুলি অনেক আকারে বর্ধিত হয়েছে এবং তাতে দেখা গেছে গ্রামীন বাংলার মানুষের ছেলেদের লেখাপড়া শেখানোর ক্ষেত্রে অনেকখানি অগ্রগতি এসেছে। এবং সেই অগ্রগতি এসেছে বলে অনেক ছেলে-পিলে লেখাপড়ার সুযোগ পাচ্ছে এটা যে আরও বৃহৎ আকারে হওয়া দরকার এবং ৬ থেকে ১১ বছর ছেলেদের বাধ্যতামূলকভাবে শিক্ষা গ্রহণ করানোর জন্য যে নিয়মাবলী তা ভালভাবে প্রয়োগ করা দরকার সে বিষয়ে কোন সন্দেহ নেই। এ বিষয়ে আমি মন্ত্রী সভার দৃষ্টি আকর্ষণ করছি। এই সংগে আপনার মাধ্যমে একটা কথা না বলে পারছি না যে কোন দেশে কৃষি শিক্ষা সমবায় শিল্প কারিগরী ইত্যাদির যখন উন্নতিসাধন করতে যাওয়া যায় তখন হয় তো সে দেশের দ্রব্য মূল্য বৃদ্ধি হওয়া খানিকটা স্বাভাবিক। সেদিকে লক্ষ্য রেখে আমাদের দেশের সর্বাঙ্গীন উন্নতির কথা চিন্তা করে কৃষিকে যেমন অগ্রাধিকার দেওয়া হয়েছে তেমনি আমাদের বাংলাদেশের মানুষ যেমন কৃষিতে সম্পূর্ণরূপে নির্ভরশীল তখন যাতে কৃষির সর্বাঙ্গীন উন্নতি হতে পারে যাতে সেচের জন্য টিউবওয়েল ভালভাবে পেতে পারে এবং ব্যাপক আকারে পেতে পারে যাতে বৈদ্যুতিক সরবরাহ সময়োপযোগী হয় এবং যাতে উন্নত ধরণের বীজ সার এবং উন্নত ধরণের চাষের পদ্ধতি শেখানোর জন্য যে সব গ্রাম সেবকদের দেওয়া হচ্ছে তারা যাতে ভালভাবে কাজ করে উন্নত ধরণের ফসল ফলাতে পারে সে বিষয়ে একটা দৃঢ় পদক্ষেপ হওয়া দরকার বলে আমি মনে করি। আমাদের দেশে পঞ্চায়েত রাজ স্থাপিত হয়েছে—এবং এই পঞ্চায়েত রাজের মধ্য দিয়ে আমাদের দেশের যে সামগ্রিক উন্নয়ন হবে এ বিষয়ে কোন সন্দেহ নেই। এই পঞ্চায়েত রাজ যাতে ভালভাবে কাজ করতে পারে এবং এরা যাতে টাকা সরকারের কাছ থেকে পেতে পারে এবং সেই টাকা নিয়ে দেশের মানুষ নিজেরা খরচ করে দেশের সর্বাংগীন উন্নতি শিক্ষা, স্বাস্থ্য সমস্ত দিক থেকে উন্নতি বিধান করতে পারে—এ বিষয়ে আমি দৃঢ় আশা পোষণ করি। এই সংগে সংগে আর একটি কথা বলে আমি আমার বক্তৃতা শেষ করবো—মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে দেখা যাচ্ছে যে এই ১৭ বছরের মধ্যে মাধ্যমিক শিক্ষা আমাদের দেশে অনেক দূর এগিয়ে গেছে এবং এই শিক্ষা যে আরও এগিয়ে যাওয়া দরকার এ বিষয়ে কোন সন্দেহ নেই। যেখানে আমরা হায়ার সেকেন্ডারী এডুকেসন এবং হাই স্কুল আগে হয়তো একটা থানায় দু-একটা দেখতে পেতাম সেখানে আমরা কম পক্ষে ৪।৫ বিদ্যালয় দেখতে পাই। এটা সকল সদস্যই উপলব্ধি করবেন যে নিশ্চয়ই এটা আমাদের একটা উন্নতি করার লক্ষণ এবং আমরা নিশ্চয় উন্নতি করতে পেরেছি। আপনার মাধ্যমে আর একটা কথা বলবো আমার এলাকা সম্বন্ধে যে সীমান্ত এলাকা দিয়ে রেষ্ট্রিকটেড কিছু এলাকা আছে সেখানে ঐ সমস্ত চাল বা অন্যান্য প্রকার জিনিসের মুভমেন্ট বন্ধ সেখানে যদি ঐ সমস্ত মুভমেন্ট বন্ধ থাকে তাহলে রেষ্ট্রিকটেড এরিয়ার বাইরে দেখা যাচ্ছে যে অটোমেটিক ওয়েতে সেখানে চালের দর নেমে আসছে—কিন্তু রেষ্ট্রিকটেড এরিয়াতে চালের দর বেঁধে রাখতে পারছে না।

[4—4-10 p.m.]

সেখানে যদি চালের মুভমেন্ট বন্ধ থাকে তাহলে সেই রেষ্ট্রিকটেড এরিয়া বাইরে আবার দেখা যাচ্ছে চালের দর নেমে আসছে কিন্তু রেষ্ট্রিকটেড এরিয়ার মধ্যে গিয়ে চালের দর নামাতে পারছে না মুভমেন্ট বন্ধ থাকার কারণে, কাজেই সেই ক্ষেত্রে যাতে আমরা ওদিক থেকে একটু বিবেচনা পেতে পারি এবং রেষ্ট্রিকটেড এরিয়া যাতে ভালভাবে চিন্তা করে করা হয় কোন সময় এবং কিসের ভিত্তিতে করা হবে সে বিষয়ে যেন চিন্তা করা হয়। তা নাহলে এই বাংলাদেশের সীমান্ত সমস্ত দিয়ে যে রেষ্ট্রিকটেড এরিয়া ৫ মাইলের মধ্যে করে রাখা হয়েছে তার মধ্যে দেখতে পাওয়া যাচ্ছে যে রেষ্ট্রিকটেড এরিয়া বাইরে দ্রব্যমূল্য কম হচ্ছে অথচ রেষ্ট্রিকটেড এরিয়ার মধ্যে দ্রব্যমূল্য বৃদ্ধি হয়েই আছে। কাজেই সেই সমস্ত যাতে না হতে পারে এবং মডিফায়েড রেশনিং

এর মধ্যে দিয়ে যাতে আমরা আরও বেশী রকমভাবে চাল পেতে পারি—সেই রেষ্ট্রিকটেড এরিয়ার মধ্যে সেদিকে আমি মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি। তা না হলে সীমান্ত অঞ্চলে যারা বাস করেন সেই সমস্ত মানুষদের সত্যই একটা দুর্ভোগ হচ্ছে কেন না সেখানে মডিফায়েড রেশনিং-এর মাধ্যমে যে চাল সাপ্লাই করা হচ্ছে সেটা অপ্রচুর এবং বাইরে থেকে যদি চাল অর্থাৎ রেষ্ট্রিকটেড এরিয়া বাইর থেকে যদি চাল ওই এরিয়া-র মধ্যে না যেতে পারে তাহলে স্বাভাবিক উপায়ে আমরা দেখতে পাচ্ছি যে দ্রব্যমূল্য কমছে না। কাজেই এই কটি কথা বলে রাজ্যপালের ভাষণের ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Sudhir Chandra Das:

প্রস্তাব করিবেন যে, উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত সংশোধনীটি যুক্ত করা হউক :—

"কিন্তু দুঃখের বিষয় যে, রাজ্যপালের ভাষণে—

(ক) পল্লী-অঞ্চলে ভাদ্র-আশ্বিনে ধান্যমূল্যে অস্বাভাবিক বৃদ্ধির ফলে জনসাধারণের যে তীব্র খাদ্যসংকটের সম্মুখীন হন তার প্রতিরোধ সরকারী রেশন দোকানগুলির অকর্মণ্যতা সম্পর্কে কোন উল্লেখ নাই;

(খ) নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্যবৃদ্ধির ফলে জনসাধারণ যে অবর্ণনীয় দুঃখ-দুর্দশার সম্মুখীন হয়েছে তার প্রতিকারের কোন সুস্পষ্ট ইঙ্গিত নাই;

(গ) সংবিধান অনুযায়ী ১৪ বছরের বালকবালিকাকে বিনা বেতনে পড়াইবার ব্যবস্থা এখনও চালু হয় নাই। এই সম্পর্কে কোন প্রতিশ্রুতি নাই;

(ঘ) জেলা পরিষদ গঠন হওয়া সত্ত্বেও জেলা স্কুল বোর্ডগুলিকে বাঁচাইয়া রাখায় যে বিশৃঙ্খলা সৃষ্টি হইয়াছে এবং দলীয় স্বার্থ রক্ষার অপচেষ্টা চলিয়াছে তাহার প্রতিকারের কোন ইঙ্গিত নাই; এবং

(ঙ) গ্রাম পঞ্চায়েত অঞ্চল পঞ্চায়েত ও জেলা পরিষদ গঠন হওয়া সত্ত্বেও গ্রামোন্নয়নের প্রচেষ্টা যে শোচনীয় ব্যর্থতা এনে দিয়েছে তার কোন উল্লেখ নাই।

মাননীয় সভাপাল মহাশয়, রাজ্যপালের ভাষণে একটি বিশেষ সমস্যা সম্পর্কে কোন উল্লেখই নেই যে সম্পর্কে স্বরাষ্ট্র মন্ত্রী নন্দজীই বেশী করে তুলে ধরেছেন। দুমাস আগে সদাচার সমিতি এবং শান্তনম কমিটির যে রিপোর্ট প্রকাশিত হয়েছে সে সম্পর্কে কোন আভাষই এই ভাষণে নেই। এ সম্পর্কে আমরা যখন তুলতাম জর্নাডিসড আই বলে তখন কংগ্রেস পক্ষ থেকে কি বলতেন? দুর্নীতি আছে কিন্তু তারা কি বলতেন জর্নাডিসড আই-র এভাবে আমরা কিছু-দিন বলবার পরে তখন দেখতে পেলাম নন্দজীর জর্নাডিসড আই হয়েছে এবং সকলেই বলছেন দুর্নীতি ভয়ানক হয়েছে এবং একে রদ করতেই হবে। সদাচার সমিতি যদিও এল কিন্তু তার গলা টিপে প্রথমেই শ্রীঅতুল্য ঘোষই তাকে শেষ করে দিলেন। এবারে নন্দজীর অবস্থা কাহিল। এবারে মেদিনীপুর জেলাতে যখন আর, টি, এর ঘুষকে বন্ধ করার জন্য বলা হল তখন দেখা গেল এবারে প্রবীর জানা, এম, এল, এ, কংগ্রেস ভবন-এর জন্য লক্ষাধিক টাকায় করেছেন। সেখানে অজয় মুখার্জীকে সভাপতি করা হল জেলা পরিষদের তখনই আবার গলা টিপে অজয় বাবুর বিরুদ্ধে কংগ্রেস প্রস্তাব নিয়েছে যে জেলা পরিষদের চেয়ারম্যান এর কোন ক্ষমতা থাকিবে না। সুতরাং দুর্নীতি দমন করতে গিয়ে নন্দজীর যে অবস্থা হয়েছে ঠিক সেই রকম অবস্থাই আজ প্রাদেশিক কংগ্রেস সভাপতি শ্রীঅজয় মুখার্জীর। তিনি সবল হাতে যেটুকু করতে যাচ্ছি-লেন, তাকেও আবার গলা টিপে মারবার চেষ্টা হচ্ছে। আজ একথা বলতে আমার বিন্দুমাত্র কুন্ঠা নেই। মেদিনীপুর-এর কংগ্রেস কি করে এই নির্লজ্জ প্রস্তাব নিতে পারে যে জেলা পরিষদের চেয়ারম্যান নির্বাচনের পর তার কোন ক্ষমতা থাকবে না, এ আমরা চিন্তা করতে পারছি না। ত্রাণমন্ত্রী শ্রীমতী আভা মাইতি অনেক হিসাব দিয়েছেন নানা ব্যাপারে কিন্তু কই শান্তনম কমি-টির রিপোর্টের তো কোন কথা নেই। তাঁর কথা আমরা তুলেছিলাম, যে সেই ৮২ হাজার টাকা

কাঁকরা খাদি কেন্দ্রের টেষ্ট রিলিফ-এর নামে মিথ্যা কাট্নি সৃষ্টি করে ১৬০০ চরকার কল সৃষ্টি করে যে কাজ করে নিয়েছেন যে চুরি করেছেন আজ তার তদন্ত করতে প্রফুল্লবাবু রাজী হবেন কি? প্রফুল্লবাবু গত অধিবেশনে বলেছিলেন বিরোধী দলের চীৎকারে দুর্নীতি দমন হবে না। আমার মনে আছে সে কথা তিনি বলেছিলেন "কংগ্রেস দুর্নীতি দমন করিবে, করিবে, করিবে।" এই তিন সত্য তিনি করেছিলেন আজ তিনি কি যাবেন সেখানে? আমি চ্যালেঞ্জ করছি, কাঁকরা খাঁদি কেন্দ্রের নামে মিথ্যা কাট্নি সৃষ্টি করে, কাগজেপত্রে খদ্দর তৈরি করে যেভাবে টাকা নষ্ট করে দিয়েছেন সেটা আজ আর অস্বীকার করবার উপায় নেই। আমি চ্যালেঞ্জ করছি, তদন্ত রিপোর্ট নিন ও প্রশ্নে আসুন। আভা মাইতি মহাশয়া প্রতিরক্ষা তহবিলের নামে, দেখেছি—যে প্রতিরক্ষার নামে মানুষ পাগল হয়ে টাকা দান করেছেন, গহনা দান করেছেন, সে সম্পর্কে প্রশ্ন করেও যা উত্তর আমি পেয়েছি তারই বিশ্লেষণ করে আমি দেখাবো যে টাকা চুরি হয়েছে কিনা? কতকগুলি সভা কাঁথি মহকুমায় হয়েছিল। এই প্রশ্নের উত্তরে গত ১১ই ফেব্রুয়ারী যা আমাকে উত্তর দিয়েছেন তার কথাই বলছি তাতে বলা হয়েছিল যে ইহা কি সত্য যে ১৯৬৩ সালে মেদিনীপুর জেলায় ত্রাণমন্ত্রী আভা মাইতির উপস্থিতিতে বিভিন্ন জনসভায় প্রতিরক্ষা তহবিলের জন্য যাঁরা অর্থ এবং গহনা ইত্যাদি দান করেছেন তাদের দানের পরিমাণ সহ নাম ও ঠিকানা কি? আমাকে উত্তর দেওয়া হয়েছে, হ্যাঁ, এবং তার সংগে জনকা, ভুপতিনগর, ফলবাড়িয়া, ডুমুরদাঁড়ি, ভগবানপুর, হেঁড়িয়া, কলাগাছিয়া; গোপিচক প্রভৃতি ৮টির নামও করেছেন। নাম ও ঠিকানা দেওয়া হবে কিনা? এজিজ্ঞাসা করলে তার উত্তর দিয়েছেন সম্ভব নয়'। আমরা দেখছি এ সবের নাম ঠিকানা সরকার দিতে পারছেন না, আজকে সব গোপন করার চেষ্টা হচ্ছে। তারপর আমি আবার প্রশ্ন করেছি গত ১৫ই ফেব্রুয়ারী এই এ্যাসেম্বলী চলতি অধিবেশনেই। আমার প্রশ্ন ছিল "প্রতিরক্ষা তহবিলের জন্য বিভিন্ন জনসভায় যাঁরা অর্থ গহনা ইত্যাদি দান করেছেন, তাদের সকলকে প্রাপ্তি স্বীকার রসিদ দেওয়া হয়েছে কিনা এবং না দেওয়া হলে দেওয়া হবে কিনা? এবারে তাঁরা যে উত্তর দিয়েছেন তাহল "হ্যাঁ" এবং প্রশ্ন উঠে না, ও "রসিদ দেওয়া হয়েছে"। মিথ্যা, আমি এখানে আবার চ্যালেঞ্জ করছি এটা সম্পূর্ণ মিথ্যা কথা। সেই কাঁথির জনসভায় এবং বিভিন্ন জনসভায় যে টাকা এবং গহনা তোলা হয়েছে তার রসিদ আজও দেওয়া হয়নি। অথচ সরকার উত্তর দিচ্ছেন হ্যাঁ, রসিদ দেওয়া হয়েছে। আমি যখন পরশু-দিন বাড়ী থেকে আসি তখন যাঁরা প্রতিরক্ষা তহবিলে দান করেছেন তাঁদের মধ্যে একজন শ্রী নগেন্দ্রনাথ দাস, ভূতপূর্ব এম. এল. এ-র স্ত্রী যিনি দান করেছেন তিনি জানিয়েছেন কোন রসিদ পাননি। তা ছাড়া আমার অন্যান্য বন্ধু বান্ধবরা যাঁরা এভাবে দান করেছেন তাঁদেরও কোন রসিদ দেওয়া হয় নাই এবং এটা জেনে রাখুন গত বছর যখন প্রশ্ন করেছিলাম যেটা আপনাদের হয়ত অনেকের মনে মনে আছে সেখানে ঐ আভা মাইতিই উত্তর দিয়েছিলেন—"না তাড়াতাড়িতে চেক দিতে পারিনি।" কাঁথির জনসভায় তিনি বলেছিলেন মিউনিসিপ্যালিটিতে তালিকা আছে কিন্তু সেই তালিকা আজও পাওয়া যাচ্ছে না। সুতরাং চেক যে দেন নি তা এখানেই প্রমান হয়ে গেল। নন্দজী বলেছিলেন, উন্নতি পরিকল্পনা ও সামাজিক সমস্ত উন্নতি ব্যাহত যদি করে থাকে ওই দুষ্ট ক্ষত দুর্নীতি এবং সেটা রন্ধ্রে ঢুকেছে এই বক্তৃতা ২ মাস ধরে রেডিওতে, সভাতে, খবরের কাগজে কত প্রতিবাদ করেছেন সেকথা নিশ্চয়ই জানেন। সেই জন্য আমি বড় করে তুলে ধরতে চাচ্ছি যে প্রতিরক্ষার তহবিলের নামে টাকা নিয়ে তছনছ করেছেন, মিথ্যা উত্তর —একটা চেক না দিয়েও বলছেন দিয়েছি। তারপর যে পয়েন্ট আমি তুলতে চাই তাহল সরষের তেল সম্পর্কে। নেপালবাবু আরও কে কে যেন এ সম্পর্কে বলেছেন। আমি ভিবে আশ্চর্য হয়ে যাই যে পশ্চিমবঙ্গের ক্যাবিনেট তাঁদের এমনই মাথা খারাপ হয়ে গেল যে উড়িষ্যাতে ৪॥ টাকার তেল বিক্রী হতে থাকল কিন্তু পশ্চিমবঙ্গে ৮ টাকা ৯ টাকায় তেল বিক্রী হয়েছে একথা অস্বীকার করেছেন।

[4-10—4-20 p.m.]

গ্রামাঞ্চলে ৮।৯ টাকা কিলো তেল বিক্রি হয়েছে। আজকে প্রশ্নোত্তরে দেখেছি, টেবিলে লেখা আছে, সরকার বলছেন নির্ধারিত দরে তেল বিক্রি হচ্ছে, কিন্তু বাজারে তেল ৮ টাকায় উঠেছে। এই মিথ্যা বেসাতি নিয়ে সরকার কখনও চলতে পারে না। আর একটা ঘটনা রাখছি সেটা হচ্ছে

কাঁথি বাজারে সেবাসংঘ প্রতিষ্ঠানকে প্রফুল্লবাবুর সরকার ৫০ হাজার টাকা দান করেছেন, ৩ হাজার টাকা রিবেট দিয়েছেন সরষের তেল বেচার জন্য। ৬০ হাজার মন সরষের তেল বেচলে ৩ হাজার টাকা রিবেট পাওয়া যায়। সেই প্রতিষ্ঠান ৮ টাকায় তেল বিক্রি করেছে বলে গ্রেপ্তার করা হয়েছে। সেই কেস কাঁথি কোর্টে বিচারাধীন আছে। অথচ সরকার বলছেন ৮ টাকায় সরষের তেল বিক্রি হয়নি। সে কথা মোটেই সত্য নয়। হাতে মাল নেই, উৎপাদনের ক্ষেত্রে হাত নেই তবুও কন্ট্রোল করতে যাওয়া এটা সরকারের পাগলামী ছাড়া আর কি হতে পারে? এরই জন মানুষ ৮ টাকায় ভেজাল তেল খেয়েছে এবং রিফাইন তেল ৪॥ টাকায় বিক্রি হয়েছে। অথচ উড়িষ্যায় ৪॥ টাকা সরষের তেলের দাম এ কথা কে না জানে। বিহারেও তাই। আর একটা কথা বলে আমি শেষ করব সেটা হচ্ছে পল্লী অঞ্চলে আঞ্চলিক গুদাম করার কথা। পল্লী অঞ্চলে আঞ্চলিক গুদাম যদি না করেন তাহলে আমি বলে যাচ্ছি যে যে ধান বেশী হয়েছে বলে সরকার এত উৎফুল্ল হয়েছেন এবং কেন্দ্রীয় সরকারের কাছ থেকে চাল এবং আটা পাবেন বলে আশ্বাস পেয়েছেন তাতে আমরা মোটেই সন্তুষ্ট হইনি। কারণ, তাঁরা সরষের তেলের যে সরবরাহ করেছেন তাতে কেবল শহরাঞ্চলের রেশনের দোকানে চাল ছিল, পল্লী অঞ্চলের রেশনের দোকানে চাল ছিল না এবং বহুদিন চাল থাকত না। এই পল্লী অঞ্চলকে বঞ্চিত করে চাল কেড়ে আনার বিরুদ্ধে আমরা প্রতিবাদ করছি এবং পল্লীঅঞ্চলে গুদাম করে চাল রক্ষা করে সেখানে যাতে মূল্য বৃদ্ধি প্রতিরোধ করা যায় তার দাবি করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Ananda Gopal Mukhopadhya:

মাননীয় স্পীকার মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর সমালোচনায় অংশ গ্রহণ করতে উঠে এ পক্ষের বন্ধু শ্রীঅশোককৃষ্ণ দত্ত মহাশয় যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এখানে উত্থাপন করেছেন সেই প্রস্তাবের পক্ষে আমার সমর্থন প্রথমেই জানাচ্ছি এবং তারই সমর্থনে আমি আমার বক্তব্য রাখছি। একটা আর্থিক বৎসর বিদায় নিচ্ছে এই সেই আর্থিক বৎসর বিদায় নেবার আগে সারা বাংলাদেশের অবস্থার কথা পর্যালোচনা করতে গিয়ে লাভ ক্ষতির কথা খতিয়ে দেখতে গিয়ে প্রথমে ক্ষতির যে অংকটা আমাদের নজরে পড়ছে সেটা একটা অপূরণীয় ক্ষতি। ভারতবর্ষের স্বাধীনতা যুদ্ধের অন্যতম প্রধান সেনানী, স্বাধীন ভারতবর্ষের কর্ণধার, নব ভারতের রূপকার, ভারতবর্ষের অত্যন্ত প্রিয় প্রধানমন্ত্রী, ভারতবর্ষের জনগণ মন অধিনায়ক পন্ডিত জহরলাল নেহেরুর তিরোধানের কথা আমাদের বুকে সবচেয়ে বেশী করে আঘাত দিচ্ছে এবং ভারতবর্ষে এমন একটা হতাশার ভাব এসে পড়েছিল যে বুঝি বা এই দুর্দিনে ভারতবর্ষ তার লক্ষ্যকে হারিয়ে ফেলে, বুঝি বা ভারতবর্ষ তার আদর্শ থেকে পিছিয়ে চলে আসে, বুঝি বা ভারতবর্ষ আবার শতধা বিভক্ত হয়ে যায়, ছিন্নভিন্ন হয়ে যায়। সেই কারণে অত্যন্ত গভীরভাবে ভারতবর্ষের মানুষের মনে তাঁদের প্রিয়তম নেতার কথা দিনের পর দিন বারংবার মনে হয়েছে। কিন্তু আমরা কি লক্ষ্য করেছি—ভারতবর্ষের মানুষ সেখানে সংযত হয়ে ধীরভাবে গভীর শোকের মধ্যেও তাঁদের নিজেদের কর্তব্য সম্বন্ধে সম্পূর্ণভাবে সচেতন থেকেছেন। তার পরিচয় আমরা পেয়েছি কিসে, না, পরিচয় পেয়েছি সবল নেতৃত্বের যোগ্য নেতৃত্বে ভারতবর্ষ যখন তার নেতা নির্বাচন করেছে তখন।

এই ভারতবর্ষে বসে এতবড় ইতিহাসের দর্শক হিসেবে আমরা দেখছি—আর ভারতবর্ষের বাইরে গিয়ে পৃথিবীর অন্য প্রান্তের লোকের কাছে আশ্চর্য্যের সঙ্গে শুনেছি—তাঁরা নূতন নেতা নির্বাচনে বিস্মিত হয়েছেন, ভারতবর্ষের আত্মশক্তিতে। সংঘবদ্ধ শক্তিতে বিশ্বাস করেছেন তারা। এই নেতা নির্বাচন—ভারতবর্ষে এত সুষ্ঠুভাবে এবং সংযতভাবে সম্পন্ন হয়েছে যে যার জন্য সেই নেতারা ভারতবর্ষের কর্ণধার এবং যে ক্ষেত্রে বাংলাদেশের অবদান অত্যন্ত গৌরবপূর্ণ, অত্যন্ত উল্লেখযোগ্য এবং সেকথা আজ ভারতবর্ষের সমস্ত প্রদেশে বিশেষভাবে গৃহীত হয়েছে। বাংলাদেশে এই উপলক্ষে যে বিশিষ্ট দু-জন নেতার নাম করা যায়—তার একজন হচ্ছেন বাংলাদেশের বর্তমান মুখ্যমন্ত্রী শ্রীপ্রফুল্লচন্দ্র সেন এবং অন্য আর একজন হচ্ছেন বাংলার অত্যন্ত প্রিয় কংগ্রেস নেতা, শ্রীঅতুল্যচন্দ্র ঘোষ। তাঁরা আজ ভারতবর্ষের নেতা নির্বাচনে যে ধীশক্তির পরিচয় দিয়েছেন, যে সংগঠন শক্তির পরিচয় দিয়েছেন, পৃথিবীর কাছে তা একটা বিস্ময়ের বস্তু হয়েছে। আমাদের মধ্যে এখানে একদিকে হতাশার ভাব এসেছিল, আর একদিকে তেমনি একটা সুসংবদ্ধ সাংগঠনিক শক্তির মাধ্যমে আমরা দৃঢ় পদক্ষেপে এগিয়ে চলতে পেরেছি। আমরা

এগিয়ে চলতে পেরেছি এইজন্য যে ভারতবর্ষের নেতার যে আদর্শ ছিল, তা থেকে যেন আমরা পিছিয়ে না আসি—এই মনের জোর আমাদের ছিল,—আমরা যেন লক্ষ্যভ্রষ্ট না হই। সেই সচেতন মনোভাব আমাদের ছিল। আমাদের মহান নেতা পণ্ডিত জওহরলাল নেহেরুর তিরোধানের পরে তাঁর যে সমস্ত আদর্শ ছিল, লক্ষ্য ছিল, সেগুলি সামনে রেখে ভারতবর্ষ বিশেষ করে বাংলাদেশ দৃঢ় পদক্ষেপে এগিয়ে চলেছে। আজ তাঁর অনুসৃত নীতি থেকে আমরা পিছিয়ে এসেছি কিনা—বিশেষ করে আজকে সেটা পর্যালোচনার বিষয়। আজ ভারতবর্ষের দিকে দিকে কোথায় কয়টা স্কুলের সংখ্যা বেশী হয়েছে কি বেশী হয় নাই, কোথায় এই বৎসর গতবারের চেয়ে হাসপাতালের সংখ্যা, তার আনুপাতিক শয্যা সংখ্যা বেশী বেড়েছে কি বাড়ে নাই, কোথায় মানুষের কর্মসংস্থান গত বছরের থেকে আনুপাতিক হারে কত কি বেড়েছে এই পরিসংখ্যানের তথ্য দিয়ে আমি আর সভাগৃহকে ভারাক্রান্ত করতে চাই না। কিন্তু সেদিন যে আবহাওয়া সৃষ্টি হয়েছিল, যে পরিবেশের মাধ্যমে, তা বজায় রেখে অত্যন্ত দুর্দিনে এবং দুর্যোগের সময় অত্যন্ত বিচক্ষণ নেতাকে হারিয়ে ভারতবর্ষের যৌথ নেতৃত্ব মানুষের মনে এমন আবহাওয়া সৃষ্টি করে রেখেছে যে তার মধ্যে ভারতবর্ষ পিছিয়ে যায় নাই, বরং এগিয়ে চলেছে দৃঢ় পদক্ষেপে, এগিয়ে চলেছে নূতন আদর্শ নিয়ে। তা যদি সম্ভব হয়ে থাকে, তাকে আমরা স্বীকার করবো কিনা—একথা আমাদের আজকে বিচার করতে হবে এবং সেই বিচার করতে গিয়ে দেখবো—আমাদের দৃষ্টি পরিষ্কার আছে কিনা, কালো মেঘে তা আচ্ছন্ন হয়নি। আমদের সেখানে গতি আরো তীব্রতর হওয়ার প্রয়োজন আছে। কিন্তু গতি সেখানে আগের দিকে আছে, পিছিয়ে পড়েনি। আজ তাই আমি সমর্থন জানাতে উঠেছি, ধিক্কার দিতে উঠিনি। তাই গর্বকরে বলছি ভারতবর্ষ তথা বাংলাদেশ আজ দৃঢ় পদক্ষেপে এগিয়ে চলেছে। কোন লজ্জার কথা, কোন ঘৃণার কথা এর মধ্যে নাই, কোন সংকোচও এর মধ্যে নাই এবং আজকে মনের মধ্যে সেই কথা বিশ্বাস করি বলে সাহস করে দাঁড়িয়ে একথা বলতে পারছি।

4-20—4-30 p.m.]

আজকে পণ্ডিতজীর আদর্শ এবং নীতি অনুযায়ী আমরা যে সোসালিস্টিক ডেমোক্রেসী প্রতিষ্ঠা করতে চলেছি তার দৃঢ় পদক্ষেপ আমাদের মধ্যে সহযোগিতার মনোভাব সৃষ্টি করছে কিনা সেটা বিচার্য বিষয়। আমরা দেখছি একটার পর একটা আঘাত, দুর্যোগ ভারতবর্ষের বুকে এসেছে। আমি আঘাতের কথা যখন বলছি তখন আমাদের বামে যাঁরা বসে আছেন সেই চীনাপন্থী কমিউনিস্ট-রা একটু চিন্তিত হয়ে পড়বেন, কারণ, আঘাত যদি তাঁদের গায়ে গিয়ে পড়ে। আমি তাঁদের আঘাত দিতে চাই না, আমার বক্তব্য হচ্ছে ভারতবর্ষ আঘাত খেয়েছে তার এক বন্ধু রাষ্ট্রের কাছ থেকে, সেই আঘাতের পর ভারতবর্ষ চঞ্চল এবং উদ্বেল হয়েছে এবং ভারতবর্ষের ৪৪ কোটি মানুষ দেশাত্ববোধে উদ্বুদ্ধ হয়ে এমন দুর্ভেদ্য দুর্গ রচিত করেছিল যা দেখে সারা পৃথিবী বিস্মিত হয়েছে। তবে সেই আঘাত আমরা আস্তে আস্তে, অল্পে অল্পে সামলে শক্তি বৃদ্ধি করে চলেছি। তারপর আমাদের নেতা যখন বিদায় নিয়ে চলে গেলেন তখনও আমরা আঘাত খেলাম এবং সেই আঘাতও সামলে নিলাম। আমাদের মধ্যে যে অন্তর্দ্বন্দ্ব, ছোট ছোট বিভেদ এবং লড়াই রয়েছে সেগুলোর সমন্বয় সাধন করে বিধান সভার সদস্যদের চিন্তা করতে হবে আমরা আমাদের করণীয় কাজ করছি কিনা? তাঁরা বিরোধী দলে আছেন বলে সরকার পক্ষের ত্রুটির কথা বারবার জনসাধারণের সামনে তুলে ধরে যদি নিজেদের রাজনৈতিক উদ্দেশ্য সিদ্ধির কথা চিন্তা করেন তাহলে আমি বলব সদস্য পদের যে যোগ্যতা থাকা দরকার সে সম্বন্ধে তাঁরা বিবেচনা করবেন এবং সেই যোগ্য কাজ করছেন কিনা সেটাও চিন্তা করবেন। মাননীয় সদস্যেরা যদি মনে করেন দেশের এই দুর্দিনে তাঁদের করণীয় কিছু আছে তাহলে সেইসব কাজ করা উচিত কিনা সেটা তাঁরা বিচার করে দেখবেন। স্যার, আমরা দেখছি একদিকে বিরোধীদলগুলি অবস্থার সুযোগ নিয়ে ভারতবর্ষের দুর্যোগ বাড়িয়ে তুলবার চেষ্টা করছে এবং অন্যদিকে দেখছি এই দেশের ব্যবসায়ী, মুনাফাখোররা চুপ করে বসে নেই—তাদের লোভের সীমা বেড়ে গেল এবং মানুষের দুর্দশা বাড়িয়ে তুলল। কিন্তু সেখানেও সরকার পিছিয়ে নেই, দুর্বল হয়নি বা নরম হয়নি—সুদৃঢ় মনোবলের পরিচয় দিয়েছেন এবং অবস্থাকে দৃঢ় মনোভাবের সঙ্গে আয়ত্বে আনার চেষ্টা করে আংশিক সফল হয়েছেন। যদি সেই লক্ষ্যে পৌঁছাতে হয়, যদি ডেমোক্রেটিক সোসালিজম-কে প্রতিষ্ঠিত করতে হয়, তার মূল

আদর্শকে যদি কার্যকরী করতে হয় তাহলে পরিকল্পনা কমিশনের নির্দিষ্ট পথে এগিয়ে চলার প্রয়োজনীয়তা আছে। কিন্তু আন্দোলনের মাধ্যমে যাঁরা দেশকে এগিয়ে নেবার কর্মপন্থা গ্রহণ করেছেন তাঁদের আমি বলব তাঁরা মানুষের সততার মান বাড়াবার চেষ্টা করুন, মানুষের কর্মদক্ষতা বাড়াবার চেষ্টা করুন, উৎপাদনের হার বাড়াবার চেষ্টা করুন। এর সঙ্গে সঙ্গে আমি সরকারকে বলব ছোট ছোট জিনিষের প্রতি নজর দিন এবং বৃহত্তর প্রবলেম যেগুলি আছে তার কথা না ভেবে আমরা যদি রাজনৈতিক দলগুলির সম্বন্ধে একটা কোড মেণ্টেন করি এবং সেই কোড ঠিকভাবে মেণ্টেন হচ্ছে কিনা সেটা দেখি তাহলে ভাল হয়। তাঁদের বিচার না করে শুধু জেলে আটকে না রেখে যদি তাঁদের জনসাধারণের সামনে গিয়ে কৈফিয়ত দিতে বাধ্য করি, যে এঁরা দেশের দুর্দিনে করণীয় কাজ করছেন না, কাজেই কি করা যায়, তাহলে বোধ হয় ভাল হয়। সরকার আমার এই কথাটা বিচার করে দেখবেন। আর বন্ধুদেরও আমি চিন্তা করতে বলব ভারতবর্ষ যে অগ্রগতির পথে যাচ্ছে সেই পথে বাধা দেবার চেষ্টা কেউ করবে কিনা, যদি সেই পথ সংগত হয়, আদর্শসম্মত হয় এবং সেই পথ যদি ভারতবর্ষের মঙ্গলের জন্য হয়। তারপর আমার বক্তব্য হচ্ছে গণতান্ত্রিক সমাজতন্ত্র প্রতিষ্ঠার ক্ষেত্রে ভারতবর্ষের সঙ্গে বাংলাদেশ যে ভাবে এগিয়ে চলেছে এবং পরিকল্পনা কমিশন পরিকল্পনাকে নূতনরূপ দেবার জন্য যেভাবে চিন্তা করছেন তাকে সফল করবার জন্য আমি রাজ্যপালের ভাষণ সমর্থন করে বক্তব্য শেষ করছি।

Shri Adhar Chandra Halder:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এখানে নবাগত এবং সেই হিসেবে মাননীয় রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদ জ্ঞাপন করতে পারলে খুসী হতাম, কিন্তু তাঁর ভাষণ আমার মনের মত হয়নি বলে আমি তার প্রতিবাদ করে হাউসে কিছু বলতে চাই। মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণে কৃষিকে অগ্রগতি দেবার কথা বলেছেন, কিন্তু আমরা কৃষি ক্ষেত্রে কোনরূপ অগ্রগতির সূচনা লক্ষ্য করছি না। কৃষি বিভাগে যে সমস্ত ভারপ্রাপ্ত কর্মচারীরা আছেন তাঁরা তাঁদের কাজ নিয়মিতভাবে করেন না। সরকার টাকার ব্যবস্থা করে রেখেছেন, কিন্তু সরকারী কর্মচারীরা এমনই অলস যে সেই টাকা তাঁরা যথাযথভাবে খরচ করেন না। শুধু তাই নয়, যে সমস্ত স্কীমগুলো পাঠান হয় সেগুলি ঠিকভাবে করা হয় না। তাঁরা বলেন আমাদের এত স্কীম করবার সময় নেই। এর ফলে আমরা দেখছি কৃষি বিভাগকে অগ্রগতির পথে না নিয়ে পেছনে ঠেলে দিচ্ছে। আমি সুন্দরবনের কথা তুলে ধরতে গিয়ে প্রথমেই বলতে চাই, পেয়ালী নদীর উপর আরপ্যাচা পরিকল্পনা করা হয়েছে তার উত্তর ভাগে এসিয়ার বৃহত্তম পাম্পিং স্টেসন হয়েছে এবং তার সামনে যে বিদ্যাধরীর খাল আছে সেটা প্রতি বছর কাটা হয়। আমি বলতে চাই সেই টাকা সরকারের অপচয় মাত্র। কৃষি এবং পূর্ত বিভাগে যে সমস্ত বিশেষজ্ঞরা আছেন তাঁদের চিন্তা করা উচিত সেই খাল মাঝে মাঝে যখন কাটতে হয় তখন সেটা সেইভাবে না করে তাঁরা যদি একটা পরিকল্পনা নেন তাহলে আর খাল কাটার প্রয়োজন হয়না। এই প্রসঙ্গে আমি এই বিভাগের মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই বারবার এই খাল খনন না করে এই নদীর কুলতলীর মোহনায় একটা লকগেট স্থাপনের কথা তাঁরা চিন্তা করছেন কিনা? তারপর, ক্যানিং নদীর কথা বলতে গিয়ে বলতে চাই যে, ক্যানিং নদীর অবস্থা দিনের পর দিন যেভাবে খারাপ হচ্ছে তাতে কয়েক বছরের মধ্যে এই নদী ভরাট হয়ে যাবে। কাজেই এ ব্যাপারে আমি পূর্ত বিভাগের মন্ত্রীমহাশয়কে পূর্বাহ্নেই স্মরণ করিয়ে দিতে চাই যে, সেই নদী মজে গিয়ে সেই নদীর দুধারে যে লক্ষ লক্ষ বিঘা চাষের জমি আছে তাতে চাষ যাতে ব্যাহত না হয় সেদিকে তিনি যেন দৃষ্টি দেন।

[4-30—4-40 p.m.]

এই গেল কৃষি বিভাগের অব্যবস্থার কথা। এরপর আমি শিক্ষা বিষয়ে কয়েকটা প্রশ্ন করতে চাই। আমাদের ২৪-পরগণা জেলার যে শিক্ষা পর্ষদ সেই পর্ষদের অব্যবস্থার কথাই বলতে চাই। আমাদের এখানে যে সমস্ত প্রাইমারী স্কুল আছে সেই সমস্ত প্রাইমারী স্কুলে যেখানে ৩।৪ জন শিক্ষকের প্রয়োজন সেখানে একজন শিক্ষক রাখা হয় না। অথচ সেখানে একজন শিক্ষকের প্রয়োজন আছে সেখানে ৩।৪ জন শিক্ষক রাখা হয়েছে। এটা কি সরকারের

অব্যবস্থা নয়? আমরা শিক্ষকদের জাতির মেরুদণ্ড বলি। এটাই যদি হয় তাহলে প্রাথমিক শিক্ষকদের প্রতি সরকারের কি লক্ষ্য রাখা উচিৎ নয়? সেজন্য শিক্ষকরা যদি জাতির মেরুদণ্ড হয় তাহলে প্রাথমিক শুধু কেন মাধ্যমিক ও কলেজে যে সমস্ত শিক্ষক শিক্ষিকা আছেন তাঁদের বর্তমানে যে মাইনে আছে তা আরও বাড়ান উচিত। আমি স্বাস্থ্য বিষয়ে বলতে গিয়ে এই কথাই বলব যে আমি একজন কবিরাজ—শ্যামাদাস বিদ্যাপীঠের ছাত্র। আমি যখন ঐ কলেজে পড়তাম তখন দেখেছি অনেক ছাত্র সেখানে ছিলেন। কিন্তু এখন সেখানে কোন ছাত্র নেই। সরকার কবিরাজীকে মঞ্জুরী দিয়েছেন। কিন্তু যাঁরা নাকি কবিরাজী পড়বে তাদের কোন ভবিষ্যৎ নেই তাঁদের জন্য কোন সরকারী ব্যবস্থা নেই, কোন দাতব্য চিকিৎসালয়ে তাঁরা ভর্তি হতে পারবে না, তাঁরা চাকরী করতে পারবেন না। সেজন্য সেখানে কোন ছাত্র পড়তে যেতে চায় না। তাই সরকারকে অনুরোধ করব আমাদের দেশের এই কবিরাজী সম্পর্কের দিকে তাঁরা যেন লক্ষ্য রাখেন ও তার উন্নতি সাধন করেন। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

Shri Sankardas Banerji:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমি মাননীয় রাজ্যপালকে তাঁর ভাষণের জন্য অভিনন্দিত করছি। তিনি অনেক সমস্যার কথা বলেছেন, কিন্তু ভাষণের মধ্যে সমস্যা সমাধানের বিষয় বিশেষ কিছু নেই এবং আমার নিজের এটা মনে হয় যে সমাধানের বিষয় এ বক্তৃতার মধ্যে থাকতেও পারে না। একটা বিষয় বলেছেন যে খাদ্যের অবস্থা অত্যন্ত সংকটাপন্ন, খাদ্য দ্রব্যের দাম অসম্ভব বাড়ছে, এটা অস্বীকার করা চলে না। আমার মনে হয় মন্ত্রীমহাশয়রাও এটা অস্বীকার করতে পারবেন না, কিন্তু প্রতিকারের চেষ্টা হচ্ছে কিনা সেটা হচ্ছে বিবেচ্য বিষয়। আমাদের মুখ্যমন্ত্রী ডি-আই-আর প্রয়োগ করে অনেককে আটক করেছেন। মুখ্যমন্ত্রী মনে করেন এই যে চেষ্টা হচ্ছে—যদিও এটা অন্য ষ্টেটে হয় নি তবু এটা কার্যকরী এবং অনেক ভাল হয়েছে। অবশ্য আমরা বরাবরই প্রতিবাদ করে থাকি যে বিনা বিচারে মানুষকে ধরা উচিত নয়। কিন্তু ক্ষেত্র বুঝে এ কাজ করতে হয়। তিনি একটা চেষ্টা করেছেন এবং এই চেষ্টার যে ফল একেবারে হয় নি তা বলতে পারি না যথেষ্ট ফল হয়েছে এবং অনেক ব্যবসাদার যারা অন্যায় করেছিলেন তাদের অবরোধ করে রাখা হয়েছে। আমি জানি আমাদের মধ্যে অনেকে গিয়ে বলেছেন যে কেন ধরেছেন। কিন্তু তিনি দৃঢ় সংকল্প হয়েছেন কাগজপত্র দেখে। বিশেষ করে যাঁরা অন্যায় করেছেন তাদেরই ধরা হয়েছে এবং বলেছেন যে তাদের আটক রাখবেন। আমি ভাবছিলাম যে প্রফুল্লবাবু এটা কি অদ্ভুত কিছু করলেন না কি বিদেশেও এরূপ হয়ে থাকে। আমি বিলাতের প্রসিডিংস দেখছিলাম সেখানেও ডিফেন্স অফ ইণ্ডিয়া রুলস-এ আটক শুধু রাখা হয় নি অনেক কিছু করা হয়েছে (বিরোধীপক্ষ হতেঃ—বিলাতে কি ডি-আই-আর আছে?)

[গোলমাল হৈ চৈ]

উঁরা একটু বিরক্ত হচ্ছেন কারণ ওঁদের দলের কয়েকজনকে আটক করে রাখা হয়েছে। আপনারা কি চান যে প্রফুল্লবাবু সে কাগজগুলো এনে এ্যাসেম্বলীর টেবিল-এ লে করে একটা বিবৃতি দিন। আমি জানি না কোন দেশে এরূপ হয়েছে কিনা। যা কোথাও হয় নি তা এখানে হবে না। যতদিন সরকার চলবে, ততদিন তাঁরা পুলিসের উপর নির্ভর করবেন। আমি জানি যে একটা ইনফরমেশন-এর উপর কাউকে ধরা হয় না, অনেক ইনফরমেশন পেয়ে তা খোঁজ করে প্রত্যেকটায় চীফ মিনিষ্টার নিজে এ্যারেষ্টের অর্ডার দেন। (শ্রীকমল গুহ :—শৈলেন দে কে কেন ধরা হয়েছে?) কেন হবে না আলবৎ হবে। সরকার যাদের ধরা উচিত মনে করেন তাদের ধরেছেন। প্রতিবাদ করে কোন লাভ হবে না।

[হৈ চৈ গণ্ডোগোল]

আপনারা যদি এ সরকারকে সরিয়ে দিতে পারেন তাহলে বুঝবো যে আপনাদের সার্থকতা আছে, আপনাদের মতে এটা উচিত গণতন্ত্র নয়, সেটা কোন কালে মনে করি না। যারা দেশদ্রোহী সমাজদ্রোহী তাদের ধরা অন্যায় কোন কালে মনে করি না তাই এটা আমি সমর্থন করি এবং যে ধরা হয়েছে ঠিক হয়েছে (বিরোধীপক্ষ হতেঃ—কোর্টে হাজির করুন না?) কোর্টে নিয়ে যাবে না।

Shri Kamal Kanti Guha:

আমি পরিষ্কার জানতে চাই ফরওয়ার্ড ব্লক-এর কর্মীদের ডি-আই-আর-এ এ্যারেষ্ট করা হয়েছে কেন? আমরা হাউস চালাতে দেব না, পরিষ্কার ভাবে বলতে হবে, শৈলেন দে ইত্যাদিকে এ্যারেষ্ট করা হয়েছে কেন? আমরা হাউস চালাতে দেব না, আমরা দেশদ্রোহী নই। আমরা দেশকে শঙ্কর বাবুর চেয়ে কম ভাল বাসি না, আমাদের পার্টির লোককে দেশদ্রোহী বলে এ্যারেষ্ট করা হয়েছে কেন?

[হৈ চৈ গণ্ডোগোল]

Mr. Chairman:

আপনারা তো এর জবাব দিতে পারবেন।

Shri Kamal Kanti Guha:

আমরা দেশদ্রোহী কথা শুনতে রাজি নই। আমরা হাউস চালাতে দেব না। তিনি আগে উইথড্র করুন। তা না হলে হাউস চালাতে দেব না।

[গোলমাল]

[4-40—4-50 p.m.]

স্যার, ঐ কথাটা ওঁকে উইথড্র করতে হবে আগে—যে যারা ডি-আই রুলে এ্যারেষ্টেড হয়েছে তারা দেশদ্রোহী—তা না হলে আমরা হাউস চালাতে দেবো না।

Shri Sankardas Banerji:

আমি মোটেই উইথড্র করবো না.........

[গোলমাল]

Dr. Kanai Lal Bhattacharyya:

স্যার, আমার একটা বক্তব্য শঙ্করবাবুর কাছে আছে—তিনি বলছেন যে ডি-আই রুলে যারা এ্যারেষ্টেড হয়েছে তারা দেশদ্রোহী......

[গোলমাল]

Shri Sankardas Banerji:

আমি বলেছি তারা সমাজদ্রোহী, দেশদ্রোহী, গভর্ণমেন্ট সমস্ত কাগজপত্র দেখে কনভিন্সড্ হয়েছে যে এতে দেশের ক্ষতি হচ্ছে—সেজন্য তাদের এ্যারেষ্ট করা হয়েছে। কিছু অন্যায় করি নি এবং আমি মনে করি গভর্ণমেন্ট যা করেছে ঠিকই করেছে—এ কথা আমার বলবার অধিকার আছে।

Dr. Kanai Lal Bhattacharyya:

চেয়ারম্যান মহাশয়, এখানে ডি-আই রুলে এ্যারেষ্ট করার ব্যাপার নিয়ে দেশদ্রোহী বলার জন্য এখানে স্পীকার একটা রুলিং দিয়েছিলেন এবং সেই রুলিংটা তার পর কমিউনিষ্ট পার্টির পক্ষ থেকে চ্যালেঞ্জ করা হয় এবং শেষ পর্যন্ত স্পীকার বলেন.........

[গোলমাল]

Mr. Chairman:

আপনি বসুন—আপনাদের যদি কিছু বলার থাকে তো পরে বলবেন।

Dr. Kanai Lal Bhattacharyya:

আমি পয়েন্ট অব অর্ডারের উপর বলছি দেশদ্রোহী কথা পার্লামেন্টারী কি আনপার্লামেন্টারী—এটার ব্যাপারে স্পীকার একটা রুলিং দিয়েছিলেন এবং পরে তিনি তাঁর সেই রুলিংটি রিভাইজ করেছিলেন এবং কাউন্সিলে এটা বলা আছে যে দেশদ্রোহী কথাটা আনপার্লামেন্টারী। কাউন্সিলের চেয়ারম্যান রুলিং দিয়েছিলেন—এখন আমার বক্তব্য হচ্ছে যে ডি-আই রুলে যাঁরা এ্যারেস্টেড হয়েছিলেন—আমি এ্যারেস্টেড হয়েছিলাম—হেমন্তবাবু এ্যারেস্টেড হয়েছিলেন এবং আরও অনেকে এ্যারেস্টেড হয়েছিলেন। এখন বক্তব্য হচ্ছে যে ডি-আই রুলে যারা এ্যারেস্টেড হয়েছেন তারা দেশদ্রোহী উনি যদি একথা বলেন তাহলে.........

[গোলমাল]

Shri Sankardas Banerji:

আমি তা বলি নি.........

Dr. Kanai Lal Bhattacharyya:

শঙ্করদাসবাবু যদি দেশদ্রোহী বলেন তাহলে সেটা কি পার্লামেন্টারী হবে? আপনি যদি এ সম্বন্ধে কোন রুলিং না দেন—কিংবা উনি যদি ঐ কথাটি উইথড্র না করেন তাহলে আমাদের পক্ষে মুস্কিল হয়ে যায়।

Shri Sankardas Banerji:

আমি বলেছি ডি-আই রুলে যাদের ধরা হয়েছে তাদের মধ্যে কেউ সমাজদ্রোহী, কেউ দেশ-দ্রোহী—এই কথা আমি বলেছি এবং আই রিপিট.........

[গোলমাল]

Shri Gour Chandra Kundu:

মাননীয় সভাপতি মহাশয়, ব্যাপারটা হচ্ছে যে কানাইবাবু যা বললেন সেটা হচ্ছে দেশদ্রোহী বলাটা আনপার্লামেন্টারী—এটা স্পীকার সাহেব পরবর্তী রুলিং-এ বলে দিয়েছেন এবং দেশদ্রোহী বলা উচিত নয় এ্যাসেম্বলীর ভিতর। শঙ্করবাবু এ্যাসেম্বলীর মেম্বার সমেত সকলকে দেশদ্রোহী বলেছেন সুতরাং হি মাস্ট উইথড্র ইট.........

Mr. Chairman:

আমাদের স্পীকার কখনও একথা বলেন নি.........

[গোলমাল]

Shri Somnath Lahiri:

অধ্যক্ষ মহাশয়, এ বিষয়ে বাকবিতণ্ডা হওয়ার প্রয়োজন নেই। কারণ এ বিষয়ে আমাদের নির্দিষ্ট রুলিং আছে। শঙ্করদাসবাবু বলেছেন যে যাদের ডি-আই রুলে ধরা হয় তারা দেশদ্রোহী এবং সমাজদ্রোহী—এ বিষয়ে গভর্ণমেন্ট সুনিশ্চিত। এখন এই ডি-আই রুলে যাদের ধরা হয়েছে তাদের মধ্যে এই হাউসের ১৬ জন না ১৭ জন সদস্য আছেন। ঠিক এই ঘটনা এই হাউসে বছর দেড়েক আগে ঘটেছিল যখন এইভাবে ডিফেন্স অব ইণ্ডিয়া রুলসের বন্দীদের সম্পর্কে একজন মন্ত্রী বলেছিলেন যে তাঁরা দেশদ্রোহী তখন আমি পয়েন্ট অব অর্ডার তুলেছিলাম, প্রিভিলেজও তুলেছিলাম, স্পীকার মহাশয় প্রথমে তুলেছিলেন যে দেশদ্রোহী বলা চলতে পারে, যা বলা হয়েছে তা অন্যায় হয় নি কিন্তু পরবর্তীকালে সেটা রেফার করার ফলে তিনি সেটা পুনর্বিবেচনা করেন।

পরে তিনি রুলিং দেন যে ডি-আই রুলে সদস্যরা গ্রেপ্তার হয়ে আছেন—সুতরাং ডি-আর রুলে ধৃত বন্দীদের দেশদ্রোহী বলা চলে না—এটা আনপার্লামেণ্টারী এক্সপ্রেসন। উনি যদি বলেন যে একথা আমি বলি নি তাহলে আমাদের কোন আপত্তি নেই। কিন্তু উনি যদি ষ্টিক করে থাকেন তাহলে অসুবিধা আছে।

Mr. Chairman:

উনি একটা জেনারেল অবজারভেন্স করেছেন। এ্যাসেম্বলীর কোন মেম্বারের সম্বন্ধে উনি কিছু বলেন নি। আর স্পীকার যে কথা বলেছেন তাঁর রুলিং-এ সেটা আনপার্লামেণ্টারী বলেন নি। তখন উনি যে কথাটা বলেছেন সেটা মে নট বি ডিজায়ারেবল কিন্তু ইউ হ্যাব এ রাইট টু রিপ্লাই। তিনি হাউসের কোন অনারেবল মেম্বারের সম্বন্ধে কোন কথা বলেন নি। You have the right to reply. It is only a simple general observation which he has made. Please allow him to finish his speech.

কাজেই আপনারা এর জবাব দিতে পারেন। কাইণ্ডলি এলাউ হিম টু ফিনিস হিজ স্পীচ।

Shri Kamal Kanti Guha:

স্যার, আমি শুনেছি শঙ্করবাবু একথা বলেছেন যে ডি-আই রুলে যারা এ্যারেষ্টেড হয়েছে তাদের সরকার অনেক রিপোর্ট পেয়ে—একটা রিপোর্টে নয়—অনেক রিপোর্ট পেয়ে সুনিশ্চিত যে তারা সমাজদ্রোহী এবং দেশদ্রোহীদের এ্যারেষ্ট করেছেন—একথা উনি বলেছেন। আমার বক্তব্য হচ্ছে যে ২৫এ সেপ্টেম্বর যখন ভারতবন্ধ আন্দোলন হয় তখন আমাকে এবং আমার অনেক বন্ধুকে ডি-আই-আর-৩০-তে এ্যারেষ্ট করা হয়েছিল।

Mr. Chairman:

স্পীচ দেওয়া চলবে না।

Shri Kamal Kanti Guha:

স্যার, এখানে প্রিভিলেজের প্রশ্ন আছে। স্যার, আমি বলতে চাচ্ছি যে বাংলাদেশে যারা ডি-আই-আর-৩০-তে এ্যারেষ্ট হয়েছেন—উনি যদি বলেন যে তারা সমাজদ্রোহী, দেশদ্রোহী সে কথাটা অন্যায় এবং সেখানে আমাদের প্রিভিলেজ ভঙ্গ করা হচ্ছে। আমাদের এই হাউসে শ্রীঅমর রায় প্রধান এবং আপার হাউসের শ্রীনির্মল বসু যখন আমাদের অবিচ্ছেদ্য অংশ বেরুবাড়ী পাকিস্তানকে দিয়ে দেবার জন্য এই সরকার ষড়যন্ত্র করেছিলেন তখন তারা আন্দোলন করেছিলেন বলে তাদের ডি-আই রুলে এ্যারেষ্ট করা হয়েছে। কাজেই আমার বক্তব্য হচ্ছে যে এইভাবে উনি সুকৌশলে যে কথাটা রাখছেন তাতে আমাদের প্রিভিলেজ ভঙ্গ হচ্ছে। এ সম্পর্কে আপনাকে রুলিং দিতে হবে এবং একথাটা উনি যদি উইথড্র না করেন তাহলে ওনার মত একজন বৃটিশের খয়েরখাঁ এবং বর্তমানে কংগ্রেসের ভড়ং দেখিয়ে উনি যে এখানে আজে-বাজে কথা বলে যাবেন তা চলবে না। তাকে আমরা বক্তৃতা দিতে দেবো না।

[4-50—5 p.m.]

Mr. Chairman: He has also made a general observation. He has not made any reflection on any of the honourable members. Therefore, no question of any breach of privilege arises here.

যেটা বলেছেন নন্ পলিটিক্যাল লোককেও ডি-আই রুলস-এ এ্যারেষ্ট করা হয়েছে। কাজেই এ্যাপ্লিকেবল কে উনি সাপোর্ট করছেন। সেখানে এটা একটা জেনারেল অবজারভেসন ছাড়া আর কিছু নয়।

Speaker's ruling does not arise here.

আপনারা যদি মনে করেন এর পরে তখন আরও অনেক বক্তা আছেন রিপ্লাই দিতে পারেন।

[Noise and interruptions]

Shri Monoranjan Roy:

মিঃ চেয়ারম্যান, স্যার, উনি বললেন যারা ডি-আই রুলস-এ এ্যারেষ্ট হয় বা হয়েছে, তারা হয় সমাজদ্রোহী না হয় দেশদ্রোহী। চোরা কারবারীরা সমাজদ্রোহীদের মধ্যে পড়ে। আমাদের এ্যারেষ্ট করল এবং এই হাউসের বিরোধী পক্ষের বেশীর ভাগ সদস্যদের এই সেদিনও ২৫এ সেপ্টেম্বর যখন ধর্মঘট হয় তখন ডি-আই রুলে তাঁদের এ্যারেষ্ট করে দমদম জেলে আটক করে রাখল। আমি শংকরদাসবাবুকে জিজ্ঞাসা করতে চাই যে তাঁর সরকার যখন আমাদের ডি-আই রুলস-এ এ্যারেষ্ট করে ঐ চার্জ দিয়ে ধর্মঘট বন্ধ করতে যায় তখন কোন্ সমাজদ্রোহীরা দেশ-দ্রোহীতা করতে যাচ্ছিল? শংকরদাসবাবুর মতে এটা দেশদ্রোহী হতে পারে। কিন্তু যারা বড় বড় পুঁজিপতিদের পায়ে গিয়ে তেল মাখান, তাদের কাছ থেকে টাকা নিয়ে কংগ্রেসী করেন, সেটা কি তাদের দেশপ্রেম?

Shri Kamal Kanti Guha:

স্যার, আমি আবার বলছি এ কথাটা উইথড্র করতে হবে।

[Loud noise and interruptions]

Mr. Chairman:

আপনারা এর জবাব দেবেন।

He has only made a general observation, honourable members সম্বন্ধে কিছু বলেন নি।

Shri Sankardas Banerji:

স্যার, আমি কোন রাজনৈতিক দলের বিরুদ্ধে এই এ্যাসেম্বলী কক্ষে বলিনি।

Dr. Kanai Lal Bhattacharyya:

স্যার, উনি বলেছেন এখানে, অনেক মেম্বার শুনেছেন।

Shri Sankardas Banerji:

কানাইবাবু জানেন যে আমি ব্যক্তিগতভাবে কারোর বিরুদ্ধে কিছু বলিনি। আপনাদের কি একমাত্র ইচ্ছা যে আমাকে বলতে দেবেন না? তাহলে সেটা হচ্ছে আলাদা কথা।

[Loud noise and interruptions]

Dr. Kanai Lal Bhattacharyya:

শংকরদাসবাবু এই যে জেনারেল রিমার্ক করলেন গভর্নমেন্ট মনে করেন যে যারা.........

Mr. Chairman:

শংকরদাসবাবু ক্যাটিগরিক্যালি বলেছেন যে আমি এই হাউসের মেম্বার সম্বন্ধে কাউকে কিছু বলিনি কাজেই এর পরে কোন কোশ্চেন ওঠে উচিৎ নয়। কাইন্ডলি তাঁকে বলতে দিন।

Shri Khagendra Kumar Ray Chowdhury:

ডি-আই রুলে এ্যারেষ্ট সম্বন্ধে.........

Mr. Chairman:

ডি-আই রুলে অনেকেই তো এ্যারেষ্ট হয়েছে।

He has given an opinion and you may give a different opinion.

Shri Kamal Kanti Guha:
ওনাকে এই কথাটা উইথড্র করতে হবে।

Mr. Chairman:
তিনি যখন বলছেন এ সম্বন্ধে কিছু বলিনি তখন ইউ সুড এ্যাক্সেপ্ট দ্যাট

[Loud noise and interruptions]

Shri Sankardas Banerji:
স্যার, ওঁরা আমাকে বক্তৃতা দিতে দেবেন না। তাই এক লাইনে বক্তৃতা শেষ করব। একটি কথাও প্রত্যাহার করব না।

Shri Girish Mahato:
মাননীয় ডেপুটি চেয়ারম্যান মহাশয়, রাজ্যপালিকার ভাষণের উপর যে ধন্যবাদ প্রস্তাব এসেছে তার আমি বিরোধীতা করছি। আপনি জানেন যে প্রতি বছর এই সময়ে মাননীয়া রাজ্যপাল আমাদের সামনে যে ভাষণ দিয়ে থাকেন ভারতবর্ষ ছাড়া পৃথিবীতে আর কোন দেশের রাজ্যপালেরা এহেন দায়িত্বজ্ঞানহীন এবং ভিত্তিহীন তথ্যপূর্ণ ভাষণ দিতে পারেন বলে ধারণা করতে পারি না। আমাদের রাজ্যপালেরা এহেন ভাষণ দিতে পারেন—তার কারণ তাঁদের সরকারেরা জন-শাসনের দায়িত্ব বহন করেন না, তাঁরা জন-শোষণে লিপ্ত। সেজন্য প্রতিনিয়ত তাঁরা তাঁদের রাজ্যপালকে ভিত্তিহীন তথ্য সরবরাহ করেন আর রাজ্যপাল সেই সীমার মধ্যে কাজ করেন। সেই কারণেই জন-প্রতিনিধিদের কাছ থেকে কোন বিচারের প্রশ্ন এলে—তার সম্মুখীন না হয়ে রাজ্যপালকে পালিয়ে যেতে হয়। আজকের দিনে এই আমাদের গণতান্ত্রিক রূপ। রাজ্যপালের ভাষণে দেশের বহু জরুরী সমস্যার বিষয়ে কোন উল্লেখ পর্যন্ত নেই—আর যা আছে তা ভিত্তিহীন তথ্যে পরিপূর্ণ। আর আছে কতকগুলি মিথ্যা স্তোক বাক্য—যা প্রতি বছর দেওয়া হয় এই উদ্দেশ্য নিয়ে যে তা পালন করা হবে না। আর আছে তাঁর সরকারের চরম অযোগ্যতার কতকগুলি নিরুপায় স্বীকৃতি। কায়েমী স্বার্থবাদ ও অর্থনৈতিক শোষণ আজ ভারতবর্ষে সবচেয়ে বড় শত্রু। জনগণের অবাধ শোষণ এবং তারজন্য শাসনতান্ত্রিক ক্ষমতায় অবাধ প্রাধান্যলাভ—এই লক্ষ্যেই আজ নগ্ন হিন্দী সাম্রাজ্যবাদ উগ্র এবং আত্মহারা হয়ে উঠেছে, তার ফলে তারা ভারতের সম্প্রীতিকে বারম্বার গুরুতর ভাবে বিঘ্নিত করে তুলেছে। ভারতের অন্যান্য ভাষাভাষীদের পক্ষ রূপে পশ্চিমবাংলার শাসনের মুখপাত্র স্বরূপ রাজ্যপালের আজকের ভাষণে জাতীয় জীবনের অন্যতম সর্ববৃহৎ এই সমস্যাটির প্রতি যে দ্বিধাহীন পথ নির্দেশের প্রয়োজন ছিল যে জলন্ত তীব্র প্রতিবাদের প্রয়োজন ছিল তার কোন চিহ্ন মাত্র নেই। অত্যন্ত দুঃখের কথা—রাজ্যপালের ভাষণ হিন্দী সাম্রাজ্যবাদের প্রসাদ প্রয়াসীদের গ্লানীজনক মৌন সমর্থনকেই সহায়তা দান করেছে। ভারতবর্ষের ইতিহাসে অভাবিত আজকের এই ভয়াবহ খাদ্য সঙ্কট এবং তার প্রতিকারে শাসনের চরম অযোগ্যতাই হচ্ছে আজ ভারতবর্ষের জনজীবনে সবচেয়ে বড় সমস্যা। জিনিষপত্রের আকাশচুম্বী মূল্যবৃদ্ধি এবং কৃত্রিম অনটন সৃষ্টির কদর্য্য ষড়যন্ত্রকে প্রতিহত করবার—সরকারী বলিষ্ঠ কর্মধারার কোন পরিচয় রাজ্যপালের ভাষণে নেই। রাজ্যের কোটি কোটি লোকের খাদ্য সরবরাহের দায়িত্ব, এ পর্যন্ত সরকার গ্রহণ করেন নি। অবাধ চোরাবাজারের উপর তাদের ভাগ্য ছেড়ে দিয়েছেন। রাজ্যপাল বলেছেন—কেন্দ্রীয় সরকার কর্তৃক প্রতিশ্রুত সরবরাহের দ্বারা জেলাগুলির প্রয়োজন মেটানো হবে অর্থাৎ ১৭ বৎসরে আজও পর্যন্ত তা হয় নি আর কখনই বা তা হবে?

Shri Shambhu Gopal Das:
স্পীকার মহাশয় এই হাউসে একবার রুলিং দিয়েছিলেন যে যখন বক্তৃতা হবে তখন কোন পক্ষের মেম্বার ফ্লোর ক্রস করে কোথাও যাবেন না। যদি যান তাহলে আপনাকে ব্যবস্থা অবলম্বন করতে হবে। কিন্তু নেপালবাবু ফ্লোর ক্রস করে ওদিকে শ্রীগিরিশ মাহাতোর পাসে গিয়ে বসেছেন এবং টেবিল চাপড়াচ্ছেন, গোলমাল করছেন।

Mr. Chairman: Shri Nepal Chandra Roy, please go to your seat.

[5—5-10 p.m.]

Shri Girish Mahato:

সুদীর্ঘকাল ধরে মূল্যবৃদ্ধির অবাধ কদর্য ষড়যন্ত্র চলেছে—এ পর্যন্ত তার প্রতিকারের কোন ব্যবস্থা করা হয়নি।

আর হয় নি ইচ্ছে করেই। আর আজও রাজ্যপাল বলেছেন যে মূল্যমান স্থির রাখার জন্য কঠোর ব্যবস্থা অবলম্বন করা হবে। সেই ব্যবস্থা কবে হবে রাজ্যপালের নিকট সেটাই সমগ্র দেশের জিজ্ঞাস্য। পৃথিবীর দেশে দেশে আজ মানুষ নিজেদের ঘাটতি পূরণ করে প্রচুর সম্বৃদ্ধির পথে এগিয়ে গেল কিন্তু আজ সতের বছর শাসনের পরেও সুজলা সুফলা বাংলা দেশের রাজ্যপাল বলছেন অদূর ভবিষ্যতে খাদ্যশস্যর ঘাটতি পূরণের সম্ভাবনা নেই। কৃষিকে সর্বোচ্চ অগ্রাধিকার দেবার এই পরিণতি দাঁড়িয়েছে কংগ্রেসী শাসনে। উপরন্তু রাজ্যপাল জানিয়েছেন গ্রামের দুঃখী চাষীরা যে খাদ্যশস্য উৎপাদন করছে সরকারী সংগ্রহ ব্যবস্থার বলে তা ছিনিয়ে নিয়ে কলকাতা সহরাঞ্চলকে খাওয়ানো হবে—আর গ্রামের কোটি কোটি মানুষের ভাগ্য এবং চাহিদা মেটাবার দায়িত্ব নির্ভর করবে কেন্দ্রীয় সরকারের প্রতিশ্রুতির উপর। যে প্রতিশ্রুতি তা কেন্দ্রেরই হোক আর রাজ্যেরই হোক সর্বদাই প্রতারণা, ও মিথ্যাচার ছাড়া আর কিছুই হয় নি। গ্রামের খাদ্যভাণ্ডার থেকে ছিনিয়ে নিয়ে, গ্রামের চাহিদা বাইরে থেকে পূরণের প্রতিশ্রুতি না রেখে কলকাতা প্রভৃতি শিল্পাঞ্চলের চাহিদা কেন্দ্রীয় সাহায্যে মেটানই সুষ্ঠু খাদ্য নীতি হোত।

Shri Nepal Chandra Roy:

স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার। এই হাউসে আমাদের স্পীকার রুলিং দিয়েছিলেন যে রিটিন স্পীচ পড়তে পারবে না। কিন্তু এই ভদ্রলোক রিটিন স্পীচ পড়ছে। আমি আপনার রুলিং চাই।

Mr. Chairman:

রিটিন স্পীচ পড়া উচিত নয়।

Shri Girish Mahato:

মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমার সময় নষ্ট করে দিয়েছে নেপালবাবু। এই যে চোরাকারবারীদের কথা বললাম আপনি জানেন গত অগ্রহায়ণ মাসে আমাদের মন্ত্রীরা পুরুলিয়া জেলায় গিয়েছিলেন চাষীদের মঙ্গল প্রচার করবার জন্য যে চাষীরা ১৪ টাকা মণ দরে ধান বিক্রি করবে। কিন্তু সেই মন্ত্রীদের সামনে ডি সি'র সামনে আমরা দেখিয়ে দিয়েছি যে সরকারী দর হচ্ছে ১৪ টাকা প্রতি মণ কিন্তু চোরাকারবারীরা ৯ টাকা মণ দরে ধান ক্রয় করছে। মন্ত্রীদের এবং ডি সি কে বললাম দেখুন সরকারী দর হচ্ছে ১৪ টাকা আর আপনার সামনে চোরাকারবারীরা ৯ টাকা মণ দরে ধান ক্রয় করছে। মন্ত্রীরা বললেন কি করব, আমাদের প্রতিকার করবার হাত নেই। সরকার চোরাকারবারীদের সঙ্গে ভাগাভাগি করবার জন্য এই রকম মূল্য নিয়ন্ত্রণ করেছেন। রাজ্যপালের সমগ্র ভাষণের সুচিন্তিত ভাষার বাঁধুনীর ভেতর দিয়েই শাসনযন্ত্রের এই লুঠ ও চরম অযোগ্যতার ইতিহাস নগ্নভাবেই আত্মপ্রকাশ করেছে। আমি আর একটা কথা বলছি সেটা হচ্ছে আমাদের যে সমস্ত বন্ধুদের জেলে আটকে রেখে দিয়েছে আমি তাঁদের মুক্তি দাবি করছি। হয় তাঁদের বিচার করে শাস্তি দেওয়া হোক, না হয় তাঁদের মুক্তি দেওয়া হোক। আজকে প্রাইমারী শিক্ষকদের যে ১৪ দফা দাবি তা আমরা সমর্থন করছি এবং বিচার করে সেই শিক্ষকদের ব্যবস্থা করা হোক।

Shri Niranjan Khamrai:

মাননীয় চেয়ারম্যান মহাশয়, মহামান্য রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব আনা হয়েছে, তার সমর্থনে আমি দাঁড়িয়েছি, আমি নির্বাচিত হয়ে আসার পর প্রথম এই হাউসের সামনে আমার কিছু বক্তব্য রাখছি।

গত বছর দ্রব্যমূল্য অস্বাভাবিকভাবে বৃদ্ধির দিকে এগিয়ে যাচ্ছিল, সেটা সমগ্র ভারতবর্ষের দিকে দিকে প্রসারিত হচ্ছিল এবং বাংলাদেশেও মূল্য বৃদ্ধি হয়েছিল। কিন্তু আমরা দেখেছি খাদ্য মন্ত্রীকে দ্রুত এবং ক্ষিপ্রতার সংগে সেই সমস্যার মোকাবিলা করতে। তার জন্য তাঁকে আগেই ধন্যবাদ দেওয়া প্রয়োজন। তিনি যে কয়েকটি ব্যবস্থা ও কার্যকরী পন্থা অবলম্বন করেছিলেন, সেগুলি সত্যি বাংলাদেশে ছাড়া ভারতবর্ষের অন্যান্য রাজ্যে আমরা দেখিনি। তিনি যদি সেই সময় এই সব পন্থা অবলম্বন না করতেন তাহলে বাংলাদেশের খাদ্য-সংকট ও দ্রব্যমূল্য-বৃদ্ধি আয়ত্বের বাইরে চলে যেত। আমরা দেখেছি—যখন বছরের প্রথম দিকে বাজারে ধান-চালের দর বেঁধে দেওয়া হয়েছিল এবং লাইসেন্স, রেশন প্রথা প্রভৃতি অনেকগুলি জিনিস কন্ট্রোল এবং স্ট্রাটেজিক কন্ট্রোল যাকে বলা হয়—সেই সমস্ত কন্ট্রোলের দ্বারা যেভাবে বহু সমস্যা জড়িত বাংলাদেশে খাদ্য সমস্যার মোকাবিলা তিনি করেছিলেন, তা অতীব প্রশংসনীয়।

রাজ্যপালের ভাষণে দেখা যাচ্ছে—খাদ্য সমস্যার সমাধান ও দ্রব্যমূল্য বৃদ্ধি রোধ করবার জন্য যে সমস্ত ব্যবস্থা অবলম্বন করা হয়েছে—তার জন্য সরকার ধন্যবাদের যোগ্য। স্টাটুটারি রেশনিং প্রথা প্রবর্তনে একদিকে নিম্ন আয় বিশিষ্ট মানুষের নিত্যপ্রয়োজনীয় দ্রব্য ন্যায্য-মূল্যে পাওয়ার একটা সুবিধা করে দেওয়া হয়েছে, আর একদিকে কৃষকরা তাদের ফসল ও জিনিসপত্র যাতে ন্যায্য মূল্যে বিক্রী করতে পারে তার জন্য ধান-চালের দর বেঁধে দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। অবশ্য কৃষির উৎপাদন বৃদ্ধি ছাড়া এই সমস্যা সমাধান করা অসম্ভব। বাংলাদেশকে আজকে ধানচালের জন্য বাইরের প্রদেশের উপর নির্ভর করতে হয়, তার খাদ্যশস্য সংগ্রহের জন্য এবং গম সরবরাহের জন্য কেন্দ্রীয় সরকারের উপর নির্ভর করতে হয়। এবং দেখেছি তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে কৃষিকে একটা প্রধান স্থান দেওয়া হয়েছে—কৃষির উন্নতির জন্য এবং কৃষির যে উন্নতি হয় নাই—একথা একেবারে অবিশ্বাস্য। আমি অবশ্য সংখ্যাতত্ত্ব দিয়ে সেটা বোঝাতে চাই না। আমার যে জেলা—যেখান থেকে আমি নির্বাচিত হয়েছি সেই মেদিনীপুর জেলার সদর থেকে এসেছি—শালবনি, চন্দ্রকোনা রোড, গড়বেতা—এই সমস্ত এলাকায় ৮ বছর ধরে আমি ঘুরে দেখেছি যে এখানে প্রথমে যে কৃষি উৎপাদন হতো, সেখানে এখন দেখছি পূর্বের থেকে দশ বারো গুণ বেশী শস্য উৎপাদন হচ্ছে। সেখানে কৃষকরা আজকাল এত আলু উৎপন্ন করছে যে হাজার হাজার মণ আলু প্রতিদিন সেখান থেকে বাইরে চলে যাচ্ছে, বাঁকুড়া উড়িষ্যা প্রভৃতি জায়গায় চলে যাচ্ছে এবং আলুর দাম কমে এসেছে—দশ বারো টাকায়। কিন্তু যে উদ্দীপনা কৃষকদের মধ্যে এসেছে, সেই উদ্দীপনা জিইয়ে রাখবার জন্য—আমাদের মনোযোগী হওয়া উচিত। আমি সরকারকে সে সম্বন্ধে অবহিত হতে বলছি।

গত বছর আলু চাষের সময় সার সরবরাহ অনেক বিলম্বিত হয়েছিল এবং বীজ ও খোলের দাম অনেক বেড়ে গিয়েছিল। তা না হলে যে উদ্দীপনা এসেছে, কৃষকদের মধ্যে যে চেতনা দেখা যাচ্ছে তাতে করে উৎপাদন বৃদ্ধি আরো করতে পারতো। আর একটু চেষ্টা করলে ফসলের উৎপাদন আরো বেড়ে যাবে। এখন যেখানে আলুর দর ১০।১২ টাকা, আমাদের সাব-ডিভিসনে একটা মাত্র কোল্ড ষ্টোরেজ আছে, সেখানে তার মালিক তার নিজের মতলবমত রেট করেছে। এখানে আলু রেখে কৃষকরা লাভবান হতে পারবে না। বিশেষতঃ ব্যবসাদার প্রাইভেট কোম্পানী নিজেরা আলু রেখে বেশী মুনাফা অর্জন করে। এখন চার-পাঁচ আনা আলুর কে, জি, আর কয়েকদিন পরে তার দাম বেশী হয়ে যাবে। এখনই এই কোল্ড ষ্টোরেজটা কন্ট্রোল করা একান্ত প্রয়োজন।

[5-10—5-20 p.m.]

সুতরাং আমাদের কোল্ড ষ্টোরেজ কন্ট্রোল করার ব্যবস্থা করা দরকার। তৃতীয় কথা হচ্ছে শিক্ষা এবং স্বাস্থ্য সম্পর্কে রাজ্যপালের ভাষণে দেখেছি ভারতবর্ষের সংগে সংগে পশ্চিমবাংলারও অগ্রগতি হয়েছে। এ বিষয়ে বলবার কিছু নেই, কারণ স্বাধীনতার পর আমি যত জায়গায় গিয়েছি তাতে এহেন জায়গা দেখিনি যেখানে দুটো রাস্তা হয়নি বা স্কুল বাড়েনি। আমাদের প্রয়োজন আরও বেশী থাকতে পারে, কিন্তু সবই নির্ভর করছে আর্থিক সংগতির উপর। এবারে আমি আমাদের এলাকার কথা কিছু বলতে চাই। রাজ্যপালের ভাষণে বলা হয়েছে বন অঞ্চল বৃদ্ধির জন্য টাকা ব্যয় করা হচ্ছে। আমাদের এলাকায়—অর্থাৎ ঝাড়গ্রাম, শালবনীতে শালগাছ, পিয়াশাল গাছ রয়েছে। আমাদের সরকার বন সম্পদ বাড়াইবার জন্য চেষ্টা করছেন এবং অনেক ভাল ভাল গাছ লাগান হয়েছে, কিন্তু একটা জিনিস মানুষের মনে রেখাপাত করেছে এবং সেটা হোল জংগল যা ছিল সেটা শেষ হয়ে গেছে। এই কারণে মানুষ আজ চঞ্চল হয়ে উঠেছে, কাজেই এর কারণ অনুসন্ধান করা দরকার এবং জংগল যাতে নষ্ট না হয় সেদিকে দৃষ্টি দেওয়া দরকার। তবে আমার মনে হয় শুধু সরকারী ব্যবস্থার দ্বারা এই জংগল রক্ষা করা যাবে না, একে রক্ষা করতে গেলে জংগল এলাকার মানুষের সহযোগিতা নিতে হবে। শুধু তাই নয়, পঞ্চায়েতের মাধ্যমে যদি জংগল রক্ষণাবেক্ষণ করেন এবং কেনা বেচা করেন, জংগল এলাকার জন্য সুযোগ সুবিধা সৃষ্টি করেন, জংগলের যাতে উন্নতি হয় সেই ব্যবস্থা করেন অর্থাৎ বন সম্পদ বৃদ্ধির চেষ্টা করেন তাহলে ভাল হয়। আমাদের হাজার হাজার বিঘা জংগল নষ্ট হয়ে যাচ্ছে, কাজেই আপনারা যদি এই জংগল রক্ষা না করেন তাহলে বন সম্পদ নষ্ট হবার চান্স রয়েছে। তাই অনুরোধ করছি এই বন সম্পদ রক্ষা করুন। পরিশেষে আমার বক্তব্য হচ্ছে আমাদের দেশে আজকে একতার বড়ই প্রয়োজন কারণ বহিঃশত্রুর আক্রমণ রয়েছে। শুধু তাই নয়, এই যে আমাদের পরিকল্পনা চলছে তার সংগে রয়েছে প্রতিরক্ষার খরচ, কাজেই ইনফ্লেসন-এর ইনেভিটেবল কন্সিকোয়েন্স রয়েছে। তাই বলছি দেশের অর্থনৈতিক অবস্থা যাতে খারাপ না হয় তার জন্য অর্থনৈতিক এবং সামাজিক দিক দিয়ে সকলকে একমত হয়ে বহিঃশত্রুর আক্রমণকে মোকাবিলা করবার জন্য সকলকে চেষ্টা করতে হবে।

Shri Nimai Chand Murmu:

প্রস্তাব করিবেন যে, উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত সংশোধনীটি যুক্ত করা হউক ঃ—

"কিন্তু দুঃখের বিষয় যে, রাজ্যপালের ভাষণে—

(ক) পশ্চিমবঙ্গে ভাগচাষীদের স্বার্থ রক্ষার্থে ভাগচাষ কোর্ট হওয়া সত্ত্বেও ভাগচাষী পাইকারী হারে উচ্ছেদ হয়ে ক্ষেত মজুরে পরিণত হচ্ছে। এবং ক্ষেত মজুরদের সংখ্যা দিনে দিনে বৃদ্ধির দরুন বেকারের সংখ্যা ও ভিখারীর সংখ্যা কংগ্রেসী রাজত্বে বেড়ে চলেছে। তাহা রোধ করিতে সরকার সম্পূর্ণরূপে ব্যর্থ হয়েছেন—একথার উল্লেখ নাই;

(খ) পশ্চিমবঙ্গের পশ্চাৎপদ অবহেলিত উপজাতী সম্প্রদায় যুগ যুগ ধরে লোকচক্ষুর অন্তরালে বঙ্গমাতার ক্রোড়ে শোষিত ও নিপীড়িত হইয়া আসিতেছে। তাহাদিগের জীবনযাত্রার মান, ভাষা, শিক্ষা ও সংস্কৃতি সম্প্রসারণ করার প্রয়োজনীয়তা উল্লেখ থাকা প্রয়োজন ছিল এবং তাহা পশ্চিমবঙ্গ সরকার পালন করিতে বা যথাযথভাবে সুব্যবস্থা অবলম্বন করিতে ব্যর্থ হয়েছেন এটাও উল্লেখ থাকা প্রয়োজন ছিল;

(গ) ভারতরক্ষা হিড়িকে কাহারও পৌষ মাস কাহারও সর্বনাশ হয়েছে, একথা উল্লেখ থাকা উচিত ছিল। যেমন মালদহ জেলার বামনগোলা ও হবিবপুর থানার কংগ্রেসী বড় বড় জোতদারগণ ভারতরক্ষার হিড়িকে কৃষকের চাষাবাদের ভেষ্ট জমির ফসল (যে সমস্ত জমি খাস হইয়া সরকারের হাতে ন্যস্ত হয়েছে দখলীকাত কৃষক সরকারী

লাইসেন্স ফি দিয়ে রসিদ গ্রহণ করিয়া বন্দোবস্ত লইয়াছে সে সমস্ত জমির ফসল কোথাও জমি হইতে কোথাও দখলীকাত খামার হইতে পুলিসের সাহায্যে লুঠ করিয়া লইয়া গেছে। ইহার প্রতিকার করিতে সরকার ব্যর্থ হয়েছেন একথা ভাষণে উল্লেখ থাকা প্রয়োজন; এবং

(ঘ) পশ্চিমবঙ্গ বিধানসভার ১৫ জন সদস্যকে বিনা বিচারে ভারত রক্ষার আইনে আটক রেখে তাহাদের গণতান্ত্রিক অধিকার ক্ষুন্ন করা হয়েছে, ইহা এক অগণতান্ত্রিক পদ্ধতি ও এটা লজ্জাজনক কাজ হয়েছে বলে দুঃখ প্রকাশ করে গণতন্ত্রকে অক্ষুন্ন রাখার জন্য তাদের মুক্তি দিয়ে এই বাজেট অধিবেশনে উপস্থিত থাকার অধিকার বজায় রাখার কথা উল্লেখ থাকার প্রয়োজন।"

মাননীয় স্পীকার মহাশয়, আমি মাননীয়া রাজ্যপালের ৩৬ পাতা লিখিত ভাষণ খুব মনোযোগ সহকারে পড়েছি এবং তাতে একটি জিনিস আমার কাছে পরিষ্কার হয়ে উঠেছে যে, তাঁর বক্তৃতা আত্মসন্তুষ্টিতে ভরা। শুধু আমিই নয়, আমরা সকলেই আশা করেছিলাম রাজ্যপাল মহোদয়া তাঁর ভাষণের মধ্যে দেশের বাস্তব অবস্থার কথা নিশ্চয়ই তুলে ধরবেন। কিন্তু আমরা কি দেখলাম? আমরা দেখলাম সমস্ত ভাষণটি আত্মসন্তুষ্টিতে ভরা। এই ভাষণে তিনি কোথাও শিক্ষক, ছাত্র, কৃষক, মজুর, মধ্যবিত্ত এবং খেটে খাওয়া মানুষের চেহারা তুলে ধরেন নি। তাহলে কি তিনি দেশের বাস্তব অবস্থার কথা জানেন না বা বলতে অপারগ? না, আমি মনে করি তিনি দেশরে বাস্তব অবস্থার কথা জানেন এবং বলতেও পারেন। এখানে প্রশ্ন উঠতে পারে তাহলে তিনি বললেন না কেন? তার কারণ হচ্ছে ১৭ বছর কংগ্রেস রাজত্বের পর আজকে দেশের বাস্তব অবস্থা যা হয়েছে তা যদি রাজ্যপালের ভাষণে পরিস্কারভাবে উল্লেখ থাকত তাহলে পর কংগ্রেস সরকারকে দেশের মানুষের কাছে আসামীরূপে কাটগড়ায় দাঁড়াতে হোত এবং কংগ্রেস সরকারের মুখোস সমস্ত লোকের কাছে ধরা পড়ত, শুধু আমাদের কাছে নয়, দেশের লক্ষ লক্ষ মানুষের কাছ থেকে অশেষ ধন্যবাদ রাজ্যপাল মহোদয়া পেতেন। কিন্তু ওদিকে যাঁরা বসে আছেন, ছদ্মবেশী কংগ্রেসীরা, যারা গণতন্ত্রের নামে ধনতন্ত্রকে প্রতিষ্ঠা করছেন, গণতন্ত্রকে ক্ষুন্ন করে চলেছেন, যারা মানুষের জীবন নিয়ে ছিনিমিনি খেলছেন, যারা জরুরী অবস্থা জীইয়ে রেখে মুনাফাখোর অসাধু ব্যবসায়ীদের মুনাফা লুটবার সুযোগ দিচ্ছেন, যাদের প্রতিটি রন্ধ্রে রন্ধ্রে রয়েছে দুর্নীতি, যাদের পেশা রয়েছে দুর্নীতি, সেই দুর্নীতিপূর্ণ কংগ্রেসী সদস্যদের কাছ থেকে ধন্যবাদ পেতেন না। কিন্তু গভীর দুঃখের সংগে বলতে হচ্ছে আজকে কয়েকজন মুষ্টিমেয় কংগ্রেসীদের ধন্যবাদ পেতে গিয়ে শুধু আমাদের নয়, আমাদের বিধানসভার বাইরের লক্ষ লক্ষ মানুষের ধন্যবাদ থেকে তিনি বঞ্চিত হতে চলেছেন। মাননীয়া রাজ্যপালের ভাষণে যে কয়টি কথা বলেছেন তা আত্মসন্তুষ্টিতে ভরা। তার দুই-একটি কথা আমি এখানে উল্লেখ করতে চাই। তিনি বলেছেন আমাদের পরিকল্পনাগুলিতে কৃষিকে সর্বোচ্চ অধিকার দেওয়া হয়েছে। এ বিষয়টা নিছক মনগড়া ছাড়া আর কিছু বলতে পারিনা। আমি নিজে একজন কৃষক পরিবারের ছেলে, আমি কৃষির সংগে গ্রামের কৃষির সংগে নিজে জড়িত, প্রতিটি চাষাবাদের সংগে জড়িত আছি, আমি জানি যে আজকে দেশ স্বাধীন হবার পর থেকে কৃষকদের সমস্ত অধিকার ক্ষুন্ন হতে চলেছে। আমি একটার পর একটা দৃষ্টান্ত আপনাকে দেব। যেমন জরুরী অবস্থার সুযোগে কারও পৌষ মাস কারও সর্বনাশ, এই বিধানসভায় সেকথা আমি বহুবার বলেছি। যখন থেকে ভারত রক্ষা আইন বলবৎ হয়েছে, তখন থেকে কংগ্রেসী বড় বড় জোতদাররা কৃষকদের রক্ত জল করা ফসল কেড়ে জমি থেকে খামার থেকে তুলে নিয়ে যাচ্ছে। এই ঘটনা বামুনগোলা, হবিবপুর, মালদহে হয়েছে এবং অন্যান্য জেলায়, সমগ্র বাংলাদেশে এই রকম বহু হয়েছে। এইভাবে কারও পৌষ মাস কারও সর্বনাশ হয়েছে। এটা যে শুধু এক বছরই হয়েছে তা নয়, ১৯৬২ সালে, ১৯৬৩-৬৪ সালেও হয়েছে, ভারত রক্ষা আইনের সুযোগ নিয়ে পুলিশের সাহায্য নিয়ে কৃষকদের রক্ত জল করা ফসল কেটে নেওয়া হয়েছে। অথচ এখানে বলা হচ্ছে যে কৃষকদের অগ্রাধিকার দিয়েছি। যে সমস্ত কৃষক মাথার ঘাম পায়ে ফেলে ফসল উৎপাদন করে সেই সমস্ত কৃষকদের উৎপাদিত ফসল তাদের কাছ থেকে পুলিশের সাহায্যে কেড়ে নিয়ে চলে যাচ্ছেন। থানায় এজাহার দিতে গেলে থানা থেকে তাদের কুকুরের মত তাড়িয়ে দেওয়া হচ্ছে। থানা অফিসার এবং এস.ডি.ও-র কাছে গেলে কোন প্রতিকার পাওয়া যাচ্ছে না, অথচ এখানে ভাষণে বড় বড় কথা বলা হয়েছে কৃষকদের অগ্রাধিকার দেওয়া হয়েছে।

আর একটা বিষয় ভাগচাষ বোর্ড তৈরী হয়েছে বর্গাদার কৃষকদের স্বার্থ রক্ষার জন্য কিন্তু আমরা দেখছি ভাগচাষ বোর্ড হওয়া সত্ত্বেও কৃষকদের উচ্ছেদ করে দিয়ে তাদের সর্বস্বান্ত করে দেওয়া হচ্ছে, অথচ ভাষণে দেওয়া হল কৃষিকে অগ্রাধিকার দেওয়া হচ্ছে।

তারপর আর একটা কথা বলেছেন যে সমস্ত উদ্বৃত্ত জমি, কৃষি জমি সরকারের হাতে এসেছে, দু বছরের ভিত্তিতে সেগুলি কৃষকদের বন্দোবস্ত করে দেওয়া হচ্ছে। আমি বলবো এ সমস্ত অসত্য কথা পরিবেশন করেছেন। এর কোন বাস্তব ভিত্তি নেই। আমরা দেখছি যে সমস্ত বড় বড় জোতদার আগে হাজার হাজার বিঘা জমির মালিক ছিল, ভূমি সংস্কার আইন পাশ হওয়ার পরে, বিভিন্ন ছেলের নামে, মেয়ের নামে, জামাইয়ের নামে এমন কি কুকুর বেড়ালের নামে জমি বেনামী করে রেখেছে। একথা তো বহুবার বলা হয়েছে। শুধু তাই নয় পূর্বতন মন্ত্রী জয়নাল আবেদীন যাঁকে আমি জমি চোর বলে অভিযুক্ত করেছিলাম তিনি ২০০ বিঘা জমির উপর যা ভেস্ট করেছেন, তা তার ভাইকে তাড়িয়ে নিজে ভোগ দখল করছেন।

[5-20—5-30 p.m.]

এমনিভাবে শুধু একজন মন্ত্রী নয়, এই রকম বহু মন্ত্রী আজকে ভূমি সংস্কার আইনের সুযোগে অনেক জমি বেনামী করে রেখে দিয়েছেন। এই যদি হয় বাস্তব অবস্থা তাহলে একথা কি বলা ঠিক হয়েছে যে কৃষিতে কৃষককে অগ্রাধিকার দেওয়া হয়েছে। এ বিষয়ে একটা অসত্য তথ্য পরিবেশন করা হয়েছে বলে আমি মনে করি। তারপর অনুন্নত শ্রেণীদের সম্বন্ধে তিনি বলেছেন এদের জন্য বহু কল্যাণমূলক পরিকল্পনা চালু আছে। আমি এই কথা বলব যে এটা যদিও চালু হয়েছে, কিন্তু কাগজে কলমে সেটা বাস্তবে রূপায়িত হচ্ছে না। সত্যিকারের যদি অনুন্নত সম্প্রদায়ের লোকের উন্নত করতে হয় তাহলে সেই অনুপাতে ব্যবস্থা হওয়া উচিত ছিল। কিন্তু দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে পশ্চাৎপদ, অবহেলিত উপজাতি সম্প্রদায়ের লোক আজ শুধু নয় তারা যুগ যুগ ধরে লোকচক্ষুর অন্তরালে শোষিত হয়ে চলেছে--তাদের প্রতি আজও সেরকম লক্ষ্য রাখা হয়নি। তাদের প্রতি লক্ষ্য থাকলে তারা মানুষ হিসাবে প্রতিষ্ঠিত হোত। কিন্তু আপনার দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে পশ্চিমবাংলায় নেপালী, লেপচা অধ্যুষিত মহকুমা মাত্র ৩টা—দার্জিলিং, কালিম্পঙ্ ও কার্শিয়াং। এই ৩টা মহকুমায় ২ লক্ষ নেপালী ও লেপচা সম্প্রদায়ের লোক আছে। এই লক্ষ লোকের জন্য আঞ্চলিক সরকারী ভাষা হিসাবে নেপালী ভাষাকে সরকার স্বীকার করে নিয়েছেন। কিন্তু বাংলাদেশে আদিবাসী যে সাঁওতাল রয়েছে যাদের সংখ্যা বাংলাদেশে ১২ লক্ষের বেশী এবং তাদের যে ভাষা রয়েছে আজও তাদের সেই ভাষাকে আঞ্চলিক সরকারী ভাষা হিসাবে স্বীকার করা হচ্ছে না। তারা ২। ১টি জেলায় বা মহকুমায় নয়, বাংলাদেশে ৮টা মহকুমা রয়েছে—বালুরঘাট, ইংরেজবাজার, সিউড়ী, কালনা, বর্ধমান, আসানসোল, বাঁকুড়া; ঝাড়গ্রাম—সেই ৮টা মহকুমায় সাঁওতাল আদিবাসীর সংখ্যা হচ্ছে ১২ লক্ষের বেশী। কিন্তু এই যে পশ্চাৎপদ অবহেলিত জাতি আমাদের বাংলাদেশে রয়েছে সত্যিই যদি এদের উন্নত করতে হয়, সরকার যদি তাদের সে রকম সচেষ্ট হতেন তাহলে নিশ্চয় এদের যে ভাষা রয়েছে সেই ভাষাকে সরকারী ভাষা রূপে স্বীকার করা হোত। সেজন্য আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়দের দৃষ্টি আকর্ষণ করছি এবং দাবী করছি যাতে এই বিরাট সংখ্যক আদিবাসী সাঁওতাল যাদের সংখ্যা ১২ লক্ষের বেশী তাদের ভাষার উপর গুরুত্ব দেওয়া উচিৎ এবং সেই অনুপাতে যেন ব্যবস্থা করা হয়। আর একটা কথা সেচ সম্বন্ধে বলতে চাই। সেচ সম্বন্ধে তাঁরা বলেছেন যে খুব ভাল ব্যবস্থা করেছি। সেচের মাধ্যমে সমস্ত রকম জমিতে দো-ফসলা, তিন ফসলা ফলাবার চেষ্টা করা হয়েছে। এই বিষয়ে ২।১টা দৃষ্টান্ত দেব যে কিরকম সেচের ব্যবস্থা হয়েছে। আমাদের মালদহ জেলার বিভিন্ন থানার পুকুরগুলি সংস্কার করা হয়েছে। সেই পুকুরের জল জমিতে পাক বা না পাক তাহলেও সেচকর ধার্য্য হয়েছে—যেমন বাঁশঝাড় যেখানে সেচের জলের দরকার হয় না তা সত্ত্বেও সেখানে ধার্য্য করা হয়েছে। এ ছাড়া যে জমিতে পুকুরের জল যায় না সেখানেও সেচ কর ধার্য্য করা হয়েছে। এইভাবে সেচের নাম দিয়ে কৃষকের কাছ থেকে তাঁরা অন্যায়ভাবে টাকা আদায় করছেন এবং কাগজে কলমে দেখাচ্ছেন যে সেচের অনেক ব্যবস্থা করেছি।

মাননীয় স্পীকার স্যার, ঐ মালদহের ঐ অঞ্চলে অতি বৃষ্টি এবং অনাবৃটি ইত্যাদিতে ফসল হয় না, এবার যদিও হয়েছে কিন্তু সেটা বিভিন্ন বৎসরে বিভিন্ন ধরণের ঋণ যারা নিয়েছে সে ঋণ পরিশোধ করতে গিয়ে সমস্ত কৃষকের ঘর থেকে ধান চাল চলে যাবে ঐ বড় বড় ব্যবসায়ীদের কাছে। কিন্তু আদায়ের জন্য যেরূপ রেভিনিউ অফিসাররা যে ভাবে জুলুম করছেন তাতে কৃষকের হালের বলদ গরু ইত্যাদি কিছুই থাকছে না। এই যে আতঙ্কের সৃষ্টি হচ্ছে এদিকে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আজকে কৃষককে যদি সত্যকারের মর্যাদা দিতে হয় তাহলে ঐ হালের বলদ ছিনিয়ে নেওয়া হলে তারা কি ভাবে ফসল উৎপাদন করবে তা জানি না। অতএব তাদের ভবিষ্যৎ অন্ধকার না করে বরং যাতে উজ্জ্বল করতে পারা যায় তার ব্যবস্থা করুন। এই কটি কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Joynal Abedin: On a point of personal explanation, Sir,

মাননীয় সদস্য শ্রী নাথিয়াল মুর্মু আমার সম্বন্ধে যে উক্তি করেছেন সে রূপ উক্তি ১৯৬২ সালের মার্চ মাসে তিনি করেছিলেন এবং তখন আমি এর জন্য যে প্রতিবাদ করেছিলাম আজও সেই প্রতিবাদ করছি।

Shri Kamal Kanti Guha:

মাননীয় স্পীকার মহাশয়, এই হাউসে রাজ্যপালিকার বক্তৃতাকে কেন্দ্র করে ডি, আই, রুল সম্বন্ধে অনেক ঝড় উঠেছে। সে সম্বন্ধে আমাদের বক্তব্য পরিষ্কার ভাবে আমরা রাখতে চাই। আপনি জানেন যে, যখন চীন ভারত আক্রমণ করেছিল তখন চীনের সে আক্রমণকে আমরা তীব্রভাবে নিন্দা করেছিলাম। আমরা স্বাভাবিকভাবে সরকারকে সাহায্য করেছি যাতে আমাদের স্বাধীনতা সার্বভৌমত্ব নষ্ট না হয়। তারপর আমরা দেখেছি দেশের স্বাধীনতা নিরাপত্তা এবং ইমারজেন্সীকে সুষ্ঠু ভাবে চালানোর জন্য ডি, আই, রুল চালু হল এবং সে ডি, আই, আর-কে আমরা সমর্থন করেছিলাম। কিন্তু একটা জিনিস লক্ষ্য করে গত বৎসর থেকে শঙ্কিত হয়ে পড়েছি যে জনসাধারণের জন্য যখনই আমরা আন্দোলন করেছি তখনই এই আইনে গ্রেপ্তার করা হয়েছে। ১৯৬৪ সালের আগে আমাদের সিকিউরিটি এ্যাক্ট-এ সেকসন ১১-এ আমাদের এ্যারেষ্ট করা হত বা ৫৪ ধারাতে এ্যারেষ্ট করে আমাদের জেলে দিনের পর দিন রাখা হয়েছে বা পুলিশ দিয়ে ১০৭ ধারা করে রাখা হয়েছে এবং প্রিভেন্টিভ ডিটেনশন এ্যাক্ট-এও রাখা হয়েছে. কিন্তু ১৯৬৪ সালের সেপ্টেম্বর মাসে আমরা কি দেখলাম? আমরা দেখলাম যে আমাদের ডি, আই. রুল ৩০-তে এ্যারেষ্ট করা হল। আমাদের বেরুবাড়ী আন্দোলনের সময় আমরা দেখেছি যে আমাদের ধরা হয়েছে। সরকার ভালভাবেই জানেন যে আমাদের চরিত্র কি, ও আমাদের দলের আদর্শ কি এবং নীতি কি। কিন্তু তা সত্ত্বেও ডি, আই, রুল ৩০-তে কেন এ্যারেষ্ট করছেন? তারা এই কারণে করছেন যে তারা দেখছেন যে একটা জাতীয়তাবাদী দল বলিষ্ঠ কন্ঠে সরকারের তোষণের বিরুদ্ধে বারবার আন্দোলন করছে প্রতিবাদ করছে। আমাদের এই আক্রমণের সম্মুখীন হতে তাঁরা রাজী হচ্ছেন না সে জন্য নিজেদের গদী বজায় রাখবার জন্য স্বেচ্ছাচারীতা বজায় রাখবার জন্য ঐ ফ্যাসির্নিজিম্ বজায় রাখবার জন্য আজ ডি, আই, রুল ৩০-তে এ্যারেষ্ট করা হচ্ছে ও প্রমাণ করতে চাচ্ছেন যে আমরা দেশদ্রোহী। শঙ্করদাসবাবু যখন বক্তৃতা করছিলেন, তার বক্তৃতার বাঁধা দেওয়া হয়েছিল। পার্লামেন্টারী ডিমক্রেসী-তে এটা অন্যায়। কিন্তু তাঁরা যে অন্যায় করেছেন তার কথা আমাদের চীফ মিনিস্টার-এর কাছে জানাতে চাই। আমাদের দলের নেতা হেমন্তবাবু চীফ মিনিস্টার-কে এটা বলেছেন যে আমাদের দলের সরল দেব, শান্তি গাঙ্গুলী এবং শৈলেন দে-কে কেন এ্যারেষ্ট করে রাখা হয়েছে। আজ পর্যন্ত তাঁর সদউত্তর পায়নি। সরল দেব-কে কেন আজও এ্যারেষ্ট করে রাখা হয়েছে? দমদম জেলে যেদিন তার রিলিজ অর্ডার হল সেদিন আমরা সব দমদম গিয়েছিলাম। আমাদের একটার পর একটা লিস্ট পড়ে যাচ্ছে এবং রিলিজ হয়ে আসছে কিন্তু আমরা দেখলাম সরল দেব আটক পড়ল, শেষ সময় লালবাজার থেকে বলা হয়েছে এবং সেই জন্য তাকে আটক করে রাখা হয়েছে। পুলিশ যেদিন তাকে এ্যারেষ্ট করেছিল সেদিন ছিল ২৫-এ সেপ্টেম্বর ধর্মঘট যাতে সাফল্যমণ্ডিত না হয় সে জন্য তাকে এ্যারেষ্ট করা হয়েছে। পুলিশ সরল দেবকে বলেছিল যে আপনাকে এ্যারেষ্ট করা হচ্ছে তার উত্তরে তিনি বলেছিলেন যে আমার যে প্রোগ্রাম আছে আমি তা শেষ করে যাব।

[5-30—5-40 p.m.]

সেই অফিসার বিরক্ত হয়ে রিপোর্ট দিয়েছেন—তার উপর সরল দেবকে এ্যারেষ্ট করা হয়েছে। শৈলেন দে-কে কেন এ্যারেষ্ট করা হয়েছে? এখানে জগন্নাথবাবু—তিনিও জানেন যে যদি দেশকে কেউ ভালবেসে থাকেন, যদি দেশের মঙ্গল কেউ কামনা করে থাকেন তাহলে তিনি হলেন শৈলেন দে। চীন যখন বমডিলায় ঢুকলো তখন বেলেঘাটার সেই যুবক শৈলেন দে—তার নিজের রক্ত দিয়ে দেশে আগুন জ্বালিয়ে দিয়েছিল—তাকে কেন এ্যারেষ্ট করা হয়েছে? এ্যারেষ্ট করা হয়েছে এই জন্য যে তরুণবাবুর যে সিরামিক ইন্ডাষ্ট্রি হয়েছে—সেখানে যে কলঙ্ক পুঞ্জিভূত হয়ে উঠেছে, যে দুর্নীতি দানা বেঁধে উঠেছে সেখানে এই শৈলেন দে ইউনিয়ন করছেন—এখানে তাদের পার্টির—আই, এন, টি, ইউ, সি-র ইউনিয়ন খাড়া করা যায় না এই শৈলেন দেকে এ্যারেষ্ট না করা হলে। শান্তি গাঙ্গুলীকে কেন এ্যারেষ্ট করা হয়েছে—টালিগঞ্জ থেকে যখন উদ্বাস্তুদের হটিয়ে দেবার চক্রান্ত হচ্ছে—জমি থেকে উচ্ছেদ করার চক্রান্ত হচ্ছে তখন এই উদ্বাস্তুদের হয়ে শান্তি গাঙ্গুলী সবল কন্ঠে প্রতিবাদ করে উঠেছিল বলে আজকে তাকে ডি, আই, রুলে এ্যারেষ্ট করা হয়েছে। আমাদের কেন এ্যারেষ্ট করা হয়েছিল—আমরা যখন বলেছিলাম যে মানুষ খেতে পাচ্ছে না—চালের দাম বেড়ে যাচ্ছে—প্রত্যেকটি জিনিসের দাম বেড়ে যাচ্ছে আমরা তখন গণ-তান্ত্রিক উপায়ে প্রতিবাদ করেছিলাম ধর্মঘট ডেকে—আমি আপনার মাধ্যমে জিজ্ঞাসা করি—আমরা বিরোধী দল আমাদের প্রতিবাদ করবার গণতান্ত্রিক পথ কি কি, আইনসভার ভিতর আমরা প্রতিবাদ করতে পারি—আমরা মিটিং করতে পারি—কাগজে কলমে প্রতিবাদ করতে পারি—আমরা ধর্মঘট ডেকে প্রতিবাদ করতে পারি—কিন্তু দেশ নষ্ট হয়ে যাক এমন কাজ আমরা সে-দিন করি নি। আমরা রেল লাইন উপড়ে ফেলি নি—আমরা থানায় আগুন লাগাই নি—আমরা প্রফুল্ল সেনকে কাইরণের মত হত্যা করিনি। আমরা গণতান্ত্রিক পথে এগিয়ে গিয়েছিলাম কিন্তু আমাদের ডি, আই, আর—৩০-তে এ্যারেষ্ট করা হয়েছে। আমরা দেখছি যে আজকে শঙ্করদাস বাবু যেভাবে রেপ কেসের আসামীদের বাঁচান যেভাবে চোর ডাকাতদের হাইকোর্টে বাঁচান সেই-ভাবে তিনি এই অসাধু সরকারের পক্ষে ওকালতি করবার জন্য সুকৌশলে বলছেন যে তাদের সরকার রিপোর্ট পেয়ে পেয়ে সুনিশ্চিত হয়ে যারা সমাজদ্রোহী, যারা দেশদ্রোহী তাদের এ্যারেষ্ট করেছেন। সেটা আমরা দৃঢ়ভাবে প্রতিবাদ করেছি। আমরা জানি ইমারজেন্সি রয়েছে—কিন্তু চীন যে আমাদের বার হাজার মাইল দখল করে আছে সেখান থেকে তারা হটে যাক, সে রকম কোন কার্যকরী পন্থা ভারত সরকার আজও গ্রহণ করেন নি। আজ চীনা গুপ্তচরে উত্তরবঙ্গ আসাম ছেয়ে গেছে। চীন আজকে স্মাগলিং করে তাদের সমস্ত মাল পাচার করে দিয়ে সমগ্র উত্তরবঙ্গ এবং আসামকে ভরিয়ে তুলেছে। সেদিকে কি কোন লক্ষ আছে? আমি শুনে অবাক হয়ে গেছি যখন শ্রীঅমর রায় প্রধান বক্তৃতা করছিলেন যে ইউ, কে, আমাদের যে মর্টার দান করেছিল বহু মা-বোনের সোনার গয়না নিয়ে—বহু কেরাণীর চাঁদা, বেতন নিয়ে, শ্রমিকদের মজুরী নিয়ে আমরা বিদেশ থেকে যে অস্ত্র কিনেছি সেই অস্ত্র শিলিগুড়ি,জলপাইগুড়ি,হলদি বাড়ী দিয়ে পাকিস্তানে চালান হচ্ছে। মর্টার-এর নং দেওয়া হয়েছে—তখন আমরা দেখিনি উন্মুখ হয়ে উঠতে এই সমস্ত ভণ্ড চোরদের—এই সমস্ত যারা দেশপ্রেমিক বলেন তাদের। যখন অমর রায় প্রধান বলছিলেন যে মর্টার অস্ত্র পাচার হচ্ছে ও'রা কেউ উৎসুক হয়ে উঠেন নি সেই সময়। মিঃ স্পীকার স্যার, আমরা মনে করি যে আজকে আমাদের দেশ রক্ষা করতে হবে। কিন্তু আমি একথা না বলে পারছি না যে সীমান্তে আজকে মিলিটারীর ভিতর হোমগার্ডের ভিতর কি দুর্নীতি ঢুকেছে। সেখানে যদি ক্যাম্পের মেজরকে ঘুষ দেওয়া হয় তাহলে সেখানে কুকুরের মাংস মটন বলে পাশ হয়ে যায়, ক্যাপ্টেনকে যদি ঘুষ দেওয়া যায় তাহলে চুন গোলা জল দুধ বলে স্যাংসান হয়ে যায়—এইভাবে দুর্নীতি সেখানে চলছে।

আমি তাই বলি—আরও সবল করতে হবে সীমান্তকে। পাকিস্তান এবং চীন আজ উন্মুখ হয়ে আছে ওৎ পেতে বসে আছে আমাদের মারবার জন্য। তাই তারা যদি আমাদের মারে তাহলে সেই মরার আগে যাতে মেরে যেতে পারি—দেশকে বাঁচিয়ে মরতে পারি সেই প্রস্তুতি কোথায়? কিন্তু সেখানে আমরা যারা দেশপ্রেমিকের দল, আমরা যারা দেশকে ভালবাসি ও'দের চেয়ে এক ইঞ্চিও কম নয়—আমাদের যখন এ্যারেষ্ট করা হয় তখন তার প্রতিবাদ করবার কোন পথ থাকে না। এখানে যে পার্লামেন্টারী গণতন্ত্রের কথা বলা হয়—সেই গণতন্ত্রের কন্ঠ রুদ্ধ করে আমা-দের মত লোককে দেশপ্রেমের পরীক্ষা দিতে হয়। মিঃ স্পীকার স্যার, আমি একথা বলি যে

আমার এলাকায় অজিত রায় গুপ্ত—আপনি জানেন স্যার, কমিউনিস্টদের এ্যারেস্ট করা সম্পর্কে তাদের দেশদ্রোহীতা সম্পর্কে আমি বলেছিলাম। কিন্তু আমার এলাকায় অজিত রায় গুপ্ত সাত বছর আগে কমিউনিস্ট পার্টির সেক্রেটারী ছিলেন। এখন তিনি কবিরাজী করছেন, ৫০ বছর বয়স হয়ে গেছে, বিয়ে করবার জন্য পাগল হয়ে গেছেন সেই লোকটাকে এ্যারেস্ট করা হোল—বলা হোল তিনি নাকি গরিলা যুদ্ধের জন্য তৈরী হচ্ছেন। শুধু আমি নয় আমার এলাকার সমস্ত লোকদের এই সমস্ত ব্যাপার দেখে সন্দেহ হচ্ছে যে এই ডি, আই, আরকে দেশরক্ষার কাজে ব্যবহার না করে এর উদ্দেশ্য হচ্ছে শাস্ত্রী, প্রফুল্ল সেন, শঙ্করবাবুদের গতিতে অটুট রাখা। আমরা জানি যে এদের প্রকাশ্য বিচার করার অসুবিধা আছে—একথা সরকার হয় তো বলতে পারবেন না যে অমুক পুল অমুকে উড়িয়ে দিতে চেয়েছে—অমুক মিলিটারী বেসের উপর আক্রমণ করতে চেয়েছে—এটা প্রকাশ্যে বলা যাবে না—তাহলে শত্রুরা সব জেনে যাবে। কিন্তু আমি বলি যে হাই কোর্টে এর বিচার করা হোক। যে দোষী সে জানলো না যে সে কি দোষ করেছে—তাকে একটা রেকর্ড দেওয়া হোক—তাকে বলা হোক যে তুমি জবাব দাও এবং সে সম্বন্ধে হাইকোর্টে গোপন বিচার করা হোক। সেখানে যদি তার খালাস হয় আমরা খুশী হবো এবং যদি খালাস না হয়, যদি প্রমাণিত হয় দেশদ্রোহী তাহলে সে যে দলেরই হোক তাকে আমরা জনগণ সায়েস্তা করবো, একথা পরিষ্কারভাবে শঙ্করবাবুকে বলতে চাই। কিন্তু বিচার করবেন না—দোষী জানলো না অপরাধ কি—আর আপনারা নিজেদের গদি রাখবার জন্য যা-তা বলে যাবেন মেজরিটির জোরে– আমরা তা হতে দেবো না। আজ এখানে পার্লামেন্টারী ডেমোক্রাসীর কথা বলছেন—কিন্তু স্যার, ১৯৬২ সালে—অনেক স্বপ্ন—অনেক আশা নিয়ে এই বিধান সভায় এসেছিলাম। কিন্তু দেখেছি প্রতিটি দিন, প্রতিটি মাস, প্রতিটি বছর অতিক্রান্ত হচ্ছে—আর দেখছি—পার্লামেন্টারী ডেমোক্রাসীর মত প্রহসন আজকে ভারতবর্ষের মধ্যে আর কিছু নেই। আমরা এ, এল, এ—আমাদের কোন একজিসটেন্স নেই, আমাদের কোন স্বীকৃতি নেই। সেদিন গোর কুন্ডু বলেছিলেন যে এস, ডি, ও, ডিষ্ট্রিক্ট ম্যাজেস্ট্রেট-এর কাছে আমরা জনগণের প্রতিনিধি কাজ নিয়ে গেলে কোন সমস্যা সমাধানের কথা বল্লে বিচার হয় না—সমস্যার সমাধান হয় না। আর মন্ডল কংগ্রেসের যে গরু চুরি করে পাকিস্তানে পাচার করে—আটা, চিনি, ময়দা, তেল স্মাগলিং করে ব্ল্যাক মার্কেটিং করে তাকে দেখে কথায় কথায় তার অন্যায়কে স্বীকৃতি দেন—তার কাজ করে দেন। সেই জন্য আমি বলছি যে পার্লামেন্টারী ডেমোক্রাসী আজকে ফার্সে পরিণত হয়েছে। (লাল বাতি) একটা কথা লাল বাতি জ্বলার সাথে সাথে শঙ্করবাবুকে বলছি যে পার্লামেন্টারী ডেমোক্রাসীকে যদি ঠিক পথে না চালান তাহলে সারা ভারতবর্ষে এইভাবে আগুন জ্বলে উঠবে এবং সেই আগুনে হয় আপনারা মরবেন না হয় আমরা মরবো।

Personal Explanation

Shri Sankardas Banerji: On a point of personal explanation, Sir. I am very sorry to say that Shri Kamal Kanti Guha has not fairly represented my speech.

আমি বলেছিলাম যে ডি, আই, রুল এ্যাপ্লাই করা হয়েছে সমাজদ্রোহী এবং দেশদ্রোহীদের উপর। সব লোক যে দেশদ্রোহী একথা আমি মোটেই বলি নি। কিন্তু ও'রা চেঁচামেচি করে আমাকে বলতে দিলেন না। আমার স্পীচের মধ্যেও আমি এই বলেছিলাম যে ডি, আই, রুল এ্যাপ্লাই করা হয়েছে সমাজদ্রোহী এবং দেশদ্রোহী তাদের উপর। যারা ফুড নিয়ে ব্ল্যাক মার্কেটিং করেছেন তারা নিশ্চয়ই সমাজদ্রোহী একথা কি তাঁরা অস্বীকার করেন। তবে ঐ অজুহাতে আমাকে বলতে দেওয়া হয়নি।

Shri Radhakrishna Singha:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয়া রাজ্যপালের ভাষণের উত্তরে অনেক সদস্যরা রাজনৈতিক কাঠামোর পরিপ্রেক্ষিতে অনেক কথা রেখেছেন। আমি কিন্তু সেদিক থেকে কোন কথা বলছি না। আমার সব চেয়ে বড় সিগনিফিক্যান্ট পয়েন্টস্‌যেগুলি সেগুলি আমি রাখতে চাই যে আমরা যে সমস্ত প্ল্যান এবং প্রোগাম এ্যাডপ্ট করছি তার মধ্যে একটা হচ্ছে ফার্ষ্ট খাদ্য। খাদ্য উৎপাদন সম্বন্ধে আমি আমাদের সরকারকে বলবো আমরা জানি যে বাংলাদেশে যে সমস্ত জমি আমাদের আছে—সেই জমি আর বাড়ানো যায় না। কিন্তু আজকে যে সমস্ত খাদ্য উৎপাদনের

জমি—পাটের জমিতে রূপান্তরিত হয়েছে ক্যাস ক্রপের জন্য—সেই ক্যাস ক্রপের জমিগুলিতে আমরা আর খাদ্যোৎপাদন করতে পারছি না। সুতরাং দেশের অন্যান্য জায়গায় পার একর যে ইল্ড হয় সেই ইল্ড বাড়াতে হবে।

[5-40—5-50 p.m.]

এবং আপনি জানেন মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে অন্যান্য দেশে পার একর ৮০০ পাউন্ড করে ইল্ড হয়। আমরা যদি এ্যাটলিস্ট ৫০০ পাউন্ড বাড়াতে পারি, তাহলে আমরা খাদ্যে স্বয়ং সম্পূর্ণ হতে পারবো। এদিকে আমাদের বিশেষ চেষ্টা করা দরকার। ন্যাশনাল গভর্নমেন্টকে আমাদের বলা দরকার যাতে তারা এ বিষয়ে সচেষ্ট হন। কারণ আমাদের গভর্নমেন্ট যখন বলেন, তাদের সদিচ্ছা আছে অনেক ব্যাপারে, কিন্তু প্রয়োগ করার ক্ষেত্রে সেই সদিচ্ছাটা টিকে থাকে না। আর একটা কথা, আমদের রাজ্যপালিকার ভাষণের কোথাও জওয়ানদের সম্বন্ধে কোনও কিছু উল্লেখ নেই। আজকে আমাদের জওয়ান, তারা হিমপ্রবাহে হিমালয়ের উপরে আমাদের বিদেশী শত্রুর হাত থেকে দেশকে রক্ষা করবার জন্য পাহারা দিচ্ছেন। তাঁরা যে ওখানে ২৪ ঘন্টা পড়ে আছেন, তাঁদের কিছু উৎসাহ দান এবং তাঁদের কিছু কৃতজ্ঞতা প্রকাশ করা আমাদের রাজ্যপালিকার অন্ততঃ উচিত ছিল। কারণ আমাদের এটা বর্ডার স্টেট। রাজ্যপালিকার হয়ে আমি তাঁদের আন্তরিকতা ও কৃতজ্ঞতা জানাচ্ছি। আমরা দেখতে পাচ্ছি যে ফিফ্‌থ কলমিষ্টরাই আমাদের দেশের এ্যাডমিনিস্ট্রেশন-এ একটা গলদ এনে দিয়েছে। এদের জন্যই আমরা বহিঃশত্রুর আক্রমণের সম্মুখীন হয়েছি, অবশ্য এখন আমরা যথেষ্ট প্রস্তুত হয়েছি। এই ফিফ্‌থ কলমিস্ট-রা বড় গোলমাল করছে। শুধু ডিফেন্স করলেই হবে না। মাননীয়া রাজ্যপালিকা শিক্ষকদের সম্বন্ধে কিছু বলেন নি। তিনি একজন চ্যান্সেলর, ইউনিভার্সিটির। আজকে আমরা দেখতে পাচ্ছি বাংলাদেশের এবং ভারতবর্ষের মধ্যে শিক্ষকদের একটা আন্দোলন আজ দানা বেঁধে উঠছে। সমস্ত সদস্য আমার সংগে একমত হবেন যে শিক্ষকদের যদি অভাবের ঊর্ধ্বে না রাখা যায়, তাহলে শিক্ষার মান উন্নয়ন করা যায় না। এবং জাতি গঠন করা যায় না। এ ক্ষেত্রে অন্ততঃ রাজ্যপালিকা তার ভাষণে শিক্ষকদের কি একটা নির্দিষ্ট পদ্ধতি গভর্নমেন্ট নেবেন, সে সম্বন্ধে কোন উল্লেখ তিনি করেন নি, এটা আমার সবচেয়ে বেশী লাগলো। লাস্ট পয়েন্ট হচ্ছে সিগনিফিকেন্ট পয়েন্ট সবচেয়ে বড় হচ্ছে ইনফ্লেসন, আমি বলতে চাই যে আজকে দেশের থার্ড ফাইভ ইয়ার প্ল্যান-এ আমরা খরচ করছি ৩শ ৯ কোটি টাকা, কিন্তু আমাদের দেশে যা ইনফ্লেসন হচ্ছে, এই ইনফ্লেসন-এর ওয়ান অফ দি কজ হচ্ছে এই টাকা বিনিয়োগ করা। ৪র্থ পরিকল্পনায় আমরা ঠিক করেছি ৬শ ১৮ কোটি টাকা খরচ করবো, এই যে ইনফ্লেসন হবে, ডবল হবে। এই ইনফ্লেসন যদি বন্ধ না করতে পারি তাহলে আপনারা জানেন যে আমাদের গভর্নমেন্ট এমপ্লয়ীরা এই অল্পদিন আগে সেন্ট্রাল গভর্নমেন্ট, এবং স্টেট গভর্নমেন্ট, তারা যে একটা ঐতিহাসিক আন্দোলন করেছিল, আমার মনে হয় বাংলাদেশে বা ভারতবর্ষের ইতিহাসে গভর্নমেন্ট এমপ্লয়ীদের পক্ষ থেকে এরকম আর হয়নি এবং এস, কে, দাস, এবং তাদের অনেকে বলেছিলেন, এই কথা যে

Central Government servants got an increase in dearness allowance.

বলেছিলেন যে তারা এসেনসিয়াল ফুড আর্টিকেলস, যেগুলো সেগুলো যদি তাদের রিজনেবল প্রাইস এবং একটা স্টেবল প্রাইস-এ সরবরাহ করা হয়, তাহলে তারা চায়না তাদের ডি. এ. বাড়ুক, আমরাও সেই মত। ইনফ্লেসন যদি রোধ না করতে পারেন, তাহলে ২।৩ মাস পরে পরে কমিশন বসিয়ে ডি. এ, বাড়িয়ে তাদের শান্তি বা আনন্দ দিতে পারবেন না এবং তারা যদি কিছু না করে মন্ত্রীদের ক্ষমতা নেই দেশকে শাষণ করার, তারা বসে বসে ফাঁকি দেবে এবং দেশের প্রতি তাদের যে টান সেটা কমে যাবে। আমি সেজন্য সবচেয়ে বড় কথা বলবো যে প্রাইস কন্ট্রোল এবং প্রাইস স্টেবিলাইজেসন, এই ২টো জিনিস আমাদের মন্ত্রী মহাশয়দের এবং মহামান্য রাজ্যপালিকাকে বলবো যে এগুলি সম্বন্ধে তাঁরা যেন সুনির্দিষ্ট কর্মপন্থা নিয়ে এগিয়ে চলেন।

Shri A. K. M. Ishaque: I rise to support the motion of thanks in reply to the Governor's Address. We thank her for the trouble she undertook to come to this House to address us. I am sorry she could not complete her Address. I do not want to apportion blame to anybody for it. I just

put a question to myself. Did one behave rightly in not allowing the Governor to address the House when she was performing her constitutional duty? The Leader of the House and many members of the Opposition after him regretted that Congress is not establishing democracy in this country. Just now my honourable friend Mr. Guha admitted that toleration of the views of the Opposition is the corner-stone of democracy. If that is so, we know in this House who is not tolerating whom. We have seen time and again that whenever a Congress member rises to speak, he is interrupted sometimes for some little reason and sometimes for no reason whatsoever. We have also seen that whenever a member of the Opposition speaks, whatever he says, either he speaks sense or nonsense, he is always given a free say; he is always given a patient hearing. So we find that we try our best to establish democracy in the country; at least we give the members of the Opposition patient hearing.

Now, in discussion of this nature we generally make a review of the loss and gains of the year just gone. We find that even though there was great hardship, even though the people of West Bengal experienced hardship for soaring prices and for scarcity of essential commodities, we have our achievements—achievements in the sense that whatever the Government did they did it in the interest of the common people. When they found that the prices of essential commodities are going beyond the reach of the common people, they thought it fit to control the prices, to fix the maximum prices, so that the prices did not go beyond the reach of the common people. They fixed the prices for fish, for rice, for dal, and for so many other essential commodities. At the same time we found that there was no move from the members of the Opposition to help Government in establishing stability of prices. We, members of the Congress, went back to our constituencies and told our people there that control of the price of essential commodities is the best possible measure that the Government can take at the present time. We told them that it is the cultivators who produced rice; we told them that if they are bound to sell their produce just at the time of harvest, and if they are able to procure rice when it is scarce at fixed price, it is beneficial to them and to everyone else. Every group of society would be benefited by the measure which the Government has undertaken. But then we do not know of a single member of the Opposition who tried to persuade the people to appreciate this. Had here been an attempt of this nature by the members of the Opposition, I believe there would have no deviation from the policy; of course, there is no deviation from the policy.

[5-50—5-53 p.m.]

So we told the members of our constituency that if we like this policy, then we must do our part of the duty. If I see that my neighbour has stolen some quantity of paddy, we must inform either the Police or the Block Development Officer or any officer of the Food Department of the Government that such and such persons has stolen this and that. If we do that, then we are helping the Government and if the Government can get information, they will be able to make the policy of price fixation a success. If we, citizens, do our part of the duty, then they will be able to play its real part and then it would become a success.. Whatever we did, we did it alone, and no honourable member of the Opposition did so. If they are really fond of democracy, if they are really interested in establishing democracy in this country, if they really love this country, as they claim, they really would have done this and would have made this policy of the Government a success by which everyone in the country, including themselves, would have been benefited.

With these words, Sir, I again thank Her Excellency the Governor for her gracious address.

Mr. Speaker: Honourable Members, I present the twenty-third Report of the Business Advisory Committee which at its meetings held on the 11th and the 16th February, 1965, in my chamber considered the programme of business of the current session of the Assembly onwards from the 19th February, 1965.

Shri Jagannath Kolay: Sir, I beg to move that the twenty-third Report of the Business Advisory Committee presented this day be agreed to the House.

The motion was then put and agreed to.

Mr. Speaker: Honourable Members, there will be no question hour tomorrow. The ballot of Private Members Resolution will be held tomorrow at 1 p.m.

Adjournment

The House was then adjourned at 5-53 p.m. till 3 p.m. on Wednesday, the 17th February, 1965, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Wednesday, the 17th February, 1965, at 3 p.m.

Present

Mr. Speaker (Shri Keshab Chandra Basu) in the Chair, 12th Ministers, 4 Ministers of State and 193 Members.

UNSTARRED QUESTIONS

(to which Written Answers were laid on the table).

[3—3-10 p.m.]

Haringhata Dairy Farm

92. (Admitted question No. 10) **Shri Kashi Kanta Maitra :**

পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্য সরকারের দুগ্ধ উৎপাদন কেন্দ্র হরিণঘাটায় হরিণঘাটা স্কীম বাবদ এ পর্যন্ত রাজ্য-সরকার মোট কত টাকা নিয়োগ করেছেন;
(খ) এই স্কীমে কার্যকরী করার পর থেকে আদৌ কোন লাভ অর্জন করেছেন কি না;
(গ) ইহা কি সত্য যে হরিণঘাটা স্কীমের দরুণ কল্যাণী শহরাঞ্চলের দুই পার্শ্বে কিছু নূতন বাড়ী খালি অবস্থায় দীর্ঘদিন যাবৎ পড়ে আছে; এবং
(ঘ) সত্য হইলে—
(১) উক্ত গৃহগুলি কোন্ বৎসর তৈরী হয়;
(২) কত টাকা ব্যয় করা হয়; এবং
(৩) এখন খালি অবস্থায় পড়ে থাকার কারণ কি?

The Minister for Animal Husbandry and Veterinary Services :

(ক) ১৯৬৪ সালের মার্চ মাস পর্যন্ত মোট ৫০১.৭০ লক্ষ টাকা নিয়োগ করা হইয়াছে।
(খ) হ্যাঁ।
(গ) হ্যাঁ।
(ঘ) (১) প্রায় ১ বৎসর আগে।
(২) ১৯৬৪ সালের মার্চ মাস পর্যন্ত মোট ৭২.৬৫ লক্ষ টাকা খরচ হইয়াছে।
(৩) কলিকাতার খাটাল মালিকদের খাটাল অপসারণে অনিচ্ছা।

Lower and Upper Division Clerks in West Bengal Government Services

93. (Admitted qeustion No. 12.) **Shri Kashi Kanta Maitra :**

অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি;
(ক) পশ্চিমবাংলায় বিভিন্ন সরকারী দপ্তরে এ পর্যন্ত—
(১) লোয়ার ডিভিসন ও
(২) আপার ডিভিসন কেরাণীর মোট সংখ্যা কত;
(খ) সমস্ত বিভাগ মিলিয়ে মোট কতজন লোয়ার ডিভিসন কেরাণী ২০ বছর বিনা প্রমোশনে একই পদে কাজ করছেন;

The Minister for Finance :

(ক) প্রাপ্ত সংবাদের ভিত্তিতে লোয়ার ডিভিসন ও আপার ডিভিসন কেরাণীর সংখ্য নিম্নরূপ —

(১) লোয়ার ডিভিসন—১৮,৮৩৭
(২) আপার ডিভিসন— ৩,৮০০

মোট— ২২,৬৩৭

(খ) লোয়ার ডিভিসন কেরাণী যাহারা ২০ বছর বিনা প্রমোশনে কাজ করিতেছেন তাঁহাদের সংখ্যা ১,১৩৬ জন।

Enhancement of dearness allowance to the State Government employees

94. (Admitted question No. 15.) **Shri Kashi Kanta Maitra :**

অর্থ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য বৃদ্ধির পরিপ্রেক্ষিতে রাজ্যসরকারের কর্মচারীদের মহার্ঘ-ভাতা বৃদ্ধি করার সিদ্ধান্ত রাজ্যসরকার নিয়েছেন কি না ; এবং

(খ) যদি না নিয়া থাকেন তাহা হইলে মহার্ঘ্য ভাতা বৃদ্ধির কথা চিন্তা করিতেছেন কিনা ?

The Minister for Finance :

(ক) এখনও চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত হয় নাই।
(খ) হ্যাঁ, বিষয়টি সরকার বিবেচনা করিতেছেন।

Superannuated Government officers

95. (Admitted question No. 106.) **Shri Kashi Kanta Maitra :** Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) the name of officers in the employ of the State Government who have crossed the superannuation age (figures to be given up to 1964);

(b) when did they cross their respective superannuation age limit and the ground on which extensions are sought to be justified ;

(c) how many junior officers have been affected for such extension to superannuated persons ; and

(d) whether the State Government has received any representation from such junior officers who suffered as a result of such extension.

The Minister for Finance : (a) 151 superannuated officers are in the employ of the State Govenment. There names are shown in column (2) of the annexed statement.

(b) The date of superannuation of each officer has been shown in column (3). They have been retained in the interest of public service.

(c) Only five junior officers have been affected as shown in column (5) of the statement below.

(d) Only one representation from such junior officers has been received.

Statement referred to in reply to unstarred question No. 95

Statement showing the names of officers in the employ of the State Government who have crossed the superannuation age

Department.	Name of officer.	Date of superannuation.	Ground for extension.	Junior officer affected or not.	Whether representation received from junior officers.
(1)	(2)	(3)	(4)	(5)	(6)
1. Co-operation	Shri P. C. Bhattacharyya, S. O. and Ex-officio Assistant Secretary.	15-2-59	In the interest of public service.	None	None.
	Shri P. C. Majumdar, Joint Registrar of Co-operative Societies.	3-11-57	Ditto	None.	None.
2. Prisons Directorate	Dr. A. B. Rudra, I.A.S., I.G., Prisons, West Bengal.	8-1-61	Ditto.	None	None.
3. Home (Civil Defence) Department.	Shri D. M. Gupta, I.A.S. (Retd.), Addl. Director of C. D.	3-12-54	Ditto	None	None.
	Major-General A.K. Gupta, I.M.S. Controller of C. D.	29-10-58	Ditto	None	None.
4. L. S. G. Department	Shri B. P. Basu, Dy. Secy.	30-6-62	Ditto.	None	None.
	Shri K. P. Das Sarkar (I.L.B., Presidency Division).	August, 1961	Ditto.	None	None.
	Shri K. P. Barua (I.L.B., Burdwan Division).	February, 1961	Ditto	None	None.
	Shri D. N. Chakravarti (S. O., Legislation).	1-11-56	Ditto.	None	None.

Department. (1)	Name of officer. (2)	Date of superannuation. (3)	Ground for extension. (4)	Junior officer affected or not. (5)	Whether representation received from junior officers. (6)
Education Department	Shri P. N. Sengupta, Dy. Secy.	1-2-60	In the interest of public service.	None	None.
	Shri Santosh Kr. Roy, Professor of Geology.	31-1-63	Ditto	None	None.
	Shri Benoy Krishna Neogy, Chief Inspector.	16-1-63	Ditto	None	None.
	Dr. B. C. Guha, Asstt. Prof. of Physics.	21-2-62	Ditto	None	None.
	Shri Bimal Kumar Chatterjee, Asstt. Prof. of Biology.	29-10-62	Ditto	None	None.
	Shri Santosh Kr. Chakraborty, Asstt. Prof. of Economics.	31-12-62	Ditto	None	None.
	Shri Sachindra Nath Chakraborty, Hd. Master, Birbhum Zilla School.	1-2-62	Ditto	None	None.
	Shri Nalini Ranjan Sen Gupta, Hd. Master, Purulia Zilla School.	1-11-61	Ditto	None	None.
	Shri Jagatbandhu Mitra, Hd. Master, Sans. Collegiate School.	8-4-62	Ditto	None	None.
	Sm. Gladys Mazumdar, Dist. Inspectress of Schools.	22-1-62	Ditto	None	None.
Home (Pub.) Department.	Shri Pankaj Kumar Mullick, Adviser, Folk Entertainment Section.	10-5-63	Ditto	None	None.

7. Commr., Agrl. Income Tax.	Shri S. B. De, A.I.T.O., Gr. I ..	2-3-60	.. Ditto	.. None	.. None.
	Shri H. K. Banerjee, A.I.T.O., Gr. I.	30-6-60	.. Ditto	.. None	.. None.
8. Housing Department	Shri Madhusudan Ganguly, Assistant Engineer.	31-12-62	.. Ditto	.. 1 ..	.. None.
9. C. and S. S. I. ..	Shri B. M. Ghose, S. O., Commercial.	2-3-58	.. Ditto.	None	.. None.
10. Labour Department	Shri Gour Binode Laha, B.L., Registrar.	1-11-62	.. Ditto	.. None	.. None.
	Dr. R. N. Guha Mazumdar, M.B., F.R.C.S., (S.O. E.S.I.S.).	16-9-62	.. Ditto	.. None	.. None.
	Dr. S. Goswami, Supdt., E. S. I. Hospital, Kamarhati.	31-10-59	.. Ditto	.. None	.. None.
	Shri Renupada Mukherjee, Presiding Officer, First Industrial Tribunal.	1-12-60	.. Ditto	.. None	.. None.
	Shri S. K. Roy, Presiding Officer, 7th Industrial Tribunal.	1-2-60	.. Ditto	.. None	.. None.
	Shri Asutosh Mazumdar, P.A. to Commissioner, W. C., West Bengal.	30-11-62	.. Ditto	.. None	.. None.
	Dr. Sudhangshu Kr. Sen, M.B., Medical Inspector.	25-2-61	.. Ditto	.. None	.. None.
11. Military Secy. to the Governor.	Shri S. M. Sen, I.A.S. (Retd.) ..	31-1-62	.. Ditto.	.. None	.. None.
12. Fisheries Department	Shri S. Mukherjee, O.S.D. and A.S. (Ex-officio).	10-10-61	.. Ditto	.. None	.. None.
	Shri Kalipada Ghosh, D. F. O...	30 9-61	.. Ditto	.. None	.. None.
13 Excise Department ..	Shri J. Roy, Supdt. of Excise ..	1-10-61	.. Ditto	.. None	.. None.
	Shri J. N. Pal. Supdt. of Excise ..	1-1-62	.. Ditto	.. None	.. None.

Department.	Name of officer.	Date of superannuation.	Ground for extension.	Junior officer affected or not.	Whether representation received from junior officers.
(1)	(2)	(3)	(4)	(5)	(6)
14. Salt Lake Reclamation and Dev. Board.	Shri A. D. Khan, Chairman and Administrator.	..	In the interest of public service.	None	None.
	Shri P. C. Banerjee, Assistant Secretary.	..	Ditto	None	None.
	Shri S. N. Sen, Asstt. Engineer	..	Ditto	None	None.
	Shri U. M. Bakshi, Asstt. Engineer	..	Ditto	None	None.
	Shri M. S. Chakraborty, Asstt. Engineer.	..	Ditto	None	None.
15. Agri. and C. D.	Shri S. N. Chakraborty, Administrator, Rural Reconstruction.	1-2-62	Ditto	None	None.
16. Food and Supplies	Shri S. K. Sanyal, I.A.S. (Retd.)	20-6-57	Ditto	None	None.
	Shri P. Nag, I.A.S. (Retd.)	7-8-58	Ditto	None	None.
	Shri A. K. Dutta, Director of Trans.	1-10-62	Ditto	None	None.
	Shri B. K. Dutta, Asstt. Accounts Officer.	16-10-61	Ditto	None	None.
	Shri Suresh Chandra Sen, Asstt. Controller of Finance.	16-6-59	Ditto	None	None.
	Shri L. C. Guha Roy, Asstt. Director of Storage.	1-3-62	Ditto	None	None.
	Shri Brahmananda Chatterjee, Asstt. Director of Consumer Goods.	1-11-62	Ditto	None	None.
	Shri Anil Ranjan Basak, Special Officer, Permit.	24-1-63	Ditto	None	None.

17.	Health	Dr. N. C. Chatterjee, Director, Health Services.	15-3-57	Ditto	None	None.
		Dr. Pashupati Bose. Prof. of Anatomy.	30-11-62	Ditto	None	None.
		Dr. Pulin Behari Bose, Deputy Director. H. S.	16-12-62	Ditto	None	None.
		Dr. S. K. Roy, Prof. of Forensic and State Medicine.	1-1-61	Ditto	None	None.
		Dr. M. Pan, Principal, N. S. M. College.	1-1-62	Ditto	None	None.
		Dr. M. Catchatoor, Medical Superintendent, Dufferin Hospital.	3-9-60	Ditto	None	None.
		Dr. S. N. Banerjee, Zonal Officer	3-11-60	Ditto	None	None.
		Dr. Balaram Mukherjee. Supdt., Kancharapara T. B. Hospital.	30-11-61	Ditto	None	None.
		Dr. (Miss) Ena Mitra. Physician, Infectious Ward.	11-12-61	Ditto	None	None.
		Dr. Sudhansu Kumar Sen. Medical Instructor, E. S. I. S.	25-2-61	Ditto	None	None.
		Dr. Anil Chandra Ghosh, Asstt. Pathologist.	1-2-62	Ditto	None	None.
		Dr. Haren Chandra Barman, House Surgeon.	1-2-62	Ditto	None	None.
		Dr. Sailesh Chandra Sen. House Surgeon. Kancharapara T. B. Hospital.	1-3-62	Ditto	None	None.
		Dr. Bholanath Dutta, Supdt., West Bengal Vaccine Institute.	29-9-61	Ditto	None	None.
		Dr. Pabitra Kumar Sen Gupat. Demonstrator of Pharmacology	1-22-62	Ditto	None	None.

Department.	Name of officer.	Date of superannuation.	Ground for extension.	Junior officer affected or not.	Whether representation received from junior officers.
(1)	(2)		(4)	(5)	(6)
17. Health	Dr. Ajit Kumar Chakraborty, Radiologist.	6-10-61	In the interest of public service.	None	None.
	Dr. Phani Bhusan Chatterjee, Junior Demonstrator, N. S. Medical College.	15-7-62	Ditto	None	None.
	Dr. Jatindra Nath Basu, Radiologist.	16-9-61	Ditto	None	None.
	Dr. Atul Chandra Chakraborty, Sr. Medical Officer.	16-3-62	Ditto	None	None.
	Dr. Pulin Behari Roy, Senior Demonstrator.	16-2-62	Ditto	None	None.
	Dr. Amalendu Chakraborty, Dist. Health Officer.	1-2-62	Ditto	None	None.
	Dr. Abinash Chandra Nag, Medical Officer.	8-9-61	Ditto	None	None.
	Dr. Bhuban Mohan Sen Gupta, Registrar, Deptt. of Radiology.	1-1-63	Ditto	None	None.
	Dr. Jaladhar Sen Gupta, Radiologist.	28-9-62	Ditto	None	None.
	Dr. Sailendra Prasad Mitra, Medical Officer.	1-8-59	Ditto	None	None.
	Dr. J. Sen Gupta, Inspector of Stores.	16-1-62	Ditto	None	None.
	Shri P. Bhattacharyya, Accounts Officer.	1-2-64	Ditto	None.	None
	Shri P. N. Goswamee, Accounts Officer.	1-3-64	Ditto	None	None.

18.	Home Transport ..	Shri A. K. Mitra, Maintenance Superintendent.	26-12-62 ..	Ditto ..	None ..	None.
		Shri B. N. Lahiri, Asstt. Director	10-9-63	Ditto ..	None ..	None.
19.	C. and I., Power Br.	Shri A. K. Bhaumick, Chief Electrical Engineer.	1-2-62 ..	Ditto	None ..	None.
		Shri C. K. Roy, I.A.S. (Retd.), Administrator, Oriental Gas Co.	1-12-60 ..	Ditto ..	None ..	None.
20.	L. and L. R. ..	Shri P. M. Dutta, I.A.S. (Retd.) Certificate Officer and Addl. District Magistrate, 24-Parganas.	February, 1959 ..	Ditto	None ..	None.
		Shri N. M. Majumdar, I.A.S. (Retd.), 2nd Certificate Officer and Addl. D. M., 24-Parganas.	February, 1960 ..	Ditto ..	None ..	None.
		Shri C. S. Mitra, I.A.S. (Retd.), A. D. M., D. V. Project.	25-12-59 ..	Ditto ..	None ..	None.
		Shri K. D. Ganguly, W. B. C. S. (Retd.), Special Officer and Dy. Secy., Land and Land Revenue Department.	1-8-56 ..	Ditto ..	None ..	None.
		Shri Bhupendra Nath Sen, W.B.C.S. (Retd.), Addl. Certificate Officer, 24-Parganas.	1-1-60	Ditto ..	None ..	None.
		Shri S. C. Chatterjee, W. B. C. S. (Retd.), Dy. Director of Compensation.	23-12-59 ..	Ditto ..	None ..	None.
		Shri B. L. Sen, Addl. L. A. O. ..	1-11-59 ..	Ditto ..	None ..	None.
		Shri R. M. Samanta, Spl. L. A. O., D. V. Project.	16-1-61 ..	Ditto ..	None ..	None.
		Shri S. P. Sen, Addl. L. A. O. ..	16.12-60 ..	Ditto	None ..	None.

Department.	Name of officer.	Date of superannuation.	Ground for extension.	Junior officer affected or not.	Whether representation received from junior officers.
(1)	(2)	(3)	(4)	(5)	(6)
20. L. & L. R.	Shri M. M. Dasgupta, Addl.L.A.O.	1-3-62	In the interest of Public Service.	None	None.
	Shri S. C. Sengupta, Addl. L.A.O.	14-12-61	Ditto	None	None.
	Shri S. K. Bhattacharyya, Addl. L. A. O., Haldia Project.	1-10-62	Ditto	None	None.
	Shri N. N. Ghosh, D. C. O., Howrah.	1-2-60	Ditto	None	None.
	ıri R. K. G. Mukherjee, D.C.O., 24-Parganas.	1-10-60	Ditto	None	None.
21. Registration	Shri Ramaprosad Mukherjee, Sub-Registrar.	1-11-59	Ditto	None	None.
	Shri Jnanendra Mohan Banerjee, Sub-Registrar.	1-11-59	Ditto	None	None.
	Shri Prafulla Prakas Nanday, Sub-Registrar.	1-12-59	Ditto	None	None.
	Shri Chandi Charan Basu, Sub-Registrar.	30-5-60	Ditto	None	None.
	Shri Sukumar Chakraborty, Sub-Registrar.	30-7-60	Ditto	None	None.
	Shri Satyendra Nath Roy, Sub-Registrar.	16-9-60	Ditto	None	None.
	Shri Pran Nath Sarkar, Sub-Registrar.	1-6-61	Ditto	None	None.
	Shri Gouri Sankar Mukherjee, Sub-Registrar.	1-9-61	Ditto	None	None.

		Shri Sudhir Kumar, Basu, Sub-Registrar.	1-1-62	Ditto	None	None.
		Shri Bhupendra Narayan Rakshit, Sub-Registrar.	20-2-62	Ditto	None	None.
		Shri Suhada Charan Chatterjee, Sub-Registrar.	1-3-62	Ditto	None	None.
		Shri Manindra Nath Maitra, I.R.O.	28-11-62	Ditto	None	None.
22.	R. R. and R.	Shri S. N. Banerjee, I. A. S., R. R. Commissioner and Secretary.	20-10-60	Ditto	None	None.
		Shri J. K. Sanyal, Deputy Secretary.	17-3-63	Ditto	None	None.
		Shri S. C. Pal, Asstt. Secretary	1-3-62	Ditto	None	None.
		Shri B. R. Biswas, Dev. Officer	3-9-60	Ditto	None	None.
		Shri B. Bose, Accounts Officer	1-3-60	Ditto	None	None.
		Shri Sushil Kumar Ganguli, Addl. Rehabilitation Officer.	24-5-60	Ditto	None	None.
		Shri Benode Behari Chakraborty, Addl. Rehabilitation Officer.	26-2-62	Ditto	None	None.
		Shri Sudhindra Nath Das Gupta, Addl. Rehabilitation Officer.	31-10-62	Ditto	None	None.
		Shri Bhupal Narayan Coudhury, Addl. Rehabilitation Officer.	31-1-62	Ditto	None	None.
		Sm. Labanya Prava Sen, Asstt. Rehabilitation Officer.	15-3-62	Ditto	None	None.
23.	Public Health Engineering.	Shri Sitangsu Sekhar Mazumder. Dy. Chief Engineer.	1-1-63	Ditto	None	None.
24.	A. H. and V. S.	Shri B. N. Sen, Jt. Director	21-2-62	Ditto	None	None.
25.	Chief Engineer, I.W.	Shri Kanak Bhusan Banerjee. Executive Engineer.	1-10-61	Ditto	1	None.

Department.	Name of officer.	Date of superannuation.	Ground for extension.	Junior officer affected or not.	Whether representation received from junior officers.
(1)	(2)	(3)	(4)	(5)	(6)
26. Forest ..	Shri M. M. Sarkar, W. B. F. S. S.	1-3-62 ..	In the interest of Public service. ..	None ..	None.
	Shri B. C. Roy, W.B.S.F.S. ..	16-12-61 ..	Ditto ..	None ..	None.
	Shri B. B. Maulick, W.B.S.F.S.	1-1-63 ..	Ditto ..	None. ..	None.
	Shri S. N. Das Gupta, W.B.S.F.S.	1-8-62 ..	Ditto ..	None ..	None.
	Shri S. M. Biswanghri, W.B.S.F.S.	1-1-62 ..	Ditto ..	None ..	None.
27. Board of Revenue ..	Shri S. C. Chatterjee, Dy. Director, Compensation.	23-12-59 ..	Ditto ..	None ..	None.
	Shri H. Adhikary, Advisor ..	15-1-64 ..	Ditto ..	None ..	None.
	Shri N. C. Sen, S.R.O.I. ..	31-1-60 ..	Ditto ..	None ..	None.
	Shri A. K. Guha, D.C.O. ..	1-9-62 ..	Ditto ..	None ..	None.
	Shri R.K.G. Mukherjee, D.C.O.	1-10-60 ..	Ditto ..	None ..	None.
	Shri N. N. Ghosh, D.C.O. ..	1-2-60 ..	Ditto ..	None ..	None.
	Shri G. C. Chaterjee, D.C.O. ..	25-2-62 ..	Ditto ..	None ..	None.
	Shri M. L. Bhattacharyya, D.C.O.	1-2-62 ..	Ditto ..	None ..	None.
28. Home (Police) ..	Dr. N. K. Sen, Director, Forensic Science Laboratory.	31-5-62 ..	Ditto ..	None ..	None.
	Shri Nagendra Nath Das, Senior Physicist.	1-11-58 ..	Ditto ..	None ..	None.

29.	Dev. and Planning (T. and C. P.)	Shri P. C. Bose, Ex-Director, Chief Engineer, C.M.P.O.	2-1-55	Ditto	None	None.
		Lt.-Genl. D. N. Chakraborty, Director General, C.M.P.O.	17-10-55	Ditto	None	None.
		Shri K. P. Mukherjee, Sr. Law Officer.	1-1-58	Ditto	None	None.
		Shri N. C. Kar, Deputy Secretary	16-1-57	Ditto	None	None.
30.	Finance Department	Shri P. K. Bose, Ex-officio Secretary.	19- -61	Ditto	None	None.
		Shri S. Gupta, Ex-officio Secretary.	24-12-59	Ditto	None	None.
31.	P. W. (Roads)	Shri S. N. Gupta, C. E., Special Roads.	31-12-61	Ditto	3	1
		Shri H. S. Mukherjee, Special Officer (L. A.).	1-12-56	Ditto	None	None.
32.	Administrator General and Official Trustee.	Shri Santimoy Banerjee, Accounts Officer.	26-2-60	Ditto	None	None.
		Shri Himansu Kr. Roy, Law Officer.	1-10-62	Ditto	None	None.
33	Panchayats	Shri N. M. Bardhan, Special Officer and Jt. Secy.	1-2-57	Ditto	None	None.
		Shri R. N. Bhattacharyya, Deputy Secretary.	2-2-60	Ditto	None	None.
		Shri S. K. Ganguli, District Panchayat Officer, 24-Parganas.	17-1-61	Ditto	None	None.
		Shri N. C. Chatterjee, Dist. Panchayat Officer, Howrah.	3-2-61	Ditto	None	None.

Break down State buses

96. (Admitted question No. 110.) **Shri Kashi Kanta Maitra :**
স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ৬ মাসের প্রতিদিন রাজ্য পরিবহণ সংস্থার (সি এস টি সি) কয়টি বাস গড়ে ব্রেকডাউন অবস্থায় থাকে ; এবং

(খ) ১৯৬২-৬৩ সালে এই ধরণের ব্রেক-ডাউন অবস্থায় দৈনিক কয়টি বাস অচল হত ?

The Minister for Home (Transport) :

(ক) গত ৬ মাসের প্রতিদিন গড়ে ১৭.৭০টি বাস ব্রেকডাউন অবস্থায় ছিল।
(খ) ১৯৬২-৬৩ সালে দৈনিক গড়ে ১১.৫৭টি বাস ব্রেক-ডাউন অবস্থায় অচল ছিল।

Superannuated officers in Calcutta State Transport Corporation

97. (Admitted question No. 111.) **Shri Kashi Kanta Maitra** : Will the Minister-in-charge of the Home (Transport) Department be pelased to state —

(a) whether there are any superannuated officers in the employ of the Calcutta State Transport Corporation ; and

(b) if so—

(i) the number of those officers,

(ii) the time when they crossed their age of superannuation,

(iii) the reason for granting them extensions even after crossing the superannuation age ; and

(iv) on whose recommendations ?

The Minister for Home (Transport) : (a) Yes.

(b) (i) 12.

(ii) Name of the officer and the time when he crosed his age of supernnuation.

1. Shri A. K. Dutta, Chief Mechanical Engineer—1st October, 1962.
2. Shri S. K. Das Gupta, Special Officer (Administration)—2nd March, 1957.
3. Shri M. N. De, Special Officer, (Descipline)—7th July, 1955.
4. Shri R. B. Saha, Discipline Officer—1st February, 1961.
5. Shri U. C. Sinha, Discipline Officer—February, 1957.
6. Shri L. N. Roy, Discipline Officer—1st March, 1960.
7. Shri A. C. Mazumdar, Discipline Officer—October, 1959.
8. Shri M.K. Roy, Inspections Claims Officer—1st August, 1961.

9. Shri K. C. Bhattacharjee, Officer on Special Duty—1st September, 1960.
10. Shri B. M. Chakravorty, Internal Auditor-I—1st July, 1963.
11. Shri B. K. Roy, Accident Officer—1st July, 1960.
12. Shri Prabir Kr. Sen, Foreman, Grade I—16th November, 1962.

(iii) For administrative convenience.

(iv) Each officer has been re-employed own his on merit with the approval of the Calcutta State Transport Corporation.

Flats near Burnpur under Industrial Housing Scheme

98. (Admitted queston No. 161.). **Shri Subodh Choudhuri :**

গৃহনির্মাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইণ্ডাস্ট্রিয়াল হাউসিং স্কীম অনুযায়ী পশ্চিম বাংলা সরকার বার্নপুরের নিকট (বিধান কলেজের পার্শ্ববর্তী এলাকায়) কত কোয়ার্টারস নির্মাণ করিয়াছেন ;

(খ) উক্ত কোয়ার্টার্সগুলি নির্মাণের কাজ কতদিন শেষ হইয়াছে ;

(গ) কোথাকার শ্রমিকদের এই কোয়ার্টার্স দেওয়া হইবে ;

(ঘ) এই সব কোয়ার্টার্স বণ্টনের জন্য কোন কমিটি আছে কি ;

(ঙ) ইণ্ডিয়ান আয়রণ ও ইণ্ডিয়ান স্ট্যাণ্ডার্ড ওয়াগন শ্রমিকদের মধ্যে আজ পর্যন্ত কোয়ার্টার্স বণ্টন করা হইয়াছে কিনা ; এবং;

(চ) যদি (ঘ)-এর উত্তর "না" হয় তার কারণ কি ?

The Minister for Housing :

(ক) ও (খ) ভাগিয়া কানালীতে ২০৮টি কোয়ার্টার্স নির্মাণ করা হইতেছে। ঐগুলি সম্পূর্ণ রূপে শেষ হয় নাই।

(গ) ইণ্ডিয়ান স্ট্যাণ্ডার্ড ওয়াগন, হিন্দুস্থান পিলকিনটন গ্লাস ওয়ার্কস, ইণ্ডিয়ান আয়রণ ষ্টীল কোম্পানী, ইণ্ডিয়ান অক্সিজেন, প্রভৃতি পার্শ্ববর্তী এলাকাস্থিত কোম্পানীসমূহের নির্দিষ্ট শ্রমিকদিগকে উহা দেওয়া হইবে।

(ঘ) হ্যাঁ, বণ্টন ব্যাপারে সুপারিশ করিবার জন্য একটি আঞ্চলিক বণ্টন সমিতি আছে। শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ঙ) যথাসময়ে হইতে পারে।

(চ) প্রশ্নটি ওঠে না।

Dhakeswari Cotton Mills at Suryanagar

99. (Admitted question No. 162). **Shri Subodh Choudhury :**

শ্রম বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সূর্যনগরের ঢাকেশ্বরী কটন মিল কতদিন হইতে লক আউট করিয়া রাখা হইয়াছে ;

(খ) ইহা কি সত্য যে এই লক আউট তুলিয়া লইবার জন্য পশ্চিম বাংলা সরকার ইণ্ডিয়াণ ফাইনানসিয়াল ডেভেলপমেণ্ট কর্পোরেশনকে এই মিল চালু করার জন্য কোন ঋণ দেওয়ার জন্য কোন সুপারিশ করিয়াছেন ;

(গ) সত্য হইলে কত টাকা এবং কত দিন পূর্বে ;

(ঘ) কোম্পানী কি উক্ত অর্থ লইয়া কারখানা চালু করিয়াছে ;

(ঙ) চালু না করিলে (১) কারণ কি এবং (২) ওখানে নিযুক্ত শ্রমিকদের বর্তমান অব[illegible] কি ;

(চ) উক্ত শ্রমিকদের বেতন বাবদ কোন টাকা পাওনা আছে কি ; এবং

(ছ) যদি (চ) প্রশ্নের উত্তর "হঁ্যা" হয় তাহা হইলে উক্ত টাকা আদায় করিয়া দিবার জন্য পশ্চিম বাংলা সরকার কোন ব্যবস্থা করিয়াছেন কিনা এবং করিলে কি কি ব্যবস্থা ?

The Minister for Labour :

(ক) ১৭-১০-৬৩ তারিখ হইতে মিলে লক্ আউট করা হইয়াছে।

(খ) ও (গ) না। তবে গত ১৯৬২ সালের জুলাই মাসে কোম্পানী ন্যাশনাল ইণ্ডাস্ট্রিয়াল ডেভেলপমেণ্ট কর্পোরেশনের নিকট মিলের আধুনিকীকরণ ও পুনর্বাসনের উদ্দেশ্যে ঋণের জন্য আবেদন করিয়াছিলেন এবং সরকার ৫০ লক্ষ টাকা ঋণের জন্য সুপারিশ করিয়াছিলেন।

(ঘ) লক্ আউট এখনও প্রত্যাহৃত হয় নাই।

(ঙ) (১) মিলের শ্রমিকেরা শান্তি-শৃঙখলা রক্ষা করে না—এই অজুহাতে মিলে লক্ আউট রাখা হইয়াছে—লক্ আউটের প্রশ্নটি ট্রাইবুনালে বিচারাধীন।

(২) শ্রমিকেরা উপস্থিত বেকার তবে কিছু সংখ্যক শ্রমিক এখনও কোম্পানীর লেবারস কায়াটার্স-এ বাস করিতেছে।

(চ) হঁ্যা, কিছু শ্রমিকের ১৯৬৩ সালের আগস্ট মাসের ও কিছু শ্রমিকের ১৯৬৩ সালের সেপ্টেম্বর হইতে ১৬ই অক্টোবর ১৯৬৩ পর্যন্ত বেতন বাকী আছে।

(ছ) ১০৩ জনের ১৯৬৩ সালের আগস্ট মাসের বেতন আদায় করিয়া দিবার জন্য পেমেণ্ট অব ওয়েজেস অ্যাক্ট অনুযায়ী কোম্পানীর বিরুদ্ধে মামলা দায়ের করা হয়। শুনানীর সময় দেখা যায় যে মোট ১১ জনের বেতন বাকী আছে। ঐ ১১ জনের বেতনের টাকা ও ক্ষতিপূরণের টাকা জমা দিবার জন্য কোর্ট আদেশ দান করেন। পরে ৪২ জন শ্রমিকের ১৯৬৩ সালের সেপ্টেম্বর ও অক্টোবর মাসের (১৬-১০-৬৩ পর্যন্ত) বেতন আদায় করিয়া দিবার জন্য আর একটি মামলা দায়ের করা হইয়াছে। ঐ মামলা এখনও বিচারাধীন।

Ferries within Jhargram subdivision

100. (Admitted question No. 215.). **Shri Surendra Nath Mahato :**

ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমার কোন্ কোন্ ফেরী সরকারের তত্ত্বাবধানে আছে ;

(খ) উক্ত ফেরীগুলি কোন্‌টি কোন্ সময়ে কি পদ্ধতিতে বন্দোবস্ত দেওয়া হইয়াছে; এবং

(গ) ১৯৬৪ সালে এই মহকুমার কোন্ ফেরী কত টাকা বন্দোবস্ত দেওয়া হইয়াছে এবং তন্মধ্যে কত টাকা আদায় হইয়াছে ?

The Minister for Land and Land Revenue :

(ক) এতৎসম্পর্কে একটি তালিকা টেবিলে ন্যস্ত করা হইল।

(খ) তালিকায় উল্লিখিত ফেরীগুলি বাংলা বৎসর আরম্ভ হইবার তিন মাস পূর্বে প্রকাশ্যে নিলাম ডাকের দ্বারা এক বৎসরের মেয়াদে ইজারা বন্দোবস্ত দেওয়া হইয়াছে।

(গ) ১৩৭১ সালে প্রতি ফেরী হইতে আদায়ী টাকার পরিমাণ এবং বন্দোবস্তী টাকার পরিমাণ দর্শাইয়া একটি তালিকা টেবিলে ন্যাস্ত করা হইল।

tatement referred to in reply to clauses (Ka) and (Ga) of unstarred question No. 100

	বন্দোবস্ত টাকার পরিমাণ	আদায়ীকৃত টাকার পরিমাণ
	টাকা	টাকা
১। গহাণ্ডিয়া ফেরী	৮.০০	৮.০০
২। ভামাল ফেরী	৫.০০	৫.০০
৩। কববনিয়া ফেরী	৬.২৫	৬.২৫
৪। চিচকো ফেরী	৫.০০	৫.০০
৫। চাঁপাশ্বর ফেরী	১২.০০	১২.০০
৬। গৌরিয়া খাল ফেরী	৪.০০	৪.০০
৭। সিজুয়া ফেরী	৮.০০	৮.০০
৮। ভলমপর ফেরী	৫.০০	৫.০০
৯। সামসুন্দর ফেরী	৭.০০	৭.০০
১০। কুঠিছারী ফেরী	১০৫.০০	১০৫.০০
১১। নলডাঙ্গার ফেরী	৫.০০	৫.০০
১২। তেঁতুলিয়া ফেরী	১০.০০	১০.০০
১৩। আলনপুর ফেরী	৮.০০	৮.০০
১৪। হরেকৃষ্ণপুর ফেরী	১৭৫.০০	১৭৫.০০
১৫। বাঁশীখাল ফেরী	৪৪.০০	৪৪.০০
১৬। আবাশিপুরা ফেরী	১.২৫	১.২৫
১৭। বোহিনী ফরী	৪৬০.০০	১১৫.০০
১৮। চাবুকিয়া ফেরী	১৭.০০	১৭.০০
১৯। বগড়া কোঠুয়াপাল ফেরী	১২.০০	১২.০০
২০। হাতী বাড়ী ফেরী	৫.০০	৫.০০
২১। বেলিয়া বেড়া ফেরী	১৫০.০০	১৫০.০০
২২। হরিপাল কুকদা ফেরী	২৫.০০	২৫.০০
২৩। বনপুরাতান কাঠমুণ্ডি ফেরী	৫০.০০	৫০.০০
২৪। কালিপাল সুবীমান ফেরী	১৫.০০	১৫.০০
২৫। রামচন্দ্রপুর বাইনাল ফেরী	২০.০০	২০.০০

		বন্দোবস্ত টাকার পরিমাণ	আদায়ীকৃত টাকার পরিমাণ
		টাকা	টাকা
২৬।	কালবই ফেরী	১০১.০০	১০১.০০
২৭।	সিমলিয়া ফেরী	৪৪.০০	৪৪.০০
২৮।	পাতিলা ফেরী	২৫.০০	২৫.০০
২৯।	দেউলবার ফেরী	১৮.০০	১৮.০০
৩০।	তালডাঙ্গার ফেরী	৪৫.০০	৪৫.০০
৩১।	ডাহি ফেরী	১৫১.০০	১৫১.০০
৩২।	মলম ফেরী	১৭.০০	১৭.০০
৩৩।	কমলাপুর ফেরী	১৪.০০	১৪.০০
৩৪।	সিমুলডাঙ্গা ফেরী	৫.০০	৫.০০
৩৫।	নৈহাট ফেরী	২০.০০	২০.০০
৩৬।	যাদবপুর ফেরী	২০.০০	২০.০০
৩৭।	বালিয়া ফেরী	..	..
৩৮।	গৌড়িয়া খাল ফেরী (কাপালিয়া)	..	..
৩৯।	সিজুরা	২০০.০০	১০০.০০
৪০।	বলরামপুর	২৯.০০	২৯.০০
৪১।	মির্জাপুর	৩০.০০	৩০.০০
৪২।	ডাইটিবাড়ী	১৭.০০	১৭.০০
৪৩।	লালগড়	৩২.০০	৩২.০০
৪৪।	বসন্তপুর	৭৬.০০	৭৬.০০
৪৫।	বৈতা	৩২.০০	৩২.০০
৪৬।	নৈতাই	৮৮.০০	৮৮.০০

Mustard oil in Tamluk subdivision

101. (Admitted question No. 284.) **Shri Ananga Mohan Das :**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তমলুক মহকুমার কোন্ কোন্ অঞ্চলে কি পরিমাণ সরিষার তৈল সরকার গত ১৯৬৪ সনে জনগণের জন্য সরবরাহ করিয়াছিলেন ; এবং

(খ) প্রতিজনকে মাথাপিছু প্রতি মাসের জন্য কি হারে উহা দেওয়া হইয়াছিল ?

The Minister for Food and Supplies :

(ক) ১৯৬৪ সালে পশ্চিমবঙ্গ সরকারের নিজের অ্যাকাউন্ট-এ কোন সরিষার তৈলের স্টক ছিল না। অতএব সরকার নিজে কোন সরিষার তৈল সরবরাহ করেন নাই।

(খ) এ প্রশ্ন ওঠে না।

Employment of the prisoners as methors

102. (Admitted question No. 336.) **Shri Mrigendra Bhattacharya :**

স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে সাজাপ্রাপ্ত কয়েদীদের দ্বারা মেথরের কাজ (জেলের মলমূত্র পরিস্কার) করান হয় ;

(খ) সত্য হইলে জেলে মলমূত্র সাফাই-এর কাজে নিযুক্ত কয়েদীদের কি কি বিশেষ সুবিধা দেওয়া হয় ;

(গ) জেলে স্যানিটারী পায়খানা নির্মাণের পরিকল্পনা ক্রমশ প্রবর্তনের বিষয় সরকার চিন্তা করিতেছেন কি ; এবং

(ঘ) পরিকল্পনা থাকিলে কতদিনে উক্ত কার্য কার্যকরী হওয়ার আশা করা যায় ?

The Minister for Homs (Jails) :

(ক) হাঁ (যাহারা এই কায করিতে ইচ্ছা প্রকাশ করেন তাঁহাদের সাহায্যে)।

(খ) জেলে মলমূত্র সাফাই কাজে নিযুক্ত কয়েদীদের নিম্নলিখিত বিশেষ সুবিধাগুলি দেওয়া হয়—

(১) মাছ অথবা মাংস ২৩৩ গ্রাম প্রতি সপ্তাহে প্রতি জনে।

(২) গুড় ৫৮ গ্রাম প্রতি জনে প্রতি দিনে।

(৩) সরিষার তৈল ১৪·৫ গ্রাম প্রতি জনে প্রতি দিনে।

(৪) চা প্রতি জনে প্রতি দিনে ২ পেয়ালা যাহার মূল্য ১২ পয়সার অধিক নহে।

(৫) বিড়ি এবং খাওয়ার মসলা প্রতি জনে প্রতি দিনে ৫ পয়সার।

(গ) কতকগুলি জেলে ইতিমধ্যেই খাটা পায়খানা স্যানিটারী পায়খানায় রূপান্তরিত করা হইয়াছে। ইহা ছাড়া যেসমস্ত জেলে নূতন পায়খানা নির্মিত হইতেছে সেগুলি সমস্তই স্যানিটারী পায়খানা।

(ঘ) যতশীঘ্র সম্ভব সব জেলে স্যানিটারী পায়খানা করা হইবে। সঠিক সময় দেওয়া যায় না।

Rural water supply

103. (Admitted question No. 435.) **Shri Sailendra Nath Adhikari :**
স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পাবলিক হেলথ, রুরাল ওয়াটার সাপ্লাই বিভাগে কর্মচারীর সংখ্যা কত ;

(খ) এ বিভাগে কয়জন চিফ ইঞ্জিনীয়ার, সুপারিণ্টেণ্ডিং ইঞ্জিনীয়ার, অ্যাসিস্ট্যাণ্ট ইঞ্জিনীয়ার ও ওভারসিয়ার প্রভৃতি আছেন ; এবং

(গ) বিভাগের স্টোর্স-এর জন্য কি কোনও ইঞ্জিনীয়ার আছেন এবং তাহার ডেসিগনেশান কি ?

The Minister for Health :

(ক) ১,২৩৪ জন।

(খ) রুরাল ওয়াটার সাপ্লাই বিভাগে ২টি ডিভিশন-এ দুজন এক্সিকিউটিভ ইঞ্জিনীয়ার, ১৭ জন অ্যাসিস্ট্যাণ্ট ইঞ্জিনীয়ার, ৪৭ জন ওভারসিয়ার এবং ৪৬ জন সাব-ওভারসিয়ার আছেন. এ বিভাগের জন্য পৃথক কোন চিফ ইঞ্জিনীয়ার বা সুপারিণ্টেণ্ডিং ইঞ্জিনীয়ার নাই। তবে উক্ত ডিভিশন ২টি অন্যান্য ডিভিশন-এর সহিত চিফ ইঞ্জিনীয়ার, পাবলিক হেলথ ইঞ্জিনীয়ারিং ও সুপারিণ্টেণ্ডিং ইঞ্জিনীয়ার-এর নিয়ন্ত্রনাধীন।

(গ) হ্যাঁ, একজন ইঞ্জিনীয়ার আছেন। তাহার ডেসিগনেশন ডেপুটি অ্যাসিস্ট্যাণ্ট ডাইরেক্টর অফ হেলথ সার্ভিসেস (ইকুইপমেণ্ট অ্যাণ্ড স্টোরস) তবে তিনি পাবলিক হেলথ ইঞ্জিনীয়ারিং-এর সমস্ত স্টোরস (বোথ ফর রুরাল অ্যাণ্ড আরবান ওয়াটার সাপ্লাই) দেখাশোনা করেন। সম্প্রতি স্টোরস-এর কাজ পরিচালনার জন্য একজন এক্সিকিউটিভ ইঞ্জিনীয়ার-এর অধীন একটি নূতন রিসোসেস ডিভিশন মঞ্জুর হইয়াছে।

Corrugated iron sheets for Durgapur Congress Conference

104. (Admitted question No. 453.) **Shri Sailendra Nath Adhikary :**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জনাইবেন কি—

(ক) দুর্গাপুর কংগ্রেস অধিবেশনের জন্য সরকারের আয়ত্বাধীন করোগেটের টিন কি অভ্যর্থনা সমিতিকে দেওয়া হইয়াছিল এবং

(খ) দেওয়া হইয়া থাকিলে—

(১) উহার পরিমাণ কত ; এবং

(২) কি কি সর্তে উহা দেওয়া হইয়াছিল এবং কাহার নামে ও কোন স্টক হইতে দেওয়া হইয়াছিল ?

The Minister for Food and Supplies :

(ক) হ্যাঁ।

(খ) (১) উহার পরিমাণ ১৬ (ষোল) মে: টন ব্যবহৃত জি সি আই সিটস।

(২) সর্ত ছিল যে, ঐ ব্যবহৃত জি সি আই সিটগুলি অধিবেশন শেষে ফেরত দিতে হইবে যাহাতে ঐগুলি পুনরায় ব্যবহারকারীদের প্রদত্ত অনুজ্ঞাপত্র অনুযায়ী পুন: ব্যবহারের জন্য দেওয়া যাইতে পারে।

ঐ সমস্ত সিট সাধারণ সম্পাদক, অভ্যর্থনা সমিতি, ভারতের জাতীয় কংগ্রেসের অধিবেশন, দুর্গাপুর, এই নামে স্টেট নন-এগ্রিকালচারাল কোটা হইতে দেওয়া হইয়াছিল।

Ranaghat Rupashari Pally Refugee Camp, Nadia

105. (Admitted question No. 463.) **Shri Gour Chandra Kundu :**

উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার রাণাঘাট রূপশ্রী পল্লী উদ্বাস্তু শিবিরে বর্তমানে কত উদ্বাস্তু থাকেন;

(খ) এঁদের জন্য মোট কয়টি পায়খানা এবং কয়টি জলের কল আছে;

(গ) বর্তমানে কয়টা—(১) পায়খানা ব্যবহারের অযোগ্য হইয়াছে এবং (২) কল অচল হইয়া পড়িয়া আছে;

(ঘ) পায়খানা ও জলের প্রচণ্ড অসুবিধা সম্পর্কে উক্ত ক্যাম্পের উদ্বাস্তুগণ ও ক্যাম্প কর্তৃপক্ষ সরকারকে অবগত করাইয়াছেন কি;

(ঙ) যদি অবগত করাইয়া থাকেন তবে সরকার এ সম্বন্ধে কোন ব্যবস্থা করিতেছেন কি

(চ) উক্ত ক্যাম্পে কোন হাসপাতাল আছে কি; এবং

(ছ) হাসপাতাল না থাকিলে রোগীদের ভর্তি ও চিকিৎসার কি ব্যবস্থা করা হইয়াছে?

The Minister for Refugee Relief and Rehabilitation :

(ক) মহিলা ও ডি পি শাখায় মিলিয়া মোট ৩,২৭৭ জন।

(খ) যথাক্রমে ১৩৭টি এবং ২৫টি।

(গ) (১) ৪৫টি।

(২) ১৭টি।

(ঘ) হ্যাঁ।

(ঙ) ব্যবহারের আংশিক অনুপযুক্ত ১৫টি পায়খানা ও ১৫টি জলের কল সংস্কারের ব্যবস্থা করা হইতেছে।

(চ) একটি বহির্বিভাগীয় চিকিৎসা কেন্দ্র আছে। তথায় চিকিৎসার সাধারণ প্রয়োজন হইতেছে।

(ছ) হাসপাতালে ভর্তির প্রয়োজন হইলে নিকটবর্তী কুপার্স সদনের হাসপাতালে ভর্তির ব্যবস্থা আছে।

Health Centres at Chandabila, Pathra, and Chandri in Jhargram subdivision

106. (Admitted question No. 477.) **Shri Surendra Nath Mahato :**

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমার চাঁদাবিলা, পাথরা ও চন্দ্রী উপস্বাস্থ্য কেন্দ্রের চিকিৎসালয় নির্মাণকার্য সমাপ্ত হইয়াছে কি না; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয় তবে উক্ত স্বাস্থ্য কেন্দ্রগুলিতে চিকিৎসাকার্য কখন হইতে চালু হইবে?

The Minister for Health :

(ক) ও (খ) চন্দ্রী উপস্বাস্থ্য কেন্দ্রটির নির্মাণ কার্য সম্প্রতি শেষ হইয়াছে এবং ঐ স্বাস্থ্যকেন্দ্রে আগামী মার্চ মাস হইতে চিকিৎসা কার্য চালু করিবার ব্যবস্থা গ্রহণ করা হইতেছে।

চাঁদাবিলা ও পাথরা উপস্বাস্থ্য কেন্দ্র দুটির নির্মাণ কার্য এখনও শেষ হয় নাই। তবে আশা করা যায় আগামী এপ্রিল মাস নাগাদ ঐ কার্য সমাপ্ত হইতে পারে এবং তাহার পর ঐ কেন্দ্রগুলিতে চিকিৎসা ব্যবস্থা চালু করা হইবে।

Health Centres at Gopiballavpur, Nota and Alampur in Jhargram subdivision

107. (Admitted question No. 478.) **Shri Surendra Nath Mahato :**

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমার গোপীবল্লভপুর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের—

(১) নির্মাণকায কবে আরম্ভ হইয়াছে; এবং

(২) কবে নির্মাণকায শেষ হইবে; এবং

(খ) এই মহকুমার নোটা ও আলমপুর স্বাস্থ্য কেন্দ্রের—

(১) নির্মাণকায কবে আরম্ভ হইয়াছে এবং

(২) কবে নির্মাণকায শেষ হইবে?

The Minister for Health :

(ক) (১) ১৯৬১ সালের ২৮এ জুলাই।

(২) সঠিক বলা সম্ভব নয়।

(খ) (১) নোটা ও আলমপুর স্বাস্থ্য কেন্দ্র দুইটির নির্মাণকার্য যথাক্রমে ৪-৬-৬৩ ও ২৮-১০-৬৪ তারিখে আরম্ভ হইয়াছে।

(২) নোটা স্বাস্থ্য কেন্দ্রটির নির্মাণকার্য চলতি বৎসরের এপ্রিল নাগাদ ও আলমপুর কেন্দ্রটির চলতি বৎসরের শেষ নাগাদ সমাপ্ত হইবে বলিয়া আশা করা যায়।

Sankrail Health Centre in Jhargram subdivision

108. (Admitted question No. 479.) **Shri Surendra Nath Mahato :**

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমার সাঁকরাইল স্বাস্থ্য কেন্দ্রের চিকিৎসালয় নির্মাণকার্য—

(১) কবে আরম্ভ হইবে; এবং

(২) কবে শেষ হইবে?

The Minister for Health :

(১) সাঁকরাইল উন্নয়ন সংস্থার প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের নির্মাণকার্য উক্ত সংস্থার অন্তগত ভাঙ্গাগড় মৌজায় গত ইং ২-৯-৬৪ তারিখে আরম্ভ হইয়াছে।

(২) সঠিক বলা সম্ভব নয়।

General elections of Dum Dum, North Dum Dum and South Dum Dum Municipalities

109. (Admitted question No. 489.) **Shri Tarun Kumar Sengupta :**

স্বায়ত্তশাসন ও পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি চব্বিশপরগনা জেলার (১) দমদম, (২) দক্ষিণ দমদম এবং (৩) উত্তর দমদম পৌর সভাগুলির সাধারণ নির্বাচন কবে নাগাদ অনুষ্ঠিত হইবে?

The Minister for Local Self-Government and Panchayats :

দমদম ও দক্ষিণ দমদমের নির্বাচনের তারিখ এখনও স্থির করা হয় নাই। উত্তর দমদমের নির্বাচন ১৯৬৫ সালের ১১ই এপ্রিল অনুষ্ঠিত হইবে।

Proposal for increasing the Pay of Chowkidars and Dafadars in West Bengal

110. (Admitted question No. 524.) **Shri Debsaran Ghosh :**

স্বায়ত্তশাসন ও পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে চৌকিদার ও দফাদারগণের বেতনবৃদ্ধির কোন পরিকল্পনা আছে কি ; এবং

(খ) যদি (ক)-এর উত্তর "হঁ্যা" হয় তাহা হইলে কতদিনের মধ্যে এবং কি পরিমাণ বেতন বৃদ্ধির ব্যবস্থা হইবে ?

The Minister of State for Panchayats :

(ক) চৌকিদার ও দফাদারগণের বেতনবৃদ্ধির দায়িত্ব সংশ্লিষ্ট অঞ্চল পঞ্চায়েতের উপর। নিয়মানুসারে তাঁহারা যে বেতন ধার্য করিবেন সরকার তাহারই অর্ধেক অঞ্চল পঞ্চায়েতকে দিবেন।

(খ) প্রশ্ন উঠে না।

State Government aeroplanes

111. (Admitted question No. 539.) **Shri Gour Chandra Kundu :** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) whether any aeroplane has been purchased by the State Government;

(b) if so, how many aeroplanes have been purchased and what is the total value; and

(c) what is the purpose of purchasing such aeroplanes ?

The Minister for Home (Transport) : (a) Yes.

(b) Five at a total cost of Rs.5,71,503 as detailed below :—

	Rs.
(i) One Dakota	2,51,323
(ii) One Morava	2,39,000
(iii) Three Pushpaks at a cost of Rs.27,060 each	81,180

(c) The first two for the official journey of Ministers, V. I. Ps., other high officials and for such other purposes as may be authorised by the Government.

The last three planes are being utilised by the Government Flying Training Institute, Behala, for training in aviation.

Supply of fish by the Central Government

112. (Admitted question No. 597.) **Shri Sanat Kumar Raha :**

মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কেন্দ্রীয় উদ্যোগে মৎস্য সরবরাহের কোন পরিকল্পনা আছে কিনা ; এবং

(খ) থাকিলে তাহা কিরূপ ?

The Minister for Fisheries :

(ক) হঁ্যা।

(খ) অন্যান্য রাজ্য ও পূর্ব পাকিস্তান হইতে সরকারী তত্ত্বাবধানে কলিকাতা ও পার্শ্ববর্তী অঞ্চলে মৎস্য সরবরাহ বৃদ্ধি ও উহা যথাযথ বণ্টনের উদ্দেশ্য কেন্দ্রীয় সরকার কর্তৃক কলিকাতায় একটি ফিশ মার্কেটিং কর্পোরেশন গঠন করার পরিকল্পনা আছে। প্রস্তাবিত সংস্থায় পশ্চিমবঙ্গ সরকার এবং আরও কয়েকটি রাজ্যসরকার অংশ গ্রহণ করিবেন।

National Development Council

113. (Admitted question No. 619.) **Shri Kashi Kanta Moitra :**

অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪ সালের শেষে দিল্লীতে অনুষ্ঠিত ন্যাশনাল ডেভেলপমেণ্ট কাউন্সিল সভায় পশ্চিমবঙ্গ সরকারের কোন্ কোন্ বিভাগের কত জন অফিসার উক্ত সম্মেলনে রাজ্য-সরকারের বক্তব্য পেশ করার জন্য উপস্থিত হন এবং

(খ) এঁদের যাতায়াত খরচা, রাহা খরচা ও অন্যান্য খরচা বাবদ রাজ্যসরকারের মোট কত টাকা ব্যয় হয়েছে?

The Minister for Finance :

(ক) ১৯৬৪ সালের শেষে ন্যাশনাল ডেভেলপমেণ্ট কাউন্সিলের অধিবেশন হয় নাই। তবে ঐ বৎসর ডিসেম্বর মাসের শেষে প্ল্যানিং কমিশনের একটি অধিবেশন হয়। ১২ই ফেব্রুয়ারী ১৯৬৫ পর্যন্ত প্রাপ্ত সংবাদে জানা যায় যে উক্ত অধিবেশনে ৪ জন মন্ত্রী এবং ২২ জন অফিসার উপস্থিত ছিলেন।

(খ) উক্ত অফিসারদের যাতায়াত ও রাহা খরচ বাবত মোট ১২ই ফেব্রুয়ারী, ১৯৬৫ পর্যন্ত প্রাপ্ত সংবাদ অনুযায়ী মোট ১৬,২৯৯ টাকা ব্যয় হইয়াছে।

Panchayat elections in Asansol Industrial area

114. (Admitted question No. 703.) **Shri Subodh Choudhuri :**

স্থানীয় স্বায়ত্তশাসন ও পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি——

(ক) ইহা কি সত্য যে, বর্ধমান জেলার সর্বত্র পঞ্চায়েত নির্বাচন শেষ হওয়া সত্বেও আসানসোল শিল্পাঞ্চলে এখনও কোন পঞ্চায়েত নির্বাচন করা হয় নাই;

(খ) সত্য হইলে কারণ কি; এবং

(গ) ইউনিয়ন বোর্ডগুলির মেয়াদ কার কতদিন বর্ধিত করা হইবে?

The Minister of State for Panchayats :

(ক) হ্যাঁ।

(খ) এই শিল্পাঞ্চলে অনেক ছোট ছোট শহর গড়িয়া উঠিতেছে। এখানে পানীয় জল, বিদ্যুৎ সরবরাহ, স্বাস্থ্য, শিক্ষা ও চিকিৎসা ব্যবস্থা ইত্যাদি সব কিছু শিল্প কর্তৃপক্ষেরা নিজেদের অর্থ ব্যয় করিতেছেন। পঞ্চায়েতের এখানে বিশেষ কিছু করিবার নাই। দ্বিতীয়ত এ অঞ্চলে বহু কয়লার খনি রহিয়াছে। কয়লার খনির শ্রমিকদের জন্যও সংশ্লিষ্ট কর্তৃপক্ষ অনুরূপ ব্যবস্থা করিয়া থাকেন। তাহা ছাড়া কয়লার খনির শ্রমিকগণ বিচরণশীল এক জায়গায় বহুদিন থাকেন না——এজন্য এ অঞ্চলে পঞ্চায়েত গঠনের বিশেষ অসুবিধা আছে। কয়লার খনি বাদ দিয়া অবশিষ্ট এলেকায় পঞ্চায়েত গঠন সম্ভব নয়। কারণ খনি অঞ্চল ও গ্রাম অবিমিশ্রিত এই সব বিষয় বিবেচনা করিয়া সরকার উপরোক্ত অঞ্চলে পঞ্চায়েত গঠন স্থগিত রাখিয়াছেন

(গ) এই শিল্পাঞ্চলে পঞ্চায়েত গঠনের বিশেষ কোন সাথকতা না থাকাতে পঞ্চায়েত আদৌ প্রবর্তিত হইবে কিনা তাহা সরকারের বিবেচনাধীন আছে। সে কারণে এ অঞ্চলে ইউনিয়ন বোর্ড অনির্দিষ্টকালের জন্য চালু রাখা হইয়াছে।

FINANCIAL

Budget of the Government of West Bengal for 1965-66

Shri Saila Kumar Mukherjee :

মাননীয় স্পীকার মহাশয়, আমি ১৯৬৫-৬৬ আর্থিক বৎসরের পশ্চিমবঙ্গ রাজ্যের বাজেট বরাদ্দ উপস্থাপন করিতেছি। যে বরাদ্দ আমি আজ উপস্থাপন করিতেছি তাহা তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষ বৎসর সম্পর্কিত, এবং সেইজন্য ইহা দেশের উন্নয়নের দিকে অধিকতর অগ্রগতির পরিসূচক। গত কয়েক বৎসরে জাতির জীবনে, বিভিন্ন গুরুত্বপূর্ণ পরিবর্তন ঘটিয়াছে, এবং নানাবিধ উত্থান-পতন সত্ত্বেও এই রাজ্য অব্যাহতভাবে প্রগতির পথে অগ্রসর হইয়াছে। অগ্রগতির চক্র সচল রাখিতে যাঁহারা দৃঢ় হস্তে সাহায্য করিয়াছেন এবং বিপদ-আপদের মধ্যে জনসমাজকে পথ দেখাইয়াছেন, এই মুহূর্তে স্বাভাবিকভাবেই তাঁহাদের কথা আমাদের মনে পড়ে। যেসব নেতা আমাদিগকে প্রেরণা দিয়াছেন তাঁহাদের কথা আজ আমরা স্মরণ করি, একটি বিরাট শক্তিধর পুরুষের চিত্র আমাদের মানসপটে উদ্ভাসিত হয় এব, তাঁহার বহুমুখী প্রতিভার কথা স্মরণ করিতে করিতে তাঁহার উদাত্ত কণ্ঠস্বর আমাদের কানে বাজে। প্রকৃতই আমাদের পরলোকগত শ্রদ্ধেয় নেতা ডাক্তার বিধান চন্দ্র রায় এক অসীম শক্তিধর পুরুষ ছিলেন এবং তাঁহার উদাত্ত কণ্ঠে ছিল সমৃদ্ধতর আগামী দিনের আগমনসূচক তূর্যধ্বনি। এই সমস্যা-প্রপীড়িত রাজ্যের মুখ্যমন্ত্রীর পদে আসীন থাকা ছাড়াও ডাক্তার বিধান চন্দ্র রায় স্বাধীনতার পরে দীর্ঘ দশ বৎসর ধরিয়া অর্থনীতিরও কর্ণধার ছিলেন। তিনি অন্যান্য যেসব কাজ করিয়া গিয়াছেন, সেগুলির মধ্যে তিনি যে ভাবে প্রায় দেউলিয়া পশ্চিমবঙ্গের আর্থিক অবস্থাকে স্থায়িত্বের পর্য্যায়ে আনিয়াছিলেন, তাহার কথা আমি উল্লেখ করিতে চাই। ১৯৬২ সালে ডাক্তার রায়ের তিরোধান জাতীয় ক্ষতির কারণ হইয়াছিল। আমরা এই নিদারুণ ও অপূরণীয় ক্ষতির আঘাত কাটাইয়া উঠিতে পারার পূর্বেই যিনি আমাদের জীবনে ধ্রুবতারা বিশেষ ছিলেন এবং যিনি যিনি বহু বৎসর ধরিয়া বিশেষ করিয়া স্বাধীনতার পরবর্তীকালে সমগ্র জাতির অধিনায়ক স্বরূপ ছিলেন, তাঁহাকে আমরা অকস্মাৎ গত বৎসর হারাই। জওহরলাল নেহরু ভারতের প্রধান মন্ত্রী অপেক্ষা অনেক বড় ছিলেন; তিনি ছিলেন গোটা জাতির জীবন ও অগ্রগতির প্রতীক। আধুনিক বিজ্ঞান ও প্রযুক্তি-বিজ্ঞানের যুগের সহিত আমাদের দেশবাসীদের দৃষ্টিভঙ্গীর সামঞ্জস্যবিধানের জন্য তিনি এক নূতন দৃষ্টিভঙ্গী সংগঠন করিয়াছিলেন। শ্রীনেহরু এবং ডাক্তার রায়, উভয়েই মনে করিতেন যে, অর্থনীতিক অগ্রগতিই সকল অগ্রগতির ভিত্তি। তাঁহাদের যে আদশবাদ, মর্যাদা, ও কর্তৃত্ব ছিল তাহার ফলে দেশে তাঁহাদের এ ধারণাশক্তি সঞ্চয় করিয়াছিল এবং সেই হেতু সমস্যাদীর্ণ ও খণ্ডিত পশ্চিমবঙ্গের মূল সমস্যাগুলির প্রতি যথোচিত মনোযোগ আকৃষ্ট হইয়াছিল। সকৃতজ্ঞচিত্তে তাঁহাদের স্মৃতির উদ্দেশ্যে আমরা শ্রদ্ধা নিবেদন করি।

সাম্প্রতিক অতীতকালের ঘটনাপ্রবাহের কথা স্মরণ করিতে গেলে ১৯৬২ সালের চীনা আক্রমণের আঘাতের কথা আমাদের মনে না পড়িয়া পারে না। কেহ কখনও ভাবিতেও পারে নাই যে, অবিচ্ছিন্ন বন্ধুত্বের কর্মনীতির বিনিময়ে ভারতবর্ষ এভাবে চীনের নিকট হইতে বিরাট সামরিক আক্রমণের অভ্যর্থনা লাভ করিবে। আর্থিক এবং অর্থনীতিক দিক হইতে এই আক্রমণ গুরুতর সমস্যার সৃষ্টি করিয়াছে। দেশে অবিচ্ছিন্ন জরুরী অবস্থা যেমন চলিয়াছে, তেমনই প্রতিরক্ষার ব্যয়ভারও দ্রুত বাড়িয়া চলিয়াছে। মুদ্রাস্ফীতির চাপে গোটা দেশের আর্থিক ও অর্থনীতিক স্থায়িত্ব যেমন বিপন্ন হইয়াছে, তেমনই অগ্রগতির জন্য প্রয়োজনীয় সম্পদের পরিমাণও কমিয়া গিয়াছে। এমন একটা সময়ে এই অবস্থার সৃষ্টি হইয়াছে যখন শুধু সাধারণ মানুষের জীবনধারণের মান উন্নয়ন সম্পর্কিত দীর্ঘমেয়াদী জাতীয় আকাঙ্ক্ষা পূরণের জন্যই নয়, আমাদের সামরিক শক্তিবৃদ্ধির জন্যও দ্রুত আর্থিক উন্নয়ন অত্যাবশ্যক। অবশ্য এবিষয়ে আমার মনে সংশয় নাই যে, আমাদের জাতি এই সঙ্কটের সম্মুখীন হইবার মত শক্তি রাখে। দেশের আর্থিক জীবনের সকল ক্ষেত্রে রাজ্যগুলির বাজেটে, কেন্দ্রীয় বাজেটে এবং প্রায় প্রতিটি গৃহে সামঞ্জস্যবিধানের-পীড়াদায়ক প্রয়াসের জন্য কিছুটা কালক্ষেপ আমাদিগকে করিতেই হইবে।

আর্থিক পরিস্থিতির বিশ্লেষণ আমাদের "ইকনমিক রিভিয়ু" শীর্ষক পুস্তিকায় দেওয়া হইয়াছে, এবং ইহা অন্যান্য বাজেট সংক্রান্ত দলিলের সহিত বিতরিত হইতেছে। আমি এখানে সংক্ষেপে সাম্প্রতিক উৎপাদনপ্রবণতার কথা উল্লেখ করিব।

পশ্চিমবঙ্গে কৃষি-উৎপাদনের সূচক ১৯৬২-৬৩ সালের ১২০·৮৯ (সংশোধিত) হইতে বাড়িয়া ১৯৬৩-৬৪ সালে ১৩৫·৭৭ হয়, এবং ১৯৬৪-৬৫ সালে এই সংখ্যা আরও বেশি হইবে বলিয়া আশা করা যায়।

পশ্চিমবঙ্গের দিক হইতে গুরুত্বপূর্ণ বাণিজ্যিক ফসল ও বাগিচার দিকে তাকাইলে দেখা যায় যে, পূর্ববর্তী দুই বৎসরের মত ১৯৬৪ সালও ভারতবর্ষে পাটশিল্পের দিক হইতে ছিল খুবই সুবৎসর। ১৯৬৩-৬৪ সালেই তৃতীয় পরিকল্পনার শেষ বৎসরের জন্য নির্ধারিত ১৩ লক্ষ টন উৎপাদন ও ১ লক্ষ টন রপ্তানির লক্ষ্যে পৌঁছানো সম্ভব হইয়াছিল; ১৯৬৪-৬৫ সালে আরও উন্নতির সম্ভাবনা আছে। চায়ের ক্ষেত্রে হিসাব করা হইয়াছে যে ১৯৬৩ সালের ৩৪ কোটি ৬০ লক্ষ কিলোগ্রাম উৎপাদনের স্থলে ১৯৬৪ সালে ভারতে চায়ের উৎপাদন হইবে ৩৭ কোটি ৪০ লক্ষ কিলোগ্রাম। ১৯৬৪ সালের নবেম্বর, পর্যন্ত রপ্তানির পরিমাণ ছিল ১১০ কোটি টাকা মূল্যের ১৮ কোটি ৪০ লক্ষ কিলোগ্রাম; ১৯৬৩ সালে অনুরূপ সময়ে চা রপ্তানির পরিমাণ ছিল ১১৮ কোটি টাকা মূল্যের ১৯ কোটি ৮০ লক্ষ কিলোগ্রাম। ১৯৬৪ সালের ডিসেম্বর হইতে আগামী কয়েক মাসে রপ্তানির ভাল প্রত্যাশা আছে।

কয়লা উৎপাদনে ক্রমিক উন্নতি হওয়ায় ১৯৫৬-৫৭ সলের ৪ কোটি ৯ লক্ষ ৫০ হাজার মেট্রিক টনের স্থলে ১৯৬৪-৬৫ সালে উৎপাদনের পরিমাণ বৃদ্ধি পাইয়া হয় ৬ কোটি ৬৩ লক্ষ ৩০ হাজার মেট্রিক টন। নিকৃষ্ট শ্রেণীর কয়লার সুস্পষ্ট উদ্বৃত্ত দেখা যাইতেছে। অপর পক্ষে, উৎকৃষ্ট শ্রেণীর কয়লার চাহিদা বৃদ্ধি পাইয়াছে। রেলওয়ে বৈদ্যুতিকরণ ও ডিজেল ব্যবহার, কয়লাখনি হইতে দূরবর্তী এলাকায় স্থাপিত কোন কোন শিল্পে ফার্নেস অয়েলের ব্যবহার এবং তাপ-বিদ্যুৎ কেন্দ্রগুলি ও অন্যান্য ব্যবহারকারী কর্তৃক ওয়াসারী মিডলিং (কয়লা ধৌতাগারের অবশিষ্টাংশ) ব্যবহারের ফলে কয়লার সামগ্রিক চাহিদা হ্রাস পাইয়াছে।

ভারতে তৈয়ারি ইস্পাতের উৎপাদন ১৯৫৬ সালে ১৪ লক্ষ মেট্রিক টন হইতে বাড়িয়া ১৯৬২ সালে ৩৮ লক্ষ মেট্রিক টন ও ১৯৬৩ সালে ৪৩ লক্ষ মেট্রিক টন হয়। ১৯৬৩ সালের প্রথম সাত মাসের ২৪ লক্ষ ৬০ হাজার মেট্রিক টনের স্থলে ১৯৬৪ সালের প্রথম সাত মাসে উৎপাদনের পরিমাণ হইয়াছে ২৪ লক্ষ ৯৫ হাজার মেট্রিক টন। পিগ্ আয়রণ, বিলেট, টিনবার ও ফ্লাট প্রোডাক্ট ছাড়া ১৯৬৪ সালের ১লা মার্চ হইতে সমস্ত শ্রেণীর লৌহ ও ইস্পাতের বিনিয়ন্ত্রণ একটি উল্লেখযোগ্য ঘটনা।

সমগ্র তৃতীয় পরিকল্পনা কালের মধ্যে জাতীয় আয় এবং মাথাপিছু আয়ের বৃদ্ধির লক্ষ্য যেখানে স্থির করা হইয়াছিল যথাক্রমে ৩০ শতাংশ এবং ১৭ শতাংশ সেখানে তৃতীয় পরিকল্পনার প্রথম তিন বৎসরে স্থিতিশীল মূল্যমানের হিসাবে জাতীয় আয়ের বৃদ্ধি ঘটিয়াছিল মাত্র দশ শতাংশ এবং মাথাপিছু আয়ের বৃদ্ধি ঘটিয়াছিল মাত্র দুই শতাংশ। ১৯৪৮-৪৯ সালের মূল্যমানের হিসাবে ১৯৬২-৬৩ সালের ১৩,৪০০ কোটি টাকা হইতে জাতীয় আয় ১৯৬৩-৬৪ সালে ১৩,৯০০ কোটি টাকায় বৃদ্ধি পাইয়াছিল আর, ১৯৪৮-৪৯ সালের মূল্যমানের হিসাবে মাথাপিছু আয়ের বৃদ্ধি ঘটিয়াছিল ১৯৬২-৬৩ সালের ২৯৫ টাকা হইতে ১৯৬৩-৬৪ সালের ৩০০ টাকায়। তৃতীয় পরিকল্পনার প্রথম তিন বৎসরে শিল্পোৎপাদনের বৃদ্ধি ঘটিয়াছিল ২৬ শতাংশ। কৃষি-উৎপাদনের সূচক (১৯৪৯-৫০ সালের উৎপাদনকে ১০০ ধরিয়া) ১৯৬০-৬১ সালের (দ্বিতীয় পরিকল্পনার শেষ বৎসর) ১৩৯.৭ হইতে ১৯৬১-৬২ সালে ১৪১.৪ হইয়াছিল; ১৯৬২-৬৩ সালে কৃষি-উৎপাদনের সূচক ১৩৭.২-তে নামিয়া গিয়া ১৯৬৩-৬৪ সালে আবার ১৪০.৫-এ উঠিয়া গিয়াছিল; ১৯৬৪-৬৫ সালে কৃষি-উৎপাদনের অধিকতর বৃদ্ধির সম্ভাবনা। তৃতীয় পরিকল্পনাকালের কৃষি উৎপাদনের লক্ষ্য বার্ষিক ৫ শতাংশ বৃদ্ধি হইলেও এ পর্যন্ত উহা কার্যে পরিণত হয় নাই। কৃষি উৎপাদনের এই অসাফল্য অনেকখানি উদ্বেগের কারণ হইয়া দাঁড়াইয়াছে; কারণ এই অসাফল্যের দরুন

জাতীয় আয় তথা ব্যক্তিগত আয়ের আশানুরূপ বৃদ্ধি ব্যাহত হইতেছে। বর্তমানে দেশের সর্বত্রই কৃষির প্রতি অধিকতর মনোযোগ দেওয়া হইতেছে। সার ও উন্নত জাতের বীজ সরবরাহ, সেচের সুবিধাবিধান এবং আনুসঙ্গিক সাহায্যদানের সর্ববিধ ক্ষেত্রে সরকার হইতে সুবিধাদানের পরিমাণ প্রতি বৎসর কেবল বাড়াইয়া যাওয়া হইতেছে। রাজ্য সরকারগুলির সহিত পরামর্শ ক্রমে ভারত-সরকার কর্তৃক গুরুত্বপূর্ণ খাদ্যশস্যের অর্থনীতির সঙ্গত মূল্য নির্ধারিত হওয়ায় বর্তমান খারিফ মরসুম হইতে কৃষকদিগের একটি প্রধান অভিযোগের অবসান হইয়াছে। আশা করা যায় এই সকল ব্যবস্থার ফলে কৃষি উৎপাদন বৃদ্ধি পাইবে এবং এইভাবে আমাদের অর্থনীতির প্রধান বাধা দূরীভূত হইবে।

আনুমানিক হিসাব

আমি এখন চলতি বৎসরের সংশোধিত আনুমানিক হিসাব এবং আগামী বৎসরের আনুমানিক বাজেট লইয়া আলোচনা করিব।

১৯৬৪-৬৫ সাল—প্রারম্ভিক তহবিল

চলতি বৎসরে বাজেটভুক্ত প্রারম্ভিক তহবিলের পরিমাণ ছিল ১২ লক্ষ টাকা। ১৯৬৩-৬৪ সালের সংশোধিত আনুমানিক হিসাব অনুসারে উহাই ছিল ঐ বৎসরের শেষ জের। ঐ বৎসরের হিসাবের শেষে প্রকৃতপক্ষে তহবিলে থাকে ১.০১ কোটি টাকা।

রাজস্ব খাতে আদায়

চলতি বৎসরে সংশোধিত আনুমানিক হিসাবে মোট রাজস্ব আদায়ের পরিমাণ দাঁড়ায় ১৩৮ কোটি ৫৫ লক্ষ টাকা। আনুমানিক বাজেটে উহার পরিমাণ ছিল ১৩৫ কোটি ৫২ লক্ষ টাকা। সুতরাং বৃদ্ধির পরিমাণ ৩ কোটি ৩ লক্ষ টাকা।

"কর্পোরেশন কর বাতে আয়কর" খকে ১ কোটি ৭৬ লক্ষ টাকা বৃদ্ধি ঘটিয়াছে। ভারত সরকার কর্তৃক প্রদত্ত চলতি বৎসরের আয়কর হইতে আমাদের প্রাপ্য অংশের আনুমানিক হিসাবের ভিত্তিতে ঐরূপ ঘটিয়াছে। কেন্দ্রীয় অন্তঃশুল্ক হইতে রাজ্যের প্রাপ্ত অংশে ৭০ লক্ষ টাকার হ্রাস হইয়াছে।

ভূমিরাজস্ব খাতে ১ কোটি ৮৭ লক্ষ টাকা হ্রাস দেখা যায়। ১৯৬৩-৬৪ সালের ও পূর্ববর্তী বৎসরের প্রকৃত ভূমিরাজস্ব আদায়ের ভিত্তিতে প্রস্তুতি সংশোধিত আনুমানিক হিসাবের দরুনই এরূপ ঘটিয়াছে।

"রাজ্য অন্তঃশুল্ক" খাতে এক কোটি টাকা বৃদ্ধি ঘটিয়াছে। ইহার কারণ দেশীয় মদ্য, মদ্য ও ঔষধকল্পে ব্যবহারের মদ্য হইতে অধিকতর অর্থ আদায়।

অধিকতর অর্থ আদায়ের সম্ভাবনার ভিত্তিতে "যানবাহন কর" খাতে ৬১ লক্ষ টাকা বৃদ্ধি দেখানো হইয়াছে।

অধিকতর অর্থ আদায়ের সম্ভাবনার ভিত্তিতে বিক্রয়করখাতে ১ কোটি ৩০ লক্ষ টাকা বৃদ্ধি দেখানো হইয়াছে।

অধিকতর বিদ্যুৎশুল্ক আদায়ের কারণে "অন্যান্য কর ও শুল্ক" খাতে আয় বৃদ্ধির পরিমাণ ৩৬ লক্ষ টাকা।

যেরূপ আশা করা গিয়াছিল তদপেক্ষা কম আয় হওয়ার দরুন "স্ট্যাম্প" খাতে আয় ৫১ লক্ষ টাকা হ্রাস পাইয়াছে। ইহার কারণ স্ট্যাম্পশুল্কের হার বৃদ্ধি।

"সুদ" খাতে ৬৭ লক্ষ টাকা হ্রাস ঘটিয়াছে। কারণ কয়েকটি রাষ্ট্রীয় সংস্থা হইতে যে পরিমাণ সুদ পাওয়া যাইবে বলিয়া প্রথমে ভাবা গিয়াছিল তদপেক্ষা কম সুদ আদায় হইয়াছে।

"বহুমুখী নদী পরিকল্প"—খাতে ৩৪ লক্ষ টাকা বৃদ্ধি হইয়াছে। ইহার কারণ একটি পরিকল্প হইতে যে পরিমাণ অর্থ আদায় হইবে ভাবা গিয়াছিল তদপেক্ষা অধিক আদায় হইয়াছে।

উদ্বাস্তুগণের জন্য বকেয়া কেন্দ্রীয় সাহয্যের সমন্বয়সাধনের দরুন "বিবিধ" খাতে ৩৪ লক্ষ টাকা বাড়িয়াছে।

অবশিষ্টাংশের জন্য অন্যান্য খাতে পরিবর্তনসমূহ দায়ী।

রাজস্ব ব্যয়

[3-10—3-20 p.m.]

সংশোধিত আনুমানিক হিসাবে মোট রাজস্ব ব্যয়ের পরিমাণ দাঁড়াইয়াছে ১৪৪ কোটি ৯৪ লক্ষ টাকা। আনুমানিক বাজেটে উহার পরিমাণ ছিল ১২৯ কোটি ৯১ লক্ষ টাকা। উহাতে ১৫ কোটি ৩ লক্ষ টাকার মত বৃদ্ধি ঘটিয়াছে।

"ভূমিরাজস্ব" খাতে ২৭ লক্ষ টাকা এবং "সাধারণ প্রশাসন" খাতে ৩৫ লক্ষ টাকা ব্যয় বাড়িয়াছে। প্রধানত ভ্রমণ, ভাতা ও চিকিৎসাগত সুবিধা পরিকল্পের ব্যবস্থার জন্য এই বৃদ্ধি।

"পুলিস" খাতে ব্যয় বাড়িয়াছে ২ কোটি ২৪ লক্ষ টাকা। এই বৃদ্ধির কারণ, সশস্ত্র পুলিস বাহিনীতে নূতন ব্যাটালিয়নসমূহ গঠন, সীমান্ত পুলিস বাহিনীর পুনর্গঠন এবং পশ্চিমবঙ্গ পুলিস ও কলিকাতা পুলিস বাহিনীতে গাড়ির সংখ্যা বৃদ্ধি।

"অগ্নি-নির্বাপণ কৃত্যকসমূহ বাদে বিবিধ বিভাগে" খাতে ৯৩ লক্ষ টাকা ব্যয়বৃদ্ধি হইয়াছে। নূতন খাদ্যনীতি রূপায়ণের বৃহত্তর কলিকতায় বিধিবদ্ধ রেশনিং ব্যবস্থার কারণে অতিরিক্ত খরচ বাড়িয়াছে বলিয়া এই বৃদ্ধি।

পরিকল্পনার অন্তর্গত পরিকল্পসমূহের জন্য আরও অধিক অর্থব্যবস্থার প্রয়োজনে "শিক্ষা" খাতে ৪ কোটি ২০ লক্ষ এবং "চিকিৎসা" খাতে ৫২ লক্ষ টাকা ব্যয় বৃদ্ধি ঘটিয়াছে।

"কৃষি" খাতে ৯৯ লক্ষ টাকা খরচ কমিয়াছে। প্রধানত পরিকল্পনার অন্তর্গত পরিকল্প-গুলির জন্য আরও কম টাকা বরাদ্দ ধরার জন্যই এই ব্যয় হ্রাস।

"শিল্প—কুটিরশিল্প" খাতে ব্যয় হ্রাস হইয়াছে ৪৯ লক্ষ টাকা। এই হ্রাসেরও প্রধান কারণ, পরিকল্পনার অন্তর্গত পরিকল্পগুলির জন্য আরও কম টাকা বরাদ্দ ধরা হইয়াছে। ঐ একই কারণে "সমষ্টি-উন্নয়ন প্রকল্পসমূহ ইত্যাদি" খাতেও ৪০ লক্ষ টাকা ব্যয় হ্রাস পাইয়াছে।

"বহুমুখী নদী পরিকল্প" খাতে ৪ কোটি ২ লক্ষ টাকা ব্যয়বৃদ্ধির প্রধান কারণ, দামোদর উপত্যকা কর্পোরেশন কতৃক রাজস্ব খাতে হিসাব খোলার দরুণ যে ঘাটতি ঘটে তাহা পূরণের জন্য এবং এই সরকার কর্তৃক সম্প্রতি গৃহীত দামোদর উপত্যকা কর্পোরেশনের বারাজ ও সেচব্যবস্থা রক্ষণাবেক্ষণের জন্য।

"সেচ, নৌ চলাচল ও নিকাশী ব্যবস্থা (অবাণিজ্যিক)" খাতে ৬৭ লক্ষ টাকা ব্যয় হ্রাসের কারণ, দামোদর উপত্যকা কর্পোরেশনের নিকট হইতে সেচের জল ক্রয়ের জন্য যে টাকার ব্যবস্থা রাখিতে হইত, পশ্চিমবঙ্গ সরকার ঐ সেচব্যবস্থার দায়িত্বভার গ্রহণ করার ফলে সে বাবত ব্যয়ের অঙ্ক বাদ পড়িয়াছে।

"পূর্তকার্য" খাতে ১ কোটি ৪৯ লক্ষ টাকা ব্যয়বৃদ্ধি হওয়ার প্রধান কারণ, পরিকল্পনার অধীন পরিকল্পগুলির জন্য ব্যয়বরাদ্দ।

বর্তমান বৎসরে অধিকতর ব্যয়বৃদ্ধির সম্ভাবনা থাকায় "বৃহত্তর কলিকাতা উন্নয়ন পরিকল্প' খাতে ৬৬ লক্ষ টাকা ব্যয় বৃদ্ধি ঘটে। শ্রেণীবিভাগগত পরিবর্তনের কারণে এই বিষয়টি পৃথকভাবে দেখানো হইতেছে।

"দুর্ভিক্ষ ত্রাণ" খাতে ২ কোটি ৬২ লক্ষ টাকা বৃদ্ধির কারণ, ত্রাণকার্য্যের প্রয়োজনে অধিকতর ব্যয়ের ব্যবস্থা করা হইয়াছে।

"বিবিধ বিষয়ে দেয়" খাতে ৪০ লক্ষ টাকা খরচ বাড়ার প্রধান কারণ, সম্প্র সরকারের গৃহীত সিদ্ধান্তের ভিত্তিতে, ভূমিরাজস্বের ৫ শতাংশ অনুদান জিলা পরিষদগুলিকে দিতে হইবে।

"জাতীয় জরুরী অবস্থার সহিত সম্পৃক্ত ব্যয়" খাতে যে ৪০ লক্ষ টাকা খরচ কমিয়াছে তাহার কারণ কাজের গতির আপেক্ষিক মন্থরতা।

অবশিষ্টাংশের জন্য অন্যান্য খাতে পরিবর্তনসমূহ দায়ী।

ঋণ ও অন্যান্য খাত

বর্তমান বৎসরের বাজেটে ৭ কোটি টাকার বাজার ঋণ লওয়া হয়। ঋণ পুরাপুরি পাওয়া গিয়াছে।

কেন্দ্রীয় সরকারের নিকট হইতে গৃহীত ঋণের সংশোধিত অনুমানিক হিসাব দাঁড়াইয়াছে ৬১ কোটি ৩০ লক্ষ টাকা। আনুমানিক বাজেটে উহার পরিমাণ ছিল ৫৫ কোটি ৯৬ লক্ষ টাকা। ৫ কোটি ৩৪ লক্ষ টাকা বৃদ্ধির প্রধান কারণ, কেন্দ্রীয় সাহায্যের বকেয়া টাকার হিসাবে সমন্বয়সাধন।

মূলধনী ব্যয়

সংশোধিত আনুমানিক হিসাবে মূলধনী ব্যয় বাবত ৩৯ কোটি ২ লক্ষ টাকার ব্যবস্থা রাখা হয়। আনুমানিক বাজেট বরাদ্দে উহার পরিমাণ ছিল ৪০ কোটি ৯৪ লক্ষ টাকা।

ক্ষতিপূরণ প্রদানে অগ্রগতি কম হওয়ায় "৯২—জমিদারী উচ্ছেদের ফলে জমিদার ইত্যাদিকে ক্ষতিপূরণ প্রদান" খাতে ১ কোটি টাকার হ্রাস ঘটিয়াছে।

পরিকল্পনান্তর্গত পরিকল্পগুলির জন্য স্বল্পতর বরাদ্দের দরুন "৯৫–কৃষি-উন্নয়ন ও গবেষণা সম্পর্কে পরিকল্পের উপর মূলধন বিনিয়োগ" খাতে ২৬ লক্ষ টাকার হ্রাস ঘটিয়াছে।

পরিকল্পনান্তর্গত পরিকল্পগুলির জন্য স্বল্পতর বরাদ্দের দরুন "৯৮—বহুমুখী নদী পরিকল্পে মূলধন বিনিয়োগ" খাতে ৪০ লক্ষ টাকার হ্রাস হয়।

সুদ বাবত আদায়কে মূলধনরূপে গণ্য করার বিধান তুলিয়া দেওয়ায় "৯৮—বহুমুখী নদী পরিকল্পে মূলধন বিনিয়োগ—দামোদর উপত্যকা প্রকল্প" খাতে ৩ কোটি ৪৩ লক্ষ টাকার হ্রাস ঘটিয়াছে। দামোদর উপত্যকা কর্পোরেশন আইনের ৩৯ ধারা মতে দামোদর উপত্যক কর্পোরেশন কর্তৃক ঐ সুদ বাবত আদায়কে রাজস্ব খাতের অন্তর্ভুক্ত করা হইয়াছে।

পরিকল্পনান্তর্গত পরিকল্পগুলির জন্য স্বল্পতর বারাদ্দের দরুন "৯৯—সেচ" নৌ-চলাচল বাঁধ ও জলনিকাশী কার্যাবলীর (বাণিজ্যিক) জন্য মূলধন বিনিয়োগ" খাতে ৭১ লক্ষ টাকার হ্রাস, "১০০—সেচ, নৌ-চলাচল, বাঁধ ও জলনিকাশী কার্যাবলীর (অবাণিজ্যিক) জন্য মূলধন বিনিয়োগ" খাতে ২৮ লক্ষ টাকার হ্রাস, "১০৩—পূর্তকার্যে মূলধন বিনিয়োগ" খাতে ১৮ লক্ষ টাকার হ্রাস এবং "১০৯—অন্যান্য কার্যে মূলধন বিনিয়োগ" খাতে ২ কোটি ১০ লক্ষ টাকার হ্রাস হয়। "১০৬ক—বৃহত্তর কলিকাতা উন্নয়ন পরিকল্পে মূলধন বিনিয়োগ" খাতে ১ কোটি ৩৯ লক্ষ টাকা বরাদ্দ করা হইয়াছে।

নূতন খাদ্যনীতির ফলে খাদ্যবিভাগের কার্যাবলীর অধিকতর সম্প্রসারণ বিষয়ক বরাদ্দের দরুন "১২৪—সরকারী ব্যবসায়ের পরিকল্পে মূলধন বিনিয়োগ" খাতে ৬ কোটি ৫০ লক্ষ টাকা বৃদ্ধি ঘটে।

পরিকল্পনান্তর্গত পরিকল্পগুলির জন্য স্বল্পতর বরাদ্দের দরুন "১২৪—সরকারী ব্যবসায়ের পরিকল্পে মূলধন বিনিয়োগ - বৃহত্তর কলিকাতা দুগ্ধ সরবরাহ পরিকল্প" খাতে ৩৩ লক্ষ টাকার হ্রাস ঘটিয়াছে।

নীট ফল

এইভাবে ১৯৬৪-৬৫ সালের শেষে ৬ কোটি ৩৯ লক্ষ টাকার রাজস্ব ঘাটতি এবং রাজস্ব হিসাবের বাহিরে ৫ কোটি ৫১ লক্ষ টাকার উদ্বৃত্ত দাঁড়ায়। রাজস্ব হিসাবের বাহিরের ৫ কোটি ৫১ লক্ষ টাকার উদ্বৃত্তের সহিত প্রারম্ভিক তহবিলের ১ কোটি ১ লক্ষ টাকা যোগ করিলে রাজস্ব হিসাবের ৬ কোটি ৩৯ লক্ষ টাকার ঘাটতি দূর হইয়া ১৩ লক্ষ টাকা নীট উদ্বৃত্ত দাঁড়ায়।

১৯৬৫-৬৬ সাল—রাজস্ব আদায়

[3-20—3-30 p.m.]

১৯৬৪-৬৫ সালের সংশোধিত আনুমানিক হিসাবের ১৩৮ কোটি ৫৫ লক্ষ টাকার স্থলে ১৯৬৫-৬৬ সালের রাজস্ব আদায়ের দরুন বাজেটের আনুমানিক হিসাব দাঁড়ায় মোট ১৫২ কোটি টাকা। এইভাবে মোট বৃদ্ধির পরিমাণ ১৩ কোটি ৪৫ লক্ষ টাকা।

ভারত-সরকার প্রদত্ত আনুমানিক হিসাব অনুসারে "কর্পোরেশন কর ব্যতীত অন্যান্য আয়ের উপর কর" খাতে ৫৪ লক্ষ টাকার হ্রাস ঘটিয়াছে।

প্রত্যাশিত রাজস্ব আদায়ের পরিমাণ বাড়িয়া যাওয়ায় "রাজ্য অন্তঃশুল্ক" খাতে ২৩ লক্ষ টাকা বৃদ্ধি ঘটিয়াছে।

প্রত্যাশিত রাজস্ব আদায়ের পরিমাণ বাড়িয়া যাওয়ায় "বিক্রয় কর" খাতে ১ কোটি ৬৮ লক্ষ টাকা বৃদ্ধি ঘটিয়াছে।

প্রত্যাশিত আদায়ের হার বাড়িয়া যাওয়ায় "যানবাহনের উপর কর" খাতে ২৩ লক্ষ টাকা বৃদ্ধি ঘটিয়াছে।

প্রধানত তড়িৎ শুল্ক হইতে প্রত্যাশিত অধিকতর আদায়ের দরুন "অন্যান্য কর ও শুল্ক" খাতে ৩৮ লক্ষ টাকা বৃদ্ধি ঘটিয়াছে।

দামোদর উপত্যকা কর্পোরেশনকে যে মূলধন অগ্রিম দেওয়া হইয়াছিল তাহার সুদ বাবত আদায়কে আদায় বাজেটে প্রদর্শন করার দরুন "সুদ" খাতে ৩ কোটি ৯৯ লক্ষ টাকা বৃদ্ধি ঘটিয়াছে। হিসাবের খাত পরিবর্তনের জন্য পূর্বাপর বৎসরের ন্যায় ব্যয়-হ্রাস দেখানো হয় নাই।

সার বিক্রয়ের অধিকতর প্রত্যাশা থাকায় "কৃষি" খাতে ৭৫ লক্ষ টাকা বৃদ্ধি পাইয়াছে।

দুর্গাপুরস্থিত রাজ্য পরিবহণ সংস্থা হইতে প্রত্যাশিত আদায়ের পরিমাণ বাড়িয়া যাওয়া "সড়ক ও নৌ পরিবহণ পরিকল্প" খাতে ২৬ লক্ষ টাকা বৃদ্ধি ঘটিয়াছে।

কেন্দ্রীয় সাহায্য বকেয়া আদায়ের হিসাবে না ধরার দরুন "বিবিধ" খাতে ৪১ লক্ষ টাকার হ্রাস হয়।

প্রত্যাশিত আদায়ের পরিমাণ বাড়িয়া যাওয়ায় "কেন্দ্রীয় অন্তঃশুল্কে রাজ্যের অংশ" খাতে ৮৭ লক্ষ টাকা বৃদ্ধি ঘটিয়াছে।

বেরিলী হইতে আমিনগাঁও পর্যন্ত জাতীয় সড়কে সেতু ও পথ নির্মাণের জন্য কেন্দ্রীয় সাহায্যের বরাদ্দ থাকায় "কেন্দ্রীয় সরকারের নিকট হইতে সহায়ক অনুদান" খাতে ৫ কোটি ৮৯ লক্ষ টাকা বৃদ্ধি সম্ভব হইয়াছে। এই নির্মাণকার্যে প্রায় ৫ কোটি টাকা ব্যয় হইতেছে এবং ভারত-সরকার উহার সম্পূর্ণ ব্যয়ভার বহন করিবেন।

রাজস্ব ব্যয়

১৯৬৪-৬৫ সালের সংশোধিত আনুমানিক হিসাবের ১৪৪ কোটি ৯৪ লক্ষ টাকার স্থলে ১৯৬৫-৬৬ সালের আনুমানিক বাজেটে রাজস্ব ব্যয়ের পরিমাণ দাঁড়াইয়াছে ১৬৯ কোটি ৮৩ লক্ষ টাকা। উহাতে ২৪ কোটি ৮৯ লক্ষ টাকা বৃদ্ধি ঘটিয়াছে। উন্নয়নের জন্য ঋণের ক্ষেত্রে

সুদের পরিমাণ ক্রমানুয়ে বাড়িয়া যাওয়ায় এবং দামোদর উপত্যকা কর্পোরেশনের হিসাবের খাত পরিবর্তনের ফলে "ঋণ ও অন্যান্য দায়ের জন্য সুদ" খাতে ৬ কোটি ৮৬ লক্ষ টাকা বৃদ্ধি ঘটিয়াছে।

প্রধানত সশস্ত্র পুলিস বাহিনীর সম্প্রসারণ, পুলিসের যানবাহন ব্যবস্থা শক্তিশালী করা এবং সীমান্ত পুলিস বাহিনীর পুনর্গঠনের দরুন "পুলিস" খাতে ১ কোটি ৪১ লক্ষ টাকা বৃদ্ধি ঘটিয়াছে।

নূতন খাদ্যনীতি রূপায়নের জন্য অধিকতর বরাদ্দের প্রয়োজন হওয়ায় "বিবিধ বিভাগ—অগ্নি-নির্বাপণ কৃত্যক বাদে" খাতে ৯৯ লক্ষ টাকা বৃদ্ধি ঘটিয়াছে।

প্রধানত পরিকল্পনান্তর্গত পরিকল্পগুলির জন্য অধিকতর ব্যয়বরাদ্দের দরুন পরবর্ণিত বৃদ্ধিসমূহ ঘটিয়াছে: "শিক্ষা" খাতে ২ কোটি ৩৬ লক্ষ টাকার বৃদ্ধি, "চিকিৎসা" খাতে ১ কোটি টাকার বৃদ্ধি, "কৃষি" খাতে ১ কোটি ৫২ লক্ষ টাকার বৃদ্ধি, "পশুপালন" খাতে ১ কোটি ২১ লক্ষ টাকা বৃদ্ধি, "সমষ্টি-উন্নয়ন প্রকল্প ইত্যাদি" খাতে ৪৬ লক্ষ টাকার বৃদ্ধি, "পূর্ত", খাতে ৪ কোটি ১৭ লক্ষ টাকার বৃদ্ধি এবং "বন" খাতে ৩০ লক্ষ টাকার বৃদ্ধি।

কলিকাতার উন্নয়নের জন্য অধিকতর ব্যাপক কর্মসূচি গ্রহণ করায় "বৃহত্তর কলিকাতা উন্নয়ন পরিকল্প" খাতে ৫২ লক্ষ টাকা বৃদ্ধি পাইয়াছে।

পেনসন বৃদ্ধি এবং পরিবার পেনসন পরিকল্পের বরাদ্দের দরুন "পেনসন এবং অবসর গ্রহণ-সংক্রান্ত অন্যান্য সুবিধা" খাতে ৭০ লক্ষ টাকা বৃদ্ধি ঘটিয়াছে।

অসামরিক প্রতিরক্ষা পরিকল্পের জন্য অধিকতর ব্যয়বরাদ্দের প্রয়োজন হওয়ায় "১৯৬২ সালের জাতীয় জরুরী অবস্থা সম্পর্কিত ব্যয়" খাতে ৭১ লক্ষ টাকা বৃদ্ধি ঘটিয়াছে।

ঋণ ও অন্যান্য খাত

১৯৬৪-৬৫ সালের সংশোধিত আনুমানিক হিসাবের ৬১ কোটি ৩০ লক্ষ টাকার স্থলে ১৯৬৫-৬৬ সালে কেন্দ্রীয় সরকারের নিকট হইতে ঋণের আনুমানিক হিসাব ধরা হইয়াছে ৫৯ কোটি ১৩ লক্ষ টাকা। কেন্দ্রীয় সাহায্যের বকেয়া বরাদ্দ ধরা হয় নাই বলিয়া প্রধানত এই ২ কোটি ১৭ লক্ষ টাকার হ্রাস ঘটিয়াছে।

পরিকল্পনার মধ্যে এবং পরিকল্পনার বাহিরে ব্যয়ের উদ্দেশ্যে দামোদর উপত্যকা কর্পোরেশনের জন্য কেন্দ্রীয় ঋণ সহায়তাস্বরূপ ৬ কোটি ৪৫ লক্ষ টাকার বরাদ্দ আদায়ের খাতে ধরা হইয়াছে। দামোদর উপত্যকা কর্পোরেশন ব্যতীত পরিকল্পনান্তর্গত অন্যান্য পরিকল্পগুলির জন্য কেন্দ্রীয় ঋণ-সহায়তার পরিমাণ হইবে ২৮ কোটি ৬৮ লক্ষ টাকা। ১৯৬৫-৬৬ সালে স্বল্প সঞ্চয় সংগ্রহে আমাদের অংশের আনুমানিক হিসাব ধরা হইয়াছে ১৫ কোটি ৫০ লক্ষ টাকা।

কেন্দ্র কর্তৃক প্রবর্তিত পরিকল্পগুলির জন্য কেন্দ্রীয় ঋণের পরিমাণ হইবে ৫ কোটি ২৮ লক্ষ টাকা এবং উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসনের জন্য এই ঋণের পরিমাণ হইবে ১ কোটি ৭০ লক্ষ টাকা।

আগামী বৎসর ভারত-সরকারের নিকট হইতে সার ক্রয় বাবত কৃষিজীবিগণের মধ্যে বিতরণের জন্য ৩৮ লক্ষ টাকা এবং পুলিশ আবাসন পরিকল্পের জন্য ১ কোটি ১৩ লক্ষ টাকা ঋণ-সহায়তারূপে পাওয়া যাইবে।

১৯৬৫-৬৬ সালের আনুমানিক হিসাবে বাজার হইতে ঋণ সংগ্রহ বাবত ১০ কোটি টাকার ব্যবস্থা রাখা হইয়াছে।

বিতরণের ক্ষেত্রে অন্যান্য বিষয়ের মধ্যে নিম্নলিখিত বরাদ্দগুলি করা হইয়াছে:

(ক) সার ক্রয় বাবত কৃষিজীবিগণের জন্য ৩৮ লক্ষ টাকা।

(খ) কৃষিজীবিদের জন্য ৬০ লক্ষ টাকা।

(গ) প্রবাদিপত্র ক্রয়ঋণ বাবত ২৮ লক্ষ টাকা।

(ঘ) মধ্য-আয়বিশিষ্ট ব্যক্তিদের আবাসন পরিকল্প বাবত ২৫ লক্ষ টাকা।

(ঙ) "শিল্প আইনে রাষ্ট্রীয় সাহায্য" খাতে ৩০ লক্ষ টাকা।

(চ) দুর্গাপুর কেমিক্যালস এর জন্য ১ কোটি ৫০ লক্ষ টাকা।

(ছ) দুর্গাপুর প্রকল্প লিমিটেডের জন্য ৬ কোটি ৪৯ লক্ষ টাকা।

(জ) বৃহত্তর কলিকাতা দুগ্ধ সরবরাহ পরিকল্পের জন্য ২১ লক্ষ টাকা।

(ঝ) পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদের জন্য ৭ কোটি ৯২ লক্ষ টাকা।

(ঞ) বৃহত্তর কলিকাতায় জরুরী জল-সরবরাহ পরিকল্প বাবত ৪৮ লক্ষ টাকা।

(ট) কলিকাতা-দমদম সুপার হাইওয়ের জন্য ৪৮ লক্ষ টাকা।

(ঠ) স্বল্প-আয়বিশিষ্ট ব্যক্তিদের জন্য আবাসন পরিকল্প বাবত ২০ লক্ষ টাকা।

(ড) সমষ্টি-উন্নয়ন প্রকল্পগুলির জন্য ৮৮ লক্ষ টাকা।

(ঢ) উদ্বাস্তুদের জন্য ৬০ লক্ষ টাকা।

মূলধনী খাতে ব্যয়

১৯৬৪-৬৫ সালের সংশোধিত আনুমানিক হিসাবের ৩৯ কোটি ২ লক্ষ টাকার স্থলে ১৯৬৫-৬৬ সালের আনুমানিক বাজেটে মূলধনী খাতে ব্যয়ের জন্য সামগ্রিক বরাদ্দের পরিমাণ ৩৯ কোটি ১৯ লক্ষ টাকা। বৃদ্ধি ঘটিয়াছে ১৭ লক্ষ টাকার।

১৯৬৫-৬৬ সালের বাজেটে মূলধনী খাতে ব্যয়ের গুরুত্বপূর্ণ বিষয়গুলিতে বরাদ্দের হিসাব এইরূপ :

(১) "জমিদারী উচ্ছেদের ফলে জমিদার ইত্যাদিকে ক্ষতিপূরণ প্রদান" খাতে ৪ কোটি টাকা বরাদ্দ করা হইয়াছে।

(২) প্রধানত গভীর নলকূপ এবং উত্তোলনমূলক সেচের ব্যাপারে "কৃষি-উন্নয়ন এবং গবেষণা সংক্রান্ত পরিকল্পে মূলধন বিনিয়োগ" খাতে ৩ কোটি টাকা বরাদ্দ করা হইয়াছে।

(৩) মুখ্যত হাবরায় কল্যাণ স্পিনিং মিলস লিমিটেডের দ্বিতীয় এক ইউনিট স্থাপন এবং সমবায়মূলক প্রতিষ্ঠান সমূহের শেয়ারে লগ্নীর জন্য "শিল্প-সংক্রান্ত ও আর্থনীতিক উন্নয়নে মূলধন বিনিয়োগ" খাতে বরাদ্দ করা হইয়াছে ১ কোটি ৫ লক্ষ টাকা।

(৪) ময়ূরাক্ষী ও কংসাবতী জলাধার প্রকল্প বাবত "বহুমুখী নদী পরিকল্পে মূলধন বিনিয়োগ" খাতে ব্যয়িক হইবে ২ কাটি ২২ লক্ষ টাকা।

(৫) "বহুমুখী নদী পরিকল্পে মূলধন বিনিয়োগ—দামোদর উপত্যকা কর্পোরেশন" খাতে ৬ কোটি ৪৫ লক্ষ টাকা বরাদ্দ করা হইয়াছে। ইহার মধ্যে আছে পরিকল্পনার বরাদ্দ ১ কোটি ৮ লক্ষ টাকা।

(৬) বিবিধ সেচ ও নিকাশী পরিকল্পের জন্য "সেচ, নৌ-চলাচল, বাঁধ ও জলনিকাশী কার্যাদির (বাণিজ্যিক) ব্যাপারে মূলধন বিনিয়োগ" খাতে ৫২ লক্ষ টাকা বরাদ্দ করা হইয়াছে।

(৭) বিভিন্ন পরিকল্পনা ও অন্যান্য পরিকল্পের সহিত সংশ্লিষ্ট নির্মাণকার্যের জন্য "পূর্ত-কার্যে মূলধন বিনিয়োগ" খাতে ৬ কোটি ৫৭ লক্ষ টাকা বরাদ্দ করা হইয়াছে।

(৮) "পূর্ত-কার্যে মূলধন বিনিয়োগ" খাতে রাজ্যের সড়ক উন্নয়নের জন্য বরাদ্দ অর্থের পরিমাণ ৫ কোটি ১৩ লক্ষ টাকা।

(৯) সাহায্যপ্রাপ্ত শিল্পশ্রমিক আবাসন পরিকল্প বাবত ৪১ লক্ষ টাকা, নিম্ন-আয়গোষ্ঠীর জন্য আবাসন পরিকল্প বাবত ৫৮ লক্ষ টাকা, মধ্য-আয়বিশিষ্ট ব্যক্তিদের আবাসন পরিকল্প বাবত ৭০ লক্ষ টাকা, ভাড়াযুক্ত আবাসন পরিকল্প বাবত ৫০ লক্ষ টাকা এবং ভূমিগ্রহণ ও উন্নয়ন পরিকল্প বাবত আরও ৫০ লক্ষ টাকা বরাদ্দ করা হইয়াছে।

(১০) লবণহ্রদ উদ্ধার পরিকল্পের ব্যাপারে ব্যয়িত হইবে ১ কোটি ৭০ লক্ষ টাকা।

(১১) হাওড়া ও শিয়ালদহ রেল স্টেশনের চারিপাশের এলাকার নিকটে যানবাহন সম্পর্কিত অবস্থার উন্নতিকল্পে ৬০ লক্ষ টাকা ব্যয়িত হইবে।

(১২) কলিকাতায় গ্যাস সরবরাহ ব্যবস্থার উন্নতির জন্য ৩৭ লক্ষ টাকা নির্দিষ্ট করিয়া রাখা হইয়াছে।

(১৩) কলিকাতার কেন্দ্রীয় দোহশালায় উন্নয়নের উদ্দেশ্যে ৮০ লক্ষ টাকা ব্যয় করা হইবে।

(১৪) "অন্যান্য কার্যে মূলধন বিনিয়োগ--বাস্তুচ্যুত ব্যক্তিদের জন্য ব্যয়" খাতে উপনিবেশ স্থাপন পরিকল্পের জন্য ১ কোটি ১০ লক্ষ টাকা বরাদ্দ আছে।

নীট ফল

১৯৬৫-৬৬ সালের রাজস্বে ঘাটতির পরিমাণ ১৭ কোটি ৮৩ লক্ষ টাকা। রাজস্ব হিসাবের বাহিরে উদ্বৃত্তের পরিমাণ ১০ কোটি ৭৮ লক্ষ টাকা। এইরূপে মোট ঘাটতির পরিমাণ দেখা যায় ৭ কোটি ৫ লক্ষ টাকা। প্রারম্ভিক তহবিলের ১৩ লক্ষ টাকা হিসাবে ধরিলে বর্ষান্তিক মোট নঙর্থক তহবিলের অঙ্ক দাঁড়ায় ৬ কোটি ৯২ লক্ষ টাকা।

কর ধার্য

রাজস্বের ঘাটতি পূরণের জন্য আমি নূতন কোনও কর ধার্যের প্রস্তাব করি নাই।

কয়েকটি সুবিধাদায়ক ব্যবস্থা

[3-30—3-40 p.m.]

সদস্যগণ স্মরণ করিতে পারেন যে, আমার বিগত বাজেট বিবৃতিতে আমি সরকারী কর্মচারীদের জন্য যথোপযুক্ত সুবিধাদায়ক ব্যবস্থা এবং নিরপত্তামূলক কল্যাণব্যবস্থা প্রবর্তনে সরকারের সঙ্কল্পের উল্লেখ করিয়াছিলাম। তদনুসারে প্রথম বৎসরে ১.৭৫ কোটি টাকা ব্যয়ে সকল সরকারী কর্মচারী ও তাঁহাদের পরিবারবর্গের জন্য চিকিৎসাগত সুবিধার একটি পরিকল্প চালু করা হইয়াছিল। বর্ধিত জীবনধারণের ব্যয় আংশিকভাবে মিটাইবার জন্য মাসে ৩০০ টাকা পর্যন্ত যাঁহারা বেতন পান এরূপ সকল স্বল্প বেতনভোগী সরকারী কর্মচারীকে মহার্ঘভাতা দানের ব্যবস্থা করা হইয়াছিল। বেসরকারী প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক-গণকে মহার্ঘভাতা দিবার জন্য যথোচিত সাহায্য ব্যবস্থাও করা হইয়াছিল। প্রাথমিক পর্যায়ে মহার্ঘভাতা বাবত বার্ষিক মোট ব্যয়ের পরিমাণ ছিল প্রায় ২.৫ কোটি টাকা।

আমি ঘোষণা করিতে পারিয়া আনন্দ বোধ করিতেছি যে, সরকার মহার্ঘভাতার হার সংশোধন করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন এবং ইহার ফলে আগামী আর্থিক বৎসর হইতে যাঁহারা মাসে ১৫০ টাকা পর্যন্ত বেতন পান তাঁহাদের মহার্ঘভাতার হার ৫ টাকা হইতে বাড়িয়া ১০ টাকা হইবে এবং যাঁহারা মাসে ১৫১ টাকা হইতে ৩০০ টাকা পর্যন্ত বেতন পান তাঁহাদের ক্ষেত্রে মহার্ঘভাতার হার ১০ টাকা হইতে বাড়িয়া ২০ টাকা হইবে। এই বেতন ক্রমগুলি ছাড়া যাঁহারা মাসে ৩০১ টাকা হইতে ৬০০ টাকা পর্যন্ত বেতন পান তাঁহারা সকলেই এখন প্রতি মাসে ৩০ টাকা মহার্ঘভাতা পাইবেন।

সরকার সিদ্ধান্ত করিয়াছেন যে, মহার্ঘভাতার উদ্দেশ্যে ১৯৬৫-৬৬ আর্থিক বৎসরের শুরু হইতে পুরাতন হারের পরিবর্তে নিম্নলিখিত নূতন পদ্ধতিকে সকল বে-সরকারী অনুমোদিত বিদ্যায়তনগুলিকে সাহায্য দেওয়া হইবে:

		মহার্ঘভাতার পরিমাণ
(১) প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক	.. ..	মাথাপিছু মাসে ১০ টাকা।
(২) মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক	.. ..	মাথাপিছু মাসে ১০ টাকা।
(৩) কলেজের ও সরকারী উদ্যোগে পরিচালিত পলিটেক্‌নিকের শিক্ষক	.. ..	মাথাপিছু মাসে ১৫ টাকা।
(৪) স্কুল ও কলেজের শিক্ষাকার্যে নিযুক্ত নন এরূপ কর্মচারী	.. ..	মাথাপিছু মাসে ১০ টাকা।

আশা করা যায় যে, ম্যানেজিং কমিটি ও গভর্নিং বডিগুলি সম্ভবমত অন্যান্য সুবিধাদানের ব্যবস্থা করিবেন। সংশোধিত হারের মহার্ঘভাতার বিস্তারিত পরীক্ষা সাপেক্ষে ১৯৬৫-৬৬ সালের আনুমানিক বাজেটে অতিরিক্ত ৩ কোটি টাকার বরাদ্দ করা হইয়াছে। কিন্তু প্রকৃত ব্যয় বরাদ্দ অপেক্ষা অনেক বেশি হইবার সম্ভাবনা।

আমি আরও ঘোষণা করিতে আনন্দ বোধ করিতেছি যে, সরকার নিম্নলিখিত নিরাপত্তামূলক ও সুবিধাদায়ক ব্যবস্থাগুলিও গ্রহণ করার সিদ্ধান্ত করিয়াছেন :—

(১) পাঁচ বৎসর কাজ করার পর যাঁহাদের মৃত্যু হইবে এরূপ সকল সরকারী কর্মচারীর পরিবারের জন্য পারিবারিক পেনসন;

(২) স্বাস্থ্যবিষয়ক কারণে কিংবা নির্দিষ্ট বয়ঃসীমা অতিক্রমের পর অবসর গ্রহণকারী অস্থায়ী সরকারী কর্মচারীর জন্য পেনসন;

(৩) কলিকাতা ও হাওড়া অঞ্চলে নিযুক্ত সরকারী কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য বর্তমান বাড়িভাড়া ভাতা-সম্পর্কিত নিয়মাবলীর উদারতাবিধান;

(৪) বর্তমানের সর্বোচ্চ সীমা মাসিক ১০০ টাকা পেনসনের ক্ষেত্রে মাসিক ২৫০ টাকা পর্যন্ত যাঁহারা পেনসন পান তাঁহাদের পেনসনের সাময়িক বৃদ্ধি এবং

(৫) অবসর গ্রহনের পর প্রাপ্য সুবিধাদির হার সংশোধন।

এই সব ব্যবস্থার ফলে প্রাথমিক পর্যায়ে বার্ষিক প্রায় ৭০ লক্ষ টাকা অতিরিক্ত ব্যয় হইবে এবং বৎসরের পর বৎসর ক্রমশ এই ব্যয় বাড়িবে।

১৯৬৫ সালের এপ্রিল মাস হইতে বিধানসভা ও বিধান পরিষদের সদস্যগণের দৈনিকভাতা ও যানবাহনের ভাতা দৈনিক ১৭.৫ টাকা হইতে বাড়াইয়া ২৫ টাকা করা হইবে এবং তাঁহাদের মাসিক বেতন ২০০ টাকা হইতে বাড়াইয়া ২৫০ টাকা করা হইবে—এই ঘোষনাটিও করিতে পারিয়াও আমি আনন্দ বোধ করিতেছি। ব্যয় সঙ্কোচের ব্যবস্থা হিসাবে মন্ত্রিগণ বর্তমানের মাসিক ১,০০০ টাকা বেতন হ্রাস করিয়া মাসে ৯০০ টাকা বেতন লইবার সিদ্ধান্ত করিয়াছেন।

তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনা

পরিকল্পনা কমিশন পশ্চিমবঙ্গের জন্য তৃতীয় পরিকল্পনায় ২৫০ কোটি টাকার বিনিয়োগ নির্ধারণ করেন। তন্মধ্যে কেন্দ্রীয় সহায়তার পরিমাণ ১৬০ কোটি টাকা এবং রাজ্যের সূত্র হইতে দেয় অর্থের পরিমাণ ৯০ কোটি টাকা। তবে রাজ্যের অর্থসঙ্গতি ১৩৩ কোটিতে বর্ধিত করিতে পারিলে পরিকল্পনা কমিশন ২৯৩ কোটি টাকার কার্যকর পরিকল্পনায় সম্মতি দেন। তাঁহারা আরও সম্মত হইয়াছিলেন যে, রাজ্যের প্রাপ্তব্য আর্থিক সঙ্গতির হিসাব লইবার পর রাজ্যের বার্ষিক পরিকল্পনাগুলি নির্দিষ্ট করা হইবে। অবশ্য, এই রাজ্যে তৃতীয় পরিকল্পনার অগ্রগতির সঙ্গে সঙ্গে ক্রমেই ইহা স্পষ্ট বোঝা গিয়াছে যে, ২৯৩ কোটি টাকার মধ্যে রাজ্যের পরিকল্পনা সীমিত রাখা সম্ভব নয়। শিক্ষা, সড়ক, সড়ক পরিবহন, স্বাস্থ্য, শিল্প এবং বিশেষ করিয়া শক্তি-সংক্রান্ত কতকগুলি অপরিহার্যরূপে জরুরী উন্নয়ন প্রকল্প তৃতীয় পরিকল্পনার অন্তর্ভুক্ত করিতে

হইয়াছে। বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাগণকে উন্নততর বেতনক্রম দানের ফলে রাজ্য পরিকল্পনার অর্থের পরিমাণ অনিবার্যভাবে বৃদ্ধি পাইয়াছে। ফলস্বরূপ, গত কয়েক বৎসরের কার্যধারা অনুযায়ী এই রাজ্যের তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার চিত্র দাঁড়াইয়াছে এইরূপ।

(কোটি টাকার হিসাবে)

	১৯৬১-৬২	১৯৬২-৬৩	১৯৬৩-৬৪	১৯৬৪-৬৫	১৯৬৫-৬৬	মোট	শতকরা হিসাব
রাজ্যের অর্থ-সংগতি	১৮.৩(ক)	২৮.৮(ক)	৩৬.৭	৩৫.৬(খ)	৩৪.৬(খ)	১৫৪.০	৪৯.৬
কেন্দ্রীয় সহায়তা	২২.৫	২৩.১	৩০.৪	৩৯.৭	৪০.৭	১৫৬.৪	৫০.৪
মোট	৪০.৮(ক)	৫১.৯(ক)	৬৭.১	৭৫.৩(খ)	৭৫.৩(খ)	৩১০.৪	১০০.০

(ক) রাজ্য বিদ্যুৎ পর্ষদ কর্তৃক গৃহীত বাজারের ঋণ (১৯৬১-৬২ সালে ২ কোটি টাকা এবং ১৯৬২-৬৩ সালে ১ কোটি ৬০ লক্ষ টাকা) ইহার অন্তর্ভুক্ত।

(খ) রাজ্য বিদ্যুৎ পর্ষৎ কর্তৃক গৃহীত বাজারের ঋণ (১৯৬৪-৬৫ সালে ৩ কোটি ৩০ লক্ষ টাকা, ১৯৬৫-৬৬ সালে ৩ কোটি ১০ লক্ষ টাকা) এবং ৬ কোটি ৯০ লক্ষ টাকার ব্যবধান ইহার অন্তর্ভুক্ত।

অর্থাৎ দেখা যাইতেছে যে, তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় আমাদের প্রত্যাশিত লগ্নীর পরিমাণ হইবে ৩১০ কোটি টাকা। অবশ্য পরিকল্পনা খাতে কেন্দ্রীয় সহায়তার পরিমাণে হ্রাস ঘটিয়াছে। জরুরীকালীন অবস্থায় সর্বক্ষেত্রেই কেন্দ্রীয় সহায়তার পরিমাণ হ্রাস পায় এবং ফলে কেন্দ্রীয় সহায়তাস্বরূপে প্রথমে যে ১৬০ কোটি টাকা প্রদানের কথা ছিল সেই অঙ্ক সংশোধিত হইয়া দাঁড়ায় ১৫৬ কোটি ৪০ লক্ষ টাকা। ইহার উপর আবার ১৯৬৪ সালের ডিসেম্বর মাসে দিল্লীতে অনুষ্ঠিত পরিকল্পনা বিষয়ক বার্ষিক আলোচনাসভায় এই প্রথম পরিকল্পনা কমিশন জানান যে, ১৯৬৩-৬৪ সালে কৃষি খাতে ব্যয়ের পরিমাণ কম হওয়ার দরুন ১৫৬ কোটি ৪০ লক্ষ টাকার কেন্দ্রীয় সহায়তা হইতে ঐ ২ কোটি টাকা বাদ দেওয়া হইবে। এইভাবে প্রতিশ্রুত মোট কেন্দ্রীয় সহায়তা হইতে টাকা কাটিয়া লওয়ার ব্যাপারটি পূবে স্থিরীকৃত শর্তাদির সহিত সঙ্গতিপূর্ণ নয়। ইহার প্রতি পরিকল্পনা কমিশনের দৃষ্টি আকর্ষণ করিয়া আমি দাবি করি, যেভাবেই হউক পশ্চিমবঙ্গকে প্রতিশ্রুত ১৫৬ কোটি ৪০ লক্ষ টাকার কেন্দ্রীয় সহায়তা পুরাপুরি প্রদান করিতে হইবে। আমরা উল্লেখ করি যে এই রাজ্যের অর্থসঙ্গতি ৯০ কোটি টাকা হইতে ১৫০ কোটিরও অধিক টাকায় বৃদ্ধি পাইয়াছে এবং পরিকল্পনা বাবত আমাদের ব্যয়ের পরিমাণ ২৫০ কোটি টাকা হইতে প্রায় ৩১০ কোটি টাকায় বর্ধিত হইয়াছে। অর্থাৎ, রাজ্যসরকার আপন অর্থসঙ্গতি বৃদ্ধির জন্য সর্বাধিক প্রযত্ন করিয়াছেন এবং আমাদের তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় লগ্নীকৃত মোট অর্থের অর্ধাংশই এখন রাজ্যের নিজস্ব রাজকোষ হইতে প্রদত্ত। পরিকল্পনার কমিশন সম্প্রতি স্বীকার করিয়াছেন যে এই রাজ্যে অতীব সুষ্ঠুভাবে কার্য সম্পাদিত হইতেছে। তৎসত্ত্বেও এইরূপে কেন্দ্রীয় সহায়তা হইতে অর্থ হ্রাস করিলে তাহা আমাদের রাজ্যের পক্ষে শাস্তিস্বরূপ হইবে। এই প্রসঙ্গে ইহাও উল্লেখযোগ্য যে, কেন্দ্রীয় সরকার কর্তৃক নিযুক্ত সচদেব কমিটির সুপারিশের ভিত্তিতে কেবল বিদ্যুৎশক্তি খাতে উন্নয়নে জন্য আমাদের অতিরিক্ত প্রায় ৩২ কোটি টাকার ব্যয় বহন করিতে হইবে। বিদ্যুৎশক্তি উন্নয়নার্থ আমাদের পক্ষ হইতে বিনিয়োগের পরিমাণ প্রভূত ভাবে বৃদ্ধি করা সত্ত্বেও এই খাতে অতিরিক্ত কেন্দ্রীয় সহায়তা আমরা লাভ করিতে পারি নাই। এই রাজ্যে বিদ্যুৎশক্তি উন্নয়নের জন্য প্রয়োজনের অতিরিক্ত আর্থিক সঙ্গতির সবটাই রাজ্য সরকারকে আপন উদ্যোগে সংগ্রহ করিতে হইয়াছে। পরিকল্পনায় লগ্নীকৃত অর্থের পরিমাণ এরূপে বৃদ্ধি করার উদ্দেশ্যে রাজ্য সরকার সর্বপ্রযত্ন করিয়াছেন। এই পর্যায়ে কেন্দ্রীয় সহায়তার পরিমাণ হ্রাস করা অনুচিত হইবে এবং তাহা এই রাজ্যের পরিকল্পিত

উন্নয়নের গতিবেগকে ব্যাহত করিবে। আমাদের তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার জন্য কেন্দ্রীয় সহায়তাস্বরূপে প্রতিশ্রুত অঙ্কের পরিপূর্ণ অংশই প্রদানের জন্য আমি ভারত-সরকারকে সনির্বন্ধ অনুরোধ জানাই।

পরিকল্পনায় অর্থ বিনিয়োগ

[2-40—3-50 p.m.]

১৯৬৩-৬৪ সালের বাজেটে আমরা পরিকল্পনায় বিনিয়োগের জন্য ৬৪ কোটি ৫৩ লক্ষ টাকা বরাদ্দ করি। ঐ বৎসরের জন্য সংশোধিত আনুমানিক হিসাবে পরিকল্পনা বাবত ৭০ কোটি ৬০ লক্ষ টাকা বিনিয়োগে ব্যবস্থা হয়। সেই অনুযায়ী ১৯৬৩-৬৪ সালে পরিকল্পনা বাবদ প্রকৃত ব্যয়ের পরিমাণ ৬৭ কোটি ৯ লক্ষ টাকা। কাজেই ঐ বৎসর পরিকল্পনা রূপায়ণে আমরা বজেটে বরাদ্দ ৬৪ কোটি ৫৩ লক্ষ টাকার শতকরা একশত ভাগের অধিক পরিমাণ অর্থ ব্যয় করিয়াছি।

১৯৬৪-৬৫ সালের সংশোধিত পরিকল্পনায় বিনিয়োগের পরিমাণ দাঁড়াইয়াছে ৭৫.৩৩ কোটি টাকা। রাজ্য বিদ্যুৎ পর্ষদের বাজার ঋণ হইতে প্রদেয় ৩.৩ কোটি টাকার ব্যয় ইহার অন্তর্ভুক্ত। আমি ইতিপূর্বে উল্লেখ করিয়াছি যে, উন্নয়নের কতিপয় গুরুত্বপূর্ণ দফায় পরিকল্পনার মূল বরাদ্দ অপেক্ষা আমরা অনেক অধিক ব্যয় করিয়া আসিতেছি। ফলে রাজ্য পরিকল্পনার আকার অবিরত উর্ধবদিকে সংশোধন করিতে হইয়াছিল এবং ইহার ফলস্বরূপ রাজ্য সরকারের সম্পদের উপর যে চাপ পড়ে তাহা গুরুতর হইয়াছে।

রাজ্য বিদ্যুৎ পর্ষদ কর্তৃক বাজার হইতে সংগৃহীতব্য ঋণ হইতে প্রদাতব্য বিদ্যুৎ বাবত ব্যয় ৩.১০ কোটি টাকা সহ ১৯৬৫-৬৬ সালের বাজেট বরাদ্দে আমরা ৭৫.২৮ কোটি টাকার পরিকল্পনা-বিনিয়োগ অন্তর্ভুক্ত করিয়াছি। এই বরাদ্দে আমরা মোট প্রতিশ্রুত ১৫৬.৪ কোটি টাকার বকেয়া কেন্দ্রীয় সাহায্য ৪০.৭৬ কোটি টাকা ধরিয়াছি। আমাদের রাজ্যের সম্পদের পরিমাণ হইবে ২৪.৫০ কোটি টাকা। এইরূপে মোট প্রাপ্তিযোগ্য পরিকল্পনার সম্পদের পরিমাণ হইবে ৬৫.২৬ কোটি টাকা। রাজ্য বিদ্যুৎ পর্ষদের বাজার ঋণ হইতে প্রদাতব্য বিদ্যুৎ বাবত ৩.১০ কোটি টাকার ব্যয় বাদ দিয়া আমাদের হিসাবকৃত পরিকল্পনা বিনিয়োগের পরিমাণ দাঁড়ায় ৭২.১৮ কোটি টাকা। ১৯৬৫-৬৬ সালের বাজেট বরাদ্দে বরাদ্দীকৃত পরিকল্পনা বিনিয়োগের ৭২.১৮ কোটি টাকা এবং আনুমানিক সম্পদ ৬৫-২৬ কোটি টাকার ব্যবধান মোট ঘাটতি স্বরূপ দেখান হইয়াছে।

তৃতীয় পরিকল্পনার সাফল্যের পর্যালোচনা

তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার চতুর্থ বৎসর আমরা এখন পূর্ণ করিতে চলিয়াছি। তৃতীয় পরিকল্পনার সাফল্যের মূল্যায়নের এখন সময় উপস্থিত হইয়াছে। পরিকল্পনায় গৃহীত বিভিন্ন উন্নয়ন কর্মসূচির লক্ষ্য ও সাফল্য আমার বাজেট বক্তৃতার স্বল্প পরিসরে নির্দেশ করা সম্ভব নয়। মাননীয় সদস্যদের নিকট পৃথকভাবে উপস্থাপিত শ্বেত গ্রন্থে (হোয়াইট বুক) সমগ্র উন্নয়ন কর্মসূচিতে তাহাদের অগ্রগতির পূর্ণ বিবরণ পাওয়া যাইবে। এখানে আমাদের পরিকল্পনা প্রয়াসের কতিপয় গুরুত্বপর্ণ বিভাগে আমাদের অগ্রগতির একটি সংক্ষিপ্ত পর্যালোচনায় আমি নিজেকে সীমাবদ্ধ রাখিব। এই সম্পর্কে আমি উল্লেখ করিতে চাই যে, ১৯৬৩ সালের ডিসেম্বরে বিভিন্ন রাজ্যের পরিকল্পনা কর্মকাণ্ডের একটি মধ্যকালীন মূল্যায়ন পরিকল্পনা কমিশন করিয়াছিলেন। এই মূল্যায়নে ভারতবর্ষের সকল রাজ্যের মধ্যে পশ্চিমবঙ্গের পরিকল্পনা রূপায়ণই সর্বোত্তম বলিয়া বিবেচিত হয়। সমস্যা-কণ্টকিত এই পশ্চিমবঙ্গ রাজ্যের বিবিধ অসুবিধা সত্ত্বেও আমরা যে তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনা রূপায়ণে এত ভাল কাজ করিতে পারিয়াছি ইহাকে আমি কম সাফল্য মনে করি না।

সাধারণ লোকের জীবনযাপন ব্যবস্থার উন্নতিবিধানই সকল পরিকল্পনার সর্বশেষ লক্ষ। এই মাপকাঠিতে আমাদের পরিকল্পনা-প্রয়াসের সাফল্য সর্বোত্তমভাবে বিচার করা যাইতে পারে। সুতরাং সাধারণ লোকের সহিত সর্বাধিক যুক্ত আমাদের পরিকল্পনার বিভাগগুলিতে আমাদের লক্ষ্য ও সাফল্য সম্পর্কে আমি আলোচনা করিতে ইচ্ছা করি। নিচের বিবৃতিতে আমি কৃষি-উৎপাদন, স্বাস্থ্য, গৃহনির্মাণ, শিক্ষা, সড়ক ও বিদ্যুতের ক্ষেত্র আমাদের তৃতীয় পরিকল্পনার লক্ষ ও সাফল্যের হিসাব উপস্থিত করিয়াছি।

কতিপয় গুরুত্বপূর্ণ লক্ষ্য ও সাফল্য* নিম্নে দেওয়া হইল

দফা	তৃতীয় পরিকল্পনার লক্ষ্য (১৯৬১-৬৬)	আনুমানিক সাফল্য (১৯৬১-৬৬)
কৃষি-উৎপাদন		
(ক) শস্যোৎপাদন—		
খাদ্যশস্য (চাউল) (লক্ষ টনে)—		
সৃষ্ট উৎপাদন-সম্ভাবনা (১৯৬০-৬১-র উপর অতিরিক্ত)	৯.৩৯**	৯.০০
তৈলবীজ-উৎপাদন (হাজার টনে)	৬০.০০	৬০.০০
ইক্ষু-উৎপাদন (লক্ষ টনে)	১৭.০০	১৭.০০
পাট-উৎপাদন (লক্ষ গাঁইটে)	৩৫.০০	৩৫.০০
(খ) ক্ষুদ্র সেচ—		
মোট (লক্ষ একরে)	২.৯৫	৪.০০
বিদ্যুৎ (পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ)		
(১) স্থাপিত ক্ষমতা (০০০ কিলোওয়াট)	৪১৪.৪	৪১৪.৪
(২) বিদ্যুৎপ্রাপ্ত শহর ও গ্রাম (সংখ্যা)—		
গ্রামাঞ্চলে—		
বিদ্যুৎ সরবরাহ কর্মসূচি অনুসারে	২৯৩	২৯৩
সড়ক (০০০ মাইল)		
উপরিতল-সম্পন্ন সড়ক	২.২০	১.৮০†
উপরিতল-বিহীন সড়ক	০.৮০	০.৪০
স্বাস্থ্য		
হাসপাতাল/ডিসপেনসারী/প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র (সংখ্যা)—		
শহরাঞ্চলীয়	৫	৪
গ্রামাঞ্চলীয়	১৭৫	২৬৬
শয্যা (সংখ্যা)—		
শহরাঞ্চলীয় হাসপাতাল ও ডিসপেনসারী	৪,৪০০	২,৯৫০
প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ও ডিসপেনসারী	১,০০০	৯৭০

*সূত্র ঃ ১৯৬৫-৬৬ সালের জন্য পরিকল্পনা কমিশনের বার্ষিক পরিকল্পনা বিষয়ক আলোচনা সম্পর্কিত বিবরণ।

**চাউলের সংশোধিত উৎপাদন লক্ষ্য।

†উত্তরবঙ্গ ও আসানসোল-কলিকাতা শিল্পাঞ্চলের কতকগুলি পথ ইহার অন্তর্ভুক্ত নয়।

দফা	তৃতীয় পরিকল্পনার লক্ষ্য (১৯৬১-৬৬)	আনুমানিক সাফল্য (১৯৬১-৬৬)
গৃহনির্মাণ		
(১) শিল্পাঞ্চলে গৃহনির্মাণ (গৃহের সংখ্যা) ..	৭,৭০০	৫,৭৩৮
(২) নিম্ন-আয় সম্পন্নদের জন্য গৃহনির্মাণ (গৃহের সংখ্যা)	৩,৫০০	৩,২০৬
(৩) বস্তি অপসারণ (বাসগৃহ)	৬,০০০	৩,৯১৪
(৪) গ্রামে গৃহনির্মাণ (গৃহের সংখ্যা)	৩,৭০০	২,০৫০
(৫) বাগিচা শ্রমিকদের গৃহনির্মাণ (বাসগৃহ) ..	৮৩৪	৭২৬
(৬) শহরাঞ্চলের জমি অধিগ্রহণ এবং উন্নয়ন (একর)—		
অধিগৃহীত এলাকা	২,৪০০	২,৪০০
পুনরুদ্ধারীকৃত এলাকা	১,৪৭০	১,৪৮৯
সাধারণ শিক্ষা		
শিশুদের তালিকা-ভুক্তি (লক্ষে)—		
বয়স বিভাগ ৬—১১	১১.৫০	১২.৮৬
১১—১৪	২.৯২	২.৯২
১৪—১৭	২.০০	২.০০
শিক্ষক শিক্ষণ (সংখ্যা)	৪,৮১৬	২,৫৫৮

এই বিবৃতি হইতে স্বতই বোঝা যায় যে আমাদের পরিকল্পনা প্রয়াসের গুরুত্বপূর্ণ শাখাগুলির প্রায় সবগুলিতেই মোটামুটিভাবে লক্ষ্যে উপনীত হইতে আমরা সমর্থ হইয়াছি বলিয়া দাবী করিতে পারি।

চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনার জন্য আগাম কাজ

চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনার কাজ আরম্ভ হওয়ার সঙ্গে সঙ্গে অবিলম্বে গুরুত্বপূর্ণ ও জরুরী পরিকল্পগুলি শুরু করার একটি যথোপযুক্ত বনিয়াদ প্রস্তুত করার জন্য পরিকল্পনা কমিশন চাহিয়াছিলেন যে, তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার শেষ বৎসরে চতুর্থ পরিকল্পনা সম্পর্কিত কিছু আগাম ব্যবস্থা গ্রহণ করা উচিত। চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনার আগাম কাজের জন্য আমরা ১৯৬৫-৬৬ সালে প্রায় ৬ কোটি টাকা ব্যয় সুপারিশ করিয়াছিলাম। এই বিষয়টি দিল্লীতে বার্ষিক পরিকল্পনা আলোচনার সময় পরীক্ষা করিয়া দেখা হইয়াছিল। পরিকল্পনা কমিশনের উপদেষ্টা ১৯৬৫-৬৬ সালের জন্য প্রায় ৪.৩৫ কোটি টাকার ব্যয় সুপারিশ করিয়াছিলেন। পরিকল্পনা কমিশন অবশ্য এমতাবস্থায় ১৯৬৫-৬৬ সালে আগাম কাজ করার জন্য কি পরিমাণ কেন্দ্রীয় সাহায্য পাওয়া সম্ভব হইবে সে সম্বন্ধে কোন আভাস দিতে পারেন নাই। কাজেই আমরা যে সমস্ত পরিকল্প ইতিমধ্যে মঞ্জুর করিয়াছি সেগুলি ব্যতীত ইহার মধ্যে এতৎসম্পর্কিত অন্য কোন ব্যবস্থা অন্তর্ভুক্ত করা যুক্তিযুক্ত বিবেচনা করি

নাই। এই কাজের জন্য অতিরিক্ত কেন্দ্রীয় সাহায্য লওয়ার আবশ্যকতা সম্পর্কে ছবিটি যখন আরও পরিষ্কার হইবে তখন ১৯৬৫-৬৬ সালের সংশোধিত আনুমানিক হিসাবের মধ্যে আগাম কাজের জন্য ব্যয়ের ব্যবস্থা সন্নিবেশ করা হইবে।

চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনা

তৃতীয় পরিকল্পনা শুরু হইবার সঙ্গে যে পঞ্চদশবর্ষীয় যুগের উপযোগী ছক নির্ধারিত করিয়া রাখা হইয়াছে দেশের চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনাকে তাহার সহিত খাপ খাওয়াইয়া, লইতে হইবে। এই ছকের উদ্দেশ্য হইল আত্মনির্ভরশীল পরিবৃদ্ধির জন্য দৃঢ় ভিত্তি স্থাপন করা, বেকারী লোপ করা, অর্থনীতক ও সামাজিক বৈষম্য হ্রাস করা এবং দেশের প্রত্যেকটি পরিবারের জন্য জীবনধারণের উপযোগী ন্যূনতম ব্যবস্থা নিশ্চিত করিয়া তোলা। তৃতীয় পরিকল্পনা তাহার প্রথম তিন বৎসরে অভীষ্ট লক্ষ্যের পথে আশানুরূপ অগ্রগতি লাভ করিতে পারে নাই শুধুমাত্র এই কারণেই ইহা বুঝায় না যে, ১৯৬১-৬২ সালে আমরা যে পঞ্চদশবর্ষীয় যুগের সূচনা করিয়াছিলাম তাহার মূল উদ্দেশ্য আমাদের পরিত্যাগ করিতে হইবে। তৃতীয় পরিকল্পনার প্রথম তিন বৎসরের ব্যর্থতা এবং বাকি দুই বৎসরে ইহা সম্ভাবনা-ময় কার্যকলাপসহ তৃতীয় পরিকল্পনার সম্ভাবনার কথা সামগ্রিকভাবে বিবেচনা করার পর চতুর্থ পরিকল্পনার বাস্তব লক্ষ্য স্থির করিবার ব্যাপারের সহিত এই মূল উদ্দেশ্যগুলি স্বভাবতই সংশ্লিষ্ট। এই লক্ষগুলি স্থির করার সময় ইহা স্মরণ করাখিতে হইবে যে, সাম্প্রতিক একটি সমীক্ষায় জনসংখ্যার বিন্যাস ১৯৬৬ সালে ৪৯ কোটি ২০ লক্ষ, ১৯৭১ সালে ৫৫ কোটি ৫০ লক্ষ, এবং ১৯৭৬ সালে ৬২ কোটি ৫০ লক্ষ হইতে বৃদ্ধি পাইয়া ১৯৬৬ সালে ৪৯ কোটি ৫০ লক্ষ, ১৯৭১ সালে ৫৬ কোটি এবং ১৯৭৬ সালে ৬৩ কোটি হইবে বলিয়া দেখানো হইয়াছে এবং এই বর্ধিত সংখ্যা হিসাবে ধরিতে হইবে। সীমিত সম্পদের মধ্যে ক্রমবর্ধমান জনসংখ্যা ভারতের আর্থনীতিক উন্নতির পথে অন্যতম মূল সমস্যার সৃষ্টি করিয়াছে। জাতীয় আয়বৃদ্ধির একটি বৃহৎ অংশ এই ক্রমবর্ধমান জনসংখ্যা কর্তৃক ভুক্ত না হইলে উহা উন্নয়নমূলক কাজে এবং জীবনধারণের মান উন্নত করার কাজে ব্যয়িত হইতে পারিত। ক্রমশই ইহা বেশি করিয়া উপলব্ধি করা যাইছেছে যে, ভারতে দ্রুত ও অব্যাহত জনসংখ্যা-স্ফীতি সম্ভবত ইহা অগ্রগতির হার শিথিল করিয়া দিবে এবং দ্রুত আর্থনীতিক উন্নয়নের পথে একটি সাংঘাতিক বিঘ্ন বলিয়া প্রমাণিত হইবে। সুতরাং চতুর্থ পরিকল্পনায় পরিবার পরিকল্পনা ব্যাপক আকারে গ্রহণ করার এবং জনসংখ্যা স্ফীতি নিয়ন্ত্রণ করিবার উদ্দেশ্যে সক্রিয় ব্যবস্থা অবলম্বনের প্রস্তাব রহিয়াছে।

[3-50—4 p.m.]

আপাতত চতুর্থ পরিকল্পনার আয়তন মোট ২১,৫০০ কোটি টাকায় স্থির রাখা হইয়াছে। পরিকল্পনার প্রথমার্ধে উৎপাদনের ব্যবস্থা সহ আর্থনীতিক পরিস্থিতি সন্তোষজনক হইলে বৃহত্তর পরিমাণ সম্পদ সঞ্চয় করা সম্ভব হইবে এবং এই টাকার অঙ্ক বাড়াইয়া ২২,৫০০ কোটি করা যাইবে। তৃতীয় পরিকল্পনার জন্য বরাদ্দ ছিল ১১,৬০০ কোটি টাকা। তৃতীয় পরিকল্পনায় সরকারী ক্ষেত্রে ব্যয়ের পরিমাণ এখন ৮,২০০ কোটি টাকা হইবে বলিয়া আশা করা যাইতেছে। চতুর্থ পরিকল্পনায় এই টাকার অঙ্ক হইবে ১৫,৬২০ কোটি টাকা। কৃষিকাজে ব্যয়ের শতাংশ হার তৃতীয় পরিকল্পনার ১৩.৩ শতাংশ হইতে বৃদ্ধি পাইয়া চতুর্থ পরিকল্পনায় ১৫.৪ শতাংশ হইবে, শিক্ষাক্ষেত্রে ব্যয়ের শতাংশ হার ৬.৮ শতাংশ হইতে বৃদ্ধি পাইয়া ৯.০ শতাংশ হইবে, বৈজ্ঞানিক গবেষণার জন্য ব্যয়ের শতাংশ হার ০.৯ শতাংশ হইতে ১.১ শতাংশ হইবে, স্বাস্থ্য খাতে ব্যয়ের শতাংশ হার ৪.২ শতাংশ হইতে ৭.০ শতাংশ হইবে এবং আবাসন ও গৃহনির্মাণ বাবত ব্যয়ের শতাংশ হার ১.৪ শতাংশ হইতে বৃদ্ধি পাইয়া ২.৬ শতাংশে দাঁড়াইবে।

চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনার প্রাথমিক খসড়ায় আনুমানিক হিসাবে ধরা হইয়াছে যে রাজ্যগুলিতে সরকারী ক্ষেত্রে ব্যয়ের পরিমাণ তৃতীয় পরিকল্পনার ৩,৯৪৫ কোটি টাকা হইতে বৃদ্ধি পাইয়া চতুর্থ পরিকল্পনায় ৭,৬৬০ কোটি টাকা হইবে, এবং কেন্দ্রে এই ব্যয়ের পরিমাণ ৪,০১৯ কোটি টাকা হইতে বৃদ্ধি পাইয়া ৭,৫২৫ কোটি টাকায় দাঁড়াইবে।

রাজ্যসমূহে সরকারী ক্ষেত্রে বিনিয়োগ কৃষি (৯৪১ কোটি হইতে ২,০০৫ কোটি টাকা), ক্ষুদ্রায়তন শিল্প (১০৭ কোটি হইতে ২৬৫ কোটি টাকা), শিক্ষা (৩৭৫ কোটি হইতে ৯৫০ কোটি টাকা), স্বাস্থ্য (২৭৫ কোটি হইতে ৮৩৫ কোটি টাকা) এবং গৃহনির্মাণ ও নির্মাণ (৬৪ কোটি হইতে ১৮০ কোটি টাকা) খাতে শতকরা ১০০ ভাগেরও অধিক বৃদ্ধি পাইবে।

চতুর্থ পরিকল্পনা-কার্যসূচীর ব্যাপক লক্ষ্য হইতেছে কৃষিতে ৫ শতাংশের কম নয় এমন হারে এবং সংগঠিত শিল্পে ১১ শতাংশ ক্ষুদ্রায়তন শিল্প, যোগাযোগ, রেলপথ, সংগঠিত ব্যাঙ্কিং ও বীমার প্রত্যেকটিতে ৮ শতাংশ এবং অন্যান্য বাণিজ্য ও পরিবহণ এবং কৃত্যকের প্রত্যেকটিতে ৬.৫ শতাংশ বার্ষিক বৃদ্ধি। মোট বৃদ্ধির হার আশা করা যায় বার্ষিক ৬.৫ শতাংশ হইবে।

চতুর্থ পরিকল্পনাকালে স্থায়িত্বশীলতার প্রতি অধিকতর মনোযোগ দেওয়া হইবে। দ্বিতীয় পরিকল্পনাকালে দ্রব্যমূল্য প্রায় ৩০ শতাংশ বৃদ্ধি পায় এবং এই বৃদ্ধির অধিকাংশ ঘটে শিল্পের কাঁচা মাল ও উৎপন্ন দ্রব্যের ক্ষেত্রে। ১৯৬১ সালের মার্চ ও ১৯৬৪ সালের সেপ্টেম্বরের মধ্যে সাধারণ মূল্যসূচক ২৪.৫ শতাংশ বৃদ্ধি পায়; খাদ্যশস্যের বৃদ্ধি ৪৪.৪ শতাংশ, উৎপন্ন পণ্য দ্রব্যের ৫.৯ শতাংশ এবং শিল্পের কাঁচামালের ৭ শতাংশ বৃদ্ধি পরিলক্ষিত হয়। তণ্ডুল, ডাল এবং অন্যান্য অত্যাবশ্যক ভোগ্যপণ্যের মূল্যে এই বিরাট পরিবর্তন গভীর উদ্বেগের সৃষ্টি করিয়াছে। এই অসামঞ্জস্যের কারণ হইতেছে অংশত কৃষি-উৎপাদনের পক্ষে ক্ষতিকারক প্রাকৃতিক অবস্থা এবং অংশত অতীত বিনিয়োগ হইতে সর্বাধিক লাভের ক্ষেত্রে বিলম্ব। যেসব প্রকল্প অনেকদূর অগ্রসর হইয়াছে সেগুলিকে সমাপ্ত করিবার চেষ্টা হইতেছে এবং যেব পকিল্প ও কার্যসূচী দ্রুত ফলপ্রসূ সেগুলির প্রতি অধিক-তর মনোযোগ দেওয়া হইতেছে। এইরূপে গুরুত্বদান কার্য তৃতীয় পরিকল্পনার গত দুই বৎসরে প্রবর্তিত হইয়াছে এবং তাহা চতুর্থ পরিকল্পনাকালেও চলিবে। বৃহদায়তন পণ্যদ্রব্য উৎপাদন ক্ষেত্রে রাষ্ট্রের অংশ গ্রহণের বিষয়টিও সক্রিয় বিবেচনাধীন রহিয়াছে।

চতুর্থ পরিকল্পনার প্রারম্ভে পূর্বেকার প্রায় ১ কোটি ২০ লক্ষ বেকার থাকিতে পারে। অতিরিক্ত ২ কোটি ৩০ লক্ষ শ্রমিক লইয়া চতুর্থ পরিকল্পনার সমস্যা হইতেছে ৩ কোটি ৫০ লক্ষ ব্যক্তির জন্য কর্মসংস্থানের ব্যবস্থা করা। চতুর্থ পরিকল্পনায় কর্মসংস্থানের সুযোগ মোটামুটি ২ কোটি হইতে ২ কোটি ১০ লক্ষ লোকের হইবে বলিয়া হিসাব করা হইয়াছে কিন্তু এই সংখ্যা প্রায় ২ কোটি ৩০ লক্ষ হইতে পারে; অর্থাৎ নতুন আগত শ্রমিকদের সংখ্যার সমতুল্য। তাহা সত্ত্বেও বিপুলসংখ্যক পূর্বতন বেকারদের সম্বন্ধে যত্নবান হইতে হইবে। ইহার সকলই পরিকল্পনার প্রথম অংশের আর্থনীতিক কার্যধারার গতির উপর নির্ভর করিবে এবং দ্বিতীয় অংশের কার্যধারায় উহার প্রভাব বহুতর হইতে পারে। ক্ষুদ্রায়তন শিল্প সমূহ এবং অন্যান্য নিবিড় শ্রমশিল্পসমূহ বর্তমানের হিসাব অপেক্ষা অধিকতর কর্ম-সংস্থান সৃষ্টিতে পরিণতিলাভ করিতে পারে বলিয়া শিল্পোন্নয়নের কাঠামোর ধরন বিশেষ গুরুত্বপূর্ণ। চতুর্থ পরিকল্পনায় গ্রামীণ উদ্যোগে কার্যসূচির জন্য ব্যবস্থা করা যাইবে কিনা এবং কতখানি ব্যবস্থা করা যাইবে তাহাও বিবেচনা করিতে হইবে।

ভারতের অবশিষ্টাংশের ন্যায় পশ্চিমবঙ্গে আমাদের চতুর্থ পরিকল্পনাও তৃতীয় পরি-কল্পনার প্রায় দ্বিগুণ হওয়া উচিত। তদনুসারে আমাদের চতুর্থ পরিকল্পনার লক্ষ্য পরীক্ষামূলকভাবে ৬১৮ কোটি টাকা ধরা হইয়াছে। যেসব ক্ষেত্রের বরাদ্দ অধিক হইবে সেগুলি হইতেছে: কৃষি (৩৭ কোটি টাকা হইতে ৬২ কোটি টাকা), বন (২ কোটি টাকা হইতে ৬ কোটি টাকা), মৎস্যচাষ (২ কোটি টাকা হইতে ৫ কোটি টাকা), সমবায় (২.৫ কোটি টাকা হইতে ১১ কোটি টাকার অধিক), স্বাস্থ্য (২০ কোটি টাকা হইতে ৫২ কোটি টাকা), এবং শহর ও পল্লী পরিকল্পনা (১০ কোটি টাকা হইতে ৩১

কোটি টাকা)। চতুর্থ পরিকল্পনার শিক্ষা খাতে ব্যয় ৫১ কোটি টাকা হইতে বৃদ্ধি পাইয়া ৭৭ কোটি টাকা হইবে। রাজ্যসরকার কর্তৃক চতুর্থ পরিকল্পনায় বিভিন্ন খাতের পরীক্ষামূলক বরাদ্দ নিম্নরূপ:

বিভাগ/ক্ষেত্র	বরাদ্দ (কোটি টাকায়)
১। কৃষি ও সমষ্টি-উন্নয়ন (কৃষি) বিভাগ	৬২.০০
২। পশুপালন ও পশুচিকিৎসা কৃত্যক বিভাগ	১২.০০
৩। বন বিভাগ	৬.০০
৪। মৎস্য বিভাগ	৫.১২
৫। সমবায় বিভাগ	১১.২৬
৬। কৃষি ও সমষ্টি-উন্নয়ন (সমষ্টি-উন্নয়ন) বিভাগ	১২.০০
৭। স্থানীয় স্বায়ত্তশাসন ও পঞ্চায়েত বিভাগ	৮.৫০
৮। সেচ ও জলপথ বিভাগ	২৭.০০
৯। বাণিজ্য ও শিল্প বিভাগ—	
(ক) বিদ্যুৎ	১৬০.০০
(খ) শিল্প	৩১.৬৮
১০। কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগ	১৫.০০
১১। পূর্ত বিভাগ (পথ ও গৃহনির্মাণ)	৪২.০৩
১২। স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগ	৯.৬৯
১৩। শিক্ষা বিভাগ	৭৭.০০
১৪। স্বাস্থ্য বিভাগ	৫২.০০
১৫। গৃহনির্মাণ বিভাগ	২২.০০
১৬। আদিবাসী কল্যাণ বিভাগ	৬.৭৯
১৭। স্বরাষ্ট্র (সমাজকল্যাণ) বিভাগ	২.০০
১৮। শ্রম বিভাগ	২.২০
১৯। উন্নয়ন ও পরিকল্পনা বিভাগ	৬.৬০
২০। অর্থ (কর নির্ধারণ) বিভাগ	০.৮৬
২১। স্বরাষ্ট্র (প্রচার) বিভাগ	০.৭০
২২। খাদ্য ও সরবরাহ বিভাগ	০.৯০
২৩। উন্নয়ন ও পরিকল্পনা বিভাগ—	
দুর্গাপুর শিল্প	১৩.৫০
কলিকাতা পরিকল্প	৩১.০০
মোট ..	৬১৭.৮৩

প্রথম ও দ্বিতীয় পরিকল্পনায় জাতীয় এবং মাথাপিছু আয়ের কিছু পূর্বাভাস পাওয়া গেলেও ইহার নির্ধারিত সময়সীমা ছিল মাত্র পাঁচ বৎসরের। তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনাকালে কিন্তু দীর্ঘমেয়াদী পরিকল্পনার আভাস পাওয়া যায়। চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনাকালে পরিকল্পনার পরিপ্রেক্ষিতের গুরুত্ব পূর্বাপেক্ষা আরও বেশী স্পষ্ট হইয়া উঠিবে বলিয়া আশা করা যায়। পরিকল্পনায় অধিকতর অভিজ্ঞতার ফলে আমরা বুঝিতে শুরু করিয়াছি যে

উন্নয়নের কর্মপদ্ধতি বিশেষ সময়সীমায় সীমিত নয় বরং ইহা অবিচ্ছিন্ন। বর্ধিত পরিমাণে এই উপলব্ধিও হইতেছে যে, পরিকল্পনার রূপায়ণে প্রসাসনিক কাজ। নূতন দায়িত্বের ফলে বিভিন্ন কৃত্যকগুলির প্রশাসনিক ব্যবস্থার উপর সর্বাধিক চাপ পড়িবে। তাহার ফলে ক্ষমতা-বিকেন্দ্রীকরণ, দায়িত্ব-বিভাজন এবং কৃতকর্মের মূল্য নিরূপণ সহ প্রশাসনিক ব্যবস্থার যুক্তিসঙ্গত পুনর্বিন্যাস এবং পরিপূর্ণ পুনর্গঠন প্রয়োজন হইবে। এই প্রসঙ্গে পঞ্চায়তী রাজ সংগঠন গভীর গুরুত্বপূর্ন। বস্তুত এই রাজ্যে পঞ্চায়তী রাজ গঠনের মাধ্যমে আমরা গণ-তান্ত্রিক বিকেন্দ্রীকরণের কাজ সমাপ্ত করিয়াছি। সাফল্যপূর্ণ পঞ্চায়ত প্রথার মাধ্যমে পরিকল্পিত উন্নয়নের জন্য সাধারণ. মানুষের. সহযোগিতা সর্বোত্তমরূপে পাওয়া যাইতে পারে। এই প্রসঙ্গে আমাদের পরিকল্পনাগুলি রূপায়নের জন্য স্থানীয় অংশগ্রহণের ভিত্তিতে নূতন নূতন পথের উদ্ভাবন করাও আবশ্যক। সরকারী এবং বেসরকারী ক্ষেত্রের উন্নয়ন যথেষ্ট নয়। আমাদের অর্থনীতিতে একটি শক্তিশালী এবং সমৃদ্ধ সমবায় ক্ষেত্র গড়িয়া তোলার জন্য আমাদের কাজ করা উচিত।

বর্তমানে চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনার প্রাথমিক খসড়া রচিত হইতেছে। আগামী পরিকল্পনার বনিয়াদী কাঠামো কি হইবে আমি শুধু তাহাই মোটামুটি নির্দেশ করার চেষ্টা করিয়াছি।

চতুর্থ অর্থ কমিশন

মাননীয় সদস্যগণ নিঃসন্দেহে অবহিত আছেন যে, চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনাকালে কেন্দ্রীয় দায়িৎসম্পর্কিত প্রশ্ন বিবেচনার জন্য ভারত সরকার চতুথ অর্থ কমিশন গঠন করিয়াছেন। ভারতের সংবিধান অনুসারে দেশের প্রতিরক্ষা, বৈদেশিক সম্পর্ক, আন্তর্জাতিক বাণিজ্য, যোগাযোগ ব্যবস্থা প্রভৃতি গুরুত্বপুর্ন বিষয়ের দায়িত্ব ভারত সরকারের। একই সঙ্গে এই ব্যবস্থায় অধিকতর সম্প্রসারণশীল রাজস্বের সূত্রগুলি, বিশেষত ক্রমবর্ধমান শিল্পগুলির রাজস্ব কেন্দ্রীয় সরকারের জন্য নির্ধারিত করিয়া রাখা হইয়াছে। পরন্তু সাধারণ জনকল্যাণ-মূলক কার্যাবলী সহ সামাজিক এবং উন্নয়নমূলক কৃত্যকগুলির ক্রমবর্ধমান ব্যয়ভার প্রধানত রাজ্যসরকারগুলির উপর আসিয়া পড়িয়াছে। কিন্তু রাজ্যগুলির জন্য যে রাজস্বসূত্রগুলির নির্ধারিত হইয়াছে সেগুলি প্রধানত অপ্রসারণশীল এবং অনেক কম গুরুত্বপূর্ন। ফলে ভারতের রাজ্য সরকারগুলি রাজস্ব এবং নিজেদের দায়িত্বাধিকারের মধ্যে একটি সহজাত বৈষম্যপূর্ণ পরিস্থিতির সম্মুখীন। এই বৈষম্যের প্রতিকারকল্পে সংবিধানে সুচিন্তিত কতকগুলি আর্থনীতিক বিধানের ব্যবস্থা আছে। ইহার দ্বারা কর হস্তান্তর এবং সহায়ক অনুদানের মাধ্যমে কেন্দ্রীয় সম্পদের ভাগ রাজ্যগুলি পাইতে পারে। এইসব বিধান অনুসারে রাজ্যগুলির জন্য কেন্দ্রীয় সাহায্যের যথোচিত পরিমাণ নির্দেশের কাজ হইল অর্থ কমিশনের।

পূর্বতন অর্থ কমিশনগুলির কর্মপদ্ধতি-সম্পর্কিত নির্দেশাবলীতে আছে যে, রাজ্যগুলির জন্য সহায়ক অনুদানের সুপারিশ করিবার সময় কমিশন দ্বিতীয় এবং তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার প্রয়োজনের কথা বিবেচনা করিবেন। তদনুযায়ী রাজ্যগুলির পঞ্চবার্ষিক পরি-পরিকল্পনায় রাজস্ব খাতে অনুদানের পরিমাণ কি হইবে তাহা দ্বিতীয় এবং তৃতীয় অর্থ কমিশন নির্ধরিত করিয়াছিলেন। ভারত সরকার তৃতীয় অর্থ কমিশনের সুপারিশ গ্রহণ করেন নাই, কারণ তাঁহারা ভাবিয়াছিলেন যে, ইহাতে রাজ্যগুলিতে পরিকল্পিত উন্নয়নপদ্ধতির উপর তাঁহাদের নিয়ন্ত্রণ বহুলাংশে কমিয়া যাইবে। আমাদের মতে বাস্তব অভিজ্ঞতার দ্বারা এই মনোভাব সমর্থিত নয়। অন্য সব কিছু ছাড়িয়া দিলেও জাতীয় উন্নয়ন পরিষদ এবং পরিকল্পনা কমিশন কর্তৃক রাজ্যের পঞ্চবার্ষিক পরিকল্পনাগুলি অনুমোদিত হয়, রাজ্যের বার্ষিক পরিকল্পনাগুলিও পরিকল্পনা কমিশন এবং বিভিন্ন মন্ত্রক কর্তৃক অনুমোদনসাপেক্ষ। সুতরাং বনিয়াদী পদ্ধতি এবং অগ্রাধিকার সম্পর্কে ব্যতিক্রম ঘটিবার প্রশ্ন উঠে না।

চতুর্থ অর্থ কমিশনের কর্মপদ্ধতি সম্পর্কে যে নির্দেশাবলী দেওয়া হইয়াছে তাহাতে রাজ্যগুলির চতুথ পঞ্চবার্ষিক পরিকল্পনার প্রয়োজন সম্পর্কে কোনরূপ সুপারিশ করার নির্দেশ নাই। এ বিষয়ে কিন্তু আমাদের সুনির্দিষ্ট অভিমত এই যে, রাজ্যগুলির

পরিকল্পনার অন্তর্গত এবং পরিকল্পনার বহির্ভূত ব্যয়ের জন্য কেন্দ্রীয় রাজস্ব বিভাজনের মত গুরুত্বপূর্ণ বিষয়ে অর্থ কমিশনের মত একটি নিরপেক্ষ ট্রাইব্যুনালের সুপারিশ অনুযায়ী চলাই ভারত সরকারের উচিত। রাজ্য পরিকল্পনাগুলির জন্য কেন্দ্রীয় সাহায্যের পরিমাণ কমবেশী ভারত-সরকারের বিভিন্ন মন্ত্রকের ইচ্ছানুসারে হইয়া থাকে। সংবিধানে কেন্দ্রীয় রাজস্ব বিভাজনের জন্য নির্ধারিত একমাত্র বিধিবদ্ধ সংস্থা অর্থ কমিশনের সুপারিশ করা কেন্দ্রীয় সাহায্য অপেক্ষা এই ইচ্ছানুসারী কেন্দ্রীয় সরকারের বর্তমানে অনেক বেশী হয়। তবু আমরা মনে করি যে, রাজ্যগুলির চতুর্থ পরিকল্পনার প্রয়োজন নির্ণয়ের ক্ষমতাক মিশনের বহির্ভূত করিয়া অর্থ কমিশনের কাজ সীমাবদ্ধ করা উচিত নয়। আমরা ভারত সরকারকে অনুরোধ করি যে তাঁহারা যেন বিভিন্ন রাজ্যগুলির জন্য সম্পদ বিভাজন সম্পর্কিত সুপারিশ করার সময় চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনার জন্য রাজ্যসরকারগুলির রাজস্ববিষয়ক প্রয়োজন বিবেচনার ক্ষমতা বর্তমান অর্থ কমিশনকে দেন।

[4—4-10 p.m.]

পূর্ববর্তী অর্থ কমিশনগুলির সুপারিশের ফলে বিগত বৎসরগুলিতে রাজ্যগুলিকে বৃহৎ হইতে বৃহত্তর পরিমাণে রাজস্ব হস্তান্তর করা হইয়াছে। তবু সামাজিক এবং উন্নয়নমূলক ব্যয়ের ক্রমবর্ধমান দাবির ফলে এই প্রশ্নটি বড় হইয়া দেখা দিয়াছে যে, কেন্দ্রীয় সরকার সাধ্যানুসারে রাজ্যসরকারগুলিকে সাহায্য করিতেছেন কি না। সাম্প্রতিককালে কেন্দ্রীয় রাজস্বের প্রধান সূত্রগুলির উল্লেখযোগ্য সম্প্রসারণশীলতা দেখা গিয়াছে, কিন্তু পূর্ববর্তী বৎসরগুলির তুলনায় কেন্দ্রীয় সরকার মোট রাজস্বের অধিকতর অংশ নিজের প্রয়োজনের জন্য রাখিয়া দিতেছেন। ভারত-সরকারের প্রতিরক্ষা ব্যয়ে যথেষ্ট বৃদ্ধি ঘটিয়া থাকিলেও এই প্রবণতার কথা অস্বীকার করা যায় না। সুতরাং আমরা মনে করি যে, সম্পদ বিভাজনের বর্তমানে পদ্ধতির ফলে কেন্দ্রীয় সরকারের হাতে আপেক্ষিকভাবে অধিক সম্পদ থাকিতেছে এবং রাজ্যগুলির কাজ ও দায়িত্ব অনুসারে যাহা তাহাদের পাওয়া উচিত তদপেক্ষা কম সম্পদ তাহারা পাইতেছে। এই প্রবণতা যাহাতে যথাসম্ভব সংশোধিত হয় তাহা চতুর্থ অর্থ কমিশনের দেখা উচিত।

পূর্ববর্তী অর্থ কমিশনের রোয়েদাদগুলি পশ্চিমবঙ্গের পক্ষে কিরূপ প্রতিকূল অবস্থার সৃষ্টি করিয়াছিল প্রসঙ্গতঃ আমি তাহাও উল্লেখ করার প্রয়োজন মনে করি। নিম্নে প্রদত্ত তালিকা হইতে প্রতীয়মান হইবে যে, পর পর অর্থ কমিশনগুলির রোয়েদাদ অনুযায়ী কেন্দ্রীয় কর এবং বিধিবদ্ধ অনুদানের ক্ষেত্রে পশ্চিমবঙ্গের অবস্থার অবনতি ঘটিয়াছে।

কেন্দ্রীয় কর ও বিধিবদ্ধ অনুদানের মাথাপিছু অংশ (টাকার অঙ্কে)

	১৯৫২-৫৩	১৯৫৭-৫৮	১৯৬২-৬৩
আসাম	৪.৮	১০.৮	১৩.০
বিহার	২.৩	৪.৩	৪.৮
বোম্বাই	২.৬	৪.৩	৭.৫ (গুজরাট সহ)
মাদ্রাজ	৪.১	৩.৩	৬.৮ (অন্ধ্রসহ)
মহীশূর	২.০	৬.৫	৭.৭
মধ্যপ্রদেশ	১.৭	৪.৯	৬.২
উড়িষ্যা	২.৭	৫.৬	১৩.৯
পাঞ্জাব	২.৫	৪.৯	৬.০
রাজস্থান	১.৭	৫.০	৭.৭
উত্তরপ্রদেশ	২.০	৩.১	৪.১
পশ্চিমবঙ্গ	৪.০	৬.১	৫.৮

প্রদর্শিত রাজ্যগুলির মধ্যে পশ্চিমবঙ্গ ১৯৫২-৫৩ সালে কেন্দ্রীয় কর ও বিধিবদ্ধ অনুদানের মাথাপিছু অংশের ক্ষেত্রে ভারতে তৃতীয় স্থান অধিকার করে। ১৯৫৭-৫৮ সালেও এ ব্যাপারে পশ্চিমবঙ্গের তৃতীয় স্থান ছিল, কিন্তু ১৯৬২-৬৩ সালে এই রাজ্য একেবারে নবম স্থানে

হইয়া যায়। তথাকথিত অনুন্নত রাজ্যগুলিকে সাহায্যদানের প্রশংসনীয় কিন্তু অবিবেচনা-প্রসূত আগ্রহের ফলস্বরূপ পশ্চিমবঙ্গের মৌল প্রয়োজন কথঞ্চিৎ অবহেলিত হইয়াছে। কেন্দ্রীয় কর হস্তান্তরের হিসাবে শিল্পপ্রধান রাজ্যগুলির বিশেষ সমস্যা ও প্রয়োজন অবহেলিত হওয়ায় এবং ভারতের বিভিন্ন রাজ্যের অধিকতর আর্থিক উন্নয়নের ক্ষেত্রে প্রাকৃতিক সুযোগ-সুবিধা গ্রহণের কথা বিবেচনায় বিস্মৃত হওয়ার বাস্তব অসুবিধা থাকিয়া যায়। পশ্চিমবঙ্গের মত ঘনবসতিপূর্ণ শিল্পপ্রধান রাজ্যে সমাজকল্যাণ খাতে মাথাপিছু ব্যয়ের পরিমাণ অনেক বেশি এবং এইরূপ অধিক পরিমাণ ব্যয়ভার বহনের উপযুক্ত কেন্দ্রীয় অর্থসাহায্যের ব্যবস্থার জন্য আমরা চতুর্থ অর্থ কমিশনকে সনির্বন্ধ অনুরোধ জানাইব।

দেশবিভাগের পর হইতে পশ্চিমবঙ্গের অর্থনীতিকে নানাবিধ অসুবিধা ভোগ করিতে হইতেছে ইহা সাধারণভাবে স্বীকৃত হইলেও ঐরূপ চাপ এবং উহা হইতে উদ্ভূত আর্থিক বিপর্যয়ের বিষয়টি যথাযথভাবে অনুধাবন করা হয় নাই। দ্বিতীয় বিশ্বযুদ্ধের ফলে স্বাভাবিক আর্থনীতিক কার্যধারা ব্যাহত হওয়া এবং তজ্জনিত ক্ষতি ভারতের অন্যান্য অংশ অপেক্ষা পশ্চিমবঙ্গকেই সর্বাধিক অসুবিধাগ্রস্ত করিয়াছে। আর তাহার ঠিক পরেই দেশ বিভাগের ফলস্বরূপ এই রাজ্যে রাজনীতিক ও আর্থনীতিক বিপর্যয় সৃষ্টি হয়। রাজ্যাভ্যন্তরে ব্যবসায় ও সরবরাহের স্বাভাবিক প্রণালী সম্পূর্ণরূপে ছিন্ন হইয়া যায়। পূর্ব পাকিস্তান হইতে ক্রমাগত বিপুল সংখ্যায় উদ্বাস্তু আসিতে শুরু হয়। প্রায় ৪০ লক্ষ উদ্বাস্তু পশ্চিমবঙ্গে আসিয়াছে এবং এই ধারা এখনও অব্যাহত। পশ্চিমবঙ্গের অর্থনীতিতে পর পর এইরূপ চাপের প্রত্যক্ষ ও পরোক্ষ প্রতিক্রিয়া হইয়াছে ভয়াবহ। ফলে এই রাজ্য পর পর বিশেষ বিশেষ সমস্যায় জড়িত হইয়াছে এবং সে কারণে রাজ্যসরকারের সংস্থানের উপর প্রভূত চাপ পড়িয়াছে। বৎসরের পর বৎসর দরিদ্র শ্রেণীর জনগণের ত্রাণের উদ্দেশ্যে রাজ্যসরকারকে বিপুল পরিমাণ অর্থব্যয় করিতে হয়। দীর্ঘ-স্থায়ী খাদ্যাল্পতার দরুণ আমরা খাদ্যশস্যের রেশন ব্যবস্থা এবং নিয়ন্ত্রিত বিতরণের এক এক কার্যসূচি গ্রহণে বাধ্য হইয়াছি। এজন্য প্রতি বৎসর আমাদের বহু কোটি টাকা খরচ হইবে। রাজনীতিকভাবে দেশবিভাগের দরুন এই রাজ্যকে ভারত পাকিস্তান সীমান্তে ১,৩০০ মাইলের অধিক অংশে নিরাপত্তা ব্যবস্থার প্রতি নজর রাখিতে হয়। চল্লিশ লক্ষের অধিক উদ্বাস্তুকে আশ্রয়দান, খাওয়ানো এবং পুনর্বাসনের ভার দীর্ঘ কাল বহন করিতে হইতেছে এবং এই উদ্দেশ্যে রাজ্যসরকারকে আপন অর্থসঙ্গতি হইতে প্রচুর পরিমাণে ব্যয় করিতে হইতেছে। তুলনামূলকভাবে দ্রুততর হারে শিল্পায়ন এবং নগরীকরণের দায়িত্ব গ্রহনের জন্য এবং ভারতের পূর্বাঞ্চলের প্রাণকেন্দ্র হিসাবে এই রাজ্যের উপর চাপ অত্যধিক। এই পরিপ্রেক্ষিতে চতুর্থ অর্থ কমিশনের এই সমস্যাজর্জর রাজ্যের প্রয়োজন উপলব্ধি করা উচিত।

এই প্রসঙ্গে আমি বৃহত্তর কলিকাতার সমস্যাদি সম্পর্কে বিশেষভাবে উল্লেখ করিতে চাই। রাজ্যসরকারকে যে সকল অতীব দুরূহ সমস্যার সম্মুখীন হইতে হয় তাহার অন্যতম হইল বৃহত্তর কলিকাতা শিল্প-এলাকার আর্থনীতিক ও সামাজিক অবস্থা। পূর্ব পাকিস্তান হইতে আগত উদ্বাস্তুদের এক বৃহদংশ চাকুরি ও আশ্রয়ের আশায় এই এলাকায় বসবাস করিয়া থাকেন। খাদ্যোৎপাদনের কার্যে নিযুক্ত নয় এরূপ ৫৫ লক্ষের আধিক নরনারী অন্যান্য রাজ্য হইতে পশ্চিমবঙ্গে আসিয়াছেন এবং উহাদের অর্ধাংশের অধিক বৃহত্তর কলিকাতা এলাকায় ভাসমান জনগোষ্ঠীর মত রহিয়াছেন। এইরূপ ঘন জনবিন্যাসে দরুন স্বাধ্য, স্বাস্থ্যবিধায়ক ব্যবস্থা, নিকাশী ব্যবস্থা, জল-সরবরাহ, আবাসন এবং যোগাযোগ ব্যবস্থায় অকল্পনীয় সমস্যার উদ্ভব হইয়াছে। ১৯৬০ সালে এই এলাকায় মোট ৫৬ লক্ষ অধিবাসীর মধ্যে করদাতার সংখ্যা ছিল ৫ লক্ষেরও কম। ইহা হইতেই বোঝা যায় যে কর্পোরেশন ও পৌরসভাসমূহ সামান্য অর্থসঙ্গতির দরুন এই এলাকার জনগণের জন্য সর্বনিম্ন সুবিধাদির ব্যবস্থা করিতে সমর্থ হয় না। কাজেই স্বাস্থ্য কৃত্যক, শিক্ষা, যোগাযোগ-ব্যবস্থা প্রভৃতি সুবিধাদি প্রদানের দায়ের বেশির ভাগ পড়ে রাজ্যসরকারের উপর। বৃহৎ আকারে পরিকল্পিত উন্নয়নের মাধ্যমে অনুরূপ আয়তনের সমস্যার সম্মুখীন হওয়াই একমাত্র নির্ভুল পন্থা। এই অঞ্চলে জল-সরবরাহ, জল নিষ্কাশন, পয়ঃপ্রণালীর ব্যবস্থা প্রভৃতির উন্নয়নের মৌল কর্মসূচিগুলির এক ক্ষুদ্রাংশ হাতে লইবার জন্য উপরোক্ত বক্তা

মনে রাখিয়া রাজ্যের তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় ১০ কোটি টাকার সংস্থান রাখা হইয়াছিল এবং কেন্দ্রীয় পরিকল্পনায়ও অনুরূপ অর্থ বরাদ্দ করা হইয়াছিল। রাজ্যসরকার আশা করিয়াছিলেন যে, কেন্দ্রীয় সাহায্যের ১০ কোটি টাকার বৃহত্তর অংশ অনুদানরূপে দেওয়া হইবে। কিন্তু কলিকাতা মহানাগরিক পরিকল্পনা সংস্থার সাংগঠনিক মোট ব্যয় ১ কোটি টাকা ব্যতীত প্রায় সম্পূর্ণ কেন্দ্রীয় সাহায্যই ঋণরূপে দেওয়া হইতেছে। পক্ষান্তরে পৌর অঞ্চলের সুখ-সুবিধার উন্নয়নের জন্য পৌরসভা ও কর্পোরেশনগুলিকে দেয় সাহায্যের অধিকাংশ রাজ্য সরকারকে অনুদানরূপেই দেওয়ার প্রয়োজন হইবে। আমরা জোরের সহিত বলিতে চাই যে, ইহার ফলে রাজ্যসরকারের উপর যে বোঝা চাপিবে তাহা সম্পূর্ণভাবে তাহার আর্থিক সামর্থ্যের বাহিরে। রাজ্যসরকারের হাতে উপযুক্ত পরিমাণ রাজস্বের সূত্র না আসিলে বৃহত্তর কলিকাতা অঞ্চলের সামূহিক উন্নয়ন কর্মসূচিগুলি সাংঘাতিকভাবে বাধাগ্রস্ত হইবে। বৃহত্তর কলিকাতা এলাকার জন্য রাজ্য-সরকারের দায়িত্বের বিষয় বিশেষভাবে মনে রাখিতে এবং এই উদ্দেশ্যে উপযুক্ত কেন্দ্রীয় সম্পদের হস্তান্তরকরণ নিশ্চিত করিতে আমরা চতুর্থ অর্থ কমিশনকে সনির্বন্ধ অনুরোধ জানাইব।

চতুর্থ পরিকল্পনায় আমরা ১০১ কোটি টাকার মূলধন বিনিয়োগ সহ একটি পৃথক ও স্বয়ংসম্পূর্ণ একক রূপে কলিকাতা পরিকল্পনাকে গ্রহণ করিয়াছি। এই ১০১ কোটির মধ্যে রাজ্যের ৬১৮ কোটি টাকার চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনায় ৩১ কোটি টাকার সংস্থান রাখা হইয়াছে। বাকি ৭০ কোটি টাকা রাজ্য-পরিকল্পনায় স্বাভাবিক কেন্দ্রীয় সাহায্যের অতিরিক্ত চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনার কেন্দ্রীয় অংশ হইতে সাহায্য বাবদ পাইবার আশা করা যাইতেছে। কলিকাতা ও ইহার শিল্পাঞ্চলে পৌর ও আর্থনীতিক জীবনের সকল দিকের উন্নয়নেই কলিকাতার এই বিপুলায়তন উন্নয়ন কর্মসূচির অন্তর্ভুক্ত হইবে। আগামী বৎসরগুলিতে যেসমস্ত কর্মসূচি হাতে লওয়া হইবে তাহার মধ্যে সর্বাধিক গুরুত্বপূর্ণ হইল, গঙ্গার উপর দ্বিতীয় হাওড়া পুল এবং কলিকাতা বৃত্তাকার রেলপথ। রাজ্য-সরকার বৃত্তাকার রেলপথের বিস্তারিত সমীক্ষা করার জন্য ও প্রকল্প বিবরণ প্রস্তুত করার জন্য রেলওয়ে মন্ত্রককে অনুরোধ জানাইয়াছেন এবং রাজ্যসরকার এই সমীক্ষাকার্য ও বিবরণ প্রস্তুত করার কয়েক লক্ষ টাকা ব্যয়ভার বহনে প্রস্তুত আছেন। জনসংখ্যার ঘনত্ব এবং রাস্তায় যানবাহনের পরিমাণের দরুন কলিকাতা ও হাওড়া অঞ্চলের যে পরিবহণ সমস্যা গুরুতর আকার ধারণ করিতেছে, এই দুইটি কর্মসূচি তাহা হ্রাস করায় অনেক সহায়তা করিবে। কলিকাতা পরিকল্পনার দফাওয়ারী বিবরণ নিচে দেওয়া গেল:

		(কোটি টাকা)
(১)	কোনা উপনগরী	১.২০
(২)	কলিকাতায় স্টেডিয়াম	১.৫০
(৩)	সোনারপুর উপনগরী (তৃতীয় পরিকল্পনার বকেয়া) ..	৪.০০
(৪)	কলিকাতা ও হাওড়ার গৃহনির্মাণ কর্মসূচি	৩.৮৫
(৫)	নগর অঞ্চলের পুনরুন্নয়ন	৩.০০
(৬)	জল-সরবরাহ কর্মসূচি	৬.২৫
(৭)	হাওড়া সেতু	১৬.০০
(৮)	পয়ঃপ্রণালী, জলনিষ্কাশন ও স্বাস্থ্যব্যবস্থা কর্মসূচি	১১.৯৯
(৯)	সড়ক	১৮.৯৩
(১০)	হাওড়ায় বস্তি-উন্নয়ন কর্মসূচি	২.০০
(১১)	সমাজসেবা, পার্ক ও মনোরঞ্জন, শিক্ষা	৮.০০
(১২)	কলিকাতা মহানাগরিক পরিকল্পনা সংস্থার সাংগঠনিক ব্যয়	১.৫০
(১৩)	আসানসোল-রাণীগঞ্জ পয়ঃপ্রণালী কর্মসূচি	১.০০
(১৪)	জল-সরবরাহ, বস্তি-উন্নয়ন, পরীক্ষামূলক গৃহনির্মাণ, জনসমষ্টির বহির্গমন সম্ভাবনা সমীক্ষা প্রভৃতির দরুন তৃতীয় পরিকল্পনার বকেয়া ব্যয়	২১.৭৮
	মোট .	১০১.০০

[4-10—4-17 p.m.]

মনে রাখিতে হইবে যে, এই অঞ্চলে যাহা বিপন্ন হইয়াছে তাহা কেবল এসিয়ার অন্যতম সর্ববৃহৎ শহরাঞ্চলে এক অতি বৃহৎ জনসমষ্টির কল্যাণ এবং শালীন মানবিক জীবনযাপনই নয়, পরন্তু সমগ্র উত্তর ও পূর্ব ভারতে সর্বাধিক গুরুত্বপূর্ণ শিল্প ও ব্যবসায় কেন্দ্রের ভবিষ্যৎও বিপন্ন। ভারতের অর্ধাংশেরও অধিক যাহার পৃষ্ঠভূমি সেই কলিকাতা বন্দরের গুরুত্ব সর্বজনবিদিত। সুতরাং ভারত সরকার ও অর্থ কমিশন উভয়ই কলিকাতা পৌর অঞ্চলের ক্ষেত্রে বিশেষ ব্যবস্থা গ্রহণ করিলে তাহা সম্পূর্ণ ন্যায়সঙ্গত হইবে।

এই প্রসঙ্গে আমি আরও বলিতে চাই যে, এই রাজ্যের অন্যান্য যেসব অঞ্চলে শিল্পোন্নয়ন সম্ভাবনা আছে সেই সব অঞ্চলের পরিকল্পিত উন্নয়নের উপরও রাজ্যসরকার সর্বাধিক গুরুত্ব আরোপ করেন। দুর্গাপুর আসানসোল এলাকায় ইতিপূর্বে যথেষ্ট শিল্পোন্নয়ন হইয়াছে। ভারত সরকার সম্প্রতি স্থির করিয়াছেন, যে, ফার্টিলাইজার কর্পোরেশন অব ইণ্ডিয়ার মাধ্যমে দুর্গাপুরে একটি সার কারখানা স্থাপিত হইবে এবং এই কারখানার বার্ষিক সার উৎপাদনের ক্ষমতা হইবে এক লক্ষ মেট্রিক টন নাইট্রোজেন ও এক লক্ষ মেট্রিক টন ফসফেট সার। এই প্রকল্পে ৩৬ কোটি টাকার মূলধন বিনিয়োগ প্রয়োজন হইবে। এই প্রকল্পের জন্য রাজ্যসরকার ১,০০০ একর জমি দিতেছেন এবং ইহার মধ্যে ৫০০ একর ইতিমধ্যেই দেওয়া হইয়াছে। ভারত-সরকার হলদিয়াতে একটি তৈল শোধনাগার স্থাপনও অনুমোদন করিয়াছেন। এই অঞ্চলে অবশ্যম্ভাবীরূপে বহু সংখ্যক পেট্রো-কেমিক্যাল শিল্প গড়িয়া উঠিবে এবং তাহার পর অন্যান্য ধরনের অনেক শিল্পেরও উদ্ভব হইবে। রাজ্যসরকার পথ, বিদ্যুৎশক্তি, জমি প্রভৃতির ব্যবস্থা করিয়া এই প্রকল্পকে ত্বরান্বিত করার জন্য যথাসাধ্য চেষ্টা করিতেছেন। এই অঞ্চলের পরিকল্পিত উন্নয়ন সুনিশ্চিত করার জন্য রাজ্যসরকার শহর ও পল্লী পরিকল্পনা, সংস্থা ব্যাপক পরিকল্পনা প্রনয়ণে সহায়তার উদ্দেশ্যে নানাবিধ সমীক্ষা ও তথ্যানুসন্ধানের কাজে রত আছেন। আমরা আশা করি যে, এই সব অঞ্চলের পরিকল্পিত উন্নয়নের ফলে বৃহত্তর কলিকাতার সমস্যা কিছু পরিমাণে দূর হইবে।

উপসংহার

আমার বাজেট বিবৃতি শেষ করার সময় এই সভাকে আমি বলিতে চাই যে, আমাদের বর্তমান অর্থনীতির ত্রুটি-বিচ্যুতি আমি বিস্মৃত হই নাই। চলতি পরিকল্পনার প্রথম কয়েক বৎসরে অর্থনীতির বিকাশে শ্লথগতি এবং মুদ্রাস্ফীতির দরুন সর্বপ্রকার পণ্য সামগ্রীর মূল্যবৃদ্ধি আমাদের প্রধান হতাশার কারণ হইয়াছে।

আমার মতে স্থিতিশীল অবস্থা বজায় রাখিতে না পারায় ইহা ঘটিয়াছে। মুদ্রাস্ফীতির ফলে নিঃসন্দেহে ধনীকশ্রেণীর অনুকূলেই আয়ের পুনর্বণ্টন হয় এবং তাঁহারা সাধারণত অধিক সঞ্চয় করিতে ও অধিক লগ্নী করিতে আগ্রহী হন। ইহাতে যে সামাজিক অবিচার সূচিত হয়, তাহা ছাড়িয়া দিলেও, মুদ্রাস্ফীতির ফলে আভ্যন্তরীন অর্থে অনাস্থা আসে এবং জমিজমা বাবদ ফাটকা, স্বর্ণ মজুদ ও বিভিন্ন প্রণালীতে বহির্দেশে নির্গমন প্রভৃতি অ-ফলদায়ক উপায়ে সঞ্চয়ের প্রবণতা দেখা দেয়। বর্তমান মুদ্রাস্ফীতির ফলে আয়ের যেসমস্ত পুনর্বন্টন দেখা গিয়াছে তাহা মূলধন বিনিয়োগের ক্ষেত্রকে পুনরুজ্জীবিত করিতে পারে নাই এবং নূতন যেসকল শেয়ার ছাড়া হইতেছে, তাহা প্রধানত আণ্ডার-রাইটারগণ নিজেরাই কিনিয়া লইতেছেন। সরকারী সিকিউরিটিসমূহে বিনিয়োগ, এদেশের বাসিন্দা নয় এরূপ ব্যক্তির পক্ষে ব্যাঙ্কে টাকা জমা রাখা এবং ১৯৬৪ সালের ২৩এ ডিসেম্বরের পরে কতকগুলি নির্দিষ্ট শিল্পে নিযুক্ত নূতন কোম্পানী কর্তৃক প্রথম বার প্রদত্ত সাধারণ শেয়ারে ৩৫,০০০ টাকা পর্যন্ত লগ্নী করিয়াছেন এমন ব্যক্তিদের কর সংক্রান্ত সার্টিফিকেট প্রদানের ব্যাপারে কেন্দ্রীয় সরকারকে প্রকৃতপক্ষে ১৯৬৪ সালের শেষের দিকে উৎসাহদানের নূতনব্যবস্থা ঘোষণাকরিতে হয়।

এই সভাকে জানাইতে পারিয়া আমি আনন্দিত যে, পশ্চিমবঙ্গ মূল্য পরিস্থিতিতে স্থিতিশীলতা আনয়নের ব্যাপারে অন্যান্য রাজ্যের তুলনায় অগ্রসর হইয়া গিয়াছে। কলিকাতা শিল্প এলাকার ন্যায় একটি বৃহৎ মহানাগরিক অঞ্চলে আমরাই সর্বপ্রথম সংবিধিবদ্ধ রেশনিং প্রবর্তন করিয়াছি। ১৯৬৩ সাল হইতে আমাদের মুখ্যমন্ত্রী নির্বহণ শাখার যে অভিযান চালু করিয়াছেন তাহা প্রধানমন্ত্রী সহ দেশের সকল লোকের প্রশংসা অর্জন করিয়াছে। অবশ্য আমরা পৃথক ভাবে এই ব্যাপারে মাত্র সীমিত কাজই করিতে পারি। কেন না, প্রয়োজনীয় ভোগ্যবস্তুর প্রায় সবগুলিতেই পশ্চিমবঙ্গ গুরুতরভাবে ঘাটতি অঞ্চল। সুতরাং আমরা এক সর্বভারতীয় নীতির ভিত্তিতে এইক্ষেত্রে সুসংবদ্ধ কাজ আরম্ভ করার চেষ্টা করিতেছি। অধিকাংশক্ষেত্রে আমাদের আশানুরূপ সন্তোষজনক সাড়া পাওয়া যায় নাই। অবশ্য আমরা উদ্যম শিথিল করিবার পক্ষপাতী নই, কেন না এবিষয়ে আমরা দৃঢ়নিশ্চয় যে, স্থায়ী অবস্থা নিশ্চিত করায় ব্যর্থতা দেখা দিলে আমাদের পরিকল্পনাগুলির কাজে বাধা সৃষ্টি হইবে এবং আমাদের সাধারণ জনগণেরও কোন উপকার হইবে না। বিশেষ করিয়া আমাদের দেশের ন্যায় স্বল্পোন্নত দেশে জনগণের সকল অংশের আর্থনীতিক বৃদ্ধি ও সমৃদ্ধি শেষ পর্যন্ত স্থায়িত্বজনক অবস্থার দ্বারাই সর্বাধিক পৃষ্ঠপোষিত হইয়া থাকে।

আমার ভাষণ সমাপ্ত করিবার পূর্বে আমি সভার মাননীয় সদস্যগণকে বিবেচনা করিয়া দেখতে বলিব যে, "ভারতের জনগণের কল্যাণ ও উন্নতি" লাভ করার প্রতিশ্রুত দায়িত্বের একটি সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ বিষয়ে আমরা যথাযথ মনোযোগ দিতেছি কিনা। আমি আর্থনীতিক উন্নয়নের মানবিক দিকের গুরুত্বের উল্লেখ করিতেছি। আমরা প্রায়ই বিস্মৃত হই যে, উন্নয়ন হইল মানুষ ও সম্পদের সমাহার। মূলধন এবং প্রযুক্তিবিদ্যা উভয়েই যেমন সমৃদ্ধির জন্য অত্যাবশ্যক তেমনই এই উদ্দেশ্যে মনুষ্যশক্তিকে কি প্রকারে নিয়োগ করা হয় তাহাও সমান গুরুত্বপূর্ণ। মনুষ্যশক্তিকে অধিকতর দক্ষ করার বহুবিধ উপায় আছে কিন্তু মানুষ মন ও বস্তুর মিশ্রণেরও অতিরিক্ত কিছু। তাহার আত্মা আছে এবং এই আত্মা অন্যান্য সবকিছু অপেক্ষা উর্ধ্বে। সে এক নূতন ও উন্নততর জগতের স্বপ্ন দেখে এবং তাহার আত্মার এমন শক্তি ও ক্ষমতা আছে যাহা জগতে সর্বশ্রেষ্ট যন্ত্রের শক্তি ও ক্ষমতা অপেক্ষা অনেক অধিক। যদি আমরা এই আত্মিক শক্তির সাহায্য লইতে পারি এবং ইহার আদর্শবাদ ও মূল্যবোধ সম্মুখের মহৎ দায়িত্বে প্রয়োগ করিতে পারি তবে আমরা অসাধ্য সাধন করিতে পারিব। তাহা হইলে আমরা সমৃদ্ধি বৃদ্ধির প্রয়াসে আমাদের অংশগ্রহণের ফলে পূর্ণতার অনুভতি লাভ করিব এবং উন্নয়ন কর্মধারা সন্তোষজনক রোমাঞ্চকর অভিজ্ঞতা হইয়া দাঁড়াইবে। এক মহান্ উদ্দেশ্যের এবং নিজ অপেক্ষা উচ্চতর ও মহত্তর কোন কিছুর বেদীমূলে ব্যক্তির স্বেচ্ছাপ্রণোদিত অবনমনের মধ্যে নূতন ভারত গঠনরূপ দুঃসাহসিক কার্য্যের নিগুঢ় রহস্য নিহিত থাকিবে। এ বিষয়ে আমার কোন সংশয় নাই যে, পর্বাপেক্ষা অনেক বৃহত্তর পরিমাণে আমারা এই রহস্যের সদ্ব্যবহার করিতে পারিব।

পশ্চিমবঙ্গ বাজেট, ১৯৬৫-৬৬

(হাজার টাকার হিসাবে)

	প্রকৃত	বাজেট	সংশোধিত	বাজেট
আদায়	১৯৬৩-৬৪	১৯৬৪-৬৫	১৯৬৪-৬৫	১৯৬৫-৬৬
প্রারম্ভিক তহবিল	৩,০৪,৬৭	১১,৫৩	১,০১,০৬	১৩,৪৭
রাজস্ব আদায়	১,২৫,৯০,৫৯	১,৩৫,৫২,১১	১,৩৮,৫৪,৮০	১,৫১,৯৯,৫২
ঋণ খাতে আদায়--				
ঋণ	৫২,৮৩,৭৪	৭৪,১৯,৭৭	৮৯,৮৯,৫৫	৮৮,১১,৯৯
সম্ভাব্য তহবিল ও সরকারী হিসাব হইতে আদায়	২,৮১,৬৩,৪৮	২,৬৮,৯১,৮৬	২,৮৩,৩৫,৬৯	২,৭৬,৭৩,৭৩
মোট ..	৪,৬৩,৪২,৪৮	৪,৭৮,৭৫,২৭	৫,১২,৮১,১০	৫,১৬,৯৮,৭১
ব্যয়				
রাজস্বখাতে ব্যয়	১,১৭,২০,৫২	১,২৯,৯০,৯৫	১,৪৪,৯৩,৬৬	১,৬৯,৮২,৮২
মূলধন খাতে ব্যয়	২৬,৭৯,২৫	৪০,৯৩,৮০	৩৯,০১,৫৩	৩৯,১৮,৭০
ঋণ খাতে ব্যয়--				
ঋণ	৫১,৭৫,৭৩	৪৭,৩২,৬২	৪৭,৩২,৩৩	৫০,৯৪,৮৪
সম্ভাব্য তহবিল ও সরকারী হিসাব হইতে ব্যয়	২,৬৬,৬৫,৯২	২,৬৩,০৪,৫২	২,৮১,৪০,১১	২,৬৩,৯৪,৭০
সমাপ্তি তহবিল	১,০১,০৬	-২,৪৬,৬২	১৩,৪৭	-৬,৯২,৩৫
মোট ..	৪,৬৩,৪২,৪৮	৪,৭৮,৭৫,২৭	৫,১২,৮১,১০	৫,১৬,৯৮,৭১
নীট ফল--				
উদ্বৃত্ত (+) ঘাটতি (-)				
(ক) রাজস্ব খাতে	৮,৭০,০৭	+৫,৬১,১৬	-৬,৩৮,৮৬	-১৭,৮৩,৩০
(খ) রাজস্ব খাতের বাহিরে ..	-১০,৭৩,৬৮	-৮,১৯,৩১	+৫,৫১,২৭	+১০,৭৭,৪৮
(গ) নীট (প্রারম্ভিক তহবিল বাদে)	-২,০৩,৬১	-২,৫৮,১৫	-৮৭,৫৯	-৭,০৫,৮২
(ঘ) নীট (প্রারম্ভিক তহবিল সহ)	+১,০১,০৬	-২,৪৬,৬২	+১৩,৪৭	-৬,৯২,৩৫

BUDGET OF THE GOVERNMENT OF WEST BENGAL FOR 1965-66

Shri Saila Kumar Mukherjee:

Sir, I rise to present the Budget Estimates of the State of West Bengal for the financial year 1965-66. The Estimates that I present today relate to the last year of the Third Five-Year Plan and would, therefore, mark a further advance towards the development of the country. Various important things have taken place in the life of the nation during the last few years and in spite of many ups and downs the State has moved steadily forward. At this point of time our thoughts would naturally turn to those who have lent a strong hand to the wheel of progress and guided the people through thick and thin. We remember today leaders who have given us inspiration. The picture of a giant among men swiftly glides into our mind and his resonant voice rings in our ears as we recall his many-sided genius. For our late revered leader Dr. Bidhan Chandra Roy was indeed a giant and his voice gave a clarion call for better days. Dr. Bidhan Chandra Roy, in addition to being the Chief Minister of this problem-ridden State, also stood at the helm of Finance for 10 long years after independence. Among many other things that this great man did I shall refer to the manner in which he raised the financial status of West Bengal from near bankruptcy to a condition of stability. Dr. Roy's passing away in 1962 was a national loss. Before we could recover from this great and irreparable loss we were suddenly deprived last year of our guiding star who had led the entire nation for decades and especially since independence. Jawaharlal Nehru was more than a Prime Minister of India; he symbolised in himself the life and progress of the nation. He shaped the outlook of his countrymen so as to bring it in tune with the modern scientific and technological age. Both Shri Nehru and Dr. Roy thought that economic progress was the basis of all progress. This idea which was reinforced by their idealism, stature and authority in the country helped ensure proper attention to the basic problems of a battered and truncated West Bengal. We give them our homage in grateful remembrance.

While thinking of the march of events in the recent past we cannot but recall the shock of the Chinese invasion of 1962. None could have ever imagined that in return for a policy of consistent frendship India would be greeted with a large-scale military attack from China. Economically and financially this invasion has created serious problems. There has been a continuing state of emergency with a rapidly increasing expenditure for defence. The inflationary pressure has threatened the economic and financial stability all over the country and reduced the volume of resources available for progress. This has come about at a time when rapid economic development is essential not only for satisfying the long-term national aspiration of raising the standard of living of the common people but also for increasing our military strength. I have no doubt, of course, that this nation of ours will rise to the occasion. There is bound to be an interval of painful adjustments in all the State budgets, in the Central budget and in almost every home as in the economic life of the country.

An analysis of the economic situation has been given in our booklet "Economic Review" which is being circulated along with other budget documents. I shall refer here briefly to the recent production trends.

In West Bengal the index of agricultural production rose from 120.89 (revised) in 1962-63 to 135.77 in 1963-64 and the figure for 1964-65 is likely to be higher still.

Turning to those industrial and plantation products which are important from the point of view of West Bengal, we find that 1964 like the two previous years

has been a very good year for the jute industry in India. Already in 1963-64 the targets set for the final year of the Third Plan, viz., 1.3 million tons of production and 0.9 million tons of exports, were reached with prospects of further improvement during 1964-65. For tea, it is estimated that in 1964 the yield in India would be 374 million kgs. against 346 million kgs. in 1963. Exports in 1964 up to November amounted to 184 million kgs. valued at Rs. 110 crores against 198 million kgs. valued at Rs. 118 crores exported during the corresponding period of 1963. Present expectations regarding exports over the next few months from December 1964 are good.

Coal production, after showing a steady rise from 40.95 million tonnes in 1956-57 increased to 66.33 million tonnes in 1964-65. The lower grades are now showing a definite surplus, whereas the pressure of demand for superior grades has increased. The overall demand for coal has diminished due to railway electrification and dieselisation, use of furnace oil by certain industries located far away from the coalfields and the use of washery middlings by the thermal power stations and other consumers.

Production of finished steel in India rose from 1.4 million tonnes in 1956 to 3.8 million tonnes in 1962 and 4.3 million tonnes in 1963, the figure for the first seven months of 1964 being 2.495 million tonnes against 2.467 million tonnes produced during the corresponding period of 1963. An important event was decontrol of all cate gories of iron and steel except pig iron, billets, tin bars and flat products with effect from March 1, 1964.

In the first three years of the Third Plan national income at constant prices rose by only 10 per cent. and per capita income by only 2 per cent. against the total Third Plan period targets of 30 per cent. and 17 per cent. respectively. National income at 1948-49 prices rose from 13,400 crores in 1962-63 to 13,900 crores in 1963-64 and per capita income at 1948-49 prices rose from Rs. 295 in 1962-63 to Rs. 300 in 1963-64. Industrial production rose by 26 per cent. in the first three years of the Third Plan and the index of agricultural production (1949-50=100) went up from 139.7 in 1960-61 (last year of the Second Plan) to 141.4 in 1961-62, fell to 137.2 in 1962-63 and rose again to 140.5 in 1963-64 with a possibility of a sharper rise in 1964-65. The annual target for agricultural production in the Third Plan is a 5 per cent. rise and this has not materialised so far. This failure of agriculural production is causing considerable anxiety, because it is holding up the expected rise in national income as well as per capita income. Agriculture is now being given more attention all over the country. The supply of fertilisers, improved seeds and irrigation facilities and all ancillary aids is being increased from year to year. A major grievance of the cultivators has now been removed by the fixation of economic prices for the important foodgrains all over India by the Government of India in consultation with the State Governments with effect from the current kharif season. It is hoped that these measures will help agricultural production look up, thereby removing the main bottleneck in our economy at present.

Estimates

I shall now discuss the Revised Estimates for the current year and the Budget Estimates for the coming year.

YEAR 1964-65

Opening Balance

The budgeted opening balance of the current year was Rs. 12 lakhs being the estimated closing balance of the year 1963-64 according to the Revised Estimates for that year. The year 1963-64, however, actually closed with a balance of Rs. 1.01 crores.

Revenue Receipts

The Revised Estimates of the toal revenue receipts in the current year stand at Rs. 138 crores 55 lakhs as against the Budget Estimates of Rs. 135 crores 52 lakhs. There is an increase of Rs. 3 crores 3 lakhs.

Under "Taxes on Income other than Corporation Tax" there has been an increase of Rs. 1 crore 76 lakhs. This follows the estimates of our share of Income-Tax in the current year given by the Government of India. There is a decrease of Rs. 70 lakhs under State's share of Union Excise Duties.

There is a decrease of Rs. 1 crore 87 lakhs under "Land Revenue" which is due to the Revised Estimates being framed on the basis of actuals of 1963-64 and previous years.

The increase of Rs. 1 crore under "State Excise Duties" is mainly due to larger yield from country spirits and wines and spirits including medicated wines.

There is an increase of Rs. 61 lakhs under "Taxes on Vehicles" on the basis of an anticipated larger yield.

There is an increase of Rs. 1 crore 30 lakhs under "Sales Tax" which is based on anticipated larger receipts.

There is an increase of Rs. 36 lakhs under "Other Taxes and Duties" mainly due to larger yield from Electricity Duty.

There is a decrease of Rs. 51 lakhs under "Stamps" due to lower yield than anticipated from enhancement of stamp duties.

The decrease of Rs. 67 lakhs under "Interst" is due to smaller interest receipts than originally anticipated from certain State Enterprises.

There is an increase of Rs. 34 lakhs under "Multipurpose River Schemes" due to larger receipts anticipated from certain schemes.

The increase of Rs. 34 lakhs under "Miscellaneous" is due to adjustment of arrear Central assistance for displaced persons.

Variations under other Heads account for the balance.

Revenue Expenditure

The Revised Estimates of the total revenue expenditure stand at Rs. 144 crores 94 lakhs as against Rs. 129 crores 91 lakhs in the Budget Estimates. The increase is of the order of Rs. 15 crores 3 lakhs.

There is an increase of Rs. 27 lakhs under "Land Revenue" and Rs. 35 lakhs under "General Administration" mainly for provisions for journeys, allowances and medical benefit schemes.

The increase of Rs. 2 crores 24 lakhs under "Police" is due to raising of new Battalions of Armed Police and reorganisation of Border Police and also due to an increase of the transport fleet for West Bengal and Calcutta Police.

The increase of Rs. 93 lakhs under "Miscellaneous Departments—Excluding Fire Services" is due to an additional expenditure for implementing the new food policy and statutory rationing in Greater Calcutta.

The increases of Rs. 4 crores 20 lakhs under "Education" and Rs. 52 lakhs under "Medical" are due to larger provisions for Plan Schemes.

A decrease of Rs. 99 lakhs under "Agriculture" is mainly due to smaller provision for Plan schemes.

The decrease of Rs. 49 lakhs under "Industries—Cottage Industries" is mainly due to smaller provision for Plan schemes and the decrease of Rs. 40 lakhs under "Community Development Projects, etc." is also due to the same reason.

The increase of Rs. 4 crores 2 lakhs under "Multipurpose River Schemes" is mainy due to the provision for meeting the deficit resulting from the opening of the Revenue Account by the D.V.C. and for the maintenance of barrage and irrigation system of the D.V.C. recently taken over by this Government.

The decrease of Rs. 67 lakhs under "Irrigation, Navigation and Drainage Works (Non-Commercial)" is due to the omission of the provision for bulk purchase of water from the D.V.C. as the Government of West Bengal have taken over the works.

The increase of Rs. 1 crore 49 lakhs under "Public Works" is mainly due to provision for Plan schemes.

The increase of Rs. 66 lakhs under "Greater Calcutta Development Scheme" is due to larger expenditure anticipated in the current year. This item is being shown separately on account of a change of classification.

The increase of Rs. 2 crores 62 lakhs under "Famine Relief" is due to larger provision needed for relief measures.

The increase of Rs. 40 lakhs under "Miscellaneous Contributions" is mainly due to grants payable to the Zilla Parishads at 5 per cent of the land revenue based on a recent decision of this Government.

The decrease of Rs. 40 lakhs under "Expenditure connected with the National Emergency" is due to slower progress of work.

Variations under other Heads account for the balance.

Debt and other Heads

In the current year's Budget a credit of Rs. 7 crores in market loan was taken. The loan was fully subscribed.

The Revised Estimates of loans from the Central Government stand at Rs. 61 crores 30 lakhs as against the Budget Estimates of Rs. 55 crores 96 lakhs. The increase of Rs. 5 crores 34 lakhs is mainly due to arrear adjustment of Central assistance.

Capital Expenditure

The provision for Capital Expenditure in the Revised Estimates stands at Rs. 39 crores 2 lakhs as against the original Budget Estimates of Rs. 40 crores 94 lakhs.

There is a decrease of Rs. 1 crore under "92—Payment of compensation of Land-holders, etc., on the abolition of the Zemindary System" due to slower progress in the payment of compensation.

There is a decrease of Rs. 26 lakhs under "95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" due to smaller provision for Plan schemes.

The decrease of Rs. 40 lakhs under "98—Capital Outlay on Multipurpose River Schemes" is due to smaller provision for Plan schemes.

There is a decrease of Rs. 3 crores 43 lakhs under "98—Capital Outlay on Multipurpose River Schemes—Damodar Valley Project" due to omission of the provision for capitalisation of interest charges which have been included in the Revenue Account since opened by the D.V.C. under section 39 of the D.V.C. Act.

A decrease of Rs. 71 lakhs under "99—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial)", a decrease of Rs. 28 lakhs under "100—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial), a decrease of Rs. 98 lakhs under "103— Capital Outlay on Public Works" and a decrease of Rs. 2 crores 10 lakhs under "109—Capital Outlay on Other Works" are due to smaller provision for Plan schemes. A provision of Rs. 1 crore 39 lakhs has been made under "106A—Capital Outlay on Greater Calcutta Development Scheme".

An increase of Rs. 6 crores 50 lakhs under "124—Capital Outlay on Schemes of Government Trading" is due to the provision for larger operations of the Food Department as a result of the new food policy.

There is a decrease of Rs. 33 lakhs under "124—Capital Outlay on Schemes of Government Trading—Greater Calcutta Milk Supply Scheme" on account of smaller provision for Plan schemes.

Net Result

The year 1964-65 thus closes with a revenue deficit of Rs. 6 crores 39 lakhs and a surplus of Rs. 5 crores 51 lakhs outside the revenue account. The opening balance of Rs. 1 crore 1 lakh together with the surplus of Rs. 5 crores 51 lakhs outside the revenue account wipes out the deficit of Rs. 6 crores 39 lakhs in the revenue account and leaves a net surplus of Rs. 13 lakhs.

YEAR 1965-66

Revenue Receipts

The total revenue receipts in the Budget Estimates for 1965-66 stand at Rs. 152 crores as against Rs. 138 crores 55 lakhs in the Revised Estimates for 1964-65. There is thus an overall increase of Rs. 13 crores 45 lakhs.

There is a decrease of Rs. 54 lakhs on "Taxes on Income other than Corporation Tax" which follows the estimates given by the Government of India.

There is an increase of Rs. 23 lakhs under "State Excise Duties" which is based on anticipated growth of revenue.

There is an increase of Rs. 1 crore 68 lakhs under "Sales Tax" which is based on anticipated growth of revenue.

There is an increase of Rs. 23 lakhs under "Taxes on Vehicles" which is based on anticipated rate of growth.

There is an increase of Rs. 38 lakhs under "Other Taxes and Duties" which is mainly due to anticipated larger receipts from Electricity Duty.

There is an increase of Rs. 3 crores 99 lakhs under "Interest" due to the adjustment of the interest receipts on capital advanced to the D.V.C. in the receipt budget instead of reduction of expenditure as done in previous years on account of a change in accounting classification.

The increase of Rs. 75 lakhs under "Agriculture" is due to anticipated larger sale of fertilisers.

There is an increase of Rs. 26 lakhs under "Road and Water Transport Schemes" due to anticipated larger receipts from the State Transport Organisation in Durgapur.

The decrease of Rs. 41 lakhs under "Miscellaneous" is due to the omission of the provision for arrear Central assistance.

The increase of Rs. 87 lakhs under "State's Share of Union Excise Duties" is due to anticipated larger growth.

The increase of Rs. 5 crores 89 lakhs under "Grant-in-aid from Central Government" is entirely due to the provision of Central assistance for construction of bridges and roads on the National Highway running from Bareilly to Amingaon. The entire cost of construction involving an expenditure of about Rs. 5 crores will be borne by the Government of India.

Revenue Expenditure

The Budget Estimates of revenue expenditure for 1965-66 stand at Rs. 169 crores 83 lakhs as against Rs. 144 crores 94 lakhs in the Revised Estimates for 1964-65. There is thus an increase of Rs. 24 crores 89 lakhs.

The increase of Rs. 6 crores 86 lakhs under "Interest on Debt and other Obligations" is due to larger interest charges for mounting development loans and interest charges for the D.V.C. under this Head due to a change in classification.

The increase of Rs. 1 crore 41 lakhs under "Police " is mainly due to raising of Armed Police Battalions, strengthening of Police transport and Border Police reorganisation.

The increase of Rs. 99 lakhs under "Miscellaneous Departments—Excluding Fire Services" is due to larger provision needed for implementing the new food policy.

The increases of Rs. 2 crores 36 lakhs under "Education", Rs. 1 crore under "Medical", Rs. 1 crore 52 lakhs under "Agriculture", Rs. 1 crore 21 lakhs under "Animal Husbandry", Rs. 46 lakhs under "Community Development Projects, etc.", Rs. 4 crores 17 lakhs under "Public Works", Rs. 30 lakhs under "Forest" are mainly due to larger provision for Plan schemes.

The increase of Rs. 52 lakhs under "Greater Calcutta Development Scheme" is for a larger programme of development of Calcutta.

The increase of Rs. 70 lakhs under "Pension and other Retirement Benefits" is due to the provision for increase in pension and family pension scheme.

The increase of Rs. 71 lakhs under "Expenditure connected with the National Emergency, 1962" is due to larger provision needed for Civil Defence Schemes.

Debt and other Heads

Loans from the Central Government for 1965-66 are estimated at Rs. 59 crores 13 lakhs against the Revised Estimates of Rs. 61 crores 30 lakhs for 1964-65. The decrease of Rs. 2 crores 17 lakhs is mainly due to omission of arrear Central assistance.

On the receipt side we have included a provision of Central loan assistance of Rs.6 crores 45 lakhs for the D.V.C. for expenditure both within the Plan and outside the Plan. Central loan assistance for Plan schemes other than the D.V.C. will amount to Rs. 28 crores 68 lakhs. Our share of Small Savings collection in 1965-66 has been estimated at Rs. 15 crores 50 lakhs.

There will be a Central loan of Rs. 5 crores 28 lakhs for Centrally-sponsored schemes and of Rs. 1 crore 70 lakhs for relief and rehabilitation of displaced persons.

Loan assistance of Rs. 38 lakhs for distribution to cultivators for purchase of fertilisers and of Rs. 1 crore 13 lakhs for Police Housing Scheme will also be available from the Government of India in the coming year.

We have included a provision of Rs. 10 crores for a market loan in our estimates for 1965-66.

On the disbursement side we have made the following provisions, among others :

(*i*) Rs. 38 lakhs to cultivators for purchase of fertilisers.

(*ii*) Rs. 60 lakhs to agriculturists.

(*iii*) Rs. 28 lakhs for cattle purchase loans.

(*iv*) Rs. 25 lakhs for Middle Income Group Housing Scheme.

(*v*) Rs. 30 lakhs under the "State Aid to Industries Act".

(*vi*) Rs. 1 crore 50 lakhs for Durgapur Chemicals.

(*vii*) Rs. 6 crores 49 lakhs for Durgapur Projects Limited.

(*viii*) Rs. 21 lakhs for Greater Calcutta Milk Supply Scheme.

(*ix*) Rs. 7 crores 92 lakhs for West Bengal State Electricity Board.

(*x*) Rs. 48 lakhs for the Emergency Water-Supply Scheme in Greater Calcutta.

(*xi*) Rs. 48 lakhs for the Calcutta-Dum Dum Super Highway.

(*xii*) Rs. 20 lakhs for the Low Income Group H ousing Scheme.

(*xiii*) Rs. 88 lakhs for Community Development Projects.

(*xiv*) Rs. 60 lakhs for displaced persons.

ital Expenditure

The toal provision for c pital penditure in the Budget Estimates for 1965-66 is Rs. 39 crores 19 lakhs as gain Rs. 39 crores 2 lakhs in the Revised Estimates for 1964-65. The increase of t order of Rs. 17 lakhs.

The provisions for important items of capital expenditure in the Budget for 1965-66 are indicated below :

(*i*) Rs. 4 crores have been porvide d under "Payment of compensation to land holders, etc., on the abolition of the Zemindary system."

(*ii*) Rs. 3 crores have been provided under "Capital Outlay on schemes of Agricultural Improvement and Research" mainly for deep tube-well and lift irrigation.

(*iii*) Rs. 1 crore 5 lakhs have been provided under "Capital Outlay on Industrial and Economic Development" mainly for setting up a second unit of the Kalyani Spinning Mills Ltd. at Habra and for investment in shares of co-operative organisations.

(*iv*) Rs. 2 crores and 22 lakhs will be spent under "Capital Outlay on Multipurpose River Schemes" on account of Mayurakshi and Kangsabati Reservoir Projects.

(*v*) Rs. 6 crores and 45 lakhs have been provided under "Capital Outlay on Multipurpose River Schemes—Damodar Valley Corporation" out of which the Plan provision amounts to Rs. 1 crore 8 lakhs.

(*vi*) Rs. 52 lakhs have been provided under "Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial)" for various irrigation and drainage schemes.

(*vii*) Rs. 6 crores and 57 lakhs have been provided under "Capital Outlay on Public Works" for construction works connected with various Plan and other schemes.

(*viii*) Rs. 5 crores 13 lakhs have been earmarked for development of State roads under "Capital Outlay on Public Works".

(*ix*) There is a provision of Rs. 41 lakhs for Subsidised Industrial Housing Scheme, Rs. 58 lakhs for Low Income Group Housing Scheme, Rs. 70 lakhs for Middle Income Group Housing Scheme, Rs. 50 lakhs for Rental Housing Scheme and another Rs. 50 lakhs for Land Acquisition and Development Scheme.

(*x*) Rs. 1 crore 70 lakhs will be spent on Salt Lake Reclamation Scheme.

(*xi*) Rs. 60 lakhs will be spent on improvement of traffic conditions in areas surrouuding Howrah and Sealdah Railway Stations.

(*xii*) Rs. 37 lakhs have been earmarked for development of Gas Distribution System in Calcutta.

(*xiii*) Rs. 80 lakhs will be spent for development of Central Dairy in Calcutta.

(*xiv*) There is a provision of Rs. 1 crore 10 lakhs for colonisation schemes under "Capital Outlay on Other Works—Expenditure on Displaced Persons".

Net Result

There is a revenue deficit of Rs. 17 crores 83 lakhs for the year 1965-66. There is a surplus of Rs. 10 crores 78 lakhs outside the revenue account. Thus, there is an overall deficit of Rs. 7 crores 5 lakhs. This together with the opening balance of Rs. 13 lakhs results in an overall negative closing balance of Rs. 6 crores 92 lakhs.

Taxation

I have not made any proposal of fresh taxation to cover the revenue deficit.

Some ameliorative measures

Members will recollect that in my last Budget Speech I indicated Government's determination to introduce suitable ameliorative measures and security benefits in favour of its employees. Accordingly, a scheme for medical benefit to all employees and their families was introduced at a cost of Rs. 1.75 crores, for the initial year. To compensate partly for the increased cost of living, dearness allowance was given to all low-paid Government servants drawing pay upto Rs. 300 per month. Suitable assistance towards payment of dearness allowance was also provided for teachers of non-Government primary and secondary schools. The total cost of dearness allowance was about Rs. 2.5 crores per annum, initially.

I am now glad to announce that the Government have decided to revise the rates of dearness allowance so that with effect from the next financial year the dearness allowance rate will be raised from Rs. 5 to Rs. 10 for those drawing pay up to Rs.150 per month and from Rs. 10 to Rs. 20 for those drawing pay from Rs. 151—300 per month. In addition to these pay groups all Government servants drawing pay of Rs. 301—600 will now get a dearness allowance of Rs. 30 per month.

Government have decided that for the purpose of dearness allowance, in the place of old rates, all non-Government recognised educational institutions will be assisted on the following new pattern from the beginning of the financial year 1965-66.

	Dearness allowance of:
(1) Teachers of Primary Schools	Rs. 10 each per month.
(2) Teachers of Secondary Schools ..	Rs. 10 each per month.
(3) Teachers of Colleges and sponsored Polytechnics	Rs. 15 each per month.
(4) Non-teaching staff in schools and colleges	Rs. 10 each per month.

It is hoped that the Managing Committees and Governing Bodies will arrange to provide such further relief as is possible. Pending examination of the details of the revised rates of dearness allowance an additional provision of Rs. 3 crores has been made in the budget estimates of 1965-66, but the actual charges are likely to be much heavier than the provision made.

স্পেশাল বাস-এর ফিগার আমার কাছে নেই, তবে এটুকু বলতে পারি যথেষ্ট লোক এসেছিল এবং ৮ লক্ষ লোকের হিসেব রয়েছে।

Shri Ananda Gopal Mukhopadhyay:

মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই অধিবেশনের জায়গা থেকে লোকদের বাড়ী ফিরতে বাত্র ১২।১টা পর্যন্ত সময় লেগেছিল কিনা ?

(নো রিপ্লাই)

Shri Sambhu Charan Ghosh:

প্রচারমন্ত্রী বললেন রাস্তার উন্নয়ন বাবদ কোন টাকা সরকার পক্ষ থেকে খরচ করা হয়নি। গত ১৮ই জানুয়ারী স্টেটসম্যান পত্রিকায় যখন এই সংবাদ বেরিয়েছিল তখন অতুল্য ঘোষ মহাশয় তার প্রতিবাদ করেছিলেন। আমার প্রশ্ন হচ্ছে সরকার পক্ষ থেকে স্টেটসম্যান পত্রিকায় প্রকাশিত সংবাদের কোন প্রতিবাদ করা হয়েছে কিনা।

Shri Bijoy Singh Nahar:

সংবাদপত্রে একটা সংবাদ প্রকাশিত হলে তার প্রতিবাদ করতে যদি সরকার যায় তাহলে অন্যায় হবে।

Registered unemployed

***105.** (Admitted question No. *433.) **Shri Sailendranath Adhikary:**

শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী হিসাব অনুযায়ী পশ্চিমবঙ্গে এ পর্যন্ত বেকারের সংখ্যা কত;

(খ) এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জগুলিতে নাম রেজিস্ট্রেশন হওয়ার পরেও কত বৎসর পর্যন্ত চাকুরী প্রার্থীর অপেক্ষা করিতে হয়; এবং

(গ) এই বিরাট বেকার বাহিনীর কর্মসংস্থানের জন্য সরকার কি কি প্রচেষ্টা চালাইয়া যাইতেছেন?

Shri Bijoy Singh Nahar:

(ক) পশ্চিমবঙ্গে এ পর্যন্ত মোট বেকারের সংখ্যা কত তাহার পরিসংখ্যান সরকারের নিকট নাই; তবে পশ্চিমবঙ্গের কর্মসংস্থান কেন্দ্রগুলিতে তালিকাভুক্ত কর্মপ্রার্থীর সংখ্যা ৩১এ ডিসেম্বর, ১৯৬৪ সালে ছিল—

পুরুষ—৪,৭৭,৪২৬
স্ত্রী— ২৬,৪৬১
———————
৫,০৩,৮৮৭

(খ) কর্মসংস্থান কেন্দ্রে নাম পঞ্জীভুক্ত হওয়ার পর চাকুরী প্রার্থীকে কতদিন পর্য্যন্ত অপেক্ষা করিতে হয় তাহার কোন স্থিরতা নাই। চাকুরী প্রার্থীর চাকুরী পাওয়ার সম্ভাবনা নির্ভর করে সাধারণতঃ কর্মখালির বিজ্ঞাপন অনুযায়ী চাকুরী প্রার্থীর যোগ্যতা ও নিয়োগ-কর্তার নির্বাচনের উপর। কখনও দেখা যায় কর্মসংস্থান কেন্দ্রে নাম পঞ্জীভুক্ত হওয়ার পর অল্পকালের মধ্যেই কর্মপ্রার্থী চাকুরী পাইয়া থাকেন। আবার কখনও কর্মপ্রার্থীকে বেশ কিছুকাল অপেক্ষা করিয়া থাকতে হয়।

(গ) বেকার সমস্যা সমাধানের জন্য সরকার কারিগরি প্রশিক্ষণ, শিক্ষানবিশী প্রশিক্ষণ, বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রভৃতি দেওয়ার ব্যবস্থা করিয়াছেন এবং ইহার প্রসারের চেষ্টা করিতেছেন। কর্মসংস্থান কেন্দ্রগুলি মারফৎ বৃত্তি নির্দেশনারও ব্যবস্থা করা হইয়াছে।

Shri Kashi Kanta Maitra:

আপনি তো ফিগার দিতে পাচ্ছেন না, এটা কি সত্য ওয়েস্ট বেঙ্গল রিভিউতে যে চিত্র তুলে ধরা হয়েছে তাতে বলা হয়েছে পশ্চিমবাংলায় তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষে বেকারের সংখ্যা দাঁড়াচ্ছে ২৩ লক্ষ, এটা সত্য কিনা?

Shri Bijoy Singh Nahar:

সেটা আপনি কোথা থেকে বলছেন জানি না, আমার কাছে কোন পরিসংখ্যান নাই।

Shri Anadi Das:

এই যে ৪ লক্ষ বেকার আছে যাদের নাম এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জে আছে তাদের মধ্যে ওলডেস্ট এ্যাপলিক্যাণ্ট, টাইমের দিক থেকে বয়সের দিক থেকে নয়, কত আছে লিস্টে ?

Shri Bijoy Singh Nahar:

নোটিশ দিলে বলতে পারি, আমার কাছে সেরকম কিছু নাই।

Shri Sunil Das Gupta:

রেলওয়েতে যে সমস্ত ফোর্থ গ্রেড এমপ্লয়ীকে চাকুরি দেওয়া হয়, তাদের এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের মাধ্যমে নেওয়ার ব্যবস্থা আছে কি ?

Shri Bijoy Singh Nahar:

এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ থেকে পাঠান হয়।

Shri Bejoy Kumar Banerjee:

বেকারদের যে লিস্ট আছে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ ছেলেমেয়ে মিলিয়ে তাদের সংখ্যা আন্দাজ ৫ লক্ষ, আসল পরিসংখ্যান নেই, আপনি একথা অস্বীকার করতে পারেন কি এদের সংখ্যা ৪০ লক্ষেরও বেশী এবং প্রতি বছর ১ লক্ষ ৪০ হাজার করে বেকার বাড়ছে ?

Shri Bijoy Singh Nahar:

মাননীয় সদস্য কোথা থেকে এ ফিগার পেয়েছেন, আমাদের যদি দেন আমরা উপকৃত হব।

Shri Bejoy Kumar Banerjee:

জানি না কত বেকার আছে আপনাদের কাছে কি স্ট্যাটিস্টিকস্, ডেটা নেই ? আমি তো আপনাদের এখানে থেকেই বলছি।

Shri Bijoy Singh Nahar:

না, আমার কাছে নেই।

Shri Nikhil Das:

বেকার ভাতার পরিকল্পনা সরকারের আছে কিনা.

Shri Bijoy Singh Nahar:

আমার বিভাগের নাই।

Shri Anadi Das:

যারা এসে নাম লেখায় তাদের নাম ছাড়া বাইরে থেকে যারা বেকার আছে তাদের সংখ্যা নির্ধারণ করার ব্যবস্থা আছে কিনা ?

Shri Bijoy Singh Nahar:

যারা বাইরে আছে তারা চিঠি লিখলে পোস্ট কার্ড লিখলে তাদের নাম রেজিস্ট্রি করা হয়।

Shri Anadi Das:

দেশে কত বেকার আছে তা নির্ণয় করার জন্য সেই পরিসংখ্যান নির্ণয় করার জন্য কোন উপায় আছে কিনা ?

Shri Bijoy Singh Nahar:

আমার বিভাগে নেই

Shri Gour Chandra Kundu:

কল্যাণী স্পিনিং মিলে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ-এর থ্রুতে লোক না নিয়ে কংগ্রেসী বাবুদের সুপারিশমত লোক নেওয়া হয় এটা কি ঠিক?

Shri Bejoy Singh Nahar:

এটা নোটিশ না দিলে বলতে পারি না, কল্যাণী স্পিনিং মিল এবং যতগুলি সরকারী প্রতিষ্ঠান আছে তারা এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ থেকে নোটিফাই করে নাম নেন।

Sm. Santi Das:

আমি জানতে চাচ্ছিলাম গ্রামের মহিলাদের কর্ম সংস্থানের জন্য এই ডিপার্টমেণ্ট থেকে কোন স্কীম আছে কিনা?

Shri Bejoy Singh Nahar:

গ্রামের মহিলাদের জন্য আলাদা কোন স্কীম নেই, যাদের নাম লেখান হয়, চাহিদা আসলে তাদের নাম পাঠিয়ে দেওয়া হয়।

Shri Balailal Das Mahapatra:

শিক্ষিত বেকারের সংখ্যা কত তা জানবার জন্য কোন চেষ্টা করা হয়েছে কিনা?

[1-20—1-30 p.m.]

Shri Bijoy Singh Nahar:

হাউস-এর আগে বলেছি ফিগার নেই, নোটিশ দিলে জানাব।

Sm. Biva Mitra:

কোলকাতায় এত বেশী বেকার রয়েছে যে জোন জোন-এ একটা এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ করা যায় কিনা?

Shri Bijoy Singh Nahar:

এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ বাড়ালেই তাদের কর্ম সংস্থান হবে না, এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ প্রত্যেক পল্লীতে বাড়িয়ে কোন সুফল হবে না।

Shri Aswini Roy:

তিনি যে ৫ লক্ষ বেকারের কথা বললেন এর মধ্যে আরবান ও রুরাল এরিয়ার কোন সংখ্যা আছে কিনা। যে কত আরবান-এ আছে এর কত রুরালএ আছে?

Shri Bijoy Singh Nahar:

সেটা আমার কাছে নেই। তবে এটা আমরা ধরে নিই প্রতি জেলায় যেখানে এই রকম কর্মসংস্থান কেন্দ্র আছে সেসব জেলাতে যদি আমরা রুরাল ধরি তাহলে একটা ফিগার পাওয়া যায় কিন্তু সেই ভাবে আরবান ও রুরাল-এর সংখ্যা রাখার ব্যবস্থা নেই।

Shri Anadi Das:

যারা এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জএ নাম লেখায় তাদের লিস্ট রাখা হয়। সরকার থেকে এমন কোন ব্যবস্থা করা হবে কিনা যে সারা দেশে কত বেকার আছে যারা নাম লেখায় না—তার স্ট্যাটিস্টিকস রাখার?

Shri Bijoy Singh Nahar:

আমরা এদের কর্মসংস্থান করতে পারছি না তার উপর লম্বা লিস্ট যদি তৈরী করি তাহলে আরও অসুবিধা হবে।

Shri Ramendra Kishore Mallik:

আপনি কি বলবেন যে সিডিউল্ড কাস্ট ও ট্রাইবদের জন্য বাংলাদেশে কত বেকার আছে এবং তাদের জন্য কি কর্মসংস্থানের ব্যবস্থা করেছেন?

Shri Bijoy Singh Nahar:

সিডিউল্ড ট্রাইব বলে অন্য কিছু লেখা হয় না। তবে যখন সিডিউল্ড ট্রাইব-এ নাম লেখান তাঁরা লিখে থাকেন সংখ্যা সম্বন্ধে প্রশ্ন করেন তাহলে পরে পরিসংখ্যান দেবার ব্যবস্থা করব।

Hospital in Nabagram P.S.

***106.** (Admitted question No. *553.) **Shri Birendra Narayan Ray:**

স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে মুর্শিদাবাদ জেলার নবগ্রাম থানা হাসপাতালের নির্মাণকার্য দুই বৎসর পূর্বে শেষ হইলেও অদ্যাবধি উক্ত হাসপাতাল চালু হয় নাই; এবং

(খ) সত্য হইলে ইহার কারণ কি?

Shrimati Purabi Mukhopadhyay:

(ক) ইহা সত্য নহে।

(খ) প্রশ্ন উঠে না।

Shri Birendra Narayan Ray:

কোনটা সত্য নয়?

Shrimati Purabi Mukhopadhyay:

যে প্রশ্ন করেছেন তার উত্তর দিয়েছি।

Shri Birendra Narayan Ray:

কতদিনে এই হাসপাতালের নির্মাণ কার্য্য শেষ হয়েছিল?

Shrimati Purabi Mukhopadhyay:

১৯৬২ সালের প্রথমে এই হাসপাতালের নির্মাণকার্য্যের জন্য টাকা স্যাংসান করে এ্যাডমিনিস্ট্রেটিভ এ্যাপ্রুভ্যাল দিয়ে পি. ডবলিউ. ডি.কে বাড়ী তৈরী করতে দেওয়া হয়। ১৯৬৪ সালের জুন মাসে এই বাড়ী হেলথ ডিপার্টমেণ্টকে হ্যাণ্ডওভার করে। কিন্তু সে সময় এখানে যে এ. জি. হসপিটাল ছিল সেটা ঝড়ে নষ্ট হবার জন্য তখন রাতারাতি এ. জি. হসপিটালকে নিয়ে এসে এই নূতন বাড়ীতে স্থান দেওয়া হয়, সেজন্য এই ফেব্রুয়ারী মাসের ১লা তারিখ থেকে এ. জি. হসপিট্যাল এর কাজ বন্ধ করে সেখানে প্রাইমারী হেলথ সেণ্টার এর কাজ সুরু হয়েছে।

Shri Birendra Narayan Ray:

ইণ্ডোর পেসেণ্ট কবে থেকে ভর্ত্তি করছেন?

Shrimati Purabi Mukhopadhyay:

১.২.৬৫ তারিখে থেকে এই হাসপাতালের কাজ সুরু হয়ে গেছে—সুরু যখন তখন ইনডোর পেসেণ্ট এর ভর্ত্তি করার কাজও সুরু হয়েছে।

Hospital Matrons

***107.** (Admitted question No. *720.) **Dr. Radhanath Chattoraj:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের হাসপাতালসমূহে মেট্রনের সংখ্যা কত;

(খ) তাহাদের মধ্যে বাঙালী কয় জন;

(গ) মেট্রণদের শিক্ষার যোগ্যতা কি;

(ঘ) বাঙালী সিনিয়ার নার্সদের মেট্রন পথে উন্নীত করা হয় কিনা; এবং

(ঙ) হইয়া থাকিলে, কতজনকে এ পর্যন্ত উন্নীত করা হইয়াছে?

Shrimati Purabi Mukhopadhyay:

(ক) ৩৮।

(খ) ২০।

(গ) জেনারেল নার্সিং মিডওয়াইফারী অথবা বি, এস সি ডিগ্রী ইন নার্সিং। মেট্রনপদে নিয়োগের পূর্বে তাহাদের ন্যূনপক্ষে ৫ বৎসরের প্রশাসনিক অভিজ্ঞতারও প্রয়োজন।

ডিপ্লোমা ইন নার্সিং এডমিনিস্ট্রেসন এবং/অথবা জেনারেল নার্সিং মিডওয়াইফারী বিষয়ে শিক্ষকতার অভিজ্ঞতা থাকা বাঞ্চনীয়।

(ঘ) হয়।

(ঙ) ১৯।

Shri Aswini Roy: এই যে ৩৮ জন লোকের কথা বললেন এঁরা কি সবাই বি এস সি (নার্সিং) কোয়ালীফাইড

Shrimati Purabi Mukhopadhyay: আমি 'গ' ক্যাটেগরীতে বলেছি ২ টায় কোয়ালিফিকেশন এরূপ লোক ৩৮ জন, এই কোয়ালিফিকেশন হল বি এস সি (নার্সিং) এবং জেনারেল নার্সিং (মিডওয়াইফারী) আছে।

Shri Aswini Roy: আমি জিজ্ঞাসা করছি বি এস সি (নার্সিং) কত জন আছেন?

Shrimati Purabi Mukhopadhyay: ফিগারটা আগেই বলেছি এখন ভাগ করে বলতে হবে। বি এস সি (নার্সিং) এ ১৮ জন।

Shri Sanat Kumar Raha: যে ধরণের মেট্রন দরকার তা কি আমাদের পশ্চিম বাংলায় আছে।

Shrimati Purabi Mukhopadhyay: আমাদের প্রথমে এটা ক্যালকুলেশন করা হয় ৫টা বেড নিয়ে একটা নার্স হবেন এই ভাবে নার্সিং সার্ভিস থেকে ফিগার ঠিক করা হয় যে পশ্চিমবাংলায় কত জন নার্স লাগবে, এই ক্যাডার থেকে নার্সিং সার্ভিস শেষ ফিগারটা ঠিক করা হয় তারপর ৩ পার্সেন্ট অফ দিস নার্সিং সার্ভিস এই ভাবে মেট্রন পোস্ট এ যান। আমাদের এই মেট্রন পোস্টএ সবেতেই লোক আছে।

Shri Sanat Kumar Raha: হাসপাতালে সিডিউল্ড বেড-এর যে সংখ্যা তার টোটাল অনুসারেই কি নার্স বা মেট্রন দেওয়া হয়ে থাকে?

Shrimati Purabi Mukhopadhyay:

আমাদের যখন দেখা যায় যে দৈনিক গড় হিসাবে রেজিস্টার্ড বেড এর সংখ্যা বেশী হয়েছে এক্সট্রা, বেড রাণ করাতে হচ্ছে এবং তার একটা এ্যাভারেজ একটা কষে নি মানথ টু মানথ সেই ফিগার নিয়ে তারা দেন এবং রেজিস্টার্ড ক্যাপাসিটির বাহিরে সেটাকে রিকগনাইজ করে নি, এই হাসপাতালের শয্যা বলে। আমাদের ঠিক যে রেজিস্টার্ড ক্যাপাসিটি তার উপর ক্যালকুলেসন হয় না আমাদের এক্সট্রা বেড যেটা থাকে এক্সট্রা লোড যেটা যেটা হয় তার উপর ক্যালকুলেশন করে এই ফিগার হয়।

Dr. Golam Yazdani:

বি, এস, সি নার্সিংদের মেট্রন ট্রেনিং কোথায় দেওয়া হয়।

Shrimati Purabi Mukhopadhyay:

দিল্লীতে।

Dr. Golam Yazdani:

কলকাতায় এই ট্রেনিং-এর ব্যবস্থা করা যায় না ?

Shrimati Purabi Mukhopadhyay:

এটা গভর্নমেণ্ট এর নয় নার্সিং কাউন্সিল এর ব্যবস্থা করেন। আপনি যখন একথা বললেন তখন আপনাকে জানাই যে আমরা এ বিষয় নিয়ে যাদবপুর ইউনিভার্সিটির সঙ্গে এই নিয়ে কথা বলছি যাতে নাকি বি, এস, সি (নার্সিং) ট্রেনিং-এর ব্যবস্থা করা যায়। আমরা যাদবপুর ইউনিভার্সিটিকে লিখেছি যে আমরা যত তাড়াতাড়ি পারি এটা করছি, এবং নার্সিং কাউন্সিল এটা মেনে নিলে তাড়াতাড়ি এ ব্যাপারে টাকা সাহায্য দিয়ে বি, এস, সি (নার্সিং) ট্রেনিং এর ব্যবস্থা যাতে পশ্চিম বাংলায় করতে পারি সে চেষ্টাই করছি

Dr. Golam Yazdani:

এই যে দিল্লীতে মেট্রন ট্রেনিং-এর ব্যবস্থা আছে তার জন্য কিরূপ টাকা তাদের সাহায্য দেওয়া হয় ?

Shrimati Purabi Mukhopadhyay:

এটা পশ্চিমবাংলা দেয় না তারা দেন।

Dr. Abu Ashad Mohamad Obaidul Ghani:

মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে মেট্রন পোস্ট-এ কি ডাইরেক্ট রিক্রুইটমেণ্ট হয় ?

Shrimati Purabi Mukhopadhyay:

মেট্রন পোস্ট-এ ডাইরেক্ট রিক্রুইটমেণ্ট গ্রেড ১ তে হয় না অর্থাৎ আমাদের মেট্রন পোস্টএ গ্রেড ১ যেটা তার স্কেল হল ৩৫০—৫২৫ টাকা এবং গ্রেড ১(২) সেটা ১৭৫ থেকে ৩২৫ আমাদের এই ১৭৫ থেকে ৩২৫ এই গ্রেড ১ (২) সেটাতে ডাইরেক্ট রিক্রুইটমেণ্ট করি ৫ বৎসরের মধ্যে কোয়ালিফিকেসনস নিয়ে এসে ডিপার্টমেণ্টাল এগজামিনেসন হয় সেই এগজামিনেসন এর পর গ্রেড ১(১)এ প্রোমোশন দেওয়া হয় যদি এক্সট্রাঅর্ডিনারী কোয়ালিফিকেসান থাকে অর্থাৎ কেউ যদি অত্যন্ত বেশী কোয়ালিফিকেসান নিয়ে আসেন এবং যেহেতু এই ধরণের কোয়ালিফাইড মেট্রন বেশী নেই এদের সংখ্যা যেহেতু পশ্চিম বাংলায় বেশী নয় তাই এক্সেপসনাল সারকামসট্যানসেস এটা হয় না সেজন্য যেটা বেশী প্রয়োজন সে সব ক্ষেত্রে আমরা ডাইরেক্ট রিক্রুইটমেণ্ট করে থাকি।

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani:

করেন কোয়ালিফিকেসান যদি কেউ নিয়ে আসেন তা হলে তাকে কি 'এ' ক্লাসে ডাইরেক্ট রিক্রুইটমেণ্ট করা হয় ?

Shrimati Purabi Mukhopadhyay:

আমি আগেই বলেছি এক্সেপসনাল সারকামসট্যানসেস এ করা হয় তবে য্যাজ এ ম্যাটার অফ রুল করা হয় না।

Minimum wages for employments in building operations

***108.** (Admitted question No. *736.) **Shri Narayan Choubey:** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) when was the fixation of wages for the labour engaged in buildings, constructions, stone-breaking, etc., made as per the Minimum Wages Act; and

(b) whether the Government are considering the desirability of revising the wages structures of these labours?

[1-30—1-40 p.m.]

Shri Bijoy Singh Nahar: (a) Minimum wages for employment on the construction or maintenance of roads or in building operations were fixed in March 1952 and revised in July, 1960 and those for employment in stone breaking or stone crushing were fixed in December, 1959.

(b) Yes.

Shri Gopal Banerjee:

এই মিনিমাম ওয়েজেসটা কত?

Shri Bijoy Singh Nahar:

এটা একটা লম্বা ফিরিস্তি আছে—মাননীয় সদস্য যদি দেখতে চান তাহলে দেখিয়ে দিতে পারি—যদি পড়তে হয় তিন পাতা পড়তে হবে—আলাদা আইটেম আলাদা ভাবে আছে।

Shri Rabindra Nath Mukhopadhyay:

আমি জিজ্ঞাসা করছি মিনিমাম ওয়েজ এবং ম্যাকসিম্যাম ওয়জেসটা কত?

Shri Bijoy Singh Nahar:

এক ধরণের তো নেই—বিভিন্ন রকমের রেট আছে। মিনিমামটা হচ্ছে—অবশ্য আমি ভাল করে দেখি নি—১-৫০ নয়া পয়সা—আর এক জায়গায় দেখছি ৬ টাকা ম্যাকসিমাম।

Shri A. H. Besterwitch: Question (b) has not been answered.

Shri Bijoy Singh Nahar: I have said in reply to (b), "Yes".

Shri A. H. Besterwitch: When is the Government thinking of revising these wage structures?

Shri Bijoy Singh Nahar: It is under examination. We hope by this year it will be done.

Staff payments in Howrah T.B. Hospital

***109.** (Admitted question No. *743.) **Dr. Kanailal Bhattacharyya:** (a) Will the Minister-in-charge of the Labour Department be pleased to state if it is a fact that the staff of Howrah Tuberculosis Hospital made a representation to the Assistant Labour Commissioner, Howrah, on 9th September, 1964, alleging that the Secretary of the said hospital had withheld staff payments from August, 1964?

(b) If the answer to (a) is in affirmative, what action the Government has taken in this matter?

Shri Bijoy Singh Nahar: (a) Yes. A representation, dated 9-9-64, alleging non-payment of wages due on 7th September, 1964 was received by the Labour Directorate.

(b) The matter was taken up with the hospital authorities. Payment has since been made to the staff.

Dr. Kanai Lal Bhattacharyya:
মন্ত্রিমহাশয় জানাবেন কি কেন এই স্টাফ পেমেণ্ট উইথহোল্ড করা হয়েছিল এবং এই স্টাফ পেমেণ্ট কবে থেকে দিতে সুরু করা হয়েছে?

Shri Bijoy Singh Nahar:
আমি যতদুর জানি সেখানকার কমিটিতে কোন গোলমাল ছিল এবং সেখানে রিসিভার এ্যাপয়েণ্ট হয়েছিল—এই গোলমালের দরুন এগুলি দেরী হয়েছে।

Dr. Kanai Lal Bhattacharyya:
আমি জিজ্ঞাসা করছিলাম যে কবে থেকে স্টাফ পেমেণ্ট করা হচেছ?

Shri Bijoy Singh Nahar:
অগস্ট, ১৯৬৪ দেওয়া হয় নি—এবং তখন থেকে গোলমাল চলছে—এখন ডিসেম্বর পর্যন্ত সমস্ত দেওয়া হয়ে গেছে।

Dr. Kanai Lal Bhattacharyya:
স্টাফ ছাড়াও এখানে অফিসার যাঁরা আছেন তাঁদের পেমেণ্ট করা হয়েছে কি?

Shri Bijoy Singh Nahar:
এটা স্টাফ পেমেণ্টের ব্যাপার ছিল, অফিসার কারও বাকী আছে কিনা আমার খবর নেই।

Shri Kashi Kanta Maitra:
সুপারিণ্টেণ্ডেণ্ট অব হসপিট্যাল ডাঃ চ্যাটার্জি—একজন টি. বি. স্পেশালিস্ট তাকে কি স্টাফের মধ্যে ধরে নিয়েছেন, না, ডাঃ ভট্টাচার্য যে কথা বল্লেন, অফিসারের ক্যাটাগরীর মধ্যে ধরেছেন এবং তিনি মাইনে পেয়েছেন কি?

Shri Bijoy Singh Nahar:
ডাঃ চ্যাটার্জি সম্বন্ধে এইটুকুই আছে যে তিনি একটা আপত্তি জানিয়েছিলেন লেবার ডিরেক্টরেটে এবং পরীক্ষা করে দেখা হয়েছে যে ৩১।৭।৬৪ তারিখে তিনি চাকুরী থেকে খালাস হয়ে গেছেন এবং সে পর্যন্ত মাইনে পেয়েছেন।

Dr. Kanai Lal Bhattacharyya:
৩১-৭-৬৪ থেকে তাকে চাকুরী থেকে খালাস করেছেন কোন অথরিটি—গভর্ণীং বডি করেছেন?—না ব্যক্তিগতভাবে কোন সেক্রেটারী করেছেন এ বিষয়ে মন্ত্রী মহাশয় জানেন কি?

Shri Bijoy Singh Nahar:
নোটিশ দিলে ডিটেলস বলতে পারবো।

Shri Kashi Kanta Maitra:
মন্ত্রিমহাশয় কি জানেন যে এই ডা: চ্যাটার্জীকে ওখান থেকে সরাবার জন্য ওখানকার কংগ্রেস নেতারা একটা মাম লা রুজু করার চেষ্টা করেছিলেন এবং সেটা ইনজাংসন্ যে যাতে করে ডা: চ্যাটার্জীকে সরানো না হয়?

Shri Bijoy Singh Nahar:
আমার ফাইলে কিছু নেই।

Shri Bejoy Kumar Banerjee:
এই যে হাওড়া টিউবারকিউলোসিস হসপিটাল এদের এগেনস্টে চুরি জোচ্চুরির বহু রকম অভিযোগ আপনি পেয়েছেন কি—সিমেণ্ট চুরি করেছে, তারপরে খাতাপত্র রাখে না, টাকা কড়ি তছনছ করেছে—এই রকম জানেন কি?

Shri Bijoy Singh Nahar:
মাননীয় সদস্য বোধ হয় জানেন না যে এ সব অভিযোগ শ্রম দপ্তরে আসে না।

Satmile A. C. Hospital

***110.** (Admitted question No. *747.) **Shri Sudhir Chandra Das:**
স্বাস্থ্য বিভাগের মন্ত্রিহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে কাঁথি থানার সাতমাইল এ জি হাসপাতালটি তুলিয়া দিবার পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে; এবং

(খ) সত্য হইলে ইহার কারণ কি?

Shrimati Purabi Mukhopadhyay:

(ক) আপাতত: এরূপ পরিকল্পনা নাই।

(খ) প্রশ্ন উঠে না।

Incidence of Dropsy in West Dinajpur district

***111.** (Admitted question No. *783.) **Shri Amarendranath Roy Prodhan:**
স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত যে পশ্চিম দিনাজপুরে ড্রপসি মহামারী আকারে দেখা দিয়াছে;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ইহার কারণ কি, এবং

(২) এই মহামারী নিবারণের জন্য সরকার হইতে কি কি ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে?

Shrimati Purabi Mukhopadhyay:
(ক) ইহা সত্য যে পশ্চিম দিনাজপুর জেলার বালুরঘাট মহকুমা অঞ্চলে ড্রপসি রোগ দেখা দিয়াছিল। কিন্তু সংখ্যার অনুপাতে বিচার করিলে এই প্রাদুর্ভাবভাবকে মহামারী বলা বলা চলে না।

(খ) (১) এগ্রিমোন মিশ্রিত ভেজাল সরিষার তৈল ব্যবহারই ইহার কারণ বলিয়া জানা গিয়াছে।

(২) ডিসেম্বর মাসের দ্বিতীয় সপ্তাহে একটি পরিবারের ১২ জন এই রোগে আক্রান্ত হইলে, এই রোগটি এপিডেমিক ড্রপসি বলে স্বিরীকৃত হয় এবং স্থানীয় স্বাস্থ্য কর্তৃপক্ষ ব্যাপকভাবে সরিষার তৈলের নমুনা সংগ্রহ এবং পরীক্ষা সাপেক্ষে মজুত তেল বাজেয়াপ্ত করেন। কলিকাতাস্থ স্বাস্থ্য কৃত্যক টেলিফোনে খবর পাইবামাত্র একটি বিশেষজ্ঞদল তথ্য সংগ্রহের জন্য পশ্চিম দিনাজপুরে প্রেরিত হয় এবং সঙ্গে সঙ্গে গৃহীত নমুনায় পরীক্ষার ব্যবস্থা করা হয়। যে নমুনাটি বিশেষ ভাবে রোগাক্রান্ত পরিবার হইতে গৃহীত হয় সেইটি এগ্রিমেন তৈল মিশ্রিত বলিয়া প্রতীয়মান হয়।

স্বাস্থ্য কৃত্যকের তথ্যগুলি ক্যালকাটা স্কুল অফ ট্রপিকাল মেডিসন এ জানান হয় এবং তাহাদের একটি বিশেষজ্ঞদলও অনুসন্ধানের পরই পূর্বতন সিদ্ধান্তই বহাল রাখেন। পশ্চিম দিনাজপুরের জেলা শাসক মহাশয়ের সাহায্যে সমগ্র অধিবাসীদিগকে সরিষার তৈল ব্যাহার বন্ধ রাখিতো অনুরোধ করা হয়। ২৩।১২।৬৪ তারিখের পর এইরূপ রোগের আর কোন খবর পাওয়র যায় নাই।

Shri Amarendranath Roy Prodhan:
মাননীয়া মন্ত্রিমহাশয়া জানাবেন কি এই রোগে কতজন মারা গেছেন?

Shrimati Purabi Mukhopadhyay:
৩ জন।

Shri Sunil Das Gupta:
এই অগ্রিমোন মিশ্রিত তৈল যারা জনসাধারণের মধ্যে বিক্রী করেছিল তাদের বিরুদ্ধে কোন শাস্তিমূলক ব্যবস্থা কি অবলম্বন করা হয়েছে এবং সেই সমস্ত ব্যবসায়ীদের নাম কি এবং কোন দেশে কোন কোম্পানীর তৈল মন্ত্রীমহাশয়া জানাবেন কি?

Shrimati Purabi Mukhopadhyay:
এই জেলাতে যখন এই ড্রপসী রোগটা এই ভাবে প্রথম দেখা দিল তখন ওখানকার চিকিৎসকেরা এটাকে ড্রপসী বলে প্রমাণ করতে পারেন নি। পা ফুলা ছিল, জ্বর হচ্ছিল, শরীর খারাপ হচ্ছিল এই হিসাবে ট্রিটমেণ্ট চলছিল। তারপর একটা পরিবারে ১৮ জন একসঙ্গে অ্যাফেক্টেড হয় এবং তখন তার বিশেষ ধরণের পরীক্ষা করে দেখা যায় যে এটা ড্রপসী রোগ ঐ বাড়ী থেকে যে তেল তারা ব্যবহার করেছিলেন সেই তেলের নমুনা সংগ্রহ করে ল্যাবরেটরী টেস্ট করে দেখা যায় যে তেল অ্যাগ্রিমন মিশ্রিত। সেই তেল কোন দোকান থেকে তাঁরা কিনেছেন বলে বাড়ীর লোককে সঙ্গে নিয়ে যখন সেই দোকানে যাওয়া হল তখন ঐ দোকানের সমস্ত তেল সীজ করা হয় এবং সমস্ত তেল বাজেয়াপ্ত অবস্থায় এখন রাখা হয়েছে কিন্তু আশ্চর্য্যের ব্যাপার হচ্ছে, যে তেলটা তারা কিনেছিলেন যে দোকান থেকে সেই তেলটা যখন পরীক্ষা করা হয় তখন তাতে অ্যাগ্রিমন পাওয়া যায় নি। না পাওয়া যাওয়াতে এটা মনে হচ্ছে যে ঐ দোকানের সেই পার্টিকুলার টিনের তেলটা নিশ্চয় সমস্ত খরচ হয়ে গিয়েছিল কিন্তু যে তেল বাজেয়াপ্ত করা হল সেই তেল সংক্রান্ত পরীক্ষায় এই অ্যাগ্রিমন পাওয়া গেল না, বলে সেই দোকানের বিরুদ্ধে কোন মামলা দায়ের করা সম্ভব হয়নি, তবে আমরা সেই তেলটা প্রায় ২৫১টা টিন বাজেয়াপ্ত অবস্থায় রেখে দিয়েছি।

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani:
মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন সংখ্যার অনুপাতে বিচার করলে এই প্রাদুর্ভাবকে মহামারী বলা চলে না। সংখ্যাটা কত বলবেন কি?

Shrimati Purabi Mukhopadhyay:
আমি আগেই উত্তর দিয়েছি যে ১২ জন একটা পরিবারে, আর একটা হোসটেলে ৫ জন।

National Medical College and Chittaranjan Hospital

***112.** (Admitted question No. *444.) **Shri Sailendranath Adhikary:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ন্যাশন্যাল মেডিক্যাল কলেজ ও চিত্তরঞ্জন হসপিটাল কি সরকারের নিয়ন্ত্রণে রহিয়াছে; এবং

(খ) বেসরকারী কলেজগুলি ন্যাশনালাইজ করার বিষয় সরকার কোন ব্যবস্থা করিতেছেন কি?

[1-40—1-50 p.m.]

Shrimati Purabi Mukhopadhyay:

(ক) না।

(খ) সরকার এবিষয়ে চিন্তা করিতেছেন।

Facilities for the political prisoners

***113.** (Admitted question No. *630.) **Shri Kashi Kanta Maitra:** Will the Minister-in-charge of the Home (Jails) Department be pleased to state—

(a) if the detainees under political category detained under Prisoners of Preventive Detention Act are treated differently as regards facilities, privileges, allowances, etc., from the detainees under Defence of India Rule No. 30;

(b) if so, the reasons thereof; and

(c) what are the facilities and privileges that are admissible to the D.I.R. Rule 30 political prisoners?

Shri Jagannath Kolay: (a) and (b) Persons detained under Rule 30 of the D. I. Rules do not all get the facilities, privileges, allowances, etc., in their entirety as admissible to persons detained under the P.D. Act and classified as "detenus" under the P.D. Order. The types of activities for preventing which a person is detained under Rule 30 of the D.I. Rules are not necessarily the same as the activities for preventing which detention is made under the P.D. Act.

(c) Persons associated with political parties who are detained under Rule 30 of the D.I. Rules are treated as if they were Division I undertrial prisoners and get all the facilities and privileges admissible to Division I undertrial prisoners under the Jail Code. Besides these normal facilities, those who are detained for some particular reasons within the meaning of Rule 30 itself are also provided with the following articles:—

(1) Chadder (warm), (2) Handkerchief, (3) Comb, (4) Hair oil, (5) Tooth Brush, (6) Tooth Paste, (7) Writing Pad, (8) Pen, (9) Pencil, Nib and Envelop.

They are also entitled to (10) a pocket allowance of Rs. 7.50 nP. per month and (11) to family allowance.

The following articles are also provided if the detainees are unable to provide these for themselves:—

(1) Durry, (2) Blanket, (3) Bed-sheet, (4) Mosquito curtain, (5) Pillow with cover, (6) Extra blanket for winter, (7) Two dhuties or payjamas, (8) Gamcha or Towel, (9) Half Shirt and (10) Chaddar (during winter).

Besides these Division I detainees get the following facilities too:—

(1) Playing card and Pasha, (2) Volley-ball (provided there is a suitable ground within the Jail compound, (3) Walking under proper arrangements, (4) Interview once a week, (5) Writing of four letters in a week.

Shri Monoranjan Roy:

আপনারা ডিভিসন ১ আণ্ডার ট্রায়েল প্রিজনারদের যে ধুতি হাফসার্ট একটা করে দেন বললেন, কিন্তু স্নান করতে গেলে কি পরে যাবেন তার কোন ব্যবস্থা থাকে না। আমি যখন জেলে ছিলাম—তখন সুপারিণ্টেণ্ডেণ্টকে বলেছিলেন যে পপার বা ভিখারীদের জন্য এই ধুতি এবং চাদর দেওয়ার ব্যবস্থা আছে আপনিও বললেন যারা বাড়ী থেকে আনতে পারবে না, তাদে' জন্য ঐ ধুতি যা পারতে দেওয়া হয় তা কেউ পরে না। কাজেই আমি লুঙ্গি কিনে সারা বছর কাটিয়েছি। ঐ ধুতি পরলে পর গায়ের ছাল উঠে যায় মন্ত্রী মহাশয় কি বলবেন ঐ ধুতি তাঁরা কোথা থেকে কিনছেন এবং পপারদের জন্য যে ব্যবস্থা আছে সেই ব্যবস্থা কি এঁদের জন্য রেখেছেন?

Shri Jagannath Kolay:

একটা করে নয় দুটো করে ধুতি দেওয়া হয় এবং যাঁরা চান তাদের পায়জামাও দেওয়া হয় কেউ বা বাড়ী থেকে ধুতি ও পায়জামা নিজেই আনেন। তাঁরা যদি আমাদের কাছে না চান আমরা তাদের দেই না। আর যে ধুতির কথা আপনি বলছেন তা আমি দেখে এসেছি একটু পাৎলা হয়েছে পায়ের ছাল তাতে উঠে যায় না পরলে তবে এ নিয়ে ভবিষ্যতে যাতে ভাল ব্যবস্থা হয় সেদিকে আমরা নজর রাখছি।

Dr. Kanai Lal Bhattacharyya:

মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে পি ডি এ্যাক্ট এবং ডি আই আর এর মধ্যে পার্থক্য থাকার জন্য পি. ডি. অ্যাক্টএর বন্দীরা যে ফেসিলিটি পান, ডি আই আর-এর বন্দীদের সেই ফ্যাসিলিটি দেওয়া যায় না—। আমার জিজ্ঞাস্য হচেছ এ দুটোর পার্থক্য কোথায়?

Shri Jagannath Kolay:

পি. ডি. অ্যাক্ট-এ এক কারণে ধরা হয়, আর ডি. আই. আর-এ অন্য কারণে ধরা হয়। কারণ পৃথক।

Dr. Kanai Lal Bhattacharyya:

গভর্ণমেণ্ট কোন জায়গায় ডি. আ'. রুল-এ ধরবেন এবং কোন জায়গায় পি. ডি. অ্যাক্ট-এ ধরবেন—সেটা জানাবেন কী?

Shri Jagannath Kolay:

ডি. আই. রুল-এ যাঁরা ডিটেইন হন, তারা ক্লাস ১ অণ্ডার ট্রায়াল প্রিজেনর বলে বিবেচিত হন।

Shri Monoranjan Roy:

এই যে মন্ত্রিমহাশয় বললেন ডি. আই. রুল ও পি. ডি. অ্যাক্ট-এ যাঁরা যাঁরা ডিটেণ্ড হন তাদের আলাদা আলাদা কারণে ধরা হয় এবং আলাদা রকম তাদের প্রতি ব্যবহার করা হয়। সেই পলিটিক্যাল কারণগুলি কী কী? কাকে পি. ডি. অ্যাক্ট—এ ধরা হবে এবং কাদের ডি. আই. রুল এ ধরা হবে এবং তার কারণ কী কী সেটা বলবেন?

Shri Jagannath Kolay:

একটা পি, ডি, এ্যাক্ট-এ ধরা হচ্ছে—,আর একটা রুলস-এ ধরা হচ্ছে রুলস (এ) (বি) (সি) আর ডি, আর রুলস-এ যারা ধরা পড়েছে—তারা আণ্ডার ট্রায়াল প্রিজনার হচ্ছে।

Dr. Kanailal Bhattacharyya:

মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন ১৯৬১ সালে যখন ধর্মঘট করবার আহ্বান দেওয়া হয়েছিল সাধারণ ধর্মঘট, তখন যাঁরা সেই আহ্বান দিয়েছিলেন—বামপন্থী নেতারা, তাদের পি, ডি, এ্যাক্ট-এ অ্যারেস্ট করা হয়েছিল, আর ১৯৬৪ সালের ২৫এ সেপ্টেম্বর তারিখে যখন ধর্মঘটের আহ্বান দেওয়া হয়, তখন সেই সমস্ত বামপন্থী নেতাদের ডি, আই, রুলস-এ কেন ধরা হয়েছিল—পি, ডি, এ্যাক্ট-এ না ধরে?

Shri Jagannath Kolay:

পি, ডি, এ্যাক্ট-এ না ধরে ডি, আই, রুলস-এ কেন তাঁদের ধরা হয়েছিল আমি কি করে তার কারণ বলবো!

Shri Nikhil Das:

এই যে উনি বললেন পি, ডি, এ্যাক্ট-এ এক কনসিডারেসন এ ধরা হয় এবং ডি, আই, রুলস-এ আর এক কন্সিডারেসন-এ ধরা হয়, আমার বক্তব্য হচ্ছে আমাদের পলেটিক্যাল পার্টি্স যাঁরা লোক—তাঁদের ডি, আই, রুল (৩০)-তে ধরা হয় এবং বিনা বিচারে আটকে রাখা হয়। সেটা যদি হয় তাহলে তাঁদের প্রতি ট্রিটমেন্ট আলাদা কেন? আমরা তো পি, ডি, এ্যাক্ট-এ একই কাজে ধরা পড়েছি। এখন ডি, আই, রুলস (৩০)-তে কেন সবাইকে ধরা হয়? এর পলিটিকাল রিজন কী?

[1-50—2 p.m.]

Shri Jagannath Kolay:

ইট ইজ এ ম্যাটার অব ওপিনিয়ন।

Dr. Kanailal Bhattacharyya:

একথা কি সত্য যে, পি, ডি, এ্যাক্ট-এ বন্দীদের বেশী সুবিধা দিতে হয় এবং ডি, আই, রুলস্-এ বন্দীদের কম সুবিধা দিতে হয় বলে এই ডি, আই, রুলস্-এই বন্দী করা হচ্ছে।

Shri Jagannath Kolay:

মোটেই নয়।

Shri Kashi Kanta Maitra:

মন্ত্রীমহাশয় প্রশ্নটা এড়িয়ে গেছেন। তিনি বোধ হয় জানেন সুপ্রিম কোর্টে পি, ডি, এ্যাক্ট-এ কেস হয় এ, কে, গোপালন-এর এবং তাঁর ডিটেনসন লিগ্যাল কি ইল্লিগ্যাল সেই প্রশ্ন ওঠে। তখন ডি, আই, রুলস্ ছিল না। তবে সেই সময় পি, ডি, এ্যাক্ট-এ যত ডিটেনসন-এর কেস্ হয়েছিল তার বিরুদ্ধে সমস্ত রাজনৈতিক নেতারা প্রতিবাদ করেছিলেন। তাতে বলা হয়েছিল সিকিউরিটি অব দি স্টেট, এনডেনজারিং সিকিউরিটি অব দি স্টেট। আমরা যখন ডি, আই, রুলস্-এ আটক থেকেছিলাম তখন দেখেছি এনডেনজারিং সিকিউরিটি অব দি স্টেট এটা লেখা ছিল। হতে পারে দুটি আলাদা এ্যাক্ট—অর্থাৎ একটি পি, ডি, এ্যাক্ট এবং আর একটি ডি, আই, রুলস্। কিন্তু অবজেক্ট তো দেখছি সেম। ডি, আই, রুলস্ থার্টি-তে যাদের ডিটেন করেছেন তারা হচ্ছে আণ্ডার ট্রায়াল প্রিজনার। ডি, আই, রুলস্ থার্টি-তে যাদের ডিটেন করা হয়েছে সেই ডিটেনসন পিওরলী প্রিভেনটিভ ইন ন্যাচার কারণ তাদের বিরুদ্ধে কোন কেস্ নেই, কোন চার্জ নেই। পি, ডি, এ্যাক্ট-এ যখন ধরেন তখনও সেটা প্রিভেনসন, ডেফিনিট কোন চার্জ নেই—আপনারা আশংকা করছেন রাষ্ট্র বিরোধী কাজ করছে এবং সেইজন্য ধরছেন। ডি, আই, রুলস্

থার্ডি-তেও প্রিভেনসন—আশংকা করছেন রাষ্ট্র বিরোধী কাজ করছে এবং সেইজন্য আপনারা ধরছেন। কাজেই আমার প্রশ্ন হচ্ছে ডি-আই-রুলস্ থার্ডি-তে যাদের ধরছেন—বিশেষকরে রাজনৈতিক কর্মীদের এবং বিধানসভা ও বিধান পরিষদের সদস্যদের তাঁদের ক্ষেত্রে কেন ভাতা এবং ফ্যামিলি এ্যালাউন্স দেবেন না, অ্যাস্ অফ রাইট?

Shri Jagannath Kolay:

আপনি যে প্রশ্ন করলেন সেটা জেল ডিপার্টমেন্ট-এ জানালে হবে না, হোম (স্পেশাল) ডিপার্টমেন্ট-কে কোশ্চেন করলে জানতে পারবেন।

Shri Kashi Kanta Maitra:

গত বছর ২৫এ সেপ্টেম্বর ভারত বন্ধ হরতালের সময় ধরা পড়ে আমরা যখন ছাড়া পেয়ে আসি তখন রাইটার্স বিল্ডিংস-এ জগন্নাথবাবুর চেম্বারে সমস্ত রাজনৈতিক দলের নেতাদের নিয়ে একটা বৈঠক হয় এবং তাতে কমল গুহ, অমর রায় প্রধান, ডাঃ নারায়ণ রায়, হেমন্তবাবু, নিখিলবাবু, অনাদিবাবু প্রভৃতি অনেকে ছিলেন এবং আমার মনে আছে তখন মন্ত্রীমহাশয় আমাদের একটা এ্যাসুরেন্স দিয়েছিলেন। যখন বলা হয়েছিল পলিটিক্যাল পার্টির লিডার-দের এবং ওয়াকার্স-দের এই যে ডি, আই, রুলস্ থার্ডি-তে ধরা হয়েছে এটা হচ্ছে অনজাস্ট এ্যান্ড ইনইকুইসাচ, কাজেই তাঁদের ডিটেনসন পিরিয়ডে ফ্যামিলি এ্যালাউন্স দেওয়া হোক তখন তিনি বলেছিলেন মুখ্যমন্ত্রীর সঙ্গে উচ্চ পর্যায়ে সম্মেলন করে আমাদের জানাবেন। আমার প্রশ্ন হচ্ছে সেই সুযোগ কি এখনও আসেনি বা আমাদের কোন এ্যাস্যুরেন্স দেবেন কি না?

Shri Jagannath Kolay:

একথা ঠিক যে আপনারা দেখা করে অসুবিধার কথা বলেছিলেন এবং আমি এই এ্যাসুওরেন্স দিয়েছিলাম যে এটা আমি করতে পারব এবং এটাও বলেছিলাম যে, এ সম্বন্ধে মুখ্যমন্ত্রীর সঙ্গে আমি আলোচনা করব। তবে সেই সময় এটাও আমি বলেছিলাম যে, পি, ডি, এ্যাক্ট-এ যে সুবিধা পায়, ডি-এ, এই রুল-এ সেটা পাওয়া সম্ভব নয়। পকেট এ্যালাউন্স, ফ্যামিলি এ্যালাউন্স যেটা বললেন সেটা আমি মুখ্যমন্ত্রীর কাছে পেশ করেছিলাম এবং ভারতের অন্যান্য প্রদেশে ডি, আই, আর-এ কি আছে তা দেখে পকেট এ্যালাউন্স ৭ টাকা ৫০ নয়া পয়সা আমরা দিয়েছি এবং ফ্যামিলি এ্যালাউন্স দেওয়া হচ্ছে। এছাড়া ডি, আই, আর-এ যেসব সুবিধা ছিল না সেগুলি এখন দেওয়া হচ্ছে, যেমন গরম চাদর, মাথার তেল, রাইটিং প্যাড, পেন্সিল, এনভলপ প্রভৃতি, আপনারা বলেছিলেন চিঠি লেখবার অসুবিধা ছিল, সেই সব সুবিধা এখন দেওয়া হচ্ছে এবং ফ্যামিলি এ্যালাউন্সও দেয়া হচ্ছে।

Shri Rabindranath Mukhopadhyay:

আপনি বোধ হয় জানেন পি, ডি, এ্যাক্ট আগে ছিল না, দীর্ঘদিন সংগ্রামের পর পি, ডি, এ্যাক্টে রাজনৈতিক বন্দীদের বন্দী হিসাবে ট্রিট করার জন্য কতকগুলি কোড লিপিবদ্ধ হয়, সেখানে যা আছে, তাতে যেহেতু তারা পলিটিক্যাল ডেটিনিউ যেহেতু তাদের রাজনৈতিক কারণে আটকে রেখেছেন, তাদের আটকে রাখা ছাড়া অন্য কিছু নয়, তাদের জন্য একটা প্রিভিলেজ এবং এ্যালাউন্সের প্রশ্ন ছিল, তা কার্যকরী হোক বা না হোক, একটা প্রিভিলেজ ছিল, আপনারা তাদের চার্জশীট দিতেন, তাদের কোর্টে যাবার সুযোগ ছিল না কিন্তু ফর্মেল চার্জ একটা থাকত —তুমি হনলুলুতে মিটিং করেছো, সে জিনিষ এখন ডি, আই, আর-এর মধ্যে নেই। সুতরাং ডিটেন করছেন যে কারণে তাতে পি, ডি, এ্যাক্টে হলে কারণ বলা হত কিন্তু ডি, আই, আর-এতে তা বলা হচ্ছে না, আপনারা ডি, আই, আর-এ ধরেন কোন কারণে সেটা যদি বলেন তাহলে সেটা জানবার পর আগের বার চেষ্টা করবো অন্ততঃ ডি, আই, আর-এ না যেয়ে পি, ডি, এ্যাক্টে যেতে। আপনাদের হাতে তো ধরা পড়তেই হবে তখন ক্যাটেগরীক্যালি আমাকে বুঝতে হবে এ দুটোর মধ্যে ডিমার্কেশনটা কোথায়। দীর্ঘদিন অনশন করার পর একটা চুক্তি হয়েছিল এই

রাজনৈতিক বন্দীদের কি রকম ট্রিটমেন্ট করা হবে, কোন্ কারণ ঘটল সেই সমস্ত রাজনৈতিক বন্দীদের যারা আণ্ডার ট্রায়াল নয় তাদের আণ্ডার ট্রায়াল ট্রিটমেন্ট করবেন? একটা চার্জশীট দিলে বুঝতাম পি. ডি. এ্যাক্টে এবং ডি. আই, আর-এ তফাৎ হচ্ছে, সেটা না বললে কি করে বুঝবো পি, ডি, এ্যাক্টে রাজনৈতিক কার্যকলাপ এবং ডি. আই, আর-এ তফাৎ কি; এটা আমরা বার বার চাইব কেন না আমাদের জানতে হবে।

Shri Jagannath Kolay:

এতে আমার কিছু বলবার নেই। যদি জানতে চান আপনারা হোম পলিটিক্যাল ডিপার্টমেণ্টে কোশ্চেন করলে তাঁরা আপনাকে জানিয়ে দিতে পারবেন।

Shri Rabindranath Mukhopadhyay:

এতো জেল কোডে লিপিবদ্ধ আছে কি করে রাজনৈতিক কর্মীদের ট্রিট করতে হবে, সেটা ওভার রাইড করে আপনি কোন ভিত্তিতে বলেছেন ৭ টাকা ৫০ নয়া পয়সা?

Shrimati Purabi Mukhopadhyay:

স্পীকার মহাশয়, আপনি অনুমতি দেনত আমি এই প্রশ্নের উত্তর দিতে পারি মন্ত্রিসভার পক্ষ থেকে।

Shri Rabindranath Mukhopadhyay:

আপনি কি করে দেবেন।

Shri Jagannath Kolay:

যে কেউ উত্তর দিতে পারেন মন্ত্রীদের মধ্যে।

Shrimati Purabi Mukhopadhyay:

মন্ত্রীসভার পক্ষ থেকে আমি জবাব দিতে চাই, শ্রীরবীন মুখোপাধ্যায় তিনটি প্রশ্ন তুলেছেন, একটা হচ্ছে পি, ডি, এ্যাক্ট সম্বন্ধে, একটা হচ্ছে ডি, আই, রুল সম্বন্ধে, আর একটা হচ্ছে কোনও একটা সময়ে সরকার যে প্রতিশ্রুতি রাজনৈতিক বন্দীদের দিয়েছিলেন সেই প্রতিশ্রুতি কেন পালন করা হচ্ছে না এবং পি, ডি, এ্যাক্টের সঙ্গে ডি, আই, আর-এর কি তফাৎ। পি, ডি, এ্যাক্ট এখানে বহুবার উপস্থিত হয়েছে, আপনি জানেন, পি, ডি, এ্যাক্টে ধরলে উইদিন সিক্স মানথস্ এ্যাডভাইসরি কমিটির সামনে কেস প্লেস করতে হয় এবং স্পেসিফিক চার্জশীট দিতে হয়। পি, ডি, এ্যাক্টে ধরলে ম্যাণ্ডেমাস পিটিশন করতে পারে, আর ডি, আই, রুল ৩০(১)তে ধরে বলে দেওয়া হচ্ছে—ডিটেইণ্ড, আর কোন কারণ দেখাবার প্রয়োজন নাই।

You are hereby detained. So, no question of giving any charge-sheet comes in.

ডি, আই, রুলে বলা আছে যে কোন কোর্টে এ সম্পর্কে আপীল লাই করবে না।

So, there are fundamental differences between the Preventive Detention Act

Shri Rabindranath Mukhopadhyay:

এখানকার এম, এল, এ; এম, এল, সি, অনেকে আটক আছেন, অনেক গ্রেপ্তারী চলেছে, আমাদের বিজয়বাবু গ্রেপ্তার হয়েছেন, কেউ জানে না আমাদের কপালে কি আছে, এই রকম পরিস্থিতিতে আমরা চাই এই প্রশ্নটা হেলড ওভার হোক।

Mr. Speaker:

হেলড ওভার হতে পারে না।

Shri Gour Chandra Kundu:

এটা কি হল স্যার? (নয়েজ)

Mr. Speaker: Question hour is over.

Shri Nikhil Das:

কোশ্চেনটা হেল্ড ওভার হোক।

Mr. Speaker:

হেল্ড ওভার হয় না।

[2—2-10 p.m.]

Shri Kashi Kanta Maitra: On a point of privilege. The Leader of the House is here. I wonder how Hon'ble Mukhopadhyay could stand up and speak on behalf of the Cabinet, particularly from the point of view of propriety, from the point of view of the dignity of the House. I feel that the Chief Minister is present and only he is competent to make a statement clarifying the position. We are not prepared to hear Hon'ble Mukhopadhyay, because she is not speaking on this subject on behalf of the Health Department. It is a question concerning the political rights of the members. I would appeal to the Chief Minister to make a statement any day that suits his convenience, and the matter should be discussed here.

Shri Nikhil Das:

মি: স্পীকার স্যার, ডি. আই. আর, ৩০তে আমাদের ১৫।১৬ জন এম. এল. এ. ও এম. এল সি আটক আছেন। কি ফেসিলিটিস তাঁদের দেওয়া হচেছ? কেন এটা পি ডি এ্যাক্ট কেন ডি. আই. আর. এ সম্পর্কে যে প্রশ্ন উঠেছে সেটা অত্যন্ত পার্টিনেণ্ট প্রশ্ন। এটা হাফ ফিনিশড হল। তাই আপনার কাছে অনুরোধ করছি এটা হেলড ওভার হোক। আগামী দিনে তোলা হবে।

Mr. Speaker:

হেলড ওভার হবে কেন? আপনারা আবার কোয়েশ্চেন দেবেন।

Shri Monoranjan Roy:

মি: স্পীকার স্যার, আমাদের এটার উপর যে সাপ্লিমেণ্টারি করার ইচছা সেই সাপ্লিমেণ্টারি শেষ হয়নি। এটা একটা গুরুতর প্রশ্ন। এই জন্য আপনার কাছে অনুরোধ করবো।

Mr. Speaker:

আপনারা কোয়েশ্চেন দেবেন। সাপ্লিমেণ্টারি হয়নি বলে হেল্ড ওভারের কোন প্রশ্ন উঠে না।

Shri Monoranjan Roy:

আমাদের টাইম দিন।

Mr. Speaker:

আমি তো টাইম দিচিছলাম, কিন্তু আপনারা যখন সকলে প্রশ্ন করছিলেন উত্তরের অপেক্ষা না করেই তখন আমাকে বলতে হয়েছিল টাইম দেব না লেট মি গো টু দ্যা নেকস্ট আইটেম। আপনারা যখন সকলে প্রশ্ন করছিলেন উনি জবাব দিচিছলেন, টাইম শেষ হয়ে যাওয়া সত্ত্বেও আপনারা শুনবেন আশা করে চুপ করেই ছিলাম। কিন্তু যখন আমি দেখলাম আপনাদের শোনার কারও মন নেই তখন আমাকে বলতে হল যে নেক্সট আইটেমে যাওয়া হোক। আপনারা যদি চুপ করে শোনেন তাহলে আমি আবার ওনাকে অনুরোধ করবো, নিশ্চয়ই উনি জবাব দেবেন।

Shrimati Purabi Mukhopadhyay:

এই আইনের প্রশ্ন ওরা তুলেছেন যে তফাতটা কি ? তৃতীয় প্রশ্ন ওরা তুলেছেন প্রতিশ্রুতির কথা। ডাক্তার বিধান চন্দ্র রায় রাজনৈতিক নেতাদের কাছে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, এঁরা যখন রাজনৈতিক আন্দোলনের জন্য জেলে আসবেন তখন তাঁদের ক্লাস ওয়ান হিসাবে ট্রিটেড করা হবে। সেই প্রতিশ্রুতির ভাষাটা ওদের কাছে যদি না থাকে তাহলে আমাদের ফাইল থেকে শুনিয়ে দেবো। সেই প্রতিশ্রুতির ভাষাটা ছিল—যদি কোন ব্যক্তি কোন পলিটিক্যাল মুভমেণ্ট পিজেণ্ট মুভমেণ্ট, পিপস্ মুভমেণ্ট এতে যদি কখন জেলে আসেন তাহলে ক্লাস ওয়ান হিসাবে ট্রিটেড হবেন। এটা ডি, আই আর এ যারা আসছেন এটা

It is neither people's movement, it is not a political movement; it is nor a labour's movement.

অতএব সেই প্রতিশ্রুতি লংঘন করা হয়েছে এই ইণ্টারপ্রিটেসন ঠিক নয়। ডা: বিধান চন্দ্র রায় যে প্রতিশ্রুতি দিয়েছিলেন সেই প্রতিশ্রুতি শুধু প্রতিশ্রুতির আকারেই নেই, জেল কোর্ডে সেটা সন্নিবেশিত করা হয়েছে। আপনারা সেই ধারাটা পড়ে দেখবেন তার মধ্যে লেখা আছে মাননীয় অধ্যক্ষ মহাশয়, যদি কোন ব্যক্তি কৃষক আন্দোলন জনসাধারণ যাকে আমরা পিউপেলস মুভমেণ্ট বলি, এই রকম কোন আন্দোলনে ধরা পড়েন তবে ডাক্তার বিধান চন্দ্র রায়ের প্রতিশ্রুতি ছিল তাঁরা ক্লাস ওয়ান বলে ট্রিটেড হবেন। এবং আজ পর্যন্ত যাঁরা সেই আন্দোলনে ধরা পড়েছেন তাঁরা ক্লাস ওয়ান বলে ট্রিটেড হচ্ছেন। ডিফেন্স অফ ইণ্ডিয়া রুলস ৩০তে যাঁদের ধরা হচ্ছে তাঁরা পিউপেলস মুভমেণ্ট করে ধরা পড়েছে এ ইণ্টারপ্রিটেসন সরকার মানেন না।

Shri Rabindra Nath Mukhopadhyay:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে জিজ্ঞাসা করছি যে ২৫এ সেপ্টেম্বর তারিখে জেনারেল স্ট্রাইক কে কেন্দ্র করে যাদের গ্রেপ্তার করা হয়েছিল পলিটিক্যাল প্রিজনার যাঁরা উনি বলেছেন নাকি হ্যাঁ। আমরা জানতে চাচ্ছি ওরা পলিটিক্যাল মুভমেণ্ট এর লোক ছিলেন এবং তাঁদের গ্রেপ্তার করা হয়েছে। সুতরাং তাঁরা ট্রিটেড হচ্ছেন পলিটিক্যাল ডেটিনিউ হিসাবে। প্রশ্ন হচ্ছে এইভাবে ডিটেনসান যেখানে হচ্ছে, যেখানে পলিটিক্যাল কাজকর্ম ছাড়া আর কোন রকম চার্জ পর্যন্ত নেই সেখানে পলিটিক্যাল পার্টি সদস্যদের, যখন পলিটিক্যাল কাজকর্ম তাঁরা করছিলেন এতকাল, যাবৎ সুতরাং তাঁদের যেখানে গ্রেপ্তার করা হয়েছে পলিট্যাল ডেটিনিউ হিসাবে। সেকথাগুলি সন্নিবেশিত আছে কোডের মধ্যে। সেগুলি কেন কা হবে না ? কেন তাঁদের ডি. আই. আর. এর নাম করে অন্য ভাবে আটক রাখা হবে ? প্রসংগটা হচ্ছে সেটাই।

Shri Nikhil Das:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি যে প্রতিশ্রুতির কথা বলছেন সে কথা আসছে না। ওরা আণ্ডার ট্রায়ল ডিভিসন ১ পাচ্ছে। আমরা বলছি উইদাউট ট্রায়াল যাদের ডিটেইন করছেন তাদের ডি. আই. আর ৩০তে এবং পি. ডি অ্যাক্টএর মধ্যে ডিফারেণ্স কেন ? সেটাই আমাদের প্রশ্ন। প্রতিশ্রুতি আমাদের প্রশ্ন নয়। তারা তো ডিভিসন ১ আণ্ডার ট্রায়ল আছেই, কিন্তু কেন তারা থাকবে ? উইদাউট ট্রায়াল যাঁদের রেখেছেন ডিটেইন করে তাঁরা পি ডি. অ্যাক্ট এর ফ্যাসিলিটি কেন পাবে না এটাই হচ্ছে প্রশ্ন ? প্রতিশ্রুতির প্রশ্ন এখানে আসে না ?

(নো রিপ্লাই)

STARRED QUESTIONS

(to which answers were laid on the Table)

Government grant to Howrah T. B. Hospital

***114.** (Admitted question No. *744.) **Dr. Kanailal Bhattacharyya:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) the amount of Government grants made to the Howrah Tuberculosis Hospital year by year since 1960 and the specific purposes for which the grants had been made;

(b) has the Government received the relevant utilisation certificate and examined the accounts and records from the Hony. Secretary of Howrah Tuberculosis Hospital, in respect of these grants; and

(c) if not, what actions the Government has taken in this matter?

The Minister for Health: (a) (i) 1960-61 Rs. 30,000—For purchase of equipment for the indoor beds.

(ii) 1961-62 Rs. 25,000—for construction of the first floor of the indoor ward, deep tubewell, kitchen block and store of the Hospital.

(iii) 1962-63 Rs. 5,000—For maintenance of the Hospital for 1963.

(b) The utilisation certificates in respect of the grants paid during 1960-61 and 1961-62 have been received but that in respect of the grant paid during 1962-63 has not been received. The audited accounts for any of the above years have not been received. The accounts could not be locally examined as the Hony. Secretary informed the Health Directorate in August, 1964, that the papers pertaining to accounts were lying in the Court.

(c) On failure of the authorities of the Hospital to furnish audited accounts and the Utilisation certificate for the grant paid for 1962-63, officers of the Health Department were deputed to inspect their accounts. No inspection was possible, as it was reported that relevant papers and registers were lying in Court. Pending receipt of proper accounts, payment of grant to this institution was stopped since 1963-64. Supply of anti-T.B. drugs free of cost was also being stopped. The Receiver appointed by the Court has been requested to furnish accounts for the years 1960-61 to 1962-63.

Supply of anti-T.B. drugs to Howrah T. B. Hospital

***115.** (Admitted question No. *745.) **Dr. Kanailal Bhattacharyya:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) if it is a fact that free supply of anti-T.B. drugs to Howrah Tuberculosis Hospital was stopped by C.M.O., Howrah, from October, 1964; and

(b) if the answer to (a) is in affirmative, (i) what are the reasons and (ii) whether the Government consider the desirability to restore the supply of drugs?

The Minister for Health: (a) Yes.

(b) (i) There have been dissension and disputes among the members of the Managing Committee of the Hospital. The matter was taken up to Court and the Court recently appointed a Receiver. Before the Receiver was appointed the Secretary of the Hospital informed the C.M.O.H., Howrah, that the Superintendent of the Hospital was not authorised to receive anything on behalf of the Hospital. Besides, the authorities of the Hospital have failed, in spite of repeated reminders, to furnish proper accounts to Government of grants amounting to Rs. 60,000 drawn during 1960-61 to 1962-63.

For reasons stated above supply of anti-T.B. drugs to this Hospital was stopped.

(ii) The desirability of restoring supply of drugs after the appointment of the Receiver is under consideration.

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

Thefts committed in Ausgram and Kanksa police-stations, Burdwan

115. (Admitted question No. 31.) **Shri Monoranjan Baksi:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) the number of thefts reported to Police from Ausgram and Kanksa police-stations in the district of Burdwan in 1964;

(b) the number of persons detected;

(c) whether there is any Police Outpost in that area of Ausgram and Kanksa police-stations; and

(d) whether Government consider the desirability of setting up a new Police Outpost in Ausgram and Kanksa Police-stations?

The Minister for Home (Police): (a) 93 and 61 cases of theft were reported from Ausgram and Kanksa Police-stations, respectively during 1964.

(b) 85 persons have been arrested and charge-sheeted.

(c) There is a police post at Guskura in Ausgram P.S.

(d) The question of opening a new Police Post at a suitable place in Kanksa P.S. is under consideration of Government.

Sub-Inspectorate of Tufanganj subdivision

116. (Admitted question No. 73.) **Shri Jiban Krishna Dey:**

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তুফানগঞ্জ মহকুমায় একাধিক অবর বিদ্যালয় পরিদর্শক নিযুক্ত করার বিষয় সরকার বিবেচনা করিতেছেন কি;

(খ) সরকার কি অবগত আছেন, বর্তমানে এই মহকুমার জন্য একজনও অবর বিদ্যালয় পরিদর্শক নেই;

(গ) কোচবিহার থেকে এসে আরও কয়েকটি সার্কেলের সাথে একজন পরিদর্শক কতদিন থেকে এখানকার কাজকর্ম পরিদর্শন করেন; এবং

(ঘ) শীঘ্রই এই ব্যবস্থা উন্নতি লাভের কোন ব্যবস্থা অবলম্বন করিতেছেন কি?

The Minister for Education:

(ক) সম্প্রতি এই মহকুমায় দুইজন অবর বিদ্যালয় পরিদর্শক নিয়োগের ব্যবস্থা করা হইয়াছে।

(খ) এবং (গ) তুফানগঞ্জের প্রাক্তন অবর পরিদর্শক অন্যত্র বদলী হওয়ার পর কিছুকাল কোচবিহার স্পেশাল কেডার সার্কেলের অবর পরিদর্শক তুফানগঞ্জ মহকুমার ভারপ্রাপ্ত অবর পরিদর্শকরূপে কার্য করিয়াছেন। ঐ সময়ে উক্ত আধিকারিকের উপর অন্য কোনও সার্কেলের ভার ছিল না।

(ঘ) অংশের উত্তর দ্রষ্টব্য।

Staff quarters at Krishnagore Government College

117. (Admitted question No. 189.) **Shri Kashi Kanta Maitra:**

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য কৃষ্ণনগর গভর্নমেণ্ট কলেজের সংলগ্ন জমির উপর সরকারী ব্যয়ে কলেজ অধ্যাপকদের বাসোপযোগী অনেকগুলি কোয়ার্টার তৈরী হয়েছে;

(খ) সত্য হইলে মোট কত ব্যয়ে এবং কোন সালে এই সব গৃহ নির্ম্মাণ সম্পন্ন হয়েছে;

(গ) ইহা কি সত্য যে এই বাড়ীগুলি দীর্ঘদিন যাবৎ খালি অবস্থায় পড়ে আছে এবং কলেজ অধ্যাপকদের অ্যালট করা হয় নি; এবং

(ঘ) সত্য হইলে এর কারণ কি?

The Minister for Education:

(ক) পাঁচটি দ্বিতল বাড়ীতে মোট ২০টি কোয়ার্টারের নির্মাণকার্য (কনস্ট্রাকশন ওয়ার্ক) শেষ হয়েছে, কিন্তু এখনও জল ও বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা অসমাপ্ত থাকায় কোয়াটারগুলি বাসোপযোগী হয় নাই।

(খ) ২,৫১,৫৩৬.৭৭ টাকায় গত মে মাসে বাড়ীগুলির নির্মাণকার্য (কনস্ট্রাকশন ওয়র্ক) সম্পন্ন হয়েছে। কিন্তু ট্রান্সফরমার না পাওয়ার জন্য জল ও বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা করা যায় নি।

(গ) ও (ঘ) ৩০-৫-৬৪ তারিখে কলেজের অধ্যক্ষ মহাশয়কে নির্মিত বাটীগুলির দখল লইতে অনুরোধ করা হয়। কিন্তু তখন জল বা বিদ্যুৎ সরবরাহের কোন ব্যবস্থা হয় নাই বলিয়া বাড়ীগুলির দখল লওয়া হয় নাই। তাহা সত্বেও অধ্যক্ষকে সম্প্রতি নির্দেশ দেওয়া হইয়াছে যেন বাড়ীগুলি দখল লওয়া হয়। এবং যে সকল অধ্যাপক বৈদ্যুতিক আলো ছাড়াই আপাততঃ বাস করিতে প্রস্তুত আছেন, তাঁহাদের মধ্যে কোয়ার্টারগুলি যেন বণ্টন করা হয়।

Historical monuments and sites of Murshidabad

118. (Admitted question No. 264.) **Shri Sanat Kumar Raha:**

পূর্তবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, উক্ত বিভাগ হইতে মুর্শিদাবাদের কোন্ কোন্ ঐতিহাসিক সম্পদ ও স্থল রক্ষণাবেক্ষণ ও তত্ত্বাবধান করা হইতেছে?

The Minister for Public Works:

পূর্তবিভাগের প্রত্নতত্ত্ব অধিকারের পক্ষ থেকে মুর্শিদাবাদ জেলার বিভিন্ন স্থান হইতে নিম্নলিখিত ঐতিহাসিক সম্পদগুলি এ যাবৎ সংগ্রহ করা হইয়াছে এবং রাজ্য প্রত্নতাত্ত্বিক সংগ্রহশালায় প্রদর্শন করা হইতেছে:—

(ক) খৃষ্টীয় অষ্টম থেকে দ্বাদশ শতকের ১১টি বিষ্ণুমূর্তি, একটি অষ্টভুজ গণেশ মূর্তি (নৃত্যাবস্থায়), ১টি উমামহেশের মূর্তি, ১টি অপ্সরামূর্তি (আসীন), হস্তপদাদিশূন্য ২টি বিষ্ণুমূর্তি, ২টি ক্ষুদ্রাকৃতি মন্দির, ১টি মহিষাসুর মূর্তি, একটি মনসা মূর্তি, (আসীন), ১টি বিষ্ণু মূর্তির স্তম্ভমূল ১টি বিষ্ণুমূর্তির ৩টি টুকরা, ১টি বিষ্ণু মূর্তির কিরীটমুকুট, ১টি লক্ষ্মী মূর্তি ও ১টি খোলাই করা প্রস্তরখণ্ড।

(খ) খৃষ্টীয় ষোড়শ শতকের জৈন তীর্থঙ্কর বাসুপুজ্যের (খোদিত) ১টি ব্রোঞ্জ মূর্তি।

(গ) সম্রাট আকবরের আমলের ২টি স্বর্ণমুদ্রা এবং সম্রাট আওরঙ্গজেবের আমলের ২টি স্বর্ণমুদ্রা।

ইহা ছাড়া নাগিনাবাদে অবস্থিত নবাব সরফরাজ খানের সমাধিস্থলটি প্রত্নতত্ত্ব অধিকার কর্তৃক রক্ষণাবেক্ষণ করা হইতেছে।

Excavation at Rangamati

119. (Admitted question No. 265.) **Shri Sanat Kumar Raha:**

পূর্তবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে চিরুটি স্টেশনের নিকট রাজাবাটিতে প্রত্নতাত্ত্বিক খননকার্য চলিতেছে; এবং

(খ) সত্য হইলে তাহার ফলাফল কি?

The Minister for Public Works:

(ক) কলিকাতা বিশ্ববিদ্যালয়ের প্রত্নতত্ত্ব বিভাগ থেকে জানা গেল যে, তাঁহারা যদুপুর গ্রামের রাজবাড়িডাঙ্গায় খননকার্য চালাইতেছেন, রাজারহাটিতে নহে।

(খ) বর্তমান খননকার্য শেষ হইবার পূর্বে ফলাফল সঠিকভাবে জানানো সম্ভব নহে।

Conversion of Class X schools into Class XI schools in Midnapore district

120. (Admitted question No. 294.) **Shri Ananga Mohan Das:** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৬৪ সালে মেদিনীপুর জেলার কোন্ কোন্ দশম শ্রেণী বিশিষ্ট বিদ্যালয়কে একাদশ শ্রেণীতে কি কি বিষয় লইয়া উন্নীত করা হইয়াছে?

The Minister for Education:

এই সম্বন্ধে একটি তালিকা উপস্থাপিত করা হইল।

Statement referred to in reply to unstarred question No. 120

বিদ্যালয়ের নাম ও বিষয়

১। আনন্দপুর হাই স্কুল, পো: আনন্দপুর—কলা।
২। চাইপট হাই স্কুল, পো: চাইপট—কলা।
৩। চান্দ্রী চন্দ্রশেখর হাই স্কুল, পো: চান্দ্রী—কলা।
৪। চান্সেরপুর হাই স্কুল, পো: চান্সেরপুর—কলা ও বিজ্ঞান।
৫। ধান্যশ্রী কে সি হাই স্কুল, পো: কৃষ্ণপুর—কলা ও বিজ্ঞান।
৬। খাজরা এ সি মেমোরিয়াল হাই স্কুল, পো: কুসুমগ্রাম—কলা ও বিজ্ঞান।
৭। খলিসাভাঙ্গা হাই স্কুল, পো: কাঁথী—কলা ও বিজ্ঞান।
৮। লালগড় রামকৃষ্ণ বিদ্যালয়, পো: লালগড়—কলা।
৯। মজিলাপুর বীরেন্দ্র বিদ্যাপীঠ, পো: দক্ষিণ ডাউকী—কলা।
১০। নারায়ণবাড় হাই স্কুল, পোঃ নারায়ণবাড়—কলা।
১১। পূর্বচিল্কা লালচাঁদ হাই স্কুল, পো: মহাদল—কলা ও বিজ্ঞান।
১২। শ্যামসুন্দরপুর পাটনা হাই স্কুল, পো: শ্যামসুন্দরপুর—কলা ও বিজ্ঞান।
১৩। সুভাষপল্লী জনকল্যাণ বিদ্যাপীঠ, পো: খড়গপুর—কলা।
১৪। আমড়াতলা গতিমাধব বালিকা বিদ্যালয়, পো: আমড়াতলা—কলা ও বিজ্ঞান।
১৫। বাজিতপুর সারদামনি বালিকা বিদ্যালয়, পো: বড় বাসুদেবপুর—কলা।
১৬। ঝাড়গ্রাম শ্রীরামকৃষ্ণ সারদাপীঠ, পো: ঝাড়গ্রাম—কলা।
১৭। নন্দীগ্রাম বি এম গার্লস হাই স্কুল, নন্দীগ্রাম—কলা।
১৮। পালপাড়া যোগদা সৎসঙ্গ বালিকা বিদ্যালয়, পো: পালপাড়া—কলা ও বিজ্ঞান।
১৯। রিয়াপাড়া শ্রীসিদ্ধনাথ বালিকা বিদ্যামন্দির, পো: রিয়াপাড়া—কলা।
২০। ইন্দা বালিকা বিদ্যালয়, পো: খড়গপুর—কলা ও বিজ্ঞান।

T. B. Patients in West Bengal

121. (Admitted question No. 319.) **Shri Mrigendra Bhattacharyya:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে এ পর্যন্ত সরকারী হিসাব অনুযায়ী যক্ষা (টি বি) রোগী সংখ্যা কত;

(খ) এই রোগের চিকিৎসার জন্য কয়টি হাসপাতাল রহিয়াছে এবং এগুলির শয্যাসংখ্যা কত;

(গ) হাসপাতালে চিকিৎসার সুযোগ ছাড়া রোগীদের অন্য চিকিৎসার সুযোগ পাওয়ার আর কি কি ব্যবস্থা রহিয়াছে;

(ঘ) বিভিন্ন হাসপাতালে ভর্তির জন্য ৩১-১২-৬৪ পর্যন্ত কত রোগীর আবেদনপত্র পাইয়াছেন; এবং

(ঙ) এই রোগের বিস্তৃতি রোধের জন্য কি কি পরিকল্পনা নেওয়া হইয়াছে?

The Minister for Health:

(ক) সঠিক সংখ্যা বলা সম্ভব নহে। ইণ্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চের তত্বাবধানে পরিচালিত জাতীয় নমুনা সমীক্ষা অনুযায়ী পশ্চিমবঙ্গের জনসংখ্যার শতকরা ১·৭ জন যক্ষ্মারোগাক্রান্ত। এই ভিত্তিতে এই রাজ্যে যক্ষ্মারোগীর সংখ্যা দাঁড়ায় প্রায় ৬ লক্ষ।

(খ) ১৩টি টি বি হাসপাতালে মোট ৩৭৩৯টী শয্যা আছে। এ ছাড়া সাধারণ ও অন্যান্য হাসপাতালে মোট ৮৫৭টি শয্যা আছে। সর্বসাকুল্যে টি বি রোগের শয্যাসংখ্যা বর্তমানে ৪,৫৯৬।

(গ) হাসপাতাল ছাড়াও রাজ্যমধ্যে সরকারী এবং বেসরকারী মোট ৭৩টি বক্ষ-চিকিৎসাগার (চেস্ট ক্লিনিক) রহিয়াছে; এগুলির ৫০টিতে আবাসিক চিকিৎসার ব্যবস্থা রহিয়াছে। ঐগুলি হইতে রোগারা গৃহে থাকিয়া বিনামূল্যে পরীক্ষিত ও চিকিৎসিত হইতে পারেন।

দুঃস্থ যক্ষ্মারোগী, যাহাদের পরীক্ষাদির পর রোগ নির্নীত হইয়াছে, তাহারা সরকারী হাসপাতাল স্বাস্থ্যকেন্দ্র এবং বক্ষ-চিকিৎসাগার হইতে বিনামূল্যে ঔষধ সরবরাহ পাইতে পারেন। যে সকল দুঃস্থ, রোগী দুর্বলতা ও অসুস্থতা নিবন্ধন ঐ সকল হাসপাতাল ইত্যাদিতে যাইতে অক্ষম, রেজিস্টার্ড ডাক্তারের বিনাব্যয়ে চিকিৎসাধীন থাকিলে তাহারা সরকারী হাসপাতাল প্রভৃতি হইতে ঐ ডাক্তারের সার্টিফিকেটের ভিত্তিতে গৃহে থাকিয়া বিনামূল্যে ঔষধ পাইতে পারেন।

(ঘ) গত ১-১-৬২ হইতে ৩১-১২-৬৪ অবধি অনূন ১২,০০০ আবেদনপত্র পাওয়া গিয়াছে।

(ঙ) যক্ষ্মা রোগের বিস্তৃতি রোধের জন্য নিম্নলিখিত পরিকল্পনাগুলি লওয়া হইয়াছে:—

(১) যক্ষ্মারোগ চিকিৎসার শয্যাসংখ্যা বৃদ্ধি করা হইতেছে।

(২) যক্ষ্মানিরোধ কল্পে এক সর্বাত্মক পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে। এই পরিকল্পনা অনুযায়ী শতাধিক চেষ্ট ক্লিনিক-কাম-ডমিশিলিয়ারি ইউনিট-এর মাধ্যমে রাজ্যব্যাপী ক্লিনিক বেসড ডমিশিলিয়ারি সার্ভিসের ব্যবস্থা করা হইতেছে।

(৩) ব্যাধি সংক্রমণ নিরোধ কল্পে ১৬টি টীমের মাধ্যমে বি সি জি টীকা দেওয়ার ব্যবস্থা করা হইয়াছে।

(৪) মাশ মিনিয়েচার রেডিওগ্র্যাফি ইউনিট স্থাপন করা হইয়াছে।

(৫) যক্ষ্মারোগীদের গৃহে যাইয়া চিকিৎসার জন্য ৯টি মোবাইল ইউনিট স্থাপন করা হইয়াছে।

Sumptuary allowance for the Ministers

122. (Admitted question No. 320.) **Shri Mrigendra Bhattacharyya:** রাষ্ট্র (প্রচার) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) অতিথি আপ্যায়নের জন্য মন্ত্রী বা রাষ্ট্রমন্ত্রী বৎসরে কত টাকা পর্যন্ত খরচ করিতে পারেন; এবং

(খ) ১৯৬০-৬১, ১৯৬১-৬২, ১৯৬২-৬৩ এবং ১৯৬৩-৬৪ সালে কোন্ মন্ত্রী কোন্ বৎসরে কত টাকা খরচ করিয়াছেন।

The Minister for Home (Publicity):

(ক) অতিথি আপ্যায়নের জন্য কোন মন্ত্রী বা রাষ্ট্রমন্ত্রীকে অর্থ মঞ্জুর করা হয় না।

(খ) এ প্রশ্ন উঠে না।

Jail Warders in West Bengal

123. (Admitted question No. 333.) **Shri Mrigendra Bhattacharyya:** রাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিম বাংলায় কতজন জেল সিপাহী (জেল ওয়ার্ডার) রহিয়াছে;

(খ) সতকরা কতজন সিপাহীর জন্য সরকারী (ফ্যামিলি কোয়ার্টার) রহিয়াছে এবং সরকারী বাসার মাসিক ভাড়া কত;

(গ) জেল সীমানার বাহিরে জেল সিপাহীদের পরিবারসহ বা পরিবার ছাড়া থাকিতে দেওয়া হয় কি না; এবং

(ঘ) থাকিতে দেওয়া হইলে উহাদের ঘর ভাড়া কত টাকা দেওয়া হয়?

The Minister for Home (Jails):

(ক) পশ্চিমবাংলায় বর্তমানে মোট জেল সিপাহীর সংখ্যা ১,৯৬১ জন।

(খ) শতকরা ২১.৮ জন সিপাহীর সরকারী বাসা আছে। সরকারী বাসার জন্য কোন ভাড়া দিতে হয় না।

(গ) কারা পরিচালনার অসুবিধা না হইলে সিপাহীদের জেল সীমানার বাহিরে থাকিতে দেওয়া হয়।

(ঘ) পরিবার ছাড়া সিপাহীদের কোন ঘর ভাড়া দেওয়া হয় না। পরিবার সহ সিপাহীদের প্রত্যেক সার্কেল জেলের মোট সিপাহীর শতকরা ২৫ ভাগ পর্যন্ত নিম্নহারে ঘর ভাড়া দেওয়া হয় যদি তাহাদিগকে জেল সীমানার মধ্যে পরিবারসহ, থাকিবার মত বাসস্থান দেওয়া সম্ভবপর না হয়:—

	কলিকাতা ও অন্যান্য কয়েকটি বিশিষ্ট স্থানের জন্য	অবশিষ্ট স্থানের জন্য
চীফ হেড্‌ওয়ার্ডার	২৮৲ (মাসিক)	২০৲ (মাসিক)
হেড ওয়ার্ডার	১২৲ (মাসিক)	৮৲ (মাসিক)
ওয়ার্ডার	৮৲ (মাসিক)	৫৲ (মাসিক)

Agricultural Income Tax in West Bengal

124. (Admitted question No. 841.) **Shri Mrigendra Bhattacharyya:**

অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬০-৬১, ১৯৬১-৬২, ১৯৬২-৬৩, ১৯৬৩-৬৪ সালে পশ্চিম বাংলার কোন্ জেলার কত জনের নিকট হইতে কৃষি-আয়কর (এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স) বাবদ কত টাকা আদায় হইয়াছে এবং কত টাকা অনাদায় রহিয়াছে; এবং

(খ) উক্ত ট্যাক্স অনাদায় থাকার কারণ কি এবং আদায় করার কি ব্যবস্থা করা হইয়াছে?

The Minister for Finance:

(ক) ১৯৬০-৬১, ১৯৬১-৬২, ১৯৬২-৬৩ এবং ১৯৬৩-৬৪ সালে কয়জন নির্ধারী (অ্যাসেসি) কৃষি আয়কর দিয়াছেন বা দেন নাই, তাহার সংখ্যা জানান সম্ভব নয়, কারণ এরূপ কোন সংখ্যাভিত্তিক হিসাব রাখা হয় নাই।

উক্ত চারি বৎসরের অঞ্চল (রেঞ্জ) ভিত্তিক আদায়ীকৃত কৃষি আয়করের পরমাণ এবং প্রতি বৎসরের শেষে অনাদায়ী কৃষি আয়করের পরিমাণ সংলগ্ন বিবরণীতে উদ্ধৃত হইল।

(খ) ধার্য করের কিছু অংশ নানা কারণে আনাদায়ী থাকে। তবে উহা আদায়ের জন্য আইন সম্মত সকল উপায়ই অবলম্বন করা হয়। নোটিশে ফল না হইলে নির্ধারীগণকে ব্যক্তিগতভবে অনুরোধ করা হয় এবং তাহাতেও ফল না হইলে পাবলিক ডিমাণ্ড রিকভারি অ্যাক্ট-এর বিধান অনসারে উহা অনাদায়ী ভূমিকর হিসাবে আদায়ের চেষ্টা করা হয়।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 124.

Ranges.	1960-61.		1961-62.		1962-63.		1963-64.	
	Collection.	Outstanding.	Collection.	Outstanding.	Collection.	Outstanding.	Collection.	Outstanding.
	Rs.	Rs.	Rs.	Rs.	Rs.	Rs.	Rs.	Rs.
Calcutta Range J.								
Jurisdiction : Companies, Firm and other association of persons of Calcutta and 24-Parganas district and all assessees of Hooghly and Howrah district.	42,75,689.18	16,22,891.88	45,04,877.43	22,53,317.50	48,90,296.41	14,15,843.16	38,79,911.19	10,77,791.39
Calcutta Range JJ.								
Jurisdiction : Allassessees other than Companies, Firmsandother associations of persons of Calcutta and 24-Parganas.	3,57,072.13	15,58,386.88	3,31,071.96	1,78,244.23	3,20,101.4	17,42,914.66	3,20,483.34	16,79,936.06
Burdwan Range.								
Burdwan and Birbhum districts.	4,00,642.98	8,11,815.22	5,21,766.77	8,67,552.42	4,86,505.31	9,90,960.77	[illegible]	[illegible]
Nadia Range.								
Nadia and Murshidabad districts.	4,48,317.14	9,54,795.87	5,06,968.25	9,62,981.08	5,50,524.84	9,72,602.95	[illegible]	9,46,[illegible]

Ranges.	1960-61.		1961-62.		1962-63.		1963-64.	
	Collection.	Outstanding.	Collection.	Outstanding.	Collection.	Outstanding.	Collection.	Outstanding.
	Rs.	Rs.	Rs.	Rs.	Rs.	Rs.	Rs.	Rs.
Midnapore Range.								
Midnapore and Bankura districts.	4,17,312.94	28,81,644.52	5,25,491.63	31,42,111.56	5,87,225.77	32,63,893.57	5,55,156.14	32,69,759.15
Purulia Sub-office								
Purulia district ..	66,310.97	82,218.97	71,541.55	95,760.46	86,636.10	1,04,998.62	76,518.62	1,37,171.03
Jalpaiguri Range.								
Jalpaiguri district except Alipurduar, Kumargram, Kalchini P.S.s and all assessees of Mekliganj subdivision of Cooch Behar district and Darjeeling district.	19,26,897.08	8,34,667.89	20,09,874.45	11,09,317.34	14,11,152.48	9,78,456.36	18,04,047.82	10,43,443.02
Cooch Behar Range.								
All assessees of Cooch Behar district except Mekliganj subdivision and all assessees of Alipurduar, Kumargram and Kalchini P.S.s of Alipurduar Subdivision of Jalpaiguri district.	2,91,350.22	4,28,627.08	3,54,564.39	4,72,995.87	3,64,365.69	6,46,123.84	3,84,456.19	7,66,248.51
Malda Range.								
Malda and West Dinajpur districts.	5,09,731.76	7,91,836.01	4,17,573.54	8,08,987.55	2,68,349.28	7,89,411.42	1,74,872.49	8,18,679.54

Non-payment of Grant-in-aid to Banhiekunda Junior High School under Contai police-station

125. (Admitted question No. 372.) **Shri Sudhir Chandra Das:**

শিক্ষা বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে কাঁথি থানার বহিএকুণ্ডা জুনিয়ার হাই স্কুলের (যাহা বর্তমান হাই স্কুলে পরিণত) বকেয়া ১৯৬২-৬৩ সালের গ্রাণ্ট-ইন-এডের টাকা এখনও পর্যন্ত দেওয়া হয় নাই; এবং

(খ) সত্য হইলে এই বিলম্বের কারণ কি এবং ঐ টাকা কবে দেওয়া হইবে?

The Minister for Education:

(ক) হ্যাঁ।

(খ) ১৯৬২-১৯৬৩-এর টাকা বোর্ড-এর দেয় ছিল কিন্তু উহা সময়মত বোর্ড দিতে পারে নাই। বর্তমানে শিক্ষা-অধিকর্তা এই দেয় টাকা মঞ্জুর করিবার দায়িত্ব নিয়াছেন। এই টাকা মার্চ মাসের মধ্যেই দেওয়া যাইবে বলিয়া আশা করা যায়।

Statistics of Births and Deaths

126. (Admitted question No. 385.) **Shri Birendra Narayan Ray:**

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৬৩ সালে এবং ১৯৬৪ সালে সরকারী হিসাব অনুযায়ী কত ব্যক্তি পশ্চিমবঙ্গে (১) জন্মগ্রহণ করিয়াছেন এবং (২) মারা গিয়াছেন?

The Minister for Health:

দি বেঙ্গল বার্থ অ্যাণ্ড ডেথ রেজিস্ট্রেশন অ্যাক্ট, ১৮৭৩-এর অধীনে নিযুক্ত রেজিস্ট্রারের নিকট হইতে প্রাপ্ত রিপোর্টের ভিত্তিতে জাতক ও মৃতের সংখ্যা নিম্নে দেওয়া হইল:—

সাল	জাতকের সংখ্যা	মৃতের সংখ্যা
১৯৬৩	৬,৫১,১৫০	২,৫৩,৪৫৯
১৯৬৪	*৬,৭০,৭৮০	*২,৬৯,৫৪০

* সংখ্যা পরীক্ষাসাপেক্ষ।

Sea Dyke in Contai police-station

127. (Admitted question No. 408.) **Shri Sudhir Chandra Das:**

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, কাঁথি থানার জুনপুটের পশ্চিমদিকে কয়েক মাইল সামুদ্রিক বাঁধ বর্ষার জলে বিধ্বস্ত হওয়ার দরুণ ক্ষতিগ্রস্ত হইয়াছে; এবং

(খ) অবগত থাকিলে ঐ সামুদ্রিক বাঁধ মেরামতের কি ব্যবস্থা হইতেছে?

The Minister for Irrigation and Waterways:

(ক) ও (খ) জুনপুটের পশ্চিমদিকের সামুদ্রিক বাঁধের অবস্থা ভালই আছে। পূর্বদিকের বাঁধ বাঁকিপুরের নিকট প্রায় এক মাইলের মত ক্ষতিগ্রস্ত হইয়াছে। ঐ স্থানের সামুদ্রিক বাঁধ কংক্রিটের রিভেটমেণ্ট দ্বারা সংরক্ষিত করার কার্য আরম্ভ হইয়াছে এবং উহা আগামী বর্ষার পূর্বে শেষ হইয়া যাইবে বলিয়া আশা করা যায়।

Moyna Basin Anchal

128. (Admitted question No. 415.) **Shri Ananga Mohan Das:**

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার, ময়না থানা একটি বেসিন অঞ্চল কিনা ;

(খ) ইহার মোট পরিমাণ কত এবং ইহার লোকসংখ্যা কত ;

(গ) ঐ অঞ্চলে জল নিকাশের জন্য কোন পরিকল্পনা প্রস্তুত হইয়াছে কিনা ; এবং

(ঘ) পরিকল্পনা (১) হইয়া থাকিলে কোন্ পঞ্চবার্ষিকীর অন্তর্ভুক্ত এবং (২) ইহার জন্য কত টাকা নির্দিষ্ট আছে ?

The Minister for Irrigation and Waterways:

(ক) হ্যাঁ। ময়না বেসিন মেদিনীপুর জেলার ময়না থানার অংশ লইয়া গঠিত।

(খ) ময়না বেসিনের পরিমাণ ৩৭ বর্গ মাইল হইয়া ময়না থানার মোট পরিমাণ ৫৭.৩ বর্গ মাইল। ময়না থানার লোক সংখ্যা ৯০,০২৯। পৃথকভাবে ময়না বেসিনের লোকসংখ্যা বলা সম্ভব নহে।

(গ) একটি প্রকল্প প্রস্তুত হইয়াছে, তবে উহা এখন পরীক্ষাধীন আছে।

(ঘ) (১) এই প্রকল্পটি তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্ভুক্ত।

(২) এই প্রকল্পটির জন্য তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় মোট ১৫ লক্ষ টাকা বরাদ্দ ছিল।

Ranaghat Coopers Camp

129. (Admitted question No. 454.) **Shri Gour Chandra Kundu:**

উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাণাঘাট কুপার্স ক্যাম্পে বর্তমানে কত উদ্বাস্তু আছেন ;

(খ) উক্ত ক্যাম্পের—(১) অ্যাডমিনিস্ট্রেটর মাসে কত মাহিনা পান ; এবং

(২) বর্তমানে কতজন সরকারী কর্মচারী আছেন ?

The Minister for Refugee Relief and Rehabilitation:

(ক) ৭,৬৭২ জন। যাঁহারা 'ডোল' পাইয়া থাকেন তাঁহাদের সংখ্যা ২,৭৬৪ এবং যাঁহারা তাহা পান না তাঁহাদের সংখ্যা ৪,৯০৮।

(খ) কুপার্স ক্যাম্পের বর্তমানে—

(১) সর্বক্ষণের জন্য প্রশাসক (অ্যাডমিনিস্ট্রেটর) নাই। রাণাঘাট মহকুমার পুনর্বাসন আধিকারিক (রিহ্যাবিলিটেশন অফিসার) প্রশাসকের কার্য করিয়া থাকেন। পুনর্বাসন আধিকারিকের প্রাপ্য বেতন ২০০—১০—৪০০ টাকা স্কেলে ও প্রচলিত ভাতাদি সহ তিনি পাইয়া থাকেন। প্রশাসকের কার্য করিবার জন্য তাঁহাকে বিশেষ কোন বেতন বা ভাতা মঞ্জুর করা হয় নাই।

(২) (ক) প্রশাসকের করণে—১২৩ জন।

(খ) স্বাস্থ্য সংরক্ষণ বিভাগে—১৬ জন।

(গ) হাসপাতাল বিভাগে—২২ জন।

রাণাঘাটস্থিত উদ্বাস্তসদন ও আতুরাশ্রমের চিকিৎসা সংক্রান্ত যাবতীয় প্রয়োজন উক্ত হাসপাতাল হইতে মিটানো হইয়া থাকে।

Taherpore Production Centre, Nadia district

130. (Admitted question No. 462.) **Shri Gour Chandra Kundu:**

উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদিয়া জেলার তাহেরপুর উদ্বাস্তু কলোনীর আর আই সি, পরিচালিত প্রোডাকশন সেণ্টার-এ বর্তমানে কতলোক কাজ করে;

(খ) এঁদের মাসিক নিম্নতম ও উচ্চতম আয় কত;

(গ) এই প্রোডাকশন সেণ্টার-এ ইলেকট্রিসিটির ব্যবস্থা আছে কি; এবং

(ঘ) যদি থাকে তবে সেখানে পাওয়ারলুম ফ্যাক্টরী চালু করিয়া তাহেরপুর কলোনীর বেকার উদ্বাস্তুদের কর্মসংস্থানের কোন পরিকল্পনা পশ্চিমবঙ্গ সরকার কিংবা আর আই, সি, গ্রহণ করিয়াছে কি?

The Minister for Refugee Relief and Rehabilitation:

(ক) বেতনভোগী কর্মচারীদের সংখ্যা ২৯ এবং মজুরী পান এইরূপ কর্মীর সংখ্যা ৪৫৮।

(খ) (১) বেতনভোগীদের ক্ষেত্রে নিম্নতম মাসিক আয় টা: ৯১·৫০ প: এবং উচ্চতম মাসিক আয় ৩১০ টাকা।

(২) মজুরী পান এইরূপ কর্মীদের মাসিক আয় ৩৮ টাকা হইতে ১৭৫ টাকার মধ্যে।

(গ) হ্যাঁ।

(ঘ) আর, আই, সি, কেন্দ্রীয় সরকারের অধীন একটি সংস্থা বা করপোরেশন। ইহার কতৃত্বাধীনে যেসকল কর্মকেন্দ্র বা উৎপাদন কেন্দ্র (প্রোডাকশন সেণ্টার) রহিয়াছে তাহার উন্নয়ন বা পরিবর্ধন সম্পর্কে কোনও পরিকল্পনা রাজ্যসরকার গ্রহণ করিতে পারেন না।

উদ্বাস্তুদের কর্মসংস্থান করাই এই সংস্থার প্রধান লক্ষ্য। সীমিত আর্থিক সঙ্গতির মধ্যে থাকিয়া এই সম্পর্কে কার্য করিতে হয়। হস্তচালিত তাঁত চালু থাকিলে বা বসাইলে যে সংখ্যক উদ্বাস্তুর কর্মসংস্থান হইতে পারে, বিদ্যুৎচালিত তাঁতে তদপেক্ষা অল্প সংখ্যক উদ্বাস্তুর কর্মসংস্থান হইবে বলিয়া আর, আই, সি, মনে করেন এবং এই জন্য এতদ্‌জাতীয় পরিকল্পনা আপাততঃ গ্রহণ করিতেছেন না।

G. R. in Murshidabad district

131. (Admitted question No. 519.) **Shri Deb Saran Ghosh:**

ত্রাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় ১৯৬৪ সালের ডিসেম্বর মাস পর্যন্ত কত ইউনিট জি আর দেওয়া হইয়াছে;

(খ) কোন্ কোন্ মহকুমায় উক্ত জি আর কত ইউনিট দেওয়া হইয়াছে;

(গ) কোন্ মাস হইতে নগদ অর্থের মাধ্যমে জি আর দেওয়া হইতেছে; এবং

(ঘ) উক্ত জেলায় জি আর হিসাবে গম বা চাউল দেওয়ার কোন পুনঃ ব্যবস্থা হইবে কিনা?

The Minister for Relief:

(ক) ও (খ)—

	ইউনিট
সদর (বহরমপুর) মহকুমায়	৮,৮৪,৭৬৬
লালবাগ	৭,৮৪,৯৪১½
জঙ্গীপুর	৪,৬১,১৬৯
কান্দী	৩,৯৩,৬৬০½
মুর্শিদাবাদ জেলায় মোট	২৫,২৪,৫৩৭

(গ) ১৯৬৪ সালের সেপ্টেম্বর মাস হইতে মুর্শিদাবাদ জেলায় নগদ অর্থে জি আর দেওয়া হইতেছে।

(ঘ) হ্যাঁ।

Office Building of Beldanga Block No. 2

132. (Admitted question No. 520.) **Shri Deb Saran Ghosh:** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের (সমষ্টি-উন্নয়ন শাখা) মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বেলডাঙ্গা ব্লক নং ২-এর স্থায়ী অফিস নির্মাণের স্থান নির্বাচিত হইয়াছে কি ; এবং

(খ) স্থান নির্বাচিত হইয়া থাকিলে—

(১) কোথায়, এবং

(২) কবে হইতে উক্ত অফিসগৃহ নির্মাণের কার্য শুরু করা হইবে ?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) হ্যাঁ।

(খ) বেলডাঙ্গা থানার অন্তর্গত শক্তিপুর মৌজায় নির্বাচিত হইয়াছে। কিন্তু ভূমি দখল (ল্যাণ্ড অ্যাকুইজিশন) এখনও হয় নাই।

এখনই সঠিকভাবে বলা সম্ভব নয়। তবে যথাসম্ভব সত্বর করা হইবে।

Chowkidars and Dafadars in West Bengal

133. (Admitted question No. 533.) **Shri Cour Chandra Kundu:** পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে চৌকিদার ও দফাদারের সংখ্যা কত ; এবং

(খ) এঁদের মাহিনা বাড়াইবার জন্য সরকার কোন প্রস্তাব বিবেচনা করিতেছেন কি ?

The Minister of State for Panchayats:

(ক) পশ্চিমবঙ্গে চৌকিদারের সংখ্যা ২৪,৮১১ এবং দফাদারের সংখ্যা ২,৫৬৫।

(খ) চৌকিদার ও দফাদারগণের বেতন বাড়াইবার দায়িত্ব সংশ্লিষ্ট অঞ্চল পঞ্চায়েতের উপর। নিয়মানুসারে তাঁহারা যে বেতন ধার্য করিবেন সরকার তাহারই অর্ধেক অনুদান হিসাবে অঞ্চল পঞ্চায়েতকে দিবেন।

National Defence Fund

134. (Admitted question No. 579.) **Shri Birendra Narayan Ray:**

মুখ্যমন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রতিরক্ষার জন্য গঠিত তহবিলে বর্তমান সময় পর্যন্ত কত টাকা, স্বর্ণ অথবা অন্যান্য দ্রব্য দান হিসাবে পাওয়া গিয়াছে; এবং

(খ) উক্ত তহবিলে আগষ্ট ১৯৬৪ সাল হইতে বর্তমান সময় পর্যন্ত কোন্ মাসে কত টাকা, স্বর্ণ অথবা অন্যান্য দ্রব্য পাওয়া গিয়াছে?

The Chief Minister:

(ক) রিজার্ভ ব্যাঙ্ক অফ ইণ্ডিয়া, কলিকাতার হিসাব অনুসারে প্রতিরক্ষা তহবিলে সমগ্র পশ্চিমবঙ্গে ৩০এ জানুয়ারি পর্যন্ত মোট সংগৃহীত টাকার পরিমাণ—

৩,৪৩,৭৭,৬৭০.২৭ পঃ (তিন কোটি তেতাল্লিশ লক্ষ সাতাত্তর হাজার ছয় শত সত্তর টাকা ও সাতাশ পয়সা, স্বর্ণ ও স্বর্ণালঙ্কারের পরিমাণ ১৭০০৫৬.১৪৪ গ্রাম।

(খ) রিজার্ভ ব্যাঙ্ক অফ ইণ্ডিয়া, কলিকাতার হিসাব অনুযায়ী সমগ্র পশ্চিমবঙ্গে প্রতিরক্ষা তহবিলে আগষ্ট ১৯৬৪ হইতে জানুয়ারি ১৯৬৫ পর্যন্ত প্রতি মাসে সংগৃহীত হইয়াছে নিম্নরূপ:

						টাকা
আগস্ট, ১৯৬৪	..	..	..	..	..	২০,১৪৭.৭৮
সেপ্টেম্বর, ১৯৬৪	..	..	..	..	..	২২,১৩১.৭২
অক্টোবর, ১৯৬৪	..	..	..	..	..	১১,৪৮৬.১২
নভেম্বর, ১৯৬৪	..	..	..	..	..	৭,৪৪০.২৩
ডিসেম্বর, ১৯৬৪	..	..	..	..	..	৪,৯০৭.৬১
জানুয়ারি, ১৯৬৫	..	..	..	..	..	৮,৬৬৯.৮১

স্বর্ণ ও স্বর্ণালঙ্কার

আগস্ট, ১৯৬৪	..	..	..	..	..	১৭.০০০ গ্রাম
সেপ্টেম্বর, ১৯৬৪	..	..	..	..	..	২.০০০ গ্রাম
অক্টোবর, ১৯৬৪	..	..	..	..	..	৬১.০০০ গ্রাম
নভেম্বর, ১৯৬৪	..	..	..	..	..	..
ডিসেম্বর, ১৯৬৪	..	..	..	..	..	..
জানুয়ারি, ১৯৬৫	..	..	..	..	..	২.৫০০ গ্রাম

Trucks and Jeeps to eradicate malaria in Murshidabad, Malda and Hooghly districts

135. (Admitted question No. 581.) **Shri Birendra Narayan Ray:**

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) (১) মুর্শিদাবাদ, (২) মালদহ এবং (৩) হুগলী জেলায় ম্যালেরিয়া ইরাডিকেশন ডিপার্টমেন্টের অধীন কয়টি ট্রাক, জীপ প্রভৃতি মোটরযান আছে;

(খ) উক্ত জেলায় উক্ত স্কীমে ১৯৬০-৬১ সাল হইতে বর্তমান সময় পর্যন্ত কোন্ সালে কোন্ গাড়ীর জন্য কত টাকা খরচ হইয়াছে; এবং

(গ) উক্ত মোটরযানগুলির কোন্টি কোন্ অফিসারের অধীনে থাকে?

The Minister for Health:

(ক) (খ) ও (গ) তিনটি বিবরণী প্রদত্ত হইল।

Statement referred to in reply to Clauses (Ka), (Kha) and (Ga) of unstarred question

STATEMENT I

List showing the distribution of Vehicles

District	Description of Vehicles and No.				Total
	3-ton truck	Power wagon	Willys' Jeep	Jeep truck 150-FC	
Malda	3	1	2	2	8
Murshidabad	4	3	5	4	16
Hooghly	3	1	3	8	15

STATEMENT II

District	Total No. of vehicles	Year	Expendituure incurred
			Rs.
Malda	8	1960-61	15,070.00
		1961-62	13,305.00
		1962-63	15,003.00
		1963-64	20,501.00
		1964-65 (up to December 1964)	6,658.00
Hooghly	15	1960-61	12,341.00
		1961-62	11,008.00
		1962-63	22,519.00
		1963-64	20,639.00
		1964-65 (up to December 1964)	8,809.00
Murshidabad	16	1960-61	18,519.00
		1961-62	23,129.00
		1962-63	24,230.00
		1963-64	29,421.00
		1964-65 (up to December 1964)	7,819.00

Figures of vehiclewise expenditure are not readily available.

STATEMENT III

List of officers under whom the vehicles are placed

1. Murshidabad

Assistant District Health Officer, NMEP Unit—Murshidabad (South)—8.

Medical Officer, NMEP Unit—Murshidabad (North)—8.

2. Malda

Assistant District Health Officer, NMEP Unit—Malda—8.

3. Hooghly

Assistant District Health Officer, NMEP Unit—Hooghly—11.

Medical Officer, NMEP Unit—Surampore—4.

Khagra Bellmetal Industries

136. (Admitted question No. 600.) **Shri Sanat Kumar Raha:**

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) খাগড়ার কাংস্যশিল্পীদের সরকার হইতে রাং ও তামা সরবরাহ করা হয় কি না;

(খ) সরবরাহ করা হইলে যাহাদের এই কাঁচা মাল দেওয়া হয় তাহাদের মধ্যে শিল্পী ও দোকানদার কতজন;

(গ) কাংস্যশিল্পীদের রক্ষা করিবার জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(ঘ) থাকিলে তাহা কিরূপ?

The Minister for Cottage and Small Scale Industries:

(ক) হঁ্যা।

(খ) শিল্পী—৪৭ জন।

কোন দোকানদারকে কাঁচামাল সরবরাহ করা হয় নাই।

(গ) ও (ঘ) বর্তমানে কাংস্যশিল্পজাত তৈজসপত্রের চাহিদা ক্রমশঃই নিম্নগামী। সরকার এ বিষয়ে অবহিত আছেন। এইসব শিল্পীদের বিকল্প শিল্পে নিয়োজিত করা যায় কি না তাহা অনুসন্ধান করিয়া দেখা হইতেছে।

Tram fares in Calcutta

137. (Admitted question No. 609.) **Shri Somnath Lahiri:** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) whether the Calcutta Tramways Company Limited has made any suggestion about readjustment or rationalisation of tramways fares in Calcutta; and

(b) if the reply to (a) is in the affirmative will the Minister be pleased to state—

(i) what these suggestions are; and

(ii) what financial benefits may accrue to the Company if those suggestions are acted upon?

The Minister for Home (Transport): (a) Yes.

(b) (i) The Company's suggestions are as follows:

(1) Abolition of two classes;

(2) removal of second class fare. All second class coaches will, in the course of 18 months to two years, be brought up to the standard of first class coaches. This will consist mainly in the introduction of upholstered seats and fans into second class coaches;

(3) consolidation of all fares into one fare of 10 Paise except of Howrah.

(ii) Cannot be estimated now.

Kalyani University

138. (Admitted question No. 625.) **Shri Kashi Kanta Maitra:** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬২, ১৯৬৩ এবং ১৯৬৪ সালে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের জন্য সরকার কত টাকা দিয়াছেন;

(খ) উক্ত সময়ে বিভিন্ন বিভাগে মোট কতজন ছাত্র অধ্যয়ন করেছেন;

(গ) উক্ত তিন বৎসরে বিভিন্ন বিভাগে কতজন অধ্যাপক ছিলেন; এবং

(ঘ) এই বাবদে উক্ত তিন বৎসরে বাৎসরিক ব্যয় কত?

The Minister for Education:

(ক) গত ১৯৬১-৬২, ১৯৬২-৬৩ ও ১৯৬৩-৬৪ পাঠবর্ষে পশ্চিমবঙ্গ সরকার কল্যাণী বিশ্ববিদ্যালয়কে নিম্নরূপ অর্থ সাহায্য দিয়াছেন:—

		টাকা
১৯৬১–৬২	..	৯,৪৫,৫০০
১৯৬২–৬৩	..	২৫,৮২,০০০
১৯৬৩–৬৪	..	২৩,০০,০০০
মোট	..	৫৮,২৭,৫০০

বিশ্ববিদ্যালয়ের হিসাব পাঠবর্ষ অনুযায়ী (অর্থাৎ জুন মাস হইতে পরবর্তী বৎসরের মে মাস পর্যন্ত) রক্ষিত হইয়া থাকে।

(খ) উক্ত সময়ে বিভিন্ন বিভাগে মোট পাঠরত ছাত্রের সংখ্যা ছিল নিম্নরূপ:—

	১৯৬১–৬২	১৯৬২–৬৩	১৯৬৩–৬৪
বিজ্ঞান অনুষদ্ (ফ্যাকাল্টি অফ সায়েন্স)	৩৪	৮৭	১১৯
কলা অনুষদ্ (ফ্যাকাল্টি অফ আর্টস)	২	১৪	৫৪
কৃষি অনুষদ্ (ফ্যাকাল্টি অফ এগ্রিকালচার)	২২৫	২৯১	৩৮৩
	২৬১	৩৯২	৫৫৬

শিক্ষক শিক্ষণ মহাবিদ্যালয় ১৯৬৪ সালের জুন মাসে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কর্তৃত্বাধীনে আসে। একারণ উহার ছাত্রসংখ্যা উপরিলিখিত সংখ্যার মধ্যে ধরা হয় নাই।

(গ) উক্ত তিন বৎসরে অধ্যাপকের সংখ্যা ছিল।

	১৯৬১–৬২	১৯৬২–৬৩	১৯৬৩–৬৪
বিজ্ঞান অনুষদ্ ..	১৫	২৫	৩৪
কলা অনুষদ্ ..	৩	৮	১৬
কৃষি অনুষদ্ ..	১৪	২৬	৩৩
	৩২	৫৯	৮৩

(ঘ) বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের বেতন বাবদ নিম্নরূপ অর্থ ব্যয়িত হইয়াছে:

১৯৬১–৬২—১,১২,৫০৬ টাকা

১৯৬২–৬৩—২,৭৫,৭৫৭ টাকা

১৯৬৩–৬৪—৪,৫২,২০১ টাকা

Asansol Bar and Lawyers' Association

139. (Admitted question No. 620.) **Shri Kashi Kanta Maitra:** Will the Minister-in-charge of the Home (General Administration) Department be pleased to state—

(a) if it a fact that members of Bar Association and Lawyers' Association of Asansol have stopped appearing in the court of Mr. H. P. Mukherjee, Magistrate, 1st Class, at Asansol;

(b) if so, what are the reasons; and

(c) if the State Government received any representation from the two Associations mentioned in (a) above indicating the grievances of the Bar against the Magistrate concerned?

The Minister for Home (General Administration): (a) Yes.

(b) On the ground of the attitude and behaviour of the Magistrate towards lawyers and litigant public.

(c) Yes. The Associations complained of holding of court by the Magistrate till late hours in the evening, cancellation of bail of the accused who became late in attendance or fail to attend, rude behaviour to lawyers and litigant public, etc.

Cut off of supply of gas in Calcutta

140. (Admitted question No. 95.) **Shri Aswini Roy:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) if it is a fact that the supply of gas, both for domestic and industrial consumption in Calcutta was cut off in first week of January, 1965;

(b) if the reply to (a) be in affirmative, will the Minister be pleased to state—

(i) as to when the said supply was stopped,

(ii) the supply was restored;

(c) the names of the factories and bakeries that were affected; and

(d) the average rate of daily consumption and supply of gas to each factory and bakery and the cost of the said supply daily by each enterprise?

The Minister of State for Commerce and Industries: (a) Gas supply, both for domestic and industrial consumers in Calcutta, was affected not in the first week of January, 1965, but between the 9th January, 1965 and 11th January, 1965.

(b) (i) On the morning of 9th January, 1965.

(ii) Supply to domestic consumers was fully restored on the night of 9th January, 1965, and to the industrial consumers on the morning of 11th January, 1965.

(c) All the factories and bakeries, who are our consumers, were affected. Their number will be nearabout 450. Their names are shown in a statement placed on the Library Table.

(d) The average rate of daily consumption of gas cannot be readily worked out as meter readings are only taken once a month for purposes of preparing bills.

[2-10—2-20 p.m.]

Adjournment Motion

Mr. Speaker: I have received notice of an Adjournment Motion from Shrimati Ila Mittra on the strike of the primary teachers by squatting near Raj Bhavan. I have withheld consent.

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker: Now, the Hon'ble Minister-in-charge of Food and Supplies Department will please make a statement on the subject of introduction of price protection for paddy, called attention by Shri Aswini Roy on the 11th February, 1965.

Shri Smarajit Bandyopadhyay: In reference to the Calling Attention Notice given by the honourable member, Shri Aswini Roy, I beg to make the following statement.

The Government has already set up its organisation to purchase Aman paddy as a measure of price support at about 400 assembling points in the State. The assembling points are the major markets where rice and paddy are brought in large quantities for sale from the villages. The support prices fixed by the Government are Rs. 37.50 for common, Rs. 40.20 for fine and Rs. 42.90 for superfine varieties of Aman paddy per quintal payable to the producers at the assembling points. These prices are effective from 1st January, 1965. The Government purchased 57.837 quintals of Aman paddy under the price support scheme during January and up to the 10th February, 1965.

It is to be mentioned in this connection that the Government has statutorily fixed the maximum prices of these varieties of Aman paddy under the West Bengal Aman Paddy Price Control Order, 1964, with effect from

1st January, 1965. The Maximum prices are Re. 1.00 per quintal higher than the corresponding support prices. For the present, the Government does not intend to purchase paddy at the maximum rates, or at centres other than the declared assembling points.

Moreover, both the support prices and the statutory maximum prices are papable to the producers for fair average quality of paddy at the assembling points. If the paddy is of inferior quality deductions can be made from the price payable to the producer by way of batta at rates fixed by the Government. The producer has also to bear the cost of transport of his produce to the assembling points. If he does not bring his produce to the assembling points declared by the Government, the purchaser can arrange transport and deduct reasonable transport charges from the maximum statutory price payable to him at rates not exceeding those prescribed by the Government in the West Bengal Aman Paddy Price Control Order, 1964.

Mr. Speaker: The Hon'ble Minister-in-charge of Labour Department will please make a statement on the subject of declaration of lock-out by the management of Messrs. Reckitt and Colman India (Private) Ltd., called attention by Shri Haridas Chakravorty on the 15th February, 1965.

Shri Bijoy Singh Nahar:

আসানসোলে কিছুদিন ধরে রেকিট কোলম্যান-এ গন্ডগোল চলছিল যার ফলে ১০ই ফেব্রুয়ারী থেকে সেখানে লক-আউট হয়েছে। আমাদের আসানসোলের অ্যাসিস্ট্যান্ট লেবার কমিশনার-এর সঙ্গে তাঁরা অলোচনা করছেন এবং বর্তমানে ত্রিপাটাইট কনফারেন্স-এর মাধ্যমে শালিশ মীমাংসার দিকে তাঁরা যাচ্ছেন। দুটো দল—মালিক ও শ্রমিক পক্ষ আগামী ২০এ তারিখে তাঁরা শালিসীর জন্য ত্রিপাটাইট কনফারেন্স-এ যাবেন। অতএব এ সম্বন্ধে এখন খুব বেশী বিবৃতি আমি দিতে চাই না।

Mr. Speaker: The Hon'ble Minister-in-charge of Local Self-Government will please make a statement on the subject of resignation of the Chairman and anticipated workers' strike in the South Suburban Municipality, called attention by Shri Rabindra Nath Mukhopadhyay on the 16th February, 1965.

Shri S. M. Fazlur Rahman: In reply to the Calling Attention Notice by Shri Rabindra Nath Mukhopadhyay, M.L.A., regarding affairs of the South Suburban Municipality, I beg to state that the Chairman of the South Suburban Municipality has not submitted resignation. The Vice-Chairman of the Municipality was elected by a meeting of the Commissioners held on 25th November, 1964, but since a dispute arose regarding his election, he has not assumed office and the matter is now under consideration of Government. The allegation of complete collapse of the administration of the Muncipality is hence not true as the Chairman is still functioning. The workers and employees of the South Suburban Municipality submitted a Strike Notice on 4th February 1965. Their demands related mainly to payment of Dearness Allowance, repair of Labourers' Quarters and proper adjustment of their Provident Fund Accounts. As their demands have not been conceded to, the employees have resorted to strike from 17th February, 1965. There have been no abnormal cases of Cholera or Small Pox. However, a large number of Chicken Pox cases have taken place lately. The Municipality has got only six vaccinators for 2 lakhs of people and hence it has not been possible to cover the entire people by vaccination. The allegation that the area is ravaged by Small Pox and Cholera epidemic is also not true.

Shri Rabindra Nath Mukhopadhyay:

আমি যেটা বলছিলাম সিরিয়াস পরিস্থিতির জন্য, এটা এড়াবার ব্যাপার নয়, সেখানে বর্তমান যে চেয়ারম্যান তাকে আজ বাধ্য করা হচ্ছে। আমি জানি বেশ কিছুকাল যাবৎ তিনি মিউনিসিপালিটিতে আসছেন না ফেরার হয়ে আছেন।

Mr. Speaker:

আপনি কোন কথা বলছেন মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান-এর কথা?

Shri Rabindra Nath Mukhopadhyay:

জল গণ্ড সেখানে হচ্ছে দেখবার লোক নেই।

Mr. Speaker:

আপনার কলিং অ্যাটেনসান রিপ্লাই-এর উপর ডিসকাশন হতে পারে না।

Shri Rabindra Nath Mukhopadhyay:

সেইজন্যই আপনার অনুমতি চেয়েছিলাম।

Mr. Speaker:

আপনি পরে নিয়ে আসবেন। কোন সাপ্লিমেন্টারী এই কলিং অ্যাটেনসানের উপর হয় না।

Shri Rabindra Nath Mukhopadhyay:

সেজন্য আপনার দৃষ্টি আকর্ষণ করতে চেয়েছিলাম।

Mr. Speaker:

পরে দৃষ্টি আকর্ষণ করবেন।

Shri Rabindra Nath Mukhopadhyay:

আর কি করে বলব বলুন?

Mr. Speaker:

আমি আপনাকে ডাকবো তখন বলবেন, যেমন সবাই করে।

Mr. Speaker: I have received five notices of Calling Attention for the 17th instant and six notices of Calling Attention for this day on the following subjects, namely:—

(1) Conspiracy of prison-breaking in Alipur Central Jail—by Shri Ananga Mohan Das;

(2) Theft in the office of a tea-garden in Kalchini P.S. on 10th December 1964—by Shri Ananga Mohan Das;

(3) Bus accident on Kandi-Radharghat Road in Murshidabad District—by Shri Abhoy Pada Saha;

(4) Indian citizenship for refugees coming from East Pakistan since 1962—by Shri Sanat Kumar Raha;

(5) Delay in construction of Bhagirathi Bridge at Berhampore—by Shri Sanat Kumar Raha;

(6) Alleged existence of fake Police in Calcutta—by Shri Ananga Mohan Das;

(7) Desertion of refugee camps situated outside West Bengal—by Shri Gopal Banerjee;

(8) Teachers movement in West Bengal by Shri Birendra Narayan Roy, Dr. Radhakrishna Singha, Shri Monoranjan Bakshi, Shri Bejoy Kumar Banerjee, Shri Mahananda Haldar, Shri L. R. Josse and Shri Deo Prakash Rai;

(9) Absence of Sub-registrar in the Chanchal Sub-registry office of Malda District—by Dr. Golam Yazdani;

(10. Demolition of the house associated with the memory of "Maniktola Bomb Case"—by Shri Sailendra Nath Adhikary;

(11) Squatting on the road near Esplanade East by primary teachers for non-fulfilment of their demand by Shri Aswini Roy.

I have selected the notice of Shri Sanat Kumar Raha on the subject of Indian citizenship for refugees coming from East Pakistan since 1962 and the notice of Shri Aswini Roy on the subject of squatting on the road near Esplanade East by primary teachers for non-fulfilment of their demand. The Hon'ble Ministers-in-charge may please make statements on the subjects today, if possible or give a date for the same.

Shri Jagannath Kolay: Statements will be made on Tuesday.

Teachers' demonstration

[2-20—2-30 p.m.]

Shrimati Ila Mittra:

আমার যে মুলতুবী প্রস্তাব ছিল সেটা আপনি এলাউ করেন নি—সেটা হচ্ছে প্রাথমিক শিক্ষকদের তাদের দাবী নিয়ে গত কাল তিনটা থেকে অবস্থান ধর্মঘট করছেন গভর্নর হাউসের সামনে এবং কালকে যে বাজেট পেশ করা হয়েছে—সেই বাজেটের ইংরাজী বাংলা পড়ে আমরা কিছুই বুঝি নি। আমাদের মনে হোল শিক্ষকদের বোধ হয় আড়াই টাকা কমে গেল। কাজেই তাদের মধ্যে একটা অসন্তোষ রয়েছে। সেই জন্য তারা অবস্থান ধর্মঘট করে আছেন। সেইজন্য আমি শিক্ষা মন্ত্রী এবং মুখ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে তাঁরা সেখানে গিয়ে তাঁদের সঙ্গে দেখা করে আসুন এবং এক্সপ্লেন করে আসুন যে পোজিসনটা কি।

Shri Saila Kumar Mukherjee:

এই ব্যাপারে জ্যোতিবাবু আমার ঘরে এসেছিলেন এবং আমি জিনিসটা ক্লিয়ার করে দিয়েছি। সেটা আমি পরিষ্কার কাউন্সিলে বলে দিয়েছি যে সেই ১৫ টাকাটা সাড়ে ১৭ টাকা কমে গিয়ে নয়। সাড়ে ১৭ টাকা অনেক দিন আগেই হয়েছে—সুতরাং এটাকে কেন ধরছেন বুঝতে পারছি না। সেখানে পরিষ্কার বলা হয়েছে যে ইন এ্যাডিসন টু সাড়ে ১৭ টাকা।

Shrimati Ila Mittra:

তাহলে কি এই ইন এ্যাডিসনটা কি প্রত্যেকের ক্ষেত্রে প্রাথমিক, মাধ্যমিক, কলেজ পলিটেকনিক সকলের ক্ষেত্রেই কি ইন এ্যাডিসান ?

Shri Saila Kumar Mukherjee:

প্রাথমিকদের আর মাধ্যমিকদের গত বছর দেওয়া হয়েছিল ৫ টাকা এবং এ বছর থেকে হবে ১০ টাকা পরিষ্কার লেখা আছে—আর মাধ্যমিকদের আর বারে করা হয়েছিল ৫ টাকা কনডিসন্যাল যদি ম্যানেজিং কমিটি ৫ টাকা দেন তাহলে সরকার দেবেন। এবারে আন কনডিসন্যাল বলে দেওয়া হয়েছে যে ১০ টাকা পাবেন।

Shrimati Ila Mittra:

এখন আমার যে মূলতুবী প্রস্তাবটা ছিল—এই পয়েন্টটা ক্লারিফাই হবার পরেও—সেটা হচ্ছে যে প্রাথমিক শিক্ষকরা ২৫ টাকা মহার্ঘ ভাতা দাবী করেন সেখানে পেয়েছেন মাত্র ৫ টাকা এবং অবস্থান ধর্মঘট করে আছেন। কাজেই আমি আপনার কাছে এ্যাপিল করছি যে মুখ্যমন্ত্রী অথবা শিক্ষামন্ত্রী গিয়ে তাঁদের সঙ্গে দেখা করুন এবং পোজিসনটা ক্লিয়ার করুন।

Shri Sambhu Charan Ghosh:

এই প্রসঙ্গে আমি একটা কথা বলতে চাই যে গতকাল বাজেটে প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষকদের মাত্র ৫ টাকা করে বাড়ানো হয়েছে অথচ তাদের যে দাবী ছিল সেটা পূরণ করা হয় নি। সেই জন্য তারা আন্দোলন করছে—কিন্তু সরকার কি স্থির করেছেন স্কুলকলেজ-গুলি বন্ধ করে দিতে? কারণ ডি. পি. আই সারকুলার দিয়ে স্কুল কলেজগুলি বন্ধ করে দেওয়া হয়েছে। বাংলা দেশের অভিভাবকরা শঙ্কিত হয়ে উঠেছেন। আজকে শিক্ষকরা যে আন্দোলন করছেন সেই আন্দোলনকে ফেস করতে না পেরে—সরকারের পক্ষ থেকে কেন বন্ধ করা হয়েছে সেটা আমি জিজ্ঞাসা করছি। এ সম্পর্কে শিক্ষা মন্ত্রী বলুন যে তাদের দাবীগুলি মেটানোর জন্য নূতন কোন চেষ্টা করবেন, না এইভাবে অনির্দিষ্ট কালের জন্য স্কুল-কলেজগুলি বন্ধ রাখবেন? এটা একটা গুরুত্বপূর্ণ ব্যাপার—সুতরাং এ সম্পর্কে একটা পরিষ্কার জবাব আমরা চাই।

Shifting of Basic Training School from Purulia

Shri Girish Mahato:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি শিক্ষা মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে আমাদের পুরুলিয়া প্রাথমিক শিক্ষকদের একটা বেসিক ট্রেনিং স্কুল ছিল—সেই স্কুলটি আজ কয়েক বছর হোল বর্ধমান জেলার নাদোয়ায় আনা হয়েছে। এই ট্রেনিং স্কুলে পুরুলিয়া জেলার ১ শত জন শিক্ষক ট্রেনিং নিচ্ছেন। এই শিক্ষকরা আমাদের জানিয়েছেন যে নাদোয়ায় আসতে প্রায় দেড় হাজার দু'হাজার হাজার টাকা খরচ হয়ে যাচ্ছে যাতায়াত ভাড়ায়। এই একটি শিল্পাঞ্চলে স্থাপিত কাজেই সেখানে চালের দর ৩৪ থেকে ৩৮ টাকা পযন্ত এবং অন্যান্য জিনিসপত্রের দর খুব চড়া। তাদের ৬৫ টাকা পর্যন্ত খরচ হয়ে যাচ্ছে —কাজেই অন্যান্য খরচ মিলিয়ে মাসে তাদের খরচ হয়ে যাচ্ছে ৮৫ টাকা—আর ওঁরা পাচ্ছেন ৩০ টাকা। কাজেই ঐ স্কুলটা যাতে পুরুলিয়ার শিক্ষকদের এবং পুরুলিয়া বাসীদের মঙ্গলের জন্য আবার পুরুলিয়া জেলায় নিয়ে যাওয়া হয় সেইজন্য আমি আপনার মাধ্যমে শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

Ration to Manual workers

Shri Anadi Das:

স্যার, দুই দিন আগে মাননীয় মন্ত্রী সমরজিৎবাবু বলেছিলেন যে রেশনে যা ২ কেজি ৪ শত দেওয়া হয় সপ্তাহে তার উপর ম্যানুয়েল ওয়ার্কার যারা তাদের ৬ শত করে দেবার ব্যবস্থা আছে—কিন্তু কার্যত: কোন লোক জানেন যে ম্যানুয়্যাল ওয়ার্কারদের ৬ শত করে দেবার ব্যবস্থা আছে। তারা যাতে সেটা পেতে পারে তার ব্যবস্থা করা দরকার। আলাদাভাবে কোন রেশন কার্ড করবার সিস্টেম নেই। আর রেশনের দোকান-দাররা ও এ সম্পর্কে কিছু জানেন না। কাজেই আমি অনুরোধ করছি এই সম্পর্কে যে মাননীয় মন্ত্রীমহাশয় কি ব্যবস্থা করেছেন সেটা তিনি বলুন।

Outbreak of Chicken-pox and strike notice by the Conservancy Service in the South Suburban Municipality

Shri Rabindra Nath Mukhopadhyay:

স্যার, আমি আপনাকে ধন্যবাদ জানাচ্ছি যে আপনি পুনরায় আমাকে সুযোগ দিয়েছেন। আমার কথা হচ্ছে এই সঙ্কটটা যে খুব গুরুতর সেটা স্বীকৃত হয়েছে ষ্টেটমেণ্টের মধ্যে। সেখানে প্রচণ্ড রকমের স্মল পক্স না হলেও চীকেন পক্স হচ্ছে এটা স্বীকার করেছেন এবং এটা বলেছেন যে যথেষ্ট পরিমাণে টিকা দেবার ব্যবস্থা নেই। এবং গতকাল থেকে আমরা আশঙ্কা করেছিলাম যে স্ট্রাইক হবে, গতকাল থেকে স্ট্রাইক হয়েছে—সেখানে কনজারভেন্সি সার্ভিস সমস্ত বন্ধ আছে—সমস্ত ডিপার্টমেণ্টগুলি বন্ধ আছে। এবং আমি আবার বলছি যে ভাইস চেয়ারম্যান বর্তমানে সেখানে নেই—আর চেয়ারম্যান দীর্ঘকাল যাবত এর আশেপাশে আসছেন না। ফলে একটা টোট্যাল ক্যায়শ সৃষ্টি হয়েছে এবং স্বাস্থ্যের অবস্থা সেখানে এই রকম জায়গায় এসে দাঁড়িয়েছে। এই কারণে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করেছি এবং আমি এই কথাটা জানাচ্ছি যে লেবার কমিশনার দপ্তর এমন ক্যালাশ যে তারা একটা স্ট্রাইকের নোটিস পেল—পেয়ে ডাকা পর্যন্ত হোল না—যার ফলে সেখানে স্ট্রাইক সুরু হয়ে গেছে এবং এই রকম স্বাস্থের গুরুতর হানি ঘটতে চলেছে। কাজেই পুনরায় আমি বলছি যে সরকার এ ব্যাপারে অবহিত হোউন এবং স্বাস্থ্যের দিকে লক্ষ্য রেখে একটা ব্যবস্থা করুন।

Taking over of the National Sugar Mills at Ahmedpur by the State Government

Shri Tarun Kanti Ghosh: Sir, with your permission, I would like to make a short statement for the information of the House.

The State Government have taken over possession of the assets, movable and immovable, of the sugar factory at Ahmedpur in the district of Birbhum, belonging to the National Sugar Mills Ltd., on the 16th February 1965. This action has been taken in enforcement of the securities created by the mortgage, further charge and other charges executed by the said company in favour of the Governor of West Bengal. Further steps, as may be legally advised, are being taken by the State Government.

Point of privilege

Shri Gour Chandra Kundu: On a point of privilege, Sir.

স্যার, আমার একটা প্রিভিলেজের প্রশ্ন আছে সেটা হচ্ছে গত ১৬ তারিখে আমার তিনটি কোয়েশ্চেন ছিল—কোয়েশ্চেনস ৮৮, ৯৭, ১০২। এই তিনটি কোয়েশ্চেনের কোন উত্তর লাইব্রেরী টেবিলে বা এসেম্বলী ফ্লোরেও দেওয়া হয় নি, আমি এখানকার সেক্রেটারীর সঙ্গে কণ্ট্যাক্ট করেছিলাম—কিন্তু তিনি বললেন যে এই উত্তরগুলি নাকি গভর্ণমেণ্ট তরফ থেকে পাঠানো হয় নি। সুতরাং এটা নিংট কি করে উঠলো উইদাউট রিসিভিং দি আনসার—এবং আমি মনে করি এটার একটা উত্তর পাওয়া দরকার।

Mr. Speaker: I will again request the Hon'ble Ministers to see that questions are duly answered and members putting questions may not be put to this sort of difficulty. After all, this is a right of the members and some intimation should be given to the members concerned. They must not keep silent.

Shri Gour Chandra Kundu:

আমারটা তাহলে কি হোল স্যার ?

Mr. Speaker:

আমি তো আপনার কথাই বলছি।

Laying of Rules

[2-30—2-40 p.m.]

The West Bengal Zilla Parishads (Recruitment of Staff) Rules, 1964

Shri Sowrindra Mohan Misra: I lay before the Assembly the West Bengal Zilla Parishads (Recruitment of Staff) Rules, 1964.

Amendments to the West Bengal Zilla Parishads (Election, Constitution and Administration) Rules, 1964.

Shri Sowrindra Mohan Misra: I lay before the Assembly amendments to the West Bengal Zilla Parishads (Election, Constitution and Administration) Rules, 1964.

Amendments to the Bengal Motor Vehicles Rules, 1940

Shri Sowrindra Mohan Misra: I lay before the Assembly amendments to the Bengal Motor Vehicles Rules, 1940.

Discussion on Governor's Address

Dr. Narayan Chandra Roy:

মাননীয় সভাপাল মহাশয়, রাজ্যপালের উদ্বোধনী ভাষণ সম্বন্ধে বলতে উঠে আমাদের তরফ থেকে আমার মনে যে কয়েকটি কথা উঠেছে সেটা আমি আপনার মাধ্যমে রাখতে চাই এবং আপনার মাধ্যমে সে সম্বন্ধে মাননীয় সদস্যদের এবং মন্ত্রী সভাকে অবহিত হতে বলি। সভার মধ্যে মেজোরিটি থাকলে চেঁচিয়ে বা ভোটে সরিয়ে দিলে সমস্ত সমস্যার সমাধান হয় না। দাক্ষিণাত্য দেখিয়ে দিয়েছে মানুষের সঙ্গে যোগাযোগ রেখে না চললে শুধু এ্যাসেম্বলী বা পার্লামেণ্টের ভোটের আধিক্যে দেশের প্রতিফলন বোঝা যায় না। তাই আমার বক্তব্যের মাধ্যমে কয়েকটি কথা রাখতে চাই যে কথা সকলের ভাবা উচিত। রাজ্যপালের ভাষণ বা সরকার পক্ষের সদস্যদের কাথাবার্তা শুনলে মনে হয় যেন আমরা দু'পক্ষ দুটো জগতে বাস করি, দু'রকমের কথা বলি, দু'জগতের স্বপ্ন দেখি এবং বাস্তবে দেখি যে দুটোই যেন পরস্পর বিরোধী। আমরা যারা পিঠেপিঠি বাস করছি হয় তাঁরা সত্য, না হয় আমরা সত্য। তাহলে প্রশ্ন উঠে বিচার করার যে কোনটি সত্য। কতটা সত্য এবং কিসের উপর আপেক্ষিক গুরুত্ব আমাদের দেওয়া দরকার। তিনটে পঞ্চবার্ষিকী পরিকল্পনা আমাদের দেশের মধ্যে রূপায়িত হয়েছে এবং তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা যা আজ শেষ হতে চলেছে তার কিছু ঘাত-প্রতিঘাত আমার চোখে যেটা ফুটেছে সেটা আমি আপনার সামনে রাখতে চাই। এ কথা সত্য যে দেশের মধ্যে কতকগুলি পরিবর্তন ঘটেছে। মানুষ যারা উপকৃত হয় নি তারা হয়নি, কিন্তু কতকগুলি পরিবর্তন হয়েছে এবং গুরুতর পরিবর্তন হয়েছে। কতকগুলি পরিবর্তন ঘটেছে যেগুলি বাইরে থেকে দেখা যায় অনুভব করা যায়। আর কতকগুলি অতি ছোট ছোট যা অনুভব করা যায় না, দেখা যায় না, ইঁট যেমন করে বালি হয়ে যায়, পাথর চুন হয়ে গুঁড়িয়ে যায় এই রকম দেশের কতকগুলি জায়গায় মলিকিউলার ডিসইণ্টিগ্রেসান হচ্ছে। এর ঘাত-প্রতিঘাত আমাদের সত্যিকার ভাবতে হবে। মন্ত্রীসভা রাষ্ট্রের যাঁরা কর্ণধার তাঁরা দেশের মধ্যে কি গড়ে উঠছে কি ভেঙ্গে যাচ্ছে তার ঘাত প্রতিঘাত কি এটা না জানলে ভবিষ্যতে ভয়ংকর বিপত্তি এবং সেখানে পথ ভ্রষ্ট হবার সম্ভাবনা আছে। পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আমরা প্রথমে ভাবলাম ল্যাণ্ড রিফর্মের কথা। আমরা দেখলাম জমি নেই। কিন্তু আসলে দাঁড়াল কি— দাঁড়াল জমিদার চলে গেল, তার বদলে বাংলা দেশের সরকার জমিদার হলেন। তার ফল হল কি, বড় লোকদের কি হল সেটা পরের কথা, সকলেই জানেন, অনেকে অনুভব করছেন, অনেকে তার সঙ্গে যুক্ত আছেন, কিন্তু আমি গরীবদের কথা বলছি, গরীব মানুষের মুখ

দিয়ে এই কথা উঠেছে যে যতদিন জমিদার ছিল ততদিন আমরা জমিদারের বাড়ীতে গিয়ে মারা গেতাম দয়া পেতাম খাজনা মাফ চাইবার জন্য দুটো কথা বলতে পারতাম। কিন্তু আজ সরকারের আইন এসে বলছে খাজনা না দিতে পারলে ক্রোক করা হবে। আজকে একথা ভয়ংকর কথা। আজকে গ্রামে গেলে তিনি সেই সমস্ত কথা বোধ করবেন। আজকে কি এমন ঘটনা ঘটল যে একটা প্রগতিশীল আইন আনার জন্য লোকে ভাবল যে এতে আমার দারুণ ক্ষতি হয়ে গেছে? তখনকার দিনে জমিদার বাড়ীতে তার মায়ের কাছে গিন্নীর কাছে ছেলের কাছে গিয়ে জোড় হাত করে মাফ চাইতে পারত যে খাজনা মাফ দিন। কিন্তু এ একটা আসুরিক সরকার জমিদার হয়ে দাঁড়িয়েছে যার কাছে চাবুক আছে, আইন আছে, মায়া মমতা কিছু নেই। সেই আইনের ফলে তার জমি কেড়ে নিল, যদি কোর্টে গিয়ে মামলা মোকদ্দমা করতে হয় তাহলে সর্বনাশ হয়ে যাবে তার। জমিদারী প্রথা কিসের জন্য উচ্ছেদ করে ছিলেন, না জমির প্রবলেম সল্‌ভ করবার জন্য, কৃষি সমস্যা সমাধান করবার জন্য। জমি কেড়ে নিলে সমস্যার সমাধান হয় না।

সেখানে ক্যাপিটালিস্ট ফার্ম-এর জন্য জমি নেওয়ার যে প্রয়োজন ছিল তার সমাধান হয়েছে। চাষীদের জন্য জমি নেওয়ার যে দরকার ছিল, তার কি হয়েছে? যে যার নিজের এলাকায় গিয়ে দেখুন আপনি যে চাষীদের চিনতেন, যে চাষীরা একদিন জমির মুখ চেয়েছিল, তারা সত্যি সত্যি কি বলে যে আমরা জমি পেয়েছি? আজ এই পটভূমিকায় পুরাণ কৃষি ও পুরান কৃষক যারা ধ্বংসের মুখে চলে গেছে, নূতন কৃষির আজ সেখানে ওঠার প্রয়োজন। আজও সেই যোগা-যোগ হয়নি। সরকারের তরফ থেকে আজ সতের বছরও সেই জমি তাদের দেওয়া যায় নি। বলুন সেখানে নতুন যুগের নতুন চাষীর হাতে নতুন রকমভাবে প্রচুরভাবে জমি দেবার যে সমস্যা তা সমাধান করতে পেরেছিল? একথা বুকে হাত দিয়ে বলতে পারবেন না। কংগ্রেস সদস্যদের প্ল্যানিং কমিশন রাষ্ট্রপতি থেকে আরম্ভ করে বিভিন্ন জায়গায় বলা হচ্ছে, শ্রীমন্নারায়ণ বলছেন—

the failure to make and settlement and failure to solve the agricultural problem.

এই কথাটা আজকে স্মরণ রাখতে হবে। আমি জিজ্ঞাসা করি তার পর আপনাদের প্রশ্ন উঠলো কী? আপনারা ইণ্ডাষ্ট্রিয়ালাইজেসন করবেন। স্বাভাবিক ভাবে পিছিয়ে পড়া দেশ সেটা গড়ে উঠবে, সে যদি ইণ্ডাষ্ট্রিয়ালাইজড হতে চায়, তাহলে সেখানে নানারকমভাবে বৃহৎ বৃহৎ শিল্প এসে পড়ে, যে জন্য প্রথম যারা সুরু করেছিলেন, তারপরে যে সব ইণ্ডাস্ট্রিয়ালাইজড হয়, সেই সব দেশের জন্য একথা ওঠে যে এখানে বড় বড় শিল্প অনেক মূলধন দিয়ে বড় বড় মেশিনারী দিয়ে লেবার পাওয়ার দিয়ে ঘটতে আরম্ভ করে। কেন? প্রচুর লেবার সেখানে সস্তায় পাওয়া যায়। মানুষ জমি থেকে উচ্ছেদ হয়ে চলে গেছে; মানুষ হাহাকার করে ঘুরে বেড়াচ্ছে, শিল্পের জন্য সবাই ঘরবাড়ী ছেড়েছে একটা চাকরীর জন্য। কাজেই এইরকম বহু লোক বহু কম খরচে লোক পাওয়া যাবে। আজ সেখানে বিদেশী বহু বড় বড় লগ্নীকারক এবং কারবারী লোক সব আসবার জন্য সেখানে চেষ্টা করছে। এই পটভমিকা আজ অন্যান্য দেশে নাই—চীনে নাই। সেখানে তারা বড় শিল্পের সঙ্গে ছোট শিল্প রাষ্ট্রীয় নেতৃত্বে তারা গড়ে তুলেছে। আমাদের এখানে রাষ্ট্রীয় নেতৃত্বের আজ বড় বড় শিল্পের উপর নজর পড়েছে আজ তিনটি পরিকল্পনায় যা যা হয়েছে যেমন রুড়কেল্লা, ভিলাই ইত্যাদি এই রকম বড় বড় টাইপের কারখানা আমাদের দেশে স্থাপিত হয়েছে। তার প্রতিঘাত কী? এগুলো এত সহজে ও এক সস্তায় কেন এখানে হতে পারলো? অন্যান্য দেশে যদি এইরকম অনেকখনা জায়গা নিয়ে বড় বড় কারখানা কর.তে হতো, তাহলে সেখানে অনেক মলধন বিনিয়োগি করতে হতো, অনেক চেষ্টা এবং অনেক জায়গাজমির দরকার হতো। আজ সরকার হয়ে গেছে জমিদার। আজ সরকারী সাহায্যে বিভিন্ন জায়গায় শিল্প গড়ে উঠছে। এজন্য খুব বেশী কিছু লাগে না, শুধু লাগে সই সরকারের জমি একুয়ার করতে, রিকুইজিসন করতে। যেখানে সেখানে আজ শিল্প গড়ে উঠেছে পাবলিক সেক্টরে। এই জমি একুইজিসন করার জন্য হাজার হাজার মানুষ দেশের লোক তারা গৃহচ্যুত যখন হয়, জমি থেকে উচ্ছেদ যখন হয়, তখনও কি বলতে হবে এর দ্বারা উপকৃত হবে তারা? আপনি প্রথমে শুনিয়ে

বলেন যে এই সব জায়গার মানুষ যারা ঘরবাড়ী জমি জায়গা থেকে উচ্ছেদ হবে, তারা এই সব শিল্পে নিযুক্ত হবে। কিন্তু বাস্তবে আমরা দেখছি কী? ১৯৬০ সালে ঐ যে মানুষকে দামোদর ভ্যালী ও দুর্গাপুর থেকে তাড়িয়ে দিয়েছিলেন তারা আজ দলে দলে ইঁদুরের মত বাংলাদেশের বাইরে কে কোথায় ভেসে গেছে, তার খোঁজ নাই। অথচ আজকে এই সব শিল্পে যারা কাজ করছে তারা কি সেই সব গৃহচ্যুত লোক? তবে কেন এটা হলো? কারণ তারা ধ্বংস করছে নতুন করে গড়ে তোলবার জন্য। যখন এই কথা বলি যে দেশে শিল্পোন্নতি হচ্ছে তখন নিশ্চয়ই বলতে হবে মানুষেরও উন্নতি হচ্ছে। একথা কেউ মেনে নেবে না। মানুষের ঘরবাড়ী সবস্ব গিয়েছে, যে মানুষের সর্বস্ব গিয়েছে এই শিল্পায়নের জন্য সে মানুষ আর তার ঘারা উপকৃত হলো না। রবীন্দ্রনাথের দু-বিঘা জমির মত এখানের দুকাঠা জমির মালিকও তেমনি এখানে এসে হা করে চেয়ে থাকবে আর বলবে এই জমি একদিন আমার ছিল। আজ আমাকে তুমি ওখানে কাজ দাও নি। তুমি আজ ওখানে উৎপাদন করছো। আর আমি ভিখেরী হয়ে ঘরে বেড়াচ্ছি।

[2-40—2-50 p.m.]

সবচেয়ে ভয়ঙ্কর কথা হচ্ছে এই যে নূতন নূতন পরিকল্পনা হচ্ছে তাতে আমরা কানে শুনলাম চতুর্থ পরিকল্পনা যেটা আসছে তাতে ৩০০ কোটি টাকার জায়গায় আমরা ভবিষ্যতে বিবেচনা করব ৬০০ কোটি টাকা। একথায় মানুষ চমকে উঠবে এবং তারা ভাববে ৩০০ কোটি টাকায় যখন এই অবস্থা, এই ট্যাক্সেসন, এত দু:খ—তখন ৬০০ কোটি টাকায় না জানি কি অবস্থা হবে। মানুষ আতকে উঠবে এবং যার সর্বস্ব গেছে সে ভাববে আমার ছেলের চাকুরী চলে যাবে। স্যার, প্রত্যেক পরিকল্পনাতে দেশের মানুষ বিভিন্ন স্তরে ভাগ হয়ে যাচ্ছে। আমরা জানি ১৯৩০ সালে, তারপর ১৯৫০ সালে এবং তারপর একটি একটি পরিকল্পনায় মানুষের মধ্যে বিভিন্ন পর্যায় চলছে—বড়লোক, মাঝারি লোক, গরীব লোক। যেসব মানুষের হাজার টাকা ছিল না, সে ১ লক্ষ টাকা পেয়েছে, যার ২ লক্ষ টাকা ছিল—সে ২০ লক্ষ টাকা পেয়েছে, যার ১ কোটি টাকা ছিল—সে ২ কোটি টাকা করেছে। ঠিক তার পাশাপাশি রয়েছে যার ২ কাঠা ছজমি ছিল সে শূন্য হয়েছে। অর্থাৎ দুই দল দুরকমভাবে গড়ে উঠেছে—এবং আমরা দেখছি একদল দু:খ পাচ্ছে এবং আর একদল হাসছে। তাই দেশবাসী আজ ভাবছে। স্যার, এই পরিকল্পনায় যারা উপকার পেয়েছে, সমৃদ্ধ হয়েছে, যারা ব্যক্তিগতভাবে বা বংশগতভাবে উপকৃত হয়েছে তারা এই পরিকল্পনায় মধ্যে কোন ত্রুটি দেখবে না এবং তারা যখন ৩০০ কোটির জায়গায় ৬০০ কোটি দেখবে তখন তাদের জিভে জল আসবে এবং ভাববে একে ৮০০ কোটি করা যায় না? আর অন্যদল এই ৩০০ কোটির জায়গায় ৬০০ কোটি দেখে আতকে আতকে উঠছে এবং ভাবছে এথেকে কি করে মুক্তি পাব। কাজেই সরকারকে আজ ভাবতে হবে বাস্তব এই যে ঘটনা তাকে মানুষ কি চোখে দেখছে এবং আমরা কোনদিকে চলে যাচ্ছি। এই দুটি জিনিস না জানলে ভারতবর্ষ বারে বারে দাক্ষিণাত্যের ঘটনাকে এড়াতে পারবে না এবং এত বেশী হবে যেটা আপনারা কল্পনাও করতে পারবেন না। যদি আমরা কল্যাণ রাষ্ট্র গড়তে চাই তাহলে মানুষের কল্যাণ করতে হবে। মানুষকে উপেক্ষা করে কল্যাণ রাষ্ট্র বলা ভুল। আমরা যদি মানুষের কল্যাণ না করতে পারি তাহলে কল্যাণ রাষ্ট্রের কষ্টিপাথর ভেঙ্গে যাবে, রাষ্ট্র ভেঙ্গে যাবে। যত বড় শিল্প গড়ে উঠছে সেগুলি সরকারের দ্বারা নিয়ন্ত্রিত হচ্ছে এবং সরকারের আওতায় আসছে। আপনারা সমাজতন্ত্রবাদ করছেন, কিন্তু বাস্তব জিনিস দেখছেন না। এই যে আপনাদের পাশে রুড়কেল্লা, ভিলাই, বার্নপুর আছে সেখানকার শ্রমিকদের অবস্থা যদি দেখেন তাহলে দেখতে পাবেন প্রাইভেট সেক্টর এবং পাবলিক সেক্টর-এর শ্রমিকদের জীবনে কোথায় কোথায় তফাত আছে। শ্রমিকদের দিক থেকে কোনটা প্রাইভেট আর কোনটা পাবলিক সেই তফাত করবার প্রয়োজন নেই। যে মনোবৃত্তি ভিলাইতে, রুড়কেল্লাতে চলে সেটাই তো টাটা, বার্নপুরে চলে আসছে। আজকে লোকেরা বলছে বড় বড় ইণ্ডাস্ট্রি নেবার পরও দেশ সোসালিস্টিক প্যাটার্ন হয়ননি—ক্যাপিটালিজম-এর ছাপ মেরে ক্যাপিটালিস্ট সরকার হয়েছে। অথচ ঐটা ডেমোক্রেটিক সরকার হওয়া উচিত ছিল। স্যার, আজকে মানুষ একে কি চোখে দেখছে? ডেমোক্রেসী চলে গিয়ে ক্যাপিটালিস্ট রোল অর্জন করেছে এবং অনুবস্ত্র থেকে আরম্ভ করে প্রত্যেক জিনিস আজ মানুষের আওতার বাইরে চলে যাচ্ছে।

অনেক সময় আমরা মনে করি, এদের কণ্ট্রোলকে যদি বিশ্বাস করা যেত, এদের অফিসারকে যদি বিশ্বাস করা যেত, পদ্ধতিকে যদি বিশ্বাস করা যেত, তাহলে অনেক দিন আগেই অনেক সুরাহা হয়ে যেত, তাতো করা যাচ্ছে না। যেকথা আমরা বার বার বলি, সকলেই বলেন, যে জিনিষে আপনারা হাত দিচ্ছেন সেখানেই শনির দৃষ্টির মত ধ্বংস হয়ে যাচ্ছে। মানুষ কিন্তু অনুভব করছে এই জিনিষকে সরকার বিরাট অক্টোপাসের মতে নিজের মধ্যে নিতে চাচ্ছেন। সেজন্য আজকে যে পরিস্থিতি হয়েছে তাতে সরকার যেন একটা বিরাট মালিক, পটেনশিয়েল, সমস্ত দেশবাসীর সঙ্গে প্রকাণ্ড মোকাবিলা করতে চায়। এই রকম দৃষ্টিভঙ্গী নিয়ে যেন সরকার দেশবাসীর সম্মুখে রয়েছে। চাষী শ্রমিক তাদের জন্য আজকে কি হচ্ছে, সমস্ত জায়গায় আন্দোলন করছে, সরকারী কর্মচারী কোথায় কি করছে সেই সমস্ত ছোট করে আজকে দেখবেন না এবং কালকে যা হতে যাচ্ছে, বাংলাদেশের শিক্ষা-ব্রতীরা, প্রাথমিক শিক্ষক মাধ্যমিক শিক্ষক এবং প্রফেসররা এক সঙ্গে এই তিন শ্রেণী রাস্তায় বেরিয়ে এক হয়ে আপনাদের কাছে আসছে, এদের দাবী জানাতে যা এঁরা আর কখনো করে নি। প্রাথমিক শিক্ষক যাদের উপর দেশের ভবিষ্যত নির্ভর করছে তারা আন্দোলনের নামে সরকারের মোকাবিলা করতে আসছে। এই দৃশ্য আপনারা কখনো দেখেন নি। এটার মিটমাট না করে এখানে কি করলেন? সেই পুরাতন ধারায় শিক্ষক এবং প্রাথমিক শিক্ষকদের একই ভাবে রেখে দিলেন এবং প্রফেসরদের ১৫ টাকা করে দিয়ে কিছু বেশী করে দিয়ে তাদের আইসোলেট • করে দিলেন, প্রাথমিক শিক্ষক, মাধ্যমিক শিক্ষক এবং প্রফেসারদের আলাদা করে দেবার চেষ্টা করলেন, এটা ঠিক করেন নি, এটা এমন করলেন যেমন আগে কবিরাজরা নাড়ী দেখতো, ডাক্তাররা মনে করতেন এঁরাতো নাড়ীর চিকিৎসক স্টেটসম্যান লিখছে দেখলাম গভর্ণমেণ্ট

had not the pulse in their hand.

সেজন্য দাক্ষিণাত্যে বিরাট এক্সপ্লোশন হয়ে গেল, এটা সরকার আগে অনুমাণ করতে পারেন নি। বাংলাদেশ আপনাদের হাতে রয়েছে এখানে আন্দোলন হয়, পুলিশ আপনাদের মিলটারী এনে ভয় দেখান হয় একটা স্টর্ম যেন বয়ে যায়, কিন্তু তাতে মানুষের মনে ভয় আসে কি? এই ভাব কি তাদের মনে আসে না যে আপনারা যত ভয়ই দেখান না কেন যত নিষ্ঠুর হউন না কেন আপনাদের মোকাবিলা করতে আরও নিষ্ঠুর হতে হবে, এই ভাব কি আসে না? সুতরাং এখানে যে আন্দোলন হয়, মানুষের ন্যায্য দাবী দাওয়াকে মেটাবার জন্য চেষ্টা না করে কলকাতাকে স্টর্ম সেণ্টার করে বিরাট পুলিস বাহিনী দেখাচ্ছেন আপনারা কি জানেন না যে আগে কোন খানে গোলমাল হলে পুলিশ গলিতে যেত না একবার বোমাপড়ে যখন লরী উড়ে যায় তখন সেই ১৯৪৮ সালে কোন দিন গলিতে ঢুকত না, কনভয় ছাড়া সেখানে যেত না। কাজেই পুলিসের অত্যাচার করে ডাণ্ডার ভয় দেখিয়ে শাসন করা যায় না। তারপর আমার বক্তব্য হচ্ছে আপনারা রাষ্ট্র যন্ত্রের কেন্দ্রে আছেন, যারা মাথার উপর আছেন, তাদের কাছে যারা অভাবী মানুষ, দুঃখী মানুষ তারা যেতে পারে না, যেতে গেলে অনেকগুলি দরজা পার হয়ে যেতে হয়, আপনাদের আসে পাসে আপনাদের যারা বন্ধু, আপনাদের মতবাদ সম্পন্ন যারা আপনাদের কাছ থেকে পেয়েছে, পাবে আরও আশা করে, তারা আপনাদের মনের মত খবর জোগায়, এটা তাদের কর্মপদ্ধতির একটা অঙ্গ, আপনারা ভাবেন আসনে বসে অল ইজ ভেরী ওয়েল, অতীতে বাংলা একটা প্রচলিত ছিল, আপনারা সেই রকম খোশামুদে পরিবেষ্টিত হয়ে থাকেন, কাজে কাজেই আপনাদের খুশী করার মত কথা আপনাদের কানে পৌছুচ্ছে, বাইরে যে গালাগালি দেয় লোকেরা সেই তো আপনাদের কাণে পৌছুচ্ছে না।

[2-50—3 p.m.]

দেশে অভিযোগ আছে কিনা, দেশের মানুষ রেলে, ট্রামে, বাসে পথেঘাটে তারা নিজেদের মধ্যে কি আলোচনা করে সেগুলি আপনি জানতে চেষ্টা করুন। তা না হলে আজ যারা শুধু আপনাকে মনযোগানো কথা বলেন, তাদের কথাই সত্য বলে ভাবলে আনি ভুল করবেন আপনাদের যারা বন্ধু নয়, তারা আজ যে বলছে—তাদের শুধু জেলে দিলেই হবে না এবং দেশের মধ্যে সত্যিকারের অসন্তোষ আছে কিনা, সাধারণ মানষ আজ আপনার শাসন ব্যবস্থা

সম্বন্ধে কি আলোচনা করছে, আপনার তেলের নীতি, চালের নীতি, ডালের নীতি এ সম্বন্ধে কি জানবার প্রয়োজন নেই? না আকাশ যখন মাথার উপর মুষড়ে ভেঙ্গে পড়বে তখন বসে আলোচনা করবার জন্য কনফারেন্স ডাকবেন? আমার বক্তব্যের একটি খুব ইম্পর্ট্যান্ট জায়গায় আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আপনাদের সকলের কথার মধ্যে মুখ্যমন্ত্রী, খাদ্যমন্ত্রী, কারামন্ত্রী এবং গোপালবাবুর কথার মধ্যে খালি ডিফেন্স, ডিফেন্স ডিফেন্স; তার তার মানে দেশ রক্ষা করার জন্য খুব লুটোপুটি খাচ্ছেন। কিন্তু এই কথা যদি সত্য হয় তাহলে বিধান সভার মধ্যে যে কথাগুলি আপনার কানে এল মিলিটারী পেট্রোল, লরীর পেট্রোল, লরী পার্টস্ এগুলি শুধু উত্তর বঙ্গে নয় সমস্ত দক্ষিণ বাংলায় পর্যন্ত বিক্রী হচ্ছে, এ খবরগুলি কি আপনার কানে পৌঁছায়নি? আপনার পুলিশ কি খালি ডিফেন্স এর নামে কম্যুনিস্ট ধরবার জন্য আছে? অন্যান্য কোন ছিদ্র পথে শত্রু আসতে পারে এ দেখবার কি দায়িত্ব তাদের নেই? কেমন করে ন বেঙ্গল থেকে মিলিটারী পেট্রোল, মটর গাড়ীর পার্টস্, লরির টায়ার দক্ষিণ বাংলায় চলে আসে? এছাড়া ঘি আসে, তেল আসে, চাল-টাল ইত্যাদির নাম করে বলছি, এটা বাংলাদেশের অনেকেই জানে। শুধু আজ নয় যখন আপনাদের লড়াই চলছিল আমাদের দেশের সঙ্গে চীন দেশের সেই সময় যে জিনিস নেফায় যাবার কথা ছিল সে সমস্ত জিনিষ পর্যন্ত বাংলায় এসেছে এবং বড় বড় নামি নামি লোকের সাহায্যে সেগুলি বিক্রী হয়েছে। সে সম্বন্ধে আপনারা কেউ তো কিছু বলেন বলেন নি? সেটা কি ডিফেন্সকে স্ট্রেংদেন করল? না সেখানে ডিফেন্সকে ভয়ানক উদ্দীপনা দান করল? আজকে ডিফেন্স নিয়ে যদি কথা থাকে আপনি এখানে হস্তক্ষেপ করুন, তাহলে মানুষ বিশ্বাস করবে যে দেশকে নিরাপত্তা করার সত্যই একটা সরকারের লক্ষ্য আছে। আমি আপনাকে জিজ্ঞাসা করি কি করে মিলিটারী থেকে ট্রেনে ট্রাক পাচার হয়ে যাচ্ছে? যদি একথা সত্য হয় তাহলে আপনি আছেন কোথায়? ওখান থেকে যদি মিলিটারী মেটিরিয়্যালস্, মটারস আজ ট্রাকে করে চলে যেতে পারে তাহলে আপনি কোন জায়গায় কাকে পাহারা দিচ্ছেন? আপনি এটুকু জেনে রাখুন যারা গরীব মানুষের রিপ্রেজেনটেটিভ তাদের কোন দিন দেশ ছেড়ে পালাবার উপায় নেই। যদি কোন দিন দেশ বিপন্ন হয়, দেশে লড়াই হয়, আমাদের দেশের মানুষের সঙ্গে এই খানে দাঁড়িয়ে লড়তে হবে মরতে হবে, এছাড়া আর কোন উপায় নেই। আমরা কোন দিন পালাতে পারব না। যাদের পয়সা আছে যারা কারবার করছে, যারা এখান থেকে ট্রেনে মাল পাচার করছে তারা দাক্ষিণাত্যে গিয়ে বসে থাকবে, শিলং এ গিয়ে বসে থাকবে এখান থেকে পালিয়ে যাবার জন্য। কেননা তাদের পয়সা আছে বলে। আপনারা যদি ডিফেন্স নিয়ে কথা বলেন, তাহলে আমাদের দেখিয়ে দিন যে ডিফেন্স নিয়ে কি করেছেন? আমাদের মনে হচ্ছে যে ডিফেন্স এর কথায় অন্যান্য কথা বললে বেশী ভাববার দরকার আমি সেই কথা বলবার আগে এই পটভূমিকা করলাম। কি মনে হচ্ছে? যেমন ঠিক আগামী যুগে ফোর্থ ফাইভ ইয়ার প্ল্যানের শেষে একটা এমন সংঘর্ষ আপনি আশা করছেন যার নাম করে দেশের মধ্য থেকে আরও অনেক টাকা তুলবেন, তার ফলে দেশব্যাপী হয়ত একটা বিক্ষোভ হতে পারে। চীন দেশের ভিন্ন ভিন্ন জায়গায় যেখানে মানুষ দাঁড়িয়ে নেতৃত্ব দিতে পারেন, সেই সব মানুষগুলোকে আপনারা এই খানে নিয়ে নিচ্ছেন। আমি এই কথাটা বলব যে যারা ডিফেন্স এর নাম করে ডিফেন্সকে ফুটো করে দিচ্ছে, ছিদ্র করে দিচ্ছে, সাবোটেজ এর চেয়ে বেশী করে দিচ্ছে আপনি তো কই তাদের অ্যারেস্ট করেন নি? তাদের একজনেরও এগেনেস্টএ কোন কেস করে নি? আমার বক্তব্য শেষ করার সময় আমি আপনাকে এই কথা বলছি যে ইতিহাস কোন দিন একে ক্ষমা করবে না। আমরা অতীত দিনের মানুষ আমি অজয়দাকে চিনি তার সঙ্গে আমি কাজ করেছি। তিনি আমাকে চেনেন। অমি তাঁকে ভাল বাসি, ভক্তি করি। আমরা জানি মেদিনীপুরের বিরাট অ্যাচারের বিরুদ্ধে তিনি লড়াই করেছিলেন। তিনি থাকলে আমি তাঁকে জিজ্ঞাসা করতাম আচ্ছা অজয় দা, মাননীয়া পূরবী মুখার্জীর কাছ থেকে যে ভাবে ব্যাখ্যা আপনি শুনলেন যে নিষ্ঠুরতা নৃশংসতা প্রতিহিংসা ছাড়া এর আর অন্য কোন অর্থ আছে কিনা? ইংল্যাণ্ড পর্যন্ত কোন দিন কখনও কোন মানুষকে ঠিক এই রকম নৃশংস ভাবে আক্রমণ করেনি। কিন্তু আপনারা [illegible] আনিয়েছেন, এটা কংগ্রেস পক্ষের লোকদেরকেও বোমা দিতে হয়েছে। [illegible]

বিশ্বাস করে না, অন্যায় বলে বিশ্বাস করে না—দেশবাসী বদমাইস বলে বিশ্বাস করে না—দেশের মানুষের জন্য লড়ে দেশের মানুষের দুঃখে এগিয়ে গিয়ে—এই কথাটা দেশবাসী যদি সত্যসত্যই মনে করে যে ওঁরা সংগ্রামের সঙ্গে থাকার জন্য সরকার আক্রমণ করেছে তাহলে ওঁদের রাজনৈতিক মর্যাদা দিতে হবেই হবে। ইংরাজ ইচ্ছাকৃত ভাবে নিজে খুশী হয়ে স্বাধীনতা দেয়নি, সে বড় বিপর্যয়ের জন্য স্বাধীনতা দিয়েছিল। আজকে আমি মুখ্যমন্ত্রী যিনি জেল খানায় গিয়েছিলেন, মাননীয় অজয় বাবুর কথাও বলছি তাঁরা তাদের ব্যক্তিগত অভিজ্ঞতা তাদের ম[illegible] কাছে দিন। আজকে যারা মন্ত্রীহয়ে বসে আছেন ১।২ জন ছাড়া জেল খানা কাকে বলে জানে না, সংঘর্ষ কাকে বলে জানে না, কি সংগ্রামের মধ্য দিয়ে ভারত বর্ষের স্বাধীনতা এসেছিল তারা জানে না। এবং কি সংগ্রামের মধ্য দিয়ে আগামী যুগে মানুষের প্রাচুর্য আবার ফিরে আসবে সেই কল্পনা যারা করতে পারে না সেই মানুষ আজ আমাদের গদিতে বসে আছেন। আমি জানি হয়ত তাদের অনেস্ট মিস্টেক হতে পারে। কিন্তু এই অনেস্ট মিস্টেক আজ যদি মানুষ ভুল বোঝে, মানুষ যদি এটুকু মনে করে যে আন্দোলনকে রোধ করবার জন্য এ হিংসা আমরা দেশের মানুষকে বলব যে বাস্তবিক তোমরা নিজেদের মোকাবিলা কর, তোমরা তোমাদের জিনিস পাবে আমরা আমাদের বন্দীদের মুক্তি পাব। আমার বক্তব্য শেষ করার সময় আমি রাজ্যপালকে বলছি যে তিনি অত্যন্ত নির্জনে থাকেন, কাছেই তাঁর সঙ্গে রাষ্ট্রযন্ত্রের সে যোগাযোগ শুধুমাত্র এই যে ওঁরা যা লিখেছেন উনি তাই বলে যান। তাই আমার বক্তব্য যদি তাঁর কানে গিয়ে পৌঁছায় তাহলে তিনি দয়া করে তাঁর রাষ্ট্রযন্ত্রের কাছে জিজ্ঞাসা করে পাঠান সত্যিকারের কয়েদীরা কি এমনি করে থাকে? এঁদের মধ্যে কি এমন কোন লোক আছেন যারা ইংরাজ আমল থেকে লড়তে লড়তে এসেছে? সতীশ পাকড়াসীর মত লোক এই রকম ধরণের লোক আছে যারা ১৯৪৫ সাল থেকে যারা জীবন জেল খানায় কাটিয়ে দিয়েছেন। তাদের অমর্যাদা ভারতবর্ষে এবং বাংলাদেশের লোক সহ্য করবে কেন? এই কথাটা সমীচীন নয় এবং আমি রাজ্যপালের পুরাতন হিস্ট্রি জানি, আমি অন্ততঃ এটা আশা করি আমাদের মাননীয় মুখ্য মন্ত্রী এই রাজ্যপালের কাছ থেকে [illegible] চেতনা সম্পন্ন, মর্যাদা সম্পন্ন চেতনা সম্পর্কে কোন একটা সিদ্ধান্তে উপনীত হবেন। আমি আবার এই আবেদন তাঁদের দু'জনের কাছে জানিয়ে রেখে আমার বক্তব্য শেষ করছি।

Shri Bhakti Bhushan Mandal:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ যখন আমাদের এখানে গভর্নরর্স স্পিচ-এর উপর বক্তৃতা হচ্ছে ঠিক এই বিল্ডিং-এর পাশে হাইকোর্টে গভর্নর-এর ওপনিং স্পিচ ঠিক কিনা বা এই ওপনিং সেসান ঠিক কিনা এ নিয়ে একটা কেস হচ্ছে এবং সেই কেসে আইন সম্বন্ধে আলোচনা চলছে। কাজেই ২টি জিনিষ যদি পরস্পর ভাবে দেখা যায় এবং সেই সঙ্গে মনে রাখা উচিৎ যে রাজ্যপালিকা এই অ্যাসেম্বলীতে একটি নতুন ইতিহাস সৃষ্টি করেছেন—নতুন ইতিহাস এই জন্যই বলছি যে তাঁকে আমাদের গভর্নমেণ্টের তরফ থেকে প্রায় ৫ বছর, ৩ বছর এবং আরও ৫ বছর এক্সটেনসন দিয়ে লাইফ স্টেট করে দিয়েছেন। একটি এক্সিকিউটিভ হেড অব ওয়েস্ট বেঙ্গল তার ফলে লাইফ স্টেট এই রকম হয়ে গেছেন। কিন্তু এখানে যা দেখলাম, দেখে সত্যই আশ্চর্য্যান্বিত হয়েছি যে সামান্য কারণে কিভাবে এখানে এতবড় অ্যাসেম্বলী হাউস চালাতে হবে সে পর্যন্ত না করে কিংকর্তব্যবিমূঢ় হয়ে উঠে চলে গেলেন। যাহোক, সে বিষয়ে ফয়সালা হবে। কিন্তু আমি বলতে চাই যে আমরা যদিও আপত্তি জানিয়েছি এবং আনকনস্টিটিউসন্যাল বলছি তবে আমরা সেটা আইনের দ্বারা আসব; তার আগে আমি বলতে চাই যে তিনি যে সব কথা বলেছেন তার মধ্যে এমন কতকগুলি জিনিষ নেই যেটা বাংলা দেশে সবচেয়ে বেশী প্রয়োজনীয় ছিল এবং আমি সেগুলি এক একটি করে বলবার চেষ্টা করব। তার আগে আমি আর একটি কথা বলতে চাই সেটা হচ্ছে এই যে কালকে যখন শৈলবাবু বাজেট পেশ করলেন, তাতে দেখা গেল যে মেম্বারদের টাকা বাড়িয়ে দিয়েছেন। আমরা দেশে গেলেই বলবে যে যারা সরকারী কর্মচারী আছেন, যারা শিক্ষক আছেন তাদের জন্য কিছু বাড়াতে পারুন আর না পারুন অন্ততঃ আপনারা নিজেদের মাইনে বাড়িয়ে এনেছেন এই কথাটা আমরা শুনব এবং তার জন্য যে [illegible] এটা তিনি বিচার করবেন। আমরা এই জন্য বলছি কারণ, আমরা

এটা বিলে আনতে বলেছিলাম তারপর পরিষ্কার ভাবে আমাদের মতামত দিতে পারতাম। যেখানে আমরা সরকারী কর্মচারীদের ১০ টাকা দিতে পারি না, যেখানে শিক্ষকদের জন্য টাকা দিতে পারি না, যেখানে প্রফেসরদের জন্য টাকা দিতে পারি না এবং অন্যান্য মিডল ক্লাশদের জন্য টাকা দিতে পারিনা সেখানে আমরা নিজেদের বেলায় অধিকাংশ টাকা নিয়ে নিচ্ছি।

[3—3-10 p.m.]

তাহলে একথা সত্যি যে এইটুকুন হতে পারে যে কিং ক্যান ডু নো রং। আমরা যারা রুলার আমরা যা কিছু করব এর কোন রকম অন্যায় হবে না। তাই আমি আবার আমার বক্তব্য পেশ করার আগে এইযে টাকা বেড়েছে তার প্রতিবাদ জানাই। আমরা গভনার্স স্পীচ যা দেখেছি তাতে বিশেষ কিছু পাইনি—বাজারে যেসব কথা হয় গভনার্স স্পীচ-এ তাই দেখছি। এগ্রি-কালচারাল—এসাইনমেন্ট বাড়ানোর চেষ্টা করা হচ্ছে; ফিশারী—ফিশারী যাতে ভালভাবে হয় তারজন্য চেষ্টা করা হচ্ছে। এইসব মামুলী কথা আমরা পেয়েছি। গভনার্স স্পীচ যদি যদি স্ক্রুটিনী করে দেখা যায় তাহলে দেখছি মোটেই কিছু এর মধ্যে নেই—মামুলী সব কথা তিনি বলেছেন। সবচেয়ে ইমপর্টেন্ট যেকথা আমি বলতে চাই সেটা হচ্ছে আমেদপুর ন্যাশনাল সুগার মিল সম্বন্ধে। এটা একটা ইমপর্ট্যান্ট জিনিষ। বাংলাদেশে ৩টা সুগার মিল আছে—তারমধ্যে একটা মাদ্রাজে আমাদের দেশের কতকগুলি ধনীদের চক্রান্তে সেখানে উঠিয়ে নিয়ে যাবার চেষ্টা হচ্ছে। কিন্তু সেসম্বন্ধে কিছু নেই। আমি বলতে চাই গভর্নাস স্পীচ-এ এত বড় একটা ইমপ্রট্যান্ট জিনিষ সম্বন্ধে কিছু নেই। কাজেই আমি বলতে চাই এটা সম্বন্ধে অন্ততঃ গভর্নাস স্পীচ-এ থাকা প্রয়োজন ছিল। আর একটা বলছি সল্ট লেক সম্বন্ধে। সল্ট লেক সম্বন্ধে বলতে গিয়ে এইটুকু বলব প্রায় ২০ কোটি টাকা আমাদের সরকার সল্ট লেক রিক্লামেন্স-এর জন্য খরচ করবেন। অথচ এতবড় একটা ইমপর্ট্যান্ট জিনিষ সম্বন্ধে গভর্নাস স্পীচ-এ কোথাও কিছু নেই। সল্ট লেক রিক্লামেণ্টস-এর জন্য যে ডেভেলপমেণ্ট বোর্ড আছে সেই বোর্ডের চেহারা যদি দেখেন তাহলে অবাক হবেন—যতগুলি বুড়ো গরু ছিল সবগুলিকে ডাইরেক্টরস বোর্ড-এ মেম্বার করে নেওয়া হয়েছে। আমি নাম করে বলছি ৭ জন ডাইরেক্টরস বোর্ড-এ আছেন। তারমধ্যে ৬ জনই রিটায়ার্ড। এর মধ্যে এ, ডি, খান, চেয়ারম্যান, আই-সি-এস (রিটায়ার্ড), শ্রী এস, এন, রায়, আই-সি-এস (রিটায়ার্ড), শ্রী বি, বি, সরকার, আই-সি-এস (রিটায়ার্ড), শ্রী এস, কে, গুপ্ত, আই-সি-এস (রিটায়ার্ড)—এই ভাবে সমগ্র রিটায়ার্ড লোক-গুলোকে এক জায়গায় নিয়ে গেছেন। কেবল সেখানে একজন লোক আছেন যিনি সরকারী কর্মচারী নন—শ্রীঅভিজিৎ সেন। এইরকমভাবে সমস্ত রিটায়ার্ড লোকগুলোকে সল্ট লেক-এ দেওয়া হয়েছে। এই সল্ট লেক-এর কি হবে সেটা আপনারা বুঝতেই পারবেন—অর্থাৎ ২০ কোটি টাকা খরচ করার পর বলবেন যে কিছুই হলনা। শুধু তাই নয়, এই সল্ট লেক-এর ব্যাপার যদি এক একটা করে বলি তাহলে সারাদিনই বলতে হয়। সেখানে একটা যুগোশ্লাভ কোম্পানীকে এনে বালি দিয়া জায়গাগুলি ফিল্ড আপ করা হচ্ছে—এবং সেই ফিল্ড আপ হবার পর সেখানে প্রাসাদ তৈরী হবে। আমরা অন্য জায়গায় এইরকম স্কীম দেখেছি। বীরভূম জেলার প্যাটেলনগরে প্রথম এইরকম স্কীম হয় এবং সেখানে বাড়ীগুলো কয়েক বছর হবার পর ফাটতে আরম্ভ করেছে। কংগ্রেস আমলে বালির প্রাসাদ হওয়াই স্বাভাবিক এবং শেষ অবধি ২০ কোটি টাকা খরচ করে দেখা যাবে যে সেই প্রাসাদগুলি ভেঙ্গে যাচ্ছে এবং গভর্ণমেণ্টের লস হচ্ছে। অর্থাৎ লোকগুলোকে পোষার ব্যবস্থা করা হচ্ছে। কনট্রাক্ট দেওয়া যুগোশ্লাভ কোম্পানীকে, কিন্তু খবরদারী করার জন্য ওয়েষ্ট বেঙ্গল গভর্ণমেণ্ট-এর কতকগুলি স্টাফ সুপারিনটেণ্ডিং ইঞ্জিনিয়ার, ৬ জন এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার এবং কয়েকজন এ্যাসিট্যান্ট ইঞ্জিনিয়ার আছেন যাঁদের কোন কাজ নেই। সেখানে কাজ কি হচ্ছে না মেকানিক্যাল প্রসেস-এ ফিল্ড আপ করা হচ্ছে।

শুধু তাই নয় আমি একটা কথা বলতে চাই ঐ সল্ট লেক সম্বন্ধে। এই সল্ট লেক সম্বন্ধে আমার আরো কিছু বলার হল যে এই সল্ট লেক সমন্ধে কনসাল্ট করবার জন্য এই সরকারকে ১১ লক্ষ ৫০ হাজার টাকা দিতে হয়েছে ঐ নেদারল্যাণ্ড ইঞ্জিনিয়ারিং কোম্পানী-কে। আপনারা

লক্ষ্য করুন একটা স্কীম এবং তা কনসালট্যান্ট করবার জন্য ১১ লক্ষ ৫০ হাজার টাকা দেওয়া হয়েছে। কাজেই ভেবে দেখুন এই সরকার যারা নিজেদের গরীব সরকার বলেন অথচ এঁরা টাকা যথেচ্ছার ভাবে খরচ করা হচ্ছে। তারপর শেষে দেখা যাবে এর চাপে পরিকল্পনা অব্যবস্থা হয়ে গেছে। এরপর আমি করাপসন-এর কথা বলছি। এই করাপসন-এর কথা রাজ্যপালের ভাষণে আমরা পাইনি। এটা করাপসন ডিপার্টমেন্ট-এর ধরা উচিত ছিল, যদিও এটা সেন্ট্রালের ম্যাটার তবুও আমি এটা বলছি। দুর্গাপুর এ্যালয় স্টীল প্রোজেক্ট-এর যিনি ও এম, এস, আর-র তাদের সম্বন্ধে বলা প্রয়োজন। তিনি জেনারেল ম্যানেজার ডি, পি, চ্যাটার্জী তিনি একটা ফার্স্ট ক্লস টি-এ নিলেন ৩১-১২-৬৪-তে দিল্লী যাচ্ছিলেন এবং ১-১২-৬৪-তে দিল্লী পৌছোলেন, তারপর দেখা গেল ভদ্রলোক যিনি গেছেন সেদিন অন্ডাল থেকে কোন ফার্স্ট ক্লাস টিকেট কাটা হয়নি। তারপর সে বিল রিফান্ড করতে হয়েছে ১০-১২-৬৪-তে কিন্তু আশ্চর্য্যের বিষয় সে লোক এখনও চাকুরীতে বহাল আছে তাকে এ্যারেস্ট করা হয় নি। তাই আমি বলছি, করাপসান-এর বহু একজাম্পল আছে যা বলা যায়। আমি এর মধ্যে দু একটা একজাম্পল দিচ্ছি যেটার স্পেসিফিক বলা হয়েছে। সিউড়ি হাসপাতাল-এর কথা। একজন গভর্নমেন্ট এমপ্লয়ী কাজ করে তাঁর স্ত্রীর লেবার পেন হয় এবং তাঁকে সিউড়ি হাসপাতালে ভর্ত্তি করা হয়। ভর্ত্তি করার পর তিনি একটা সন্তান প্রসব করেন। প্রসব করবার পর বলা হয় যে ছেলের অবস্থা খারাপ। ডাঃ এ্যাটেণ্ড করলো না তারপরে সে ছেলে মারা গেল। সে মারা যাবার পর যখন তার বাবা বললো যে আমার ছেলে মারা গেছে তখন তাঁরা বললেন যে ছেলে য় মেয়ে। মেয়ে কি? তিনি বললেন যে আমি দেখে গেছি যে সে ছেলে মেয়ে নয়। তার কথা মানা হল না সেখানে বলা হল যে সে মেয়ে এবং যখন ডেথ রিপোর্ট আনা হল তাতে দেখা গেল ফিমেল মেল নয়। এই ভাবে সেখানে নেগলিজেন্স হচ্ছে। অতএব এই সব কমপ্লেন সম্বন্ধে যখন কোন কথা গভর্নরস এ্যাড্রেস-এ নেই তখন আমি এটাকে কোন প্রকারে সমর্থন করতে পাচ্ছি না।

[3-10 – 3-20 p.m.]

Shri Gopal Banerjee:

মাননীয় স্পীকার মহাশয়, গত বছর এই সভায় আমরা আলোচনা করেছিলাম যে নূতন যেসব উদ্বাস্তু এসেছিলেন তাদের পুনর্বাসনের ব্যবস্থা কি করা যায়। আমরা বিরোধী পক্ষ থেকে বার বার দাবী তুলেছিলাম যে এই সব উদ্বাস্তুদের মধ্যে যারা পশ্চিম বাংলায় থাকতে চান তাদের অন্তত পশ্চিমবাংলায় ত্রাণ এবং পুনর্বাসনের কিছু ব্যবস্থা করা হোক। সঙ্গে সঙ্গে এটাও আমরা দাবী করেছিলাম যে যারা পুরাণ উদ্বাস্তু—অর্থাৎ যারা আগে এসেছেন তাদেরও এখানে যারা আছেন এবং যাদের পুনর্বাসনের সাহায্য থেকে বঞ্চিত করে রাখা হয়েছে তাদেরও কিছু ব্যবস্থা করা হোক। আপনার মনে আছে স্যার, তখন পুনর্বাসন মন্ত্রী মুখ্যমন্ত্রী সমস্ত সরকার একযোগে তারস্বরে চীৎকার করে একথা বলেছিলেন যে না এখানে তাদের কোন ব্যবস্থা করা যাবে না। ভারত সরকার অত্যন্ত সুন্দর ব্যবস্থা করেছেন। বিভিন্ন জায়গায় সেখানে তাদের যেতেই হবে। আমরা আজ দেখলাম যে সরকার তাদের সেই নীতি আর চাল করতে পারছেন না—এই রাজ্যপালের ভাষণে এবার তারা নূতন নীতি অত্যন্ত দ্বিধা এবং দ্বন্দ্বের সঙ্গে ঘোষণা করতে চাচ্ছেন, সত্য কি না জানি না—এই ভাষণের মধ্যে অন্তত যা আছে সেই বক্তব্য যদি সত্য হয় তাহলে আমি মনে করবো যে তাঁরা তাদের ভুল কিছুটা বুঝতে পারছেন। এই ভাষণের মধ্যে এবার তারা বলেছেন যে নূতন উদ্বাস্তু যারা এখানে আছে এবং যে সমস্ত নূতন উদ্বাস্তু অন্যান্য রাজ্য থেকে ফিরে এসেছে তাদের ত্রাণ এবং পুনর্বাসনের ব্যবস্থা এই রাজ্যে না করাটা ঠিক হবে না। কিন্তু এর সঙ্গে যে কথাটা আছে তা দেখে আমাদের একটুখানি ভয় হচ্ছে যে তারা এই নিয়ে সত্যই উদ্বাস্তুদের চিন্তা করছেন, না কেন্দ্রীয় সরকারের সঙ্গে একটা লড়াইয়ের ভাব দেখিয়ে উদ্বাস্তুদের দায়িত্ব অস্বীকার করতে চেষ্টা করছেন। আপনি লক্ষ্য করেছেন স্যার, যে বক্তব্যে বলা হয়েছে যে এই দায়িত্ব হচ্ছে কেন্দ্রীয় সরকারের জাতীয় দায়িত্ব। আমরা অস্বীকার করছি না যে কেন্দ্রীয় সরকারের দায়িত্ব আছে এবং এটা একটা জাতীয় দায়িত্ব। কিন্তু এই লড়াই নিয়ে বহু দিন আমরা ভুগেছি—তখন রাজ্য সরকার বলেছেন যে এই সব কেন্দ্রীয় সরকারের দায়িত্ব আবার কেন্দ্রী

সরকারের কাছে গেলে তারা বলেছেন যে এটা রাজ্য সরকারের দায়িত্ব। উদ্বাস্তুরা যে হতভাগা জায়গায় ছিল সেই জায়গায় গত ১৫ বছর ধরে থেকে গেছে। গত বছর যখন আমরা দাবী তুলেছিলাম—সেখানে যুক্তি কি তোলা হয়েছে—সরকারের পক্ষ থেকে? যুক্তি এই যে পশ্চিমবাংলায় পুনর্বাসনের কোন সম্ভাবনা নেই। এটা কোন নূতন যুক্তি নয়। গত ১৯৫২ সাল থেকে বার বার একথা বলা হচ্ছে যে সরকারী নীতির মধ্যে দুটি দিক ছিল—একটি হচ্ছে পশ্চিমবাংলায় পুনর্বাসনের যে সম্ভাবনা তাকে ছোট করে দেখানো—আর একটা জিনিস সেটা হচ্ছে পশ্চিমবাংলার বাইরে পুনর্বাসনের ব্যবস্থাকে অত্যন্ত স্ফীত করে দেখানো হয়েছিল। এই দণ্ডকারণ্য নিয়ে কি না করা হয়েছে। উদ্বাস্তুরা যখন সেখানে গিয়ে বিলিত হয়েছে তখন সেখানে দেখানো হয়েছে রাজনৈতিক দলের হস্ত। সেখান থেকে কেবল উদ্বাস্তুরাই চলে আসে নি পর পর দুই জন যাদের চেয়ারম্যান করা হয়েছিল, ডি. ডি. এ.—তাঁরা সেখান থেকে পালিয়ে এসেছেন কিনা জানি না—কেন চলে এসেছেন জানি না—এর পেছনে কোন রাজনৈতিক দলের হস্ত আছে কিনা জানি না—কিন্তু সেই অভিযোগ তাদের বিরুদ্ধে আনার সৎসাহস এই সরকারের নেই। আমার এটা বক্তব্য যে এই সরকার গত ১৫ বছর ধরে যে সর্বনাশা কাজ করেছেন তার খেসারৎ এখন তাদের দিতে হচ্ছে। তারা কেন্দ্রীয় সরকারের সঙ্গে লড়াই করছেন—লড়ায়ের ময়দানে তারা দুটো বড় বড় বাঁদরের লোক নামিয়েছেন—কিন্তু ফলটা কি হবে?—একজন নামিয়েছেন অতুল্যবাবুকে যিনি উদ্বাস্তু সমস্যা জাতীয় সমস্যা বলে চেঁচাচ্ছেন। আর একজন দেখলাম দুর্গাপুর কংগ্রেস অধিবেশনে যিনি অভ্যর্থনা সমিতির সভাপতি হিসাবে ছিলেন—সেই অজয়বাবু তিনিও জাতীয় সমস্যা বলে বোঝাতে চেষ্টা করছেন। কিন্তু বাংলা দেশের লোক তাঁরা বার বার একথা বলেছেন—বোঝাতে চেষ্টা করেছেন—কিন্তু তা সত্বেও তারা ভুল পথে চলেছেন। এই জন ওরা ১৫ বছর ধর বলেছেন যে বাংলা দেশের মধ্যে উদ্বাস্তু পুনর্বাসনের সম্ভাবনা নেই—তারা যদি আজকে কেন্দ্রীয় সরকারের কাছে এই যুক্তি নিয়ে হাজির হন যে বাংলা দেশে পুনর্বাসন করবেন তাহলে কেন্দ্রীয় সরকার সেটাকে কিভাবে দেখবেন তা কি তাঁরা ভেবে দেখেছেন? মহাবীর ত্যাগী তিনি কিভাবে দেখছেন তাঁরা কি বুঝতে পারছেন না। এই কয়েক দিন আগে এখানে যখন পুনর্বাসন মন্ত্রী জবাব দিচ্ছিলেন একটা প্রশ্নের উত্তরে তখন তিনি বার বার বলছিলেন যে কেন্দ্রীয় সরকারের কাছে সমস্ত জিনিসটা বিবেচনার জন্য তারা সুযোগ দেবেন।

কিন্তু তাঁরা অতীব ভুল করেছেন এবং এই ভুলের জন্য তাঁরা খেসারত দেবেন এবং তার সঙ্গে সঙ্গে বাংলা দেশের লোককে বিশেষকরে উদ্বাস্তুদের যে খেসারৎ দিতে হবে এটাই হচ্ছে মর্মান্তিক; আমরা গত ১৫ বছর ধরে একথা বলে এসেছি যে আমরা বাংলা দেশের মধ্যে পুনর্বাসন এবং বাংলা দেশের বাইরে পুনর্বাসন একটাকে একটার বিকল্প হিসাবে দাঁড় করাবো না। বাংলা দেশের মধ্যে যে সম্ভাবনা আছে সেই সম্ভবনাকে ব্যবহার করা হোক। সঙ্গে সঙ্গে বাংলার বাইরে যে সম্ভাবনা আছে তাকেও ব্যবহার করা হোক। বাংলা দেশের জনসংখ্যা অত্যন্ত বেশী—একথা আমরা অস্বীকার করি না—বিশেষ করে দেশ বিভাগের পর অর্থনৈতিক বিপর্যস্ত হয়েছে, বহু শিল্প এলাকা কৃষি এলাকা থেকে বিচ্ছিন্ন হয়ে গেছে জানি। এ জেনেও আমরা বলছি যে বাংলা দেশে একটা বিশেষ সুবিধা আছে—এখানকার পরিবেশ উদ্বাস্তু পুনর্বাসনের অনুকূল। এই অবস্থার মধ্যে উদ্বাস্তুরা নিজেরাই নিজেদের পুনর্বাসনের ব্যবস্থার জন্য চেষ্টা করতে পারবে এবং তাদের উদ্যোগ সব চেয়ে বেশী এখানে সম্ভব, অন্যান্য রাজ্যে সেটা সম্ভব হয় না এটা আমরা বার বার বোঝাতে চেষ্টা করেছি। কিন্তু আমাদের বিরুদ্ধে অভিযোগ এসেছে যে তোমরা শুধু মাত্র বাংলা দেশের মধ্যে পুনর্বাসন চাও কিন্তু আমরা একথা বলি নি। যখন দণ্ডকারণ্যে লোক গিয়েছে তখন আমরা কেউ এখান থেকে বাধা দিই নি। কিন্তু তারা বার বার একই চিৎকার করে গেছেন যে তোমরা বাংলা দেশের মধ্যে পুনর্বাসনের ব্যবস্থা শুধু মাত্র চাও। পরীক্ষা হয়ে গেছে—গত পাচ বছর পরীক্ষা হয়ে গেছে যে আমরা যারা এদিক থেকে বলেছি এবং সরকার পক্ষ থেকে যারা বলেছেন তাদের মধ্যে কোনটা ঠিক। আপনি জানেন স্যার, যে ১৯৫৯ সাল থেকে সরকার বড় পরীক্ষা সুরু করেছিলেন। সেই পরীক্ষা উদ্বাস্তুদের জীবন মরণ সমস্যা নিয়ে—উদ্বাস্তুরা সেই পরীক্ষায় উতরেছেন। কিন্তু সরকার সেই পরীক্ষায় হেরে গেছেন। এ কথা এই সভায় আমি আগেও বলেছি

এবং আজকেও জোরের সঙ্গে বলতে পারি যে ১৯৫৯ সালে এই অভিযোগ এনেছিলেন এই সরকার উদ্বাস্তুদের বিরুদ্ধে যে বাংলা দেশের বাইরে তাঁরা যেতে চান না। গত ১০ বছর ধরে উদ্বাস্তুরা যাঁরা ক্যাম্পে আছে তার চারিপাশে তাঁরা জীবিকার ব্যবস্থা করে নিয়েছেন সরকার থেকে তাঁদের ডোল বন্ধ করে দেওয়া হয়েছিল। আপনি জানেন কি মর্মান্তিক অবস্থায় এই ছয় বছর এঁদের ফেলে রেখে দেওয়া হয়েছে। আমি কুপার্স ক্যাম্পে গিয়েছিলাম ১৫ দিন আগে—আমি দেখেছি সেখানে কি অবস্থা। ৮৭৫টি পরিবার নিয়ে সেখানে একটা হোম চলছে—সেই হোমের মধ্যে ৮৭৫টি পি. এল. পরিবার। আর সেখানে ১১৭৫টি পরিবার আছেন যাঁদের ডোল কেটে রাখা হয়েছে ১৯৫৯ সাল থেকে। আমি গিয়ে দেখলাম সেই ১১৭৫টি পরিবার ডোলের অভাবে কি. মারা গেছেন? মোটেই নয়। তাঁরা তাঁদের নিজেদের পুনর্বাসনের ব্যবস্থা করতে পেরেছেন তাঁদের আদর্শের উপর নির্ভর করে তাঁরা তাঁদের জীবিকা নির্বাহ করতে পারেন। আমি অত্যন্ত আনন্দের সঙ্গে বলতে চাই—এবং আপনিও গেলে অত্যন্ত আনন্দিত হবেন যে যাঁদের অলস বলে মনে হয়েছে এই অপদার্থ সরকারের যাঁরা এই সমস্ত মানুষের শক্তিকে ব্যবহার করতে পারেন নি শ্রমকে ব্যবহার করতে পারেন নি সেই সমস্ত উদ্বাস্তুদের দেখে আমার গর্ব হয় এবং আপনি দেখেও গর্ব বোধ করবেন যে সেখানে আমি দেখেছি যে এই সব পরিবারের লোক তাঁরা তাঁত বসিয়েছেন এবং তাঁত বুনছেন ১৬ বছর ১৪ বছরের ছেলেরা যাঁদের স্কুলে পড়বার কথা তারা সেখানে স্কুলে পড়তে না পেরে তাঁত বুনছে এবং এক এক দিনে ১ টাকা দেড় টাকা করে রোজগার করছে এবং নিজেদের জীবিকার ব্যবস্থা করছে। এর দ্বারা তারা প্রমাণ করেছে যে বাংলা দেশে তাদের পুনর্বাসন সম্ভব কিনা। সরকার যাদের কলোনীতে পুনর্বাসন দিয়েছেন—তাদের যা হিসাব পড়েছি তাতে কোনখানে ৫ আনা কোনখানে ১০ আনা করে তাদের আয়। সেদিন মাননীয় পুনর্বাসন মন্ত্রীকে জিজ্ঞাসা করেছিলাম যে আপনি কোন তথ্য সংগ্রহ করেছেন কিনা—তিনি বলেছেন যে তথ্য সংগ্রহ করছি। সেটা বেরুলে তাঁরা দেখবেন যে সরকারী পুনর্বাসন কেন্দ্রের উদ্বাস্তুদের চেয়ে তারা খারাপ নেই। এই উদ্বাস্তুদের ব্যাপারে স্যার, আপনি অবাক হয়ে যাবেন যে সেখানে একটা ইস্ট ইণ্ডিয়া কোম্পানী নামে একটা কোম্পানী দাঁড়িয়েছে—সেটা বিলাতী ইস্ট ইণ্ডিয়া কোম্পানী কিনা জানি না—কিন্তু তারা তাদের দাদন দিচ্ছে এবং তাদের শোষণ করছে—তাদের কাছ থেকে সূতা আনতে হচ্ছে। পাশের ক্যাম্পে এ্যাডমিনিস্ট্রেটার রয়েছেন কিন্তু কোন সুযোগ নেই,।

[3-20—3-30 p.m.]

আপনি জানেন স্যার বড় হাঁকডাক করে রিহ্যাবিলিটেশান ইণ্ডাস্ট্রিজ কর্পোরেশান করা হয়েছে। কিন্তু কোথায় সেই রিহ্যাবিলিটেশান ইণ্ডাস্ট্রিজ কর্পোরেশান? যেখানে ১৬ বছরের ছেলে থেকে বুড়ি মেয়েছেলে পর্যন্ত সবাই তাঁতে কাজ করে পুনর্বাসনের বাস্তব পথ এগিয়ে চলেছে সাহায্য সেখানে যায় নি কেন? এই হচ্ছে সরকারী নীতি। অথচ আজকে তাঁরা বলছেন যে বাংলাদেশে পুনর্বাসন এবং ত্রাণের ব্যবস্থা করবেন। কোন সদিচ্ছ এঁদের আছে কি? এঁদের যদি সদিচ্ছা থাকত তাহলে কুপার্স ক্যাম্পে যেখানে উদ্বাস্তুরা লড়াই করছে সেখানে এঁদের সাহায্য হস্ত প্রসারিত হত। মাননীয় অধ্যক্ষ মহাশয়া সেদিন আপনি শুনেছেন তাঁরা একথা বলেছেন—১০ হাজার পরিবার যাদের জীবিকার জন্য সরকারের সাহায্য করা উচিত ছিল তাদের সাহায্য করেন নি এবং জোর করে ডোল বন্ধ করে রেখেছেন এবং তাদের সম্পর্কে কোন সাহায্য হস্ত প্রসারিত হয়নি এবং এখনও তাঁরা কোন নির্দিষ্ট পরিকল্পনা কেন্দ্রীয় সরকারের কাছে পাঠাননি যে এদের পুনর্বাসনের জন্য কি করা যায়। তাদের লড়াই আমি দেখেছি। আমার কাছে একটা লোক এসেছিল, সে আমার কাছে অভিযোগ করল যে জানেন, আমার স্ত্রী মারা গেছে। আমি তাকে আগে থেকে চিনতাম। আমি জিজ্ঞাসা করলাম কিভাবে মারা গেল? সে বললে সরকার মেরে ফেলেছে। আমি বললাম এটা আবার কি রকম কথা। সে বললে আমার স্ত্রীর কলেরা হয়েছিল, আমার ডোল কাটা গেল বলে এই কুপার্স হাসপাতালে আমার স্ত্রীকে ভর্তি করা হয়নি এবং তার জন্য সে সেভাবে মারা গেছে। একে তো খেতে পাইনা, তার উপর অখাদ্য কুখাদ্য খেতে হয়, যখন কলেরা হয়েছে তখন তাকে হাসপাতালে ভর্তি করা হয়নি, সেজন্য সে মারা গেছে। আমরা এখানে বার বার প্রশ্ন করেছি যেন জলকর বন্ধ

করে দেওয়া হয়েছে? তাদের কি পরীক্ষা জানি না, তারা সেখানে মাটি পরীক্ষা করেছিলেন। তাদের এখানে পুনর্বাসন দেবেন না এই তাদের জেদ চেপেছিল। আজকে যদি সত্যিকারের সেই জেদ ভেঙ্গে থাকে তাহলে আমি খুশী হব। ভুল যদি তাঁরা স্বীকার করেন তাহলে আমরা খুশী হব। কিন্তু এই ভুল স্বীকার করার কি প্রমাণ আমরা পাব? সরকার যদি মনে করেন যে বাংলা দেশের মধ্যে যেটুকু পুনর্বাসনের সুযোগ আছে তাকে ব্যবহার করতে হবে এবং বাংলার বাইরে যেটুকু সুযোগ আছে তাকেও ব্যবহার করতে হবে তাহলে বিরোধী দলের সঙ্গে তো কোন দ্বিমত নেই। তাহলে সকলে মিলে একত্রিত হয়ে এই পুনর্বাসন পরিকল্পনার জন্য একটা কর্ম-সূচী তৈরি করা হোক এবং সেই কর্মসূচী নিয়ে কেন্দ্রীয় সরকারের কাছে আমরা অগ্রসর হই। যে সরকার দুবার দু'কথা বলেছেন তার যুক্তির যত জোর হবে তার চেয়ে অনেক বেশী জোরাল যুক্তি হবে আমাদের যারা প্রথম থেকে বলে এসেছি যে বাংলাদেশে পুনর্বাসনের সম্ভাবনা আছে এবং তা সম্ব্যবহার করা হবে যদি সমস্ত দলের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে আমরা এই দাবি রাখি। আমি মনে করি নিশ্চয়ই আমরা কেন্দ্রীয় সরকারকে বোঝাতে পারব এবং পুনর্বাসনের জন্য জাতীয় দায়িত্ব হিসাবে তাঁদের যে টাকা পয়সা খরচ করা দরকার সেটা তাঁরা খরচ করতে বাধ্য হবেন। এজন্য আমরা বার বার দাবী করেছি এদের যদি আন্তরিকতা থাকে অতীতের ভুল যদি বুঝতে পারেন তাহলে বাংলাদেশে এদের পুনর্বাসনের জন্য এ্যাসেম্বলীর মধ্যে কি এ্যাসেম্বলীর বাইরে যারা আছেন এবং যাঁরা পুনর্বাসনের কাজে ওতপ্রোতভাবে যুক্ত আছেন তাঁদের নিয়ে একটা রিহ্যাবিলিটেশান এ্যাডভাইসারি বোর্ড তৈরি করুন। এটা আগেও বলেছি এবং এখনও বলছি। যেটুকু স্বীকৃতি রাজ্যপালের ভাষণের মধ্যে রয়েছে ততটুকুকে ভিত্তি করে আমরা একত্রে বসে একটা পরিকল্পনা রচনা করতে পারি। কেন্দ্রীয় সরকারের সঙ্গে শুধু লড়াই নয়, লড়াই-এর অন্তবর্তী সময়ে অনেক জিনিস আছে যা আমরা করতে পারি। স্যার এই হাউসে আমি একটা প্রশ্ন তুলেছি সেটা হচ্ছে পথিপার্শ্বস্থ উদ্বাস্তু ব্যবসায়ীদের ব্যাপারে। স্যার, আপনি জানেন আজকে কি ঘটনা চলছে—বি, টি, রোডের ধারে পুলিশ গিয়ে পি, ডব্লু, ডি'র ওয়ারকাররা গিয়ে সেখানকার সমস্ত উদ্বাস্তুদের মারপিট করে তুলে দিচ্ছে। অথচ সেখানে কোর্টের কোন অর্ডার নেই। আমি একটা প্রশ্ন দেওয়ার পর এবং কলিং এ্যাটেনসান দেওয়ার পর কিছুটা স্থগিত রয়েছে। হাইওয়েজ এ্যাক্ট আছে, সমস্ত কিছু আছে, অথচ জবরদস্তি করে তাদের সেখান থেকে তুলে দেয়া হচ্ছে। এটাতে তো কেন্দ্রীয় সরকারের সাহায্যের প্রয়োজন হয় না। এই উচ্ছেদ বন্ধ হোক, তাদের বিকল্প ব্যবস্থার জন্য জায়গা আমরা খুঁজে বের করে দেব। ইণ্ডাস্ট্রিয়াল হাউসিং স্টেট হয়েছে, বড় বড় ৭।৮ শো পরিবার বি, টি, রোডের ধারে রয়েছে, সেখানে একটা সাপিং সেণ্টার নেই, মার্কেটিং সেণ্টার নেই, বাজার নেই, সেখানে কয়েকটি পরিবারকে বসান যায় বি, টি, রোডের ধারে। আমি মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা করেছি, আমি বলেছি এদের বিকল্প ব্যবস্থা অনায়াসে করা যায় একটু জমি দিলে এই ব্যবস্থা আমরা করতে পারি, হয়ত কিছু ঋণের দরকার। এটাও কি কেন্দ্রীয় সরকার ছাড়া হবে না? সুতরাং আমার ভয় যখন দেখি যে কেন্দ্রীয় সরকারের উপর জাতীর দায়িত্ব বলে ছেড়ে দিয়ে নিজেদের দায়িত্ব এড়াবার চেষ্টা করেন। গত ১৫ বছর ধরে তারই পুনরাবৃত্তি করছেন এ'রা। তা যাতে আর না হয় তার জন্য আমাদের সমবেতভাবে চেষ্টা করতে হবে। কাজেই এদের আন্তরিকতার প্রমাণ হিসাবে আমি একটা মাত্র কষ্টিপাথর রেখে যাচ্ছি সেটা হচ্ছে রিহ্যাবিলিটেসান এ্যাডভাইসারি বোর্ড এ'রা করবেন কিনা। এ'রা যে ব্যর্থতা দেখিয়েছেন সেই ব্যর্থতা স্বীকারের একমাত্র প্রমাণ হচ্ছে এই রিহ্যাবিলিটেসান এ্যাডভাইসারি বোর্ড গঠন করা। অন্যান্য যে সমস্ত সরকারের স্কীম আছে যেমন গড়বেতা স্কীম, দণ্ডকারণ্য স্কীম তাতে এ'রা লক্ষ লক্ষ টাকা খরচ করেছেন। কিন্তু গড়-বেতায় সাব-মার্জিনাল ছিল শালবনী, গড়বেতায় যদি একটা স্টেট ফার্ম হত যেরকমভাবে সুরজ-গড়ে হয়েছে, হয়ত ১ কোটি টাকা খরচ হত, কিন্তু কোটি কোটি টাকার যে ডোল খরচ হয়েছে তাহলে তার দরকার হত না। গড়বেতায় আজ কংশাবতীর জল আসার প্রশ্ন হচ্ছে, সেখানকার সাবমার্জিন্যাল সয়েল আমি জানি কিরকমভাবে উন্নত হবে। সেখানে যদি ব্যবস্থা করা হয় তাহলে

সেখানে বহু পরিবারের ব্যবস্থা হতে পারে। শুধু কি উদ্বাস্তু সমস্যার সমাধান হত, গড়বেতা হচ্ছে সবচেয়ে খারাপ জায়গা, আশে পাশে যারা সাঁওতাল এবং অন্যান্য উপজাতি আছে সিডিউল কাস্ট এবং সিডিউল ট্রাইবস আছে তাদেরও উন্নতি হত, সমগ্র পশ্চিমবাংলার উন্নয়ন সম্ভব হত, পশ্চিমবঙ্গের লোকের কারোর সাথে কারোর ঝগড়ার প্রশ্ন দেখা দিত না। সুতরাং আমার বক্তব্য হচ্ছে যদি এ'দের আন্তরিকতা থাকে তাহলে রিহ্যাবিলিটেসান এ্যাডভাইসারি বোর্ড করে সমস্ত পুনর্বাসনের চিন্তা নতুনভাবে করুন।

Shri Nikhil Das:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতবারে যখন আমাদের রাজ্যপালের ভাষণ সম্পর্কে আলোচনা হচ্ছিল, তখন নিশ্চয়ই একথা মনে আছে গত বারের উদ্বাস্তু সমস্যার কথা, ১৯৬৩ সালের ডিসেম্বর ও ১৯৬৪ সালের জানুয়ারী তে পূর্ববাংলায় যে দাঙ্গা ঘটেছিল, তার ফলে যে কয়েক লক্ষ মানুষ এখানে এসেছিল, তাদের পুনর্বাসনের ব্যবস্থা আমাদের সরকার করবেন—এটাই ছিল মূল এবং মুখ্য আলোচ্য বিষয় তখন আমরা। এবার রাজ্যপালের ভাষণের মধ্যে পাচ্ছি যে ছয় লক্ষ মত উদ্বাস্তু তখন এসেছিল—তার মধ্যে কিছু বাইরে তারা পাঠিয়েছেন, তার মধ্যে কিছু আবার ফিরে এসেছে, তবে যারা ফিরে এসেছে তাদের জন্য সরকার বলেছেন পুনর্বাসনের দায়িত্ব নিতে পারবেন না, তবে কিছুটা অন্নে, কিছুটা শিক্ষা, কিছুটা তাদের চাকরী তাঁদের দিতে পারবেন কিনা—সেই সম্পর্কে তাঁরা চিন্তা করছেন, আলোচনা করছেন। কেন্দ্রীয় সরকারের সাথে ব্যাপারটা এখনো আলোচনাধীন অর্থাৎ একটা বছর পার হয়ে গেল তিন থেকে চার লক্ষ লোক পশ্চিমবাংলায় আছে—গত বছর জানুয়ারী মাসে এখানে এসেছে তাদের ব্যাপারে এই ন্যূনতম কাজটুকু করার ব্যাপারে আমাদের পশ্চিমবাংলার পুনর্বাসন দপ্তর তারা ব্যর্থতার পরিচয় দিয়েছে। শুনলে আরো অবাক হবেন মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় যখন প্রথম মুখ্যমন্ত্রী হলেন, তখন তিনি আমদরবার করেছিলেন অর্থাৎ তাঁর বাড়ীতে জনসাধারণের সাথে সপ্তাহে একদিন বসতেন এবং বসে তাদের সুখদুঃখের কথা শুনতেন, সেই আমদরবার এখন শিকেয় উঠেছে। এখন আবার তিনি নূতন গণসংযোগের ব্যবস্থা করেছেন—প্রতি মাসে একটা করে বেতার ভাষণ দিয়ে। অর্থাৎ পশ্চিমবাংলার মানুষের তিনি একটা করে বাণী দেবেন প্রতি মাসে এবং সেই বাণী পেয়ে পশ্চিমবাংলার লোকের পেট ভরাবেন। সেই যে বাণী তিনি দেন, তা অসত্য প্রতিশ্রুতিতে ভরা। গত ডিসেম্বর মাসে যে ভাষণ দিয়েছেন তাতে তিনি বলেছিলেন ১।১।৬৪ সালের পরে যে উদ্বাস্তু এসেছে পূর্বপাকিস্তান থেকে তাদের ব্যাপারে তিন বছরের জন্য আমরা সরকারী চাকরীর ব্যাপারে বয়ঃসীমা শিথিল করে দিলাম। ২৫শে ডিসেম্বর এই কথা তিনি বলেছেন—যে তিন বছর সুবিধা তারা পাবেন। আজকে ১৮ই ফেব্রুয়ারী প্রায় দুমাস হয়ে গেছে, তার সেই বেতার বাণী অসত্য কিনা জানি না, সেই বাণী এখনো কার্যকরী হয় নাই। কারণ তাঁর যে কথা সেই কথা অর্থদপ্তরের লালফিতার ফাইল তার মধ্যে এখনো আবদ্ধ আছে। সেই সম্পর্কে এখনো সরকারী তরফ থেকে সেখানে কোন সার্কুলার যায়নি। আমি স্যার, আপনার মাধ্যমে এই প্রশ্ন রাখতে চাই—মুখ্যমন্ত্রী ২৫শে ডিসেম্বর যে বেতার বক্তৃতা দিয়েছিলেন সেটা কার্যকরী সত্বর হবে কিনা। অর্থাৎ তিন বছর বয়ঃসীমা তাদের ক্ষেত্রে শিথিল করা হবে কিনা? এর জবাব যেন তিনি দেন।

আর একটা কথা হচ্ছে ১।১।৬৪ তারিখের পর যে চার-পাঁচ লক্ষ উদ্বাস্তু পশ্চিমবঙ্গে এসেছে তাদের নাগরিকত্ব দেওয়া সম্পর্কে আমরা বারবার জোর দিয়ে দাবী করেছিলাম যে ছয় মাসের যে সীমা তাদের ব্যাপারে বেঁধে দেওয়া হয়েছে, সেই সীমা তুলে নেওয়া হোক। কিন্তু সরকার আজও সেকথা শোনেন নি। আজকে তো ছয় মাস কেন, এক বছর পেরিয়ে গেছে। অথচ এখনো তারা নাগরিকত্ব পাচ্ছে না। আপনি শুনলে স্যার, অবাক হয়ে যাবেন—যে ১।১।৬৪ তারিখের পরে এসেছে যারা, তারা নাগরিকত্বের জন্য দরখাস্ত করে এ অফিস থেকে ও অফিসে ঘুরে ঘুরেও এখনো তাদের একজনও নাগরিকত্বের সার্টিফিকেট পান নাই।

[3-30—3-40 p.m.]

মাস পার হয়ে গেছে তা সত্বেও আইনসঙ্গতভাবে যে অধিকার ছিল সেই অধিকার থেকে তাদের বঞ্চিত করা হচ্ছে। ভাষণ যদি পড়েন তাহলে তার মধ্যে ভাল ভাল কথা

পাবেন, চোখের জল পাবেন, দুঃখ পাবেন এবং যথেষ্ট কুম্ভিরাশ্রু পাবেন। কিন্তু যেখানে বাস্তবে কাজ করবার দরকার সেখানে দেখবেন তাদের ভাগ্যে একেবারে অশ্বডিম্ব। এঁরা কোন কাজ করেন নি—নাগরিকত্ব দেওয়া যাতে কোন পয়সা খরচ হয়না, সেই অধিকার তারা পাচ্ছে না। মাননীয় স্পীকার মহাশয়, এঁদের প্রতি ছত্রে ছত্রে স্বীকৃতি আছে, কিন্তু ৪০ লক্ষের উপর যে উদ্বাস্তু তাদের পুনর্বাসনের কাজ এঁরা করতে পারেন নি। আমার বক্তব্য হচ্ছে যখন সমস্যার কথা ওঠে তখন কেন করতে পারলেন না? ৪০ লক্ষ উদ্বাস্তু পশ্চিম বাংলায় এসে ভীড় করেছে তাদের চাকরীর, খাদ্যের যে সমস্যা তা সমাধান করতে পারলেন না এবং আমরা দেখছি এই যে পারলেন না তার জন্য দোষ যদি কাউকে দিতে হয় তাহলে সেই দোষ এই ৪০ লক্ষ উদ্বাস্তুর ঘাড়ে তুলে দাও। স্যার, আজ যদি আমি জিজ্ঞাসা করি এই ৪০ লক্ষ উদ্বাস্তুর মধ্যে কয়জনকে আপনারা অর্থনৈতিক পুনর্বাসন দিতে পেরেছেন, কয়জনকে জমি, জায়গা দিয়েছেন, কয়জনকে ঠিকভাবে পুনর্বাসন দিতে পেরেছেন তাহলে তার উত্তর পাব, অতি নগন্য! অর্থাৎ লাখেও পৌছাবে না। এইভাবে এঁরা উদ্বাস্তুদের ভাগ্য শিকেয় ঝুলিয়ে রেখেছেন। মন্ত্রীমহাশয় এদের স্বপক্ষের দিনে ত্রাণের হাতিয়ার হিসেবে ব্যবহার করে, কিন্তু উদ্বাস্তুদের সমস্যার সমাধান করতে পারেননি। মাননীয় স্পীকার মহাশয়, অশোকবাবু বললেন মাদ্রাজে যারা মারা গেছে ভাষার আন্দোলনে তারা নাকি সৈন্যদের গুলীতে মরে নি। এই উক্তি সম্পূর্ণ অসত্য এবং কংগ্রেস তরফ থেকে সবসময় এরকম বলা হয়। মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে বলে রাখি এবং আমি যদি কাগজ দেখেন তাহলে দেখতে পাবেন ৭০ থেকে ১০০ জন লোক সৈন্য বাহিনীর গুলিতে নিহত হয়েছে। আজকে শুনলাম কংগ্রেস সদস্যা বিভামিত্র বললেন বাস-এর ভাড়া পুনর্বিন্যাসের ফলে যেটা বেড়েছে সেটা অন্যায় হয়েছে। আমি জিজ্ঞাসা করি এই সরকার যে কয়টা কাজ করেন তার কোনটা ন্যায় করেন? যে কয়টা কাজ তাঁরা করেন সব কয়টা কাজ জনসাধারণকে দলিত করার জন্য পিষ্ট করার কাজ। তাহলে এই যে লিপসিমপ্যাথি কেলকাতার গরীব জনসাধারণের প্রতি দেখান তার কি প্রয়োজন আছে? বাস-এর ভাড়া পুনর্বিন্যাসের ফলে ভাড়া বৃদ্ধি যখন করেছেন তখন আর সিমপ্যাথি দেখিয়ে কি হবে, বিশেষকরে মন্ত্রীর অনুমতি নিয়ে যখন ভাড়াটি বৃদ্ধি হয়েছে। কাজেই কাগজে ঐটুকু কথা বলে কনসাটিউএন্সী ঠিক রাখবার জন্য লোককে ব্যঙ্গ করবার কোন প্রয়োজন ছিল না, লোককে আঘাত করবার কোন প্রয়োজন ছিল না। তারপর, আপনি জানেন পশ্চিমবাংলার প্রাথমিক শিক্ষকগণ অবস্থান সত্যাগ্রহ করে কাল থেকে রাজভবনের সামনে বসে আছেন। আমরা এখানে রাজ্যপালের ভাষণের সমালোচনা করছি, অথচ বাংলাদেশের গরীব শিক্ষক, প্রাথমিক শিক্ষক, যারা প্রথম স্তরের শিক্ষক, যাঁরা জাতির মেরুদণ্ড গড়ে তুলবেন, যাদের হাতে আমরা ছেলেমেয়েদের দায়িত্ব ছেড়ে দিয়েছি তাঁরা রাজভবনের সামনে বসে আছেন। তারা মাইনে পান ৮০ টাকা এবং ৫ টাকা আরও দেওয়া হবে এই যে আশ্বাস দেওয়া হচ্ছে তাতে তাদের মাইনে হবে ৮৫ টাকা। মাননীয় স্পীকার মহাশয়, আজ আমি আপনার মাধ্যমে কংগ্রেসী মন্ত্রী সভার কাছে এবং কংগ্রেসী সদস্যদের কাছে জিজ্ঞাসা করব এই দুর্মূল্যের বাজারে, এই দুর্দিনে ৩টি ছেলেমেয়ে নিয়ে যার পরিবার তার পরিবারে এই ৮০/৮৫ টাকায় একবেলা খাওয়া চলে কিনা? আমি আশা করি এর জবাব দেবেন।

উত্তর তাদের কাছে নাই। যারা গরীব মানুষ, তাদের চিরকাল অবহেলা করেছেন, উপহাস করেছেন এবং সেই উপহাসের নামে তাদের পাঁচ টাকা খয়রাতি দিচ্ছেন। শুধু প্রাথমিক স্তরের শিক্ষকদের নয়, মাধ্যমিক স্তরে শিক্ষক যারা আছেন যাঁরা ১৯শে তারিখ থেকে কর্মবিরতি করেন, তাদের বেলায় বলেছেন পাচ টাকা করে দিচ্ছি। আগে বলে ছিলেন ৫ টাকা স্কুল কমিটি দেবে, ৫ টাকা আমরা দেব, এবারে বললেন ১০ টাকা দেবেন। অর্থাৎ মূলতঃ যা হচ্ছে মাধ্যমিক স্তরের শিক্ষকদের এক পয়সাও বাড়ান হয়নি। কাজেই তারা মধ্য থেকে অবস্থান ধর্মঘট করবে। জাতের মেরুদণ্ড যারা তৈরী করবেন, তারা পথে নামছেন, রাস্তায় নামছেন, দুঃখ এবং দারিদ্রের মধ্যে যাচ্ছেন, এই অবস্থা দাঁড়াচ্ছে। আজকে রাজ্যপালের ভাষণের উপর বিতর্ক হচ্ছে, এই কংগ্রেসী মন্ত্রীদের যদি লজ্জা থাকত, তাদের ন্যুনতম কাণ্ডজ্ঞান থাকত, তাহলে এই এটি ঘটনা তাদের বিবেক বুদ্ধিকে

চাবুক পিটত, এবং তাদের কাছ থেকে দেশের মানুষ কিছু আশা করত, কিন্তু তারা যাদের বিবেক বুদ্ধি বিসর্জন দিয়েছেন, নীতিবোধ তাদের নেই, তাই তারা আমাদের দুঃখ দারিদ্র্য নিয়ে খেলা করেন। তাঁদের কর্তব্য শুধু মাধ্যমিক স্তরেই শেষ হয়নি, কলেজের শিক্ষায়ও সঙ্কট দেখা দিয়েছে, কলেজ-শিক্ষকরাও পথে নেমেছে, এবং এই যে সঙ্কট তা থেকে উদ্ধার পাবার কোন উপায় আমরা পাচ্ছি না। মন্ত্রী মণ্ডলীর কাছ থেকে সরকার পক্ষের কাছ থেকে যে ধরণের আশ্বাস সহানুভূতির, আশা করেছিলাম, তাতে পূর্ণ ব্যর্থ হয়েছি। তাই আপনার মাধ্যমে আরেকবার এই সঙ্কটের দিকে তাদের দৃষ্টি আকর্ষণ করছি। মানুষের দিকে চেয়ে, বিবেকের দিকে চেয়ে, বিচার করুন, দেশের মানুষের দিকে চেয়ে বিচার করুন আজকে আপনারা দেশকে কোথায় টেনে নিয়ে যাচ্ছেন। মাননীয় অধ্যক্ষ মহোদয়, পুলিশ সম্পর্কে কোন প্রশংসার বাণী আমি এর মধ্যে পেলাম না পুলিশ সম্পর্কে পুলিশ দপ্তর সম্পর্কে কোন কথাবার্তা নেই, সীমান্ত সম্বন্ধে অবশ্য দু চারটা কথা বলেছেন। আমরা দেখতে পাচ্ছি পুলিশ দপ্তরে বছর বছর খরচ বেড়ে যাচ্ছে এবং সেই ব্যয় দিয়ে একটি মাত্র কাজ করা হচ্ছে সেটা হচ্ছে—রাজনৈতিক যে আন্দোলন, গনতান্ত্রিক যে আন্দোলন, সেই গনতান্ত্রিক আন্দোলন যারা তাদের গ্রেপ্তার করা হচ্ছে এবং তাদের বিনা বিচারে আটক রাখা হচ্ছে এবং কোথাও বা তাদের বিরুদ্ধে সত্য মিথ্যা বলে কেস দায়ের করা হচ্ছে। আমাদের এখানে শঙ্করদাসবাবু বলেছিলেন একবার যে যথেষ্ট খবর নিয়ে যাদের ডি আই রুলে ধরা হয়েছে এবং তারা হল সমাজবিরোধী নীর, নইলে দেশদ্রোহী। আপনার মাধ্যমে আমি এ প্রশ্নটাই রাখতে চাইব যদি তারা দেশদ্রোহী হয় তাহলে তা প্রমাণ করতে পাচ্ছেন না কেন? কোর্টে নিয়ে যাচ্ছেন না কেন, বিনা বিচারে আটকে রেখেছেন কেন। আমি একথাই জিজ্ঞাসা করবো শঙ্করদাসবাবু কবে দেশপ্রেমিক হলেন? কবে থেকে তিনি দেশকে ভালবাসেন? আমরা তো জানতাম তিনি ইংরেজের দলের লোক ছিলেন, আমরা তো জানতাম টাকা যেখানে ছিল শঙ্করদাসবাবু সেখানে ছিলেন, শঙ্করদাসবাবু বসে আছেন, ব্ল্যাক মার্কেটিয়ারেরা তাঁর কাছে ... তিনি ... পক্ষে আছেন, দেশ তাঁর কাছে বড় নয়, টাকাই তাঁর কাছে বড় ... দেশ রসাতলে যাক এতে তার কিছু আসে যায় না। তাঁর কাছ থেকে কি আমাদের দেশপ্রেম শিখতে হবে? দেশদ্রোহিতা, জাতিদ্রোহিতা যার মজ্জায় মজ্জায় তাঁর কাছে আমাদের দেশপ্রেম শিখতে হবে? আমি আপনার কাছে এটাই রাখতে চাইব দেশপ্রেম বক্তৃতা যেন তিনি না দেন।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি জানেন সরকারী দপ্তরের কর্মচারীরা অত্যন্ত দুঃখ দুর্দশার মধ্যে আছেন, এটা আমরা সবাই জানি। আমরা এটা জানি এসেম্বলীর এর কর্মচারী যাদের সম্বন্ধে আমরা বার বার প্রশ্ন করে এটা বলবার চেষ্টা করেছি এসেম্বলী যখনই চলে একটা থেকে ৬টা ৭টা পর্যন্ত সাড়ে সাতটা পর্যন্ত তাদের কাজ করতে হয়, এই ব্যাপারে বার বার বাড়তি কিছু টাকা দেবার জন্য প্রশ্ন তুলেছি ... সেটা উপেক্ষিত হচ্ছে। আমি এটা আপনার মাধ্যমে বলতে চাই ... পর্যন্ত যদি তারা কাজ করতে বাধ্য হয়, তাহলে নিম্ন বেতনের কর্মচারী যারা, এবং মাঝামাঝি বেতনের কর্মচারী যারা তাদের এ ব্যাপারে কিছু বাড়তি যাতে দেওয়া হয়, সেদিকে যেন নজর দেওয়া হয়।

[3-40—4-5 p.m.]

তাদের যাতে এই ব্যাপারে কিছু বাড়তি টাকা দেবার ব্যবস্থা হয়, সেদিকে যেন সরকার নজর দেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার শেষ কথা অত্যাচার করে, উৎপীড়ন করে গদিতে বসে থাকা যায় না। দেশের উপর দিয়ে শোষণ বা শাসনযন্ত্রকে চালিয়ে দিয়ে চিরকাল গদিতে কেউ বসে থাকতে পারেনি। অত্যাচার উৎপীড়ন কোরে, পুলিশ দিয়ে ঠেঙ্গিয়ে দুর্বল কোরে দরিদ্র কোরে কিছুদিনের মত গদিতে বসে থাকা যায়, কিন্তু চিরকাল এটা চালানো যায় না। যখন গদিতে বসে থাকেন তখন মনে হয় গদিটা বোধ হয় শক্ত জায়গার উপর প্রতিষ্ঠিত আছে, ঐ জায়গায় থেকে কেউ বুঝি উহাদের হাঠাতে পারবে না। কিন্তু গদির নীচের যে কম্পন সে কম্পন বড় ভয়াবহ। আজ জনসাধারণ হয়তো কিছুটা মূক হয়ে আছে। সেই জনসাধারণের যে বিক্ষোভ, সেটা একদিন ফেটে পড়বেই। দাউ দাউ

জ্বলে উঠবে, আর ঐ আগুনে পুড়ে মরবে অত্যাচারিতরা, এটা পৃথিবীর ইতিহাসে লেখা আছে। সেই জন্য সেদিকে আমি তাদের বিশেষভাবে নজর রাখতে বলি। এই কথা বলে রাজ্যপালিকার ভাষণের বিরোধিতা করে, আমি আমার বক্তব্য শেষ করছি।

[At this stage the House was adjourned for 20 minutes.]

[After Adjournment]

[4-5—4-15 p.m.]

Shri Birendra Narayan Ray:

মাননীয় সভাপাল মহাশয়, যে ভাষণ মাননীয়া রাজ্যপালিকা দেন নি, অথচ দিয়েছেন বলে ধরে নেওয়া হয়েছে, সেই বাণী বা ভাষণের উপর বক্তৃতা করতে উঠে, প্রথমেই আমার বক্তব্য হচ্ছে, যে মাননীয়া রাজ্যপালিকা তাঁর মন্ত্রী সভার বা তার উচ্চ পদস্থ কর্মচারীদের দিয়ে যে ভাষণ লিখিয়ে এনে পড়েছেন, তাতে বাহাদুরী কিছু আছে বটে, কিন্তু বাংলা দেশের প্রকৃত তথ্য তাতে কিছুই দেওয়া নেই। প্রথমেই দেখুন ডিফেন্স অব ইণ্ডিয়া রুলস সম্বন্ধে, যখন ডিফেন্স অব ইণ্ডিয়া রুলস প্রথমে ইণ্ট্রোডিউস্‌ড হয় তখন এই হাউস এ মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এবং তদানীন্তন জেল মন্ত্রী মহাশয়, তাঁরা বলেছিলেন, যে উনাদের যে সব সভকে উনারা গ্রেপ্তার করেছেন, তাদের অন্তর্ঘাতি মূলক কার্যকলাপ, চীনের সঙ্গে যোগাযোগ। এবং অন্যান্য নানারকম প্রমাণ উনাদের কাছে আছে, তবে উনারা সময় মত সেটা দেবেন। কিছুদিন পরে দেখলাম, ডিফেন্স অব ইণ্ডিয়া রুলসএ যাঁরা আবদ্ধ ছিলেন, তাদের মুক্তি দেওয়া হল। তখন আমরা প্রশ্ন করলাম, আপনারা যে বলেছিলেন, আপনাদের হাতে প্রমাণ আছে? সেই প্রমাণ কোথায়? তখন কি শঙ্কর দাসবাবু কি মুখ্যমন্ত্রী এবং জেলমন্ত্রী বলতে শুরু করলেন যে রুল ৩০তে কোনও রকম প্রমাণ লাগে না। কিন্তু একথা তো সেকথা নয় আপনারা প্রতিশ্রুতি দিয়েছিলেন যে আমাদের সামনে তাদের তথ্য ও প্রমাণ সব উপস্থিত করবেন। আমি মুর্শিদাবাদ জেলায় ১৯৬২ সালে যে কজন গ্রেপ্তার হয়েছিলেন চীন আক্রমণের পর এবং ১৯৬৪ ৬৫ সালের পর যাঁরা গ্রেপ্তার হয়েছেন, তাদের সম্বন্ধে কিছু বলতে চাই। ১৯৬২ সালে যাঁরা গ্রেপ্তার হয়েছিলেন, তাদের মধ্যে ছিলেন তদানিন্তন কমিউনিস্ট পার্টির জেলা কমিটির সম্পাদক, শ্রীঅপর্ণাকিঙ্কর ভট্টাচার্য, কিন্তু এবারে তিনি গ্রেপ্তার হলেন না, গ্রেপ্তার হলেন, অন্য একজন। স্যার, ১৯৬৪-৬৫ সালে যাঁরা গ্রেপ্তার হলেন, তাদের মধ্যে দেখা গেল সে অপর্ণাকিঙ্কর ভট্টাচার্যাকে ধরা হয়নি, ধরা হল, আর এক ভদ্রলোককে তিনি হচ্ছেন শ্রীঅনন্ত ভট্টাচার্য। এই অনন্ত ভট্টাচার্য আজকের লোক নন, তিনি ১৫ বছর আন্দামানে ব্রিটিশ সাম্রাজ্যবাদের অত্যাচার সহ্য করেছেন, তাঁকে গ্রেপ্তার করা হল, কারণ তিনি ভারতের কমিউনিস্টপার্টির একটা অংশের সম্পাদক ছিলেন, সেই তার অপরাধ। দ্বিতীয়তঃ ১৯৬২ সালে ধরা হল বীরেন নাগ বলে একজন ভদ্রলোককে তিনিও কমিউনিস্টপার্টির সদস্য। কিন্তু ১৯৬৫ সালে তাঁকে আর ধরা হল না, ধরা হল তাঁর ভাইকে। তাঁর অপরাধ কি? শত অপপ্রচার সত্ত্বেও তিনি একটা অঞ্চলের পঞ্চায়েতে নির্বাচিত হয়েছেন, এই তাঁর অপরাধ। তারপর ধরা হল মন্মথ সরকার বলে আর এক জন ভদ্রলোককে, যিনি হচ্ছেন মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান, তাঁর বাড়ী হচ্ছে ধুলিয়ানে, তাঁকে গ্রেপ্তার করা হল। তিনি নাকি ১৯৬৪-৬৫ সালে চীনের হয়ে কাজ করেছেন। অথচ আগেকার গুলোতে কিন্তু আর ধরা হল না! স্যার, আমার কাছে আরও কয়েকজনের লিস্ট আছে, তাতে দেখা যাচ্ছে যে সরকার এবং তার দল কংগ্রেস যখনই দেখে যে অপপ্রচার সত্ত্বেও অত্যাচার সত্ত্বেও তাঁদের যখন জনতার কাছ থেকে সরিয়ে নিতে পারছে না তখনই গ্রেপ্তার করে। এই হচ্ছে তাদের অবস্থা। স্যার যদি চীনের প্রশ্ন হয়, তাহলে যে অঞ্চল থেকে আমি আসছি, মুর্শিদাবাদের বিভিন্ন অঞ্চলে চীনা জিনিষে ভর্ত্তি হয়ে গেছে। আমি নিজে দেখেছি, চীনা ফাউনটেইন পেন চীনা সাড়ী, চীনা কাপ, চীনের ট্রানজিসটর এই সমস্ত লালগোলা, ভগবান গোলায় ভর্ত্তি হয়ে গেছে। খবর নিয়ে দেখলাম, এর মধ্যে প্রচুর ষড়যন্ত্র আছে, সেটা হচ্ছে এই সীমান্ত অঞ্চলে গত কয়েক বছর ধরে দেখছি সন্ধ্যা ৬টা থেকে সকাল ৬টা পর্য্যন্ত কারফিউ মত একটা জিনিষ হচ্ছে। কোনও লোক ৬ মাইলের মধ্যে যাতায়াত করতে পারবে না। এখন

অসুবিধা হচ্ছে এই যে সাধারণ লোক বেরোতে পাচ্ছে না। বেরোচ্ছে একমাত্র স্মাগলার এবং পুলিশ এবং তার সাক্ষী এবং জনমতের চাপ থাকার জন্য অর্থাৎ জনতা না থাকার জন্য স্মাগলিং বেড়ে গেছে। স্যার, এই যে গ্রেপ্তার হয়েছে, তার মধ্যে ২টি নাম আমি করছি। আমাদের মাননীয় ফজলুর রহমান মহাশয় এখানে নেই, তিনি নিশ্চয়ই চিনবেন। একজনের নাম হচ্ছে আদিলুজ্জামান, তাঁকে ডিফেন্স অব ইণ্ডিয়া রুলসএ গ্রেপ্তার করা হল, তিনি অথচ কংগ্রেসের লোক। সেই ভদ্রলোকের বিরুদ্ধে এই উপদলীয় কোন্দলের জন্য সেকথা আমি পরে বলছি। তাঁর বিরুদ্ধে আমাদের অনেক চার্জ আছে। ইউনিয়ন বোর্ড, ডিস্ট্রিক্ট বোর্ড এর টাকা তছরূপ, নারী ঘটিত অনেক ব্যাপার, কিন্তু তাঁকে ডিফেন্স অব ইণ্ডিয়া রুলসএ ধরা হল, একমাত্র এই করণে যাতে তিনি এই চার্জ গুলো থেকে সাময়িক ভাবে অব্যাহতি পান। স্যার, তারই এক ভাই নুরুল হোদা কিছুদিন আগে তাকে গ্রেপ্তার করা হয়, তিনি কিন্তু আগেই খবর পেয়ে গেছিলেন যে তাঁকে গ্রেপ্তার করা হবে. এতই আমাদের সিকরেসি। তিনি ওখানকার অঞ্চল পঞ্চায়েতের বিরুদ্ধে নো কনফিডেন্স এনেছিলেন। আমি তাকে ব্যক্তিগত ভাবে জানি, সেই অঞ্চল পঞ্চায়েত ছি ইজ এ স্মাগলার তিনি আমার সঙ্গে এসেছিলেন মন্ত্রী ফজলুর রহমানের সঙ্গে আলোচনা করেছিলেন এবং বলেছিলেন যে আমাকে বাঁচান আমার উপর ডিফেন্স অব ইণ্ডিয়া রুলস আসছে. উনি বললেন ডিফেন্স অব ইণ্ডিয়া রুলস আসবে তুমি কি করে জানলে? এই রকম নানা কথা বললেন, তারপর কয়েকদিন পরেই দেখা গেল ভদ্রলোককে ডিফেন্স অব ইণ্ডিয়া রুলসএ ধরে নেওয়া হল। স্যার, যদি ডিফেন্স অব ইণ্ডিয়া রুলসএ চীনের বিরুদ্ধে যারা আমাদের আঞ্চলিক সার্বভৌমকে বিপন্ন করছেন, এই রকম কোনও কেস যদি থাকে, আমার ব্যক্তিগত মত হচ্ছে যে সেখানে ডিফেন্স অব ইণ্ডিয়া রুলস নয়, প্রমাণ করে তাদের গুলি করে মেরে ফেলুন। সে চীনের দালালই হক পাকিস্তানের দালালই হক। কিন্তু পার্টি রাখবার জন্য যদি ডিফেন্স অব ইণ্ডিয়া রুলস করা হয় এবং এই ভাবে এক এক সময়, এক একটা লোককে কোনও অভিযোগ না দিয়ে, তাঁকে গ্রেপ্তার করা হয় আর যা হক তাকে ডেমোক্রেসি বলা যায় না। এটা অটোক্রেসি। কোনো হয়ে মন্ত্রীরা কি ভাবে নিজেদের দলের সাফাই গান এবং অসত্য ভাষণ দেন, তার একটা এক্সাম্পেল আমি দিচ্ছি। স্যার, এই কদিন আগে আমার একটা প্রশ্ন ছিল, তার তারিখ হচ্ছে, গত ১৫ই ফেব্রুয়ারী, ১৯৬৫, প্রশ্ন ৮২ এডমিটেড কোশ্চেন নম্বর ৫৭২, প্রশ্নটা আমি করেছিলাম। জঙ্গীপুরের একটা ফেরিঘাট সম্বন্ধে, সদস্যদের নিশ্চয়ই মনে আছে যে বছর দুই আগে আমি একটা অভিযোগ এনেছিলাম যে মাননীয়া রাজ্যপালিকার তদানিন্তন উপমন্ত্রী শ্রীমুক্তিপদ চট্টোপাধ্যায় এবং তার সাকরেদরা একটা ঘাটের টাকা কম বেশী করে কিছু অর্থ নিজেদের পকেটস্থ করেছে।

আপনার নিশ্চয় মনে আছে, হোম-এরও মনে আছে যে বছর দুয়েক আগে একটা অভিযোগ এনেছিলাম যে তদানীন্তন উপমন্ত্রী শ্রীমুক্তিপদ চ্যাটার্জি এবং তাঁর সাকরেদ একটা ঘাটের ব্যাপার নিয়ে সমস্ত অর্থ তাঁরা পকেটে পুরেছেন। আমি প্রশ্ন করলাম মন্ত্রী মহাশয় বলেছিলেন যে আমরা চূড়ান্ত রিপোর্ট-এর জন্য অপেক্ষা করছি, সেটা এলে জানাব। আমি জিজ্ঞাসা করেছিলাম যে সেই চূড়ান্ত রিপোর্ট পাওয়া গেছে কিনা এবং পাওয়া গেলে তিনি কি উক্ত মিউনিসিপ্যালিটির অনাদায়ী অর্থ পুনরুদ্ধারের জন্য কোন প্রস্তাব করেছেন কিনা, এর উত্তরে বলেছিলেন না। অথচ আমার কাছে এটেস্টেড অ্যাণ্ড সারটিফাইড কপি আছে যাতে করে বর্তমান মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান যিনি ডি, এম-কে ২১-১-৬৫ তারিখ তিনি লিখেছেন তার উত্তর হচ্ছে

Notice on the lessee asking for payment of the money has been unserved as the addressee is untraced. The obvious step for the Municipality is to try to make the Commissioner of the previous Board answerable in this matter.

এই উপমন্ত্রী চেয়ারম্যান ছিলেন, কিন্তু জনতা তাঁকে সরিয়ে দিয়েছেন, নূতন লোক এসেছেন তাঁরা চাচ্ছেন যে সেই ৪৪ হাজার টাকা ফিরে আসুক। অথচ লেসী যে লক্ষ লক্ষ টাকা কারবার করে ঘাট-ডাক করে সে আনট্রেসড ডি এম চেয়ারম্যানকে কবে উত্তর দিয়ে গিয়েছেন অথচ তিনি উত্তর দিয়েছেন যে এই রকম কোন প্রস্তাব পাইনি। অর্থাৎ ৪৪ হাজার টাকা

মুক্তিবাবুর পকেট থেকে যে বের করবেন না সেটাই হচ্ছে আসল কথা। এর সঙ্গে আর একটা অ্যাটাসস্টেড কপি আছে যেটাতে সেই মিউনিসিপ্যালিটি ৩০-১০-৬৪ তারিখে সেখানে বলছেন

As the necessary Government approval for payment of the agreed money for the ferry ghat is not forthcoming for so long a period, it is resolved that action is to be taken to realise the amount from the Izaradar.

এই দুটো আমি প্রেস করছি। আমার কাছে সার্টিফাইড কপি আছে, অথচ তিনি বিধানসভা মধ্যে বললেন এই রকম কোন প্রস্তাব আমি পাইনি। প্রস্তাব ঠিকই আছে, প্রস্তাব আসে কিন্তু যখন নিজেদের স্বার্থ বিরোধী হয় তখন সেটা চেপে দেওয়া হয়। কিন্তু বলা হয় যে বিধান সভার মর্যাদা অসত্য ভাষণ দেওয়া উচিত নয়। আমি আর একটা কথা বলতে চাই যে মানসহ [illegible] দরবারী মণ্ডল ও গুরুপদ মণ্ডলকে ১৯৬২ সালে চৈনিক আক্রমণের পর চীনা পন্থী বলে গ্রেপ্তার করা হল—যা নিয়ে বিধান সভায় অনেক কথা বার্তা হল—কিন্তু যে মহূর্তে তারা [illegible] সই করলেন যে আমাদের কম্যুনিষ্ট পার্টির সঙ্গে কোন সম্বন্ধ নেই সেই মুহূর্তে তারা দেশপ্রেমিক হয়ে গেলেন এবং জেলা ম্যাজিস্ট্রেট তাঁদের কোয়ালিফিকেশান না থাকা সত্বেও তাঁদের স্কুলে চাকরী দিলেন। সুতরাং যদি ওপক্ষের সদস্যদের এই ধারণা হয় যে দেশপ্রেমের সমস্ত কন্ত্রা তাঁদেরই রিজার্ভ-এ এবং একমাত্র তারাই দেশপ্রেমের অধিকারী তাহলে এই বিধান সভা ও ডেমোক্রেসি করে লাভ কি? আপনারা যে ভাবে চালাচ্ছেন পাকিস্তানের মত সেই ভাবে সো-কলড কনট্রোল্ড ডেমোক্র্যাসিই আপনারা চালান।

[4-15—4-25 p.m.]

স্যার আমি [illegible] কথা বলছি দুর্গাপুর সম্বন্ধে অনেকেই অনেক কথা বলেছেন। আমি সেদিন ১১এ ফ্রি স্কুল স্ট্রীট-এ [illegible] কাছে। সেখানে গিয়ে দেখলাম হৈ হৈ পড়ে গেছে। আমাদের যে [illegible] হয় যা ১৯৬২ সালের পর আর গ্রামের লোক পাচ্ছে না সে টিন পেয়ে দুর্গাপুরে [illegible] বান্ডিল বাঁধা নেই তাই গণ্ডোগোল বেধে গেছে সেখানে সমস্ত [illegible] তারা বাণ্ডিল মেলাচ্ছে যা দুর্গাপুর গিয়েছিল। তার মধ্যে কতগুলি [illegible] হিসাব নেই। এই যদি হয় আমাদের অবস্থা এবং ডেমোক্রেসির [illegible] পার্টি বাজী চলে তাহলে কিছু বলার নেই। শুধু এটুকুন বলব যে এই সরকারের [illegible] নেই। গণতন্ত্রের উপর অত্যাচার অনেকেই চালিয়েছেন ফ্রাঙ্কো, হিটলার তারাও চালিয়েছেন কিন্তু শেষ পর্যন্ত তারা পারেন নি। শেষ পর্যন্ত গণতন্ত্রের কাছে তারাও নতি স্বীকার [illegible] এবং সরকারকেও এদেরও করতে হবে।

Shri Kashi Kanta Maitra:

অধ্যক্ষ মহাশয় রাজ্যপালের নামে প্রচলিত যে ভাষণ আমাদের কাছে রাখা হয়েছে সে ভাষণ সম্বন্ধে বিরোধী [illegible] সদস্যরা বলেছেন নৈরাশ্যজনক। সেটা নিশ্চয়ই, কিন্তু আমি যে এই [illegible] লেডি তিনি যে আবার গভর্নর থাকাকালীন যাদুবিদ্যা শিখেছেন সেটা জানতাম না, কেন না যে ধরণের চিত্র তার ভাষণের মধ্যে রেখেছেন, সেটা অদ্ভূত এবং যে কোন [illegible] মানুষের মনই তা অগ্রাহ্য করবে। আমি আপনার মাধ্যমে শুধু ট্রেজারী বেঞ্চের সদস্যদের লক্ষ করে বলছি যে তাঁর ভাষণের মধ্যে অনেক কথা দেখলাম কিন্তু এই কথা একবারও বললেন না যে এই পশ্চিমবাংলায় যে একটা উজ্জ্বল চিত্র তুলে ধরা হয়েছে যে পশ্চিমবাংলায় [illegible] রোগী, ৩ লক্ষ কুষ্ঠরোগী এবং এই রোগীদের কেন্দ্র করে কত লক্ষ পরিবার আজ ধ্বংসের পথে গড়িয়ে চলেছে। এবং সে পরিবারের মোট সভ্য সংখ্যা যদি হিসাব করি তাহলে দেখা যাবে বাংলাদেশের সত্যিকারের চেহারা কি। আমরা দেখেছি শুধু পশ্চিমবাংলায় গত বৎসরে ৮৪ লক্ষ লোককে খয়রাতি সাহায্য দেওয়া হয়েছে। যে পশ্চিমবাংলার জনসংখ্যা হল ৩ কোটি ৭১ লক্ষ। সুতরাং এটা লক্ষ্য করার জিনিস এবং সেখানে কেন বিরোধী পক্ষ থেকে নিন্দা করেছেন? আমার মনে হয় বিরোধী পক্ষ থেকে কতকগুলি কারণে তাঁকে ধন্যবাদ দেওয়া উচিত। কারণ অনেক অদ্ভূত কথা তিনি বলেছেন। নূতন কথা শিখিয়েছেন। তাঁর ভাষণ পড়ে এই শিক্ষাই পেলাম বরং এতদিনের প্রচলিত অর্থনীতির যে মূল কথা ছিল যে দেশে যদি ফলন বাড়ে ভোগ্য পণ্য বাড়বে বন্টন বাড়বে মানুষ আরও ভাল ভাবে থাকবে।

এবারে তিনি আমাদের নূতন শিক্ষা দিলেন। দেশে যখন ফলন সব চেয়ে বেশী তখন বাম্পার ক্রপ রেকর্ড, তখন তাঁর কথামত আমাদের আণ্ডার কনসামসান মেনে নিতে হবে, অর্থাৎ খাওয়া কমাতে হবে, তিনি ১২ আউন্স করে আমাদের খাওয়া ধরেছেন আমি জানিনা ট্রেজারী বেঞ্চের যারা আছেন তারা ঐ মাত্র ১২ আউন্স করে খেয়ে থাকেন কিনা। মাত্র ১২ আউন্স খেয়ে মানুষ কি করে বাঁচতে পারে তা জানি না। এই জন্যই আজকে মানুষকে অন্যায়ের কাছে মাথা নত করে বেঁচে থাকতে হচ্ছে। তাঁদের ঘুস দিয়ে বেঁচে থাকতে হচ্ছে, কালোবাজারের কাছে আত্মসমর্পণ করতে হচ্ছে। ১২ আউন্সে কারুরই চলে না, প্রত্যেককেই চোরাকারবারে চাল গম কিনতে হয় এবং স্ট্যাটুটারি রেশনিং চালু হবার আগে তারা হয়ত তাদের মধ্যে কেউ খাদ্য মজুত করে রেখেছেন। সেই পুরানো দিনের সঞ্চয় ভেঙ্গে কোনমতে দিন কাটাচ্ছেন। একজন গর্ভবতী নারী তাঁর ১২ আউন্স খাদ্যে চলতে পারে কিনা এটা ট্রেজারী বেঞ্চে যারা বসে আছেন তাঁরা বলুন কোন মেডিক্যাল সায়েন্স-এ একথা বলবে না। আপনারা এই যে স্ট্যাটুটরী রেশনিং চালু রেখেছেন সেই স্বল্প বরাদ্দের উপর সংসার চলতে পারে না, বা তার উপর নির্ভর করে পুলিস যাদের আপনারা যে ১২ আউন্স করে বরাদ্দ করেছেন তাও এদের চলতে পারে না। সে পুলিসকেই চোরাকারবারী চাল, গম মাছ ইত্যাদি কিনতে হয়, সে পুলিস যে চোরাকারবারী বা ব্ল্যাক মার্কেটিয়ারদের ধরতে পারবে না এ কথা অস্বীকার করবার কিছু নেই।

আমি আজকে প্রথমে এইটুকু বলতে চাচ্ছি যে কাগজে পড়লাম যে টি. টি. কৃষ্ণমাচারী যে পার্লামেণ্টে ভাষণ দিয়েছেন তাতে তিনি বলেছেন যে বিভিন্ন কোম্পানী রাজনৈতিক ফাণ্ডে কনট্রিবিউট করেছে ১ কোটি ১৪ লক্ষ টাকা। তার মধ্যে ৯৮ লক্ষ টাকা শুধু কংগ্রেস ফাণ্ডে এসেছে। এবং এ প্রসঙ্গে দুর্গাপুরের ব্যাপারটা খুব ইনটারেস্টিং হয়েছে। দুর্গাপুরের ব্যাপারে স্টেটসম্যান কাগজে যে অবজেকটিভ রিপোর্ট সাংবাদিকরা বের করেছেন তার জন্য তাঁরা ধন্যবাদের পাত্র এবং তারা যে গণতন্ত্রের আশার আলো জ্বেলেছেন—এর জন্য তাঁরা নিশ্চয়ই ধন্যবাদ পাবার যোগ্য। অতুল্যবাবু হুমকী দিয়েছেন শুধু সাংবাদিকদের নয়, যারা সরকারের সমালোচনা করবে তাঁদেরও হুমকী দিয়েছেন। কিন্তু একথা বলতে চাই, যে এই অতুল্যবাবু চিঠি সহি করে চিনির ডিলারদের সুগার ইম্পোর্টারদের গত ১৫ই ডিসেম্বর তারিখে কংগ্রেস ভবনে ডেকেছিলেন—আমি প্রস্তুত আছি প্রিভিলেজ কমিটিতে যেতে এবং কংগ্রেস নেতা হিসাবে মুখ্যমন্ত্রী রিফিউট করে বলুন মিথ্যা কথা যে ১৫ তারিখে কংগ্রেস ভবনে সেই মিটিং হয়নি। আমি বলছি সেই বৈঠকে সেখানে চিনির যারা ব্যবসায়ী তাদের বলা হোল যে পার ওয়াগন পিছু ১০০ টাকা করে দিতে হবে কংগ্রেস ফাণ্ডে। শেষ পর্যন্ত রফা হোল পার ওয়াগন ৪৫ টাকা। এইভাবে চিনির ইম্পোর্টারদের কাছ থেকে দুর্গাপুর কংগ্রেসের জন্য ৪০ হাজার টাকা আদায় করা হয়েছে। আপনি দেখুন, স্যার, যারা শয়তানী করবে তাদেরও বুদ্ধি খুলছে—হিউম্যান ইনজেনুয়িটির কোন সীমা নেই এবং আপনারা শুনলে অবাক হয়ে যাবেন যা আমি আগেরবারের অনাস্থা প্রস্তাবের সময় ঐ চিনির সম্বন্ধে রসিদ দেখিয়েছিলাম—চেকের নম্বর পর্যন্ত দেখিয়েছিলাম তখন মুখ্যমন্ত্রী একটু বেসামাল হয়ে পড়েছিলেন। এবার ওঁরা একটা নূতন কৌশল করেছেন। সেটা কি শুনুন—ওঁরা কংগ্রেস থেকে সুভেনার বের করেছেন যেটা এখনও পর্যন্ত কেউ প্রকাশ করেন নি ৪ শত পাতার সুভেনার বের করেছেন—ইংরাজী এবং বাংলা ভাষায় এবং পাতায় পাতায় এ্যাডভারটাইজমেণ্টের রেট শুনুন—আপনি একজন এ্যাটরনি হিসাবে ব্যবসায়ী জগতের সঙ্গে পরিচিত আছেন এই এ্যাডভারটাইজমেণ্টের রেট হচ্ছে fully page Rs. 3,000 for both edition, Rs. 2,000 for one edition.

আমি হিসাব করে দেখছি যে প্রায় ৮।১০ লক্ষ টাকা এ্যাডভারটাইজমেণ্ট বাবদ কলকাতার ব্যবসায়ীদের কাছ থেকে কংগ্রেস সুভেনারে ছাপান উপলক্ষে নেওয়া হয়েছে। ১৪ লক্ষ টাকা স্মল কনট্রিবিউসন গর্ব করে অতুল্যবাবু বলেছেন। এর অতিরিক্ত হচ্ছে শুধু ৮।১০ লক্ষ টাকা সুভেনারে নিয়েছেন। কংগ্রেসের দুর্গাপুর সেসনে ঐ যে বিরাট তামাসা ঐ যে পিকনিক পার্টি হয়েছিল ঐ পিকনিক পার্টির বিরাট প্যাণ্ডেলকে আলোকিত করবার জন্য ইলেকট্রিফিকেশনের জন্য ইংলিশ ইলেকট্রিক কোম্পানী ক্লাইব বিল্ডিংয়ে যাদের অফিস ভার দেওয়া হেল। প্রায় ৪০ হাজার টাকা খরচ করে ইলেকট্রিফিকেসান হয়েছিল। কংগ্রেস থেকে বলা হোল It should be taken as contribution to the Congress Party fund.

সুতরাং এই হোল কংগ্রেস পার্টি ফাণ্ডের কনট্রিবিউসন।

(এ ভয়েস ফ্রম দি কংগ্রেস বেঞ্চ: তাতে কি হোল)

এইভাবে স্যার, ট্রেজারী বেঞ্চের মেম্বারদের অনেক মন্তব্য করতে শুনবেন—কিন্তু তাতে তারা আমাদের কণ্ঠ কখনও স্তব্ধ করে দিতে পারবেন না।

(গোলমাল)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আপনার মাধ্যমে আর একটি জিনিসের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি—ক্যালকাটা পোর্টের প্রতি। এ সম্বন্ধে আমি আশ্চর্য হয়ে যাচ্ছি যে বাংলা সরকার এ ব্যাপারে সম্পূর্ণ উদাসীন এবং নীরব। ১৯২৭ সালের আমার কাছে পুস্তক রয়েছে—ক্যালকাটা পোর্টের ডেভেলপমেণ্টের জন্য একটা স্কীম করা হয়েছিল এবং সেই সময় ক্যালকাটা পোর্টের জন্য এই ম্যাপ তৈরী করা হয়েছিল। আপনি শুনলে স্তম্ভিত হয়ে যাবেন এবং কংগ্রেস বেঞ্চের যাঁরা দায়িত্বশীল সদস্য আছেন—ডাঃ প্রতাপ চন্দ্রের মত ব্যক্তি যাঁরা শুনলে আশ্চর্য হয়ে যাবেন—তাঁদের কাছে আমি বলছি তাঁরা অনুধাবন করুন—বাংলা দেশের যত চিত্রই আঁকুন কলকাতা পোর্ট শেষ হয়ে গেলে বাংলা দেশের অর্থনীতি ভারতের অর্থনীতি ভেঙ্গে পড়বে। আমি বলছি

Deputy Conservator of Calcutta Port one Mr. Mohon. He is in the pay of Pakistan.

এবং তার গেমই হচ্ছে ক্যালকাটা পোর্টকে পঙ্গু করে দাও—নষ্ট করে দাও। এবং আপনি দেখুন ক্যালকাটা পোর্ট চিটাগাং পোর্টের তুলনামূলক বিচার করুন দেখবেন জুট এবং টি ট্রেড ক্যালকাটা পোর্ট দিয়ে যা যাচ্ছিল তার বহু অংশ কমে গেছে—চিটাগাং পোর্ট ফ্লারিস করছে। কলকাতা পোর্টে কিং জর্জেস ডক ডেভেলপ করার জন্য হারবার মাস্টার সেখানে পরিকল্পনা দিয়েছিলেন। বাংলার স্বার্থে কলকাতার স্বার্থে উন্নয়নমূলক একটা পরিকল্পনা নিয়ে এগিয়ে আসবার জন্য, তাঁকে সেখানে ডিমোট করা হোল। ১২ই জানুয়ারী থেকে সেখানে স্ট্রাইক হচ্ছে—কিন্তু পশ্চিমবঙ্গ সরকার এ ব্যাপরে নির্বিকার—তাঁরা ভাবছেন যে এতে কিছুই হবে না। আপনি শুনলে অবাক হয়ে যাবেন যে কয়েক লক্ষ টাকা ব্যয় করে ঐ খিদিরপুর ডকে "সাইলো" বসানো হয়েছিল আমেরিকার কাছ থেকে সাহায্য নিয়ে ঐ সাইলো বসেছিল। এখানে মন্ত্রীরা আছেন তাঁরা বলুন ঐ সাইলোতে কত ছটাক খাদ্যশস্য সেখানে এসেছে। আগে যখন ইংরাজ আমলে বার্মা, রেঙ্গুন থেকে চাল আসতো তখন ৪০০ ফিটের বেশী জাহাজ আসতো না—কিন্তু আজকে যে সব জাহাজ আসবে সেগুলো ৫১৬ শত ফুট দীর্ঘ। সেই সমস্ত বিগার এবং ডিপার ড্রাফটের জাহাজ আসবে সেই সমস্ত ভেসেলস কলকাতা পোর্টে ঢুকতে পারবে না কলকাতা বন্দরকে পুর্নগঠিত না করলে, তার এক্সটেনশন না করলে। হলদিয়া পোর্টে তা নামাতে হবে অর্ধেক মাল—তাও কলকাতা পোর্টে ঢুকতে পারবে না এবং এই কলকাতা পোর্ট যদি শেষ হয়ে যায় তাহলে বাংলা দেশের অর্থনীতি একবারে শেষ হয়ে যাবে এবং এই কংগ্রেসীদের ষড়যন্ত্রের ফলে আজও পর্যন্ত দিল্লীর ঐ কর্মকর্তারা কলকাতা পোর্টকে ডেভেলপ করতে দিচ্ছে না এবং এই কলকাতা পোর্ট ডেভেলপ না হবার জন্য তারা এখন নূতন ফন্দী তুলেছেন হলদিয়া পোর্ট।

[4-25—4-35 p.m.]

আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে আপনার মাধ্যমে জানাতে চাই যে হলদিয়া পোর্ট হলেও কলকাতার পোর্টের চাহিদা সমানে বেড়ে যাবে। বিশেষজ্ঞরা বলছেন যে কলকাতার বন্দরে এখন যে ক্যাপাসিটি রয়েছে অর্থাৎ এখন যেখানে সাড়ে নয় লক্ষ মিলিয়ান টন মাল যেটা ওঠানামা করে সেটা আগামী বছরে ১৪ মিলিয়ন টনে দাঁড়াবে। এই মাল ওঠাবার এবং নামাবার জন্য কলকাতার পোর্টকে ডেভেলপ করা দরকার। আমরা কলকাতা বন্দরের উন্নয়ন করিনি বলে ভাইজাগ বন্দরে সিপ ইয়ার্ড চালু হল, এটা কলকাতায় নিশ্চয়ই হতে পারত। কলকাতা বন্দর মার খেয়েছে। সুতরাং আপনার মাধ্যমে এই কথা বলছি যে কংগ্রেসের যে নীতি চলেছে তার ফলে বাংলা দেশ শেষ হয়ে যাবে। আমি জানি যে গণতন্ত্র বাঁচে রেসপনসিবল গভর্ণমেণ্ট বাঁচে যেখানে পরাজয়ের আশঙ্কা আছে।

Responsible Government in democracy lives in the shadow of coming defeat.

আমি জানি যে মুখ্যমন্ত্রী বার বার একথা বলেন যে আমরা ভোটে জিতছি—ঠিকই—বার বার আপনারা ভোটে জিতছেন এবং আমরা হেরে যাচ্ছি—কিন্তু তাতে কি আসে যায়। আপনি জানেন এদেশ সম্বন্ধে কবিগুরু বলেছিলেন........

"স্কন্ধে যত চাপে ভার বহি চলে মন্দ গতি
যতক্ষণ থাকে প্রাণ তার, তারপর সন্তানেরে দিয়ে যায় বংশ বংশ ধরি।
নাহি ভর্ৎসে অদৃষ্টেরে নাহি নিন্দে দেবতারে স্মরি
নাহি জানে অভিমান
মানবেরে গাহি দেয় দোষ।
শুধু দুটি অন্ন খুটি কষ্টে ক্লিষ্টে প্রাণ
কোনমতে রেখে দেয় বাঁচাইয়া।
সে অন্ন যখন কেহ কাড়ে
সে প্রাণে আঘাত দেয়
গর্বান্ধ নিষ্ঠুর অত্যাচারে
নাহি জানে কার দ্বারে দাঁড়াইবে বিচারের আশে।
দরিদ্রের ভগবানে বারেক ডাকিয়া
দীর্ঘশ্বাসে মরে সে নীরবে।"

এই হচ্ছে দেশের চিত্র। এ তো কবিগুরু গেয়ে গেছেন আমাদের দেশের কথা। এরা বার বার মার খাবে, এরা বিদ্রোহ করতে জানে না—এদেশের ইতিহাস হচ্ছে জয়চাঁদ থেকে মির্জাফর-এরা জালিমের বিরুদ্ধে বিদ্রোহ করতে শেখায় নি। এরা ষড়যন্ত্র করে বিদেশীকে ডাকবার শিক্ষা দিয়েছে। আর কংগ্রেস সরকার বিরোধী শক্তিকে বার বার আঘাত হেনে শুধু সেই জালিমের বিরুদ্ধে বিদ্রোহ করবার শিক্ষা না দিয়ে তার বিরুদ্ধে ষড়যন্ত্র করবার শিক্ষা দিয়াছে। তাই মানুষ চেয়ে থাকে বিদেশের দিকে। এদেশে বিদ্রোহ করবার স্বপ্ন দেখে না। এই জন্য আপনাদের বলছি যে আজ নূতন করে ভাবতে হবে যে এই ভাবে জনসাধারণের দুঃখ কষ্টকে আপনারা যদি বার বার পদদলিত করে এগিয়ে যেতে চান তাহলে আপনাদের রেহাই কখনও হবে না। এখানে গভর্ণরের এ্যাড্রেসের মধ্যে ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্ট সম্বন্ধে একটা কথা বলা হয়েছে যে ৯ শতটি বাসের মধ্যে ৫৫০-এর বেশী বাস রাস্তায় নামে না এবং আপনি শুনলে অবাক হয়ে যাবেন যে ৯ শত লোক দিয়ে একটা সেন্ট্রাল ওয়ার্কসপ চালু হয়েছিল—সেই ৯ শত লোক আজ ১ বছরের উপর বসে আছে—এদের ১ লক্ষ ১।। লক্ষ টাকা মাইনে দিতে হচ্ছে—ওভার হেড এবং অন্যান্য এ্যাডমিনিস্ট্রেসন খরচ ছেড়ে দিচ্ছি এবং একটা গাড়ীরও বডি বিল্ডিং এখানে হচ্ছে না। আমি বলছি পশ্চিমবঙ্গ সরকারের কংগ্রেস দলের কি দায়িত্ব নেই—এটা কি শুধু বিরোধী দলের দায়িত্ব। হায়দ্রাবাদ অলউইন কোম্পানীতে বডি বিল্ডিং হচ্ছে, সেন্ট্রাল ওয়ার্কসপ থাকা সত্ত্বেও এখানে বডি বিল্ডিং হচ্ছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তার জন্য প্রতি সপ্তাহে শ্রীএ. বি. গাঙ্গুলীর দল গিয়ে হাজার হাজার টাকার বিল সাবমিট করছেন—হায়দ্রাবাদে গিয়ে দেখে আসছেন কয়খানি বাস তৈরী হোল। আজ পর্যন্ত কয়খানি ডেলিভারী পেয়েছেন সেটা আমি জানতে চাচ্ছি। এই ভাবে হায়দ্রাবাদ অলউইন কোম্পানী থেকে স্টেট বাস তৈরী হয়ে আসছে এবং তার জন্য এ্যাডিসন্যাল সেলস ট্যাক্স, ট্রান্সপোর্ট কস্ট, এ্যাডিসন্যাল এক্সপেণ্ডিচার দেশকে দিতে হচ্ছে। আজ কাদের জন্য বাসের ভাড়া বেড়েছে—যাত্রীদের ঘাড় থেকে বেশী ভাড়া নেওয়া হচ্ছে—এবং তার জন্য ট্রামের রোজগার বাড়ছে। সুতরাং সমস্ত দিক দিয়ে আমরা দেখছি যে এই রাজ্য সরকারের যে নীতি তা দেশকে বিপর্যয়ের দিকে নিয়ে যাচ্ছে। কাজেই আজকে সে দিক থেকে বিবেচনা করবার সময় এসেছে। লজিকে একটা ফ্যালাসী ছিল

Where there is fire, there is smoke.

ফ্যালাসিটা এইখানে যে আগুন থাকলেই সেখান থেকে ধোঁয়া দেখা যায় না।

এটা আসলে হবে।

Where there is smoke, there is fire

কেন না, আগুনও জ্বলে অনেক সময় যেখানে ধোঁয়া হয় না। আমরা দেখছি যে সেখানে আগুন ধিক ধিক করে জ্বলে যাচ্ছে—কিন্তু সেই আগুন দহন করছে আলো দিচ্ছে না—জ্বালিয়ে পুড়িয়ে মারছে গোটা দেশকে। আজকে কংগ্রেসের এই নীতি জনস্বার্থ বিরোধী এবং গণতন্ত্র বিরোধী। সেদিক থেকে আমি আপনার মাধ্যমে একথা বলতে চাচ্ছি যে আপনারা যদি গণতন্ত্রকে বাঁচাতে চান তাহলে বিরোধী পক্ষ যে কথা বলছেন সে কথা আপনাদের শুনতে হবে। এমন দেশ তো আমি জানি না আছে কিনা যেখানে বিরোধী দলের একটা কথাও সরকারি দল শুনে না। আমি বলছি আপনারা আমাদের ১০ পারসেণ্ট কথা শুনুন ৯০ পারসেণ্ট কথা না হয় ছেড়ে দিন। আমি বলছি আপনারা ডি. আই. রুল যা করেছেন সেটা সম্পূর্ণভাবে অপব্যবহার করছেন। আমি ডি. আই. রুলের ভুক্তভোগী হিসাবে আমি বলছি দেশে যা অবস্থা তাতে ডি. আই. রুল চালু রাখার কোন মানে হয় না। আপনারা যাদের চীনের দালাল বলে ধরেছেন আমি শুধু বলছি কেন আপনারা জয় প্রকাশ নারায়ণকে ছেড়ে দিয়েছেন যিনি মাইকেল স্কটকে নিয়ে বিদেশীদের একজন দালালকে নিয়ে দেশের সার্বভৌমত্বের বিরুদ্ধে, দেশের স্বার্থের বিরুদ্ধে যিনি দিনের পর দিন বক্তৃতা করছেন আর কাগজে দিনের পর দিন এ্যাণ্টি-ন্যাশানাল কথা বলে যাচ্ছেন? যিনি ঐ আবদুল্লাকে ঠেলছেন কাশ্মীরকে স্বাধীন করার জন্য, যিনি ইঙ্গ-মার্কিণ চক্রান্তের মধ্যে কাশ্মীরকে ঠেলে দেওয়ার চক্রান্ত করছেন সেই বিনোবা ভাবে সেই পার্লামেণ্ট মেম্বার সুধীর ঘোষ সেই জয় প্রকাশ নারায়ণ তাঁদের সম্বন্ধে তো একটি কথাও বলছেন না? তাহলে দেখা যাচ্ছে

It is just means of quenching a thirst for political vendetta.

এটা আপনারা করবেন না, এটা করে আপনারা শুধু শুধু অন্য শক্তিকে বাড়াচ্ছেন। এ কি লোকে মেনে নেবে? যারা দেশের স্বার্থের বিরুদ্ধে যাবে জনতার রায় তাদের বিরুদ্ধে যাবেই। আদালতে তাদের প্রোডিউস করুন। ব্যাঙ্ক অব চায়নার এ্যাকাউণ্ট কেন প্রোডিউস করছেন না? হোয়াইট পেপার কেন আনছেন না? আমি বিশ্বাস করি না ৭৫ বছরের বৃদ্ধ মোজাফফার আমেদ সাহেব পকেটে পিস্তল নিয়ে গিয়ে বোমা নিয়ে গিয়ে এই সরকারের বিরুদ্ধে মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে খগেন বাবুর বিরুদ্ধে বেরুবেন। এ আমি কখনও বিশ্বাস করি না। আমি জানি অনেকেই জানেন তাঁর সঙ্গে আমার রাজনৈতিক মৌলিক পার্থক্য আছে। কিন্তু কেন আপনারা সেই ৭৫ বছরের বৃদ্ধকে জেলে আটকে রেখে দিয়েছেন এবং তার সঙ্গে আরো অনেককে আটকে রেখে দিয়েছেন? আপনারা চালের কলের মালিক, লক্ষ্মী ফ্লাওয়ার মিলের ডিরেক্টরকে অশোক কৃষ্ণ দত্ত তার একজন ডিরেক্টর, তাঁরই চেষ্টায় তাঁরই হস্তক্ষেপের ফলে তাঁকে আপনারা জেলের মধ্যে রাখবেন না আপনারা আবার বলছেন ডি, আই, রুল প্রয়োগের কথা। চীনের আক্রমণ যখন হল, একটার পর একটা জায়গার যখন পতন হল, যখন সমগ্র দেশের মনে কালো ছায়া নেমে এল, যখন বুঝলেন লারে লাপ্পা গান, হিন্দি ফিল্মের নক্কারজনক গান পরিবেশন করে দেশকে জাগানো যাবে না দেশাত্মবোধ জাগানো যাবে না তখন পুরানো ইতিহাসের পাতা খুঁজতে খুঁজতে দেখা গেল বাংলা দেশে একজন জন্মে ছিলেন যার নাম দ্বিজেন্দ্র লাল রায়, নদীয়ার কৃষ্ণনগরে জন্ম গ্রহণ করেছিলেন, যে জাতীয় কবি আমাদের দেশে গেয়েছিলেন—

"ওমা তোমার চরণ দুটি বক্ষে আমার ধরি
এই দেশেতে জন্ম যেন এই দেশেতেই মরি।"

এবং যিনি বলেছিলেন—

"দেবী আমার সাধনা আমার স্বর্গ আমার আমার দেশ"

সেই কবির জাতীয় কবির স্মৃতি আপনারা রক্ষা করেন নি। শুধু ডি. আই. রুল বলে দেশ প্রেমের কথা বলে কংগ্রেস যে কথা বলছেন এটা একেবারে ঝুটা কথা, এ আমরা কেউ বিশ্বাস করব না এবং কংগ্রেস ডি. আই. রুল দিয়ে যদি গণতন্ত্রকে বন্ধ করতে চান তার কণ্ঠ রোধ করতে চান তাহলে আমি বলব—

কংগ্রেসের কারাগারেই কংগ্রেস হন্তা জন্মাবে,
যেমন যদু বংশের ধ্বংসের ঐ মুষল যদু বংশে যে কোনো দিন।

Dr. Golam Yazdani: Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz.:

"But regret that there is no mention in the Governor's Speech about—

(a) the untold miseries of the people of Calcutta and Industrial area who have not yet got ration cards and who have to stand for long hours in queues to deposit applications for ration cards and who will have to wait for weeks to have these cards;

(b) the difficulties of the people in towns and as well as in mofussils in getting mustard oil;

(c) high price of essential commodities;

(d) improving programmes for developmental works in North Bengal which is much underdeveloped and which practically has no industry at all;

(e) improving literacy in North Bengal;

(f) construction of sluice gates over the Malear Bundh which was cause of loss of crops in vast areas in the Harischandrapur police-station of Malda district during the last flood;

(g) the minorities who have very little facilities for entering into various services in the State;

(h) arrest of workers of opposite political opinions indiscriminately and also arresting many M.L.A.s and keeping them in prison without trial and also preventing these M.L.A.s to attend the Assembly Sessions;

(i) failure of introduction of coupon system for breads in Calcutta; and

(j) oppression on poor peasants of Habibpur and Bamongola police-stations of Malda district for realising loan.

মাননীয় স্পীকার মহাশয়, রাজ্যপালের ভাষণ বলে যে পুস্তিকা আমাদের কাছে দেওয়া হয়েছে তা পড়ে আমাদের মনে চরম হতাশা জাগে। কেন না এর মধ্যে যত কথা আছে তারমধ্যে অনেক কথা আমরা তাঁর পূর্ববর্তী ভাষণে দেখেছি। এর মধ্যে সর্ব সত্য অনেক কথা আছে এবং অনেক কথা নেই। আমি কয়েকটি বিষয়ের প্রতি মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করব। রাজ্যপালের ভাষণে রয়েছে

Agriculture had been given topmost priority in our plan.

এই ২।৩ বছর থেকে প্রত্যেকবারের ভাষণে আমরা দেখি যে এগ্রিকালচারএ সর্বাধিক গুরুত্ব দেওয়া হচ্ছে। কিন্তু বাস্তব চিত্র কি? আমরা চাষীর ছেলে, গ্রামে থাকি, এখানে বসে যখন শুনি গভর্নমেণ্টের তরফ থেকে বলে যে কৃষির দারুণ উন্নতি হয়েছে উৎপাদন বেড়েছে তখন আমাদের মনের মধ্য প্রশ্ন জাগে সত্যাই কি তাই হয়েছে আমরা যখন দেশে যাই তখন দেখি অন্য রকম চিত্র। কৃষির উন্নতি হয়েছে উৎপাদন বেড়েছে এটা আমরা দেখি না। গভর্নমেণ্টের লোক যাঁরা স্ট্যাটিস্টিক্স তৈরি করে যাঁরা এই রকম বড় বড় স্ট্যাটিস্টিক্স আমাদের সামনে রাখেন আমাদের দেশে কৃষি উন্নতি হয়েছে বলে তাঁদের আমি বলব বাস্তবিকপক্ষে এই ধরণের কৃষির উন্নতি হয়নি। কেন না কৃষির উন্নতির জন্য তাঁরা যে সমস্ত চেষ্টা করেছেন তাতে দেখা সত্যিকারে কৃষির উন্নতি হয়নি। তা যদি তাঁরা চাইতেন তাহলে আমরা দেখতে পেতাম আজকে সকল ভূমিহীন কৃষক জমি পেয়েছে এবং তারা চাষের জন্য যে সমস্ত সুযোগ সুবিধা তা পাচ্ছে। মাননীয় রাজ্যপাল বলেছেন যে ভেস্টেড ল্যা

দিয়ে দেওয়ার ব্যবস্থা করেছে। মাননীয় স্পীকার মহাশয় যদি বাস্তব চিত্র দেখেন তাহলে দেখবেন ভেস্টেড ল্যাণ্ড ডিসাট্রিবিউটিং কমিটি বলে একটা কমিটি হয়েছে, তাদের মাধ্যমে আমরা যেটুকু আশা করেছিলাম তা হয় নি। কতটুকু হয়েছে সে সম্বন্ধে বার বার প্রশ্ন করেও আমরা তার সঠিক খবর জানতে পারিনি। এই সমস্ত ভেস্টেড ল্যাণ্ড সঠিকভাবে দেওয়া হয়নি, দু'চারটা ভেস্টেড ল্যাণ্ড যা দেওয়া হয়েছে তার মধ্যে এত দুর্নীতি যে তহসিলদার এবং অন্যান্য সোর্সে এমন দুর্নীতি হচ্ছে যে ভাগচাষীরা উচ্ছেদ হয়ে গেছে। এই সমস্ত দুর্নীতির কথা কতবার যে আমরা ম্যাজিস্ট্রেটের সামনে গিয়ে বলেছি, উর্ধতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেছি আর চিন্তা নাই। গরীবচাষী যারা খাদ্য উৎপাদন করে সমস্ত দেশের মানুষকে বাঁচিয়ে রেখেছে তাদের প্রতি গভর্ণমেণ্ট সম্পূর্ণভাবে সহানুভূতিশীল হচ্ছেন না, বিশেষ করে যেভাবে কৃষির উন্নতি চাইছেন তাতে তাদের প্রতি মুখে সহানুভূতির কথা বলছেন কিন্তু সত্যিকারভাবে কাজে এগিয়ে আসছেন না যে সমস্ত জমি বেনামী হস্তান্তর হয়ে গেছে সেই সমস্ত জমি উদ্ধারের কোন পরিকল্পনা গভর্ণমেণ্টের নেই। তারপর যখন দেখি চান্স আসে তখন গভর্ণমেণ্ট চাষীকে সাহায্য না করে জমিদারকে সাহায্য করেন। এই ধরণের ভুরি ভুরি উদাহরণ দেওয়া যেতে পারে। আমাদের মালদহ জেলার ভুরি ভুরি উদাহরণ দেওয়া যেতে পারে। মাননীয় সদস্য নিমাই মু্ বলে গেছেন সেখানে কিভাবে ভাগচাষীরা উচ্ছেদ হয়ে গেছে এবং কিভাবে কৃষকের উপর জুলুম হচ্ছে।

[4-35—4-45 p.m.]

তারপর কৃষির উন্নতি করতে গেলে যা দরকার—সেই সেচের ব্যবস্থা কিছু নাই, তাঁরা সেসব কিছু করছেন না। এর পূর্ববর্তী ভাষণে রাজ্যপাল বলেছিলেন যে নদী থেকে জল পাম্পিং মেশিন দিয়ে তুলে নিয়ে নদী পার্শ্বস্থ অনাবাদী জমিতে ফেলে, সেই সমস্ত জমিকে উর্বর করে তুলবেন। কিন্তু বাস্তবিক সেসব ব্যবস্থা কোথায়? তার কোন ব্যবস্থা হয় নাই। তা আজও আমরা বাস্তবে রূপায়িত হতে দেখিনি। যদি গ্রামাঞ্চলে গিয়ে চাষীকে আপনি জিজ্ঞাসা করেন, তাহলে দেখবেন—তারা বলবেন যে যখন গভর্নমেণ্টের এই সমস্ত পরিকল্পনা ছিল না, ব্লক অফিস ছিল না, এগ্রিকালচার অফিস ছিল না এক্সটেনসান সার্ভিস ছিল না, তখন যে ভাবে আমাদের চাষের উৎপাদন হতো এখনো তাই হচ্ছে, কোন বার বেশী হচ্ছে, কোনবার কম হচ্ছে। তাহলে এই সমস্ত সাইণ্টিফিক প্রোসেসগুলো ব্যবহার করে আমাদের কি ফল লাভ হলো? ফলে চাষীরা বেকার হয়ে পড়ে, ছয় মাস তাদের বসে থাকতে হয়, টেস্ট রিলিফের কাজের উপর নির্ভর করতে হয়। এই চাষীমজুরদের বেকারের সংখ্যা তাই দিন দিন বেড়ে যাচ্ছে। পশ্চাদপদ যে সমস্ত এলাকা আমাদের দেশের মধ্যে রয়েছে, তার উন্নতি করবার কোন পরিকল্পনা এই রাজ্যপালের ভাষণে নাই। আমি উদাহরণস্বরূপ বলবো আমাদের নর্থ বেঙ্গলের কথা। সবাই জানেন সেটা অবহেলিত এলাকা। অনগ্রসর এলাকা। আমরা দেখছি স্বাধীনতার ১৭ বছর পরেও উত্তরবঙ্গ যে রকম অনগ্রসর পূর্বে ছিল, এখনও সেই আছে। আমাদের কৃষি প্রধান দেশ—কৃষির উপর নির্ভরশীল—একথা সবাই জানেন। এখানে যদি খানিকটা শিল্প গড়ে না ওঠে, তাহলে খালি কৃষি নিয়ে আমাদের দেশ বাঁচতে পারে না, আমাদের দেশের অর্থনৈতিক কাঠামোও স্থায়ী হতে পারে না। তার ফলে আজকে দেখছি সমস্ত নর্থ বেঙ্গলের অর্থনৈতিক কাঠামো যেন ভেঙ্গে পড়ছে। এখানে মাঝারী শিল্প বা বড় শিল্প বলে কোন জিনিষ নাই। একথা আমি সবিনয়ে ট্রেজারী বেঞ্চের সভ্যদের দৃষ্টি আকর্ষণ করবো যাতে সেখানে মাঝারী ও বড় শিল্প স্থাপনের পরিকল্পনা গ্রহণ তাঁরা করেন। নর্থ বেঙ্গলে ফরাক্কা ব্যারেজ না হলে ওখানে যাতায়াতের ভীষণ অসুবিধা হয়—এই অজুহাত তাঁরা বরাবর দিয়ে থাকেন। আজকাল ফেরীতে সেখানে পারাপার করা সম্ভব। এমন কি মস্তবড় ট্রাক ও পার করা চলতে পারে। অথচ সে সম্বন্ধে ও কোন ব্যবস্থা হচ্ছে না, বড় শিল্প ও কিছু হচ্ছে না। এ সম্বন্ধে কোন কথা রাজ্যপালের ভাষণে নাই।

নর্থবেঙ্গল যে একটা অনগ্রসর এলাকা তার প্রধান প্রমাণ হচ্ছে শিক্ষার হার এখানে অত্যন্ত কম। শতকরা ষোল ভাগ সেখানে শিক্ষার হার সারা বাংলা দেশে যেখানে শিক্ষার হার ৩০। এই উত্তর বঙ্গের মধ্যে আবার মালদা জেলাতে শিক্ষার হার সবচেয়ে কম।

যেখানে শিক্ষা বিভাগের রাষ্ট্রমন্ত্রী শ্রীসৌরীন্দ্র মোহন মিশ্র হচ্ছেন সেই জেলার লোক। সেখানে শিক্ষার হার সবচেয়ে কম এর চেয়ে দুঃখের বিষয় আর কিছু হতে পারে না, এই শিক্ষার হার বাড়াবার যে খুব একটা প্রচেষ্টা হয়েছে—তা আমি বলতে পারবো না। কারণ মালদহ জেলায় একটা কলেজ করার যথেষ্ট সুযোগ আছে। অথচ তা আজও করা হচ্ছে না। অবশ্য নর্থ বেঙ্গল ইউনিভার্সিটি হয়েছে। তাতে আমরা খুসী হয়েছি। কিন্তু নর্থবেঙ্গলের শিলিগুড়ি কিংবা জলপাইগুড়ি ছাডা নর্থবেঙ্গলের দুদিকে দিনাজপুর ও মালদহে দুটো কলেজ করে দেওয়া উচিত। কিন্তু এদিকে শিক্ষা বিভাগের কোন দৃষ্টি নাই। যার ফলে আজকে নর্থ বেঙ্গলের চারিদিকে অনুন্নত হয়ে আছে এবং সেখানে শিক্ষার প্রসার কিছু হচ্ছে না। বিশেষ করে সেখানে যে মেডিকেল কলেজ হবার কথা ছিল—তা আজও হল না। একটা এগ্রিকালচারাল কলেজও সেখানে হ'ল না কেন?

তারপর উত্তরবঙ্গের উপর থেকে কিভাবে সরকারের দৃষ্টি চলে যাচ্ছে তার বড় প্রমাণ হোল সেখানে যে নদীগুলি আছে, যেমন তোর্যা, কালজানা, জলঢাকা, তিস্তা, রায়ডাক তাতে প্রতি বছর বিরাট প্লাবন হয়ে ফসল নষ্ট হয় কিন্তু তারজন্য কোন পরিকল্পনা নেই যে কি করে এটা নিবারণ করা যায়। এই বন্যার সম্বন্ধে বলতে গিয়ে আর একটা কথা বলতে চাই, যে মালদহের হরিশচন্দ্রপুরে যে মালিয়র বাঁধ আছে সেটা অবৈজ্ঞানিক প্রথায় করা হয়েছে এবং সেখানে গত বছর বন্যার ফলে চাষীর জমি এবং ফসল নষ্ট হয়েছে। গভর্নমেন্টকে বলা সত্বেও সেই বন্যার ব্যাপারে কোন ব্যবস্থা করলেন না—জমির ফসল নষ্ট হয়ে গেল অথচ জল বার করে দেবার কোন ব্যবস্থা করলেন না। সেখানে স্লুইচ গেট আজ পর্যন্ত করা হোল না এবং এই ভাবে দেখা যায় নর্থবেঙ্গলের ব্যাপারে গভর্নমেন্ট কোন সক্রীয় কাজ করতে চান না। তারপর রাজ্যপাল বলেছেন,

"An Emergency Road Development Programme was undertaken in North Bengal and National Highway No. 31 was widened and improved at a cost of Rs. 12 crores."

অর্থাৎ ইমারজেন্সী অবস্থায় রাজ্যপাল বলছেন উত্তরবঙ্গের প্রতি যথেষ্ট মনোযোগ দিয়ে ন্যাশনাল হাইওয়ে নম্বর ৩১-কে ইমপ্রুভ করা হয়েছে। কিন্তু এই যে প্রশংসা এই যে কৃতিত্ব এটা রাজ্য সরকারের নয়, এটা কেন্দ্রীয় সরকারের। জরুরী অবস্থার পর যখন দেখা গেল আমাদের রাস্তাঘাট ভাল করতে হবে ডিফেন্স-এর জন্য তখন ন্যাশনাল হাইওয়ে ৩১-কে ইমপ্রুভ করা হয়েছে। কাজেই এতে রাজ্য সরকারের কোন হাত নেই। আজকে আমাদের দেশে ইমারজেন্সী ডিক্লার্ড হয়েছে, কিন্তু নর্থবেঙ্গলের রাস্তাগুলো যেমন গাজল থেকে মালদহ এই যে লাইনস অব কমিউনিকেসন সেটাকে ভাল করবার জন্য দৃষ্টি দেননি। আমরা বারে বারে গভর্ণমেন্টের দৃষ্টি আকর্ষণ করে বলেছি যে মালদহের রাস্তাগুলো যাতে ভাল হয় তার জন্য কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকৃষ্ট করুন। আমাদের রাজ্যপাল বলেছেন আমাদের শত্রু রয়েছে, পাকিস্তানের তরফ থেকে আক্রমণ হয় কাজেই আমাদের লাইন্স অব কমিউনিকেসন যাতে অনেক গুলো থাকে তারজন্য রাস্তার ব্যবস্থা করা দরকার। কিন্তু আমাদের গভর্নমেন্ট মোটেই সেটা করেন নি। তারপর গভর্নর আর একট জায়গায় বলেছেন যে, এক্সটেনসিভ রিলিফ ওয়াজ গিভেন টু ভিকটিমস অব কম্যুনাল ডিসটারবেনসেস। অর্থাৎ বলা হচ্ছে গত বছর জানুয়ারী মাসে যে সাম্প্রদায়িক হাঙ্গামা হয়েছে তাতে নাকি এক্সটেনসিভ রিলিফ দেওয়া হয়েছে। আমি স্যার, খুব দৃঢ়তার সঙ্গে বলতে চাই যে, এক্সটেনসিভ রিলিফ তো দেওয়া হইনি, বরং অধিকাংশ জায়গায় রিলিফই দেওয়া হয়নি। স্যার, আপনি যদি কোলকাতার নারকেলডাঙ্গা, চামরুসি লেন, ছাতুবাগান, বিবিবাগান, হাড়ডিবাগান, মেছুয়াবাজার এবং কলাবাগান প্রভৃতি জায়গায় যান তাহলে দেখতে পাবেন অনেক জায়গার তারা ক্ষতিপূরণ পায়নি। ছাতুবাবু লেন, বিবিবাগান, হাড়ডিবাগান এবং চামরুসি লেন প্রভৃতি জায়গাগুলি সি. আই. টি. স্কীম-এ চলে যাবে বলে তাদের হাউস বিল্ডিং

গ্র্যাণ্ট দেওয়া হয়নি। কিন্তু আজকে সেগুলি পরিত্যক্ত হওয়া সত্বেও তাদের হাউস বিল্ডিং লোন দেওয়া হয়নি। তারপর, সেই হাঙ্গামায় ক্ষতিগ্রস্ত লোকদের ১ হাজার ২ হাজার টাকা রিলিফ দেওয়া হবে বলা হয়েছিল, কিন্তু শেষ পর্যন্ত দেখা গেল তাদের মাত্র ৮ টাকা গ্র্যাণ্ট দেওয়া হয়েছে। এ হোল এক্সটেনসিভ রিলিফের নমুনা। তারপর রাজ্যপাল পূর্ব পাকিস্তান থেকে আগত রিফিউজীদের সম্বন্ধে বলেছেন। তাদের প্রতি আমাদের পূর্ণ সহানুভূতি আছে, কিন্তু আমরা জানি গভর্ণমেণ্ট তাদের সাহায্য করছেন না। আমি আশা করি গভর্নমেণ্ট নিশ্চয়ই তাদের সাহায্য করবেন।

[4-45—4-55p.m.]

কিন্তু আর একটা জিনিষের প্রতি আমি গভর্নমেণ্টের দৃষ্টি আকর্ষণ করছি। এখানে যে মুসলমানরা চলে যাচ্ছে সে খবর এঁরা রাখেন কি? হাবড়াতে, গাইঘাটা থানার গাজনা থেকে গত সাম্প্রদায়িক দাঙ্গা হাঙ্গামার সময় থেকে সেখানকার গ্রাম থেকে মুসলমানরা পাকিস্তানে চলে যাচ্ছে, কেন চলে যাচ্ছে সে সম্বন্ধে রাজ্যপালের ভাষণে কোন কথা নাই। যেখানে নীতি নির্ধারণ করার জন্য ভাষণ সেখানে কেন এ সম্বন্ধে নেই, আমাদের দেশে কেন এ অবস্থা চলে যাতে এরা না যায় তার একটা ব্যবস্থা করা দরকার যে সমস্ত গ্রাম থেকে এরূপ চলে যাচ্ছে তার দুএকটা নাম আমি বলে দিতে পারি হাবড়া থানায় বেলগ্রাম, জয়গাছি নগরঠুবা, হিজলপুকুর ইত্যাদি। এই রকম বহু গ্রাম আছে যেখানে খুব কম লোক আছে, জায়াফুল দরযুবা, আ।রা এই রকম বহু গ্রাম থেকে মুসলমানরা চলে যাচ্ছে। আমার বক্তব্য হচ্ছে এদিকে গভর্নমেণ্টের দৃষ্টি আকৃষ্ট হওয়া উচিত। নিশ্চয়ই তারা নিরাপত্তার অভাব বোধ করছে, গভর্নমেণ্টের উচিত তাদের এশিউরেন্স দেওয়া যাতে তারা না যায় তার জন্য ব্যবস্থা করা। এই প্রসঙ্গে আমি আর একটা কথা বলবো বাটানগর লুঙ্গি এলেকায় চুনুড়িপাড়ায় এবং ধর্মতলা থেকে সমস্ত লোক চলে যাচ্ছে, দচারটি ফোর্সফুল অকুপেশন হয়েছে, এগুলির প্রতি আমি গভর্নমেণ্টের দৃষ্টি আকর্ষণ করছি। কেন এই রকমভাবে এরা পাকিস্তানে চলে যাচ্ছে এই সমস্ত মুসলমানরা চলে যাচ্ছে তার কারণ নির্ধারণ করা গভর্নমেণ্টের উচিত। সাধারণভাবে আমরা যা দেখছি সংখ্যালঘু সম্প্রদায় আজকে সেফ মনে করছেন তারা সেকেণ্ড ক্লাস সিটিজেন হিসাবে পরিণত হচ্ছে, চাকুরি ক্ষেত্রে সব জায়গায় ডিসক্রিমিনেশন হচ্ছে। আমার কাছে তথ্য আছে। ফার্স্ট ক্লাস পেয়েছে বাংলাতে, কোথাও চাকুরি পায়না বাধ্য হয়ে পাড়াগায়ে গিয়ে স্কুল মাষ্টারী করছে ছোট ছোট চাকুরি বাকুরিতো দূরের কথা। নানা কারণে তারা চলে যাচ্ছে। আজকে হিন্দু মহাসভা থেকে প্যাম্পলেট ছড়িয়ে দিচ্ছে কলকাতার বাজারে। আমি একটু পড়ে শুনিয়ে দিচ্ছি। পাম্পলেটটার নাম হচ্ছে যিনি ছাপিয়েছেন তার নাম ... সাধারণ সম্পাদক, বঙ্গীয় প্রাদেশিক হিন্দু মহাসভা, ১৬২ বিপিন গাঙ্গুলী ষ্ট্রীট।" কংগ্রেস সরকার ধর্মের ভিত্তিতে মুসলিম রাষ্ট্র পাকিস্তান সৃষ্টি করিয়া ভারতে ৫ কোটির বেশী পাক-প্রেমিক মুসলমান পুষিয়া রাখিয়া হিন্দুর ধনপ্রাণ ও নারীর সম্মান বিপন্ন করিতেছেন ও ভারতের নিরাপত্তা বিপন্ন করিয়া ভারতকে পাকিস্তানে পরিণত করিবার সহায়তা করিতেছেন।' সুতরাং বলা হচ্ছে এই সমস্ত মুসলমানদের পাকিস্তানে পাঠিয়ে দেওয়া হোক। এই বলে বলেছেন আর এক জায়গায় পাকিস্তানের ১ কোটি হিন্দুর পরিবর্তে ভারতের ও ৫ কোটি মুসলমান চলিয়া গেলে ভারতের আর্থিক ও খাদ্য সমস্যার সুরাহা হইবে, হিন্দু যুবকেরা কাজ পাইবে। এই আবেদন করেছেন। আর একটা পাম্পলেট চাউল সঙ্কট ও প্রতিকার" মহেন্দ্র কুমার ঘোষ হিন্দু মহাসভা থেকে ছাপিয়েছেন, তিনি বলছেন "পাড়ায় পাড়ায় শোভাযাত্রা ও সভাসমিতি মাধ্যমে লোক বিনিময়ের প্রস্তাব গ্রহণ করিয়া জনমত গঠন এবং সরকারকে ও বিভিন্ন পত্রিকায় ঐ প্রস্তাবের নকল প্রেরণ, যাহাতে জাতীয় সরকার জনমতের দাবী মানিতে বাধ্য হইবে।" "দেখা যাইতেছে দুই বেলা দুটি ভাত খাইবার জন্য এবং ভারত ওবিশেষ করিয়া পশ্চিমবাংলা, আসাম ও ত্রিপুরার নিরাপত্তার জন্য প্রয়োজন বিভক্ত ভারতকে মুসলমানশূন্য করা।" এই সমস্ত কথা লিখে তারা এগুলি বিলি করেছেন। এ দিকে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। ভারতের সংবিধানে বড় বড় করে যে সব কথা বলেছেন, আজকে এই সমস্ত লোকের প্রতি কেন সরকারের দৃষ্টি আকৃষ্ট হবে না এটাই

আমার জিজ্ঞাস্য। আমি তাই বলবো এ বিষয়ে কিছু করা দরকার নইলে কি করে এখানে মুসলমান থাকবে, সেজন্য আমি গভর্নরের বক্তৃতার উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে, আমি সেই প্রস্তাবের বিরোধিতা করছি।

[4-55—5-5 p.m.]

Shri Apurba Lal Mazumder:

মাননীয় স্পীকার মহোদয়, মাননীয়া রাজ্যপালিকার ভাষণের উপর কংগ্রেস পক্ষের বিভিন্ন বক্তার বক্তৃতা এই কয়েকদিন ধরে শুনছিলাম। এই হাউসের মধ্যে কংগ্রেসের তরফ থেকে যে প্রস্তাব উত্থাপন করা হয়েছে, তাকে সমর্থন জানাবার জন্য, ধন্যবাদ জ্ঞাপনের জন্য যে কথাগুলি তাঁরা এখানে বলেছেন, আমার মনে হয় সেই বক্তৃতা বাইরে দিতে পারলে জনসাধারণের বিক্ষোভ কতখানি তা আমরা বুঝতে পারতাম। তাঁদের বক্তৃতার মধ্যে এবং রাজ্যপালের ভাষণের মধ্যে দেশের যে সুন্দর একটা ছবি এখানে তুলে ধরা হয়েছে তাতে আমার শুধু এইটুকুই মনে হয় দেশবাসীর প্রতি তাঁরা একটা চরম বিদ্রূপ করে চলেছেন। আমাদের ভুললে চলবে না যে আমাদের দেশের শতকরা ৩০ ভাগ লোক আণ্ডার নরিসড এবং শতকরা ৬০ ভাগ লোক ম্যালনুট্রিশান ভুগছে। বর্তমানের এই পটভূমিকায় রাজ্যপালের এই ভাষণ যদি আমরা ভাবি, সত্যই অবাক লাগে, যেখানে দ্রব্য মূল্যের ঊর্দ্ধগতি, মুদ্রাস্ফীতি রোধ করতে অক্ষমতা দেখিয়েছেন আমাদের এই সরকার, যেখানে পরিকল্পনায় সীমাহীন ব্যর্থতা, যেখানে দেশকে সঙ্কটের মুখে এরা দিন দিন ঠেলে দিচ্ছেন, জনসাধারণের জীবনকে দুর্বিসহ করে তুলেছেন, সেখানে এই রকম অবাস্তব চিত্র আজও আঁকতে সাহস রাখে আমাদের এই সরকার তাই ভাবতে অবাক লাগে। আজকে আমি সরাসরি কয়েকটি প্রশ্ন মুখ্যমন্ত্রীর কাছে রাখতে চাই। জনসাধারণের নিত্যব্যবহার্য যেসব সামগ্রী তার দাম প্রতিনিয়তই যেভাবে বেড়ে যাচ্ছে আমার প্রশ্ন সেই সম্পর্কেই। আজকে জনসাধারণের যে বিক্ষোভ সেই বিক্ষোভকে বন্ধ করার জন্য, তাদের দাবিয়ে দেবার জন্য একদিকে ডি আই. আর এর প্রয়োগ আর অন্য দিকে চোরাকারবারীদের দমন করতে ব্যর্থতা। এই লজ্জা ঢাকবার জন্য তথাকথিত কয়েকজন ব্যবসাদারকে ডি. আই. আর. এ আটকে রেখে জনসাধারণকে ধাঁওতা দেবার যে লজ্জাহীন চক্রান্ত চালাচ্ছেন তার মুখোষ খানিকটা খুলে দেবার প্রয়োজন আছে। মাননীয় স্পীকার মহাশয়, এই ডালের দাম, আপনি জানেন এবং রিজার্ভ ব্যাঙ্ক বুলেটিন এই কথা বলে যে কলকাতায় বা আমাদের দেশে জিনিষের দাম শতকরা ১০০ ভাগ বেড়ে গেছে। আমরা জানতে চাই এই ডালের দাম এটা কেন বাড়ল? কেন সরকার রুখতে ব্যর্থ হলেন। আমরা জানি সারা ভারতবর্ষে যে ডাল উৎপাদন হয় গত বছর অর্থাৎ ১৯৬৪ সালে তার মাত্র ১.৫ পারসেণ্ট লেস প্রোডাক্ট হয়েছে। এই ১.৫ পারসেণ্ট যদি কমই উৎপাদন হয় তাহলে আমাদের দেশে কেন এত ডালের ক্রাইসিস দেখা দেবে। কেন ১০০ ভাগ দাম বাড়বে? মুখ্যমন্ত্রী অবশ্য নার্ভাস হয়ে গিয়ে কোন উপায়ান্তর না দেখতে পেয়ে ডি. আই. আর এ ২১ জন ডাল ব্যবসায়ীকে গ্রেপ্তার করেছেন দি তারা অন্যায় করে থাকে, দেশের স্বার্থ-বিরোধী কাজ কিছু করে থাকে তাহলে নিশ্চয়ই তাদের আরও গ্রেপ্তার করতে হবে। কিন্তু আমি প্রশ্ন করি যে তাদের গ্রেপ্তার করেই কি তিনি তার কর্তব্য শেষ করলেন? সেপ্টেম্বর মাসে তাদের গ্রেপ্তার করার পরেও অক্টোবর, নভেম্বর, ডিসেম্বর মাসে ডালের দাম আরও বাড়তে আরম্ভ করল কেন? শুধু ডি. আই. আর. প্রয়োগ করে তাদের বিরুদ্ধে একশান নিয়েছি, তাদের জেলখানায় পুরেছি এ নিয়ে তিনি জনসাধারণকে ধাঁওতা দিতে পাবেন না। আমরা চাই ডালের দামকে টেনে নামাতে হবে। কিন্তু আমরা দেখেছি সেখানে তিনি অক্ষমতার পরিচয় দিয়েছেন। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন ডাল যেসব রাজ্যে উৎপাদিত হয় সেই সব রাজ্যগুলি কংগ্রেস সরকারের অধীনে। আমরা দেখেছি সেই সমস্ত রাজ্যগুলি একের পর এক সেণ্ট্রাল গভর্নমেণ্টের পারমিশান নিয়ে ডাল এক্সপোর্ট বন্ধ করে দিলেন। গত জুলাই আগষ্ট ১৯৬৪, রাজস্থান, ইউ. পি. পাঞ্জাব মধ্যপ্রদেশ ডাল এদেশ থেকে এক্সপোর্ট করা বা আমাদের পশ্চিম বাংলার নিয়ে আসা সম্পূর্ণরূপে ব্যাণ্ড করে দিলেন। তারপর সেপ্টেম্বর মাসে মহারাষ্ট্র মুগের ডাল ব্যাণ্ড করে দিলেন। আমি জিজ্ঞাসা করতে চাই সেই রাজস্থান ইউ. পি. পাঞ্জাব, মধ্য-প্রদেশ যেগুলি সারপ্লাস স্টেট যেখানে কংগ্রেসী রাজত্ব রয়েছে সেখান থেকে ডাল আনার ব্যবস্থা তিনি করেছেন। ১ বস্তা বা ১ কুইণ্টাল ডাল তিনি আনতে পারেন নি।

এখানে ডাল মিলের ২১ জনকে গ্রেপ্তার করে তিনি প্রমাণ করবার চেষ্টা করছেন যে তিনি খুবই চেষ্টা করছেন। ভারতবর্ষ বা আমাদের দেশে ডালের এই ফেমিন হবার কোন কারণ ছিল না। যে পরিমাণ ডাল আমাদের দেশে উৎপাদিত হয় তার ১.৫ পারসেণ্ট যদি কমই উৎপাদন হয়ে থাকে তাহলে এই ১০০ পারসেণ্ট দাম বাড়তে পারে না। এখানেই সরকার চরম ব্যর্থতার পরিচয় দিয়েছেন। মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি এই কথাই রাখতে চাচ্ছি যে তারা ডালের দাম কোন বেঁধে দিয়েছেন কিনা? আমি চ্যালেঞ্জ করছি এখানে দাঁড়িয়ে যে আইনতঃ আজ পর্যন্ত ডালের দাম বাঁধা হয়নি। এইভাবে জনসাধরণকে ভাঁওতা দেবার চেষ্টা করবেন না। তারপর জেণ্টেলম্যানস এগ্রিমেণ্ট যেটা হয়েছিল সেটা এর আরও অনেক পরে এবং সেটা শুধু কলকাতার উপরই কার্যকরী, ডিস্ট্রিক্টে কার্যকরী নয়। এর ফলে আমরা দেখেছি ডিস্ট্রিক্টে ডাল পাওয়া গেলেও কলকাতা ও হাওড়া শহরে ডাল পাওয়া যায় না। আমরা বুঝতে পারছি না এটা কি করে হতে পারে যে কলকাতার উপর কার্যকরী হল অথচ ডিস্ট্রিক্টে হল না। জেণ্টেলম্যান এগ্রিমেণ্ট কি লিগ্যালি এনফোর্স করা চলে? যদি না চলে তাহলে এই সব ভাঁওতা জনসাধারণকে কেন দেওয়া হয়? এই তো রাজ্যপাল, তিনি বলেছেন, এগ্রিমেণ্ট তো কার্যকরী হয় না। যদি তাই বলে থাকেন তাহলে এই ধরণের এগ্রিমেণ্ট করে জনসাধারণকে প্রতারণা করার কি প্রয়োজন আছে। মাননীয় স্পীকার মহাশয়, হুইট-এর কথা বলি, হুইট যেগুলি আমরা সেণ্ট্রাল গভর্নমেণ্ট-এর কাছ থেকে পাই, সেই গম আমরা গমের মালিককে দিই, ফ্লাওয়ার মিলকে দিই। সেখানে আমাদের শ্রীসেনের খাদ্যদপ্তরের লোক আছেন, কত গম দেওয়া হল, কত আউটপুট হল, কত আবার আমরা ফিরিয়ে নিলাম—এ সবই তাদের মাধ্যমে করা হয়। আমরা বুঝতে পারছি না এর মধ্যে ব্লাক মার্কেট স্কোপ কি করে আসতে পারে। তবুও আমরা দেখেছি গভর্নমেণ্টের এই সব কিছু কিছু কর্মচারী, যাদের পুষে রাখা হয়েছে, যাদের বিরুদ্ধে বিধানসভায় বহুবার বলেছি তাদের সহযোগিতায় এই চোরাকারবারীরা দীর্ঘদিন ধরে চলে আসছে এবং গভর্নমেণ্টের চোখকে তারা ফাঁকি দিয়ে পালিয়ে বেড়াচ্ছে। মাননীয় স্পীকার মহাশয়, এই প্রসঙ্গের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। লক্ষ্মীনারায়ণ ফ্লাওয়ার মিল সম্পর্কে আমার বন্ধু একটু আগে উল্লেখ করেছেন। সেই লক্ষ্মীনারায়ণ ফ্লাওয়ার মিল-এ ২ আনা শেয়ারের মালিক, একজন স্লিপিং পার্টনার তার নাম শ্রীপ্রহ্লাদ রায় ঝুড়িওয়ালা তাকে ডি. আই. আর.এ গ্রেপ্তার করা হল। কিন্তু সেখানে যারা বড় বড় শেয়ারের মালিক ওই অশোক কৃষ্ণ দত্ত তার ৭ আনা আছে, নরসিং দাস আগরওয়ালা তার ২ আনা আছে, রামপ্রসাদ তার ৫ আনা আছে, এদের না ধরে ২ আনার একজন স্লিপিং পার্টনারকে আপনারা ধরলেন। আমরা জানি যেহেতু তারা ঐ ধারের বেঞ্চে বসে থাকবেন সেইহেতু তাদের গায়ে এক আঁচড় লাগবে না। আপনারা যদি ডি. আই. আর. প্রয়োগ করতে চান তাহলে সকলের বিরুদ্ধে সমান ভাবে প্রয়োগ করুন। যদি আপনারা মনে করে থাকেন যে ওই কনসার্ন সত্যই অন্যায় করেছে তাহলে তাদের সকলের বিরুদ্ধে প্রয়োগ করুন। একজনের বিরুদ্ধে কেন প্রয়োগ হবে। অবশ্য আমি জানতে পেরেছি মিঃ দত্ত ইতিমধ্যেই তাকে যাতে ডি. আই. আর থেকে ছাড়িয়ে দেওয়া হয় সেইজন্য পি. কে. সেনকে ধরে তাকে দিয়ে ভালভাবে রিকমেণ্ডেসন করে রিপোর্ট লিখে পাঠিয়েছেন। কিন্তু আমি আপনাদের জানাই যে ওই ডাল মিলের যাদের ধরেছেন তারা যদি অন্যায় করে থাকে নিশ্চয় তাদের ধরবেন আমি সমর্থন করি কিন্তু সেখানে ১১ জন পার্টনার তাদের মধ্যে যিনি পুলিশের সঙ্গে আঁতাত করে টাকা দিতে পারেননি তাকে ধরেছেন আর ১০ জনকে ধরেননি।

আমরা দেখেছি সে সব মিলের কাগজপত্র নিয়ে দেখা গেল সেই মিল কোন অন্যায় করেনি জনতাদের পার্টনারদের ছেড়ে দিলেন, কিন্তু তার ম্যানেজারকে গ্রেপ্তার করে রাখল ডি. আই. আর-এ। যাই করি না কেন যদি কোহারেন্স না থাকে তাহলে সেই ডি. আই. আর. অপপ্রয়োগ করে জনসাধারণকে ভাঁওতা দেওয়া চলে না। তাই আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীকে বলতে চাই যে তেল সম্পর্কে কি একই নীতি তিনি গ্রহণ করেছেন। অয়েল সিডস সম্পর্কে আমরা জানি ভারতবর্ষে অয়েল সিডস কত কম

হয়েছে—তা অত্যন্ত মার্জিন্যাল অর্থাৎ সামান্য মার্জিন্যাল কম হয়েছে। কিন্তু তেলের দাম রকেটিং হল? তিনি নিশ্চয় স্বীকার করবেন যে ভারতবর্ষে গত বছরে গ্রাউণ্ড নাট ১০ পারসেণ্ট ইনক্রিজ পোডাকসন কিন্তু ইনক্রিজ করা সত্ত্বেও বম্বে যে গ্রাউণ্ড নাট খায় তার ক্ষেত্রে দেখেছি দাম বেড়েছে মোর দ্যান ১০০ পারসেণ্ট। টোটাল অয়েল আমাদের দেশে কম হয়েছে মার্জিন্যালই গত বছরের তুলনায়। এবছরে সরষের তেল আমাদের কম হয়েছে কিন্তু প্রাইস ২০০ পারসেণ্ট বেড়ে গেল। কিন্তু খালি মুখ্যমন্ত্রীর কাছে জিজ্ঞাসা করছি সেই অয়েল সিডস আনার জন্য তিনি কি ব্যবস্থা করেছেন? সেখানে আমরা দেখছি গুজরাট মধ্য প্রদেশ অয়েল সিড সারপ্লাস স্টেট। সেখানে তাঁরা ব্যান করে ছিল যে কোন ডেফিসিট স্টেটএ অয়েল সিডস যাবে এই ব্যান তারা কেন্দ্রীয় সরকারের অনুমতি নিয়ে করেছে। কেন্দ্রীয় সরকারের মত নিয়ে সেই ব্যান বিরুদ্ধে গিয়ে সারপ্লাস স্টেট থেকে অয়েল সিডস আনার পক্ষে যেখানে ব্যান আছে সেখান থেকে আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় কি করেছিলেন সেটাই জিজ্ঞাস্য? কেন সারপ্লাস স্টেট আমাদের দেবে না? এর তার বিরুদ্ধে সেখান থেকে গভর্ণমেণ্ট লেভেল-এ সেই সিডস আনার ব্যবস্থা কেন তিনি করেন নি? আমরা দেখেছি এই সুযোগে ১৯৬৪ সালে প্রচুর পরিমাণে তেল বাহিরে রপ্তানী হয়েছে। এখনও পর্যন্ত আমাদের দেশে ফরওয়ার্ড মার্কেটিং চলছে। সেই ফরওয়ার্ড মার্কেটিং এর এক্সপোর্ট এখনও বন্ধ হয়নি অথচ এই সারপ্লাস স্টেটগুলির কাছ থেকে আপনারা আনতে পারেন নি। কিন্তু আপনারা প্রহসন করছেন যে বাংলাদেশের লোককে ডাল, চাল, তেল ইত্যাদি খাওয়াবেন। তাই গভর্নরার-এর ভাষণের আমি প্রতিবাদ করছি এবং সরাসরি এই প্রশ্নগুলি মুখ্যমন্ত্রীর কাছে রাখছি।

Shri Prafulla Chandra Sen:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের উপর এবার যে সমস্ত কথা বিশেষ জোরের সঙ্গে আমাদের বিরোধী বক্তারা বলেছেন তার মধ্যে মোটামুটি ৪টা বিষয় সম্বন্ধে আমি আপনার একটু সময় নেব। প্রথমটা হচ্ছে ডি. আই. আর.এ ৩০ নং ধারায় আমরা যাদের ধরেছি তাদের কথা। আমরা আমাদের কিছু কম্যুনিষ্ট বন্ধুদের ধরেছি যাঁদের সম্বন্ধে খুব জোর গলায় আমাদের বন্ধু অপূর্ববাবু বললেন চোরাকারবারী, কালোবাজারী তাদেরও আমরা কিছু ধরেছি, আমরা সমাজ বিরোধী লোক ধরেছি। বাস্তবিক একটা গণতন্ত্র সম্মত রাষ্ট্রে কাউকে যদি বিনা বিচারে ধরা হয় সেটা গণতন্ত্র বিরোধী যে হয় সে বিষয়ে সন্দেহ নেই। কিন্তু গণতন্ত্র সম্মত রাষ্ট্রের সর্বোচচ পালিয়ামেণ্ট যদি আইন করেন যে এই রকম ব্যাপারে বিনা বিচারে আটক রাখা যেতে পারে তাহলে আমরা গণতন্ত্রের যে কিছু বিরোধিতা করেছি তা মনে করি না।

[5-5—5-15 p.m.]

এমন কি আমাদের এই সমস্ত কয়েকজন আটক হয়েছেন, ডিফেন্স অব ইণ্ডিয়া রুলপালিয়া মেণ্ট সর্ববাদী সম্মতভাবে গৃহীত হয়। আমার স্মরণ আছে যে আমাদের এই সভায়ও এটি প্রায় সর্ববাদী সম্মতভাবে গৃহীত হয়েছে, এটা আইনে পরিণত হয়েছে সমস্ত প্রাপ্তবয়স্ক এবং প্রাপ্ত বয়স্কা নরনারীদের ভোটে নির্বাচিত যে বিধান মণ্ডলী সেই বিধান মণ্ডলীর দ্বারা এখন এই সভা যদি বিনা বিচারে আটক রাখবার ব্যাপারে কোন আইন করেন তাহলে আমি বলব সেটা গণতন্ত্র বিরুদ্ধ কথা নয়, তবে হ্যাঁ এ সম্বন্ধে নিশ্চয়ই খুব সতর্কতা অবলম্বন করতে হবে—সাবধান হতে হবে। মাননীয় সদস্যদের আমি এই কথা বলতে চাই যে আমরা এ সম্বন্ধে সতর্কতা অবলম্বন করে থাকি। আমার বন্ধু শ্রীঅপূর্বলাল মজুমদার খুব জোর গলায় বলছিলেন যে ঝুড়িওলাকে ধরা হয়েছে। তিনি বলেছেন আমাদের সভার একজন মাননীয় কংগ্রেস সদস্য শ্রীঅশোক কৃষ্ণ দত্তকে কেন ধরা হয়নি? এ প্রশ্ন নিশ্চয়ই করা যেতে পারে যদি অশোক কৃষ্ণ দত্তর সম্বন্ধে অভিযোগ পেতাম সেটা একজনের কাছ থেকে নয় দুজনের কাজ থেকে নয় বা চার জনের কাছ থেকেও নয়, আমরা যাকে ধরি তার সম্বন্ধে কিছু কিছু অভিযোগ সংগ্রহ করে ব্যবস্থা অবলম্বন করি, আমরা একজন বললে ধরি না যতক্ষণ না সেটা সমর্থিত হচ্ছে ততক্ষণ পর্যন্ত ধরি না, মাননীয় অপূর্বলাল মজুমদার মহাশয়, নিশ্চয় এটা জানেন আর যেহেতু অশোক কৃষ্ণ দত্ত একটা কোম্পানীর ডিরেক্টর এবং যার পরিচালনা সম্বন্ধে তার কোন সক্রিয় দায়িত্ব নেই শুধু মাত্র ডিরেক্টর হবার জন্য যদি তাঁকে ধরতে বলেন তা

হলে তিনি যে গণতন্ত্রের দোহাই দিচেছন, যাকে স্বীকার করে নিতে চান এবং যাকে গণতন্ত্র বিরোধী কার্য বলে অভিযোগ করছেন তা হলে সেটা ভুল হয়ে যায় ভ্রান্ত প্রমাণিত হয়। আমরা যতলোকের সম্বন্ধে ব্যবস্থা গ্রহণ করি সে চুরিওলা হোক, সে ডাকাতওলা হোক, সে চালওলা হোক, সে আটাওলা হোক, সে ময়দাওলা হোক বা সে ডালওলা হোক তাদের সম্বন্ধে একটা অভিযোগ নয়, অনেক অভিযোগ পেলে তবে ব্যবস্থা অবলম্বন করি। একটা উড়ো খবর শ্রীঅপূর্ব মজুমদার মহাশয় এসে দিলেন যে অমুককে ধর বা আমাদের দলের একজন বললেন যে অমুককে ধরুন, হুকুম জারী করুন আপ মুখ্যমন্ত্রী এবং স্বরাষ্ট্র মন্ত্রীও বটে আপনি অমুক লোককে ধরুন বা হুকুম নামা জারী করুন কারণ আমার সঙ্গে ওর বিরোধ আছে। আমাদের এই গণতন্ত্রমূলক শাসন ব্যবস্থায় এটা হতে পারে না। কাজে কাজেই যে সমস্ত কথা এখানে বলা হয়েছে তা সব ঠিক নয়য় মাননীয় জ্যোতি বসু মহাশয়কে এখানে দেখছিনা তিনি আমাদের বিরুদ্ধে কম কথা বলেন না, শ্রীঅপূর্বলাল মজুমদার মহাশয়ও যত উৎকট ভাষার দরকার হলে সমালোচনা করেন, তীব্র ভাষায় আক্রমণ করেন কিন্তু তবুও তাকে আমরা ধরি না। মাননীয় অপূর্বলাল মজুমদার মহাশয় জানেন যে তিনি যতই আক্রমণ করুন না কেন তাকে আমরা ধরব না এবং তিনি চীনের কথা বলছেন না সেই কারণে সেদিক থেকে ধরব না। শ্রীঅপূর্ব লাল মজুমদার মহাশয় কোন কোম্পানীর ডিরেক্টর আছেন কিনা জানি না। (ডাঃ কানাইলাল ভট্টাচার্য, শৈলেন দে এবং সরল দেবকে কেন ধরলেন?) আমি ফরোয়ার্ড ব্লক সম্বন্ধে কোন কিছু বলছি না। আমি যা বলছি তা অনুগ্রহ করে শুনুন। অপূর্ববাবু সম্বন্ধে যদি আমাদের কাছে বহু লোক অভিযোগ করতো লিখিতভাবে এবং আমরা যদি বুঝতাম যে অপর্ববাবু অমুক কোম্পানীর ডিরেক্টার এবং সেই কোম্পানীর কাজের সঙ্গে ব্যবসার সঙ্গে, দেনাপাওনার সঙ্গে, বিক্রির সঙ্গে, কেনার সঙ্গে তাঁর ঘনিষ্ঠ সম্পর্ক আছে তাহলে নিশ্চয় আমরা অপূর্ববাবুকে ধরতাম ফরওয়াড ব্লক বলে নয়, যেহেতু আমাদের তীব্রভাষায় আক্রমণ করেন তার জন্য নয়—সমাজ বিরোধী কাজ করলে আমরা অপর্ববাবুকে ধরতাম। এখানে আমার অত্যন্ত প্রিয় বন্ধু আছেন হেমন্ত বসু মহাশয়। তিনি বন্ধুত্ব থাকা সত্ত্বেও নীতিগত হিসাবে আমাদের অনেক আক্রমণ করেন–যখন তিনি আক্রমণ করেন শুধু সেই আক্রমণের জন্য আমরা তাঁকে ধরবো না। আমাদের এখানে এই বিধান সভায় যে কমিউনিস্ট দল আছেন তাঁরা বর্তমানে দুই ভাগে বিভক্ত—এক ভাগকে আমরা যা বলি রাইটিষ্ট—আর এক ভাগকে বলি লেফটিষ্ট। এক ভাগকে আমাদের মধ্যে কেউ কেউ বলছি সোবিয়েট পন্থী আর এক ভাগকে কেউ কেউ বলছেন পিকিং পন্থী। আমরা যাঁদের সোবিয়েট পন্থী বলা হয় তাঁদের সম্বন্ধে এমন কোন অভিযোগ পাইনি—একজনের কাছ থেকে নয়, যতক্ষণ পর্যন্ত ৫।৬।৭।৮ জনের কাছ থেকে এভিডেন্স না পাই ততক্ষণ পর্যন্ত আমরা ধরি না। আমাদের রাইটিস্ট বন্ধু যাঁরা, এই যেমন আমাদের বন্ধু সোমনাথ লাহিড়ী মহাশয়, তিনি খুব কম তীব্র ভাষায় আমাদের আক্রমণ করেন না—কিন্তু তাঁকে তো ধরি নাই—কিংবা আমার যতদূর মনে হয় সোবিয়েট পন্থী যাঁরা তাঁদের তো ধরি না—কাজেই বিনা কারণে বা এখানে আমাদের তীব্রভাষায় আক্রমণ বা সমালোচনা করেন বলে আমরা কাউকে ধরি না এবং আমরা চাই যে আমাদের কাজের সমালোচনা হোক। কেন না—যদি সত্যিই কোথাও ভুল ত্রুটি থাকে—আমরা সংশোধন করে নেবো। আমার মাননীয় বন্ধুটি কাশীকান্ত মৈত্র মহাশয়—তিনি অসহিষ্ণু হয়ে পড়েন যখন বক্তৃতা করেন। আমি যখন ঘরে থাকি চুপ করে তার কথা শুনি এবং এমন চেষ্টা করি যাতে এতটুকু মনে ক্রোধের সঞ্চার না হয়। আমি যা বলছি—আমার বলবার অধিকার আছে ওঁরা তো গণতন্ত্রে আমার চেয়ে বেশী বিশ্বাস করেন—আমি যদি বলি আমাকে বলতে দেওয়া উচিত। আপনাদের যখন বক্তৃতা হয় তখন আমি মন দিয়ে শুনি। কোন রকম বাধা অন্তত আমি দিই না। কাজে কাজেই এখানে আমরা গণতন্ত্রসম্মত প্রত্যেকটা কাজ করি। অগণতান্ত্রিক কোন কাজ করি না। আর একটা মস্তবড় জিনিস হচ্ছে আমার বন্ধু শ্রীকাশীকান্ত মৈত্র মহাশয় যে কথা বলেছেন ওপক্ষের এবং আরও অনেক বক্তা বলেছেন যে মহাশয় জানি আপনাদের ব্রুট মেজরিটি আছে—আপনাদের লোকে ভোট দেবে জানি—তোমরা বলবে যে আমাদের মেজরিটি নেই—এতে আমরা নাচার। আমরা কি করবো—তার জন্য কি আমরা দায়ী? আমাদের ওপক্ষের বন্ধুরা তাঁরা রাইটিস্ট কমিউনিস্ট হোন আর লেফটিস্ট কমিউনিস্টই হোন—তাঁরা মাউসেতুং বা চৌ-এন-লাইয়ের ছবি টাঙ্গান বা তাঁরা পি. এস. পি. দলের বা

ফরওয়ার্ড ব্লক মার্কসিস্ট হোন আমরা নাচার—আমরা কি করবো। এখানে তাঁরা যে সমস্ত কথা বলেন নিশ্চয়ই বাইরেও সেই সমস্ত কথা বলে থাকেন। কিন্তু সেই সমস্ত কথা বলা সত্বেও যে সমস্ত অভিযোগ তাঁরা এখানে উথাপন করছেন তার চেয়ে ঢের জোর গলায় তারা আমাদের বিরুদ্ধে সমালোচনা করেন নিন্দা করেন আমাদের ত্রুটি দেখিয়ে দেন। কিন্তু তা সত্বেও যদি প্রাপ্তবয়স্ক ভোটাররা আমাদের ভোট দেন আমরা নাচার—আমরা কি করবো শ্রীকাশীকান্ত মৈত্র মহাশয় কেন ভোট পাচ্ছেন না। সেজন্য আমরা একমাত্র দুঃখ প্রকাশ করতে পারি।

[5-15—5-25 p.m.]

কিন্তু তাঁদের পক্ষের মাত্র চারজন এসেছেন—কি কারণের জন্য তা আমি জানি না। কাশীকান্ত মৈত্র মহাশয় এসেছেন—তিনি একজন কংগ্রেসীকে হারিয়ে এসেছেন, কংগ্রেস প্রার্থীর সঙ্গে প্রতিদ্বন্দ্বিতা করে এসেছেন। কাজেই কংগ্রেসকে যে হারানো যায় না এতো নয়। আমাদের জ্যোতি বসু মহাশয়, তিনি আমাদের কংগ্রেস প্রার্থীকে প্রতিদ্বন্দ্বিতায় পরাজিত করে এসেছেন কংগ্রেস প্রত্যেক আসনে লোক দাঁড় করায়, অন্য দল তা করতে পারে না—কেন না তাঁদের সেই রকম জনপ্রিয়তা নেই, সংগঠন নেই। তার জন্য কি আমরা দায়ী? তার জন্য আমরা দায়ী নই।

আর একটা কথা। আমাদের এখানে যে সমস্ত বিরোধী বন্ধুরা আছেন, এতো দল থাকা সত্বেও তাঁরা যে সমালোচনা করেন—তাঁরা অনেক সময় আমাদের আক্রমণ করে দুঃখ করে বলেন, ক্ষোভের সঙ্গে বলেন, যে আমরা যে আলোচনা করি ওঁরা কিছু শুনছেন না। অর্থাৎ আমাদের এই কান দিয়ে ঢুকে সেটা ঐ কান দিয়ে বেরিয়ে যাবে। যাবেই তো—যখন বিরোধী দলের মধ্যে এতো মতানৈক্য, যখন কোন রকম একটা ভিত্তি নেই সেখানে তাঁরা মিলতে পরেন—একমাত্র তাঁরা মিলতে পারেন কখন, না, যখন কংগ্রেসের বিরুদ্ধে কোন আক্রমণ করতে হয়। কিন্তু আমাদের দেশবাসী এতো নির্বোধ নয়। একটা নির্বাচন নয় দুটো নির্বাচন নয়—তিনটে নির্বাচন হয়ে গেছে দেশবাসী আমাদের নির্বোধ নয়—তারা সমজদার তারা জানে যে কাকে ভোট দিলে পর ভোটটা কাজে লাগবে এবং কাকে ভোট দিলে সেই ভোটটা জলে ফেলা হবে, তারা জানে কোন দলের কর্ম ক্ষমতা কত। কিন্তু এই সব কথা যখন বলছি তখন আমি একথা বলছি না যে আমরা যা কিছু কাজ করেছি সবই ঠিক হয়েছে। পৃথিবীতে কোন দেশে সে রাশিয়াই হোক আর চীনই হোক আর বিলাতই হোক আর আমেরিকাই হোক আর জাপানই হোক—আর তুরস্কই হোক, যে কোন দেশ, কেউ বলতে পারেনা যে সেখানে গভর্নমেন্ট কোন দোষ করে না। এ হতে পারে না। নিশ্চয়ই গভর্নমেণ্ট দোষত্রুটি করতে পারে, ভুল করতে পারে—নীতগত ভুলও হতে পারে—একটু-আধটু ভুল ভ্রান্তি নিশ্চয়ই হতে পারে। ধরুন না কেন ইংলণ্ডেতে মাত্র সামান্য কয়েকটি ভোটে এবার লেবার পার্টি রাজত্ব দখল করে বসলো—মাত্র সামান্য চার পাঁচটা ভোটে তারা জয়লাভ করেছে। তাদের দেশের লোক বিবেচনা করে উভয় পক্ষের কথা শুনেই ভোট দিয়েছে। সুতরাং আমরা কি করবো আমাদের যদি এখানে থাকতে হয় আমরা নিশ্চয়ই বিরোধী পক্ষের সমালোচনা শুনবো বিরোধী পক্ষের মনে যে সমস্ত ক্ষোভ উপস্থিত হচ্ছে তাও শুনবো। বিরোধী পক্ষ যদি আমাদের কোন প্রস্তাব দেন তাও শুনবো কিন্তু কাজ তো আমরা আমাদের মত করে করবো তাঁদের মত করে করতে পারি না। আজকে আমরা যদি বিরোধী পক্ষকে বলতাম যে আপনারা যা বলবেন আমরা সেই মত কাজ করবো তাহলে তো বিরোধী পক্ষ থেকে মন্ত্রী নিতে পারতাম। কিন্তু তা পারি না, কেন না তাঁরা বার বার কংগ্রেসের নিন্দা করে সমালোচনা করে কংগ্রেসের দোষত্রুটি দেখিয়েও লোকের মন জয় করতে পারছেন না। কিন্তু বড়ই আশ্চর্যের বিষয় যে তাঁরা যখন এখানে কথা বলেন তখন ব্যক্তিগতভাবে বলছেন সে কথা বলেন না—কিংবা তাঁরা একথা বলেন না যে আমি পি. এস. পি-র. লোক শ্রীকাশীকান্ত মৈত্র মহাশয় এখানে দাঁড়িয়ে এমনভাবে কথা বলেন যাতে মনে হয় উনি সমস্ত ভারতবর্ষের প্রতিনিধিত্ব করছেন আমরা কেউ নই। আবার যখন আমার বন্ধু শ্রীপাল—তিনি বোধ হয় একাই একজন দল তিনি যখন কথা বলেন তখন মনে হয় তিনি সমগ্র ভারতবর্ষের পক্ষে কথা বলছেন—আমরা কেউ নই তিনিই সব। কাজে কাজেই এইসব কথায় চিঁড়ে ভেজে না—অসম্ভব। এই সব কথার কেউ মূল্য দেয় না।

আজকে আমার বন্ধু শ্রীকাশীকান্ত মৈত্র মহাশয় বললেন যে মহাশয় দেখতে পান যে লক্ষ লক্ষ লোক যক্ষ্মা রোগে ভুগছে কত লোকের কুষ্ঠ রোগ হয়েছে, কত লোক ম মারিতে মারা যাচ্ছে। এটা অত্যন্ত লজ্জার কথা যে পশ্চিমবঙ্গে আমরা এখনও যক্ষ্ম নিবারণ করতে পারিনি, পশ্চিমবঙ্গে এখনও কুষ্ঠ রোগ আছে, পশ্চিমবঙ্গের সমস্ত অঞ্চ থেকে আমরা কলেরা দূর করতে পারিনি। কিন্তু গর্বের কথা যে আমরা পশ্চিমব মৃত্যুর হার হ্রাস করেছি। যদি আমরা কিছু না করে থাকি তাহলে আমি মাননী সদস্যদের কাছে জিজ্ঞাসা করছি কি উপায়ে, কি পদ্ধতিতে কি কারণে কি জা বলে কি মন্ত্রে আমাদের পশ্চিমবঙ্গে মৃত্যুর হার ১৮.৬ থেকে নেমে ৭.৮এ দাঁড়িয়েছে নিশ্চয়ই আমরা কাজ করেছি, এজন্য আমরা গর্ব অনুভব করি। আমরা আনন্দের সঙ্গে ব যে পশ্চিমবঙ্গে মৃত্যুর হার কমে গেছে। স্বাধীনতার আগে পশ্চিমবঙ্গে যেখানে মা ৯০০ মাইল পাকা রাস্তা ছিল সেখানে আজকে ৮ হাজার মাইল পাকা রাস্ত হয়েছে। আমরা গর্ব করে বলি সব রাস্তা এখনও পাকা করতে পারিনি আমরা গর্ব করে বলি আমাদের দেশে যে সমস্ত আশ্রয়প্রার্থী ভাই বোনেরা এসেছেন পূর্ববাংল থেকে তাঁদের পুনর্বাসনের জন্য সুব্যবস্থা করতে পারিনি এটা আমরা নিজেরা স্বীকার করেছি কেন্দ্রীয় সরকারের কাছে কতবার বলেছি যে আমাদের পশ্চিমবঙ্গে জমি নেই, আমাদে জমির উপর ভয়ানক চাপ, মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি কল্পনা করুন আমাদে পশ্চিমবঙ্গে চাষের জমির পরিমাণ মাথাপিছু ১ বিঘার একটু বেশী। এ অবস্থায় আমরা কি করে আমাদের পশ্চিমবঙ্গে এত লোকের পুনর্বাসনের ব্যবস্থা করতে পারি? অসম্ভব আমাদের বিরোধী দলের বন্ধুরা নিশ্চয়ই সমালোচনা করতে পারেন। কিন্তু আমরা ভাবি যে স্বাধীনতা লাভ করবার পর পুরুলিয়া, কুচবিহার, ইসলামপুর নিয়ে আমাদের পশ্চিমবঙ্গের লোক সংখ্যা ছিল ১৭ বছর আগে ২ কোটি ৩২ লক্ষ আজকে সেই পশ্চিমবঙ্গের লোক সংখ্যা হচ্ছে ৩ কোটি ৮২ লক্ষ। আমি অনেক সময় ভাবি কি করে চলছে, কি করে খাচ্ছি আমরা। আজকে সেজন্য চিন্তার কারণ অনেক কিছু আছে ভাববার কারণ অনেক কিছু আছে। সমস্যায় জর্জরিত আমাদের এই পশ্চিমবাংলা। কিন্তু গর্ব করবার একদম কিছু নেই সে কথা বলতে পারব না। তবে অন্যান্য দলের যাঁরা তাঁরা এটা দেখেন না। কিন্তু জনসাধারণের নাম করে যদি তাঁরা এই রকম কথা বলেন তাহলে এটা দুঃখের বিষয়, আমি কি করব, নাচার। কিন্তু জনসাধারণ দেখছে যেখানে তাদের গ্রামে পুকুর শুকিয়ে গিয়েছিল সেখানে তাদের পুকুরে জল। তারা দেখছে যেখান দিয়ে আজ গরুর গাড়ী চলত সেখানে আজ বড় বড় ট্রাক চলে। তারা দেখছে যেখানে স্কুল ছিল না সেখানে ১ মাইল আধ মাইল অন্তর স্কুল। যেখানে জুনিয়ার হাই স্কুল ছিল সেখানে হায়ার সেকেণ্ডারী স্কুল হয়েছে, মাল্টি-পার্পাস স্কুল হয়েছে। তারা দেখছে সমগ্র মহকুমার মধ্যে যেখানে একটাও কলেজ ছিল না সেখানে আজ অন্ততঃ দুটো কলেজ হয়েছে। তারা চোখে দেখছে, কিন্তু আমাদের বিরোধী বন্ধুগণ চোখ মেলে তাকাবেন না। যদিও বা তাকান তাহলে তাঁরা নিজের নিজের চশমা পরে তাকাবেন। রাইটিস্ট কমিউনিস্টরা এক রকম চশমা পরে তাকাবেন, চীনা কমিউনিস্টরা আর এক রকম চশমা পরে তাকাবেন, কাশী কান্ত মৈত্র মহাশয় আর এক রকম চশমা পরে তাকাবেন। বিভিন্ন দল যখন তাঁদের নিজের নিজের চশমা পরে তাকান তখন তাঁরা কি যে দেখেন তা তাঁরা জানেন, জনসাধারণ জানে না, আমরাও বুঝতে পারি না। কাজে কাজেই এখানে গণতন্ত্রের কখন খুব বেশী আলোচনা করবার প্রয়োজন নেই।

আজকে গণতন্ত্র আমাদের দেশে চালু হয়েছে, গণতন্ত্র সম্মত উপায়ে আমরা যাদের ধরবার ধরেছি। আমরা কারও স্বাধীনতা হরণ করতে চাই না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আমি যখন প্রথম মুখ্যমন্ত্রীত্বের আসন পাই, আমাদের পার্টির লোক যখন আমাকে মুখ্যমন্ত্রীর আসন দেন তখন যাঁদের বিরুদ্ধে ভীষণ ভীষণ চার্জ ছিল যাঁরা জ্যান্ত মানুষকে ধরে জলন্ত বয়লারের মধ্যে পুড়িয়ে মেরেছিল আমি তাঁদের ছেড়ে দিয়েছিলাম। মাননীয় অধ্যক্ষ মহশয়, আমি তখন ভয় পাইনি। কারণ, আমি গণতন্ত্র বিশ্বাসী। আমি চাই আমাদের দেশে গণতন্ত্র চালু হোক। (এ ভয়েস ফ্রম অপোজিসান বেঞ্চ: কোর্টে চলুন)। নিশ্চয়ই কোর্টে যাব; আমি বিরোধী পক্ষের বন্ধুদের কথা মেনে নিচ্ছি, যদি আমাদের পার্লামেণ্ট, আমাদের রাজ্যসভা, আমাদের বিধান সভা বলে যে কোর্টে নিয়ে যেতে হবে, নিশ্চয়ই যাব।

[5-25—5-35 p.m.]

কেন? না, আমরা গণতন্ত্রে বিশ্বাস করি। আমরা গণতন্ত্রে বিশ্বাস করি বলে এই সব লোককে কোর্টে নিয়ে যাচ্ছি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একবার আপনি কল্পনা করুন আমাদের দেশের লোক ভোট দিল, যদিও দেবে না, তবু ও আপনি কল্পনা করুন যে কমুনিষ্টদের ভোট দিল। পিকিং পন্থী কমুনিষ্টদের ভোট দিল। আমি কল্পনা করতে বলছি—এঁরা কি করে গণতন্ত্র দেখাবেন? এঁরা কি গণতন্ত্র অনুসারে রাজ্য চালাবেন? সেটা আপনি কল্পনা করুন, আমি খুলে বলতে চাই না।

আমাদের একজন মাননীয় বন্ধু বললেন, মশায় আমাদের এখানে কৃষির কোন উন্নতি হয় নাই। কৃষির যদি উন্নতি না হতো, তাহলে আমাদের যেখানে ২ কোটি ৩২ লক্ষ লোক ছিল সেখানে আজ ৩ কোটি ৮২ লক্ষ লোক হয়েছে, তারা দুর্ভিক্ষে মারা যেত অনাহারে মারা যেত। একজন মাননীয় বন্ধু বললেন, তাঁর নাম মনে নাই। মশায় আপনারা ১.২ কিলোগ্রাম চাল ও ১.২ কিলোগ্রাম গম বা গমজাত দ্রব্য সপ্তাহে দিচ্ছেন, এতে কি চলে? পেট ভরে? একথা যখন শুনলাম—আমি তাড়াতাড়ি দেখছিলাম আমাদের ভারতবর্ষে মাথাপিছু গড়ে তণ্ডুল জাতীয় শস্য অর্থাৎ সিরিলস কত আমরা খাই। দেখছিলাম ১৯৫১ সালে আমাদের সমগ্র ভারতবর্ষে গড়ে মাথাপিছু সিরিলস ঐ চাল বলুন, গম বলুন, জোয়ার বলুন, বাজরা বলুন—সিরিল থেকে বলে—৩২৫ গ্রাম আমরা খেয়েছি। অর্থাৎ ৩২৫ গ্রাম প্রতিদিন মাথাপিছু। তাহলে যাদের অবস্থা ভাল বা যাদের অনেক জমি আছে, নিশ্চয়ই তাদের ৩২৫ গ্রামে পেট ভরে না।

(এ ভয়েস আধপেটা হয়।)

আমাদের মাননীয় বন্ধুদের গ্রামের সঙ্গে কিছু কিছু সম্পর্ক আছে—বিরোধী দলের বন্ধুদের নিশ্চয়ই আছে তাঁরা জানেন বর্দ্ধমান জেলার একজন বন্ধু মনসুর সাহেব এখন তাঁকে দেখছি না কৃষি সম্বন্ধে বলেছেন বর্দ্ধমান জেলায় উদ্বৃত্ত শস্য উৎপাদনের একজন এরূপ একজন কৃষক সমস্ত দিনে একসের চালের ভাত খায়। কিন্তু একথা সত্য ভারতবর্ষে ১৯৫১ সালে মাথাপিছু গড় প্রাপ্য সিরিয়ালস ছিল ৩২৫ গ্রাম সেটা এখন বাড়তে বাড়তে এসে দাঁড়িয়েছে ৩৯৩ গ্রাম। আর আমরা কত দিচ্ছি? আমরা যে সংবিধিবদ্ধ রেশনিং করেছি তাতে আমরা দিচ্ছি প্রাপ্ত বয়স্ক পিছু ধরুন—৩৪৮ গ্রাম মাথাপিছু দৈনিক। যদি মাথাপিছু সমগ্র ৭০ লক্ষ হিসেবে ধরি তাহলে আমরা দিচ্ছি—৩১৪ গ্রাম। নিশ্চয়ই এটা অন্যায় হতে পারে। আমাদের অবস্থা আগে প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনার সময় মাথাপিছু আমরা যা পেতাম, তার ক্যালোরি ভ্যালু ছিল ১৮০০ থেকে কিছু বেশী; সেটা বেড়ে হলো ১৯০০; তার পর বেড়ে হলো দু হাজার এখন আমরা দু হাজার একশোর কাছাকাছি গিয়েছি। খুব কম? আমেরিকা যায় কত? ৩ হাজার চার শো। ক্যানাডা যায় ৩ হাজার পাঁচশো কালেরী; অষ্ট্রেলিয়া মাথাপিছু দৈনিক খায় ৩ হাজার পাঁচশো ক্যালেরীর উপর। আর আমাদের দরিদ্র দেশ এখানে লোক সংখ্যা অত্যন্ত বেশী। আমাদের জমির পরিনাণ সে অনুপাতে খুব কম। কাজে কাজেই আমরা খুব বেশী দিতে পারবো না। তবে না খেয়ে যদি একজনও মরে, তার জন্য আমরা নিশ্চয়ই দায়ী হব। এত চীৎকার করা সত্ত্বেও, এত ধর্মঘট করা সত্ত্বেও জনসাধারণ যদিও তাতে সাড়া দেয়নি, জনসাধারণের একজনও না খেয়ে মারা যায়নি। এটা হচ্ছে দুঃখের বিষয়, ওঁদের পক্ষে এটা গভীর ক্ষোভের বিষয়।

(এ ভয়েস: বাজে কথা।)

ওদের পক্ষে ক্ষোভের কথা একজনও না খেয়ে মরলো না। আজকে জিনিষ পত্রের এত দাম। আমাদের দেশে যাদের জীবনযাত্রার মান খুব নীচু, যাদের ক্রয় ক্ষমতা কম, তাদের স্বার্থ এবং তাদের সংখ্যা বেশী। আমরা তাদের স্বার্থে সংবিধিবদ্ধ রেশনিং করেছি এবং এটা ন্যায্য হয়েছে।

আমি বলেছি ১৯৬৫ সালে ৭০।৭২ লক্ষ লোক যারা সংবিধিবদ্ধ রেশনিং-এর অধীনে আছে তারা ১২ মাস একেবারে সমানভাবে মাথাপিছু ৩১৪ গ্রাম তণ্ডুল জাতীয় পদার্থ পাবে। আমদের অনেক বন্ধু, বিশেষ করে অপূর্ববাবু রাগ করে বলেছেন, হ্যাঁ, মশাই ভাল কেন নিয়ন্ত্রন করতে পারলেন না? আমি মাননীয় বন্ধুদের স্মরণ করিয়ে দিতে চাই যে, আমি

পশ্চিম বাংলার মুখ্যমন্ত্রী, উত্তর প্রদেশ, গুজরাট, মধ্যপ্রদেশ বা বিহারের মুখ্যমন্ত্রী নয়। এবছর যাঁরা অন্যান্য প্রদেশে গেছেন—জানি না বন্ধুদের সেই সৌভাগ্য বা সুযোগ হয়েছে কিনা—কিন্তু যদি তাঁরা উত্তরপ্রদেশ, বিহার, মহারাষ্ট্র, বোম্বাই, গুজরাটে গিয়ে থাকেন বা উদ্বৃত্ত অঞ্চল মাদ্রাজে গিয়ে থাকেন, অন্ধ্রে গিয়ে থাকেন তাহলে দেখেছেন সেখানকার অবস্থা আমাদের চেয়ে বেশী কিছু ভাল ছিল না। সেই জন্যই তো আমরা গর্ব করে বলি পশ্চিম বাংলায় এত বেশী লোক থাকা সত্ত্বেও আজকে......

(নয়েস এ্যাণ্ড ইণ্টারাপসনস)

Mr. Speaker: Mr. Maitra, Mr. Majumdar, please don't interrupt. Please take your seats. So long as the Chief Minister is replying I don't like you to stand up and speak.

Shri Prafulla Chandra Sen:

এঁদের ক্ষোভের কারণ হচ্ছে, এঁদের গায়ে কাটা বিঁধছে, এঁরা জনসাধারণের সমর্থন পাচ্ছেন না।

(নয়েস এ্যাণ্ড ইণ্টারাপসনস)

Mr. Speaker:

মিঃ মজুমদার, তাঁর স্পীচ শেষ হলে যদি আপনাদের কোন পয়েণ্ট বলবার থাকে তাহলে তখন আপনারা বলবেন। আপনারা বলেছেন এবং উনি ওনার কথা বলছেন। এই সময় আপনারা ইণ্টারাপ্ট করছেন কেন? আমার কথা হচ্ছে সো লং অ্যাস দি চিফ মিনিস্টার ইজ স্পিকিং ইউ মাস্ট রিমেন ইন ইওর সিট।

Shri Kashi Kanta Maitra:

স্যার, অন এ পয়েণ্ট অব প্রিভিলেজ।

Mr. Speaker: Mr. Maitra I will hear your point of privilege and give my ruling thereon. But I will request that you must not interrupt in this way. Now you go on with your privilege.

[5-35—5-45 p.m.]

Shri Kashi Kanta Moitra:

আমার পয়েণ্ট অব প্রিভিলেজ হচ্ছে, মাননীয় মুখ্য মন্ত্রী মহাশয় স্টেটমেণ্ট করছেন, আমি একথা বলছি না যে ভাষণ দিতে দিচ্ছি না, আমার পয়েন্ট হচ্ছে শুধু অনেক ব্যাংগ করে অনেক রকম মন্তব্য করছেন, এই হাউসে আমাদের যে রাইট আছে সেই রাইট সম্বন্ধে এই হাউসে যে শুধু আমরা মেম্বাররাই আছি, তা নয়, এখানে প্রেস গ্যালারী আছে, (নয়েজ) এখানে যেমন প্রেস গ্যালারী আছে, ভিজিটার্সও আছে, মুখ্যমন্ত্রীকে একথা বলছি না যে ভাষণ দিতে দিচ্ছি না। আমার পয়েণ্ট অব প্রিভিলেজ হচ্ছে, বাংলাদেশের কাছে গুরুত্বপূর্ণ প্রশ্ন হচ্ছে মুখ্যমন্ত্রী এই হাউসের কাছে বললেন যে বাংলায় ঘাটতি হচ্ছে ২২ লক্ষ টন

On the basis of 16.5 ounce a day.

এখানে যে ডেফিসিট বলছেন সেটা ১২ আউন্স করে বরাদ্দ করে বলছেন বর্ধমানে বেড়াল ডিঙিয়ে ভাত খায়, গাঁয়ের লোক এতখানি ভাত খায়, আমি প্রশ্ন করছি

(নয়েজ)

Mr. Speaker:

আপনি ভুলে গেলেন যে প্রশ্ন করবেন না, পয়েণ্ট অব প্রিভিলেজ আমাকে বলবেন, রুলিং দেব আমি।

Shri Kashi Kanta Maitra:

সভায় যা হচ্ছে, যেখানে সভ্য লোকের সমাবেশ হয়. . . । (নয়েজ) আমি সেখানে পয়েণ্ট অব প্রিভিলেজ তুলছি সেখানে যদি এমনি করে ইণ্টারাপ্ট করে তাহলে আমি তো বলতে পারি না।

Mr. Speaker:

কিন্তু চীফ মিনিস্টার যখন বলছিলেন, ইট ইজ রিগ্রেটেবল, চীফ মিনিস্টার যখন বলছিলেন আপনি অনবরত দাঁড়াচ্ছিলেন।

Shri Kashi Kanta Maitra:

আমি যে পয়েণ্ট অব প্রিভিলেজ তুলেছিলাম, সেটা এই গোলমালে হারিয়ে গেল, পার্লামেণ্টারী গণতন্ত্রে আমরা যে কোন মেম্বারকে ইণ্টারাপ্ট করতে পারি কিনা ?

Mr. Speaker:

এতক্ষণ ধরে তো তাই করছিলেন, আপনার স্মরণ নাই, শেষ পর্যন্ত আপনার গলা ভেঙ্গে গেছে।

Shri Kashi Kanta Maitra:

উনি লীডার অব দি হাউস, ওঁর ভয় পাবার কি আছে? উনি যখন বসে পড়েন, তখন হাউস এ্যাডজোর্ন হয়ে যায়।

(নয়েজ)

Shri Ananda Gopal Mukhopadhyay: Is it a point of privilege?

উনি হাউসের টাইম নষ্ট করছেন।

(এই সময় কিছু বলবার জন্য শ্রীনেপাল চন্দ্র রায় উঠে দাঁড়ালেন)

Dr. Kanai Lal Bhattacharyya:

আমি একটা কথা আপনাকে জানাতে চাই। লীডার অব দি হাউস যখন বক্তৃতা দেন তখন আমরা বিরোধী পক্ষ থেকে অল এলং সুযোগ পাই তাঁকে ইণ্টেলিজেণ্ট ইণ্টারজেকশনের, তবে জবাব মুখ্য মন্ত্রী মহাশয় দেবেন,

We do not want to interrupt him.

তিনি জবাব দিচ্ছেন না কেন, আমাদের প্রশ্নগুলি খুব ছোট ছোট তার জবাব দিলেই হয়।

Mr. Speaker: Dr. Bhattacharyya, you are on old parliamentarian.

আপনার কথার জবাবে বলছি, চীফ মিনিস্টারের বক্তৃতার পর নিশ্চয়ই আপনাদের পয়েণ্ট ক্লীয়ার করবেন, আমি জানি না কতক্ষণ বলবেন, কিন্তু আমি চাই না চীফ মিনিস্টার যখন বলবেন তখন অনবরত ইণ্টারাপশন হবে

As my friends there have done.

Shri Prafulla Chandra Sen:

তবে এই কথা আমি জানি, আমাদের মাননীয় বিরোধী বন্ধু তাঁরা ও জানেন যে সংসদীয় প্রথায় এমন ব্যবস্থা আছে যে কিছু পরিমাণ ব্যঙ্গ করা যেতে পারে। আমি শুধু এই কথা বলছিলাম যে আমার বক্তৃতা বা আমার যুক্তি আমাদের বিরোধী বন্ধুদের গায়ে কিছু কাঁটার মত বিঁধছে তা নাহলে কেন তাঁরা আমাকে বাধা দেবেন ? আমাকে বাধা দেবার তো কিছু কারণ নেই। যে সমস্ত প্রশ্ন উত্থাপন করেছিলেন সেগুলির আমি উত্তর দিচ্ছিলাম এবং যেহেতু আমি সদুত্তর দিচ্ছিলাম সেহেতু তারা ক্রুদ্ধ হয়েছেন। এছাড়া আর কোন কারণ আমি দেখতে

পাচ্ছিনা। আমার উত্তর যদি সদুত্তর না হত, অযৌক্তিক হত, সমীচীন না হত নিশ্চয়ই তাঁরা ক্ষোভ প্রকাশ করতে পারতেন। আমি যদি শুধু ব্যঙ্গ করতাম, তথ্য পরিবেশন না করতাম নিশ্চয়ই মাননীয় অধ্যক্ষ মহাশয় আমাকে বলতেন যে মহাশয়, আপনি এরকম ভাবে ব্যঙ্গপূর্ণ বক্তৃতা দেবেন না। আমি তা করিনি। আমি এই কথা বলবার চেষ্টা করেছিলাম

[Noise and interruptions]

আমাদের একজন বন্ধু তিনি বলছিলেন যে আমরা ডালওয়ালাদের ধরেছি তাঁদের ভাঁওতা দেওয়ার জন্য। আমরা ডালওয়ালাদের মিছামিছি ধরব কেন, আমাদের কি স্বার্থ আছে? আমরা ডালওয়ালাদের ধরেছি এজন্য যে তারা যে মূল্যে ডাল আনে অন্ততঃ ন্যায্য লাভ রেখে তারা বিক্রী করবে, যাতে আমরা ডাল ন্যায্য দরে পাই। তবে একথা সত্য যে ডালের আমদানী আমাদের দেশে কম ছিল। ১.৫% তো নয়, তবে কম ছিল। এ বার আমাদের দেশে ডালের আমদানী গত বছরের তুলনায় ৩০% চেয়ে বেশী, ৩৫% কি ৩৬% হতে পারে। কাজে কাজেই এখানে যদি কথা কাটাকাটি করা হয় তাহলে আমি বলছি ৩০% আর ওঁরা বলছেন ৫%। আমি বলছি আমার ৩০% সত্য আর ওঁরা বলছেন ওঁদের ৫% সত্য। এটা সত্য যে আমি মিথ্যা কথা বলছি না, আমার ৩০% সত্য আর এও বলছি না যে ওঁরা মিথ্যুক ওঁদের ৫% অসত্য। কাজে কজেই আমরা মেনে নিই.ন....

Shri Nikhil Das:

তেলটা পাওয়া যাচেছ না কেন, স্টেট ট্রেডিং করছেন না কেন?

Shri Prafulla Chandra Sen:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কথা স্বীকার করবেন, বিরোধী দলের অনেকে গোপনে, আমার কানে এসেছে তাঁরা স্বীকার করেছেন যে এবার পশ্চিমবঙ্গ সরকার যে ভাবে চোরা কারবারীদের দমন করবার চেষ্টা করেছেন, যে ভাবে মুনাফাখোরদের দমন করবার চেষ্টা করেছেন সেটা অভাবনীয়, এরাও স্বীকার করেছেন। আজকে সবাই দেখতে পাচ্ছেন যে আমাদের বাঙ্গালী জাতি কোনটা সত্য কোনটা মিথ্যা ভাল করে বোঝে। কোন তথ্য ঠিক আর কোন তথ্য বেঠিক সেটা তারা ভাল করে বোঝে। তারা তেল পায় নাই, ডাল পায় নাই, মাছ পায় নাই, তবুও তারা পশ্চিমবঙ্গ সরকারকে সমর্থন জানিয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের বিরোধী বন্ধুরা এ বছর আর খাদ্য আন্দোলন করলেন না কেন? যে বছর ডাল পাওয়া যায়নি, তেল পাওয়া যায়নি, মাছ পাওয়া যায় নি, যে বছর খাদ্যদ্রব্যের দাম এত বেশী, আমাদের বিরোধী বন্ধুরা খাদ্য আন্দোলন করতে পারলেন না কেন?

[Noise and interruptions]

[5-45—5-55 p.m.]

আজকে সেই জন্য আমাদের বিরোধী বন্ধুদের অনেক কিছু অভিযোগ আছে। আমাদের শিক্ষক মহাশয়রা প্রাথমিক শিক্ষক হোন, মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক হোন বা কলেজের অধ্যাপকই হোন, সকলে তাঁদের সম্বন্ধে বলেছেন। এবং আমাদের মধ্যে অনেকে অধ্যাপক আছেন, আমাদের মধ্যে অনেকে শিক্ষক মহাশয় আছেন, আমাদের মধ্যে অনেকে প্রাথমিক শিক্ষকও আছেন। কাজে কাজেই আমাদের এ পক্ষের সঙ্গে ও পক্ষের কোন মতভেদ নেই। আমাদের মাননীয় অর্থমন্ত্রী মহাশয় কালকে কতকগুলি জিনিস ঘোষণা করলেন সেগুলি বিরোধী পক্ষের বন্ধুদের মনঃপুত না হতে পারে, শিক্ষক মহাশয়দের মনঃপুত না হতে পারে, আমি এখানে দাঁড়িয়ে বলছি আমারও মনঃপুত হয়নি। আমিও চাই আমাদের শিক্ষক মহাশয়দের বেতন আরো বেশী বৃদ্ধি করা হোক। আমি বহুবার বলেছি যে আমাদের প্রথমিক শিক্ষক মহাশয়দের বেতন কমপক্ষে অন্ততঃ ১০০ টাকা হওয়া উচিত। কাজে কাজেই কালকে যখন আমাদের মাননীয় অর্থমন্ত্রী মহাশয় তাঁর আয়-ব্যয়ের হিসাব

Das Mahapatra, Shri Balai Lal
Dhibar, Shri Radhika

Ghosh, Shri Sambhu Charan
Golam Yazdani, Dr.
Guha, Shri Kamal Kanti
Hamal, Shri Bhadra Bahadur
Kundu, Shri Gour Chandra
Lahiri, Shri Somnath
Mahata, Shri Padak
Maitra, Shri Kashi Kanta
Majumdar, Shri Apurba Lal
Mandal, Shri Adwaita
Mandal, Shri Bhakti Bhushan
Mandal, Shri Siddheswar
Mondal, Shri Bijoy Bhusan
Mukhopadhyay, Shri Rabindra Nath
Murmu, Shri Nathaniel
Murmu, Shri Nimai Chand
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammad
Raha, Shri Sanat Kumar
Ray, Shri Birendra Narayan
Ray Chowdhury, Shri Khagendra Kumar
Roy, Shri Monoranjan
Roy, Dr. Narayan Chandra
Roy Pradhan, Shri Amarendra Nath
Saha, Shri Abhoy Pada
Thakur, Shri Shreemohan

The Ayes being 37 and the Noes 125, the motion was lost.

The motion of Shri Hemanta Kumar Basu that

উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত সংশোধনীটি যুক্ত করা হউক :—

"কিন্তু দুঃখের বিষয় যে, রাজ্যপালের ভাষণে—

(ক) ভারত রক্ষা আইনের ৩০ ধারায় যাঁহাদের গ্রেপ্তার করিয়া রাখা হইয়াছে, যাঁহারা দেশের বিভিন্ন গণতান্ত্রিক আন্দোলনের সহিত যুক্ত, যাঁহারা স্বদেশপ্রেমিক, এবং যাঁহারা চীনের আক্রমণের বিরুদ্ধে তাঁহাদের সর্বশক্তি প্রয়োগ করিবার প্রতিজ্ঞা করিয়াছিলেন, তাঁহাদের সত্বর মুক্তি দিবার, অথবা আদালতে হাজির করিবার কোন উল্লেখ নাই বা এই আটক রাখার বিরুদ্ধে কোন নিন্দাসূচক বাণী নাই ;

(খ) যাঁহারা সাম্প্রদায়িক বা অন্য কোনও অভিযোগে উক্ত ধারায় গ্রেপ্তার হইয়া বিনা বিচারে তৃতীয় শ্রেণীর বন্দী হিসাবে প্রায় একবৎসর আটক আছে, তাঁহাদের আদালতে বিচার বা তাঁহাদের মুক্তি দিবার বিষয়ে কোন উল্লেখ নাই, ;

(গ) পশ্চিম বাংলার ক্রমবর্দ্ধমান বেকার সমস্যা সমধানের বিশেষ কোন উল্লেখ নাই ;

(ঘ) কলিকাতা ও কলিকাতার পার্শ্বস্থ স্থানের অধিবাসীরা যাহাতে উচেছদ না হইতে পারে এবং যাহাদের উচেছদের সংখ্যা দিন দিনই বাড়িয়া চলিয়াছে, সেই উচেছদ রোধ করিবার কোনও উল্লেখ নাই ; এবং

(ঙ) কলিকাতায় যানবাহন চলাচলের অসুবিধা দূরীকরণের কোনও উল্লেখ নাই।

was then put and lost.

The motion of Shri Monoranjan Roy that

উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবে শেষে নিম্নলিখিত সংশোধনীটি যুক্ত করা হউক :—

"কিন্তু দুঃখের বিষয় যে রাজ্যপালের ভাষণে—

(ক) খাদ্য শস্যের পাইকারী বাণিজ্য রাষ্ট্রীয়করণের প্রয়োজনীয়তা সম্বন্ধে উল্লেখ নাই ;

(খ) গ্রামাঞ্চলের কৃষকদের দ্রব্যমূল্য বৃদ্ধির ফলে এবং ধানের দাম কম হইবার ফলে চরম দুর্দশার কথা উল্লেখ নাই ;

(গ) শ্রম বিরোধের অধিকাংশই দীর্ঘকাল যাবত অমীমাংসিত রাখা হইতেছে এই বিষয়ে কোন উল্লেখ নাই।

(ঘ) কর্মচারী রাষ্ট্রবীমার অব্যবস্থার ফলে শ্রমিকদের যে হয়রানির চূড়ান্ত হইতেছে সে বিষয়ে কোন উল্লেখ নাই :

(ঙ) দ্রব্যমূল্যের ক্রমবর্ধমান উর্ধগতি রোধে সরকারের চরম ঔদাসীন্যের কথা উল্লেখ নাই ; এবং

(চ) রাজ্যকোষ হইতে লক্ষ লক্ষ টাকা দুর্গাপুর কংগ্রেস অধিবেশনের জন্য অপব্যয় হইয়াছে—তাহা সম্বন্ধে কোন উল্লেখ নাই।

was then put and lost.

The motion of Shri Anadi Das that

উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত সংশোধনীটি যুক্ত করা হউক :—

"কিন্তু দুঃখের বিষয় যে, রাজ্যপালের ভাষণে—

(ক) রেশন এলাকার সমস্ত অধিবাসীকে যথাসময়ে রেশন কার্ড না দেওয়ায় বহু অধিবাসী অবর্ণনীয় দুর্দশা ভোগ করিয়াছেন এবং এখনও করিতেছেন ;

(খ) সপ্তাহে মাত্র একবার রেশন দেওয়ার ব্যবস্থা থাকায় বহু অর্থের অভাবে পুরা রেশন তুলতে পারেন না। ফলে বহুদিনই তাকে অভুক্ত থাকতে হয় এবং চোরাবাজারীর খপ্পরে পড়তে বাধ্য হয় ;

(গ) কোন ভিত্তির উপর রেশনের চাল ও গমের দাম বাড়ান হইয়াছে ;

(ঘ) রেশনের মথাপিছু সাপ্তাহিক পরিমাণ মোটেই যথেষ্ট নয় এবং যথেষ্ট না হওয়ায় চোরাবাজারীর নিকট যাইতে মানুষকে বাধ্য করা হইতেছে ;

(ঙ) একদিকে বলা হইতেছে সাধারণ মানুষকে আর অতিলাভের নিকট সমর্পণ করা যায় না অথচ রেশনের বাহিরের এলাকার লোককে তাহাদেরই নিকট সমর্পণ করা হইয়াছে ;

(চ) দরিদ্র চাষী কিভাবে উৎপাদন বাড়াইতে পারে তাহার কোন সঠিক পন্থা নির্দেশ নাই। তাহারা যাহা সহজে ব্যবহার করিতে পারে এমন হালকা ট্রাক্টর ও অন্যবিধ যন্ত্রপাতি তৈয়ারী করার কি হইতেছে ;

(ছ) ক্রেতা সমবায় সমিতিগুলি যাহা তৈয়ারী হইয়াছে তাহা যথেষ্ট নয় এবং যাও হইয়াছে তাহা সরকারের উপযুক্ত নীতির অভাবে মুমূর্ষ হইয়া পড়িতেছে ;

(জ) এমপ্লয়িজ স্টেট ইন্সিওরেন্সের সভ্যগণকে ঔষধ যোগাড় করিতে বিশেষ হয়রানি ভোগ করিতে হয়, হাসপাতালে শয্যা পাইতে ও স্পেশালিস্টের চিকিৎসা পাইতে বিশেষ অসুবিধা ভোগ করিতে হয়। অনেক সময় পাওয়াই যায় না ;

(ঝ) কলিকাতা স্টেট ট্রান্সপোর্ট যাত্রিগণের জন্য উপযুক্ত গাড়ী সরবরাহ করিতে পারেন নাই—যাত্রীরা বাদুড় ঝোলার মত ঝুলিয়া চলেন। একচেটিয়া অধিকারের সুযোগে ক্রমাগত ভাড়া বাড়াইয়া যাইতেছেন ;

(ঞ) বৃদ্ধ বয়সের পেন্সন ভিক্ষা দেওয়ার মত করিয়া করা হইয়াছে, মানুষকে উপহাস করা হইয়াছে ;

(ট) গৃহনির্মাণ পরিকল্পনা প্রয়োজনের তুলনায় নগণ্য ;

(ঠ) সম্পদ ক্রমাগত কেন্দ্রীভূত হইতেছে এবং ধনী ও দরিদ্রের পার্থক্য ক্রমাগত বাড়িয়া যাইতেছে ;

(ড) মানুষের সৃজনশীল শক্তিকে দেশ গঠনের কাজে ব্যবহারের কোন পন্থা অবলম্বি হইয়াছে ;

(ঢ) মূল্য বৃদ্ধি রোধের কোন ব্যবস্থা অবলম্বিত হইয়াছে ; এবং

(ণ) বেকার সমস্যা সমাধানের কোন পন্থা নেওয়া হইয়াছে—এই সকল বিষয়ে কোন উল্লেখ নাই।"

was then put and lost.

The motion of Shri Amarendra Nath Roy Prodhan that

উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত সংশোধনীটি যুক্ত করা হউক :—

"কিন্তু দুঃখের বিষয় যে, রাজ্যপালের ভাষণে—

(ক) ভাষণে বারে বারে সীমান্ত অঞ্চলে পাকিস্তানী হানাদারদের আক্রমণ রোধে সরকারী ব্যর্থতার উল্লেখ নাই ;

(খ) ভাষণে চাউলের যে মূল্যবৃদ্ধি হইয়াছে তাহার উল্লেখ নাই ;

(গ) ভাষণে দুর্গাপুরে কংগ্রেস অধিবেশনকালে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে যে সরকারী অর্থ ব্যয় হইয়াছে তাহার উল্লেখ নাই ;

(ঘ) গণতান্ত্রিক আন্দোলনের সহিত যুক্ত দেশপ্রেমিক রাজনৈতিক কর্মীদের যে বিনাবিচারে আটক রাখা হইয়াছে তাঁহাদের মুক্তির কোন উল্লেখ নাই ;

(ঙ) পশ্চিমবঙ্গের পূর্বপাক সীমান্ত এলাকার রাস্তাগুলির দুরবস্থার কথা ভাষণে উল্লেখ নাই ;

(চ) পশ্চিমবঙ্গের সরকারী কর্মচারীদের বর্তমান দুর্মূল্যের বাজারে ভাতা বৃদ্ধি হওয়া প্রয়োজন তাহা স্বীকার করা সত্বেও বৃদ্ধির কোন উল্লেখ ভাষণে নাই ;

(ছ) পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয়-পরিবহণ যে কলিকাতায় বাসের ভাড়া বৃদ্ধি করিয়া জনসাধারণের দুঃখ দুর্দশাকে আরও বাড়াইয়া তুলিয়াছে তাহার উল্লেখ ভাষণে নাই ;

(জ) সমগ্র পশ্চিমবঙ্গে বিশেষ করিয়া উত্তরবঙ্গে চীন ও পাকিস্তানী গুপ্তচরবৃত্তি যে ভীষণভাবে বাড়িয়া গিয়াছে এবং যাহা নিরোধে সরকার ব্যর্থ হইয়াছে তাহার উল্লেখ ভাষণে নাই ; এবং

(ঝ) পশ্চিমবঙ্গের কলেজ, মাধ্যমিক বিদ্যালয়, প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণ বেতন ও ভাতা বৃদ্ধির জন্য যে আন্দোলন করিতেছেন ভাষণে তাহার কোন উল্লেখ নাই।"

was then put and lost.

The motion of Shri Gopal Banerjee that

উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত সংশোধনীটি যুক্ত করা হউক :—

"কিন্তু দুঃখের বিষয় যে, রাজ্যপালের ভাষণে—

(ক) জবরদখল কলোনীর অধিবাসীদের জমির দলিল দেওয়া এবং ঐ সকল কলোনীর দ্রুত উন্নয়ন সম্পর্কে কোন উল্লেখ নাই ;

(খ) পরিত্যক্ত বাড়ী ও বস্তীতে বসবাসকারী যে সকল উদ্বাস্তু পরিবার এখনও পুনর্বাসন পান নাই তাহাদের পুনর্বাসনের ব্যবস্থার সম্পর্কে কোন উল্লেখ নাই;

(গ) ১৯৫৯ সাল হইতে ক্যাম্পবাসী যে সকল উদ্বাস্তু পরিবারকে পুনর্বাসন না দিয়া ডোল বন্ধ করিয়া রাখা হইয়াছে তাহাদের পুনর্বাসনের ব্যবস্থা সম্পর্কে কোনই উল্লেখ নাই; এবং

(ঘ) পথিপার্শ্বস্থ দোকানদারদের বিকল্প ব্যবস্থা সম্পর্কে কোন উল্লেখ নাই।"

was then put and lost.

The motion of Shri Birendra Narayan Roy that

উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত সংশোধনীটি যুক্ত করা হউক:—

"কিন্তু দুঃখের বিষয় যে রাজ্যপালের ভাষণে—

(ক) সমবায়ের ক্ষেত্রে অধিকাংশ ক্ষেত্রে অযোগ্য দুর্নীতিগ্রস্ত এবং অসৎ ব্যক্তিদের সহায়তা এবং সরকারী অর্থ ব্যয় করায় সমবায় পশ্চিমবঙ্গে ব্যর্থ হইয়াছে ইহার স্বীকৃতি রাজ্যপালের ভাষণে নাই;

(খ) কৃষির উপর ন্যায্যভাবে গুরুত্ব দিলেও সরকারী লালফিতার ফাঁসে আটকাইয়া কোনরূপ কার্যকরী হইতে পারিতেছেন না, তাহার স্বীকৃতি নাই;

(গ) ভূমিরাজস্ব মন্ত্রী দেবোত্তর এবং ওয়াকফ সম্পত্তি সম্বন্ধে নূতনভাবে বিল আনিবেন এ প্রতিশ্রুতি বিধানসভায় দেওয়া সত্তেও উহার কোনও উল্লেখ নাই।

(ঘ) স্বাস্থ্যমন্ত্রী গত বিধানসভায় মুর্শিদাবাদ জেলার ফৈজীবাগে হাসপাতাল তৈয়ারী করিবার প্রতিশ্রুতি দিয়াছিলেন তাহা আজও কার্যকরী হয় নাই, সে সম্বন্ধে কোনও উল্লেখ নাই;

(ঙ) পশ্চিমবাংলার প্রকৃত চিত্র ফুটিয়া উঠার পরিবর্তে বহুক্ষেত্রে সত্যের বিপরীত চিত্রই এই ভাষণে অঙ্কনের চেষ্টা করা হইয়াছে;

(চ) ডি আই রুলে আটক বিনাবিচারে বন্দীদের কোনও উল্লেখ নাই;

(ছ) সরকারীদলের সরকারী অর্থ, সামর্থ্য এবং প্রভাব দলের স্বার্থে ব্যবহার করার কোনও স্বীকৃতি নাই; এবং

(জ) পুলিস শান্তিরক্ষকের পরিবর্তে বহুক্ষেত্রে শান্তিভঙ্গ এবং অশান্তিকারকের ভূমিকা লইয়াছে, তাহার স্বীকৃতি নাই।"

was then put and lost.

The motion of Shri Sudhir Chandra Das that

উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত সংশোধনীটি যুক্ত করা হউক:—

"কিন্তু দুঃখের বিষয় যে, রাজ্যপালের ভাষণে—

(ক) পল্লী-অঞ্চলে ভাদ্র-আশ্বিনে ধান্যমূল্য অস্বাভাবিক বৃদ্ধির ফলে জনসাধারণ যে তীব্র খাদ্যসঙ্কটের সম্মুখীন হন তার প্রতিরোধে সরকারী রেশন দোকানগুলির অকর্মণ্যতা সম্পর্কে কোন উল্লেখ নাই;

(খ) নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্যবৃদ্ধির ফলে জনসাধারণ যে অবর্ণনীয় দুঃখ-দুর্দশার সম্মুখীন হয়েছে তার প্রতিকারের কোন সুস্পষ্ট ইঙ্গিত নাই;

(গ) সংবিধান অনুযায়ী ১৪ বছরের বালকবালিকাকে বিনা বেতনে পড়াইবার ব্যবস্থা এখনও চালু হয় নাই। এই সম্পর্কে কোন প্রতিশ্রুতি নাই;

(ঘ) জেলা পরিষদ গঠন হওয়া সত্ত্বেও জেলা স্কুল বোর্ডগুলিকে বাঁচাইয়া রাখায় যে বিশৃঙ্খলা সৃষ্টি হইয়াছে এবং দলীয় স্বার্থ রক্ষার অপচেষ্টা চলিয়াছে তাহার প্রতিকারের কোন ইঙ্গিত নাই; এবং

(ঙ) গ্রাম পঞ্চায়েত, অঞ্চল পঞ্চায়েত ও জেলা পরিষদ গঠন হওয়া সত্ত্বেও গ্রামোন্নয়নে প্রচেষ্টা যে শোচনীয় ব্যর্থতা এনে দিয়েছে তার কোন উল্লেখ নাই।"

is then put and lost.

The motion of Shri Monoranjan Bakshi that

ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত সংশোধনীটি যুক্ত করা হউক:—

"কিন্তু দুঃখের বিষয় যে, রাজ্যপালের ভাষণে—

(ক) পশ্চিমবাংলার বিভিন্ন জেলাতে সরকারী ধার্যকৃত ধান্যমূল্য অপেক্ষা কম মূল্যে ধান্যচাষীগণ ধান্য বিক্রয় করিতে বাধ্য হইতেছেন। এ সম্পর্কে ধান্যচাষীগণকে রক্ষা করিবার জন্য সরকারের সুষ্ঠু নীতির কোন উল্লেখ নাই;

(খ) পশ্চিমবাংলার বিভিন্ন জেলার কোন্ কোন্ সমবায় সমিতিগুলিকে সরকারী নির্দিষ্ট দরে ধান্য ক্রয় করিবার জন্য কত পরিমাণ আর্থিক সাহায্য বা ঋণ মঞ্জুর করিয়াছেন সে সম্পর্কে কোন উল্লেখ নাই;

(গ) বর্ধমানে মেডিক্যাল কলেজ স্থাপনের কোন প্রস্তাবের উল্লেখ নাই;

(ঘ) বেকার সমস্যা সমাধানের কোন ইঙ্গিত নাই;

(ঙ) আউশগ্রাম থানা, কাঁকসা থানা এবং ভাতার ও গলসী থানার রাস্তাঘাটের এবং পানীয় জলের সুব্যবস্থার কোন কথাই উল্লিখিত নাই;

(চ) নিত্যব্যবহার্য জিনিসপত্রের দরের উর্ধ্বগতি রোধ করিবার কোন কথা উল্লিখিত নাই;

(ছ) বর্ধমান জেলার সেচবিহীন এলাকায় গভীর নলকূপ বা বিকল্প ব্যবস্থার কোন কথাই বলা হয় নাই;

(জ) আদিবাসী, হরিজন সম্প্রদায়ের উন্নয়নের কোন প্রস্তাব উল্লিখিত নাই;

(ঝ) বর্ধমান জেলায় জমিদারি ক্ষতিপূরণ উদ্দেশ্যে অদ্যাবধি চূড়ান্ত ব্যবস্থা না হওয়ার কথা উল্লিখিত নাই;

(ঞ) বর্ধমান জেলার বিভিন্ন গ্রামাঞ্চলে ব্যাপকভাবে বে-আইনী উপায়ে চোলাই মদ তৈয়ারি হইতেছে—এ সম্পর্কে বর্ধমানের আবগারী বিভাগ নিষ্ক্রিয় থাকা সম্পর্কে কোন কথা উল্লিখিত না; এবং

(ট) স্ত্রীশিক্ষার দ্রুত প্রসারব্যবস্থার কোন কথাই উল্লিখিত নাই।"

is then put and lost.

The motion of Shri Abhoy Pada Saha that

ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত সংশোধনীটি যুক্ত করা হউক:—

"কিন্তু দুঃখের বিষয় যে, রাজ্যপালের ভাষণে—

(ক) রাজ্যের শাসনযন্ত্রে অযোগ্যতা, দুর্নীতিপরায়ণতা রাজ্যের সর্বস্তরের মানুষের মনে হতাশা সঞ্চার করিয়াছে এবং জাতীয় উন্নয়ন পরিকল্পনার সফল রূপায়ণে ও সমাজের সর্বক্ষেত্রে ক্রমবর্ধমান দুর্নীতির প্রসার দমনে ব্যর্থ হইয়াছে তাহা জ্ঞাত হইয়াও শাসনযন্ত্র পরিবর্তনের কোন কথার উল্লেখ নাই;

(খ) স্বল্প জমির মালিক, কৃষক, ভূমিহীন কৃষক ও কৃষি-মজুরগণের অবস্থার উন্নতি-বিধানের পরিকল্পনার কথা রাজ্যপালের ভাষণে স্থান পায় নাই। তাহাতে রাজ্যে খাদ্য উৎপাদনে উদ্যমহীনতা অবস্থা বিরাজ থাকায় রাজ্যে উত্তরোত্তর চরম খাদ্যসঙ্কট উপস্থিত হইবে। এই অবস্থা প্রতিকারের কথা রাজ্যপালের ভাষণে স্থান পায় নাই ;

(গ) প্রতি বৎসর কৃষি-মজুরদের অনাহারে মৃত্যুর হাত হইতে রক্ষাকল্পে টেস্ট রিলিফকার্যের ব্যবস্থা করিতে হয়, রাজ্যের বিপুলসংখ্যক কৃষি-মজুরকে বৎসরে ছয় মাস বেকার বসিয়া থাকিতে হয়। বেকার কৃষি মজুরের সংখ্যা উত্তরোত্তর বৃদ্ধি পাইয়া ভয়াবহ অবস্থার উদ্ভব হইতে চলিয়াছে ; কিন্তু রাজ্যপালের ভাষণে কৃষি-মজুরের ভয়াবহ অবস্থার কোন পরিবর্তনের আশ্বাস শোনা গেল না ; এবং

(ঘ) ময়ূরাক্ষী প্রকল্প হইতে জলসেচের ব্যবস্থায়, সেচবিভাগের চরম গাফিলতি, অন্যায় ও উদ্দেশ্যমূলকভাবে বহুল পরিমাণ জলসেচ এলাকাভুক্তকরণে উক্ত এলাকার কৃষিজীবীদের চরম হয়রানি, অর্থদণ্ডের ও ত্রাসের সম্মুখীন হইতে হইয়াছে। সেচ বিভাগের কর্মচারিগণ তাঁহাদের নিজেদের অক্ষমতা ঢাকিয়া, কর্মকুশলতা দেখাইবার জন্য বহু জলাজমি ও সেচবহির্ভূত জমি সেচ এলাকা দেখাইয়া গ্রামের মানুষদের চরম বিপদে ও হয়রানিতে ফেলিয়াছে। চাষের উপযুক্ত সময়ে জল-সরবরাহ না করিয়া, পর্যাপ্ত জল না দিয়া সরকার পাইকারি হারে একরে দশ টাকা হারে ট্যাক্স র্ধায করিয়া জুলুম ও জবরদস্ত আদায়ের ব্যবস্থা করিয়া ক্যানেল আইনের ফলে কৃষিজীবীদের পিষিয়া রক্ত আদায়ের ব্যবস্থা করিয়াছে। ফলে রাজ্যের ক্যানেল এলাকায় ত্রাহি ত্রাহি রব উঠিতেছে। কিন্তু মাননীয় রাজ্যপালের ভাষণে ক্যানেল করাতঙ্কের হাত হইতে রক্ষাকল্পে কোন সুব্যবস্থার অভয়বাণী শোনা গেল না।"

was then put and lost.

The motion of Shri Sailendra Nath Adhikary that

উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত সংশোধনীটি যুক্ত করা হউক :—

"কিন্তু দুঃখের বিষয় যে, রাজ্যপালের ভাষণে—

(ক) উচ্চ মাধ্যমিক, মাধ্যমিক, ও প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের, কারণিক ও কর্মচারীগণের এবং মধ্যশিক্ষাপর্ষতের নিম্নবেতনভুক্ কর্মচারীদের জীবনের মান উন্নয়নের জন্য কোনও আর্থিক সুযোগদানের কোনও আভাস নাই ;

(খ) কলেজের অধ্যাপকগণের ইউ-জি-সি সম্মত বেতনের দাবীগুলি গ্রহণ করার কোনও আভাস নাই ;

(গ) মুর্শিদাবাদ নদীয়া সমেত মধ্য ও উত্তরবঙ্গের অবহেলিত অঞ্চলগুলিতে ক্ষুদ্র ও মাঝারি শিল্প স্থাপনের কোনও পরিকল্পনা নাই। উদ্বাস্তু সমস্যা সম্বন্ধে কোনও গঠনাত্মক পরিকল্পনার উল্লেখ নাই ;

(ঘ) পশ্চিমবাংলার সাধারণ মানুষের দুর্দশা, দুঃখ ও দুঃসময়ের কোনও উল্লেখ না থাকায় রাজ্যের প্রকৃত চিত্র উদ্ঘাটিত হয় নাই ;

(ঙ) পশ্চিমবঙ্গে ভয়ঙ্কর বেকার সমস্যার কোনও সমাধানের ইঙ্গিত দেওয়া হয় নাই ;

(চ) ভাষণে দুর্নীতি প্রতিরোধের জন্য কোনও সঠিক ও দৃঢ় পন্থা নির্ণয় করা হয় নাই ;

(ছ) ভারতরক্ষা আইনের অপপ্রয়োগ-নিরোধের কোনও ঘোষণা নাই এবং ভারতরক্ষা আইন ও ইমার্জেন্সী তুলিয়া লইবার জন্য যথাযথ পদ্ধতিতে অগ্রসর হইবার কোনও আভাস নাই ; এবং

(জ) হিন্দিকে যে-ভাবে অ-হিন্দী, অঞ্চল পশ্চিমবঙ্গে চালু করিবার ব্যবস্থা হইতেছে তাহাতে বিচ্ছিন্ন তার প্রতি প্রবণতার সৃষ্টি করিবার আশঙ্কা থাকায় এইরূপ জবরদস্তিভাবে হিন্দী প্রচলনের বিরুদ্ধে কোনও কথা বলা হয় নাই।"

was then put and lost.

The motion of Shri Nimai Chand Murmu that

উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত সংশোধনীটি যুক্ত করা হউক :—

"কিন্তু দুঃখের বিষয় যে, রাজ্যপালের ভাষণে—

(ক) পশ্চিমবঙ্গে ভাগচাষীদের স্বার্থ রক্ষার্থে ভাগচাষ কোর্ট হওয়া সত্ত্বেও ভাগচাষী পাইকারী হারে উচ্ছেদ হয়ে ক্ষেত মজুরে পরিণত হচ্ছে। এবং ক্ষেত মজুরদের সংখ্যা দিনে দিনে বৃদ্ধির দরুন বেকারের সংখ্যা ও ভিখারীর সংখ্যা কংগ্রেসী রাজত্বে বেড়ে চলেছে। তাহা রোধ করিতে সরকার সম্পূর্ণরূপে ব্যর্থ হয়েছেন—একথার উল্লেখ নাই ;

(খ) পশ্চিমবঙ্গের পশ্চাৎপদ অবহেলিত উপজাতী সম্প্রদায় যুগ যুগ ধরে লোকচক্ষুর অন্তরালে বঙ্গমাতার ক্রোড়ে শোষিত ও নিপীড়িত হইয়া আসিতেছে। তাহাদিগের জীবনযাত্রার মান, ভাষা, শিক্ষা ও সংস্কৃতি সংপ্রসারণ করার প্রয়োজনীয়তা উল্লেখ থাকা প্রয়োজন ছিল এবং তাহা পশ্চিমবঙ্গ সরকার পালন করিতে বা যথাযথভাবে সুব্যবস্থা অবলম্বন করিতে ব্যর্থ হয়েছেন এটাও উল্লেখ থাকা প্রয়োজন ছিল ;

(গ) ভারতরক্ষা হিড়িকে কাহারও পৌষ মাস কাহারও সর্বনাশ হয়েছে, একথা উল্লেখ থাকা উচিত ছিল। যেমন মালদহ জেলার বামনগোলা ও হবিবপুর থানার কংগ্রেসী বড় বড় জোতদারগণ ভারতরক্ষার হিড়িকে কৃষকের চাষাবাদের ভেষ্ট জমির ফসল (যে সমস্ত জমি খাস হইয়া সরকারের হাতে ন্যস্ত হয়েছে দখলীকার কৃষক সরকারী লাইসেন্স ফি দিয়ে রসিদ গ্রহণ করিয়া বন্দোবস্ত লইয়াছে সে সমস্ত জমির ফসল) কোথাও জমি হইতে কোথাও দখলীকার খামার হইতে পুলিসের সাহায্যে লুঠ করিয়া লইয়া গেছে। ইহার প্রতিকার করিতে সরকার ব্যর্থ হয়েছেন একথা ভাষণে উল্লেখ থাকা প্রয়োজন ; এবং

(ঘ) পশ্চিমবঙ্গ বিধানসভার ১৫ জন সদস্যকে বিনা বিচারে ভারত রক্ষার আইনে আটক রেখে তাহাদের গণতান্ত্রিক অধিকার ক্ষুণ্ণ করা হয়েছে, ইহা এক অগণতান্ত্রিক পদ্ধতি ও এটা লজ্জাজনক কাজ হয়েছে বলে দুঃখ প্রকাশ করে গণতন্ত্রকে অক্ষুণ্ণ রাখার জন্য তাদের মুক্তি দিয়ে এই বাজেট অধিবেশনে উপস্থিত থাকার অধিকার বজায় রাখার কথা উল্লেখ থাকার প্রয়োজন।"

was then put and lost.

The motion of Shri Jiban Krishna Dey that

উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত সংশোধনীটি যুক্ত করা হউক :—

"কিন্তু দুঃখের বিষয় যে, রাজ্যপালের ভাষণে—

(ক) রাজ্যপালের পূর্ববর্তী ভাষণে পাম্পিং মেশিনের সাহায্যে গ্রামাঞ্চলে নদীর জল তুলে উভয়তীরে অবস্থিত অনাবাদী জমি আবাদযোগ্য করার প্রচেষ্টার প্রতিশ্রুতি ছিল। অদ্যকার ভাষণে তার কোনই উল্লেখ কিংবা পরিণতির কথা নেই ;

(খ) শিল্পে একান্ত অনগ্রসর উত্তরবঙ্গে সাধারণ শিল্প প্রতিষ্ঠার মত কোন লক্ষণও এই ভাষণে নেই। অনগ্রসর অঞ্চলের জনতা আজও অনগ্রসরই থেকে গেল। তাদের জীবনধারণের মান উন্নয়নের মত কোন কিছুই করতে না পারার ব্যর্থতা স্বীকার করা রাজ্যপালের পক্ষে একান্ত স্বাভাবিক ছিল। না থাকাটা উত্তর-বঙ্গবাসীদের পক্ষে একান্তই দুঃখের। অন্য দিকে যা আছে, তা হলো আত্ম-সন্তোষ। যেমন ৩১নং জাতীয় সড়ককে সম্প্রসারণ। এই কৃতিত্ব কি রাজ্য-সরকার —না জরুরী অবস্থার জন্য কেন্দ্রীয় সরকারের প্রাপ্য?—এ বিষয়ের কোনও উল্লেখ নাই;

(গ) পূর্ব পাকিস্তান থেকে আগত উদ্বাস্তুদের গৃহ নির্মাণ ও ব্যবসা বাবদ লওয়া ঋণ মকুব করার সুস্পষ্ট প্রতিশ্রুতি নেই। অথচ অন্যান্য রাজ্যে এই ঋণ মকুব করার দৃষ্টান্ত আমাদের কাছে আছে। এখানে মকুব করার নানা প্রতিশ্রুতি ছিল প্রয়োজনও। নূতন উদ্বাস্তুদের সম্পর্কে তাঁর মন্তব্য দায়িত্ব ত্যাগেরই লক্ষণ মাত্র। রাজ্যের প্রধান হিসেবে এই সব ছিন্নমূলদের প্রাণে বাঁচিবার মত আশা ও ভরসা দেয়া একান্ত আবশ্যক থাকা সত্ত্বেও তিনি তা দেন নি। দিতে পারেন নি;

(ঘ) ১৯৬২ সালে তুফানগঞ্জ মহকুমায় যে কয়টি রাস্তা পাকা করিবার জন্য বরাদ্দ লাভ করে অদ্যাবধিও তা কার্যকরী হয়নি। বরং চিলাখানা বাজারের নিকট জাতীয় সড়ক ৩১নং-কে অহেতুকভাবেই বিকল্প পথে পুনর্নির্মাণ দ্বারা লক্ষ লক্ষ টাকা অপচয়ের যে সিদ্ধান্ত পূর্ত বিভাগ করেছেন বলে প্রকাশ, তার নিন্দা করা হয় নি। বিকল্প সড়ক না করে বাজার রক্ষার জন্য নদীতে বাঁধের ব্যবস্থা করলে একই খরচে হাজার হাজার বিঘা জমি এবং ঘরবাড়ি ও জাতীয় সড়ক একত্রে রক্ষা পেয়ে যেত। টাকা খরচের পর্বে এই সরকার যথাযথ বিচারবুদ্ধি প্রয়োগ করেন না। স্বার্থ-সংশ্লিষ্ট মহল অনায়াসেই কাজ হাসিল করে নিয়ে থাকে এবং ভবিষ্যতেও তাই চলবে—এ বিষয়ে কোনও উল্লেখ নাই;

(ঙ) চলতি বছরে মফঃস্বল জেলা ও মহকুমা শহরবাসীরা ন্যায্যমূল্য দূরের কথা, বর্তমান চড়াদরের রেশনটুকু অন্তত পাবেন, এমমন নিশ্চয়তা দিতে পারেন নি। ভাগ্য এবং চোরাকারবারীদের হাতেই রাজ্যের লক্ষ লক্ষ অধিবাসীকে ফেলে রাখা হয়েছে—এ বিষয়ে কোনও উল্লেখ নাই;

(চ) ১৯৬৪ সালে তুফানগঞ্জ মহকুমার কোন সেচ পরিকল্পনা কার্যকরী করা হয় নি। ১৯৬৫ সালেও কোন পরিকল্পনার আভাস পাওয়া যাচ্ছে না। অথচ সেচের জল ফসল রক্ষা ও ফসল বৃদ্ধির জন্য অত্যাবশ্যক; এমন মহকুমা এই রাজ্যে কেবল একটি-মাত্র নয়, বহু আছে। ভাষণে এই দিকে উপযুক্ত দৃষ্টি দেয়ার পরিবর্তে যা আছে তা হলো গভীর আত্মসন্তোষ—এ বিষয়ে কোন উল্লেখ নাই;

(ছ) পাকিস্তান সীমান্তবর্তী বি ও পি ঘাঁটিগুলোতে চোরাকারবার ও গরু চুরি বন্ধ করতে না পারার স্বীকৃতি থাকা একান্ত আবশ্যক ছিল। দুর্নীতি ও চুরি-ছ্যাঁচরামির ভয়ে সীমান্তের অধিবাসীরা রাত্রিতে নিশ্চিন্তমনে নিদ্রা যাওয়া ত্যাগ করেছে। দুর্নীতি-পরায়ণ বর্ডার গার্ডদের প্রশাসনিক ব্যবস্থার গলদের দরুন এস পি-র ন্যায় পুলিশ কর্তৃপক্ষও নিয়ন্ত্রণ করার পক্ষে বাহুল্য বিবেচিত হয়েছে। বর্ডার গার্ডদের নিয়ন্ত্রণ করার মত উপযুক্ত প্রশাসনিক ব্যবস্থা স্থাপন অত্যাবশ্যক। বর্তমানে বি ও পি ক্যাম্পগুলো এক একটি বল্গাহীন ঘোড়া বিশেষ—এ বিষয়ে কোনও উল্লেখ নাই; এবং

(জ) এই রাজ্যে বহু রাজনৈতিক নেতা ও কর্মীকে বিনা কারণে, বিনা বিচারে অনির্দিষ্টকালের জন্য আটক রাখার কোন উল্লেখ নাই।"

was then put and lost.

The motion of Shri Sunil Das Gupta that

উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত সংশোধনীটি যুক্ত করা হউক :—

"কিন্তু দুঃখের বিষয় যে, রাজ্যপালের ভাষণে—

(ক) কোচবিহার জেলার মহারাজার আমলে নিযুক্ত স্টেট এম ই স্কুলস এবং স্টেট প্রাইমারী স্কুলস-এ যে সমস্ত শিক্ষক কার্যে নিযুক্ত আছেন, তাঁহাদের আজ পর্যন্তও ১৯৫০ সালের কোচবিহারের পশ্চিমবঙ্গ ভুক্তির চুক্তি অনুযায়ী পশ্চিমবঙ্গের চাকুরীতে অ্যাবসর্ব করা হয় নাই। ইহার ফলে তাঁহারা ৩০—৩৫ টাকা স্কেলে (যাহা মহারাজার আমলে চালু ছিলো) আজও বেতন গ্রহণ করিতে বাধ্য হইতেছেন। তাঁহাদের এই দুরবস্থার প্রতিকারের জন্যে প্রচুর আবেদন নিবেদন সত্ত্বেও সরকার হইতে কোনও ব্যবস্থা না করা হইতেছে না। এই সমস্ত শিক্ষকদের সমস্যা সমাধানের কথা ভাষণে উল্লেখ করা হয় নাই;

(খ) উত্তরবঙ্গে বৃহৎ ও মাঝারি শিল্প বলিতে কিছুই নাই। উত্তরবঙ্গে বৃহৎ ও মাঝারি শিল্প স্থাপনের কোনরূপ উদ্যোগ সরকার হইতে আজ পর্যন্তও করা হয় নাই। ইহার ফলে কেবল মাত্র কৃষির উপর নির্ভরতার দরুন উক্ত অঞ্চলের অর্থনৈতিক ব্যবস্থা ভাঙ্গিয়া পড়িবার উপক্রম হইয়াছে। সহর ও গ্রামাঞ্চলে চরম বেকারী দেখা দিয়াছে। এই সঙ্কটাপন্ন অবস্থা হইতে রক্ষা করিবার জন্যে উত্তরবঙ্গের শিল্পন্নোয়নের কোনরূপ সুষ্ঠু পরিকল্পনার কথা উল্লেখ করা হয় নাই;

(গ) উত্তরবঙ্গের পার্বত্য নদীগুলি যথা, তোর্ষা, কালজানী, জলঢাকা, রায়ডাক, তিস্তা, ঘরঘরিয়া, চেল, প্রতি বৎসর বর্ষাকালে বিস্তীর্ণ অঞ্চল প্লাবিত করিয়া যে বিপুল পরিমাণ কৃষি ও আবাদযোগ্য জমি, এবং ধনসম্পত্তি নষ্ট করিতেছে উহা রক্ষা-কল্পে সেই সম্পর্কে কোনও ব্যাপক পরিকল্পনা গ্রহণ করিবার জন্যে কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করিবার কথা, অথবা প্রাদেশিক সরকার নিজে উদ্যোগী হইয়া পরিকল্পনা গ্রহণ করিবার কথা উল্লেখ করা হয় নাই;

(ঘ) কোচবিহার জেলা ১৯৫০ সালের পর হইতে খাদ্যে ঘাটতি জেলা বলিয়া জনসাধারণ দাবী জানাইতেছে। জনসাধারণের এই ন্যায্য দাবী সরকার কর্ণপাত না করিয়া ১৯৫১ সালে কোচবিহার জেলাকে খাদ্যে উদ্বৃত্ত জেলা বলিয়া ঘোষণা করিয়া প্রকিওরমেণ্ট করিবার আদেশ দেন। ইহার ফলে সেই সময় কোচবিহারে চরম খাদ্যাসঙ্কট দেখা দেয়। পরিণতিতে গত ১৯৫১ সালের ২১এ এপ্রিল তারিখে কোচবিহারে খাদ্য-মিছিলের উপর নৃশংস গুলি চালাইয়া পুলিশ পাঁচজন তরুণ-তরুণীকে হত্যা করে। জনসাধারণের দাবীর চাপে সরকার নতি স্বীকার করিয়া বিচার বিভাগীয় তদন্তের ব্যবস্থা করেন। কিন্তু আজ পর্যন্তও সরকার সেই বিচার বিভাগীয় তদন্তের রায় সরকার প্রকাশ করিতে সাহসী হন নাই। এই বৎসরও কোচবিহারে ১৯৫১ সালের পুনরাবৃত্তি হইতে চলিতেছে। এই বৎসর কোচবিহার জেলার অন্যান্য বৎসরের তুলনায় ধান্যের উৎপাদন কম হইয়াছে। তবুও সরকার পুনরায় কোচবিহার জেলাকে খাদ্যে উদ্বৃত্ত জেলা বলিয়া ঘোষণা করিয়া কোচবিহারের লেভী, করা চাউল বাহিরে লইয়া যাইবার জন্যে উদ্যোগী হইয়াছেন জানিয়া কোচবিহারের জনসাধারণ শঙ্কিত হইয়া পড়িয়াছেন। দ্বিতীয়তঃ চা বাগানের মালিকদের যথেচ্ছাচারে চাল ক্রয় করিবার ব্যবস্থা সরকার আইন করিয়া দিয়াছেন। তাহারাও কোচবিহার জেলা হইতে ব্যাপকভাবে চাল ক্রয় করিতেছেন। ইহার ফলে বাকী ধান-চাউলও কোচবিহার জেলা হইতে বাহিরে চলিয়া যাইতেছে। মাঝারি চাউলের দর এখনই ৩০-৩২ টাকা দরে প্রকাশ্যেই বিক্রয় করা হইতেছে। এই জনস্বার্থ বিরোধী নীতি পরিবর্তন করিবার জন্য

জনসাধারণ বারে বারে দাবী জানাইতেছে কোচবিহার জেলাকে খাদ্যে ঘাটতি জেলা বলিয়া ঘোষণা করা হোক, কোচবিহার হইতে লেভী করা চাউল বাহিরে পাঠান বন্ধ করা হোক, চা-বাগানের মালিকদের চাল ক্রয় ঘাটতি জেলা কোচবিহারে বন্ধ করা হোক। এই সমস্ত দাবী সম্পর্কে প্রতিকারের প্রতিশ্রুতি কথা ভাষণে উল্লেখ করা হয় নাই;

(ঙ) কোচবিহার ভিক্টোরিয়া কলেজে পাদার্থবিদ্যা, রসায়ণশাস্ত্রে অনার্স ক্লাস খুলিবার কথা ভাষণে উল্লেখ করা হয় নাই।

(চ) পশ্চিমবঙ্গ সরকারী কর্মচারীদের মাগ্‌গীভাতা বৃদ্ধি করিবার কথা ভাষণে উল্লেখ করা হয় নাই;

(ছ) পাট ও তামাকের নিম্নতম দর নির্দিষ্ট করিয়া বাঁধিয়া দিবার কথা ভাষণে উল্লেখ করা হয় নাই;

(জ) পশ্চিমবঙ্গে ক্রমাগত পাকিস্তানী অনুপ্রবেশ বাড়িয়া চলিয়া আইন ও শৃঙখলা জটিলতর করিয়া তুলিতেছে, এই সম্পর্কে কোনও উল্লেখ করা হয় নাই; এবং

(ঝ) উত্তরবঙ্গের মেডিকেল কলেজ কোচবিহার জেলাতে স্থাপন করিবার কথা উল্লেখ করা হয় নাই।"

was then put and lost.

The motion of Shri Shambhu Gopal Das that

উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত সংশোধনীটি যুক্ত করা হউক:—

"কিন্তু দুঃখের বিষয় যে, রাজ্যপালের ভাষণে—

(ক) এই ভাষণে মানুষের নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদির মূল্যের অস্বাভাবিক উর্ধ্বগতি রোধে পশ্চিমবঙ্গ সরকারের শোচনীয় ব্যর্থতার কোন উল্লেখ নাই;

(খ) এই ভাষণে পশ্চিমবঙ্গের মফঃস্বল এলাকাগুলিতেও 'পূর্ণ' রেশন ব্যবস্থা' চালু করার কোন কথা নাই;

(গ) এই ভাষণে খাদ্যশস্যের পাইকারী ব্যবসায়কে সম্পূর্ণরূপে রাষ্ট্রীয়করণের কোন উল্লেখ নাই;

(ঘ) এই ভাষণে অক্ষম এবং নানা কারণে দুঃস্থ ব্যক্তিরা যাহাতে অধিক সংখ্যায় জি আর পাইতে পারে, সে সম্পর্কে কোন উল্লেখ নাই;

(ঙ) শাসন যন্ত্রের রন্ধ্রে রন্ধ্রে যে দুর্নীতির অনুপ্রবেশ ঘটিয়াছে, এবং যাহার ফলস্বরূপ জনজীবনে অশেষ দুর্গতি নামিয়া আসিয়াছে, তাহার কোন উল্লেখ নাই;

(চ) গত এক বৎসরেই জনসাধারণের বাঁচার দাবীতে বিভিন্ন গণ-আন্দোলন দমনের জন্য যেভাবে ভারতরক্ষা আইনের প্রয়োগ করা হইয়াছে, এই ভাষণে তাহার কোন উল্লেখ নাই, এবং ভবিষ্যতে যে গণতন্ত্রের স্বার্থে গণ-আন্দোলন দমনের জন্য এই আইনের অপপ্রয়োগ করা হইবে না, সে সম্পর্কে কোন প্রতিশ্রুতিও মাননীয়া রাজ্যপালের ভাষণে নাই;

(ছ) জরুরী অবস্থায় বিপুল শাসন-ক্ষমতা হাতে থাকা সত্ত্বেও সরকার যে বারবার অসাধু ব্যবসায়ীদের লাভের নিকট আত্মসমর্পণে বাধ্য হইয়াছে, সে সম্পর্কে কোন কথা এই ভাষণে নাই;

(জ) ভারতরক্ষা আইনে ধৃত রাজবন্দীদের মুক্তি সম্পর্কে কোন উল্লেখ এই ভাষণে নাই;

(ঝ) জরুরী অবস্থার বলি, এই রাজ্যের সহস্র সহস্র দুঃস্থ স্বর্ণশিল্পীদের সম্পর্কে কোন আশার বাণী এই ভাষণে অনুপস্থিত ;

(ঞ) পশ্চিম বাংলার গ্রামাঞ্চলের দরিদ্র কৃষকশ্রেণী, বিশেষ করিয়া ভূমিহীন কৃষকসমাজ এবং নিম্নমধ্যবিত্ত ও মধ্যবিত্ত শ্রেণীর অবর্ণনীয় আর্থনীতিক দুঃখ-দুর্দশার কোন, চিত্র অঙ্কিত হয় নাই। গ্রাম এলাকার বেকার ও অর্ধ বেকার সমস্যা সম্পর্কে সেখানকার চাষীদের অনেক স্থলে ফসলের ন্যায়সঙ্গত মূল্য হইতে বঞ্চিত হওয়ার সমস্যা সম্পর্কে এবং সেখানকার দরিদ্র মানুষের, বিশেষ করিয়া পর পর দুইটি বিধ্বংসী বন্যায় নিদারুণভাবে ক্ষতিগ্রস্ত মানুষের উপর বকেয়া ঋণ, খাজনা, সেস, ক্যানেল ট্যাক্স ইত্যাদি আদায়ের জন্য যেভাবে সার্টিফিকেট জারী করিয়া উৎপীড়নমূলক ব্যবস্থা অবলম্বন করা হইতেছে সে সম্পর্কে কোন উল্লেখ এই ভাষণে অনুপস্থিত। এই সমস্ত সমস্যা সম্পর্কে কোন আশ্বাসের বাণীও মাননীয়া রাজ্যপালের ভাষণে নাই ;

(ট) দামোদর এবং ময়ূরাক্ষী সেচ প্রকল্প এলাকায় অনেক স্থলে জমিতে আদৌ জল সরবরাহ না করিয়া যেভাবে কৃষকদের নিকট হইতে ক্যানেল-ট্যাক্স আদায় করা হইতেছে, এই ভাষণে তাহার কোন উল্লেখ নাই ; এবং

(ঠ) পশ্চিম বাংলার অর্থনৈতিক দিক হইতে পশ্চাৎপদ জেলাগুলিতে 'অর্থনৈতিক উন্নতির' জন্য শিল্প প্রতিষ্ঠার সম্ভাবনার কোন উল্লেখ এই ভাষণে নাই।"

was then put and lost.

The motion of Shri Gour Chandra Kundu that

উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত সংশোধনীটি যুক্ত করা হউক :—

"কিন্তু দুঃখের বিষয় যে, রাজ্যপালের ভাষণে—

(ক) আঞ্চলিক পরিষদ ও জেলা পরিষদগুলিতে কংগ্রেস দলের দলীয় কাযকলাপ বন্ধ করিতে সরকার ব্যর্থ হইয়াছেন ;

(খ) খাদ্যদ্রব্যে ভেজাল বন্ধ করিতে সরকার চরম ব্যর্থতার পরিচয় দিয়াছেন

(গ) টি বি রোগীদের প্রয়োজনীয় চিকিৎসা ও পথ্যের জন্য অর্থ সাহায্য দিতে সরকার ব্যর্থ হইয়াছেন। হাসপাতালগুলিতে বেড বৃদ্ধি করিতে, ঔষধ সরবরাহ করিতেও অব্যবস্থা দূর করিতে সরকার ব্যর্থ হইয়াছেন।

(ঘ) চতুর্থ পরিকল্পনার বরাদ্দে শিক্ষাখাতে অধিক অর্থ বরাদ্দ করিয়া পশ্চিমবঙ্গে শিক্ষা প্রসার করিবার কোন প্রচেষ্টা সরকারের পক্ষ হইতে না থাকায় পশ্চিমবঙ্গে শিক্ষা ব্যবস্থায় চরম সঙ্কট প্রতিরোধ করিতে সরকার ব্যর্থ হইয়াছেন। মাধ্যমিক শিক্ষাকে অবৈতনিক করিতেও সরকার ব্যর্থ হইয়াছেন ;

(ঙ) জরুরী অবস্থা ও ভারতরক্ষা আইনের অপব্যবহার করা হইতেছে এবং কংগ্রে তার দলীয় স্বার্থসিদ্ধির জন্য গণতান্ত্রিক অধিকারকে দিনের পর দি সঙ্কুচিত করিয়া স্বৈরাচারের দিকে অগ্রসর হইতেছেন। কংগ্রেস দলে অগণতান্ত্রিক কার্যকলাপের ফলে সংসদীয় গণতন্ত্র পর্যন্ত বিপন্ন হইয়া পড়িয়াছে। রাজ্যের শত শত কমিউনিস্ট নেতা ও কর্মীদের বিনা কারণে বিনা বিচারে আটক রাখিয়া সরকার গণতন্ত্রের মূলে কুঠারাঘাত করিয়াছেন। আইনসভা সদস্যদের বিনা বিচারে আটক রাখিয়া বিধানসভা ও বিধান পরিষদের অধিবেশনে যোগদান করিতে না দিয়া সরকার সংবিধানসম্মত সংসদীয় গণতন্ত্রকে বিপন্ন করিয়াছেন। গণতন্ত্রকে রক্ষা করিবার জন্য বিনা বিচারে আটক সকল রাজনৈতিক কর্মী ও নেতাদের মুক্তি প্রয়োজন, জরুরী অবস্থা ও ভারত রক্ষা আইনের অবসান প্রয়োজন। সরকার গণতন্ত্র ও সংবিধানের মর্যাদা রক্ষা করিতে ব্যর্থ হইয়াছেন ;

(চ) পশ্চিমবঙ্গে বেকার সমস্যা দিনের পর দিন ভয়াবহ আকার ধারণ করিতেছে, বেকারের সংখ্যা প্রতি বৎসর বৃদ্ধি পাইতেছে। সরকার বেকার সমস্যা সমাধানের জন্য কোন কার্যকরী ব্যবস্থা গ্রহণ করিতে চরম ব্যর্থতার পরিচয় দিয়াছেন।

(ছ) [illegible] এবং কুটিরশিল্পের উন্নতির জন্য সরকার প্রয়োজনীয় ব্যবস্থা করিতে ব্যর্থ হইয়াছেন যার ফলে ছোট ছোট কুটিরশিল্পগুলি আজ ধ্বংসের মুখে এবং সেই শিল্পগুলিতে নিযুক্ত শ্রমিকরা ক্রমশ বেকার হইয়া পড়িতেছেন।

(জ) চাউল ও নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য বৃদ্ধি প্রতিরোধ করিতে সরকার চরম ব্যর্থতার পরিচয় দিয়াছেন, ফলে জনসাধারণ চরম বিপদাপন্ন হইয়া পড়িয়াছেন।

(ঝ) উদ্বাস্তু ঋণ মকুবের প্রয়োজনীয় ব্যবস্থা করিতে সরকার ব্যর্থ হইয়াছেন ; এবং

(ঞ) পশ্চিমবঙ্গে উদ্বাস্তু পুনর্বাসনের ব্যাপারে রাজ্যসরকার যথেষ্ট গাফিলতীর পরিচয় দিয়াছেন। ক্যাম্পে ক্যাম্পে কয়েক হাজার উদ্বাস্তু পরিবার সর্বপ্রকার সাহায্য হইতে বঞ্চিত হইয়া কয়েক বৎসর যাবত বসিয়া আছেন, তাঁদের পশ্চিমবঙ্গে পুনর্বাসন দেওয়ার ব্যবস্থা এখনও হয় নাই। নবাগত উদ্বাস্তু পরিবারগুলির সাহায্য ও পুনর্বাসন সমস্যার সমাধান রাজ্যসরকারকে করিতে হইবে, কেন্দ্রীয় সরকারের দোহাই দিয়া দায়িত্ব পরিহারের প্রচেষ্টা করা সঙ্গত নহে। ক্যাম্পে ক্যাম্পে এখনও কয়েক হাজার এস টি পরিবার পুনর্বাসনের অপেক্ষায় গত ১০।১২ বৎসর যাবত বসিয়া আছেন, তাঁদের পুনর্বাসনের ব্যবস্থা ত্বরান্বিত করিতে হইবে—এই সমস্ত বিষয়ের কোনও উল্লেখ নাই।"

was then put and lost.

The motion of Shrimati Ila Mittra that

উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত সংশোধনীটি যুক্ত করা হউক :—

"কিন্তু দুঃখের বিষয় যে, রাজ্যপালের ভাষণে—

(ক) শিক্ষানীতি ও শিক্ষাব্যবস্থা ত্রুটিপূর্ণ—এ বিষয়ের কোনও উল্লেখ নাই ;

(Kha) no mention has been made in the address about the State Government policy of introduction of the scheme of pension to all categories of teachers in the State of West Bengal, and

(Ga) no mention has been made about the failure of imparting free education put to Secondary standard."

was then put and lost.

The motion of Shri Rabindra Nath Mukhopadhya that the following be added at the end of the address in reply, viz.:

"But regret that the speech of the Governor is hopelessly inadequate and has not touched even the fringe of the problem of West Bengal and the suffering of its people."

was then put and lost.

The motion of Shri Bhadra Bahadur Hamal that the following be added the end of the address in reply, viz.:

"But regret that—

(a) no mention in the address of Governor delivered on 8th February, 1965, that the pay scales of the Municipal employees be in par with the State Government employees,

(b) no mention was made in the address of the Governor for speedy development of Nepali language so that same may quickly be developed for the purpose of using Nepali in Court and in other Government business,

(c) no mention of the increase of pay scale of the employees in classes III and IV under the State Government in the State of West Bengal on page 9 of the address delivered by Governor of West Bengal on 8th February, 1965, and

(d) no mention in the address of the Governor of West Bengal delivered on 8th February in page 8 'That the minimum wage fixed for Tea and Cinchona plantation labour requires increase in view of the increase on the cost of living and the equal pay be given to the women workers along with the male workers in the plantation'."

was then put and lost.

The motion of Shri Nathaniel Murmu that the following be added at the end of the address in reply, viz.:

"But regret that—

(a) it does not indicate any effective plan for the uplift of Schedule Tribes and Schedule Caste within a stipulated period;

(b) it does not indicate a vivid picture as regards the immense misery and sufferings of the poor peasants, landless tillers and the lower middle class people in the State of West Bengal;

(c) it does not indicate any plan for the rapid industrialisation of the vast area of the industrially backward districts of North Bengal Region;

(d) it does not indicate the failure of the West Bengal Government as regards the enforcement of the prescribed price rate of Rice and Paddy in the State; and

(e) if does not indicate any effective measure for the settlement of the surplus agricultural lands with the genuine tillers of the soil."

was then put and lost.

The motion of Shri Dulal Chandra Mondal that the following be added at the end of the address in reply, viz.:

"But regret that—

(a) no mention is made in the Governor's address 'that a scheme for gratuity and pension to all categories of Teachers in the State of West Bengal be introduced and the Union Government be approached for allocation of funds for this purpose; and

(b) no mention is made in the Governor's address in page 9, para. one, 'that the Panchayats, Parishads, will be democratised' ".

was then put and lost.

The motion of Shri Mahananda Haldar that the following be added at the end of the address in reply, viz.:

"But regret that—

(a) the address speaks of big towns, big industries, and other big things neglecting altogether the ever-neglected villages and their people;

(b) the address has utterly failed to dispel the clouds of dismay and hopelessness from the minds of the people of West Bengal; and

(c) the address thought slightly refers to the danger from 'unfriendly States on our border' has not held out anything bold to say what the Government has so far done to avert danger."

was then put and lost.

The motion of Shri Panchugopal Bhaduri that the following be added at the end of the address in reply, viz.:

"But regret that the Governor's address does not correctly reflect the situation or problems of West Bengal nor does it a correct way out."

was then put and lost.

The motion of Dr. A. M. O. Ghani that the following be added at the end of the address in reply, viz.:

"But regret that—

The Governor's address does not give any indication of the solution of the food problem by improving production of non-cereal foodstuff of nourishing value like fish, milk and meat, and their special bearing on the health of the people, specially in view of the shortage of cereal food."

was then put and lost.

The motion of Shri Aswini Roy that the following be added at the end of the address in reply, viz.:

"But regret that—

(a) no mention has been made of the steps be taken by the Union Government for the development of the undeveloped languages of Nepali, Santholi in the State of West Bengal in priority to the development of Hindi as is being done by Union Government and Central fund be allocated for the under-developed languages in the State;

(b) no mention is made of the provision be made for free conservency facilities to Bustee dwellers in the municipal areas in the State of West Bengal;

(c) no mention has been made of the absence of State Trading of foodgrains;

(d) no mention about the release of members of the Legislators, now detained under rule 30 of the Defence of India Rules and the withdrawal of Emergency;

(e) no mention has been made of the imposition of the ceiling on land on family basis;

(f) no mention has been made for raising the pay scales of the municipal employees in par with the State Government Employees in the State of West Bengal; and

(g) no mention has been made of the development of the co-operative movement in the State of West Bengal now limited to certain districts and for speedy expansion of the re-orientation of the existing policy and scaling down of the interest paid by the borrower in case of short and mid-term loans at the rate of 7½ per cent. and for the long-term loan at the rate of 6½ per cent. for developmental works."

was then put and lost.

The motion of Shri Syed Mansur Habibullah that the following be added at the end of the address in reply, viz.:

"But regret that—

(a) the address fails to assure distribution of such essential commodities as atta, maida, sugar, oilcakes and edible oils from fair price shops in the rural areas;

(b) the address fails to consider high prices of fertilizers during sowing seasons and failure of West Bengal Government to prevent superphosphate produced in the State from going out of the State; and

(c) the address fails to consider the grave situation arising out of low prices at which paddy is being sold in the mofussil particularly in remote parts."

was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that the following be added at the end of the address in reply, viz.:

"But regret that there is no mention in the Governor's Speech about—

(a) the untold miseries of the people of Calcutta and Industrial area who have not yet got ration cards and who have to stand for long hours in queues to deposit applications for ration cards and who will have to wait for weeks to have these cards;

(b) the difficulties of the people in towns and as well as in mofussils in getting mustard oil;

(c) high price of essential commodities;

(d) improving programmes for developmental works in North Bengal which is much underdeveloped and which practically has no industry at all;

(e) improving literacy in North Bengal;

(f) construction of sluice gates over the Malear Bundh which was cause of loss of crops in vast areas in the Harishchandrapur police-station of Malda district during the last flood;

(g) the minorities who have very little facilities for entering into various services in the State;

(h) arrest of workers of opposite political opinions indiscriminately and also arresting many M.L.A.s and keeping them in prison without trial and also preventing these M.L.A.s to attend the Assembly Sessions;

(i) failure of introduction of coupon system for breads in Calcutta; and

(j) oppression on poor peasants of Habibpur and Bamongola police-stations of Malda district for realising loan."

was then put and lost.

The motion of Shri Asoke Krishna Dutta that a respectful Address in reply be presented to the Governor as follows:

"এই অধিবেশনে সমবেত পশ্চিমবঙ্গ বিধানসভার সদস্যবৃন্দ আমরা মহামান্য রাজ্যপাল মহাশয় ৮ই ফেব্রুয়ারি, ১৯৬৫ তারিখে উভয় সভার যুক্ত অধিবেশনে যে উৎকৃষ্ট ভাষণ দান করিয়াছেন, সেইজন্য তাঁহাকে বিনীতভাবে ধন্যবাদ জ্ঞাপন করিতেছি।"

was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 6-20 p.m. till 1 p.m. on Friday, the 19th February, 1965, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Friday, the 19th February, 1965, at 1 p.m.

Present:

Mr. Speaker (Shri Keshab Chandra Basu) in the Chair, 9 Ministers, 4 Ministers of State and 160 Members.

[1—1-10 p.m.]

Mr. Speaker: Questions.

Point of Privilege

Shri Kashi Kanta Maitra:

মাননীয় স্পীকার মহাশয়, প্রশ্নোত্তর আরম্ভ হবার আগে আমি আপনার সামনে একটি পয়েন্ট অব প্রিভিলেজ তুলতে চাই। আমি এই প্রশ্ন আগের সপ্তাহে করেছিলাম এবং একটি চিঠি তরুণ বাবুর কাছ থেকে পেয়েছি।

Mr. Speaker:

মিঃ মৈত্র, আপনি প্রিভিলেজ-এর কথা তুললেন বিফোর দি প্রসিডিংস্ হ্যাভ বিগান। আপনার যদি কোন প্রিভিলেজ-এর প্রশ্ন থাকে তাহলে সার্টেনলী ইট হ্যাড অ্যারাইজেন ইয়েসটার্ডে অর বিফোর দ্যাট ডে। কিন্তু আজকে আপনি প্রসিডিংস্ আরম্ভ হবার আগে এই যে বলতে উঠলেন তাতে আমার মনে হয় আমার চেম্বারে গিয়ে প্রথমে আপনার আমার কাছ থেকে পার্মিসন নেওয়া উচিত ছিল। হাউস চলতে চলতে এরকম প্রিভিলেজগত প্রশ্ন তোলা ঠিক নয়।

Shri Kashi Kanta Maitra:

আমি তো আপনাকে প্রথমেই বলেছি এটা অধিকারের প্রশ্ন। আমার বক্তব্যের প্রথমে আমি তরুণবাবুকে ধন্যবাদ দেব কারণ আপনাকে যে চিঠি দিয়েছেন তার কপি অনুগ্রহ করে আমাকে দিয়েছেন। তিনি যে চিঠি আপনাকে এ্যাডড্রেস করে লিখেছেন তাতে তিনি লিখেছেন,

"Dear Mr. Speaker, on Friday next there are two important questions (Nos. *104 and *105) put by Shri Kashi Kanta Maitra regarding Jaldhaka Hydro-electric Project. As the replies to these questions are not ready as yet, I would request you kindly to allow me to reply to these questions on the next rotational day, i.e., on 19th February, 1965. I am sending a copy of this letter to Shri Maitra for his information."

এখন আমার বক্তব্য হচ্ছে কোন মন্ত্রীর যদি কোন প্রশ্নের উত্তর দিতে হয় তাহলে কবে তিনি সেই উত্তর দেবেন সেটা তাঁর ভলিসন-এর উপর নির্ভর করেনা, সেটা এ্যাবসোলিউটলী স্পীকার-এর ডিসক্রিসন।

Mr. Speaker:

উনি আমাকে আগে বলেছিলেন এবং আমি তখন বলেছিলাম যদি ডিফিকাল্টি থাকে তাহলে নাইনটিন্থ-এ দিয়ে দেব। তারপরেও উনি আমাকে চিঠি দিয়েছেন এবং তার একটা কপি আপনাকেও দিয়েছেন। এসব দেবার দরকার ছিলনা, কারণ আমি আগেই তাঁকে বলেছিলাম মেটেরিয়াল কালেক্ট করতে যদি অসুবিধা হয় তাহলে আই উইল এ্যালাউ ইট টু স্ট্যান্ড ওভার ফর দি নেকস্ট রোটেসনাল ডে।

Shri Kashi Kanta Maitra:

আপনাকে না জানিয়ে মন্ত্রীরা এইসব করছেন? আমরা জানতাম আপনার অর্ডারে এইসব হয়, কিন্তু এখন দেখছি তা নয়।

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Jaldhaka Project

***42.** (Admitted question No. *104.) **Shri Kashi Kanta Maitra:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) what was the original estimated cost of Jaldhaka Project and what is the revised estimate;

(b) at what stage of construction is the Jaldhaka Project now and when it is likely to be completed;

(c) who is the contractor and what were the terms stipulated in contract regarding the period within which the Project work to be completed; and

(d) if the work is progressing in accordance with terms provided for in the contract regarding time element?

Shri Tarun Kanti Ghosh: (a) Original estimated cost was Rs. 4.45 crores and the revised estimate is Rs. 8.60 crores.

(b) Except for the penstock, construction of the Jaldhaka Project has progressed much and it is likely to be completed by early 1966.

(c)(i) Messrs. Hind Engineering & Construction Co. and (ii) Messrs. Kumardhubi Engineering Works. The terms stipulated in the contracts for completion of various works are as follows:

	Contract time.
(i) Messrs. Hind Engg. & Constn. Co.	
Tunnels	30-6-63
Power House	31-5-64
RCC Duct.	30-6-63
Surge and Drop shaft	30-6-64
(ii) Messrs. Kumardhubi Engg. Works.	
Penstocks & lines	October, 1963.

(d) No.

Shri Kashi Kanta Maitra:

মাননীয় মন্ত্রী মহাশয়ের উত্তরে দেখতে পাচ্ছি চার কোটির কিছু বেশী কয়েক লক্ষ টাকা ওরিজিনাল এষ্টিমেটে ছিল, সেটা ৭৮ কোটির উপর দাঁড়াচ্ছে অর্থাৎ হান্ডরেড পারসেণ্ট ইনক্রিজ হয়েছে, আমি জিজ্ঞাসা করছি এই যে পরিমাণ বেড়ে গেল সেটার কারণ কি জলঢাকা প্রজেক্টের জন্য ওরিজিনাল যে সাইট ছিল পরিকল্পনা: তাতে ডিফেকটিভ ড্রয়িং-এর জন্য অন্য জায়গায় স্থানান্তরিত করতে হয়, তার জন্য বিপুল অর্থ ব্যয় করতে হয়?

Shri Tarun Kanti Ghosh: Partially you are correct.

Shri Kashi Kanta Maitra:

যখন প্রথম ওরিজিনাল ড্রয়িং হয় তখন এখানকার জিওলজিক্যাল সার্ভের যে রিপোর্ট ছিল সেই এলেকার ফিজিক্যাল কণ্ডিশনের উপর সেই রিপোর্টের উপর ভিত্তি করে এই ড্রয়িং করা হয়েছিল কিনা এবং প্রজেক্ট অফিসার কনসার্ণের সংগে পরামর্শ করে ড্রয়িং করেছিল কিনা?

That drawing turned out to be defective and additional cost has to be incurred. Is that so?

Shri Tarun Kanti Ghosh:

আমি কাশীবাবুকে একটা কথা বলতে পারি, জিওলজিক্যাল সার্ভের উপর বেসিস করেছিলেন, তাতে দেখলেন

75 per cent. of the rocks are hard and 25 per cent. soft.

কিন্তু কাজ করতে গিয়ে দেখলেন

It is just the otherwise—75 per cent. soft and 25 per cent. hard.

তার ফলে যে ড্যাম করবেন, তাতে মনে করেছিলেন, দেখা গেল সেটা—দাঁড়াচ্ছেনা, খসে যাচ্ছে, ফলে আরও এক হাজার ফুট এগিয়ে যেতে হয়েছে। কানাইবাবু এষ্টিমেট কমিটির মেম্বার কিছুদিন আগে জলঢাকা দেখে এসেছেন কি ব্যাপার হয়েছে।

Shri Kashi Kanta Maitra:

এই যে খরচ বেড়ে গেল এর এটাই কি কারণ যে এইভাবে যতদিন দেরী হচ্ছে, ওরিজিনাল প্ল্যান অনুযায়ী রূপায়িত করার জন্য যে সময় নির্ধারণ করেছিলেন, সেই টার্গেট ডেট ছাড়িয়ে যাচ্ছে, তাতে কষ্ট বেড়ে যাচ্ছে, তাতে রাজ্যের উপর অবৈধ অন্যায় খরচ-এর বোঝা বেড়ে যাচ্ছে?

Shri Tarun Kanti Ghosh:

নিশ্চয়ই তিন বছরের মধ্যে শেষ হত, টার্গেট যেটা ছিল তার মধ্যে কাজ করতে হত, যদি বেশী দিন লাগে তাহলে নিশ্চয়ই খরচ বেড়ে যাবে।

Shri Sunil Das Gupta:

এই সাইট করার ব্যাপারে রাশিয়ান বিশেষজ্ঞ বলেছিলেন এই সাইটে ড্যাম করা উচিত হবেনা একথা কি ঠিক?

Shri Tarun Kanti Ghosh:

আমার ফাইলের মধ্যে এই তথ্য নেই।

Shri Sunil Das Gupta:

উনি প্রশ্নোত্তরে বলেছেন যে যে প্রগ্রেস স্যাটিসফ্যাক্টরী নয়, সেটাকে স্যাটিসফ্যাক্টরী করার জন্য কি ব্যবস্থা অবলম্বন করেছেন?

Shri Tarun Kanti Ghosh:

আমি প্রগ্রেস স্যাটিসফ্যাক্টরী নয় কেন তার কারণ বলেছি, আপনারা জানেন গত বছর ৩১এ জুলাই ফ্লাশ ফ্লাডের জন্য সমস্ত ব্রিজ এবং আদার থিংস নষ্ট হয়ে যাচ্ছে, এখন যে কাজ হচ্ছে তা স্যাটিসফ্যাক্টরী,

Now it is working satisfactorily.

তার মধ্যে অনেকগুলি বিগ্ এষ্টিমেট ছিল ন্যাচারেলী

there are defects.

তার জন্য দেরী হয়েছে।

Shri Nani Bhattacharjee:

মাননীয় মন্ত্রিমহাশয় বললেন ৩১এ জুলাইয়ের মধ্যে জলঢাকা প্রজেক্টের কাজ নানা কারণে দেরী হয়েছে, এষ্টিমেট কমিটি অনুসন্ধান করে কিছু কিছু সাক্ষী নিয়েছিলেন, সব সাক্ষীকে ডাকা সম্ভব হয়নি যেহেতু কেন্দ্রীয় সরকার-এর
Central Water and Irrigation.

এবং আরেকটা কনষ্ট্রাকশন ফার্ম জড়িত আছে। সেজন্য তারা বলেছিলেন হাই পাওয়ার কমিশন যাতে নিয়োগ করা হয়, কেন দেরী হল, কোথায় ডিফেক্ট ছিল, কিভাবে এত বিলম্ব হল, কনট্রাক্টার ফার্ম কেন ষ্টেট ইলেকট্রিক বোর্ডের চুক্তি অনুযায়ী কাজ করেনি, কতখানি গাফিলতী ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ডের, কতখানি কনট্রাক্টর ফার্মের, এবং যে দোষী হয় তার বিরুদ্ধে কি ষ্টেপ নেওয়া যায় এই সমস্ত ব্যাপারে অনুসন্ধান করার জন্য এষ্টিমেট কমিটি একটা হাইপাওয়ার কমিশন-এর সুপারিশ করেন, সেই সুপারিশ অনুসারে কি গভর্ণমেণ্ট কোন হাই পাওয়ার কমিশন নিয়োগ করেছেন বা করার কথা ভাবছেন?

[1-10—1-20 p.m.]

Shri Tarun Kanti Ghosh:

মাননীয় সদস্যকে বলতে পারি যে হাইপাওয়ার কমিশন বলতে বুঝি—একটা বডি নাম দিয়ে অ্যাপয়েণ্ট করলে সেইভাবে তাঁরা বলতেন সেইভাবে হয়ত হয়নি। আমরা অনুসন্ধান করে দেখেছি যে আগে হয়ত বলা হল যে ৫ মাইল করতে কত টাকা লাগবে, কতদিন লাগবে? আমি বলেছি ৫ মাইল রাস্তা করতে ৬ মাস লাগবে, ৫ লক্ষ টাকা খরচ হবে, কিন্তু পরে কাজ করতে গিয়ে দেখা গেল ৫ মাইল নয় ৭ মাইল রাস্তা করতে হবে, ১০ ফুট নয় ১৪ ফুট করতে হবে—ন্যাচারালি ৫ লক্ষ লাগবে এবং টাইম ৬ মাসের জায়গায় ৯ মাস লাগবে। অতএব মোটামুটি যেখানে এইরকম জিনিষ হচ্ছে তখন আমার মনে হয় চেয়ারম্যান, কি চীফ ইঞ্জিনীয়ার গিয়ে অনুসন্ধান করলে দেখবেন সেখানে এটার জন্য কনট্রাক্টর-কে দায়ী করলে চলবে না। বেসিক্যালি কাজ করতে গেলে পরে দেখা যায় যে আরও বেশী কাজ করতে হচ্ছে
we cannot really pin-point the responsibility on the contractor.

Dr. Kanai Lal Bhattacharyya:

বিভিন্ন কনট্রাক্টার-কে যে কনট্রাক্ট দেওয়া হয়েছিল তাদের বিভিন্ন কাজ শেষ করার জন্য একটা ষ্টিপুলেটেড ডেট ছিল, কিন্তু যে ষ্টিপুলেটেড ডেট-এর মধ্যে তারা কাজ শেষ করতে পারেনি। এজন্য কি তাদের বিরুদ্ধে কি কোন এ্যাকসন নেওয়া হয়েছে এবং যদি না নেওয়া হয়ে থাকে, তাহলে কেন তা নেওয়া হয়নি?

Shri Tarun Kanti Ghosh:

ষ্টিপুলেটেড ডেট বলে দিয়েছিলাম ৩০-৬-৬৩, ধরুন একটা টানেল-এর কথা বলছি যে ১০০০ ফিট টানেলাইজ করার জন্য কিন্তু পরে দেখা গেল ১০০০ ফিট টানেলাইজ না করে ১৮০০ ফিট টানেলাইজ করতে হচ্ছে। টানেলাইজ আপনারা দেখে এসেছেন, কিন্তু তারপর অনেক সিংক করে গেছে। সেজন্য তাদের গ্রাইণ্ডার দিয়ে দিয়ে করতে হবে সফ্‌ট রক পাওয়া গিয়েছিল বলে। অতএব ৩০ ফুট পিনডাউন করতে পারতো যদি এক্‌জাক্ট মেজারমেন্ট থাকতো এবং যে যে জিওলজিক্যাল সার্ভে-র ডিউটি উপর নির্ভর করে কাজ করত সেটা যদি কারেক্ট হয় তাহলে তা না করতে পারার জন্য উই ডু নট থিঙ্ক ইট আদার ওয়াইজ যে আমরা তাদের পেনালাইজ করব।

Dr. Kanai Lal Bhattacharyya:

টানেল কিম্বা পাওয়ার হাউস, কিম্বা আর সি সি রুট ইত্যাদিগুলির কাজ কি শেষ হয়ে গেছে, না এখনও বাকী আছে?

(No reply)

Rules for giving loans to Co-operative Societies

***44.** (Admitted question No. *120.) **Shri Amarendra Nath Basu:** সমবায়বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কর্তৃক নির্ধারিত সমবায় সমিতিকে ঋণদান নীতি বর্তমানে কি;

(খ) মূলধনের উপর ১০ গুণের চেয়ে বেশী টাকা প্রয়োজন হলে সেই ঋণ দেবার বর্তমান নিয়ম কি;

(গ) কোন সমিতির মূলধন পর্য্যাপ্ত না হলে কিভাবে সিকিউরিটি নেওয়া হয়;

(ঘ) কোন্ কোন্ সমিতির কাছে ঐরূপ জামানত নেওয়া হয় নি এবং কি কারণে তাহা করা হইয়াছে; এবং

(ঙ) মূলধন বাড়িবার পর এবং পর্যাপ্ত পরিমাণের সীমা স্পর্শ করিবার পর জামানত ফেরৎ দেবার সরকারের নিয়ম কি?

Shri Tenzing Wangdi:

(ক) সরকার সমবায় সমিতিকে বিভিন্ন উদ্দেশ্যে ঋণ দিয়া থাকেন, যেমন (১) গুদামঘর তৈয়ার, (২) পরিসম্পত সৃষ্টি, (৩) যে সকল ক্ষেত্রে সমিতি অর্থাভাবে কাজ করিতে অক্ষম সে সকল ক্ষেত্রে তাহাদিগকে কার্যকরী মূলধন যোগান ইত্যাদি সাধারণতঃ উপস্থিত পরিসম্পত বা ঋণ পাইয়া সমিতি যে পরিসম্পত সৃষ্টি করিবে তাহার জামানতে এই ঋণ দেওয়া হয় এবং এই ঋণ পরিশোধ না হওয়া পর্যন্ত এই জামানত ফেরত দেওয়া হয় না।

(খ) ১৯৪২ সালের সমবায় সমিতি সমূহের নিয়মাবলীর ৬৮ ও ৭৬ নিয়মে ইহা বর্ণিত হইয়াছে। নিয়মাবলীর নকল টেবিলে স্থাপিত করা হইল।

(গ) সমিতির মূলধন পর্য্যাপ্ত না হইলে উপযুক্ত পরিমাণে ব্যক্তিগত জামানত সরকার বিবেচনা করিলে লইতে পারেন।

(ঘ) কোন্ সমিতির কাছে এইরূপ জামানত নেওয়া হয়নি তাহা প্রশ্নে উল্লিখিত হইলে কি কারণে তাহা করা হয় নাই বলা সম্ভব।

(ঙ) সুদসমেত ঋণ পরিশোধ না হইলে জামানত ফেরত দেওয়া হয় না।

Copy of rules referred to in clause (kha) in reply to starred question No. 44.

Copy of Rule 68 of the Bengal Co-operative Societies Rules, 1942.

68. No society with limited liability shall by accepting deposit or loans or in any other way incur liabilities exceeding ten times the sum of the paid up share capital and the reserve fund for the time being separately invested outside the business of the society;

Provided that—

(a) a central land mortgage bank, or the provincial bank, or a central bank for the purpose of financing land mortgage banks, or a land mortgage bank for the purpose of financing its members, may incur liabilities by floating debentures, accepting deposits or in any other way to the extent of twenty times the value of paid-up share capital and the reserve fund for the time being separately invested;

(b) with the permission of the Registrar and under such conditions as he may impose an agricultural society or a financing bank may incur liabilities for the purpose of advancing loans to members for production of crops and for financing the disposal of produce repayable within a period of twelve months irrespective of the amount of its paid up share capital or reserve fund separately invested outside the business;

(bb) with the permission of the Registrar and under such conditions as he may impose, the Central Land Mortgage Bank, or the Provincial Bank or a Central Bank, or a Central or a Primary Society may incur liabilities irrespective of the amount of its paid-up share capital and reserve fund separately invested outside the business for the purpose of carrying on by itself or for the purpose of providing loans for carrying on by its members, the production, marketing and processing of any agricultural or industrial commodity.

(c) with the permission of Registrar and under such conditions as he may impose a co-operative society may incur liabilities by way of loan or deposits from another co-operative society repayable within a period of twelve months irrespective of the amount of its paid up share capital and reserve fund separately invested, if such liabilities are incurred on pledge or hypothecation of marketable security or goods or both and the amount of such liabilities does not exceed 80 per cent. of the market value of such security or goods or both offered for pledge or hypothecation;

(d) with the permission of the Registrar and under such conditions as he may impose, a Co-operative Society composed solely of displaced persons and recommended by the Refugee Rehabilitation Commissioner, West Bengal, may incur liabilities irrespective of its paid up share capital and reserve fund separately invested.

Explanation.—In this rule and in rule 76, the expression "displaced person" means a person who having been ordinarily resident in the territories which are included in the Dominion of Pakistan or were immediately before the commencement of the Constitution of India, included in an Indian State not being an Acceding State—

(i) has, on or after the 1st June, 1947, arrived at any place in West Bengal on account of the partition of India or of civil disturbances at the place of his former residence;

(ii) intends to take up his permanent residence in West Bengal; and

(iii) satisfies such other requirements as may, from time to time, be prescribed by the Rufugee, Relief and Rehabilitation Department of the Government of West Bengal:

Provided that in the case of persons ordinarily resident in districts of Noakhali and Tippera forming part of the Dominion of Pakistan, the above reference to the 1st June, 1947, shall be construed as a reference to the 31st October, 1946.

68A. The provisions of rule 68 shall not apply to the Kalimpong Industrial Co-operative Society Limited, for the period from the date of final publication of this rule to the 31st March 1955.

Copy of Rule 76 of the Bengal Co-operative Societies Rule, 1942.

76. In any co-operative society in which the liability of the members is limited by shares no loan shall be granted to a member exceeding ten times the amount of share capital paid up by him:

Provided that—

(a) a central co-operative land mortgage bank, the provincial bank or central bank may grant loans to a co-operative land mortgage bank up to twenty times the amount of share capital paid up by the land mortgage bank;

(b) a land mortgage bank may grant loans to its members up to twenty times the amount of share capital paid up by a member;

(c) the provincial bank may advance loans to a society engaged in the purchase or production and disposal of goods of its members in excess of ten times the share capital paid up by such society;

(cc) with permission of the Registrar and under such conditions as he may impose, the Provincial Bank or any other financing bank may grant loans to its member societies up to twenty times the amount of share capital paid up by the member societies.

(d) with the permission of the Registrar and under such conditions as he may impose, an agricultural society may grant loans to its members repayable within a period of twelve months for facilitating the production or disposal of crop, irrespective of the amount of the share capital paid up by such member;

(e) with the permission of the Registrar and under such conditions as he may impose, the provincial bank or any other financial co-operative bank may grant loans to its members against pledge or hypothecation of marketable security or goods or both up to a maximum limit of 80 per cent. of the market value of such security or goods or both irrespective of the amount of share capital paid up by such members.

(f) with the permission of the Registrar and under such conditions as he may impose, a Co-operative Society composed solely of displaced persons and recommended by the Refugee, Relief and Rehabilitation Commissioner, West Bengal, may grant loans to its members irrespective of the amount of Share Capital paid up by such members.

76A. The provisions of rule 76 shall not apply to the West Bengal Provincial Co-operative Bank Limited, and the Darjeeling Co-operative Banking Union Limited, for a period of four years from the 1st April, 1955, o far as such provisions relate to the grant of loans by the West Bengal rovincial Co-operative Bank Limited, to the Darjeeling Co-operative anking Union Limited, and by the Darjeeling Co-operative Banking nion Limited, to its members, being primary agricultural societies to nable such societies to issue loans to their members for production of crops nd disposal of produce:

Provided that all such loans shall be issued in accordance with directions iven by the State Government in this behalf and shall be repayable within period of twelve months from their respective dates of issue.

The provisions of clause (a) of sub-section (1) of section 39 of the Bengal Cooperative Societies Act, 1940 (Bengal Act XXI of 1940), shall apply to the West Bengal Provincial Cooperative Bank Limited (hereinafter referred to as the said society) to the extent that the said society may make loans to any person other than a member on the security of such person's fixed deposit in the said society to such extent, not exceeding seventy-five per cent. of the total amount of such fixed deposit as may be determined by the Registrar.

Rules for giving loans to Co-operative Societies

***51.** (Admitted question No. *118.) **Dr. Narayan Chandra Roy:**

সমবায়বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোন সমিতির মূলধনের উপর নির্ধারিত নীতি অনুযায়ী ১০ গুণের চেয়ে বেশী পরিমাণে ঋণের টাকা প্রয়োজন হইলে সেই টাকা ঋণ নেওয়ার সরকারের বর্তমান নীতি কি;

(খ) সমবায় সমিতির সরকারের কাছে ঋণ নেওয়ার জন্য সিকিউরিটি কিভাবে নেওয়া হয়; এবং

(গ) মূলধন বাড়িয়া 'পর্যাপ্ত' হইলে সিকিউরিটি ফেরৎ দেওয়া হয় কি না?

Shri Tenzing Wangdi:

(ক) যে যে ক্ষেত্রে কোন সমবায় সমিতি তাহার অংশীদারী মূলধনের ১০ গুণের অধিক ঋণ পাইতে পারেন তাহা বঙ্গীয় সমবায় সমিতির নিয়মাবলীর ৬৮ ও ৭৬ নং নিয়মে বর্ণিত হইয়াছে। নিয়মাবলীর নকল টেবিলে স্থাপিত হইল।

(খ) সাধারণতঃ সমিতির উপস্থিত পরিসম্পত (এ্যাসেটস) এবং বা ঋণ পাইয়া ভবিষ্যতে সমিতি যে পরিসম্পতের মালিক হইবে তাহা রেজেস্ট্রি দলিলমূলে সরকারের নিকট বন্ধক দিতে হয়।

(গ) ঋণের টাকা সুদসমেত সম্পূর্ণ পরশোধ না হওয়া পর্যন্ত সিকিউরিটি ফেরত দেওয়া হয় না।

Copy of rules referred to in clause (Ka) in reply to starred question No. 51.

Copy of Rule 68 of the Bengal Co-operative Societies Rules 1942.

68. No society with limited liability shall by accepting deposit or loans or in any other way incur liabilities exceeding ten times the sum of the paid up share capital and the reserve fund for the time being separately invested outside the business of the society;

Provided that—

(a) a central land mortgage bank, or the provincial bank, or a central bank for the purpose of financial land mortgage banks, or a land mortgage bank for the purpose of financing its members, may incur liabilities by floating debentures, accepting deposits or in any other way to the extent of twenty times the value of paid up share capital and the reserve fund for the time being separately invested;

(b) with the permission of the Registrar and under such conditions as he may impose an agricultural society or a financing bank may incur liabilities for the purpose of advancing loans to members for production of crops and for financing the disposal of produce repayable within a period of twelve months irrespective of the amount of its paid up share capital or reserve fund separately invested outside the business;

(bb) with the permission of the Registrar and under such conditions as he may impose, the Central Land Mortgage Bank, or the Provincial Bank or a Central Bank, on a Central or a Primary Society may incur liabilities irrespective of the amount of its paid-up share capital and reserve fund separately invested outside the business for the purpose of carrying on by itself or for the purpose of providing loans for carrying on by its members, the production, marketing and processing of any agricultural or industrial commodity",

(c) with the permission of Registrar and under such conditions as he may impose a cooperative society may incur liabilities by way of loan or deposits from another cooperative society repayable within a period of twelve months irrespective of the amount of its paid up share capital and reserve fund separately invested, if such liabilities are incurred on pledge or hypothecation of marketable security or goods or both and the amount of such liabilities does not exceed 80 per cent. of the market value of such security or goods or both offered for pledge or hypothecation.

(d) with the permission of the Registrar and under such conditions as he may impose a Cooperative Society composed solely of displaced persons and recommended by the Refugee Rehabilitation Commissioner, West Bengal, may incur liabilities irrespective of its paid up share capital and reserve fund separately invested".

Explanation.—In this rule and in rule 76, the expression "displaced person" means a person who having been ordinarly resident in the territories which are included in the Dominion of Pakistan or were immediately before the commencement of the Constitution of India, included in an Indian State not being an Acceding State—

(i) has, on or after the 1st June, 1947, arrived at any place in West Bengal on account of the partition of India or of civil disturbances at the place of his former residence;

(ii) intends to take up his permanent residence in West Bengal; and

(iii) Satisfied such other requirements as may, from time to time, be prescribed by the Refugee, Relief and Rehabilitation Department of the Government of West Bengal:

Provided that in the case of persons ordinarily resident in the districts of Noakhali and Tippera forming part of the Dominion of Pakistan, the above reference to the 1st June, 1947, shall be construed as a reference to the 31st October, 1946.

68A. The provisions of rule 68 shall not apply to the Kalimpong Industrial Co-operative Society Limited, for the period from the date of final publication of this rule to the 31st March, 1955.

Copy of Rule 76 of the Bengal Co-operative Societies Rules, 1942.

76. In any cooperative society in which the liability of the members is limited by shares no loan shall be granted to a member exceeding ten times the amount of share capital paid up by him:

Provided that—

(a) a central cooperative land mortgage bank, the provincial bank or a central bank may grant loans to a cooperative land mortgage bank up to twenty times the amount of share capital paid up by the land mortgage bank;

(b) a land mortgage bank may grant loans to its members up to twenty times the amount of share capital paid up by a member;

(c) the provincial bank may advance loans to a society enaged in the purchase or production and disposal of goods of its members in excess of ten times the share capital paid up by such society;

(cc) with permission of the Registrar and under such conditions as he may impose, the Provincial Bank or any other financing bank may grant loans to its member societies up to twenty times the amount of share capital paid up by the member societies.

(d) With the permission of the Registrar and under such condition as he may impose, an agricultural society may grant loans to its members repayable within a period of twelve months for facilitating the production or disposal of crop, irrespective of the amount of the share capital paid up by such member,

(e) with the permission of the Registrar and under such condition as he may impose, the provincial bank or any other financial cooperative bank may grant loans to its members against pledge or hypothecation of marketable security or goods or both up to a maximum limit of 80 per cent. of the market value of such security or goods or both irrespective of the amount of share capital paid up by such members.

(f) with the permission of the Registrar and under such condition as he may impose, a cooperative society composed solely of displaced persons and recommended by the Refugee, Relief and Rehabilitation Commissioner, West Bengal, may grant loans to its members irrespective of the amount of Share Capital paid up by such members.

76A. The provisions of rule 76 shall not apply to the West Bengal Provincial Cooperative Bank Limited, and the Darjeeling Cooperative Banking Union Limited, for a period of four years from the 1st April, 1955, so far as such provisions relate to the grant of loans by the West Bengal Provincial Cooperative Bank Limited, to the Darjeeling Cooperative Banking Union Limited, and by the Darjeeling Cooperative Banking Union Limited, to its members, being primary agricultural societies to enable such societies to issue loans to their members for production of crops and disposal of produce:

Provided that all such loans shall be issued in accordance with the directions given by the State Government in this behalf and shall be repayable within a period of twelve months from their respective dates of issue.

The provisions of clause (a) of sub-section (1) of section 39 of the Bengal Co-operative Societies Act, 1940 (Bengal Act XXI of 1940), shall apply to the West Bengal Provincial Cooperative Bank Limited (hereinafter referred to as the said society) to the extent that the said society may make loans to any person other than a member on the security of such person's fixed deposit in the said society to such extent, not exceeding seventy-five per cent. of the amount total of such fixed deposit, as may be determined by the Registrar.

Dr. Narayan Chandra Roy:

গতবারেও এর উপর আমার দুইটা পরিস্কার সাপ্লিমেন্টারী ছিল। এ দুটার জবাব পেলে আমি খুশী হব। এ সম্পর্কে আমি আরও স্মরণ করিয়ে দিচ্ছি সামনে যে বাজেট আলোচনা থাকবে কো-অপারেটিভ সিকিউরিটি সম্বন্ধে সেখানেও আমরা এ নিয়ে আলোচনা করব। যদি দরকার হয় তা হলে এ আইন বদলাতে হবে। আমার সাপ্লিমেন্টারী হচ্ছে সমিতি নির্ধারিত নীতি অনুসারে মূলধনের চেয়ে ১০ গুণের বেশী যদি কাহারও টাকার দরকার হয় তাহলে সেখানে সরকারের ঋণ দেবার কি নীতি? মাননীয় মন্ত্রীমহাশয় কি বললেন তা ঠিক বোঝা গেল না কারণ ওনার বাংলাটা একটু অস্পষ্ট। প্রশ্ন হচ্ছে সিকিউরিটী যদি কাহারও কাছ থেকে নেওয়া হয় তাহলে সেটা কার কাছে নেওয়া হবে। ২নং হচ্ছে একটা কো-অপারেটিভ-এর টাকা চাচ্ছে তার প্রয়োজন হলে তাকে রেকমেণ্ড করা হয়েছে সে কার কাছ থেকে সিকিউরিটী এনে দেবে এবং সেটা সরকারের নীতি কিনা যে ঐ সিকিউরিটী-এর টাকা সুদ সমেত ফেরত না দিলে ঐ ঋণ মুক্ত হবে না এই দুটা কথা এখানে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছ থেকে জানতে চাই এবং সেটাই সরকারের নীতি হিসাবে ধরে নেব এবং পরে আলোচনা করবার সময় এটার বিশেষ প্রয়োজন হবে?

Shri Tarun Kanti Ghosh:

মাননীয় সদস্যকে এই কথা বলতে পারি যদি কাউকে ১০ গুণ বেশী টাকা ঋণ দিতে হয় তাহলে সেটা বিয়োণ্ড দি রুলস করতে হবে। অতএব সেই সোসাইটি-এর কাছে এ্যাপ্লাই করতে হবে যে এক্সেম্পড আণ্ডার রুলস ৭৬ ও ৭৭ করা হোক। তখন আমরা তাকে টেন টাইমস দেব কি দেব না সেটা বিবেচনা করব, আপনারা যে প্রশ্ন তুলেছেন যে তারপর দেখা গেল টোটাল এ্যাসেট সেটা ইট ইজ নট কভারিং তখন তা কভার করবার জন্য পার্সোনাল সিকিউরিটি দরকার। জেনারেলী স্পিকিং এই দুটা দিক দেখা যাচ্ছে টোটাল এ্যাসেট অফ দি কো-অপারেটিভ সেটা যখন পুরো মর্টগেজ করে তখন সাধারণতঃ ব্যাঙ্ক-এর রুল-এর মত সে রুল থাকে। সে টাকা যতক্ষণ পর্যন্ত শোধ না হচ্ছে সে পর্যন্ত মর্টগেজ ছেড়ে দিই না,

As far as the personal securities are concerned.

সেটা বলতে চাই সেই পার্সোনাল সিকিউরিটি-তে যদি দেখা যায় এ্যাসেট অফ দি সোসাইটি সাফিসিয়েন্ট ছিলনা তখন পার্সোনাল সিকিউরিটী করতে হয় সেটা যদি প্রমাণ হয় তাহলে এ্যাসেট অফ দি সোসাইটি ইজ নট সাফিসিয়েন্ট।

তখনই দেয়ার আর টু থিংস।

Dr. Narayan Chandra Roy:

রুণ যে মানুষ যে কো-অপারেটিভ-এ মূলধন দেবে সেটা ঐ সোসাইটি-এর পক্ষে পর্যাপ্ত হবার ত হলে এবং তখন সে চাইলে জিনিসটা পাবে কিন্তু ঐ কো-অপারেটিভ-এর মূলধন বাড়ার রে চাইত তাহলে সে পেত কিনা? দেখা গেল সে যখন টাকা চাইছে তখন হয়ত টাকা ছিল না রে সেই টাকা পেত কি এবং যদি দেখা যায় শেয়ার ক্যাপিটাল মূলধনের ঐ সীমায় পৌঁছেছে াহলে সে সিকিউরিটী রাখবার প্রয়োজন কি না?

Shri Tarun Kanti Ghosh:

পার্সোনাল সিকিউরিটি-তে তখন ছেড়ে দেওয়া যেতে পারে তাহার কারণ যদি দেখা যায় যে সোসাইটি'স সিকিউরিটী এনাফ তাহলে সেখানে পার্সোনাল সিকিউরিটী রাখবার দরকার নেই আমি এই কথাটাই পরিষ্কার করে বলছিলাম আই হ্যাভ মেড দি ক্যাটাগরিক্যাল এ্যানসার।

[1-20—1-30 p.m.]

Shri Aswini Roy:

বর্তমানে আপনারা কো-অপারেটিভ সোসাইটিগুলিকে ধার দেবার সময় তাদের যে সম্পত্তি তার একটা মূল্যমানের ভিত্তিতে ধার দেন এবং কো-অপারেটিভ সোসাইটিগুলি যখন ব্যক্তিগতভাবে ধার দেয় তখনও সম্পত্তির মূল্যমানের ভিত্তিতে ধার দেয়—এখন গরীব চাষীরা বিশেষ ক্ষেত্রে ভাগচাষীরা যে সমস্ত কো-অপারেটিভ সোসাইটি করছেন, বর্তমান আইন অনুযায়ী তারা বেশী টাকা পেতে পারে না—কিন্তু তাদের উৎপাদনের ক্ষমতা রয়েছে—সেইজন্য বর্তমানে যে সম্পত্তি মূল্যমান হিসাবে ধার দেবার যে নীতি এটা পরিবর্তন করে ঐ উৎপাদনের ভিত্তিতে ধার দেবার কোন নীতির কথা আপনারা ভাবছেন কি?

Shri Tarun Kanti Ghosh:

নিশ্চয় ভাবছি এবং আমাদের যে নূতন বিল আসছে তাতে এক্সপেকটেড ক্রপের উপর আমরা লোন দেবার চেষ্টা করছি—পার্টিকুলারলি আমরা যেখানে সার্ভিস সোসাইটি করছি তাতে করে কৃষকদের সবাইকে নিয়ে টু হেল্প দেম ইন প্রোডাকসান।
প্রডাকসন করবার জন্য আমরা নিশ্চয়ই চেষ্টা করছি।

Dr. Narayan Chandra Roy:

আমি মন্ত্রীমহাশয়কে স্মরণ করিয়ে দিচ্ছি—আপনি ছিলেন না এর আগে আমার এখানে ৪১ এবং ১১৪ নং প্রশ্ন ছিল আমার সেখানে এই প্রশ্ন ছিল যে নূতন নূতন সেমিনারে বিভিন্ন জায়গায় যতগুলি সমস্যা উঠেছে তার যে সুপারিশগুলি বিভিন্ন জায়গায় হয়েছে সেটা কো-অপারেটিভ ডিপার্টমেন্টের কানে গেছে কিনা—সে সম্বন্ধে তারা কিছু ভাবছেন কিনা—আমরা তখনকার রাষ্ট্রমন্ত্রীর মুখে শুনেছি যে এ রকম কথা আমাদের কানে যায় নি।

Shri Tarun Kanti Ghosh:

নিশ্চয় এগুলি কানে গেছে এবং কো-অপারেটিভ ডিপার্টমেন্ট যে কারণে কো-অপারেটিভ করতে চাচ্ছে তাতে সাধারণ গরীব লোকদের হেল্প করবার জন্য করতে যাচ্ছে উই উইল সার্টেনলি কন্সিডার দ্যাট।

Shri Aswini Roy:

বর্তমানে একজন বরোয়ারেরর কাছে ঋণটা যখন পেঁছায় তখন তাকে সাড়ে আট পারসেন্টের বেশী সুদ দিতে হয়—সে সম্পর্কে মেটা কমিটি এবং বিশেষকরে রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়া থেকে একটি কমিটি যে রেকমেন্ডসন করেছিলেন যে সাড়ে সাত পার্সেন্টের বেশী সুদ বরোয়ারদের যাতে না দিতে হয়—সেই ধরণের কোন কথা আপনারা ভাবছেন কিনা?

Shri Tarun Kanti Ghosh:

এখনও পর্যন্ত কিছু স্থির হয় নি—তবে যে কথা বলেছিলাম নারায়নবাবুকে যে আমাদের যে কোন জিনিসই হোক আমরা যাতে তাদের হেল্প করতে পারি এবং এটা রেগুলারাইজ করতে পারি তার ব্যবস্থা করছি।

Posts under Jaldhaka Project

***50.** (Admitted question No. *105.) **Shri Kashi Kanta Maitra:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) how many posts under Jaldhaka Project at the work site are there; and

(b) how many of the posts are still lying vacant?

Shri Tarun Kanti Ghosh: (a) 243, (b) 35.

Shri Kashi Kanta Maitra:

এই যে ২৪৩ বল্লেন—এগুলি কি শুধু ক্যাডার পোষ্টের কথা বল্লেন—না অন্যান্য ক্লারিক্যাল ষ্টাফও আছে।

Shri Tarun Kanti Ghosh:

না সবই আছে।

Shri Kashi Kanta Maitra:

এই যে ৩৫টি পোষ্ট এখনও ভেকেন্ট রয়েছে—কবে থেকে ভেকেন্ট রয়েছে?

Shri Tarun Kanti Ghosh:

আমি এটা বলবো যে ভেকেন্ট আরও বেশী ছিল—গত বছর এই সময় ১২০টি ভেকেন্ট ছিল—সেই সমস্ত ভেকেন্সি ফিল আপ করতে করতে এখন ৩৫টিতে দাঁড়িয়েছে।

Shri Kashi Kanta Maitra:

যা হোক আমি মন্ত্রীমহাশয়কে ধন্যবাদ দিচ্ছি যে তিনি স্বীকার করেছেন যে গত বছর ১২০টি পোষ্ট ভেকেন্ট ছিল—আমরা এষ্টিমেট কমিটি যখন তদন্ত করবার জন্য গিয়েছিলাম তখন দেখেছিলাম যে ৩০ পার্সেন্ট-এর উপর পোষ্ট ভেকেন্ট ছিল—আমি জিজ্ঞাসা করছি এই যে জলঢাকা প্রজেক্ট সুরু হয়েছে ১৯৫৯ সাল থেকে এবং কাজ আরম্ভ হয়েছে ১৯৬১ সাল থেকে। এই ১৯৬১ সাল থেকে কাজ আরম্ভ হয়ে ১৯৬৪ সাল পর্যন্ত দেখা যাচ্ছে যে ১২০টি পোষ্ট ভেকেন্ট রয়েছে—তাহলে এই যে পোষ্টগুলি ভেকেন্ট রয়েছে এটা কি একটা অন্যতম কারণ নয় যে এর জন্য জলঢাকা প্রোজেক্টের কাজ ত্বরান্বিত হতে পারে নি?

Shri Tarun Kanti Ghosh:

অসম্ভব কিছুই নয়—১২০টি পোষ্ট যদি ভেকেন্ট থাকে তাহলে নিশ্চয়ই হতে পারে।

Shri Kashi Kanta Maitra:

এর কারণ কি?

Shri Tarun Kanti Ghosh:

প্রথম জিনিস হচ্ছে যে আপনারা দেখেছেন যে কি রকম হ্যাজাডাস লিভিং করতে হয়
They are far from the market, school, college,
সেইজন্য তাদের ১৫% এক্সট্রা পে দেওয়া হোত এবং আমরা গত এপ্রিল ১৯৬৪ থেকে এ্যানাদার ১৫ পারসেন্ট এই হ্যাজাডাস লিভিং-এর জন্য দিয়েছি—কাজেই ৩০ পারসেন্ট তাদের দেওয়া হয়। তাছাড়া এখন স্কুলের বন্দোবস্ত হয়েছে, প্রথম দিকে বাড়ী-ঘরদোর ছিল না এখন আপনারা দেখে এসেছেন যে আমরা বাড়ীর বন্দোবস্ত করেছি এবং একটা বাসেরও বন্দোবস্ত হয়েছে—সেটা প্লাই করছে শিলিগুড়ি থেকে—তার পর মার্কেটেরও বন্দোবস্ত হয়েছে এবং গ্র্যাজুয়েলি আমরা অন্যান্য সুবিধাও দিতে পেরেছি এবং এই করে উই হ্যাভ বিন এবল্ টু ব্রিং সাম পিপল্।

Shri Kashi Kanta Maitra:

আমি জিজ্ঞাসা করছি নর্থ বেঙ্গল জলঢাকা প্রজেক্টে যে লোক যাচ্ছে না—সেখানে লোকালি রিক্রুট করবার ব্যবস্থা আপনারা করছেন কিনা—লোক্যাল এ্যাডভারটাইজমেন্ট দিয়ে সেখান থেকে লোক্যালি রিক্রুট করবার জন্য জলপাইগুড়ি, কুচবিহার, শিলিগুড়ি এই সমস্ত জায়গা থেকে জলঢাকা প্রজেক্ট সাইট-এ এমপ্লয়ীজ রিক্রুট করবার কোন ব্যবস্থা করছেন কিনা?

Shri Tarun Kanti Ghosh:

আমার কথা হচ্ছে, আমরা সব সময় লোক্যালি রিক্রুট করতে পারি। জলঢাকা প্রজেক্টে যারা কাজ করবেন তারা জলপাইগুড়ি, কুচবিহার, দার্জিলিং মালদা, ওয়েস্ট দিনাজপুর—এই সমস্ত জায়গায় এভরিবডি ইজ ওয়েলকাম দেয়ার। আপনি লোক্যালি রিক্রুট বলতে কি বলছেন— There is no bar. On the other hand, they are welcome to gain there.

Shri Kashi Kanta Maitra:

প্রশ্ন হচ্ছে কলকাতা থেকে বা বর্ধমান, মেদিনীপুর, দুর্গাপুর থেকে একজন এ্যাসিসটেন্ট ইঞ্জিনীয়ার-এর জলঢাকা প্রজেক্টে কাজ যাওয়ার অনেক ইমপেডিমেন্টস আছে। কিন্তু জলপাইগুড়ি থেকে একজন ইঞ্জিনীয়ার-এর পক্ষে জলঢাকা প্রজেক্টে কাজ করবার ইনডিউসমেন্ট অনেক বেশী থাকে। এটা বুঝতে পারেন সাধারণ কথা যে দূর থেকে যারা যাবে তাদের পক্ষে কমপেনসেটেড হয় না—কিন্তু জলপাইগুড়ি, কুচবিহার বা দার্জিলিং থেকে যদি লোক্যাল এমপ্ল্যাসিস দিয়ে সেখানে স্পেশ্যাল ফেসিলিটিজ দিয়ে রিক্রুটমেন্টের ব্যবস্থা করেন তাহলে হয়তো এই ভেকেন্সিগুলি ফিল্ড-আপ হয়ে যাবে।

Shri Tarun Kanti Ghosh:

আমি এই কথা বলবো যে জলপাইগুড়িতে যদি এই রকম ছেলে পাওয়া যায় নিশ্চয়ই এ্যাপয়েন্টমেন্ট দেওয়া যেতে পারে—কলকাতা থেকে এ্যাপয়েন্টমেন্টের কোন প্রশ্ন উঠে না। এখানে যে ভেকেন্সি হয়ে রয়েছে সেটা ইন্সপাইট অব জলপাইগুড়ি, কুচবিহার, দার্জিলিং এ্যান্ড এভরিথিং।

এই সমস্ত সুবিধা দেওয়ার পরে ৩৫টায় এসে দাঁড়িয়েছে—এটা ৩১এ ডিসেম্বর পর্যন্ত ছিল—শুনলাম যে এখন ৩৫টাও নেই সেটা কমে ৩০টি হয়েছে এবং গ্র্যাজুয়ালি দিজ ভ্যাকান্সিজ বিয়িং ফিল্ড-আপ।

Shri Sunil Das Gupta:

৩৫টি পোষ্ট যে ভেকেন্ট আছে কটা পোষ্ট ইনঞ্জিনীয়ার এবং কটা পোষ্ট ওভারসিয়ার আছে, মন্ত্রীমহাশয় জানাবেন কি?

Shri Tarun Kanti Ghosh:

ইঞ্জিনীয়ারিং এ্যাসিসটেন্ট ৪ জন, এইচ টি মিস্ত্রী ২ জন, লাইন ইন্সপেক্টার ১ জন, মেকানিক ১, এ্যাসিসটেন্ট মেকানিক ২, ডিজেল ড্রাইভার ২, এছাড়া রয়েছে—গ্রেসার রয়েছে।

Chowkidars and Dafadars

***116.** (Admitted question No. *199.)

শ্রীকাশিকান্ত মৈত্র : স্বায়ত্ত শাসন ও পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে এ পর্যন্ত মোট কত জন চৌকীদার ও দফাদার কর্মে নিযুক্ত আছেন এবং বিভিন্ন জেলায় কি হারে চৌকীদার ও দফাদারদের বেতন দেওয়া হয়;

(খ) এইসব কর্মচারী কোন্ বিভাগের কর্মচারী;

(গ) কি ধরনের কাজ এদের করতে হয় এবং সর্বক্ষণের (ফুল টাইম) কর্মচারী কিনা; এবং

(ঘ) এদের জন্য কোন সার্ভিস রুল বা চাকরির নিরাপত্তা এবং ট্রাভেলিং এ্যালাউন্স বা রাহা খরচার বন্দোবস্ত আছে কিনা ?

Shri Sowrindra Mohan Misra:

(ক) পশ্চিমবঙ্গে এ পর্যন্ত মোট ২৪,৮১১ জন চৌকিদার এবং ২,৫৬৫ জন দফাদার কর্মে নিযুক্ত আছেন। বিভিন্ন জেলায় চৌকিদার ও দফাদারদের বেতনের হার সম্বলিত একটি তালিকা এতদসহ প্রদত্ত হইল।

(খ) ইঁহারা অঞ্চল পঞ্চায়েতের অধীনে কর্মে নিযুক্ত আছেন।

(গ) দফাদার ও চৌকিদারগণের কর্তব্য ক্ষমতা ও কৃত্য বিষয় পশ্চিমবঙ্গ পঞ্চায়েৎ নিয়মাবলী, ১৯৫৮ এর ৭৭, ৭৮, ৭৯, ৮০, ৮১ ও ৮৩ নিয়মে বর্ণিত আছে। ইঁহারা সর্বক্ষণের কর্মচারী নহেন এবং ইঁহাদের দৈনিক কাজের কোন নির্দিষ্ট সময় নাই।

(ঘ) দফাদার ও চৌকিদারদের চাকুরীর সর্ত, বার্ধক্য, পুরস্কার বা শাস্তিদান ও নিরাপত্তা বিষয়ক নিয়মগুলি পশ্চিমবঙ্গ পঞ্চায়েৎ নিয়মাবলী ১৯৫৮ এর ৯২ হইতে ১০৯ নিয়মে লিপিবদ্ধ করা হইয়াছে।

ইহাদের ট্রাভলিং এল্যাউন্স বা রাহা খরচের বিষয়ে পশ্চিমবঙ্গ পঞ্চায়েৎ আইন বা নিয়মাবলীতে কোন ব্যবস্থা নাই।

Statement referred to in clause (Ka) in reply to starred question No. 116.

District.	Monthly Salary. Chowkidar.	Dafadars.
24-Parganas	Rs. 18.00	Rs. 25.00
West Dinajpur	Rs. 14.00	Rs. 18.00
Jalpaiguri	Rs. 14.00	Rs. 18.00
Purulia	Rs. 12.00	...
Murshidabad	Rs. 12.00	Rs. 15.00
Midnapore	Rs. 11—20.00	Rs. 13—24.00
Coach Behar	Rs. 12—15.00	Rs. 15—20.00
Nadia	Rs. 17.00	Rs. 23.00
Howrah	Rs. 14.00	Rs. 16.00
Malda	Rs. 14—15.00	Rs. 19—20.50
Burdwan	Rs. 10—15.00	Rs. 12—28.00
Bankura	Rs. 9.00	Rs. 11.00
Birbhum	Rs. 20.00	Rs. 25.00
Darjeeling	Rs. 11—25.00	Rs. 14.00
Hooghly	Rs. 11—14.00	Rs. 14—22.00

Shri Kashi Kanta Maitra:

মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে এদের কোন ট্রাভেলিং এ্যালাউন্স এবং চাকুরীর নিরাপত্তা সম্বন্ধে কোন রুল তৈরী হয় নি—সেটা দূর করবার জন্য রাজ্য সরকার কোন চিন্তা করছেন কিনা: তাদের সার্ভিস রুলস এবং সিকিউরিটি অব এমপ্লয়মেণ্ট এই সমস্তগুলি দেবার জন্য সরকার চিন্তা করছেন কিনা?

Shri Sowrindra Mohan Misra:

মাননীয় সদস্যকে আমার উত্তরে বলিনি যে তাদের সার্ভিস সিকিউরিটি নেই—আমি বলেছি যে তাদের ট্রাভেলিং এ্যালাউন্স এবং রাহা খরচ দেবার কোন নিয়ম নেই।

আর সিকিউরিটি সম্বন্ধে আইনগুলি দেখলে দেখবেন যে তাদের বরখাস্ত করতে গেলে বা কিছু করতে গেলে জেলা শাসকের অনুমতি নিতে হয়, সেখানে কিছু তাদের সিকিউরিটি থেকে যায়।

[1-30—1-40 p.m.]

Shri Sunil Das Gupta:

মাননীয় মন্ত্রীমহাশয় কি জানেন গ্রামে যদি একটা খুন হয় তাহলে চৌকিদারদের একবার থানায় গিয়ে খবর দিতে হয়, তারপর সেই মৃতদেহ নিয়ে মর্গে যেতে হয় এবং প্রায় ২৪ ঘণ্টা থেকে ৩৬ ঘণ্টা সেই মৃতদেহ পাহারা দিয়ে থাকতে হয়। সেই বাবত চৌকিদারদের কোন রাহা খরচের ব্যবস্থা করেছেন কি?

Shri Sowrindra Mohan Misra:

২৪ ঘণ্টা কি ৩৬ ঘণ্টা থাকতে হয় তা জানি না। তবে যদি এইরকম অস্বাভাবিক ঘটনা ঘটে খুন হয় কি কিছু হয় তাহলে নিশ্চয়ই তাদের উপর কাজের চাপ পড়ে।

Shri Kamal Kanti Guha:

আপনি জানেন কি যে সপ্তাহে তাদের একদিন করে থানায় এসে হাজিরা দিতে হয় এবং ১৫।২০ মাইল দূর থেকে এসে সারাদিন থানাতে থাকতে হয়?

Shri Sowrindra Mohan Misra:

আমার যা খবর তাতে সপ্তাহে একদিন যেতে হয় না, ১৫ দিন অন্তর যেতে হয়। ১০ মাইল হলে সপ্তাহে একদিন। কিন্তু আপনি যেটা বললেন ১৫।২০ মাইল সেটা ১৫ দিন অন্তর, সপ্তাহে নয়।

Shri Kamal Kanti Guha:

এই যে ১৫।২০ মাইল দূর থেকে এসে থানাতে তাদের সারাদিন থাকতে হয় এজন্য তাদের কোন রকম অতিরিক্ত ভাতা দেওয়ার কথা চিন্তা করছেন কি?

Shri Sowrindra Mohan Misra:

আমি একটা কথা মাননীয় সদস্যদের বলব যে চৌকিদার এবং দফাদারদের পার্ট টাইম জব বলে খুব কম মাইনে দেওয়া হয়। এই মাইনে দেবার অধিকার এখন অঞ্চল পঞ্চায়েতের হাতে এসেছে এবং আমি এইটুকু খবর পেয়েছি যে ২৪-পরগণায় তাঁরা একটা ইউনিফর্ম রেট করেছেন। মেদিনীপুর অঞ্চল পঞ্চায়েৎ তাদের মাইনে বৃদ্ধি করেছেন। কাজে কাজেই এদের খুব কম মাইনে থাকার দরুণ অঞ্চল পঞ্চায়েতগুলি যাতে এই বিষয়ে বিবেচনা করে তাদের বেতন বৃদ্ধি করেন এইরকম একটা অনুরোধ করব বলে মনস্থ করেছি।

Shri Kamal Kanti Guha:

আমি এদের ভাতার কথা বলছি, সে সম্বন্ধে উত্তর দিন?

Shri Sowrindra Mohan Misra:

ভাতা সম্বন্ধে এখনও কোন চিন্তা করিনি, অতএব এখন উত্তর দিতে পারব না।

Shri Jiban Krishna De:

চৌকিদারদের নিম্নতম বেতন সম্বন্ধে সরকারের কোন বক্তব্য আছে কিনা?

Shri Sowrindra Mohan Misra:

নিম্নতম বেতন আছে বাঁকুড়াতে ৯ টাকা। আবার ২৪-পরগণাতে আছে ১৮ টাকা, আবার দেখছি বীরভূমে ২০ টাকা আছে। এরপরেও মেদিনীপুর কিছু কিছু পরিবর্তন করছে বলে আমরা খবর পেয়েছি।

Shri Jiban Krishna De:

চৌকিদারদের নিম্নতম বেতন ১১ টাকা থাকবে এই রকম গভর্ণমেণ্টের সার্কুলার ছিল কিনা?

Shri Sourindra Mohan Misra:

আমি জানি না এই রকম সার্কুলার ছিল কিনা।

Chowkidars and Dafadars

***117.** (Admitted question No. *437.)

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী : স্বায়ত্ত শাসন ও পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে চৌকীদার ও দফাদারদের সংখ্যা কত; এবং

(খ) সরকার কি উহাদের জন্য নূতন পে-স্কেল ও ভাতা দিবার কথা চিন্তা করিতেছেন?

Shri Sowrindra Mohan Misra:

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে চৌকিদারের সংখ্যা:—২৪,৮১১
ও দফাদারের সংখ্যা :—২,৫৬৫।

(খ) চৌকিদার ও দফাদারগণের বেতন বৃদ্ধির দায়িত্ব সংশ্লিষ্ট অঞ্চল পঞ্চায়েতের উপর। নিয়মানুসারে তাঁহারা যে বেতন ধার্য করিবেন, সরকার তাহারই অর্ধেক অনুদান হিসাবে অঞ্চল পঞ্চায়েতকে দিবেন।

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় মন্ত্রিমহাশয় আগে বলেছেন ওরা ফুল টাইম ওয়ার্কার নয়, আপনি কি জানেন তারা রাত্রে পাহারা দেয়, ইউনিয়ন বোর্ড এবং থানায় গিয়ে হাজিরা দেয় এবং যখন কোন গভর্নমেন্টের চাকুরীয়া কেউ আসে, কেউ টীকা দিতে আসে বা গরুর চিকিৎসা করতে আসে, তখন তাদের সব সময় ওঁদের সঙ্গে থাকতে হয় আবার থানায়ও একদিন সব সময়ের জন্য থাকতে হয় অথচ তারা সাত-আট টাকা মাইনে পায়?

Shri Sowrindra Mohan Misra:

আমি তো এইমাত্র বললাম সাত-আট টাকা মাইনে নয়, আমার কাছে যে তথ্য আছে তাতে সব চেয়ে ন্যূনতম বেতন দেখছি নয় টাকা, আর তাদের হোল টাইম চাকরীও করতে হয় না। তারা দিনে অন্যান্য কাজকর্ম করে ও একটা নির্দিষ্ট এলাকায় পাহারা দেবার নিয়ম আছে। তাদের কি কি কর্তব্য, কি কি নিয়ম আছে—সেটা তো আগে বলে দিলাম—কোন জানাজানির কথা কিছু নাই।

Shri Sambhu Gopal Das:

মন্ত্রীমহাশয় বলেছেন যে এই চৌকিদার ও দফাদাররা এখন অঞ্চল পঞ্চায়েতের অধীনে কাজ করে। এই প্রসঙ্গে আমি জানতে চাচ্ছি ঐ চৌকিদার ও দফাদারদের কাজে নিয়োগ করেন কারা? এ্যাপয়েন্টিং অথরিটি কে? তাদের কাজে কোন গাফিলতি হলে ডিসচার্জ কারা করেন?

Shri Sowrindra Mohan Misra:

তাদের অঞ্চল পঞ্চায়েৎ এ্যাপয়েন্ট করেন উইথ দি এ্যাপ্রুভাল অফ দি ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট।

Shri Bijoy Kumar Banerjee:

আমি একটা কথা জিজ্ঞাসা করছি, জানিনা কিনা! আমি শুনলাম মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে চৌকিদারদের মাইনে নয় টাকা করে, তাই আমি জিজ্ঞাসা করছি—এটা কি ইস্ট ইণ্ডিয়া কোম্পানীর আমলে যেটা ঠিক হয়েছিল, এখনো সেই মাইনে চলছে, না, আপনারা কিছু বাড়িয়েছেন?

Shri Sowrindra Mohan Misra:

আমি বলেছি ওদের মাইনে বাড়াবার মালিক হচ্ছে অঞ্চল পঞ্চায়েৎ, আমরা নই, আমার উত্তরগুলো ঠিক শুনলে বুঝতে পারতেন। অনেক জায়গায় অঞ্চল পঞ্চায়েৎ তাদের মাইনে বৃদ্ধি করেছেন

অঞ্চল পঞ্চায়েৎ হবার পরে। তবে সেটা ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর সময়ে কিনা—আমি বলতে পারবো না।

Shri Kashi Kanta Maitra:

প্রথমে উনি একটা চার্ট দিয়েছেন, তার মধ্যে ওদের বেতনের কথা উল্লেখ করেছেন। কিন্তু তিনি সেখানে চালাকী করেছেন। উনি জেলাওয়ারী কোন হিসাব দেন নাই; যেমন উনি বললেন। ওখানে নদীয়া জেলার একটি ফিগার দিয়েছেন। সমস্ত জেলাতে চৌকিদারদের একই রকম মাইনে নয়। যেমন ২৪-পরগণা ও মুর্শিদাবাদ জেলায় দেখছি বিভিন্ন থানায় বিভিন্ন রকমের বেতনের হার —স্কেল অফ পে। এটা আপনি জানেন কিনা? এবং তা যদি জানেন, তাহলে বাংলায় যেটা চালু হবে সেটা ইউনিফর্ম হবে কিনা? সমস্ত বাংলাদেশের জেলায় এখন যেটা হাইয়েষ্ট অবটেইন্ড পে সেটা ইমিডিয়েটলি এনফোর্সড করা হোক সর্বত্র—সাবজেক্ট টু গভর্নমেন্টস রেকমেন্ডেসান রিগার্ডিং এনহেন্সমেন্ট অফ পে। এটা এবং দ্বিতীয়তঃ এই যে বললেন সর্বক্ষণের জন্য তাদের কাজ নয়: এরা পঞ্চায়েতের কাজ করে। আপনি নিজে জানেন যখন কোন মার্ডার হয় বা চুরি হয় তখন তারা পুলিশের কাজে পুলিশকে হেল্প করে এ্যাজ ভিলেজ ওয়াচমেন। এবং রাত্রে তারা পাহারা দেয়, তারপর কোর্ট থেকে যে সমন আসে, সে সমস্ত তারা সার্ভ করে গ্রামে এবং এই সমস্ত চৌকিদার ও দফাদারদের দিয়ে রুরাল ভাইটাল স্ট্যাটিসটিক্স যেগুলো তা কালেক্ট করা হয়। যে কথা বলাইলাল বাবু বললেন যে গভর্নমেন্টের যখন কোন অফিসার যান, তখন তাঁদের এ্যাটেন্ড করতে হয়। এমনকি—দারোগাবাবুর গরুর গা ধুইয়ে দেওয়া, ছেলেকে স্কুলে পেঁছে দেওয়া, বাগান তৈরী করা, কপির চাষ করা, এই সমস্ত কিছু চৌকিদারদের করতে হয়। এখন প্রশ্ন হচ্ছে আপনি একটু বুঝিয়ে বলুন—সত্যিকারের এই চৌকিদার ও দফাদাররা কোন্ ক্যাটাগরির এমপ্লয়ি হলো? এবং গভর্নমেন্ট কন্ট্রোলে এবং সুপারভিসান-এর আওতায় তারা আসতে পারে কিনা?

[1-40—1-50 p.m.]

Shri Sowrindra Mohan Misra:

মাননীয় সদস্য যে প্রশ্ন করেছেন সেটা খুব ভাল প্রশ্ন—আমি উত্তর দিচ্ছি। আমি জেলাওয়ারী একটা গড় হিসেব দিয়েছি এবং তাতে দেখছি অনেক জায়গায় বিভিন্ন রকম স্কেল দিচ্ছে। এটা কোন চালাকীর কথা নয়। আমি মেদিনীপুরের খবর পেলাম যে তারা অন্য হারে দিচ্ছে। সরকারের কোন নির্দিষ্ট হারে তাদের বেতন দিতে হবে জিনিসটা তা নয়। অঞ্চল পঞ্চায়েত বা ইউনিয়ন বোর্ড তাদের বেতন কি দেবেন সেটা তাঁরা ঠিক করবেন। মাননীয় সদস্য বললেন সমস্ত জায়গায় এক রকম করা উচিত। এটা করা উচিত ঠিকই, কিন্তু আইনে ক্ষমতা দেওয়া হয়েছে অঞ্চল পঞ্চায়েতকে। ২৪-পরগণার সব জায়গায় এক রকম করেছেন বলে তাঁরা আমাদের জানিয়েছেন। আমি ইতিপূর্বে একটা কথা বলেছি যে, আমরা সমস্ত অঞ্চল পঞ্চায়েতের কর্তৃপক্ষকে অনুরোধ করবো যে, তাঁরা যেন চৌকিদার এবং দফাদারদের কাজ বৃদ্ধি হয়েছে এটা বিবেচনা করে তাদের বেতন যাতে বৃদ্ধি করতে পারেন তার জন্য বিবেচনা করেন এবং তাঁরা যেটা স্থির করবেন তার অর্ধেক সরকার দেবেন।

Shri Balai Lal Das Mahapatra:

মন্ত্রীমহাশয় জানাবেন কি, যেহেতু চৌকিদার এবং দফাদাররা পুলিশের কাজ করে সেহেতু পুলিশ বিভাগ থেকে তাদের জন্য কিছু বরাদ্দের কথা চিন্তা করছেন কিনা?

Shri Sowrindra Mohan Misra:

তার দরকার নেই। কারণ আমি আগেই বলেছি অঞ্চল পঞ্চায়েত থেকে যা দেবেন আমরা তার সম পরিমাণ টাকা দেব।

Dr. Kanai Lal Bhattacharya:

তারা শুধু পুলিশের কাজই করেনা, যে কোন সরকারী কর্মচারী যাবেন তাঁদের সাহায্য করা এঁদের একটা কর্তব্য। যাহোক, আমার প্রশ্ন হচ্ছে এই যে চৌকিদার এবং দফাদার নিয়োগ করা

হয় তাতে তাদের কাজের পরিমাণ এবং এলাকার পরিমাণ নির্দিষ্ট করে কতজন চৌকিদার এবং দফাদার দরকার হবে তারজন্য আপনাদের কোন নীতি আছে কিনা?

Shri Sowrindra Mohan Misra:

আমি সঠিক বলতে পারব না।

Shri Balai Lal Das Mahapatra:

মন্ত্রীমহাশয় জানাবেন কি, এই চৌকিদার এবং দফাদারদের নিয়ুক্তের চূড়ান্ত অধিকার কার উপর আছে—এস, পি, এস, ডি, ও, না ডি এম-এর উপর?

Shri Sowrindra Mohan Misra:

এর উত্তর আমি আগেই দিয়েছি।

Shri Sunil Das Gupta:

মন্ত্রীমহাশয় কি জানেন যে, বিভিন্ন জেলাতে চৌকিদার এবং দফাদারদের বকেয়া বেতন পড়ে আছে?

Shri Sowrindra Mohan Misra:

কোনখানে বকেয়া বেতন পড়ে আছে কিনা সে খবর আমার কাছে এখন নেই।

Shri Sunil Das Gupta:

মন্ত্রীমহাশয় জানাবেন কি, অঞ্চল পঞ্চায়েত হবার আগেকার যে বকেয়া বেতন সেটা দেওয়া সম্পর্কে রাজ্যসরকারের কোন দায়িত্ব আছে কিনা?

Shri Sowrindra Mohan Misra:

যদি বেতন বাকী থাকে তাহলে নিশ্চয়ই দিতে হবে, তবে বাকী আছে বলে আমার জানা নেই।

Ceramic factory in Cooper's colony

***118.** (Admitted question No. *461.)

শ্রীগৌরচন্দ্র কুণ্ডু: উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার রানাঘাট কুপার্স আরবান কলোনী এলাকায় "সিরামিক" কারখানা প্রতিষ্ঠা করার কাজ শুরু হইয়াছে কিনা; এবং

(খ) যদি না হইয়া থাকে, তবে কবে শুরু হইবে?

Shrimati Abha Maiti:

(ক) সুরু হইয়াছে।

(খ) এই প্রশ্ন ওঠে না।

Shri Gour Chandra Kundu:

এই কাজ কতদিন আগে সুরু হয়েছে জানাবেন কি?

Shrimati Abha Maiti:

৪।৫ মাস আগে আরম্ভ হয়েছে বলে শুনেছি এবং খানিকটা শেড তৈরী হয়েছে।

Shri Gour Chandra Kundu:

এই কারখানায় কতজন লোককে নিয়োগ করবার সম্ভাবনা আছে জানাবেন কি?

Shrimati Abha Maiti:

আমি যতদূর খবর পেয়েছি তাতে এই কারখানায় ২০০ লোক কাজ করতে পারবে সেই ব্যবস্থা হয়েছে।

Shrimati Santi Das:

রাণাঘাট কুপার্শ ক্যাম্প আর্বান এলাকায় যে সিরামিক ইন্সটিটিউট তৈরী হয়েছে তাতে আমার প্রশ্ন হচ্ছে, যেটা পূর্বে চাকদা থানার হামিদপুর কলোনীতে হবার কথা ছিল সেটাই কি রানাঘাটে সিফট্ করা হয়েছে?

Shrimati Abha Maiti:

সিফ্ট করবার প্রশ্ন নেই। রানাঘাটে যেটা হয়েছে তার আরও ৩।৪ ইউনিট হবে এবং তার মধ্যে চাকদা থাকতে পারে।

Shrimati Santi Das:

এটা কি গভর্নমেন্ট স্পনসর্ড, না রিহ্যাবিলিটেসন ইণ্ডাস্ট্রিস বোর্ড করবে?

Shrimati Abha Maiti:

রিহ্যাবিলিটেসন ইণ্ডাস্ট্রিস বোর্ড করবে।

Shrimati Santi Das:

স্থানীয় লোকের চাকুরী যে হবে সেটা কি আর, আই, বি-র যে কমিটি আছে তাদের মাধ্যমে হবে, না গভর্নমেন্ট করবেন?

Shrimati Abha Maiti:

আর, আই, বি, করবেন।

Shri Aswini Roy:

কোন সালে প্রডাকশন আরম্ভ হবে?

Shrimati Abha Maiti:

যে খবর আর, আই, বি, জানিয়েছে, তাতে এ বছরের শেষ দিকে কারখানার কাজ আরম্ভ হয়ে যাবে।

Wholesale Consumers' Co-operative Society

***119.** (Admitted question No. *757.)

শ্রীগোপাল ব্যানার্জী : সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পশ্চিমবাংলায় এ যাবৎ কতগুলি পাইকারী ক্রেতা সমবায় সমিতি গঠিত হইয়াছে?

Shri Tarun Kanti Ghosh:

১৮টি।

Shri Gopal Banerjee:

১৮টি হয়েছে, তার মধ্যে ফেডারেশন করবার কথা চিন্তা করেছেন কি?

Shri Tarun Kanti Ghosh:

ফেডারেশন করবার কথা আমাদের ভারত সরকারের, আমাদের কোন পরিকল্পনা নেই।

Shri Gopal Banerjee:

এই যে পাইকারী সমবায় সমিতি হয়েছে এটা কেন্দ্রীয় সরকারের কোন স্কীম অনুযায়ী কি

Shri Tarun Kanti Ghosh:

নিশ্চয়ই।

Shri Gopal Banerjee:

এই যে পাইকারী সমিতি হয়েছে, এগুলি কি কাজের জন্য করা হয়েছে?

Shri Tarun Kanti Ghosh:

এই কনজ্যুমার্স কো-অপারেটিভ ষ্টোর্স যেগুলি করা হয়েছে, ন্যায্যমূল্যে জিনিস যাতে বিভিন্ন ক্রেতাকে সরবরাহ করতে পারে এবং মূল্যের যাতে স্থিতিশীলতা বজায় রাখতে পারে তার জন্য করা হয়েছে।

Shri Gopal Banerjee:

পাইকারী সমিতিগুলি কিসের জন্য করা হয়েছে. প্রাইমারী সোসাইটিগুলিকে সাপ্লাই করতে পারে কি?

Shri Tarun Kanti Ghosh:

পাইকারী সমিতিগুলি প্রাইমারী সমিতিগুলিকে সাপ্লাই করে।

Shri Gopal Banerjee:

প্রাইমারী সমিতিগুলিকে সাপ্লাই করতে পারে কি?

Shri Tarun Kanti Ghosh:

আমি জানি পারছে. যদি না পারে ঘটনা দেবেন. ব্যবস্থা করবো, আমার কাছে সে রকম তথ্য নেই।

Shri Gopal Banerjee:

যে পারপাসে হয়েছে বললেন-পাইকারী সমিতিগুলি প্রাইমারী সমিতিগুলিকে সাপ্লাই করবে. আপনার কাছে কোন তথ্য নেই বললেন সাপ্লাই করতে পারছে কিনা, কিন্তু রেশন দোকান ইন্ট্রোডিউস হবার পর. এরা যে সাপ্লাই করতে পাচ্ছে না এটা জানেন কি?

Shri Tarun Kanti Ghosh:

২০০ প্রাইমারী সোসাইটি আছে রেশণ্ড এরিয়ায়. আর ৪৭০টি সারা বাংলাদেশে. আমি রেশন এরিয়ার বাইরের কথা বলছি না। ঐ ২০০-এর মধ্যে ১০০টিকে লাইসেন্স দেওয়া হয়েছে রেশন জিনিস দেবার জন্য এবং বাকি যে ১০০ তারা যদি সাপ্লাই করতে চায়, সে সম্বন্ধে তাদের সংগে কথাবার্তা চলছে হুয়েদার দে আর ইন্টারেস্টেড ইন ইট অর নট। তারা যদি করতে চান তাহলে ফুড ডিপার্টমেন্টের সংগে বন্দোবস্ত করে দেব।

Shri Gopal Banerjee:

রেশন দোকান করেছে কিনা সেটা আমার প্রশ্ন নয়, পাইকারী দোকানগুলি খুচরো দোকান-গুলিকে সাপ্লাই করতে পারছে কি?

Shri Tarun Kanti Ghosh:

রেশন জিনিস দিতে পারছে কিনা তাই জিজ্ঞাসা করছেন কি?

Shri Gopal Banerjee:

রেশন সিষ্টেম চালু করার জন্য খুচরো দোকানগুলো কনজ্যুমার্স গুডস্ সাপ্লাই করতে পারছেন কি?

Shri Tarun Kanti Ghosh:

চাল আটাও তো কনজ্যুমার গুডস্, তাই কনজ্যুমার গুডস......এক্সসেপ্ট রাইস এণ্ড হুইট রেশন এরিয়াতে ১০০টিকে লাইসেন্স দিয়েছি এবং বাকীগুলির সংগে কথাবার্তা চলছে, শীঘ্রই তারা চালু করবেন।

Stipends to Scheduled Caste and Tribe students

***120.** (Admitted question No. *775.)

শ্রীভক্তিভূষণ মণ্ডল : আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলায় বর্তমান বৎসরে কত তপশীল ছাত্র ও আদিবাসী ছাত্র বিদ্যা শিক্ষার জন্য বৃত্তি পাইতেছে; এবং

(খ) উক্ত ছাত্রদের পড়িবার জন্য পাঠ্য পুস্তক সরবরাহ করা হয় কি?

Shri Tenzing Wangdi:

তফসিলী—২,০৯৬ (মাধ্যমিকোত্তর পর্যায়ে—২৯৩ ও মাধ্যমিক পর্যায়ে—১,৮০৩) আদিবাসী—৫১০ (মাধ্যমিক পর্যায়ে ৫০৪ ও মাধ্যমিকোত্তর পর্যায়ে ৬ জন)

পাঠ্যপুস্তক সরবরাহ করা হয় না, তবে পাঠ্যপুস্তক ক্রয়ের জন্য যোগ্যপ্রার্থীকে অর্থ সাহায্য করা হয়।

Dr. Kanai Lal Bhattacharya:
আপনি বললেন আদিবাসী তপশীলী ছাত্রদের বিদ্যা শিক্ষার জন্য বৃত্তি পাচ্ছে। আমার জিজ্ঞাসা হচ্ছে তারা দরখাস্ত করার কতদিন বাদে এই বৃত্তি পায়—সাধারণতঃ কি বছরের শেষে এই বৃত্তি তাদের কাছে আসে?

[1-50—2 p.m.]

Shri Tenzing Wangdi: Not necessary. It all depends on the requisition sent by local officers of the Department. As soon as requisitions are received, money is made available.

Dr. Kanai Lal Bhattacharya: Will the Hon'ble Minister be pleased to state that if the local authorities make inordinate delay to send requisitions to the Department, he would take steps in the matter?

Shri Tenzing Wangdi: We had been getting such complaints in the past years, and as such since this year we have introduced a new system of paying money to students. We are now paying money through Block Development Officers to whose students who live in rural areas and through District Officers to those in the urban areas. We are watching the result of this arrangement, and if this does not prove satisfactory we will consider once again how we can improve it.

Shri Shambhu Gopal Das:
আপনি কি বলবেন যে তপশিলী ও আদিবাসী ছাত্র যারাই বৃত্তির জন্য দরখাস্ত করে তাদের সকলকে কি দেওয়া হয়?

Shri Tenzing Wangdi: Their names are generally sent by the heads of institutions to the local authorities concerned.

Shri Shambhu Gopal Das:
তপশিলী ও আদিবাসী ছাত্র যারা বৃত্তির জন্য দরখাস্ত করে এদের মেরিট দেখে কি বৃত্তিগুলি দেওয়া হয় বা এদের বাড়ীর অবস্থা দেখে দেওয়া হয়?

Shri Tenzing Wangdi: As far as Tribal students are concerned, all of them generally get financial assistance from the Department. For the students of the Scheduled Caste, there are certain tests—merit-cum-poverty test.

House-building Schemes for the last riot-affected persons

***121.** (Admitted question No. *854.)

ডাঃ গোলাম ইয়াজদানী : ত্রাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে গত ১৯৬৪ সালের জানুয়ারি মাসে কলিকাতায় যে হাঙ্গামা হইয়াছিল তাহাতে যে সমস্ত বস্তী বিধ্বস্ত হইয়াছিল তাহার কয়েকটির কিছু কিছু অংশ সি আই টি পরিকল্পনায় ধরা হইয়াছিল;

(খ) সত্য হইলে কোন্ কোন্ এলাকা এই পরিকল্পনায় ধরা হইয়াছিল;

(গ) ইহা কি সত্য যে সি আই টি স্কীমের জন্য চিহ্নিত এলাকার লোকদিগকে ঘর মেরামতের জন্য কোন সাহায্য দেওয়া হয় নি; এবং

(ঘ) সত্য হইলে তাহাদের কোন সাহায্য দিবার কথা সরকার বিবেচনা করিতেছেন কিনা?

Shrimati Abha Maiti:

(ক) হ্যাঁ।

(খ) **ইন্টালি থানা এলাকায় :—**

(ক) ২এ, ২বি, ২সি, ২/১ ও ৩বি, ছাতুবাবু লেন; (খ) ১এ, ১বি, ১সি, ১এম, ১জি, ১এইচ ও ১ ডবলু ছাতুবাবু লেন; (গ) ৯, ১০ ও ১৩ বিবিবাগান লেন; (ঘ) ২৮ (আংশিক), ৩৬ (আংশিক) ও ৩৫, দেবেন্দ্রচন্দ্র দে রোড ও ৬/২ (আংশিক), ৯, ১০, ১০/১ (আংশিক) ও ১১, মেহের আলী লেন;

বেনিয়াপুকুর থানা এলাকায় :—

(ক) ৬।১বি, ডিহি শ্রীরামপুর রোডের অংশ, (খ) ৭বি, ডিহি শ্রীরামপুর রোড ও ১ রামমোহন বেরা লেনের অংশ; (গ) ২।২এ ও ২।৩, তিলজলা রোড;

ওয়াটগঞ্জ থানা এলাকায় :—

১৪, মোহনচাঁদ রোড;

(গ) ও (ঘ) সি, আই, টি, স্কীমের জন্য চিহ্নিত বস্তীগুলির বাসিন্দাদিগকে ঘর মেরামতের জন্য কোন সাহায্য দেওয়া হয় নাই; কিন্তু উক্ত বস্তীগুলির বিধ্বস্ত ঘরের বাসিন্দাদের জন্য অন্যত্র সি, আই, টি, এবং সরকার নির্মিত বাড়ীতে বিকল্প বাসস্থানের ব্যবস্থা করা হইয়াছে। এতদ্ব্যতীত প্রস্তাবিত নূতন বাড়ীগুলি নির্মাণ না হওয়া পর্যন্ত তাহাদিগের জন্য অস্থায়ী বাসস্থানের ব্যবস্থা করা হইয়াছিল।

Dr. Golam Yazdani:

আপনি বললেন তাদের জন্য অস্থায়ী ভাবে ব্যবস্থা করা হয়েছে, কিন্তু সেখানে কি কেউ গেছে?

Shrimati Abha Maiti:

ব্যবস্থা করা হয়েছিল এবং তাদের মধ্যে থেকে কিছু দরখাস্ত পাওয়া গিয়েছিল এবং তাদের আমরা সেই জায়গায় স্থান দিয়েছিলাম—অধিকাংশ যায়নি।

Dr. Golam Yazdani:

অধিকাংশ যায়নি, তাহলে কিছু কিছু জায়গায় গেছে—কোন কোন এলাকায় গেছে?

Shrimati Abha Maiti:

আমাদের সি, আই, টি ও হাউসিং ডিপার্টমেন্ট যে সমস্ত বাড়ীগুলো করেছিল সে সব জায়গায় কিছু গেছে।

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani:

আপনি কি জানাবেন যে সব এলাকা সি, আই, টি, স্কীম বললেন তার মধ্যে কোন এলাকা কি এখন বাদ দেওয়া হয়েছে?

Shrimati Abha Maiti:

প্রশ্নটা একটু ভুল ছিল। সি, আই, টি, চেয়েছিলেন বলে আমি সেই ভাবে দিয়েছি—এর বাহিরেও আছে। আমাদের হাউসিং ডিপার্টমেন্ট কতকগুলির ভার নিয়েছিল তার যদি লিস্ট চান তাহলে সেটা দিতে পারি। মূল প্রশ্নে সেটা ছিলনা বলে দিইনি। আমাদের প্রোগ্রাম, প্ল্যান ছিল সি, আই, টি, খানিকটা বস্তী এলাকা ঠিক করবে এবং হাউসিং ডিপার্টমেন্ট কতকগুলি জায়গায় করবে। প্রশ্নের মধ্যে সি, আই, টি-র কথা ছিল বলে সেই ভাবে উত্তর দিয়েছি, কিন্তু আপনি বোধ হয় জানতে চান আরও কিছু জায়গায় আছে কিনা?

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani:

ছাতুবাবু লেন, ১ এবং ২ প্লট এর ব্যাপারে আমি জানতে চেয়েছিলাম যে এগুলি হয়েছে কিনা অর্থাৎ প্লটগুলি রিলিজ হয়েছে কিনা?

Shrimati Abha Maiti:

না করা হয় নি।

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani:

ছাতুবাবুর ২নং বস্তিতে যে সমস্ত পরিকল্পনা হয়েছিল অর্থাৎ সেই সমস্ত বিল্ডিং-এর কাজ আরম্ভ হয়েছে কি?

Shrimati Abha Maiti:

আমি সেটা আগেই বলেছিলাম যে কাজ আরম্ভ হয়নি কারণ আপনারা সকলেই জানেন যে এখানে যে আমরা আইন তৈরী করেছি সেই অনুসারে সমস্ত জায়গায় এ্যাকুইজিসন এবং রিকুইজিসান করি কিন্তু হাই কোর্ট থেকে ইনজাংসান দেওয়ার দরুণ সে কাজ আরম্ভ হয়নি।

Dr. Narayan Chandra Roy:

আমি জিজ্ঞাসা করছি সি, আই, টি, স্কীম এর বাহিরে যেটা করতে চেয়েছিলেন সে ব্যাপারে একটু জানতে পারলে সুবিধা হয় কারণ আমি নারকেলডাঙ্গা এবং রাজাবাজারের সম্বন্ধে জানতে চাই?

Shrimati Abha Maiti:

হাউসিং ডিপার্টমেন্ট যে নামগুলি আছে সেগুলি পড়ে দিচ্ছি (১নং), ১৬নং পাতোয়ার বাগান লেন, ১৬৬নং কেশব সেন ষ্ট্রীট (২নং) কাজারিয়া টোলা বস্তি ও ৭নং নারকেলডাঙ্গা মেন রোড, ১২নং চুনারা সিং লেন ইত্যাদি (৩নং) ওরাজাগালি বস্তি ও ৯২নং নারকেলডাঙ্গা নর্থ মেন রোড, ৬নং মতিলাল সেন লেন (৪নং) সুরাটোলা বস্তি ও ৪১ থেকে ৪৪ নারকেলডাঙ্গা নর্থ রোড, (৫নং) সাহেববাগান বস্তি, ২নং রাজা দীনেন্দ্র ষ্ট্রীট ও ১৭।২ ক্যানাল ষ্ট্রীট।

Dr. Narayan Chandra Roy:

এর মধ্যে কোনটার কাজ আরম্ভ হয়েছে?

Shrimati Abha Maiti:

সেটা ওই একই অবস্থায় রয়েছে।

Dr. Golam Yazdani:

এই যে সমস্ত স্কীম রয়েছে তা ঐ এলাকায় কার্যকরী করবার কি ব্যবস্থা হয়েছে?

Shrimati Abha Maiti:

আমি বলছিলাম যে কলকাতার বিভিন্ন অঞ্চলে সি, আই, টি, এবং হাউসিং ডিপার্টমেন্ট স্কীম-এ বাড়ী তৈয়ার করা হয়েছিল যে সমস্ত বস্তি এফেকটেড হয়েছিল তাদের সাধ্য মত সেই সমস্ত জায়গায় স্থানান্তরিত করে যে জায়গায় বাড়ী তৈরী করার কথা ছিল কিন্তু যে কোন কারণেই হউক হাট-ওনার্স'রা সেটা করতে দেন নি সম্ভবতঃ টেনান্টরা প্রলোভন দেখিয়েছেন সেই কারনে তারা সেই সমস্ত জায়গায় যান নি। এ ছাড়া আমি আগেই বলেছি যে আমরা যে সমস্ত জায়গা এ্যকুয়ার করেছিলাম হাইকোর্ট-এর ইনজেংসান ফলে সে সমস্ত জায়গায় কাজ হয় নি।

Dr. Golam Yazdani:

আমি জানতে চাই পার্টিকুলারলি নারকেলডাঙ্গা নর্থ রোড যেখানে ছাগলের আড়ত বহু আছে সেখানকার লোকেরা কোথাও যায় তাহা হলে তাদের যে ছোট ছোট ব্যবসা কি হবে তার কি কোন পরিকল্পনা আছে?

Shrimati Abha Maiti:

আমি বাসস্থানের কথা বলেছিলাম যাদের অলটারনেট এ্যাকোমডেসান দেবার যে সমস্ত জায়গা স্থির করেছিলাম তারা সেখানে গেলে সাবসিকুয়ান্টলি এটা হতো।

Proposal for a thermal plant at Azimgunj

***122.** (Admitted question No. *448.)

Shri Sailendra Nath Adhikary:

শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি সচদেব কমিটির সুপারিশ অনুযায়ী বিদ্যুৎ উৎপাদনের জন্য মুর্শিদাবাদ জেলায় আজিমগঞ্জ থার্মাল প্ল্যান্ট স্থাপনের ব্যবস্থা হইতেছে কি?

Shri Tarun Kanti Ghosh:

না।

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি যে মুর্শিদাবাদ জেলায় আগে কোন পরিকল্পনা নেয়া হয়েছিল কিনা এবং যদি নেওয়া হয়ে থাকে তাহলে তা পরিবর্তন করা হল কেন?

Shri Tarun Kanti Ghosh:

আমি সেদিন শৈলেনবাবুকে বলেছিলাম এবং আজকে এই হাউস-এ ও জানাতে চাই যে একটা থার্মেল প্ল্যান্ট করতে গেলে তার মূল উপাদান হল কয়লা, ভারত সরকার বলেছেন যে এত দূর থেকে কয়লা নিয়ে যাওয়া সম্ভব নয় রেলওয়ে কোম্পানী এর বাহিরে অতএব তাদের সেই নীতি অনুযায়ী কয়লা যেখানে পাওয়া যায় তার চারপাশে থার্মাল প্ল্যান্ট করতে হবে, সেজন্য সেটা পরিত্যাগ করা হয়েছে।

Shri Birendra Narayan Ray:

সচদেব কমিটি কি এগুলি দেখে রেকমেন্ড করেছিলেন?

Shri Tarun Kanti Ghosh:

সচদেব কমিটি মেনলি যেটা বলেছিলেন আমাদের পাওয়ার যেটা সেই পাওয়ার গ্যাপটা পূরণ করবার জন্য বাই দি এন্ড অফ দি থার্ড ফাইভ ইয়ার প্ল্যান আমাদের ১,১৫০ মেগাওয়াট পাওয়ার করতে হবে তার মধ্যে বলেছিলেন যে তোমরা এই প্লান কর। আমরা সেটা করতে গিয়ে দেখলাম যে আজিমগঞ্জে সেটা করা সম্ভব নয়। কয়লা সেখানে নিয়ে যাওয়া সম্ভব হচ্ছে না

দ্যাট ইজ হোয়াই এটা দুর্গাপুরে বন্দোবস্ত করতে হয়েছে আর একটা কথা বলে দিচ্ছি যেটা বলাইবাবু প্রশ্ন করেছিলেন এবং শৈলেনবাবুর সঙ্গে কথা হয়েছিল যে একটা থার্মাল প্ল্যান্ট করতে এটা দরকার। কারণ ইট ইজ এ ক্যাপিটাল ইনটেনসিভ ইন্ডাস্ট্রি এতে টোটাল এমপ্লয়মেন্ট ইজ ভেরি লিমিটেড অতএব এটা এই ভাবেই ঠিক হয় ইট ডাজ নট এফেক্ট দি ইকনমি অফ মুর্শিদাবাদ এ্যাট অল।

STARRED QUESTIONS

(to which answers were laid on the Table)

Financial assistance to new migrants

***123.** (Admitted question No. *540.)

শ্রীগৌরচন্দ্র কুণ্ডু : উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪ **সালে নবাগত উদ্বাস্তুদের** (নিউ মাইগ্র্যান্টস্) জন্য পশ্চিমবঙ্গ সরকার কত টাকা আর্থিক সাহায্য মঞ্জুর করিয়াছিলেন এবং কত টাকা দেওয়া হইয়াছে;

(খ) মাথাপিছু মাসিক কত টাকা হারে সাহায্য দেওয়া হইয়াছে;

(গ) মোট কত লোককে সাহায্য দেওয়া হইয়াছে; এবং

(ঘ) এই ধরনের সাহায্য এখনও দেওয়া হইতেছে কি?

The Minister for Refugee, Relief and Rehabilitation:

(ক) ৩০শে নভেম্বর, ১৯৬৪, পর্যন্ত পুনর্বাসন বিভাগ হইতে ৩৬,৬৭,৪৩২ টাকা এবং ৩১এ ডিসেম্বর, ১৯৬৪, পর্যন্ত ত্রাণ বিভাগ হইতে টাকা ১৬,৪৪,৭০৯·৪৫ নঃ পঃ মোট ৫৩,৩২,১৪১ টাকা ৪৫ পয়সা আর্থিক সাহায্য দেওয়া হইয়াছে;

(খ) দণ্ডকারণ্যে বা বাংলার বাহিরে অন্য কোন রাজ্যে পুনর্বাসন গ্রহণেচ্ছু নবাগত শরণার্থীগণকে দুই সপ্তাহর ডোল' বা আর্থিক সাহায্য, কাপড়, কম্বল, মাদুর, বাসন ও রেলওয়ে অধিপত্র (ওয়ারেন্ট) দেওয়া হইয়াছে আর পশ্চিমবঙ্গে অবস্থানকারী শরণার্থিগণকে ১৯৬৪ সালের ১০ই জুন পর্যন্ত প্রত্যেক প্রাপ্ত বয়স্কের জন্য মাসিক ১৮ এবং প্রত্যেক অপ্রাপ্ত বয়স্কের জন্য মাসিক ৯ টাকা হারে সর্বাধিক ৩ মাস 'ডোল' বা সাহায্য দেওয়া হইয়াছে।

(গ) জিলাশাসকগণের নিকট হইতে যে বিবরণ পাওয়া গিয়াছে তাহা হইতে দেখা যায় যে, এই সংখ্যা মোট ৪,০০,৭২৯। তন্মধ্যে ২,৬০,৬৫৪ জনকে পশ্চিমবঙ্গের বাহিরে পুনর্বাসনের জন্য নানা শিবিরে প্রেরণ করা হইয়াছে এবং অবশিষ্ট ১,৪০,০৭৫ জন পশ্চিমবঙ্গে রহিয়া গিয়াছেন। (সাহায্য প্রাপ্ত অপ্রাপ্ত বয়স্ক শরনার্থীকে ½ ধরিয়া উল্লিখিত সংখ্যাগুলি নির্ণয় করা হইয়াছে। অপ্রাপ্ত বয়স্ককে ১ধরিয়া গনণা করিলে মোট সাহায্য প্রাপকের সংখ্যা বেশী হইবে)।

(ঘ) পশ্চিমবঙ্গের বাহিরে পুনর্বাসন গ্রহণেচ্ছু নবাগত শরনার্থীগণকে 'খ' য়ে বর্ণিত সাহায্য দেওয়া হইতেছে। যাঁহারা পশ্চিমবঙ্গে রহিয়া যাইতেছেন তাঁহাদিগের দুর্গত অবস্থা বা দুঃস্থতার জন্য প্রয়োজন বোধে সাধারণ হারে খয়রাতি সাহায্য (নর্মাল রিলিফ) দেওয়া হইয়া থাকে।

Electric consumption in Durgapur Congress Session

***124.** (Admitted question No. *618.)

শ্রীকাশীকান্ত মৈত্র : শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) স্টেট ইলেকট্রিসিটি বোর্ড কর্তৃক দুর্গাপুর কংগ্রেস অধিবেশনের জন্য মোট কত ইউনিট বিদ্যুৎ সরবরাহ করা হয়;

(খ) স্টেট ইলেকট্রিসিটি বোর্ড এই বাবত উক্ত সম্মেলন কর্তৃপক্ষের কাছ থেকে মোট কত টাকা এ পর্যন্ত পেয়েছেন; এবং

(গ) প্রতি ইউনিট বিদ্যুৎ সরবরাহের রেট কত ধরা হয়?

The Minister for Commerce and Industries:

(ক) দুর্গাপুর কংগ্রেস অধিবেশনের জন্য ষ্টেট্ ইলেকট্রিসিটি বোর্ড বিদ্যুৎ সরবরাহ করেন নাই।

(খ) ও (গ) এ প্রশ্ন উঠে না।

Primary Consumers' Co-operative Societies in 24-Parganas district

***125.** (Admitted question No. *758.)

শ্রীগোপাল ব্যানার্জি : সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগনা জেলায় এ পর্যন্ত সরকার কতগুলি প্রাথমিক ক্রেতা সমবায় সমিতি গঠনের উদ্দেশ্যে রেজিস্ট্রেশনের জন্য দরখাস্ত পাইয়াছেন;

(খ) উহাদের মধ্যে কতগুলি এ পর্যন্ত রেজিস্ট্রী করা হইয়াছে; এবং

(গ) রেজিস্ট্রীকৃত সমিতির মধ্যে কতগুলি এ পর্যন্ত ব্যবসায় শুরু করিয়াছেন?

The Minister for Co-operation:

(ক) ৫০০

(খ) ৩৯০

(গ) ৩৪৬

Ahmedpur National Sugar Mill

***126.** (Admitted question No. *622.)

কাশীকান্ত মৈত্র : শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক)) ইহা কি সত্য যে, আমেদপুর চিনির কল (ন্যাশনাল সুগার মিল লিঃ) সম্পর্কে তদন্তের জন্য ভারত সরকার একটি কমিটি নিয়োগ করেছেন;

(খ) সত্য হ'লে রাজ্যসরকারের শিল্প দপ্তর কোন বিশেষ বক্তব্য উক্ত অনুসন্ধানী কমিটির কাছে রেখেছেন কিনা; এবং

(গ) রাজ্যসরকারের যে অর্থ এই চিনির কলের জন্য দেওয়া হয়েছে তা সংরক্ষণের জন্য এবং উক্ত মিলটিকে পুর্ণোদ্যমে সরকারী নিয়ন্ত্রণাধীনে চালু রাখার জন্য কোন পরিকল্পনা আছে কিনা?

The Minister for Commerce and Industries:

(ক) হ্যাঁ;

(খ) যথা সময়ে রাখা হইবে;

(গ) রাজ্য-সরকারের তরফ থেকে চিনি কলটিকে ঋণ বাবদ যে অর্থ সাহায্য দেওয়া হইয়াছে তা আদায়ের জন্য যথাযোগ্য আইনানুগ ডিমান্ড নোটীশ পাঠান হইয়াছে।

কোম্পানী দেয় টাকা পরিশোধ করিতে অসমর্থ হওয়ায় রেজিষ্ট্রীকৃত বন্ধকী দলিলের সর্তানুযায়ী উক্ত কোম্পানীর আমেদপুরস্থিত চিনি কলটি রাজ্য সরকার কর্তৃক ১৯৬৫ সালের ১৬ই ফেব্রুয়ারী দখল লওয়া হইয়াছে।

উক্ত চিনি কলটিকে পুনরায় চালু করার প্রশ্ন বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে।

Refugee dole

***127.** (Admitted question No. *759.)

শ্রীগোপাল ব্যানার্জি : উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ক্যাম্প ও হোমের উদ্বাস্তুরা বর্তমানে কি হারে ডোল পাইয়া থাকেন;

(খ) ডোলের এই হার কোন্ সালে নির্ধারিত হইয়াছিল; এবং

(গ) ডোলের এই হার বৃদ্ধি করিবার কথা সরকার বিবেচনা করিতেছেন কিনা?

The Minister for Refugee, Relief and Rehabilitation:

(ক) বর্তমানে কোন ক্যাম্প নাই। হোমের উদ্বাস্তুরা বর্তমানে সাপ্তাহিক প্রাপ্ত বয়স্ক—১৫·৫০ নয়া পয়সা আর অপ্রাপ্ত বয়স্ক—৮ টাকা করিয়া ডোল পান।

(খ) ১৯৬৪ সালের এপ্রিল মাস হইতে।

(গ) সরকার বর্তমানের আর্থিক অবস্থা ভারত সরকারের সহিত আলোচনা করিয়া উপরোক্ত হার নির্ধারিত করিয়াছেন।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the Table)

Motra plant cultivation

141. (Admitted question No. 3.)

শ্রীকাশীকান্ত মৈত্র : কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কৃষ্ণনগরের শীতলপাটি নির্মাতাদের পক্ষ থেকে নদীয়া জেলায় মোতরা চাষের জন্য জেলাশাসকের মাধ্যমে রাজ্যসরকার কোন দরখাস্ত বা আবেদনপত্র পাইয়াছেন কিনা;

(খ) পাইয়া থাকিলে কি কি বিষয়ে সুপারিশ করিয়াছেন; এবং

(গ) এ বিষয়ে কি ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) হ্যাঁ, ঐ ধরনের একটি প্রস্তাব পাওয়া গিয়াছে।

(খ) নদীয়ার জেলাশাসক মহাশয় মেতরা আমদানির ব্যবস্থা ঐ জেলায় অবস্থিত কোন একটি ফার্মে মোতরার চাষ করিবার প্রকল্প গ্রহণ করিবার জন্য সুপারিশ করিয়াছিলেন।

(গ) মোতরা চাষের আর্থিক দিকটা সম্বন্ধে মোটামুটি একটা হিসাব লইবার জন্য ১৯৬১-৬২ সাল হইতে সরকার ইতিমধ্যে চুঁচুড়ার সরকারী কৃষি ফার্মে পরীক্ষামূলকভাবে কিছু কিছু মোতরার চাষ শুরু করিয়াছেন; উহার ফলাফল ৫-৬ বৎসরের পূর্বে সঠিকভাবে জানা যাইবে না।

Quantity of rice produced in mills

142. (Admitted question No. 8.) **Shri Kashi Kanta Maitra:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলায় বিভিন্ন চাউলের কলের ১৯৬৩-৬৪ ও ১৯৬৪-৬৫ সনের উৎপন্ন চাউলের জিলাওয়াড়ী হিসাব; এবং

(খ) লেভী-প্রথা মাধ্যমে সরকার গত জুলাই মাস হইতে এ পর্যন্ত কোন্ কোন্ জেলা থেকে কি পরিমাণ চাউল খরিদ করিয়াছেন তাহার শ্রেণীগত তথ্য—

(১) মিডিয়াম, (২) ফাইন, এবং (৩) অতিমিহি ?

The Minister for Food and Supplies:

(ক) এই সংক্রান্ত উৎপন্ন চাউলের ১৯৬৩ ও ১৯৬৪ সালের জিলাওয়াড়ী হিসাব সংলগ্ন বিবরণীতে দেখান হইল।

(খ) একটি বিবরণী উপস্থাপিত করা হইল।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 142

Name of the district.	No. of rice mills (as on 31-3-64).	Quantity of rice produced (in M.T.). In 1963.	In 1964.
(1)	(2)	3(a)	3(b)
1. Burdwan	125	1,47,251	1,48,294
2. Birbhum	72	1,50,835	1,36,172
3. Bankura	119	46,590	61,783
4. Purulia	23	1,753	3,461
5. Midnapore	98	1,27,001	1,39,250
6. Hooghly	62	41,209	34,691
7. Howrah	23	13,998	13,291
8. 24-Parganas and Calcutta	110	86,876	77,789
9. Nadia	3	965	598
10. Murshidabad	4	4,449	4,913
11. Malda	4	789	269
12. West Dinajpore	31	35,031	49,824
13. Darjeeling	7	7,194	5,43
14. Cooch Behar	6	8,533	6,356
15. Jalpaiguri	19	38,968	24,636
Total ..	706	7,11,442	7.01,757

মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি বলতে চাই যে মুখ্যমন্ত্রী যে দায়িত্বের প্রশ্ন তুলেছেন—আমি সেই দায়িত্বের কথা বলছি না—কিন্তু যেহেতু আমাদের প্রদেশের বিশেষ বিশেষ রাজনৈতিক নেতাদের বিরুদ্ধে একটা বিবৃতি বেরিয়েছে এবং আমাদের কাছে এসেছে এবং তাতে এই বিধানসভার দুইজন সদস্যের নাম আছে, সেইজন্য আমি মনে করি যে এই বিবৃতিটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই খুবই উচিত হবে এই বিবৃতিটা আমাদের এখানে আলোচনা করবার একটু সুযোগ পাই।

Shri Hemanta Kumar Basu:

এই যে পুস্তকটা এখানে বিলি করা হয়েছে তার মধ্যে অত্যধিক গুরুতর অভিযোগ করা হয়েছে —বাস্তবিকই আমাদের দেশের নিরাপত্তা যেভাবে ক্ষুন্ন হতে চলেছে এবং দেশ যেভাবে বিপদের সামনে গিয়ে উপস্থিত হচ্ছে এবং আমাদের বর্ডারে, সেদিন যে বক্তৃতা হয়েছে তাতে নানারকম শত্রু এখানে এসে হাজির হয়েছে তাতে এই জিনিসটা আলোচনা হওয়া উচিত। আমরা এর আগে চাইনীজ এ্যাগ্রেসন নিয়ে এই হাউসে আলোচনা করেছি যদিও সেটা সেন্ট্রাল সাবজেক্ট। সেদিক থেকে আমি মনে করি যে এই সমস্ত অভিযোগ সম্বন্ধে আমাদের পরিষ্কার হয়ে যাওয়া ভাল যে কাদের দিয়ে দেশের ক্ষতি হচ্ছে এবং দেশ বিপদের সম্মুখীন হচ্ছে। কাজেই সেই অভিযোগগুলি ভালভাব আলোচনা করে আমাদের যাতে একটা পরিষ্কার ধারণা হয়—সেইজন্য বলি যে এই বিষয়টি আলোচনা হওয়া বিশেষ দরকার।

[2-20—2-30 p.m.]

Shri Anadi Das:

মিঃ স্পীকার, স্যার, এই সম্পর্কে যে রিপোর্ট করা হয়েছে—যদিও এটা সেন্ট্রাল গভর্নমেন্টের রিপোর্ট তবুও ইট ইজ এ সাবজেক্ট যেটা সম্বন্ধে প্রত্যেকটি ইনডিভিজুয়াল প্রত্যেকটি সিটিজেন অব দি কান্ট্রি ওয়াকিবহাল থাকা উচিত যেহেতু এটা তাদের সকলের কনসার্ন। এই যখন অবস্থা তখন বাংলাদেশের বিধানসভায় বাংলাদেশের লোকেরা কে কি বলছে না বলছে বা সরকার কি বলছেন বাংলাদেশের প্রতিটি মানুষ সে সম্পর্কে কি দৃষ্টিভংগী নেবে এগুলি আলোচিত হওয়া উচিত। বিধানসভায় যদি আলোচিত হয় তাহলে বাংলা দেশের প্রতিটি মানুষ খবরের কাগজের মারফৎ এবং অন্যান্যভাবে সেই খবর জানতে পারবে। এটা যে করা হয়েছে এটা অস্বাভাবিক নয় —বিভিন্ন দেশে নিপীড়িত জনসাধারণের সম্পর্কে যখন কেউ কিছু বলতে যায় তখন তাকে অন্য দেশের চর বলে উল্লেখ করা হয়। এটা এখানে করা হয়েছে কিনা আমি জানি না। তাঁরা কি সাক্ষ্য প্রমাণ পেয়েছেন আমি জানি না। আমরা জানি রুশ বিপ্লবের সময় লেনিনকে জার্মানীর চর বলে আখ্যাত করা হয়েছিল যখন তিনি রুশ দেশে আসেন। আবার সত্য সত্যই অনেকে হয়ত চরবৃত্তি করেছেন। কাজেই এই ব্যাপারটা কি এটা পরিষ্কার হয়ে যাওয়া দরকার। শুধু এ্যাসেম্বলীর ইনডিভিজুয়াল মেম্বার বলে নয়, তাঁরা হাজার হাজার লক্ষ লক্ষ লোকের প্রতিনিধি, তাঁদের কার্যকলাপ বহু মানুষ লক্ষ্য করছে। সেজন্য এখানে এই বিষয়ে স্বচ্ছভাবে আলোচনা হওয়া উচিত যে যে অভিযোগ আনা হয়েছে সেই অভিযোগ মিথ্যা অথবা সত্য। আমরা জানতে পারব বিরোধী দলকে নিশ্চিহ্ন করবার উদ্দেশ্যে মিথ্যা দোষারোপ করা হয়েছে কিনা। সুতরাং একটা নির্দিষ্ট দিন মাননীয় স্পীকার মহাশয় আপনাকে দিতে অনুরোধ করছি।

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমিও মনে করি যে বইটা বিতরণ করা হচ্ছে এর সংগে বাংলাদেশের স্বার্থ এবং নিরাপত্তা জড়িত রয়েছে। কাজেই মাননীয় মুখ্যমন্ত্রী যেটা বললেন যে তাঁর কোন দায়িত্ব নেই সেটা আমি মনে করি ঠিক নয়। কারণ, বাংলাদেশের অনেক এম, এল-এ-র নাম এর সংগে জড়িত আছে, বাংলাদেশের মর্যাদা জড়িত রয়েছে। কাজেই এটার আলোচনা হওয়া দরকার এবং সত্য মিথ্যা আমাদের জানা দরকার। কারণ, ভবিষ্যতে আমাদের সতর্ক হতে হবে। মাননীয় মুখ্যমন্ত্রী যেটা অস্বীকার করছেন যে তাঁর কোন দায়িত্ব নেই সেটা ঠিক নয়। সেজন্য মাননীয় অধ্যক্ষ মহাশয়কে আমি অনুরোধ করব তিনি এই রকম একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা করার জন্য একটা সময় নির্দিষ্ট করে দেবেন যাতে করে সকলে এই বিষয়ে ওয়াকিবহাল হতে পারেন। শুধু এ্যাসেম্বলীর মেম্বারদের নয় সমস্ত বাংলাদেশের লোককে ওয়াকিবহাল করার সুযোগ দেবেন একটা নির্দিষ্ট সময় দিয়ে।

Shri Nepal Chandra Roy:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার তরফ থেকে বলছি যে ভারতবর্ষে চীনাদের কীর্তিকলাপ যা আছে সেগুলি ভাল করে ৩ দিন ধরে আলোচিত হওয়া দরকার, এদের মুখোসটা ভাল করে

খুলে দেওয়া দরকার। বাংলাদেশের মানুষ জানুক এরা চীনের দালালি করে ভারতবর্ষের স্বাধীনতা বিঘ্নিত করেছে কিনা।

Shri Bijoy Kumar Banerjee:

মিস্টার স্পীকার, স্যার, এই যে বই এখানে দেওয়া হয়েছে এটা আমাদের দেশের বা এই সভার যিনি প্রধান তিনি বলছেন আমি কিছু জানি না, এটা সেন্ট্রাল চায়। স্যার, আমাদের এখানে যদি কাউকে মেরে ফেলে তো কেউ জানতে পারবে না। এই বই দিচ্ছে কে? কে বলেছে বই দিতে? ৪০ পাতায় যা লেখা আছে ব্যাপারটা কি? সত্য মিথ্যা যা আছে আছে, এটা আলোচনা করতে দিতে এত ভয় কিসের? যদি সত্যই চর থাকে তাহলে শাস্তি হোক, ফাঁসি হোক, যা হয় হোক; কিন্তু আলোচনা হবে না? বইটা বিলোবেন লোককে ভুল বোঝাবার জন্য? যদি সত্যই ওরা কেউ অন্যায় করে থাকেন, যদি দেশদ্রোহী বলে প্রমাণিত হয় তাহলে তাদের যা খুসী করা হোক। দেশপ্রেমিক তো একটা গোষ্ঠীর লোক নয়, দেশপ্রেমিক তো সকলেই। স্যার, গণতন্ত্রের কোন জায়গায় নেই যে আপনি যখন এই বইটা বিলি করেছেন তখন আপনি এর আলোচনা বন্ধ করতে পারেন। এ আলোচনা আপনাকে করতে দিতে হবে। সুতরাং আমি মনে করি এর আলোচনা হোক, যেটা জানবার সেটা উদ্ঘাটিত হোক এবং আমরাও জিনিসটা বুঝতে পারি।

Shri Girish Mahato:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে বইটা বিলি করা হয়েছে এটা শুধু কেন্দ্রের দায়িত্ব নয়, এতে আমাদের পশ্চিমবঙ্গ সরকারেরও দায়িত্ব রয়েছে। কিন্তু আমাদের তরফ থেকে আমি এই কথা বলছি যে যদি সত্যিই আমাদের পশ্চিমবঙ্গে কেউ দেশদ্রোহী থাকে, তাহলে তার বিচার করা হোক, তার শাস্তি দেওয়া হোক। কেননা এটা শুধু ভারতের দায়িত্ব নয়, বাংলার জনগণেরও দায়িত্ব রয়েছে এটার আলোচনা হওয়া দরকার। তার জন্য আজকে একটা দিন ঠিক করে দেওয়া দরকার।

Mr. Speaker:

যদি গভর্নমেন্ট পার্টি বলেন আমি দিতে পারি। আপনারা যা মেনশন করেছেন, ও'রা যদি বলেন তাহলে আমি নিশ্চয়ই
with the consent of the House I can fix a day.

Shri Prafulla Chandra Sen:

এই পুস্তিকাটি কেন্দ্রীয় সরকার প্রচার করেছেন এবং কেন্দ্রীয় সরকার এখানে আমাদের ওটা বিলি করতে বলেছেন বলে বিলি করা হয়েছে। আমার যতদূর মনে হয় লোকসভায় এই নিয়ে আলোচনা হবে। কাজে কাজেই আমাদের এখানে ওটা নিয়ে আলোচনা হওয়ার কোন প্রয়োজনীয়তা আছে বলে আমি মনে করি না এবং এ ব্যাপারে আমাদের সম্মতি নাই।

Shri Jyoti Basu:

মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনাকে এটা বলতে চাই—মুখ্যমন্ত্রী কি বলেছেন তাতে আমাদের বিন্দুমাত্র আসে যায় না। তাঁর কি অবজেকশান করার আছে সেটা তিনি মাঠে-ময়দানে করতে পারেন, এখানেও করতে পারেন। কিন্তু আপনার কাছে আবেদন করেছি, তার আপনি জবাব দেন নাই। আপনি যা বলেছেন তার অর্থ এই—সরকার যদি দিন ধার্য করেন।

Mr. Speaker:

আমি জবাব দিয়েছি। আমি বলেছি এই কথা যে আপনারা যদি চান—
You ask for a statement or a discussion.

Shri Jyoti Basu: Discussion—no statement—we have had enough of statement.

Mr. Speaker:

হিয়ার এন্ড নাও এই সম্পর্কে কমেন্ট দিতে গেলে আমাকে দেখতে হবে সরকার পক্ষ এগ্রি করে কিনা, রুলস কি আছে, মোশান দিতে হবে কিনা।

Shri Jyoti Basu:

স্পীকার মহাশয়, এরকম কথা তো আমরা কোন দিন শুনিনি। লোকসভায় যখন এই প্রশ্ন তুলেছিলেন প্রফেসর হীরেন মুখার্জী, তখন তো স্পীকার একথা বলেন নি যে সরকার যদি অনুমতি দেন তাহলে আমি দিন ধার্য করবো।

Mr. Speaker:

সরকার নয়, আপনি ভুল করছেন, আপনারা এখানে পয়েন্ট তুলেছেন—ইউ ওয়ান্ট এ ডিসকাসন।

Shri Jyoti Basu:

হ্যাঁ, তবে সেটা আপনার ইন্ডিপেন্ডেন্ট জাজমেন্ট ঠিক করবে।

Mr. Speaker:

শুনুন, আপনি ডিসকাসন চান বললে তো হবে না! আপনারা মোশান দিন, আমাদের রেগুলার রুলস-এ যা আছে, তাই করে দেব।

Shri Jyoti Basu:

স্পীকার মহাশয়, আপনি জানেন এই হাউসে মোশান দেবার আগে কি দেওয়া হবে কি না হবে, তা কি স্বার্থে আসবে—সেটা আলাদা কথা, কিন্তু আমরা খাদ্যের ব্যাপারে ও নানাবিষয়ের উপরে এখানে আলোচনা করেছি। তারজন্য আপনার কাছে আমরা দিন চেয়েছি, আপনি যে রকম করে পারেন সেই দিন ফিক্স করেছেন। এটা বরাবর হয়েছে।

Mr. Speaker:

বেশ, আপনি যেটা বললেন—একটা প্রিসিডেন্ট তারা দেখিয়ে দেবেন যে আপনারা চেয়েছেন আমি দিয়েছি।

Shri Jyoti Basu:

আমরা সবসময় দেখেছি, তাই হয়েছে।

Mr. Speaker: I am here for three years.

Shri Jyoti Basu:

শুনুন—এখন আমাদের কথা ও'দের কাছে নয়, আপনার কাছে আমাদের কথা। আপনি যে বিষয়টা বিচার করে সিদ্ধান্তটা দিবেন, সেটা হচ্ছে এই—একটা বই যা এখানে বিলি করা হয়েছে, তার মধ্যে আমাদের বিভিন্ন লোকের নাম আছে—যারা নাকি গুরুতর গুপ্তচর বৃত্তি করেছে, এজেন্সি করেছে—ইত্যাদি অনেক কথা তাতে আছে, পশ্চিমবঙ্গ সম্বন্ধে অনেক কথাবার্তা আছে এবং অনেক ব্যক্তি যাঁরা এখানে আছেন, তাঁদের নামও আছে; আর যাঁরা বাইরে আছেন আমাদের পার্টির—তাঁদেরও নাম হয়েছে। এখন এই অবস্থায় যদি আলোচনা না হয়—তাহলে এই বিষয়-বস্তুগুলি আমাদের কাছে কি করে আবিষ্কার হবে? কোর্টে ও'রা যাবেন না, আবার এ নিয়ে আলোচনাও করতে দেবেন না। আপনিও যদি সেই একমত হন—বিনাবিচারে ঐ মানুষগুলো আটক হয়ে থাকবে, তাহলে কি স্বরাষ্ট্রমন্ত্রী যা বলেছেন, তাই ঠিক বলে আমাদের ধরে নিতে হবে? এটা কি মগের মুল্লুক হয়ে গেল বলতে চান?

Mr. Speaker:

আমি বলছি—আপনারা যা বলেছেন। এখানে রুল বুক আছে, সেটা দেখুন।

Shri Jyoti Basu:

আমি আপনাকে এই কথা বলছি—আপনার এই ক্ষমতা আছে আপনি যদি সেটা ন্যায্য মনে করেন, সরকার মানুন আর না মানুন, আপনি দিন ধার্য করতে পারেন সরকারকে রুল আউট করেও, আপনার কি এ ক্ষমতা নাই?

Mr. Speaker:

আমি জানি না। আমি রুল আউট করতে পারি—সেটা আপনি রুলে দেখিয়ে দিন।

Shri Jyoti Basu:

আমি রুল কি দেখাবো? আপনার ইনহেরেন্ট রাইট আছে। তাহলে স্পীকার কি জন্য। আপনি ও'দের কথায় চলবেন নাকি?

Mr. Speaker:

আমি ও'দের কথায় চলিনা, রুল মেনে চলি, ইনহেরেন্ট রাইট কি আছে—জানি না।

Shri Jyoti Basu:

তাহলে একটা দিন ধার্য করবার ক্ষমতা আপনার নাই—এ এ্যাডভাইস আপনাকে কে দিয়েছে?

[2-30—2-40 p.m.]

Mr. Speaker:

আমাকে কেউ এ্যাডভাইস দেয়নি, আমি আমার কথা বলেছি।

Shri Jyoti Basu:

আপনার কি কোন অধিকার নেই?

Mr. Speaker:

যতক্ষণ এই রুল বুক আছে ততক্ষণ এ'রা অধিকার নেই বললেও আমি শুনব না এবং অধিকার আছে একথা আপনি বললেও আমি শুনব না। আই হ্যাভ টু গো বাই দি রুলস। আপনি মোসন দিন।

Shri Jyoti Basu:

আপনি জানেন প্রসিডিওর-এ..............................

Shri Ananda Gopal Mukhopadhya:

স্যার, হাউসে যখন নর্মাল বিজনেস চলছে তখন আপনার কাছে জিজ্ঞাসা করতে চাই যে, আপনি রুলিং দেবার পর অপজিসন লিডার-এর কোন রাইট আছে কিনা এইভাবে হাউসের টাইম নেবার?

Shri Jyoti Basu:

স্পীকার মহাশয়, এটা আপনার ইনহেরেন্ট রাইট, এটা রুলস্ বুক-এ পাবেন না।

Mr. Speaker:

আই ক্যান্ট ইনিসিয়েট এ ডিসকাসন আণ্ডার দি রুলস।

Shri Jyoti Basu:

বারে বারে আপনি ভুল কথা বলছেন, আপনি দিন স্থির করতে পারেন। আপনি যদি দিন স্থির করেন তাহলে আমাদের যে বিজনেস কমিটি আছে তাতে আমরা এখনই ঠিক করে নিতে পারি —স্পেশাল মোসন করে নিয়ে আসছি।

Mr. Speaker:

আপনি স্পেশাল মোসন দিন, তারপর দিন ধার্যের কথা হবে।

Shri Jyoti Basu:

আপনি যদি দিন ধার্য করেন.এবং বলেন, হ্যাঁ এটা একটা আলোচনার বিষয় তাহলে আমরা এটা বিজনেস কমিটিতে পাশ করাতে পারি। আমরা এক সংগেই বসে বিজনেস ঠিক করেছি এবং আমি জানি মার্চ মাসের শেষ অবধি কিছু বিজনেস আছে। এখন আমরা যে নূতন বিজনেস ঢোকাতে চাচ্ছি তাতে আপনি যদি বলেন তাহলে সেটা বুঝে মোসন ঠিক করে দিতে পারি। এখন অবশ্য কোনদিন নেই, কিন্তু আপনার যে অধিকার আছে তাতে আমরা মোসন আনতে পারি, কাজেই আপনি একটা দিন ঠিক করুন। বিজনেস কমিটিতে আলোচনা করে দিন ধার্য হয়েছে

বলেই এখন দিনের কথা হচ্ছে। কাজেই আপনি যদি এখন বলেন যে আলোচনা হতে আপত্তি নেই তাহলে আমরা এখনই একটা মোসন দিয়ে দিচ্ছি।

Mr. Speaker:

আপনি মোশান দিলে আমি ব্যাপারটা দেখব।

Shri Jyoti Basu:

আমাদের ডিফিকাল্টি হচ্ছে এখনই আমাদের কাছে বই বিতরণ করা হয়েছে। যেহেতু আর দিন নেই সেহেতু আজকে বা ২/৪ দিন পর আমাদের একটা দিন বার করতে হবে।

[নয়েজ এণ্ড ইন্টারাপসনস্]

Mr. Speaker:

আপনি মোসন দিন, তারপর আমি দেখছি।

[নয়েজ এণ্ড ইন্টারাপসনস্]

Shri Jyoti Basu:

আপনি যদি অনুমোদন না করেন তাহলে মোসন দিয়ে কি হবে? দিন বার করতে হলে সাবজেক্ট-টা বিজনেস কমিটিতে তুলতে হবে।

Mr. Speaker:

মিঃ বোস, আপনি মোসন দিন—আমি স্টেপ নিচ্ছি।

Shri Nani Bhattacharjee:

স্যার, এ্যাসেম্বলী রুলস্-এর ৩৬৪ ধারায় বলছে যে সমস্ত বিষয়ে.........

Mr. Speaker:

আপনি যা বলতে চাচ্ছেন মিঃ বোস অলরেডি তা বলেছেন।

Shri Nani Bhattacharjee:

আপনার ইচ্ছার উপর আপনি দিন ধার্য করতে পারেন সে পাওয়ার আপনাকে দেওয়া আছে—এ'দের অনুমতির উপর সেটা নির্ভর করে না।

Mr. Speaker:

এটা হয়ে গেছে।

Shri Kamal Kanti Guha:

মাননীয় স্পীকার মহাশয়, অন্য বিজনেস-এ যাবার আগে আমি আপনার কাছে একটা কথা বলতে চাই, দয়া করে আমার কথাটা শুনুন।

Mr. Speaker:

আপনি এখন বসুন।

Special Report of the Joint Committee on the Calcutta University Bill, 1964

Shri Rabindralal Sinha: Sir, I beg to present before the Assembly the Special Report of the Joint Committee on the Calcutta University Bill, 1964.

Motion for extension of time for presentation of Report of Joint Committee on the Calcutta University Bill, 1964

The Chairman (Shri Rabindralal Sinha): Sir, I beg to move that the time for presentation of the Report of the Joint Committee of the Houses

on the Calcutta University Bill, 1964, be extended till the end of the second week of the next Session.

The motion was then put and agreed to.

Motion for extension of time for presentation of Report of Joint Committee on the Bengal Co-operative Societies (Amendment) Bill, 1964

The Chairman (Shri Tenzing Wangdi): Sir, I beg to move that the time for presentation of the Report of the Joint Committee of the Houses on the Bengal Co-operative Societies (Amendment) Bill, 1964, be extended till the end of the second week of the next Session.

The motion was then put and agreed to.

The Calcutta Metropolitan Planning Area (Use and Development of Land) Control Bill, 1964

Shri Saila Kumar Mukherjee: Sir, I beg to introduce the Calcutta Metropolitan Planning Area (Use and Development of Land) Control Bill, 1964.

(Secretary then read the title of the Bill)

Shri Saila Kumar Mukherjee: Sir, I beg to move that the Calcutta Metropolitan Planning Area (Use and Development of Land) Control Bill, 1964, be taken into consideration.

"মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বাংলায় এই বিলের অনুবাদ যেটা করা হয়েছে তাতে সকলেই দেখতে পাবেন যে এটা অত্যন্ত সংক্ষিপ্ত বিল এবং এটা একটা ইনটারিম মেজার। এর উদ্দেশ্য সম্বন্ধে বিধেয়ক যে সমস্ত কথা বলা হয়েছে তাতে বলা হচ্ছে যতদিন না একটা টাউন এ্যান্ড কান্ট্রি প্ল্যানিং বিল সমস্ত পশ্চিমবাংলার মধ্যে"............

Point of order

Shri Jyoti Basu:

স্যার, এই মুহূর্তে এই ব্যাপারটা নিয়ে আমাকে পয়েন্ট অব অর্ডার তুলতে হোল বলে আমি দুঃখিত। আমি এতক্ষণ ধরে খুজে বেড়াচ্ছিলাম এবং দেখলাম স্টেটমেন্ট অব অবজেক্টস্ এ্যান্ড রিজনস্-এ লেখা আছে এস, কে, গুপ্ত, আই. সি, এস (রিটায়ার্ড), তাঁকে দিয়ে একটা কমিশন করা হয়েছিল এবং এখানে দেখছি দি সেড কমিশন সাবমিটেড ইটস্ রিপোর্ট হুইচ ইজ বিয়িং এক্সামিনড ইন ডিটেলস্ বাই দি স্টেট গভর্নমেন্ট। কিন্তু সেই রিপোর্ট তো আমাদের কাছে এল না।

সেই রিপোর্ট বিতরণ করা হল না। কিসের ভিত্তিতে ও'রা ক্ষমতা চান। ও'রা বলছেন আইনের বিষয়বস্তু ও লক্ষ্য সীমাবন্ধ। তাহলেও তো রিপোর্ট নেই। কিসের ভিত্তিতে উনি বিল আনলেন এবং কিসের জন্য বলছেন সীমাবন্ধ ক্ষমতা সরকারকে দেওয়ার জন্য। সেজন্য আমার পয়েন্ট অফ অর্ডার হচ্ছে উনি এখানে এটা এইভাবে মুভ করতে পারেন না—আগে তিনি ওটা আমাদের কাছে দিন। আপনি জানেন কোন কমিশনের রিপোর্ট আমরা পাইনি। প্রাইস কমিশন ড্রাগ কন্ট্রোল বলুন আর যাই বলুন ও'রা পরে দেবেন বলেন আর দেন না। যেজন্য সেই রিপোর্ট না পাওয়া অবধি এই বিল হতে পারে না।

[2-40—2-50 p.m.]

Shri Saila Kumar Mukherjee:

স্যার, জ্যোতিবাবু যে কথা বলছেন সেটা নিশ্চয় হওয়া উচিৎ বলে বিবেচনা করি। কিন্তু আমার যতদূর স্মরণ আছে প্রায় দু বছর আগে যখন আমি স্বায়ত্তশাসন বিভাগের মন্ত্রী তখন এটা

প্রকাশিত হয়েছিল। গুপ্ত কমিটির রিপোর্ট এটা প্রকাশিত করে সমস্ত দেশে বিতরণ করা হয়েছে। আমি সঠিক বলতে পারছি না, ২ বছর আগেকার কথা। আপনার অফিস বলতে পারে যে গুপ্ত কমিটির রিপোর্ট এই হাউসে ডিস্ট্রিবিউটেড হয়েছিল কিনা? কিন্তু এটা প্রকাশিত হয়েছে ২ বছর আগে এবং সব জায়গায় পাওয়া যায়। সেজন্য জ্যোতিবাবুকে যে কথা বলেছেন যে সেই রিপোর্ট-এর ভিত্তিতেই হচ্ছে এই বিল—তা নয়। সেই কমিশনের রিপোর্ট এখন পর্যন্ত সংসদ এর সরকার বিবেচনা করতে পারেননি বলে ও অত্যন্ত গুরুতর অবস্থা উপস্থিত বলে টেম্পোরারি ইণ্টারিম মেজার হিসাবে এই বিল। যতদিন পর্যন্ত না সেই রিপোর্ট অনুসারে একটা সম্প্রসারণ বিল সারা পশ্চিমবাংলায় ব্যাপকভাবে প্রযুক্ত হয় ততদিন পর্যন্ত একটা টেম্পোরারি ইন্টারিম মেজার হিসাবে এই বিল। সুতরাং তার সঙ্গে এর কোন সম্পর্ক নেই। সেজন্য এর কন্সিডারেশন মোসন এত ছোট। এই স্টেটমেন্ট অফ অবজেক্টস এ্যান্ড রিজিন্‌স-এ খুব ছোট এবং ওই বিলটা সারা পশ্চিমবাংলা বাদ দিয়ে গ্রেটার ক্যালকাটা-র মধ্যে এই ক্ষমতা নেবার জন্য, টেম্পোরারি ক্ষমতা নেবার জন্য এই আইন হচ্ছে। একথা সমালোচনা হয় যে সি, এম, পি, ও, এতদিন কি করেছেন? তাঁরা এরিয়ার একটা ইন্টারিম প্ল্যান তৈরী করেছেন। আপনারা সকলেই জানেন যে পশ্চিমবাংলার হলদিয়া এলাকায় একটা গুরুত্বপূর্ণ শহর নির্মাণ-কার্য আরম্ভ হচ্ছে। এই প্ল্যান যেটা তৈরী করছেন সেটা পাবলিসিটি করার কোন অথরিটি নেই। কিন্তু সকলের জানা দরকার কি মেট্রপলিটন, কি ইণ্টারিম প্ল্যান, কি হলদিয়া প্ল্যান? সুতরাং এই বিলে আপনারা দেখবেন ২টা এরিয়ার জন্য কোন কাজ করার ক্ষমতা নয়। যথেচ্ছাচার ভাবে জমিগুলি বিভাগ, বন্টন, ব্যবহার এটা নিয়ন্ত্রণ হওয়া দরকার। আজ আমাদের দেশে হলদিয়া হতে চলেছে, কিন্তু মাঝখান দিয়ে চাষের জমি ভেঙ্গে দিয়ে ব্রিক ফিল্ড করলে সেটা আমরা এর দ্বারা নিয়ন্ত্রণ করছি। কল্পনা যেখানে করছি মধ্যবিত্তদের বসতবাটী করব সেখানে একজন ধনী কারখানা আরম্ভ করল সেখানে সেটা নিয়ন্ত্রণ করা দরকার। এটা না হলে সুষ্ঠুভাবে আমরা নগর উন্নয়ন পরিকল্পনা করতে পারব না। সেজন্য এই ছোট ২৯টি ধারায় কিছু নেই, শুধু এই ধারাতে একটা কন্ট্রোলার এ্যাপয়েন্ট করে তখন অপর পাবলিকেসান করতে হবে এই বিল পাশ হবার পর। ক্যালকাটা মেট্রোপলিটান এরিয়া কোন জেলায়, কোন জায়গায় কোন মিউনিসিপ্যালিটির আণ্ডার-এ কিম্বা হলদিয়া বন্দর এবং যতদিন না টাউন এ্যান্ড কান্ট্রি প্ল্যানিং বিল-এর উপর হলদিয়ার সমস্ত কিছু আইন বিধানসভার সম্মতি গ্রহণ না করা হয় ততদিন আমরা পশ্চিমবাংলায় ব্যাপকভাবে নয় ২টা জায়গায় নিয়ন্ত্রণের কাজের জন্য প্ল্যানিং অরগানিজেশান সেট আপ করেছি। অর্থাৎ একটা হচ্ছে আসানসোল, রানীগঞ্জ, দুর্গাপুর এরিয়া বহির্ভূত এলাকা, আর একটা শিলিগুড়ি এলাকা দরকার হলে মেট্রোপলিটান করে এই এলাকার এই ক্ষমতা নেওয়া হবে যাতে সেখানকার প্ল্যান-টা জনসাধারণের গোচরীভূত করা হয়। আইনের অথরিটির একটা শক্তি নিয়ে এই বিল। কানাই ভট্টাচার্য মহাশয় কনষ্ট্রাকটিভ ২।১টা এ্যামেন্ডমেন্ট দিয়েছেন এবং অন্যান্য সদস্যরা বুঝে সংশোধনী কিছু আনেননি। সেজন্য আমি অনুরোধ করব এই বিলটা গ্রহণ করা হোক।

Dr. Kanai Lal Bhattacharyya:

মাননীয় স্পীকার মহাশয় এই বিলটা ইনট্রোডিউস করতে গিয়ে মাননীয় মন্ত্রী মহাশয় যে কথা বললেন সেটা ঠিক বলে মনে করছি না। তিনি যে ভাবে আমাদের কাছে বলবার চেষ্টা করছিলেন যে এটা একটা টেম্পোরারী মেজার।

Shri Nani Bhattacharjee:

যে পয়েন্ট অফ অর্ডার জ্যোতিবাবু তুলেছিলেন তার উপর আপনার কোন রুলিং শুনলাম না।

Mr. Speaker:

জ্যোতিবাবু বোধ হয় সেটার জবাব চান না।

That has been replied to and I think properly. The report is still being considered and read and discussed. In the meantime, if he feels the necessity of bringing an independent Bill, he can do it.

Shri Saila Kumar Mukherjee: That is exactly what I have stated.

Shri Aswini Roy:

আমার প্রশ্ন হচ্ছে সেই রিপোর্ট-এ কি ছিল সেটা জানা দরকার।

Mr. Speaker:

সেটা জানবেন যখন যে রিপোর্টের উপর বেস করে বিল আনবে, তখন সারটেনলি আই উইল ইনসিস্ট অন ইট।

Dr. Kanai Lal Bhattacharyya:

মন্ত্রী মহাশয় বললেন এটা একটা টেম্পোরারি মেজার আমি অন্তত তা মনে করি না যে এটা একটা টেম্পোরারি মেজার তার কারণ বিলের কোন জায়গায় সে কথা উল্লেখ করা নেই এবং মন্ত্রী মহাশয় আরও বললেন যে রিপোর্টের ভিত্তিতে বিল রচনা করা হয় নি। সেরিপোর্ট এখন তাদের বিচার্য সেটা ঠিক নয়। রিপোর্টের সমস্ত ডিটেলস বিচার্য আছে। কিন্তু সে রিপোর্ট আনবে বলা হচ্ছে। যে কলকাতা এবং পশ্চিমবঙ্গ আশে-পাশের জমি যা ব্যবহার হচ্ছে সে ব্যবহারটা কিছুটা হ্যাপাজার্ড হচ্ছে সেটাকে কন্ট্রোল করবার প্রয়োজন আছে। কিন্তু সে রিপোর্ট-এ সে সম্পর্কে বিস্তারিত সুপারিশ করা হয়েছে। সি, এম, পি, ও, করার পর সে সুপারিশের ভিত্তিতে কি ভাবে কাজ করা যায় পশ্চিমবঙ্গ সরকার তা বিস্তারিতভাবে বিবেচনা করছেন। গত ২ বৎসর ধরে বিবেচনা করছেন। এবং আমি মনে করি যে এটা এমনই একটা ব্যাপার যেটা ভাল ভাবে বিবেচনা করা উচিত ও তারজন্য সময় নেওয়া উচিত। কিন্তু তাড়াহুড়া করে একটা বিল আনলেন। আমাদের এনে বলছেন যে সমস্ত সি, এম, পি, ও এরিয়া কিম্বা পরে যদি পশ্চিমবঙ্গ সরকার মনে করেন তাহলে সমস্ত পশ্চিমবাংলায় জমির ব্যবহারের নিয়ন্ত্রণ সরকার করবেন।

Shri Saila Kumar Mukherjee:

সমস্ত পশ্চিমবাংলার কথা বলা নেই, বলা আছে পারটিকুলার এরিয়ার কথা।

Dr. Kanai Lal Bhattacharyya:

আপনি বলেছেন ইট এক্সটেন্ডস টু দি হোল অফ ওয়েস্ট বেঙ্গল যেটা সমস্ত পশ্চিমবাংলার মধ্যে আপনি এক্সটেন্ড করতে পারেন বাই গিভিং কন্ট্রোল নোটিফিকেসান ইন দি অফিসিয়াল গেজেট কিন্তু তার মানে হচ্ছে এটার কন্ট্রোল-এর ক্ষমতা আপনারা নিচ্ছেন। সেই ক্ষমতা পশ্চিমবাংলায় যে কোন জায়গায় আপনারা সেটা ব্যবহার করতে পারবেন। আমি মনে করি আজকে যে পরিস্থিতির উদ্ভব হয়েছে তার পরিপ্রেক্ষিতে এ ক্ষমতা নিলে আজকে আমাদের দেশে আর একটা সমস্যার উদ্ভব হবে। যদি মন্ত্রীমহাশয়কে বলি তিনি যে কথাগুলি বলেছেন যেগুলি আমরা শুনেছি। আমাদের বক্তব্যগুলি একটু অনুধাবন করবার চেষ্টা করুন। আমাদের দেশে অনেক সমস্যা আছে তার মধ্যে গৃহ সমস্যা হচ্ছে মস্ত বড় সমস্যা। হাউসিং প্রবলেম পশ্চিমবাংলা সরকারকে বিগত কয়েকটা পঞ্চবার্ষিক পরিকল্পনায় এই হাউসিং প্রবলেম ষ্ট্রাগল করবার জন্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যে অর্থ সাহায্য করা হয়েছে।

[2-50—3 p.m.]

আমরা জানি সে অর্থের সদব্যবহার পশ্চিমবঙ্গ সরকার করতে পারেননি। একথা অনস্বীকার্য যে বৃহত্তর কলকাতার সমস্যা দিনের পর দিন বিকট আকার ধারণ করছে। আমি মনে করি না পশ্চিমবঙ্গ সরকার এই সমস্যা সমাধান করতে পারবেন, আমরা মনে করি এই সমস্যার সমাধান করতে গেলে পশ্চিমবঙ্গের সাধারণ মানুষের সহযোগিতাই প্রয়োজন। জনসাধারণের পক্ষ থেকে তাদের নিজেদের গৃহ বানাবার যে প্রচেষ্টা সেই প্রচেষ্টাকে সাহায্য করা উচিৎ কিন্তু সরকারই পরিকল্পনার ভেতর দিয়ে আমরা যা দেখতে পাচ্ছি যে একটা বাড়ী তৈরী করতে গেলে একজন নাগরিককে আজকে যেভাবে হ্যারাসড হতে হয় তারজন্য একমাত্র দায়ী হচ্ছেন পশ্চিমবঙ্গ সরকার। প্রথমতঃ আমরা ধরে নিলাম যে কোন একটা মিউনিসিপ্যাল শহরে একজন বাড়ী করতে চান। তাকে মিউনিসিপ্যালিটিতে প্ল্যান দিতে হবে, নিশ্চয়ই প্ল্যান দেওয়া উচিৎ, আনপ্ল্যান্ড নগর গড়ে উঠতে পারে না। মিউনিসিপ্যালিটির প্ল্যান পাশ হল, তারপর তাকে সিমেন্ট-এর জন্য

দরখাস্ত করতে হবে। সিমেন্ট এবং লোহা পাওয়া আজকের দিনে যে কি ব্যাপার সেটা সে ভুক্ত-ভোগী না হলে জানা যায় না। ব্ল্যাক মার্কেটে যে সিমেন্ট পাওয়া যায় সেও বিশ্বাসযোগ্য নয় কারণ তার মধ্যে গঙ্গামাটি মেশানো থাকে। কাজেই একজন নাগরিক অর্থ খরচ করতে পারেন কিন্তু সিমেন্ট যোগার করতে গেলে তাকে যেভাবে হিমসিম খেতে হবে সে কথা চিন্তা করেই ১০ বার এগোন আর ২০ বার পিছিয়ে আসেন। এর পরেও যদি আবার এই আইনটা পাশ হয়, অর্থাৎ এই আইনের দ্বারা যদি আবার একটা কন্ট্রোলার করা হয় এবং তার অফিসের কেরাণীকুল সৃষ্টি করা হয় যাদের কাছে নাকি,—ধরুন আমি হাওড়া শহরের একজন নাগরিক সেখানে একটা বাড়ী তৈরি করতে চাই তাহলে প্রথমে আমাকে তার অফিসে গিয়ে পারমিসান নিতে হবে যে আমি এই জমিটায় বাড়ী করতে পারি কিনা? এবং আজকে দুর্নীতি আমাদের সমাজে এমনভাবে অনুপ্রবেশ করেছে যে যার ফলে সেই পারমিশান নিতে গেলে তাঁর অফিসের অফিসার, কেরাণী-কুল ইত্যাদিকে সন্তুষ্ট করে তবেই পারমিশান বার করতে হবে। তারপর মিউনিসিপ্যালিটিতে প্ল্যান দিতে হবে। মিউনিসিপ্যালিটিতে প্ল্যান স্যাংশনড হলে সিমেন্ট-এর দরখাস্ত করতে হবে। সিমেন্ট পাওয়া গেলে তবেই যদি একটা বাড়ী করা সম্ভব হয়। আমি সেইজন্য বলছি যে যখন এতগুলি বাঁধা বাড়ী তৈরির ক্ষেত্রে রয়েছে সেখানে আর একটা বাঁধার সৃষ্টি আপনারা করবেন না। আর এই ভাবে যদি আপনারা ক্ষমতা নেন, এইভাবে যদি প্রহিবিটেড ল' করতে থাকেন তাহলে সাধারণ মানুষের পক্ষ থেকে এই গৃহ সমস্যা সমাধান করার যে একটা প্রচেষ্টা হচ্ছে, যে সমস্যার সমাধান আপনারা করতে পারছেন না, অর্থ থাকলেও সেই অর্থ খরচ করতে পারছেন না, তার উপর এই রকম একটা কন্ট্রোলিং বিল করে সাধারণ নাগরিকের তরফ থেকে সেই সমস্যার সমাধানের জন্য যে একটা প্রচেষ্টা হচ্ছে সেই প্রচেষ্টাতে আর বাঁধা দেবেন না। মান-নীয় অধ্যক্ষ মহাশয়, খগেনবাবু এখানে রয়েছেন। তার দপ্তর লো ইনকাম গ্রুপ এবং মিডল ইন-কাম গ্রুপ-এর লোকেদের বাড়ী তৈরি করার জন্য অর্থ ধার দেন। খগেনবাবু জানেন, কংগ্রেসী এম, এল, এ বা অনেকেই জানেন এবং আমরাও জানি যে কোন কন্সটিটিউয়েন্সী কোন লোককে যদি এই ধার পাইয়ে দেবার চেষ্টা করতে হয় তাহলে কতকগুলি ধাপের থেকে বেরুতে হয়। তারপর যদি আবার এই রকম একটা করে দেওয়া যায় যে সে একটা জমি কিনলো, সে জমি কিনে মিউনিসিপ্যালিটিতে প্ল্যান দিয়ে তারপর এদের কাছে দরখাস্ত করতে হবে। এখন এই জমি কেনার পর আবার যদি কন্ট্রোলার-এর কাছে দরখাস্ত করতে হয় এবং কন্ট্রোলার-এর কাছে পার-মিশান-এর জন্য যদি অপেক্ষা করতে হয় তাহলে তাকে জমি কেনার পর ৬ মাস ১ বছর অপেক্ষা করতে হবে। তারপর তাকে দরখাস্ত করতে হবে খগেনবাবুর দপ্তরে গৃহনির্মাণ ঋণের জন্য। সেই ঋণ পাবার পর তাকে আবার সিমেন্ট-এর জন্য দরখাস্ত করতে হবে। তারপর এইভাবে যদি আবার আপনারা এই আইনটা আনেন তাহলে এই গৃহনির্মাণ করা একটা সমস্যারূপে দেখা দেবে। কাজেই বৃহত্তর কোলকাতা সম্বন্ধে মিষ্টার গুপ্ত যে রিপোর্ট দিয়েছেন সেই রিপোর্ট বিচার বিবেচনা করুন। সি, এম, পি, ও আর একটু শেপ নিক তারপর সি, এম, পি, ও যে সমস্ত বিগ বিগ স্কীম করেছেন সেগুলি কিছুটা একজিকিউট করুণ তারপর কন্ট্রোল করুণ। এক্ষুণি কন্ট্রোল করার চেষ্টা করবেন না। আর একটা কথা আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে বলতে চাই সেটা হল এই যে এর দ্বারা এমনভাবে কন্ট্রোলারকে পাওয়ার দিয়ে দিচ্ছেন যে বাড়ীতে যদি একটা কুয়ো বা টিউবওয়েল খুড়তে হয় তাহলেও কন্ট্রোলার-এর পারমিশান নিতে হবে। এই সমস্ত প্রহিবিটিভ আইন যদি আপনারা করেন তাহলে নাগরিকদের সমস্যা আরও বাড়িয়ে তুল-বেন। কালকে প্রফুল্লবাবু অনেক বড় বড় কথা বলেছিলেন যে তারা নাকি ১৫ বছরে অনেক কাজ করেছেন, অনেক কিছু বাড়িয়েছেন যেমন স্কুল, কলেজ বেড়েছে সব কিছু বেড়েছে কিন্তু সঙ্গে সঙ্গে তিনি একটা কথা বলতে ভুলে গিয়েছেন সেটা হল ১৯৫১ সাল থেকে ১৯৬৫ সালের মধ্যে জিনিসপত্র ও নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্য অনেক বেড়েছে সাধারণ মানুষ এটা দেখেছে —তাই আজকে শৈলবাবুকে বলছি যে সমস্যা আপনারা অনেক সৃষ্টি করেছেন এই ১৫ বছরের মধ্যে কাজেই আবার আর একটা সমস্যা বাড়িয়ে তাদের জীবনকে দুর্বীসহ করে তুলবেন না। সেইজন্যই আমি বলছি এক্ষুণি এই আইন আনার কোন প্রয়োজন নেই। এই আইন এখন রেখে দিন পরে সি, এম, পি, ও কাজ আরম্ভ করলে আপনারা যে রিপোর্ট-এর কথা বলছেন সেই রিপোর্ট পুঙ্খানুপুঙ্খরূপে বিচার বিবেচনা করে তারপর এইরকম প্রহিবিটিভ আইন আনবার চেষ্টা করুন। আজকে মানুষ সমস্ত দিক দিয়ে জর্জরিত তাদের উপর আর একটা প্রহিবিটিভ আইন এনে শুধু শুধু তাদের বিরক্ত করবেন না। এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Dr. Narayan Chandra Roy:

মাননীয় সভাপাল মহাশয়, আমার অনুরোধ ছিল ইচ্ছাও ছিল যে এই বিলটা আরও দেরিতে আপনারা আনেন। তার আগে সি-এম-পি-ও সম্বন্ধে, কোলকাতা সম্বন্ধে তাদের ব্যাপক যে অভিযান, তাদের ব্যাপক যে সংগঠন তাদের এলাকা, আওতা—সেটুকু সম্বন্ধে আমাদের একটু ভালো করে বুঝতে দিন। মাননীয় মন্ত্রীমহাশয়কে আমি জিজ্ঞাসা করি যে তিনি অর্থমন্ত্রী হিসাবে যে কথা বলেছেন তার মধ্যে একটা রয়েছে যে সি-এম-পি-ও আমাদের কোলকাতা শহরে যে সংগঠন করছেন সেই সংগঠন নৈতিক সংগঠনিক সর্বময় কর্ত্তা। যদি সেই কথাগুলি আমি বুঝে থাকি এই ইণ্ডাস্ট্রিয়ালি কমপ্লেক্স একটা টাউন সেখানে রিফিউজি প্রবলেম, ফুড প্রবলেম, হেল্থ, স্যানিটেসান, ড্রেনেজ, ওয়াটার সাপ্লাই, হাউসিং, কমিউনিকেসান এক কথায় ঐ একটি আলাদা গভর্ণমেণ্ট। প্রাক্‌টিক্যাল যা এখানে আপনি দিচ্ছেন তাতে মানুষ কিভাবে থাকবে, খাবে, খাবার পাবে কিভাবে তার সমস্ত সংগঠন এই জায়গার মধ্যে তৈরী হবে তার প্রাক্‌টিক্যাল সর্বময় কর্তৃত্বঃ তাকে দিয়েছেন। এবারে তার পিছনে বলে দিচ্ছেন করতে। এটা করতে তার ১০০ কোটি টাকা লাগবে, কিন্তু ১ কোটি টাকা পাচ্ছেন। আমি যদি কথাগুলি বুঝে থাকি যে থার্ড ফাইভ ইয়ার প্ল্যান-এ ১০ কোটি টাকা সরকারের ১০ কোটি টাকা কেন্দ্রীয় সরকারের ছিল। বাস্তবিক ২০ কোটি টাকায় কি কি কাজ হয়েছে জানি না। কোলকাতার মানুষ কাগজে বড় বড় কয়েকটা হেডিং লাইন দেখেছে যে সার্কুলার রেলওয়ে হবে, ৩টে পুল হবে। এছাড়া আর কিছু শুনেছি বলে মনে হয় না। হয়ত একদিন যেদিন কোনা টাউনশিপ থেকে ১৪ খানি আইটেম নিয়ে যেটা বলেছেন—একবারে যা যা কল্পনা করিতে পারি। গোটাকতক ছাড়া সবগুলি এই ভেতরে দেখিয়েছেন। তারজন্য কখনও শুনি ১০০ কোটি টাকা, কখন শুনি ২০০ কোটি টাকা লাগবে কিন্তু এই টাকা কোথা থেকে আসবে জানি না। তাই আমি আমার বক্তব্যের মাঝখানে গতকালের বক্তব্যের কয়েকটা কথা তুলে আপনার কাছে আমার বক্তব্য রাখবো।

[3-00—3-30 p.m.]

গতকাল আমি বলেছিলাম তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার সময় ৩ কোটি টাকা দেখে মানুষ ভয় পেয়ে গেছে। কিন্তু আবার ৬ শত কোটি টাকা দিয়ে আপনাদের উন্নতি হবে শুনে তারা কাঁপতে আরম্ভ করেছে। এই ৬ কোটি টাকায় যখন ক্যালকাটা ডেভেলপড হয়ে দাঁড়াবে তখন মানুষের হাড় চামড়া কিছু থাকবে কিনা জানি না। কারণ এই টাকা কোথা থেকে আসবে? সেন্ট্রাল তো আর পকেট থেকে দেবে না শেষ পর্যন্ত টাকার যে খেলা হবে সেই টাকা নিয়ে সেখানে ভীষণ একটা আনন্দ থাকবে। তিনশো কোটির টাকার জায়গায় ৬ শত কোটি টাকার খেলা হবে—নিশ্চয়ই নাচতে হবে। কিন্তু ধরুন এখানে এই বিলেতে যেটুকু আছে যে আপনারা যে নূতন নূতন এলাকা এ্যাকোয়ার করার জন্য কন্ট্রোলার বসাবেন সেখানের যারা পরে কনট্রাক্ট পাবে তারা বিল্ডিং করবে কন্ট্রোলার তারা এখন থেকে সুপারিশ করতে আরম্ভ করেছে যে কে কে কোন জায়গায় কন্ট্রোলার হতে পারে। অবশ্য সেখানে যে যে মানুষ বাস করতো তারা উচ্ছেদ হয়ে যাবে। আপনি জানেন যে হাওড়া থেকে হলদিয়া অবধি যেতে গেলে সেখানে সমস্ত জায়গায় প্লেন করে বাড়ী করতে হবে। আজকে যদি সেখানে মানুষ সি-এম-পি-ও সম্বন্ধে ভাবতে আরম্ভ করে তাহলে তারা মুস্কিলে পড়ে যাবে। এই বিলের মধ্যে আপনাদের বড় বড় কথা আছে। আমরা কি দেখি নি—ঐ সেণ্ট্রাল এভিনিউ বাগবাজার ষ্ট্রীট এই সমস্ত জায়গার উপর দিয়ে যে রাস্তা গেছে সেখানে আমার জন্ম ছিল সেই বাড়ী আজ গেছে কোথায়? সেখানে রাজার এক একটা প্রাসাদ হয়েছে। যারা বাইরে থেকে আসবে তাদের কাছে অতীব সুন্দর লাগবে। এমনি করে ডেভেলপমেণ্ট হবে—সুন্দর হবে—অনন্ত ভ্যালুয়েসন বেড়ে যাবে—কিন্তু যে মানুষ সেখানে আজ বাস করছে তার পক্ষে সেখানে বাস করা অসম্ভব হয়ে পড়বে। প্ল্যানিং-এ যে সমস্ত কথাগুলি বলা হয়েছে তাই দেখে মানুষ ভয় পেয়ে যাচ্ছে যে আমাদের সম্বন্ধে কি কথা দেওয়া আছে। আমি এই বিলের সম্বন্ধে যে কথা বলতে চাচ্ছি সেটা হচ্ছে কিছু কিছু ভীষণ গুরুত্বপূর্ণ কথা বলেছেন

In the meantime extensive development of lands are being undertaken by the people in the greater Calcutta area in a haphazard manner.

হ্যাপাজার্ড ম্যানার থেকে যখন প্ল্যান নিচ্ছেন তখন আপনারা খানিকটা কণ্ট্রোল করে নিন—খানিকটা ডাইরেকসন দিয়ে দিন—কিন্তু আপনারা তা করছেন না— আপনারা নিচ্ছেন

urgently necessary to bring forth a Legislative measure to provide for controlling the use and development of lands in the area.

এক এক জায়গায় এক একটা হিটলার বসবে এবং সেই হিটলারের পিছনে আরও কতকগুলি সাব-হিটলার থাকবে। মানুষ যারা হিটলারকে খুশী করতে পারবে তারা সেখানে বাস করতে পারবে এবং এই হিটলার খুশী খালি নগদ টাকায় হয়। সুতরাং কাকে বসাবেন সেখানে বুঝতে পারছি না। তাই আজকে হলদিয়ার ডেভেলপমেণ্ট হবে কিন্তু এই সমস্ত লোককে সেখানে চলে যেতে হবে। সেইজন্য আমি আপনাকে বলছি যে
Impact on the poor people and middle-class people.

যারা বাংলাদেশের মেরুদণ্ড—তাদের উপর ইমপ্যাক্ট বুঝে—তবে এর স্তুতিবাদ করবেন। সেই-জন্য আমি আপনাকে অনুরোধ করছি—যে এত তাড়াতাড়ি করে এই বিলটি পাশ না করে আমরা যেটা চেয়েছিলাম—মিঃ গুপ্তের যে কমিটি বা কমিশন তার যে রিপোর্ট সে সম্বন্ধে জানলে আমরা খুশী হবো। কেননা আমরা যেগুলি শুনেছি সেগুলি কল্পনা এবং আকাশকুসুম। এগুলি দেখে আমরা ভয় পেয়েছি যে ওটা বোধ হয় আর হবে না। এটা মানুষকে ভোলাবার জন্য হয়েছে। কেননা কাগজগুলির মধ্যে—এক কাগজ প্রশংসা করছে হেডলাইন দিয়ে—আর এক কাগজ বলছে তা নয়। সেইজন্য আমি এটাকে সারকুলেসনে দিয়ে প্রোসপন্ড করার জন্য অনুরোধ করছি এবং আপনি যদি আমাদের একটু সময় দেন তাহলে আমাদের সুবিধা হয়। আশা করি আপনি আমাদের কিছুটা সময় দেবেন বোঝাবার।

Mr. Speaker: All the circulation motions are taken as moved.

Dr. Kanai Lal Bhattacharya: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th April, 1965.

Shri Nikhil Das: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th June, 1965.

Shri Nathaniel Murmu: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1965.

[At this stage the House was adjourned till 3-30 p.m.]

[After Adjournment]

[3-30—3-40 p.m.]

NON-OFFICIAL BUSINESS

Private Members' Resolution.

Shri Bijoy Kumar Roy: Sir, I beg to move that

যেহেতু দুর্গাপুরে অনুষ্ঠিত কংগ্রেসের অধিবেশন, একটি বিশেষ রাজনৈতিক দলের সম্মেলন মাত্র; সেই হেতু এই সভার অভিমত এই যে, ঐ সম্মেলন উপলক্ষে যে সরকারী অর্থ ব্যয় করা হইয়াছে তাহা সম্পূর্ণভাবে অন্যায় ও অযৌক্তিক।

আমার প্রস্তাব হল এই যে যেহেতু দুর্গাপুরে অনুষ্ঠিত কংগ্রেস অধিবেশন একটা বিশেষ রাজনৈতিক দলের সম্মেলন মাত্র সেহেতু এই সভার অভিমত এই যে ঐ সম্মেলন উপলক্ষে যে সরকারী অর্থ ব্যয় করা হয়েছে তা সম্পূর্ণ অন্যায় ও অযৌক্তিক। স্যার, বিশ্বাসযোগ্য মহল হতে অভিযোগ করা হয়েছে যে এই দুর্গাপুর কংগ্রেস সার্কাসে কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারের

মোট ১ কোটির উপর টাকা খরচ হয়েছে। এই ২ কোটি টাকার উপর ব্যয় করবার জন্য সরকার জনসাধারণের কাছ থেকে টাকা আদায় করেছেন। তাঁরা বারে বারে এই কথা বলছেন যে ক্ষুদ্র দান হইতে এই টাকা সংগৃহীত হইয়াছে এবং তা ব্যয় করা হইয়াছে। স্যার, প্রথমে আমি এই ক্ষুদ্র দান কিভাবে সংগৃহীত হচ্ছে তা বলতে চাই। আমি মফঃস্বলে থাকি, আমাদের সীমান্ত অঞ্চলে যারা পাতিস্তানে মাল পাচার করে যারা চোরাকারবারী তাদের কাছ থেকে কংগ্রেসের নেতারা মোটা রকমের টাকা অর্থাৎ ২ হাজার, ১ হাজার এই পরিমাণ অর্থ চাঁদা হিসাবে নিয়েছেন। দ্বিতীয়তঃ গ্রামাঞ্চলে যেসমস্ত দুর্নীতিপরায়ণ রেশন ডিলার আছে এবং যেসমস্ত অসৎ কণ্ট্রাক্টর আছে তাদের নিকট হইতে এই রকম ২ হাজার, ১ হাজার, ৫ শো টাকা সংগ্রহ করা হইয়াছে। এমন কি ছোট ছোট ব্যবসায়ীরা এই চাঁদার হাত থেকে রেহাই পাননি। অথচ কংগ্রেসী নেতারা বলেন এই কংগ্রেস অধিবেশনে জনসাধারণ গরীব মানুষরাই চাঁদা দিয়েছেন। এটা একেবারে সম্পূর্ণ বাজে কথা। স্যার, প্রথমে আমি কিভাবে এই কংগ্রেসীরা হোমরা-চোমরা সরকারী যন্ত্রকে ব্যবহার করে চোরাকারবারীদের সহায়তায় কংগ্রেস ফাণ্ডে টাকা নিয়েছেন আপনার মাধ্যমে তার দু'একটা কথা তুলে ধরতে চাই। এই দুর্গাপুর কংগ্রেস অধিবেশনে অনেকগুলি ক্যাণ্টিন খোলার চেষ্টা করা হয়েছিল।

Point of order

Shri Asoke Krishna Dutta:

স্যার, আমি একটা পয়েণ্ট অব অর্ডার তুলতে চাই সেটা হচ্ছে যে নন-অফিসিয়াল রিজলিউসান নিয়ে আলোচনা হচ্ছে সেই নন-অফিসিয়াল রিজলিউসানের বিষয়বস্তু হচ্ছে কোন একটা রাজনৈতিক দল সরকারী টাকার সাহায্য নিয়েছেন। কিন্তু তিনি এখানে যে বিষয়ে বক্তৃতা করছেন তাতে সরকারের সে সম্বন্ধে কোন সম্পর্ক নেই। আমার বক্তব্যের বিষয় হচ্ছে উনি যে বিষয়ে আলোচনা করছেন তাতে সরকারী টাকার কথা কিছু বলছেন না, উনি প্রাইভেট ব্যবসায়ীদের কাছ থেকে কংগ্রেস কি ধরণের কি করেছেন এই ধরণের কুৎসা করছেন। আমি বলছি এটা সম্পূর্ণ রিজলিউসানের বাইরে। কাজেই এটা কমপ্লিটলি আউট অব অর্ডার, আপনার কাছে এই পয়েণ্টটা রেজ করছি।

Mr. Speaker:

আমার এক্সপিরিয়েন্সে আমি দেখেছি যে বিষয়বস্তুর বাইরেও অনেক সময় প্রায়শঃই বলা হয় এবং আজও ঠিক সেইভাবে বলা হয়েছে।

Shri Bijoy Kumar Roy:

দুর্গাপুরে কংগ্রেস অধিবেশন উপলক্ষ্যে সেখানে যে ক্যাণ্টিন খোলার ব্যবস্থা হয়েছিল, সেই ক্যাণ্টিনের মালিকদের কাছ থেকে উচ্চ হাতে টাকা আদায়ের ব্যবস্থা তাঁরা করেছিলেন। স্পীকার মহাশয়, আপনি শুনে আশ্চর্য হবেন যে ঐ অধিবেশনের সময় ১০ ফুট×২০ ফুট—একটা ঘরের জন্য যা ক্যাণ্টিন হিসেবে ব্যবহৃত হয়েছে, সেখানে সেই ক্যাণ্টিনের মালিকের কাছ থেকে এক হাজার এক টাকা করে নিয়েছেন তাঁরা।

[এ ভয়েস: এটা কি সরকারের টাকা?]

নিশ্চয়ই, সকলে এটা জানেন এটা ভাড়া নয়, এটা চাঁদা, এই ক্যাণ্টিনগুলির কাছ থেকে কিভাবে তাঁরা টাকা আদায় করেছেন সেই কথাই আমি বলতে চাচ্ছি। অতুল্যবাবু যা যা অপকর্ম করেন বাংলাদেশে তার তুলনা নাই, তিনি অতুলনীয়। সেই অতুল্যবাবু ক্যাণ্টিন ওয়ালাদের প্রত্যেকের কাছ থেকে ১,০০১ টাকা করে চাঁদা আদায় করেছেন এবং ঐ সাড়ুভাই, আমাদের চীফ মিনিষ্টার প্রফুল্লচন্দ্র সেন, সাড়ু ভাইয়ের সাকরেদ প্রফুল্লবাবু তিনি তাঁর সরকারী খাদ্য দপ্তরে ঘাড় দিয়ে ঐ ক্যাণ্টিনের মালিকদের প্রত্যেককে ৬০ বস্তা করে আটা ময়দার পারমিট দিয়েছেন এবং সেই অনুপাতে চিনির পারমিট দিয়েছেন। অর্থাৎ এঁদের দেওয়ার কারণ হচ্ছে কি সেটা আপনিও জানেন।

[মিষ্টার স্পীকার: না, আমি কিছু জানি না।]

এই দুর্গাপুরে আটা, ময়দা, চিনির অত্যন্ত অভাব। এই ক্যান্টিনের মালিকেরা সেই চিনি আটা পাবার পর দেখা গেল সেই আটা ময়দা বস্তা পিছু একশো টাকা বেশী করে নিয়ে ব্ল্যাক র্কেট-এ বিক্রয় করে দিলেন।

[এ ভয়েসঃ তার প্রমাণ কী?]

আপনি তদন্ত কমিটি একটা গঠন করুন, সেখানে আমি প্রমাণ করে দেব।

[এ ভয়েসঃ আপনি সেটা কিনেছেন নাকি?]

আমি কিনতে যাব কেন? এইভাবে সেই ক্যান্টিনের মালিকরা আটা, ময়দা, চিনি বস্তা পিছু একশো টাকা বেশী নিয়ে ব্ল্যাক মার্কেটে বিক্রী করে প্রত্যেকে ৬ হাজার থেকে ৮ হাজার কা মুনাফা করেছে। আমি স্যার, দেখাচ্ছি এই একটা রাজনৈতিক সম্মেলন যেখানে, সেখানে মাদের এই মিনিষ্টাররা ভারতবর্ষের অন্যান্য রাজ্যের মিনিষ্টাররাও এখানে এসেছিলেন এবং র জন্য তাঁদের সাথে তাঁদের সেক্রেটারীরা, তাদের পারিচারকরা, তাদের আর্দালী ও ষ্টেনো-ফারদেরও সেখানে সমাবেশ হয়েছিল।

-40—3-50 p.m.]

আমরা দেখেছি এই সম্মেলনকে উপলক্ষ করে ৫ হাজার পুলিশ নিয়োগ করা হয়েছে এবং ই ৫ হাজার পুলিশের মধ্যে কর্মচারী থেকে আরম্ভ করে কনস্টেবল পর্যন্ত সকলেই খানে উপস্থিত ছিলেন। এতগুলো সরকারী কর্মচারী সেখানে যে নিয়োজিত করা হোল রজন্য তাদের ডি-এ দিতে হয়েছে—অর্থাৎ আমরা দেখছি দুর্গাপুরে একটা রাজনৈতিক ম্মেলনের জন্য সরকারের বিপুল অর্থ খরচ হোল। আজকে বাংলাদেশের মানুষ যেখানে রিদ্র্যে জর্জরিত, দেশের মানুষের আয় যেখানে মাত্র ৩ আনা সেখানে এই বিপুল অর্থ কেন চ করা হয় সেটা আমরা বুঝতে পারিনা। স্বাধীনতার ১৭ বছর পরেও যেখানে আমরা খি আমাদের দেশের গ্রামাঞ্চলে শতকরা ৭১ জন পুরুষ নিরক্ষর সেখানে এত টাকা একটা জনৈতিক সম্মেলনের জন্য কি করে সরকার অপচয় করেন সেটা আমরা ভেবে পাইনা। স্যার, লাদেশের মানুষ যেখানে চোরাকারবারীদের জন্য জর্জরিত, নিত্যপ্রয়োজনীয় জিনিসের অভাবে খানে জর্জরিত সেখানে সরকারের তরফ থেকে এই বিপুল অর্থ খরচ করা অন্যায় এবং যৌক্তিক বলে মনে করি। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Sambhu Charan Ghosh:

ননীয় স্পীকার মহাশয়, গতকাল বিধানসভার সামনে মাননীয় মুখ্যমন্ত্রী অত্যন্ত নাটকীয়ভাবে মাদের বোঝাবার চেষ্টা করেছিলেন যে, তাঁর দল নাকি গণতন্ত্রের জয়ের পতাকা উড্ডীন খেছে। আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীকে স্মরণ করিয়ে দিতে চাই যে, যে খ্যমন্ত্রী একবার সাধারণ নির্বাচনে আরামবাগ কেন্দ্র থেকে ২০ হাজার ভোটে পরাজিত হয়ে ছনের দরজা দিয়ে মন্ত্রীসভায় ঢুকেছেন তাঁর মুখে গণতন্ত্রের কথাবলা শোভা পায়না। এঁরা তন্ত্রের কথা বলেন, কিন্তু পৃথিবীতে এমন কোন দেশ নেই, এমন কোন গণতান্ত্রিক দেশ নেই খানে একটা বিশেষ রাজনৈতিক দলের সম্মেলনের জন্য সেখানকার শাসকগোষ্ঠী তাঁদের সমস্ত সনযন্ত্র ব্যবহার করেন। দুর্গাপুরে রাজনৈতিক অধিবেশনে এই সরকার প্রত্যক্ষ এবং পরোক্ষ বে যেভাবে অর্থ, ক্ষমতার অপব্যবহার করেছেন দুনিয়ার গণতান্ত্রিক ইতিহাসে তার দৃষ্টান্ত রল। স্যার, গণতন্ত্রের কথা আমাদের বারবার শোনান হয়, কিন্তু আমি তাঁদের স্মরণ করিয়ে তে চাই ইংলন্ডের মত গণতান্ত্রিক দেশে লেবার পার্টি বা কনজারভেটিভ পার্টি যাঁরাই মতায় আসীন হোননা কেন তাঁরা কখনও তাঁদের পার্টির জন্য শাসন ক্ষমতা এইভাবে ব্যবহার রননা। লেবার এবং কনজারভেটিভ পার্টির ন্যাসনাল র‍্যালি হয়, কিন্তু তারজন্য সরকারী র্থ অপচয় করার মত দুঃসাহস তাঁরা রাখেননা। অশোক দত্ত একটা প্রসঙ্গের কথা বলেছেন সরকার কত টাকা খরচ করেছেন সে বিষয়ে যেন আলোচনা করা হয়। আমি তার মধ্যেই মার আলোচনা সীমিত রাখব। স্যার, গতকাল লোকসভায় যখন রেলওয়ে বাজেট পেশ করা য়েছে তাতে আমরা দেখেছি চলতি বছরে উদ্বৃত্ত অর্থ কম হয়ে যাবে বলে কেন্দ্রীয় সরকার

স্থির করেছেন যাত্রীদের উপর নূতন করে শতকরা ১০ টাকা ভাড়া বৃদ্ধি করবেন। এখানে আমি জানতে চাই এই রেলওয়ে কোম্পানী দুর্গাপুর কংগ্রেসের তামাসা অনুষ্ঠানের জন্য কত লক্ষ টাকা লোকসান দিয়েছেন?

একথা কি সত্য নয় যে প্রতিদিন ৪ খানা করে স্পেশাল ট্রেন ছাড়া হয়েছে? একথা কি সত্য নয় এমন দিন গেছে যখন ট্রেনে একজনও প্যাসেঞ্জার ছিলনা? ১০ই জানুয়ারী ১৩২ জন প্যাসেঞ্জার হয়েছিল, ৩১এ ডিসেম্বর স্পেশাল ট্রেনে দুজন মাত্র প্যাসেঞ্জার হয়েছিল, একথা কি সত্য নয় যে, যে সমস্ত বার্থ রিজার্ভেশন ফর পাবলিক আছে, তার জন্য যে কাউণ্টার আছে তা ছাড়া এই স্পেশাল ট্রেনের জন্য হাওড়া স্টেশন ৪ খানা ট্রেনের জন্য আরও অতিরিক্ত কাউন্টার খোলা হয়েছিল? তার জন্য যে ষ্টাফ নিযুক্ত করা হয়েছিল তার মধ্য দিয়ে এই স্পেশাল ট্রেন চালু করার মধ্য দিয়ে যে লক্ষ টাকা লোকসান দিয়েছেন পরোক্ষভাবে আমি মনে করি দুর্গাপুরে কংগ্রেসের তামাসাকে সাহায্য করার জন্যই সেই টাকা ব্যয় করা হয়েছিল। একথা কি অস্বীকার করতে পারেন শুধুমাত্র রেলওয়ের মধ্য দিয়েই যে কংগ্রেস অধিবেশনকে সাহায্য করা হয়েছে তা নয়, আমাদের সামনে যে বাজেট পেশ করা হয়েছে, তাতে আমরা দেখছি ১৯৬৪-৬৫ সালের বাজেটের তুলনায় বর্তমান বাজেটে ২ কোটি ২৪ লক্ষ টাকা বেশী খরচ হচ্ছে এবং এটা করেছেন পশ্চিমবঙ্গ সরকার। দুর্গাপুর কংগ্রেস অধিবেশনের জন্য ৫ হাজার পুলিশ এবং কর্মচারীকে ৬ দিন ধরে নিয়োগ করে রাখা হয়েছিল এবং এই ৫ হাজার পুলিশ এবং কর্মচারী অধিবেশনের কাজে সহায়তা করেছিল। আমি জানতে চাই সরকারের কোন নৈতিক অধিকার আছে পুলিশকে এইভাবে বে-আইনীভাবে নিয়োগ করতে পারেন? এর সদুত্তর আমি চাই। শুধু তাই নয়, বিধানচন্দ্র রেলওয়ে স্টেশন তৈরী করা হয়েছিল কাগজে পড়েছি, ৪ লক্ষ টাকা ব্যয়ে। তার প্রতিবাদে মাননীয় কংগ্রেসী অতুল্য ঘোষ বিবৃতি দিয়েছিলেন যে জনসাধারণের সুবিধার জন্য সেখানে রেলওয়ে স্টেশন তৈরী করা হয়েছিল, কিন্তু দেখা গেল অধিবেশন শেষ হবার পর সেই রেলওয়ে স্টেশন ধূলিসাৎ করা হয়েছিল। এখানে মাননীয় দুর্গাপুরের প্রতিনিধি আছেন, তিনি জানেন যে সেখানকার মানুষ এই রেলওয়ে স্টেশন রাখবার জন্য, আর-এম-এস করা হয়েছিল তা রাখবার জন্য আবেদন করেছিল কিন্তু সেই দাবী নস্যাৎ করে দিয়ে সমস্ত টাকা বরবাদ করা হয়েছিল, এইভাবে যে মানুষের টাকা দুর্গাপুরের কংগ্রেস অধিবেশনের জন্য খরচ করা হয়েছিল সেটা অস্বীকার করতে পারেন? আপনারা কি এটা অস্বীকার করতে পারেন পি-এন-টি ডিপার্ট-মেণ্টের ৮ লক্ষ টাকায় যে টেলিফোন সিষ্টেম চালু করা হয়েছিল সেটা অধিবেশন শেষ হবার পরই সরিয়ে নেওয়া হয়েছিল এবং সেখানকার মানুষের চাহিদা থাকা সত্বেও টেলিফোন এক্সচেঞ্জের মেশিনারী সেখানে রাখতে সাহস করেননি। তারপর যেটা সম্বন্ধে বলছি সেটা অত্যন্ত গুরুত্ব-পূর্ণ, আমরা জানি পশ্চিমবঙ্গ সরকার শুধু নয়, ভারতবর্ষের এবং রাজ্য সরকারের কোন সরকারী কর্মচারী যখন কোন রাজনৈতিক সম্মেলন হয়, সেই সম্মেলনে যোগদান করতে পারেননা। আমি জানতে চাই দুর্গাপুরের রাজনৈতিক সম্মেলনের পশ্চিমবঙ্গ সরকারের বহু কর্মচারী, বিভিন্ন জেলার বহু অফিসার এবং বিভিন্ন কর্মচারী সেখানে যোগদান করেছিলেন এবং আমি আরও জানাতে চাই যে ব্যাণ্ডেল ট্রেইনিং-এর সার্ভে অফিসাররা ছুটি নিয়ে এই কংগ্রেস অধিবেশন যোগদান করতে গেছল, হাওড়া, হুগলী এবং নদীয়ার সেটলমেণ্ট অফিসাররা এই দুর্গাপুর কংগ্রেস অধিবেশন এটেণ্ড করেছিল এবং তার জন্য টি-এ বিল করেছিল। আমি নম্বর দিয়ে দিচ্ছি। নম্বর ১৮২৮।২৮।৬৮।৬৫, ডেটেড দি ২১ ফাষ্ট জানুয়ারী, ১৯৬৫ এই মধ্য দিয়ে তারা ১,৫০০ টাকা টি-এ বিল পেল। এই সেটলমেণ্ট অফিসারদের এমন কি কাজ সেখানে ছিল যার জন্য তার এই রকম একটা রাজনৈতিক অধিবেশনে যোগদান করেছিল? এটা তাঁরা পারেন কিনা এটা আমার প্রশ্ন। যদি তাই হয় তাহলে সরকারী কর্মচারী রাজনৈতিক সম্মেলনে যোগদান করতে পারবে এই বিধান করা উচিত বলে আমি মনে করি।

[3-50—4-00 p.m.]

শুধুমাত্র তাঁরা অর্থের অপব্যয় করছেন তা নয়, আরও অনেক কিছু যা করছেন সে সম্পর্কে আমি দৃষ্টান্ত হাজির করব। দুর্গাপুরের কংগ্রেসের রাজনৈতিক অধিবেশন উপলক্ষে সরকার

বিভিন্ন অফিসের ক্ষমতা অপপ্রয়োগ করেছেন এবং বিভিন্ন জেলা অফিসারদের নির্দেশ দেওয়া হয়েছিল দুর্গাপুরের জন্য জোর করে বাস রিকুইজিসন করে বাসগুলি চালাবার জন্য। এসম্পর্কে আমি একটা চিঠি আপনার কাছে হাজির করছি—

"Government of West Bengal, office of the District Magistrate, Hooghly. From the Secretary, Regional Transport Authority, Hooghly. Subject—placing of buses at the disposal of R. T. A., Burdwan, No. 4682(3), dated Chinsurah, the 19th January, 1964."

বিভিন্ন বাসের মালিকদের কাছে দেওয়া হয়েছিল এবং তার অর্থ হোচ্ছে

"He is informed that the services of the buses as mentioned against each route below will be essentially necessary for plying in Burdwan Region on the occasion of the ensuing A. I. C. C. session at Durgapur."

এই চিঠিতে সই করেছেন পি, মালাকার, সেক্রেটারী, রিজিওন্যাল ট্রান্সপোর্ট অথরিটী। পি, মালাকার হচ্ছেন একজন সাব-ডেপুটি ম্যাজিস্ট্রেট এবং যিনি আর-টি-এ এরও সেক্রেটারী। ইনি এ-আই-সি-সি সেশান-এর জন্য বিভিন্ন বাস এ্যাসোসিয়েশান-কে চিঠি দিয়েছেন যে এই রাজনৈতক অধিবেশনের জন্য জরুরী ব্যবস্থা অবলম্বন করতে হবে যাতে সেখানে বাস চলে। এই বাস চলাচলের বহু বাসের মালিক আপত্তি করায় বলা হয় যে তোমাদের বাসরুট ক্যান্সেল করে দেওয়া হবে। এই ভয় দেখিয়ে জোর করে সেখানে বাস চালানো হবে আমাদের হুগলী জেলা থেকে ৩৫ খানা বাস জোর করে দুর্গাপুরে চালাবার ব্যবস্থা হয়েছিল। এইভাবে আর-টি-এর সেক্রেটারী, ডেপুটি ম্যাজিস্ট্রেট, হুগলী, পি, মালাকার তাঁর ক্ষমতার অপব্যবহার করেছেন। একটা রাজনৈতিক দলের সম্মেলনকে স্বার্থক করে তোলবার জন্য সরকারী যন্ত্রকে এইভাবে অপব্যবহার করতে পারেন কিনা সেটা জানতে চাই? এছাড়া আমরা দেখেছি যে বিভিন্ন মানুষের কাছ থেকে আদায় করার চেষ্টা করেছেন। আমি কিছু প্রমাণ দিতে পারি যে বিভিন্ন অফিসারকে নিয়োগ করা হয়েছিল যিনি, চালকলের মালিকদের কাছ থেকে টাকা আদায় করার জন্য। এইভাবে একটা রাজনৈতিক দলের উদ্দেশ্য সাধন করার জন্য সরকারী অর্থ ও ক্ষমতা অপব্যবহার করা হয়েছিল। আমার বক্তব্য শেষ করার আগে ২টা জিনিষের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করব। এটা শুধুমাত্র প্র্যাকটিস এ্যান্ড ডেমেক্র্যাসির প্রশ্ন নয়, সরকার এদিক দিয়ে এত গর্হিত কাজ করেছেন সেটা শুনুন। আমরা যেখানে দেখছি জিনিসপত্রের দর বেড়ে গেছে, আমরা যেখানে চিন্তা করছি কিভাবে মূল্য বৃদ্ধি কমান যায় সেখানে আমরা দেখছি ইউ-এ-আর—ইউনাইটেড আরব রিপাবলিক—কি ভাবে ব্যবস্থা অবলম্বন করেছেন টু সুবের মনিটারী এক্সপ্যান্সন। আমি আমার বক্তৃতা লালবাহাদুর শাস্ত্রীর একটা কথার মধ্য দিয়ে শেষ করব। তিনি গত ২২এ জানুয়ারী তারিখে একটা সংবাদিক বৈঠকে বলেছিলেন এক্সারসাইজ অফ ফাইনানসিয়াল ডিসিপ্লিন অর্ডার অল এক্সপেন্ডিচার অর্থাৎ যেখানে শিক্ষকদের ৫ টাকা মাইনে বাড়াতে গেলে চিন্তা করার ব্যাপার আসে সেখানে দুর্গাপুরের জন্য সরকার লক্ষ লক্ষ টাকা খরচ করতে পারেন কিনা সেটা চিন্তা করে দেখুন।

Shri Nepal Chandra Roy:

স্যার, বিরোধীদের তরফ থেকে দুর্গাপুর অধিবেশন সম্বন্ধে অনেক সমালোচনা শুনলাম। অবশ্য এ'রা যা বলেছেন এ'দের চিন্তাধারা থেকে এটা বলা স্বাভাবিক। কারণ যখন এদের দলের অধিবেশন হয়—আমি এককালে এই দলে ছিলাম। আমার চেয়ে আর কেউ বেশী জানেন না যে ফরওয়ার্ড ব্লক-এর যে কনফারেন্স হয় তাতে মাত্র ৫০ জন লোক হয়। কম্যুনিষ্ট পার্টির যে কনফারেন্স মুসলিম ইন্সটিটিউট-এ হয়ে গেল তাতে মাত্র ২০০ জন লোক ছিল। আর-এস-পি-র কনফারেন্স-এ ১০ জন লোক ছিল। এই অবস্থায় বিরোধীপক্ষ কি করে চিন্তা করবেন যে কংগ্রেসের অধিবেশনে কত বড় ব্যাপার হয়। বাংলাদেশের কোন জায়গায় যদি একটা বড় মেলা হয় সেখানে পুলিশ যায় হেলথ্ ডিপার্টমেণ্ট যায়, নানারকম গভর্ণমেণ্টের অফিসার যায়। গঙ্গাসাগর মেলা যে হয় সেখানে কি আমরা রিলিফ দেব না। সেখানে যদি হাঁসপাতাল করি অন্যায় কি আছে?

এই যে পলিটিক্যাল কনফারেন্স-এর কথা বলেছেন এই পলিটিক্যাল কনফারেন্স আমরা করেছি কিন্তু সেই কনফারেন্স দেখবার জন্য নন-পলিটিক্যাল লক্ষ লক্ষ লোক দুর্গাপুরে গেছে। দুর্গাপুরে শুধু কংগ্রেসের লোক যায় নি সারা ভারতবর্ষের লক্ষ লক্ষ লোক গেছে সেখানে এ-আই-সি-সি মেম্বার-রা গেছেন এবং শুধু ভারতের নয় সারা পৃথিবী থেকে অবজার্ভার-রা সেখানে এসেছিল এই পলিটিক্যাল পার্টি-এর কাজকর্ম দেখবার জন্য। এটা ত কোন পকেট-মারদের কোন কনফারেন্স নয় বা ছোট ক্ষুদে কোন পার্টি-এর কনফারেন্স নয়।

[তুমুল হট্টগোল]

সারা পৃথিবীর মানুষ জানতে চায় যে ভারতবর্ষ আণবিক বোমা তৈয়ারী করবে কি না এবং এই নিয়ে বিরাট আলোড়ন সৃষ্টি হয়েছে। তাই পৃথিবীর বিভিন্ন রাষ্ট্র বা দল হতে অবজার্ভার-রা এসেছিলেন এরা অনেকেই বলেছেন আমরা নাকি গাঁটকাটাদের কাছ থেকে, চোরাকারবারীদের কাছ থেকে হাজার হাজার টাকা নিয়েছি। আমরা অধ্যাপক শম্ভু ঘোষের মুখে শুনেছি যে আমরা নাকি চিনির চোরাকারবারী এবং মিল মালিকের কাছ থেকে হাজার হাজার টাকা নিয়েছি। এটা অত্যন্ত লজ্জার কথা কারণ প্রফেসর শম্ভু ঘোষের কাছ থেকে এই ধরণের কথা শুনতে হয়েছে আমাদের উপর স্ট্রিক্ট অর্ডার ছিল এই চাঁদা তোলার ব্যাপারে আমি নিজে এক লক্ষ তুলেছি নর্থ ক্যালকাটা থেকে এবং প্রতিটী লোকের বাড়ীতে গিয়ে গিয়ে ২৫ টাকা করে চাঁদা তুলেছি। আমাদের উপর স্ট্রিক্ট অর্ডার ছিল কোন ডি-আই রুলের আসামী যদি টাকা দিতে চায় তা হলে সে টাকা নেবে না। এরা যে কথা বললেন এটা অত্যন্ত লজ্জার কথা। আমি বলছি যে আপনারা প্রমাণ করে দিন যে আমরা কোন ব্ল্যাক মার্কেটিয়ারস-এর কাছ থেকে টাকা নিয়েছি তাকে ছেড়ে দিয়েছি অথবা কোন বর্ডার স্মাগলার-এর কাছ থেকে আমরা চাঁদা তুলেছি দেশের লোক জানে যে আমরা কোথা থেকে টাকা তুলেছি।

[বিরোধী পক্ষ হইতে তুমুল হট্টগোল]

(Shri Kamal Kanti Guha: আমরা রাজী আছি এ সমস্ত প্রমাণ করাতে।)

এ'রা বলেন দুর্গাপুরে স্টেশান তৈরী হয়েছে ৪ লক্ষ টাকা খরচ করে এবং ২ কোটী টাকা খরচ করে এক্সজিবিসন হয়েছে। আমি এটা জানি না তবে আমি এ কথা বলতে পারি যে যেখানে ভারতবর্ষের লক্ষ লক্ষ মানুষ আসছে, যে ভারতবর্ষ তথা এর কি অবস্থা হয়েছে বাংলা দেশের কি অবস্থা হয়েছে, আমরা কি তৈরী করতে পেরেছি। তা দেখবার জন্য। এটা তাদের দেখা দরকার, এটা রাজনৈতিক দিক থেকে নয়, আসলে আমরা কতটা অগ্রগতির দিকে গেছি বা কতটা এগিয়ে চলেছি সেটা আজ দেশের মানুষের কাছে প্রমাণ করা দরকার। আজকে এ্যাসেম্বলি মেম্বারদের জন্য হাজার হাজার টাকা খরচ করা হচ্ছে। তাদের দামোদর ভ্যালি দেখান হচ্ছে আপনাদের আমি এটা প্রশ্ন করছি, আপনারা বলুন এটা সত্য কি না, বলুন আপনাদের দেখান হয়েছে কিনা? স্যার, আপনার মাধ্যমে আমি এই কথা বলছি যে এরা কি শুধু একাই দেখতে পাবেন। আর বাংলাদেশের মানুষ কি কিছু দেখতে পাবে না, কারণ এদের ল্যাজ আছে এম-এল-এ বলে। সাধারণ মানুষের কি কোন অথরিটী নেই বা তাদের কি কোন দরকার নেই যে এ'রা কি করছেন। তাই আমি বলছি আমরা যদি দুর্গাপুরে এক্স-জিবিসন করে থাকি, এবং সে এক্সজিবিসন-এ যদি সরকারের বিভিন্ন দপ্তর এক্সজিবিসন করতে গিয়ে ১০ হাজার কি ৫০ হাজার টাকা খরচ করে থাকেন সেটা তাহলে অপরাধের কিছু নয়। আমি আরো জানাচ্ছি যে আমরা কংগ্রেসের তরফ থেকে এরূপ একটা করে জায়গা বেছে নিই যেটা নাকি আনডেভেলপড জায়গা সেটাকে ডেভেলপড করবার জন্য। আপনি জানেন যে কল্যাণী অধিবেশন ১০ বৎসর আগে হয়েছে। যখন এটা হয়েছিল তখন কল্যাণী সহর ছিল না। নূতন করে কংগ্রেস পার্টি সেখানে লক্ষ লক্ষ টাকা খরচ করে ঐ জায়গাকে ডেভেলপ করেছে। ভারতবর্ষের বিভিন্ন জায়গায় রাজনৈতিক সম্মেলন হয়। এবং প্রতি বৎসরই যেখানে হয় সেখানে কংগ্রেস দল নিজেরা লক্ষ লক্ষ টাকা খরচ করেন সেখানের সর্বাঙ্গীন উন্নতি করবার জন্য। আমার মনে হয় এটা অন্যায় নয় দুর্গাপুর-এ যে সমস্ত আনডেভেলপড জায়গা আছে.

আজকে কংগ্রেস লক্ষ লক্ষ টাকা খরচ করে দুর্গাপুরের স্বার্থে বাংলাদেশের স্বার্থে সেখানে করা হয়েছে কারো ব্যক্তিগত স্বার্থে নয়। আপনারা লম্বা চওড়া কথা বলতে পারেন কারণ আপনারা কাল চশমা চোখে দিয়ে আছেন এবং তাই কিছুই সাদা দেখতে পান না কেবল বড় বড় কথা বলে যান।

[4-00—4-10 p.m.]

তাই এরা সব সময় বড় বড় কথা বলেছেন। স্যার, আর ২।১টি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করব। এরা বলেছেন যে গভর্ণমেণ্ট অফিসারদের আমরা ইউটিলাইজ করেছি, তাদের কাছ থেকে চাঁদা তুলেছি—আমি জানি না। বাসের কথাও উঠেছে। আমি প্রশ্ন করি প্রফেসর শম্ভু ঘোষকে যদি কেউ আপনার বাড়ীতে নিমন্ত্রিত হয়, আপনি কি তার জন্য রেশনের সময় সরকারের কাছে এক্সট্রা আর্টিকেল চাননা? আপনি যে দৈনিক রেশন পান তাই দিয়ে কি আপনার চলে? আমি তো ঐ অফিসারদের কথা বলছি, যাঁরা নাকি বাসওয়ালাদের দুর্গাপুরে যেতে বলেছেন—আমি তাঁদেরকে বলব দে হ্যাভ ডান দেয়ার ডিউটিজ, তাঁরা যদি না করতেন তাহলে অন্যায় করতেন। লক্ষ লক্ষ মানুষের যেখানে সমাগম হচ্ছে এবং লক্ষ লক্ষ মানুষ যেখানে যাচ্ছে আসছে সেখানে নিশ্চয়ই এক্সট্রা বাস দিতে হবে। আজকে যখন ট্রাম স্ট্রাইক হয়, তখন কি আপনারা বলেন না যে আরো বাস চালু করুন? নিশ্চই বলেন। কারণ কলকাতাতে লক্ষ লক্ষ মানুষকে আসা যাওয়া করতে হয়, সেইজন্যই বলেন এবং সেদিনও আমি দেখেছি সেখানে নাকি নর্ম্যালি ৫০০ থেকে ৭০০ বাস চালু ছিল, সেখানে ষ্টেট ট্রান্সপোর্ট আরো বেশী বাস চালাতে চেষ্টা করেছেন তাতেও নাকি তাঁরা ঠিক সময়ে বাসে উঠতে পারছে না। সেইজন্যই দুর্গাপুরে যেখানে নর্ম্যাল লাইফ হচ্ছে, যেখানে ১ লক্ষ লোকের বসবাস—অন্ততঃপক্ষে সেখানে ১০০টির জায়গায় আরও ১০০টি দিতে হবে। কাজেই এটা তাদের অন্যায় কিছু নয়। এটা যে করেছেন, জনসাধারণের স্বার্থের খাতিরে, কংগ্রেসের লোকেদের জন্য এটা করা হয়নি— এটা করা হয়েছে সাধারণ মানুষের সুবিধার জন্য। সরকারী কর্মচারীরা যদি করে থাকে তার জন্য তারা মাইনে পায়। তারা আপনাদের তল্পি ধরবার জন্য মাইনে পায়না, তারা মাইনে পায় জনসাধারণের স্বার্থ রক্ষা করবার জন্য। স্যার এই বলে আমি ওদের রিজোলিউসনের চরম বিরোধিতা করছি। ফরোয়ার্ড ব্লকের অশোক ঘোষ এবং অন্যান্য দলের কয়েকজনকে আমি ঘুরে বেড়াতে দেখেছি। পকেটমারের কিছু আমদানি হয়েছিল বটে। কম্যুনিষ্ট পার্টির কিছু লোক গিয়েছে, তাদের সঙ্গে আমার দেখা হয়েছে। কারণ, আমি তো ওদের ভাল ভাবে চিনি, ওদের পুরানো হাল তো জানি। তাই আমি বলি কি বাবু এখানে আবার কি করতে এলে? নিশ্চয়ই কিছু রুজিরোজগারের তাল খুঁজে বেড়াচ্ছ মেলাতে। আমি সঙ্গে সঙ্গে বললাম এখানে ওসব সুবিধা হবে না। এখানে আমাদের অনেক চক্ষু আছে। আমরা একটা রাজনৈতিক সম্মেলন করছি দেখুন কতবড় হিংসে। ওরা যখন সম্মেলন করে আমরা তো যাই না। আমি জিজ্ঞাসা করছি কোন লজ্জায় ওরা আমাদের সম্মেলনে গিয়েছে? স্যার, এই বলে আমি ওদের রিজোলিউসনের ঘোর বিরোধিতা করছি। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Rabindra Nath Mukhopadhyay:

স্পীকার স্যার, আপনার কাছে যে প্রস্তাবটা উত্থাপিত হয়েছে আমি তার পরিপূর্ণ সমর্থন করে কয়েকটি কথা বলছি। আমি নেপালবাবুর কথা বলতে চাই না কেননা কংগ্রেস পক্ষ নেপাল বাবুকে নুইসেন্স ভ্যালু হিসাবে ব্যবহার করে। সুতরাং সেসব কথার জবাব দেওয়ার খুব বেশী প্রয়োজন নেই। প্রথম কথা হচ্ছে যে এবার কংগ্রেস বুঝেছিলেন তাদের ওখানে লোকজন জমা হবে না সুতরাং মেলা করতে হবে এবং মেলার ব্যবস্থাটা আগে থেকে ঠিক করে দীর্ঘদিন যাবৎ প্রচার ইত্যাদির মারফৎ বলেছিলেন ওখানে একটা বিরাট মেলা হচ্ছে। যেটা কোন কোন জায়গায় কোন কোন কাগজে তামাসা হয়েছে বলে ব্যাখ্যা করেছেন এবং সেটা হচ্ছে ষ্টেটসম্যানের মতন কাগজে বলেছে। এদের দুর্ভাগ্য এমন জায়গায় দাড়িয়েছে এবং পরিস্থিতি এমন উদ্ভব হয়েছে যে কংগ্রেসী এই মেলার জন্য টাকাটা কাকে দিতে হয়েছে এই হচ্ছে আলোচ্য বিষয়।

টাকাটা দিতে হয়েছে, প্রসঙ্গটা উঠেছে এই কারণে যে কংগ্রেস সরকার মনে করেন যে সরকারের যাকিছু তহবিলে আছে এটা হচ্ছে কংগ্রেসের পৈতৃক সম্পত্তি। সেটা যে তাদের। সমগ্র দেশবাসীর ট্যাক্স আকারে বিবিধভাবে রেভিনিউ-এ জমা পড়ে সেটা যে তাদের দলের পৈতৃক সম্পত্তি নয় এটা আজ ১৭ বছর যাবৎ যারা রাজত্ব করছেন এবং বিশেষ করে মুখ্যমন্ত্রী মহাশয় গতকাল গণতন্ত্র সম্বন্ধে যে জ্ঞান দিতে এসেছিলেন তিনি এটা বোঝেন না? তিনি কি বোঝেন না যে জনসাধারণের টাকা কংগ্রেসের টাকা নয়? টাকাটা কার টাকা? সোজা কথায় বলতে হয় যে কংগ্রেসের টাকা—আর রেলের টাকা, কার টাকা? কংগ্রেসের টাকা? রেল ষ্টল এর জন্য যে ৩।।৪ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে বিভিন্ন এটা ওটা সাজাবার জন্য সেটাও কি কংগ্রেসের টাকা? রেলওয়ে, ওভার ব্রিজ, ষ্টেশন ইত্যাদি করার জন্য যে টাকা ব্যয় করা হয়েছে, সোজা কথায় সেটাও কি কংগ্রেসের টাকা এবং কংগ্রেসের কারবার মিটল আর রেলব্রিজটাও উধাও হল, ষ্টেশনটাও উঠে চলে গেল? চমৎকার! এই সোজা কথার জবাব আমরা ওর কাছ থেকে পাচ্ছি না কাজেই নেপাল বাবুকে নিয়োগ করতে হয়েছে। সোজা ব্যাপারটা হচ্ছে এই টাকাগুলি কার, না, হিন্দুস্থান কনস্ট্রাকসান লিমিটেড ৫৬ হাজার টাকা দিয়েছেন। টাকাটা কার, না, দুর্গাপুর প্রোজেক্টস লিমিটেড ওয়াটার , ইলেকট্রিসিটি এবং অন্যান্য ব্যাপারে লক্ষ লক্ষ টাকা দিয়েছেন। (এ ভয়েসঃ কত টাকা?) ৩ লক্ষ কয়েক হাজার টাকা দিয়েছেন। এ টাকা কার? এটাও কি কংগ্রেসের পৈতৃক সম্পত্তি? আরও জিজ্ঞাসা করুন পি এণ্ড টি-এর জন্য যে ৬লাখ টাকা ব্যয় করেছেন, এটাও কি তাদের পৈতৃক সম্পত্তি? লজ্জা করে না এই সমস্ত কথা তুলতে? আর উনি কালকে বলছিলেন ডেমোক্রাসির কথা গণতন্ত্রের কথা—আমাদের শেখাচ্ছেন গণতন্ত্র? গণতন্ত্র যদি শেখাতে হয়—২টি কথা বলে রেখে দিই প্রথমতঃ জেনে রাখা দরকার যে ঐ অতুল্য বাবুর চর যারা ওখানে বসে আছেন, আর একটা কথা প্রসঙ্গত সেখানে বলা দরকার ঐ যে ষ্টেট অরগানাইজেসন, ষ্টেট মেশিনারি তাদের ব্যবহার করা হয়েছে লোকের কাছ থেকে জবরদস্তিমূলক টাকা তোলার জন্য এবং অতুল্য বাবুর সার্কুলার গেছে সরকারী [illegible] কাছে যে তাদের টাকা দিতে হবে। আমি একটা ইউনিয়নের সঙ্গে জড়িত আছি, যার কথা বললে আপনারা বুঝবেন—সেই চারটি কোম্পানির ইউনিয়নের আমি অন্যতম নেতা ৫০০ কে জি করে চা ঐ ৩।৪টি চায়ের কোম্পানি সেখানে ফ্রি ডিস্ট্রিবিউসনের জন্য যে চা পাঠান, লিপটন, ব্রুকবন্ড এবং অন্যান্য কোম্পানীগুলির কথা বলছি, দেখা গেল যে সেই চা সেখানে ব্যবহার হল না। সেলসম্যানরা ১ মাস দেড় মাসের মধ্যেও সেই চা বিক্রী করতে পারছে না কেন, না, সেই চায়ের প্যাকেটগুলি আসানসোল থেকে আরম্ভ করে দুর্গাপুর পর্যন্ত সারা বাজারে ছেয়ে গেছে, সেইজন্য আর চা বিক্রী করা যাচ্ছে না। সেই টাকাগুলি মেরেছে আনন্দবাবু এবং তাঁর লোকেরা। তাঁরা বিক্রী করেছে, বিলি করেছে। তারপর অন্যান্য আরও যে সমস্ত টাকা এসেছে সেগুলি পাবলিক সেক্টর-এর। এটাও কি তাদের টাকা? অন অথরিটি আমি বলছি সেই চা গেল কোথায়, এই সমস্ত খবর যদি জানতে চান লিপটন কোম্পানীকে ফোন করে জিজ্ঞাসা করতে পারেন যে তাঁরা সেই চা ফ্রি ডিস্ট্রিবিউসনের জন্য দিয়েছিলেন কিনা। সেই টাকা তারা কিভাবে ব্যবহার করেছেন এবং কেন বিভিন্ন দোকানে তা বিক্রী করা যায় নি, না কম পয়সায় বিক্রী করেছে ব্ল্যাক মার্কেটিং করেছে। আর এখানে ওরা এই সমস্ত বড় বড় কথাবার্তা বলেন। আরও অন্যান্য সমস্ত কথা আমি ছেড়েই দিলাম। কাজেই এই মেলায় ৮০ হাজার লোক জড় হয়েছিল এবং তাতে কংগ্রেসের যে কি দুরবস্থা হয়েছিল তা বলা যায় না। এর আগে আমি কংগ্রেসের বহু সেসন-এ গিয়েছি এবং তখন দেখেছি যে কংগ্রেসী ভলেন্টিয়ার্সরা খবরদারি করত এবং লক্ষ লক্ষ মানুষের জন্য ব্যবস্থা তারা করত। কিন্তু আজ আর পয়সা না দিলে কংগ্রেসী ভলানটিয়ার্স পাওয়া যায় না। কাজেই আজকে পুলিশকে নিয়োগ করতে হয় তাদের ব্যবস্থা করার জন্য। ৮০ হাজার মাত্র উপস্থিত হয়েছিল ঐ তামাসার মেলাতে, আর কলকাতা শহরে ৩ লক্ষ মানুষ জমা হয়েছিল কম্যুনিষ্ট পার্টির কনফারেন্সে। সেখানে পুলিশের একমাত্র গোপন গুপ্তচর ছাড়া আর কাউকে দেখা যায়নি, সেখানে কম্যুনিষ্ট পার্টির ভলানটিয়ার্সরা কাজ করেছে। আর উনি বলছেন আজকে দেশের কাজের জন্য রাস্তা ঘাট তৈরী করা হয়েছে। কিন্তু দুর্ভাগ্যক্রমে এই কথা বলতে হচ্ছে যে কল্যাণীতেও ঐ আপত্তি উঠেছিল, কল্যাণীতে তবু ডাক্তার রায় এতটা ডাকাতি করতে পারেন নি—তিনি সোজাসুজি তাঁর বাজেটে হিসাব দেখিয়েছিলেন, আর এদের আবার সে

ক্ষমতাও নেই। এরা গোপনে বিভিন্ন কায়দার মধ্য দিয়ে ৬২।৬৫ লক্ষ টাকা খরচ করেছে এদের জোচ্চুরি করা অভ্যাস, কাজেই সে সাহস পর্যন্ত নেই কোন্ টাকা কি খাতে কিসের জ খরচ করেছেন সেটা বলা।

[4-10—4-20 p.m.]

ওরা গোপনে বিভিন্ন কায়দার মধ্য দিয়ে ৬২।৬৫ লক্ষ টাকা খরচ করেছেন চুরি জোচ্চুরি ক তারা জানেন না কোন টাকা কার খাতে কিসে খরচ করবেন। ডেমোক্রাসির কথা বলছেন- ডেমোক্রাসির কথা যদি বলেন তহলে এটা জেনে রাখুন যে কংগ্রেস পার্টি শতকরা ৫০ ভা লোকের ভোট পায় নি—এটা ঠিক কথা যে আমরা নিশ্চয়ই ও'দের থেকে ভোট কম পেয়েছি- কিন্তু ডোন্ট থিং যে আপনারা মেজরিটি লোকের প্রতিনিধিত্ব করেন। সুতরাং আজ যদি এক আপনারা বলেন—আমরা অন্তত প্রফুল্লবাবু মুখনিঃসৃত ভাষা থেকে এটা বুঝতে সমর্থ হয়ে যে তিনি আমাদের হৃদয় এবং মস্তিষ্ক স্পর্শ করতে চান—কিন্তু আমরা ও'দের হৃদয় উন্নয়নে জন্য চেষ্টা করছি। গণতন্ত্রের কথা বলেন আপনারা—কিন্তু প্রথম কথা জেনে রেখে দিন আপনারা শতকরা ৫০ ভাগ ভোট পান নি এবং আর একটা গণতন্ত্রের কথা জেনে রেখে দিন আমরা আমাদের পার্টি যখন আছি—আমরা নিশ্চয়ই রিপ্রেজেন্ট করি পিপলকে এবং আমি একা লোককেও যদি রিপ্রেজেন্ট করি তাহলেও জেনে রাখতে হবে আপনাদের অধিকার নেই—পাবলি এক্সচেকার থেকে কোন টাকা খরচ করার। আপনারা তো মনে করেই ফেলেছেন যে দেশটা স আপনাদের ব্যক্তিগত সম্পত্তির ব্যাপার। সুতরাং আপনারা সেই কারণে আজকে গণতন্ত্রে কথা যখন বলেন—কালকে বললেন ইউ কে-এর কথা যে সেখানে ৪ ভোটের ব্যবধানে গভর্নমেন করতে পারছে। কিন্তু আমাদের দেশে যদি ৪ জনের ব্যবধানে গভর্নমেন্ট হয় তাহলে আপনার রাষ্ট্রপতি শাসন প্রয়োগ করবেন যেমন কেরলে করেছেন। আপনারা যদি বোঝেন যে ইলেকসনে হেরে যাবেন—যেমন কেরালায় নির্বাচন হবে বলে কেরালার অর্ধেক লোককে জেলে রেখে দিয়েছেন—সেই রকম আপনারা করবেন। গণতন্ত্র শেখাচ্ছেন—প্রফুল্লবাবুর মত লোক যিনি ফসিলাইজড হয়ে গেছেন যার কিছু করার নেই—দেশকে কিছু দেবার নেই বলবার নেই অন্তত তার কাছ থেকে আমরা আর যাই হোক গণতন্ত্র শিখতে চাই না। গণতন্ত্র যদি শিখতে হয় তাহলে সাধারণ মানুষে যেতে হবে এবং প্রথম কথা এটা বুঝতে হবে যে টাকা পাবলিকের এতে কংগ্রেসের কোন অধিকার নেই সেই সমস্ত টাকা খরচ করার। দুর্ভাগ্য কংগ্রেসের আজকে যে ৮০ হাজার লোককে নিয়ে যাবার জন্য স্পেশ্যাল ট্রেনের এ্যারেঞ্জমেন্ট করতে হয়। এবং সেই ৮০ হাজার লোককে রাজকীয় সম্বর্ধনা জানাবার জন্য বিভিন্ন প্রদেশের মন্ত্রী আসছেন—অবশ আমরা বুঝি যে প্রফুল্লবাবুর বডিগার্ডের দরকার যেহেতু তিনি মন্ত্রী, শাস্ত্রীর বডিগার্ডের দরকার আছে—আমরা বুঝি এগুলি করতে হবে—কিন্তু কামরাজ নাদার থেকে আরম্ভ করে নিচুকে যত কংগ্রেসের লোক আছে তাদেরও কি বডিগার্ডের প্রয়োজন হয়েছে? সেই জন্যই কি পাঁচ হাজার পুলিশকে সেখানে নিয়ে যাওয়া হয়েছে? ঘৃণা হয় না কি যে ভলেনটিয়ার জোগাড় করে কংগ্রেসের পলিটিক্যাল কনফারেন্স করা যায় না আজ। আজ তারা অন্য পার্টি গুলিকে যারা জনসাধারণের কাছে নূতন করে গণতন্ত্র সৃষ্টি করার জন্য তাদের সম্বন্ধে বক্রোক্তি করেন। সেই কারণে নেপালবাবু, আনন্দবাবুর মত লোকদের দরকার হয়—যারা রাষ্ট্রশক্তিকে ব্যবহার করে অন্যান্য লোকের কাছ থেকে টাকা পয়সা নিয়ে ফ্রি গিপ্ট নিয়ে নিজেরা ব্যবসা করেছেন এবং সেই সমস্ত বিক্রির ফল তারা নিজেরা ঘরে নিয়ে গেছেন এবং এই টাকা খরচ করার পর সেগুলি ভাঙবার কনট্রাক্ট—সেগুলি উঠিয়ে নেবার যে কনট্রাক্ট তার জন্য সমস্ত টাকা নষ্ট হোল জাতীয় অপচয় হোল—সেই চূড়ান্ত অপচয় করে সেগুলি ভেঙ্গে সেই মালগুলি নিয়ে এসে এই সমস্ত ভদ্রলোকেরা আবার কয়েক লক্ষ টাকা করে নিয়ে নিজেদের সেই নীতিকে জোরদার করছেন। ঘৃণা এবং লজ্জার কথা তারাই আবার এখানে এসে বক্তৃতা করেন।

Shri Sanat Kumar Raha:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে প্রশ্ন উঠেছে যে দুর্গাপুর কংগ্রেসে সরকারের পক্ষ থেকে যে ব্যয় করা হয়েছে সেটা সমীচীন কিনা। আমরা বহুকাল আগে এই কংগ্রেস মিটিংয়ে ঘুরে ঘুরে বেড়াতাম। সেদিনের কংগ্রেস আর আজকের দিনের কংগ্রেসে কি অসুবিধা তা খানিকট

আমরা উপলব্ধি করতে পারি। আগের যুগের কংগ্রেস ভলেণ্টিয়ার্স—তাদের জীবনী শক্তি সংগ্রামের প্রেরণা ও স্পৃহা এবং জনসাধারণের ভালবাসা আশর্বাদ নিয়ে চলতো। তাই তাদের অসংখ্য সুযোগ ছিল দেশের লোকের রিক্ত হস্ত থেকে সাম্রাজ্য গঠন করার। আজকে কংগ্রেস মানুষের জীবন থেকে যখন বিচ্ছিন্ন হয়ে পড়েছে, চতুর্দিকে হাহাকার এবং সেই হাহাকারের মধ্যে দেশের লোক যখন চারিধারে কোথায় পথ সেটা খুঁজে বেড়াবার চেষ্টা করছে ঠিক সেই সময় দুর্গাপুরের কংগ্রেসে কংগ্রেস সম্পূর্ণ অসহায় এক দিকে, আর একদিকে তারা সম্পূর্ণ সম্বল শাসক পার্টি হিসাবে সরকারকে ব্যবহার করার নজীর দেখিয়েছেন। এই পরিপ্রেক্ষিতে আজকে দুর্গাপুর কংগ্রেসের এই ব্যয় সমীচীন হয়েছে কিনা সেটা আমি আলোচনা করতে চাই। প্রথম বক্তব্য হচ্ছে যে এই প্রশ্ন উঠতো না যদি আজকে দেখতাম যে দু পাঁচ লক্ষ টাকা খরচ করার পর ৫০ লক্ষ বা ১ কোটি লোকের সমাবেশ হয়েছে। আজ যদি বুঝতাম যে দেশের পয়সাটা সামগ্রিকভাবে জনসাধারণের রাজনৈতিক চেতনাকে উন্নত করেছে, সামাজিক কল্যাণ-বোধকে উন্নত করেছে তাহলে এই সমালোচনা আসতো না। কিন্তু অধ্যক্ষ মহাশয়, লজ্জা হয় দুঃখ হয় যে আমাদের দেশের সরকার জনসাধারণকে বিশ্বাস করে না—বিভিন্ন রাজনৈতিক দলকে বিশ্বাস করে না—গণতন্ত্রকে বিশ্বাস করে না। সেইজন্য পুলিশের সাহায্যে মূলতঃ এই কংগ্রেসকে দাঁড় করাতে হয়েছে। দুর্গাপুরে পুলিশ যখন আছে—তারা শান্তি শৃঙ্খলা রক্ষা করবে এই ভরসা, একচেটিয়া কারবারিদের যারা দালাল আছে তাদের ভরসা যে তারা রিসোর্সেস সংগ্রহ করবেন এবং চিনি, চাল, চা জোগাড় করবেন। সংগে সংগে সরকারী সার্কুলার দিয়ে অফিসারদের সেখানে দন্ড দিয়ে শাসন করে দেখিয়ে দেবেন যে যেভাবেই হোক এই কংগ্রেসের মঞ্চকে কংগ্রেসের সম্মেলনকে সাফল্যমন্ডিত করতে হবে। ঠিক এইভাবে এই প্রাণহীন কংগ্রেসের অধিবেশন হয়েছে দুর্গাপুরে। বহরমপুরের লোক জানে না দুর্গাপুরে কি হবে। তারা আমাকে জিজ্ঞাসা করেছে যে আমি দুর্গাপুরে যাবো কিনা। লোকের ধারণা সেখানে বিরাট রাজনৈতিক মেলা হবে। আমাকে দুর্গাপুরে যেতে হবে। এই সমস্ত জিনিস কংগ্রেস প্রচার করেছে, রেল প্রচার করেছে এবং গভর্ণমেন্টের পাবলিসিটি প্রচার করেছে। এবং তার ফলে দেখেছি যেভাবে কংগ্রেস থেকে বলা হয়েছে মাত্র ১৫ লক্ষ টাকা খরচ করেছেন এবং কংগ্রেস শাসক পার্টি হিসাবে গণতান্ত্রিকভাবে নয় স্বেচ্ছাতান্ত্রিকভাবে শাসক পার্টি এবং সরকারকে এক করে দিয়ে অন্ততঃ আজকের দিনে অন্যায়ভাবে তারা ১ কোটি ২২ লক্ষ টাকা খুব কসাস ক্যালকলেসনে খরচ করেছেন। এই টাকা সাধারণের টাকা এই টাকা বিভিন্ন পার্টির টাকা এই টাকা বিভিন্ন মতাদর্শের টাকা এই টাকা কংগ্রেস নিজেদের দলীয় স্বার্থে ব্যবহার করেছেন। সরকারের টাকার মধ্যে আমার টাকা আছে বলে আমি বিশ্বাস করি। সেইজন্য আমরা যখন দেখি যে রেলওয়েতে আজকে শ্রীপাতিল তিনি জানাচ্ছেন যে আমাদের ২৩ কোটি টাকা তুলতে হবে নূতন করে ভাড়া বৃদ্ধি করে—ফেট বাড়িয়ে যাত্রীদের টিকিটের ভাড়া বাড়িয়ে তখন দুঃখ হয় এই কংগ্রেস একমাস আগে এত টাকা খরচ করে ষ্টেশন তৈরী করে সেই ষ্টেশানকে আবার নষ্ট করলো। আজ বলছেন ভাড়া বৃদ্ধি করে ২৩ লক্ষ টাকা তুলতে হবে—এ কোন ধরনের অর্থনীতি তা বুঝি না। শুধু তাই নয় এই লক্ষ লক্ষ টাকা জনসাধারণের কাছ থেকে নিয়ে—একটা পার্টির দাসত্বগিরি করতে গিয়ে রেলওয়ে বোর্ডকে কংগ্রেস বাধ্য করিয়েছে ১০ লক্ষ টাকা নষ্ট করতে। আমার বক্তব্য যে বর্তমানে যে অবস্থা এসেছে তাতে শাসক পার্টির উপর বিশ্বাস করা যায় না যে এরা সরকারের বাইরে—এরা সরকারের উপরে- এ্যাবভ দি গভর্ণমেণ্ট এবং ইচ্ছা প্রণোদিত হয়ে ঐ সরকারকে ব্যবহার করে কংগ্রেস পার্টি যেহেতু বর্তমানে সংখ্যাধিক্য না হলেও শুধু মেজরিটি হিসাবে তারা শাসন করছেন বলে।

[4-20—4-30 p.m.]

এই প্রসঙ্গ আমার আর একটা কথা মনে পড়ে সেটা হচ্ছে এই যে সেই যুগে ১৯২৮ সালে [illegible] গান্ধী বলেছিলেন কংগ্রেস যজ্ঞের ফলে ফিলিং সার্কাস হচ্ছে। আমার মনে হয় সেই ফিলিং সার্কাসের যুগের লোক আপনারা অনেকে নন, সেই যুগে গান্ধীজীর চেতনার মধ্যে কি

বেদনা ছিল। আমি আর একটি কথা বলতে চাই সেটা হচ্ছে এই আমাদের যিনি কংগ্রেসের সর্ব-ভারতীয় খ্যাতিসম্পন্ন নেতা ইউ, এন, ডেবর তিনি দুর্গাপুর থেকে ফিরে যাবার মুখে এই কথা বলেছেন—

I tried to imagine what could have been his feeling were he with us at Durgapur. The unabashed game of profiteering in the midst of misery of the people (even in the matter of supplies of essentials) would have shocked him as a sad return for his efforts for the success of mixed economy. He would have prompted his colleagues to search their hearts, even admonished them, and taken decisions which would have galvanised the whole scene to that of effort and determination.

কার সম্পর্কে? ডেবরকে একজন করেসপণ্ডেন্ট জিজ্ঞাসা করেছেন আপনার দুর্গাপুর সম্পর্কে ইম্‌প্রেসান কি? ডেবর উত্তরে বলেছেন নেহরুর মৃত্যুর পর আজকে এই দুর্গাপুরে কংগ্রেসের প্রথম অধিবেশন, আজ যদি নেহরু বেঁচে থাকতেন তাহলে তিনি সব চেয়ে বেশী দুঃখ পেতেন যে তাঁর এই মিকস্‌ড ইকনমির রিটার্ন কি তিনি পেলেন। দেশে যখন এসেনসিয়াল সাপ্লাই হয়না, যখন লক্ষ কোটিপতিরা এইভাবে দুর্নীতিপূর্ণ অবস্থায় কালোবাজারী করে চোরাকারবারী করে অপহরণ করে দেশের স্বার্থকে জলাঞ্জলি দেয় তখন এইসব কথা শুনে নেহরু দুঃখ পেতেন এবং তিনি রিবিউক করতেন আমাদের গালাগালি করতেন যে আজকে আমাদের দুর্গাপুর কংগ্রেসে কি কর্তব্য হবে। ডেবরের বক্তব্য হচ্ছে তাঁর বক্তব্য হত এই যে যেভাবে হোক আমরা দুর্গাপুর কংগ্রেস থেকে একটা লিড দেব। দুর্গাপুর অধিবেশনে লিড কিছু নেই, পলিটিক্যাল বা ইকনমিক রিজলিউসান তা শুধু ভাসা-ভাসা, তাতে কোন কথা নেই। দুর্গাপুর তাহলে কি লিড দিল? আমি তাই ভালভাবে এ্যাসেস করতে চাই যে এত টাকা খরচ করে

What has Durgapur done? What has the Congress done? Why has the Government spent so much money for a party, which is the ruling party.

ঠিক সেই সঙ্গে আমি এই কথা বলতে চাই মাননীয় অধ্যক্ষ মহাশয় যে চাঁদার জন্য বিভিন্ন জায়গায় সার্কুলার দেওয়া হয়েছে যে চাঁদা তোল। শুধু সার্কুলার দেওয়া হয়নি, এই কথা বলা হয়েছে যে দুর্গাপুর কংগ্রেসকে সাফল্যমণ্ডিত করতে গেলে বিভিন্ন ইউনিয়নের উপর তদারক কর যাতে প্রত্যেকটি ইউনিয়ন নেতা সেই দুর্গাপুর কংগ্রেসের বিরুদ্ধে কোন কাজ করতে না পারে। শুধু তাই নয়, তাদের হুঁসিয়ার করে দাও রেসট্রেন কর। মামলা করে এইভাবে বহু নেতাদের রেসট্রেন করা হয়েছে। শুধু তাই নয়, রেসট্রেন করা হয়েছে এইভাবে যাতে তার নিজের নিজের কোলিয়ারিতে পর্যন্ত যেতে না পারে। আমার কাছে রিপোর্ট আছে দুর্গাপুর কোলিয়ারিতে বিভিন্ন মজুরের কাছ থেকে মাথাপিছু চাঁদা তুলে সেই টাকা কোলিয়ারির মালিকরা দুর্গাপুর কংগ্রেসের জন্য চাঁদা দিয়েছে। শুধু তাই নয়, পুলিশ কেস করেছে কল্যানশংকর রায়ের বিরুদ্ধে। তিনি হচ্ছেন সেক্রেটারী, ইণ্ডিয়ান মাইন ওয়ার্কার্স ফেডারেশান, তাঁর বিরুদ্ধে গভর্ণমেন্ট মামলা করছেন এই বলে যে তুমি কিছুতেই তোমার এই কোলিয়ারি ফিল্ডে ঢুকতে পারবে না। অর্ডারের তারিখ হচ্ছে ২৫-১২-৬৪। শুধু কিরণশংকর রায়ের ছেলে বলে নয়, কল্যানশঙ্কর রায় একজন শিক্ষিত সম্প্রদায়ের লোক, তিনি শিক্ষিত লোক, তাঁকেও সেইভাবে রেসট্রেন করা হয়েছে যাতে তিনি তাঁর কোল ফিল্ডে ঢুকতে না পারেন। এইভাবে আমরা আরো দেখছি অণ্ডালে বেবিসোল কোলিয়ারি, জামহারি খাস কোলিয়ারি, ইত্যাদি বিভিন্ন কোলিয়ারিতে এইভাবে তাঁরা তদারকী সার্কুলার দিয়েছেন যাতে বিভিন্ন কোলিয়ারী নেতা, বিভিন্ন ট্রেড ইউনিয়নের নেতা সেখানে যেতে না পারেন। আমার শেষ বক্তব্য হচ্ছে এই একদিকে দুর্গাপুর কংগ্রেসে শাসক পার্টির পক্ষ থেকে স্বেচ্ছাচারভাবে দেশের টাকা অপহরণ করা হয়েছে, আর একদিকে দেশের লোককে দুর্গাপুর কংগ্রেস অধিবেশনের দরুণ ভীষণ অসুবিধার মধ্যে ফেলা হয়েছে, অত্যাচারের মধ্যে ফেলা হয়েছে। চিনির সর্টেজ করে দিয়ে এবং সমস্ত চিনি দুর্গাপুরের ক্যান্টিন-এর জন্য দেওয়া হয়েছে, যখন আসানসোলে চিনি নাই, বর্ধমানে চিনি নাই, তখন সেই চিনি আপনারা দুর্গাপুরে নিয়ে গিয়েছেন ক্যান্টিন-কে দেবার জন্য। অথচ ওদিকে দেশের লোকের কাছ থেকে চাঁদা, টাকা আদায় করেছেন তার জন্য। এইসব কথা আপনাদের চিন্তা করা উচিত বলে আমি মনে করি। কংগ্রেস কোন্ পথে যাবে। আপনারা যদি কংগ্রেসকে ভালবাসেন, পার্টি কংগ্রেসের আদর্শ আপনাদের ধ্যানধারণা লক্ষ্য যা আপনারা মুখে বলেন,

তাকে যদি কার্যকরী করতে হয়, তাহলে ২৪ ঘন্টার মধ্যে করতে হবে যে আমাদের মূল, আমাদের টেম্পার কোনদিকে যাওয়া উচিত।

শেষকালে আর একটা কথা বলতে চাই এখানে অমরনাথ বিদ্যালঙ্কার, তিনি বলে গেছেন "Unfortunately since independence we in the Congress have gradually become indifferent to the task of building public opinion and keeping in touch with the people in all fields."

আমার বক্তব্য হচ্ছে যে আপনারা জনসাধারণের সঙ্গে যোগাযোগ রাখুন। যত বেশী আপনারা বিচ্ছিন্ন হয়ে যাবেন, সরকারের দণ্ড দিয়ে আপনারা নিজেদের পার্টি এবং সম্মেলনকে সাফল্যমণ্ডিত করবার জন্য আপ্রাণ চেষ্টা করবেন। বর্তমানে আপনারা যে পথে চলছেন, সে পথ পরিত্যাগ করুন। এ পথ পরিত্যাগ করতে না পারলে কংগ্রেস আমাদের জাতীয় জীবনে এক রকম সঙ্কট ডেকে নিয়ে আসবেন এবং সেই সমস্যা আপনারা সমাধান করতে পারবেন না। তার ফলে দেশে ভীষণ বিভ্রাট, বিক্ষোভ, নানারকম অশান্তি সৃষ্টি হবে। এই পথ থেকে কংগ্রেসের উচিত ভালভাবে বিবেচনা করে সেই পথ থেকে সরে যাওয়া এবং সেই পথে যাওয়া যে পথে গেলে গণতন্ত্র এবং জাতীয়তার চেতনাকে পুনর্বার উজ্জীবিত এবং উদ্দীপ্ত করা যায়।

Shri Asoke Krishna Dutta:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রস্তাব যিনি এনেছেন তাঁর মূল বক্তব্য হচ্ছে যেহেতু কংগ্রেস একটা রাজনৈতিক প্রতিষ্ঠান, সেই রাজনৈতিক প্রতিষ্ঠানের সরকারী সাহায্য নিয়ে নিজেদের রাজনৈতিক স্বার্থ চরিতার্থ করা উচিত নয় এবং যেহেতু তা করা হয়েছে, তাই তিনি সরকারের এই কাজটাকে ধিক্কার দিচ্ছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গণতন্ত্রে আমি নিজে বিশ্বাস করি এবং গণতন্ত্রে কোন রাজনৈতিক দলকে তাদের নিজেদের স্বার্থ চরিতার্থ করবার জন্য সরকারী সাহায্য নেওয়া উচিত নয়—এই আমার বিশ্বাস। এ ক্ষেত্রে যে প্রস্তাব আনা হয়েছে, সেই প্রস্তাবের আমি বিরোধিতা করছি। কারণ কংগ্রেস দল যে সর্বভারতীয় সম্মেলন করেছে দুর্গাপুরে, যেখানে অন্যায়ভাবে, অযৌক্তিকভাবে কোনরকম সরকারী সাহায্য কংগ্রেস নেয়নি, যাঁরা এই প্রস্তাব এনেছেন, তাঁরা বিকৃতভাবে অসত্য পরিবেশন করে লোককে বোঝাবার চেষ্টা করেছেন যে সরকারী সাহায্য কংগ্রেস অন্যায়ভাবে নিয়েছে। যিনি এই প্রস্তাব করেছেন, তিনি বলেছেন, তার দলের মাননীয় সদস্য শম্ভুবাবু বলেছেন এবং অন্যান্য সদস্যরাও বলেছেন তাঁদের সকলের একই ধরণের যুক্তি ছিল। কিন্তু আমার পূর্ববর্তী বক্তা সনৎবাবুর বক্তৃতা শুনে মনে হলো যে সরকারী সাহায্য নেওয়া না নেওয়া তাতে চিন্তার কিছু নাই। কিন্তু কংগ্রেস প্রতিষ্ঠান খারাপ হয়ে যাচ্ছে এবং সেই কংগ্রেস কি করে ভাল হয়, কংগ্রেসের কি করা উচিত এবং কি করা উচিত নয়—সেটা বলা তাঁর মুখ্য উদ্দেশ্য। আর যাঁরা সরকারী সাহায্য নিয়েছে বলে সমালোচনা করেছেন, তার মধ্যে প্রথম যিনি প্রস্তাব এনেছেন, তিনি বলেছেন বিভিন্ন ষ্টল ভাড়া দেবার জন্য মোটা মোটা চাঁদা কংগ্রেস নিয়েছে। আমার কথা হচ্ছে—যদি কারবারী লোকদের কাছ থেকে চাঁদা নেওয়া হয়ে থাকে তাতে অন্যায় কি হয়েছে? কারবারী লোক যখন অধিবেশনে গিয়েছেন, তাঁরা যে চাঁদা দিয়ে সেই একজিবিসান-এ ষ্টল নিয়েছেন, সেটা কংগ্রেসকে সাহায্য করবার উদ্দেশ্যে নয়, নিজেদের ব্যবসায় করে মুনাফা করবার উদ্দেশ্যে। ব্যবসায়ীরা সেখানে গিয়েছে—ব্যবসায় করে লাভ করবার জন্য। কাজেই সরকারী সাহায্য কোনরকমভাবে অন্যায় ভাবে নেওয়া হয় নাই। তাঁরা যে উদাহরণগুলো দিয়েছেন তা হয় অসত্য, আর না হয় এমনভাবে বিকৃত করা হয়েছে যা অসত্যের চেয়েও খারাপ।

[নয়েজ এণ্ড ইন্টারাপসানস্]

মাননীয় বন্ধু শম্ভুবাবু বললেন দুর্গাপুরে স্পেশাল ট্রেন গিয়েছে। দুটো তারিখে সেই স্পেশাল ট্রেন গিয়েছে। তার ডেটও তিনি দিলেন। একটা তারিখ হলো ৩১এ ডিসেম্বর; আর একটা হলো ১০ই জানুয়ারী। ৩১এ ডিসেম্বরের কথা আমি বলবো. শম্ভুবাবু শুধু এই হাউসের একজন বিশিষ্ট সদস্যই নয়, তিনি একজন বিশিষ্ট অধ্যাপক, এই সমস্ত জিনিসগুলি বলবার আগে, সেই তথ্যগুলি একটু অনুসন্ধান করে বলা উচিত ছিল। আমি তাঁকে চ্যালেঞ্জ করছি যে ৩১এ ডিসেম্বর কলকাতা থেকে দুর্গাপুরে কোন স্পেশাল ট্রেন দেওয়া হয় নি।

[এ ভয়েস : সম্পূর্ণ অসত্য]

আমি বলবো ৩১এ ডিসেম্বর কংগ্রেসের জন্য কোন স্পেশাল ট্রেন দেওয়া হয় নাই, দেওয়া হয়েছিল যেখানে একটা রেলওয়ে স্টেশন খোলা হবে বলে সেখানে একটা স্পেশাল ট্রেন গিয়েছিল। সেই স্পেশাল ট্রেন যখন গিয়েছিল, তখন কংগ্রেসের অধিবেশন হয় নাই।

[এ ভয়েজ : তবে রেলওয়ে ষ্টেশন কিসের জন্য?]

দুর্গাপুরে কংগ্রেস অধিবেশন হয়েছে ৬ই জানুয়ারী। তবে দুর্গাপুরে সারা বছর অনেক কারণে স্পেশাল ট্রেন দেওয়া হয়। কারণ দুর্গাপুরে অনেক কিছু হয়, বিদেশী গণ্যমান্য লোক এলে দেওয়া হয়। তবে সেটার সঙ্গে কংগ্রেস অধিবেশনের কোন সম্পর্ক নাই। ৬ই জানুয়ারী থেকে ১০ই জানুয়ারী পর্যন্ত সেখানে কংগ্রেসের অধিবেশন হয়েছে। কাজেই ৩১এ ডিসেম্বরে কোন স্পেশাল ট্রেন দেওয়া হয়েছে কি হয় নাই তার সঙ্গে কংগ্রেস অধিবেশনের আদৌ কোন সম্পর্ক নাই।

[4-30—4-40 p.m.]

কংগ্রেসের সেসন হয়েছে ৬ থেকে ১০ই জানুয়ারী, কাজেই ৩১এ ডিসেম্বর কত স্পেশাল ট্রেন দেওয়া হয়েছে তার সঙ্গে কংগ্রেসের কোন সম্পর্ক নেই। রেলওয়ে যা কিছু করেছে তাতে কংগ্রেসের যা সুবিধা হয়েছে তার চেয়ে রেলওয়ের সুবিধা বেশী হয়েছে, বিশেষ করে টিকিট বিক্রির দিক থেকে। তারপর, লোকসান হয়েছে বলে যেটা ঘোষণা করা হয়েছে সেটা সম্পূর্ণ মিথ্যা, কারণ সমস্ত ভারতবর্ষ থেকে হাজার হাজার ডেলিগেট এসেছেন। রেলওয়ে যে ব্যবস্থা করেছে সেটা তারা বেংগল কংগ্রেসের সুবিধার জন্য করেনি একথা আমাদের মনে রাখতে হবে। সেখানে যে এক্জিবিসন হয়েছে তারজন্য এ'দের গাত্রদাহ হয়েছে, কারণ ও'দের যে সম্মেলন হয় তাতে ২/৪০০-র বেশী লোক হয়না। এই সম্মেলনে লক্ষ লক্ষ লোক এসেছে, অথচ রবীনবাবু বলছেন ৮০ হাজার লোক এসেছে। তিনি কোথা থেকে এই খবর পেয়েছেন আমি জানিনা। সেখানে যে এক্জিবিসন হয়েছিল তাতে ৮০ হাজারের ১০ গুণ টিকিট বিক্রি হয়েছিল, কাজেই কিকরে যে ৮০ হাজার লোকের কথা বললেন সেটা আমি বুঝতে পারছি না। এসব মিথ্যা কথা, দিনের পর দিন সেখানে লক্ষ লক্ষ লোক গিয়েছে। তারপর, পুলিশের অপব্যবহারের কথা যা বলা হয়েছে তাতে আমার বক্তব্য হচ্ছে পুলিশ কংগ্রেসের ভলান্টারী করবার জন্য বা অধিবেশন দেখবার জন্য যায়নি। সেখানে যে বিপুল জন সমাগম হয়েছিল তাতে ল এণ্ড অর্ডার মেন্টেন করবার দরকার ছিল। আমাদের এখানে যখন গংগাসাগরে মেলা হয় তখন সেখানে লক্ষ লক্ষ লোক যায় এবং তারজন্য পুলিশ পাঠাতে হয়। কাজেই এই দুর্গাপুরে তারা যে গেছে সেটা কংগ্রেসের সুবিধার জন্য যায়নি, সেখানে যে লক্ষ লক্ষ লোকের সমাগম হয়েছিল তাতে ট্রাফিক কন্ট্রোল করবার জন্য, ল এণ্ড অর্ডার রক্ষা করবার জন্য তারা গিয়েছিল। কংগ্রেসের হাজার হাজার ভলান্টিয়ার রয়েছে কাজেই পুলিশের সাহায্য নেবার কোন প্রয়োজন নেই। কংগ্রেস ফরওয়ার্ড ব্লকের মত ১৩ জন লোকের পার্টি নয় যে তাদের ভলান্টিয়ারের অভাব রয়েছে। শুধু বাংলাদেশ থেকে নয়, সারা ভারতবর্ষ থেকে ভলান্টিয়ার এসেছিল কাজেই আমাদের ভলান্টিয়ারের অভাব হয়নি। ৪ হাজার ভলান্টিয়ার হয়েছিল, কাজেই পুলিশের সাহায্য নেবার প্রয়োজন হয়নি। তারপর, বাস-এর কথা বলা হয়েছে যে, কোথাকার আর, টি, এ-র সেক্রেটারী অন্যায়ভাবে বাস রিকুইজিসন করেছেন। অনেক বাস আনা হয়েছিল, কারণ যেখানে এত হাজার হাজার লোক আসছে সেখানে আর, টি, এ, বিভিন্ন রুট-এর ব্যবস্থা করেছিলেন। তাঁরা আগে থেকেই আন্দাজ করেছিলেন যে বিপুল লোক সমাগম হবে এবং সেইজন্য লোকের যাওয়া আসার সুবিধার্থে বাস-এর ব্যবস্থা করেছিলেন। যারা এই বাস রুট করেছিল তাদের অনেক লাভ হয়েছে। ও'রা বলেছেন লোকসান হয়েছে, আমার মনে হয় এই সমস্ত প্রাইভেট বাস হোল্ডার যারা আছে তাদের সঙ্গে ওঁদের বোধহয় কোন যোগসাজস আছে, ওঁদের বোধহয় কোন বাস কোম্পানী আছে। একটা বাস-এ যত লোক ধরে তার চেয়েও অনেক বেশী লোক হয়েছিল। তারপর, রবীনবাবু আমাদের ব্যাংগ করে বলেছেন যে, আমরা দেশকে ব্যক্তিগত সম্পত্তি বলে মনে করি। ও'দের সঙ্গে আমাদের সামান্য একটু তফাত আছে, আমরা দেশকে ব্যক্তিগত সম্পত্তি বলে মনে করিনা। আমরা যাঁরা কংগ্রেসে রয়েছি তাঁরা দেশকে নিজেদের দেশ বলে মনে করি, আমরা অন্য দেশের দালালী করে দেশকে বিদেশের কাছে বিক্রি করবার চেষ্টা করিনা।

এই দেশকে আমি নিজেদের দেশ বলে মনে করি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি সরকারী তহবিলকে নিজেদের তহবিল বলে মনে করিনা। এদের গাত্র দাহ হয়েছে, কিন্তু আমরা সরকারী তহবিল-এর আমরা অপচয় করিনি, সরকারের সম্পত্তি যা ব্যবহার করেছে তার প্রত্যেকটির জন্য কংগ্রেস ভাড়া দিয়েছে, তাছাড়া যে কয়টি জিনিস ব্যবহার করেছি প্রত্যেকটির জন্য আমরা ভাড়া দিয়েছি, পি এন টি আমাদের বিধানসভার আওতার মধ্যে আসে না, পি এন টির কোন কিছু অপব্যয় করা হয়নি। এর্কজিবিশনে অন্যান্য প্রাদেশিক সরকার যে সমস্ত ষ্টল খুলেছে, তাতে কংগ্রেস অধিবেশনের যতটা সুবিধা হয়েছে, তার চেয়ে ঢের বেশী সুবিধা হয়েছে তাদের. একথা মনে রাখতে হবে দুর্গাপুরে যে লোক সমাগম হয়েছিল তাতে শুধু বাংলাদেশের নয়, ভারতবর্ষের ১৬টি প্রদেশের জনপ্রতিনিধি এসেছিল, যে বিপুল জনসমাবেশ হয়েছিল তাতে বিভিন্ন প্রদেশের এম, এল, এ, বিভিন্ন প্রদেশের মন্ত্রী এবং কেন্দ্রীয় মন্ত্রী এই সম্মেলনে এসেছিলেন, এই রকম লোক সমাগম আর কোথাও হয়না। সত্যিকারের জন সমাবেশ প্রতি বছরে ভারতবর্ষের কোথাও যদি হয় সেটা কংগ্রেসের সমাবেশে। এর্কজিবিশন ষ্টল ভাড়া দিয়ে কংগ্রেসের যতটা সুবিধা হয়, তার চেয়ে যারা এর্কজিবিট করে, এ্যাডভার্টাইজ করে, তাদের অনেক বেশী সুবিধা হয়। তারা কংগ্রেসকে দয়া করার জন্য ষ্টল করেন না, নিজেদের এ্যাডভার্টাইজ করে প্রচার করার জন্য সুবিধা হয় বলেই ষ্টল করেন। এটা কোন ফরয়ার্ড ব্লক বা বামপন্থী কমিউনিষ্ট বা দক্ষিণপন্থী কমিউনিষ্টদের সম্মেলন নয়, যেখানে ২৫টি ডেলিগেট গেল কি ৩০০ লোক দেখতে গেল, সে রকম নয়. এখানে হাজার হাজার লোক আসে লক্ষ লক্ষ লোক আসে তাই ষ্টল খোলে, ভারতের লোকের কাছে দেখাবার জন্য, ভারতের জনপ্রতিনিধিদের কাছে দেখাবার জন্য, দুর্গাপুরে কংগ্রেস সরকার কোন টাকা দেননি এবং কংগ্রেসও নেননি। এখানে মাননীয় অধ্যক্ষ মহোদয়. একটা জিনিস বিকৃত করার জন্য চেষ্টা করা হয়েছে। এখানে যে সমস্ত কাজ করা হয়েছে যে যে ক্যাপিট্যাল এক্সপেনডিচার করা হয়েছে সেটা কংগ্রেসের জন্য করেনি। তৃতীয় পরিকল্পনায় যে সমস্ত রাস্তার উন্নতির ব্যবস্থা করা হয়েছিল এবং হাউসিং-এর উন্নত ব্যবস্থা করেছিল যা কিছু ক্যাপিটেল এক্সপেনডিচার হয়েছিল এটা কংগ্রেসের জন্য হয়নি, তবে কংগ্রেস অধিবেশন হয়েছে বলে কিছুটা কাজ এগিয়ে গেছে. কারণ সারা বাংলাদেশ ছাড়াও ভারতবর্ষের বিভিন্ন প্রদেশের মন্ত্রীরা এসেছিলেন, কেন্দ্রের মন্ত্রীরা এসেছিলেন, তাঁদের কাছে কাজ দেখাবার জন্য হয়ত সরকারী কর্মচারীরা বেশী কাজ করেছে, কিন্তু তৃতীয় পরিকল্পনার বাইরে থেকে কোন টাকা সেখানে খরচ করা হয়নি। মাননীয় অধ্যক্ষ মহোদয়. একথা আমি বলতে চাই শুধু দুর্গাপুর নয় ভারতবর্ষের যে কোন জায়গায় প্রত্যেক বছর কংগ্রেসের সম্মেলন হয় এবং তার জন্য প্রত্যেক জায়গার যে উন্নতি হয় তার জন্য সেই এলেকা চিরকাল কংগ্রেসকে আশীর্বাদ করেন. ধন্যবাদ দেন। এজনাই এদের দুঃখ হচ্ছে যে এই যে কংগ্রেসের সম্মেলন হল দুর্গাপুরে সেখানকার এলাকার লোক যে এতখানি কংগ্রেসকে সত্যিকারের ধন্যবাদ দিচ্ছে, কংগ্রেসের প্রতি এদের যথেষ্ট আনুগত্য হবে সেজনাই এঁদের গাত্রদাহ হয়েছে। সামনে যে নির্বাচন হবে তাতে যে ফল হবে তার তাঁরা বুঝতে পাচ্ছেন এবং সেটা আগে থেকে আন্দাজ করে এদের গাত্রদাহ হয়েছে এবং কংগ্রেস প্রতিষ্ঠানকে এরা এই সমস্ত কথা বলতে আরম্ভ করেছে। একটু আগে সনৎবাবু বলছিলেন মেলা দেখতে গিয়াছিলেন দুর্গাপুরে. কংগ্রেসকে দেখতে যাননি. এই ভুল ধারণা তাঁদের পক্ষে স্বাভাবিক। ফলে তাদের যখন কনফারেন্স হয় তখন আই পি টি এ-কে নিয়ে যান. তাদের দিয়ে শো করান. মেলা টেলা করান. কেননা ভীড় করতে হবে এবং সেই মনোবৃত্তিতে আই পি টি এ নিলে লোক হবে. নইলে হবেনা সেই ভাব থেকে তাদের পক্ষে এটা বলা সম্ভব যে সেখানে লোক মেলা দেখতে গেছল। আমাদের কংগ্রেসের যে প্রতিষ্ঠান. তাতে সেখানে লোক শুধু মেলা দেখতে যাননি. ট্রেন বোঝাই করে মেলা দেখতে যাননি. কংগ্রেস অধিবেশন দেখতে যাননি. ট্রেন বোঝাই করে মেলা দেখতে যাননি. কংগ্রেস অধিবেশন দেখতে বহু লোক গেছল. দুর্গাপুরে যে কংগ্রেস অধিবেশন হয়েছিল তাতে শুধু সারা বাংলাদেশ থেকে নয়, সমস্ত ভারতবর্ষের প্রতিনিধি স্থানীয় লোক গেছলেন এবং তারজন্য দুর্গাপুরে যথেষ্ট সুবিধা হয়েছে, বাংলাদেশের যথেষ্ট সুবিধা হয়েছে। এই কারণে মাননীয় অধ্যক্ষ মহোদয়. যে প্রস্তাব এসেছে আমি তার সম্পূর্ণভাবে বিরোধিতা করছি এবং সভার কাছে প্রস্তাব রাখছি যে এই প্রস্তাব সম্পূর্ণ ইউনানিমাসলী রিজেক্ট করে দিন।

[4-40—4-50 p.m.]

Shri Bejoy Kumar Banerjee:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, দুর্গাপুর কংগ্রেসের অধিবেশন নিয়ে আজ যে বিতর্ক ও আলোচনা শুরু হয়েছে তার গুরুত্ব উপলব্ধি করার সময় এসেছে—শুধু হাল্কা মনে কংগ্রেস ভাল কি খারাপ এটা নিয়ে মাথা ঘামানোর আমাদের দরকার নেই। আজ যে প্রশ্ন উঠেছে সেটা হচ্ছে যে কোলকাতা ও শিল্পাঞ্চলে পুরো রেশনিং চালু হবার কয়েক ঘন্টা পরেই কংগ্রেসের রাজসুয় যজ্ঞ দুর্গাপুরে কংগ্রেসের অধিবেশনের নামে হল। এই অধিবেশনে না কি লক্ষ লক্ষ লোকের সমাবেশ হয়েছিল সেই সময় যখন কোলকাতার সাধারণ মানুষ ডাল, চাল, তেল বেবি ফুড ইত্যাদি পায়নি সুতরাং একথা আজ নিশ্চয় দেশের মানুষ জিজ্ঞাসা করতে পারে যে এই যে লক্ষ লক্ষ লোকের সমাগম হয়েছিল এবং সেই উপলক্ষে যে সেখানে থাকার, খাওয়ার ও আমোদের ফোয়ারা হয়েছিল ও তারজন্য যে আটা, ময়দা সাপ্লাই হয়েছিল তাতে সরকারের হাত ছিল কি না? কংগ্রেস ও সরকার দুটো আলাদা জিনিস—আজ এই সীমারেখা নির্ধারণ করার সময় এসেছে। এক পক্ষ শুধু চেঁচিয়ে অভিযোগ করবে, আর এক পক্ষ বলবে কিছু নয় তাহলে এ নিয়ে সমস্যার সমাধান হবেনা। আজ কংগ্রেস যদি সৎ হয় তাহলে আমি নিবেদন করি মুখ্যমন্ত্রীকে যে একটা নিরপেক্ষ তদন্ত বসান এবং যে সমস্ত অভিযোগ করা হয়েছে সেই সব অভিযোগের তদন্ত সেখানে হবে। অর্থাৎ কংগ্রেস সরকারের সাহায্য নিয়েছে কি নেয়নি—যদি নিয়ে থাকে তাহলে কি পরিমাণ নিয়েছে, যদি নিয়ে থাকে তাহলে অন্যায় করেছে কি করেনি সেটার যদি তদন্ত না হয় তাহলে এখানে বাগবিতণ্ডার শেষ হয়ে যাবে। কিন্তু মুখ্যমন্ত্রী যদি তা না করেন, সংখ্যাগরিষ্ঠতার জোরে যদি এড়িয়ে যান তাহলে তাতে গণতান্ত্রিক মর্যাদা রক্ষা হবে না। সেজন্য আজকে গণতান্ত্রিক রাষ্ট্রের সুচনা ধ্বংসের দিকে যাচ্ছে। সুতরাং গণতন্ত্রকে আজ যদি বাঁচাতে হয় তাহলে গণতন্ত্রের প্রতি মর্যাদা দিতে হবে। স্টেটসম্যান কাগজ দলনিরপেক্ষ কাগজ। স্টেটস্‌ম্যান কাগজ দায়িত্বশীল কাগজ তাতে দিনের পর দিন দুর্গাপুর সম্বন্ধে যেসব কথা বেরুচ্ছে তা আমরা সব দেখছি। তাঁরা বলছেন কংগ্রেস শুধু লক্ষ নয়, কোটি কোটি টাকা খরচ করেছেন। জানিনা লক্ষ হয়েছে কিনা—অশোকবাবু বলছেন হয়নি। কংগ্রেসের অনাড়ম্বর ভাব দেখে দেশের মানুষ দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে এক এক টাকা করে দিয়ে ১৬।২০ কোটি টাকা সংগ্রহ করে দিয়েছেন এবং অত্যন্ত কৃচ্ছ্রসাধনের মধ্য দিয়ে কংগ্রেসের অধিবেশন দুর্গাপুরে হয়েছে। স্টেটসম্যান কাগজে যদি প্রত্যেকদিন এই রকম লেখা হয় যে কংগ্রেস সরকারের সঙ্গে মিশছে তাহলে কংগ্রেস সরকারের বিরুদ্ধে প্রাইমা ফেসি কেস এস্টাব্লিশড হয়ে গেছে। নন্দজীকে জিজ্ঞাসা করা হয়েছিল যে একটা কাগজের মারফৎ যদি এত অভিযোগ আমাদের সামনে আসে তাহলে কেন তার তদন্ত হবে না? অবশ্য তাঁরা বলছেন যে আমরা কিছু করিনি, কংগ্রেস এসব করেনি। কিন্তু তাহলে তদন্ত করতে কেন রাজী হবেন না? সরকারের পেট্রোনাইজ যদি না থাকতো তাহলে আমি বুঝতাম কটা লোক সেখানে যেতেন। অশোকবাবু বলেছেন ব্যবসাদারদের কাছ থেকে টাকা নিতে দোষ কি? ব্যবসাদাররা এমনি টাকা দেয়নি—মানুষকে বিষ খাওয়াবে, ওষুধে বিষ খাওয়াবে এবং তারজন্য যে লাভ করে নেবে তারই জন্য তারা আগামী দাদন দিলো। [এ ভয়েস ঃ—কেরালায় কম্যুনিষ্টরা করেছিল।] কম্যুনিষ্টরা যদি নেয় তাহলেও দোষ, কংগ্রেস নিলেও দোষ। আমি নন্দজীকে বলছি আজকে অনুগ্রহ করে এই রাষ্ট্রের উপর তদন্ত হোক এবং সেই তদন্ত হয়ে যাই ফল হোক, কিন্তু তাতে দেশের মানুষ বুঝুক যে কংগ্রেস বাস্তবিক পক্ষে গণতান্ত্রিক উপায়ে পরিচালিত হচ্ছে। গণতন্ত্রে সংখ্যাগরিষ্ঠ দলকে রাষ্ট্র পরিচালনার দায়িত্ব দেওয়া হয়। কিন্তু তার মানে এই নয় যে সরকারের টাকা নিয়ে ছিনিমিনি খেলবেন। এ দায়িত্ব তাঁদের দেওয়া হয়নি, এ টাকা জনসাধারণের টাকা। আজকে যদি এই নজীর সৃষ্টি হয় তাহলে কাল অন্য পার্টি এসে কংগ্রেসের জায়গায় বসে এই নজীর দেখাবে এবং পার্টিবাজী করবে। আমি জানিনা কংগ্রেস কি করছে না করছে। আমি স্টেটস্‌ম্যান কাগজকে ইগনোর করতে পারি না, আমি তাকে অভিনন্দন জানাচ্ছি। আজকের দিনে কংগ্রেসের বিরুদ্ধে এরূপ লিখছে। অন্যান্য যে সমস্ত কাগজ আছে তাদের হয়ত এর মত নাম নেই, এবং অনেকের সাহস নেই কংগ্রেসের বিরুদ্ধে সত্য কথা বলবার। স্যার, কংগ্রেসের উপরে আমার রাগ নেই, কিন্তু এ'রা সাধারণ মানুষকে আজকে কোথায় নিয়ে যাচ্ছেন। আমরা স্টেটস্‌ম্যান-এ ডাঃ

রায়ের নামে যে স্টেশন হয়েছিল ডক্টর রায়·ফ্ল্যাগ স্টেশন তার কথা পড়লাম। ৩১এ ডিসেম্বর মহা সমারোহ করে সেই স্টেশন হল, এই প্রসঙ্গে আমার একটা প্রচলিত কথা মনে পড়লো রোম বার্ণিং হোয়াইল নিরো ফিড্রিং' সেই ফ্ল্যাগ স্টেশন পরে ভেঙ্গে দেওয়া হল। সেই ফ্ল্যাগ স্টেশনটা ভেঙ্গে দেবার ছবি আমরা দেখেছি। আমি রাগারাগিতে ভয় করি না বা আমি কারো তোষামোদ করি না। আমি জানতে চাই আপনারা ধামাচাপা দেবার চেষ্টা করছেন কেন? এ টাকা কংগ্রেস সরকারের নয় এ টাকা জনসাধারণের টাকা, কাজেই আমার প্রস্তাব হচ্ছে আপনারা নিরপেক্ষ তদন্তে হাজির হন সেখানে দেখা যাবে যে কি হয়েছে। আজ এখানে কোশ্চেন করলে সঠিক উত্তর মেলে না আপনাদের সেখানে ২৫ হাজার না ৫০ হাজার পুলিশ গিয়েছিল তাদের খাওয়াদাওয়া, থাকা ইত্যাদিতে যে টাকা খরচ হয়েছে সে সব কার হুকুমে করা হয়েছে সেটা আমরা জানতে চাই। প্রদর্শনীতে এবং ভেতরে যে স্টল হয়েছিল তার জন্য সেখানে সরকার থেকে কি খরচ হয়েছে তাহার লাভ লোকসান আমরা কিছুই জানলাম না। শুনলাম সেখানে রাস্তা মেরামত হয়েছে কিন্তু এ সবের কিছুই আমরা জানলাম না। আপনারা বলেছেন যে এ সব প্ল্যান-এর মধ্যে ছিল কিন্তু আমার কথা হচ্ছে যে এর সমস্ত নিরপেক্ষ তদন্ত হওয়া উচিত যেখানে রাস্তার দরকার নেই সেই রাস্তা মেরামত হয়েছে কিনা ইত্যাদির সমস্ত বিষয় নিয়ে নিরপেক্ষ তদন্ত হওয়া দরকার। আজ যদি এটা করা না হয় তাহলে একটা মস্ত বড় অন্যায় করা হবে। আপনাদের যদি গণতন্ত্রের প্রতি বিন্দুমাত্র শ্রদ্ধা থাকে তাহলে এক্ষুণি করুন তা না হলে এখানে কতকগুলি লোক থাকবে যারা ও পক্ষের কিছু বললেই বলবেন না, না এবং ওখানের নিজেদের কিছু বললেই বলবেন হ্যাঁ, হ্যাঁ এটা ঠিক নয়। তাই আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে বলছি যদি রাষ্ট্রের সম্মান রাখতে চান যদি গণতন্ত্রকে মর্যাদা দিতে চান তাহলে একটা নিরপেক্ষ তদন্তে হাজির হন, স্টেটস্‌ম্যান কাগজে যেটা লিখেছে সেটা আমি বিশ্বাস করি এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-50—5 p.m.]

Shri Nani Bhattacharjee:

মাননীয় স্পীকার মহাশয়, যে প্রস্তাব আমাদের মাননীয় সদস্য বিজয়বাবু এই হাউস-এর সামনে এনেছেন, সেই প্রস্তাব সমর্থন করতে উঠে, ২।১টি কথা বলবো। এখানে অশোকবাবু, তিনি পরিষ্কার সাফাই গেয়ে বললেন যে পুলিশ সেখানে যাবে না কেন? যেখানে হাজার হাজার লক্ষ লক্ষ লোকের সমাবেশ, সেই আইন শৃঙ্খলার প্রশ্ন আছে, সুতরাং পুলিশ যাবে, রাস্তাঘাট তৈরী হবে না কেন, রাস্তাঘাট তো তৃতীয় পরিকল্পনার মধ্যেই আছে, খুব বড়জোর তাড়াহুড়ো করে সেখানে তৈরী করা হয়েছে, এতগুলো লোক যাবে সুতরাং তৈরী করা হয়েছে। ঠিক তেমনি স্টল ওয়ালারা যাবেন না কেন? তাদের কাছ থেকে মোটা টাকা নেবো না কেন? তারা ব্যবসা করার জন্য যাচ্ছে, সুতরাং নিশ্চয়ই তাদের কাছ থেকে আমরা নিয়েছি। তেমনি যে সমস্ত সরকারী অফিস-এর প্রদর্শনী গিয়ে বসেছে, সেগুলোই বা যাবে না কেন? দেশের কত লোক সেখানে আসবে সুতরাং তাদের কাছে এই সরকার কি করছেন না করছেন তার একটা প্রচার হবেনা? তারজন্য যদি সরকারের টাকা খরচ হয়ে থাকে তাহ'ল কার কি বলার আছে? কোন কিছুই বলার নেই, সম্মেলন উপলক্ষে প্রদর্শনী করা হয়েছে প্রচারের জন্য সুতরাং কিছু নেই। রেল অতিরিক্ত চালালো কেন? স্পেশাল ট্রেন পয়সা পেয়েছে, পয়সা রোজগারের জন্য যে ট্রেন চালিয়েছে এবং তাতে যদি রেল এর লোকসান হয়ে থাকে তাহলে তার দায় দায়িত্ব কংগ্রেসের ঘাড়ে আসবে কেন? রেল এর ঘাড়ে আসবে। ঠিক তেমনি অন্যান্য ব্যাপারে সেই একই কথা—সাফাই অবশ্য সব কিছুতেই গাওয়া যায়, কিন্তু একটা বিষয়ের সাফাই গাওয়া খুবই কঠিন। সেটা এই যে প্যাট্রোনেজ। এই প্যাট্রোনেজ কি অনেস্ট পেট্রোনেজ হয়েছে? সেখানে আমরা পরিষ্কার ঘোষণা করতে চাই? স্পীকার স্যার, যে এই সাফাই গাওয়া সত্বেও বড় কথা সেটা হচ্ছে যে পেট্রোনেজ, আজকে কংগ্রেস সম্মেলনকে উপলক্ষ করে সরকার দেখিয়েছেন, সেটা ডিজঅনেস্ট পেট্রোনেজ। গণতন্ত্রের বড় বড় কথা অথচ তাঁরা বলে থাকেন, কোন ক্ষেত্রে তা হতে পারে না, যেটা সবাই জানে যে রেল এর টাকা পাবলিক এর টাকা, আজকে যদি সেখানে কংগ্রেসের হাই কমান্ড, তাঁরা যদি বলে থাকেন, তাঁরা যদি চিঠি লিখে থাকেন, রেল কর্তৃপক্ষকে যে স্পেশাল ট্রেন এর ব্যবস্থা কর, তাঁরা তা

করেছেন এবং করেছেন কংগ্রেসের হাতে শাষণ ক্ষমতা আছে বলেই, তার দিকে তাকিয়ে তাঁরা যে কাজ করেছেন এবং সেইভাবে তাঁরা সেখানে হাজার হাজার লক্ষ লক্ষ টাকার লোকসান দিয়েছেন, জানিনা কত লক্ষ বা কত হাজার টাকা তারা লোকসান দিয়েছেন কিন্তু হয়েছে সেই জন্য, আমি বলছি স্যার, এর আগে গোহাটি কংগ্রেসের সময়, বহু দূরে যদি কনফারেন্স হয়, তার খবর এসে পৌঁছয় না, কিন্তু গোহাটিতে ১৯৬০ সালে যখন কনফারেন্স হয় তখন স্যার জানি আমরা স্পেশাল ট্রেন এর জন্য যখন দরখাস্ত করতে গিয়েছিলাম, তখন রেল কর্তৃপক্ষ বলেছিলেন যে মহাশয় কংগ্রেস তো বড় দল তার কনফারেন্স এর জন্য স্পেশাল ট্রেন করে আমাদের লোকসান হয়েছে, আপনারা ছোট দল আপনাদের কনফারেন্স এ স্পেশাল ট্রেন দিতে পারবো না। আমরা অবশ্য স্পেশাল ট্রেন পেয়েছিলাম এবং রেল কর্তৃপক্ষ লাভও করেছিল, কিন্তু কংগ্রেস সেখানে লোকসান করেছে। অন্য দিকে আজকে দেখতে পাচ্ছি, রেল ব্যবসা করতে বসেছে সুতরাং বলা হল দুর্গাপুরে, সেখানে সেই উপলক্ষে ট্রেন চলবে, লক্ষ লক্ষ টাকা লোকসান হলেও ক্ষতি নেই। সুতরাং সেভাবে দায়িত্ব এড়িয়ে যাবার কোনও উপায় নেই। লোকসান কেন হল? এই রেল এর যে লোকসান হ'ল পাবলিক-এর টাকা যেভাবে অপচয় হল, সেই অপচয় দুর্গাপুর কংগ্রেসকে উপলক্ষ করেই হয়েছে, সত্যি কথাটা আপনাদের মনে রাখা দরকার। ঠিক তেমনি মাননীয় স্পীকার মহাশয় বড় কথাটা হচ্ছে, এই যে পেট্রোনেজ, আজ এই সরকার দুর্গাপুর কংগ্রেসকে উপলক্ষ করে করেছে, সেটা সাধুতার সীমার মধ্যে থাকে না, যেটা অসাধু এবং খুব বাঁকা চোরা পথে, খুব ক্রুকেড পথে, নানারকম দুর্নীতিমূলক ডিজঅনেস্ট পেট্রোনেজ থাকে বলে, সেই ধরণের পেট্রোনজ আজকে দেখানো হয়েছে। সেভাবে একদিকে আমার দল আছে, অন্যদিকে শাসক কর্তৃপক্ষে আমি বসে আছি। একদিক দিয়ে আমি হুকুম করলাম, আর একদিকে দিয়ে সেটা কাজে করলাম, তারপর পাবলিক-এর কাছে দেখালাম যে সবকিছু ঠিক আছে, আমার কিছু ব্যাপার নয়, আমি কেন দায় দায়িত্ব ভোগ করতে যাবো? এইরকম ধরণের কথাটা হয়তো কংগ্রেসের পক্ষ থেকে বলা যেতে পারে, পাবলিককে এই ভাবে বোঝানোর চেষ্টা হ'তে পারে, কিন্তু পাবলিক-এর কাছে এই জিনিসটা আজকে পরিষ্কার হয়ে গেছে। স্টেটসম্যান কাগজে এই দুর্গাপুর সম্মেলনকে কেন্দ্র করে যে সমস্ত কথা লেখা হয়েছে, তার প্রতিবাদ করার কোনও সাহস কংগ্রেসের যাঁরা উচ্চ পদস্থ কর্তৃপক্ষ তাদের পক্ষ থেকে, সেগুলিকে খন্ডন করে কোনও বক্তব্য রাখার সাহস তাদের হয়েছে? আমরা দেখিনি সেরকম উচ্চ কর্তৃপক্ষের তরফ থেকে কিছু হয়েছে। প্রত্যেকটি বক্তব্যকে খন্ডন করে কোনও বক্তব্য রাখা হয়নি। কাজেই স্যার, আমি একটা কথা বলছি যে একটা তদন্ত কমিটি বসানো হোক, এ'রাও নিশ্চয়ই এটা চান, কারণ ও'রাও বলছেন যে আমরা কোনও অন্যায় করিনি, আমরা সব ঠিক করেছি, সেইজন্য একটা তদন্ত কমিটি বসানো হ'ক, হাইকোর্ট-এর একজন ভাল জজকে এ্যাপয়েন্ট করে একটা তদন্ত কমিটি বসানো হ'ক, যে সরকারী অর্থ সরাসরি পথে অথবা বাঁকা চোরা পথে অথবা অসাধু পেট্রোনেজ আকারে এই দুর্গাপুর সম্মেলনে গিয়ে পড়েছে কিনা? এবং সরকারী অর্থের কি পরিমাণ অপচয় হয়েছে তার একটা তদন্ত হ'ক এবং আমরা আশা করবো যদি এদের সেই দুঃসাহস থাকে, যে বড় বড় কথা এ'রা বললেন, সেই বড় বড় কথার পটভূমিকা নিয়ে বলছি যে এ'দের যদি সেই দুঃসাহস থাকে, তাঁরা তদন্ত কমিটিতে রাজী হবেন এবং তদন্ত কমিটির সামনে তাঁরা সাক্ষ সাবুদ দেবেন। সমস্ত প্রমাণ দিয়ে দেশবাসীকে দেখাবেন যে কোনও রকম অসাধু পেট্রোনেজ এই দুর্গাপুর সম্মেলনকে কেন্দ্র করে কংগ্রেসের প্রতি কংগ্রেস সরকার দেখান নি।

Shri Kashi Kanta Maitra:

মাননীয় স্পীকার মহাশয়, যে প্রস্তাব ফরওয়াড ব্লক-এর মাননীয় সদস্য বিজয় রায় মহাশয় উত্থাপন করেছেন, সেই প্রস্তাব আমি সমর্থন করছি সম্পূর্ণভাবে। আমাদের দেশে একটা প্রবাদ আছে এক কানকাটা গাঁয়ের এক পাশ দিয়ে যায়, আর দুকান কাটা গাঁয়ের রাস্তার মাঝখান দিয়ে যায়,, কংগ্রেসের অবস্থাও আজ ঠিক সেইরকম, তাদের কোনও লজ্জার বালাই নেই, একেবারে নির্লজ্জ হয়ে পড়েছেন। সুতরাং এই যে সমস্ত উক্তি মাননীয় কংগ্রেস সদস্য অশোকবাবু করলেন, আমি তাতে একটুও আশ্চর্য্য হইনি। আমার অভিযোগ এটা নয় যে কংগ্রেসের দুর্গাপুর অধিবেশনে চোরাকারবারীরা টাকা দিয়েছে, সেটা তো দেবেই, কারণ এটা চোরাকারবারীর সরকার। তারা এই সরকারকে টাকা দেবে না তো কে দেবে? আমার অভিযোগ সেদিক থেকে

নয়, এটা আমি জানি যে মাঝে যখন কাগজে নন্দজী চোরাকারবারীর বিরুদ্ধে লড়াই করবার জন্য হুমকি দিলেন, নকল লড়াই-এর ভান করলেন, তখন কলকাতার বড় বড় চোরাকারবারীদের কাছ থেকে কংগ্রেসের উপর তলার লোকেরা কিছুদিন চাঁদা নেওয়া বন্ধ করেছিলেন এবং এখানকার ব্যবসায়ী মহল রীতিমত আতঙ্কিত হয়ে পড়লেন যে কেন কংগ্রেস ভবন থেকে তাদের কাছ থেকে মাসে মাসে চাঁদা নেওয়া হচ্ছে না? কিন্তু প্রশ্নটা হচ্ছে এই অশোকবাবু যেকথা বলেছেন, তাঁকে একটু বিবেচনা করতে বলি, তিনি তো ইউনিভার্সিটিতে পড়েছেন, পোষ্ট গ্র্যাজুয়েট থেকে এম এ পাশটাও করেছেন, ল ও পড়েছেন, কিন্তু এটা তাঁর মাথায় আসেনি যে গায়ের জোরে কোন জিনিষ এসটাব্লিশ্ করা যায় না। এটা এডমিটেড যে কংগ্রেসের এই দুর্গাপুর সম্মেলনে লক্ষ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে এবং ষ্টেটসম্যান পত্রিকাতে যে রিপোর্ট বেরিয়েছে তার উপর আজ পর্যন্ত অতুল্যবাবুর বিবৃতি ছাড়া আর কোনও অফিসিয়াল ষ্টেটমেন্ট সেন্ট্রাল গভর্ণমেন্ট বা স্টেট গভর্ণমেন্ট তরফ থেকে বেরোয় নি। সুতরাং আমরা ধরে নেবো যে ষ্টেটসম্যান-এ যে রিপোর্ট তার "ইকনমিক্স অফ দুর্গাপুর সেসন" বলে লিখেছেন সেটা সত্য। আমি আপনার মাধ্যমে কয়েকটা দলিল পড়ে শোনাবো এবং জানতে চাইবো মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এর কি জবাব দেন এবং অশোকবাবু এর পরে কি জবাব দেন। আমি তো সংবিধান পড়েছি কিন্তু আমি জানি না যে এইরকম একটা জিনিষ হতে পারে, যেমন আমি আপনাকে একটা দেখাচ্ছি যে কংগ্রেস সরকারের পক্ষ থেকে বিভিন্ন অংক দেওয়া হয়েছে, যেমন রাস্তা মেরামত, স্টল বাবদ, এক্সজিবিসন প্যাভিলিয়ন বাবদ লক্ষ লক্ষ টাকার হিসাব তাঁরা দিয়েছেন কিন্তু একটা হিসাব তাঁরা দেননি সেটা হচ্ছে প্রায় ১ লক্ষ টাকার উপর শুধু কনজারভেন্সী এণ্ড স্যানিটারী এ্যারেঞ্জমেন্ট-এর জন্য খরচ করা হয়েছে এবং কি ভাবে হয়েছে সেটা আমি আপনার মাধ্যমে দেখাচ্ছি এবং আমার মনে হয় যে শুধু বাংলাদেশে নয় সারা ভারতবর্ষে যাঁরা সংবিধান নিয়ে পড়াশুনা করেছেন, যাঁরা পার্লিয়ামেন্টারি ডেমোক্রাসিতে বিশ্বাস রাখেন, তাঁদের পক্ষে এবিষয়ে গভীরভাবে ভাববার সময় এসেছে। এইভাবে কি পার্লিয়ামেন্টারি ডেমোক্রাসি ভারবর্ষে চালু হবে? আমি পড়ে শোনাচ্ছি মেমো নং পি এইচ।৫৮০।১২সি-৪২।৬৪, ডেটেড ক্যালকাটা, দি টোয়েন্টি সিক্স্থ ডিসেম্বর, ১৯৬৪, মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা শুধু তর্কের জন্য নয় এটা আমি পড়ে শোনাবো তার জন্য সময় দেবেন

"The undersigned is directed by the order of the Governor to say that the Governor is pleased to sanction an expenditure not exceeding Rs. 54,500 only for temporary water supply arrangements and construction of latrines and urinals, etc., as well as construction of hospital buildings and residential accommodation for the sweepers to be employed there, as detailed in the margin, for health, safety and welfare of the visitors who will assemble at Durgapur in connection with the ensuing Congress Session there in January, 1965. The charge on account of temporary supply arrangements and construction of latrines and urinals, etc., will be debited to the Head: '30-Public Health—Development Schemes—Third Five-Year Plan—Rural Water Supply and Sanitation', and that on account of construction of hospital buildings, etc., will be debited to the Head: '29-Medical—Development Schemes—Third Five-Year Plan—Health Schemes—Hospitals and Dispensaries—Improvement and Establishment of Hospitals. The Governor is pleased to allot a sum of Rs. 54,500 only."

আমি আপনাকে বলছি, আপনি স্পীকার হিসাবে এটা বিবেচনা করবেন যে গভর্ণর বাংলাদেশের একটা পয়সা খরচ করতে পারেন কিনা

unless it is budgeted, unless it is sanctioned by this House through Money Bill.

যেখানে বাজেট-এর মধ্যে নেই, সেখানে ১ লক্ষ টাকা স্যাংশন করলেন; একটা এ্যাকাউন্ট-এর হিসাব তো তাঁরা দিয়েছেন আমি এরপরে আর একটা কথা বলছি গভর্ণর সম্বন্ধে ; ওঁরা বলেছেন তাঁর কংগ্রেসের সংগে কোনও সম্পর্ক নেই।

"Sealed quotations are invited for supply of the following materials (Annapurna Make) in connection with All-India Congress Conference at

Durgapur, 1965. The rates should be inclusive of sales tax and all other charges."

তারপর মেটেরিয়ালস ফেলে দিলেন, সই করেছেন সুপারিনটেনডিং ইঞ্জিনিয়ার, ক্লাস ওয়ান এবং মেটেরিয়ালস কি কি সাপ্লাই হবে তার একটা হিসাব দিলেন।

"Memorandum No. PH 5801/2C-42/64, dated 26th December.—Again Memorandum....The undersigned is directed by order of the Governor to say that the Governor is pleased to sanction an expenditure not exceeding Rs. 19,500 only for health and welfare of the people who will assemble there in connection with the Congress Session in January, 1965.

এবং আবার এটা বলেছেন যে এটা কিসে ডেবিটেড হবে।

Head No. 30-P.H.—Dev. Schemes—Third Five-Year Plan—Rural water supply and sanitation, and that for the construction of six check posts will be debited to the Head 29-Medical—Development Schemes—Third Five-Year Plan—Health Schemes—Hospitals and Dispensaries—Improvement and Establishment of hospitals other than Sadar and Subdivisional Hospitals in the current year's budget.

আমি আপনাকে জিজ্ঞাসা করছি এই যে অফিসার মিঃ এ চৌধুরী

Assistant Secretary. Who is this gentleman? Has he any locus standi to say whether this particular amount would be debited to this head or that head? It is an insult, an affront, to the Speaker, to the entire institution of parliamentary democracy."

[5—5-10 p.m.]

এখানে এই সমস্ত লোক এই যে কাজ করে যাচ্ছে—এই যে দিনে ডাকাতি হয়ে যাচ্ছে—কি করে এটা হচ্ছে আমি আপনাকে এটা জিজ্ঞাসা করছি এবং কংগ্রেসের ট্রেজারী বেঞ্চে যারা আছেন তাঁদের আমি জিজ্ঞাসা করছি। আজকে এইভাবে আমি বলছি—আমার কাছে যা তথ্য আছে তাতে আর একটা মেমোরেণ্ডাম সেটা হচ্ছে

P.H.-5801/2C/42/64, dated 26th December, 1964.

এটাতে দেখা যাচ্ছে যে এ্যামাউন্ট তারা স্যাংশান করছেন এইরকম ভাবে কত টাকা লাগবে এবং কনজারভেন্সি স্যানিটেশন ইত্যাদি বলে অতিরিক্ত ১ লক্ষ টাকার উপর খরচ করেছেন। এর আর একটা জিনিস দেখাচ্ছি যেটা আরও মারাত্মক হেল্‌থ সেক্রেটারী মিঃ বি আর গুপ্ত ব্যক্তিগতভাবে আমি তাঁকে পছন্দ করি এবং তিনি একজন সৎ অফিসার বলে জানি তিনি লিখছেন

"P.H.-5801/2C-42/64, dated 26th December, 1964......To Mr. S. K. Majumdar, Chief Engineer, Public Health Engineering, West Bengal, dated 10th December, 1964. 'Dear Shri Majumdar, as you are aware, the Health Department will have to make necessary arrrangement at Durgapur in connection with the ensuing Congress Session there in the month of January, 1965. It has been decided that 52 water points, 68 latrine seats, 104 urinal seats as per plan submitted by you will be constructed by you at an estimated cost of Rs. 39,495. Potable water will be supplied by the Durgapur Notified Area Authority as required. The construction of hospital buildings and residential accommodation for sweepers and methors at an estimated cost of Rs. 15,000 will also be your responsibility. Formal orders sanctioning the above expenditure and allotting necessary funds at your disposal will yet take some time. But as the matter is very urgent, I would request you to go ahead with the above works pending issue of formal orders."

ফরম্যাল অর্ডারস ইস্যু হচ্ছে না—স্যাংশান হচ্ছে না—হেলথ সেক্রেটারী মিঃ বি আর গুপ্ত অর্ডার দিয়ে দিচ্ছেন টাকা খরচ করে যাও—এ কার টাকা—এগুলি কি পারসোন্যাল পেটিমানি?

আজকে এই দেশ বলেই এটা সম্ভব হচ্ছে। অশোকবাবু বললেন যে আমরা ভোট পাচ্ছি। আমি স্বীকার করছি যে আমাদের স্ট্রেনথ নেই—চার পাঁচ জন আছি—হেরে যাচ্ছি—হয়তো হেরেও যাবো—কিন্তু প্রশ্নটা তা নয়। প্রশ্ন হচ্ছে তত্ত্বগত প্রশ্ন যে একটা ডেমোক্রাটিক গভর্ণমেণ্ট এবং পার্টির রিলেসন কি—ধরুন আমরা নিশ্চিহ্ন হয়ে গেছি এদিকে সমস্ত কংগ্রেস বসে আছেন—এখানে শ্রীঅশোক দত্তের মত লোক যদি এই রকম ভাবে বক্তৃতা রাখেন তাহলে পৃথিবীর কাছে ভারতবর্ষের চেহারা কিভাবে ফুটে উঠবে। ভারতবর্ষের ৪৪ কোটি লোককে তারা গাধা বানিয়ে কি রেখে দেবেন? এইভাবে পেণ্ট করছেন। সুতরাং আজকে বলছি মুখ্যমন্ত্রী—তাঁকে দেখে আসছি—তাঁরা আনন্দের সুধাপাত্রে অপব্যয় অন্যায় চিরদিন পূর্ণ হয়ে আসছে। আজকে কংগ্রেসকে মনে রাখতে হবে যে পার্টি এবং গভর্ণমেণ্ট দুটো আলাদা। গভর্ণমেণ্ট একটা নিউট্রাল পোজিসন নিয়ে থাকে পার্টি এবং গভর্ণমেণ্ট কোন কোটারমিনাস বা ইণ্টারচেঞ্জেবল ক্যাটিগরী নয় অন্য জায়গায় হতে পারে—কিন্তু যেখানে ডেমোক্রাটিক ষ্টেট সেখানে পার্টি এবং গভর্ণমেণ্ট এক হতে পারে না। দুর্গাপুর কংগ্রেসে, অধ্যক্ষ মহাশয়, আমি জিজ্ঞাসা করছি যে সেখানে ৮।১০ লক্ষ লোক ডেকে ঐ এক্জিবিসন প্যাভেলিয়ান করে কোটি টাকা লক্ষ টাকা খরচ করবার কি দরকার বা কেন তারা সেখানে দেখাচ্ছেন কংগ্রেস গভর্ণমেণ্ট কি করেছে। তারা ফিল্ম ডিভিসনের মাধ্যমে নানারকম ছবি দেখাতে পারেন, কিন্তু দুর্গাপুরে ৮ লক্ষ লোককে দেখাবার জন্য এটা করছেন কেন? অনেক রকম আহাম্মুখ আছে—মাননীয় মুখ্যমন্ত্রী কালকে আমাদের বলেছিলেন ব্যাঙ্গ করে যে তোমার দল যখন করবে তখন আমরা এই রকম পাঠাবো। এমন আহাম্মুখ আর হয় না। স্যার, ট্রেনে যেতে যেতে পড়ি ১০০ রকমের আহাম্মুখ আছে—কিন্তু এখানে মুখ্যমন্ত্রীর কথা শুনে মনে হোল ১০১ রকমের আহাম্মুখ আছে। আমাদের পলিটিক্যাল পার্টি কনফারেন্সে

"I will be signing my death warrant for asking the Congress Government to hold exhibition and demonstrate, 'Look here, the Congress Government is doing this for the Government'."

এ কখনও হয় না। এটা আহাম্মুখী ছাড়া আর কিছুই নয়। কোন দেশের গণতন্ত্রে এই জিনিস হতে পারে না। তাই আজকে আমি বলছি ট্রেজারী বেঞ্চের সদস্যদের কাছে যে আপনারা ওটাকে এইভাবে দেখবেন না, এটা থিওরিটিক্যাল ইস্যু—আপনারা এটা এ্যাসিওরেন্স দেবেন হাউসের কাছে—এইভাবে যদি আপনারা দেশের টাকা ব্যয় করেন তাহলে গণতন্ত্র ধ্বংস হয়ে যাবে এবং পার্লামেণ্টারী ডেমোক্রাসি শেষ হয়ে যাবে।

Shri Ananda Gopal Mukhopadhyay:

মাননীয় স্পীকার মহোদয়, বিরোধী পক্ষের বন্ধু বিজয়বাবু যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাব-এর আমি ঘোর বিরোধিতা করি এবং সঙ্গে সঙ্গে তাঁকে অভিনন্দন জানাই এই জন্য যে এই প্রস্তাব এনে তিনি এখানে একটা আলোচনার সুযোগ করে দিয়েছেন যে আলোচনায় অংশ গ্রহণ করতে পেয়ে আমি নিজেকে ধন্য মনে করছি। দুর্গাপুরের অধিবেশন সারা ভারতবর্ষে একটা বিরাট আলোড়ন এনেছে এ সম্বন্ধে কোন সন্দেহ নেই। এবং তার সাফল্য বিভিন্ন দিকে সুপ্রতিষ্ঠিত হয়েছে এ সম্বন্ধেও কোন সন্দেহ নেই। কিন্তু আমাদের বিরোধী পক্ষের বন্ধুদের মনে তার কি প্রতিক্রিয়া হয়েছে এটা জানার ইচ্ছা ছিল। কর্মী হিসাবে সেখানে দিনের পর দিন কাজ করেছি স্বভাবতঃ জানার ইচ্ছা করে যে যারা এই অধিবেশনের স্বপক্ষে এই অধিবেশনের সঙ্গে যুক্ত হয়ে নিজেরা ধন্য বলে মনে করেন—বিরোধী পক্ষের যাঁরা আছেন তাঁরা কিভাবে সেটা চিন্তা করছেন। এখানে এসে দেখতে পেলাম অধিবেশনের সাফল্য এমনভাবে হয়েছে যাতে বিরোধী পক্ষের বন্ধুদের গাত্রদাহের কারণ শুধু যে হয়েছে তা নয় গাত্রদাহের জ্বালায় তারা ছটফট করে এই বিধানসভার অত্যন্ত মূল্যবান সময়কেও কাজে লাগিয়ে আলোচনা করতে রাজী হয়েছেন। আমি তাই প্রথমে ধন্যবাদ জানাচ্ছি যে বন্ধুবর এই প্রস্তাব এনেছেন। আমি প্রথমে বলি

যে দুর্গাপুরের কংগ্রেসের অধিবেশনের জন্য সরকারের অর্থ ব্যয়িত হয় নি। সারা বাংলাদেশের অগণিত কংগ্রেস কর্মী গ্রাম গ্রামান্তরের বাড়ী বাড়ী গিয়ে মানুষের কাছ থেকে পয়সা সামগ্রী আদায় করেছেন। আনন্দের সঙ্গে সেই কাজে হাজার হাজার কর্মী অংশ গ্রহণ করেছেন—ধনীর দুয়ারে গেছেন—সেখানে যেমন তাঁদের কাছ থেকে সাহায্য পেয়েছেন—গরীবের কাছে গিয়ে ধনীর দুয়ারে গেছেন—সেখানে যেমন তাঁদের কাছ থেকে সাহায্য পেয়েছেন—গরীবের কাছে গিয়ে বলেছে দাদাবাবু জীবনে হয়তো কোন দিন সুযোগ হোত না এই জাতীয় কংগ্রেসের অধিবেশন কেমন হয় তা দেখবার, এই সুযোগ যখন এসেছে জীবনে তখন সেখানে যেন একটু দেখার সুযোগ পাই। সে দিন যে আগ্রহ নিয়ে আশা নিয়ে আকাঙ্ক্ষা নিয়ে সারা বাংলাদেশের মানুষ সারা গ্রামের মানুষ যেভাবে কংগ্রেস অধিবেশনকে সাফল্য করার জন্য সাহায্য করেছেন তাই কি আপনাদের গাত্রদাহের কারণ? বাংলাদেশের মানুষ সেখানে শুধু টাকা দেয় নি, বাংলাদেশের গ্রাম গ্রামান্তরে যেখানে চালের অনটন সেখানকার মানুষ চাল তুলে দিয়েছেন যেখানে ডালের অনটন সেখানকার মানুষ ডাল তুলে দিয়েছেন।

[5-10—5-20 p.m.]

যেখানে এক ছটাক তেলের জন্য লাইন দিয়ে দাঁড়িয়ে থাকতে হয় সেখানে মানুষ তার নিজের প্রয়োজনের চেয়ে কম ব্যবহার করে এগিয়ে দিয়েছে। ঐ চা-বাগানের কর্মীরা এক পাউণ্ড আধ পাউণ্ড নয়, রবীন বাবু যে কথা বললেন তিনি জানেন না হাজার হাজার পাউণ্ড চা পাঠিয়ে দিয়েছে তাদের দেয় চাঁদা হিসাবে। যেখানে যা প্রাপ্য আছে কংগ্রেস কর্মীরা সমস্ত কিছু এনে কেন্দ্রীভূত করেছিল দুর্গাপুরে যাতে সারা ভারতবর্ষের প্রতিনিধিদের তাঁরা যেন যোগ্য অভিনন্দন জানাতে পারে। আর কি করতে পারে? না, এমন একটা পরিবেশ সৃষ্টি করতে পারে যে শান্ত পরিবেশের মধ্যে সারা ভারতবর্ষের কংগ্রেস নেতা এবং কর্মীরা মিলে ভারতবর্ষের নীতি নির্ধারণ করতে পারেন। সেই পরিবেশ তাঁরা সৃষ্টি করতে চেয়েছিলেন অত্যন্ত আনন্দের সঙ্গে, অত্যন্ত গর্বের সঙ্গে এবং সেই কাজ তাঁরা অত্যন্ত সাফল্যের সঙ্গে করেছেন। তাই কি গাত্রদাহের কারণ হয়েছে আমাদের বিরোধী পক্ষের বন্ধুদের? তাই কি তাঁরা আজকে রাইটার্স বিল্ডিংস-এর আনাচে-কানাচে খুঁজে বেড়াচ্ছেন কোথায় সরকারী অর্থ লাগিয়ে কংগ্রেসের এই অধিবেশনকে সাফল্যমণ্ডিত করার চেষ্টা করা হয়েছে। তাই কি আজ প্রফেসর শম্ভু ঘোষ ছাত্রদের পড়ার দিকে নজর না দিয়ে কোথায় স্পেশ্যাল ট্রেন ফাঁকা গেল তা দেখে এসেছেন? এই কি বিরোধী পক্ষের বন্ধুরা স্পেশ্যাল ট্রেন, স্পেশ্যাল বাসে করে হাজার হাজার কর্মী কি ভাবে গ্রাম থেকে গ্রামান্তর হতে কংগ্রেস অধিবেশনে গিয়ে সেই সমস্ত মূল্যবান জিনিস দেখল তা দেখে বিস্মিত হচ্ছেন? মাননীয় স্পীকার মহাশয়, আজ এই কংগ্রেস অধিবেশনের আন্তর্জাতিক গুরুত্বের কথা সর্বজন স্বীকৃত। এই অধিবেশনের গুরুত্ব আমার নিজের মনে যতটা না সাড়া দিয়েছে তার চেয়ে বেশী সাড়া দিয়েছে সাধারণ মানুষের মনে। দুর্গাপুর আজ শুধু ভারতের বাসিন্দাদের জায়গা নয়, সেই দুর্গাপুরে আজ রাশিয়ান, জার্মানী, জাপানী, বৃটিশ, মাস হতে মাসান্তর বাস করছে। তারা জিজ্ঞাসা করেছে এ কি হতে যাচ্ছে? বোঝাতে সময় লেগেছে। দিনের পর দিন তারা এসে দেখেছে কিভাবে এত প্রতিনিধি কোথা থেকে আসবে, কেন আসবে, কি আলোচনা তাঁরা করবেন। আলোচনা যখন তারা শুনেছে তখন তারা এক বাক্যে স্বীকার করেছে শুধু ভারতবর্ষে নয় পৃথিবীতে কোথাও কোন রাজনৈতিক দলের এতবড় সম্মেলন কখনও হয়নি। আমি সভাকক্ষে বলতে পারি এটা ভারতবর্ষের পক্ষে গৌরব, ভারতবর্ষের জাতীয় কংগ্রেস আজ ভারতবাসীর সঙ্গে একসূত্রে গ্রথিত হয়ে গেছে। গত শতাব্দীর ভারতবর্ষের ইতিহাস আর জাতীয় কংগ্রেসের ইতিহাস ওতপ্রোত ভাবে জড়িত। আজ বিরোধী পক্ষের দু'একজন বন্ধুর মুখ থেকে আলোচনার মধ্যে সহানুভূতির সুর পাচ্ছিলাম। কারণ, অতীতের কংগ্রেসের সঙ্গে যাঁদের যোগ ছিল, তাঁদের সমালোচনার ভাব আমরা বুঝতে পারি। কিন্তু যাঁরা আজ কংগ্রেসের কথা বলে কি করে কংগ্রেসকে দেশের সামনে হেয় প্রতিপন্ন করবেন সেই চেষ্টা করছেন তাঁদের অবগতির জন্য বলি লক্ষ কোটি মানুষের মনে কংগ্রেস যে শ্রদ্ধার আসনে প্রতিষ্ঠিত আছে তাকে কতকগুলি কাদা ছোঁড়াছুঁড়ি করে কোনদিন নামাতে পারবেন না।

আগেও আমরা অধিবেশন করতে গিয়ে দেখেছি—সমর্থন ও সাহায্য না চাইতেই সেই সাহায্য ও সমর্থন আমরা পেয়েছি, এখানেও তাই পেয়েছি। এই অধিবেশনের গুরুত্বের কথা বলতে উপলব্ধি করে আজ তাই এই সভাকক্ষে দাঁড়িয়ে এই কথা বলতে পারি যে বাংলাদেশের কংগ্রেস, ভারতবর্ষের কংগ্রেস ছাড়া আর কোন রাজনৈতিক দলের অধিকার নাই যার ডাকে ভারতবর্ষের মানুষ এইভাবে সাড়া দিতে পারে বা দেবে—এবং এইভাবে মানুষকে যারা নিজেদের একাত্মবোধ নিয়ে নিজেদের অন্তরের সঙ্গে যুক্ত করে ভারতবর্ষের মানুষকে এককভাবে ভারতবর্ষের অগ্রগতির দিকে চালিয়ে নিতে পারবে। তাই যদি এই প্রস্তাব গঠনমূলক হতো, তাহলে তাকে সমর্থন করতাম। কিন্তু আমি এই প্রস্তাবের বিরোধিতা করছি এই কারণে যে এর উদ্দেশ্য খারাপ। এর অন্তর্নিহিত উদ্দেশ্য হচ্ছে কংগ্রেসকে হেয় প্রতিপন্ন করা। রাজনৈতিক দল হিসেবে কংগ্রেস হেয় প্রতিপন্ন হলে তাদের রাজনৈতিক স্বার্থ সিদ্ধ হবে। তারজন্যই আমি এই প্রস্তাবের বিরোধিতা করছি।

(এ ভয়েসঃ রোজগার কত হয়েছে?)

Shri Prafulla Chandra Sen:

মাননীয় সভাপাল মহাশয়, আজকে আমার বিরোধীদলের বন্ধুদের বক্তৃতাগুলি বসে বসে শুনছিলাম। আমার মনে মনে এই কথাই আসছিল যে এঁদের কথার জবাব দিয়ে কি হবে! লাভ কাদের হবে? পরে আমি ভাবলাম—না, জবাব দেওয়া উচিত। এইজন্য ভাবলাম যে একজন সদস্য আমাকে আহাম্মক বলেছেন, তাঁর কাছে নাকি সব আহাম্মকের তালিকা আছে? সব আহাম্মকের নাম তিনি তালিকাভুক্ত করেছেন, কেবল একটা বাদ পড়েছিল, সেটা তিনি এখন পূরণ করে নিয়েছেন। তিনি এখন এখানে নাই। আমি অবশ্য তাঁকে আহাম্মক বলছি না। কালকে, মাননীয় চেয়ারম্যান মহাশয়, আপনি শুনেছেন বোধহয়—ওঁদের এমন কোন কথা অন্যায় বলি নাই—ওঁদের মনে যে প্রশ্ন উঠেছিল, আমি তার জবাব দিয়েছিলম মাত্র। তাতে কেউ কেউ মনে করলেন—বিশেষ করে একজন মাননীয় সদস্য যে আমি ব্যঙ্গ করছি; মাননীয় স্পীকার মহাশয় অবশ্য তা মনে করেন নাই। তা যদি তিনি মনে করতেন তাহলে তিনি নিশ্চয়ই আমাকে নিষেধ করতেন। আপনি দেখুন যে মাননীয় সদস্য আমাকে তাঁর আহাম্মকের তালিকাভুক্ত করেছেন, তাঁর বিদ্যা কি রকম, বুদ্ধি কি রকম, চরিত্র কি রকম, তাঁর রুচি কি রকম! সেটা বিচারের ভার আমি আপনার উপর ছেড়ে দিলাম। আমি সে সম্বন্ধে কোন মন্তব্য করতে চাই না।

দুর্গাপুরে যে কংগ্রেস অধিবেশন হয়েছিল, সেই অধিবেশনের জন্য অনেকের মনে খুব জ্বালা দেখছি, জল-বিছুটী লাগলে যে রকম জ্বালা হয়, বোধহয় তেমনি জ্বালা। আপনিও হয়ত কোন একদিন ঐ জলবিছুটীর জ্বলা অনুভব করেছেন। আমি যখন গ্রামে কাজ করতাম, তখন একদিন একবার সাপে কামড়েছিল। ওঁদেরও সেইরকম জ্বালা বোধ হয়েছে। কংগ্রেসের অধিবেশন দুর্গাপুরে হলো এবং সেই অধিবেশন এমন সাফল্যমণ্ডিত হলো বলে! সেই অধিবেশনের জন্য কত টাকা খরচ হয়েছে, সরকারের কত টাকা অপব্যয় হয়েছে, কংগ্রেস কত খারাপ কাজ করেছে, কংগ্রেস কত নেমে গেছে, কংগ্রেসের কত অধঃপতন হয়েছে—এর জন্য ওঁদের মনে বড় ব্যথা। প্রজা সোস্যালিস্ট পার্টির কত অধঃপতন হয়েছে তা তাঁদের ভাববার প্রয়োজন নাই। আমাদের বাংলাদেশের অখণ্ড কম্যুনিষ্ট পার্টি তার যে কত অধঃপতন হয়েছে তাও তাঁদের ভাববার প্রয়োজন নাই। আমাদের ফরওয়ার্ড ব্লকের যে কি রকম অধঃপতন হয়েছে তাও তাঁদের আলোচনা করবার প্রয়োজন নাই। ওঁদের কোনটা আলোচনা করবার প্রয়োজন? না, কংগ্রেসের কতটা অধঃপতন ঘটেছে। কংগ্রেসের জন্য ওঁরা মাথা ঘামাচ্ছেন। মাননীয় সভাপাল মহাশয়, কংগ্রেস ঠিকই করেছেন। কেননা কংগ্রেস ভারতের মধ্যে সর্ববৃহৎ প্রতিষ্ঠান। এই কংগ্রেস দেশকে স্বাধীন করেছে।

(এ ভয়েসঃ মিথ্যা কথা)

(নয়েজ ও ইণ্টারাপসন)

[5-20—5-30 p.m.]

ভারতবর্ষ স্বাধীনতা লাভ করবার পর যে সংবিধান রচনা করেছিল সেই সংবিধান দেশের প্রাপ্তবয়স্ক সকল নরনারীকে যে ভোটের অধিকার দিয়েছিল তারই বলে এবং দেশের লোকের সম্মতি নিয়ে কংগ্রেস এখানে এবং দিল্লীতে ক্ষমতায় বসে আছে। কাজেই এই যে এতবড় প্রতিষ্ঠান কংগ্রেস তার সম্বন্ধে এ'দের মাথা ঘামাতেই হবে। মাননীয় সভাপতি মহাশয়, একটা হাতী দেখলে পিঁপড়া তাকিয়ে দেখে এবং তাকে বর্ণনা করবার চেষ্টা করে। এতো করবেই। তাই বলছিলাম কংগ্রেস হস্তী স্বরূপ এবং ঐদিকে যাঁরা বসে আছেন তাঁরা নানা ধরনের পিপিলিকাস্বরূপ। কাজে কাজেই এ'রা এরকম ধরনের আলোচনা, সমালোচনা করবেন, হ্যাঁ করে তাকিয়ে দেখবেন। স্যার, হিন্দীতে একটা কথা আছে, "হাতী চলতা হৈ আউর ভুক্তা কুর্ত্তা ভুক্তা হৈ"। অর্থাৎ বাজারে যখন একটা হাতী চলে তখন লক্ষ লক্ষ কুকুর তাকে দেখে ঘেউ ঘেউ করে। শুধু ভারতবর্ষের মধ্যে নয়, সমস্ত জগতের মধ্যে এতবড় প্রতিষ্ঠান আজ আর আছে কিনা আপনি স্যার, একবার ভেবে দেখুন। কাজে কাজেই কংগ্রেস সম্বন্ধে লোকের মনে নানারকম কথা উঠবে। মাননীয় স্পীকার মহাশয়, আমি বিরোধীদলের সদস্যদের একটা কথা জিজ্ঞাসা করতে চাই যে, নাম্বুদ্রিপাদ যখন একবার বনগাঁতে সম্মেলন করতে এসেছিলেন তখন তাঁর রক্ষণাবেক্ষণের জন্য কত পুলিশ গিয়েছিল সেকথা তো তাঁরা আমাকে কেউ জিজ্ঞাসা করলেন না? তখন তাঁদের মনে মনে ভয় হয়েছিল কারণ এখানেও তো তাঁদের বিরোধী লোক আছে। আমাদের দেশে কেউ কমিউনিজম চায়, কেউ মার্কসবাদ চায়, আবার কেউ চায়না। কেউ রেজিমেন্টেসন চায়, কেউ তাতে বিশ্বাস করে—আবার কেউ করে না। কেউ কি একনায়কত্ব চায়? কেউ চায় না? যাঁরা এই সভা করতে গিয়েছিলেন তাঁরা গভর্ণমেণ্টের নিন্দা করতে গিয়েছিলেন। এ'রা মার্কসবাদ ভুলে গিয়ে গভর্ণমেণ্টের নিন্দা করা একমাত্র পেশা হিসেবে নিয়েছেন। তাই নাম্বুদ্রিপাদ এবং তাঁর দলের লোকদের মনে ভয় হয়েছিল এবং আমরাও সেইজন্য তাঁদের রক্ষণাবেক্ষণের জন্য পুলিশ পাঠিয়েছিলাম। সেদিন মুসলিম ইন্সটিটিউট হলে কমিউনিষ্ট পার্টির এক পক্ষের—অর্থাৎ চীনা পন্থীদের, পিকিং পন্থীদের একটা সভা হয়েছিল। কিন্তু কলকাতায় এই যে চাল পাওয়া যায় না, ডালের দাম এত বেশী তবু কেউ কি আমাকে একথা জিজ্ঞাসা করেছেন যে, চীনা পন্থীদের সেই সভার জন্য আমরা কত চাল দিয়েছি? জ্যোতিবাবু তো এখানে বসে আছেন, তিনি বলুননা।

Shri Jyoti Basu:

স্যর, উনি কার কথা বলছেন? আমি তো পিকিং পন্থী বলে কাউকে চিনিনা। তাহলে উনি কার কথা বলছেন? তাছাড়া উনি আমার নাম কেন করলেন?

Shri Prafulla Chandra Sen:

জ্যোতিবাবু যদি আমার কথায় দুঃখ পেয়ে থাকেন তাহলে... ... .

Shri Jyoti Basu:

আপনি আমার নাম কেন করলেন? মুখ্যমন্ত্রীর কাছে আইন আছে, তিনি আমাদের গ্রেপ্তার করতে পারেন। কিন্তু এসব কথা কেন? এখানে বাঁদরামি করবার জন্য কেউ আসেনি।

Shri Prafulla Chandra Sen:

জ্যোতিবাবু যদি আমার কথায় দুঃখ পেয়ে থাকেন তাহলে আমি যেকথা বলেছি সেটা প্রত্যাহার করে বলছি যে, অরাইটিস্ট-দের যে সম্মেলন হয়েছিল তাতে তাঁরা কত চাল, কত চিনি নিয়েছিলেন সেকথা তো কেউ আমাকে জিজ্ঞাসা করলেন না? স্যার, জ্যোতিবাবুদের সেই সম্মেলন সম্বন্ধে কারুর মনে কোন আগ্রহ ছিল না—বিরোধীদলের কোন আগ্রহ ছিল না এবং এমন কি যাঁরা কমিউনিষ্ট পার্টি বিরোধী তাঁদের মনেও কোন আগ্রহ ছিল না। ছোট্ট মুসলিম ইন্সটিটিউট হলে ২০০ লোকের একটা সভা হোল কি হোলনা তার কি মূল্য আছে?

দুর্গাপুর সম্বন্ধে সবারই আগ্রহ। দুর্গাপুরে কত লোক হয়েছে সেখানে লোক গুণতে কেউ গিয়েছে কিনা জানিনা, গুণবার কোন প্রয়োজন আছে কিনা জানিনা। আজকে আমাদের বিরোধী

বন্ধুদের ষ্টেটসম্যান প্রীতি দেখে আনন্দিত হচ্ছি, কিন্তু এর আগের দিন আমাদের মাননীয়া রাজ্যপালের প্রতি যে অসৌজন্য প্রদর্শন করেছিলেন এবং তখন ষ্টেটসম্যান কি লিখেছিল সেকথা কেউ কোট্ করেননি। ডেভিলস কোট দি স্ক্রিপচার করে কিনা সেটা আপনি জানেন মাননীয় চেয়ারম্যান মহাশয়। কমিউনিষ্ট পার্টির এতখানি ছোট্ট একখানি ঘরে অতি সংগোপনে যখন তাদের সভা হয়, তখনও আমরা জ্যোতিবাবুকে চাল দিয়েছিলাম, চিনি দিয়েছিলাম, কিন্তু কই তখনতো কেউ প্রশ্ন করেননি কত চাল দিয়েছি, কত চিনি দিয়েছি। আমাদের দুর্গাপুরে যে চাল খরচ হয়েছিল আমরা দিয়েছিলাম সরকার থেকে দাম নিয়ে যেমন জ্যোতিবাবু আমাদের কাছ থেকে দাম দিয়ে কিনেছিলেন। আমাদের কাছে হিসাব আছে দুর্গাপুরে কি পরিমাণ চাল দিয়েছিলাম, চিনি দিয়েছিলাম, আটা দিয়েছিলাম, ময়দা দিয়েছিলাম, তার হিসাব আমাদের কাছে আছে, আমি সংগ্রহ করে এনেছি। মাননীয় সভাপাল মহাশয়, আপনি শুনলে আশ্চর্য্য হবেন, জ্যোতিবাবুকে যে চাল দিয়েছিলাম, যতদূর মনে আছে তার পরিমাণ হল ৫৬ মণ, সে চাল জ্যোতিবাবু আমাদের কাছ থেকে কিনেছিলেন। দুর্গাপুরে আমরা কংগ্রেসকে যে চাল দিয়েছিলাম, সেটা হল মাত্র ৬০ মণ, আমরা দান করিনি, আর আতপ চাল যেটা অনেকে নিতে চায়না সেটা দিয়েছিলাম ৬০ মণ, এবং বিভিন্ন জেলা থেকে দেশবাসীর কাছ থেকে মিল মালিক কি চাষীর কাছ থেকে কিছু কংগ্রেস প্রেমিকের কাছ থেকে যা এসেছে তার হিসাব আমি দিতে পারবো না, তবে আমি জানি আমাদের পশ্চিম দিনাজপুরের আমাদের একজন কংগ্রেস কর্মী ১০০ জন লোকের কাছ থেকে চাল সংগ্রহ করেছিল, এবং আমি জানি বাঁকুড়ার কয়েকজন কংগ্রেস কর্মী, মিল মালিকের কাছ থেকেও নিতে পারেন, ২০০ জন লোকের কাছ থেকে চাল সংগ্রহ করেছিল, এবং তা থেকে কি প্রমাণ পাওয়া যায়? কংগ্রেসের প্রতি এই সমস্ত লোকের প্রীতি শ্রদ্ধা এবং আনুগত্য রয়েছে, তার প্রমাণ পাওয়া যায়। আপনি শুনলে আশ্চর্য্য হবেন এঁরা গভর্ণমেণ্টের কাছ থেকে কিনেছিলেন ৬ মেট্রিক টন ময়দা, এবং শুনলে আশ্চর্য্য হবেন যে এই ৬ টনের মধ্যে সাড়ে তিন টন তাঁরা ফেরৎ দিয়েছিলেন, বিনা পয়সায় নয়, যে দামে কিনেছিলেন সেই দামে, জেলা ম্যাজিষ্ট্রেট সেই উদ্বৃত্ত ময়দা কিনে নিয়েছিলেন, আর দুর্গাপুর রিসেপশন কমিটি কিনেছিলেন ৩৬·৭ মেট্রিক টন আটা, তার মধ্যে ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটকে ফেরৎ দিয়েছেন প্রায় ২১ টন, আর চিনি কিনেছিলেন ৩৭·৫ মেট্রিক টন তার মধ্যে জেলা ম্যাজিষ্ট্রেটকে ফেরৎ দিয়েছিলেন ১৬ টন, শুধু তাই নয় এঁরা যে সমস্ত চাল সংগ্রহ করেছিলেন তা থেকে ৩৫০ বস্তা চাল বেচেছিল, কিছু দালদা বেচেছিল, ৭০ টিন পাঁচ কেজি ওয়ালা বেচেছিল এবং ৮০ টিন ১০ কেজিওয়ালা বেচেছিল, কংগ্রেস রিসেপশন কমিটি গিয়ে জেলা ম্যাজিষ্ট্রেটকে বললেন আপনি এগুলি নিয়ে কো-অপারেটিভ কনজুমার সোসাইটি মারফৎ বিলি করুন, ন্যায্য দরে। সর্ষে তেল ৫০ টিন বেচেছিল, কণ্ট্রোল্ড নয়, সেগুলিও বিলি করতে বললেন। একজন ভদ্রলোক চা সম্বন্ধে ক্ষোভ প্রকাশ করেছেন। মাননীয় সভাপাল মহাশয়, আপনি জানেন বোধ হয়, টীবোর্ড বিনা পয়সায় চা খাওয়ায় তাতে চিনি ও দুধ থাকে, আমাদের এই কংগ্রেস অধিবেশন হয়েছিল যে কংগ্রেসকে এত লোক ভোট দেয়, সেই কংগ্রেস ১৫০০ কে জি চা পেয়েছিল, এতে লজ্জার কোন কিছু নাই, দুঃখ করার কোন কারণ নাই!

[5-30—5-40 p.m.]

সুতরাং ওঁদের ক্ষোভ দেখাবার কোন কারণ নেই। এই যে এক হাজার ৫০০ কিলো চা এটা অবশ্য কনজুমার্স সোসাইটি নিলনা। আমরা রিসেপসান কমিটি-র পক্ষ থেকে ১½ হাজার কিলোর মধ্যে ৫০০ কেজি চা বিক্রি করেছি এবং আপনি শুনলে আশ্চর্য হবেন যে প্রায় ৭৫ হাজার টাকা দুর্গাপুর স্টোর-কে আমরা বিক্রি করেছি। নিশ্চয় করব। আমরা যদি দান কারুর কাছ থেকে পাই এবং রিসেপসান কমিটি-র কত খরচ আছে সেই খরচের জন্য তাঁরা নিশ্চয় করবেন। কেউ চুরি করেনি, অপচয় করেনি, অপব্যয় করেনি, অপব্যবহার করেনি। সুতরাং এটা কিছু দোষের নয়। কম্যুনিষ্ট পার্টির সভায় ৩০০।৪০০।৫০০ জন লোক হয়েছিল—আমাদের তো তা নয়। আমি আপনার কাছে কতকগুলি অঙ্ক ধরছি, তা থেকেই সব পরিষ্কার হয়ে যাবে। আমাদের যাঁরা প্রতিনিধি এসেছিলেন তাঁদের কাছ থেকে পয়সা নিয়েছি। প্রতিনিধি ও নিখিল ভারত কংগ্রেস কমিটির সদস্য সংখ্যা ছিল মোট ২,০৪৯ জন। আপনি একজন কংগ্রেস প্রেমিক

আপনি জানেন যে প্রত্যেক কংগ্রেস অধিবেশনে বিভিন্ন প্রদেশ থেকে অতিথিরা আসেন যাঁরা প্রতিনিধি হতে পারেন না—অর্থাৎ আমরা তাঁদের আমন্ত্রণ করি এবং সেই রকম আমন্ত্রিত ৪ হাজারের বেশী এসেছিলেন। এই সমস্ত ব্যবস্থা করার জন্য আমাদের যে স্ত্রী পুরুষ স্বেচ্ছা-সেবক ছিল তাদের সংখ্যা হচ্ছে ৪ হাজারের কাছাকাছি। অনেকে বলেছেন মেলা। আপনি জানেন যে রবীন্দ্রনাথ বলতেন আমাদের ভারতবর্ষে আগে সভা হোত না, আমাদের মেলা হোত। মেলার কেন মাতামাতির দরকার হয়না। মেলা নিজে থেকে লোককে আকর্ষণ করে। মেলার জিনিস লোককে আকর্ষণ করে। কংগ্রেসের অধিবেশনও এই রকম লোককে আকর্ষণ করে। এই যে আকর্ষণ তার টান আবাল বৃদ্ধ বনিতা সকলেই অনুভব করে। এই জাতীয় যে মেলা তাতে পুতুল নাচ হয়না। আমাদের কংগ্রেসের যে কৃষি প্রদর্শনী হয়েছিল তাতে পুতুল নাচ হয়নি। সেই কৃষক প্রদর্শনী দেখবার জন্য কোন প্রবেশ মূল্য ছিল না—তাতে লক্ষ লক্ষ কৃষক এসে-ছিলেন। ওঁরা ঘরে বসে অনেক কিছু বলতে পারেন, কিন্তু যাঁদের অভিজ্ঞতা আছে তাঁরা এসব জানেন। আমরা দেখেছি লক্ষ লক্ষ কৃষক এসেছেন এবং আমাদের কাছে তাঁরা বলেছেন এই যে কৃষি প্রদর্শনী আপনারা করেছেন এটা একটা জীবন্ত প্রদর্শনী এবং এটা এখান থেকে তুলে দেবেন না। আপনি শুনলে আশ্চর্য হবেন যেখানে পয়সা দিয়ে দেখতে হোত সেখানে আজকে যে শিল্প প্রদর্শনী হয়েছিল সেখানেও প্রায় ৫ লক্ষ লোক টিকিট কিনেছিল। আমাদের যে খাদি গ্রামোদ্যোগ প্রদর্শনী হয়েছিল তাতে প্রবেশ মূল্য ছিল এবং তাতে প্রায় ৪½ লক্ষ লোক এসেছিল। এদের পয়সার হিসাব আমাদের আছে। আমাদের প্রত্যেকটি পয়সার অডিট করাতে হয়। আমি অভ্যর্থনা সমিতিকে জিজ্ঞাসা করেছিলাম, তোমাদের অডিট কবে হবে? তাঁরা বললেন, ২৫এ মার্চের মধ্যে আমাদের দুর্গাপুর কংগ্রেসের অডিট করা হিসাব আমরা উপস্থিত করব। অভ্যর্থনা সমিতির কাছ থেকে হিসাব গ্রহণ করার পর সংবাদপত্রে আমরা এটা প্রচার করব—এটা অন্য দলের মত নয়। আমাদের এখানে কয়েকজন বিরোধী দলের বন্ধুদের মনোভাব এর আগে কয়েকটি প্রশ্নের মারফৎ আমরা বুঝতে পেরেছিলাম। তাঁরা ভেবেছিলেন যে আমাকে খুব গাল দিচ্ছেন, কিন্তু কোন চিনিওয়ালা, ময়দাওয়ালা, ডালওয়ালা যাদের কাছ থেকে টাকা নিয়েছিলাম বলে বলেছেন তাদের নাম করতে পারেন নি। তাঁরা কার নাম করলেন, না যত দোষ নন্দ ঘোষ—আমাদের অতুল্যবাবুর নাম করলেন। প্রিভিলেজ-এর বাহিরে গিয়ে এসব কথা বলুন। মাননীয় মন্ত্রীমহাশয়কে তাঁরা কিছু বলতে পারবেন না, কেন না তাঁদের জানা নেই বলে। তাঁরা এটা ভালই জানেন যে মুখ্যমন্ত্রী এবং পশ্চিমবাংলার সরকার চোরাকারবারী এবং কালোবাজারী-দের বিরুদ্ধে অভিযান চালাচ্ছেন। এঁরা কোন ধনী লোক বা বড় লোকের কাছ থেকে টাকা নেন নি। মাননীয় সভাপাল মহাশয়, আপনি হয়ত শুনলে আশ্চর্য হবেন যে অভ্যর্থনা সমিতি কংগ্রেস সেবক হিসেবে আমার কাছ থেকে চাঁদা চেয়েছিলেন এবং আমি সেই চাঁদা দিয়েছিলাম। কিন্তু আমি কারও কাছ থেকে চাঁদা চাই নি। অল্প অল্প করে চাঁদা তুলে এটা করা যায় কিনা সে বিষয়ে আমি একটা পরীক্ষা করতে চেয়েছিলাম। আমরা অল্প পরিমাণ চাঁদা আদায় করে এ কাজ করতে চেয়েছি। এটা সকলেই জানেন যে আমাদের অডিটের রিপোর্ট বার হয় এবং এ বারেও অডিটের রিপোর্ট বেরুবে। এইমাত্র আমি খবর পেয়েছি অভ্যর্থনা সমিতির সম্পাদকের কাছ থেকে সেকথা শুনলে হয়ত ওঁরা অবাক হবেন যে আমরা ১৬ লক্ষ টাকা যে সংগ্রহ করেছিলাম তার মধ্যে ১ হাজার টাকার উপর চাঁদা হিসাবে যা পাওয়া গিয়েছিল তা মিলিয়ে হয়েছে ৫ লক্ষ টাকা এবং তার নীচের পরিমাণের চাঁদা হচ্ছে মোট ১১ লক্ষ টাকা আরও শুনলে আশ্চর্য হবেন যে ১ টাকা, ২ টাকা করে আমরা এই চাঁদা উঠিয়েছি ২৩ লক্ষ লোকের কাছ থেকে। এই যে পরীক্ষা এই পরীক্ষায় আমরা সাফল্য লাভ করেছি। আমরা বড়লোক, চোরাকারবারী, মুনাফা-খোর বা মজুতদারদের কাছে যাই নি এবং আমাদের মুখ্যমন্ত্রী থেকে আরম্ভ করে কোনো মন্ত্রী প্রভাব বিস্তার করে টাকা তোলার চেষ্টা করেন নি। আমরা দেখেছি এই বৃহৎ কংগ্রেস প্রতি-ষ্ঠান এরূপ কোনো কাজ করেন নি আমরা এটা পরীক্ষা করেছি যে সরকারকে বাদ দিয়ে, মন্ত্রী-দের বাদ দিয়ে এটা হতে পারে কিনা, এই জাতীয় প্রতিষ্ঠান এবং এই বৃহৎ প্রতিষ্ঠান লোকের কাছ থেকে এভাবে টাকা তুলতে পারে কিনা তা আমরা পরীক্ষা করেছি। সভাপাল মহাশয়, এদের এত গা জ্বালার কারণ হল--এই যে আমাদের কংগ্রেস এরূপ বৃহৎ প্রতিষ্ঠান বলে। হাতী দেখলে পিঁপড়ের গা জ্বালা করে এবং সে তাকে কামড়াবার চেষ্টা করে। একটা কথা উঠেছে

এই যে কংগ্রেসের এত বড় অধিবেশন হয়ে গেল, সরকার থেকে মতলব করে যে তৃতীয় পঞ্চ-বার্ষিক পরিকল্পনা রচিত হয়েছিল তার মধ্যে এই সমস্ত ঠিক করা হয়েছিল বোধ হয়। সেই সময় স্বর্গত ডাঃ বিধানচন্দ্র রায় বলে গিয়েছিলেন, চার বৎসর পরে দুর্গাপুরে কংগ্রেসের একটা বড় অধিবেশন করবো; সেইজন্য তোমরা পরিকল্পনা অনুসারে রাস্তা করে এর মধ্যে ঢুকিয়ে দাও, বাড়ীগুলি নির্মাণের ব্যবস্থা করে দাও। এই সব যাঁরা বলেন তাঁদের আহাম্মুক ছাড়া কি বলব বা এই সব আহাম্মুকের কথার কি উত্তর দেব ভেবে পাইনা। অনেক দিন আগের একটা গল্পের কথা মনে পড়ে। ইংরেজ রাজত্বের আমলে এক মহকুমা শাসকের কাছে এক জিলা শাসক টেলিগ্রাম করলেন যে তোমার মহকুমায় কত গরু আছে জানিয়ে আমাকে টেলিগ্রাম করে পাঠাও। আমাদের কালীকান্ত মৈত্রের মত মহকুমা শাসক ; তিনি খুব খোসামোদে মহকুমা শাসক। তিনি তার করে পাঠালেন যে আমাদের জেলায় গরু আছে ৯,৩৭৮টা। জিলা শাসক তাঁকে ডেকে বললেন, তোমার হিসেব একবারে ঠিক কেবল একটা বাদে; তুমি নিজে কেবল বাদ পড়েছ। সেই ১০১টা আহাম্মুকের পর্যায় পড়ল। আমাদের বন্ধু আমি তাঁর নাম করব না কারণ নাম করলে নাকি দর বেড়ে যায়। তা ও'র দর না বাড়ানই ভাল। ও'র কাছে আহাম্মুকের হিসেব আছে। উনিত ভাল, কারণ লোকের সংস্পর্শে কোনদিন আসেন নি বা ভাল লোকের সঙ্গে পরিচয়, ঘনিষ্ঠতা বা সৌহার্দ্য হয়নি। কেবল আহাম্মুকদের সঙ্গেই মনে হয় ও'র পরিচয়, উনি একশ জনের নামের তালিকা করেছেন এবং বোধ হয় সেই নামের তালিকা আস্তে আস্তে বাড়ছে। মাননীয় সভাপাল মহাশয় আমি বেশী সময় নিতে চাই না. আমি এই কথাই বলতে চাই যে এই কংগ্রেস প্রতিষ্ঠানের দিকে শুধু কংগ্রেস কর্মীরা তাকিয়ে আছে তা নয় সারা পৃথিবী তাকিয়ে আছে। আমাদের এই প্রিয় কংগ্রেস প্রতিষ্ঠান, আমাদের এই মহান কংগ্রেস প্রতিষ্ঠানের দিকে সমগ্র দেশবাসী আজ গভীর আগ্রহে তাকিয়ে আছে।

[5-40—5-50 p.m.]

সেই প্রতিষ্ঠানের দিকে শুধু আমরাই যে তাকিয়ে আছি তা নয়, তার দিকে কৃষক, শ্রমিক, মধ্যবিত্ত শিক্ষিত লোকও তাকিয়ে আছে। মাননীয় সভাপাল মহাশয়, সেই প্রতিষ্ঠানের দিকে শুধু যে ভারতবর্ষের জনগণ তাকিয়ে আছে তা নয়, তার দিকে রাশিয়া, আমেরিকা, ইংরাজ তাকিয়ে আছে। কাজে কাজেই বিরোধীপক্ষের এই সমস্ত ব্যক্তি যে তাকিয়ে থাকবে, তাঁরা সবকিছু জানবার জন্য আগ্রহ প্রকাশ করবেন সেটা আর আশ্চর্যের কিছু নয়। তবে অন্ধ ব্যক্তির গল্প জানেন তো? অন্ধ ব্যক্তি হাতীর বর্ণনা করছিলেন। ফরওয়ার্ড ব্লক অন্ধ বললেন হাতি দড়ির মত: কম্যুনিষ্ট অন্ধ বললেন হাতি কুলোর মত, কেউই কংগ্রেসকে ঠিক ধরতে পারছেন না। আজকে এখানে অনেকে আছেন যাঁদের কাছে একসময় কংগ্রেস খুব প্রিয় ছিল। তাঁরা এখন বলছেন আমরা যখন কংগ্রেসে ছিলাম তখন কংগ্রেস বড্ড ভালো ছিল। আমরা এখন পি, এস, পি-তে এসেছি আমরা এখন সব সাধু হয়ে গেছি। পি, এস, পি-র নেতা, এখানে নেতা কিনা জানি না ফেতাও হতে পারেন, সেই পি, এস, পি-র নেতা গান্ধীজীকে মানেন কি না জানিনা কিন্তু গান্ধীজী যাঁকে বলতেন 'আমার পরমপ্রিয় শিষ্য'—সেই আচার্য বিনোবা ভাবেকে এ'রা মানেন না, এ'রা গান্ধীজীর শিষ্য কিনা? কাজেই এই সমস্ত অন্ধ লোকের কথার আর কত উত্তর দেবো! এ'রা কংগ্রেসকে ঠিক জানেন না।

আজকে আর একটা কথা বলেই আমার বক্তব্য শেষ করবো। সেটা হল, কংগ্রেস প্রতি ইঞ্চি জমির জন্য ভাড়া দিয়েছে। বিদ্যুতের জন্য যে ব্যয় হয়েছে, জলের জন্য যে ব্যয় হয়েছে তার প্রতিটি পয়সা কংগ্রেস দিয়েছে। যে সমস্ত বাড়ী তৈরি হয়েছিল, যেগুলি এখনও দখল হয়নি, গভর্নমেন্ট তাঁদের কাছ থেকে ভাড়া পেয়ে লাভ করেছেন। তবে হ্যাঁ, আমাদের স্বাস্থ্য বিভাগ, সেখানে কাজ করেছে। ভারতবর্ষের অত্যন্ত জনপ্রিয়, সর্ববৃহৎ প্রতিষ্ঠানের যে সভা হচ্ছে, যে সম্মেলন হচ্ছে, সমস্ত ভারতবর্ষের গ্রামের শহরের শিল্প যে প্রদর্শনীতে যোগ দিয়েছে, ভারতবর্ষের সর্বাঙ্গীন উন্নয়নের যে দৃশ্য সেখানে দেখানো হয়েছে, যেখানে লক্ষ লক্ষ লোকের সমাগম সেখানে স্বাস্থ্য রক্ষার ব্যবস্থা, হাসপাতালের ব্যবস্থা সরকার যদি না করেন তবে সেই সরকারকে আমি নিন্দা করবো। আমাদের সরকার যদি সেখানে স্বাস্থ্যরক্ষার ব্যবস্থা করে থাকেন তাহলে খুব ন্যায্য কাজ করেছেন এবং তাতে আমি পশ্চিমবঙ্গ সরকারের মুখ্যমন্ত্রী হিসাবে

এই জন্যই গর্ববোধ করছি যে আমরা জনসাধারণকে এতটুকু সেবা করবার সুযোগ পেয়েছি। তবে একথা আমি বলতে চাই যে কংগ্রেস অভ্যর্থনা সমিতি প্রতি ইঞ্চি জমির জন্য, জলের জন্য, বিদ্যুৎ শক্তির জন্য পয়সা খরচ করেছে। তারপর পুলিশের কথা। যেখানে এত লোকের সমাগম হয়েছে সেখানে আমরা নিশ্চয় পুলিশ পাঠাবো। আমাদের বন্ধুরা যখন সভা করেন বেশী লোক হয় তখনও আমরা পুলিশ পাঠাই। তবে এতবড় সভা করার ক্ষমতা তাঁদের নেই একথা বলে তাঁদের আমি লজ্জা দিতে চাই না শুধু এইটুকুই বলতে চাই যে, যে হীন মানোবৃত্তি নিয়ে এই প্রস্তাব এসেছে আমি তার বিরোধিতা করি।

Shri Bejoy Kumar Roy : —

মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমি অপর পক্ষের সকল সদস্যদের বক্তব্য খুব মনোযোগ দিয়ে শুনলাম। আমি আশা করেছিলাম যে আমার মূল প্রস্তাবকে ভিত্তি করে যে সমস্ত সরকারী অর্থ অপচয় এই দুর্গাপুর অধিবেশনে হয়েছিল, আমি সেই সমস্ত কথা তুলেছিলাম, মাননীয় মুখ্যমন্ত্রী তার একটা যথোচিৎ উত্তর দেবেন। কিন্তু আমরা দেখলাম কি? মাননীয় মুখ্যমন্ত্রী দীর্ঘ আধ ঘন্টা সময় বক্তৃতা দিলেন কিন্তু তিনি এই সরকারী টাকা অপচয়ের কোন হিসাব আমাদের সামনে দিলেন না। এতক্ষণ তিনি নাটক করলেন, গল্প শোনালেন। মাননীয় মুখ্যমন্ত্রী হিসাব দিয়ে দেখালেন যে কংগ্রেসকে প্রচুর চাল, আটা, ময়দা ফেরত দিতে হয়েছে দুর্গাপুর অধিবেশন থেকে। তার কারণ সেখানে লোক হয়নি। আমি আশা করেছিলাম যে বিপুল অর্থ সেখানে অপচয় হয়েছে তার একটা যথোচিৎ উত্তর দেবেন কিন্তু দেখলাম তিনি সম্পূর্ণ পাশ কাটিয়ে এটা এড়িয়ে গেলেন। এসব কথা তিনি কিছুই বললেন না। এতেই প্রমাণ হয় যে, যে অভিযোগ আমরা আজ তুলে ধরেছি সেটা সত্য। আমি আশা করবো আমার প্রস্তাবকে সকলে সমর্থন করবেন। এই কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Jyoti Basu:

মাননীয় সভাপাল মহাশয়, আমি যে কথাটা বলতে চাই সেটা হল বাইরে হাজার হাজার মাধ্যমিক শিক্ষক এসেছেন। ও'রা আজ থেকে কর্মবিরতি শুধু নয়, স্কুল কলেজ সব বন্ধ, কর্ম-বিরতি আর কি করবেন। সেখানে তাঁরা অবস্থান করবেন, কারণ তাঁদের দাবিদাওয়া তাঁরা পান নি। ১।২।৩ বছর ধরে তাঁরা তাঁদের দাবিদাওয়ার কথা সরকারকে বলছেন, শেষ অবধি সরকার যা দিলেন তাতে দেখলাম শতকরা ৭০।৮০ ভাগ শিক্ষকদের কিছু হয় না। আজ এইরকম একটা অবস্থার মধ্যে আমাদের শিক্ষা, শিক্ষক, দেশ, জাতিকে এই জনপ্রিয় কংগ্রেস সরকার এনেছেন। অথচ এত লম্বা চওড়া কথা, এত হিসেব মুখ্যমন্ত্রীর কাছ থেকে আমাদের শুনতে হচ্ছে। আমি মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করছি যে কোন কি ফরমুলা নেই? কোন কিছু নেই যাতে আমরা এখ-নই রাস্তায় দাঁড়িয়ে এর একটা ব্যবস্থা করতে পারি? আমার মনে আছে, এর আগের বার যখন ডাক্তার বিধানচন্দ্র রায় বেঁচে ছিলেন তখন এই রকম একটা অবস্থা হয়েছিল। সেই সময় রাস্তায় দাঁড়িয়ে আমরা একটা সিদ্ধান্ত করি, একটা ফরমুলা বেরোয়। ওয়েলিংটন স্কোয়ারে ডাঃ রায়ের ঘরে গিয়ে আমরা আলোচনা করি ও'দের পক্ষ অবলম্বন করে। শেষঅবধি একটা মিটমাট হয়। কিন্তু আজকে আমি দেখছি যে মুখ্যমন্ত্রী অনেক বক্তৃতা দিচ্ছেন প্রায় ব্লাড প্রেসার হবার মত অবস্থা হয়েছে। কিন্তু আমি জিজ্ঞাসা করছি, এত বড় একটা ঘটনা আর উনি এক-বারও ভাবছেন না যে কোন উপায় আছে কি না? এখানে অর্থমন্ত্রী শৈলবাবুও আছেন, এখনো কোনরকম উপায় আছে কিনা? শিক্ষক মহাশয়রা যখন রাস্তায় বেরুতে বাধ্য হয়েছেন তখন একটা কোন ফরমুলা বের করা যায় কিনা? কি আলোচনা কিছু হতে পারে কি না? শুধু এই-টুকুই আমি মুখ্যমন্ত্রী ও অর্থমন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি। যদি কিছু জবাব ও'দের কাছ থেকে পাই, যে আলোচনা হতে পারে কিনা? এখন কিছু করা সম্ভব কিনা?

[5-50—6-03 p.m.]

Shri Prafulla Chandra Sen:

মাননীয় সদস্য শ্রীজ্যোতি বসু যে কথা বলেছেন বাস্তবিকই আমার মনে হয় আমাদের পক্ষ থেকে শিক্ষক মহাশয়দের সম্বন্ধে কিছু বলা উচিত। আমি জ্যোতিবাবুর সঙ্গে পূর্বে আলাপ

করেছিলাম, আরও অনেক বন্ধুর সঙ্গে আলাপ করেছিলাম—আমাদের এখানে যে সমস্ত শিক্ষক প্রতিনিধি আছেন তাঁরা আমার সঙ্গে বোধহয় একদিন দুই ঘন্টা আলাপ করেছিলেন এবং আমাদের যা আর্থিক অবস্থা সেটা পরিষ্কারভাবে আমরা তাঁদের সামনে রেখেছিলাম। এ কথাও তাঁদের বলেছিলাম যে আমরা যেমন করে পারি কিছু না কিছু বাড়িয়ে দেবো। তবে বাজেট পেশ করবার পূর্বে আমরা কিছু ঘোষণা করতে পারবো না। তখন তাঁরা বল্লেন যে ঠিক আছে। তারপর ১৭ই ফেব্রুয়ারী তারিখে মাননীয় অর্থমন্ত্রী মহাশয়, এখানে যখন আমাদের আয় ব্যয়ের হিসাব পেশ করেন তখন শিক্ষক মহাশয়দের তিনি তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার পঞ্চম বৎসরে কি দিতে পারবেন সেটা ঘোষণা করেছেন এবং একথা জানিয়েছেন তাঁদের আমাদের কাছে যখন অধ্যাপক মহাশয়দের প্রতিনিধিরা এসেছিলেন। তখন তাঁদের জানিয়েছিলাম যে শিক্ষকদের বেতনের হার কিভাবে বৃদ্ধি পাবে ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন একটা কমিটি করেছেন সেটা নির্ধারণের জন্য। আমরা তাঁদের প্রতিশ্রুতি দিয়েছি যে ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন যে সুপারিশ করবেন সেই সুপারিশ আমার বিশ্বাস, কেন্দ্রীয় সরকার মেনে নেবেন এবং তা মেনে নিলে পর সেই সুপারিশ অনুসারে আমরা নিশ্চয়ই বেতন ধার্য করবো—কেননা ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন সুপারিশ করলে পর দায়িত্ব শুধু আমাদেরই থাকে না, কেন্দ্রীয় সরকারেরও কিছু দায়িত্ব বর্তায়। আজকে আমাদের যে আর্থিক অবস্থা তাতে আমরা এককভাবে কোন দায়িত্ব নিতে পারি না। সেইজন্য শিক্ষক মহাশয়দের সঙ্গে আমি আলোচনা করেছি, অর্থমন্ত্রীর সঙ্গে আলোচনা করেছি এবং আমাদের ক্যাবিনেটেও আলোচনা করেছি। আমি ফের দুঃখের সঙ্গে জানাতে বাধ্য হচ্ছি যে, যে পরিমাণ অর্থ আমাদের অর্থমন্ত্রী দেবেন বলেছেন তার চেয়ে বেশী এই তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষ বৎসরে দেওয়া সম্ভবপর হবে না।

Shri Saila Kumar Mukherjee:

আমাকে জ্যোতিবাবু যে একটা প্রশ্ন করেছেন সেটার জবাব দেওয়া দরকার—কেননা শিক্ষকদের কানে সত্য তথ্যটা পেঁাছে দেওয়া দরকার। তাঁদের মধ্যে কিছু বিভ্রান্তির সৃষ্টি হয়েছে। একটু আগে বিধান পরিষদের একজন শিক্ষক প্রতিনিধি আমাকে জিজ্ঞাসা করছিলেন যে শৈলবাবু লোকের মনে ধারণা হয়েছে যে ৭০% মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকরা নাকি সরকার যেটা দিয়েছেন তার কোন বেনিফিট পাবেন না। কেননা তাদের সেখানে একটা কনডিসন দেওয়া আছে। সেটা আমি পরিষ্কার করে বলে দিতে চাই যে ১০০% পারসেন্ট মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক যে হারে মহার্ঘ ভাতা দেওয়া হয়েছে তারাও তা পাবেন গত বছর পাননি তার একটা কনডিসন ছিল—৫ টাকা যদি ম্যানেজিং কমিটি দেন তাহলে সরকার ৫ টাকা দেবেন। এবারে ১০ টাকা সমস্তই সরকার দেবেন—এটা আনকনডিসন্যাল। কাজেই এই বিভ্রান্তির যদি সৃষ্টি হয়ে থাকে তাহলে আমার মনে হয় যে সমস্ত শিক্ষকদের কাছে এই বার্তা পেঁাছে দেওয়া দরকার যে তারা সবাই মাসিক ১০ টাকা করে পাবেন।

Shri Jyoti Basu:

না সেটা নয়—আপনারা গতবার ৫ টাকা দিয়েছেন যদি স্কুল পাঁচ টাকা দেয়—সেটা কনডিসন্যাল। কোন কোন বিদ্যালয় তা দিতে পারে নি—মিথ্যা লেখা হয়েছে এবং সরকারের কাছের থেকে টাকা নিয়েছে। শিক্ষকরা বলছিলেন যে আমরা স্কুল থেকে নেওয়াটা পছন্দ করছি না। কারণ অনেক স্কুলই দিতে পারবে না—ছাত্রদের ফিজ না বাড়িয়ে। যাহোক সরকার পাঁচ টাকা দিয়েছিলেন এবার আর কোন বিভ্রান্তি নেই এবার শিক্ষকরা বুঝেছে যে এবার তারা ৫ টাকা পাবে। তার মানে এখন ওরা ১০ টাকা পাবে। আগে তারা পেতেন না কারণ সেটা কনডিসন্যাল ছিল সেইজন্যই তারা বলেছে। কিন্তু আণ্ডার গ্রাজুয়েট যারা তারা বেশী পেয়েছে—যারা নাকি গ্রাজুয়েটস বা তার উপর তাদের এই দুরবস্থা হয়েছে এবং তারাই হচ্ছেন শতকরা প্রায় ৭০ জন। আমার কথা ছিল উনি বল্লেন শেষ বছর দিতে পারছেন না কিছু সেখানে আমর কথা হচ্ছে—আমি আগেও বলেছি যে এখন যখন এই রকম পরিস্থিতি তখন আরও কিছু বাড়ানো যায় কিনা—বা চতুর্থ পরিকল্পনায় কি করতে পারেন সেটা একটু দেখুন। ফাইন্যান্সিয়াল ইমপ্লিকেসন আছে ঠিকই কিন্তু এটা খুব সামান্যই ছিল—যারা পুরানো মাষ্টার তাদের যাতে এ্যাডজাষ্ট করা যায়, তারা যাতে বেশী পায় নিউ এনট্রেন্সের থেকে—স্কুল যাদের সাহায্য করতে

হবে এইড দিতে হবে—নন-এইডেড স্কুল-এ এই রকম গ্রান্ট দিতে হবে এই কতকগুলি ছিল—আমার মনে হয় যে আপনারা এগুলি একটু মনোযোগ দিয়ে এদের সঙ্গে কথা বলুন। কারণ এতে ফাইন্যান্সিয়াল ইমপ্লিকেসন বোধ হয় খুব বেশী নয়। কাজেই এ ব্যাপারে আলোচনা করা যেতো। কিন্তু দুর্ভাগ্য এদের—এরা রাস্তায় বেরিয়েছেন—তারপর কোথায় কি হবে জানি না।

Shri Prafulla Chandra Sen:

মাননীয় সদস্য মহাশয় কালকে বোধ হয় ছিলেন না—আমি পরিস্কার করে বুঝিয়ে দিয়েছিলাম যে তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আমাদের শিক্ষা খাতে ধার্য ছিল ৩৬ কোটি টাকা—কিন্তু আমরা ৫১ কোটি টাকা খরচ করেছি, শিক্ষকদের বেতন বৃদ্ধির জন্যই সেই পরিমাণ অর্থ ব্যয় হয়েছে। মাননীয় শিক্ষামন্ত্রী বলছেন যে ৫৩ কোটি টাকা দাঁড়াবে। আর আমরা চতুর্থ পরিকল্পনায় যার খসড়া মাননীয় সদস্যরা পেয়েছেন সকলে তাতে আমাদের শিক্ষা খাতে ডবল জিনিস করা হবে বলে আমরা ৭৭ কোটি টাকা ধরেছি। এর পরে যদি কেন্দ্রীয় সরকার আমাদের আরো অধিক পরিমাণ অর্থ দেন তাহলে আমরা নিশ্চয়ই আলোচনা করবো। আমরা তো আলোচনার দরজা বন্ধ করে দিই নি। আমরা এখনও আলোচনা করতে চাই; একটা জিনিব হচ্ছে আমরা কাউকে ধোকা দিতে চাইনা, আমরা কোন রকম মিথ্যা আশা তুলে ধরতে চাই না। আমি একথা বলছি যে আমাদের যে বাজেট পেশ করেছেন ১৭ই তারিখে আমাদের অর্থমন্ত্রী মহাশয়, মাননীয় সভাপাল মহাশয়, আপনি দেখেছেন যে তাতে আমাদের ৬ কোটি ৯২ লক্ষ টাকা ঘাটতি এবং সেই জন্য আর আমরা এর পরিমাণ বাড়াতে পারছি না। এবং সেই জন্যই তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষ বছরে আমি অত্যন্ত দুঃখের সংগে বলতে বাধ্য হচ্ছি যে আর কিছু করতে পারবো না—তবে আমরা নিশ্চয়ই আলোচনা করবো।

The motion of Shri Bijoy Kumar Roy that

যেহেতু দুর্গাপুরে অনুষ্ঠিত কংগ্রেসের অধিবেশন, একটি বিশেষ রাজনৈতিক দলের সম্মেলন মাত্র;

সেইহেতু এই সভার অভিমত এই যে, ঐ সম্মেলন উপলক্ষে যে সরকারী অর্থ ব্যয় করা হইয়াছে তাহা সম্পূর্ণভাবে অন্যায় ও অযৌক্তিক

was then put and a division taken with the following results:—

NOES--78

Abdul Bari Moktar, Shri
Abdul Gafur, Shri
Abdul Latif, Shri
Abul Hashem, Shri
Ahamed Ali Mufti, Shri
Ashadulla Choudhury, Shri
Bandyopadhyay, Shri Smarajit
Banerjee, Shri Baidyanath
Banerjee, Shri Jaharlal
Banerji, Shri Sankardas
Basu, Shri Abani Kumar
Bazlur Rahaman Dargapuri, Moulana
Beri, Shri Daya Ram
Bhagat, Shri Budhu
Bhowmik, Shri Barendra Krishna
Chakravartty, Shri Jnantosh
Chatterjee, Shri Mukti Pada
Chattopadhyay, Shri Brindabon
Chattopadhyay, Dr. Susil Ranjan
Das, Shri Abanti Kumar
Das, Shri Ambika Charan
Das, Dr. Kanai Lal

Das, Shri Mahatab Chand
Das, Shrimati Santi
Das Gupta, Shri Khagendra Nath
Das Gupta, Dr. Susil
Dey, Shri Kanai Lall
Dhara, Shri Sushil Kumar
Dutta, Shri Asoke Krishna
Dutta, Shrimati Sadha Rani
Fazlur Rahman, Shri S. M.
Gayen, Shri Brindaban
Ghosh, Shri Tarun Kanti
Hazra, Shri Parbati Charan
Jana, Shri Prabir Chandra
Jehangir Kabir, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Khamrai, Shri Niranjan
Kolay, Shri Jagannath
Mahanty, Shri Charu Chandra
Maitra, Shri Birendra Kumar
Maiti, Shrimati Abha
Majumdar, Shrimati Niharika
Mallick, Shri Ramendra Kishore
Mandal, Shri Krishna Prasad
Manya, Shri Murari Mohan
Misra, Shri Sowrindra Mohan
Mitra, Shrimati Biva
Moitra, Shri Arun Kumar
Mookerjee, Shri Naresh Nath
Mukherjee, Shri Saila Kumar
Mukhopadhyay, Shri Ananda Gopal
Nahar, Shri Bijoy Singh
Naskar, Shri Ardhendu Shekhar
Pal, Shri Probhakar
Pandit, Shri Krishna Pada
Poddar, Shri Badri Prasad
Pramanik, Shri Rajani Kanta
Raikut, Shri Bhupendra Deb
Ray, Shri Kamal Krishna
Ray, Shri Kamini Mohan
Roy, Shri Arabinda
Roy, Shri Gonesh Prosad
Roy, Shri Nepal Chandra
Roy, Shri Pranab Prosad
Saha, Shri Dhaneswar
Santra, Shri Jugal Charan
Sarkar, Shri Sakti Kumar
Sen, Shri Bijesh Chandra
Sen, Shri Prafulla Chandra
Sen, Shri Santi Gopal
Shakila Khatun, Shrimati
Shamsul Bari, Shri Syed
Singha, Shri Hiralal
Sinha, Kumar Jagadish Chandra
Tanti, Shri Anadi Mohon
Tudu, Shrimati Tushar
Ziaul Haque, Shri Md.

AYES—30

Abul Mansur Habibullah, Shri Syed
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jyoti
Basunia, Shri Sunil
Besterwitch, Shri A. H.
Bhattacharjee, Shri Nani
Das, Shri Gobardhan
Das Gupta, Shri Sunil
Das Mahapatra, Shri Balai Lal
Dey, Shri Jiban Krishna
Dhibar, Shri Radhika
Ghosh, Shri Sambhu Charan
Golam Yazdani, Dr.
Guha, Shri Kamal Kanti
Hamal, Shri Bhadra Bahadur
Kundu, Shri Gour Chandra
Maitra, Shri Kashi Kanta
Majumdar, Shri Apurba Lal
Mandal, Shri Adwaita
Mukhopadhyay, Shri Rabindra Nath
Murmu, Shri Nathaniel
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammad
Raha, Shri Sanat Kumar
Ray Chowdhury, Shri Khagendra Kumar
Roy, Shri Aswini
Roy, Shri Bijoy Kumar
Roy, Shri Monoranjan
Roy, Dr. Narayan Chandra
Thakur, Shri Shreemohan

The Ayes being 30 and the Noes 78, the motion was lost.

Shri Gour Chandra Kundu: Sir, I beg to move that this Assembly is of opinion that the State Government be requested to release all political leaders and workers now detained under Defence of India Rules within different jails of West Bengal.

মিঃ স্পীকার স্যার, আমি এই প্রস্তাবটা মুভ করে রাখলাম।

Adjournment

The House was then adjourned at 6-03 p.m. till 1 p.m. on Monday, the 22nd February, 1965, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

THE ASSEMBLY met in the Legislative Building, Calcutta, on Monday, the 22nd February, 1965, at 1 p.m.

Present:

Mr. Speaker (Shri KESHAB CHANDRA BASU) in the Chair, 9 Ministers, 3 Ministers of State and 142 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[1—1-10 p.m.]

Stipends to refugee students

***128.** (Admitted question No. *459.) **Shri Gour Chandra Kundu:**

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গে ১৯৬৪ সালে কত সংখ্যক উদ্বাস্তু ছাত্র-ছাত্রীকে রিফিউজি স্টুডেন্ট স্টাইপেন্ড দেওয়া হইয়াছে এবং সেই টাকার মোট পরিমাণ কত?

Shri Rabindralal Sinha:

পশ্চিমবঙ্গে ১৯৬৪-৬৫ আর্থিক বৎসরে প্রায় ৬,৬০৪ জন উদ্বাস্তু ছাত্র-ছাত্রীকে রিফিউজি স্টাইপেন্ড দেবার প্রস্তাব পাওয়া গিয়াছে। সরকার কর্তৃক ঐ বাবদ ১৯৬৪-৬৫ সালে মোট ৫,৪২,০০০ টাকার বরাদ্দ আছে।

Shri Nikhil Das:

এই যে বরাদ্দের কথা বলছেন তাতে আমার প্রশ্ন হচ্ছে এটা থেকে কত টাকা এ পর্যন্ত দেওয়া হয়েছে এবং কজনকে দেওয়া হয়েছে?

Shri Rabindralal Sinha:

এখনও বছর শেষ হয়নি, সুতরাং বছরে কত দেওয়া হবে সেটা এখনই বলা যাবে না। তবে দেবার সিস্টেম হচ্ছে কোলকাতায় ডিরেক্টর অব পাবলিক ইন্সট্রাকসন দেন এবং ডিস্ট্রিক্ট-এ ইন্সপেকটররা দরখাস্ত নেন এবং রুলস্ অনুসারে স্ক্রুটিনি করেন এবং তারপর দেন। কত দরখাস্ত পাওয়া গেছে এবং কত টাকা দরকার সেটা আমাদের কাছে লিখে পাঠালে আমরা তাঁদের ডিসপোজাল-এ প্লেস করি। এ বছরের জন্য ৪ লক্ষ ৫২ হাজার ২৫৪ টাকা প্লেস করা হয়েছে।

Dr. Kanai Lal Bhattacharya:

এই যে রিফিউজী স্টাইপেন্ড দেওয়া হচ্ছে তাতে আমার প্রশ্ন হচ্ছে এটা কি যাদের মাইগ্রেসন সার্টিফিকেট আছে তাদের শুধু দেওয়া হচ্ছে, না যারাই ইস্ট বেঙ্গল ক্রস করে ওয়েস্ট বেঙ্গল এসেছে তাদের সকলকে দেওয়া হচ্ছে?

Shri Rabindralal Sinha:

রুলস্-এ যা আছে সেই অনুযায়ী দেওয়া হবে। রুলস্-এ যখন ডিসপ্লেসড স্টুডেন্টস ফ্রম ইস্ট পাকিস্তান বলা আছে তখন ন্যাচারালি এটা নতুন রিফিউজিদের প্রশ্ন নয়, এগুলি হচ্ছে পুরান। নূতন রিফিউজীদের স্কীম এর মধ্যে নেই।

Dr. Kanai Lal Bhattacharya:

নবাগত উদ্বাস্তু ছাত্র যারা ১৯৬৩-৬৪ সালে ভর্তি হয়েছে তাদের স্টাইপেন্ড দেবার কথা চিন্তা করছেন কিনা?

Shri Rabindralal Sinha:

এই টাকা কেন্দ্রীয় সরকার দেন, তাঁরা দিলে নিশ্চয়ই বিবেচনা করা হবে।

Shri Kamal Kanti Guha:

উনি বললেন বরাদ্দ আছে। আমার প্রশ্ন হচ্ছে ১৯৬৪-৬৫ সাল শেষ হতে চলেছে এবং একথা কি সত্য যে, উদ্বাস্তুদের বাবদ যে টাকা বরাদ্দ করা হয়েছে তাতে তাদের মধ্যে অধিকাংশই এই টাকার সুবিধা এখন পর্যন্ত পায়নি?

Shri Rabindralal Sinha:

আমি বলেছি ৬,৬০৪ জনের জন্য বিভিন্ন জেলা থেকে আমার কাছে পাঠান হয়েছে, এই যে টাকা বরাদ্দ নয়, এটা প্লেস করে দেওয়া হয়েছে ডিষ্ট্রিক্ট ইন্সপেক্টারের কাছে, তিনি ডিসবার্স করতে পারবেন, কত টাকা ডিসবার্স হয়েছে বছর এখনও শেষ হয়নি, বৎসর শেষ না হলে বলতে পারব না।

Shrimati Santi Das:

এই যে রিফিউজী স্টাইপেন্ড দেওয়া হয় এর স্ট্যান্ডার্ডটা কি দয়া করে জানাবেন কি। কত নম্বর পেলে কত পারসেন্ট পেলে এই স্টাইপেন্ড দেওয়া হয় এবং এটা কি শুধু কলেজের ছাত্র-ছাত্রীদের দেওয়া হয় না কি স্কুলের ছাত্র-ছাত্রীদের এবং হাইয়ার এডুকেশনের ছাত্র-ছাত্রীদেরও দেওয়া হয়?

Shri Rabindralal Sinha:

স্কুলের উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে দেওয়া হচ্ছে, কারিগরী এবং চিকিৎসা বিদ্যালয়েও দেওয়া হয়।

Shri Sanat Kumar Raha:

মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন ১৯৬৪ সালে কি পরিমাণ উদ্বাস্তু ছাত্র-ছাত্রীদের দেওয়া হবে তা জানা নাই, কোন্ তারিখ পর্যন্ত আপনি সর্বশেষ হিসাব পেয়েছেন এবং সে সংখ্যা কত?

Shri Rabindralal Sinha:

সেটা বলতে পারি না।

Shri Hemanta Kumar Basu:

মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি এই নূতন ছাত্র যারা আসছে সম্প্রতি তাদের স্টাইপেন্ড দেওয়ার জন্য সরকার থেকে কোন চেষ্টা হচ্ছে কিনা কেন্দ্রীয় সরকারের কাছে দাবী করা হয়েছে কিনা যে তাদের স্টাইপেন্ড দিতে হবে?

Shri Rabindralal Sinha:

এটা উদ্বাস্তু পুনর্বাসন বিভাগ বলতে পারে।

Shrimati Santi Das:

কত পারসেন্ট পেলে পর এই স্টাইপেন্ড পেতে পারে দয়া করে সেটা জানাবেন কি?

Shri Rabindralal Sinha:

এই উত্তর দিতে গেলে সময় লাগবে, রুলস দেখে বলতে হবে, অফহ্যান্ড বলতে পারি না।

Shri Aswini Roy:

আপনার কাছে জেলার ভিত্তিতে কোন ফিগার আছে কিনা থাকলে বর্ধমান জেলা থেকে কতগুলি দরখাস্ত পাওয়া গেছে?

Shri Rabindralal Sinha:

জেলাওয়ারী দরখাস্তের সংখ্যা নেই, কত টাকা কোন্ জেলায় প্লেস করা হয়েছে তা বলতে পারি। বর্ধমান জেলায় ৭ হাজার টাকা প্লেস করা হয়েছে।

Shri Sanat Kumar Raha:

সরকার থেকে যে টাকা প্লেস করেছেন ডিষ্ট্রিক্ট ইন্‌সপেক্টারদের কাছে ডিসবার্স করার জন্য সেটা কোন্‌ তারিখ পর্যন্ত হয়েছে বলতে পারেন কি?

Shri Rabindralal Sinha:

সেটা বলতে পারি না।

Shri Nikhil Das:

নবাগত যারা এসেছে তাদের ব্যাপারে আমার প্রশ্ন হচ্ছে যারা স্টাইপেন্ডের আওতায় আসেনি তাদের জন্য আপনাদের কোন পরিকল্পনা আছে কিনা?

Shri Rabindralal Sinha:

এটা উদ্বাস্তু ত্রাণ বিভাগ বলতে পারেন আমি বলতে পারি না তাঁরা এ বিষয়ে মাঝে মাঝে কেন্দ্রীয় সরকারের সঙ্গে লেখালেখি করছে।

Shri Kashi Kanta Maitra:

মাননীয় নিখিল দাস মহাশয় যে প্রশ্ন করেছেন আমি সেই প্রশ্নই করছি অন্য ভাবে। রাজ্যপালিকা তাঁর ভাষণে বলেছেন যে সমস্ত উদ্বাস্তু এসেছে পশ্চিমবঙ্গ সরকার তাদের পুনর্বাসনের দায়িত্ব নেবেন না, কিন্তু তিনি এই আশ্বাস দিয়েছেন শিক্ষা এবং স্বাস্থ্যের ব্যাপারে যে রাজ্যের দায়িত্ব সরকার এ বিষয়ে এড়াতে পারেন না। সুতরাং মাননীয় শিক্ষা মন্ত্রী মহাশয় এড়িয়ে গেলেন এই বলে যে এর উত্তর আমি দিতে পারি না, উদ্বাস্তু ত্রাণ বিভাগকে জিজ্ঞাসা করুন, আমার প্রশ্ন হচ্ছে যেহেতু রাজ্যপাল বলেছেন নূতন আগত উদ্বাস্তু ছাত্রদের সম্বন্ধে সরকার দায়িত্ব এড়াতে পারেন না, তখন এবারে নূতন আগত উদ্বাস্তু ছাত্রদের সম্বন্ধে শিক্ষামন্ত্রীর এবং শিক্ষামন্ত্রণালয়-এর কি কোন দায়িত্ব নেই?

Shri Rabindralal Sinha:

তারা সাধারণভাবে পড়তে পারেন সেই দায়িত্ব কিন্তু স্পেশাল কোন দায়িত্ব আমরা নিই নাই, এ সম্বন্ধে উদ্বাস্তু ত্রাণ বিভাগ কেন্দ্রের সঙ্গে লেখালেখি করছে যাতে কেন্দ্রের সাহায্য পাওয়া যায়, এটা পুরোটাই কেন্দ্রীয় স্কীমের টাকা।
File containing request of the Home Special Department to permit them with the Chief Minister's speech denying any responsibility of the State Government in the matter of detention under Defence of India Rules.

Shrimati Santi Das:

কত পারসেন্ট পেলে পর রিফিউজী স্টাইপেন্ড পেতে পারে এটা জিজ্ঞাসা করার একমাত্র কারণ হচ্ছে যে সমস্ত ক্যাম্প-এর স্কুলগুলিতে এডুকেশন ডিপার্টমেন্ট গ্র্যান্ট দেয়, সেখানে ৩৫ পারসেন্ট ৩৭ পারসেন্ট পেলে তাদের গ্র্যান্ট কেটে দেওয়া হয়, এই কারণে এটা ক্লারিফাই করতে চাই, জানতে চাই কত পারসেন্ট পেলে পর তাদের স্টাইপেন্ড দেন?

Shri Rabindralal Sinha:

এই সম্বন্ধে প্রশ্ন দিলে দেখে বলতে পারি।

Payment of pensions to the ex-political sufferers

***129.** (Admitted question No. *617.) **Shri Panchu Gopal Bhaduri:** Will the Minister-in-charge of the Finance Department be pleased to lay on the table a statement showing the amount of pensions given to the ex-political sufferers together with the names of permanent life pension holders as also that of temporary holders?

[1-10—1-20 p.m.]

Shri Bijoy Singh Nahar: The total amount paid to the ex-political sufferers by way of monthly pensions, T.B. allowances and lump grants during different years commencing from 1948-49 up to 1964-65 (from April to September) are as in statement 'A'.

Statement 'B' shows the amount of pension given to the ex-political sufferers from 1957-58 onwards up to December, 1964, together with the names of permanent life pension holders, as also that of temporary holders.

Statements 'A' and 'B' are laid on the table.

STATEMENT A

Actual amounts paid to the political sufferers for the year 1948-49 and onward

	Rs.
1948-49	1,31,138
1949-50	4,79,467
1950-51	7,20,071
1951-52	5,47,090
1952-53	4,89,438
1953-54	4,86,719
1954-55	4.70,568
1955-56	4,46,914
1956-57	4,36,110
1957-58	4,21,135.62 nP.
1958-59	3,98,476.76 mP.
1959-60	3,93,988.34 nP.
1960-61	3,93,075.14 nP.
1961-62	3,99,822.84 nP.
1962-63	4,01,971.60 nP.
1963-64	3,89,923.00 nP.
1964-65 (From April to Sept., 1964)	1,79,856.00 nP.

STATEMENT B

Name of the political sufferers who have been drawing political pension (monthly)

1957-58

(1)	Sm. Kiron Bala Banerjee ..	.. Rs. 25 p.m. from 1.7.57
(2)	Sm. Sushama Rani Majumdar	.. Rs. 30 p.m. from 1.1.58
(3)	Shri Satish Chandra De ..	.. Rs. 30 p.m. from 1.7.57

1958-59

(1)	Shri Satish Chandra Chakraborty	.. Rs. 100 p.m. from 1.5.58
(2)	Dr. Indranarayan Sengupta..	.. Rs. 100 p.m. from 1.8.58
(3)	Sm. Prafulla Bala Dutta-Roy	.. Rs. 30 p.m. from 1.8.58 to 31.7.60
(4)	Sm. Khirodo Basini Raha ..	.. Rs. 20 p.m. from 1.12.58
(5)	Shri Samendra Nath Adikary	.. Rs. 20 p.m. from 1.1.55
(6)	Sm. Surabala Basu ..	.. Rs. 40 p.m. from 1.1.59
(7)	Shri Kaliprosad Banerjee ..	.. Rs. 50 p.m. from 1.1.58 to 31.10.59

1959-60

(1)	Shri Srish Chandra Das Gupta	.. Rs. 50 p.m. from 1.4.59
(2)	Shri Jyotish Chandra Nandy	.. Rs. 50 p.m. from 1.4.59
(3)	Shri Gourhari Biswas ..	.. Rs. 30 p.m. from 1.1.59
(4)	Shri Indranath Nandy ..	.. Rs. 50 p.m. from 1.7.59

1960-61

(1)	Sm. Anjali Guha ..	.. Rs. 12.50 nP. p.m. from 1.8.59
(2)	Sm. Rama Guha ..	.. Rs. 12.50 nP p.m. from 1.8.59
(3)	Sm. Sarojini Ghosh ..	.. Rs. 30 p.m. from 1.4.60
(4)	Shri Abalakanta Gupta ..	.. Rs. 30 p.m. from 1.4.60
(5)	Shri Jyotish Ghosh ..	.. Rs. 50 p.m. from 1.5.60
(6)	Shri Rasiklal Das ..	.. Rs. 75 p.m. from 1.1.60
(7)	Swami Mokhyananda Giri ..	.. Rs. 50 p.m. from 1.7.60
(8)	Swami Jibananda Giri ..	.. Rs 20 p.m. from 1.7.60
(9)	Shri Samiresh Chandra Ghosh	. Rs. 30 p.m. from 1.7.60
(10)	Shri Sachinandan Adhikary ..	.. Rs. 60 p.m. T.B. grant
(11)	Shri Batul Chandra Mitra ..	.. Rs. 60 p.m. T.B. grant

STATEMENT B—Contd.

Name of the political sufferers who have been drawing political pension (monthly)—Contd.

1961-62

(1)	Sm. Sushama Burman ..	.. Rs. 75 p.m. from 1.11.61
(2)	Sm. Jyotismati Debi ..	.. Rs. 75 p.m. from 1.1.62
(3)	Shri Sachinandan Adhikari ..	.. Rs. 60 p.m. from 23.7.61

1962-63

(1)	Shri Shyamal Kumar Mandal	.. Rs. 15 p.m. from 1.3.62
(2)	Shri Kalipada Banerjee ..	.. Rs. 50 p.m. from 1.1.62
(3)	Shri Ashoke Kumar Guha-Roy	.. Rs. 25 p.m. from 20.11.61
(4)	Family of Late Nishapati Majhi	.. Rs. 50 p.m. from 1.6.62
(5)	Shri Y. M. Dutt ..	.. Rs. 50 p.m. from 1.9.62
(6)	Shri Prafulla Kumar Kuila ..	.. Rs. 20 p.m. from 1.12.62
(7)	Shri Atul Krishna Ghosh ..	.. Rs. 100 p.m. from 1.2.63
(8)	Shri Khudiram Maity ..	.. Rs. 20 p.m. from 1.6.61

1963-64

(1)	Shri Jamini Kanta Sinha ..	.. Rs. 30 p.m. from 1.8.63
(2)	Shri Himangshu Bhusan Mukherjee	.. Rs. 25 p.m. from 1.11.63
(3)	Shri Bhupesh Chandra Sen ..	.. Rs. 40 .m. from 1.1.64
(4)	Shri Bhabotosh Das ..	.. Rs. 60 p.m. from 1.12.62
(5)	Shri Surendra Mohan Saha ..	.. Rs. 60 p.m. from 1.2.64
(6)	Shri Kaliprosad Banerjee ..	.. Rs. 50 p.m. from 1.1.63 to 31.12.64
(7)	Shri Kanailal Das ..	.. Rs. 75 p.m. from 1.3.64

1964-65

(1)	Sm. Bijoya Sen	.. Rs. 40 p.m. from 1.4.64
(2)	Sm. Lila Mitra ..	.. Rs. 40 p.m. from 1.4.64 to 31.3.66
(3)	Shri Sasadhar Kar ..	.. Rs. 70 p.m. from June, 1964
(4)	Shri Nagendra Kumar Guha-Roy	.. Rs. 50 p.m. from August 1964
(5)	Shri Swaroj Sen Gupta ..	.. Rs. 50 p.m. from July 1964
(6)	Sm. Nani Bala Kar ..	.. Rs. 35 p.m. from 1.9.64

STATEMENT B—Concld.

Name of the political sufferers who have been drawing political pension (monthly)—Concld.

1964-65—Concld.

(7)	Shri Bipin Ch. Goswami ..	.. Rl. 30 p.m. from 1.9.64
(8)	Shri Chittaranjan Roy Choudhury	.. Rs. 35 p.m. from 1.9.64
(9)	Shri Manindra Chandra Deb	.. Rs. 35 p.m. from 1.9.64
(10)	Shri Adhir Kr. Mukherjee ..	.. Rs. 45 p.m. from 1.10.64
(11)	Shri Rathindra Nath Guha ..	.. Rs. 45 p.m. from 1.10.64 for 5 years
(12)	Shri Surendra Nath Das ..	.. Rs. 30 p .m. from 1.10.64
(13)	Shri Brojosundar Goswami ..	.. Rs. 30 p.m. from 1.10.64 for 5 years.
(14)	Shri Ramanath Maity ..	.. Rs. 30 p.m. from 1.10.64 for 5 years.
(15)	Shri Harikanta Das ..	.. Rs. 30 p.m. from 1.10.64 for 5 years.
(16)	Shri Ganesh Ch. Vidyarthi ..	.. Rs. 30 p.m. from 1.10.64 for 5 years.
(17)	Shri Ramesh Ch. Choudhury	.. Rs. 50 p.m. from 1.10.64 for 5 years.
(18)	Shri Bejoy Kr. Chatterjee ..	.. Rs. 50 p.m. from 8.9.64
(19)	Shri Surendra Nath Bag ..	.. Rs. 10 p.m. from 1.10.64
(20)	Shri Rangalal Ganguly ..	.. Rs. 40 p.m. from 1.10.64
(21)	Shrimati Giribala Sarkar ..	.. Rs. 25 p.m. from 1.10.64
(22)	Shri Anil Samajdar ..	.. Rs. 45 p.m. from 1.6.64
(23)	Shri Brojen Roy.. ..	.. Rs 30 p.m from 1.11.64
(24)	Shrimati Durga Biswas ..	.. Rs. 30 p.m. from 1.11.64
(25)	Shri Pratul Gobinda Deb ..	. Rs 40 p.m from 1.12.64
(26)	Shrimati Sudha Rani Chakraborty	.. Rs. 25 p.m. from 1.12.64
(27)	Shri Surendra Narayan Kali	.. Rs. 50 p.m. from 1.12.64
(28)	Shri Ramesh Chandra Ghosh	.. Rs. 25 p.m. from 1.12.64 for 3 years.
(29)	Shri Kasiswar Banerjee ..	.. Rs. 40 p.m. from 1.12.64 for 5 years.
(30)	Shri Satish Chandra Majumdar	.. Rs. 35 p.m. from 1.12.64 for 5 years.
(31)	Shri Adhir Chandra Sinha ..	.. Rs. 30 p.m. from 1.12.64 for 5 years.
(32)	Shri Brahmmachari Lokesh Chaitanya ..	Rs. 10- p.m. from 1.12.64 for 5 years.
(33)	Shri Probodh Kr. Guhathakurta	.. Rs. 30 p.m. from 1.12.64
(34)	Shri Nirmalendu Bhattacharyya	.. Rs. 40/- p.m. from 1.12.64 for 5 years.

Shri Sanat Kumar Raha :

পেন্সন হোল্ডারস যারা পলিটিক্যাল সাফারার আছেন তাঁদের মধ্যে লাম্প দেওয়া হয় এমন কত-জন এবং পারমানেন্ট পেয়েছেন কতজন?

Shri Bijoy Singh Nahar :

পারমানেন্ট যাঁদের দিয়েছিলাম পেন্সন তাঁদের সম্বন্ধে এগ্‌লো দিয়েছি, লাম্প গ্রান্ট যদি প্রশ্ন করেন তাহলে দেব।

Shri Aswini Roy :

এর মধ্যে জেলা ভিত্তিক কোন ফিগার আছে?

Shri Bijoy Singh Nahar :

এটা জেলা ভিত্তিতে করা হয় না।

Shri Sanat Kumar Raha :

পলিটিক্যাল পেন্সন দেবার যে ব্যবস্থা আছে তাতে দরখাস্ত করলে কতদিনের মধ্যে পাবার সম্ভা-বনা থাকে?

Shri Bijoy Singh Nahar :

এর সাধারণ ব্যবস্থা হচ্ছে দরখাস্ত করলে এগ্‌লি আমরা তদন্তের জন্য দিই, তদন্ত থেকে ঘুরে আসলে আমাদের একটা সাব-কমিটি আছে তাঁরা বিবেচনা করেন যে দেবার উপযুক্ত কিনা।

Shri Sanat Kumar Raha :

আমার ডিস্ট্রিক্ট-এর ২টা কেস আছে—নাম বলতে পারি—২ বছর ধরে দরখাস্ত করে তদন্ত হয়ে গেছে, কিন্তু কোন সদুত্তর পায়নি। এর কি কোন প্রতিকার হবে?

Shri Bijoy Singh Nahar :

আপনি নাম দেবেন দেখব রিজেকটেড হয়েছে কিনা।

Shri Birendra Narayan Roy:

সব জিনিস আপনার ডিপার্টমেন্ট তদন্ত করেন, না অন্য ডিপার্টমেন্ট তদন্ত করেন?

Mr. Speaker:

এটা কোন প্রশ্ন নয়।

Shri Aswini Roy:

এই পেন্সন ধার্য করার কোন হার বা নিরিখ আছে কিনা?

Shri Bijoy Singh Nahar :

এই রকম কোন হার বা নিরিখ নেই--যাঁদের উপযুক্ত মনে করা হয় তাঁদেরই দেওয়া হয়।

Post-Graduate Basic Training College at Habra

***130.** (Admitted question No. *624.) **Shri Kashi Kanta Maitra:**

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে হাবড়ায় রাজ্যসরকারের নিয়ন্ত্রণাধীনে পোস্ট-গ্রাজুয়েট বেসিক ট্রেনিং কলেজটিকে কলিকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ পর্যন্ত কোন রেকগনীশন দেন নি; এবং

(খ) সত্য হইলে তাহার কারণ কি?

Shri Rabindralal Sinha:

(ক) হাবড়ায় বানীপুরে অঞ্চলে অবস্থিত পোষ্ট-গ্র্যাজুয়েট বেসিক ট্রেনিং কলেজের রেকগ-নীশনের জন্য কলিকাতা বিশ্ববিদ্যালয়ের নিকট কোন আবেদন করা হয় নাই।

(খ) এই প্রশ্ন উঠে না।

Shri Kashi Kanta Maitra:

হাবড়ায় এই যে পোষ্ট-গ্র্যাজুয়েট বেসিক ট্রেনিং কলেজ যেটা আছে সেটা রাজ্যসরকারের স্পনসর্ড কিনা জানতে চাই?

Shri Rabindralal Sinha:

সরকারী কলেজ।

Shri Kashi Kanta Maitra:

এই যে পোষ্ট-গ্র্যাজুয়েট বেসিক ট্রেনিং কলেজ রয়েছে সেটা রিকগনাইজড কিনা?

Shri Rabindra Lal Sinha: Recognised by whom?

Shri Kashi Kanta Maitra: Recognised by the Calcutta University.

Shri Rabindra Lal Sinha:

ক্যালকাটা ইউনিভার্সিটি-র বেসিক ট্রেনিং-এর কোন ডিপ্লোমা বা ডিগ্রী নেই। সুতরাং তাদের কাছ থেকে এ্যাফিলিয়েট নেবার কোন প্রশ্ন ওঠে না।

Shri Kashi Kanta Maitra:

এটা কি সত্য যে পোষ্ট-গ্র্যাজুয়েট বেসিক ট্রেনিং কলেজ যেটা হাবড়ায় একটা স্পনসর্ড প্রতিষ্ঠান সেখানে বাংলা ভাষায় শিক্ষা দেওয়া হয় বলে কলকাতা বিশ্ববিদ্যালয় স্পষ্টভাবে জানিয়ে দিয়েছে যে যেহেতু বাংলাভাষায় শিক্ষা দেওয়া হয় সেহেতু কলকাতা বিশ্ববিদ্যালয় এ্যাফিলেসান দেবেন না?

Shri Rabindra Lal Sinha:

আমরা এ্যাফিলেসান-এর জন্য দরখাস্ত করিনি—দেবার কোন প্রশ্ন ওঠে না। পোষ্ট-গ্র্যাজুয়েট বেসিক ট্রেনিং-এর ডিপ্লোমা. ডিগ্রী দেবার ব্যবস্থা ক্যালকাটা ইউনিভার্সিটি-তে নেই। সুতরাং এ্যাফিলেসান দেবার প্রশ্ন ওঠে না।

Dr. Kanai Lal Bhattacharya:

এই পোষ্ট-গ্র্যাজুয়েট বেসিক ট্রেনিং কলেজ বিশ্ববিদ্যালয়ের সংগে এ্যাফিলিয়েসান নয়, তাহলে গভর্নমেন্ট কি এদের ডিপ্লোমা ডিগ্রী দিয়েছেন?

Shri Rabindra Lal Sinha:

গভর্নমেন্ট দিচ্ছেন, বাংলাদেশে কোন ইউনিভার্সিটিতে এই বেসিক ট্রেনিং-এর ডিপ্লোমা ডিগ্রী নেই।

Dr. Kanai Lal Bhattacharya:

যেহেতু কোন বিশ্ববিদ্যালয়ের সংগে এ্যাফিলেটেড নয়, সেহেতু এই যে ডিগ্রি ডিপ্লোমা দেওয়া হয়, এই ডিগ্রি বা ডিপ্লোমা ভারতবর্ষের অন্যান্য প্রদেশে কি রিকগনাইজড?

Shri Rabindra Lal Sinha:

নোটীশ দিলে বলতে পারব—তবে এটা বাংলাদেশে গণ্য করা হয়।

Shri Kashi Kanta Maitra:

বাংলাদেশে আর যে সমস্ত গভর্নমেন্ট-স্পনসর্ড ইন্সটিটিউট আছে এবং যে সমস্ত গভর্নমেন্ট-স্পনসর্ড এডুকেশনাল ইন্সটিটিউশান-এ নানারকম ডিপ্লোমা, সার্টিফিকেট দেওয়া হয়ে থাকে সেই সমস্ত প্রতিষ্ঠানগুলোকে গভর্নমেন্ট কি এই কারণে এ্যাফিলেসান এর আওতা থেকে বাদ করে রেখেছেন যে যেহেতু এই রকম ধরণের ডিপ্লোমা ক্যালকাটা ইউনিভার্সিটি দেন না এবং এ্যাফিলেসান-এর দরকার নেই এবং ক্যালকাটা ইউনিভার্সিটি দেন না, যেহেতু এই সমস্ত প্রতিষ্ঠানের মাধ্যমে সার্টিফিকেট দেওয়া হবে এবং তার মূল্য পশ্চিমবঙ্গ সরকার সর্বাগ্রে দেবেন ও বিশ্ববিদ্যালয় মেনে নেবেন?

Shri Rabindra Lal Sinha:

প্রথম কথা আমি বলে নিই। অনেকের একটা ভুল ধারণা আছে যে এটা একটা স্পনসর্ড কলেজ কিন্তু এটা একটা গভর্নমেন্ট কলেজ, সুতরাং এ্যাফিলেসান-এর ব্যাপারে কিছু বলার নেই, তার কোর্স থাকবে তবে তো এ্যাফিলেসান নেবো সুতরাং কিসের বেসিস-এ এ্যাফিলেসান নেবো? গভর্নমেন্ট সেই ডিগ্রি, ডিপ্লোমা পরীক্ষা করে দিয়ে থাকেন এবং ফর দি গভর্নমেন্ট পারপাজ এটা বি, টি, র সমতুল্য বলে জ্ঞান করেন। কলকাতা বিশ্ববিদ্যালয়কে লেখা হয়েছে যাতে তারা বি, টি, র সমতুল্য বলে জ্ঞান করেন।

Shri Kashi Kanta Maitra:

আমাদের কলকাতা বিশ্ববিদ্যালয় ডি, আই দেননি তাহলে এই ইন্সটিটিউশন থেকে যারা পাশ করে আসেন তারা গভর্নমেন্ট ইন্সটিটিউশন কাজ করলে বুঝি যে যেটা গভর্নমেন্ট ইন্সটিটিউসন তাদের ডিগ্রী বা ডিপ্লোমা তাদের কাজে লাগছে কারণ সরকার তাদের চাকুরীতে যে এ্যাসিয়োরেন্স দিতে পারেন কিন্তু এমন অনেক শিক্ষক থাকেন যে যারা ট্রেনিং নিয়ে আসে সরকারী প্রতিষ্ঠানে চাকুরী পান না অন্যান্য প্রতিষ্ঠানে চাকুরীর জন্য দরখাস্ত করতে হয় সে ক্ষেত্রে এটা মনে করেন কিনা যে কোন বিশ্ববিদ্যালয় বা ভারতবর্ষের কোন বিশ্ববিদ্যালয়ের সঙ্গে এ্যাফিলিয়েসান না থাকার ফলে সে অসুবিধা হতে পারে আমার জিজ্ঞাসা এটা আপনারা মানেন কিনা?

Shri Rabindra Lal Sinha:

না।

Museum at Jiagunj

***131. (Admitted question No. *669.) Shri Birendra Narayan Ray:**

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে মুর্শিদাবাদ জেলার জিয়াগঞ্জে একটি মিউজিয়াম প্রতিষ্ঠিত হইতেছে;

(খ) সত্য হইলে অদ্যাবধি (১) পশ্চিমবঙ্গ সরকার, (২) কেন্দ্রীয় সরকার এবং (৩) জনসাধারণের নিকট হইতে উক্ত মিউজিয়ামের জন্য কত টাকা পাওয়া গিয়াছে; এবং

(গ) উক্ত মিউজিয়াম যে স্থানে নির্মিত হইতেছে সেই জমির ভূতপূর্ব মালিক কে বা কাহারা এবং কিভাবে ঐ জমি মিউজিয়াম কর্তৃপক্ষ পাইয়াছেন?

Shri Rabindra Lal Sinha:

(ক) সত্য।

(খ) উক্ত মিউজিয়াম পশ্চিমবঙ্গ সরকারের নিকট হইতে ১৫,০০০ টাকা, কেন্দ্রীয় সরকারের নিকট হইতে ২৫,০০০ টাকা এবং জনসাধারণের নিকট হইতে ৫,২৬৬ টাকা পাইয়াছেন।

(গ) মিউজিয়াম যে স্থানে নির্মিত হইতেছে সেই জমির ভূতপূর্ব মালিক শ্রীসুরেন্দ্র নারায়ণ সিংহ ও তাঁহার পুত্রগণ কর্তৃক।

১৯৬৪ সালের ১লা অক্টোবর তারিখে ঐ জমি মুর্শিদাবাদ জেলা শাসক ও মিউজিয়ামের প্রেসিডেন্ট (পদাধিকার বলে) এর অনুকূলে দান করা হইয়াছে।

Shri Birendra Narayan Ray:

আপনি যে বললেন যে জমির ভূতপূর্ব মালিক সতীশচন্দ্র সিংহ এবং তার পুত্রগণ। আমার জিজ্ঞাস্য তারা ডিডস্ এ সই করেছেন কি?

Shri Rabindra Lal Sinha:

আমার যা রপোর্ট আছে তাতে তারা ডি, এম-এর অনুকূলে ডিডস-এ সই করে দিয়েছেন।

Shri Birendra Narayan Ray:

তারা প্রথম ইনষ্টলমেন্ট কবে দিলেন?

Shri Rabindra Lal Sinha:

বলতে পারবো না।

Shri Birendra Narayan Ray:

এটা কি ঠিক যে ডিডস কমপ্লিট হবার আগেই আপনারা টাকা দিয়ে দিয়েছেন এবং একজন কো-শেয়ারার তাতে সই করেন নি?

Shri Rabindra Lal Sinha:

এমন কোন ইনফরমেসন নেই। যে খবর আমাকে মুর্শিদাবাদ থেকে পাঠান হয়েছে তাতে আমি দেখছি যে দলিল হয়ে গেছে এবং রেজেষ্ট্রী হয়েছে আমরা টাকা দিয়েছি কেন্দ্রীয় সরকার দেননি।

Shri Sanat Kumar Raha:

মাননীয় মন্ত্রীমহাশয় কি বলবেন যে মিউজিয়াম যে প্রতিষ্ঠিত হয়েছে তার কার্যকলাপ পরিচালনার জন্য কোন কমিটি আছে?

Shri Rabindra Lal Sinha:

হ্যাঁ।

Shri Sanat Kumar Raha:

নামগুলি জানাবেন কি?

Shri Rabindra Lal Sinha:

আমি কমিটিগুলির নাম পড়ে দিচ্ছি।

(1) D. M. Murshidabad .... President (ex-officio).

(2) S. D. O. Lalbagh .... Member (ex-officio).

(3) The District Social Officer, Murshidabad — Do.

(4) Shri Surendra Narayan Singh, Doner and Chairman, Jiaganj-Ajimgunj, Municipality — Secretary and Treasurer.

(5) Shri J. P. Sengupta, Principal, Sreepat Singh College — Member (ex-officio).

(6) D. N. Chakravorty, Head Master, Raja B. S. Vidya Maudir — Do.

(7) Shri Sailendra Adikary, M.L.A., Jiagunj	Member.
(8) Shri Durga Pada Singha, Jiagunj	Do.
(9) Shri Goal Badan Tribedi, Bahara (Kandi)	Do.
(10) Shri Radha Nath Choudhuri, Nimtita	Do.
(11) Shri Mrinal Gupta, Berhampore	Do.
(12) Shri Umanath Singha, Berhampore	Do.

Shri Sanat Kumar Raha:

এই কমিটি গঠিত হল কোন নীতির ভিত্তিতে?

Shri Rabindra Lal Sinha:

ডি, এম,-এর রেকমেণ্ডেসান এর উপর আমরা এই নমিনেট করে থাকি।

[1-20—1-30 p.m.]

Shri Birendra Narayan Ray:

আপনি কি জানেন যে শ্রীবীরেন্দ্রনারায়ণ সিংহ এতে সহি করেন নি—যদি না করে থাকেন তাহলে একটা খোঁজ করবেন কি?

Shri Rabindra Lal Sinha:

যে কোন প্রশ্ন যদি খোঁজ নেবার জন্য বলেন—আমাকে অনুরোধ করলে সঙ্গত সব অনুসন্ধান করবো।

D.A. for State Government employees

***132.** (Admitted question No. *798.) **Shri Amarendra Nath Roy Prodhan:**

অর্থ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের সরকারী কর্মচারীদের মহার্ঘ ভাতা বৃদ্ধি করার কোন প্রস্তাব আছে কি না; এবং

(খ) প্রস্তাব থাকিলে তাহা কবে হইতে কার্যকরী করা হইবে?

Shri Saila Kumar Mukherjee:

(ক) ও (খ) মহার্ঘভাতা বৃদ্ধি বিষয়ে সরকার চূড়ান্ত সিদ্ধান্ত বাজেট অধিবেশনে ঘোষণা করিয়াছেন। ইহা আগামী আর্থিক বৎসর হইতে কার্য্যকরী হইবে।

Shri Amarendra Nath Roy Prodhan:

বর্তমান দুর্মূল্যের বাজারে এই মহার্ঘ ভাতাটা যে অতি সামান্য এটা আপনি স্বীকার করেন কি?

Shri Saila Kumar Mukherjee:

না, আমি তা মনে করি না।

Shri Nikhil Das:

মহার্ঘভাতা যারা একেবারে নীচের কর্মচারী তাদের ৫ টাকা ছিল এখন ১০ টাকা করেছেন ৫ টাকা বাড়িয়েছেন এবং কষ্ট অব লিভিং ইনডেক্স—গত অক্টোবর-নভেম্বর মাসে ৫৪০ ছিল—যদি ৩৯কে বেস ধরি—এই যে জিনিসপত্রের দাম বাড়লো এবং তাদের এই যে টাকাটা বাড়ালেন—এটা যে ঠিক হয় নি—এটা আপনি স্বীকার করেন না?

Shri Saila Kumar Mukherjee:

না।

Shrimati Ila Mitra:

শিক্ষা প্রতিষ্ঠানে অশিক্ষক কর্মচারী যারা আছেন তাদের ভাতা বৃদ্ধি করা হয়েছে?

Shri Saila Kumar Mukherjee:

এ প্রশ্ন থেকে এটা আসে না—এটা বাজেট বক্তৃতায় বিস্তৃতভাবে দেওয়া হয়েছে।

Dr. Kanai Lal Bhattacharyya:

মাননীয় অর্থমন্ত্রী মহাশয় জানেন কি যে সরকার ভারতরক্ষা বিধি বলে প্রত্যেক ইঞ্জিনীয়ারিং কনসার্নে গত ৫ মাসের মধ্যে সর্বনিম্ন প্রায় ২০ টাকার মত মাগ্গী ভাতা বাড়িয়েছেন—এমপ্লয়ারদের বাড়াতে বাধ্য করিয়েছে?

Shri Saila Kumar Mukherjee:

ভারত সরকার যেটা করেছেন সেটা নিশ্চয়ই আমাদের জানা আছে।

Dr. Kanai Lal Bhattacharyya:

ভারত সরকার নয়, আমাদের পশ্চিমবঙ্গ সরকার ১৯৬৪ সালের সেপ্টেম্বরের পর থেকে বিগত কয়েক মাসের মধ্যে ভারত রক্ষা বিধি বলে সমস্ত ইঞ্জিনীয়ারিং এমপ্লয়ারদের জিনিসপত্রের দাম বাড়ার জন্য তাদের প্রত্যেক এমপ্লয়ীকে প্রায় ২০ টাকার মত মাগ্গী ভাতা বাড়াতে বাধ্য করেছেন।

Shri Bijoy Singh Nahar:

এটা আমি বলে দিতে পারি যে ২০ টাকা নয় ১০ টাকা ডি আই রুলসে আমরা বাড়িয়েছি এবং তার পরে যা বৃদ্ধি হয়েছে সেটা কষ্ট অব লিভিং ইনডেক্সের উপরে।

Dr. Kanai Lal Bhattacharyya:

যা হোক সবশুদ্ধ ২০ টাকা বাড়িয়েছেন—তাহলে আজকে এই যে পশ্চিমবঙ্গ সরকারের যে সমস্ত কর্মচারী যাদের ন্যূনতম বাড়ানো হয়েছে ৫ টাকা মন্ত্রীমহাশয় কি হিসাবে বললেন যে সেটা যথেষ্ট?

Shri Saila Kumar Mukherjee:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যদি অনুমতি করেন তাহলে এখানে শ্রীসনৎ রাহা মহাশয়ের একটি প্রশ্ন আছে ঠিক ঐ বিষয়ে যে কষ্ট অব লিভিং ইনডেক্সের সঙ্গে কি রেটে বেড়েছে তার উত্তর বিস্তারিতভাবে তাহলে বলতে পারি।

Shri Kashi Kanta Maitra:

মাননীয় অর্থ মন্ত্রীমহাশয় তাঁর বাজেটে যেমন সর্বনিম্ন স্তরের কর্মচারীদের ৫ টাকা বাড়িয়েছেন—উপর দিকে বাড়িয়েছেন ৩০ টাকা—আমি জিজ্ঞাসা করছি যে বাজারে একই হারে জিনিসের দাম বেড়ে গেছে—কি ভিত্তিতে নিচের তলার যারা কর্মচারী তাদের বেলায় বৃদ্ধি হোল ৫ টাকা—আর উপর দিকে ৩০ টাকা বৃদ্ধি হোল এটা জানিয়ে দেবেন কি?

Shri Saila Kumar Mukherjee:
অল ইণ্ডিয়া প্যাটার্ন ফলো করা হয়েছে।

Night Schools in Midnapore

***133.** (Admitted question No. *880.) **Shri Ananga Mohan Das:**
শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় বর্তমানে কয়টি সরকারী সাহায্যপ্রাপ্ত নৈশ বিদ্যালয় পরিচালিত হইতেছে; এবং

(খ) ঐ সকল নৈশ বিদ্যালয়ের প্রত্যেকটিকে কি কি বাবদ কত টাকা করিয়া সাহায্য দেওয়া হয়?

Shri Rabindralal Sinha:

(ক) ১৯৬০-৬৪ সালে মেদিনীপুর জেলায় ৭০টি নৈশ বিদ্যালয় পরিচালিত হইয়াছিল।

(খ) ঐ সকল নৈশ বিদ্যালয়ের প্রত্যেকটিকে নৈমিত্তিক খরচ বাবদ বার্ষিক ৬০্ টাকা সাহায্য দেওয়া হয়।

Shri Ananga Mohan Das:
এই নৈশ বিদ্যালয়ে যে সমস্ত ছাত্রছাত্রী পড়ে তাদের শ্লেট বই ইত্যাদি দেবার কোন ব্যবস্থা আছে কিনা?

Shri Rabindralal Sinha:
ঐ যে বললাম ৫ টাকা করে ৬০ টাকা বছরে কন্টিজেন্সি খরচ বাবদ নৈশ বিদ্যালয়কে দেওয়া হয়—নৈশ বিদ্যালয়গুলি, সাধারণত স্থানীয় কোন বিশেষ কর্মী এগিয়ে আসেন—তাকে কিঞ্চিত আলো-টালোর জন্য ৬০ টাকা বছরে দেওয়া হয়—তার পর কিছু দিন যদি এই নৈশ বিদ্যালয়গুলি ভালভাবে চলে দেখা যায় তখন সেটাকে আমরা লিটারারী সেন্টারে কনভার্ট করার চেষ্টা করি এবং লিটারারী সেন্টারে কনভার্ট হওয়ার পর তখন বই-পত্র শ্লেট-এর জন্য আলাদা আলাদা ব্যবস্থা আছে।

Shri Ananga Mohan Das:
এই লিটারারী সেন্টার যে হচ্ছে তাদের মাষ্টারদের কি মাহিনা এবং ছেলেদের কি দেন?

Shri Rabindralal Sinha:
লিটারারী সেন্টার সম্বন্ধে প্রশ্ন করলে উত্তর দিতে পারি।

Shri Ananga Mohan Das:
আপনি বল্লেন যে নৈশ বিদ্যালয়গুলি ভালভাবে চল্লে লিটারারী-সেন্টারে পরিণত করেন কিন্তু যতদিন লিটারারী-সেন্টারে পরিণত না হয় ততদিন নৈশ বিদ্যালয়ে যে সমস্ত কর্মীরা এগিয়ে আসেন তাদের কোন ভাতা দেন কিনা?

Shri Rabindralal Sinha:
ঐ যে বল্লাম ৬০ টাকা তার বেশী দেয়া হয় না।

Shrimati Santi Das:
মাননীয় শিক্ষামন্ত্রী বল্লেন যে নৈশ বিদ্যালয়গুলিকে ৬০ টাকা করে দেওয়া হয়। উনি কি জানেন যে বছর যখন শেষ হয়ে যায়, এক বছর চালাবার পরে সেই ৬০ টাকা মার্চ মাসে দেয়া হয়, তাতে সেই সমস্ত স্কুলের কর্মীদের খুব অসুবিধা হয়। সেজন্য প্রত্যেক মাসে যাতে এই ৫ টাকা করে দেয়া হয় সেরকম কোন স্থির সিদ্ধান্ত সরকার কি গ্রহণ করেছেন?

Shri Rabindra Lal Sinha:

আমার জানা নেই যে এটা বছরে একবার দেয়া হয় কিনা, তবে আপনি যখন বলছেন তখন অনুসন্ধান করে দেখবো।

Shri Birendra Narayan Ray:

আপনি যে বল্লেন মেদিনীপুর জেলায় কণ্টিজেন্সী বাবদ ৬০ টাকা করে দেয়া হয়—এটা কি শুধু মেদিনীপুর জেলার জন্য, না সারা বাংলাদেশের জন্যও?

Shri Rabindra Lal Sinha:

প্রশ্নটা ছিল মেদিনীপুর জেলা সম্বন্ধে—সেইজন্যই মেদিনীপুর জেলা সম্বন্ধে বলা হয়েছে? তবে এটা সারা বাংলাদেশে চালু আছে।

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় মন্ত্রীমহাশয় কি বলবেন যে এই সমস্ত শিক্ষকদের কোন বেতন আছে কিনা?

Shri Rabindra Lal Sinha:

তাঁরা অবৈতনিক কর্মী, তাঁরা নিজেরা নৈশ বিদ্যালয় করে সমাজকে সেবা করবার জন্য চেষ্টা করেন তাদের কণ্টিজেন্সী সাহায্য বাবদ মাসিক ৫ টাকা করে দেয়া হয়।

Shri Balai Lal Das Mahapatra:

নৈশ বিদ্যালয়গুলির কি কি কাজ বলবেন কি--নিরক্ষরতা দূরীকরণের কাজ তাদের করতে হয় কিনা?

Shri Rabindra Lal Sinha:

মূলতঃ তাই।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় শিক্ষামন্ত্রী বলবেন কি এই নেশ বিদ্যালয়ে যারা সমাজ সেবা করেন বলে তারা বলছেন ভদ্রলোকগুলি বলি রাত্রিবেলা ইলেকসন টাইমে কংগ্রেসের কোন কাজ করেন কিনা?

Shri Rabindra Lal Sinha:

আমার জানা নেই।

Shri Sailendra Nath Adhikary:

আপনাদের কাছে এরকম অভিযোগ গেছে কিনা যে এই নৈশ বিদ্যালয়গুলিকে কংগ্রেসের তরফ থেকে ইলেকশনের কাজে লাগানো হয়।

Shri Rabindra Lal Sinha:

এখন কথা হচ্ছে এই নৈশ বিদ্যালয় যাঁরা চালান সেই সমস্ত সমাজসেবী কর্মীরা কংগ্রেস কি এস-এস-পি কি কমিউনিষ্ট কোন্ দলের, কি তাদের পলিটিক্যাল মিনিং তা আমার জানা নেই এবং কোন্ দলের হয়ে নির্বাচনে তাঁরা কাজ করেন তাও আমার জানা নেই, তবে নির্বাচনে কাজ করলেও আইনগত কোন বাধা নেই।

Shri Sailendra Nath Adhikary:

এই নৈশ বিদ্যালয় বলিতে কি কারিকালাম দিয়া হয়ে থাকে?

Shri Rabindra Lal Sinha:

সাধারণভাবে সেখানে অক্ষরজ্ঞান শিক্ষা দেয়া হয়, এর বেশী আর আমি কিছু বলতে পারবো না।

Shri Balai Lal Das Mahapatra:
এই নৈশ বিদ্যালয়গুলি নিরক্ষরতা দূরীকরণের কাজে কতখানি অগ্রসর হয়েছে তার কোন রিপোর্ট আছে কি?

(নো রিপ্লাই)

D. A. for the State Government employees

***134.** (Admitted question No. *915.) **Shri Monoranjan Roy:** Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) what is the present rate of D.A. of the State Government employees; and

(b) in view of the unusual rise in the cost of living index, what quantum of D.A. the Government contemplate to grant to its employees?

Shri Saila Kumar Mukherjee: (a) The existing rates of dearness allowance admissible to all wholetime Government servants are shown below:

Pay (Rs.)		Dearness Allowance. (Rs.)
Up to 150	..	5
151-300	..	10
301-309	..	Amount by which pay falls short of Rs. 310.

(b) Government have decided to grant D.A. to its employees at the following revised rates from the beginning of the Financial year 1965-66:

Pay (Rs.)		Dearness allowance. (Rs.)
Up to 150	..	10
151-300	..	20
301-600	..	30
601-629		Amount by which pay falls short of Rs. 630.

[1-30—1-40 p.m.]

Shri Monoranjan Roy:
১৯৩৯ সাল থেকে কষ্ট অব লিভিং ইনডেক্স কি পরিমাণ বেড়েছে? গতবারে যে ডিয়ারনেস এ্যালাওয়েন্স দিয়েছিলেন সেই অনুযায়ী কতটা আপনারা বাড়িয়েছেন? আমি ১৯৫০ সালের কষ্ট অব লিভিং ইনডেক্স চাই না। ১৯৩৯ সালের কষ্ট অব লিভিং ইনডেক্স অনুযায়ী ফুল নিউট্রালাইজেসান হয়েছে কিনা এই হচ্ছে এক নম্বর প্রশ্ন। দ্বিতীয় নম্বর প্রশ্ন হচ্ছে চতুর্থ শ্রেণীর কর্মচারী যাদের ১৩ টাকা মাসিক বেতন ছিল ১৯৩৯ সালে আপনার সরকার কি মনে করেন যে সেই ১৩ টাকা বেতনের সঙ্গে ডি-এ মেশালেই বর্তমান হবে, না, মিনিমাম ওয়েজেস বলে যে একটা রিজলিউসান পাশ হয়েছিল ইণ্ডিয়ান লেবার কনফারেন্সে সেই অনুযায়ী নিম্নতম কর্মচারীদের বেতন নির্ধারণ করা প্রয়োজন এবং সেই অনুযায়ী ডি-এ ফিক্স করা প্রয়োজন?

Shri Saila Kumar Mukherjee:
আপনি প্রথমে যেটা অনুমান করে নিয়েছেন যে ১৯৩৯ সালের বায়ের কি ভিত্তি সেটা আমি বলতে পারব না। কারণ, ১৯৫০ সালকে বেস ইয়ার ধরে ভারতবর্ষের সকল প্রদেশে হিসাব করা হয়। ১৯৫০ সালকে বেস ইয়ার ১০০ ধরে এই ১৪ বছরে কি বেড়েছে তারই হিসাব

সর্বভারতীয় পরিসংখ্যানের ভিত্তিতে আমি জানাচ্ছি। বেতনের হার যেটা ছিল মহার্ঘ ভাতা বৃদ্ধির ফলে ১৯৫০ এবং ১৯৬৪ সালের কলকাতার ব্যয় সূচীর হিসাব প্রদত্ত হইল। ১৯৫০ সালে যেটা ১০০, ১৯৬৩ সালে ১৩২·৪ ব্যয় বৃদ্ধি ঘটেছে অর্থাৎ ৩২·৪ ইনক্রিজ হয়েছে কষ্ট অব লিভিং ইনডেক্স ফর টেকিং ১৯৫০ এ্যাজ দি বেস ইয়ার। সেই অনুপাতে আমাদের ১৯৫০, ১৯৬৪ সালের কলকাতার সমস্ত শ্রেণীর মোট বেতন নিম্নে প্রদত্ত হইল। আমি চতুর্থ শ্রেণীর কথা বলছি, তাদের এ্যাভারেজ মাইনে হচ্ছে ১৯৫৬ সাল থেকে ১৯৬১ সালের মধ্যে ৫৫ পয়েন্ট, সেটা হয়েছে ১৯৬৪ সালে ৭০ থেকে ৮৫ অর্থাৎ গড়ে ৭৭·৫৫। সুতরাং ৩২·৫ বৃদ্ধি হয়েছে। সুতরাং কষ্ট অব লিভিং ইনডেক্স ১৯৫০ সালের তুলনায় ৩২·৫ ইনক্রিজ হয়েছে, এটা হচ্ছে চতুর্থ শ্রেণীর হিসাব। অন্যান্য শ্রেণীর কথা বলেছেন। অন্যান্য শ্রেণীর কর্মচারীদের যেটা ১৯৫০ সাল বেস ইয়ার ১০০ তার কষ্ট অব লিভিং ইনডেক্স রাইজ হয়েছে ৩১ পয়েন্ট অর্থাৎ ৩১ পার্সেন্ট। সে তুলনায় আমাদের ভিন্ন ভিন্ন শ্রেণীর কর্মচারী যারা এই মহার্ঘ ভাতার অর্থাৎ ২৭ পার্সেন্ট। সুতরাং এই শ্রেণীর লোকের নিশ্চয়ই কম বেড়েছে আপনারা যেটা বলছেন। মধ্যে এসেছে তাদের গড় হিসাব দাঁড়ায় ১৫৩·৫, তাদের এ্যাভারেজ বৃদ্ধি হয়েছে মাইনে ১৮৬·২ অর্থাৎ ২৭ পার্সেন্ট। সুতরাং এই শ্রেণীর লোকের নিশ্চয়ই কম বেড়েছে আপনারা যেটা বললেন। একদম নিম্ন শ্রেণীর কষ্ট অব লিভিং অনুপাতে সমান বৃদ্ধি হয়েছে। এদের যেটা বললাম ৩১ পার্সেন্ট এ্যাভারেজ সেটা বেড়েছে ২৭ পার্সেন্ট।

Shri Monoranjan Roy:

মাননীয় অর্থ মন্ত্রীমহাশয় বললেন যে ১৯৫০ সালকে বেস ইয়ার ১০০ ধরে তাঁরা ইনডেক্সের হিসাব করেছেন। কিন্তু ১৯৫০ সালের ইনডেক্স যদি ১০০ বেস ধরা যায় তাহলে তার মানে হচ্ছে ১৯৫০ সালে জিনিসপত্রের দামটা বেশী ছিল, সেটাকে আপনারা ১০০ ধরেছেন। ১৯৩৯ সালের হিসাব নিচ্ছেন না তার মানে ১৯৩৯ সাল থেকে ১৯৫০ সালের মধ্যে যে ব্যয়ভার শ্রমিকের বেড়ে গেল সেটাকে ফাঁকি দিচ্ছেন এবং সেইভাবে তাদের বলছেন আমরা পুরো করে দিলাম এবং ঐ ১৩ টাকা বেতন যেটা সেটাকে যদি বাড়ান না হয় মিনিমাম ওয়েজেসে তাকে না নেওয়া হয় তাহলে ক্লাস ফোর এমপ্লয়িজ যারা তাদের কোন দিনই আর ৫ টাকা থেকে ৬ টাকায় উঠবে না যতই জিনিসপত্রের দাম বাড়ুক, এটা আমরা জানি। সে সম্পর্কে সরকার কোন বিবেচনা করছেন কিনা? আমার প্রশ্ন হচ্ছে দুটি—একটা হচ্ছে ১৯৩৯ সালের ইনডেক্স, আর ঐ ১৩ টাকা মাইনে থেকে মিনিমাম ওয়েজেস নেওয়া।

Shri Saila Kumar Mukherjee:

এটাতো আপনি একটা বিরাট মতের প্রশ্ন বললেন। সর্বভারতীয় ভিত্তিতে ভারতবর্ষের অর্থনীতিবিদগণ, সকল প্রদেশের অর্থনীতিবিদগণ কর্তৃক কত কি ভারতবর্ষের পরিসংখ্যান বার করছেন ১৪ বছর ধরে। ১৯৫৫ সালকে বেস ইয়ার ধরা হয় আমাদের এখানে ১৯৩৯ সালকে বেস ইয়ার ধরে করবার কোন সাধ্য নাই, ক্ষমতা নাই এবং সে রকম তথ্যও নাই। সুতরাং যেটা ১৯৫০ বেস ইয়ার সর্বভারতীয় ভিত্তিতে আছে—তার উপর আমাদের সমস্ত হিসেব-নিকেশ চলছে ১৪ বছর ধরে, সেই অনুপাতে আমরা আপনাদের জানিয়েছি। দ্বিতীয়তঃ আপনি আর কোন প্রশ্ন করলে, সেই হিসেবে বিবেচনা করতে পারবো না। তৃতীয়তঃ আমি পরিষ্কার বলে দিয়েছি যে চতুর্থ শ্রেণীর কর্মচারীদের ব্যয়সূচী অনুপাতে ৩২·৪ শতকরা যে আমরা বেতন বাড়িয়েছি। কিন্তু এই চতুর্থের উর্দ্ধে অন্যান্য শ্রেণীর এ্যাভারেজ শতকরা ৩১ পারসেন্ট বেড়ে গেছে। সেই জায়গায় ২৭ পারসেন্ট বেতন বৃদ্ধি হয়েছে।

Shri Monoranjan Roy:

মাননীয় মন্ত্রীমহাশয় কি এটা জানেন এখন ১৯৬০ সাল যা বেস ধরা হয়েছে, কনভারটেড হচ্ছে ১৯৩৯ এর বেস দিয়ে, এইভাবে আজকে হিসেবটা হচ্ছে এবং ক্যাপিটেল বলে একটা কাগজ বেঙ্গল চেম্বার অফ কমার্স-এর জন্য ইনডেক্স তৈরী করে দেন এবং মিডল ক্লাস এমপ্লয়িজদের জন্য তারা ১৯৩৯ সাল বেস ইয়ার ধরে এই হিসেবটা করে আসছে এবং আপনাদের সরকারী অফিসে যে কারচুপি চলছে সেটা কবে বন্ধ হবে?

Shri Saila Kumar Mukherjee:

আপনি যদি দয়া করে বিরাট অর্থনীতির যে একটা প্রশ্ন তুলেছেন, তা যদি আমাকে জানান, আমি এক্সপার্ট ক্ষেত্রে আপনার নীতি সম্বন্ধে আপনাকে ডেকে নিয়ে আলোচনা করতে পারি।

Dr. Kanai Lal Bhattacharyya:

মাননীয় মন্ত্রীমহাশয় আমাদের কাছে এই মাত্র যে ফিগারটা তুলে ধরলেন, সেটা হচ্ছে ১৯৬৩-৬৪ এর। ১৯৬৪-৬৫-এর যে কষ্ট অব লিভিং ইনডেক্স বেড়েছে, আমার যতদূর শুনে মনে হলো, সেটা ওর মধ্যে ইনক্লুডেড নয়। সেটা সম্বন্ধে আমাদের কিছু তথ্য জানাবেন কি?

Shri Saila Kumar Mukherjee:

আপনি ঠিক শোনেননি। ১৯৫০ সালের গড় আমি ১৯৬৪ পর্যন্ত কমপ্লিট বলেছি দুটো ফিগার দিয়ে কমপেয়ার করেছি।

Dr. Kanai Lal Bhattacharyya:

১৩২ যেটা বললেন সেটা হচ্ছে ১৯৬৪ অবধি নয়।

It is up to 1963

কিন্তু ১৯৬৪ এ যে রাইজ হয়েছে। সেটা এর মধ্যে ইনক্লুডেড নাই। এই তো?

Dr. Kanai Lal Bhattacharyya:

আমার কাছে যেটা আছে—, আমি যে তথ্য দিয়েছি—১৯৫০ সাল—'৬৪ সাল থেকে বলছি।

Dr. Kanai Lal Bhattacharyya:

মন্ত্রীমহাশয়া যা বললেন, একটা ভুল তথ্য তিনি দিলেন। তার কারণ হচ্ছে এবার বাজেটের আগে যে পুস্তিকা পেশ করেছেন, তাতে তিনি বলেছেন শুধু এক বছরের মধ্যে শতকরা ১৪ ভাগ রাইজিং ইন প্রাইস হয়েছে, কষ্ট অফ লিভিং ইনডেক্স বেড়ে গেছে শুধু এই ১৯৬৪ সালে অথচ মন্ত্রীমহাশয় বললেন যে ১৯৬৪ পর্যন্ত ১৯৫০ থেকে শুধুমাত্র ৩২ পার্সেন্ট বেড়েছে আমার মনে হচ্ছে উনি ভুল করছেন। আপনি ফাইলটা একটু ভাল করে দেখুন।

Shri Saila Kumar Mukherjee:

আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি ওয়েস্ট বেঙ্গল ইকনমিক রিভিয়ু-এর প্রতি যেখানে ৪ বছরের বৃদ্ধি সংখ্যা দিয়েছি। হতে পারে ১৩ পার্সেন্ট, ১৪ পার্সেন্ট বেড়ে গেছে। ১৯৬৪ সালে ৩২ হয়েছে। ঐ পুস্তক দেখলে সমস্ত তথ্য পাবেন।

Shri Rabindra Nath Mukhopadhyay:

মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি গত এপ্রিল মাস থেকে আজ পর্যন্ত এই সূচকসংখ্যা প্রায় ৮৫ মত এই রকম বেড়েছে এবং যার ভিত্তিতে ঐ বিজয়বাবু উনি ডি-আই-আর প্রয়োগ করে যে সূচকসংখ্যা ছিল, তিন তিন মাসের ভিত্তিতে হয় ৫ পয়েন্টে এক টাকা এই যে হিসেব—, ইতিমধ্যে তিনি কয়টা ইন্ডাস্ট্রিজ-এর ক্ষেত্রে ২০ টাকা থেকে ২৫ টাকা বাড়িয়েছেন? অথচ সূচকসংখ্যা একই। সেই অল ইন্ডিয়া কষ্ট অফ লিভিং ইনডেক্স—সেটা আমাদের পশ্চিমবাংলায় কমপুটেড নয়। সেই ভিত্তিতে দেখা যায়, সেটা ত্রুটিপূর্ণ, এই যে সূচকসংখ্যার কথা বলা হচ্ছে গত এপ্রিল থেকে লাষ্ট জানুয়ারী পর্যন্ত দেখা যায় প্রায় ৮৫ ভাগ পর্যন্ত সূচকসংখ্যা বৃদ্ধি পেয়েছে অন্য ভাত্তিতে অন্যান্য ইন্ডাস্ট্রিতে ডি-আই-আর প্রয়োগ করে সেই ভিত্তিতে ডিয়ারনেস এ্যালাওয়েন্স বাড়ান হয়েছে। সূচকসংখ্যা দু জায়গায় দু-রকম নয়। আপনি এই সূচকসংখ্যা কোথা থেকে পেলেন যে সূচকসংখ্যার ভিত্তিতে ডি-আই-আর প্রয়োগ করা হয়েছে?

[1-40—1-50 p.m.]

Shri Saila Kumar Mukherjee:

আমি আপনাদের কাছে নিবেদন করব যে, এইসব বিষয় গভীর তথ্যপূর্ণ এবং বৈজ্ঞানিক জ্ঞানসম্পন্ন। আপনার বৈজ্ঞানিক জ্ঞান যদি পরিবেশন করেন তাহলে আমরা উপকৃত এবং

এগুলির ভুল ভ্রান্তি অপসারিত করতে সহায়তা করবে। স্ট্যাটিসটিক্যাল ব্যুরো যেটা শুধু বেঙ্গল করে না। তার চেকিং, ক্রস-চেকিং, কাউন্টার-চেকিং ডিফারেন্ট স্টেট করে এবং অল ইণ্ডিয়া ভিত্তিতে হয়। এটা পশ্চিমবঙ্গ সরকারের কোন ডিপার্টমেন্ট-এ বসে হয়না, কাজেই এই রকম প্রশ্ন না করে ভুলগুলি দেখিয়ে দিন।

Dr. Kanai Lal Bhattacharyya :

আমাদের এমন কোন সংগঠন নেই যার সাহায্যে আমরা সূচকসংখ্যা নির্ণয় করতে পারি। এঁদের যে সমস্ত সংগঠন আছে তার মারফৎ যেগুলি পাবলিস্ড হয় আমরা সেটাই রেফার করি। তিনি যে ১৩২ বললেন সেটা তাঁর বক্তব্য অনুযায়ীই ১৪৬ হয়। কাজেই আমার প্রশ্ন হচ্ছে সেখানে ১৪৬ যদি ধরা যায় সূচকসংখ্যা তাহলে যে মাগ্গীভাতা বেড়েছে তার দ্বারা কি নিউট্রা-লাইজড হয়? হয় না।

Dr. Kanai Lal Bhattacharyya :

যদি ১৪৬ হয়, এটা হাইপথেটিক্যাল কোশ্চেন।

Dr. Kanai Lal Bhattacharyya :

১৪৬ তো স্ট্যাটিসটিক্যাল ব্যুরো বলেছে।

(নো রিপ্লাই)

Shri Bhadra Bahadur Hamal:

সাপ্লিমেণ্টারী কোশ্চেন। দার্জিলিং হিল সম্বন্ধে আপনি জানেন যে, যখন বৃটিশ গভর্ণমেন্ট ছিল তখন সেখানে খরচ বেশি ছিল বলে তারা টুয়ান্টি ফাইভ পারসেন্ট হিল এ্যালাউন্স দিত। আমার প্রশ্ন হচ্ছে সেখানে তাদের এখন ৫ টাকা দিলেই হবে এটাই কি আপনি ভাবছেন?

Shri Saila Kumar Mukherjee:

হিল সম্বন্ধে প্রশ্ন করুন, সব জানিয়ে দেব।

Shri Nikhil Das:

মন্ত্রিমহাশয় বললেন যে, ১৯৫০ সালকে ১০০ ধরে ১৩২ হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে একথা কি সত্য যে, যদি ১০০-ও ধরি তাহলে এখন ১৪৬ বা ১৩২ নয় —

Shri Saila Kumar Mukherjee:

আমার মতে সত্য, কিন্তু আপনার মতে সত্য নয়। সেইজন্যাই তো আপনাদের সাহায্য চাচ্ছি যে এগুলি দিন।

Shri Nikhil Das:

প্রাইভেট এমপ্লয়ার-এর বেলায় বেস ইয়ার হোল ১৯৩৯ সাল আর গভর্নমেন্ট যেখানে এমপ্লয়ার সেখানে বেস্ ইয়ার হোল ১৯৫০ সাল। এটা কেন বলবেন কি?

Shri Saila Kumar Mukherjee:

আমি আপনাদের এই অনুমান স্বীকার করতে রাজী নই।

Shri Ananda Gopal Mukherjee:

মন্ত্রীমহাশয় জানাবেন কি, বিশেষ করে ন্যূনতম বেতনভোগী কর্মচারীদের বেলায় তাদের ন্যূনতম বেতন ধার্য কিসের ভিত্তিতে করেছেন—এটা কি ফেয়ার ওয়েজ কমিটির রিপোর্টের ভিত্তিতে করেছেন, না মিনিমাম্ নিড বেসিস্ করে করেছেন, না সরকারের দেবার সামর্থ অনুযায়ী করেছেন?

Shri Saila Kumar Mukherjee:

লাস্ট পে কমিটি রিপোর্ট। অর্থাৎ পশ্চিমবাংলায় যে পে কমিটি করা হয়েছিল সেখানে বেতনের হার করা হয়েছে এবং কস্ট অব লিভিং ইনডেকস্-এর উপরে মহার্ঘ ভাতা করা হয়েছে।

Shri Ananda Gopal Mukherjee:

উনি বললেন পে কমিটির রিপোর্ট অনুযায়ী। আমি মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই, এই পে কমিটি কিসের ভিত্তিতে ন্যূনতম বেতন ধার্য করেছে ?

Shri Saila Kumar Mukherjee:

তাঁদের ২০০ পাতা ব্যাপি রিপোর্ট যদি দেখেন তাহলে দেখবেন তাঁরা অনেক জিনিস বিবেচনা করেছেন। তাঁরা কস্ট অব লিভিং ইনডেক্স, প্রাইস রাইস্ সবকিছু বিবেচনা করেছেন এবং সমস্ত তথ্য সেই রিপোর্টে আছে। তাঁরা একটি বিশেষজ্ঞ কমিটি, তাঁদের রিপোর্টের বেসিসে—এই করা হয়েছে।

Shri Ananda Gopal Mukherjee:

মন্ত্রীমহাশয় জানাবেন কি, কত পারসেন্ট কস্ট অব লিভিং ইনক্রিস করেছে বলে তাঁরা জানিয়েছেন এবং কত পয়েন্ট ইনক্রিস করেছে ?

Shri Saila Kumar Mukherjee:

আমার কাছে সেটা এখন নেই। তবে এটা যখন পাবলিস্ড ডকুমেন্ট তখন সকলেই এটা জানে।

Shri Ananda Gopal Mukherjee:

মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি যে দেশের ইকনমিক কনডিশনের উপর পয়েন্টের ভ্যালু ডিটারমিন্ হবে কিনা ?

Shri Saila Kumar Mukherjee:

সেই নিয়মেই তো হয়, বিশেষজ্ঞরা তাই করতে বলেন, আমি নূতন কিছু আমদানী করতে পারব না।

Shri Nepal Chandra Roy:

মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি ভারত সরকারের ৪র্থ শ্রেণীর কর্মচারীদের যে মাইনে, পশ্চিমবঙ্গ সরকারের ৪র্থ শ্রেণীর কর্মচারীরা সেই মাইনে বা ভাতা পায় না কেন ?

Shri Saila Kumar Mukherjee:

কেন বলতে পারি না, এভাবে প্রচলিত হয়ে আসছে, ভারত সরকারের অর্থসংগতি ১০।১৫ গুণ বেশী, এই হিসাবেই আছে।

Shri Nepal Chandra Roy:

মাননীয় মন্ত্রীমহাশয় এটা জানেন কি কলকাতা সহরে যারা বাস করে তাদের কষ্ট অব লিভিং অন্যান্য সহরের চেয়ে বেশী ?

Shri Saila Kumar Mukherjee:

সে তো নিশ্চয়ই. সেজন্যই তো কলকাতা এবং হাওড়ায় বিশেষ ব্যবস্থা আছে কতকগুলি।

Shri Somnath Lahiri:

আপনি বলেছেন কস্ট অব লিভিং অনুযায়ী মাগ্গী ভাতা বৃদ্ধির ব্যবস্থা করেছেন, তাহলে সরকারের নীতি কি এই যে কস্ট অব লিভিং ইনডেক্স বৃদ্ধির সঙ্গে সঙ্গে মাগ্গী ভাতাও বাড়িয়ে দিতে হবে, স্লাইডিং স্কেলের নীতি কি সরকার গ্রহণ করেছেন।

Shri Saila Kumar Mukherjee:

প্রতি বছর বাড়াবার কথা বিবেচনা করার সময় সেটা one of our basic considerations.

Shri Saila Kumar Mukherjee:

আমি জানি না মিনিমাম ওয়েজ গ্র্যান্ট সরকারী ... উপর এ্যাপলিকেবল কি না।

Shri Ananda Gopal Mukherjee:

১৯৫০ সালের অনুমানের ভিত্তিতে যে ডি, এ, ইনরিজ হিসাবে করা হয়েছে সেটার ব্যাপারে ভিত্তি হচ্ছে দেশের অর্থনৈতিক ভিত্তির উপর, কিন্তু মিনিমাম নিডের উপর ভিত্তি করা হয়েছে কি না?

Shri Saila Kumar Mukherjee:

আমি সঠিক উত্তর দিতে পারবো না আমার বিশ্বাস এ ভিত্তিটা শুধু পশ্চিম বাংলার ভিত্তি নয় সারা ভারতবর্ষের ভিত্তি অনুসারে করা হয়েছে।

Shri Girija Bhusan Mukherjee:

আপনি প্রথম জবাবে বললেন যে কস্ট অফ লিভিং ইনডেক্স অনুযায়ী ক্লাস ফোর স্টাফ-এর জন্য ডি, এ, বেড়েছে, কিন্তু নেপালবাবুর প্রশ্নের জবাবে বললেন যে ভারত সরকারের অর্থাগমের রাস্তা বেশী আছে তাই তারা বেশী দিতে পারে কিন্তু আমাদের কম আছে তাই আমরা কম দিতে পারি, তাহলে এটা স্বীকার করছেন যে তিনি যেটা দিচ্ছেন সেটা

actually cost of living index

অনুযায়ী দিচ্ছেন না।

Shri Saila Kumar Mukherjee:

এটা মতামতের প্রশ্ন।

Shri Nikhil Das:

আপনি কি মনে করছেন যেটা দেওয়া হয়েছে সেটা প্রয়োজনের তুলনায় ন্যায্য?

Shri Saila Kumar Mukherjee:

এটা মতের প্রশ্ন, কিন্তু আমি মনে করি আরো বেশী পাওয়া উচিত,
I can say here that all the figures collected are up to the end of 1964.

Shri Bhakti Bhusan Mondal:

এই যে কস্ট অব লিভিং ইনডেক্স-এর কথা বলছেন, ডিফারেণ্ট ইনকাম গ্রুপসের ডিফারেণ্ট কস্ট অফ লিভিং হয়, সেটা কি কন্সিডার করেছেন?

Shri Saila Kumar Mukherjee:

সকলেই সেটা কন্সিডার করে।

Durgapur Congress Session

***135.** (Admitted question No. *945.) **Shri Sanat Kumar Raha:**

অর্থবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দুর্গাপুর কংগ্রেসের অধিবেশন উপলক্ষে সরকার হইতে কোন্ কোন্ খাতে কি পরিমাণ ব্যয় হইয়াছে; এবং

(খ) প্রদর্শনীর জন্য সরকার কোন্ কোন্ স্টলে কত টাকা ব্যয় করিয়াছেন?

Shri Saila Kumar Mukherjee:

(ক) প্রত্যক্ষভাবে কংগ্রেস অধিবেশনের জন্য কোন খরচ হয় নাই। দুর্গাপুর প্রদর্শনীতে অন্যান্য রাজ্য সরকারের ন্যায় পশ্চিমবঙ্গ সরকারও কৃষি, শিল্প প্রভৃতির জন্য সরকারী স্টল খুলিয়াছিলেন। ঐ সময়ে দুর্গাপুরে আইন ও শৃঙ্খলা রক্ষা, স্বাস্থ্য ব্যবস্থা প্রভৃতি উদ্দেশ্যেও

সরকারকে কিছু ব্যয়ভার বহন করিতে হয়। এই সমস্ত ব্যয় বাবদ নিম্নে প্রদত্ত বিভিন্ন খাতে ১৯-২-৬৫ তারিখ পর্যন্ত প্রাপ্ত হিসাবে মোট ৭,৮৬,০৬৭·১৩ টাকা খরচ হইয়াছে।

১। কর্মচারীদের ভ্রমণভাতা ও রাহা খরচ বাবদ	—	৭,৫৪০·৯১
২। প্যাভেলিয়ন ও প্রদর্শনীতে কর্মচারীদের জন্য খরচ		
(ক) স্বরাষ্ট্র (প্রচার) বিভাগ মারফৎ	—	৪,৯১,০০০·০০
(খ) অন্যান্য বিভাগ মারফৎ	—	১,০৯,১০১·৯৬
	—	৬,০০,১০১·৯৬
৩। খাদি ও গ্রামোদ্যগ বোর্ডকে এককালীন দান	—	৫০,০০০·০০
৪। কংসাবতী পরিকল্পনার মডেলের জন্য	—	৩,৭২৪·০০
৫। স্বাস্থ্য ব্যবস্থা বাবদ	—	১,০৩,২৬৫·০০
৬। বাস ও যানবাহন রাখার স্থানে আলোর ব্যবস্থা	—	২১,০০০·০০
৭। বিভিন্ন খাতে	—	১৫৯·২৬
৮। ড্রাইভার ও পেট্রল বাবদ	—	২৭৬·০০
	—	৭,৮৬,০৬৭·১৩

(খ) বিভিন্ন ষ্টলের জন্য সরকারী খরচের তালিকা নিম্নে দেওয়া হইল।

১। প্রচার বিভাগ কর্তৃক পরিচালিত বিভিন্ন প্রদর্শনী	—	৪,৯১,০০০·০০
২। ট্যুরিষ্ট প্যাভেলিয়ান	—	৪০,০০০·০০
৩। শিল্প প্রদর্শনী	—	১২,০০০·০০
৪। কৃষি প্রদর্শনী	—	৩৮,৫০০·০০
৫। কুটির ও কুটির শিল্প প্রদর্শনী	—	১৫,০০০·০০
৬। বন বিভাগের প্রদর্শনী	—	১,৫০০·০০
৭। সিন্‌কোনা প্রদর্শনী	—	১,০৪১·৯৬
৮। পশুপালন ও রক্ষণ বিভাগের প্রদর্শনী	—	৬৭০·০০
৯। আদিবাসী, কারা এবং ভেষজ বিভাগ কর্তৃক দ্রব্যাদি প্রেরণ বাবদ	—	৩৯০·০০
		৬,০০,১০১·৯৬

Bus-routes in Howrah district

***136.** (Admitted question No *1036.) **Shri Anadi Das:**

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলার কোন্ কোন্ বাসরুটে কতগুলি করিয়া বাসের পারমিট দেওয়া হইয়াছে;

(খ) কোন রুটে কতগুলি বাস লীজের ভিত্তিতে চালান হয়;

(গ) হাওড়ায় কোন্ কোন্ রুট রাষ্ট্রীয়করণ করার কথা বিবেচনা করা হইতেছে; এবং

(ঘ) কবে হইতে রাষ্ট্রীয়করণ কার্যকরী করা হইবে?

Shri Saila Kumar Mukherjee:

(ক) রুট নং ও বাসের সংখ্যা

৫৩নং—৩৩

৫৭নং—২৫

৫২নং—২২

৫৮নং—১৭

৫৫, ৫৯, ৬১, ৬২নং—৭২

৬৪নং— ৩

৬০নং—১৬

৫৪নং—৪৪

৪৬ এবং ৫৬নং—৩২

বাগনান-শ্যামপুর রুট—১৬

৩৬বি নং—৮

১৬নং—২০

২৪নং—১৮

(খ) লীজের ভিত্তিতে কয়েকটি বাস চলিতেছে এইরূপ অভিযোগ যথাযথ তদন্তে প্রমাণিত হয় নাই।

(গ) রুট নং ৫১, ৫৪ এবং ৫৬।

(ঘ) প্রস্তাবটি এখনও কলিকাতা রাষ্ট্রীয় পরিবহণ সংস্থার বিবেচনাধীন।

Dr. Kanai Lal Bhattacharyya:

মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি যে রুট পারমিট-এর সংখ্যা বাড়াবার জন্য সরকার পক্ষ থেকে নোটিফিকেশান দেওয়া হয়েছে কিনা এবং দেওয়া হয়ে থাকলে কবে দেওয়া হয়েছে?

Shri Saila Kumar Mukherjee:

এটা আর, টি, এ.-এর বিবেচনার বিষয় এবং লোকাল আর, টি, এ, এটা করেন। ট্রান্সপোর্ট ডিপার্টমেন্ট-এর এটা দায়িত্ব নয়—মোটর ভেহিকল্স এ্যাক্ট-এ এটা এভাবে হয়ে থাকে।

Dr. Kanai Lal Bhattacharyya:

আপনি ত ট্রান্সপোর্ট ডিপার্টমেন্ট-এর মন্ত্রী এবং ডিস্ট্রিক্ট আর, টি, এ,-এর অনেক উপরে সুতরাং আমি জিজ্ঞাসা করছি হাওড়ায় যে বাস পারমেট দেওয়া হয়েছে স্টেট ট্রান্সপোর্ট অথরিটি-কে তা কটা বাস পারমিট অনুসারে চলে এবং এছাড়া নূতন পারমিট দেবার জন্য সরকারের পক্ষ থেকে ১৯৬১ সালের সেপ্টেম্বর মাসে বিজ্ঞাপন দেওয়া হয়েছিল কি?

Shri Saila Kumar Mukherjee:

এটা আমার জানা নেই। তবে আমি এটা জানি হাওড়া সহরে জনসাধারণের দাবী আছে আরও বাসের সংখ্যা বৃদ্ধি করা। সেই অনুসারে আমি আর, টি, এ, কে হাওড়া জেলার বিষয় অনুসন্ধান করে দেবার জন্য অনুরোধ করেছি।

Dr. Kanai Lal Bhattacharyya:

মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি যে তিনি লিজ দেওয়ার কোন খবর জানেন কিনা? এই সম্পর্কে ৫৪নং বাস রুটের পারমিট দেওয়া হয়েছে সে রুটের লিজ-এর উপর বাস চলছে এ সম্পর্কে কি মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে নি?

Shri Saila Kumar Mukherjee:

আমি জানি না বলিনি আমি বলেছি যে তদন্ত করে কোন অভিযোগ পাওয়া যায়নি।

Stadium in Calcutta

***137.** (Admitted question No. *1090.) **Shri Rabindra Nath Mukhopadhyya:**

শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতায় একটি স্পোর্টস স্টেডিয়াম নির্মাণ সম্পর্কে কোন চূড়ান্ত সিদ্ধান্ত হইয়াছে কি না; এবং

(খ) সিদ্ধান্ত হইয়া থাকিলে উহা কি?

[2—2-10 p.m.]

Shri Rabindra Lal Sinha:

(ক) না, হয় নাই।

(খ) প্রশ্ন উঠে না।

Shri Rabindra Nath Mukhopadhyay:

মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি যে কলকাতায় যে ষ্টেডিয়াম করবার কথা ছিল, যা দীর্ঘ দিন ধরে উত্থাপিত হচ্ছে এবং যে ব্যাপারে বলা হয়েছিল যে মিলিটারী অথরিটি ষ্টেডিয়াম করতে দিতে প্রস্তুত আছে এই বিষয় প্রকৃত ঘটনাটা কি?

Shri Rabindra Lal Sinha:

আমি এই কথাই বলতে চেয়েছি যে কলকাতায় একটা ষ্টেডিয়াম করা হবে এ ব্যাপারে একটা সিদ্ধান্ত করা হয়েছে। কিন্তু কোথায় করা হবে সে ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত করা হয় নি। এলেনবরা কোর্সে প্রথমে এটা করার কথা হয়। সুতরাং আপনারা জানেন বোধ হয় এ জমি পাওয়া প্রতিরক্ষা বিভাগের অনুমতি সাপেক্ষ।

Shri Rabindra Nath Mukhopadhyay:

আমাদের সময় কম তাই আমি এই কথা বলতে চাই ২।৩ বৎসর আগে একটা ষ্টেডিয়াম সংক্রান্ত উত্তরে বলতে গিয়ে সরকারের পক্ষ থেকে বলা হয় যে এ ব্যাপারে শীঘ্র ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। আমাদের প্রশ্ন হচ্ছে যে আগামী ১০।২৫।৫০ বৎসরের মধ্যে এটা করবার কোন পরিকল্পনায় আছে কি বা এ ব্যাপারে কোন কিছু সিদ্ধান্ত গ্রহণ করেছেন কিনা?

Shri Rabindra Lal Sinha:

এলেনবরা কোর্সে যে মুহূর্তে আমরা জমি পাব তখনই আমরা আরম্ভ করবো। প্রতিরক্ষা বিভাগ নীতিগত ভাবে এটা দেবেন বলেছেন কিন্তু জরুরী অবস্থা হবার পরে তারা দিলেন না তারপর এই জরুরী অবস্থার মধ্যে তারা আর কিছু জানান নি। আমি প্রতিরক্ষা মন্ত্রীকে ব্যক্তিগত পত্র লিখেছি এবং তার জবাবে তিনি বলেছেন শীঘ্রই তারা সিদ্ধান্ত জানিয়ে দেবেন। সে সিদ্ধান্ত না আসায় এই অবস্থায় আছে, এ জিনিসটা জানতে পারা গেলেই সঙ্গে সঙ্গে আমরা করব।

Dr. Kanai Lal Bhattacharyya:

মাননীয় মন্ত্রীমহাশয়ের একটা জিনিসের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। এক বৎসর আগে মাননীয় মন্ত্রী খগেনবাবু বলেছিলেন যে স্টেডিয়াম নির্মাণ হচ্ছে না তার কারণ হল সিমেন্ট এবং লোহা পাওয়া যাচ্ছে না, অথচ আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় বলছেন যে পারমিসান পাওয়া যাচ্ছে না এর কোনটা সত্য?

Shri Rabindra Lal Sinha:
আগে কি বলা হয়েছে জানিনা আমি যেটা বলছি সেটা সম্পূর্ণ সত্য।

Shri Monoranjan Roy:
এটা কি সত্য যে কিছু দিন পূর্বে একজন পেনসেন প্রাপ্ত অফিসারকে সেক্রেটারী করে রাখা হয়েছে যিনি ২ হাজার টাকা মাইনা পেতেন তাহাকে স্টেডিয়াম গঠন করবার জন্য দায়িত্ব দেওয়া হয়েছিল?

Shri Rabindra Lal Sinha:
স্টেডিয়াম করবার জন্য এরূপ কিছু করা হয়েছে বলে আমার জানা নেই।

Dr. Kanai Lal Bhattacharyya: With your permission, Sir, I want to refer to one thing.

Mr. Speaker:
ডাঃ ভট্টাচার্য, আমি খবর পেয়েছি, নাম লিখে রেখেছি। আমি পরে ডাকব। ভেরি আরজেন্ট ম্যাটার পরে হবে। ওটা ডাক্তার নারায়ণ রায় অলরেডি আমাকে বলে গেছেন। আই উইল কল ইউ

STARRED QUESTIONS

(to which answers were laid on the table)

Applicability of Gratuity rules to the primary school teachers

***138.** (Admitted question No. *1104.) **Shri Deb Saran Ghosh:**

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৫৯ সালের ৩০এ মার্চ পর্যন্ত যে সমস্ত প্রাথমিক শিক্ষকদের বয়স ৬০ বৎসর পূর্ণ হইয়াছে তাঁহাদের ক্ষেত্রেই কেবলমাত্র "গ্র্যাচুইটি" নিয়ম প্রযুক্ত হইবে;

(খ) সত্য হইলে, এই আইনের সুযোগ কত জন শিক্ষক পাইয়াছেন;

(গ) ১৯৫৯ সালের ৩০এ মার্চের পর তিন চার মাসের মধ্যে যাঁহাদের বয়স ৬০ বৎসর পূর্ণ হইয়াছে এমন কোন শিক্ষকদের নিকট হইতে কোন আবেদন মন্ত্রিমহাশয় পাইয়াছেন কি না; এবং

(ঘ) পাইয়া থাকিলে, তাঁহাদের সম্পর্কে কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

The Minister for Education:

(ক) ও (খ) না। জেলা বিদ্যালয় পর্ষদের অধীনস্থ প্রাথমিক শিক্ষকদিগের ১০ বৎসর চাকুরী পূর্ণ হইলেই তাঁহারা গ্র্যাচুইটি পাইবার অধিকারী হন।

(গ) না।

(ঘ) প্রশ্ন উঠে না।

Proposal for increase in pension

***139.** (Admitted question No. *641.) **Shri Kashi Kanta Maitra:** Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) whether the Government is contemplating grant of any reasonable increase in the pension of their pensioners and particularly pensioners drawing a pension up to Rs. 250 per month at least;

(b) if so at what rate and with what period of time; and

(c) if the State Government has received any representation in that behalf from the Association of Pensioners?

The Minister for Finance: (a) The question of granting some adhoc increase in pension to pensioners of West Bengal Government is under active consideration of Government. The limit of pension up to which increase will be allowed has not yet been decided.

(b) These have not yet been finalised.

(c) Yes. Representations from different Pensioners' Associations in this behalf have been received.

Stadium in Calcutta

***140.** (Admitted question No. *671.) **Shri Birendra Narayan Ray:**

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতায় স্পোর্টস স্টেডিয়াম গঠন সম্পর্কে সরকার কতদূর অগ্রসর হইয়াছেন; এবং

(খ) স্থান নির্বাচন হইয়াছে কি?

The Minister for Education:

(ক) ষ্টেডিয়ামের জন্য এলেনবরা কোর্স ব্যবহারের সর্তাবলী ভারত সরকারের প্রতিরক্ষা দপ্তরের সঙ্গে ঠিক হইতেছে।

(খ) পাকাপাকি ভাবে কিছুই ঠিক হয় নাই।

Motor accidents in Calcutta

***141.** (Admitted question No. *989.) **Shri Ananga Mohan Das:**

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৪ সালের ডিসেম্বর মাসে কলিকাতা সহরে কতগুলি মোটর দুর্ঘটনা ঘটিয়াছে;

(খ) উহার ফলে কতজনের প্রাণহানি হইয়াছে এবং কতজন আহত হইয়াছে; এবং

(গ) এইরূপ দুর্ঘটনা প্রতিরোধের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

The Minister for Home (Transport):

(ক) গত ১৯৬৪ সালের ডিসেম্বর মাসে কলিকাতা সহরে ১৪৫টি মোটর দুর্ঘটনা ঘটিয়াছে।

(খ) উহার ফলে ১৭ জনের প্রাণ হানি হইয়াছে এবং ৪১১ জন আহত হইয়াছে।

(গ) এইরূপ দুর্ঘটনা প্রতিরোধের জন্য সরকার যে সকল ব্যবস্থা গ্রহণ করিয়াছেন তাহার বিবরণ পৃথকভাবে দেওয়া হইল।

মোটর দুর্ঘটনা প্রতিরোধের জন্য সরকার নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ঃ—

(১) গাড়ীর ড্রাইভারগণ যাহাতে আইন মানিয়া চলেন তাহার জন্য কঠোর তত্ত্বাবধানের ব্যবস্থা করা হইয়াছে এবং আইন ভংগকারীদের লাইসেন্স সাসপেণ্ড করা হইতেছে।

(২) প্রচলিত আইন-কানুনের রদবদল করা হইতেছে এবং পথচারীদের ও গাড়ী চলাচলের নিয়ন্ত্রণ ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে।

(৩) শ্লথগতি যানগুলির কর্মব্যস্ত রাস্তায় চলাচল নিয়ন্ত্রণ করা হইয়াছে।

(৪) স্কুল ও কারখানায় নিরাপদ চলাচল সম্পর্কে শিক্ষা দেওয়ার ব্যবস্থা আছে।

ইহা ছাড়া ক্লাব, বিভিন্ন সংস্থা, প্রদর্শনী ও বেতার ভাষণের মাধ্যমে এই শিক্ষা দেওয়া হয়।

(৫) রাস্তার উপরে চলাচলের চিহ্ন ও স্বয়ংক্রিয় যানবাহন নিয়ন্ত্রণ আলোক স্থাপন করা হইয়াছে।

(৬) কর্মব্যস্ত এলাকাগুলি মালবাহী গাড়ী চলাচল হইতে মুক্ত রাখা হইয়াছে।

(৭) কর্মব্যস্ত সংযোগ স্থাপন স্থলে যেখানে সাধারণতঃ অধিক পরিমাণে দুর্ঘটনা ঘটিয়া থাকে, সেখানে গাড়ীর ডানদিকে ঘোরা নিষিদ্ধ করা হইয়াছে এবং বড় বড় রাস্তার উপর গাড়ীর মোড় ঘুরাইয়া বিপরীত দিকে যাত্রা করা (ইউ-টার্ন) নিষিদ্ধ করা হইয়াছে।

(৮) উপরিউক্ত ব্যবস্থাগুলি ছাড়াও সরকারের নিম্নলিখিত পরিকল্পনা রহিয়াছে ঃ—

(অ) কলিকাতা মেট্রোপলিটন সংস্থা সহরের জন্য যে মাষ্টার প্ল্যান তৈয়ারী করিয়াছেন উহার মধ্যে যানবাহন চলাচলের সুষ্ঠ ব্যবস্থা থাকিবে।

(আ) হাওড়া ষ্টেশন এলাকায় যানবাহন চলাচল পদ্ধতির পরিবর্তনের জন্য একটি পরিকল্পনা শীঘ্রই কার্যকরী করা হইবে। শিয়ালদহ ষ্টেশন এলাকার জন্যও ঐরূপ একটি পরিকল্পনা তৈয়ারী করা হইতেছে।

(ই) পথচারীদের জন্য কর্মব্যস্ত রাস্তার সংযোগ স্থলে ভূগর্ভ সড়ক নির্মাণের পরিকল্পনা লওয়া হইয়াছে। পরীক্ষামূলকভাবে ডালহৌসী স্কোয়ারের উত্তর-পূর্ব কোনে ঐ রূপ একটি পথ নির্মাণের কথা চিন্তা করা হইতেছে।

Grants to municipalities

***142.** (Admitted question No. *1091.) **Shri Rabindra Nath Mukhopadhyay:**

স্বায়ত্তশাসন ও পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় পশ্চিমবঙ্গের মিউনিসিপ্যালিটিগুলির উন্নয়ন প্রকল্পে সাহায্যের জন্য মোট কত টাকা ধার্য হইয়াছে;

(খ) উক্ত টাকার এ পর্যন্ত মোট কত টাকা খরচ হইয়াছে;

(গ) কেন্দ্রীয় সরকার এই খাতে কোন অর্থ বরাদ্দ করিলে তাহা কত; এবং

(ঘ) উক্ত অর্থের মোট কত অংশ খরচ হইয়াছে?

The Minister for Local Self-Government and Panchayats:

(ক) ২৫৩ লক্ষ টাকা।

(খ) বর্তমান আর্থিক বৎসর ধরিয়া মোট খরচ হইয়াছে ১৬৫·৫২ লক্ষ টাকা।

(গ) কেন্দ্রীয় সরকার এই খাতে কোন অর্থ বরাদ্দ করেন না।

(ঘ) প্রশ্ন উঠে না।

Underground railway scheme

***143.** (Admitted question No. *807.) **Shri Birendra Narayan Ray:**

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, কলিকাতার ভূগর্ভে অথবা শূন্যপথে রেলপথ স্থাপনের যে পরিকল্পনা ছিল তাহার সর্বশেষ পরিস্থিতি কি?

The Minister for Home (Transport):

কলিকাতার ভূগর্ভে অথবা শূন্য পথে রেলপথ সংস্থাপন সম্ভব কিনা তাহা এখনও কলিকাতা মেট্রোপলিটন প্ল্যানিং সংস্থার পরীক্ষাধীনে আছে।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

Central Workshop of Calcutta State Transport Corporation at Belghoria

162. (Admitted question No. 112.) **Shri Kashi Kanta Maitra:** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) how many employees are working in the Central Workshop of Calcutta State Transport Corporation at Belghoria;

(b) how many Bus Bodies have been built by this Central Workshop during the last 6 months and what is the average (production) figure;

(c) how many bus bodies were built on an average during 1962 and 1963;

(d) how many Bus Bodies of C.S.T.C. were built by the Alwin Co. (Ltd.) at Hyderabad uptil now; and

(e) what are the respective costs of bus bodies built by the Central Workshop of C.S.T.C. at Belghoria and those built by Alwin Co. (Ltd.) at Hyderabad?

The Minister for Home (Transport): (a) The total number of employees working in the Central Workshop of Calcutta State Transport Corporation at Belghoria is 947.

(b) (i)

Period.	Bus Bodies built.		Body Reconstruction done.	
	Single Deck.	Double Deck.	Single Deck.	Double Deck.
From August 1964 to January 1965.	27	..	11	3

(ii) The average monthly production is as follows:

(1) 6.33 Single Deck bus bodies.

(2) 0.50 Double Deck bus bodies.

(c)

Year.	Bus Body Built.		Body Reconstruction done.	
	Single Deck.	Double Deck.	Single Deck.	Double Deck.
1962	44	47	53	12
1963	27	26	26	8

(d) 44 Single Deck Bus Bodies were built in 1962 and order for building 80 Single Deck Bus Bodies has been placed.

(e) Messrs. Hyderabad Allwyn Co. (Ltd.) have charged for 80 Single Deck bus bodies at the rate of Rs. 19,000 per body inclusive of Sales Tax, less 2 per cent. discount.

The cost analysis of building a single bus body of the C.S.T.C. during 1964 is not yet complete. The estimated cost is Rs. 22,500 per bus.

Ranighat-Jagaddal Ferry

163. (Admitted question No. 156.)

শ্রীভবানী মুখোপাধ্যায়ঃ স্থানীয় স্বায়ত্তশাসন ও পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চন্দননগর সহর ও জগদ্দলের মধ্যে হুগলী নদীতে যে রাণীঘাট জগদ্দল ফেরী সার্ভিস আছে উহার বর্তমান ইজারাদার কে ;

(খ) কোন্ বৎসর হইতে কোন্ বৎসর পর্যন্ত তাহাকে এ ফেরী সার্ভিস ইজারা দেওয়া হইয়াছে ; এবং

(গ) ইজারাদার সরকারকে নিয়মিত ইজারার টাকা দেন কি?

The Minister for Local Self-Government and Panchayats:

(ক) বর্তমানে রাণীঘাট-জগদ্দল ফেরীর আইনানুগ কোন ইজারাদার নাই।

(খ) শ্রীউদয়রাজ সিংহ ১৯৫৩ সালের ১লা এপ্রিল হইতে ১৯৫৯ সালের ৩১এ মার্চ পর্যন্ত ইজারাদার ছিলেন। এক্ষণে ১৯৫৯ সালের ৩১এ মার্চের পর হইতে উক্ত ইজারাদার বেআইনী-ভাবে উক্ত ফেরীটি দখল করিয়া আছেন।

(গ) অধুনা বেআইনী দখলকার ও ১৯৫৯ সালের ৩১এ মার্চের পূর্বের ইজারাদার সরকারকে বা চন্দননগর মিউনিসিপ্যাল কর্পোরেশনকে ইজারার টাকা নিয়মিতভাবে দেন নাই।

Cultivable and uncultivable lands in Jhargram police-station, Midnapore

164. (Admitted question No. 217.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাতোঃ ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম থানায় মোট আবাদী ও অনাবাদী জমির পরিমাণ কত;

(খ) তন্মধ্যে জমিদারী উচ্ছেদের ফলে কোন্ অঞ্চলে কি প্রকারের কত জমি সরকানরর খাসে আসিয়াছে ;

(গ) কোন্ অঞ্চলে কি পরিমাণ জমি বন্দোবস্ত দিয়াছিল এবং কতগুলি এখনও বন্টন হয় নাই ; এবং

(ঘ) ভূমিহীনদের দ্বারা খাস জমি বন্দোবস্ত গ্রহণের জন্য কোন্ অঞ্চলে কতগুলি দরখাস্ত বিবেচনাধীন আছে?

The Minister for Land and Land Revenue:

(ক) ১৯৫৪-৫৬ সালের জরীপ অনুযায়ী আবাদী ও অনাবাদী জমির পরিমাণ যথাক্রমে ৬২,২০০ একর এবং ৭১,২৮৯ একর।

(খ), (গ) এবং (ঘ) এতদসহ তালিকা প্রদত্ত হইল।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 164.

ইউঃ নং	আবাদি	অনাবাদী	সাধারণের ব্যবহার্য্য
১	৭৮.০০	৯৩৮.০০	৫৭১.৬২
২	১৮০.০০	১,৩৫৩.০০	৫৬৩.৩৫
৩	৭৪.০০	১,০৫২.০০	১,৩৭৮.৪৫
৪	৬৬.০০	৪৭০.০০	১১.২৪
৫	৬৪.০০	১,৩৮৩.০০	১০.২৬
৬	৮৪.০০	৭২১.০০	৪৪.২৪
৭	৬৫.০০	১,৪২২.০০	২০১.২২
৮	১১১.০০	৪৭৬.০০	১৩৮.৮৮
৯	৪৯.০০	১,৩৬৮.০০	২১৫.৬২
১০	৬০.০০	১,৭৫৭.০০	৪২.৯২
১১	৩১.০০	১,১৫৭.০০	১০.১৯
১২	২২৫.০০	২,২৫৯.০০	৬৯.৮৩
১৩	৬৮.০০	৫৯৬.০০	১২.১৮
১৪	১০৫.০০	৪৭০.০০	১৬.০০
মোট ..	১,২৬০.০০	১৫,৪২২.০০	৩,২৮৬.০০

Statement referred to in reply to clause (Ga) of unstarred question No. 164.

ইউঃ নং		কত জমি বন্দোবস্ত হইয়াছিল	কত জমি বণ্টন হয় নাই
		একর	একর
১	.. ..	৫৭.০০	২১.০০
২	.. ..	১২৮.০০	৫২.০০
৩	.. ..	৫৫.০০	১৯.০০
৪	.. ..	৫৩.০০	১৩.০০
৫	.. ..	৫৫.০০	৯.০০
৬	.. ..	৬২.০০	২২.০০
৭	.. ..	৫৪.০০	১১.০০
৮	.. ..	৬৪.০০	৪৭.০০
৯	.. ..	৩৬.০০	১৩.০০
১০	.. ..	৪৩.০০	১৭.০০
১১	.. ..	২৫.০০	৬.০০
১২	.. ..	১২২.০০	১০৩.০০
১৩	.. ..	৫৬.০০	১২.০০
১৪	.. ..	৬৫.০০	৪০.০০
	মোট ..	৮৭৫.০০	৩৮৫.০০

Statement referred to in reply to clause (Gha) of unstarred question No. 164.

ইউঃ নং		দরখাস্তের সংখ্যা
১		২
২		৭
৩		৬
৪		১৫
৭		৩৫
৮		২০
৯		৭
১০		১৪
১১		১৫
১২		১১
১৩		৯
	মোট ...	১৪১

Cultivable and uncultivable Lands in Gopiballavpore, police-station Midnapore

165. (Admitted question No. 220.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাতোঃ ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় গোপীবল্লভপুর থানার মোট আবাদী ও অনাবাদী জমির পরিমাণ কত ;

(খ) তন্মধ্যে জমিদারী উচ্ছেদের ফলে কোন্ অঞ্চলে কি প্রকারের জমি সরকারের খাসে আসিয়াছে ;

(গ) কোন্ অঞ্চলে কি পরিমাণ জমি ভূমিহীনকে বন্দোবস্ত দেওয়া হইয়াছে এবং কি পরিমাণ জমি এখনও বণ্টন যোগ্য আছে ; এবং

(ঘ) ভূমিহীনদের দ্বারা খাস জমি বন্দোবস্ত গ্রহণের জন্য কোন্ অঞ্চলে কতগুলি দরখাস্ত সরকারের বিবেচনাধীন আছে?

The Minister for Land and Land Revenue:

(ক) ১৯৫৪-৫৬ সালের জরীপ অনুযায়ী আবাদী ও অনাবাদী জমির পরিমাণ যথাক্রমে ৭৩,৩৮৯ একর ও ৪৫,৫০৬ একর।

(খ) এই সম্পর্কে একটি তালিকা প্রদত্ত হইল।

(গ) এই সম্পর্কে একটি তালিকা প্রদত্ত হইল।

(ঘ) এতদ্বিষয়ে একটি তালিকা প্রদত্ত হইল।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 165.

অঞ্চল	আবাদী	অনাবাদী
	একর	একর
১ নং	১৬.৫০	২১৪.৮২
২ নং	২২.১৮	২৭২.১৮
৩ নং	৩০.২২	২১১.৩৬
৪ নং	১২৮.১০	৪৩২.১৬
৫ নং	৭৫.৫৫	৩১৮.৬৬
৬ নং	১৫.২০	২২২.০২
৭ নং	২৪.৪৫	৫৭.৯৭
মোট ..	৩১২.২০	১,৬২৯.২৭

গোপীবল্লভপুর ব্লক ২

	একর	একর
৬ নং ইউনিয়ন (১+২)	৬০.৯৮	৮৪২.০৬
৩ নং	২৩২.০২	৪৮৩.৭২
৪ নং	১৮৬.৮০	৫৫৮.১২
৫ নং	১০.২০	৩৫৬.৮১
৬ নং	৮[illegible].৬৩	৩৯৩.৪৮
৭ নং	১০৩.৭৫	৫৬৬.৩৭
মোট —	৬৮২.৩৮	৩,২০[illegible].৫৬

Statement referred to in reply to clause (Ga) of unstarred question No. 165.

অঞ্চল নং	ভূমিহীন ব্যক্তিকে দেওয়া জমির পরিমাণ	বণ্টনযোগ্য জমির পরিমাণ
	একর	একর
১	..	১৬.৫০
২	১০.৪২	১১.৭৬
৩	১৯.৬৬	১০.৮৬
৪	৯০.৩৭	৩৭.৭৩
৫	১৪.২৯	৬১.২৬
৬	..	১৫.২০
৭	১৬.৭৫	৭.৭০
মোট ..	১৫১.১৯	১৬১.০১

গোপীবল্লভপুর ব্লক ২

	একর	একর
৬ নং ইউনিয়ন (১+২)	৭.৩৩	৫৩.৬৫
৩ নং অঞ্চল	১৯০.৪২	৪১.৬০
৪ নং "	১৫৮.৬৫	২৮.১৪
৫ নং "	..	১০.২০
৬ নং "	৭০.২১	১৮.৪২
৭ নং "	.	১০৩.৭৫
মোট ..	৪২৬.৬২	৫৫.৭৬

Statement referred to in reply to clause (Gha) of unstarred question No. 165.

গোপীবল্লভপুর ব্লক নং ১

অঞ্চল নং	সরকারের বিবেচনাধীন দরখাস্তের সংখ্যা
১	..
২	৫৭
৩	৯০
৪	৬০
৫	১২
৬	২৫
৭	১০
মোট ..	২৫৪

গোপীবল্লভপুর ব্লক নং ২

৬ নং ইউনিয়ন (১+২)	৪
৩নং	২৭
৪ নং	৬০
৫ নং	৭০
৬ নং	৩০
৭ নং	১৫৩
মোট ..	৩৪৪

Pingla Development Block, Midnapore

166. (Admitted question No. 292.)

শ্রীঅনঙ্গমোহন দাসঃ কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৩-৬৪ সালে মেদিনীপুর জেলার পিংলা উন্নয়ন ব্লকে ক্ষুদ্র সেচ পরিকল্পনার জন্য কোন্ গ্রামের কোন্ কোন্ ব্যক্তিকে কত টাকা লোন দেওয়া হইয়াছে ;

(খ) উহারা প্রত্যেকে কি কি কাজ করিয়াছেন ;

(গ) উক্ত পরিকল্পনাগুলির রূপায়ণের ফলে প্রত্যেক ক্ষেত্রে কত জমি উপকৃত হইয়াছে ; এবং

(ঘ) উক্ত কার্য্যগুলি যথাযথভাবে সম্পন্ন হইয়াছে বলিয়া কে রিপোর্ট দিয়াছে ?

The Minister of State for Agriculture and Community Development: (ক), (খ), (গ) এবং (ঘ) একটি বিবৃতি এতৎসহ উপস্থাপিত করা হইল।

Statement referred to in reply to unstarred question No. 166.

Serial No.	Name of Loanees.	Village	Amount paid. Rs.	Details of work done.	Land acreage benefited.	Type of benefit desired.	Person giving the completion report.
1.	Fazlul Rahaman Khan	Mallarpur	500.00	Re-excavation of Irrigation Tank.	3 acres	Benefit of Irrigation.	The completion report was submitted by the Village Level Worker which was checked by Agricultural Extension Officer who thereafter issued utilisation certificate on the strength of which Block Development Officer issued the same.
2.	Surendra Nath Bakli	Dujipur	500.00	Ditto	3.50 acres	Ditto	
3.	Abinash Majhi	Sahara	500.00	Ditto	4 acres	Ditto	
4.	Kalipada Maity	Dukipur	500.00	Ditto	4 acres	Ditto	
5.	Sk. Manu Uddin	Mohonpur	500.00	Ditto	3 acres	Ditto	
6.	Phani Bhusan Bose	Pingla	500.00	Ditto	5 acres	Ditto	
7.	Saktipada Ghose	Baloon	500.00	Ditto.	5 acres	Ditto	
8.	Saktipada Sur	Sangar	500.00	Ditto	5 acres	Ditto	
9.	Jatindra Nath Nag	Sangar	500.00	Ditto	4 acres	Ditto	
10.	Sk. Muksud Hosen	Dhaneswarpur Pashimbar	500.00	Ditto	4 acres	Ditto	
11.	Amulya Bera and others	M.horda	500.00	Ditto	3 acres	Ditto.	
12.	Nirmalendu Bhowmick	Korkai	500.00	Ditto	4 acres	Ditto.	
13.	Iswar Samanto	Deora	500.00	Ditto	3.50 acres	Ditto.	
14.	Sk. Based Ali	Kalikadihi	500.00	Ditto.	4 acres	Ditto.	
15.	Shyamapada Adhikary	Deora	500.00	Ditto	3.50 acres	Ditto.	
16.	Sk. Samiruddin	Naya	500.00	Ditto	4 acres	Ditto	
17.	Nemai Bag	Chotkhelna	500.00	Ditto	3.50 acres	Ditto.	
18.	Askhaya Kar	Baliswarpur	500.00	Ditto	5 acres	Ditto.	

19.	Panchanan Ojha	Khirai	500.00	Ditto	4 acres	Ditto.
20.	Mrityunjoy Dhuria	Saharda	500.00	Ditto	5 acres	Ditto.
21.	Satish Dhara	Khirai	500.00	Ditto	3.50 acres	Ditto.
22.	Gunadhar Samanta	Gobardhanpur	500.00	Ditto	4 acres	Ditto
23.	Krishna Mondal	Dandasira	500.00	Ditto	5 acres	Ditto.
24.	Abinash Pramanik	Dujipur	500.00	Ditto	4 acres	Ditto
25.	Gosta Behari Paria	Pindrui	500.00	Ditto	4 acres	Ditto.
26.	Beejoy Krishna Santra	Pindrui	500.00	Ditto	3.50 acres	Ditto.
27.	Sudhakrishna Khaskel	Naratua	500.00	Ditto	5 acres	Ditto.
28.	Sitanath Mondal	Naratua	500.00	Ditto	4 acres	Ditto.
29.	Bhuban Ch. Maity	Lakhipani	500.00	Ditto	4 acres	Ditto.
30.	Sambhu Chandra Patra	Barphalpur	500.00	Ditto	4 acres	Ditto.
31.	Raghunath Saren	Mondalbar	400.00	Ditto	3 acres	Ditto.
32.	Radhanath Guchait	Mirjapur	500.00	Ditto	5 acres	Ditto.
33.	Debendra Nath Bhowmick.	Kalash	500.00	Ditto	3 acres	Ditto.
34.	Krishna Gopal Paul	Kamgkusumda	400.00	Ditto	4 acres	Ditto.
35.	Jagadish Dasmal	P. Routhchak	500.00	Ditto	4 acres	Ditto.
36.	Nalini Pramanik	Dujipur	500.00	Ditto	4 acres	Ditto.
37.	Radhanath Santra	Uttarbar	500.00	Ditto.	3 acres	Ditto.
38.	Atul Chandra Dey	Dhaneswarpur Sungard	400.00	Ditto	3 acres	Ditto.
39.	Dhirendra Nath Dutta	Gobindachak	400.00	Ditto	3 acres	Ditto.
40.	Nibaran Chakraborty	Dhaneswarpur	400.00	Ditto	3.50 acres	Ditto.

Statement referred to in reply to unstarred question No. [illegible]

Serial No.	Name of Loanees.	Village.	Amount paid. Rs.	Details of work done.	Land acreage benefited	Type of benefit desired.	Person giving the completion report.
41.	Kanailal Chakraborty	Dhaneswarpur	400.00	Re-excavation of Irrigation Tank.	3 acres	Benefit of Irrigation.	The completion report was submitted by the Village Level Workers which was checked by Agricultural Extension Officer who thereafter issued utilisation certificate on the strength of which Block Development Officer issued the same.
42.	Rashu Charan Jana	Barkhelna	400.00	Ditto	3.50 acres	Ditto.	
43.	Gosta Behari Dey	Deorah	400.00	Ditto	3.50 acres	Ditto.	
44.	Hossain Khan	Maligram	500.00	Ditto	3.50 acres	Ditto.	
45.	Rash Behari Samanta	Khirai	500.00	Ditto	4 acres	Ditto.	
46.	Pulin Behari Bhatta	Khirai	500.00	Ditto	4 acres	Ditto.	
47	Sm. Jemini Bala Subad	Khirai	500.00	Ditto	5 acres	Ditto.	
48.	Nilkanta Panigrahi	Lakhipari	300.00	Ditto.	3.50 acres	Ditto.	
49.	Kalipada Bera	Lakhipari	400.00	Ditto	3.50 acres	Ditto.	
50.	Haripada and Pashupati Das.	Lakhipari	400.00	Ditto	3.50 acres	Ditto.	
51.	Kritibash Katua	Sitibenda	200.00	Ditto	2 acres	Ditto.	
52.	Bojoy Krishna Samanta	Sitibenda	500.00	Ditto	4 acres	Ditto.	
53.	Kalipada Maity	Chandipur	500.00	Ditto	4 acres	Ditto.	

Moyna-Paramanandapore-Pingla Road, Midnapore

167. (Admitted question No. 296.)

শ্রীঅনঙ্গমোহন দাসঃ পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় ময়না পরমানন্দপুর-পিংলা রাস্তার মোট বরাদ্দ কত; এবং

(খ) এ পর্যন্ত উহার কত অংশ কাজ হইয়াছে?

The Minister for Public Works (Roads):

(ক) ১৩,৭৯,০০০ টাকা।

(খ) ৩১এ ডিসেম্বর ১৯৬৪ তারিখ পর্যন্ত এই রাস্তা নির্মাণে মোট ব্যয়ের পরিমাণ ১১,৫৮,৫০২ টাকা।

পিংলা হইতে দোবাঁধি পর্যন্ত রাস্তার কাজ এই বৎসর মে মাসের মধ্যে শেষ হইবে। দোবাঁধি হইতে ময়না পর্যন্ত মাটির কাজ মোটামুটি শেষ হইয়াছে। এই অংশের পুলের কাজ এবং রাস্তার কাজ ঠিকমত ঠিকাদার পাওয়া গেলে আগামী মার্চ মাসের মধ্যে আরম্ভ হইবে এবং ১৯৬৬ সালের জুন মাসের মধ্যে শেষ হইবে বলিয়া আশা করা যায়।

Allowances to the Prisoners

168. (Admitted question No. 335.)

শ্রীনগেন্দ্র ভট্টাচার্য: স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কারাদণ্ড প্রাপ্ত বন্দীদের (১) মাসিক বেতন দেওয়ার আইন কোন্ বৎসর হইতে চালু করা হইয়াছে, এবং (২) মাসিক বেতন দানের পরিমাণ কত টাকা;

(খ) কত মাস পর্যন্ত সাজা প্রাপ্তদের বেতন প্রদান করা হয় না;

(গ) বন্দীদের অর্জিত বেতনের টাকা বাড়ীতে পাঠাইতে কিংবা জেলের মধ্যে জিনিষপত্র ক্রয় করিতে খরচ করিতে পারে কি না;

(ঘ) অর্জিত টাকার কত ভাগ পর্যন্ত বাড়ীতে পাঠাইতে বা জেলের মধ্যে খরচ করিতে পারে;

(ঙ) ছাড়া (রিলিজ) পাওয়ার সময় অর্জিত সমুহ টাকা দিয়ে দেওয়া হয় কি না;

(চ) উক্ত আইন চালু করার ফলে স্বভাব অপরাধীর (হ্যাবিচুয়াল ক্রিমিন্যাল) এর সংখ্যা কমিয়াছে কি না; এবং

(ছ) উক্ত আইনে পর্যালোচনা করা হইয়াছে কি না; হইয়া থাকিলে তাহার সারমর্ম কি?

The Minister for Home (Jails):

(ক) (১) ১৯৫৪ সালের আগস্ট মাস হইতে কলিকাতাস্থিত আলিপুর, প্রেসিডেন্সী এবং দমদম কেন্দ্রীয় কারাগারে এবং ১৯৫৬ সালের ১লা এপ্রিল হইতে বহরমপুর ও মেদিনী-

কেন্দ্রীয় কারাগারে তিন মাসের অধিক সশ্রম কারাদণ্ডে দণ্ডিত [illegible] পারিশ্রমিক দেওয়ার নিয়ম চালু হইয়াছে।

(২) নিম্নোক্ত হারে পারিশ্রমিক দেওয়া হইয়া থাকেঃ

(/০) কঠিন শ্রম—পুরাকাজের জন্য দৈনিক মাথাপিছু ৩৭ পয়সা।

(৵০) লঘু শ্রম—পুরাকাজের জন্য দৈনিক মাথাপিছু ২৫ পয়সা।

পুরাকাজের শতকরা ২৫ ভাগ বা তদূর্ধ্ব পর্যন্ত বাড়তি কাজের জন্য দৈনিক মাথাপিছু ১২ পয়সা বোনাস।

(খ) তিন মাসের অধিক সশ্রম কারাদণ্ডে দণ্ডিত অপরাধীদের কারাগারে প্রথম তিন মাস কারাদণ্ড ভোগ করিবার পর তাহাদের দৈনিক পুরাকাজের জন্য পারিশ্রমিক দেওয়ার সিদ্ধান্ত এই নিয়মের আওতায় আনা হইয়াছে।

(গ) বন্দীরা অর্জিত পারিশ্রমিকের অর্ধাংশ কারাধীক্ষকের অনুমোদন সাপেক্ষে ব্যক্তিগত প্রয়োজনে যথা তামাক, মিষ্টান্ন ইত্যাদি ক্রয় করিবার জন্য ব্যয় করিতে পারে। বিশেষ ক্ষেত্রে প্রয়োজনবোধে তাহাদিগকে বাড়ীতে টাকা পাঠাইবার অনুমতিও দেওয়া হয়।

(ঘ) এই নিয়মে বন্দীর অর্জিত পারিশ্রমিক বাড়ীতে পাঠাইবার কোন ব্যবস্থা নাই। তবে বিশেষ বিশেষ ক্ষেত্রে সরকারী অনুমোদন সাপেক্ষে বন্দীকে অর্জিত অর্থের অর্ধাংশ এবং কোন কোন ক্ষেত্রে তদধিকও বাড়ীতে পাঠাইবার জন্য অনুমতি দেওয়া হইয়াছে।

(ঙ) কারামুক্তির সময় বন্দীকে সমূহ অর্জিত অর্থ নগদ টাকায় অথবা কারাগারে যে কারিগরী শিল্পে তাহাকে প্রশিক্ষণ দেওয়া হইয়াছে তাহার জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি খরিদ করিয়া দেওয়া হইয়া থাকে।

(চ) ১৯৬০, ১৯৬১, ১৯৬২ এবং ১৯৬৩ সালে মোট কত অপরাধী প্রতি বৎসরে বিচারালয়ের সাজার ফলে সরাসরি কারাগুলিতে ভর্তি হইয়াছিল তাহাদের সংখ্যার সহিত উক্ত সময়ে যে সমস্ত স্বভাব অপরাধী সাজা প্রাপ্ত হইয়া সরাসরি পশ্চিমবঙ্গের বিভিন্ন কারায় ভর্তি হয়, তাহাদের গত চার বৎসরের তুলনামূলক শতকরা হিসাব নিম্নে দেখান হইলঃ

সাল	শতকরা সংখ্যা
১৯৬০	২·৭৬
১৯৬১	২·৫২
১৯৬২	১·০২
১৯৬৩	১·১০

ইহাতে দেখা যায় যে স্বভাব অপরাধীর সংখ্যা মোটামুটি কমের দিকে যাইতেছে।
(ছ) উক্ত নিয়মের সার্থকতা এখনও পর্য্যালোচনা করা হয় নাই।

Man Sing Commission Report, 1959

169. (Admitted question No. 343.)

শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্য্যঃ সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বন্যা নিয়ন্ত্রণ কমিশনের (মেনসিং কমিশন), ১৯৫৯, অনুসন্ধান এবং রিপোর্ট প্রস্তুতি কার্যে কত টাকা খরচ হইয়াছে;

(খ) খরচের কত অংশ কেন্দ্রীয় সরকার বহন করিয়াছেন ;

(গ) কমিশনের সুপারিশ সরকার গ্রহণ করিয়াছেন কি না ; এবং

(ঘ) গ্রহণ করিয়া থাকিলে কতটা কার্যকরী হইয়াছে?

The Minister for Irrigation and Waterways:

(ক) ৫৮,২৮৬ টাকা।

(খ) কোন অংশই নহে।

(গ) ও (ঘ) কমিটির সমস্ত সুপারিশগুলি পুরোপুরিভাবে এখনও গ্রহণ করা হয় নাই। কমিটি মোট ৬৭টি প্রকল্প ২০ বৎসরে কার্যকরী করার জন্য সুপারিশ করিয়াছেন। তাহার মধ্যে ৬টি জরীপ ও জলতথ্যাদি পর্যবেক্ষণ প্রকল্পের কাজ শেষ হইয়াছে, ঐরূপ ৯টি প্রকল্পের কাজ চলিতেছে এবং ৫টির কাজ শীঘ্রই আরম্ভ করা হইবে। ৮টি জলনিকাশী প্রকল্পের কাজ চলিতেছে. ৬টি জলনিকাশী প্রকল্পের কাজ শীঘ্রই আরম্ভ করা হইবে। তথ্যাদি সংগ্রহ করার পর ২টি বন্যা নিয়ন্ত্রণ ও ২টি জলনিকাশী প্রকল্পের বিশদ প্রাক্কলন প্রস্তুত করা হইয়াছে ও বর্তমানে পরীক্ষাধীন আছে এবং ৪টি প্রকল্পের বিশদ প্রাক্কলন প্রস্তুত করা হইতেছে।

Average Production of Paddy

170. (Admitted question No. 346.) **Shri Mrigendra Bhattacharyya:**

কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় ১৯৫১-৫২ সালে ধান্য উৎপাদনের গড় একর প্রতি বা বিঘা প্রতি কত ছিল ; এবং

(খ) ১৯৬৩-৬৪ সালে উক্ত উৎপাদনের গড় কত?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) গড়ে একর প্রতি ১৪·৯৭ মণ ধান।

(খ) গড়ে একর প্রতি ১৯·১৪ মণ ধান।

Government advertisement in Newspaper

171. (Admitted question No. 347.)

শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্য্য: স্বরাষ্ট্র (প্রচার) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬০-৬১, ১৯৬১-৬২, ১৯৬২-৬৩ এবং ১৯৬৩-৬৪ সালে পশ্চিমবঙ্গ সরকার কোন্ বৎসর কোন্ কোন্ দৈনিক পত্রিকাকে সরকারী বিজ্ঞাপন বাবদ কত টাকা দিয়াছেন ; এবং

(খ) দৈনিক পত্রিকা ছাড়া অন্য কোন্ কোন্ সাপ্তাহিক, পাক্ষিক এবং মাসিক পত্র-পত্রিকায় উক্ত কয় বৎসর সরকারী বিজ্ঞাপন দেওয়া হইয়াছে এবং এই বাবদে কত টাকা দেওয়া হইয়াছে?

The Minister for Home (Publicity):

(ক) নিম্নে একটি তালিকা পেশ করা হইল।

(খ) দৈনিক পত্রিকা ছাড়া সাপ্তাহিক, পাক্ষিক এবং মাসিক পত্র-পত্রিকায় উক্ত চার বৎসরে বিজ্ঞাপন বাবদ ব্যয় হইয়াছে নিম্নলিখিতরূপঃ—

১৯৬০-৬১—১,০৯,৩১৫ টাকা,

১৯৬১-৬২—১,১০,৫৩০ টাকা,

১৯৬২-৬৩—১,২৭,৫৪০ টাকা,

১৯৬৩-৬৪—১,১৭,২৮০ টাকা।

যে সকল সাপ্তাহিক, পাক্ষিক, মাসিক এবং সাময়িক পত্র-পত্রিকায় উক্ত চার বৎসরে বিজ্ঞাপন দেওয়া হইয়াছে তাহার তালিকা নির্মাণ করা সময়সাপেক্ষ।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 171

দৈনিক সংবাদপত্রের নাম ও উহাতে বিজ্ঞাপন বাবদ খরচের তালিকা

পত্র-পত্রিকার নাম	১৯৬০-৬১	১৯৬১-৬২	১৯৬২-৬৩	১৯৬৩-৬৪
	টাকা	টাকা	টাকা	টাকা
১। অমৃতবাজার পত্রিকা ..	২,১৩,৬০৮.০০	২,৮৫,৩০১.১২	৩,৩৪,০৭০.১৫	৩,৪৪,৯১৭.৭
২। আনন্দবাজার পত্রিকা ..	১,৯৫,৯৩২.০০	২,২৭,৯৪৮.৪১	২,০৮,৯৯৫.১৪	৩,৮১,৩১৪.১০
৩। যুগান্তর	১,৩৮,৩৬০.০০	১,৭৪,১০৪.৮৯	১,৮২,৯৫৩.০০	১,৫৪,৮০৭.৮০
৪। স্টেটসম্যান	১,৫৬,২২২.০০	১,৯০,৫৬৪.১৪	১,৯৫,৪৪৯.২৬	১,২০,৮১২.৫
৫। হিন্দুস্থান স্ট্যাণ্ডার্ড ..	৯৬,৫২৮.০০	১,৪৯,৬৮৮.৭১	১,৪৬,০৫৩.৮২	১,১৬,৯২৯.৬০
৬। লোকসেবক	১৪,৮৭৪.০০	১৪,৫৪২.০০	৬,৪২৬.৩০	১,১০৪.১০
৭। স্বাধীনতা	১,৪৪০.০০	৪,৯৭৫.০০	১,৯৯৭.৫০	৮৩০.০০
৮। বসুমতী	১,৮৯৩.৭০	২,৮৫৩.৩৭	১,১৩৯.০০	৫৮৩.৯০
৯। জনসেবক	৭,৫৫২.৩৬	১২,৯৬০.৫২	১০,৬১৯.৭০	৯,৯২৯.১৬
১০। বিশ্বামিত্র	১৮,৯৭৫.২৬	৩৬,০৪০.৩৫	১৬,৪১৫.৭৫	৩৭,৪৬৬.৬৩
১১। বিশ্ববন্ধু	১৪,১১৪.০০	২১,০১৮.০০	১২,৫৮৮.৩৫	১০,১০৭.৫০
১২। লোকমান্য ..	৫,৯৯৩.৫৫	১৮,৭৬২.৪০	১৩,৭৫৮.০০	১৭,১৪১.০০
১৩। সনমার্গ	১,০৮৭.৫০	১,২৯০.০০	২,১৫৪.০০	৩৮৪.০০
১৪। আসরেজাদিদ ..	১৬০.০০	২২০.০০	১৯০.০০	১৫০.০০
১৫। রোজানাহিন্দ ..	১,৯৩০.০০	৩,৫৪৯.৮৬	২,৮২২.৫০	১,৩৬৪.৪০

দৈনিক সংবাদপত্রের নাম ও উহাতে বিজ্ঞাপন বাবদ খরচের তালিকা

	পত্র-পত্রিকার নাম	১৯৬০-৬১	১৯৬১-৬২	১৯৬২-৬৩	১৯৬৩-৬৪
		টাকা	টাকা	টাকা	টাকা
১৬।	আজাদ-হিন্দ ..	১০০.০০	৫৯৫.০০	৫০.০০	৩৫০.০০
১৭।	দেশ-দর্পণ	১,১১৫.৭৫	৮৭৫.০০	৪০০.০০	৪১২.০০
১৮।	নবি-প্রভাত	--	--	২০.০০	১০০.০০
১৯।	হমরোজ	--	--	৬০.০০	--
২০।	হিন্দুস্থান টাইমস ..	২০,৬৯৯.৯০	২১,৮৫৬.২০	১৬,৬০৫.৫৭	১৫,৯১৯.৯৪
২১।	টাইমস অব ইণ্ডিয়া ..	৪০,১১১.০০	৩৯,৭৯২.৫১	৩০,৪০৭.২৫	১৯,৫০৬.০০
২২।	দি হিন্দু	২৫,৪৯৪.৫৮	২০,৬১৯.৫০	২৩,২১৮.০০	১২,২৭৮.৯৭
২৩।	ইণ্ডিয়া এক্সপ্রেস ..	২,৮৪৪.৫০	১,৬৭৭.৫০	--	--
২৪।	নবদার্ব ইণ্ডিয়া পত্রিকা	--	৪৮২.০০	১,৩১৮.০০	৪,৬৩৯.৫০
২৫।	দি মেল	১৩,০১৯.০০	১০,৩২৯.০০	৮,৫৩৯.০০	৯,০১৪.৪০

Status of staff of the Anchalik Parishads and those of Blocks

172. (Admitted question No. 355.)

শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্য্যঃ স্বায়ত্তশাসন ও পঞ্চায়েৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আঞ্চলিক পরিষদ গঠিত হওয়ায় ব্লকের অন্তর্ভুক্ত কর্মচারিদের আঞ্চলিক পরিষদের কর্মচারি হিসাবে গণ্য করা হইবে কিনা ;

(খ) আঞ্চলিক পরিষদ এবং ব্লকের কর্মচারিদের মধ্যে তফাৎ কি ; এবং

(গ) ব্লকের কর্মচারিগণ সরকারের অধীন না আঞ্চলিক পরিষদের অধীন ?

The Minister of State for Panchayats:

(ক) না।

(খ) তফাৎ এই যে আঞ্চলিক পরিষদের কর্মচারিদের বেতন আঞ্চলিক পরিষদের অর্থ হইতে দেওয়া হয় এবং ব্লকের কর্মচারিদের বেতন রাজ্য সরকারের তহবিল হইতে দেওয়া হয়।

(গ) সরকারের অধীন তবে ব্লক উন্নয়ন আধিকারিক তাঁহার পদাধিকারবলে আঞ্চলিক পরিষদের চীফ একজিকিউটিভ অফিসার হিসাবে যে সকল কার্য করিবেন তাহার জন্য তিনি আঞ্চলিক পরিষদের অধীন বলিয়া গণ্য হইবেন।

Number of 2-class and 4-class Junior High Schools in West Bengal

173. (Admitted question No. 356.)

শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্য্য : শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের কোন্ জেলায় কতগুলি টু-ক্লাস জুনিয়ার হাই এবং ফোর-ক্লাস জুনিয়ার হাই স্কুল রহিয়াছে ;

(খ) জুনিয়ার হাই স্কুলগুলির আর্থিক অবস্থা পর্যালোচনা করিয়াছেন কি না এবং করিয়া থাকিলে সমীক্ষার ফলাফল কি ; এবং

(গ) চতুর্থ পরিকল্পনায় জুনিয়ার হাই স্কুলসমূহ ডেফিসিট বেসিস-এর আওতায় আসার কোন প্রস্তাব আছে কি না?

The Minister for Education:

(১) বাঁকুড়া 2-class—৪৪টি ও 4-class—৭১টি, মোট ১১৫টি।

(২) বীরভূম 2-class—৪৭টি ও 4-class—৫৭টি, মোট—১০৪টি।

(৩) বর্দ্ধমান 2-class—৭৮টি ও 4-class—১০৬টি, মোট—১৮৪টি।

(৪) কলিকাতা 2-class—৪০টি ও 4-class—৩৪টি, মোট—৭৪টি।

(৫) কুচবিহার 2-class—১৬টি ও 4-class—৮টি, মোট—২৪টি।

(৬) দার্জিলিং 2-class—২১টি ও 4-class—১১টি, মোট—৩২টি।

(৭) জলপাইগুড়ী 2-class—৪২টি ও 4-class—২১টি, মোট—৬৩টি।

(৮) হুগলী 2-class—৫৮টি ও 4-class—৯১টি, মোট—১৪৯টি।

(৯) হাওড়া 2-class—৬১টি ও 4-class—৭৩টি, মোট—১৩৪টি।

(১০) মুর্শিদাবাদ 2-class—৩৭টি ও 4-class—৬৬টি, মোট—১০৩টি।

(১১) মালদা 2-class—৪৫টি ও 4-class—২০টি, মোট—৬৫টি।

(১২) মেদিনীপুর 2-class—১৭০টি ও 4-class—২১৮টি, মোট—৩৮৮টি।

(১৩) নদীয়া 2-class—৩৫টি ও 4-class—৮০টি, মোট—১১৫টি।

(১৪) পুরুলিয়া 2-class—১৩টি ও 4-class—২৪টি, মোট—৩৭টি।

(১৫) প: দিনাজপুর 2-class—৬৪টি ও 4-clais—২৫টি, মোট—৮৯টি।

(১৬) ২৪-পরগনা 2-class—২৬৫টি ও 4-class—২৩৫টি, মোট—৫০০টি।

মোট 2-class—১,০৩৬টি ও 4-class—১,১৪০টি, সর্বমোট—২,১৭৬টি।

(খ) হ্যাঁ। টু-ক্লাস বয়েজ জুনিয়ার হাই স্কুলগুলি ৭৬০ টাকা এবং ফোর-ক্লাস বয়েজ জুনিয়ার হাই স্কুলগুলি ১,১৪০ টাকা লাম্প গ্রান্ট পায়। আর টু-ক্লাস গার্লস জুনিয়ার হাই স্কুলগুলি ১,000 টাকা এবং ফোর-ক্লাস গার্লস জুনিয়ার হাই [illegible] টাকা [illegible]

গ্রান্ট পাইয়া থাকে। এতদ্ব্যতীত বিদ্যালয়গুলি ছাত্র-ছাত্রীদের বেতনও আদায় করে এবং বেতন ও লাম্প গ্রান্ট-এর সমস্ত অর্থই শিক্ষকদের বেতন দানের জন্য ব্যবহৃত হয়। তবে শিক্ষকদের সংশোধিত হারে বেতন দিতে গিয়া লাম্প গ্রান্ট ও ছাত্র-ছাত্রীদের বেতন আদায়ী অর্থ ব্যতীত যেটুকু ঘাটতি থাকে তাহা সরকারী সাহায্য দিয়া পূরণ করা হয়। আপাতত বাকি আর্থিক দায়িত্ব বিদ্যালয়ের কর্তৃপক্ষকে গ্রহণ করিতে হয়। বর্তমান আর্থিক পরিস্থিতিতে অতিরিক্ত দায়িত্ব সরকারের গ্রহণ করা সম্ভব নয়।

(গ) কোন প্রস্তাব বর্তমানে নাই।

Applications for New Taxi Permits

174. (Admitted question No. 388.) **Shri Birendra Narayan Ray:**

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪ সালে এবং ১৯৬৫ সালের বর্তমান সময় পর্যন্ত কলিকাতায় মোট কয়জন নূতন ট্যাক্সির জন্য আবেদন করিয়াছেন ;

(খ) আবেদনকারীদের কয়জন স্বর্ণশিল্পী ;

(গ) উক্ত স্বর্ণশিল্পীদের কয়জন পারমিট পাইয়াছেন এবং কয়জন ট্যাক্সি রাস্তায় বাহির করিয়াছেন ; এবং

(ঘ) উক্ত স্বর্ণশিল্পীদের কয়জন স্বর্ণশিল্পের কর্মচারী (এমপ্লয়ি) এবং কয়জন স্বর্ণ-শিল্পের দোকানের মালিক (এমপ্লয়ার)?

The Minister for Home (Transport):

(ক) ১,২৩৬ জন।

(খ) এবং (ঘ) মহামান্য কলিকাতা হাইকোর্টের সিভিল রুল নং ৯৫১(ডাবলিউ)।১৯৬৪এর নিষেধাজ্ঞার জন্য বাছাইএর কাজ বন্ধ থাকায় আবেদনকারীদের কতজন স্বর্ণশিল্পী ইত্যাদি বলা যায় না।

(গ) এ প্রশ্ন উঠে না।

Permits issued by R. T. A., Murshidabad

175. (Admitted question No. 389.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার আর টি এ কর্তৃপক্ষ ১৯৬৩, ১৯৬৪ এবং ১৯৬৪-৬৫ সালের বর্তমান সময় পর্যন্ত কোন্ কোন্ ব্যক্তি বা সমষ্টিকে কোন্ কোন্ রুটের জন্য পারমিট মঞ্জুর করিয়াছেন;

(খ) উক্ত রুটগুলির কোনটিতে কয়জন দরখাস্ত করিয়াছেন ;

(গ) উক্ত রুট প্রাপ্ত ব্যক্তি বা সমষ্টিকে কিসের ভিত্তিতে মঞ্জুর করিয়াছেন;

(ঘ) উক্ত রুটগুলির কোন্ কোন্ রুটে অদ্যাবধি রুটপ্রাপ্ত ব্যক্তিগণ বাস চালান নাই ;

(ঙ) ইহা কি সত্য যে, উক্ত জেলার আর টি এ বোর্ডের বেসরকারী সদস্যরা আর টি এ হইতে বাদ পড়িয়াছেন ; এবং

(চ) সত্য হইলে কোন তারিখ হইতে বাদ পড়িয়াছেন?

The Minister for Home (Transport):

(ক) এবং (খ) তালিকা দ্রষ্টব্য।

(গ) আর টি এ মুর্শিদাবাদের বিচারে যোগ্যতম প্রার্থিগণকে পারমিট দেওয়া হইয়াছে।

(ঘ) বহরমপুর-রাধারঘাট রুটে জিয়াগঞ্জ-আজিমগঞ্জ সর্বার্থসাধক সমবায় সমিতি লিঃ এবং বহরমপুর-জিয়াগঞ্জ রুটে শ্রীমতী বিজলী দোবে এখন পর্যন্ত বাস দেন নাই।

(ঙ) পুনর্গঠিত আর টি এ বোর্ডে জেলা পরিষদের চেয়ারম্যান ভিন্ন কোন বেসরকারী সদস্য নাই।

(চ) ১৫ই ডিসেম্বর, ১৯৬৪।

Statement referred to in reply to clauses (Ka) and (Kha) of unstarred question No. 175

প্রশ্ন নং	সন	রুটের নাম	রুট প্রাপ্ত ব্যক্তি বা ব্যক্তিগণ	দরখাস্ত-কারীর সংখ্যা
৩৮৯	১৯৬৩	বহরমপুর-বহরমাবাদী ..	শ্রীমতী জ্যোৎস্না ভট্টাচার্য, বহরমপুর ..	২৬
(ক) ও (খ)	ঐ	বহরমপুর-কৃষ্ণনগর ..	শ্রীমদন মোহন সিংহ, কান্দী ..	৮০
	ঐ	পাঁচথুপী-জয়পুর ..	মেসার্স বহরমপুর ট্রান্সপোর্ট কো-অপারেটিভ সোসাইটি লিঃ, বহরমপুর। ..	৪১
	ঐ	পাঁচথুপী-বেলগ্রাম ভায়া কান্দী	শ্রীঅজিত কুমার চ্যাটার্জী, বহরমপুর ..	১৮
	১৯৬৪	বহরমপুর-জিয়াগঞ্জ ..	শ্রীমতী বিজলী দোবে, গোরাবাজার ..	৩
	ঐ	বহরমপুর-দেবাইপুর ..	শ্রীরঘুনাথ সাহা, জিয়াগঞ্জ ..	২
	ঐ	বহরমপুর-রাধানগর ঘাট ভায়া বেলডাঙ্গা ..	(১) শ্রীছত্রপতি রায়, বহরমপুর .. (২) জিয়াগঞ্জ-আজিমগঞ্জ সর্বার্থসাধক সমবায় সমিতি, জিয়াগঞ্জ।	২৩৪
	ঐ	রাধারঘাট-বেলগ্রাম ..	শ্রীরেণুপদ দাস, কান্দী ..	২০
	ঐ	কান্দী-সাঁকোঘাট ..	শ্রীমতী আজিকাখাতুন, পোঃ জোনাডাঙ্গা ..	১৪
	ঐ	কান্দী-জয়পুর ..	শ্রীতুলসীদাস ঘোষ হাজরা, কান্দী ..	১৬
	ঐ	কান্দী-পাবুটি ..	শ্রীসুধীর কৃষ্ণ সাহা, কান্দী ..	৮
	ঐ	বহরমপুর-জঙ্গীপুর ..	শ্রীঅতুল কৃষ্ণ মুখার্জী, গোরাবাজার ..	১৮
	ঐ	রাধারঘাট-ধুলিয়ান ..	শ্রীবিজয় দেব সাহা, শ্রীকমল ব্যানার্জী, শ্রীআবু হোসেন, শ্রীকমল সাহা, শ্রীসত্যরঞ্জন পাণ্ডে।	১৮৩

Import of Fish in West Bengal

176. (Admitted question No. 390.)

বীরেন্দ্রনারায়ণ রায়ঃ মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) (১) ১৯৬৪ সালের কোন্ মাসে পশ্চিমবঙ্গের বিভিন্ন অঞ্চল হইতে,

(২) পশ্চিমবঙ্গের বাহির হইতে, এবং

(৩) পূর্বপাকিস্তান হইতে কত কুইণ্টাল মাছ কলিকাতার বাজারে আমদানী হইয়াছিল; এবং

(খ) উহার মধ্যে কত কুইণ্টাল সমুদ্রজাত মাছ?

The Minister for Fisheries:

(ক) এবং (খ) একটি বিবরণী দেওয়া হইল।

মাস	পশ্চিমবঙ্গ ছাড়া ভারতের অন্যান্য রাজ্যগুলি হইতে	পূর্বপাকিস্তান হইতে	পশ্চিমবঙ্গ হইতে		
			মিঠাজলের মাছ	সমুদ্রের মাছ	মোট
	কুইণ্ট্যাল	কুইণ্ট্যাল	কুইণ্ট্যাল	কুইণ্ট্যাল	কুইণ্ট্যাল
১৯৬৪					
জানুয়ারী	১০,৭৮৬	২৩,০৭৫	৪,৯৭৩	৩,৯৫৯	৮,৯৩২
ফেব্রুয়ারী	১০,৫৪৫	২৩,১৩৮	৫,৫৪২	৩,২২৫	৮,৭৬৭
মার্চ	১২,৫১৮	১৮,৬৪৫	৫,৭৬১	৪,৯১৬	১০,৬৭৭
এপ্রিল	১৫,৩৮১	৫,৮০৪	৩,০০৬	২,৮৬৮	৫,৮৭৪
মে	২৬,০০২	৪,০০০	৩,৬৩২	৩,৯৫৫	৭,৫৮৭
জুন	৩৭,২৯৯	১১,৯০৫	৪,০৪২	২,৬৫৯	৬,৭০১
জুলাই	১৫,৩১৬	৪,০০০	৩,৪৮৩	৩,৫৫০	৭,০৩৩
আগস্ট	৭,৭২৩	৩,০৩৯	১,৬৫০	২,৪৩১	৪,০৮১
সেপ্টেম্বর	৪,২২১	১১,৬১৮	৩,৮৪৩	১,৮১৭	৫,৬৬০
অক্টোবর	১০,৩২৭	৭,০০০	১,৩১৩	৬,৪৭২	৭,৭৮৫
নভেম্বর	১১,২৫৫	১১,৭৯০	২,৫৩৪	৩,৭২	৬,৩০৬
ডিসেম্বর	১২,৬১৩	৫,৩৬৭	৩,৯০২	৪,৬০৬	৮,৫০৮

Annuity to ...

177. (Admitted question No. 392.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ১৯৬৩-৬৪ দেবোত্তর সম্পত্তির অ্যান্যুইটি হিসাবে মোট কত টাকা কয়জন সেবাইতকে দেওয়া হইয়াছে?

The Minister for Land and Land Revenue:

৮৮১টি দেবোত্তরকে ৪০,৫২,৮০৯·০০ টাকা মঞ্জুর করা হইয়াছে।

Registration of names in the Employment Exchanges

178. (Admitted question No. 403.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৫ সালে ১লা জানুয়ারি তারিখে কোন্ এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ-এ কত নাম তালিকাভুক্ত ছিল;

(খ) তাঁহাদের মধ্যে কতজন (১) পুরুষ, (২) মহিলা, (৩) দক্ষ, এবং (৪) অদক্ষ ব্যক্তি;

(গ) ১৯৬৪ সালে কোন্ এক্সচেঞ্জের মারফত কত ব্যক্তি চাকুরী পাইয়াছেন;

(ঘ) চাকুরী প্রাপ্তদের কয়জন (১) পুরুষ, (২) মহিলা, (৩) দক্ষ, এবং (৪) অদক্ষ ব্যক্তি ছিলেন; এবং

(ঙ) উক্ত এক্সচেঞ্জগুলির কোনটিকে চালু রাখিতে গত তিন বৎসর কত টাকা কি কি বাবদ সরকারী তহবিল হইতে খরচ করা হইয়াছে?

The Minister for Labour:

(ক) ও (খ) ১ নং তালিকায় পেশ করা হইল।

(গ) ও (ঘ) ২ নং তালিকায় পেশ করা হইল।

(ঙ) ৩ নং তালিকায় পেশ করা হইল।

Statement referred to in reply to clauses (Ka) and (Kha) of unstarred question No. 179.

১নং তালিকা

১৯৬৫ সালের ১লা জানুয়ারি তারিখে তালিকাভুক্ত ব্যক্তিদের সংখ্যা কর্ম-সংস্থান কেন্দ্র হিসাবে নিম্নে দেওয়া হইল--

কর্মসংস্থান কেন্দ্র	পুরুষ	স্ত্রী	মোট সংখ্যা	দক্ষ ও আধাদক্ষ	অদক্ষ
কলিকাতা	৬১,১১৫	১৫,১১৬	৭৬,২৩১	৫৬১	২,৩৫১
খিদিরপুর	৭৬,৭৭৯	..	৭৬,৭৭৯	২০,৯৫২	৫০,৯৪৬
হাওড়া	২৮,০২৮	১,১৯৩	২৯,২২১	৫,০৮৬	১৮,৭৫৫
বারাকপুর	৬০,৩৮০	১,৬৯২	৬২,০৭২	৫,৬৯৭	৪৪,৭৬৭
আসানসোল	১৬,০০৬	২১৬	১৬,২২২	১,৯৬৬	১২,৪৪৪
দার্জিলিং	২,১৫৮	২০০	২,৩৫৮	১৯৮	১,১০০
উত্তর কলিকাতা	৫৬,৭৪৭	..	৫৬,৭৪৭	..	৫৬,৪৩১
দুর্গাপুর	১৪,৮৯২	১৪৩	১৫,০৩৫	৩,১২৪	১১,২৯১
শ্রীরামপুর	১৫,৪০৯	৪১৯	১৫,৮২৮	১,৭২২	৯,৬৮৭
খড়গপুর	১৯,৮৩০	২৭০	২০,১০০	৮২৮	১৪,৮১২
বর্ধমান	৭,৬৮১	১,৩৮৯	৯,০৭০	৪৫৯	৬,০৭৪
দক্ষিণ কলিকাতা	৫,৯৭৭	..	৫,৯৭৭	..	৫,৯৬৮
শিলিগুড়ি	৫,৮৫৭	২৬৬	৬,১২৩	৩০৭	৩,৫৮৫
পুরুলিয়া	৪,৪৭৬	১০০	৪,৫৭৬	১১৩	৩,৪২৫
কল্যাণী	১৮,৩০৮	২,৬৪৬	২০,৯৫৪	১,৯০০	১৫,৬৪৮
মালদহ	১৪,৬০৩	৫১৭	১৫,১২০	১৯৯	৯,৪১৫
বহরমপুর	৪,৬৯৮	৩১৫	৫,০১৩	১০৫	৩,১৮৫
কোচবিহার	৮,৪২৫	৩৯১	৮,৮১৬	১,৪৫৭	৪,৮২৭
সিউড়ি	৮,৯৯৪	৯৯৫	৯,৯৮৯	৩৭২	৭,২৬২
বাঁকুড়া	৫,৩৬৪	২৩	৫,৩৮৭	৫১৪	২,৪৯৭
জলপাইগুড়ি	৩,৫১৫	২২২	৩,৭৩৭	১২৯	১,৪৫৫
রাণীগঞ্জ	৭,১৮৪	১৬	৭,২০০	১,৩৭৩	৫,৬২০
সীতারামপুর	৭,৭৮৭	৮	৭,৭৯৫	২৭৭	১,২১৫
ফরাক্কা	৭,২৬০	৯০	৭,৩৫০	২৮৫	৫,০০২
ত্রিবেণী	১৪,৪৮২	১৩১	১৪,৬১৩	১,৫৭৪	১০,৬৪১
কর্মসহায়ক কেন্দ্র, কলিকাতা বিশ্ববিদ্যালয়	২৪৯	৫২	৩০১	..	..
বিশেষ কর্মসংস্থান কেন্দ্র, জাতীয় কর্ম বিনিয়োগ কৃত্যক।	১,২২২	৫১	১,২৭৩	৮৬	৮১৫
মোট	৪,৭৭,৪২৬	২৬,৪৬১	৫,০৩,৮৮৭	৪৯,২৮৪	৩,০৯,২৯৮

Statement referred to in reply to clauses (Ga) and (Gha) of unstarred question No. 178.

২নং তালিকা

১৯৬৪ সালে চাকুরিপ্রাপ্ত ব্যক্তিদের সংখ্যা কর্মসংস্থান কেন্দ্র হিসাবে নিম্নে দেওয়া হইল--

কর্ম-সংস্থান কেন্দ্র	পুরুষ	স্ত্রী	মোট সংখ্যা	দক্ষ ও আধাদক্ষ	অদক্ষ
কলিকাতা	২,৩২৮	৪৯৭	২,৮২৫	৯৩	৫৭
খিদিরপুর	৬,১৬২	..	৬,১৬২	২,২৩৫	৩,৯২৭
হাওড়া	৩,৮৮২	৪১	৩,৯২৩	১,৩১৩	২,৪১৩
বারাকপুর	৩,১৯২	১২	৩,২০৪	১,১৯৩	১,৬৬০
আসানসোল	২,৭২১	৫৩	২,৭৭৪	৪২৮	২,২০৬
দার্জিলিং	৩২৩	২৪	৩৪৭	৭১	২১৩
উত্তর কলিকাতা	৩,৭৯১	..	৩,৭৯১	..	৩,৭৯১
দুর্গাপুর	৭০০	১৩	৭১৩	২৮১	৩১৫
শ্রীরামপুর	২,০৬১	৪	২,০৬৫	২২৬	১,৭০৭
খড়্গপুর	৮৫৫	৮	৮৬৩	১৩	৭২৪
বর্ধমান	১,৪৫৭	১৮৬	১,৬৪৩	১৫৫	১,২৪০
দক্ষিণ কলিকাতা	৩৩৯	..	৩৩৯	..	৩৩৯
শিলিগুড়ি	৮৮৬	২০	৯০৬	৪৬	৬৭৪
পুরুলিয়া	২,৯১৪	৫৩৫	৩,৪৪৯	৪৭১	২,৮৬৭
কল্যাণী	৩৯৮	৬	৪০৪	৯১	২১৮
মালদহ	১৯৯	৯	২০৮	২৪	১০৫
বহরমপুর	৮৪৯	৭	৮৫৬	৩০	৬৪৩
কোচবিহার	৪৬২	৬৭	৫২৯	৯৯	১৭১
সিউড়ি	৯৭৪	৬৮৯	১,৬৬৩	২৯	১,৫১৯
বাঁকুড়া	৫,৩৩৩	১,৫৪৩	৬,৮৭৬	২২	৬,৭৯৩
জলপাইগুড়ি	২	..	২	..	২
রাণীগঞ্জ	৪,৪২৫	৩	৪,৪২৮	২৬৬	৪,১৫৬
সীতারামপুর	৯৬২	২	৯৬৪	১৮	৯৩৯
ফরাক্কা	৯৩১	২৮	৯৫৯	২৩৭	৪৯৯
ত্রিবেণী	৪৫৭	১৫	৪৭২	২১০	২১০
কর্মসহায়ক কেন্দ্র, কলিকাতা বিশ্ববিদ্যালয়	৩১	৩	৩৪	..	..
বিশেষ কর্মসংস্থান কেন্দ্র, জাতীয় কর্ম-বিনিয়োগ কৃত্যক।	২৫২	২৭	২৭৯	৫	৯৮
মোট	৪৬,৮৮৬	৩,৭৯২	৫০,৬৭৮	৭,৫৫৬	৩৭,৪৮৬

Statement referred to in reply to clause to (Uma) of unstarred question No. 178.

৩নং তালিকা

ক্রমিক সংখ্যা	কর্ম সংস্থান কেন্দ্রের নাম।	বৎসর।	অফিসারদের বেতন।	অন্যান্য কর্মচারীদের বেতন।	ঘর ভাড়া ভাতা ও অন্যান্য ভাতা।	অফিসগৃহের ভাড়া ও অন্যান্য কর।	উপনিমিত্ত ব্যয়।	মোট।
১।	কলিকাতা	১৯৬১-৬২	২৪,২৪৭	৫৮,০০৫	৪৬,২০৯	৪৫,০০৭	২৩,২৬১	১,৯৬,৭২৯
		১৯৬২-৬৩	৩২,৫০১	৮৯,৫২৯	১৭,২১১	২২,৪০৮	২৭,৭১০	১,৮৯,৩৫৯
		১৯৬৩-৬৪	৩১,৬৭৪	৯২,০৭০	১৫,৪৬৫	২৪,৪০০	২৫,৫০৯	১,৮৯,১১৮
২।	খিদিরপুর	১৯৬১-৬২	১৭,২১৫	৪৩,০৯৯	৩৪,৮০৭	-	১২,৩০২	১,০৭,৪২৩
		১৯৬২-৬৩	২২,৩৬২	৬৩,৯০৪	১০,৩১৯	-	১০,৪২১	১,১০,০০৬
		১৯৬৩-৬৪	২৭,৮০৭	৬৪,১৪৬	১১,০২৮	-	১০,৬৪১	১,১৩,৬২২
৩।	হাওড়া	১৯৬১-৬২	৭,৭৪২	২৫,২৪২	১৮,৬৩০	২,৯২০	১১,৭৫৫	৬৬,২৮৯
		১৯৬২-৬৩	১০,৪৫০	৩৭,১৬৬	৮,০৫৪	২,৯২৫	১২,২৮১	৭৫,৮৭১
		১৯৬৩-৬৪	১৫,৫৯০	৩৭,৫৮৭	৭,২০১	৩,৭২৬	১৭,০০৪	৮১,১০৮
৪।	ব্যারাকপুর	১৯৬১-৬২	১৫,৮৫৬	২৫,১৪৯	১৮,৬৩৩	২,৪০৮	১১,৮৬৩	৭৩,৫০৯
		১৯৬২-৬৩	২০,৮৬১	১৬,৪১২	১,৪৮২	২,৪৪৯	১৩,০৩৬	৭৪,২৪০
		১৯৬৩-৬৪	২০,১২৪	১৯,৯১৬	৬৯৫	২,৭৯৫	১২,৮৪৪	৭৬,৩৭৪
৫।	আসানসোল	১৯৬১-৬২	১৪,৬৬১	২৫,৪৪৮	২০,৯২০	৩,৬০০	১০,২৭৪	৭৪,৯০৩
		১৯৬২-৬৩	১৬,৩৫৫	৩৬,৭৮১	২,৩১৬	২,৭০০	১০,৯৮৭	৬৯,১৩৯
		১৯৬৩-৬৪	১৯,১৫০	৪০,৫৬৫	১,১৯৮	৭,৮১০	১০,৯২৯	৭৯,৬৫২

ক্রমিক সংখ্যা	কর্ম সংস্থান কেন্দ্রের নাম।	বৎসর।	অফিসারদের বেতন।	অন্যান্য কর্মচারীদের বেতন।	ঘর ভাড়া ভাতা ও অন্যান্য ভাতা।	অফিসগৃহের ভাড়া ও অন্যান্য কর।	উপলিখিত ব্যয়।	মোট।
৬।	দার্জিলিং	১৯৬১-৬২ ..	১,৫২২	১১,৩০৪	৯,১২৬	–	৫,৮০৯	২৯,৭৬১
		১৯৬২-৬৩ ..	৪,৪১৫	১৮,৩৩৬	৫,১৯৪	–	৪,৭৮১	৩২,৭২৬
		১৯৬৩-৬৪ ..	৫,২৫৭	১৫,৩৪৪	৩,২০৫	–	৪,৮৪৪	২৮,৬৫০
৭।	উত্তর কলিকাতা	১৯৬১-৬২ ..	৩,৬৪১	৩৪,৮২৩	২৫,৫৮০	৩,৮৪০	৬,৪২৩	৭৪,৩০৭
		১৯৬২-৬৩ ..	৭,৬১৪	৫৩,৪২৪	৭,৮৭৬	৩,৮৪০	৭,৩৫৭	৮০,১১১
		১৯৬৩-৬৪ ..	৯,৭২১	৫৪,৪৪৮	৭,৩৩৫	৩,৮৪০	৯,৭৯৬	৮৫,১৪০
৮।	দুর্গাপুর	১৯৬১-৬২ ..	৪,০৩০	১১,৮৭৫	৯,৫৫৯	–	৫,৭৪০	৩২,৯৩৮
		১৯৬২-৬৩ ..	৬,৮৯৩	২২,৭৭১	৩,৬৫০	১০,০৩৩	৪,৬৯৫	৪৮,০৪২
		১৯৬৩-৬৪ ..	৩,৭০৬	২২,৭৮৬	১,৬৪৭	৪২৪	৬,৩৩২	৩৪,৮৯৫
৯।	শ্রীরামপুর	১৯৬১-৬২ ..	৭,০৬০	৯,৫১৯	৭,৬৩৮	১,৪৪০	৬,৬৩৮	৩২,২৯৫
		১৯৬২-৬৩ ..	৬,৭৭৮	১৫,৬৫০	১,৮৯৮	১,৪৪০	৫,৮৭৫	৩১,৬৪১
		১৯৬৩-৬৪ ..	৬,৯৬৭	১৬,৮৪৩	১,৩৭৭	১,৪৪০	৫,২৮৮	৩১,৯১৫
১০	খড়্গপুর	১৯৬১-৬২ ..	৬,৪৩২	৯,৯৬৮	১০,৫২৪	১,২০০	৫,৯৬১	৩৪,০৮৫
		১৯৬২-৬৩ ..	৩,৯২৬	১৯,৭৮৫	২,৫৪৭	১,২০০	৭,৯৭৩	৩৫,৪৩১
		১৯৬৩-৬৪ ..	৩,৫২৫	২০,৩০৯	২,৪৩২	১,১১৫	৫,৬৪৯	৩৩,০৩০

১১। বর্ধমান	১৯৬১-৬২	৩,৭৯০	৮,৯০৯	৫,৯২৬	১,২০০	৫,০৭৫	২৪,৯০০
	১৯৬২-৬৩	৫,৮৫৪	১৬,৬৭০	১,৯২৮	১,২০০	৫,৭৬০	৩১,৪১২
	১৯৬৩-৬৪	৭,৩৯৯	১৭,১৯৮	১,৩৫৪	১,২০০	৭,৮৪৩	৩৪,৯৮৬
১২। দক্ষিণ কলিকাতা	১৯৬১-৬২	৬,০২৬	৯,৬৫৯	৮,৮৪৯	৯,১৮০	২,৮২০	৩৬,৫৩৪
	১৯৬২-৬৩	৪,৮৭৫	১১,১৪৪	২,৬৩৪	৯,১৮০	৩,০৯২	৩০,৯২৫
	১৯৬৩-৬৪	৫,৭৪৭	১০,৮৩৭	১,৮০০	৯,১৮০	৩,৫৬৩	৩১,১২৭
১৩। শিলিগুড়ি	১৯৬১-৬২	৪,১২০	৯,৮১০	১০,০২৩	২,৭৬০	৫,৭৩৪	৩২,৪৪৭
	১৯৬২-৬৩	৪,৬৪২	১৫,৫৮৩	২,৩৫০	২,৭৬০	৩,৮৮৬	২৯,২২১
	১৯৬৩-৬৪	৪,০৫৯	১৪,৬০০	১,৪০৩	২,৪০০	৪,৪৯০	২৬,৯৫২
১৪। পুরুলিয়া	১৯৬১-৬২	২,৮৫৩	৫,২৮৮	৮,৪৮২	১,৬৫০	৩,২৭৬	২১,৫৪৯
	১৯৬২-৬৩	৪,৩৪৭	৯,১৩১	১,০২৪	১,৩২০	৩,৪৭৪	১৯,২৯৬
	১৯৬৩-৬৪	৪.৩৬৫	১১,৬২৪	১,৩৪৯	১,৩২০	৩,৫০৯	২১,৮৬৭
১৫। কল্যাণী	১৯৬১-৬২	৪,৭২০	৮,৭৪৫	৬,০৫২	১,৩০৮	৪,৯৬৭	২৫,৭৯২
	১৯৬২-৬৩	৭,৫০৭	১৩,৭৮২	৫৮৮	–	৩,৯০৬	২৫,৭৮৩
	১৯৬৩-৬৪	৭.১১০	১৬.৯৩৬	৭৯৮	–	৫,৮২৮	২৮,৬৭১
১৬। মালদহ	১৯৬১-৬২	৩,৬৪০	৬,৯০৩	৫,৮৭০	১.৪৩০	৩,৮৯৪	২১,৭৩৭
	১৯৬২-৬৩	৪,৪৮৭	১১,০৯৪	৫৮৭	১,৩২০	৩,৫৬৭	২১,০৫৫
	১৯৬৩-৬৪	৩,৫৯৪	১৩,৭৪২	৫১২	১,৩২০	৪,৬১৯	২৩,৭৮৭

ক্রমিক সংখ্যা	কর্ম সংস্থান কেন্দ্রের নাম।	বৎসর।	অফিসারদের বেতন।	অন্যান্য কর্মচারীদের বেতন।	ঘর ভাড়া, ভাতা ও অন্যান্য ভাতা।	অফিসগৃহের ভাড়া ও অন্যান্য কর।	উপনিমিত্ত ব্যয়।	মোট।
১৭।	বহরমপুর	১৯৬১-৬২	৩,১০০	৪,২১২	৩,৩৬৬	১,৬২৫	৬,৩০৫	১৮,৬৩৮
		১৯৬২-৬৩	৩,৮২০	৬,৯১২	১,২৮১	১,৫০০	৪,১০৭	১৭,৬৫০
		১৯৬৩-৬৪	৩,৯৩৬	৯,৪৯৬	১,২০০	১,৫০০	৩,৬৮৪	১৯,৮১৯
১৮।	কুচবিহার	১৯৬১-৬২	১,৮৩৭	৪,৭৪৪	৩,৮৫৮	১,৫০০	৩,২৯২	১৫,২৩১
		১৯৬২-৬৩	৩,১২১	৭,০৯৬	১,৫৩৭	১,৫০০	২,৯১৩	১৬,১৬৭
		১৯৬৩-৬৪	৩,৪৯২	৯,২০৭	১,২০৪	১,৫০০	৩,৬৪৯	১৯,০৮২
১৯।	সিউড়ী	১৯৬১-৬২	—	—	—	—	—	—
		১৯৬২-৬৩	২,৮৭৯	৪,৬০৫	৬৪৯	৯১০	৪,৮৭৬	১০,৯৭০
		১৯৬৩-৬৪	৩,৪২৮	১০,২৪১	১,৩৩০	১,৩৮৬	৩,৮০৬	২০,১৯১
২০।	বাঁকুড়া	১৯৬১-৬২	—	—	—	—	—	—
		১৯৬২-৬৩	—	২,৬৫০	১৫৬	—	৮৫৩	৩,৬৫৯
		১৯৬৩-৬৪	১,০২০	১,৫০৭	১২১	১,০১০	১,২৮২	৪,৯৪৩
২১।	রাণীগঞ্জ	১৯৬১-৬২	৩,৫৫৬	২,৯৫০	৩,৩৮৩	১,১১৫	৩,৬০৯	১৪,৬১৩
		১৯৬২-৬৩	৪,০১১	৪,৯৪৬	৯৫৬	১,৫০০	৩,৮০২	১৫,২১৫
		১৯৬৩-৬৪	৩,৭৬৭	৯,৫৭৪	৭৫৫	১,২৭৫	৩,৪৮১	১৮,৮৫২

২২। সীতারামপুর	১৯৬১-৬২ ..	-	-	-	-	-	-
	১৯৬২-৬৩ ..	২,১৭৬	৪,১১৪	৪১৮	১,৩৫০	৪,২৭৭	১২,৩৫৫
	১৯৬৩-৬৪ ..	৩,৫২৫	৭,৭৪১	২১৪	১,৮০০	২,১৫৫	১৫,৪৫৫
২৩। ফারাক্কা	১৯৬১-৬২ ..	-	-	-	-	-	-
	১৯৬২-৬৩ ..	৬৬৭	৪,০৮৭	-	-	১,৩০০	৬,০৫৪
	১৯৬৩-৬৪ ..	৫৩০	২,৩৭০	৮০৭	-	১৯৪	৩,৯০১
২৪। ব্যাণ্ডেল	১৯৬১-৬২ ..	-	-	-	-	-	-
	১৯৬২-৬৩ ..	৩,৯৭০	৬,৯২৮	৭২৭	-	৩,৯১৫	১৫,৫৪০
	১৯৬৩-৬৪ ..	৩,৮৭৩	১,১৮৬	৬২২	১,২০০	৩,৬৬১	১৮,৫৪২
২৫। কর্মসহায়ক কেন্দ্র, কলিকাতা বিশ্ববিদ্যালয়	১৯৬১-৬২ ..	-	২,৫৯৮	১,৯৭০	-	-	৪,৫৬৯
	১৯৬২-৬৩ ..	১,৫০৮	৩.৮১১	২,৭৪০	-	-	৮,০৫৯
	১৯৬৩-৬৪ ..	১,৫১০	৩,৯৮৪	২,৯৯৩	-	১৫০	৮,১৩৭
২৬। বিশেষ কর্মসংস্থান কেন্দ্র, জাতীয় কর্ম নিয়োগ কৃত্যক	১৯৬১-৬২ ..	৮,৪০০	১৬,১৬৪	৩,৬৪০	-	-	২৮,২০৪
	১৯৬২-৬৩ ..	৯,৭২৬	১৬,৪১৪	৩,৮৭৮	*	*	৩০,০৯৮
	১৯৬৩-৬৪ ..	১১,৮৬৩	১৬,৮৫৪	৪,৩৪০	-	-	৩৩,০৫৭

* বিশেষ কর্মসংস্থান কেন্দ্র জাতীয় কর্মসংস্থানকৃত্যক অবস্থিত বলিয়া পৃথকভাবে অফিস ভাড়া বা কনটিনজেন্সী কোন খরচ দেখান সম্ভবপর নয়।

বিঃ দ্রঃ—সংখ্যাগুলি টাকার অংকে দেওয়া হইয়াছে।

Roads sanctioned in Midnapore District

179. (Admitted question No. 414.)

শ্রীঅনঙ্গমোহন দাস : পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় মেদিনীপুর জেলায় কয়টি রাস্তা মঞ্জুর হইয়াছে এবং কতগুলির কাজ আরম্ভ হইয়াছে?

The Minister for Public Works (Roads):

মোট ৩১টি নূতন রাস্তা মঞ্জুর হইয়াছে এবং তন্মধ্যে ২২টি রাস্তার কাজ শুরু হইয়াছে।

Murdered cases in Calcutta

180. (Admitted question No. 425.)

শ্রীঅনঙ্গমোহন দাস: স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৪ সালে কলিকাতায় কয়টি হত্যাকাণ্ডের বিষয় সরকার অবগত আছেন ;

(খ) ঐগুলির মধ্যে কয়টি দিনভাগে ঘটিয়াছে ; এবং

(গ) কয়টি ঘটনায় তদন্ত হইয়াছে এবং ঐ ব্যাপারে যুক্ত দুষ্কৃতিকারিগণ ধরা পড়িয়াছে কি না?

The Minister for Home (Police):

(ক) ৬৮টি।

(খ) ১১টি।

(গ) সব কয়টি ক্ষেত্রে তদন্ত হইয়াছে এবং ৩২টি ক্ষেত্রে যাহাদিগকে সন্দেহ করা হইয়াছে তাহাদিগকে ধরা হইয়াছে।

Registered Unemployed

181. (Admitted question No. 467.)

শ্রীগৌরচন্দ্র কুণ্ডু: শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে সরকারী হিসাব অনুযায়ী বর্তমানে বেকারের সংখ্যা কত ;

(খ) ১৯৬৪ সালে পশ্চিমবঙ্গের বিভিন্ন এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জগুলিতে কত বেকার নাম রেজেষ্ট্রী করাইয়াছেন ; এবং

(গ) ১৯৬৪ সালে বিভিন্ন এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ মারফত কত লোককে চাকরী দেওয়া সম্ভব হইয়াছে?

The Minister for Labour:

(ক) পশ্চিমবঙ্গে মোট বেকারের সংখ্যার পরিসংখ্যান বর্তমানে নাই। তবে পশ্চিমবঙ্গের কর্মসংস্থান কেন্দ্রগুলিতে তালিকাভুক্ত বেকারের সংখ্যা ৩১এ ডিসেম্বর, ১৯৬৪ সালে ছিল :—

পুরুষ—৪,৭৭,৪২৬

নারী—২৬,৪৬১

মোট—৫,০৩,৮৮৭

(খ) তালিকা নং ১এ উত্তর পেশ করা হইল।

(গ) তালিকা নং ২এ উত্তর পেশ করা হইল।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 181

তালিকা নং ১

কর্মসংস্থান কেন্দ্র	পুরুষ	নারী	মোট সংখ্যা
কলিকাতা	৩০,৬১৭	৭,৪৮৩	৩৮,১০০
খিদিরপুর	৩৬.৪৪৬	..	৩৬,৪৪৬
হাওড়া	৩১,৯৭৩	১,৫২০	৩৩,৪৯৩
বারাকপুর	৩২,৬৮৯	১,৭৭৫	৩৪.৪৬৪
আসানসোল	১৮,৯২৫	২৯১	১৯,২১৬
দার্জিলিং	৩.৭১৩	৪১৫	৪.১২৮
উত্তর কলিকাতা	৩৫,০৪২	..	৩৫,০৪২
দগাপুর	১৬,৩৩৩	২৭২	১৬,৬০৫
শ্রীরামপুর	১৩,৬৬৮	৩৫৪	১৪,০২২
খড়গপুর	১৩,৫৯৭	২৫৮	১৩,৮৫৫
বর্ধমান	৯.৪৮২	১,১৫৮	১০,৬৪০
দক্ষিণ কলিকাতা	৭,৪৮৮	..	৭,৪৮৮
শিলিগুড়ি	৯,৬৫৪	৩৬০	১০,০১৪
পুরুলিয়া	৬,৬৫৯	৫৭২	৭,২৩১
কল্যাণী	১১,৩৭৭	১,৯৫৪	১৩,৩৩১
মালদহ	৬.৪৮০	৪১৮	৬,৮৯৮
বহরমপুর	৭,০৩৮	৪৯২	৭,৫৩০
কোচবিহার	৮,২২১	৪২৫	৮,৬৪৬
সিউড়ি	৬,৬৫৬	১,০০৯	৭,৬৬৫
বাঁকুড়া	৯,৯৬৯	১.৫৮৪	১১.৫৫৩
জলপাইগুড়ি	১,৩২৬	১০৯	১,৪৩৫
রাণীগঞ্জ	১৫,১২৬	২৬	১৫,১৫২
সীতারামপুর	৭,১০২	১১	৭,১১৩
কবাক্সা	১২,৩৯১	১৬৮	১২,৫৫৯
ত্রিবেণী	৭,৯০৫	১৩৪	৮,০৩৯
কর্মসহায়ক কেন্দ্র, কলিকাতা বিশ্ববিদ্যালয়	২৬৬	৭২	৩৩৮
বিশেষ কর্মসংস্থান কেন্দ্র, জাতীয় কর্ম বিনিয়োগ কৃত্যক ..	৩৪১	৫৯	৪০০
মোট সংখ্যা ..	৩৬২,৪৮৪	২০,৯১৯	৩৮৩,৪০৩

Statement referred to in reply to clause (Ga) of unstarred question No. 181.

২ নং তালিকা

কর্মসংস্থান কেন্দ্র	পুরুষ	স্ত্রী	মোট সংখ্যা
কলিকাতা	২,৩২৮	৪৯৭	২,৮২৫
খিদিরপুর	৬,১৬২	..	৬,১৬২
হাওড়া	৩,৮৮২	৪১	৩,৯২৩
ব্যারাকপুর	৩,১৯২	১২	৩,২০৪
আসানসোল	২,৭২১	৫৩	২,৭৭৪
দার্জিলিং	৩২৩	২৪	৩৪৭
উত্তর কলিকাতা	৩,৭৯১	..	৩,৭৯১
দুর্গাপুর	৭০০	১৩	৭১৩
শ্রীরামপুর	২,০৬১	৪	২,০৬৫
খড়্গপুর	৮৫৫	৮	৮৬৩
বর্ধমান	১,৪৫৭	১৮৬	১,৬৪৩
দক্ষিণ কলিকাতা	৩৩৯	..	৩৩৯
শিলিগুড়ি	৮৮৬	২০	৯০৬
পুরুলিয়া	২,৯১৪	৫৩৫	৩,৪৪৯
কল্যাণী	৩৯৮	৬	৪০৪
মালদহ	১৯৯	৯	২০৮
বহরমপুর	৮৪৯	৭	৮৫৬
কোচবিহার	৪৬২	৬৭	৫২৯
সিউড়ি	৯৭৪	৬৮৯	১,৬৬৩
বাকুড়া	৫,৩৩৩	১,৫৪৩	৬,৮৭৬
জলপাইগুড়ি	২	..	২
রাণীগঞ্জ	৪,৪২৫	৩	৪,৪২৮
শীতারামপুর	৯৬২	২	৯৬৪
ফরাক্কা	৯৩১	২৮	৯৫৯
ত্রিবেণী	৪৫৭	১৫	৪৭২
কর্মসহায়ক কেন্দ্র, কলিকাতা বিশ্ববিদ্যালয়	৩১	৩	৩৪
বিশেষ কর্মসংস্থান কেন্দ্র, জাতীয় কর্মবিনিয়োগ কৃত্যক	২৫২	২৭	২৭৯
মোট সংখ্যা	৪৬,৮৮৬	৩,৭৯২	৫০,৬৭৮

Blocks in West Bengal

182. (Admitted question No. 505.)

শ্রীদেবশরণ ঘোষ: কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) পশ্চিমবঙ্গে কয়টি ব্লক আছে; এবং

(২) কত জন ব্লক অফিসার আছেন?

The Minister of State for Agriculture and Community Development:

(১) ৩৩৫টি।

(২) ৩১৪ জন।

Electrification of Beldanga thana Hospital, Murshidabad

183. (Admitted question No. 506.) **Shri Deb Saran Ghosh:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) whether there is any plan for electrification in the Beldanga thana Hospital; and

(b) if so, when the said plan is likely to be implemented?

The Minister for Health: (a) Yes.

(b) No target date has been fixed.

Rejinagar-Sarbangapur and Rejinagar-Narikelbari Ferryghat Road, Beldanga police-station

184. (Admitted question No. 514.)

শ্রীদেবশরণ ঘোষ: পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বেলডাঙ্গা থানার রেজিনগর হইতে (জাতীয় সড়ক ৩৪ নং হইতে) সরবাঙ্গপুর পর্যন্ত এবং রেজিনগর হইতে নারিকেলবাড়ী ফেরীঘাট পর্যন্ত রাস্তা পাকা করার কোন পরিকল্পনা আছে কি; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তবে কবে উক্ত রাস্তার কার্য সুরু হইবে?

The Minister for Public Works:

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

Deep tube-wells in Murshidabad District

185. (Admitted question No. 529.)

শ্রীদেবশরণ ঘোষ: কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় কতগুলি ডিপ্ টিউবওয়েল সেচের জন্য মঞ্জুর করা হইয়াছে;

(খ) উক্ত টিউবওয়েলগুলির মধ্যে কয়টি বসানো হইয়াছে ;

(গ) যদি সবগুলি এখনও বসান না হইয়া থাকে তাহার কারণ কি; এবং

(ঘ) বর্তমানে কয়টির মাধ্যমে সেচের কাজ সুরু হইয়াছে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) এ পর্যন্ত মুর্শিদাবাদ জেলায় ৩৩টি গভীর নলকূপ বসান হইয়াছে। ইহা ছাড়া আরও ২০০টি নলকূপ ঐ জেলার জন্য মঞ্জুর করা হইয়াছে।

(খ) ৩৩টি।

(গ) নলকূপগুলি বসানোর কাজ শীঘ্রই আরম্ভ হইবে।

(ঘ) উপরি-উক্ত ৩৩টি গভীর নলকূপের মধ্যে যে ৬টিতে বিদ্যুৎ সংযোজিত হইয়াছে সেগুলি হইতে জল সরবরাহ করা হইতেছে। অবশিষ্ট ২৭টিতে বিদ্যুৎ সংযোজিত হইলেই সেগুলি হইতে জল সরবরাহ করা যাইবে।

Minimum Wages for Agricultural Labourers

186. (Admitted question No. 535.)

শ্রীগৌরচন্দ্র কুণ্ডু: শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ক্ষেতমজুরদের (এগ্রিকালচারাল লেবারারস) জন্য কোন নিম্নতম মজুরী ধার্য করা হইয়াছে কি ; এবং

(খ) হইয়া থাকিলে (১) তাহা কত এবং (২) উক্ত মজুরী সর্বত্র চালু করার জন্য পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ হইতে কি কি ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে?

The Minister for Labour:

(ক) হ্যাঁ।

দৈনিক হার

(খ) (১) দার্জিলিং ও জলপাইগুড়ি জেলা—পুরুষ টা ১·৫০ হইতে টা ২·২৫।

স্ত্রী টা ১·৩৭ হইতে টা ২·০০।

অপ্রাপ্তবয়স্ক ৮৭ প হইতে টা ১·২৫।

আহার ও বাসস্থান সহ মাসিক হার

প্রাপ্তবয়স্ক পুরুষ– ২৫ টাকা।

দৈনিক হার

অন্যান্য জেলা—

পুরুষ টা ১·৫০ হইতে টা ২·১২।

স্ত্রী টা ১·৩৭ হইতে টা ২·০০।

অপ্রাপ্তবয়স্ক ৮৭ প হইতে টা ১·১২।

আহার ও বাসস্থান সহ মাসিক হার

প্রাপ্তবয়স্ক পুরুষ ও স্ত্রী ১৮ টাকা হইতে ২৬ টাকা।

অপ্রাপ্তবয়স্ক ৯ টাকা হইতে ১৬ টাকা।

(২) সমগ্র পশ্চিমবঙ্গে শ্রম অধিকারের অফিসারগণ ও দার্জিলিং ও জলপাইগুড়ি জেলায় কৃষি অধিকারের অফিসারগণ নিম্নতম মজুরী আইন যথাযথভাবে অনুসৃত হইতেছে কি না তাহা পরিদর্শনের জন্য পরিদর্শক নিযুক্ত হইয়াছেন। ইহা ছাড়াও ৫ জন নিম্নতম মজুরী পরিদর্শক নিযুক্ত করা হইয়াছে। ১১ জন পরিদর্শকের পদ মঞ্জুর করা হইয়াছে।

Tahasildars in West Bengal

187. (Admitted question No. 536.)

শ্রীগৌরচন্দ্র কুণ্ডু: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে তহশীলদারের সংখ্যা কত;

(খ) উক্ত তহশীলদারদের মাসিক মাহিনা কত; এবং

(গ) এঁদের মাহিনা বাড়াইবার কোন প্রস্তাব সরকার বিবেচনা করিতেছেন কি?

The Minister for Land and Land Revenue:

(ক) ৬,৩৫৯ জন।

(খ) ২৭ টাকা মাসিক।

(গ) না।

G. R. in West Bengal

188. (Admitted question No. 541.)

শ্রীগৌরচন্দ্র কুণ্ডু: ত্রাণবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪ সালে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় জি, আর বাবদ কত (১) টাকা, (২) গম, (৩) কাপড় এবং (৪) কম্বল পাঠান হইয়াছে;

(খ) জি, আর দিবার মানদণ্ড ঠিক করিয়া পশ্চিমবঙ্গ সরকার বিভিন্ন জেলা ও মহকুমা দপ্তরে কোন সারকুলার পাঠাইয়াছেন কি; এবং

(গ) পাঠাইয়া থাকিলে, তাহাতে কি বলা হইয়াছে?

The Minister for Relief:

(ক) একটি তালিকা এতৎসহ উপস্থাপিত হইল।

(খ) হ্যাঁ।

(গ) রিলিফ ম্যানুয়েলের ৬, ১২৫ ও ১২৬নং নিয়মপালন সাপেক্ষে, যেসমস্ত পরিবারের বার্ষিক থোক আয় (গ্রস ইনকাম) ৩০০ টাকার অধিক, সেই সমস্ত পরিবারের ব্যক্তিগণ সাধারণত খয়রাতি সাহায্য পাইবার যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 188

১৯৬৪ সালে বিভিন্ন জেলায় খয়রাতি সাহায্য বিতরণ বাবদ প্রেরিত অর্থ, খাদ্যশস্য, কাপড় ও কম্বলের তালিকা।

জেলার নাম		নগদ অর্থ	খাদ্যশস্য (গম ও গমজাত দ্রব্য)	কাপড়			কম্বল (খানা)
				ধুতী (খানা)	সাড়ী (খানা)	পোষাক (খানা)	
		টাকা	কুইণ্ট্যাল				
বাঁকুড়া	..	৩,৯৯,৬৫৮	২৯,০৬০	৩০০	১৫০	৫০০	১,২০০
বর্ধমান	..	৫,২৮,৪০০	৩৬,০৬০	৪০০	২৫০	৫৫০	৫৫০
বীরভূম	..	৫,৫০,৪০০	৭,৫০০	২৪৫	১৬০	৪৫০	৯০০
কুচবিহার	..	২,৪৯,২৫০	১৫,০৮২	১,২৫০	২,১০০	৩,২০০	৭০০
দার্জিলিং	..	১৪,৭০০	৫০৮	২০০	১৫০	৩০০	২০০
পশ্চিম দিনাজপুর	..	১,৩৩,১৯৬	১১,৬০০	৯০০	৯০০	১,১৭৫	১,০০০
হাওড়া	..	৬১,১২০	১৯,৭১০	৩৭০	৩৭০	৫৫০	৮০০
হুগলি	..	৪,৯৪,৯০০	২২,৭০০	৩০০	২০০	৭০০	১,৮০০
জলপাইগুড়ি	..	৫,৭০,৪০০	৪,৫০০	৮০০	৭০০	১,২০০	৬০০
মেদিনীপুর	..	১১,৭৪,৬৭৬	৭৪,৭৭৭	৬০০	৬০০	৮০০	১,৫০০
মালদহ	..	৫,০৫,৪০০	৩৬,২৪০	১,৫০০	১,৪৫০	৪,০৫০	১,৫০০
মুর্শিদাবাদ	..	৭,২০,৩০০	৪৩,৫০০	৪০০	২০০	২,৪০০	২,৫৫০
নদীয়া	..	৫,৮৩,০০০	২৪,৩৩০	৩,৪৫০	৩,৫৫০	১৩,৮৫০	৭,১৩০
পুরুলিয়া	..	৭,৩৫,৬৭১	৪২,০০০	৫০০	৩০০	৭০০	৬০০
২৪-পরগণা	..	১৭,৪২,০০০	১,২২,৮১০	৬,৮৫০	৬,২৫০	৬,৬০২	১৩,৮৫০

Hospitals in the districts of Murshidabad and Malda

189. (Admitted questions No. 558.)

শ্রী[illegible] রায়ঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ এবং মালদহ জেলার কোন্ কোন্ হাসপাতালে কয়জন করিয়া রোগী গত দুই বৎসরে ভর্তি হইয়াছিলেন ;

(খ) উক্ত সময়ে কোন্ হাসপাতালে কয়জন রোগী মারা গিয়াছেন ; এবং

(গ) ১৯৬৫ সালের ২৬এ জানুয়ারি, কোন্ হাসপাতালে কয়জন (১) রোগী, (২) ডাক্তার এবং (৩) নার্স ছিলেন?

The Minister for Health:

(ক) ও (খ) একটি তালিকা (১নং) টেবিলে সন্নিবেশিত করা হইল।

(গ) একটি তালিকা (২ নং) টেবিলে সন্নিবেশিত করা হইল।

Statement referred to in reply to clauses (Ka) and (Kha) of unstarred question No. 189.

১নং তালিকা

জেলা	হাসপাতাল	১৯৬৩ রোগী ভর্ত্তির সংখ্যা	১৯৬৩ রোগী মৃত্যুর সংখ্যা	১৯৬৪ রোগী ভর্ত্তির সংখ্যা	১৯৬৪ রোগী মৃত্যুর সংখ্যা
মুর্শিদাবাদ ..	(১) রাও জে, এন, রায় হাসপাতাল, বহরমপুর।	১৪,৩৭২	৭৮৭	১৪,৫৩০	৯২৩
	(২) লালবাগ মহকুমা হাসপাতাল	৯৫৩	২৩	৯৭৮	৩২
	(৩) জঙ্গীপুর মহকুমা হাসপাতাল	৯৭৬	২৪	১,০৪৪	২৬
	(৪) কান্দি মহকুমা হাসপাতাল	২,১৩২	১০০	২,১৩৯	১০০
মালদহ ..	মালদহ জেলা হাসপাতাল	৫,২৯৩	৩২৮	৫,৪০১	৩০৮

Statement referred to reply to clause (Ga) of unstarred question No. 189.

২নং তালিকা

জেলা	হাসপাতাল	রোগীর সংখ্যা	ডাক্তারের সংখ্যা	নার্সের সংখ্যা
মুর্শিদাবাদ ..	(১) রাও জে, এন, রায় হাসপাতাল, বহরমপুর	৪০৪	২৩	৬৯
	(২) লালবাগ মহকুমা হাসপাতাল ..	১৫	১	৯
	(৩) জঙ্গীপুর মহকুমা হাসপাতাল ..	১৫	২	৬
	(৪) কান্দি মহকুমা হাসপাতাল ..	৪০	২	৯
মালদহ ..	মালদহ জেলা হাসপাতাল ..	১৪৯	১৩	৪৯

Ramkrishna Vivekananda Power-loom Co-operative Society, Ltd., Murshidabad.

190. (Admitted question No. 574.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় : কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার রামকৃষ্ণ বিবেকানন্দ পাওয়ারলুম কো-অপারেটিভ সোসাইটি লিঃ ১৯৬৩ সালের অগাষ্ট মাস হইতে বর্তমান সময় পর্যন্ত কোন্ মাসে কত গজ কি প্রকারের কাপড় তৈয়ারী করিয়াছেন ;

(খ) উহার মোট (১) উৎপাদন মূল্য এবং (২) বিক্রয় মূল্য কত ;

(গ) ১৯৬৩-৬৪ সালে উক্ত প্রতিষ্ঠান কত লাভ বা লোকসান করিয়াছে; এবং

(ঘ) উক্ত সোসাইটির বর্তমান কার্য নির্বাহক সদস্যদের নাম ও পরিচয় কি?

The Minister for Cottage and Small-Scale Industries:

(ক) সংশ্লিষ্ট ক্রোড়পত্রে দেওয়া হইল।

(খ) (১) উৎপাদন মূল্য—১৯৬৪ সালের ডিসেম্বর পর্যন্ত, টাকা ৭,০০,৬৫৮·৬১ পয়সা।

(২) বিক্রয় মূল্য—১৯৬৪ সালের ডিসেম্বর পর্যন্ত, টাকা ৬,৯৯,৮২৫·৯১ পয়সা।

(গ) কো-অপারেটিভ বৎসরের ১৯৬৩-৬৪ সালে আনুমানিক লোকসান—টাকা ৮,৬৬৭·৬৩ পয়সা (হিসাব পরীক্ষাসাপেক্ষ) এবং ১৯৬৪ সালের জুলাই হইতে ডিসেম্বর পর্যন্ত আনুমানিক লাভ—টাকা ৮,০৩৫·০১ পয়সা (হিসাব পরীক্ষাসাপেক্ষ)।

(ঘ)

নাম ও পরিচয়

(১) শ্রীদুর্গাপদ সিংহ—চেয়ারম্যান, সিমপ্যাথাইজার মেম্বার।

(২) শ্রীকালীনারায়ণ সিংহ—ডিরেক্টর, সিমপ্যাথাইজার মেম্বার।

(৩) শ্রীবৈদ্যনাথ দাস—ডিরেক্টর, সিমপ্যাথাইজার মেম্বার।

(৪) জনাব আব্দুল হামিদ খাঁ—সম্পাদক, কর্মী।

(৫) শ্রীবীরেন্দ্রকুমার সাহা—ভাইস-চেয়ারম্যান, কর্মী।

(৬) শ্রীপ্রভাতরঞ্জন সাহা—কোষাধ্যক্ষ, কর্মী।

(৭) মঃ মোসলেম মিঞা—ডিরেক্টর, তাঁতশিল্পী।

(৮) শ্রীকরুণাকান্ত পাল—ডিরেক্টর, তাঁতশিল্পী।

(৯) শ্রীবরসাতি মাঝা—ডিরেক্টর, তাঁতশিল্পী।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 190.

		ধুতি	শাড়ী	মার্কিন	মোট	ড্যামেজ	মন্তব্য
		গজ	গজ	গজ	গজ	গজ	চালু হয় নাই
অ'ষ্ট।১৯৬৩	..	..	..	..	..	..	
সেপ্টেম্বর।১৯৬৩	..	৩৭,৮৩৮	..	..	৩৭,৮৩৮	২,০৯০	
অক্টোবর।১৯৬৩	..	২৫,৭৬১	৯,৬২৫	..	৩৫,৩৮৬	১,৭৭০	
নভেম্বর।১৯৬৩	..	১৬,২১১॥	১৩,০৮০	১৫,০২৯॥	৪৪,৩২১	১,৫৮০	
ডিসেম্বর।১৯৬৩	..	৩৩,৮৬০	..	১৬,২৭৪॥	৫০,১৩৪॥	১,৩০৫	
জানুয়ারী।১৯৬৪	..	৬২,০৬৫	..	..	৬২,০৬৫	১,৬১৫	
ফেব্রুয়ারী।১৯৬৪	..	৩৫,৩৪০॥	১০,৭২০	..	৪৬,০৬০॥	২,১৫৫	
মার্চ্চ।১৯৬৪	..	৬৩,০৪০	৯,৬৬০	..	৫২,৭০০	২,১২০	
এপ্রিল।১৯৬৪	..	৪০,২৬৯॥	১২,৬৭৫	..	৫২,৯৪৪॥	১,৪৯৫	
মে।১৯৬৪	..	৬৬,৫৪২	৩,৮০৫	..	৭০,৩৪৭	১,১১৫	
জুন।১৯৬৪	..	৫৭,৯৮৫॥	১৯,৫১০	..	৭৭,৪৯৫॥	৯১৫	
জুলাই।১৯৬৪	..	৩৭,৮৯০॥	৩১,১৬০	৪,৬৮০	৭৩,৭৩০॥	৯৭২	
আগষ্ট।১৯৬৪	..	১১,৫২০॥	২৬,৮৫০	১৯.২৫৬	৫৭,৬২৬	১,০৩০	
সেপ্টেম্বর।১৯৬৪	..	৩২,১১০	২৪,২০৫	..	৫৬,৩১৫	৯৫৮	
অক্টোবর।১৯৬৪	..	১৭,০৯৫	৩০,৬৩৯॥	..	৪৭,৭৩৪॥	৮২৯	
নভেম্বর।১৯৬৪	..	২৪,৩৫৫	৩৮,২২৫	..	৬২,৫৮০	১,১৩৫	
ডিসেম্বর।১৯৬৪	..	১৭,০৯৫	২৮,৩৮৫	৮,২৮০	৫৩,৭৬০	৯৬৫	
জানুয়ারী।১৯৬৫	..	৭,৩৪৫	৫১,৪৫০	১,৭২০	৬০,৫১৫	১,০৮০	
মোট	.	৫৬৬,৩২৩॥	৩০৯,৯৮৯॥	৬৫,২৪০	৯৪১,৫৫৩	২৩,২০৯	

কাপড় তৈয়ারীর মোট হিসাব—

মোট ৯৪১,৫৫৩ গজ ; শাড়ী ৩০৯,৯৮৯½ গজ।

ধুতি ৫৬৬,৩২৩½ গজ ; মার্কিন ৬৫,২৪০ গজ।

Payment of Provident Fund and Minimum Wages to Municipal employees

191. (Admitted question No. 585.)

শ্রীসনৎকুমার রাহা: স্থানীয় স্বায়ত্তশাসন ও পঞ্চায়েৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পৌরসভার শ্রমিক ও কর্মচারীদেরকে প্রভিডেণ্ট ফাণ্ড দিবার ব্যবস্থা আছে কিনা?

(খ) এই প্রভিডেণ্ট ফাণ্ড কি হারে কাটা হয় ;

(গ) এই প্রতিষ্ঠানের কর্মচারী ও শ্রমিকদের নিম্নতম বেতন ও মজুরী কত; এবং

(ঘ) নিম্নতম মজুরীর উপর প্রভিডেণ্ট ফাণ্ড কাটা হয় কিনা?

The Minister for Local Self-Government and Panchayats:

(ক) হ্যাঁ।

(খ) মোট বেতনের শতকরা ৬¼ হারে।

(গ) সংশ্লিষ্ট বিবরণী দ্রষ্টব্য।

(ঘ) প্রভিডেণ্ট ফাণ্ড কাটার বিষয়ে নিম্নতম মজুরীর প্রশ্ন উঠে না। সকল ক্ষেত্রেই প্রাপ্য মোট বেতন হইতে নির্দিষ্ট হারে প্রভিডেণ্ট ফাণ্ডের টাকা কাটা হইয়া থাকে।

Statement referred to in reply to clause (Ga) of unstarred question No. 191.

পৌর প্রতিষ্ঠানের কর্মচারী ও শ্রমিকদের শ্রেণীবিন্যাস অনুসারে নিম্নতম বেতন ও মজুরীর বিবরণ।

কর্মচারী ও শ্রমিকদের শ্রেণী বিন্যাস।	অঞ্চল 'ক' (উত্তরের পার্বত্য অঞ্চল)				অঞ্চল 'খ' (শিল্পাঞ্চল)।				অঞ্চল 'গ' (অ-শিল্পাঞ্চল)।			
	মূল বেতন	মাগগী ভাতা	ঘর ভাড়া	মোট বেতন	মূল বেতন	মাগগী ভাতা	ঘর ভাড়া	মোট বেতন	মূল বেতন	মাগগী ভাতা	ঘর ভাড়া	মোট বেতন
অদক্ষ (unskilled) ..	২৫.০০	৩১.০০	৫.০০	৬১.০০	২৫.০০	৩২.৫০	৫.০০	৬২.৫০	২৫.০০	৩০.০০	৫.০০	৬০.০০
অর্ধদক্ষ (Semi-Skilled) ..	৩২.৫০	৩০.০০	৫.০০	৬৭.৫০	৩২.৫০	৩০.০০	৫.০০	৬৭.৫০	৩৪.৫০	৩০.০০	৫.০০	৬৭.৫০
দক্ষ (Skilled) ..	৪৫.০০	৩০.০০	১০.০০	৮৫.০০	৪৫.০০	৩০.০০	১০.০০	৮৫.০০	৪৫.০০	৩০.০০	১০.০০	৮৫.০০
কেরাণী (Clerk) ..	৫০.০০	৩০.০০	১০.০০	৯০.০০	৫০.০০	৩০.০০	১০.০০	৯০.০০	৫০.০০	৩০.০০	১০.০০	৯০.০০
শিক্ষক (Teacher) ..	৩৫.০০	৩০.০০	১০.০০	৭৫.০০	৩৫.০০	৩০.০০	১০.০০	৭৫.০০	৩৫.০০	৩০.০০	১০.০০	৭৫.০০
শিক্ষক (ম্যাট্রিক) (Teacher-Matric Trained) ..	৪০.০০	৩০.০০	১০.০০	৮০.০০	৪০.০০	৩০.০০	১০.০০	৮০.০০	৪০.০০	৩০.০০	১০.০০	৮০.০০
রেট, লাইসেন্স ও ওয়ারেণ্ট আদায়-কারী সরকার। (Collecting, License and Warrant Sircars) ..	৪০.০০	৩০.০০	১০.০০	৮০.০০	৪০.০০	৩০.০০	১০.০০	৮০.০০	৪০.০০	৩০.০০	১০.০০	৮০.০০

Wages of Bidi Labourers in Dhulian, Aurangabad and Farakka areas

192. (Admitted question No. 598.)

শ্রীসনৎকুমার রাহাঃ শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ধুলিয়ান, ঔরঙ্গাবাদ, ফরাক্কা এলাকায় বিড়ি শ্রমিকগণের নিম্নতম মজুরী সরকার কর্তৃক নির্দিষ্ট করা হইয়াছে কিনা ;

(খ) এই এলাকার জন্য সর্বনিম্ন মজুরী বোর্ড আছে কিনা ;

(গ) উক্ত বোর্ড থাকিলে তাহার সদস্যগণের নাম কি ; এবং

(ঘ) এই এলাকায় বিড়ি শ্রমিকগণের সমিতি আছে কিনা ?

The Minister for Labour:

(ক) হ্যাঁ।

(খ) ও (গ) উক্ত এলাকার বিড়ি শ্রমিকগণের ন্যূনতম মজুরী পুনর্নির্ধারণের জন্য নিম্নলিখিত সদস্যদের লইয়া একটি পরামর্শদাতা কমিটি গঠন করা হইয়াছে ঃ—

নির্দলীয় সদস্য—

শ্রী জে এন মণ্ডল—শিল্প ন্যায় পীঠের বিচারপতি, চেয়ারম্যান।

শ্রী কে পি মুখার্জী—শিল্প ন্যায়পীঠের বিচারপতি।

শ্রী এস আর মুখার্জী—উপশ্রমমহাধ্যক্ষ।

মালিকদের প্রতিনিধি—

শ্রীদিলীপকুমার দাস।

শ্রীকানাইলাল শেঠী।

শ্রীজগন্নাথ গুপ্ত।

শ্রীনওরঙ্গলাল আগরওয়াল।

শ্রমিকদের প্রতিনিধি—

শ্রীলুতফল হক, এম এল এ।

শ্রীকালীকুমার গুপ্ত।

শ্রীরমারঞ্জন চৌধুরী।

শ্রীদুর্গাপদ সিং।

(ঘ) হ্যাঁ।

Tahasildars in West Bengal

193. (Admitted question No. 601.)

শ্রীসনৎকুমার রাহাঃ ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ১৯৬০-৬১ হইতে ১৯৬৪-৬৫ পর্যন্ত প্রতি বছরে তহশীলদারের সংখ্যা কত ;

(খ) এই সকল তহশীলদারকে সাহায্য করিবার জন্য উক্ত চার বছরে কত পিওন ছিল ; এ

(গ) এই সকল তহশীলদার ও পিওনের মাসিক বেতন কত?

The Minister for Land and Land Revenue:

(ক)

১-৩-৬০ হইতে ৩১-৮-৬০ পর্যন্ত—৬,৬২০ জন।

১-৯-৬০ হইতে ৩১-৮-৬১ পর্যন্ত—৬,৬২০ জন।

১-৯-৬১ হইতে ২৮-২-৬২ পর্যন্ত—৬,৫৭৯ জন।

১-৩-৬২ হইতে ৩১-৮-৬২ পর্যন্ত—৬,৫৪৬ জন।

১-৯-৬২ হইতে ২৮-২-৬৩ পর্যন্ত—৬,৪১৩ জন।

১-৩-৬৩ হইতে ৩১-৫-৬৩ পর্যন্ত—৬,৩৬৬ জন।

১-৬-৬৩ হইতে ৩১-৮-৬৩ পর্যন্ত—৬,৩৪৯ জন।

১-৯-৬৩ হইতে ৩১-৮-৬৪ পর্যন্ত—৬,৩৫৯ জন।

১-৯-৬৪ হইতে ৩১-৮-৬৫ পর্যন্ত—৬,৩৫৯ জন।

(খ) প্রতিটী তহশীলদারকে সাহায্য করিবার জন্য একজন করিয়া পিওন থাকে।

(গ) তহশীলদারের মাসিক বেতন ২৭ টাকা ; পিওনদের কোনও নির্দিষ্ট মাহিনা নাই তাঁহারা যে ব্লকে কাজ করেন, সেই ব্লকের আদায়যোগ্য টাকার পরিমাণ অনুযায়ী বেতন নির্ধারি হয় এবং উহা ১২ টাকা হইতে ১৬ টাকার মধ্যে উঠানামা করে।

Canadian Rape-seed Oil

194. (Admitted question No. 605.)

শ্রীসোমনাথ লাহিড়ী: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

(ক) ২৬এ জানুয়ারি ও তৎপূর্বে কলিকাতায় রেশন দোকান মারফৎ যে ক্যানাডিয়া 'রেপ্‌সীড' তৈল বিক্রয়ের ব্যবস্থা করা হইতেছে তাহার প্রতি কিলোগ্রামের জন্য খর হিসাবে দাম (কষ্ট প্রাইস) কত ;

(খ) উহার প্রতি কিলোগ্রামের খুচরা বিক্রয়মূল্য কত ;

(গ) বিক্রয়কারী রেশন দোকানদারেরা প্রতি কিলোতে কত লাভ পাইবেন ; এবং

(ঘ) মোট কত কিলো তৈল প্রতি সপ্তাহে রেশন দোকানগুলিকে সরবরাহ করা হইবে?

The Minister for Food and Supplies:

(ক) প্রতি কিলোগ্রাম ৩·৮৫ টাকা।

(খ) পাত্রের দাম ছাড়া প্রতি কিলো ৩·৯০ টাকা।

(গ) প্রতি কিলোতে ৫ পয়সা (পাঁচ পয়সা)।

(ঘ) ২৫-১-৬৫ তারিখ হইতে ৯-২-৬৫ তারিখ পর্যন্ত ১৩৩,৬২০ কিঃ গ্রাম তৈল ন্যা মূল্যের দোকানগুলিতে সরবরাহ করা হইয়াছে। আগামী ১৫ দিনের মধ্যে প্রায় ৩০০,০০ কিঃ গ্রাম তৈল ঐ সমস্ত দোকানগুলিকে দেওয়া হইবে।

Serampore-Dankuni Road

195. (Admitted question No. 616.) **Shri Panchu Gopal Bhaduri:** Will the Minister-in-charge of the Public Works (Roads) Department be pleased to state whether the reconstruction of Serampore-Dankuni Road up to Bangihati and Delhi Road which was not taken up in the Third Five-Year Plan, would be taken up now?

The Minister for Public Works (Roads): No, the Serampore-Bangihati section of the Serampore-Dankuni Road is not likely to be taken up now.

Planning Advisory Board

196. (Admitted question No. 627.)

শ্রীকাশীকান্ত মৈত্রঃ উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যের প্ল্যানিং এ্যাডভাইসারী বোর্ডের সভ্য কে কে মনোনীত বা নির্বাচিত হয়েছেন তাঁদের নাম, যোগ্যতা এবং কোন কোন ক্যাটেগরীর প্রতিনিধি তাঁদের বোর্ডের অন্তর্ভুক্ত করা হয়েছে ; এবং

(খ) এই বোর্ড গঠিত হবার পর কয়টি বৈঠক বসেছে এবং চতুর্থ যোজনার অন্তর্ভুক্তির জন্য কোন্ কোন্ বিষয়ের পরিকল্পনার খসড়া তৈরী করেছেন?

The Minister for Development and Planning:

(ক) প্ল্যানিং এ্যাডভাইসারী বোর্ড নামক কোন সংস্থা গঠন করা হয় নাই।

(খ) প্রশ্ন উঠে না।

Jawahar Jyoti

197. (Admitted question No. 631.)

শ্রীকাশীকান্ত মৈত্রঃ স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে "জহরজ্যোত" নিয়ে যে জেলায় জেলায় কর্মসূচী করা হয়েছে তাতে রাজ্য সরকারের কোন ব্যয় হয়েছে কি না ; এবং

(খ) ব্যয় হয়ে থাকলে তার পরিমাণ কত?

The Minister for Home (Political):

(ক) জানা নাই।

(খ) প্রশ্ন উঠে না।

National Poet Dwijendra Lal Roy

198. (Admitted question No. 636.)

শ্রীকাশীকান্ত মৈত্রঃ শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জাতীয় কবি দ্বিজেন্দ্রলাল রায়ের স্মৃতিরক্ষার্থে কৃষ্ণনগর শহরে কোন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে কি না ;

(খ) উত্তর হ্যাঁ হলে তার বিবরণ ; এবং

(গ) উত্তর না হলে তার কারণ কি?

The Minister for Education:

(ক) ১৯৬৩ সালের ৫ই মার্চ, ১৯৬৩ তারিখের অনুরূপ প্রশ্নের উত্তরে জানান হইয়াছে "সরকার হইতে কোন বিখ্যাত ব্যক্তির জন্ম শতবার্ষিকী পালনের বা স্মৃতি রক্ষার ব্যবস্থা করা হয় না। জনসাধারণের বা কোন বেসরকারী প্রতিষ্ঠান বা সংস্থা হইতে এইরূপ স্মৃতি রক্ষার ব্যবস্থা করা হইলে সরকার সাহায্য করিয়া থাকেন।"

(খ) ও (গ) দ্বিজেন্দ্রলাল জন্ম শতবার্ষিকী পরিষদ ২২এ ফেব্রুয়ারী, ১৯৬৩ তারিখে কৃষ্ণনগর সিটি রেল স্টেশনের নিকট কবির স্মৃতি রক্ষার্থ "দ্বিজেন্দ্র ভবন" নির্মাণের জন্য সাহায্য প্রার্থনা করেন। তাহাদের পরিকল্পনার বিশদ বিবরণ পাঠাইতে অনুরোধ করা হয়। সেই বিবরণ এখনো পাওয়া যায় নাই।

Curtailment of Government Expenditures

199. (Admitted question No. 644.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে জরুরী অবস্থার জন্য গত বছরের বরাদ্দ হইতে কোনও কোনও হেডএর বরাদ্দ কিছু অর্থ খরচ করা হয় নাই বা ছাঁটাই করা হইয়াছে ;

(খ) সত্য হইলে কোন্ হেডের কত বরাদ্দ ছাঁটাই করা হইয়াছে বা খরচ করা হয় নাই; এবং

(গ) এ ছাঁটাই করা অর্থ কি কি কার্যে ব্যবহৃত হইয়াছে?

The Minister for Finance:

(ক) ১৯৬৩-৬৪ সালে জরুরী অবস্থাকালীন ব্যয়সংকোচ নীতি গৃহীত হওয়ায় বিভিন্ন খাতে ব্যয়সংকোচের প্রয়াস হয় এবং সেই উদ্দেশ্যে বিভিন্ন খাতে ব্যয়বরাদ্দের পরিমাণ পূর্ব হইতেই সামান্য কম করিয়া ধরা হইয়াছিল।

(খ) আলোচ্য বৎসরের সংশোধিত আনুমাণিক হিসাবে এইভাবে বিভিন্ন খাতে কনটিনজেন্সী বাবদ খরচের জন্য মোট ৪৫,২০,০০০ টাকা কম বরাদ্দ ধরা হইয়াছিল। বিভিন্ন খাতে তাহার পরিমাণ কিরূপ তাহা মহাগাণনিক মহাশয়ের অফিসের সহিত বুঝাপড়া করিয়া নির্ধারণ করা সময়সাপেক্ষ।

(গ) উপরি-উক্ত সংশোধিত আনুমাণিক হিসাবের বরাদ্দে যে হ্রাস করা হইয়াছিল, তাহা কোন একটি বা একাধিক কার্য বিশেষে ব্যবহারের জন্য নহে। বাজেটের সামগ্রিকভাবে অর্থ সংস্থানের ব্যবস্থা করার জন্য ইহা করা হইয়াছিল।

Construction of tenements under Low Income Group Housing Scheme

200. (Admitted question No. 653.) **Shri Birendra Narayan Roy:** Will the Minister-in-charge of the Housing Department be pleased to state how many tenements have been constructed uptil now under the Low Income Group Housing Scheme, with costs?

The Minister for Housing: Completion costs of tenements constructed by private individuals, etc., with loan assistance under the Low Income Group Housing Scheme are not reported to Government. In case of Government constructions completion costs are known long after the tenements are completed because completion of land development works and settlement of contractor's claims take time. As such, details regarding the number of tenements sanctioned with cost sanctioned and the number of tenements completed with expenditure incurred under the said Scheme up to 31st December, 1964, are given below :—

	Tenements sanctioned with cost up to 31st December 1964.		Tenements completed with expenditure incurred up to 31st December 1964.	
	Unit.	Rs. lakhs.	Unit.	Rs. lakhs.
(*a*) Public Sector	2760	255.09	1239	148.01
(*b*) Private Sector	3519	230.30	2110	188.48
	6279	485.39	3349	336.49

Dharmagolas in West Bengal

201. (Admitted question No. 660.)

শ্রী[illegible] রায় : সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলে ধর্মগোলা সংস্থাপনের কোন পরিকল্পনা আছে কি ; এবং

(খ) পরিকল্পনা থাকিলে কোথায় কোথায় উহা সংস্থাপিত হইবে এবং উহার জন্য কত টাকা বরাদ্দ আছে?

The Minister for Co-operation:

(ক) হ্যাঁ, আছে।

(খ) প্রয়োজনীয় বিবরণ টেবিলে স্থাপন করা হইল।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 201.

ক্রমিক সংখ্যা	জেলার নাম	১৯৬৪-৬৫ সনে প্রস্তাবিত নূতন ধর্মগোলার সংখ্যা	১০,২৫০ টাকা হারে ১৯৬৪-৬৫ সনে আনুমানিক প্রস্তাবিত ব্যয় টাকা
১।	২৪-পরগণা	৫	৫১,২৫০
২।	নদীয়া	২	২০,৫০০
৩।	হুগলী	৪	৪১,০০০
৪।	বর্ধমান	৫	৫১,২৫০
৫।	মেদিনীপুর	৮	৮২,০০০
৬।	বাঁকুড়া	৬	৬১,৫০০
৭।	বীরভুম	৬	৬১,৫০০
৮।	পুরুলিয়া	৯	৯২,২৫০
৯।	মুর্শিদাবাদ	২	২০,৫০০
১০।	মালদহ	৩	৩০,৭৫০
১১।	জলপাইগুড়ি	৯	৯২,২৫০
১২।	দার্জিলিং	৫	৫১,২৫০
১৩।	কুচবিহার	১	১০,২৫০
১৪।	পশ্চিম দিনাজপুর	৫	৫১,২৫০
	মোট	৭০	৭,১৭,৫০০

Minimum Wages for Biri Labourers in Asansol Subdivision

202. (Admitted question No. 683.)

শ্রীসুবোধ চৌধুরী : শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকার বিড়ি শিল্পে নিয়োজিত শ্রমিকদের জন্য যে সর্বনিম্ন মজুরী বাঁধিয়া দিয়াছেন তাহা আসানসোল মহকুমার আসানসোল, রানীগঞ্জ, বার্নপুর, কুলটি, বরাকর শহরে এবং কাটোয়া মহকুমা ও কালনা মহকুমা শহরে চালু আছে কি ; এবং

(খ) চালু না থাকিলে, সর্বনিম্ন মজুরী যাহাতে শ্রমিকরা পান, তাহার কোন ব্যবস্থা সরকার করিবেন কি?

The Minister for Labour :

(ক) হ্যাঁ।

(খ) প্রশ্ন উঠে না।

Subscription from Esco Company employees

203. (Admitted question No. 691.)

শ্রীসুবোধ চৌধুরী : শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, দুর্গাপুরের কংগ্রেস অধিবেশন উপলক্ষে ইস্কো কোম্পানীর জেনারেল ম্যানেজার মারফত বাধ্যতামূলকভাবে শ্রমিক কর্মচারী এবং অফিসারদের বেতন কাটিয়া লইয়া চাঁদা সংগ্রহ হইয়াছে ; এবং

(খ) অবগত থাকিলে, ঐ টাকার পরিমাণ কত এবং কারণ কি?

The Minister for Labour:

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

Midnapore District Hospital

204. (Admitted question No. 721.)

শ্রীসুবোধ চৌধুরী : স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর সদর হাসপাতালে কয়টি বেড আছে ও সাধারণত কতজন রোগী থাকে ;

(খ) ইহাদের কত টাকার পথ্য দেওয়া হইবে তাহার কোন নির্দিষ্ট সীমা সরকার ঠিক করিয়া দিয়াছেন কি ;

(গ) নির্দিষ্ট করিয়া দিলে তাহা কত ; এবং

(ঘ) প্রয়োজনবোধে এই সীমা অপেক্ষা বেশী পথ্য দিবার কোন অধিকার চিকিৎসকগণকে দেওয়া হইয়াছে?

The Minister for Health:

(ক) ৩০০টি অনুমোদিত শয্যা আছে। সাধারণত গড়ে দৈনিক ৩৬০ জন রোগী থাকে।

(খ) হ্যাঁ।

(গ) সাধারণ রোগী প্রতি দৈনিক গড়ে ১·৫০ পয়সা এবং যক্ষ্মা রোগী প্রতি দৈনিক গড়ে ২·৫০ পয়সা।

(ঘ) সাধারণত নয়। কোন বিশেষ ক্ষেত্রে রোগীর প্রয়োজন হইলে চিকিৎসকগণ সীমা অপেক্ষা বেশী দিতে সাময়িকভাবে পারেন এবং উক্ত হাসপাতালের মোট শয্যা এবং রোগীর সংখ্যার সহিত তাহা সামঞ্জস্য করিয়া লওয়া হয়।

Permits issued by R.T.A., Birbhum

205. (Admitted question No. 770.) **Shri Bhakti Bhusan Mandal:** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state the names of persons in whose favour permits for public transport vehicles, stage carriages, tempo vans, public carriers, etc., were issued by Regional Transport Authority, Birbhum, between December, 1962 and April, 1964, year by year with relevant dates on which permits were issued?

The Minister for Home (Transport): As in the enclosed statement.

Statement referred to in reply to unstarred question No. 205.

Serial No.	Name of the persons or firms to whom the permit has been issued.	Nature of the permit issued.	Date of issue of the permit.
	1962 (December)		
1.	Shri Nirmal Chandra Dutta, Suri	Public Carrier ..	4-12-62
	1963.		
2.	Shri Sanat Kumar Mukherjee, Abinashpur ..	Public Carrier ..	15-1-63
3.	Messrs. Reliance Construction Board, Dubrajpur	Ditto	16-1-63
4.	Shri Jatindra Mohan Sinha, Kurumgram ..	Contract Carriage (Taxi) ..	25-1-63
5.	Shri Ramdas Mukherjee, Suri	Private Carrier ..	4-2-63
6.	Shri Dibakar Dutta, Bolpur	Public Carrier ..	8-2-63
7.	Shri Biraja Kanta Sarkar, Suri	Ditto	19-3-63
8.	Messrs. Sarda Rice and Oil Mills, Ahmedpur ..	Private Carrier ..	30-2-63.
9.	Shri Anil Kumar Roy, Gaitha	Contract Carriage ..	30-3-63
10.	Shri Umar Khan, Rampurhat	Private Carrier ..	2-4-63
11.	Messrs. Bholanath Ghosh and Indra Nath Ghosh, Illambazar.	Public Carrier ..	2-4-63
12.	Shri Basudeb Dutta Mudi, Dubrajpur ..	Ditto ..	2-4-63
13.	Messrs. Lakshmi Rice Mills, Mollaryr ..	Private Carrier ..	4-4-63

Serial No.	Name of the persons or firms to whom the permit has been issued.	Nature of the permit issued.	Date of issue of the permit.
14.	Shri Santi Kumar Jain, Rampurhat	Private Carrier	16-3-63
15.	Shri Sunit Baran Nayek, Dubrajpur	Ditto	16-5-63
16.	Messrs. Joysankar Dutta and Sons, Chatra	Public Carrier	16-5-63
17.	Shri Santa Kumar Das, Bolpur	Private Carrier	17-5-63
18.	Shri Khandu Bikash Roy, Rampurhat	Ditto	18-5-63
19.	Shri Raghunandan Prosad Lohia, Dubrajpur	Ditto	21-5-63
20.	Shri Dulal Chakraborty, Suri	Public Carrier	21-5-63
21.	Shri Anadi Pada Paul, Abinashpur	Ditto	25-5-63
22.	Shri Sonali Roy, Goalihara	Ditto	11-6-63
23.	Messrs. B. K. Mukherjee and Co., Suri	Contract Carriage	13-6-63
24.	Shri Sushil Kumar Mitra, Suri	Public Carrier	25-6-63
25.	Shri Sarat Chandra Mondal, Baipur	Ditto	28-6-63
26.	Shri Jagannath Sinha, Manikpur	Ditto	8-7-63
27.	Shri Md. Taku, Pachhiara	Ditto	13-7-63
28.	Shri Ganesh Chandra Ghosh, Suri	Ditto	20-7-63
29.	Shri Hemanta Kumar Mukherjee, Bolpur	Stage Carriage	19-8-63
30.	Shri Jogindra Singh, Tilpara	Public Carrier	28-8-63
31.	Shri Nathuni Shah, Suri	Ditto	30-8-63
32.	Shri Muktear Singh, Suri	Ditto	31-8-63
33.	Shri Sushil Kumar Guin, Suri	Private Carrier	3-9-63
34.	Shri Amar Singh, Suri	Public Carrier	3-9-63
35.	Messrs. United Transport and Co., Illambazar	Ditto	5-9-63
36.	Shri Satindra Nath Bose, Suri	Ditto	7-9-63
37.	Shri Asim Ranjan Ghosh, Nalhati	Ditto	9-9-63
38.	Shri Dilip Kumar Rooj, Mollarpur	Stage Carriage	12-9-63
39.	Shri Birendra Kumar Paul, Kendua	Ditto	10-9-63
40.	Messrs. B. K. Mukherjee and Co., Suri	Ditto	13-9-63
41.	Shri Mani Gopal Barman Roy, Suri	Public Carrier	20-9-63
42.	Shri Abdul Jalil, Bolpur	Ditto	27-9-63
43.	Shri Abdul Motalib, Khatipur	Stage Carriage	10-19-63
44.	Shri Abdul Alim, Muluk	Public Carrier	11-10-63
45.	Messrs. Dharamdas Dalal and Sons, Bolpur	Stage Carriage	11-11-63
46.	Shri Gadadhar Ch. Sarma, Karidhya	Public Carrier	28-5-63

Serial No.	Name of the persons or firms to whom the permit has been issued.	Nature of the permit issued.	Date of issue of the permit.
47.	Messrs. Chalantika Co-operative Transport Society, Ltd., Suri.	Stage Carriage ..	13-11-63
48.	Shri Bejoy Krishna Chowdhury	Ditto	16-11-63
49.	Shri Gouri Prosanna Dutta, Mollarpur ..	Private Carrier ..	30-11-63
50.	Sm. Tamija Begum, Suri	Public Carrier ..	30-11-63
51.	Messrs. Maheswari Rice and Oil Mills, Labpur ..	Private Carrier ..	3-12-63
52.	Shri Biswanath Chandra, Bolpur	Ditto	3-12-63
53.	Shri Krishnagati Dey, Bolpur	Stage Carriage ..	3-12-63
54.	Shri Jamuna Behari Saha, Hasnabad ..	Public Carriage ..	0-12-63
55.	Shri Shyamapada Ghosh, Kamalpur ..	Ditto	10-12-63
56.	Shri Sisir Kumar Chaterjee, Sainthir ..	Contract Carriage ..	23-12-63
	1964 (up to April)		
57.	Messrs. Ghosh and Co., Bolpur	Public Carrier.. ..	3-1-64
58.	Shri Maniklal Dutta, Mollarpur	Private Carrier ..	3-1-64
59.	Shri Janardan Singh, Bolpur	Public Carrier.. ..	3-1-64
60.	Shri Sukdeb Dalui, Bolpur	Ditto	7-1-64
61.	Shri Bimalendu Narayan Chakraborty, Sainthia..	Ditto	7-1-64
62.	Messrs. Orient Rice Mill, Ahmedpur	Private Carrier ..	11-1-64
63.	Shri Lakshmi Narayan Roy, Deriapur ..	Stage Carriage ..	31-1-64
64.	Messrs. B. K. Mukherjee and Co., Suri ..	Ditto	26-2-64
65.	Shri Nihar Kumar Dutta, Sainthia	Public Carrier ..	21-3-64
66.	Shri Naba Kumar Guin, Suri	Ditto	31-3-64
67.	Shri Ram Pada Paul, Seharakuri	Ditto	2-4-6
68.	Shri Kumarish Ch. Mazumder, Suri	Private Carrier ..	3-4-64
69.	Shri Abu Bakker Mia, Illambazar	Public Carrier ..	2-4-64
70.	Shri Amalendu Prokash Banerjee, Bipratikuri ..	Ditto	8-4-64
71.	Shri Purusottamdas Patodia, Dubrajpur ..	Ditto	8-4-64
72.	Messrs. Dibakar Das and Bros., Sainthia ..	Ditto	18-4-64
73.	Shri Susanta Kumar Sadhu, Kirnahar ..	Ditto	21-4-64
74.	Shri Jayendra Barman, Suri	Ditto	21-4-64
75.	Shri Ajit Kumar Roy, Md. Bazar	Ditto	24-4-64
76.	Shri Pannalal Dutta, Murarai	Ditto	24-4-64
77.	Shri Kripasindhu Ghosh, Routara	Ditto ..	27-4-64
78.	Shri Gouranga Sundar Ghosh, Routara ..	Ditto	25-4-64
79.	Shri Kalyani Banerjee, Kondaipur	Ditto	28-4-64

Beds in the State Hospitals

206. (Admitted question No. 776.) **Shri Bhakti Bhusan Mandal:** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি যে, বর্তমানে প্রতি জেলার সরকারী হাসপাতালগুলিতে বেডের সংখ্যা কত?

The Minister for Health:

একটি তালিকা টেবিলে সন্নিবেশিত করা হইল।

Statement referred to in reply to unstarred question No. 206.

জেলা	শয্যাসংখ্যা
বর্ধমান	১,০৭৭
বীরভূম	৬৫৮
বাঁকুড়া	১,৩৭৯
মেদিনীপুর	১,৯০৩
হুগলী	১,২৭০
হাওড়া	৯৬৬
চব্বিশপরগণা	২,০২৩
নদীয়া	২,৬২১
মুর্শিদাবাদ	১,০৪৭
পুরুলিয়া	২৪১
পশ্চিম দিনাজপুর	৩৯৬
জলপাইগুড়ি	৫২১
মালদহ	৪২৩
কোচবিহার	৫২১
দার্জিলিং	৫৯৫
কলিকাতা	৫,৮৪২
মোট	২১,৪৭৬

...lars regarding migrations of refugees to West Bengal

...(...itted question No. 810.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ উদ্বাস্তু, ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৩ সালের জানুয়ারী মাস হইতে বর্তমান সময় পর্যন্ত কোন্ মাসে কত জন উদ্বাস্তু (১) মাইগ্রেশান সার্টিফিকেট সহ এবং (২) মাইগ্রেশান সার্টিফিকেট না লইয়া পশ্চিমবঙ্গে আসিয়াছেন;

(খ) তাঁহাদের মধ্যে কয়জন পুরুষ এবং কয়জন নারী ;

(গ) উক্ত উদ্বাস্তুদের কয়জনকে পশ্চিমবঙ্গের বাহিরে কোন্ কোন্ স্থানে পাঠানো হইয়াছে এবং কয়জন পশ্চিমবঙ্গেই থাকিয়া গিয়াছেন ;

(ঘ) পশ্চিমবঙ্গের বাহিরে পাঠানো উদ্বাস্তুদের কতজন কোন্ ক্যাম্প হইতে কি কি কারণে পশ্চিমবঙ্গে চলিয়া আসিয়াছেন ; এবং

(ঙ) 'ঘ' অংশে বর্ণিত উদ্বাস্তুদের কতজনকে পুনরায় পশ্চিমবঙ্গের বাহিরে পাঠানো হইয়াছে ?

The Minister for Refugee Relief and Rehabilitation:

	১৯৬৩	১৯৬৪	
	(ছাড়পত্রসহ)	(ছাড়পত্রসহ)	(বিনা ছাড়পত্রে)
(ক)			
(১) জানুয়ারী	৭৬৩	৫,৯৩৩	১,৭৯৪
(২) ফেব্রুয়ারী	১,৪৪৯	১৫,১৬৩	৬,৯০৯
(৩) মার্চ	১,৪৬৫	৪৪,৯০৪	৫৮,২৯৭
(৪) এপ্রিল	৯৯১	৫২,৫৩৩	৫৫,৬৫৯
(৫) মে	১,৩৫২	৪৬,৬৩৭	৩৪,৮৩০
(৬) জুন	১,৪৮৭	৩৮,৭২১	৩৩,১৭৮
(৭) জুলাই	১,৩৮৮	৪৮,২২৭	২৫,২৪০
(৮) আগষ্ট	১,৩০৭	৩৬,২৮০	১০,৮৮০
(৯) সেপ্টেম্বর	৯৩৭	২৯,৭৮২	৯,২২১
১০) অক্টোবর	১,৩৪৫	৩৩,৪২১	৮,৩৩২
১১) নভেম্বর	১,০৮৬	২১,২৭০	৮,৯২২
১২) ডিসেম্বর	১,০৩১	২৯,১৬৭	১১,৮২৫
১৯৬৫ সালে (জানুয়ারী মাসে)	--	২০,৪২৪	৭,৪২৫

(খ) এই অনুসারে সংখ্যা নাই।

(গ) ২০৪,৩৮২ জনকে দণ্ডকারণ্যে রাজ্যের বাহিরে পুনর্বাসনের জন্য পাঠানো হইয়াছে। ক্যাম্পের তালিকা নিম্নে দেওয়া হইল। অবশিষ্ট ৫১৮,৩১৪ জন পশ্চিমবঙ্গে রহিয়া গিয়াছেন।

১।	দণ্ডকারণ্য	মানা, কুরুদ, মালকানগিরি, মাণ্ডুলা, ডি বি কে রেলওয়ে প্রজেক্ট।
২।	অন্ধ্র	নাগার্জুন সাগর (বল্লামপল্লী), রামকৃষ্ণপুরম, মুসী, জুট্টী, কান্তা।
৩।	বিহার	মারুঙ্গা, বেটিয়া, সহর্ষা।
৪।	মধ্যপ্রদেশ	বেতুল, হোসাঙ্গাবাদ, মরড়াজা, পানা জেলার বিভিন্ন স্থানে।
৫।	মহারাষ্ট্র	চন্দা, ভদ্রবাটী, বিরসী, লাগম।
৬।	মাদ্রাজ	কোয়িম্বাটোর, জেলার সাঙ্গানুর।
৭।	উড়িষ্যা	ঘুনাভেদা, তিরুভেলী, অম্বাগুড়া, তাম দেই ও পাডুয়া।

(ঘ) ৩৬,২১১ জন দণ্ডকারণ্যের বিভিন্ন ক্যাম্প হইতে পশ্চিমবঙ্গে চলিয়া আসিয়াছেন। ক্যাম্পের নাম দেওয়া এখানে সম্ভব নয়। তবে সাধারণতঃ মানা ক্যাম্প হইতে আসিয়াছেন। সকল কৃষিজীবী উদ্বাস্তু পরিবারকে চাষের জন্য জমি দেওয়া যাইবে না বলিয়া গুজব, প্রতিকূল স্থানীয় আবহাওয়া, স্বার্থান্ধ ব্যক্তিদের অশুভ প্রভাব এবং জলকষ্ট ইহার কারণ বলিয়া বর্ণিত হয়।

(ঙ) ৫൨১ জন উদ্বাস্তু দণ্ডকারণ্যে পুনর্বাসন গ্রহণ করার ইচ্ছা পুনরায় প্রকাশ করায় তাঁহাদিগকে তথায় ফেরৎ পাঠানো হইয়াছে।

T. B. Patients in West Bengal

208. (Admitted question No. 869.)

শ্রীসনৎকুমার রাহাঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে এ পর্যন্ত কত টি বি রোগী আছে ; এবং

(খ) খয়রাতি সাহায্য ব্যতীত অন্য কোন সাহায্য এই দুঃস্থ টি বি রোগীদের দেওয়া হয় কি না এবং দেওয়া হইলে তাহা কি?

The Minister for Health:

(ক) সঠিক সংখ্যা বলা সম্ভব নহে। ইণ্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চের তত্ত্বাবধানে পরিচালিত জাতীয় নমুনা সমীক্ষা অনুযায়ী পশ্চিমবঙ্গের জনসংখ্যার শতকরা ১·৭ জন যক্ষ্মা রোগাক্রান্ত। এই ভিত্তিতে এই রাজ্যে যক্ষ্মারোগীর সংখ্যা দাঁড়ায় প্রায় ৬ লক্ষ।

(খ) স্বাস্থ্য বিভাগ হইতে কোন খয়রাতি সাহায্য দিবার ব্যবস্থা নাই তবে দুঃস্থ যক্ষ্মা-রোগীদের যক্ষ্মা নিরাময়কারী প্রয়োজনীয় ঔষধাদি বিনামূল্যে সরবরাহ করা হয়। প্রয়োজন হইলে হাসপাতালে ভর্তির বিশেষ ব্যবস্থা করা হয়।

Distribution of seeds in Murshidabad district

209. (Admitted question No. 405.) **Shri Birendra Narayan Ray:**

কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৬৪ সালে মুর্শিদাবাদ জেলায় কোন্ কোন্ স্থানে কোন্ কোন্ তারিখে কি কি শস্যের বীজ কৃষকদের সরবরাহ করা হয়?

The Minister of State for Agriculture and Community Development:

এ সম্পর্কিত বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

Adjournment Motion

Mr. Speaker: I have received notice of an Adjournment Motion from Shri Aswini Roy on the subject of squatting of the secondary school teachers near Esplanade East. I have withheld consent.

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker: I have received six notices of Calling Attention on the following subjects, namely:—

(1) Conspiracy of prison breaking in Alipur Central Jail—by Shri **Ananga Mohan Das;**

(2) Maintenance of peace in the border areas of Tufanganj subdivision—by Shri Jiban Krishna Dey;

(3) Squatting on Calcutta street by secondary teachers to draw the attention of the Government to their demands—by Shri Gour Chandra Kundu;

(4) Scarcity in supply of fish in Calcutta—by Shri Gour Chandra Kundu;

(5) Reported transport of wheat from Haldia to Calcutta by road—by Shri Sanat Kumar Raha; and

(6) Grant of parole to Shri Dibakar Dutta for contesting as Commissioner in Bistupur Municipal Election—by Shri Bijoy Pal.

I have selected the notice of Shri Gour Chandra Kundu on the subject of scarcity in supply of fish in Calcutta. The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject today, if possible, or give a date for the same.

Shri S. M. Fazlur Rahman: I will make a statement to-morrow.

Shri Nikhil Das:

এটা কি আপনি ডিস্-অ্যালাও করছেন? আমার বক্তব্য হচ্ছে যে মাধ্যমিক শিক্ষকদের সম্বন্ধে ৪ দিন ধরে অ্যাডজোর্ণমেণ্ট মোশান-এ আলোচনা চাচ্ছি। ৪ দিন ধরে সেকেণ্ডারী স্কুল টিচার্স...

Mr. Speaker:

মঃ দাস, আমি একটা কথা বলছি যে কলিং এ্যাটেন্সন রোজ ৬টা, ৮টা, ১০টা থাকতে পারে। তার থেকে ১টা সিলেক্ট করবার কথা। তারপরে যে ৯টা কলিং এ্যাটেনসন রিজেক্ট হল, ইন দ্যাট কেস বিকজ্ ওয়ান ইজ টু বি সিলেকটেড, যদি কোন অনারেবল মেম্বার সে বিষয়ে বলতে চান তাহলে আইনতঃ এটা চলে না, আপনাদের আমি আইনতঃ বলতে দিতে পারি না। তারপর এই শিক্ষার ব্যাপারটা এতবড় ব্যাপার যে এটা নিয়ে কোশ্চেন আছে, কলিং এ্যাটেনসন আছে, আরজেণ্ট ম্যাটার বলে দেওয়া আছে, অতএব কলিং এ্যাটেনসন-এ আপনি এখানে না দাঁড়ালে আপনার ক্ষতি কিছু হবে না। কারণ, এখুনি দেখবেন আমি যাদের ডাকব তারা সেকেণ্ডারী স্কুল টিচারদের কথাই বলবেন।

Dearness Allowance of non-teaching staff of schools and colleges

Shrimati Ila Mitra:

মাননীয় স্পীকার মহাশয়, আমার দুটি ব্যাপার আছে। একটি হচ্ছে বাজেট স্পীচ সম্পর্কে যেটা অর্থমন্ত্রী মহাশয় বলেছেন সেটার সম্পর্কে, আর একটি ক্ল্যারিফিকেসন সংখ্যাতত্ত্ব সম্পর্কে। আর একটি সবচেয়ে বড় ঘটনা হল মাধ্যমিক শিক্ষকরা অবস্থান ধর্মঘট করছেন এবং আশা করব যে আজ ৪ দিন হয়ে গেল মুখ্যমন্ত্রী ও শিক্ষামন্ত্রী তাঁদের সঙ্গে দেখা করে এই ভাবে তাঁরা যাতে অবস্থান ধর্মঘট না করেন, তার যাতে একটা উপায় খুঁজে বের করা যায় তাঁরা সেটা নিশ্চয়ই করবেন। আর আমার দ্বিতীয় বক্তব্য হচ্ছে যেখানে রয়েছে
Non-teaching staff in schools and colleges Rs. 10 per month.
এবং কাগজে এ সম্পর্কে বেরিয়েছে। স্কুল, কলেজের অশিক্ষক কর্মচারী যাঁরা তাঁরা কিছুই পেতেন না, এই প্রথম মাত্র মহার্ঘভাতা হিসাবে ১০ টাকা পাচ্ছেন। কিন্তু এখানে একটা কনফিউসন সৃষ্টি হয়েছে। কনফিউসনটা হচ্ছে এই যে স্কুলের অশিক্ষক কর্মচারী যাঁরা তাঁরা ঠিক কিছুই পেতেন না এই প্রথম তাঁরা পেলেন। কিন্তু কলেজের প্রায় ২ হাজারের উপর অশিক্ষক কর্মচারী আছেন তাঁরা ১০ টাকা, ৫ টাকা প্রায় ১০ বছরের উপর পেয়ে আসছেন। কাজেই

তাদের সম্পর্কে এটা কি হল? আমার একটা প্রশ্ন তাদের অ্যাডিসন না কি হল? আর একটা হল যেটা কলেজের শিক্ষক সম্পর্কে বলেছেন—

The teachers of colleges sponsored polytechnics Rs. 15 per month

এবং তারপর

It is hoped that the managing committees and Governing bodies will arrange to provide such further relief as is possible.

এখানে স্পনসর্ড কলেজ সম্পর্কে বক্তব্য হচ্ছে এই যে স্পনসর্ড কলেজে ডি, এ, গভর্ণমেন্ট ১৫ টাকা দিচ্ছেন এবং ম্যানেজিং কমিটিকে রিলিফ করা হচ্ছে যে তারা দেবেন এই ধরনের রিলিফ। তাহলে সেখানে ডিরেক্ট গভর্ণমেন্ট-এর দায়িত্ব রয়েছে স্পনসর্ড কলেজ সম্পর্কে। তাহলে স্পনসোর্ড কলেজের অধ্যাপকরা একথা কি মনে করতে পারেন যে তাঁরা ৩০ টাকা পাচ্ছেন? আর দ্বিতীয়তঃ হচ্ছে স্পনসোর্ড কলেজ নয়, গভর্নমেন্ট কি কোনরকম এই ধরনের লিখিত কিছু প্রাইভেট কলেজকে দিচ্ছেন যেখানে ১৫ টাকা গভর্নমেন্ট দিচ্ছেন এবং ঐরকম টাকা প্রাইভেট কলেজ দিচ্ছেন?

Shri Saila Kumar Mukherjee:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ বিষয়ে ক্ল্যারিফিকেসন একবার নয়, দুবার নয়, তিনবার নয়, বার বার এ হাউসে ও হাউসে করে দিয়েছি। পুনরায় যদি জিজ্ঞাসা করেন আজ বাজেট যখন আরম্ভ হবে আমি তখন বলতে পারি। তথাপি আমি আপনাদের কাছে অনুরোধ করব আপনারা যাতে শিক্ষক মহাশয়দের কাছে এই কথা বলেন, তাদের কাছে সত্য পরিবেশন করেন—প্রথম হচ্ছে আপনাদের এটা ভুল, ১৯৬৪ সাল থেকে যারা যে বেতন পাচ্ছেন তাদের কিছু কাটা হয়নি সব পাবেন। এই সংবাদ আমার কছে এসেছে, তাদের কাছে ভুল বোঝান হয়েছে যে তারা যেটা পেতেন আগে সেটা বদলে গিয়ে ১০ টাকা হল। অর্থাৎ এর আগে এটা ১৯৬৪-৬৫ সাল, ১৯৬৩-৬৪ সালে...

Shrimati Ila Mitra:

এটা হল না। আমরা যে প্রশ্ন করেছি সেটার তো উত্তর দেবেন। কাইন্ডলি এটার উত্তর দিন। এটা খুব জরুরী ব্যাপার। এ না হলে আমরা রিজলিউসান দিতে পারছি না। উনি আমার প্রশ্নটা বুঝতে পারেন নি। দয়া করে ওঁকে বলতে বলুন।

Shri Saila Kumar Mukherjee:

এই ভাবে যদি বাধা দেন তাহলে এখন বলব না। যা বলবার বাজেট ডিসকাসন-এ বলব।

[2-10—2-20 p.m.]

Mr. Speaker:

আপনি একটা এ্যাটেনসন ড্র করেছেন—সেটাই যথেষ্ট।

Shrimati Ila Mitra:

আমি আগের দিন যে প্রশ্ন করেছিলাম এএখনো আমার সেই প্রশ্ন নয়—আমার এই ব্যাপারটা খুব জরুরী ব্যাপার। আমরা কোন রেজলিউসন নিতে পারছি না।

Mr. Speaker: It is not the question hour.

আপনাদের যদি শোনবার পেসেন্স না থাকে তাহলে আমি কি করবো।

Shri Rabindra Nath Mukhopadhyay:

স্যার, উনি অন্য জবাব দিচ্ছেন।

Mr. Speaker:

আপনাকে আর প্লীড করতে দাঁড়াতে হবে না।

Shri Rabindra Nath Mukhopadhyay:

স্যার, আপনি আমাকে যেভাবে বললেন, এইভাবে বলাটাকে আমি ঠিক পছন্দ করলাম না।

Mr. Speaker:

আপনি ও'র হয়ে প্লীড করছেন কেন?

Shri Rabindra Nath Mukhopadhyay:

আমরাও এতে ইন্টারেস্টেড—সেইজন্য বলছিলাম, যে মিনিস্টার যা বলছেন—তিনি ও'র জবাবটা ঠিক বলছেন না।

Mr. Speaker:

আপনাকে কিছু বলতে হবে না—আপনি বসুন।

Shri Rabindra Nath Mukhopadhyay:

আপনি যদি স্যার, একটু ধৈর্য ধরেন তাহলে আমাদের সুবিধা হয়, আনফরচুনেটলি, এই কথাটা আপনাকে বলতে হোল।

Mr. Speaker:

উনি তো বলেছেন যে আমার পয়েন্টের জবাব হয় নি—তারপর ও'কে আমি বসতে বললাম। আপনারা সকলে যদি এক সংগে বলেন তাহলে জবাব দেওয়া হয় না।

Shri Saila Kumar Mukherjee: Sir, I have given enough clarification during the last four days. If the honourable members require any other clarification, they may place it during the budget discussion and I will give complete answer to it.

Shrimati Ila Mitra:

একটা কথা বললেই তো হয়ে যায় যে কলেজের অশিক্ষক কর্মচারীরা—তাঁরা কত পাচ্ছেন—তাদের কিছু বাড়লো, না বাড়লো না?

Shri Rabindra Lal Sinha:

আমি বলছি ১৯৬৪-৬৫ সালে যেটা হয়েছিল ৫।১০ টাকা তার পরিবর্তে এটা হচ্ছে—১৯৬৪-৬৫ আগে থেকে ও'রা যা পাচ্ছেন সেটাতে হাত পড়বে না—তার উপরে এটা হচ্ছে।

Shrimati Ila Mitra:

এটা কি তার উপরে ধরে নেবা? এটাই ক্ল্যারিফাই করে নিতে চাই।

Shri Rabindra Lal Sinha:

আমি একটা অনুরোধ করবো যে যদি এ বিষয়ে ক্ল্যারিফিকেসন-এর দরকার হয় তাহলে আমার ঘরে দেখা করলে আমি পরিষ্কার করে বুঝিয়ে দেবো।

Shrimati Ila Mitra:

স্পনসোর্ড কলেজের ব্যাপারটা বলে দিন।

Shri Rabindra Lal Sinha:

আমি তো পরিষ্কার করে বলে দিয়েছি যে ১৯৬৪-৬৫ সালে প্রবর্তিত হারের পরিবর্তে এটা হচ্ছে—তাদের পূর্বেকার হারকে টাচ করা হয় নি, একথা বার বার করে বলা হয়েছে। সুতরাং আর হাউসে ক্ল্যারিফিকেসনের কিছু নেই যদি কোন পার্টিকুলার কেস সম্বন্ধে ক্ল্যারিফিকেসনের দরকার আছে বলে মনে করেন তাহলে আমার সংগে দেখা করলে আমি নিশ্চয়ই বলে দেবো।

Stay-in strike by secondary school teachers

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই মাধ্যমিক শিক্ষকদের সম্পর্কে মাননীয় মুখ্যমন্ত্রী এবং শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে এক হাজার শিক্ষক রোদ বৃষ্টি ঝড়ের মাঝখানে আজ চার দিন ধরে অবস্থান ধর্মঘট করছেন—শুধু তাই নয়—তাদের সঙ্গে সহস্র সহস্র সরকারী কর্মচারী, ছাত্র এবং অভিভাবকরা এতে যোগ দিয়েছেন—এই অবস্থাটা দিনের পর দিন অত্যন্ত জটিল হতে যাচ্ছে। আজ ৩৫ হাজার শিক্ষকের ন্যায়সঙ্গত দাবীকে উপেক্ষা করার জন্য এই রকম জটিল পরিস্থিতির সৃষ্টি করা হচ্ছে। আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী এবং অর্থমন্ত্রী অর্থাভাবের কথা বলেন। আমি বলছি যে তিন, চার, পাঁচ বছর বড় বড় স্কুল বিল্ডিংসগুলি না করে শিক্ষকদের যাতে বেতন বৃদ্ধি হয় এবং ছাত্রদের অবস্থার যাতে উন্নতি হয় সেই ব্যবস্থাই করুন। তাহলে বাংলাদেশের শিক্ষার প্রগতির পক্ষে অনেক সুবিধা হবে। সেইজন্য আমি বলছি যে তাঁরা শিক্ষকদের সঙ্গে দেখা করুন এবং বাংলাদেশের এই যে বিরাট সমস্যা, শিক্ষক জগতে যে একটা বিরাট বিপর্যয়ের সৃষ্টি হতে যাচ্ছে সেটা তারা বন্ধ করুন।

Shri Kamal Kanti Guha:

স্যার, আমরা এ বিষয়ে একটা আলোচনা করতে চাই। এ ব্যাপারে একটা বাস্তব ব্যবস্থা করতে হবে। কেবল সহানুভূতি আছে, আমরা দুঃখিত, আমরা করতে পারছি না—তাদের ভাল করা উচিত—তাদের দাবী ন্যায়সঙ্গত দাবী একথা বললে চলবে না। আমরা এ বিষয়ে একটা আলোচনা চাচ্ছি—ওঁরা বলছেন যে বাজেটে আলোচনা করবেন—চার দিন পরে ওঁরা উত্তর দেবেন—এই চার দিন কি ঐ লোকগুলো ফুটপাতে বসে থাকবেন, বৃষ্টি রোদ ঝড়ের মধ্যে? এইভাবে চলতে পারে না। সেজন্য বলছি যে আজকেই আমরা একটা আলোচনা করতে চাই।

Shri Aswini Roy:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এ সম্পর্কে শিক্ষামন্ত্রী এবং বিশেষ করে অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই যে আজ চার দিন ধরে পশ্চিমবঙ্গের শিক্ষকরা অবস্থান ধর্মঘট করে আছেন। এই ব্যাপারটা অত্যন্ত গুরুতর। যারা জাতি গঠন করবে তাদের মধ্যে যদি ঐ রকম অসন্তোষ থাকে তাহলে কিছুই হবে না। কাজেই সেই অসন্তোষ যাতে নিরসন হয় তার ব্যবস্থা ওঁরা করুন—সেইজন্য আপনারা তাদের সঙ্গে দেখা করে বা তাদের ডেকে নিয়ে আলাপ আলোচনা করে যাতে আজকেই এর একটা অবসান হয়—সেই রকমভাবে একটা কিছু ব্যবস্থা করুন। যদি এটা না করেন তাহলে এই যে ১১।১২ দিন ধরে স্কুল কলেজ বন্ধ আছে—স্কুল কলেজগুলি যখন খুলবে তখন আবার ধর্মঘট হবে এবং শিক্ষা ব্যবস্থায় সম্পূর্ণ একটা বিপর্যয়ের সৃষ্টি হবে। সেইজন্য আমি শিক্ষামন্ত্রী এবং অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে যেকোন রকমে একটা মীমাংসা যেন করেন।

Shri Hemanta Kumar Basu:

স্যার, আজ চার দিন ধরে শিক্ষকরা এসপ্ল্যানেডে অবস্থান ধর্মঘট করছেন। তাদের দাবী মন্ত্রী মহাশয় সঙ্গত বলে মনে করেছেন এবং এ বিষয়ে তাঁদের সহানুভূতিও আছে—তারা সচেতন এবং সজাগও আছেন এ বিষয়ে কোন সন্দেহ নেই। কিন্তু স্যার, এ বিষয়ে একটা সহজেই মিটমাট হয়ে যেতে পারে। প্রস্তাবটা হচ্ছে এই যে এখন তাঁরা বলছেন টাকা নেই বলে তাদের দাবী পূরণ করা যাবে না—কিন্তু যদি ফোর্থ ফাইভ ইয়ার প্ল্যানের গোড়াতে মন্ত্রী মহাশয় এই ক্যাটিগরীক্যাল এ্যাসিওরেন্স দেন যে তাদের দাবী মেটানো হবে—সেই দাবী পূরণ করার জন্য চেষ্টা করা হবে তাহলে নিশ্চয়ই তারা তা মেনে নেবেন। এই শিক্ষকরা আর কত দিন ধরে সেখানে বসে থাকবেন—তারা চার দিন ধরে সেখানে অবস্থান ধর্মঘট করে আছেন—কাজেই যদি এইভাবে একটা ক্যাটিগরীক্যাল এ্যাসিওরেন্স দেন তাহলে সম্মানজনকভাবে মিটমাট হবে। এখানে মুখ্যমন্ত্রীকে দেখতে পাচ্ছি না—অর্থ মন্ত্রী এবং শিক্ষামন্ত্রীকে বলছি যে তাঁরা যখন বলেছেন যে

তাঁদের দাবী ন্যায়সংগত এবং সে বিষয়ে তাঁরা সচেতন আছেন—তখন ফোর্থ ফাইভ ইয়ার প্ল্যানের গোড়াতে তাদের সমস্ত দাবী পূরণ করবেন এইভাবে যদি একটা ক্যাটিগরীক্যাল এ্যাসিওরেন্স দেন এবং ডি, পি, আই যে একটা অসম্মানজনক সার্কুলার দিয়েছেন—নানারকমভাবে তাদের ভয় দেখানো হচ্ছে যে তাদের চাকুরী যাবে এই সার্কুলারটি যদি তুলে নেন তাহলে নিশ্চয়ই এই অবস্থান ধর্মঘটটা মিটে যেতে পারে।

Shri Kashi Kanta Maitra:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রীহেমন্ত বসু মহাশয় যে বক্তব্য রাখলেন সেটা আমি সম্পূর্ণভাবে সমর্থন করছি এবং আমি মনে করছি যে এই ব্যাপারটা সরকার এড়িয়ে যেতে পারেন না। কারণ আমাদের মুখ্যমন্ত্রী সেদিন এই হাউসে বলেছেন যে আলোচনার দ্বার খোলা আছে এবং আমরা বিবেচনা করে দেখবো। কাজেই আজ এই সরকারের পক্ষ থেকে মুখ্যমন্ত্রী এবং শিক্ষা মন্ত্রী কেন এই এ্যাসিওরেন্স দেবেন না যে এই রকম অপমানজনক হুমকী দিয়ে যে সার্কুলার দেওয়া হয়েছে ডি, পি, আই-এর অফিস থেকে সেটা উঠিয়ে নিবেন এবং চতুর্থ পরিকল্পনার শুরুতে শিক্ষক মহাশয়দের দাবী মেনে নেবেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিষয়ে আমাদের যে মনোভাব সেটা হচ্ছে যদি মাননীয় মুখ্যমন্ত্রী অথবা শিক্ষামন্ত্রী সন্তোষজনকভাবে আলোচনা করে একটা মীমাংসার পথ না দেখান তাহলে কিন্তু অসন্তোষ বাড়বে এবং এই হাউসে আমাদের বক্তব্য আমরা সরকারকে শুনতে বাধ্য করব। কেন না এই রকম হতে পারে না শিক্ষক মহাশয়রা ৪ দিন ধরে রাস্তায় বসে থাকবেন আর বিধান সভায় বসে কোন বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে। যখন লক্ষ লক্ষ কোটি কোটি মানুষের ভবিষ্যত নিয়ে পরীক্ষা চলছে তখন আমরা এখানে আসব, ঠান্ডা ঘরে বসে বক্তৃতা শুনব, বক্তৃতা করব এবং ফিরে যাব অথচ বাইরের মানুষ জানতে পারবে না তাদের সম্বন্ধে কোন কিছু করতে পারলাম কিনা এটা আমাদের পক্ষে অত্যন্ত লজ্জাজনক ব্যাপার। সেজন্য আপনাকে অনুরোধ করব আপনি মুখ্যমন্ত্রী এবং শিক্ষামন্ত্রীকে বলুন তাঁরা যেন হাউসের সামনে একটা এ্যাসিওরেন্স রাখেন। যদি এ্যাসিওরেন্স না হয় তাহলে হাউসে আমাদের আলোচনা করতে দিতে হবে।

[2-20—2-30 p.m.]

Shri Somnath Lahiri:

মাননীয় স্পীকার মহাশয়, যে কথা হেমন্তবাবু বলেছেন সেটাই যদি শিক্ষক মহাশয়দের অভিমত হয় তাহলে আমার মনে হয় শিক্ষা মন্ত্রী মহাশয়ের এখনই উচিত তাঁদের ডেকে একটা আলোচনা করা। কারণ, এই যদি তাঁদের প্রস্তাব হয় তাহলে প্রস্তাবটা খুবই যুক্তিসংগত। আপনাদের আজুহাত ছিল যে আমাদের সহানুভূতি আছে কিন্তু টাকা পয়সা নেই, কাজেই দেওয়ার ব্যবস্থা করে উঠতে পারছেন না। তাঁরা যদি এতে রাজী হয়ে থাকেন যে এখনই যদি না দিতে পারেন চতুর্থ পরিকল্পনার মধ্যে জিনিসটাকে অন্তর্ভুক্ত করুন তাহলে আমার ধারণা শিক্ষকদের সংগে এবং বিভিন্ন দলের প্রতিনিধিদের সংগে বসে যদি মুখ্যমন্ত্রী এবং শিক্ষামন্ত্রী মহাশয় জিনিসটার আলোচনা করেন তাহলে চতুর্থ পরিকল্পনায় এই ব্যবস্থা করার মত টাকা জোগাড় করার অসুবিধা হবে না। অন্ততঃপক্ষে হোক না হোক এই ধরণের যে প্রস্তাব এনেছেন সেটা হেলায় না সরিয়ে তাঁদের ডেকে শিক্ষামন্ত্রী মহাশয়ের আলোচনা করা উচিত। এবং স্বভাবতঃই আলোচনা করতে হলে এই রকম ধমকের আবহাওয়া থেকে দূরে থাকাই ভাল। যাঁরা রাস্তায় বসে আছেন তাঁরা গোলমাল করেননি, অন্ততঃ শান্তভাবে ঝড় জলের মধ্যে বসে আছেন। কিন্তু সরকার পক্ষ থেকে অশোভনভাবে সার্কুলার দিয়েছেন এবং ইনসপেক্টর অব স্কুলস সার্কুলার দিয়েছেন যে ২৪ তারিখের পর যারা গরহাজির হবে তাদের সম্বন্ধে যেন আমাদের কাছে রিপোর্ট করা হয়। স্কুল টিচার যদি না আসে তাহলে ম্যানেজিং কমিটি যেন রিপোর্ট করেন। এই ধরণের ধমক দিয়েছেন। সে দিক বিবেচনা করে এবং এই রকম অপ্রিয় যে পরিস্থিতি কলকাতার বুকে দিনের পর দিন রয়েছে তা দূর করার জন্যও বটে আমি বলব শিক্ষামন্ত্রী মহাশয় উদ্যোগী হয়ে শিক্ষকদের সংগে আলাপ-আলোচনা করে বিষয়টার একটা মীমাংসার ব্যবস্থা করুন।

Shri Khagendra Kumar Roy Choudhury:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা শুনলাম জ্যোতিবাবু মুখ্যমন্ত্রীর সংগে শিক্ষকদের দাবি নিয়ে যখন আলোচনা করতে গিয়েছিলেন তখন মুখ্যমন্ত্রী বলেছিলেন যে ১০ মিনিট পরে তাঁকে উত্তর দেবেন। তারপরে জ্যোতিবাবু তাঁর সংগে কথাবার্তা বলতে পারেন নি। ১০ মিনিট পরে কি কথা বলতেন আমরা জানি না। সে যাই হোক, আমরা দেখছি অধ্যাপকদের দাবি তাঁরা মেনে নিয়েছেন এবং চতুর্থ পরিকল্পনার প্রথম দিকে তাঁদের ব্যাপারটা সুবিবেচনা করা হবে এই রকম প্রতিশ্রুতি দেওয়া হয়েছে। আজকে শিক্ষকদের ব্যাপারটা চতুর্থ পরিকল্পনার প্রথম দিকে ব্যবস্থা করা হবে এই রকম যদি এ্যাসিওরেন্স দেন এবং যে সার্কুলার দিয়েছেন সেটা যদি উইথড্র করেন এবং এই ব্যাপারে যদি আলোচনা হয় তাহলে ভাল হয়। তা না হলে অবস্থা আরো খারাপ হবে। সেজন্য হাউসে যাতে আলোচনা হয় তার ব্যবস্থা করুন।

Dr. Narayan Chandra Roy:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে হাওড়া স্টেশনের ঘটনার প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। সেখানে আজ বাস পোড়ান নিয়ে কয়েকটি উত্তেজনামূলক ঘটনা হয়েছে এবং সেখানে বাসে চাপা পড়ে একজন মারা গেছে। বাসে চাপা পড়ে মারা যাওয়ার ফলে উত্তেজনার সৃষ্টি হয় এবং বাসে অগ্নিসংযোগ হয়। এ সম্বন্ধে সঠিক ঘটনা কি সেটা সরকার পক্ষ থেকে বললে ভাল হয়। কারণ, সঠিক ঘটনা বললে কলকাতায় উত্তেজনা শান্ত হতে পারে, তা না হলে উত্তেজনা বেড়ে যাবে।

Shri Saila Kumar Mukherjee: Sir, at about 10.50 hours today, S.P., Howrah, rang up D.I.G., Headquarters, and informed that a State bus on Grierson road near suburban platform ran over a college student, who was killed on the spot. There was a big crowd and the D.I.G., Headquarters, asked the S.P., Howrah, to ensure removal of the dead body and the bus which caused the accident, immediately from the spot and to send some superior police officers. S.P. informed that the Additional S.P., Howrah, had already been sent to the spot with available police force and asked for reinforcements from Barrackpore and 24-Parganas. One platoon of Armed Police and a Gas Squad was rushed from 24-Parganas. Reinforcement of 200 officers and men were also detailed from Barrackpore.

At about 11-10 hours information was received that a bus had been set on fire. Immediately afterwards, further information was received that 4 State buses—3 double deckers and one single decker—were set on fire by rowdy elements. Three double deckers had been completely gutted while the single decker bus rushed near Howrah G.R.P.S. where police and the State bus people succeeded in extinguishing the fire.

When the Fire Brigade was approaching the scene of incident, it was obstructed by rowdy elements near the main gate of the suburban platform and the police had to make a lathi-charge to clear the place and to allow the Fire Brigade to function.

So far 12 arrests have been made. Three double decker buses have been completely gutted. The situation is now under control. Private buses in Howrah have started running and a few tram cars are also moving. The State buses have not started running yet. The Chief Executive Officer of State Transport Corporation is on the spot. He intends to clear the burnt down buses from the scene and then start running all the State Buses.

Shri Girija Bhusan Mukherjee:

স্যার, আমি একটা পয়েন্ট বলতে চাই। হাওড়া ষ্টেশন প্ল্যাটফর্মের ভেতর ৫০ হাত ভেতরে গিয়ে লাঠি চার্জ হয়েছে। আমরা দেখছি যে ষ্টেশন বিল্ডিং-এর ৫০ থেকে ১০০ হাত দূরে ভেতরে ঐ ঘটনা হয়েছে। সুতরাং এই রাউডি এলিমেন্ট-এর কার্যকলাপ সম্বন্ধে অবিলম্বে একটি এনকোয়ারী করুন।

Shri Sambhu Charan Ghosh:

মাননীয় স্পীকার মহাশয়, আমি বলতে চাই আমি হাওড়া ষ্টেশনে দ‍ু-ঘন্টা আটক ছিলাম। সেখানে আমি দেখেছি মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে ষ্টেট্‌মেন্ট দিলেন, তা সম্প‍ূর্ণ সঠিক নয়, আমি সমস্ত ঘটনা চোখের সামনে দেখেছি। সেখানে কলেজের ছাত্রটাকে চাপা দেওয়া হলে তার ডেড বডী জনতা নিয়ে যেতে দেয় না। সেখানে প‍ুলিস এসে লাঠি চার্জ করে, ফলে সেই জনতা উত্তেজিত হয় এবং হাওড়া ষ্টেশন প্ল্যাটফর্মের মধ্যে আমি দ‍ু-ঘন্টা আটকে ছিলাম, আমি সমস্ত দেখেছি। বেঙ্গল প‍ুলিস ষ্টেশনের মধ্যে গিয়ে, প্ল্যাটফর্মের ভেতরে গিয়ে—কামরার মধ্যে ঢ‍ুকে অমান‍ুষিক লাঠি চার্জ করেছে। এ বিষয়ে আমি অর্থমন্ত্রীর দ‍ৃষ্টি আকর্ষণ করছি। আপনি এ সম্বন্ধে এনকোয়ারী করে একটা সঠিক বিবরণ আমাদের সামনে দিন।

Shri Nikhil Das:

মাননীয় স্পীকার মহাশয়, শিক্ষকদের সম্বন্ধে অনেকে অনেক কথা বলেছেন। চারদিন ধরে রাস্তার মধ্যে তাঁরা বসে রয়েছেন, স্ট্রাইক চলছে। ২৪ তারিখে স্কুল খ‍ুলবে। ও'রা ভয় দেখিয়েছেন ২৫ তারিখে যারা স্কুলে না আসবে, তাদের গ্রেপ্তার করা হবে, তাদের চাকরী যাবে। এই ধরণের অবস্থা স‍ৃষ্টি হয়েছে। এই যে একটা গ‍ুর‍ুত্বপ‍ূর্ণ অবস্থা, আমি এখানে বক্তৃতা দিতে দাঁড়াই নি; আমার বক্তব্য হচ্ছে—এক্ষ‍ুনি হাউসের মধ্যে এ্যানাউন্স কর‍ুন, এক্ষ‍ুনি যদি নাও দিতে পারেন, ১৯৬৬ সালে অর্থাৎ চত‍ুর্থ পরিকল্পনার প্রথম বছরে ওঁদের দাবীটা আপনারা মেনে নেবেন, এই স্বীকৃতিটা আপনি দিন।

দ্বিতীয় হচ্ছে ডি, পি, আই, থেকে যে ন্যাক্‌কারজনক অর্ডার দেওয়া হয়েছে সেটা আপনি তুলে নেন। চারদিন ধরে তাঁরা পথে চুপচাপ বসে রয়েছেন—এ অবস্থা চলতে পারে না। ও'দের আপনারা ডাকুন, যাতে আজই একটা ফয়সালা হতে পারে এবং সেই ফয়সালার কথা যাতে আজই এসেম্বলীতে ঘোষণা হতে পারে তার ব্যবস্থা কর‍ুন। তা না হলে যে বাজেট আলোচনা এখানে চলছে এর কোন অর্থ হয় না, কতকগ‍ুলি মান‍ুষ—হাজার হাজার লোক রাস্তার উপরে বসে থাকবে, আর স্কুলগ‍ুলি বন্ধ হয়ে থাকবে, গ্রেপ্তার করা হবে, লাঠিচার্জ হবে- এই অবস্থা থেকে রেহাই পাবার একটা ব্যবস্থা রয়েছে ; আপনারা বললেন দরজা খোলা রয়েছে। খোলা যদি দরজা থাকে তাহলে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি ওঁদের দেখাতে বল‍ুন, এখানকার সমস্ত দলের প্রতিনিধিদের নিয়ে তাঁরা আলোচনা কর‍ুন। কিন্তু ওঁরা এ সম্বন্ধে কোন কথা বলছেন না। শৈলবাব‍ু বসে আছেন, তিনিও কোন কথা বলছেন না। তিনি যদি কোন এ্যাসিওরেন্স দেন, তাহলে আপাততঃ না হোক ভবিষ্যতের জন্য যদি দেন, তাহলে ভাল হয়। এ বিষয়ে আমি তাঁদের দ‍ৃষ্টি আকর্ষণ করছি।

[2-30—2-40 p.m.]

Shri Bejoy Kumar Banerjee:

মাননীয় স্পীকার মহাশয়, শিক্ষকদের নিয়ে যে ব্যাপারটা হচ্ছে সেটা মেটাতে কি হয়েছে? আপনি দেখলে অবাক হবেন এতে শিক্ষকদের উদ্দেশ্য করে লিখেছে, তোমাদের মাইনেপত্র দেওয়া হবে না, যতদ‍ূর পারব পানিসমেন্ট দেব। আমি একটা স্কুলের সেক্রেটারী, নন-অফিসিয়াল ইলেক-টেড। আমাকে লিখেছে, আপনি স্কুলে গিয়ে দেখবেন স্কুল খ‍ুলেছে কিনা। এতবড় আস্পর্ধা কি করে হোল? শ‍ুধ‍ু তাই নয়, আবার লিখেছে তোমাদের গ্র্যান্ট দেব না। কার এমন ক্ষমতা আছে যে গ্র্যান্ট দেবে না? এটা গভর্নমেন্ট-এর টাকা নয়, এটা জনসাধারণের টাকা। তারপর, আরও যা লিখেছে সেটা আমি পড়ে শোনাচ্ছি। এখানে লিখেছে,

It is a primary obligation of Government to maintain normal school service. It will not be possible for the Government to continue assistance in any form of public funds.

স্যার, আমি মনে করি দাবীদাওয়ার কথা বলার অধিকার তাঁদের আছে। তাঁরা আমাকে জানিয়েছে যে, তাঁদের নাকি এরকম কথা বলা হচ্ছে যে সমস্ত এড‍ুকেশনাল ইন্সটিটিউসন-এর গ্র্যান্ট বন্ধ করে দেওয়া হবে। কোন সরকারের এই ক্ষমতা আছে? আপনি গিয়ে দেখ‍ুন টিচাররা কিভাবে

সেখানে পড়ে আছে। এসব লজ্জার কথা। আমি জিজ্ঞাসা করি যাঁরা আমাদের ছেলেমেয়েদে পড়ায় তাঁদের কথাবার্তা শুনে তাঁদের ব্যাপারটা কি আমরা মিটিয়ে দিতে পারি না? আজকে তাঁদের না দিন, ২।১০ দিন পরে বা দুমাস পরে দিন। কিন্তু এরকম একটা সাংঘাতিক সিচু য়েসন তো চলতে দেওয়া যায়না—এতো আউট অব কণ্ট্রোল হয়ে গেছে। কাজেই আপনাদে কাছে অনুরোধ করছি এটা কোন পলিটিক্স-এর কথা নয়, আপনারা এটা মিটিয়ে দিন।

Shri Girish Mahato:

মাননীয় স্পীকার মহাশয়, শিক্ষকদের দাবী নিয়ে যে আলোচনা হচ্ছে সেই দাবীকে আমি সম র্থন করি। প্রাচীনকালে এই শিক্ষকদের বলা হোত গুরু। কিন্তু আজ দেখছি স্বাধীন দেশে সেই গুরুরা ওখানে পড়ে আছে। কংগ্রেস রাজত্বে সেই গুরুরা দুটি ভাতের জন্য ৪ দিন ব্যাপ ওখানে পড়ে থাকা সত্ত্বেও পাষাণ সরকার তাঁদের দাবী সমর্থন করছে না। মুখ্যমন্ত্রী হিসেবে যখন ডাঃ রায় ছিলেন তখন তিনি নাকি তাঁদের দাবীগুলো মেনে নিয়েছিলেন, কিন্তু বর্তমান মুখ্যমন্ত্রী তাঁদের দাবীগুলো মানতে রাজী নন। আমরা অবশ্য জানি কংগ্রেস সরকার মারফত কোন কাজ হয়না, তবুও শিক্ষকরা যখন ৪ দিন ধরে ওখানে পড়ে আছেন তখন আপনাদের কাছে অনুরোধ জানাচ্ছি যে তাঁদের সঙ্গে আলোচনা করে এই ব্যাপারটা মীমাংসা করে ফেলুন।

Shri Saila Kumar Mukherjee:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত দুদিন আগে অবস্থান ধর্মঘট সুরু হবার পূর্বে মুখ্যমন্ত্রী মহাশয় বিরোধী দলের প্রশ্নোত্তরে বলেছিলেন স্পষ্ট ভাষায় যে, আলোচনার দ্বার রুদ্ধ কোনদিন হয়নি আলোচনা সব সময় চলতে পারে। এই প্রশ্নোত্তর আলোচনার পর আর কোন আলোচনার প্রস্তাব কোন পক্ষের কাছ থেকেই সরকার পাননি।

[নয়েজ ঃ—আপনারা কেন ডাকেন নি তাদের]

সুতরাং এখনও যদি মাননীয় বিরোধী সদস্যরা মনে করেন তাহলে আলোচনার জন্য তাদে নিশ্চয়ই আনতে পারেন, তাদের প্রতিনিধিদের আনতে পারেন। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় আজ সকালে দিল্লীতে গেছেন, তিনি এখানে নেই, পরশুদিন ফিরবেন। তাঁরা যদি দরকার মনে করে আসতে পারেন আলোচনার জন্য।

আর একটা প্রশ্ন উঠেছে আমাদের প্রতিশ্রুতি সম্বন্ধে ৪র্থ পরিকল্পনার প্রথম বছরের প্রথম মাসে, অর্থাৎ বছরের গোড়ায় মূল্য বৃদ্ধি হলে তাদেরও বৃদ্ধি হবে কিনা, সে সম্বন্ধে আমি জানতে পারি, কলকাতা বিশ্ববিদ্যালয় এবং অন্যান্য অধ্যাপকরা এই প্রতিশ্রুতি বহু পূর্বে দিয়েছে যে চতুর্থ পরিকল্পনা কমিশন ইউনিভার্সিটি গ্র্যান্ট কমিশন যা দেবেন তা পশ্চিমবঙ্গ সরকার মেনে নেবেন এবং আপনারা সংবাদপত্রে দেখেছেন তাঁদের পক্ষ থেকে মুখ্যমন্ত্রীর প্রতিশ্রুতি দিয়েছেন যে তাঁরা পরীক্ষা বর্জন সিদ্ধান্ত প্রত্যাহার করেছেন। আপনারাও যদি সে রকম প্রতিশ্রুতি চান, আমি জানাতে পারি যেদিন অবস্থান ধর্মঘট হয় তার পূর্বে দু-ঘন্টাব্যাপী যে আলোচনা হয় শিক্ষক সমিতির তরফ থেকে আমি সেখানে উপস্থিত ছিলাম, শিক্ষামন্ত্রী উপস্থিত ছিলেন, তাঁদের ১, ২, ৩, ৪ করে যে দাবীগুলি ছিল তার মধ্যে এই প্রস্তাব সেদিন তাঁরা তোলেননি যে অধ্যাপকদের মত এই প্রতিশ্রুতি দিন যে ৪র্থ পরিকল্পনায় টাকা পেলে দেবেন। তা যদি দিতেন তাহলে নিশ্চয়ই সরকার সে প্রস্তাব বিবেচনা করতেন। এটা আজকে নূতন বিধানসভায় বলা হল শিক্ষকদের সম্বন্ধে এবং এটা নিয়ে যদি আলোচনা করতে চান তাহলে আমার মনে হয় মুখ্যমন্ত্রীর সঙ্গে, শিক্ষামন্ত্রীর সঙ্গে আলোচনা করতে পারেন, তিনি পরশুদিন ফিরে আসবেন। এখন আলোচনার কোন সুবিধা হবে না।

Shri Kashi Kanta Maitra:

ডি, পি, আই সার্কুলার উইথড্র করায় জন্য এসিওরেন্স আমরা চাই।

Shri Saila Kumar Mukherjee:

...টা শিক্ষামন্ত্রী দিতে পারেন, আমি দিতে পারি না। তিনি এখানে নেই, আমি মনে করি সেই ...রের মধ্যে কোনরূপ অপমানসূচক কিছু বলা হয়নি।

Shri Kashi Kanta Maitra:

...ই করা হয়েছে। আপনি সেই এসিওরেন্স দিন।

Shri Somnath Lahiri:

... আপনার মারফত সরকারকে অনুরোধ করবো, অর্থমন্ত্রী মহাশয় যে কথা বলেছেন স্বভা-বতঃই এটা মনে হবে তারপর পরিস্থিতির মিটমাটের সম্ভাবনা দেখা দিয়েছে, সেই সম্ভাবনার দরজা বন্ধ করে লাভ নাই। সুতরাং আপনি একথা বলুননা যে তাঁরা আসুন, তখন তাঁদের সংগে ডি, পি, আই, সার্কুলার প্রত্যাহার সম্বন্ধেও আলোচনা করবেন, এই ব্যাপারে আপনি একটু উদ্যোগী হয়ে করুন এবং শিক্ষামন্ত্রীকেও যোগাড় করুন।

Shri Saila Kumar Mukherjee:

মুখ্যমন্ত্রী মহাশয়, আজ এখানে নেই, তিনি পরশুদিন আসবেন, নীতিগত প্রশ্ন তাঁর সংগেই আলোচনা করবেন, তিনি নিজেও এটা বলে গিয়েছেন। তিনিও অপেক্ষা করছিলেন, এই তিন দিন কোন আলোচনার প্রস্তাব আসে কিনা।

Shri Nikhil Das:

...রা ডাকেন নি কেন?

Shri Aswini Roy:

মুখ্যমন্ত্রী রয়েছেন, শিক্ষামন্ত্রী রয়েছেন.........(নয়েজ)

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় অর্থমন্ত্রী বললেন আমাদের তরফ থেকে ইনিশিয়েটিভ নেবার জন্য কিন্তু গভর্নমেন্ট তরফ থেকে কোন ইনিশিয়েটিভ নেওয়া হচ্ছে না কেন। এটা যে আমাদের হাউসের সামনে রাখ-ছেন এটা কিরকম ব্যাপার।

Shri Nikhil Das:

মাননীয় মুখ্যমন্ত্রী তো দিল্লী চলে গেছেন, এই তিন দিন কি রাইটার্স বিল্ডিংস বন্ধ থাকবে? সমস্ত সরকারী কাজ কি বন্ধ থাকছে? মুখ্যমন্ত্রী এখানে নেই এই লোকগুলি কি বসে থাকবে? মুখ্যমন্ত্রী চলে গেলে কি কোন কাজ চলবে না? ও'রা বসে আছেন কেন? মুখ্যমন্ত্রী চলে গেলে কি কোন কাজ হবে না? তাহলে ও'রা বসে আছেন কেন? ও'রা কি জবাব দিতে পারেন না, ও'রা কি এ সম্বন্ধে বলতে পারেন না? আপনারা কি মুখ্যমন্ত্রীর সংগে ট্রাংক কলে কথা বলতে পারেন না, আলোচনা করতে পারেন না? শিক্ষকরা ওখানে বসে থাকবেন দু দিন ধরে? তাঁরা অপেক্ষা করে আছেন, এই ব্যাপারে আমি আবার বলছি ও'রা মুখ্যমন্ত্রীর সংগে ট্রাংক কলে আলাপ করুন, এই দুদিন যেন অপেক্ষা না করেন, তা যদি করেন, বিধানসভা এত ...চলবে না, একথা আমি বলে দিচ্ছি।

Shri Kamal Kanti Guha:

আমরা এখন অন্যান্য বিষয়ের আলোচনা চাই না। এসব যদি আলোচনা করতে হয় তবে মুখ্য-মন্ত্রী আসুন তখন হবে, আমাদের যে দাবী সে সম্বন্ধে আগে হোক।

Shrimati Ila Mitra:

শিক্ষকরা ৪ দিন যাবৎ বৃষ্টির মধ্যে পড়ে রয়েছে, তাদের সংগে আলোচনার জন্য কি এখনি বসতে পারেন না?

[2-40—2-50 p.m.]

Shri Kamal Kanti Guha:

শিক্ষকরা আসুন বা না আসুন সেটা কথা নয়—আমরা গার্জেন, আমাদের ভাই-বোন স্কুলে পড়ে তাদের কথা ভেবেই একথা বলছি।

Mr. Speaker:

এসব কথা তো অনেক বলা হয়েছে।

Shri Kamal Kanti Guha:

জনসাধারণের তরফ থেকে আমরা একটা কথা বলেছি যে আমাদের ভাই-বোন, ছেলেমেয়েদের স্কুল বন্ধ হয়ে যাচ্ছে। আমরা পরিষ্কার ভাবে এই প্রস্তাব রাখছি যে মন্ত্রীমহাশয় এই আশ্বাস দিন যে চতুর্থ পরিকল্পনার সুরুতে তাঁদের সমস্ত দাবীদাওয়া মেনে নেওয়া হবে। তারপর যদি আমরা দেখি যে শিক্ষকরা মানছেন না তখন আমরা জনসাধারণের পক্ষ থেকে শিক্ষকদের উপর চাপ দেব। স্ত্রী-শিক্ষকরা কি করবেন, মন্ত্রীমণ্ডলী কি করবেন এর মাঝখান থেকে আমাদের ছেলেমেয়েদের, ভাইবোনেদের পড়াশুনা হবে না এটা আমরা চাই না। তাই আমরা বাংলাদেশের মানুষের তরফ থেকে এই আবেদন রাখব যে তাঁদের দাবীদাওয়া মেনে নেওয়া হোক এবং ডি পি, আই-এর যে অপমানজনক পত্র সেটাও তুলে নেওয়া হোক। আজ এখন পরিষ্কার প্রতিশ্রুতি দিন যে চতুর্থ পরিকল্পনার সুরুতে আমরা তাঁদের দাবীদাওয়া মেনে নেব।

Shri Sambhu Charan Ghosh:

যখন একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ হচ্ছে তখন ও'রা কেন উত্তর দিচ্ছেন না?

Shri Saila Kumar Mukherjee: Sir, I have nothing further to add. I have already repeated my request to the opposition. It they do not want to hear me, I will not utter a single word.

Mr. Speaker:

এটা এখানেই শেষ হোক।

Shri Hemanta Kumar Basu:

তাঁদের দাবী তো সম্পূর্ণ সঙ্গত দাবী। তাঁরা তো এখন চাচ্ছেন না।

Mr. Speaker:

মন্ত্রীমহাশয় সব বললেন।

Shri Hemanta Kumar Basu:

তাঁদের দাবী সঙ্গত দাবী। এ'দের টাকা নেই বলে গভর্নমেন্টের কাছে তো ও'রা এখন জোর করছেন না। তাঁরা বলছেন যে ফোর্থ ফাইভ ইয়ার প্ল্যান-এর প্রথম বছরের প্রথম মাসে একটা প্রতিশ্রুতি চাই। এটা দিলেই তো সব মিটে যায়। মুখ্যমন্ত্রীর সঙ্গে এ বিষয়ে ট্রাঙ্ক কল-এ কথা বলুন এবং এই রকম একটা অবস্থার অবসান করা দরকার। এখন তাঁরা টাকা চাচ্ছেন না, তাঁরা বলছেন যে ফোর্থ ফাইভ ইয়ার প্ল্যান-এর গোড়াতেই তাঁদের প্রতিশ্রুতি দেওয়া হোক এবং ডি পি, আই-এর সার্কুলার তুলে নেওয়া হোক।

Shri Nikhil Das:

তাঁদের সঙ্গে একটা বসার কথা বলছিলাম।

Mr. Speaker:

উনি তো বললেন তাঁরা আসুন।

Leave of Absence

Mr. Speaker: I have received two applications from Shri Karam Hossain and Shrimati Shakila Khatun for permission of the House to be absent from its meetings from the middle of the first week of the next month.

I take it that the members have the permission of the House to such leave.

(Pause)

(Leave of absence was granted)

GENERAL DISCUSSION ON THE BUDGET FOR 1965-66

Shri Monoranjan Roy:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট বক্তৃতা করেছেন তার উপসংহারে ভাষণে তিনি বলেছেন যে মানবিক দিকে সর্বাধিক গুরুত্ব দেওয়ার কথা। মানবিক দিকে অর্থাৎ মানুষের দিকে গুরুত্ব কি রকম দিচ্ছেন—ঐ মানুষের দিকে কিরূপ চাইছেন এবং তাদের অবস্থা কিরূপ দেখছেন সেটা বলি। এসপ্ল্যানেডে গত ৪ দিন যাবৎ শ্রদ্ধেয় শিক্ষকরা বসে আছেন, ঝড় বৃষ্টি এবং দারুণ শীত সেটা আমরা দেখছি। কিন্তু তাদের ডেকে আলোচনা করবার ব্যবস্থা আজ পর্যন্ত করলেন না এবং যে ভাবে তাদের দাবীদাওয়া সম্পর্কে মনোভাব দেখালেন তাতে আর যাই হোক মানবিক কথার গুরুত্ব যে দেন না সেটা খুব পরিষ্কার হয়। আমি এ সম্বন্ধে আর বেশী বলতে চাই না কারণ এখানে আশা করবো যে শিক্ষক এবং শিক্ষিকাদের যে সংগঠন তাদের সঙ্গে বসে তাঁরা যে প্রতিশ্রুতি দিয়েছেন যে প্রতিশ্রুতি হল আগামী ১৯৬৬ সালের এপ্রিল মাস থেকে তাদের দাবীদাওয়া মেনে নেওয়া হবে। অর্থাৎ ঐ চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনার প্রথম দিকেই। ভারত সরকার কি টাকা দেবেন কি দেবেন না এটা কোন সর্ত নয়। পশ্চিমবঙ্গ সরকার মেনে নেবেন এই স্পষ্ট প্রতিশ্রুতি তাঁরা চান। তাঁদের আরো কিছু দাবীদাওয়া ছিল সেগুলি আর্থিক ব্যাপারে জড়িত নয়। অপর দিক থেকে বিশেষ করে এই কথা জানাচ্ছি কারণ ডি. পি, আই-এর সার্কুলার এসেছে। আমলাতন্ত্র সর্বস্ব এই মন্ত্রিমণ্ডলীর তাদের আমলারা যে সার্কুলার পাঠিয়ে দেন তার পরিণতি কি, তাতে মানুষের কি উপকার হতে পারে সেটা দেখবার প্রয়োজন তাঁরা করেন না। কারণ আমলারা যাই লিখে দেবেন সেটাই মন্ত্রীদের শেষ কথা হয় তার একটা উদাহরণ আমি দিচ্ছি। আমি আর শিক্ষকদের ব্যাপারে বিশেষ কিছু বলতে চাই না কারণ এ নিয়ে আজকে আলোচনা হবে বলে আশা করি এবং মুখ্যমন্ত্রীর অবর্তমানে অর্থমন্ত্রী মহাশয় এবং শিক্ষামন্ত্রী তাঁদের ডাকবেন আলোচনা করবার জন্য। আমি যে প্রশ্ন করবো সেটা হচ্ছে বর্তমানের বাজেটের গুরুত্বপূর্ণ বিষয়ের উপর অর্থাৎ যেটা নিয়ে একটু আগে যে প্রশ্ন হচ্ছিল সেই সরকারী কর্মচারী মহার্ঘ ভাতা সম্পর্কে। তাদের অন্যান্য দাবীও ছিল যেমন ১৭ জনকে ছাঁটাই করেছেন। আজ পর্যন্ত তাদের কাজ দিলেন না। তাদের কৈফিয়ত কি বা অপরাধ কি তা কেউ জানলো না। কিন্তু তাদের কাজে নিলেন না। এখানে আমি শৈলবাবুকে জানার জন্য বলছি আপনি আমলাদের আনিয়ে একটু পড়িয়ে নেবেন। যে ব্রিটিশ সম্পর্কে এই মন্ত্রীমণ্ডলীর এবং কংগ্রেসের প্রীতি একটু বেশী সেই ব্রিটিশের ওখানকার সরকারী কর্মচারীদের যে সংগঠনগুলি আছে তাদের কতকগুলি নিয়ম-কানুন আছে। সরকারী কর্মচারী হিসাবে যখন ভর্তি হতে হয় তখন একটা করে হ্যাণ্ড বুক তাদের দেওয়া হয় এবং সেই হ্যাণ্ড বুকে লেখা থাকে

You are not only allowed but encouraged to belong to a staff association. Besides being a good thing for the individual civil servant to belong to an association, which can support him in his reasonable claims and put his point of view before the authorities on all kinds of questions affecting his conditions of service, it is also a good thing for Departments and for the Civil Service as a whole that civil servants should be strongly organised in representative bodies.

[2-50—3 p.m.]

এটা আর বেশী পড়ে শোনাতে চাই না, যদি এখানে এতটুকু এর মেনে চলতেন, তাহলে সরকারী কর্মচারীদের আজকে এই অবস্থায় পড়তে হত না। তারা আজকে যেখানে সংগঠিত হচ্ছে, সেখানে আপনাদের অফিসাররা গিয়ে তাদের নামে রিপোর্ট দিয়ে ছাঁটাই করে দিচ্ছেন অথবা দূরে দূরাঞ্চলে তাদের বদলি করে পাঠিয়ে দিচ্ছেন, যেখানে তাদের চাকরি করা প্রায় অসম্ভব হয়ে ওঠে। এবং যে সমস্ত এ্যাসোসিয়েসানগুলো আপনারা এতদিন পর্যন্ত রিকগনাইজ করেছিলেন, সেগুলোও আপনারা কেটে দিচ্ছেন। আমরা জিজ্ঞাসা করতে চাই, কি বাধা রয়েছে এই সরকারী কর্মচারীদের এ্যাসোসিয়েসান গঠন করবার পথে? কি বাধা আপনাদের হচ্ছে. তারা যদি একটা এ্যাসোসিয়েসান তৈরী করে আপনাদের কাছে প্রতিনিধিত্ব করতে আসেন, কি বাধা হচ্ছে আপনাদের এই এ্যাসোসিয়েসানগুলোকে রিকগনাইজ করে নিতে? সরকারী কর্মচারীদের সম্বন্ধে আর একটি কথা আমি বলি, ঐ চতুর্থ শ্রেণীর সরকারী কর্মচারী যারা রয়েছে তাদের সম্পর্কে একটু আগে অর্থমন্ত্রী বললেন যে ৩২ পয়েন্ট-এর পুরো দিয়ে দিয়েছেন মাগ্গী ভাতা বাড়িয়ে, কিন্তু ঐ চতুর্থ শ্রেণীর সরকারী কর্মচারীদের বাড়ী ভাড়া বাবদ আপনারা কত দিচ্ছেন? মাত্র ৫ টাকা, মন্ত্রীদের এটা অবশ্য জানা আছে কিনা জানি না শৈলবাবু জেনে রাখুন যে ঐ ফুট পাথ-এ হাজার হাজার শ্রমিক এবং বাইরের লোকরা শুয়ে থাকে, তাদেরও মাসিক ৫ টাকা করে পুলিশকে দিতে হয় ফুট পাথ-এ থাকার জন্য। ৫ টাকায় কলকাতা শহরে বস্তীঘর ভাড়া পাওয়া যায় না, ফুট পাথ ভাড়া করতে গেলে পুলিশকে ৫ টাকা দিতে হয়. সেই ৫ টাকা আপনারা এদের বাড়ী ভাড়া বাবদ দেন, কাজেই এই যদি আপনাদের গুরুত্ব দেওয়া হয়ে থাকে, মানবিক দিক দিয়ে তাহলে আমি জানি না মানবিকতা কাকে বলে। এখন আমি রাজ্যপালিকার ভাষণে দেখলাম, তিনি বলেছেন কৃষিকে নাকি সর্বাধিক গুরুত্ব দিয়েছেন তাঁর সরকার। কি রকম গুরুত্ব দিয়েছেন এবং তার ফল সেটা এই যে ইকনমিক রিভিউ, এর কয়েকটা জায়গা থেকে দেখছি, তার কি চমৎকার ফল হয়েছে, তার চরম পরিণতি হয়েছে। সেচ পরিকল্পনার ব্যাপারে দেখা যাচ্ছে যে ১৯৫৮-৫৯ থেকে ১৯৬০-৬১ সাল, এই ৩ বছরে তারা মোট জমির দশমিক চার শতাংশ ভাগ তারা কোটি কোটি টাকা খরচ করে সেচের এবং জলসেচের ব্যবস্থা করতে পেরেছেন। এমন চমৎকার গুরুত্ব দিয়ে এই রকম পরিণতি এবং এত সাফল্য এটা অন্য কোনও দেশে হয়েছে বলে আমরা আজ পর্যন্ত শুনিনি। মোট সেচের যে সম্ভাবনা এবং তার কার্যকারিতা সারা ভারতের ব্যাপারে, আজ পর্যন্ত হয়েছে ৭৩ ভাগ শতকরা, আর পশ্চিমবঙ্গে এখন পর্যন্ত হয়েছে ৬৯ ভাগ। ডি, ভি, সি-র লক্ষ্য ছিল ৯ লক্ষ ৭৩ হাজার একর জমিতে জলসেচের ব্যবস্থা করা, সেখানে আজ পর্যন্ত ৪ লক্ষ ৮০ হাজার একর মাত্র করা হয়েছে। টিউবওয়েল যে গভীর নলকূপ করার ব্যবস্থা ১৯৬১-৬২ থেকে ১৯৬৩-৬৪ সাল, এই তিন বছরের হিসাব আছে, অন্য বছরের হিসাব নেই। ১৯৬৪-৬৫ সালের কোনও হিসাব এই ১৯৬৫ সালের ইকনমিক রিভিউ-তে কিন্তু দেওয়া হয়নি। এইজন্য, যে দিলে এটা আরও পরিষ্কার হয়ে যায়, কি ব্যর্থতা। হিসাবে দেখা যাচ্ছে যে আপনারা আজ পর্যন্ত, এই ৩ বছরে আজ পর্যন্ত মাত্র ১১৩টি গভীর নলকূপ খনন করতে পেরেছেন, এবং এতে ৩০০ থেকে ৪,০০৮ একর জমিতে জল দেওয়া যায়, তার বেশী দেওয়া যায় না। তাতে যে জমিতে জল দেওয়া যাবে তা একটা সমুদ্রে সামান্য এক বিন্দু জলের মত হবে। ওতে সেচের পরিকল্পনার জন্য কিছুই হয় না। এরপর জমি পুনরুদ্ধারের ব্যাপারে দেখুন, পতিত জমি এই পশ্চিমবঙ্গে চাষের উপযোগী জমি আর পুরাণো পতিত জমি মিলিয়ে তিন লক্ষ হেক্টর আছে। এই তিন লক্ষ হেকটর পতিত জমির মধ্যে ১৯৬০-৬১ এবং ১৯৬২-৬৩ এই বছরে মাত্র এক হাজার অর্থাৎ আটত্রিশ হেকটর জমি আপনারা পুনরুদ্ধার করেছেন, চাষের যোগ্য করেছেন। এই ৩ লক্ষ পতিত জমি উদ্ধার করতে হলে, এই হারে যদি অগ্রগতি হতে থাকে তাহলে এই পুরো পতিত জমিকে উদ্ধার করতে ৫৪ বছর লাগবে, আজকে কথা হল এই ৫৪ বছরে এখনকার মন্ত্রীমন্ডলীরও কেউ থাকবে না, তখন কংগ্রেস সরকারের কাছ থেকেও জনসাধারণ নিস্কৃতি পাবেন, সে বিষয়ে কোনও সন্দেহ নেই। কৃষিতে, জমির সেচের ব্যবস্থা যদি এই হয় জল দেওয়ার ব্যবস্থাও যখন এই হয়, জমি উদ্ধারের ব্যবস্থা যদি এই হয়, তখন উৎপাদনের যে ক্ষতি হবে সেটা সহজেই বোঝা যায়। সম্পূর্ণ বৃষ্টির উপর এবং প্রাকৃতিক অবস্থার উপর নির্ভরশীল হয়ে অসহায় আমাদের চাষীরা, তাঁরা মাঠে গিয়ে চাষ করেন, তার ফলে উৎপাদনের অবস্থা,

আমরা কি দেখি? কোনও সালে বেড়েছে, কোনও সালে কমেছে, কোনও জায়গাতেই স্থিরতা নেই। কারণ যেখানে সারের কোনও ভাল ব্যবস্থা নেই, সার যা যায় সেগুলো আত্মীয় সজ্জন এবং গোষ্ঠী তাদের হাত দিয়ে বাইরে যায় বলে, সেই সার গিয়ে আর কৃষকদের হাতে গিয়ে আর পৌঁছয় না। পৌঁছলেও তা অধিক দাম বলে কৃষকরা কিনতে পারে না। সেটা ব্ল্যাক মার্কেট-এ বিক্রি হয়। দ্বিতীয়তঃ জলসেচ না থাকার ফলে জমিতে জল যায় না, সেইজন্য প্রকৃতির উপর সম্পূর্ণরূপে কৃষকদের নির্ভর করে থাকতে হয়। আজ ১৭ বছর রাজত্বের পরও আমাদের কৃষকদের সম্পূর্ণরূপে প্রকৃতির উপর নির্ভরশীল থাকতে হচ্ছে, যেজন্য আমরা দেখতে পাচ্ছি, এই ইকনমিক রিভিউ-র ৪৮ পৃষ্ঠাতে যে কি ভাবে ফ্ল্যাকচুয়েট করছে, যাকে বলে ভায়লেন্ট ফ্ল্যাকচুয়েশন, আমাদের এই ধান এবং অন্যান্য খাদ্যশস্য উৎপাদনের ব্যাপারে। ১৯৬০ সালে ১৩২·২৭ হল আর ১৯৬২-৬৩ তে ১০৮ এ নেবে গেল আর ১৯৬৩-৬৪ তে সেটা ১৩০·১৩ হল, এই রকম ওঠা-নামা, যদি ঠিকমত জলসেচের ব্যবস্থা থাকতো তাহলে হত না। যে মাস্টারড অয়েল অর্থাৎ সরিষার তেলের জন্য গ্রাম থেকে শহর পর্যন্ত মানুষ হাহাকার করেছে পশ্চিমবঙ্গে এবং মুখ্যমন্ত্রী খুব বাহাদুরী করেছিলেন এই বলে যে আমাদের পশ্চিমবঙ্গের জনসাধারণের কনজিউমার্স রেজিসটেন্স-এর ফলে আজ তেলের দাম কমে গেছে, কিন্তু তাদের কৃতিত্ব কি তাতে? এই পশ্চিমবাংলায় সরিষার বীজ যেটা হত, ১৯৪৯-৫০ সালের ১০০ সূচি, সেটা নাবতে নাবতে ৬৩-৬৪ সালে দাঁড়াল ৭১·১৫, এত সূচি নেবে গেল, এত সরিষার উৎপাদন নেবে যাচ্ছে, তার কি ব্যবস্থা সরকার আজ পর্যন্ত করতে পেরেছেন? অথচ বলছেন কন্‌জিউমার্স রেজিসটেন্স অর্থাৎ সরিষার তেলের জায়গায় বাদাম তেল খাওয়াচ্ছেন বড় আনন্দের কথা। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যখন চাল পাওয়া যাচ্ছিল না তখন বলেছিলেন, আলু বেশী করে খাও। সেই আলু উৎপাদনের অবস্থা কি? ১৯৬২-৬৩ সালে যেখানে ৭ লক্ষ ১৮ হাজার মেট্রিক টন ছিল, সেখানে ১৯৬৩-৬৪ সালে ৫ লক্ষ ২৪ হাজার মেট্রিক টন অর্থাৎ ২ লক্ষ ২৪ হাজার মেট্রিক টন আলু উৎপাদন এই এক বছরের মধ্যে কমে গেল। এই ভাবে সমস্ত খাদ্যশস্য উৎপাদন দিনের পর দিন কমে আসছে, অথচ সরকার বলছেন কোটি কোটি টাকা আমরা ইরিগেশন-এ খরচ করছি। কৃষকরা জল পাচ্ছে না, সার পাচ্ছে না, এই হচ্ছে আমাদের উন্নতি এবং কৃষির উপর সর্বাধিক গুরুত্ব নাকি আমাদের রাজ্যপালের সরকার দিচ্ছেন। বর্তমানে যে খাদ্য অবস্থা, যদি আমরা কোনওরকম ভাবে সামলাতে চাই, তাহলে সমস্ত খাদ্যশস্যের বাণিজ্যকে রাষ্ট্রীয়করণ করা হ'ক, কিন্তু এই সরকার যেহেতু এই মুনাফাখোর, পুঁজিবাদীদের সেইহেতু এই মুনাফাখোরদের উপর হাত দিতে পারে না। খাদ্যশস্যের বাণিজ্য এখনও পর্যন্ত ব্যক্তিগত মালিকদের হাতে ছেড়ে দিয়েছেন, যার ফলে এই বছর, ধাক্কা টাক্কা খেয়ে যখন দেখছেন যে আর কোনও উপায় নেই তখন শুধু কলকাতা শহরে রেশনিং-এর ব্যবস্থা করছেন। এবং সেই রেশনিং ব্যবস্থাটাই বা কি? চাল কতটা পাচ্ছে আজ শ্রমিকরা? সেদিকেও আমি যাচ্ছি না, আমি বলছি যে চাল দেওয়া হচ্ছে, যেটা আমাদের সমস্ত সাধারণ লোক পায়, সেই চালে এত কাঁকর এত নিকৃষ্ট চাল দেওয়া হচ্ছে, সেই রেশনিং-এর বাইরে যারা রয়েছে, তাদের ঐ মুনাফাখোর, কালোবাজারীদের হাতে ছেড়ে দেওয়া হচ্ছে।

[3—3-10 p.m.]

সেদিন মুখ্যমন্ত্রী বল্লেন যে অপর্যাপ্ত চাল পাওয়া যাচ্ছে। কিন্তু তিনি তাঁদের নিজেদের রিপোর্ট ছাড়া এবং কিছু চাটুকারদের রিপোর্ট ছাড়া কিছুই জানেন না। আমি নিজে দেখেছি উত্তর বঙ্গের বাজারে গিয়ে ৭৬ নয়া পয়সা যেটা ৬৬ নয়া পয়সা ছিল এবং যেটা ৮৬ নয়া পয়সা ছিল সেটা ১·১০ নয়া পয়সা করেছেন। এইভাবে নিকৃষ্ট ধরণের চাল সেখানে ১·১০ নয়া পয়সা বিক্রি হচ্ছে। কিন্তু কলকাতার বাইরে মডিফায়েড রেসনিংয়ের যে ব্যবস্থা ছিল—সেখানে কথা ছিল যে ন্যায্য মূল্যের চালের দোকান—কিন্তু সেই দোকানে আজও কোন চাল দেওয়া হচ্ছে না। আমার বক্তব্য হচ্ছে—আর কিছু দিন পরে চালের কি অবস্থা হয় দেখতে পাবেন—প্রতি বছর যেমন হয়। এতে সরকারের কোন অসুবিধা নয়, কারণ তারা বলবেন আটা খাও আলু খাও। অবশ্য এখন আর আটা খাও বলতে পারবে না—কারণ আমেরিকায় স্ট্রাইক হয়েছে—গম পাওয়া যাচ্ছে না—এই হচ্ছে অবস্থা। আমি আর একটা কথা জিজ্ঞাসা করতে চাই যে গম দেওয়া বন্ধ

করে আটা দেওয়া হয় কেন?—এইজনাই কি যে তারা আর একটু ভেজাল দিতে পারবেন এবং যারা ঐ আটার ডিলারস তারা গম নিয়ে গিয়ে আটার মধ্যে ভেজাল দিয়ে জনসাধারণকে দেয় এবং এইভাবে ঐ সমস্ত হোলসেল ডিলারর্সরা ভেজাল দেওয়ার ব্যাপারে সাহায্য পাচ্ছে। আমরা যখন প্রোকিওরমেণ্টের কথা হয়েছিল গত বছর এই বাজেট সেসনে তারা বলেছিলেন যে আমরা ৫০ ভাগ প্রোকিওর করবো মিল মালিকদের কাছ থেকে। আজকে কাগজে দেখলাম যে শতকরা ২৫ ভাগ নাকি তারা নেবেন। কিন্তু শেষ পর্যন্ত হিসাবে গরমিলে শতকরা ৩০ ভাগও তারা পাবেন কিনা সে বিষয়ে যথেষ্ট সন্দেহ আছে। তিনি অনবরত পরিসংখ্যান দেখান। কিছুদিন আগে মুখ্য একটা বিবৃতি বেরিয়েছিল যে এই বছর ৫২ লক্ষ টন আমন ধান উৎপাদন হয়েছে। এখন দেখলাম যে ৪৭ লক্ষ টন আমন ধান উৎপাদন হয়েছে। আমি জানি না যে আর কিছু দিন বাদে আরও কত নেমে যাবে। এখন এই হচ্ছে আমাদের এগ্রিকালচারের উপর সরকার যা গুরুত্ব আরোপ করেছেন সেটা। আমি একটা কথা বলতে চাই যে এখনও পর্যন্ত আপনারা ষ্টেট ট্রেডিংয়ে রাজী হচ্ছেন না কেন। কারণটা অবশ্য আমরা জানি—কিন্তু আর কত দিন পর্যন্ত সেই মুনাফাখোর, কালোবাজারীদের হাতে জনসাধারণকে জিইয়ে রাখবেন। জনসাধারণ কি আর তা সহ্য করবে? আমি মাঝখানে এই কথাটা বলে নিতে চাই—রাষ্ট্রপতির কথা—তিনি বলে গেছেন যে জনসাধারণ সহ্যের সীমায় এসে পেঁৗছে গেছে—আর বেশী দিন তারা সহ্য করতে পারবে না। তাই আমরা রাষ্ট্রীয় সংগ্রাম সমিতি করেছি। ষ্টেট ট্রেডিংস ইন ফুড গ্রেনস—এই একটা দাবী নিয়ে সারা ভারতবর্ষ জুড়ে আমরা আন্দোলন করবো—একথা আজকে এখানে দাঁড়িয়ে আপনাকে জানিয়ে দিতে চাই। দ্বিতীয় হচ্ছে ইণ্ডাষ্ট্রি সম্পর্কে দেখলাম যে কারখানার সংখ্যা বেড়েছে। শ্রমিকদের সম্পর্কে আপনারা বলছেন যে শ্রমিকদের বেতন বেড়েছে। ১৯৫৬-৬১ সালের মধ্যে শ্রমিকদের বেতন বেড়েছে শতকরা ১৬ ভাগ—আর একথা স্বীকার করেছেন যে শতকরা ২২ ভাগ দ্রব্যমূল্য বেড়েছে। তার অর্থ এই যে দ্রব্যমূল্য বেড়ে যদি বেতন কম বাড়ে তাহলে সত্যিকারের বেতন নেমে যায় এই কথাটা আপনারা কোথায়ও পরিষ্কার ভাবে স্বীকার করেন নি। আমি জানি যে আপনাদের তথ্য বিভাগকে এই তথ্যটা নেবার জন্য বলা হয়েছিল যে সত্যিকারের বেতন শ্রমিকদের বেড়েছে না কমেছে। যখন দেখা গেল যে হিসাবে বেরিয়ে যাচ্ছে যে সত্যিকারের বেতন নেমে যাচ্ছে তখন আপনারা ওটা চেপে দিলেন এবং সেই জিনিসটা আর সূর্যের আলো দেখলো না। কেউ আর জানতে পারলো না সত্যিকারের বেতন কিভাবে কমে গেছে। এই বেতন বেড়েছে বলে বলছেন ১৬ ভাগ, এটাও বলা উচিত ছিল সঙ্গে সঙ্গে যে আজও পশ্চিমবাংলায় মাসিক ২০০ টাকার কম বেতন যাদের তাদের বাৎসরিক আয় মহারাষ্ট্র বিহার, গুজরাট এবং মধ্যপ্রদেশের তুলনায় কম। এই কথাটা আপনারা কোথাও—কি ইকনমিক রিভিউ, কি বাজেট স্পীচ কোন জায়গায় বলেন নি। শিল্পের প্রসার সম্পর্কে যে নীতি নিয়ে সরকার চলেছেন তাতে ১৬ বছর পূর্বে বাংলাদেশ সমস্ত ভারতবর্ষের মধ্যে শিল্পে প্রধানতম ছিল—প্রথম স্থান ছিল—সেখানে আজ পশ্চিমবঙ্গকে দ্বিতীয় স্থানে এনে দাঁড় করিয়েছে—এবং মহারাষ্ট্র প্রথম স্থানে গেছে এবং বিভিন্ন রাজ্যের শিল্প যে দ্রুত গতিতে তারা গড়ে তুলছে পশ্চিমবঙ্গে সেই গতি নেই। কেন নেই?—আপনারা বলেন যে আমাদের কেন্দ্রীয় মন্ত্রী পারমিট বা লাইসেন্স দিচ্ছে না। তাহলে আপনারা কি করছেন?—আপনারা আজ পর্যন্ত কেন্দ্রীয় মন্ত্রীর উপর চাপ দিতে পারলেন না যে এখানে কন্ট্রোলড আমরণ বেশী করে দেবার জন্য। আপনি গিয়ে দেখুন হাওড়ায় হাজার হাজার শ্রমিকরা যেখানে কাজ করে—শৈলবাবু যেখান থেকে এসেছেন সেখানে ঐ সিমেণ্ট ও লোহার অভাবে কত কারখানা বন্ধ হয়ে যাচ্ছে—কত উৎপাদন বন্ধ হয়ে যাচ্ছে সেদিকে আপনাদের লক্ষ্য নেই। আপনাদের লক্ষ্য নেই যে কি করে বেকারীর যে ভয়াবহ অবস্থা সেটা রোধ করা যায়। আজকে বাংলাদেশে বেকারের সংখ্যা ৫ লক্ষ বলে কর্ম বিনিয়োগ কেন্দ্র থেকে বলা হয়েছে ১৯৬৪ সালের শেষে। তাকে আরও চার দিয়ে গুণ করলে—অর্থাৎ ২০ লক্ষ বেকারের সংখ্যা পশ্চিমবঙ্গে রয়েছে। এ ছাড়া গ্রামাঞ্চলে তো বেকার রয়েইছে। এই বেকারদের জন্য আপনারা কিছুই করছেন না। আপনারা যদি কটেজ ইণ্ডাষ্ট্রি—মাঝারী শিল্পের দিকে লক্ষ্য না দেন তাহলে এই সমস্যার কোন সমাধান হতে পারে না কিছু স্বজন পোষণ ছাড়া। আজকে যারা স্মল স্কেল ইণ্ডাষ্ট্রিস লোন নিতে যায় তাদের বলে দেন যে জমি আটক রেখে লোন নিয়ে যাও। তাহলে সে স্মল স্কেল ইণ্ডাষ্ট্রিতে যাবে কেন?—কাজেই এই নীতি নিয়ে সরকার চলেছেন। নিজেদের কিছু লোককে শুধু স্মল স্কেলের নামে টাকা দিয়ে দেবেন—কিন্তু সত্য সত্যিই যারা স্মল স্কেল ইণ্ডাষ্ট্রি

নিজেদের চেষ্টায় গড়ে তুলতে চাচ্ছেন তাদের কোন সাহায্য করছেন না। তাছাড়া যে নীতি নিয়ে আজকে আমাদের দেশের শিল্প পরিচালিত হচ্ছে সেই সর্বনাশা নীতি সম্পর্কে আমি ওয়ার্নিং দিতে চাই যে আজকে আমাদের দেশে বিদেশী মূলধন কি পরিমাণে এবং কি দ্রুত গতিতে এসে যাচ্ছে। ১৯৫৭ সালের জানুয়ারী থেকে ১৯৬৪ সালের সেপ্টেম্বর মাসে আমাদের দেশের সংগে ইংরাজ, মার্কিন, জার্মানি, জাপান, ফরাসী, ইটালী এই কয়টি দেশের যে কোলাবরেসন হয়েছে তাতে হয়েছে ১,৩৯৩টি কোম্পানীর সংগে—এর মধ্যে ইংরেজের সংগে হয়েছে ৫৭৪ মার্কিনের সংগে ৩৩৭, জার্মাণী ২৯৪, জাপান ১৬১ ফরাসী ৭১ আর ইটালী ৫৬। এই ১৯৫৬ সাল থেকে ১৯৬৪ সালের মধ্যে ব্যক্তি মালিকানায় পুঁজি আমাদের বিদেশী পুঁজি তার মধ্যে ছিল ৯·৯ ভাগ—সেটা বেড়ে ১৯৬৪ সালে এসে দাঁড়িয়েছে বিদেশী পুঁজি ব্যক্তি-গত মালিকানায় ২০ ভাগ। বিদেশী পুঁজি যা আসছে তার লাভটা তাদের দেশের তুলনায় আমাদের দেশে কিভাবে হচ্ছে তার একটা নমুনা আপনাকে—ইকনমিক টাইমসে যা বেরিয়েছে সেটা পড়ে শুনাচ্ছি।

Profit after tax as percentage of net work as on 31st December 1962. United States of America.

আমেরিকাতে যে কোম্পানী তাদের নিজেদের দেশে ৮·৯ ভাগ মুনাফা করতো—সে বছর এদেশে সেই কোম্পানীর মুনাফা হয়েছে ৪৭·৩ ভাগ। যে বৃটিশ কোম্পানী তাদের নিজেদের দেশে অর্থাৎ গ্রেট বৃটেনে মুনাফা করেছে ৩·৪ ভাগ—সেই কোম্পানী আমাদের দেশে কোলাবরেসন মারফৎ লাভ করেছে ১৮·৯ ভাগ।

[3-10—3-20 p.m.]

অর্থাৎ প্রায় ৬ গুণ মুনাফা ঐ আমেরিকান কোম্পানীও করেছে বৃটিশ কোম্পানীও করছে। এতেও আমাদের সরকার খুশী নয়। এতেও যদি না আসে তাই সেদিন দেখলাম রাষ্ট্রমন্ত্রী মিঃ টি এন সিং জার্মাণ ডেলিগেশানকে বলে দিয়েছেন যে তোমরা এস, আমরা অবারিত দ্বার খুলে দিয়েছি তোমরা মুনাফা যেরকম ভাবে পার লুটে নিয়ে যাও। তাদের জন্য যে লেটার অব ইনটেন্ট কোলাবরেশানের জন্য দেওয়া হত আগে আমাদের শিল্পপতিদের হাতে, তারা খুঁজে বের করত বিদেশী পুঁজিপতিকে, আজকে বিদেশী পুঁজিপতিদের হাতে লেটার অব ইনটেণ্ট দিয়ে দেওয়া হচ্ছে আমাদের দেশের পুঁজিপতিদের খুঁজে বের করতে। যে যে পুঁজিপতি তাদের ঠিকমত হবে বলে তারা মনে করবে তার সংগে তারা কোলাবোরেশান করবে বা তা না হলে তারা নিজেরাই এখানে সরাসরি কারখানা খুলে দিতে পারবে এবং দয়া করে যে তাদের নিজেদের মেশিন নিয়ে এসে কারখানা খুলবে তা নয়, তারজন্য আমাদের টাকা দিয়ে, লেবার চার্জ, অন্যান্য খরচ—এখানে বিল্ডিং তোলা, ল্যাণ্ড কেনা, এগুলি দেব বলে প্রতিশ্রুতি দিচ্ছি। এর উপরও আর একটি চমৎকার নীতি গ্রহণ করেছেন সেটা হচ্ছে ইন্টার-ওয়েভিং

Of our development with British modernisation and trade policy.

গ্রেট বৃটেনে তারা তাদের মেসিনপত্রকে মর্ডানাইজ করবে, তাদের ট্রেড পলিসি যা তাদের সংগে আমাদের দেশের যে শিল্প নীতি হবে সেটা যুক্ত করে—কিভাবে না, তাদের বৈজ্ঞানিক উন্নতির সংগে সংগে যন্ত্রপাতির যে উন্নতি হতে যাচ্ছে তার ফলে পুরান ঝড়তি পড়তি পরিত্যক্ত যে যন্ত্রপাতি সেগুলি, আমরা গদ গদ হয়ে বলছি তোমাদের সংগে আমাদের প্ল্যান মিলিয়ে নাও, আমরা বেশী দাম দিয়ে কিনে নিয়ে আসব এবং আমাদের দেশকে শিল্পে উন্নত করব। ঐ ডাণ্ডির কথা মনে হচ্ছে। এখানে চটকল যখন প্রথম হয় তখন ডাণ্ডির পুরাতন মেসিনগুলি নিয়ে এসে চটকল খোলা হয় এবং চটকলের শ্রমিকদের তিন গুণ, চার গুণ, দশ গুণ মেহনত করিয়ে দাস হিসাবে কাজ করিয়ে সেই মুনাফার পয়সা নিয়ে ডাণ্ডির উন্নত ধরণের মেসিনের সংগে কম্পিট করত একই মালিকরা। আজকে আমরা সমস্ত দেশকে সেই পথে নিয়ে যাচ্ছি। আমরা কি দেশকে শিল্পে উন্নতি করছি? একে কি শিল্পোন্নতি বলে? এই যদি সরকারের নীতি হয়ে থাকে তাহলে এই নীতি দিয়ে দেশের পুনর্গঠন হয় না, এই নীতি দিয়ে আমাদের শিল্পোন্নতি হতে পারে না। এই নীতি দিয়ে আমাদের অর্থনীতিকে আবার দাসত্বের নিগড়ে নিয়ে যাওয়া হচ্ছে। এর

দ্বারা আমেরিকানের সংগে বৃটিশের সংগে গাঁটছড়া বাঁধা হচ্ছে। আমি মজুরী সম্পর্কে আর একটা কথা বলতে চাই। মজুরী সম্পর্কে আমি বলেছি যে মাত্র ১৬ ভাগ বেড়েছে এবং সেই সময় কিভাবে ঐ জিনিসপত্রের দাম বেড়ে গেছে। তার সংগে আরো কয়েকটা জিনিস মিলিয়ে পড়বেন অর্থমন্ত্রী মহাশয় যেটা আপনাদের এই ইকনমিক রিভিউতে দেননি, সেই জিনিসটা হচ্ছে এই গত ৩ বছরে ১৯৬১ সাল থেকে ১৯৬৪ সালের মধ্যে কোম্পানী মূলধন বাড়িয়েছে শতকরা ৫৭ ভাগ, আর আমাদের শ্রমিকদের বেতন বেড়েছে ১৯৫৬ সাল থেকে ১৯৬২ সালের মধ্যে মাত্র ১৬ ভাগ। এই৫৭ ভাগ মূলধন কোথা থেকে আসল? সম্পূর্ণভাবে শ্রমিকদের বঞ্চিত করে যে প্রফিট থেকে তারা পুঁজি বাড়িয়েছে। এই ৩ বছরে ব্যাংক আমানতের আয়তন বেড়েছে ৪৭ কোটি ১০ লক্ষ টাকা। এই ব্যাঙ্কে আমানত স্বভাবতঃই পুঁজিপতিরাই রাখেন এবং ১৯৫৫ সাল থেকে ১৯৬১ সালের মধ্যে সারা ভারতবর্ষে সমস্ত শিল্প মিলিয়ে যে মুনাফা সেই মুনাফার হার বেড়েছে ৭২ ভাগ শতকরা, আর শ্রমিকদের বেতন বেড়েছে ১৬ ভাগ, তাও জিনিসপত্রের দামের তুলনায় তাদের বেতন কমে গেছে যেটা এখানে চেপে যাওয়া হয়েছে।

বেকার সমস্যার সংগে সংগে আর একটা কথা এখানে বলে দিতে চাই; সেটা হচ্ছে চা-বাগানে যেভাবে শ্রমিক ছাঁটাই হচ্ছে, তাতে বেকারীর সংখ্যা আরো বাড়ছে। তা অস্বাভাবিক কিছু নয়। গত চার বছরের মধ্যে চা-বাগানে ৭৫ হাজার শ্রমিক ছাঁটাই হয়ে গেছে, বাইরে চলে গেছে কাজে এবং কম সংখ্যক শ্রমিকদের নিয়ে কাজ করান হচ্ছে। এই অবস্থা যেখানে চলে, সেখানে আমাদের দেশ, তারা গর্ব করে বলেন, যে সমাজতন্ত্রের দিকে এগিয়ে যাচ্ছে। সমাজতন্ত্রের দিকে কিভাবে এগিয়ে যাচ্ছে ন্যাশনাল কাউন্সিল অফ এ্যাপ্লায়েড ইকনমিক রিসার্চ তাঁরা কিছুদিন আগে যে সমীক্ষা করেছেন তাতে পরিষ্কার দেখিয়েছেন—আমাদের দেশের উপরতলার শতকরা একভাগ লোক দেশের মোট সম্পদের দশ ভাগ দখল করে বসে আছেন, আর শতকরা আড়াই ভাগ উপরতলার লোক মোট সম্পদের ১৮ ভাগ দখল করে বসে আছেন। আর নীচুতলার পনের ভাগ লোক মিলিয়ে মাত্র ৪ ভাগ সম্পদের অধিকারী, নীচুতলার ৫০ ভাগ লোক মিলিয়ে সমস্ত সম্পদের মাত্র ২২ ভাগের অধিকারী। এ থেকে দেখা যাচ্ছে সমাজতন্ত্রের দিকে আমরা কি রকম তর তর করে এগিয়ে যাচ্ছি। ক্রমশঃ বড় পুঁজির মুনাফা,—দেশের সম্পদ মুষ্টিমেয় লোকের হাতে পুঞ্জীভূত হচ্ছে। আর আমরা এখানে বসে শুনছি—আমরা সমাজতন্ত্রের দিকে এগিয়ে যাচ্ছি। এই হচ্ছে সমাজতন্ত্রের নমুনা। যেখানে শতকরা একজন লোকের জন্য দশ ভাগ সম্পদের এক ভাগ, আর উপরতলার আড়াই ভাগের জন্য—১৮ ভাগ সম্পদ এবং নীচের তলার ৫০ ভাগ লোকের ২২ ভাগ সম্পদ।

আমার বক্তব্য শেষ করবার আগে এ কথা বলতে চাই—যখন আপনারা কোনদিকে কোন সমস্যার সমাধান করতে পারলেন না, তখন আজ ভারতরক্ষা আইনে গ্রেপ্তার করে নেতাদের রেখে দিয়েছেন—যারা আন্দোলনের পুরোভাগে ছিল। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী যে একটা বিবৃতি দিয়েছেন, তার মধ্যে কোন অভিযোগ নাই, যার জন্য একদিনের জন্যও তাঁদের আপনারা জেলে রাখতে পারেন না। আমরা পরিষ্কার বলতে পারি—কতকগুলি মিথ্যা পুলিস রিপোর্টের উপর তাঁদের আপনারা জেলের মধ্যে রেখেছেন। আমাকে শনিবার রাত্রে এই হাউসের মেম্বার শ্রীযুক্ত নিরঞ্জণ সেনগুপ্ত মহাশয়ের স্ত্রী ফোন করেছেন, দু-বার ফোন করেন,—তিনি বললেন এ কী ব্যাপার? এ ব্যাপার হয় নাই,—এ সব শুনে তো রক্ত গরম হয়ে যায়, এ রকম মিথ্যা কথা কি করে তাঁরা বলেন যে নিরঞ্জন সেন কুলুভ্যালীতে গিয়েছিলেন! তাঁর স্ত্রী বললেন তিনি কোনদিন কুলুভ্যালীতে যান নাই, চোখেও দেখেন নি। যে সময়ের কথা বলা হচ্ছে—সেপ্টেম্বরে তিনি গিয়েছিলেন পাঞ্জাবে—যখন স্বর্গতঃ কাইরণ জীবিত ছিলেন। তারপর গেলেন দিল্লীতে। অথচ তাঁর নামে পুলিস রিপোর্ট গেল যে তিনি কুলুভ্যালীতে গিয়েছেন। আমরা জানি—বঙ্কিম মুখার্জী মরবার পর এই হাউসের স্পীকার যিনি তখন ছিলেন, তিনি ফুল পাঠিয়ে ছিলেন, রাজ্যপালও ফুল পাঠিয়েছিলেন এবং তদানীন্তন মুখ্যমন্ত্রীও ফুল পাঠিয়েছিলেন। পুলিশ কিন্তু জানে না, যখন ১৯৬২ সালে আমাদের গ্রেপ্তার করে নিয়ে যায়, তখন শুনলাম—বঙ্কিম মুখার্জীকে মৃত্যুর এক বছর পরে শেষ রাত্রে গ্রেপ্তার করবার জন্য তাঁর দরজায় গিয়ে ধাক্কিয়েছে। কাজেই তাঁদের এই পুলিস রিপোর্টের ভিত্তি কী! অথচ আপনারা তাদের গ্রেপ্তার করে রেখে দিয়েছেন।

আর একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই—রাষ্ট্রপতির কথা—এই জনসাধারণ সহ্যের ক্ষমতার শেষ সীমায় পেঁাছে গেছে, আজ তারা আন্দোলনের পথে যেতে বাধ্য হবেন, যদি চান শিক্ষকদের সঙ্গে বিরোধ মিটিয়ে ফেলুন! আপনারা কিছু কিছু জনসাধারণের কথা শোনবার ও বোঝবার চেষ্টা করুন, আর না হয় জনসাধারণ তাদের নিজেদের পথে অগ্রসর হয়ে যাবে। আপনাদের গদীচ্যুত করে তাদের আন্দোলন শেষ হবে।

PRESENTATION OF REPORT OF THE JOINT COMMITTEE, ON THE WEST BENGAL LAND REFORMS (AMENDMENT) BILL, 1964

Shri Syamadas Bhattacharyya : Sir, I beg to present before the Assembly the Report of the Joint Committee on the West Bengal Land Reforms (Amendment) Bill, 1964.

GENERAL DISCUSSION ON THE BUDGET FOR 1965-66

[3-20—3-30 p.m.]

Shri Ajoy Kumar Mukherjee:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কংগ্রেস সরকার পশ্চিমবাংলায় এবং ভারতবর্ষে স্বাধীনতা লাভের পর থেকে চলছে। এই সরকারের বিরুদ্ধে নানারকম সমালোচনা হয়েছে। সমালোচনা হওয়া খুবই বাঞ্ছনীয় এবং গণতন্ত্রের সমালোচনা হোল প্রাণ। সমালোচনার মাধ্যমে ভুলভ্রান্তি ধরিয়ে দিলে সরকার সেগুলি সংশোধন করবার চেষ্টা করেন। তবে অনেক সময় একথা বলা হয় যে, এই সরকার কোথাও কিছু করেননি, কোন ভাল কাজ করেনি—শুধু খারাপ করে চলেছে। আমি তাই ঐ দিকটা দেখাবার চেষ্টা করব। আপনারা জানেন ভারতবর্ষে যে পঞ্চবার্ষিকী পরিকল্পনা সুরু হয়েছে তার প্রথম পরিকল্পনায় ৩ হাজার ৩৬০ কোটি টাকা উরচ হয়েছে, দ্বিতীয় পরিকল্পনায় ৬ হাজার ৭৫০ কোটি টাকা খরচ হয়েছে এবং তৃতীয় পরিকল্পনায় ১০ হাজার ৪০০ কোটি টাকা খরচ হবে। প্রথম দুটো শেষ হয়ে গেছে এবং তৃতীয়টা চলছে। তারপর আমাদের চতুর্থ পরিকল্পনায় ২১ হাজার ৫০০ কোটি টাকা ধরা হয়েছে এবং পারলে আরও ১ হাজার কোটি খরচ করা হবে। আজকে একথা বলা হয় যে, খরচ তো করছে, কিন্তু কাজ কি এগুচ্ছে। কাজেই আমি সেই কাজের কিছু কিছু ফর্দ দিতে চাই। গত ১৭ তারিখে পার্লামেন্ট-এ দুই হাউসের মিলিত অধিবেশনে আমাদের রাষ্ট্রপতি যে হিসেব দিয়েছেন তাতে তিনি বলেছেন এ পর্যন্ত যে রেকর্ড আছে তার মধ্যে গত বছরে খারিফ শস্য সকল রকর্ড ব্রেক করেছে এবং রবি শস্যও সেই রকম হবে। তাতে তিনি বলেছেন আমরা ফুড প্রডাকসন-এর জন্য লং টার্ম পলিসি নিয়েছি এবং কৃষকরা যাতে ন্যায্য দাম পায় এবং উৎপাদন খুব বাড়ে সেইজন্য অগ্রাধিকার দেওয়া হয়েছে চতুর্থ পরিকল্পনায়। এছাড়া আরও দু-একটা জিনিস তিনি বলেছেন। ১৯৫১-৫২ সালে যেখানে আমাদের ৪ হাজার গ্রামে বিদ্যুৎ শক্তি গিয়েছিল সেখানে ১৯৬১-৬২ সালে গিয়েছে ৪০ হাজার গ্রামে এবং ১৯৬০-৬১ সালে যেখানে উৎপাদন ছিল ৫৬ লক্ষ কিলোওয়াট, সেখানে ১৯৬৪-৬৫ সালে সেটা হয়েছে ১ কোটি ১৭ লক্ষ কিলোওয়াট। আমাদের বাংলাদেশ সম্বন্ধে অর্থমন্ত্রী মহাশয় তাঁর বক্তৃতা কতগুলি হিসেব দিয়েছেন এবং রাজ্যপালকে ধন্যবাদ দেওয়ার প্রস্তাবে বক্তৃতা করতে গিয়ে মুখ্যমন্ত্রী মহাশয় অনেকগুলি পরিসংখ্যান দিয়েছেন। কাজেই আমি সেসব কথা আর বলব না। আমি পশ্চিমবাংলার জন্য অন্য কয়েকটি হিসেব দিতে চাই। তিনি বলেছেন সেচের ক্ষেত্রে এখনও আমাদের ব্যাপক ব্যবস্থা হয়নি। আমাদের এখনও বৃষ্টির উপর নির্ভর করতে হয় বলে ফলন বছর বছর নিয়মিতভাবে বাড়ে না— কোন বছর বাড়তি কোন বছর কমতি হয়। তবে এটাকে লম্বা করে দূরের সঙ্গে যদি তুলনা করি তাহলে দেখতে পাব আমাদের অগ্রগতি কি হয়েছে। ১৯৪৭-৪৮ সালে যেখানে আমাদের ৭২ লক্ষ মন আলু হয়েছিল সেখানে ১৯৬৩ সালে হয়েছে ২ কোটি মন। গুড় হয়েছিল ২৬ লক্ষ মন আর ১৯৬৩ সালে হয়েছে ৩৯ লক্ষ মন। ধান ১৯৪৭ হয়েছিল ১৪ কোটি ৩৭ লক্ষ মন আর ১৯৬৩ সালে হয়েছে ২১ কোটি ৬৪ লক্ষ মন। দেড়ার বেশী বেড়েছে। তারপর, পাট ১৯৪৭ সালে হয়েছিল ৭ লক্ষ ৬৬ হাজার গাঁট আর ১৯৬২ সালে হয়েছে ৩২ লক্ষ ৩৩ হাজার গাঁট। এগুলো ছাড়া এবারে আমি আরও কয়েকটা অঙ্ক দিতে চাই। ১৯৫০-৫১ সালে আমাদের পশ্চিমবাংলায় বিদ্যালয়ে ছাত্র সংখ্যা ছিল ২০ লক্ষ ৫০ হাজার আর ১৯৫৯-৬০ সালে ছাত্র সংখ্যা হয়েছে ৩৪ লক্ষ ২০ হাজার। ১৯৫০ সালে হসপিটাল এবং ডিসপেনসারির সংখ্যা ছিল ১ হাজার ২৮৪, ১৯৬০ সালে সেটা হয়েছে ১ হাজার। ৯১২। হাসপাতালে শয্যা ছিল ১৯৫০ সালে ১৮ হাজার ৩২৯ আর ১৯৬০ সালে সেটা

বেড়ে হয়েছে ২৭ হাজার ৬১১। পাকা রাস্তা ছিল ১৯৪৭ সালে ১ হাজার ১৩০ মাইল, ১৯৬২ সালে সেটা হয়েছে ৭ হাজার ৭২২ মাইল। তারপর, তাঁতের কাপড় ১৯৪৭ সালে হয়েছিল ৬ কোটি গজ আর ১৯৬২ সালে হয়েছে ২০ কোটি গজ। এগুলি অঙ্কের কথা, এর মধ্যে কোন কারচুপি নেই। কাজেই দেখা যাচ্ছে সবদিকেই বেড়ে যাচ্ছে। তবে আরও বেশী যদি বাড়ত তাহলে ভাল হত একথা ঠিক। স্বাস্থ্যের দিক থেকে আমরা দেখি আমাদের মন্ত্রী মহাশয়া বলেছেন, ১৯৪৮ সালে মৃত্যুর হার প্রতি হাজারে ছিল ১৮·১ সেটা কমে হয়েছে ৭·৬। পৃথিবীতে রাশিয়া ছাড়া আর কোন দেশে মৃত্যুর হার এত কম নয়। জন্মের হার কিছু বেড়েছে, ২১·৩ ছিল সেটা ২৫·৯ হয়েছে। গড় পরমায়ু ১৯৪৭-৪৮ সালে ছিল ২৩ বছর, সেটা এখন বেড়ে হয়েছে ৪৮ বছর, ম্যালেরিয়ায় ভারতবর্ষে ১৯৪৭-৪৮ সালে ২১ লক্ষ লোক ভুগত, আর ৭০ হাজার লোক মরত, সেই ম্যালেরিয়া এক রকম নেই বললেই চলে। আমার কাছে এই রকম ৮৯ দফা আছে প্রতি দফায় প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার তুলনায় দ্বিতীয় ও তৃতীয় পরিকল্পনায় কোন জিনিস কত বেড়েছে ও বাড়বে তার সম্বন্ধে তথ্য আছে, আমি সেই ফর্দ সব বলব না, কেননা তাহলে দীর্ঘ সময় লাগবে।

আমাদের অনেক সময় পরের মুখে ঝাল খাওয়া অভ্যাস আছে। তাই বিদেশী ভদ্রলোকদের মতামত কিছু বলতে চাই। সুইজারল্যান্ডের মন্ত্রী মিষ্টার জি, লেপোরী ভারতে এসেছিলেন, তিনি ৪-২-৫৮ তারিখে বলেছেন, "ভারতের উন্নতির জন্য বিস্ময়কর প্রচেষ্টা দেখে আমি মুগ্ধ হয়েছি।" অষ্ট্রেলিয়ার পররাষ্ট্র মন্ত্রী মিঃ কেষী, তিনি এক সময় অখণ্ড বাংলার গভর্ণর ছিলেন, তিনি বলেছেন, "ভারতবর্ষের পরিকল্পনাগুলি বিশ্বের ইতিহাসে একটা গণতান্ত্রিক রাষ্ট্রের বৃহত্তম অর্থনৈতিক প্রচেষ্টার নিদর্শন।" বিশ্বব্যাঙ্কের প্রেসিডেন্ট মিষ্টার ইউজিন ব্ল্যাক ৭-১০-৫৮ তারিখে বলেছেন "অর্থনৈতিক উন্নতির ক্ষেত্রে ভারত সমগ্র মানব জাতির আশা আকাঙ্খার প্রতীক।" এমেরিকার মিঃ পল ব্রেন্ট, ডিরেকটার, বিজিনেস রিলেশন, ২৩-২-৫৯ তারিখে বলেছেন "ভারতবর্ষ ১০ বৎসরে যাহা সম্পন্ন করিয়াছে, অন্য যে দেশের তাহা সম্পন্ন করিতে ৫০ বছর লাগিত।" জার্মানীর সীমেন্স কোম্পানীর প্রধান ডিরেকটার, জার্মান সরকারের শিল্প প্রতিনিধি ১৫ই নভেম্বর, ১৯৬১, বলছেন, "আমি ভারতবর্ষের শিল্পোন্নতিতে অত্যন্ত প্রীত হয়েছি। ভারতবর্ষ ১০ বৎসরে যাহা সম্পন্ন করিয়াছে ইয়োরোপের যে কোন দেশের তা সম্পন্ন করিতে শত বৎসর লাগিত।" আমাদের স্বধীনতার মাত্র ৮ বৎসর পরে রাশিয়াকে প্রধান মন্ত্রী মিঃ বুলগানিন এবং রাশিয়ার কমিউনিষ্ট পার্টির ফার্ষ্ট সেক্রেটারী মিঃ ক্রুশ্চেভ এসেছিলেন ভারতবর্ষে, তাঁরা দুজনেই ২৩-১১-৫৫ বলেছেন, ভারত আজ কোন ক্রমেই রাশিয়া, চীন, ইংলন্ড, ফ্রান্স বা এমেরিকার চেয়ে পিছিয়ে নেই।" অমৃতবাজার ২৪-১১-৫৫ খুললে এটা দেখতে পাবেন। আবার, যখন মিঃ ক্রুশ্চেভ রাশিয়ার প্রধানমন্ত্রী হলেন, তখন তিনি দুটো জিনিস বলে গেলেন, আমাদের কাজ কি রকম হচ্ছে সে সম্বন্ধে এবং আমাদের কাজের যারা সমালোচনা করেন তাঁদের সম্বন্ধে। ১৫-১০-৬০ তারিখে তিনি, বলেছেন—"বিগত ১০ বৎসরে রাজনৈতিক সাংস্কৃতিক এবং অর্থনৈতিক ক্ষেত্রে ভারতবর্ষ প্রভূত উন্নতি লাভ করেছে, সদ্য ঔপনিবেশিক শৃঙ্খলামুক্ত জাতি কিভাবে উন্নতি করতে পারে ভারত তা দেখিয়েছে। সোভিয়েট রাশিয়ার ১৬ কোটি জনগণ আমরা ভারতের সাফল্য অভিনন্দন জানাচ্ছি।" আর তিনি যারা নিন্দা করেন তাদের সম্বন্ধে বলে গেলেন—"রাস্তার কতকগুলি খেঁকি কুকুর ঘেউ ঘেউ করতে থাকবে কিন্তু ভারতের গজরাজ দৃপ্ত পদক্ষেপে চলে যাবে।"

[3-30—3-40 p.m.]

এই গেল আমরা কিছু উন্নতি করছি কিনা তার একটা নমুনা। তারপর, কথায় কথায় বিরোধী সদস্যরা বলে থাকেন আমরা শুধু ধনীদের ধনী করছি, গরীবকে গরীব করছি—আমাদের যা অর্থনীতি সেটা গরীবের জন্য নয়। আমি তাই দু-একজন রাশিয়ান নেতার উদ্ধৃতি দিচ্ছি। স্ট্যালিন পুরস্কারপ্রাপ্ত রাশিয়ার শ্রেষ্ঠ কবি সোভিয়েট লেখক ইউনিয়নের প্রধান সম্পাদক, সুপ্রীম সোভিয়েট-এর নির্বাচিত প্রতিনিধি ভারতে সোভিয়েট সাংস্কৃতিক দলের নেতা মসিয়ে এলেক্সি সুরকভ ৯-২-৫৫ তারিখে দিল্লীর রাজভবন থেকে বলে গেলেন "সাধারণ মানুষের উন্নতির দিকে ভারত যেভাবে অতি দ্রুত গতিতে অগ্রসর হচ্ছে—তা দেখে আমরা মুগ্ধ হয়েছি।" আবার মস্কো বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক কমরেড দেগতিয়ার ভারত ভ্রমণে এসে বলে গেলেন

"ভারতের গ্রাম কল্যাণ সমস্যার সমাধানের সঠিক দৃষ্টিভঙ্গীর নির্দেশ এই গ্রাম উন্নয়ন কর্মসূচীর মধ্যে নিয়ে ভারতে যে নিঃশব্দে বিপ্লব কার্যকরী হয়ে উঠছে তা দেখে জার শাসনের পতনের পর রাশিয়ার সমস্ত কথাই পড়ে যায়। এসব কথা কারা বলেছেন, না যাঁরা রাশিয়া গড়ছেন—আর কিছুই গড়ছেন না, কিছু করবেন না তাঁরা নিন্দা করবেন। নবীন কমিউনিষ্ট চীনের প্রধানমন্ত্রী চৌ-এন-লাই ১৯৫৭ সালের ৮ই ডিসেম্বর বলেছেন "ভারত চীন অপেক্ষা বহু বিষয়ে অগ্রসর, তাদের কাছ থেকে অনেক কিছু শেখবার আছে; বৈজ্ঞানিক গবেষণা, ভেষজ শাস্ত্র ইত্যাদি অন্যান্য বহু বিষয়ে ভারত চীন অপেক্ষা অধিক অগ্রণী এবং চীন ভারতের কাছে সবিনয়ে শিক্ষা লাভ করবে।" আমার সময় বেশী নেই তা নাহলে আমি দেখাতে পারতাম অংক দিয়ে, তথ্য দিয়ে যে রাজনীতি ও অর্থনীতির ক্ষেত্রে বিশ্বের কোন দেশে বিপ্লবীরা রাজশক্তির হাত নিয়ে ১৭ বছরে ভারতের মত এতটা এগুতে পারিনি—এমন কি রাশিয়াও নয়। তাই যদি হবে তাহলে এত দুঃপ্রাপ্যতা, দুর্মূল্যতা কেন? এই কেবল উত্তর দিতে হলে অন্যান্য দেশের সঙ্গে তুলনা করে দেখাতে হয়। অন্যান্য দেশের তখন বোঝা যাবে যে আমাদের দেশে এমনটা হবার কারণ আছে। এর একটা কারণ হল মুদ্রাস্ফীতি। আমরা ৩টা পরিকল্পনায় ২০ হাজার কোটি টাকা খরচ করেছি। এই টাকার কিছু কম অর্ধেক হবে—ছড়িয়ে গেছে গরীব দুঃখী-মধ্যবিত্ত সকলের হাতে। তাঁরা সেই টাকা নিয়ে বাজারে কিনতে গেছেন, কিন্তু তাঁরা প্রয়োজনীয় জিনিস সে অনুপাতে পাননি, কারণ অতটা উৎপাদন বাড়ান সম্ভব হয়নি। এক বন্ধু বললেন যে আমি বাজে কথা বলছি। একমাত্র সেচ বিভাগে কত হাজার শ্রমিক কাজ করছে এবং তাদের যদি ২ টাকা করে ডেইলি ওয়েজ ধরা যায় তাহলে কত কোটি টাকা—মেজর ইরিগেশন প্রোজেক্ট-এর কথা বলছি—তাদের হাতে যায়? তারপর ছোট ছোট কেরাণী ওভারসীয়র, ছোট ছোট কন্ট্রাকটার, গরীব ও মধ্যবিত্তদের হাতে অর্ধেক টাকা গেছে। এই সব প্রোজেক্ট-এ কাজ করে। সেই টাকাগুলি নিয়ে তারা বাজারে আসছে। কিন্তু বাজারে যদি চাহিদা অনুপাতে মাল না থাকে তাহলে দাম বাড়বে এটাই নিয়ম।

তারপর ডেফিসিটের কথা ধরি। আমরা এই টাকা কোথা থেকে পেলাম। দেশে ট্যাক্স করে খাজনা করে টাকা উঠেছে ও বিদেশ থেকে ধান আনতে হয়েছে, তার ওপর ডেফিসিট ফাইনান্স করাতে হয়েছে এ সব কারণে মুদ্রাস্ফীতি হয়েছিল। এটা একটা সুখের খবর যে সেদিন আমাদের রাষ্ট্রপতি বলেছেন যে চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনায় আমরা আদৌ ডেফিসিট ফাইনেন্স করবো না। লোক সংখ্যা কি ভাবে বাড়ছে সেটাও দেখুন—ভারতের লোকসংখ্যা ১৯৫১ সালের লোক গণনায় ছিল ২৬ কোটী ১৯৬১ সালে ছিল ৪৪ কোটি এবং ১৯৬৫-৬৬ সালে হবে ৪৯ কোটী আর ১৯৭০-৭১ সালে হবে ৫৫ কোটী, কি ভাবে লোক বাড়ছে সেটা বুঝতে পাচ্ছেন। এই লোক অনুপাতে হিসাব করা যাক ১৯৬১ সালে প্রতি বর্গমাইলে গড়ে রাশিয়ায় ছিল ২৭ জন, চীনে ২৪৭ জন, ভারতবর্ষে ৩৮০ এবং পশ্চিমবঙ্গে ১,০২২ জন। কলকাতা সহরে ৭৭ হাজার জন প্রতি বর্গমাইলে, উত্তরে বাগবাজার ও বড়বাজারে ৯৯ হাজার জন প্রতি বর্গমাইলে। কলকাতার চেয়ে বড় বড় সহর পৃথিবীতে আরো আছে কিন্তু এত বেশী ঘন বসতি আর কোথাও নেই। আর্বান পপুলেসান ধরুণ। ভারতে প্রতি বর্গমাইলে আর্বান পপুলেসান হচ্ছে ৫ হাজার ৩৮০ কিন্তু পশ্চিমবাংলায় ১২ হাজার ৯৮০, এই পশ্চিমবঙ্গে ৩৫ লক্ষ উদ্বাস্তু এসেছিল ১৯৬৪ সালের আগে। কিন্তু তারপর আরো ১০ লক্ষ উদ্বাস্তু এসেছে। আমাদের সারা ভারতে দৈনিক লোক বৃদ্ধি হচ্ছে জন্ম থেকে মৃত্যু বাদ দিয়ে ২৭ হাজার ২৬০, তাহলে ভাবুন এই ভাবে যদি লোক বৃদ্ধি হয় এবং আমরা যেটা উৎপাদন বৃদ্ধি করছি সেটা লোক বৃদ্ধির অনুপাতে দাঁড়াচ্ছে না। আমাদের সারা দেশে বাৎসরিক আয় বাড়লেও মাথাপিছু আয় সে অনুপাতে বাড়ছে না। মাথা পিছু আবাদী জমি রাশিয়ার আছে ৭০০ ডেসিমেল, চীনে ৩৫০ ডেসিমেল, ভারতবর্ষে ৭৭ ডেসিমেল আর পশ্চিমবঙ্গে ৩৩ ডেসিমেল। দেশে যেখানে এই রকম অবস্থা তাতেও যখন আমরা বলি পরিবার পরিকল্পনার কথা তখন অনেকেই নানারূপ বিদ্রূপ করেন কিন্তু যে চীনে বর্গমাইলে লোক সংখ্যা ২৪৭—মাথা প্রতি মাথা পিছু জমি ৩৫০ ডেসিমেল তারাও আজকে পরিবার পরিকল্পনার ব্যবস্থা সুরু করে দিয়েছে। এই যে দুষ্প্রাপ্যতা ও দুর্মূল্যতা এর আরও একটা কারণ হল দুর্নীতি। এই দুর্নীতি দূর করার জন্য আমাদের পশ্চিমবঙ্গে মুখ্যমন্ত্রী যতটা করেছেন ভারতের আর কোন প্রদেশের আর কোন সরকার ততটা করেন নি। এই দুর্নীতি সম্বন্ধে দুটো তথ্য শোনাব। ১৯৫৭ সালের এপ্রিল মাসে এক জন

করেন নি। এই দুর্নীতি সম্বন্ধে দুটো তথ্য শোনাব। ঊনষাট সালের এপ্রিল মাসে এক জনসভায় অর্থমন্ত্রী টি, টি, কৃষ্ণমাচারী বলেছিলেন যে কেরালা রাজ্যে কমিউনিষ্ট সরকার শিক্ষিত বেকারের সমস্যার সমাধান করতে পারেন তাহলে আমি পরমুহূর্তে কমিউনিষ্ট হব। সেটা অমৃতবাজার পত্রিকায় ২-২-৫৭ তারিখে পাবেন। মুখ্যমন্ত্রী নাম্বুদ্রিপাদ কি জবাব দিলেন শুনুন। নাম্বুদ্রিপাদ সে চ্যালেঞ্জ গ্রহণ করলেন না তা না করে বললেন ১-৫-৫৭ তারিখে যদি কোন কংগ্রেসী সরকার একটা নির্দিষ্ট সময়ের মধ্যে বেকার সমস্যা সমাধান করতে পারেন তাহলে আমি কংগ্রেসী হব। অর্থাৎ তুমিও পারবে না আর আমিও পারবো না। ১ বৎসর কমিউনিষ্ট শাসন তারপর একজন বিদেশী সাংবাদিক শ্রীনাম্বুদ্রিপাদকে জিজ্ঞাসা করেছিলেন—১ বছর আগে আপনি বলেছিলেন যে কংগ্রেসী মন্ত্রীরা নিজেরা দুর্নীতি পরায়ণ তাই তাঁরা দুর্নীতি দূর করতে পারেন না আমরা দেখি কি করি। এক বছরে আপনারা কি করেছেন? তার জবাবে শ্রীনাম্বুদ্রিপাদ বলেছেন শাসন ব্যবস্থায় দুর্নীতি দমনের জন্য কেরালা সরকার কিছু কিছু ব্যবস্থা অবলম্বন করেছেন।

[3-40—4-05 p.m.]

কিন্তু শুধু প্রশাসন ব্যবস্থার দ্বারা দুর্নীতি দূর করা যেতে পারে না। দেশের সমস্ত জনসাধারণের এবং সকল কর্মচারীর বিবেক-বিবেচনা—কনসিয়াসনেস পরিবর্তন হলে তবেই দুর্নীতি নির্মূল হতে পারবে। একথা মনে করা যায় না যে কর্মচারীদের বেতন বৃদ্ধি করলে দুর্নীতি দূর হবে। তাহলে মোটা মাহিনার কর্মচারীদের মধ্যে দুর্নীতি থাকবে না। স্টেটসম্যান ১৬-৪-৫৮ পড়ে দেখবেন। কাজেই যেটা সারা দেশগত দুর্নীতি, সেটা আমাদের মন্ত্রীমণ্ডলীর ঘাড়ে চাপিয়ে দিলে চলবে না সবাই মিলে ব্যবস্থা করতে হবে। দুর্নীতি আছে, চুরিচামারি আছে, দোষত্রুটি আছে। সবের ভেতর থেকে আমাদের সবাইকে মিলে দেশের উন্নতি করতে হবে এবং যা উন্নতি করেছি তাতে লজ্জার কিছু নেই।

[At this stage the House was adjourned for 20 minutes]

[After adjournment]

[4-05—4-15 p.m.]

Fall-in by the Fire Service employees

Shri Hemanta Kumar Basu:

মাননীয় চেয়ারম্যান মহাশয়, ফায়ার সার্ভিস-এর এমপ্লয়ীরা তাঁরা ফল-ইন করছে। ইমার্জেন্সীর ব্যাপার অর্থাৎ আগুন নেভানো ছাড়া আর কোন কাজ তাঁরা করবেন না এই সংকল্প তাঁরা গ্রহণ করেছেন। তাঁদের দাবিদাওয়ার কথা তাঁরা বহুদিন ধরে সরকারের কাছে, কর্তৃপক্ষের কাছে জানাচ্ছেন কিন্তু বারবারই কর্তৃপক্ষ তাদের দাবী উপেক্ষা করে চলেছেন। এমত অবস্থায় আর কোন উপায়ন্তর না দেখে তাঁরা ন্যায্যতঃ এই ফল-ইন করছে। এতে সাধারণের কাজের কোন ক্ষতি হবে না। অফিসের কাজের কিছু ক্ষতি হবে। সেইজন্যই এ বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করবো যাতে যথাসত্বর তাঁদের সঙ্গে আলাপ আলোচনা করে, তাঁদের দাবী যতখানি সম্ভব যাতে তাঁরা মেনে নেন তার চেষ্টা করেন। এই অনুরোধ করেই আমার বক্তব্য শেষ করবো।

Shri Nepal Chandra Roy:

মাননীয় সভাপাল মহাশয়, ফায়ার সার্ভিস ইউনিয়-এর আমি সভাপতি। আজকে হেমন্তবাবু যেটা মেনসান করলেন সেটাই বলছি যে ফায়ার সার্ভিস এমপ্লয়ীরা আজকে তাঁরা ১১টা থেকে ফল-ইন হয়ে আছে। ১৯৫৮ সালে এ্যাওআর্ড হয়েছিল ট্রাইবুনাল থেকে সেই এ্যাওয়ার্ডও সরকার ইমপ্লিমেনটেসান করেন নি। এটা অত্যন্ত দুঃখের কথা। একটা ইমপর্টাণ্ট সার্ভিস, এসেনসিয়াল সার্ভিস এই ভাবে তাঁরা নস্যাৎ করে দেবার চেষ্টা করছেন। তাদের সামান্যতম যে দাবী বাড়ীভাড়া, অনেকদিন ধরে চেষ্টা করে, শৈলবাবু একবার অর্ডার দিলেন, কিছুদিন পরে আবার নতুন করে অর্ডার দিলেন, কিছুতেই এ'রা সোজা পথে যাচ্ছেন না, একটা না একটা ফ্যাঁকড়া রেখে দিচ্ছেন। আমার কাছে পরশুদিন একটা চিঠি এসেছে যে এ'দের ইনডিভিজুয়াল দরখাস্ত করতে হবে।

Mr. Chairman:

আপনি একটা মেমোর্যাণ্ডাম দিলে দেখা যাবে।

Shri Nepal Chandra Roy:

মাননীয় সভাপাল মহাশয়, কাকে ডেপুটেশন দেবো তা আমি বুঝতে পারছি না। গভর্নমেন্ট এমনই ক্যালাস, এমনই সরকারী দপ্তর, যে দপ্তরের সঙ্গে ঝগড়া লড়াই না করলে কাজ হবার কোন উপায় নেই। আমি সেইজন্য বলছি যে গভর্নমেন্ট যদি এখন মনে করে থাকে, রেড-ট্যাপিজম যদি চলতে থাকে, ৮ বছর হল এ্যাওয়ার্ড দিয়েছে, গভর্নমেন্ট থেকে ইমপ্লিমেনটেসান হয়নি এটা কত বড় লজ্জার কথা। তারপর দু বছর একটা হাউস রেন্ট দিল তাও একটা ফ্যাকড়া রেখে দিল যে আধ মাইনের মধ্যে থাকতে হবে। মাননীয় সভাপাল মহাশয়, আজকে আধ মাইলের মধ্যে বাড়ী পাওয়া যে কি ব্যাপার তা আপনি জানেন। আমি খুব সিরিয়াস এ্যালিগেসন করছি। আমি গভর্নমেন্ট পার্টির লোক অথচ আমারই সরকার এইভাবে যদি কাজ করে তাহলে গভর্নমেন্ট পার্টির লোকেরাও হতাশ হয়ে যাবে। এই রকম ইমপর্টেন্ট, এসেনসিয়াল সার্ভিসকে তাঁরা নষ্ট করছে। অবশ্য আমরা আগুন নেভাবো।

Mr. Chairman:

আপনারা আগুন নেভাবেন, জ্বালাবেন না।

Shri Nepal Chandra Roy:

আগুন আমরা নেভাবো, মানুষ আমরা বাঁচাবো, কিন্তু আমি সরকারের কাছে জানতে চাই এইভাবে এইরকম অত্যাচার আর কতদিন চলবে?

General Discussion on the Budget for 1965-66

Shri Sambhu Charan Ghosh:

মাননীয় চেয়ারম্যান মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী পশ্চিমবঙ্গের বাজেট পেশ করার সময় দেশের এক উজ্জ্বল অর্থনীতির চিত্র আঁকবার চেষ্টা করেছেন। তিনি বলবার চেষ্টা করেছেন যে পশ্চিমবঙ্গ তথা সমগ্র ভারতবর্ষ অগ্রগতির স্বর্ণ পথে এগিয়ে চলেছে। কিছুদিন আগে কেন্দ্রীয় অর্থমন্ত্রী টি, টি, কৃষ্ণমাচারি ভারতবর্ষের সংকটজনক অর্থনীতিতে উদ্বেগ প্রকাশ করে এক বিবৃতি দিয়েছেন। তাতে তিনি বলেছেন যে আন্তর্জাতিক ব্যবসার ক্ষেত্রে ভারতবর্ষের অবস্থা খারাপ হওয়াতে আভ্যন্তরিণ অর্থনীতিতে চাপ পড়তে বাধ্য হয়েছে। ভারত বিগত কয়েক বছর ধরে রপ্তানির পরিমাণ বাড়িয়ে চলা সত্ত্বেও মোট ঘাটতির পরিমাণ তার বেড়েই চলেছে। ১৯৬৩ সালে ভারত যেখানে রপ্তানি করতো ৭৮৩ কোটি টাকা ১৯৬৪ সালে সেখানে রপ্তানি করেছে ৮৩৫ কোটি টাকা। ১ বছরে ৫২ কোটি টাকা বেশী রপ্তানি করা সত্ত্বেও ভারতবর্ষের পক্ষে সম্ভব হল না বৈদেশিক মুদ্রা সঞ্চয় করা। তার কারণ ১৯৬৩ সালে আমদানি যেখানে ছিল ১,১৭৮ কোটি টাকা ১৯৬৪ সালে সেখানে গিয়ে দাঁড়ালো ১,২৫০ কোটি টাকা। অর্থাৎ ১ বছরের মধ্যে যেখানে আমরা ৫২ কোটি টাকা রপ্তানি বাড়াতে পেরেছি যার মধ্যে দিয়ে আমরা বৈদেশিক মুদ্রা সঞ্চয় করতে পারতাম কিন্তু আমদানীর পরিমাণ বেড়ে যাওয়াতে মোট ঘাটতির পরিমাণ দাঁড়িয়েছে ৪১৫ কোটি টাকা, এবং আমাদের যে সঞ্চিত স্টার্লিং ব্যালেন্স তার পরিমাণ ১৮ কোটি টাকা কমে গিয়েছে। আজকে সরকারের চিন্তা করার সময় এসেছে যে আমদানীর পরিমাণ আমরা কেমনভাবে কমাতে পারি। টি, টি, কৃষ্ণমাচারি মূল প্রশ্নের দিকে না গিয়ে, আমাদের রাজ্যসরকার, কেন্দ্রীয় সরকার কেউই এই জিনিসটাকে ভালো ভাবে বিবেচনা না করে তাঁরা আমদানীর উপর অতিরিক্ত শুল্ক বসানোর সিদ্ধান্ত গ্রহণ করেছেন। অথচ প্রত্যেক পরিকল্পনার সুরুতে আমাদের শোনানো হয় যে আমরা কৃষির দিক দিয়ে স্বয়ংসম্পূর্ণ হবার চেষ্টা করবো। উৎপাদন বাড়াবার চেষ্টা করবো। কিন্তু অত্যন্ত দুঃখের সাথে আমরা লক্ষ্য করছি যে এইরকম প্রতিশ্রুতি দেওয়া সত্ত্বেও ১৯৫১-৫২ সালে যেখানে বিদেশ থেকে খাদ্য আমদানীর পরিমাণ ছিল ২২৮ কোটি টাকা ১৯৬৪ সালে সেই পরিমাণ হল ২১৩ কোটি টাকা। দেশ স্বাধীন হবার ১৭ বছর পরে উৎপাদন বৃদ্ধি না হওয়ার জন্য একটা বিদেশী রাষ্ট্রের কাছে আমাদের খাদ্যের জন্য নির্ভর করে থাকতে হয় এবং আমদানীর পরিমাণ বৃদ্ধি করা হয়। তাই রিজার্ভ ব্যাঙ্ক তার ১৯৬৩-৬৪ সালের বুলেটিন-এ অত্যন্ত সুস্পষ্ট ভাবে বলেছেন যে আগের ৩ বছরের

উৎপাদন পূর্বের তুলনায় বিন্দুমাত্র বাড়েনি। রিজার্ভ ব্যাঙ্ক তার ১৯৬৩-৬৪ সালের রিপোর্ট-এ বলেছেন তৃতীয় যোজনার শেষের দিকে যেখানে উৎপাদন হয়েছিল ৮ কোটি ১০ লক্ষ মেট্রিক টন, ১৯৬১-৬২ সালে সেখানে উৎপাদন বাড়েনি। ১৯৬২-৬৩ সালে সেখানে দেখা গেছে ২৫ লক্ষ টন হ্রাস পেয়েছে। ১৯৬৩-৬৪ সালে দেখা গেছে যে ৮ কোটি টন কম উৎপাদন হয়েছে। এই যেখানে অবস্থা সেখানে আমদানীর পরিমাণ বাড়ালেও আমরা আন্তর্জাতিক বাজারে, আন্তর্জাতিক ব্যবসার ক্ষেত্রে আমাদের ঘাটতি হবে ২৭০ এবং তার চাপ আমাদের দেশের আভ্যন্তরিণ অর্থনীতিতে পড়তে বাধ্য। যখন মাননীয় অর্থমন্ত্রী,—শৈলবাবু, আমাদের সামনে তাঁর বাজেট পেশ করার সময় তাঁর ভাষণ দিচ্ছিলেন তখন তিনি আত্মতৃপ্তি লাভ করবার চেষ্টা করছিলেন, আত্মসন্তুষ্টি নিয়ে বলবার চেষ্টা করেছেন যে তৃতীয় যোজনার সময় আমাদের যে ২৫০ কোটি টাকা বরাদ্দ ছিল তার চেয়ে আমরা বেশী খরচ করতে সমর্থ হয়েছি। কেন্দ্রীয় সরকারের সহায়তায় আমরা ৩১০ কোটি টাকা খরচ করতে সমর্থ হয়েছি। তাঁর ভাষণের মধ্যে দিয়ে আমাদের বোঝাবার চেষ্টা করেছেন যে বাংলাদেশের সমস্ত দিক দিয়ে একটা সার্বিক উন্নতি করার চেষ্টা করেছেন। যে কথা কিছুক্ষণ আগে মাননীয় অজয়বাবু বোঝাবার চেষ্টা করেছেন যে বাংলাদেশের সার্বিক উন্নতি হয়েছে। সকল স্তরের উন্নতি হয়েছে এই তৃতীয় যোজনা কালের মধ্যে দিয়ে। কিন্তু কেমনভাবে সেই উন্নতি সাধারণ মানুষের মধ্যে প্রতিফলিত হয়েছে—সেই উন্নতির ফল সাধারণ মানুষ কেমনভাবে উপভোগ করছে—তার কোন স্পষ্ট কথা আমরা তাঁর বিবৃতির মধ্যে পাইনি। অর্থমন্ত্রী তাঁর যে পুস্তক আমাদের সামনে দিয়েছেন - তার ১৩ পাতা খুললে দেখা যাবে সেখানে একটা তালিকা দিয়েছেন যে তৃতীয় যোজনাকালে কি কি লক্ষ্য এবং ১৯৬৬ সালে কোন লক্ষ্যে আমরা উপনীত হবো। কিন্তু আজকে বাংলাদেশ কোথায় দাঁড়িয়ে আছে? আজকে আমরা ১৯৬৪ সাল পর্যন্ত কতখানি উৎপাদন করতে সমর্থ হয়েছি এবং সেই উৎপাদিত শস্য বাজারে কতখানি আসা সম্ভবপর হয়েছে এবং কৃষক সেই উৎপন্ন শস্যের দাম কি পেয়েছে—তার মধ্য দিয়ে সাধারণ মানুষ কতখানি লাভবান হয়েছে এর কোন তথ্য তিনি আমাদের কাছে দেন নি। তৃতীয় যোজনাকালের হিসাব তিনি আমাদের কাছে পেশ করেছেন কিন্তু কৃষি খাতে যে প্রচুর টাকা খরচ করতে অসমর্থ হয়েছেন সে কথা তিনি আমাদের কাছে রাখেন নি। প্রকারন্তরে তিনি রাখবার চেষ্টা করেছেন যে কৃষির দিক দিয়ে পশ্চিমবঙ্গ এগিয়ে গেছে। উৎপাদন-এর দিক দিয়ে পশ্চিমবঙ্গ এগিয়ে গেছে এবং ধন্য-ধান্যে শস্য শ্যামলা বাংলাদেশে ভরিয়ে দেবার চেষ্টা করা হয়েছে। এই চিত্র তিনি আমাদের কাছে তুলে ধরবার চেষ্টা করছেন—প্রকৃত অবস্থাটা তিনি তুলে ধরার সৎসাহস দেখান নি। উৎপাদন যদি পশ্চিমবঙ্গে বেড়ে থাকে তাহলে আজকে আমাদের প্রশ্ন সেই উৎপাদিত শস্য যে বৃদ্ধি হয়েছে সেই বর্ধিত উৎপন্ন শস্য বাজারে কতখানি এসেছে। আজকে চিন্তা করার সময় এসেছে যে দেশের শস্য উৎপন্ন হলে সমস্যার সমাধান হয় না—টাকা খরচ করলেই দেশের অগ্রগতি হয় না। এটা আজকে মাননীয় অর্থমন্ত্রীর চিন্তা করা দরকার। বাংলাদেশের বুকে খাদ্যশস্য উৎপন্ন হয়েছে এবং তার বৃদ্ধি ঘটেছে—কিন্তু আমরা দেখেছি যে সেই উৎপন্ন শস্যের যে বৃদ্ধি ঘটেছিল—সাধারণ কৃষকরা তার ন্যায্য মূল্য পায়নি। সাধারণ মানুষ ন্যায্য দামে সেই শস্য কেনবার ক্ষমতা রাখেনি। এই অবস্থা যেখানে সেখানে আজকে প্রকৃত অবস্থাটা মাননীয় অর্থমন্ত্রী তাঁর বাজেট বক্তৃতায় তুলে ধরবার চেষ্টা করেননি। আজকে তাই অত্যন্ত পরিষ্কারভাবে তাঁকে চিন্তা করতে হবে যে উৎপাদন বাড়ার সঙ্গে সঙ্গে এক দিকে যাতে কৃষকরা লাভবান হতে পারে—অপর দিকে সেই উৎপন্ন শস্য যাতে ঠিকভাবে বাজারে আসতে পারে তার ব্যবস্থা করতে হবে। অতীতে আমরা বামপন্থী দলের পক্ষ থেকে বার বার সরকারকে বলেছি যে স্টেট ট্রেডিং-এর ব্যবস্থা করুন। তাঁদের কাছে বলেছি সমস্ত শস্য ব্যবসা রাষ্ট্রায়ত্ব করুন—আজকে জমিদার শ্রেণীর বিলোপ হয়েছে সত্যি কথা—কিন্তু আজকে গ্রামে একদল মহাজনের সৃষ্টি হয়েছে যারা সাফ কবলা করে কৃষকদের কাছ থেকে জমি নিয়ে নেয়—যারা শস্য হোর্ড করে রাখে। আজকে তাদের হাত থেকে সমস্ত ব্যবসা নিয়ে নিতে হবে—নিয়ে সুষ্ঠু বন্টনের মাধ্যমে সাধারণ মানুষের মধ্যে বাঁধা দামে বন্টন করার ব্যবস্থা করতে হবে। এ যদি না করতে পারা যায় তাহলে গ্রামীন অর্থনীতি যেটা ধীরে ধীরে গড়ে উঠবার সম্ভাবনা দেখা দিচ্ছিল সেটা ভেঙ্গে যাবে—এবং সেটা ভেঙ্গে গেলে ভারতবর্ষের অর্থনীতিতে একটা চীড় ধরবে। ভারতবর্ষের অর্থনীতিতে সব চেয়ে মারাত্মক সঙ্কট আর এক দিক দিয়ে দেখা দিয়েছে সেটা হচ্ছে মুদ্রাস্ফীতি এবং দ্রব্যমূল্যের ঊর্ধ গতি। এই মুদ্রাস্ফীতি সম্পর্কে মাননীয় অর্থমন্ত্রী কোন বক্তব্য আমাদের কাছে রাখেন নি যে কেমনভাবে

মুদ্রাস্ফীতি রোধ করা যায় দ্রব্যমূল্যের ঊর্ধ গতিকে কেমনভাবে রোধ করা যায়। কিছুক্ষণ আগে মাননীয় সদস্য শ্রীঅজয় মুখার্জী আমাদের সামনে বিরাট ফর্দ পড়ে শুনাচ্ছিলেন যে পশ্চিম-বাংলায় তৃতীয় যোজনাকালে কেমনভাবে উন্নতি হয়েছে—কেমনভাবে পশ্চিমবঙ্গের অগ্রগতি হয়েছে—সমস্ত স্তরের মানুষ কেমনভাবে এগিয়ে চলেছে—এর একটা চিত্র তিনি আমাদের সামনে দেবার চেষ্টা করেছিলেন—কিন্তু তিন মানুষের অর্থনৈতিক অবস্থা সম্পর্কে কোন কথা বলেন নি এবং অর্থমন্ত্রীও এ দিকে আমাদের কিছু আলোকপাত করারও চেষ্টা করেন নি। আমরা যদি দেখি যে গত ১৫ বছরে ভারতবর্ষের মানুষের মাথাপিছু আয় বেড়েছে ৬০ টাকা।

[4-15—4-25 p.m.]

মিঃ চেয়ারম্যান স্যার, আপনি শুনলে আশ্চর্য হবেন যে গত ১৫ বছরে আমেরিকায় মাথাপিছু আয় বেড়েছে ২ হাজার টাকা এবং ইংলণ্ডে মাথাপিছু আয় বেড়েছে ১,৪২৫ টাকা। শিল্পে উন্নতিশীল দেশগুলির সাথে ১৫ বছরে আমাদের মাথাপিছু আয়ের পার্থক্য কমে যাওয়া উচিত যেখানে সেখানে আমরা দেখছি যে গত ১৫ বছরে এই শিল্পে উন্নতিশীল দেশগুলির সাথে আমাদের দেশের মাথাপিছু আয়ের পার্থক্য বেড়েই চলেছে। একদিকে মাথাপিছু আয়ের অগ্রগতি যেখানে বাড়া উচিত ছিল সেখানে বাড়েনি—অপর দিকে জীবনযাত্রার ব্যয় সূচীর দিকে যদি তাকাই তাহলে দেখবো যে ১৯৬৩-৬৪ সালে ভারতবর্ষের সাধারণ মানুষের জীবনযাত্রার ব্যয়-সূচী বেড়েছে ১০ ভাগ যেখানে ইউ, এস, এ এবং ইউ. কে.-র জীবনযাত্রার ব্যয়সূচী ১৯৬৩-৬৪ সালে বেড়েছে শতকরা ২ ভাগ—জাপানে বেড়েছে শতকরা ৪ ভাগ। অর্থাৎ আমরা দেখছি আমাদের মাথাপিছু আয় যতটুকু বেড়েছে তার অধিকাংশটুকুই গলাধঃকরণ করেছে দ্রব্যমূল্যের ঊর্ধ গতি। দ্রব্যমূল্যকে রোধ করতে না পারার জন্য যতটুকু সামান্য আয় মাথাপিছু বেড়েছে সমস্ত-টুকুই নিঃশেষ হয়ে গেছে এবং তার ফলে সাধারণ মানুষের অর্থনৈতিক অবস্থা আজকে বিপর্যয়ের সামনে এসে দাঁড়িয়েছে। আজকে এই অবস্থায় আমরা দেখছি যে গত দু বছরে অত্যাবশ্যকীয় জিনিসপত্রের দাম প্রায় দ্বিগুণ বেড়ে গেছে এবং নিত্যপ্রয়োজনীয় জিনিসগুলির দাম শতকরা ১৭ ভাগ বৃদ্ধি পেয়েছে। আজকে এই সম্পর্কে যদি সরকার কোন সুষ্ঠু ব্যবস্থা অবলম্বন না করেন এই দ্রব্যমূল্যের ঊর্ধ গতিকে রোধ করার জন্য মুদ্রাস্ফীতিকে রোধ করার জন্য যদি বাস্তব পন্থা অবলম্বন না করেন তাহলে আমাদের অর্থনীতির সুষম বিকাশ সাধন তারা করতে পারবেন না। শ্রী টি, টি, কৃষ্ণমাচারী একটা বিবৃতি দিয়েছেন—সেই বিবৃতির মধ্য দিয়ে ব্যাঙ্ক রেট বাড়িয়ে দিয়েছেন—তিনি বলেছেন, ব্যাঙ্ক রেট বাড়ানোর মধ্য দিয়ে মুদ্রাস্ফীতি আমরা রোধ করতে সমর্থ হবো। তিনি বলেছেন ব্যাঙ্ক রেট বাড়ানো হয়েছে এইজন্য যে সাধারণ মানুষ সঞ্চয়ের দিকে আকৃষ্ট হবে। যেখানে সাধারণ মানুষের আয় সামান্যতম বেড়েছে এবং যেখানে দ্রব্যমূল্যের ঊর্ধ গতি রোধ করতে না পারার জন্য তার সমস্তটুকুই নিঃশেষ হয়ে যাচ্ছে সেখানে সাধারণ মানুষ কেমনভাবে এই সঞ্চয়ের দিকে আকৃষ্ট হবে? শৈলবাবু ৫ টাকা সরকারী কর্মচারীদের মহার্ঘ্য ভাতা বৃদ্ধি করেছেন। এই পাঁচ টাকা মহার্ঘ ভাতা বৃদ্ধি করার মধ্য দিয়ে তিনি এমন একটা জনসাধারণের সমৃদ্ধি এনে দিয়েছেন যাতে করে তারা সঞ্চয়ের দিকে আকৃষ্ট হবে। আমি সুস্পষ্টভাবে দৃষ্টি আকর্ষণ করতে চাই আমাদের কাছাকাছি রাষ্ট্রের দিকে ইউনাইটেড আরব রিপাবলিক। সেখানে আমাদের দেশের মতই মুদ্রাস্ফীতি হয়েছে। ইউ, এ, আর-এ এই মুদ্রাস্ফীতিকে কমাবার জন্য তিনটে বাস্তব পন্থা তারা গ্রহণ করেছে। প্রথম পন্থা তারা যারা গ্রহণ করেছে কনজিউমার গুডস প্রোডাকসন করে সমস্ত দেশকে তারা ভরিয়ে দেবে।

দ্বিতীয় উপায় হিসাবে তারা গ্রহণ করেছে যে সমস্ত সরকারী ব্যয়কে তারা সংকোচ করবে curtailment of all Government expenditure.
গভর্নমেন্টের যে সমস্ত গাড়ী আছে সেগুলি কমাবে—গভর্নমেন্টের প্রশাসনিক ব্যবস্থায় যা খরচ হয় সেগুলি কমাবার চেষ্টা করবে। কিন্তু আমাদের সামনে মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন সেখানে দেখতে পাচ্ছি যে সেখানে প্রশাসনিক বিভাগে আগের বছরের চেয়ে বেশী খরচ হয়েছে এবং তৃতীয় যে কথা বলেছে ইউ, এ, আর—সেখানে আমরা দেখছি যেখানে জিনিসপত্রের দাম বেড়ে যাচ্ছে সেখানে গভর্নমেন্ট সাবসিডি দিয়ে জিনিসপত্রের দামকে তারা নির্দিষ্ট স্তরে রাখবে—অর্থাৎ গভর্নমেন্ট নিজের রাজকোষ থেকে অর্থ দিয়ে তাকে একটা নির্দিষ্ট

সীমার মধ্যে দিয়ে বেঁধে রাখবে। এইভাবে তারা মুদ্রাস্ফীতিকে রোধ করার চেষ্টা করছে। কাজে কাজেই আজকে আমাদের সরকারকে এ দিকে দৃষ্টি দিতে হবে—তবেই আমরা অর্থনৈতিক ক্ষেত্রে একটা সুষম বিকাশের কথা চিন্তা করতে পারি। আমরা দেখছি অর্থমন্ত্রী আমাদের সামনে রেখেছেন যে আমরা প্রচুর টাকা খরচ করছি কয়েকটি যোজনার মধ্য দিয়ে এবং রাজস্বের পরিমাণ ১৯৬৫-৬৬ সালে দাঁড়িয়েছে ১৫২ কোটি টাকা।—১৯৪৭ সালে পশ্চিমবঙ্গে রাজস্বের পরিমাণ ছিল ৩২ কোটি টাকা—আজকে হয়েছে ১৫২ টাকা। এই যে ৩২ থেকে ১৫২ কোটি টাকা বাড়লো আজকে সাধারণ মানুষের জিজ্ঞাসা যে এর মধ্য দিয়ে সাধারণ মানুষের জীবন-যাত্রার কতখানি উন্নীত হয়েছে।

অজকে তারা জিজ্ঞাসা করতে চায় অর্থনৈতিক জীবনে তারা কতখানি সুপ্রতিষ্ঠিত হয়েছে। কাজে কাজেই এই প্রশ্নের ভিত্তিতে এই প্রশ্নের দৃষ্টিকোন থেকে আমরা বাজেটকে বিচার করব। আমরা বিচার করব এর মধ্য দিয়ে সরকার কতখানি সার্থকতা লাভ করেছেন এবং কতখানি অসাফল্য হয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটা কথা রাখতে চাই যে রাজস্বের পরিমাণ ৩২ কোটি টাকা ছিল ১৯৪৭ সালে, আজ ১৫২ কোটি টাকা হয়েছে। এর মধ্যে হয়েছে কি, এর মধ্যে হয়েছে পশ্চিমবঙ্গ সরকারের পর্বত প্রমাণ ঋণ। পশ্চিমবঙ্গ সরকারের ঋণ ৩৬৩·৪৮ কোটি টাকা হয়েছে এবং পাবলিক বাজারে প্রায় ৫৪ কোটি টাকা ঋণের পরিমাণ বেড়ে গেছে এবং অন্য দিকে সাধারণ মানুষের সমস্যার সমাধান তাঁরা করতে পারেননি। উপসংহারে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় কতকগুলি নীতির কথা বলেছেন। তিনি বলেছেন বাজেট পেশ করার সময় যে মানবিক দিকের কথা আপনাদের চিন্তা করতে আমি অনুরোধ করছি। তিনি বলেছেন আদর্শবাদ এবং মূল্যবোধ সমন্বয় সাধনের মধ্যে মানুষের জীবনের উন্নতি কামনা করি। আজকে তাঁকে জিজ্ঞাসা করছি কোন আদর্শবাদের কথা তিনি বলেছেন? তিনি কোন মূল্যবোধের কথা বলেছেন? আজকে যদি তাঁর সামান্য মূল্যবোধ থাকত, মূল্যবোধ যদি শিক্ষা, সংস্কৃতি, সভ্যতার প্রতি থাকত তাহলে আজকে যে কলকাতার রাস্তায় শিক্ষকরা বসে আছেন নিশ্চয়ই তাঁদের সমস্যা সমাধানের কথা চিন্তা করতেন, তাঁদের কথা চিন্তা করার অবকাশ থাকত। আজকে তাই তিনি যে বাজেট আমাদের সামনে পেশ করেছেন আমি এই বাজেটের তীব্র বিরোধিতা করছি এইজন্য যে এর মধ্যে সাধারণ মানুষের জীবনের সমস্যার কোন কথা নেই, তার সমাধানের কোন ইঙ্গিত এই বাজেটের মধ্যে তিনি দেননি।

Shrimati Santi Das:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি আমাদের শ্রদ্ধেয় অর্থমন্ত্রী ১৯৬৫-৬৬ সালের যে আয়-ব্যয়ের হিসাব এখানে উপস্থাপিত করেছেন তাকে অভিনন্দন জানাচ্ছি। তিনি আমাদের স্বর্গত ডাঃ বিধানচন্দ্র রায়ের মত হয়ত কীর্তিমান পুরুষ না হতে পারেন কিন্তু তিনি আমাদের এই জনবহুল কলকাতার সমস্যা সমাধনের জন্য সার্কুলার রেলের জন্য কেন্দ্রীয় সরকারের সঙ্গে যে আলাপ-আলোচনা চালাচ্ছেন তারজন্য সমগ্র বাংলাদেশের ধন্যবাদের পাত্র হয়ে থাকবেন সে বিষয়ে কোন সন্দেহ নেই। দ্বিতীয় কথা হচ্ছে আমাদের এই বাজেট অধিবেশনের প্রথম দিন থেকে দুর্গাপুর কংগ্রেসকে কেন্দ্র করে এই বিধানসভার মধ্যে যে প্রচন্ড আলোড়ন দেখা দিয়েছে তাতে মনে হচ্ছে আমরা বিরোধী পক্ষের বন্ধুরা যেন কিছুটা ভয় পেয়েছেন। কারণ, যেভাবে আমাদের কংগ্রেস সংগঠনের শক্তি বৃদ্ধি পাচ্ছে এবং প্রসারতা ব্যাপকতা লাভ করছে তাতে তাঁরা এখন থেকে দুর্গা নাম জপ করছেন। কলকাতা কর্পোরেশানের আসন্ন নির্বাচন, আর এক বছর পরে সাধারণ নির্বাচন, কাজেই তাঁরা দুর্গা নাম জপ করে মনোবল ফিরিয়ে আনুন এই প্রার্থনা করি এবং তাঁরা যে দুর্গা নাম জপ করছেন তা শুনে আমরাও পুণ্যের ভাগী হই। তৃতীয় কথা হচ্ছে আমাদের মাননীয় অর্থমন্ত্রী যে আয়-ব্যয়ের হিসাব আমাদের কাছে উপস্থাপিত করেছেন সে সম্বন্ধে দু-একটা কথা বলতে চাই। আমাদের যে পরিকল্পনা সেই পরিকল্পনাকে রূপ দিতে গেলে তিনের সমন্বয় দরকার। সেই তিন বস্তু হচ্ছে—(১) জনসাধারণ, (২) আমরা জন

প্রতিনিধিত্ব করবার জন্য যাঁরা এখানে এসেছি. (৩) জন ভৃত্য অর্থাৎ প্রশাসনিক ব্যাপারের সংগে যাঁরা জড়িত আছেন। এই তিনের সমন্বয় যদি সুপরিকল্পিতভাবে না হয় তাহলে সত্যিকারের রূপায়ণ কিছু ব্যাহত হবে, এই বিষয়ে আমার সংগে আমার অর্থমন্ত্রী মহাশয়ও স্বীকার করবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি নিজে এক কালে রাজনৈতিক কর্মী ছিলাম। আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীকে জানাচ্ছি যে তিনি আমাদের শিক্ষকদের ভাতা বাড়িয়েছেন, তিনি পেনসান হোল্ডারদের ভাতা বাড়িয়েছেন, তিনি আমাদের সরকারী কর্মচারীদের ভাতা বাড়িয়েছেন কিন্তু সেই সমস্ত রাজনৈতিক কর্মী যাঁরা এখনও অন্ধকারে জর্জরিত অবস্থায় রয়েছেন অর্থাৎ যাঁরা কোনদিন প্রাক-স্বাধীনতার যুগে তাঁদের জীবীকার জন্য সরকারের কাছে আবেদন-নিবেদন করেননি এবং আজও আবেদন-নিবেদন করবেন না তাঁদের ভাতা বৃদ্ধির জন্য তাঁরা যে কোন কিছু আয়-ব্যয়ের মধ্যে রাখেননি তারজন্য আমি দুঃখিত।

[4-25—4-35 p.m.]

কারণ আপনি জানেন স্বাধীনতা সংগ্রামের সেই সমস্ত সংগ্রামীরা বলেছেন
Let me die peacefully.
এখনো তাঁরা সেই কথা বলছেন যে আমরা আবেদন-নিবেদন কোনদিন করবো না। কিন্তু তাঁদের ভাতা বৃদ্ধি হওয়া প্রয়োজন। তাঁরা সমাজ জীবনে রি-এসটাব্লিসড হবার জন্য টাকা চান না, মান চান না। স্বাধীনতার ইতিহাস লিপিবদ্ধ করবার জন্য তাঁরা একটি কমিটি করেছেন আমি জানি আপনারা তাঁদের জীবীকার্জনের একটা ব্যবস্থা করবেন।

আমাদের বিরোধীপক্ষের বন্ধুরা বলছেন আমরা কিছুই করিনি এবং যা করেছি সব ভুলে ভরা। আমি আপনার কাছে বলছি—কোন কংগ্রেসীর লেখা নয়, একজন সুসাহিত্যিকের লেখা যিনি নাকি রাশিয়ায় গিয়েছিলেন, এটা তাঁরই উক্তি আমি এখানে তুলে ধরতে চাই। তিনি বলেছেন—"সোভিয়েট ইউনিয়ন পরিভ্রমণ করে এই নিশ্চিত সিদ্ধান্তে পেঁাছেছি বিনা রক্তপাতে ও বিনা বিপ্লবে, বিনা হিংসায়, বিনা হানাহানিতে বিগত ১৫ বৎসর কালের মধ্যে ভারতবর্ষ যে বিপুল পরিমাণ সংগঠনের কাজ সম্পন্ন করেছে, পৃথিবীর আধুনিক ইতিহাসে এক পশ্চিম জার্মানী ছাড়া অন্য কোন জায়গাতে তা হয়নি।"

কাজেই এটা একজন সাহিত্যিকের মন নিয়ে তিনি দেখেছেন। আমাদের ভারতবর্ষের অগ্রগতি কি রকম অব্যাহত ভাবে চলেছে, যে পরিকল্পনায় সুপরিকল্পিতভাবে ভারতের অগ্রগতি চলেছে তা এই লাইন কয়টি থেকে আমরা বুঝতে পারছি।

তারপর আর একটি কথা বলবো—

[এ ভয়েসঃ আর কি সার্টিফিকেট আছে?]

আমাদের কেন্দ্রীয় সরকারের অর্থমন্ত্রী কৃষ্ণমাচারী বলেছেন ৫০টি উপনগরী স্থাপনের জন্য আগামী বছর কেন্দ্রীয় পূর্ত বিভাগের আদেশ দিয়েছেন। আমার বক্তব্য হচ্ছে মাননীয় অর্থমন্ত্রীর কাছে, আপনার মাধ্যমে জানাতে চাই কল্যানীতে যে বিরাট শিল্প উপনগরী সৃষ্টি করবার পরিকল্পনা রয়েছে, তার প্রতি আপনি আরো সুপ্রসন্ন হোন। কারণ আমরা দেখছি—কল্যানীতে স্পিনিং মিলে যে বিরাট বিক্ষোভ দেখা দেখা দিয়েছে, আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীকে জানাচ্ছি যে স্পীনিং মিলের ৭২ জন কর্মীর উপর ছাঁটাই নোটীশ দেওয়া হয়েছে এবং তাদের উপর সাসপেনসান অর্ডার দেওয়া হয়েছে। বিগত অক্টোবরের ১১ই তারিখ থেকে আজ পর্যন্ত তাদের এনকোয়ারী হবার পর সেটা ভুল হয়েছে বলে রি-এনকোয়ারী করেছেন এবং তাদের পক্ষে যাঁরা সাক্ষ্য দিয়েছেন, তাঁদের উপর জুলুমবাজী চলেছে। কাজেই এটা জানাতে চাই আপনার মাধ্যমে যে এর পরিসমাপ্তি এখনই হওয়া দরকার। ৭২ জন কর্মীর অর্থাৎ ৭২টি পরিবার আজকে মৃত্যুমুখে পতিত, এদের একটা সুব্যবস্থা আশু করুন।

তারপর শিক্ষা সংক্রান্ত ব্যাপারে বলতে চাই—আজ পর্যন্ত মেয়েদের জন্য কোন পলিটেকনিক হয় নাই বাংলাদেশে। এটা বড় দুঃখের কথা। গত বছর শিক্ষামন্ত্রী বলেছিলেন যে আরবান এলাকায় পলিটেকনিক খোলা হয়েছে। আমরা জানি সেখানে ১১।১২টি মেয়ে কনভেন্ট বোর্ডে ট্রেনিং নিচ্ছে। আরবান এরিয়ায় আপ টু ম্যাট্রিক স্ট্যান্ডারড এর মেয়েদের কর্ম সংস্থাপনের কোন ব্যবস্থা আজ পর্যন্ত হয় নাই। গত সপ্তাহে আমাদের ইস্টার্ন রিজিয়ন্-এ রেলের আন্ডার দি সেন্ট্রাল সোস্যাল ওয়েলফেয়ার বোর্ড-এর একটা কনফারেন্স হয়ে গেছে। সেখানে জানলাম উড়িষ্যা এবং বিহার এই রকম এক সোসিও-ইকনমিক প্রোগ্রাম হয়েছে। তারা একটা পলিটেকনিক্ খুলেছে। কিন্তু অতীব দুঃখের বিষয় যেখানে বাংলাদেশে মহিলা শিক্ষার হার বৃদ্ধি পাচ্ছে, সেখানে আরো কর্মসংস্থানের ব্যবস্থা মেয়েদের জন্য হওয়া উচিত। কিন্তু এই সমস্ত আরবান এলাকায় অনেকে বাড়ীতে বসে মেয়েরা কাজ করে, সোসিও-ইকনমিক প্রোগ্রাম-এর আওতায় এসে তাদের ফ্যামিলীকে আরো অতিরিক্ত কিছু আয় করতে তারা সাহায্য করতে পারবে সে বিষয়ে আমাদের কোন পরিকল্পনা এই বাজেটে দেখছি না।

কল্যানী স্পীনিং মিল সম্পর্কে আর একটা কথা বলছি। কল্যানী উপনগরী অবহেলার প্রতি অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তিনি আয়-ব্যয়ের হিসাবের যে পুস্তিকা দিয়েছেন, সেখানে দেখলাম হাবড়াতে একটা কল্যাণী স্পীনিং মিল নং ২—তার জন্য এলটমেণ্ট ধরা হয়েছে। কিন্তু কল্যানী যে এক্জিসটিং মিল রয়েছে সেখানে, তার এক্সপ্যানসন, এবং ফার্দার ডেভলেপমেন্ট ইত্যাদির জন্য কোন কিছু অর্থ বরাদ্দ করা হয় নাই।

আপনারা হাবড়ায় একটি কেন, প্রত্যেক জেলায় জেলায় একটি করে স্পীনিং মিল করুন এবং তাতে আমার কোন আপত্তি নেই। আমার প্রশ্ন হচ্ছে যেটা এক্জিসটিং মিল তার ফার্দার ডেভলপমেন্ট-এর জন্য কেন অর্থ বরাদ্দ করবেন না? তারপর আপনারা যে মহিলা শিক্ষার কথা বলছেন তাতে আমি আপনাদের কাছে একটা উদাহরণ দিতে চাই। কেরালায় সেণ্ট পারসেণ্ট মহিলা শিক্ষিতা এবং সেই কারণে তাঁরা বলছেন আমাদের টেকনিক্যাল ট্রেনিং দাও, আমরা অন্য কোন এডুকেসন চাই না। আমরা এখানে সেণ্ট্রাল সোস্যাল ওয়েলফেয়ারে টাকা পেয়ে স্টে বোর্ডের আন্ডারে উইমেন্স প্রোগ্রাম করেছি এ্যাডাল্ট উইমেন-দের জন্য—কনডেন্সড কোর্স-এ স্কুল ফাইনন্যাল, গ্রামসেবক, জুনিয়ার নার্সিং, সিনিয়ার নার্সিং প্রভৃতি শেখান হচ্ছে। কিন্তু মফঃস্বল শহরে যে সমস্ত মেয়েরা ম্যাট্রিকুলেট বা প্রি-ইউনিভার্সিটি পাশ করেছে কিন্তু অর্থনৈতিক কারণে বা সংসারের তাড়ণায় আর পড়াশুনা করতে পারে না তারা যাতে সর্টহ্যান্ড, টাইপরাইটিং ইত্যাদি শিখতে পারে সেইজন্য আর্বান এরিয়ায় ট্রেনিং স্কুলের জন্য শিক্ষা খাতে যাতে অতিরিক্ত ব্যয় বরাদ্দ ধরা হয় সেইজন্য আমি অর্থমন্ত্রীর কাছে অনুরোধ জানাচ্ছি। আমার শেষ কথা হচ্ছে চার্চিল দ্বিতীয় মহাযুদ্ধের সময় বলেছিলেন "ইন ওয়ার—রেজলিউসন"। আমি সেখানে আপনার মাধ্যমে বিরোধীপক্ষের বন্ধুদের কাছে এই আবেদন জানাব যে, আমাদের দেশে এই যে অশিক্ষা, এই যে অন্ধকার, এই যে অজ্ঞানতা তার বিরুদ্ধে লড়বার জন্য আমরা যেন সব সময় হাতে হাত মিলিয়ে চলি।

Shri Somnath Lahiri:

মাননীয় চেয়ারম্যান স্যার, আমাদের বাজেট এস্টিমেটস্-এর বিতর্ক যখন চলছে তখন আমাদের এ্যাসেম্বলী হাউস থেকে আরম্ভ করে এসপ্ল্যানেড, এসপ্ল্যানেড থেকে রাইটার্স বিল্ডিংস্ এবং রাইটার্স বিল্ডিংস্ থেকে সারা বাংলাদেশ ব্যাপী লক্ষ লক্ষ সরকারী কর্মচারী এবং লক্ষ লক্ষ প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষকদের আর্তনাদের আওয়াজ এখানে এসে পেঁাছাচ্ছে। আমি জানতে চাই সেই আওয়াজ কি আমাদের মন্ত্রীদের কানে প্রবেশ করেছে?

সেদিন মুখ্যমন্ত্রী শিক্ষকদের ৫ টাকা মাগ্গীভাতা ছুড়ে দিয়ে লাফিয়ে লাফিয়ে বললেন এত টাকা পাবার পরও তাঁরা যখন প্রাইভেট টিউসন করেন তখন তাঁদের বলতে হয় অর্থ পিশাচ। স্যার, একথা শুনলে অবাক লাগে, কারণ এই মুখ্যমন্ত্রী এবং তাঁর সরকার অর্থ পিশাচ বিশেষজ্ঞ ডাক্তার যাঁরা কয়েক হাজার টাকা মাইনে পান তাঁদের কিন্তু প্রাইভেট প্র্যাকটিস করবার অনুমতি সানন্দে দিয়েছেন।

এছাড়া ১৯৬৪-৬৫ সালের সরকারী বাজেটে আমরা আর কি দেখছি? আমরা দেখছি বাজোরিয়া, ম্যাকলিয়ড প্রমুখ দেশী এবং বিদেশী চা মালিকদের তুষ্ট করবার জন্য তাদের শিল্প ব্যবস্থায় যে ক্যাপিট্যাল এক্সপেনডিচার তাকে রেভিনিউ এক্সপেনডিচার হিসেবে ধরে নিয়ে এই সাহেব এবং মাড়োয়ারী মালিকদের ৪৫ লক্ষ টাকা বিনা খরচে খামাকা উপহার দিয়েছেন। তারপর, ১৯৬৪-৬৫ সালে পুলিশকে বাজেট এক্সপেনডিচার-এর বেশী উপহার দেবার পরও ১৯৬৪-৬৫ সালে তাদের জন্য অতিরিক্ত ধরেছেন ১ কোটি ৪০ লক্ষ টাকা। কিন্তু মাস্টাররা প্রাইভেট টিউসনু করলেই তাঁরা অর্থ পিশাচ। তারপর, কমিউনিটি ডেভলেপমেন্ট প্রজেক্ট-এর ব্যাপারে দেখছি ইভ্যালুয়েসন প্রোগ্রাম-এর ডাইরেক্ট-এর কাছ থেকে একথা শোনার পরও—যে কমিউনিটি ডেভলপ-মেন্ট প্রজেক্ট প্রায় ব্যর্থ হয়েছে—তারজন্য বরাদ্দ করেছেন ৪৫ লক্ষ টাকা। আজকে ২ বছর ধরে যুদ্ধ থেমে আছে এবং মন্ত্রী থেকে আরম্ভ করে আমলাতন্ত্র, রাজ্যপাল থেকে আরম্ভ করে সামান্য পাল এবং হরিদাস পাল পর্যন্ত কেউ বিশ্বাস করে না যে দেশে যুদ্ধ আছে। কিন্তু আশ্চর্যের বিষয় দু বছর আগে যে সমস্ত স্লিট ট্রেঞ্চ কাটা হয়েছিল এবং আজকে দেখতে গেলে যেগুলো খুঁজে পাওয়া যাবে না, সেগুলির জন্য পূর্বে অর্থ খরচ হয়েছে এবং এখন আবার সেই স্লিট ট্রেঞ্চ এবং এয়ার রেইড প্রিকসনস-এর জন্য খরচ বাড়িয়ে বরাদ্দ ধরেছেন ১ কোটি ৮৯ লক্ষ টাকা। এতে কিছু কংগ্রেসী পান্ডা, কন্ট্রাকটর এবং টাউট-রা লাভবান হতে পারে।

[4-35—4-45 p.m.]

তাছাড়া দল রাখবার জন্য এম-এল-এ ও এম-এল-সি-দের ভাতা বৃদ্ধির প্রস্তাব কয়েক লক্ষ টাকা হবে। এই খরচগুলি বন্ধ করলে প্রায় ৫ কোটি টাকা হাতে আসত। সেই টাকার সঙ্গে আরও কিছু যোগ করে মাষ্টার মশায়দের এবং সরকারী কর্মচারীদের দিয়ে দেন, যারা আপনাদের সন্তান সন্ততিদের মনে আলো দেবে, তাদের অন্ধকারে রাখবেন না। আর যারা সেক্রেটারীয়েটের ইমারতের ইঁট গাঁথছে, সেই সরকারী কর্মচারীদের বঞ্চিত করলে তাদের ইমারত ধ্বংস হয়ে যাবে এবং এই সংকটের সৃষ্টি করবেন। অজয়বাবু এখানে বক্তৃতা দিয়ে দেখালেন বুলগানিন ক্রুশ্চেভ ওঁদের সার্টিফিকেট দিয়ে গেছেন; আহা মরি মরি। তিনি জানেন বোধ হয়, কিম্বা জানলেও হয়ত জানেন না, ক্রুশ্চেভ ব্রহ্মদেশে গেলেও কি মিশর দেশে গেলেও এই রকম সার্টি-ফিকেটই দিয়ে থাকেন। যে যে দেশ স্বাধীন হয়েছে, সাম্রাজ্যবাদীদের সঙ্গে লড়াই করে দাঁড়াবার চেষ্টা করছে সেই রকম প্রত্যেক দেশে গেলেই তারা সেই উদ্যমের প্রশংসা করে থাকেন। কিন্তু আমাদের অজয়বাবু ভুলে গেছেন, আপনাদের সব চেয়ে মান্য আমেরিকার ইউ, এন, ও-এর যে তথ্য ইত্যাদি দেখা যায় তাতে দেখছি ভারতবর্ষ কিছু কিছু অগ্রসর হয়েছে, সামান্য সামান্য হয়েছে কিন্তু সিংহলের তুলনায় এমন কি সিংহল ব্রহ্মদেশের তুলনায়, মিশরের তুলনায় শিল্প প্রগতিতে আপেক্ষিকভাবে বেশী হয়নি। ইউ, এন, ও-এর Demographic Survey Report বলছে ইণ্ডিয়া is the worst fed nation in the world. অজয়বাবু সেগুলি সযত্নে চেপে গিয়েছেন।

যাই হোক আমি সেই তর্কের মধ্যে যেতে চাই না। এবারের বাজেট ফোর্থ প্ল্যানের ব্যাক-গ্রাউন্ড হিসাবে সরকারী নীতি কি দাঁড়িয়েছে তার জন্য ক্রুশ্চেভ বুলগানিনের কাছে আমি যেতে চাই না। আমাদের ফাইনান্স মিনিষ্টার-এর অফিস থেকে, ফাইনান্স ডিপার্টমেন্টের

কর্মচারীরা যে সমস্ত তথ্য বইয়ে লিপিবদ্ধ করেছেন তা থেকে যে চেহারা খুঁজে পাই সেটা কি? সেকেণ্ড প্ল্যানের যে রিভিউ বার করেছেন, তাতে বলেছেন, ফার্স্ট প্ল্যানে রেশনিং দূর করেছিলেন চিরকালের জন্য, সেই রেশনিং-এর বর্তমানে হয়ত প্রয়োজন ছিল কিন্তু সেটা সরকারের অসাফল্যেরই পরিচয়। তারপর বলেছেন এই অবস্থার জন্য এগ্রিকালচারই দায়ী, তার জন্য সেচই দায়ী। সেচের অবস্থা কি? প্ল্যানের সম্বন্ধে যে মেমোরেণ্ডাম তৈরী করেছেন, দ্বিতীয় পৃষ্ঠায় তিনি লিখেছেন ফাইন্যান্স মিনিষ্টার বলছেন

What makes West Bengal's position so different from other States so far as food production is concerned is the fact that out of about 13.3 million acres under food crops, only 3.5 million acres have irrigation facilities..........

অন্যান্য দেশের সঙ্গে এই তফাৎ। তারপর স্বভাবতঃই আশা করবেন যে সেচের ব্যবস্থা হবে না। এই বিষয়ে এর ৭২য়ে ৪ পৃষ্ঠায় তিনি বলছেন

The limits of useful spending are set by certain physical barriers. Big irrigation schemes, for instance, take a long time in execution and yielding return.

সুতরাং বিগ ইরিগেশন আপাততঃ পরিত্যক্ত হল যা আগে ছিল তা ছাড়া কিছু হবে না। ৪র্থ পরিকল্পনায় তাই লিখেছেন, তাহলে মাইনর ইরিগেশন হবে? তা নয়।

The outlay on big and medium irrigation projects will therefore be confined mainly to the schemes already taken in hand. Another barrier is the time required for building up an adequate organisation.

তারপর অর্গানাইজেশন কত হবে তাও বলেছেন পারবেন না।

With the technical personnel being in short supply, this building-up process has from experience been found to be very slow. Efforts are being made to turn out trained personnel but no radical change in the situation can be expected in near future. তারপর Lastly বলেছেন minor irrigation সম্বন্ধে। As the area cannot be increased, much of the land which is yielding one crop at present, must be made to bear two or even three and each must be a better one. This pre-supposes the use of more irrigation and fertilizers. Small irrigation schemes using surface waters will be taken up in the largest possible number, but the requisite facilities do not exist everywhere.

অর্থাৎ সেচের অব্যবস্থার জন্য খাদ্য পাচ্ছে না, সেচের অভাবের জন্য চাষ হচ্ছে না। চাষের অভাব দূর করবার জন্য আমরা মেজর ইরিগেশন করবো না, ট্রেণ্ড পারসোনেল তৈরী করবো না এবং মাইনর ইরিগেশনের জন্য বিশেষ কোন ব্যবস্থা নেই এই ছবি তাঁরা নিজেরাই এঁকেছেন। তারপর তাঁরা বলছেন

Agriculture is under so much pressure today that it can immediately release a million persons, without being any the worse for it.

অর্থাৎ চাষ করবার উপযোগী লোক দিতে পারবেনা। ইণ্ডাষ্ট্রি সম্বন্ধে দেখুন যে ২।৩ পৃষ্ঠায় The contribution of the industrial sector to State income has not been in proportion to it importance in the economy of the State. Result of this has mainly been low rate of capital formation. As the growth in the per capita income has of late been inappreciable, investible funds have been very scarce indeed. The rising price level has further worsened the situation. Whatever savings there could be, have been drawn upon to meet day-to-day expenditure.

অর্থাৎ তারা স্বীকার করছেন পার ক্যাপিটা ইনকাম-এর নামমাত্র উন্নতি হয়নি।

Whatever investible funds are still available are being drawn to speculative undertakings by lure of easy profits rather than to productive enterprises.

এটাই হচ্ছে তাঁদের summing up of the situation.

তাঁরা মূল্য বৃদ্ধি রোধ করতে পারবেন না, ফাটকাবাজী বন্ধ করতে পারবেন না এবং মাথাপিছু আয় বাড়াতে পারবেন না। এটা হল তাদের ফোর্থ ফাইভ ইয়ার প্ল্যান-এ প্রোসিড করার পার্সপেক্টিভ-এর ব্যাক গ্রাউণ্ড।

কিন্তু অজয়বাবু কেন এখানে এত নাচানাচি করলেন ক্রুশ্চেভ, বুলগানিন নিয়ে তা বুঝতে পারলাম না। তিনি তাঁর নিজের মন্ত্রীর বক্তৃতা উপসংহার পড়লেই দুরবস্থাটা বুঝতে পারবেন—

This is the main conclusion in the budget. Our main disappointment has been in the slow rate of growth of the economy in the first few years of the current plan and the rise in prices of all commodities due to inflation. This, in my opinion, has been due to the fact that we have not been able to ensure stable conditions.

দেশে ষ্টেবল কণ্ডিশন পর্যন্ত তাঁরা য়েনসিওর করতে পারেন নি, পারছেন না, পারবেন না এবং এটাই হল তাঁর বাজেট বক্তৃতার উপসংহারের স্বীকৃতি।

Inflation no doubt leads to redistribution of incomes in favour of the rich who are normally inclined to save more and invest more. But even apart from the injustice involved, inflation breeds distrust in domestic money and leads to diversion of savings to such unproductive uses as real estate speculation, large inventories, gold hoarding and outflow abroad through various devices.

আমি শুধু এটা বলব যে অর্থমন্ত্রীর নিজের স্বীকৃতি যা তিনি পশ্চাৎ ভূমি হিসাবে উপস্থিত করেছেন তার থেকে ১৮ বছরের কংগ্রেসী রাজত্বের ব্যর্থতার ছবি তিনি আমাদের কাছে উপস্থিত করেছেন। অবশ্য মুখ্যমন্ত্রী এখানে মাঝে মাঝে এখানে নেচে নেচে বলেন আমরা জেনতেন করে গর্ববোধ করছি। কিন্তু যখন নাচঘরের পেছনে আসল অধিকারী কেন্দ্রীয় সরকারের কাছে গিয়ে হাজির হন তখন সাজপোষাক খুলে দাঁড়ালে দেখা যায় সেই সাজপোষাকের পেছনে অর্থমন্ত্রীর ল্যাঙগট মাত্র সম্বল আছে। তৃতীয় পরিকল্পনায় কৃষি খাতে, এক কমিউনিটি ডেভলপমেণ্ট ছাড়া আর কোন একটা ব্যাপারে এষ্টিমেট মত খরচ করতে পারবেন বলে সরকার অনুমান করেন না। বাজেট বক্তৃতায় কৃষি, সেচ প্রমুখ ৭টি খাতে ধার্য ৫২ কোটি টাকার মধ্যে মাত্র ৩৫·৭ কোটি টাকা খরচ করবেন বলে বলছেন।

[4-45—4-55 p.m.]

ভাবুন ৫২ এর মধ্যে মাত্র ৩৫ কোটি টাকা আসলে দাম বেড়েছে সুতরাং আসল মূল্য শেষ পর্যন্ত ২৫।২৬ কোটি টাকা অর্থাৎ বরাদ্দের অর্ধেক খরচ করতে পারবেন তবুও বলতে চাইছেন যে আর্থিক বিনিয়োগের ক্ষেত্রে শতকরা ৫০ ভাগ ব্যর্থতা সত্ত্বেও কৃষি এবং সেচের লক্ষ্য পূর্ণ করবেন করতে পারবেন না তা সত্ত্বেও ফলন কত বেড়েছে দেখুন তো এই কথা অজয়বাবু বলেছেন কিন্তু সবাই জানেন পশ্চিমবাংলা ৩।৪ বৎসর অন্তর ফসল বাড়ে এবং তার পর মাঝে মাঝে কমতে থাকে এবং সে হিসাবে ৯ লক্ষ টন বৃদ্ধি দেখিয়ে পার পাওয়া যাবে না. আসল কথা একর প্রতি উৎপাদনের বৃদ্ধির ঝোঁক সৃষ্টি করতে না পারলে কোন ভরসা থাকে না এবিষয়ে পশ্চিমবাংলা সরকারের রেকর্ড কি? রেকর্ড হল মাইনাস। ইণ্ডিয়ান এগ্রিকালচার ইকনমিক কনফারেন্স ২৩ অধিবেশনে প্রকাশিত হয়েছে। ১৯৫০।৫১ সাল থেকে ১৯৫৯-৬০ পর্যন্ত ১ দশকে খাদ্য শস্য একর পিছু ফলন বৃদ্ধির হার সারা ভারতবর্ষে প্লাস ২·৪(+২·৪) সেখানে পশ্চিমবাংলার হার হল মাইনাস ০·৬(−০.৬)।

কৃষিক্ষেত্রে এই চরম ব্যর্থতার কারণ কি? প্রথম কারণ সেচ ব্যবস্থার অপ্রাতুলতা। ফোর্থ প্ল্যান মেমোতে স্বীকার করা হয়েছে যে পরিকল্পনার ১ দশকে সেচের জমি বেড়েছে শতকরা ১·৫ ভাগ দো-ফসলা চাষযোগ্য জমির অনুপাত প্রকৃত আবাদ জমি শতকরা দুভাগ বাড়েনি। ছোট সেচ প্রকল্পে মাত্র ৩৯৫টী গভীর টিউবওয়েল খোলা হয়েছিল; চালু আছে ১১৩টী সুতরাং কমিউনিটী ডেভালপমেণ্ট খাতে সব টাকাটা ছোট সেচ প্রকল্পে খরচ করা হোক ও চতুর্থ পরিকল্পনা এই দৃষ্টিতে তৈরী করা হোক প্রকল্পের কাজে পরিণত করবার জন্য এই সংগঠন এবং জনস্বার্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সঙ্গে পরামর্শ করা হোক।

কৃষিতে ব্যর্থতার দ্বিতীয় কারণ হচ্ছে জমিদারী উচ্ছেদ আইন পাশ হয়েছে বটে কিন্তু জোতদার, লাঠদার. প্রভৃতির অধীনে প্রকৃত অবস্থার অবনতি ঘটেছে সুতরাং নূতন করে ভাগ চাষী প্রথা কমার বদলে বেড়েছে। তাই ভূমি সংস্কার এবং কৃষকের সংকট সম্বন্ধে—আমি এই প্রস্তাব করছি যে একটা সর্বদলীয় তদন্ত কমিটি ও সমীক্ষণ করার জন্য। চতুর্থ পরিকল্পনায় এই সংকট আরো গভীর হবে।

চতুর্থ পরিকল্পনার মূলনীতি কি হবে এদের মেমোতে তা পরিষ্কার বলেছেন। সে চতুর্থ পরিকল্পনা রচনা, এবং পরিকল্পনায় সমস্ত চেষ্টা পরিচালিত করতে হবে কোন দিকে? তৃতীয় পৃষ্ঠায় ওঁদের ১নং

Memo consumption to be restricted to the minimum

বলেছেন সবচেয়ে কম খেয়ে বাঁচবার জন্য মানুষকে তৈরী থাকতে হবে। দ্বিতীয়টা হল ফ্যামেলি প্ল্যানিং, তার তৃতীয়টা হল ফ্রেশ ট্যাক্স ৪০ কোটি ধরে। এই নূতন ট্যাক্স ধরা হবে চতুর্থ পরিকল্পনার আমলে এই কথা বলতে লজ্জা হয় নি যে চতুর্থ পরিকল্পনার জন্য এই তিনটি লাইনই নীতি। মানুষকে বলছেন কম খাও সন্তান সন্ততি যাতে না হয় তার ব্যবস্থা করবো এবং পারলে সব মেরে ফেলবো, আর ৪০ কোটি টাকা ট্যাক্স বসাব!

আমরা বলি ক্ষুদ্র মাঝারি সেচ ব্যবস্থা মারফৎ চাষের জন্য এবং শিল্প বিকাশের জন্য প্রধান জিনিষ বিদ্যুৎ উৎপাদন। সে বিষয়ে সরকার কিছু করেন নি। আমি একটা হিসাব দিচ্ছি মাদ্রাজে ছয় হাজার গ্রামে বিদ্যুৎ আছে, মহারাষ্ট্রে ১ হাজার গ্রামে বিদ্যুৎ আছে, ইউ পিতে ৪ হাজার ৪২৬টা গ্রামে আছে ওয়েস্ট বেঙ্গলেতে ৩৫৭টা গ্রামে বিদ্যুৎ আছে। এবং ৫ হাজারের চেয়ে বেশী গ্রামে মাদ্রাজে ৪৩২, মহারাষ্ট্রে ১১৬টা জায়গায় আছে উত্তর প্রদেশেতে ১৩৮টা জায়গায় আছে আর আমাদের পশ্চিমবাংলায় ৩০টা জায়গায় আছে। তার ফলে সেচ ও জলের ব্যবহৃত বিদ্যুতের পরিমাণ ১৭ হাজার কিলো ওয়ার্ড পাঞ্জাবে ৭৩ কিলো ওয়ার্ড এটা মেমোতে স্বীকার করেছেন। পশ্চিমবঙ্গে মাথাপিছু আয় বৃদ্ধির হার কম। নামমাত্র শিল্পে শ্রমিক এবং ক্ষেতমজুর উভয়ের আসল আয় কমে গেছে এই কথা অস্বীকার করতে পারেন না।

কৃষি সংকট ছাড়া এ শোচনীয় অবস্থার অন্য মূল কারণ হল কলকাতা, আসানসোলে, দুর্গাপুরের শিল্পাঞ্চলের বাহিরে পশ্চিমবাংলার বাকী ৯৫ পারসেন্ট অংশের জনসাধারণের চরম দারিদ্রতা এবং অনগ্রসরতা। এই বাকী অংশে শিল্প নেই বললেই হয় তাই মানুষের সংখ্যা কমে গেছে এটা স্বীকার করেছেন। উত্তরবঙ্গে পাঁচটা জেলায় কর্মরত মানুষের সংখ্যা মাত্র ১·৮ শিল্প নিযুক্ত এরূপ মুর্শিদাবাদে হল ৩ পারসেন্ট, নদীয়ায় ৫·৩ পারসেন্ট।

বাঁকুড়ায় ৩ পারসেন্ট ইত্যাদি। সরকারী খসড়া চতুর্থ পরিকল্পনায় এই অবস্থায় অব্যাহত থাকবে। কারণ, প্রায় মোট ১৮৮ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের মধ্যে মাত্র ১৮ মেগাওয়াট উত্তরবঙ্গের জন্য আর ৩ মেগাওয়াট মধ্যবঙ্গের জন্য বরাদ্দ হয়েছে। অথচ দুর্গাপুরে ২১০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন ক্ষমতার মধ্যে মাত্র ১৫০ মেগাওয়াট ব্যবহার হচ্ছে। সময় নেই বলে আমি এখানে শেষ করছি। আমি যা বলেছি তার সোজা কথা হল এই চতুর্থ পরিকল্পনায় যা করবেন তাকে শুধু কলকাতা বা দুর্গাপুর, আসানসোল এর ভিত্তিতে চিন্তা না করে সারা পশ্চিমবঙ্গের সমস্ত অঞ্চলে শিল্প ছড়ানোর মতন করে যাতে বিদ্যুৎ তৈরী করতে পারেন সেই ব্যবস্থা করুন। ৯৫ ভাগ জনসংখ্যা যারা অনগ্রসর তাদের দুঃখভাগী হয়ে যদি তাদের উন্নতির ব্যবস্থা করেন তবেই চতুর্থ পরিকল্পনা সফল হবে এবং মানুষের জীবনে কিছুটা পরিবর্তন আসবে। তা নাহলে আজকে যা বলছেন কালকে তার পুনরাবৃত্তি করবেন আর কিছু করতে পারবেন না।

Mr. Chairman: Honourable members are requested to finish their speeches within the time allotted.

Shri Arun Kumar Moitra:

মাননীয় চেয়ারম্যান, স্যার, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট আমাদের সম্মুখে পেশ করেছেন তা পশ্চিমবাংলায় তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার সফল উদ্‌যাপনের প্রতীক রূপে চিহ্নিত হয়ে থাকবে। বিরোধী দলের মাননীয় সদস্যগণ আমাদের বোঝাবার চেষ্টা করেছেন যে গত ১৭ বছরে পশ্চিমবাংলার কোন উন্নতি সাধিত হয়নি। আমাদের মাননীয় সদস্য শ্রীঅজয় কুমার মুখোপাধ্যায় মহাশয় যখন তথ্য উপস্থাপন করেছেন যে গত কয়েক বছরে পশ্চিমবাংলায় কি কি উন্নয়ণ সাধন হয়েছে তখন তাঁরা বোঝাবার চেষ্টা করেছেন যে হয়েছে বটে, তবে সাধারণ মানুষের জীবনে তার কোন প্রতিফলন আসেনি। এই কথার উত্তরে সহজভাবে বলা যায় যে পশ্চিমবাংলায় গত কয়েক বছরে হাসপাতালে শয্যা সংখ্যা কিছু বেড়েছে। যে সমস্ত গ্রামাঞ্চলে স্বাস্থ্যকেন্দ্রগুলি স্থাপিত হয়েছে তার ফল পশ্চিমবাংলার জনসাধারণ পেয়েছে কিনা? পশ্চিমবাংলায় যে নূতন নূতন অসংখ্য প্রাথমিক বিদ্যালয় খোলা হয়েছে গ্রামের সাধারণ মানুষের সন্তানরা সেখানে শিক্ষার সুযোগ গ্রহণ করেছে কিনা? এখানে গ্রামের সংগে শহরের সংযোগরক্ষার জন্য যে নূতন নূতন পথ নির্মাণ করা হয়েছে তার ফলে গ্রামের অর্থনীতি শক্তিশালী হয়েছে কিনা? এই প্রশ্নগুলি তাদের সামনে তোলা যাক। আমরা দেখছি যে গত কয়েক বছরে লক্ষ লক্ষ উদ্বাস্তু সমাগমে পশ্চিমবঙ্গ জনভারাক্রান্ত হয়ে উঠেছে এবং তার ফলে এখানকার চাষের জমির উপর চাপ পড়েছে, অতিরিক্ত জনসংখ্যাকে কর্মে নিয়োগের জন্য নূতন নূতন শিল্পকারখানা এখানে স্থাপিত হয়েছে। গত কয়েক বছরে পশ্চিমবাংলার বহুসংখ্যক বেকার মানুষের প্রতিবছর কর্মসংস্থান হয়ে চলেছে। আমাদের মাননীয় বন্ধুরা আজকে পশ্চিমবাংলার সামনে মুদ্রাস্ফীতি এবং তার ফলে উচ্চ মূল্যে বৃদ্ধি হওয়ায় যে সমস্যার কথা উল্লেখ করেছেন তার জন্য কলকাতা শহরের ৬০ লক্ষ লোককে ষ্ট্যাটুটরি রেশনিং-এর অন্তর্গত করা হয়েছে। এবং তাদের নির্দিষ্ট মূল্যে খাদ্যশস্য সরবরাহের ব্যবস্থা করা হয়েছে। এর ফল সারা পশ্চিমবাংলার অর্থনীতিতে বিরাট প্রভাব বিস্তার করবে। সারা পশ্চিমবাংলায় খাদ্যশস্যের মূল্য স্থিতি লাভ করবে বলে আমি বিশ্বাস করি। এই প্রসংগে আমি একটি কথা বলতে চাই গত কয়েক বছরে পশ্চিমবাংলার কলকারখানার উৎপাদন বেড়েছে এবং অনেক নূতন নূতন কর্ম বিনিয়োগের যে সুযোগ সৃষ্টি হয়েছে তার ফল এখানকার অধিবাসীরা সম্পূর্ণভাবে লাভ করবে। দুঃখের সংগে লক্ষ্য করা যায় যে এখানকার কলকারখানায় কর্মে যারা নিযুক্ত আছেন তাদের মধ্যে মাত্র শতকরা ৩৬ জন পশ্চিমবাংলার অধিবাসী; আর বাকী সম্পূর্ণ পশ্চিমবাংলার বাহিরে থেকে আগত কর্মী। এই প্রসংগে আরো উল্লেখ করা যায় পশ্চিমবাংলার কলকারখানায় বিশেষ করে ব্যক্তিগত মালিকের কলকারখানায় এবং উত্তর অংশের কিছু সংখ্যক চা বাগিচার মালিকদের পশ্চিমবাংলার স্থানীয় অধিবাসীদের সন্তানদের কর্ম বিনিয়োগে অনিচ্ছা আছে। বিশেষ করে কলকারখানার সুপারভাইজারী গ্রেডের কাজে এখানকার সন্তানদের নিয়োগ করতে কলকারখানার মালিকরা অনেক ক্ষেত্রে অনিচ্ছুক। পশ্চিমবাংলায় পাবলিক ও প্রাইভেট সেক্টার-এ কর্ম বিনিয়োগের যে সুযোগ সৃষ্টি হয়ে চলেছে তার ক্ষেত্রে এখানকার অধিবাসীরা যাতে উপযুক্ত স্থান লাভ করতে পারে এবং কোন ক্ষেত্রে বৈষম্যমূলক ব্যবস্থার আয়ত্বাধীনে তাদের যাতে না থাকতে হয় সেটা বিশেষভাবে লক্ষ্য করবার জন্য আমি অনুরোধ জানাব (আজকে বাজেট প্রস্তাবের মধ্যে পশ্চিমবাংলার শিল্পব্যবস্থার সম্বন্ধে যে নীতি গ্রহণ করা হয়েছে সেই প্রসংগে আমি একটা কথা বলতে চাই। এখানকার সমস্ত শিল্প কলকাতা এবং তার চতুষ্পার্শ্ববর্তী অঞ্চলকে ঘিরে গড়ে উঠেছে এবং তার বাহিরের অঞ্চলগুলি কৃষি প্রধান। তাই আজকে পশ্চিম বাংলার সমগ্র কৃষি প্রধান এলাকাগুলিতে জমির উপর যে বাড়তি জনসংখ্যার চাপ পড়েছে জনসংখ্যা বৃদ্ধির জন্য এবং প্রতি বছর উদ্বাস্তু আগমনের জন্য তার প্রতিকারের জন্য কৃষির ভিত্তিতে নূতন নূতন শিল্পপ্রতিষ্ঠানের পত্তন হওয়া প্রয়োজন রয়েছে। সেগুলির বিকেন্দ্রীকরণ নীতিকে স্বার্থক করা হোক। কেবলমাত্র কলকাতা এবং তার চতুষ্পার্শ্ববর্তী অঞ্চলে নয়—কলকাতা বা তার চতুষ্পার্শ্বতী অঞ্চলে হয়ত বড় বড় শিল্প প্রতিষ্ঠান স্থাপনের সুযোগ রয়েছে কিন্তু গ্রামাঞ্চলে যেখানকার অর্থনীতিতে কৃষিই একমাত্র নির্ভরের জায়গা সেখানে কৃষির ভিত্তিতে বিকেন্দ্রীভূত শিল্প প্রতিষ্ঠান সমূহ স্থাপন করা বিশেষ প্রয়োজন হয়ে উঠেছে। এই প্রসংগে আমি উত্তর বাংলার কথা উল্লেখ করতে চাই। উত্তর বাংলায় চা বাগিচা শিল্প ছাড়া আর দ্বিতীয়

কোন উল্লেখনযাগ্য শিল্প নাই, যা সেখানকার চাষের জমিতে নিযুক্ত বাড়তি জনসংখ্যাকে অ্যাবজর্ভ করতে পারে। সেখানে হাজার হাজার যে উদ্বাস্তু পূর্ববাংলা থেকে উপস্থিত হয়েছে তারা কর্মে নিযুক্ত হতে পারে। সেইজন্য উত্তরবাংলায় বিশেষকরে শিল্প বিকেন্দ্রীকরণ নীতিকে কার্যকরী করার জন্য নূতন নূতন শিল্প প্রতিষ্ঠান স্থাপন করা প্রয়োজন। সুখের বিষয় আমরা উল্লেখ করতে পারি শিল্প ব্যবস্থার জন্য যে বিদ্যুৎশক্তির প্রয়োজন সেই বিদ্যুৎশক্তি বাড়ানোর দিকে যথেষ্ট দৃষ্টি দেওয়া হয়েছে। আগামী কয়েক বছরে বিশেষকরে চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় উত্তরবঙ্গে বিজলী শক্তি উৎপাদন এবং বিতরণের ব্যবস্থা সুষ্ঠুভাবে হওয়া প্রয়োজন। আর একটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করতে চাই যে পশ্চিমবাংলায় বর্তমানে যে উদ্বাস্তু সমস্যা রয়েছে, আমরা দেখেছি যে গত ১ বছরে ৬ লক্ষাধিক উদ্বাস্তুর মধ্যে ৪ লক্ষাধিক উদ্বাস্তু পশ্চিমবাংলায় রয়ে গেছে এবং বিশেষ করে তারা পশ্চিমবাংলার শহরাঞ্চলগুলিতে, কলকাতা ও তার চতুষ্পার্শ্ববর্তী অঞ্চল জুড়ে রয়ে গেছে। পশ্চিমবাংলার শহরাঞ্চলগুলিতে শিল্প রূপায়ণের জন্য যে বিরাট কর্মযজ্ঞের ব্যবস্থা করা হয়েছে তার জন্য আমি মাননীয় মর্থমন্ত্রী মহাশয়কে ধন্যবাদ দিতে চাই এবং এই বাজেট প্রস্তাবের জন্য মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[4-55—5-5 p.m.]

Shri Nikhil Das:

মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমাদের অর্থমন্ত্রী পশ্চিমবাংলার বাজেট আমাদের সামনে পেশ করেছেন। বাজেটের সাথে ইকনমিক রিভিউ বলে একটা বই তিনি আমাদের দিয়েছেন। মাননীয় সভাপাল মহাশয়, আপনি জানেন অসাধু ব্যবসায়ী যারা বা অসাধু শিল্পপতি যারা তাদের যখন ব্যবসায়ে লোকসান হয় বা তাদের যখন শিল্পে লোকসান ঘটে তখন শিল্পের যারা ঘটে তখন শিল্পের যারা অংশীদার যাকে বলে শেয়ার হোল্ডার, লিমেটেড কোম্পানী, তাদের ঠকাবার জন্য বা অতিরিক্ত লাভ যখন হয় তখন ইনকাম ট্যাক্সকে ঠকাবার জন্য একটা হিসাবের ব্যবস্থা করেন। যে হিসাবে বহুসংখ্যক তথ্য থাকে। কিন্তু সেই অসংখ্য তথ্যের আড়ালে আসল সত্য যেটা সেটা লুকিয়ে থাকে। আমাদের শৈলবাবুও ঠিক সেইভাবে অসংখ্য তথ্য দিয়েছেন এবং সেগুলির মধ্যে আসল সত্য যেটা সেটাকে লুকিয়ে রেখেছেন।

এখানে অজয়বাবু বললেন যে কৃষি খাতে শিল্প খাতে শিক্ষা খাতে অসীম উন্নতি হয়েছে। কিন্তু আসলে যদি তলিয়ে দেখা যায় তাহলে দেখা যাবে আগে লোকে এক বেলা আধ পেটা খেতে পারতো কিন্তু দিন যত যাচ্ছে তত লোকে আধ পেটাও খেতে পাচ্ছে না। আধা খাওয়া যে জিনিস সেই পরিমাণের দ্রব্যের দুর্মূল্য হচ্ছে এবং দুষ্প্রাপ্যতা ঘটেছে। তাই অসাধু ব্যবসায়ী আর অসাধু শিল্পপতিদের যে প্রতিনিধি সরকার তাদের তরফ থেকে শৈলকুমার এই বাজেট আমাদের কাছে পেশ করেছেন এর চেয়ে ভাল বাজেট তাঁর কাছ থেকে আমরা আশা করি না। কংগ্রেস পক্ষ বলেন তিনটে হচ্ছে তাঁদের মূল উদ্দেশ্য—এবং তাঁরা নাকি তা করবেন। একটা হচ্ছে বেকারত্ব দূরীকরণ, আর একটা হচ্ছে জীবন ধারণের মান উন্নয়ন, আর একটা হচ্ছে আয় বৈষম্য কমানো। এই ১৭ বছরে কোনটা কতটুকু করেছেন তা যদি বিচার করা যায় তাহলে শৈলবাবুর মাথা উঁচু না হয়ে আরও নীচু হয়ে যাবে। আমরা যখন চতুর্থ পরিকল্পনা করতে যাচ্ছি তখন বেকার হচ্ছে ১ কোটি ২০ লক্ষ। জীবনধারণের মান উন্নয়ন—আগে যে চাল পাওয়া যেতো বাজারে—এখন সেই চালটা পাওয়া যায় না। মাছ, ডাল, তেল তাও বাজার থেকে উধাও। বিলাস সামগ্রী তার কথা তো ছেড়েই দিন। অর্থাৎ নিত্য প্রয়োজনীয় জিনিস যা তা বাজার থেকে উধাও হয়ে যাচ্ছে। আমাদের শৈলবাবু আমাদের জীবন ধারণের মান কিভাবে উন্নয়ন করেছেন সেটা আপনি একটু বিচার করে দেখবেন। আয়ের বৈষম্য কমাবেন বলেছেন—আমি একটা উদাহরণ দেবো মাননীয় সভাপাল মহাশয়, আপনার মাধ্যমে তা হচ্ছে কলকাতা সহরে যার ভূসম্পত্তি রয়েছে—চার লক্ষ টাকা করে সেই ভূসম্পত্তির যারা মালিক সেই রকম মালিক হচ্ছে ৩৩৭টা—৪০ লক্ষ টাকার যারা মালিক তারা হচ্ছে ৩০ জন—১ কোটি টাকা যাদের আছে এই রকম মালিক ৬।৭ জন। আর তিন কোটি টাকার মালিক হচ্ছে একজন। অর্থাৎ কলকাতা সহরের ভূসম্পত্তি ধীরে ধীরে গুটিকয়েক মানুষের হাতে গিয়ে জমছে। এটা আমার কথা নয়,—যারা তথ্য সংগ্রহ করে—যদি সেই

তথ্য ভুল—তাদের তথ্যে এই সমস্ত জিনিস উদ্ঘাটিত হয়েছে। অর্থাৎ কলকাতা সহরের সম্পদ গোটা কয়েক লোকের হাতে গিয়ে জমছে। বেকারত্ব দূরীকরণের দুটো উপায়—একটা হচ্ছে কৃষি উন্নয়ন আর একটা হচ্ছে শিল্পোন্নয়ন। কৃষির উন্নয়নের দিক দিয়ে যদি দেখেন তাহলে দেখবেন বাংলা দেশে যদি হিসাব করে দেখা যায়—ইনটেনসিভ কালটিভেসন যাকে বলে তার মাধ্যমে আমাদের ফলন বাড়ছে কিনা। বাংলাদেশের পার একর ফলন সেই পরিমাণে বাড়েনি—বরঞ্চ কোথাও কোথায়ও কমেছে। শিল্পায়ণের মাধ্যমে লোককে চাকুরী দেওয়া যায়—কিন্তু আমাদের বাংলাদেশে যে শিল্পোন্নয়ন হয়েছে—এমপ্লয়মেণ্ট প্রোটেনসিয়েলিটি যে শিল্পতে আছে সেটা হয় নি—অর্থাৎ যে শিল্পে লোক নিয়োগ হতে পারে সেই ধরণের শিল্পায়ন হয় নি। দুর্গা-পুরে একটা হয়েছে যা নিয়ে ও'রা লাফালাফি করেন এবং সেই দুর্গাপুর প্রজেক্টে দেখা যায় যে বছরের পর বছর লোকসান হচ্ছে। অর্থাৎ ছোট কুটির শিল্প যেখানে লোক নেবার ব্যবস্থা করা যায় সেদিকে তারা নেই। তাই বেকারত্ব বাড়বে না তো যাবে কোথায়? নিরক্ষরতা দূরী-করণ—দেশকে শিক্ষিত করে দিলে ৬ থেকে ১৪ বছরের মানুষের জন্য যে আবশ্যিক শিক্ষা ছিল সেই আবশ্যিক বা বিনা পয়সায় শিক্ষা সেই শিক্ষা তারা আজ পর্যন্ত চালু করেন নি কেন? করেন নি এইজন্য যে লোকে যদি শিক্ষিত হয় তাহলে শৈলবাবুদের স্বরূপ বুঝতে পারবে। তাই লোক যাতে শিক্ষিত না হয় সেই দিকে অগ্রসর হচ্ছেন।

[5-5—5-15 p.m.]

গৃহ সমস্যা—কলকাতা সহরে আপনি জানেন স্যার, টু রুম একটা ফ্ল্যাট ২০০ থেকে ২৫০ টাকার কমে পাওয়া যায় না। অর্থাৎ দিন যতই যাচ্ছে ততই ঘর পাওয়া যাচ্ছে না—সরকার বলছেন গ্রামে চলে যাও—সহর থেকে দূরে। গ্রামে চলে যাও জোৎস্নার আলো দেখবে—সেই আলোতে ঝি ঝি ডাকবে। কিন্তু যারা চাকরী করে কলকারখানায় কাজ করে তাদের কাছে এই রকম কবিত্ব তো ভাল লাগে না—তাদের কলকাতাতে থাকতে হবে। জনস্বাস্থ্য—হাসপাতাল—কোন কলেজে সিট নেই—কেউ সেখানে গেলে সিট পাবেন না। যত দিন যাচ্ছে ততই সীট পাওয়া দুরূহ হয়ে উঠছে। হাসপাতালের সংখ্যা যেভাবে বাড়া উচিত ছিল সেইভাবে বাড়ছে না—কাজেই লোকে সিট পাচ্ছে না। অর্থাৎ সমস্যা যা ছিল ও'রা যখন গদিতে বসেছেন—কোটি কোটি টাকা খরচ করেছেন—গৌরী সেনের টাকা খরচ হয়েছে—অঙ্ক দিয়ে দেখা যায় যে দেশের উন্নয়ন হয়েছে—কিন্তু বাস্তব দিকে যদি দেখি তাহলে দেখবো সমস্ত সমস্যা যে জায়গায় ছিল তার থেকে আরও জটিল আকার ধারণ করেছে। মাননীয় সভাপাল মহাশয়, আমি আপনার কাছে একটা ছোট্ট গল্প বলবো। তারকেশ্বরের খৌরকারের গল্প—আপনি জানেন তারকেশ্বরে যারা চুল দেবে বলে মানত করতে যায়—সেখানে যারা খৌরকার তারা অনেকগুলি গ্রাহককে ধরে এবং তাদের কারও দু আনা চুল কাটে, কারও চার আনা আবার কারও এক আনা চুল কাটে—কারণ একটা গ্রাহকের পুরা চুল কাটালে অতগুলি গ্রাহক পাবে না। শৈলবাবুও তাই গৃহ সমস্যার এক আনা চুল কেটেছেন, বাস্তুহারা সমস্যার আধ আনা চুল কেটেছেন এইভাবে গ্রাহক ঠিক রেখেছেন—কিন্তু কোন সম-স্যারই সমাধান করতে পারেন নি। কাজেই এই অবস্থায় আমরা আছি। আজকে ভালভাবে সেটা বোঝা দরকার। আজকে গলাবাজী করে বক্তৃতা দিয়ে কিছুই হবে না। ট্রেজারী বেঞ্চে—কংগ্রেস দলে যারা আছেন তারা নিজেদের বুকে হাত দিয়ে বলুন—বক্তৃতায় যতই অঙ্ক দেন না কেন, দেশের উন্নয়ন হয়েছে কি? গ্রাম থেকে যারা আসেন তারা যদি গ্রামে ফিরে যান তাহলে কি দেখবেন, সেখানে আধপেটা খেয়ে মানুষ আছে—কলকাতা সহরে যারা আছে—যারা দুর্গত, বেকার মানুষ তাদের করুণ কান্না কি তাঁদের কানে গিয়ে পৌঁছায় না? ১৯৪৭ সালে যখন আমরা স্বাধীনতা পাই তখন দেশ ছিল অনগ্রসর—তখন আমরা আনডেভেলপড কাণ্ট্রি—এবং আমরা যে যুগে স্বাধীনতা পেয়েছি—সেই যুগ হচ্ছে লগ্নী মূলধনের যুগ—যে যুগে ধনতন্ত্রের বিকাশ সম্ভব হয়েছে। এবং একটা অনগ্রসর দেশ ধনিক শ্রেণী নিয়ে ধনতন্ত্রকে কায়েম করতে গেছে বলে তার অবশ্যম্ভাবী ফল দেখা দিয়েছে লগ্নী মূলধনের নির্ভরশীলতা বেড়েছে, সামন্ততন্ত্রকে আজকে পুরা উৎখাত করতে পারেন নি—তাই অদ্ভুৎ জগাখিচুড়ি করে জারজ অর্থনীতি আমা-দের দেশে সৃষ্টি হয়েছে। সেই অর্থনীতিতে আমাদের দেশে ধনিকগোষ্ঠী যারা তারা বিকশিত হচ্ছে—কাদের নিয়ে, বিদেশী লগ্নী মূলধনকে নিয়ে এবং সামন্ততন্ত্রকে বজায় রেখে এই ধরণের

অদ্ভূত অবস্থা চলছে। এই অবস্থা যদি চলতে দেওয়া হয় ধনতন্ত্রের বিকাশের যে দিক সেই দিকে নিয়ে যদি দেশকে গড়ার চেষ্টা করা যায় তাহলে সে দেশ গড়ে উঠতে পারে না। এই সত্যকে যদি উপলব্ধি না করতে পারা যায় তাহলে দেশকে গড়ার জন্য যে নূতন ধরণের বাজেট দরকার সেই ধরণের বাজেট তারা করতে পারবেন বলে আমি বিশ্বাস করি না। ভুবনেশ্বরে তারা সমাজতন্ত্রের কথা বলেছেন—সমাজতন্ত্র কাকে বলে?—সমাজতন্ত্রের মূল কথা হচ্ছে যে শ্রেণী বৈষম্য সেখানে থাকবে না—সেখানে দেশের সমস্ত সম্পদের মালিকানা দেশের সমস্ত মানুষের হবে—উৎপাদনের সমস্ত মালিকানা দেশের সমস্ত মানুষের হবে—ব্যক্তিগত মালিকানায় মুনাফার যে পাহাড় জন্মগ্রহণ করেছে তাতে আয় বৈষম্য বাড়বে এবং সেই আয়ের বৈষম্য বেড়ে দেশে জটিলতার সৃষ্টি করবে। একে সমাজতন্ত্র বলে না। একে সমাজতন্ত্র বলে যদি চালাবার চেষ্টা করেন তাহলে অত্যন্ত অসত্য কথা বলা হবে। ও'রা বলেন পাবলিক সেকটার করছেন এবং মিশ্র অর্থনীতি করছেন। প্রাইভেট সেকটার করছেন—পাবলিক সেকটার করছেন—বাইরের থেকে মূলধন এনে দেশকে সমৃদ্ধ করার চেষ্টা করছেন। এবং ও'রা নিজেরাই বলেছেন আমাদের যে সরকার নিয়ন্ত্রিত শিল্পগুলি সেই শিল্পগুলির উদ্দেশ্য হচ্ছে ব্যক্তিগত মালিকানায় যে শিল্পগুলি চলবে সেগুলি যাতে ঠিকভাবে প্রসারিত হতে পারে সেই কাজ করা, অর্থাৎ সরকার নিয়ন্ত্রিত যে শিল্প সেই শিল্প ব্যক্তিগত মালিকানায় যে শিল্প তার পরিপূরক হয়ে চলবে। মূল কথা হচ্ছে ব্যক্তিগত মালিকানায় শিল্প গড়ে তোল, ব্যক্তিগত মালিকানায় বাইরে থেকে মূলধন সংগ্রহ করে নিজেদের দেশে মূলধন সংগ্রহ করে তা দিয়ে কলকারখানা গড়ে তোল। অর্থাৎ অবাধ মুনাফা করার এই যে অর্থনীতি এই নীতির উপর যদি ভারত সরকার এবং বাংলা সরকার দাঁড়িয়ে থাকেন তাহলে জীবনে কোনদিন স্থিতিশীলতা আসবে না, আসতে পারে না। তিনি বলেছেন তৃতীয় পরিকল্পনায় পারিনি, চতুর্থ পরিকল্পনায় স্থিতিশীলতা আনতে পারব। স্থিতিশীল অবস্থা যদি দেশে আনতে হয় তাহলে অর্থনৈতিক যে ভিত্তি সেই অর্থনৈতিক ভিত্তিকে ঢেলে সাজাতে হবে। ব্যক্তিগত মালিকানা বড় হয়ে উঠবে, মুনাফার পাহাড় বড় হয়ে উঠবে, জনসাধারণের সেই সম্পদের উপর কোন অধিকার থাকবে না এই যদি হয় তাহলে স্থিতিশীল অবস্থা কখনও আসতে পারে না. মূল্যবৃদ্ধি বাড়তে বাধ্য এবং মানুষের জীবনে সামন্যতম যে প্রয়োজন সেই প্রয়োজন মানুষের মিটবে না। তাই অর্থনীতিকে ঢেলে সাজাতে হবে, দেশকে ঢেলে গড়তে হবে। তা যদি না করা যায় তাহলে দশটা পরিকল্পনা পেরিয়ে যাবে তাহলেও দেখবেন জিনিসপত্রের দাম বাড়ছে, মানুষ আরো না খেয়ে থাকছে, বেকারদের সংখ্যা আরো বেড়েছে। একটু আগে বলেছেন বেকারত্ব কেন বাড়ছে। আমরা বেকারত্ব দূর করতে পারছি না তার কারণ হচ্ছে জনসংখ্যা, ওপার থেকে উদ্বাস্তু যারা আসছে তাদের জন্য আমরা পারছি না। ওরা সব খেয়ে ফেলছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটা প্রশ্ন করব দেশের অর্থনীতি যদি উন্নয়নমূলক হয়, দেশের অর্থনীতিতে যদি দেশের সম্পদ বাড়ে, যদি এমনভাবে দেশকে গড়ে তোলা যায় যে দেশের সম্পদ বৃদ্ধি হবে, তাহলে মানুষ যদি বাড়ে তাহলে সেই মানুষকে তো সম্পদ বৃদ্ধির কাজে লাগাতে পারা যায়? কিন্তু যাঁদের কাছে মানুষ অভিশাপ, যাঁরা মনে করছেন যে মানুষ যদি সব মারা যায় তাহলে কাউকে খেতে দিতে হবে না, যে দেশের সরকারের কাছে মানুষ অভিশাপ হয়ে দেখা দেয় সেই দেশের সরকারের টিকে থাকার কোন অধিকার নেই। সেই সরকারের এই বাজেট পাশ করারও কোন অধিকার নেই। একটা কথা বলা যায় আমাদের শৈলকুমার যে বাজেট পেশ করেছেন তা একটি শৈল সদৃশ ব্যর্থতার নিদর্শন। বাংলাদেশের জনসাধারণ এই বলে তাঁকে আশীর্বাদ করবে যে শৈলকুমার, তোমার কাছে এর চেয়ে বিরাট কিছু আশা করিনি। তুমি যে বাজেট আমাদের কাছে দিয়েছ তার থেকে আমরা যারা গরীব লোক তাদের কাছে কোন আশার আলো নেই, আমাদের কাছে তা শুধু শৈলসম ব্যর্থতা। কলকারখানায় যে মজুররা কাজ করে, কান্না যাদের হৃদয়ে, ছাঁটাই যাদের মাথায়, তাদের কাছে কোন আশার আলো নেই। এই বাজেট ব্যর্থতায় পূর্ণ। এই বাজেট কর আনবে মুদ্রাস্ফীতি ঘটাবে, মূল্যবৃদ্ধি ঘটাবে। এই বাজেট মধ্যবিত্ত মানুষের কাছে কোন আশার আলো আনবে না। তাই সাধারণ মানুষ যখন এই বাজেট দেখবে তখন আঁতকে উঠবে ভয়ে। কিন্তু আশীর্বাদ করবে ঐ বড়বাজারে যারা বসে আছে টাটা-বিড়লা গোষ্ঠী, তারা অর্থমন্ত্রীকে বাহবা দেবে, তারা বলবে শৈলকুমার, তুমি ঠিক বাজেট করেছ, আমরা যারা মুষ্টিমেয় ধনকুবের বসে আছি তারা জনসাধারণের রক্ত আখের মত নিংড়ে নিই। কাজেই এই বাজেট থেকে জনসাধারণের মনে কোন

আশার আলো আসবে না। সুতরাং বাজেটের যে সাধারণ নীতি সেই নীতির বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-15—5-25 p.m.]

Shri Sakti Kumar Sarkar:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে বাজেট মাননীয় অর্থমন্ত্রী পেশ করেছেন তাকে আমি সমর্থন জানাতে উঠেছি। একটা গণতান্ত্রিক সরকারের গতিশীলতা এবং তার অস্তিত্বকে যদি সমর্থন করতে হয় তাহলে তার বাজেটকেও সমর্থন করতে হয়। এ সম্বন্ধে আমাদের মধ্যে কোন মতদ্বৈধের স্থান নেই। সুতরাং আমি বাজেটকে পূর্ণ সমর্থন করছি। আজকে যে বাজেট মাননীয় অর্থমন্ত্রী মহাশয় আমাদের সামনে রেখেছেন সেই বাজেটের মধ্যে আমরা কোন জায়গায় গলাবাজি করে বলি নাই যে আমরা সমস্ত বিষয়ে কৃতকার্যতা লাভ করেছি। বরং এই বাজেটের মধ্যে আমাদের অবস্থা আমরা অত্যন্ত বিশদভাবে ফুটিয়ে তুলেছি। আমাদের যা সাধ্য এবং আমাদের যা সাধ এই দুটোই আমরা কেমন করে এক জায়গায় আনতে পারব তারই চেষ্টা এই বাজেটের সমস্ত জায়গায় ফুটে উঠেছে। এই বাজেট তাই আমি বলি আমাদের নিরাশ করেনি। হয়ত একথা ঠিক আশায় উদ্দীপ্ত করতে পারেনি। এই আশায় উদ্দীপ্ত করতে পারেনি কেন--সে ইতিহাস আমাদের অজানা নয়। বাজেটে বলা হয়েছে যে দ্রব্যমূল্য বৃদ্ধি এবং ক্রমবর্ধমান ইনফ্লেসান আমাদের মধ্যে স্থিতিশীল করতে পারেনি। সবচেয়ে আনন্দের কথা—অর্থমন্ত্রীকে স্বাগত জানাই—এই পরিপ্রেক্ষিতে যে তিনি আমাদের উপর নূতন কোন করভার চাপিয়ে দেন নাই। এটা আমাদের কাছে নিঃসন্দেহে একটা আশার কথা। এটা ঠিক যে ঘাটতি বাজেটের যে চেহারা দেখছি তাতে হয়ত আশঙ্কা হতে পারে যে নূতন করে হয়ত করভার বৃদ্ধির প্রয়োজনীয়তা দেখা দিতে পারে। এই করভার বৃদ্ধি সম্বন্ধে--আমি কিছু মৌলিক কথা এখানে তুলে ধরতে এবং সেই মৌলিক কথা মাননীয় অথমন্ত্রীর মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে তুলে ধরতে চাই। বারবার যে ফাইন্যান্স কমিশন বসে,--তার যে এ্যালটমেণ্ট হয়, পশ্চিমবঙ্গের প্র ত চলে সেখানে চূড়ান্ত অবিচার। ইণ্ডিয়া গভর্নমেণ্টের ফাইন্যান্স কমিশন সব ক্ষেত্রে যে আমাদের প্রতি সুবিচার করেন না—সেটা নূতন করে তুলে ধরার প্রয়োজন আছে। আমি মনে করি যে আমাদের করভার যদি বাড়াতে হয়, আমাদের অর্থনীতির উপর যে বোঝা পড়বে—তাতে আমাদের অগ্রগতি ব্যাহত হবে। যে ডেফিসিট বাজেট এই বৎসর আমরা দেখছি—এই ডেফিসিট বাজেট নিয়ে যদি আমাদের এগিয়ে চলতে হয়, তাহলে আমার মনে হয় আবার নূতন করে করভার আমাদের ঘাড়ে চাপতে পারে। কেন না--আমাদের ঋণের বোঝা যে পরিমাণ বেড়েছে, আমি অর্থনীতির ছাত্র হিসেবে মনে করি যে বেশী ঋণ করে অর্থনীতিকে আমরা এগিয়ে নিয়ে যেতে পারবো না। সেখানে করভারের প্রশ্ন আসে। কিন্তু এই করভার না চাপিয়ে আমাদের অগ্রগতির প্ল্যানকে আমরা সাকসেসফুল করতে পারি—যদি কেন্দ্রীয় সরকারের উপর চাপ দিই। পার ক্যাপিটা অর্থনীতির ভাষায়,—গ্যাড়াকলের মাধ্যমে আমাদের প্রতি সুবিচার করা হচ্ছে না—যেহেতু পশ্চিমবঙ্গে লোকসংখ্যা কম। কিন্তু পশ্চিমবঙ্গে যে ক্রমবর্ধমান চাপ —নবাগত উদ্বাস্তু ভাইবোনেরা গত বছর ৬ লক্ষের মত এসেছে এবং তার চেয়ে বড় কথা—পশ্চিমবঙ্গে বহিরাগত সমস্যা বর্তমান। পাশাপাশি উড়িষ্যা, বিহার মধ্যপ্রদেশ, উত্তর প্রদেশ—এই সব অঞ্চল থেকে হাজার হাজার মানুষ জীবিকার সন্ধানে পশ্চিমবঙ্গে ছুটে আসছে। আমরা যদি দুর্গাপুরে যাই?সেখানেও এই ইতিহাস দেখবো। ফরাক্কা গেলেও ঐ একই ইতিহাস দেখবো। হলদিয়ায় গেলেও সেই একই সমস্যার পুনরাবৃত্তি দেখবো। সুতরাং বোঝা যাচ্ছে পশ্চিমবঙ্গে মানুষ বিভিন্ন প্রদেশ থেকে এখানে ছুটে আসছে—জীবিকার সন্ধানে। এই যে চাপ সে সম্বন্ধে ১৯৫০ সালের সেনসাস রিপোর্ট-এ তদানীন্তন সেনসাস সুপারিনটেনডেণ্ট ডাঃ মিত্র একথা সাবধান বাণীতে উচ্চারণ করেছেন--যে এ সম্বন্ধে চিন্তা করবার যথেষ্ট কারণ আছে। এই প্রশ্ন আমাদের কেন্দ্রীয় সরকারের কাছে তুলে ধরতে হবে। এই যে নিরঙ্কুশ চাপ সৃষ্টি হচ্ছে—এই চাপ সৃষ্টির জন্য অর্থনীতির উপর যে বোঝা চাপছে তার সমাধান কেন্দ্রীয় সরকারকেই করতে হবে। পশ্চিমবঙ্গ সরকারের আর কোন সাধ্য নেই নূতন করে কর স্থাপন করে। এই স্বীকৃতি ইকনমিক রিভিউ-এর—তাতে এটা তুলে

ধরা হয়েছে। মন্ত্রী মহাশয়কে আমি বলছি যে দ্বিতীয় পরিকল্পনাকালে অতিরিক্ত ১৫ কোটি টাকা ট্যাক্স তুলবার কথা ছিল, যেখানে আপনি ৪৪ কোটি টাকা ট্যাক্স তুলেছেন। তৃতীয় পরিকল্পনাকালে আমাদের বরাদ্ধ ছিল ৪০ কোটি টাকা। আমি মনে করি ৪০ কোটি টাকার ঊর্দ্ধে ট্যাক্স আদায় হবে। তবে এই ট্যাক্স বৃদ্ধি করে যদি আমাদের চলতে হয়, তাহলে স্বাভাবিকভাবে আমাদের অর্থনীতির উপর চাপ পড়বে, সাধারণ মানুষের উপর চাপ পড়বে। আজকে বিশেষ করে আমরা লক্ষ্য করছি যে ত্রুটি, যেটা আমি অর্থমন্ত্রীর কাছে তুলে ধরতে চাই যে পশ্চিমবঙ্গের প্রায় ঘরে ঘরে এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স-এর নোটিশ গিয়ে হাজির হয়েছে। ছোট ছোট মাট বিঘা জমির মালিক পর্যন্ত এই এগ্রি-কালচারাল ইনকাম ট্যাক্স-এর নোটিশ থেকে মুক্ত হয় নাই। এটা কিভাবে বিশৃ-ঙখলা সৃষ্টি করছে সেটা অনুসন্ধান করবার জন্য অনুরোধ জানাচ্ছি। তারপর বাজারে মহার্ঘতা যে বেড়েছে সে ব্যাপারে আপনাদের সংগে আমি একমত, কিন্তু এই মহার্ঘতা সৃষ্টি একমাত্র পশ্চিমবঙ্গ সরকারের নীতির ফলে হয়নি। আমাদের ভারত সরকার মনিটারি পলিসি তৈরী করেন, ফিসক্যাল পলিসি তৈরী করেন এবং ইমপোর্ট এক্সপোর্ট—ও তাঁদের দ্বারা নিয়ন্ত্রিত হয়। কাজেই বাজারে এই যে জিনিসপত্রের দাম বাড়ে, ইনফ্লেসন হয় তারজন্য কেন্দ্রীয় সরকার দায়ী, পশ্চিমবঙ্গ সরকার নয়। কাজেই আমাদের এই মূল নীতি অস্বীকার করলে চলবেনা। তারপর, আমাদের দেশের কর্মচারীদের যদি মহার্ঘভাতা দিতে হয় তাহলে তার দায়িত্ব কেন্দ্রীয় সরকারের। কেন্দ্রীয় সরকার এক হারে মহার্ঘভাতা দেন, কিন্তু আমাদের ক্ষমতা সীমাবদ্ধ বলে আমরা সেই হারে দিতে পারিনা এবং এই যে ডিসপ্যারিটি তারফলে কর্মচারীদের মধ্যে অসন্তোষ সৃষ্টি হয়। আমি মনে করি কর্মচারীদের যদি মহার্ঘ-ভাতা দিতে হয় তাহলে কেন্দ্রীয় সরকারের উচিত তার রেসপনসিভিলিটি নেওয়া এবং এ ব্যাপারে মনে হয় আমাদের এই বিধানসভা থেকে আমাদের সুস্পষ্ট অভিমত দেওয়া উচিত এবং তাদের উপর চাপ সৃষ্টি করা উচিত। তারপর, প্ল্যান ইম্প্লিমেনটেসন সম্বন্ধে আমাদের অর্থমন্ত্রী স্বীকার করেছেন যে, পাবলিক এ্যাডমিনিস্ট্রেসন সম্বন্ধে আমাদের নূতন করে বোঝার সময় এসেছে এবং তিনি এ সম্বন্ধে আমাদের ইঙ্গিত করেছেন যে, আমরা সারা দেশে ডেমোক্রেটিক ডিসেন্ট্রালাইজেসন করেছি পঞ্চায়েৎ রাজ কায়েম করে। স্যার, এই পঞ্চায়েৎ রাজ কায়েম নিঃসন্দেহে একটা গুরুত্বপূর্ণ ব্যবস্থা এবং একে বৈপ্লবিক ব্যবস্থাই বলা চলে। তবে যে পঞ্চায়েৎ রাজ আমরা সৃষ্টি করেছি তাতে অভিজ্ঞতা থেকে আমি বলতে পারি যে, জেলাপরিষদ থেকে আরম্ভ করে আঞ্চলিক পরিষদ পর্যন্ত যে ক্ষমতা আছে সেটা শুধু কাগজ কলমেই আছে—আসলে কি করা যাবে সে সম্বন্ধে সুস্পষ্ট কোন ইঙ্গিত দেওয়া হয়নি। কাজেই অর্থমন্ত্রীর কাছে অনুরোধ করি এ সম্বন্ধে তিনি যেন তাড়াতাড়ি একটা সুরাহা করেন। তারপর তিনি আর একটা কথা বলেছেন যে, আমাদের ডেভলপমেণ্ট-এর ক্ষেত্রে স্লো রেট অব গ্রোথ অব ইকনমি-র জন্য আমরা আশানুরূপ ফল পাচ্ছিনা। আমি জিজ্ঞাসা করি কেন এই স্লো রেট অব গ্রোথ অব ইকনমি? এই ব্যাপারে আমরা যদি নিজেদের মধ্যে পর্যালোচনা করি তাহলে নিঃসন্দেহে দেখব যে আমাদের সরকারের প্রশাসনিক নন—অর্থাৎ সব সময় তাঁদের মধ্যে একটা হৃদয়হীনতার চিত্র ফুটে উঠছে। আমি আমার এলাকার কথা বলতে পারি, ১৮ মাস আগে সেখানে কলেরা হয়েছিল এবং তার ফলে এক গ্রামে ১৮১ জন লোক মারা যায়। কিন্তু দুঃখের বিষয় সেই জায়গার জন্য মন্ত্রীমহাশয় একটি নলকূপটি হয়নি। শুধু এটা নয়, এরূপ ধরনের একাধিক চিত্র আমরা তুলে ধরতে পারি। কাজেই দেখা যাচ্ছে আমাদের প্রশাসনিক যন্ত্র যদি জনসাধারণ সম্বন্ধে অবহিত না হয় তাহলে আমাদের দুর্দশা বাড়বে বৈ কমবেনা এবং প্রচুর টাকা খরচ করলেও তাতে ফল হবে না। উপসংহারে আমাদের অর্থমন্ত্রী আত্মিক জয়ের কথা বলেছেন। আমার বক্তব্য হচ্ছে প্রশাসনিক যন্ত্রকে যদি হৃদয়বান করে তুলতে না পারি তাহলে তাঁর সেই স্পিরিট ব্যর্থ হবে। একথা বলে এই বাজেট সমর্থন করে আমি বক্তব্য শেষ করছি।

[5-25—5-35 p.m.]

Shri Khalil Sayeed:

মাননীয় চেয়ারম্যান মহাশয়, অর্থমন্ত্রী মুদ্রাস্ফীতির কথা তাঁর বিবৃতির গোড়ার দিকে বলেছেন। এই মুদ্রাস্ফীতি আমাদের দেশে যা চলেছে এই মুদ্রাস্ফীতি একমাত্র বাংলাদেশ চেষ্টা করে কমাতে

পারেন। কারণ এটা সমস্ত দেশেরই ব্যাপার, তা ছাড়া পার্শ্ববর্তী রাষ্ট্রগুলি এর সঙ্গে সংশ্লিষ্ট থাকে। তিনি একটা কথা বলেছেন এ দেশের মুদ্রাস্ফীতির জন্য উৎপাদনজনিত প্রয়োজনীয় সামগ্রী কমে যাচ্ছে কেন? কেন এই উৎপাদন সামগ্রী কমে যাবে? দেশের সামগ্রী দেশের উৎপাদনের কাজে লাগছে, অথবা অন্য কোন দিকে বেরিয়ে যাচ্ছে, কোথায় এবং কিভাবে যাচ্ছে এ সম্বন্ধে তাঁর বক্তব্যের মধ্যে কোন কিছু বলেননি। বিগত বছরের তুলনায় এই খাতে ২৭ লক্ষ টাকা খরচ বৃদ্ধি হয়েছে অথচ কাজের অগ্রগতি কম হওয়ার দরুন এই বিভাগের ক্ষতিপূরণ দেওয়ার টাকা এক কোটি টাকা কম ব্যয়িত হচ্ছে। এই বিভাগের তৎপরতা বাড়ানোর জন্য কর্মী বাড়ানোর জন্য ২৭ লক্ষ টাকা বৃদ্ধি হল নেই ক্ষতিপূরণের টাকা ব্যয় হলনা, এটা একটা আশ্চর্য্য কথা। এই যে কাজের অগ্রগতি গুরুত্বপূর্ণ কথা এ বিষয়ে আমি মন্ত্রীমহাশয়ের আকর্ষণ করছি। জমিদারদের ক্ষতিপূরণ সম্বন্ধে চার কোটি টাকার কথা বলা হয়েছে, অথবা শুনি সরকার জমিদারদের ক্ষতিপূরণ দিচ্ছেন, বড় বড় জমিদারদের ক্ষতিপূরণ দিচ্ছেন এবং এইভাবে বড় বড় জমিদারদের ক্ষতিপূরণের টাকা দিয়ে তাদের হিত ব্যবস্থা করছেন মন্ত্রীমহাশয়। কিন্তু ক্ষুদ্র জমিদারদের টাকা দেবার বেলায় নানা রকম ত্রুটি দেখছেন, নানা রকম কথা বলছেন এবং—জোতদারদের জমিগুলি যেগুলি ভেষ্ট করেছে তার জন্য কি দেওয়া হবে, কি হারে দেওয়া হবে এবং আদৌ দেওয়া হবে কিনা সে বিষয়ে মাননীয় মন্ত্রীমহাশয় স্পষ্টভাবে বলেননি। বিগত বছর পুলিশ খাতে ২ কোটি ২৪ লক্ষ টাকা খরচ বৃদ্ধি হয়েছিল। এই বছর জরুরী অবস্থার দরুন সম্পূর্ণ কাজের জন্য ৪০ লক্ষ টাকা খরচ কম হয়েছে। এদিকে সীমান্তের পুলিশ বাড়ানোর জন্য ব্যাটালিয়ান বাড়ানোর জন্য টাকা খরচের দরকার হয়, অথচ যে জরুরী অবস্থা যাকে নাম দেওয়া হয়েছে সেই কাজ চলেছে মন্থর গতিতে। এটাই বড় আশ্চর্য্যের কথা। এই বছর পুনরায় পুলিশ খাতে ১ কোটি ৬১ লক্ষ টাকা বৃদ্ধি খরচ ধরা হয়েছে, অথচ এই প্রসঙ্গে যদি মাননীয় মন্ত্রীমহাশয় বলতেন কি পরিমাণ ক্রাইম বাড়ছে তাহলেও বুঝতাম। কিন্তু প্রতি বছর পুলিশ খাতে টাকা বাড়ান হচ্ছে কিন্তু কি ভাবে ক্রাইম বাড়ছে তার সূচক যদি দিতেন তাহলে আমি খুসী হতাম। কিন্তু তিনি তা উল্লেখ করেননি, অবশ্য যদি তিনি এই সূচক দিতেনও তা অবিকল হতনা। এজন্য অনেক সময় দেখেছি পুলিশরা থানায় ইনফরমেশন দিতে গেলে লিখে রাখেনা কেবলমাত্র শোনে এবং কোন ইনভেষ্টিগেশন করে না। মাননীয় চেয়ারম্যান স্যার, কৃষিখাতে ৯৯ লক্ষ টাকা এবং কুটির শিল্পে ৭৯ লক্ষ টাকা খরচ বিগত বছর হয়নি, তার কারণ হচ্ছে এই পরিকল্পনাগুলি দীর্ঘকাল ধরে হয়ে আসছে তাতে যে বরাদ্দ থাকে তা খরচ হয়না। এবং এই খরচগুলি না করার জন্য পরিকল্পনাগুলি ঠিকমত রূপায়িত করাতে অসুবিধা হয়েছে কিনা সেকথা তিনি বলেননি। বিগত বছর সার ক্রয়ের জন্য কিছু টাকা বেশী ব্যয় সম্ভব হয়েছিল, কিন্তু আমাদের এখানে যদি কৃষকরা যথা সময় সার পেত তাহলে সেই টাকা থেকে অনেকবেশী ব্যয় করা সম্ভব হত। আমরা দেখলাম যখন আলু ঘরে তুলছে তখন পটেটো মিকচার এসে হাজির। যখন ধান উঠে গেছে তখন ধানের সার গিয়ে হাজির, এইভাবে সারগুলি থেকে কৃষক কোন উপকার লাভ করেনি। অথচ কৃষকদের সার কেনার যথেষ্ট আগ্রহ আছে, যথেষ্ট গোবর তারা পায়না, এবং যাও পায় তার অধিকাংশই জ্বালানীতে ব্যবহার করা হয়, পুকুরের পাঁক সেটাও ব্যয় বহুল, কাজেই তারা এই কেমিক্যাল সার নিতে চায় কিন্তু পায়না।

চেয়ারম্যান স্যার, গভীর নলকূপ সম্বন্ধে আমাদের একটা কথা বলা হয়েছে, এই বিভাগে অন্যান্য খরচ সমেত ৩ কোটি ব্যয় বরাদ্দ করা হয়েছে। এই গভীর নলকূপ সম্বন্ধে আমি শুনেছি প্রতি মাসে নাকি ৫ থেকে ৬ শত টাকা অপারেটারদের মাইনে ইত্যাদিতে খরচ হয় এবং এক একটা ডীপ টিউবওয়েল বসাতে কম পক্ষে এক লক্ষ টাকা নাকি খরচ হয়, আমি এমন একটা টিউবওয়েলও দেখিনি যেখানে এই একটা টিউবওয়েল দিয়ে দু একর জমি উপকৃত হয়েছে, সেজন্য এই টাকার ব্যাপারে আমি আপত্তি করি এবং ডীপ টিউবওয়েলের ব্যাপারে আপত্তি করি। তার পরিবর্তে যদি পাম্পিং সেট দেওয়া হয় তাহলে তারা বেশী উপকার পেতে পারেন, কিন্তু ডীপ টিউবওয়েলে তা পারেননা। এছাড়া আমি এই প্রসংগে বলতে পারি ডীপ টিউবওয়েলে যন্ত্রপাতি নিয়ে হেভী-লোড ট্রাক যেতে পারেনা কেননা রাস্তাগুলি অত্যন্ত দুর্বল, ফলে এই টিউবওয়েল বসান সম্ভবপর হয়না, আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ

করবো এই ব্রিজগুলি তৈরী করে দেবার জন্য, সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট যেন এই ব্রিজগুলি তৈরী করে দেন নচেৎ টিউবওয়েলের বাবদ যেটাকা দিচ্ছেন তাতে কোন লাভ হবেনা, শুধু বরাদ্দই থাকবে।

কৃষি উৎপাদন সম্বন্ধে তিনি বলেছেন ক্ষতিকারক প্রাকৃতিক অবস্থার জন্য কোন বৎসরে উৎপাদন কম হয়। তাহলে আমরা বলতে পারি যে যখন কোন বৎসরে কৃষি উৎপাদন বেশী হয় তখন সেটা সরকারের কৃতিত্ব নয়। কারণ অনুকূল প্রাকৃতিক আবহাওয়ার জন্য সেটা বেশী হয়। বাজেট বক্তৃতার বলেছেন যে সরকারী কর্মচারী, নতুন মাষ্টার, প্রাইমারী স্কুল-এর মাষ্টারদের ভাতা ইত্যাদি কিছুটা বাড়াতে পেরেছেন। কিন্তু এটা দুঃখের কথা যে ৬০।৬২ টাকা একটা প্রাইমারী শিক্ষক বেতন পান। তাঁদের ভাতা বাড়িয়েছেন মাত্র ৫ টাকা। কিন্তু তিনি যদি স্বাধীনতার পর থেকে মূল্যসূচক দিতেন যে দ্রব্যমূল্য কোন বছরে হ্রাস পেয়েছে তাহলে এই ভাতা না বাড়িয়ে তিনি বেতন বাড়াতে পারতেন আদিবাসী কল্যাণ বিভাগে ৬·৭৯ কোটি টাকা তিনি বরাদ্দ ধরেছেন, এই বিভাগে আরও বেশী বরাদ্দ থাকলে আমাদের আপত্তি করার কিছু ছিল না। কিন্তু একটা কথা না বলে পারছি না যে স্বাধীনতার পর থেকে আদিবাসী খাতে যে টাকাগুলি ব্যয় করা হয়েছে সেই টাকাগুলি মাঝ পথে কোথায় যাচ্ছে জানি না, ফলে তাদের অবস্থা যে তিমিরে সেই তিমিরেই আছে। কয়েকটা মাত্র স্কুল, ছাত্রদের টাকা দেওয়া ছাড়া অন্য কোথায় যে খরচ হয়েছে বলে জানি না। আমাদের বালুরঘাটে একটা আদিবাসী হোস্টেল আছে তার অবস্থা যদি দেখেন তাহলে দেখবেন যে কোন সভ্য মানুষ সেই ঘরবাড়ীগুলিতে বসবাস করতে পারে না। অর্থমন্ত্রী মহাশয় কেন্দ্রীয় সরকারের পক্ষপাতিত্বের কথা বলেছেন—একথা বলার জন্য আমি তাঁকে অভিনন্দন করছি। কারণ সাহসের সঙ্গে তিনি এটা বলতে পেরেছেন যে অন্যান্য প্রদেশের তুলনায় পশ্চিমবঙ্গ সরকারকে কেন্দ্রীয় সরকার অর্থ সাহায্য দিতে পক্ষপাতিত্ব করেন। তিনি এটা বলেছেন তার বিবৃতিতে যে ১৯৫৭-৫৮ সাল থেকে ১৯৬২-৬৩ সাল পর্যন্ত সব রাজ্য সরকারগুলিকে কেন্দ্রীয় সরকার বেশী সাহায্য দিয়েছেন। আর পশ্চিমবঙ্গকে ৬·১ কোটি থেকে ৫·৮ কোটি সাহায্য দিয়েছেন—অর্থাৎ কমিয়ে দিয়েছেন। একমাত্র পশ্চিমবঙ্গ হল প্রদেশ যে প্রদেশকে কেন্দ্রীয় সরকার কমিয়ে দিয়েছেন, আর কোন প্রদেশকে তিনি কম দেননি। এই যে কথাটা তিনি স্পষ্টভাবে বলেছেন তারজন্য তাঁকে ধন্যবাদ দিচ্ছি। কিন্তু পক্ষান্তরে একটা কথা না বলে পারছি না সেটা হচ্ছে এই যে এই দোষে তিনি নিজে দুষ্ট। তিনি যদি তাঁর বাজেট বইটার আগাগোড়া পৃষ্ঠাগুলি খুলে হিসাব করে দেখেন তাহলে দেখবেন যে উত্তরবঙ্গের পশ্চিম দিনাজপুর জেলায় কি পরিমাণ টাকা তিনি ব্যয় করেছেন। কেন্দ্র মারছেন প্রদেশকে, আর প্রদেশ মারছেন পশ্চিম দিনাজপুরকে। আমি এর আগে বলেছিলাম নর্থ বেঙ্গল অবহেলিত। কিন্তু নর্থ বেঙ্গল-এর মধ্যে বিশেষ বিশেষ কোন জায়গায় কাজ অনেক হয়েছে—রাস্তা হয়েছে, বি-টি পড়ার কলেজ হয়েছে, টেকনিক্যাল কলেজ হয়েছে। কিন্তু দুটা জেলা কুচবিহার ও পশ্চিম দিনাজপুর ভীষণভাবে বঞ্চিত। পশ্চিম দিনাজপুরের কথায় বলতে পারি যে দোষে তিনি কেন্দ্রীয় সরকারকে অভিযুক্ত করছেন নিজে সেই দোষে অভিযুক্ত। বেকার সমস্যা সম্বন্ধে চতুর্থ পরিকল্পনার প্রারম্ভে, অর্থাৎ তৃতীয় পরিকল্পনার শেষের একটা চিত্র দিয়েছেন এবং তাতে বলেছেন চতুর্থ পরিকল্পনার প্রারম্ভে ১ কোটি ২০ লক্ষ পুরাতন বেকার থাকবে। পরিকল্পনা যদি সুষ্ঠুভাবে চালু হয় এবং শ্রমিককে যদি কাজ দেওয়া সম্ভব হয় তাহলে সেই ১ কোটি ২০ লক্ষ বেকার থাকবে—অর্থাৎ যে তিমিরে সেই তিমিরেই, বেকার সমস্যার সমাধান নেই।

[5-35—5-45 p.m.]

বেকারের সংখ্যা কম হয়েছে না বেড়েছে। এখন আমি খাদ্য সম্পর্কে কিছু বলতে চাই, হালে মানুষের জন্য যে রেশন বরাদ্দ করা হয়েছে বিশেষ করে বাংলাদেশের লোক যে ভাত খায় তার পরিমাণ এত কম যে ২।৪ জন পেট রোগা লোক ছাড়া আর কারো কিছু তাতে হবে না। সেজন্য আমি বলছি যে কলকাতার রেশনের পরিমাণ আরো কিছু বাড়ান দরকার। এরপর আমাদের জেলার খাদ্য সম্পর্কে কিছু বলবো। আমাদের জেলায় কৃষকদের বর্তমানে ফসল উঠবার সময়

তাদের ২।৩ মাস খাবার কিনে খেতে হয় না কৃষক শ্রমিক ছাড়া আর সকলে কিনে খায় কিন্তু আমাদের জেলাকে একটা উদ্বৃত্ত এলাকা বলে ধরা হয়, পশ্চিম দিনাজপুরে ধানচালের দর থেকে বড় বাজার রায়গঞ্জ। এ সম্বন্ধে কিছু বলবো। কৃষকের যে কি দুরবস্থা এই পরিষ্কার হলে সেটা বলতে চাই। তাদের দেখে যে তারা দিনের পর দিন ধান নিয়ে অপেক্ষা করে থাকে এবং ১ সপ্তাহ বাদে টাকা দেয় অর্থাৎ বিনা পুঁজিতে ব্যবসা করলো। এছাড়া আর এক রকমভাবে পার কুইন্টাল চাল বিক্রি হচ্ছে মিল মালিকরা সর্ত দেয় যে আমরা ও ধান নিতে পারি তবে টাকা পরে দেবো এবং ১ সপ্তাহ পরে দেবো। কৃষকরা আর ধানের গাড়ী ফিরিয়ে নিয়ে যেতে পারে না অতএব তারা সে সর্ত্তে ধান দিল এই ভাবেই মিল মালিকরা ১ লক্ষ টাকার ধান ধরে কিনে ১ সপ্তাহ বাদে টাকা দেয় অর্থাৎ বিনা পুঁজিতে ব্যবসা করলো। এছাড়া আর এক রকমভাবে ধান বিক্রি হচ্ছে সেটা হচ্ছে আমরা ধান কিনবো না যদি না তোমরা এক রকম যে গোপন এজেন্ট আছে যারা ধান কেনে তাদের মারফৎ আসে।—সেই এজেন্ট হরিয়াদের মারফৎ। তারা ধানের দর কুইন্টাল ৩।৪ টাকা কম দেবে। এই ভাবে ধান মিল মালিকরা দেয় আরো একটা পথদেখা গিয়েছে সেটা হচ্ছে যে যখন কৃষকরা বিক্রী করতে যাচ্ছে ধান মাটিতে হয় বলে তাতে ধুলাবালি থাকা স্বাভাবিক। কিন্তু কৃষককে যখন তার ঘরের ধান বিক্রী করতে হয় সে ধানের মধ্যে মিল মালিক যদি হাত দিয়ে দেখে ধুলোবালি আছে তা হলে তারা বলে আমরা এধান কিনতে পারি যদি ১ কুইন্টালে ১০ কেজি ধান বাটা দাও অর্থাৎ তারা ঐ বাড়তি ধানটী বিনা পয়সায় নিচ্ছে এবং এভাবে কম দরে ধানের দাম দিচ্ছে, এ ঘটনা আমি শুধু বলছি না। আপনি সংবাদ নিলে জানতে পারবেন সেখনকার ডি-এম, এস ডি ও তাঁরা বাজারে গেছেন হাজার হাজার লোকের কাছ থেকে প্রমাণ চেয়েছেন কিন্তু আজ পর্যন্ত তার কোন ব্যবস্থা করা সম্ভব হয় নি। এতে আমার মনে হচ্ছে যে যারা ক্যাপিটালিস্ট তারা সরকারকে বুঝিয়ে দিচ্ছে যে তোমরা যতই আইন কর আমাদের সঙ্গে পারবে না যদি নাকি অন্য ব্যবস্থা গ্রহণ না কর। আমি আমাদের জেলার আর একটি কথা বলে শেষ করবো সেটা হচ্ছে মোটর গাড়ী এবং ট্র্যাফিক এর কথা। রোজ দেখছি লোক সংখ্যা বাড়ছে কিন্তু ঠিক সে পরিমাণ গাড়ী বাড়ছে না। যদি এ জিনিষটা লক্ষ্য করেন এখন স্টেট বাসের সঙ্গে সঙ্গে পাবলিক বাসও চলে। কিন্তু দেখা গেল পাবলিক বাস-ট্রাক ওভারলোডেড-এর জন্য ধরা হয় এবং জরিমানা করা হয়, অথচ স্টেট বাস ওভারলোডেড হলেও তাকে এস-ডি-ও বা পুলিস ধরতে যায় না। এরপর আমি আরো জানাতে চাই যে স্টেট বাসগুলি এত দেওয়া হয়েছে যে স্টেট বাসগুলি এত নীচু স্তরের সার্ভিস দেয় যার ফলে যাত্রীদের ভোগের সীমা থাকে না। প্রায় প্রতিটি বাসই রাস্তায় অচল হয়ে থাকে। এই কমপ্লেন জনসাধারণের কাছ থেকে দেওয়া হয় কিন্তু সে বাসগুলি সম্বন্ধে কিছু করা হয় না এটাই আমার বক্তব্য পরিবেশনে আমি এই কথাই বলছি যে এই ভাষণের মধ্যে তেমন কিছু না থাকায় আমি একে সমর্থন করতে পারছি না।

[5-45—5-55 p.m.]

Shri Ananga Mohan Das:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাজেট-এর আলোচনা আমি এতক্ষণ ধরে শুনছিলাম। ওপাশের সদস্য বরাবরই বলে বেড়াচ্ছেন যে এই বাজেট অত্যন্ত খারাপ, এবং ইহা ধনীর বাজেট এই বাজেটের মধ্যে দেখা যাচ্ছে যে টাটা, বিড়লাদের বড় করবার ব্যবস্থা করা হয়েছে এবং গরীবের মঙ্গলের কোনও ব্যবস্থা নেই এবং আমরা যে সমাজতন্ত্র রাষ্ট্রের কথা বলেছি, সেই সমাজতন্ত্রের এর বিন্দুমাত্রও পালনকরা হয় না এবং আরও বলেছেন যে কর্মচারীদের এবং শিক্ষকদের যে মহার্ঘভাতা দেওয়া হচ্ছে, সেটা অত্যন্ত কম, এই কথাগুলি বলেছেন। আমি বেতন সংক্রান্ত কয়েকটি কথা বলে তারপর মূল বক্তব্যে আসবো।

বেতনের সম্বন্ধে প্রাথমিক শিক্ষকদের ১০ টাকা আর মাধ্যমিক শিক্ষকদের ১০ টাকা মহার্ঘ ভাতা বাড়ান হয়েছে, বাড়িয়েছেন, এটা অন্যায় হয়েছে মনে করি। মাধ্যমিক শিক্ষকদের অন্ততঃ ২০ টাকা ভাতা বাড়া উচিৎ এবং কলেজ-এর অধ্যাপকদের অন্ততঃ ৩০ টাকা ভাতা বাড়ান উচিৎ ছিল। তারপর সর্বনিম্ন স্তরের কর্মচারীদের বিষয় একেবারে লক্ষ্য করা হয়নি। শাসন

বিষয়ের সর্বনিম্ন কর্মচারী চৌকিদার, দফাদার তাদের অবস্থা চূড়ান্ত। মেদিনীপুর জেলার হিসাব নিলে দেখা যায়, পঞ্চায়েৎ মন্ত্রী যা বলেছিলেন, সেবিষয়ে খোঁজ নিয়ে দেখলাম, চৌকিদার মাসে মাত্র ১১ টাকা পাচ্ছে, এবং দফাদার মাত্র ১৩ টাকা পাচ্ছে। এটা অত্যন্ত অন্যায়। আমার মনে হয় সমস্ত বাংলাদেশের জন্য একটা নির্দিষ্ট বেতন দেওয়া উচিৎ, এবং সেই বেতন যাতে সর্বত্র চালু হয়, তারজন্য ব্যবস্থা করা উচিৎ।

তারপর তহশীলদারগণ যারা খাজনা আদায় করে তাদের মাত্র ২৭ টাকা ভাতা দেওয়া হয়, এটা অত্যন্ত অন্যায়, তাদের একটা বাঁচবার মত নির্দিষ্ট ভাতা দেওয়া উচিৎ, তা না হলে আদায় কার্য ভাল হবে না, এবং খাজনা আদায়ে তাদের আগ্রহ থাকবে না। বেতনের সম্বন্ধে এটাই আমার বক্তব্য। তারপর ওদিকের বন্ধুরা এই গণতান্ত্রিক রাষ্ট্রে কোনও উন্নতি হয়নি, বলে অনেক কিছু বলেছেন কিন্তু এবিষয়ে একটাও হিসাব দেখাতে পারেননি। আমি আপনাদের সামনে একটি গ্রামের সম্বন্ধে একটা হিসাব দিচ্ছি। আমি আমার নিজের গ্রামের হিসাব নিয়ে দেখছি, আমাদের গ্রামে ১৯৪৭ সালে কি ছিল, আর আজ ১৯৬৫ সালে কি হয়েছে। ১৯৪৭ সালে আমাদের গ্রামে লোকসংখ্যা ছিল ৯০০ জন এখন ১৫০০-তে দাঁড়িয়েছে। তখন একটা টিউব-ওয়েল ছিল এখন ৩-টে টিউবওয়েল হয়েছে। তখন একটা ইউ-পি স্কুল ছিল, এখন ২ টো ইউ-পি স্কুল হয়েছে। যেখানের একটা ইউ-পি স্কুল-এ ২ জন শিক্ষক ছিল, এখন সেখানের ২টী স্কুল-এর ৭ জন শিক্ষক আছে। এখন প্রায় প্রত্যেক ছেলেই পড়তে আসে অবশ্য কিছু তপশীল বাড়ীর মেয়েরা পড়তে আসে না, তাছাড়া সকলেই আসে। আমার গ্রামের পাশেই একটা হাইস্কুল হয়েছে। আমার থানাতেই ৯০ হাজার লোক, ১৯৪৭ সালে সেখানে ৪টী হাইস্কুল ছিল, এখন সেখানে ১৪টা হাইস্কুল হয়েছে। এবং নিম্ন মাধ্যমিক স্কুল আরও ৪টি আছে। কালক্রমে সেগুলোও হাইস্কুল হয়ে যাবে। এখন বাসস্থানের দিক দিয়ে বলছি, আমার এই গ্রামে পূর্বে শতকরা ৪০ জন লোক ১ কামরার কুঁড়েঘরে বাস করতো, কিন্তু এখন শতকরা ৯০ জন লোকের ২ কামরা কুঁড়ে ঘর আছে, এক কামরার বাসগৃহ শতকরা ১০ জনের আছে এবং পূর্বে সমস্ত গ্রামের মধ্যে মাত্র ২টা টালির ঘর ছিল, এখন ৭টা টিনের ঘর আর ১০০টি টালির ঘর এবং ৪টি পাকা বাড়ী আছে।

কাজেই বৈষয়িক দিক দিয়ে কতটা উন্নতি হয়েছে তা দেখাই যাচ্ছে। রাস্তাঘাটের দিক দিয়ে দেখা যাচ্ছে যথেষ্ট উন্নতি হয়েছে। আগে গ্রামের সীমানা মানের ও রাস্তার কোনও ব্যবস্থা ছিল না এখন হয়েছে এবং সেখানে জলনিকাশের ব্যবস্থা কিছুটা হয়েছে। এবং দেখা যাচ্ছে ১৯৪৭ সালের আগে পর্যন্ত প্রতি একরে ১২ মণ ধান হত এখন গড়ে সেখানে ১৮ মণ ধান হচ্ছে। অবশ্য আমি বলছি আমার থানা বন্যার দেশ প্রতি ১০ বছর অন্তর বন্যা হয়। বন্যার বৎসর বাদ দিয়ে নর্মাল ইয়ার-এর কথা বলছি, এই ফসল বৃদ্ধি হয়েছে, এবং খাদ্যের দিক দিয়ে বলছি, সকল লোক অর্ধাসনে এবং অনশনে নাই, আমি হিসাব করে দেখেছি শতকরা ৮০ জন লোক দুবেলা পেট ভরে খায়, আমাদের পেট ভরে খাওয়া মানে কলকাতার রেশনিং ব্যবস্থার মত নয়, আর বাকি ২০ জন লোকের সারা বৎসরের খাওয়ার অভাব হয়। তারা প্রথম ৪ মাস খেতে পায় তারপর বাকি কমাস তাদের কম কম খেতে হয় বা অন্যত্র ব্যবস্থা করতে হয়। এই হচ্ছে অবস্থা, কাজেই আমি একটা হিসাব দেখাচ্ছি, অতএব ওদিকের বন্ধুরা শুধু কল্পনার উপর বক্তৃতা দিয়েই বলেছেন যে লোকে খেতে পায়না অনশনে রয়েছে, অর্ধাসনে রয়েছে, লোককে দুঃখে রেখেছো। আমি একটা হিসাব দেখছি, তারা যদি প্রত্যেকে প্রত্যেকের নির্বাচকমণ্ডলীর এক একটা অঞ্চলে গিয়ে হিসাব নিতেন তাহলে ভাল হত। এত তাদের অভ্যাস নেই, তারা যদি এটা করতেন তাহলে ২।৩ বছর কাজে সর্ববিষয়ে কিছুটা উন্নতি দেখতে পেতেন, এই কথা বলার মানে এই নয় যে দেশের সর্বাঙ্গিন উন্নতি হয়েছে, কারণ এখনও পর্যন্ত অধিকাংশ লোকের খড়ের ঘর রয়েছে, সেগুলো ভাল হওয়া উচিৎ, এখনও সকল লোক শিক্ষা পায় নাই যে সকল অভাব অভিযোগ রয়েছে তা দূর করা উচিত, সেসব হচ্ছে না।

তারপর তাঁরা বাজেট সমালোচনায় বলেছেন যে টাটা বিড়লা দলের উন্নতি হচ্ছে, ধনী লোকরা আরও ধনী হয়ে যাচ্ছে, গরীব আরও গরীব হয়ে যাচ্ছে, আমি তাঁদের সঙ্গে সম্পূর্ণ একমত

নয়, আমাদের গভর্ণমেণ্ট যে নীতি নিয়েছেন, সেটা হচ্ছে বড়লোককে ধীরে ধীরে নামিয়ে আনা হবে। একদিনে অবশ্য তা নাহতে পারে, যেমন জমির দিক দিয়ে দেখুন বর্তমানে কোনও লোক ২৫ একরের বেশী জমি রাখতে পারবেনা। আগে আর একজন লোক যত ইচ্ছে জমি রাখতে পারত। এখন তা পারবে না, এবং শিল্প প্রতিষ্ঠান বা ব্যবসা বাণিজ্য যাদের রয়েছে তাদের উপর বিপুল হারে ট্যাক্স বাড়ানো হচ্ছে। এবং ট্যাক্স বাড়ালে, জিওমেট্রিক্যাল প্রগ্রেশন বাড়ানো হয়েছে, যার যত বেশী আয়, তার তত বেশী হারে ট্যাক্স হবে। এই করে ধীরে ধীরে তাদের সঞ্চয় কমিয়ে আনা হচ্ছে, এবং কমিয়ে এনে কালক্রমে তাদের জনসাধারণের সমপর্যায়ে আনা হবে। অবশ্য জোরকরে একদিনে হবেনা যেমন ওরা মনে করছেন কমিউনিষ্ট দেশে একদিনে রাতারাতি মাথা ছেঁটে সকলকে সমপর্যায়ে আনা হয়েছে, এখানে তা হয়নি বটে কিন্তু ধীরে ধীরে আস্তে আস্তে লোকের মন পরিবর্তন করে তাদের সমান করে দেওয়া হবে। কালক্রমে এমন একদিন আসবে যেদিন আপনারা দেখতে পাবে সমস্ত লোক এক পর্যায়ে হয়ে গেছে। একথা সত্য যে অল্প পর্যন্ত প্রাইভেট সেক্টর এবং পাবলিক সেক্টর রাখা হয়েছে, কারণ এর ২ টো কারণ আছে, এ হওয়ার একমাত্র কারণ আমাদের দেশ অনগ্রসর দেশ, অনগ্রসর দেশে সবটাকে পাবলিক সেক্টর করলে লেবেল, এখানে পাবলিক সেক্টরও কিছু রাখতে হবে। কারণ যারা সমস্ত শিল্প বাণিজ্য বা ব্যবসা বা কারখানা চালাবে তাদের দেওয়া দরকার, একেবারে অজানা লোক নিয়ে যদি কারখানায় কাজের ভার দেওয়া হয়, তাহলে কলকারখানা অচল হবে, কারখানা ধ্বংস হয়ে যাবে। কাজেই যারা কারখানা চালাতে অভ্যস্ত, যারা শিল্পপতি তাদের কাজের অভিজ্ঞতা আমাদের নিতে হবে, তাদের যে সমস্ত পদ্ধতি, সেগুলো আমাদের শিখতে হবে, এবং সেই সব পদ্ধতিকে কাজে লাগিয়ে ধীরে ধীরে তাদের কাছ থেকে শিল্পের ভার নিয়ে অভিজ্ঞ কর্মী তৈয়ার করে ন্যাশানালাইজ করতে হবে। কাজেই এটা এক দিনে না হতে পারে, গভর্ণমেণ্ট এই পথ ধরার উদ্দেশ্যই হচ্ছে যে আমরা সমস্ত দেশের শিল্পকে একদিন ন্যাশানালাইজ করবো, এই হচ্ছে আমাদের আসল উদ্দেশ্য।

Shri Kanai Lall Dey:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের অর্থমন্ত্রী মহাশয়, ১৯৬৫-৬৬ সালের জন্য যে ব্যয় বরাদ্দ এখানে উপস্থিত করেছেন আমি তা সমর্থন করতে উঠে কয়েকটা কথা বলবো। আমরা এখানে প্রায়ই শুনছি যে গত কয়েক বছরের মধ্যে বিশেষ করে ৩টি পরিকল্পনার মধ্যে দেশের উন্নতি কিছুই হয়নি, হয়তো যতটা হওয়া উচিৎ ছিল ততটা হয়নি কিন্তু কিছুই হয়নি, এই কথা বলা ঠিক হবে না। প্রথমে একটা জিনিস লক্ষ্য করা যাচ্ছে যে এই ক' বছরে দেশের সমস্ত জনসাধারণের মধ্যে যে একটা আশার আলো দেখা দিয়েছে এবং তারা যে নিজেদের উন্নতির কথা বলতে শিখেছে, নিজেদের যা প্রয়োজন দাবি করতে শিখেছে, আমি তো মনে করি এটা সব থেকে আনন্দের কথা। তবে এটা ঠিক যে উন্নতির কাজ যখন আমাদের চলছে, তখন অনেক রকম অসুবিধা দেখা দেয়, আমরা যদি সেই সব অসুবিধাগুলো দূর করার চেষ্টা করি তাহলে কাজ আরও ত্বরান্বিত হতে পারে। আমি উদাহরণ স্বরূপ বলতে পারি যেমন রাস্তা তৈরীর কথা বলা যাইতে পারে, থানা সীড ফার্ম-এর কথা বলা যেতে পারে রাস্তার এলাইনমেন্ট নিয়ে যখন সরকারী কর্মীদের মধ্যে এবং স্থানীয় জনসাধারণের মধ্যে দ্বন্দ্ব উপস্থিত হয় তখন আমরা নিজেরা সেখানে গিয়ে যদি দ্বন্দ্ব মিটিয়ে দিতে পারি, তাহলে সেই রাস্তার কাজ তাড়াতাড়ি হতে পারে।

দুঃখের বিষয় অনেক জায়গায় দেখা যায় দ্বন্দ্ব মেটাবার চেষ্টা তারা করেন না—বরং আরও দ্বন্দ্ব যাতে বাড়ে তার জন্য চেষ্টা করে থাকেন। এবং যার ফল স্বরূপ ল্যান্ড এ্যাকোয়ার করে প্রতিটি রাস্তা করতে হয় এবং তার জন্য রাস্তা করতে দেরী হয়। এই ল্যান্ড এ্যাকোয়ার করার বিষয়ে আমি সরকারের কাছে নিবেদন করতে চাই যে সরকারের যে ল্যান্ড এ্যাকুইজিসন কালেক্টার—তার সংখ্যা অতি কম এবং কাজের চাপ এতো বেশী যে তাড়াতাড়ি জমি দখল করে ঐ পূর্ত বিভাগের হাতে তুলে দিতে পারে না। একথা ঠিক যে আমাদের খাদ্য দ্রব্যের অসুবিধা আছে। সরকার তা অস্বীকার করেন না। এবং এর জন্য তারা কৃষির দিকে বেশী নজর দিচ্ছেন। এবং চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় তারা কৃষিকে অগ্রাধিকার দিয়েছেন। কিন্তু একটা কথা আমি বলবো—যে কৃষি সঙ্গে সঙ্গে সেচের দিকেও নজর দেওয়া প্রয়োজন। এবং আমাদের কৃষি

বিভাগ এবং সেচ বিভাগের মধ্যে আরও ঘনিষ্ঠ যোগাযোগ থাকা প্রয়োজন। সেচ বিভাগে যে অব্যবস্থা রয়েছে—সে সম্বন্ধে আমি দু-একটা কথা বলবো—যেমন হয়তো সময়ে জল ডি, ভি, সি দেয় না—কিংবা হয়তো অসময়ে জল দিয়ে মাঠের তৈরী ফসলকে নষ্ট করে দেয়। আমরা এতদিন শুনে আসছিলাম যে ডি. ভি, সি ভিন্ন সংস্থা—আমাদের রাজ্য সরকারের তাদের উপর কোন কর্তৃত্ব নেই। সেই কারণে বেশী কিছু রাজ্য সরকার বলতে পারেন না। কিন্তু আজকে ডি. ভি, সি আমাদের হাতে এসেছে এবং বিশেষ করে লোন দেওয়ার বিষয়টি এখন সম্পূর্ণ রাজ্য সরকারের আয়ত্বাধীন। কিন্তু আমার মনে হয় যে এই বিভাগে যারা কর্মী আছেন তাঁদের মধ্যে যোগাযোগের খুব অসুবিধা আছে। আমি উদাহরণ স্বরূপ আমার জেলা—হুগলী জেলার কথা বলছি। আমাদের হুগলী জেলা মোটামুটি লোয়ার দামোদর ডিভিসনের অন্তর্ভুক্ত। এর মধ্যে তিনজন একজিকিউটিভ ইঞ্জিনীয়ার আছেন। একজন দামোদরের পূর্ব দিক দেখেন—তার হেড অফিস কলকাতাতে আর একজন দামোদরের পশ্চিম দিক দেখেন—তার হেড অফিস বাঁকুড়াতে। এবং হুগলী ইরিগেসন ডিভিসন সমস্ত সেচ বিভাগের দায়িত্ব তিনি থাকেন কলকাতায়। দুঃখের বিষয় যে সমগ্র হুগলী জেলাতে এই সেচের কথা শোনবার জন্য একজনও একজিকিউটিভ ইঞ্জিনীয়ারের হেড কোয়ার্টার সেখানে অবস্থিত নয়। আমি অনুরোধ করবো যে অন্তত পক্ষে এর মধ্যে একজন একজিকিউটিভ ইঞ্জিনীয়ারের হেড কোয়ার্টার যাতে হুগলী জেলায় প্রতিষ্ঠিত হয় সেখানে জনসাধারণের কোন কিছু কথা বলবার দরকার হলে কোথায় গিয়ে বলতে হবে তা তারা বুঝতে পারে না—সাধারণতঃ তাঁরা জেলা সদর দপ্তরে গিয়ে হাজির হন। কিন্তু সেখানে তারা শুনতে পান যে এখানে সেচ বিভাগের কোন প্রতিনিধি থাকেন না। যদি কোন একজিকিউটিভ ইঞ্জিনীয়ারকে রাখা সম্ভব না হয় তাহলে অন্তত একজন এ্যাসিসটেন্ট ইঞ্জিনীয়ারকে হুগলী জেলায় রাখার প্রয়োজন আছে। এর পরে আমি শিক্ষা বিভাগ সম্বন্ধে কিছু কথা বলবো—বিশেষ করে প্রশাসন সম্বন্ধে। হুগলী জেলায় আগে হাই স্কুল অনেক কম ছিল—জুনিয়ার হাই স্কুল তত ছিল না প্রাইমারী স্কুল কম ছিল। কিন্তু মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন আজকে সেখানে হাই স্কুলের সংখ্যা বেড়ে ১৬০ হয়েছে জুনিয়ার হাই স্কুলের সংখ্যা বেড়ে ১১৫টি হয়েছে এবং প্রাইমারী স্কুলের সংখ্যা বেড়ে ২২ শত হয়েছে—এবং প্রাইমারী স্কুলের বাজেট বৎসরে প্রায় ১ কোটি টাকা—কিন্তু দুঃখের বিষয় সেই পুরানো যে একজন ডিষ্ট্রিক্ট ইন্সপেকটার অব স্কুলস আছেন যিনি সমস্ত বিভাগের কাজ দেখেন। কাজ অনেক বেড়ে গেছে তা সত্ত্বেও মাত্র একজন ডিষ্ট্রিক্ট ইন্সপেকটার অব স্কুলস আছেন যাকে সব কিছুই দেখতে হয় এবং তার সংগে ডিষ্ট্রিক্ট স্কুল বোর্ডের সম্পাদক হিসাবেও কাজ করতে হয়। সরকার এতো টাকা খরচ করছেন কিন্তু কাজ যদি দেখাশুনার সুব্যবস্থা না হয় তাহলে সে টাকাগুলি সৎ ব্যবহার হচ্ছে কিনা সেটা কে দেখবে? ঠিক এই রকম সংখ্যক স্কুল যেখানে অন্য জেলায় আছে সেখানে হয়তো দুইজন এ্যাডিসনাল ডিষ্ট্রিক্ট ইন্সপেকটার আছেন—কিন্তু কেন জানি না এখানে স্কুল এতো বেশী তৈরী হয়েছে, কিন্তু মাত্র একজন ডিষ্ট্রিক্ট ইন্সপেকটার অব স্কুলস আছেন। আমি এর পরে স্ত্রী শিক্ষা সম্বন্ধে কিছু বলবো—আমি এর আগেও বলেছিলাম যে হুগলী বর্ধমান এবং বীরভূম জেলা মিলিয়ে মাত্র একজন ডিষ্ট্রিক্ট ইন্সপেকটার অব স্কুলস আছেন যাঁর সদর দপ্তর বর্ধমানে—আমরা যদি স্ত্রী শিক্ষা প্রসার করতে চাই গ্রামে স্ত্রী শিক্ষার প্রসারের জন্য যারা শিক্ষা প্রতিষ্ঠান করতে চান তার জন্য তাদের বর্ধমানে যোগাযোগ করে স্কুল প্রতিষ্ঠিত করা সম্ভব হবে কিনা—সে বিষয়ে মাননীয় স্পীকার মহাশয়, আপনাকে বিচার করে দেখতে অনুরোধ করি। এ সম্বন্ধে যাতে অন্তত হুগলী জেলায় একজন ডিষ্ট্রিক্ট ইন্সপেকটার অব স্কুলস থাকেন তার জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানিয়ে আমি আমার বক্তৃতা শেষ করছি।

[5-55—6-6 p.m.]

Shri Bhakti Bhusan Mondal:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বাজেট সম্বন্ধে বলতে উঠে, আমি এইটুকু বলতে চাই যে এই বাজেটের যদি কোন রূপ থাকে তাহলে সেইরূপ হচ্ছে জনস্বার্থ বিরোধী বাজেট। এবং গরীবদের স্বার্থের প্রতিকূল বাজেট এবং সেই সংগে সংগে আমি এইটুকু বলতে চাই যে কংগ্রেস সরকারের যে আদর্শ, সেই আদর্শ বলেন কি—আমরা সোস্যালিষ্টিক প্যাটার্ন হতে সোস্যালিষ্টিক

ষ্টেট তৈরী করার জন্য তৈরী আছি। কিন্তু এই বাজেটের চেহারা যা দেখলাম—যদি ইকনমিক এ্যানালিসিস করি তাহলে দেখতে পাবো যে এই বাজেটে সবচেয়ে ক্ষতিগ্রস্থ হচ্ছে কারা? অর্থাৎ যদি বাজেটের রেভিনিউ সাইডটা আমরা ভালভাবে স্ক্যান করি তাহলে দেখবো যে যেভাবে ট্যাক্সেসন করা হয়েছে সেই ট্যাক্সেসন সবচেয়ে বেশী গরীব লোকদের উপর গিয়ে পড়বে এবং ইনসিডেন্স অব ট্যাক্সেসন সেখানে বেড়ে যাবে এবং বড়লোক যারা আছেন তাদের পক্ষে সুবিধা হবে। আমি এইজন্য বলছি যে আপনি দেখুন এই যে ট্যাকসেসন-এর মধ্যে অধিকাংশই ট্যাক্সেসন যেগুলি রিসিট সাইডে আছে সেগুলি সমস্ত দেখবে৷ প্রগ্রেসিভ ফর্ম অব ট্যাক্সেসন নয়, রিগ্রেসিভ ফর্ম অব ট্যাকসেসন। অর্থাৎ তিনি বলবেন যে আমরা সোস্যালিষ্টিক ষ্টেট করতে যাচ্ছি—সোস্যালিষ্টিক ষ্টেট যদি করতে যাওয়া হয় তার প্রথম কাজই হবে প্রোগ্রেসিভ ফর্ম অব ট্যাক্সেসন করা। এখানে ডাইরেক্ট ট্যাক্সেসন মাত্র কয়েকটি বিষয়ে পেয়েছি সেটা হচ্ছে এই ফার্ষ্ট আইটেম পাওয়া যায়

Taxes on income other than Corporation tax.

এই ১৫ কোটি ৬ লক্ষ টাকা। বাকী যতগুলি ট্যাক্স করা হয়েছে—সেই সমস্ত ট্যাক্সগুলি প্রোগ্রেসিভ ফর্ম অব ট্যাকসেসন নয়—রিগ্রেসিভ ফর্ম অব ট্যাক্সেসন। অর্থাৎ মোটামুটি যে টাকাগুলি বাংলাদেশে আদায় করা হবে সেগুলির সমস্তই সবচেয়ে বেশী লাগবে গরীব জনসাধারণের। যেমন আমি একটা উদাহরণ দিয়ে বলছি—সবচেয়ে বড় আইটেম হচ্ছে সেলস ট্যাক্স -৩৫ কোটি ৬৮ লক্ষ টাকা। এই সেলস ট্যাক্স সম্বন্ধে বলতে গেলে দেখা যায় যে মার্জিন্যাল ইউটিলিটি অব মানি যেটা সেটার দিক দিয়ে যদি এটা বিচার করা যায় তাহলে দেখা যাবে যে হার্ড হিট হচ্ছে কারা। সবচেয়ে বেশী হচ্ছে গরীব লোকেরা—এটা উনি ভালভাবে বুঝতে পারবেন এই জন্য যে পাঁচ টাকায় যদি একটা কাপড় কেনা যায় সেটা বড়লোকও কিনবে এবং গরীব লোকও কিনবে —কিন্তু ইনসিডেন্স অব ট্যাকসেসন অনুযায়ী সেলস ট্যাকসের ঐ যে একটা ফিক্সড রেট করে দেওয়া আছে সেটা বড়লোকদেরও ১৫ পয়সা লাগবে এবং গরীব লোকদেরও ১৫ পয়সা লাগবে। কিন্তু মার্জিন্যাল ইউটিলিটি অব মানি —গরীব লোকের পক্ষে সেই ১৫ পয়সা দেওয়া আর বড়লোকদের পক্ষে ১৫ পয়সা দেওয়া এক জিনিস নয়। সেইজন্য আমি বলছি যে ট্যাক্সেসন করেছেন- অর্থাৎ বাজেটটা যদি স্কান করে দেখি—বিশেষ করে রিসিটের দিক দিয়ে তাহলে দেখবো যে বাংলাদেশের জনসাধারণ যারা গরীব আছেন তারা আরও বেশী গরীব হয়ে যাবেন এবং যারা ধনী আছেন তারা আরও বেশী ধনী হবেন। এর কারণ হচ্ছে আপনি জানেন যে প্রাইস লেভেল যদি বেড়ে যায় তাহলে সাধারণ গরীব লোক যারা—অর্থাৎ যারা খেটে খায় সেই মানুষের রিয়েল আরনিংস কমে যায়।

Shri Saila Kumar Mukherjee:

সেলস ট্যাক্স চার বছর হোল বাড়ে নি—আপনি সেটা একটু দেখবেন।

Shri Bhakti Bhusan Mondal:

যে জিনিসটা সেলস ট্যাক্সের আইটেমে হচ্ছে সেটা প্রোগ্রেসিভ ফর্ম অব ট্যাক্সেসন নয়—সেটা হচ্ছে ইনডাইরেক্ট ট্যাক্সেসন—ইনডাইরেক্ট ট্যাকসেসন রিগ্রেসিভ ফর্মে। অর্থাৎ ইনসিডেন্স অব ট্যাকসেসন বড়লোকদের ঘাড়ে ঠিক সেই প্রোপোরসানে পড়বে না যেটা গরীবদের ঘাড়ে পড়বে। সেটা ভাল করে বোঝা যায় যদি ৫ টাকায় কাপড় কিনতে হয় তাহলে তিন পয়সা করে ১৫ পয়সা লাগবে এবং সেটা গরীব লোক এবং বড়লোকদেরও লাগবে। কিন্তু মার্জিন্যাল ইউটিলিটি অব মানি ১৫ পয়সা, এই ১৫ পয়সা গরীবের পক্ষে এবং বড়লোকের পক্ষে এক জিনিস নয়। সেই রকম ইনডাইরেক্ট ফর্ম অব ট্যাক্সেসন সব সময় দেখা যায় যে গরীব লোককে হার্ড হিট করে। এটা নিশ্চয়ই আপনি বুঝতে পারছেন। না বোঝার কোন কারণ নেই, যাঁরা অর্থনীতি পড়েছেন তাঁরা নিশ্চয়ই জানেন। আমি আপনাকে বলছি এই যে ট্যাক্সেসান করেছেন এই ট্যাক্সেসানের ফর্ম যদি দেখা যায় তাহলে দেখা যাবে বাংলাদেশে যেসব লোকের সবচেয়ে কম ইনকাম অর্থাৎ লোয়েস্ট

ইনকাম গ্রুপ সব চেয়ে বেশী হার্ড হিট হবে এবং যারা হায়েস্ট ইনকাম গ্রুপের লোক তারা সবচেয়ে বেশী সুবিধা পাবে। তিনি কনক্লুসানে বলেছেন যে

For the welfare of the well-being of the people.

আমি এই বাজেট করেছি। উনি ঠিক কথাই বলেছেন। কারণ, শ্রেণী চরিত্র ও'নার যা বা ও'নার সরকারের যা তার ওয়েল বিইং-এর জন্য এটা করেছেন। কিন্তু আমরা যারা সাধারণ মানুষ তাদের শ্রেণী চরিত্র হচ্ছে অন্য রকমের। গরীবদের শ্রেণী চরিত্র যদি দেখা যায়, লো ইনকাম গ্রুপের কথা যদি ভাবা যায় বা মধ্যবিত্তের কথা যদি ভাবা যায় তাহলে এই যে বাজেট এই বাজেট হচ্ছে জন বিরোধী বাজেট এবং গরীব জনসাধারণের স্বার্থ বিরোধী বাজেট। আমি আরো ও'নাকে বলতে চাই যে গভর্নর্স স্পীচে আমরা দেখেছি--তিনি বলেছেন যে আমাদের দেশে চাষের উপর বেশী জোর দেওয়া যাবে। কিন্তু ও'নার বাজেটে কি দেখলাম

There is a discrepancy between theory and practice.

এটা আমরা বুঝতে পারছি। উনি যে বাজেট করেছেন সেই বাজেটে দেখা গেল যে এগ্রিকালচারের যে বাজেট সেই বাজেটে টাকা কম করে দেওয়া হয়েছে। অথচ পুলিসের যে বাজেট সেই বাজেটে টাকা বেশী করে এ্যালট করে দেওয়া হল। এর মানে হচ্ছে এই বাজেট হচ্ছে পুলিশী বাজেট। অর্থাৎ গরীব মানুষ যখন খেতে পাবে না, যখন তারা কথা বলতে আসবে তাদের ঠেংগানোর জন্য আরো বেশী পরিমাণে পুলিস নিযুক্ত করতে হবে। এইজন্য এই বাজেটে পুলিস খাতে বেশী টাকা দেওয়া হয়েছে; কিন্তু পৃথিবীর সমস্ত দেশের বাজেট যদি আমরা ডিসকাস করি তাহলে আমরা জানি যেগুলি ওয়েলফেয়ার স্টেট, সোস্যালিস্টিক স্টেট তাদের বাজেটে পুলিস খাতে টাকা সবচেয়ে কম ধরা হয়। তাদের বেশী টাকা থাকে কয়েকটা খাতে যেগুলি মানুষের রিয়েল ইউটিলিটি, যেমন এডুকেশান বাজেট, এগ্রিকালচার বাজেট, মেডিক্যাল বাজেট, অর্থাৎ মানুষের যেটাতে সোস্যাল সিকিউরিটি সোসিয়াল ওয়েলফেয়ার হয় সেইসব জায়গায় বাজেট বাড়ে। কিন্তু শৈলবাবুর বাজেটে ঠিক উল্টো জিনিস দেখছি। আমি আর একটা কথা বলতে চাই সেটা হচ্ছে এই যে আমাদের পশ্চিমবঙ্গ সরকার ব্যর্থ হয়েছেন সেন্টারের কাছে আমাদের যে যুক্তিসংগত দাবী সেটা কনভিন্স না করতে পারার জন্য। এর জন্য সম্পূর্ণ দায়ী করা যেতে পারে আমাদের ফাইনান্স মিনিষ্টারকে তথা ওয়েস্ট বেঙ্গল ক্যাবিনেটকে। কারণ, ফোর্থ ফাইনান্স কমিশন যে টাকাটা এ্যালোকেশান করতে চাইছেন সেটাতে দেখছি আমরা সবচেয়ে ডিপ্রাইভড হয়েছি এবং যেটা আমাদের দেওয়া হয়েছে সেটা আমরা সবচেয়ে কম পেয়েছি। এই পাওয়াটার মানে কি -মানে হচ্ছে এই যে আমরা সেন্টারের কাছে আমাদের কেসটা ভালভাবে রিপ্রেজেন্ট করতে পারিনি এবং এটা না করার জন্য আমি মনে করি যে ওয়েষ্ট বেঙ্গল সরকারের ফাইনান্স মিনিষ্টার ব্যর্থ হয়েছেন। আমি সেজন্য বলতে চাই যে এই বাজেট যদি ভালভাবে স্ক্যান করে দেখা যায় তাহলে এটুকু পাওয়া যায় যে আমাদের এখানে এই বাজেট সম্পূর্ণভাবে গরীবদের স্বার্থ বিরোধী হয়েছে। সেজন্য আমি এই বাজেট সমর্থন করতে পারি না।

Report of the Business Advisory Committee

Mr. Speaker: I beg to present the 24th Report of the Business Advisory Committee which, at its meeting held on the 22nd February, 1965, in my chamber, considering the question of allocation of dates and time for disposal of Voting on Demands for Grants for the financial year 1965-66 and recommended a time table in respect thereof. A copy of the time table as recommended by the Committee is laid on the Table.

Shri Jagannath Kolay: I beg to move that the 24th Report of the Business Advisory Committee presented this day be agreed to.

Mr. Speaker: It is taken as adopted.

(Accepted).

Adjournment

The House was then adjourned at 6-6 p.m. till 1 p.m. on Tuesday, the 23rd February, 1965, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Legislative Building, Calcutta, on Tuesday the 23rd February, 1965, at 1 p.m.

Present:

Mr. Speaker (Shri Keshab Chandra Basu) in the Chair, 10 Ministers, 3 Ministers of State and 171 Members.

[1—1-10 p.m.]

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Special permits for distribution of sugar

***144.** (Admitted question No. 16..) **Shri Kashi Kanta Maitra** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) if it is a fact that special permits for distribution of sugar were issued by the Department concerned;

(b) if so, the total number of such special permits issued by the State Government in November and December, 1964 and the total quantity of sugar drawn against such permit during the period;

(c) on what grounds are such special permits issued;

(d) who are the allottees of such permits;

(e) if it is a fact that some of these allottees, viz., some establishments who are issued such special permits are granted regular sugar quota?

Shri Smarajit Bandyopadhyay: (a) Yes.

(b) Number of permits issued in November—26,009. Number of permits issued in December—28,347. Total quantity drawn in November is 3804.50 quintals. Total quantity drawn in December is 3457.40 quintals.

(c) For Pujas and ceremonies like marriage, annaprasan, upanayan, sradh and on other religious grounds and for patients.

(d) The allottees are private individuals requiring sugar on the above grounds.

(e) It is not a fact that some establishments are granted regularly special permits in addition to regular sugar quota.

Shri Kashi Kanta Maitra:

মন্ত্রীমহাশয় স্পেশাল পার্মিট ফর সুগার-এর কথা বললেন এবং যে যে পিরিয়ডে সুগার দিয়েছেন বলে বললেন তাতে আমি তাঁর কাছে জিজ্ঞাসা করতে চাই যে, তিনি কি দ্ব্যর্থহীন ভাষায় একথা হাউসে বলতে পারেন যে, তাদের মধ্যে কেউই রেগুলার পার্মিট হোল্ডারস্ অর কোটা হোল্ডার্স অব সুগার নয়?

Shri Smarajit Bandyopadhyay:
রেগুলার সাপ্লাই নেই বলে হয়ত রেগুলার কোটা হোল্ডারদের স্পেশাল পার্মিট দেওয়া হতে পারে—তবে রেগুলার কোটা থেকে সেটা কেটে নেওয়া হয়।

Shri Kashi Kanta Maitra:
মন্ত্রিমহাশয় এগুলো দেবার পদ্ধতি সম্বন্ধে বললেন। আমি তাঁর কাছে জিজ্ঞাসা করছি যে, রেগুলার কোটা হোল্ডার-দের কি বেসিস্-এ দেওয়া হয় এবং স্পেশাল পার্মিট হোল্ডার-দের কি বেসিস-এ দেওয়া হয় এবং দুটোই এক বেসিস-এ দেওয়া হয় কিনা?

Shri Smarajit Bandyopadhyay:
রেগুলার কোটা হোল্ডারদের সম্বন্ধে কোন প্রশ্ন নেই। স্পেশাল কোটা হোল্ডার্স-দের সম্বন্ধে আমি বলেছি, স্পেশাল অকেসনস্ লাইক ম্যারেজ, শ্রাদ্ধ, অন্নপ্রাসন ইত্যাদিতে দেওয়া হয়।

Dr. Radha Krishna Singha:
মন্ত্রিমহাশয় জানাবেন কি কোন্ কোন্ রিলিজিয়াস্ গ্রাউন্ড-এ এটা দেওয়া হয়—অর্থাৎ ইজ দেয়ার এনি লিস্ট রিগার্ডিং রিলিজিয়াস গ্রাউন্ডস্।

Shri Smarajit Bandyopadhyay:
আমি তো বলেছি বিয়ে, পৈতে, শ্রাদ্ধ এবং অন্নপ্রাসন ইত্যাদিতে দেওয়া হয়।

Shri Abhoy Pada Saha:
মন্ত্রিমহাশয় জানাবেন কি, স্পেশাল পার্মিটের অর্থরিটি কে, কোন্ অফিসার এই স্পেশাল পার্মিট দেন?

Shri Smarajit Bandyopadhyay:
এটা ডিরেক্টার অব রেশনিং দেন।

Shri Abhoy Pada Saha:
ডিস্ট্রিক্ট-এ বা সাব-ডিভিসন-এ অর্থরিটি কে?

Shri Smarajit Bandyopadhyay:
কন্ট্রোলার অব ফুড এ্যান্ড সাপ্লাই।

Shri Abhoy Pada Saha:
স্পেশাল পার্মিট দেবার ব্যাপারে তদন্তের পদ্ধতি আছে কিনা?

Shri Smarajit Bandyopadhyay:
বিয়ে, শ্রাদ্ধ এবং পৈতের ব্যাপারে বিশ্বাস করে দেওয়া হয় এবং দরকার হলে তদন্ত করা হয়।

Shri Jiban Krishna Dey:
মিছরী কারখানার জন্য যাদের চিনি দেওয়া হয়েছে তারা এই স্পেশাল পার্মিটের মধ্যে আছে কিনা?

Shri Smarajit Bandyopadhyay:
না।

Supply of Cement

***145.** (Admitted question No. *523.) **Shri Deb Saran Ghosh:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সিমেন্ট সরবরাহ কোন্ নীতির ভিত্তিতে করা হইয়া থাকে;

(খ) জেলাওয়ারী সিমেন্টের কি কোন নির্দিষ্ট কোটা নির্ধারিত আছে; এবং

(গ) কোন কোটা থাকিলে কোন্ জেলার জন্য কত পরিমাণ?

Shri Smarajit Bandyopadhyay:

(ক) ওয়েস্ট বেঙ্গল সিমেন্ট কন্ট্রোল এ্যাক্ট ১৯৪৮ এবং ঐ আইন অনুসারে অন্যান্য যে সকল আদেশগুলি বলবৎ আছে তাহারই ভিত্তিতে সিমেন্টের সরবরাহ করা হইয়া থাকে।

দরখাস্ত প্রাপ্তির ক্রমানুসারেই সাধারণতঃ সিমেন্ট বিলি হয় তবে কোন কোন দরখাস্তের বিষয়ে জরুরীবোধে উপযুক্ত ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া হইয়া থাকে।

(খ) প্রতি জেলায় ত্রৈমাসিক নির্দিষ্ট কোটা আছে।

(গ) এতৎসহ একটি বিবরণী উপস্থাপিত করা হইল।

Statement referred to in clause (Ga) in reply to starred question No. ...

(GA) The following are the Quarterly quotas for the districts against quarter I 1965 i.e. for the period January-March 1965 :

Serial No.	Name of the district	Quota for Qr. I 65 (In metric tonnes)
1.	24-Parganas	7424
2.	Howrah	2476
3.	Hooghly	3888
4.	Nadia	2734
5.	Bankura	2112
6.	Midnapore	3644
7.	Birbhum	2112
8.	Burdwan	4236
9.	Murshidabad	2664
10.	West Dinajpur	1848
11.	Jalpaiguri	1914
12	Cooch Behar	624
13.	Purulia	[illegible]
14.	Darjeeling	2508
15.	Malda	[illegible]
		40,000 metric tonnes

Shri Deb Saran Chosh:

আপনি (খ) প্রশ্নের উত্তরে বলেছেন ত্রৈমাসিক কোটা নির্দিষ্ট আছে, নির্দিষ্ট কোটা কি ফিক্সড কোটা?

Shri Smarajit Bandyopadhyay:

মোটামুটি ফিক্সড।

Shri Deb Saran Chosh:

বিভিন্ন জেলাওয়ারী যেখানে ঠিক করা আছে সেটাও কি ফিক্সড?

Shri Smarajit Bandyopadhyay:

হ্যাঁ ফিক্সড।

Shri Deb Saran Chosh:

বিভিন্ন জেলার কোটা যে ফিক্সড আছে তা কোন্ নীতির ভিত্তিতে?

Shri Smarajit Bandyopadhyay:
প্রয়োজন অনুসারে ও লোকসংখ্যা অনুসারে।

Shri Abhoy Pada Saha:
এই জেলাওয়ারী কোটা ঠিক আছে কিন্তু এই জেলা থেকে থানাওয়ারী কোটা ঠিক আছে কিনা?

Shri Smarajit Bandyopadhyay:
না, থানাওয়ারী কোন কোটা ঠিক নাই।

Shri Bejoy Kumar Banerjee:
মাল্টি স্টোরিড বিল্ডিং-এর জন্য কোন সিমেন্ট দেওয়া হয়েছে কিনা?

Shri Smarajit Bandyopadhyay:
না।

Shri Bejoy Kumar Banerjee:
এই মাল্টি স্টোরিড বিল্ডিং হচ্ছে কি করে, যখন আপনি বলছেন সিমেন্ট দেওয়া হয়নি. পাচ্ছে তারা কোথা থেকে?

Shri Smarajit Bandyopadhyay:
তা বলতে পারি না, গভর্নমেন্ট অব ইন্ডিয়ার শিল্প-টিল্প খাতে যে বরাদ্দ আছে তা থেকেও নিতে পারে হয়ত।

Shri Deb Saran Ghosh:
উনি বলেছেন দরখাস্ত প্রাইওরিটির ভিত্তিতে বিবেচনা করা হয়।

Shri Smarajit Bandyopadhyay:
কোন বিদ্যালয় কি কোন জনহিতকর প্রতিষ্ঠানকে প্রাইওরিটি দেওয়া হয়।

Shri Sanat Kumar Raha:
জরুরী প্রয়োজন ছাড়া তদ্বির তদারক-এর ভিত্তিতে পাওয়া যায় এই রকম কোন ব্যবস্থা আছে কিনা?

Shri Smarajit Bandyopadhyay:
না।

Shri Kashi Kanta Maitra:
যে পারমিট সাধারণ লোককে দেওয়া হয় সিমেন্টের, সেগুলো নির্দিষ্ট কত সময়ের মধ্যে দেওয়া সম্ভব?

Shri Smarajit Bandyopadhyay:
এক মাস থেকে এক বছরের মধ্যে।

Shri Kashi Kanta Maitra:
আপনি এটা অবগত আছেন কিনা একমাত্র কলকাতা সহরে গত দেড় বৎসরে আড়াই হাজারের উপর আনঅথরাইজড কনষ্ট্রাকশন কলকাতায় হয়েছে, আমি জিজ্ঞাসা করছি এই আড়াই হাজার বাড়ী কনষ্ট্রাকশন কলকাতা সহরে কি করে হল, সিমেন্ট কি করে পেল?

Shri Smarajit Bandyopadhyay:
আমাদের প্রদেশের ফুড এ্যান্ড সাপ্লাই ডিপার্টমেন্ট থেকে তাঁরা সিমেন্ট পাননি।

Shri Deb Saran Ghosh:
মাননীয় মন্ত্রীমহাশয় এক মাস থেকে এক বছরের মধ্যে সিমেন্ট সরবরাহ করা হয় বলেছেন, এর অতিরিক্ত দরখাস্ত যেগুলি থাকে সেগুলি কি বাতিল হয়ে যায়?

Shri Smarajit Bandyopadhyay:
না বাতিল হয় না।

Shri Deb Saran Ghosh:
তাহলে কি করেন এই এক বছরের উপরেরগুলো?

Shri Smarajit Bandyopadhyay:
সাধারণতঃ কোটা কম, দরখাস্তের সংখ্যা বেশী, সেজন্যই এই রকম হয়।

Shri Aswini Roy:
১৯৬৪ সালের শেষ কোয়ার্টারে বর্ধমান জেলায় কত সিমেন্ট দেওয়া হয়েছিল?

Shri Smarajit Bandyopadhyay:
নির্দিষ্ট প্রশ্ন দিন জানিয়ে দেব।

Shri Aswini Roy:
এই কোয়ার্টার এন্ডিং-এ ১৯৬৪ এ কোন সিমেন্ট দেওয়া হয়নি তার কারণ কি এই যে বাড়ী-ঘর তৈরী করতে হবে দুর্গাপুরে?

Shri Smarajit Bandyopadhyay:
একথা ঠিক নয়।

Shri Nani Bhattacharjee:
মাননীয় মন্ত্রীমহাশয় কি বলবেন গত বছর যে পরিমাণ সিমেন্ট এখানে এনেছিলেন এবার অনেক কম সিমেন্ট এনেছেন, সেগুলি ডেলীভারী পর্যন্ত দেওয়া হয়নি, যার ফলে সেখান থেকে ১২ তলা ১৪ তলা বাড়ীগুলির জন্য স্পেশাল পারমিট দেওয়ার ব্যবস্থা করা হয়েছে কিনা?

Shri Smarajit Bandyopadhyay:
একথা ঠিক নয়, কোটা বেশী পেলে কেন নেব না? গভর্নমেন্ট অব ইন্ডিয়া থেকে কম পাওয়া যায় প্রয়োজনের তুলনায়, এজন্য সকলের চাহিদা অনুযায়ী দেওয়া হয় না।

Shri Nani Bhattacharjee:
কেন্দ্র রাজ্য সরকারকে দেয় যে কোটা স্থির করেছেন সেই অনুসারে আনেন কি?

Shri Smarajit Bandyopadhyay:
যে কোটা ঠিক করেছেন তাও ঠিকমত দিতে পারেন না।

Shri Nani Bhattacharjee:
একথা কি সত্য নয় যে কোটা অনুসারে না এনে অনেক কম আনেন?

Shri Smarajit Bandyopadhyay:
আমরা পেলে নিশ্চয়ই নিই, কেন কম আনবো?

Shri Khagendra Kumar Rai Choudhury:
পয়সা দিলে বাইরে থেকে সিমেন্ট পাওয়া যায় এটা জানেন কি?

Shri Smarajit Bandyopadhyay:
না, জানা নাই।

[1-10—1-20 p.m.]

Shri Kashi Kanta Maitra:

কোলকাতা শহরে যে ২½ হাজার আন-অথরাইজড কনষ্ট্রাকশন হয়ে গেছে তাঁরা যে কি করে সিমেন্ট পান তার উত্তরে তিনি বললেন আমাদের দপ্তর থেকে সিমেন্ট আসেনি, অন্য জায়গা থেকে এসেছে। তাহলে আমি জিজ্ঞাসা করছি ওঁদের দপ্তরের বাহিরে অন্য জায়গা থেকে আসছে এ তথ্য কি তিনি হাউস-এর কাছে স্বীকার করছেন?

Shri Smarajit Bandyopadhyay:

এটা থেকে এটা হতে পারে যে ভারত গভর্নমেন্ট থেকে কেউ কেউ সিমেন্টের পারমিট নিতে পারেন।

Shri Deb Saran Ghosh:

আমার প্রশ্ন হচ্ছে জেলাওয়ারী যে কোয়ার্টার কোটা আছে সেটা কি ডিউ টাইম-এ সরবরাহ করা হয়?

Shri Smarajit Bandyopadhyay:

জেলায় চাহিদা যা আছে সেই অনুযায়ী দিতে পারা যায় না।

Shri Bhadra Bahadur Hamal:

যে রকম হিল-এর মধ্যে বাড়ীর ফাউন্ডেশন তৈরী করলে সিমেন্টর জন্য দরখাস্ত করলে তাকে তক্ষুণি পারমিট দেওয়া দরকার। কিন্তু বহুদিন অপেক্ষা করেও তারা পায় না, আবার কেউ কেউ তাড়াতাড়ি পেয়ে যায় এটা জানেন কিনা?

Shri Smarajit Bandyopadhyay:

দেখব।

Dr. Kanai Lal Bhattacharyya:

আপনার নিশ্চয় জানা আছে যে বিভিন্ন জেলাতে ১৯৬২ সালের নভেম্বর-ডিসেম্বর মাসে যে সমস্ত দরখাস্ত করা হয়েছিল এখনও সেগুলি ডিসপোসড অফ হয়নি—অর্থাৎ ২ বছর আগেকার দরখাস্ত ডিসপোসড হয়নি এইভাবে সিমেন্টের সাপ্লাই-এর ব্যাপারে যে অরাজকতা চলছে সেটা দূর করার জন্য মন্ত্রীমহাশয়ের দপ্তর কোন কিছু চিন্তা করছেন কিনা?

Shri Smarajit Bandyopadhyay:

আমরা চিন্তা করছি; ভারত গভর্ণমেন্টকে অনবরত লিখছি, বলছি এবং চেষ্টা করছি।

Shri Birendra Narayan Ray:

আপনি (খ)-এর উত্তরে সিমেন্ট সরবরাহ নীতি সম্পর্কে বলেছেন, কয়েকটা আইন দেখিয়েছেন এবং কয়েকটা আদেশ দেখিয়েছেন—সেই আদেশ কি কি?

Shri Smarajit Bandyopadhyay:

ঐ এ্যাক্ট-এর আণ্ডার-এ বিভিন্ন অর্ডার।

Shri Rabindra Nath Mukhopadhyay:

বিনা ঝঞ্ঝাটে কত পরিমাণ সিমেন্ট পাওয়া যায়?

Shri Smarajit Bandyopadhyay:

একেবারে বিনা ঝঞ্ঝাটে হবে না। কারণ মাল কম। কন্ট্রোল জিনিষের কতকগুলি প্রোসিডিওর আছে সেই প্রোসিডিওর ফলো করতে হবে।

Shri Rabindra Nath Mukhopadhyay:

বিনা এনকোয়ারী-তে ১০ বস্তা সিমেন্ট পাওয়া যায় এটা কি সত্য?

Shri Smarajit Bandyopadhyay:

বিনা তদন্তে পাওয়া যায় কিন্তু—দরখাস্ত করতে হবে।

Shri Kashi Kanta Maitra:

মন্ত্রীমহাশয় আনঅথোরাইজড কনষ্ট্রাকশন সম্বন্ধে বললেন এটা হতে পারে যে ভারত সরকারের কাছ থেকে পার্মিট নিয়ে আনঅথোরাইজড কনষ্ট্রাকশন হয়েছে। অর্থাৎ সেই বাড়ীগুলোর মালিকরা ভারত সরকারের কাছ থেকে আলাদাভাবে পার্মিট-এর সিমেন্ট নিয়ে বাড়ী তৈরী করেছেন। অতএব তিনি কি এই এাসুওরেন্স হাউস-এর সামনে দিতে পারেন এই বাজেট সেসন-এর মধ্যে যে আনঅথোরাইজড কনষ্ট্রাকশন কোলকাতায় যেগুলি হয়েছে সেইগুলি ওয়েষ্ট বেঙ্গল গভর্ণমেন্ট থেকে সিমেন্ট নিয়ে বাড়ী তৈরী হয়নি, অন দি আদার হ্যাণ্ড ভারত সরকারের কাছ থেকে বা অন্য সোর্স থেকে সিমেন্ট নিয়ে এসে বাড়ীগুলো করেছেন?

Shri Smarajit Bandyopadhyay:

সম্প্রতি আমাদের মন্ত্রীসভায় সিদ্ধান্ত হয়েছে যে সমস্ত লুপ-হোলস আছে সেগুলি ভারত সরকারের কাছে নিয়ে জানানো হবে।

Sadachar Samity

***146.** (Admitted question No. *675.) **Shri Birendra Narayan Ray:**

স্বরাষ্ট্র (দুর্নীতি দমন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে "সদাচার সমিতি" গঠিত হইয়াছে কি;

(খ) গঠিত হইয়া থাকিলে, উক্ত সমিতির সভ্যদের নাম ও পরিচয় কি; এবং

(গ) পশ্চিমবঙ্গ সরকারের সহিত উক্ত সমিতির সম্বন্ধ কি?

Mr. Speaker: Regarding Starred Question No. 146, it will be taken up on the next rotational day as the Chief Minister is not here.

I have to draw the attention of the Hon'ble Ministers that answers to questions are not always received by my office, in time. I had drawn their attention to this several times before also.

Shri Jagannath Kolay:

স্যার এর কারণটা হল যে ১৪৭নং যে কোয়েশ্চেন এই কোয়েশ্চেন-এর প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি কেননা এটা ঠিকই একই ধরনের কোয়েশ্চেন-এর এ্যানসার এক হপ্তা আগে হয়ে গেছে এটা আবার এ হপ্তায় এসেছে এবং আজকে কোয়েশ্চেন-এর সঙ্গে সে কোয়েশ্চেন-এর কোন তফাৎ নেই একই জিনিষ সেটা স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগকে দিয়েছেন এবং এটা স্বরাষ্ট্র (জেল) বিভাগকে দিয়েছেন।

Mr. Speaker: In that case, the matter is very easy. All they have to do is to send the file over again.

Shri Bijoy Singh Nahar:

স্যার এরূপ যদি দুইটা কোয়েশ্চেন একই হয় তাহলে আপনাকে সবিনয় অনুরোধ জানাব যে আপনার ডিপার্টমেন্ট যদি এটা এডিট করে পাঠান, যা আমাদের রুলস্‌-এও আছে, এরূপ এডিট করে পাঠালে পর একটা কোয়েশ্চেন দুবার হবার প্রশ্ন থাকে না এ বিষয়ে একটু দৃষ্টি দিলে সুবিধা হয়।

Mr. Speaker: In that case I would request the Hon'ble Finance Minister to increase the number of my Assistant Secretaries to check all the questions that are received to see whether there is any repetition or not. As you know, a large number of questions are coming up, and to do this, the department has to be enlarged.

Shri Jagannath Kolay:

স্যার এ বিষয়ে আমি একমত। আমি মাননীয় অর্থমন্ত্রীকে অনুরোধ জানাব যে এই ডিপার্টমেন্ট-এর যা প্রয়োজন সেদিকে যাতে তিনি একটু নজর দেন। কারণ আজকে একটা কোয়েশ্চন-এর এ্যানসার হয়ে যাবার পর কালকে যদি আবার সেই প্রশ্ন আসে যেমন নাকি আবার এসেছে তাহলে অনেক অসুবিধা হয় এবং এমন হয় যার ফলে অনেক প্রশ্ন এখানে আসতে পারে না সেজন্য আমার অনুরোধ যে এর একটু দেখা উচিত।

Dr. Kanai Lal Bhattacharya:

স্যার, এ ব্যাপারে আপনার একটু দৃষ্টি আকর্ষণ করতে চাই মন্ত্রীমহাশয়দের যখন অসুবিধা হয় তখন স্টাফ বাড়বে। আপনার বা আমাদের অসুবিধা হলে হয় না (শ্রীজগন্নাথ কোলে : এতে হাউসের আপনাদের এবং মাননীয় স্পীকারের সকলেরই সুবিধা।)

Mr. Speaker:

বাড়বে না এটা জেনে রাখুন।

Undertrial prisoners

***147.** (Admitted question No. *714.) **Shri Monoranjan Hazra:**

স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বিনা বিচারে আটক কমিউনিস্ট বন্দীদিগকে প্রথম শ্রেণীর বিচারাধীন বন্দীদের মত ব্যবহার করা হইতেছে; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তবে মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) খাদ্য ব্যতীত প্রথম শ্রেণীর বিচারাধীন বন্দীদের কি কি জিনিসপত্র দেওয়া হয়·

(২) দেয় জিনিসগুলি কত দিন অন্তর দেওয়া হয়;

(৩) খবরের কাগজ দিবার কোন ব্যবস্থা আছে কিনা; এবং

(৪) গ্রেপ্তারের সময় যাহার কিছু থাকে না বা ব্যবহৃত জিনিস যাহা থাকে (যেমন, কাপড়, জামা, গেঞ্জী, জুতা, চশমা প্রভৃতি) নষ্ট হইয়া গেলে সেগুলি দেওয়া হয় কিনা?

Shri Ardhendu Sekhar Naskar:

(ক) হ্যাঁ।

(খ) (১) খাদ্য ব্যতীত নিম্নলিখিত জিনিষপত্র প্রথম শ্রেণীভুক্ত বিচারাধীন বন্দীদের দেওয়া হয় :--

(ক) লোহার বা কাঠের খাটিয়া (পাওয়া গেলে)—১

(খ) গদি—১, (গ) কম্বল—১, (ঘ) বিছানার চাদর—১, (ঙ) মশারী—১, (চ) ওয়াড় সমেত বালিশ—১, (ছ) শীতের জন্য অতিরিক্ত কম্বল—১।

যাহারা বাহির হইতে আনাইতে অপারগ হন তাহাদিগকে (১) ধুতি বা পায়জামা—২, (২) গামছা বা তোয়ালে—১, (৩) হাফশার্ট—১, (৪) সুতীর চাদর (শীতের জন্য)—১। ইহা ছাড়াও ঐরূপ বন্দীদিগকে (১) গরম চাদর—১, (২) রুমাল—১, (৩) চিরুণী—১, (৪) মাথার তেল দৈনিক ½ ছটাক, (৫) মাজন, (৬) টুথব্রাশ, (৭) গায়ে মাখা সাবান, (৮) লেখার প্যাড, (৯) কলম,

নিব, খাম প্রভৃতি দেওয়া হয়। সরকারী খরচে তাহাদের খেলার জন্য তাস ও পাশার বন্দোবস্তও আছে। বন্দীদিগকে নিজ ব্যয়ের জন্য ৭·৫০ টাকা হিসাবে মাথাপিছু হাতখরচা ও পরিবারবর্গের জন্য আলাদা ভাতা দেওয়া হয়।

(২) উপযুক্ত সময় অন্তর অন্তর জিনিষগুলি দেওয়া হয়।

(৩) উপযুক্ত বন্দীদের সরকারের খরচে কোন সংবাদপত্র দেওয়া হয় না। তবে সাজাপ্রাপ্ত দ্বিতীয় শ্রেণীর কয়েদীদের যে সংবাদপত্রগুলি দেওয়া হয় তাহা তাহাদের পড়া হইয়া গেলে আলোচ্য বন্দীগণকে দেওয়া হইয়া থাকে।

(৪) হ্যাঁ; তবে জুতা দেওয়া হয় না। চক্ষু বিশেষজ্ঞের অনুমোদন সাপেক্ষে চশমা দেওয়া হয়।

[1-20—1-30 p.m.]

Dr. Narayan Chandra Roy:

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি যে খাদ্য ব্যতীত প্রথম শ্রেণীর বিচারাধীন বন্দীদের কি কি দেওয়া হয়—এই লিষ্ট পড়ে গেলেন এগুলির সবই কি দেওয়া হচ্ছে এবং কবে থেকে দেওয়া হচ্ছে, কত দিন অন্তর দেওয়া হয় এটা বলুন? ঐ যে দেখলাম খবরের কাগজ সম্পর্কে প্রথম শ্রেণীর বন্দীদের অপরের পড়া—তারপর দিন দেবার নিয়ম ছিল—সে নিয়মটার কি নূতন কিছু করেছেন?

Shri Ardhendu Shekhar Naskar:

আমার মনে হয় মাননীয় সদস্যকে অনুরোধ করবো যে জেল বিভাগের মন্ত্রীমহাশয়কে আলাদা প্রশ্ন করলে ডিটেলস পেতে পারবেন।

Shri Jagannath Kolay:

আমি বলতে পারি যে যে জিনিসপত্রগুলি, যারা আণ্ডার ট্রায়াল ক্লাস ওয়ান প্রিজনার—তাদের খাটিয়া, গামছা, কম্বল, বিছানা যারা আনতে পারেন না তাদের ঐ জেল থেকে দেওয়া হয় যখন তারা চায়—অবশ্য খাটিয়া যদি থাকে তাহলে দেওয়া হয় এবং অনেক সময় অনেক অনেক বেশী বন্দী জেলে যান তখন আমরা দিতে পারি না—কিন্তু আমরা বিছানা দিই। পাজামা, ধুতি, হাফসার্ট, চাদর এগুলি অনেকে বাড়ী থেকে আনেন—যদি না আনতে পারেন—তবে তারা যদি বলেন তাহলে আমরা তাদের দিই এবং তার ব্যবস্থা করি। রুমাল, চিরুনি এটা আগে ছিল না, এটা খুব নূতন আমরা দিয়েছি, তেলের ব্যবস্থা করেছি এবং খবরের কাগজের বিষয় চিন্তা করছি এবং আমরা খুব তাড়াতাড়ি একটা ইংরাজী এবং একটা বাংলা খবরের কাগজ তাদের দেবো।

Dr. Narayan Chandra Roy:

আপনি কি তখন অবগত ছিলেন যে মনোরঞ্জন হাজরা তিনি এখানে রাজ্যপালিকার ভাষণের সময়, তিনি একটা লিখিত ভাষণ দিয়েছিলেন—তাতে তিনি জানিয়েছিলেন যে যে কাপড়, এবং চাদর দেওয়া হয় সেটা ঘাটে উঠবার কাপড়?

Shri Jagannath Kolay:

সেদিন আপনাকে বলেছিলাম চাদর এবং কাপড় আমি যখন জেলে গিয়েছিলাম তখন তারা আমাকে দেখিয়েছিল এবং সেই কাপড়টা খুব পাতলা কাপড় সেই কাপড়টা সকলের পক্ষে উপযুক্ত নয়, আমরা সেটা চিন্তা করছি এবং আমরা এটা রিভাইজ করছি যাতে ভাল কাপড় দেওয়া হয়।

Dr. Narayan Chandra Roy:

অতি সম্প্রতি বলে যেটা বল্লেন—এটা রাজ্যপালিকার ভাষণের পরে তাঁর লিখিত চিঠি যখন এসেছে তখনও পাননি—তার পর কি আরম্ভ হয়েছে ধরে নেবো?

Shri Jagannath Kolay:

এটা হয়েছে অন্ততঃ মাস দুই আগে—লিখিত ভাষণের অনেক আগে—লিখিত ভাষণে এ স আসে না।

Shri Khagendra Kumar Rai Choudhury:

আমি দমদম জেলের কথা বলছি যে ১৯৪৮ সালে যারা ওখানে পলেটিক্যাল প্রিজনার থাকতে তাদের বিকাল বেলায় ওখানে যে ছোট মাঠ থাকতো সেই মাঠে বেড়াতে দিতো বা খেলতে দিত—আমি ১৯৬২ সালে গিয়ে দেখলাম যে সেই মাঠটা বন্ধ করে দেওয়া হয়েছে এবং অনেক আবেদ নিবেদন করা হয়েছিল যে মাঠটা খুলে দেওয়া হোক বিকাল বেলায়—এখন সেই রকম কো ব্যবস্থা হয়েছে বলে জানাবেন কি?

Shri Jagannath Kolay:

খগেনবাবু যেটা বলছেন সত্যই ছিলনা এবং আমি যখন জেলে গিয়েছিলাম তাঁরা বলেছিলেন যে অসুবিধা হচ্ছে। সেজন্য আমরা ঠিক করছি সেটা খুলে দিতে যাতে তারা মাঠে বেড়াতে পারেন ভাল বল খেলতে পারেন।

Shri Nikhil Das:

আমার প্রশ্নটা হচ্ছে হোম পলিটিক্যাল ডিপার্টমেন্ট—বিনা বিচারে যাদের আটক রাখা হয়েছে ডি আই আর ৩০-তে, সেই ডি আই আর ৩০-তে আপনারা আণ্ডার ট্রায়াল ক্লাস ১ প্রিজনারের মত ট্রিট করছেন। সেখানে পি ডি এ্যাক্টের যে ফেসিলিটিজ সেই ফেসিলিটিজ তাঁরা পাচ্ছে না কেন। বিনাবিচারে, আণ্ডার ট্রায়াল বিচারাধীন তাঁদের মত অবস্থা কেন।

Shri Jagannath Kolay:

এবিষয়ে আগের দিন জবাব দেয়া হয়েছে এবং এ প্রশ্ন থেকে এটা ওঠেনা।

Shri Nikhil Das:

আগের দিন জবাবে বলেছেন এটা জেলের নয়, এটা হোম পলিটিক্যালে করবেন। আজকে হো পলিটিক্যালের আছে। সুতরাং আমি সাপ্লিমেণ্টারী করছি যে বিনাবিচারে যাদের আট রেখেছেন তারা আণ্ডার ট্রায়াল ডিভিসান ১ প্রিজনারের মত হবে, পি, ডি, এ্যাক্টের ফেসিলিটিজ তারা পাবে না কেন?

Shri Jagannath Kolay:

আর একটা প্রশ্ন করুন জবাব দেব।

Shri Kashi Kanta Maitra:

আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করছি—আমি আমার ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে দেখে দমদম সেন্ট্রাল জেলে গত এপ্রিল মাসে যখন ছিলাম তখন দেখেছিলাম যে সেখানে রাজবন্দী নিজেদের পয়সায় ঘরে ইলেকট্রিক ওয়ারিং করে নিয়েছে এবং টেবিল ফ্যান আনবার ব্যবস্থ করেছে. আপনারা তাদের অনুমতি দিয়েছেন এবং জেলে থাকার সময় শুনেছিলাম যে যাঁর ওয়ারিং করে নিয়েছিলেন সেটা তাঁদের খরচে করেছিলেন এবং প্রেসিডেন্সী জেলে যেসমস্ত ব্যা মার্কেটিয়ারদের ধরে রাখা হয়েছিল তাঁরাও তাঁদের নিজেদের পয়সায় ঘরের মধ্যে ওয়ারি করেছিলেন· আমি জিজ্ঞাসা করছি এটা সত্য কিনা এবং ষ্টেট গভর্ণমেণ্ট যেসমস্ত পলিটিক্যা প্রিজনাররা ছেড়ে চলে এলেন তাঁদের কি টাকা ফেরৎ দিয়েছিলেন. না সেগুলি রয়েই গেল—এ গেল এক নম্বর। দ্বিতীয় হচ্ছে এই সভাতে আমি অভিযোগ করেছিলাম যে এখানে খাটিয়া বিছানা সেটা লিটারালী একবারে কেওড়াতলা বা নিমতলার ছিল। আপনি তখন বলেছিলে যে তদন্ত করতে ডাঃ নারায়ণ রায়কে পাঠাবেন এবং তিনি তদন্ত করে দেখে এসে রিপোর্ট দেবেন এবং তিনি আপনাদের কাছে এ্যাসিওরেন্স দিয়েছিলেন যে লক্, ষ্টক, ব্যারেল, সমস্ত ডিসকার্ড করে নূতন সমস্ত জিনিস করবেন। আমি জিজ্ঞাসা করছি সেই এ্যাসিওরেন্স অনুযায়ী কাজ হচ্ছে কিনা?

Shri Jagannath Kolay:

আমি যে এ্যাসিওরেন্স দিয়েছিলাম সেই এ্যাসিওরেন্স-এর পরে আমি অনেকগুলি কাজ করতে বলেছি। আপনি যেটা বলছেন সেটা আমি দেখে এসেছি যে খাট ভালই দেয়া হয় এবং বিছানা সম্বন্ধে আমি গিয়ে দেখেছি যে কেউ বিছানা সম্বন্ধে কোন কমপ্লেন করেনি। কাশীবাবু যেটা বলছেন—আমাদের জেলে যদি বেশী সংখ্যক কয়েদী একদিনে যান, ৭।৮ শত যদি একদিনে এ্যারেস্ট হয়ে যায় সেখানে আমাদের অসুবিধা হয় এবং সেটা কাশীবাবুও আমাদের সঙ্গে কথা বলে বুঝেছেন যে হ্যাঁ, একদিনে যদি ওখানে সবাই জান তাহলে জেল কর্তৃপক্ষের বিশেষ অসুবিধা হয়। যাতে ভবিষ্যতে কোন অসুবিধা না হয় সেই চেষ্টা করা হচ্ছে, ক্রমে ক্রমে উন্নতি করার জন্য। ডিভিসন ১ আন্ডার ট্রায়াল প্রিজনার যাঁরা আছেন, ডি-আই রুলসে, তাঁরা নিজেরা বাড়ী থেকে পাখা এবং তার আনতে পারেন। আমরা দেবনা, আমরা খরচ করবনা, আমরা কেবল তাদের কারেণ্ট ইউজ করতে দেব এবং তাঁরা যখন চলে যাবেন তখন তাঁরা পাখা নিয়ে যেতে পারেন এবং তারও সঙ্গে নিয়ে যেতে পারেন। তাদের খরচ ফেরৎ দেয়া হবে কি খরচ করা হবে এই প্রশ্ন আসে না।

[1-30—1-40 p.m]

Shri Kashi Kanta Maitra:

আমরা শুনেছি যে যেসব সেলে আমরা ছিলাম সেই সমস্ত সেলে যাঁরা ডি-আই-আর ৩০-তে ডিটেণ্ড ছিলেন তাঁরা ইন দি মিন টাইম রিলিজ্ড্ হয়ে আসেন। কিন্তু আমরা দেখেছি সেই সমস্ত ওয়্যারিং কেসিং ছিল। এটা তা নয় যে পকেটে করে একটা তার নিয়ে গেলাম, গুঁজে দিলাম অমনি ফ্যান চলল। সেখানে রেগুলার মিস্ত্রি এসে কাজ করেছে। তা যদি হয়ে থাকে গভর্ণমেণ্টের পলিসি কি এই যে রাজবন্দীদের ধরে নিয়ে গিয়ে তাদের বাড়ীর পয়সায় জেলের ওয়্যারিং হয়ে যাবে এবং গভর্ণমেণ্ট সেটা এনজয় করবে?

Shri Jagannath Kolay:

রাজবন্দী যাঁরা পাখা চান এবং তার জন্য যদি অয়্যারিং করতে চান অয়্যারিং করতে হবে। কিন্তু অনেকে চান না। আমরা ওটা করব না, আপনাদের করতে হবে। তবে কাশীবাবু যেটা বলেছেন সে সম্বন্ধে বলছি যে জেলের প্রত্যেক সেলে আমাদের অয়্যারিং করা আছে, হয়ত তার দিয়ে প্লাগ দিয়ে সামান্য কিছু করতে হয়, বেশী কিছু করতে হয় না।

Shri Monoranjan Roy

এটা কি মাননীয় মন্ত্রিমহাশয় জানেন যে ঐ অয়্যারিংটা ডাঃ রায়ের আমলে পি-ডি এ্যাক্টে যখন মাছওয়ালাদের ধরা হয়েছিল তখন তাদের জন্য করা হয়েছিল এবং তাদের জন্য যদি করা হয়ে থাকে তাহলে আমরা যখন জেলে যাই তখন আমাদের জন্য কেন করা হল না এই নিয়ে এক বছর হৈ চৈ করার পর অয়্যারিং করে বলে যে তোমাদের তার লাগিয়ে নিতে হবে। তারটা আমাদের লাগান হয়েছে, এটা কি আপনি জানেন?

Shri Jagannath Kolay:

ডাঃ রায়ের আমলে কি হয়েছিল আমি জানি না, সেটা বলতে পারব না।

Shri Monoranjan Roy

মিঃ স্পীকার, স্যার, এটা গুরুত্বপূর্ণ ব্যাপার। ঐ যে মেদিনীপুর জেল থেকে ডাঃ নারায়ণ রায় যেটা বলেছেন জগন্নাথবাবু সেটা ধরতে পারেন নি। রাজ্যপালের ভাষণ লেখাটা দেড় মাস আগে হয়েছে, কিন্তু তারপর উপরে সংশোধন দিয়ে এখানকার সভ্য মগেন ভট্টাচার্য, মনোরঞ্জন হাজরা, সুবোধ চৌধুরী এবং আর একজন এই ৪ জনে মিলে তাঁরা সংশোধন পাঠান এবং তাতে তাঁরা জানান যে যে কাপড় তাঁদের দেওয়া হচ্ছে সেটা পরার উপযোগী নয়?

Shri Jagannath Kolay:

আমি সেটা নারায়ণবাবুকে বলেছি, আপনি তখন আসেন নি। কাপড় যেটা দেওয়া হচ্ছে সেটা ভাল করছি।

Shri Monoranjan Roy :

কিন্তু চিকিৎসার ব্যাপারে ডাক্তারের প্রেসক্রিপসানের পরে তাঁদের চিকিৎসার ব্যবস্থা হচ্ছে না। সুবোধ চৌধুরীকে কলকাতায় এনে কার্ডিওগ্রাফ করবার কথা, তার কোন ব্যবস্থা হয় নি।

Shri Jagannath Kolay:

আপনি যেটা বলছেন আমি সেটা এনকোয়ারি করে দেখব এবং তার ব্যবস্থা করব।

Shri Jiban Krishna Dey:

এই যে প্রিজনারদের এক জেল থেকে আর এক জেলে নিয়ে যাওয়া হয় তখন রাস্তায় তাদের এক দিনের খাওয়ার জন্য কি হারে দেওয়া হয়?

Shri Jagannath Kolay:

সেটা আমি এখন অফহ্যান্ড কিছু বলতে পারব না।

Shri Rabindra Nath Mukhopadhyay:

আপনি বললেন এই প্রশ্ন থেকে ওটা আসে না। কিন্তু প্রশ্নে পরিষ্কার আছে ইহা কি সত্য যে বিনা বিচারে আটক কমিউনিস্ট বন্দীদের প্রথম শ্রেণীর বিচারাধীন বন্দীদের মত ব্যবহার করা হচ্ছে? সেই প্রশ্নের উত্তর জানতে চাই যেটা নিখিল দাস মহাশয় তুলেছেন যে পলিটিক্যাল প্রিজনার যাদের ডিটেনসানে রেখেছেন তাদের কেন আন্ডার ট্রায়াল প্রিজনার বলে রেখেছেন?

Shri Jagannath Kolay:

সেটাই তো হ্যাঁ বলা হয়েছে যে আন্ডার ট্রায়াল। এখন পলিটিক্যাল, পি ডি এ্যাক্ট, এটা আমি বলতে পারব না।

Shri Rabindra Nath Mukhopadhyay:

আমার আর একটা ছোট প্রশ্ন আছে সেটা হচ্ছে আপনারা কাগজ দেবার কথা ভাবছেন, ছাতা দেবার কথা চিন্তা করছেন কি?

Shri Jagannath Kolay:

রবীনবাবু যেটা বলছেন ছাতার কথা অমরা জেলের বাইরে থেকে শুনেছি যে তারা কোনছাতার কথা বলছে না।

Shri Rabindra Nath Mukhopadhyay :

ছাতা একটা প্রবলেম। ঘর থেকে বেরুতে গেলে বর্ষাকালে ওঁরা টোকা নিয়ে এসে হাজির করেন এবং বলেন যে টোকা নিয়ে বেড়াতে হবে আমাদের ছাতা দেওয়ার নিয়ম নেই। এই অসুবিধা আমরা ১॥ বছর ভোগ করেছি। আগে ৪ জন প্রতি একটা করে ছাতা বরাদ্দ ছিল। এটার কেন ব্যবস্থা করছেন না?

Shri Jagannath Kolay:

আপনি যেটা বললেন আমি বিবেচনা করব।

Shri Jiban Krishna Dey:

আপনার কাছে আমার অনুরোধ এই যে এইসব [illegible] প্রায় এক জেল থেকে আর এক জেলে নিয়ে যাওয়া হয়। নিজের হোম ডিস্ট্রিক্টে এ্যারেস্ট হলে সেণ্ট্রাল জেলে আনা হয়। কিন্তু রাস্তায় আনার সময় আগের দিনের যা ফিকসেসান রয়ে গেছে সেই ফিকসেসান অনুযায়ী তাদের

।ক দিনের খাওয়ার জন্য ১ টাকা ১০ পয়সা কি ১২ পয়সা করে দেওয়া হয়। এটা কি কখনও ম্ভব? বোলপুরে তারা যদি এক বেলা খায় তাহলে তাতে তাদের লাগে ১।। টাকা। কিন্তু সখানে তাকে দেওয়া হচ্ছে ১ টাকা ১২ পয়সা। সেটা নিশ্চয়ই আপনি বিবেচনা করবেন। রণ. এই প্রশ্নটা বার বার উঠবে না, সুতরাং এই প্রশ্নটা তার সঙ্গে যোগ করে দেবেন এই হচ্ছে মামার অনুরোধ।

Shri Jagannath Kolay:

মাচ্ছা, বিবেচনা করে দেখব।

Model Village Scheme

*148. (Admitted question No. *715.) **Dr. Radha Nath Chattoraj:**

ৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৫৬ সালের বিধ্বংসী বন্যার পর "আদর্শ পল্লী" (মডেল ভিলেজ) পরিকল্পনা গ্রহণ করিয়াছিলেন, তাহা এখনও চালু আছে কিনা;

(খ) এই পরিকল্পনা অনুযায়ী পশ্চিম বাংলায় কোন্ কোন্ জেলায় এবং কোন্ কোন্ থানায় ও অঞ্চলে এই "আদর্শ পল্লী" (মডেল ভিলেজ) নির্মিত হইয়াছে;

(গ) এই পরিকল্পনা অনুযায়ী যে সমস্ত "আদর্শ পল্লী" নির্মাণ করিবার সিদ্ধান্ত করা হইয়াছিল, তাহার সবগুলির কাজ শেষ হইয়াছে কি; এবং

(ঘ) শেষ না হইয়া থাকিলে কারণ কি?

Shri Smarajit Bandyopadhyay:

(ক) না।

(খ) নিম্নে একটি বিবৃতি দেওয়া হইল।

জেলা	থানা	গ্রাম
নদীয়া	কলিগঞ্জ	ফরিদপুর
,, ...	নাকশিপাড়া	গাছা
,, ...	নাকশিপাড়া	বেথুয়াডহরি সরকারী কলোনী
বীরভূম	বোলপুর	মুলুক কালীতলা
,, ...	লাবপুর	খিবা
,, ...	নানুর	সরিষা
বর্দ্ধমান	কালনা	কৃষ্ণদেবপুর
,, ...	কালনা	বন্দেবাজ
,, ...	ভাতর	কারজ্ঞানা
,, ...	ভাতার	নরজা
,, ...	কাটোয়া	পানুহাট
,, ...	পূর্বস্থলী	সিংহড়ী

(গ) না।

(ঘ) ১৯৫৯ সালে নূতন ভাবে 'নিজ বাড়ী নিজে তৈরী কর' পরিকল্পনা চালু হওয়ায় উপরোক্ত 'আদর্শ পল্লী' পরিকল্পনার কাজ বন্ধ হইয়া যায়।

Dr. Kanai Lal Bhattacharya:

এই যে আদর্শ পল্লী নির্মাণের ব্যাপারে যে সমস্ত ব্রিক ট্রেনার—সরকার পক্ষ থেকে তৈরী করা হয়েছিল তাদের চাকরীর এখন ভবিষৎ কী?

Shri Smarajit Bandyopadhyay:

তাদের যতদূর সম্ভব চাকরী দেবার চেষ্টা করছি।

Dr. Kanai Lal Bhattacharya:

এই সমস্ত ব্রিক ট্রেনারদের কি বিকল্প চাকরী দিয়েছেন, দিয়ে থাকলে সেই বিকল্প চাকরীতে আগে যে মাইনে পাচ্ছিল, তাই পাচ্ছে কী?

Shri Smarajit Bandyopadhyay:

যারা ম্যাট্রিকুলেট আমরা তাদের ক্লার্কের পোষ্ট দিচ্ছি, আর যারা নন-ম্যাট্রিক, তাদের ডিপ টিউবওয়েল্স এরিয়াতে ওয়াটার ট্রান্সমিশন এ্যাসিটেন্ট এর পদ দিচ্ছি তাদের মাইনে ৬০ টাকা থেকে ৭৫ টাকা। কিন্তু ব্রীক ট্রেনাররা ঠিক নিয়মিত সরকারী চাকুরীয়া নয়, তারা ডেলি ওয়েজ বেসিসে কাজ করতো। তিন টাকা তাদের ডেলী ওয়েজ তাদের চাকরীর কোন স্থায়িত্ব ছিলনা, নো ওয়ার্ক, নো পে এদিক থেকে তাদের এই চাকরী নিশ্চয়ই ভাল।

Shri Nani Bhattacharjee:

মন্ত্রিমহাশয় কি জানেন সেই আড়াইশো ব্রীক ট্রেনাররা আজকে নিউ সেক্রেটারিয়েট বিল্ডিং-এর সামনে অবস্থান সত্যাগ্রহ করছেন?

Shri Smarajit Bandyopadhyay:

এ সম্বন্ধে আমার জানা নাই, আমি কালকে কাউন্সিলে এসম্বন্ধে একটি বিবৃতি দিয়েছি। অবস্থান ধর্মঘট করবার কোন কারন নাই।

Shri Nani Bhattacharjee:

আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে একটা খবর জানিয়ে দেই—তা হচ্ছে এই ঐ আড়াইশোজন কর্মী বিকল্প চাকরী উইত ইকোয়াল পে দাবী করে ওখানে সত্যাগ্রহ করেছেন। সে বিষয়ে আপনি কতখানি বিবেচনা করেছেন?

Shri Smarajit Bandyopadhyay:

আমি আগেই বললাম তাদের দাবী সরকার সহানুভূতির সঙ্গে বিবেচনা করছেন। ইতিমধ্যে তাদের বিকল্প চাকরীর ব্যবস্থা হচ্ছে। যারা ম্যাট্রিকুলেট তাদের চাকরী ইতিমধ্যে দেওয়া হয়েছে আগে যেটা ডেলী ওয়েজ বেসিসএ ছিল, চাকরী ছিল না। ছুটির দিনে কোন মাইনে পেত না সেদিক থেকে তাদের স্থায়ী বিকল্প চাকরী দেওয়ার সিদ্ধান্ত ঘোষণা করেছি কালকে কাউন্সিলে এবং আজকে এখানে করছি।

Shri Moneranjan Roy

মন্ত্রিমহাশয় কি জানেন তারা আগে ৯০ টাকা বেতন পেতেন ব্রীক ট্রেনার হিসেবে এবং এখন আপনি যে চাকরী দেবেন বলছেন তাতে ৭৫ টাকা বেতন দিতে চাইছেন? তারপর এটা কি সত্য নয় যে আপনার সরকারের পক্ষথেকে একজন ডেপুটী সেক্রেটারী না কে তাকে একটি চিঠি লিখেছেন যে আর এক বছরের মধ্যে তোমাদের রাস্তা দেখতে হবে, তোমাদের দয়া করে এক বছর রাখা হবে। এ রকম কোন চিঠির কথা তিনি কি জানেন?

[1-40—1-50 p.m.]

Shri Smarajit Bandyopadhyay:

এরকম কোন চিঠির কথা আমার জানা নেই। তবে যেকথা বললেন কম মাইনে দেওয়া হচ্ছে তাতে বলতে পারি তাদের মাইনে বলে কিছু ছিলনা বিকল্প চাকুরী যেটা দিতে চাচ্ছি তাতে মাইনে হবে।

Shri Sailendra Nath Adhikary:

মন্ত্রিমহাশয় বললেন তাদের কিছু লোককে ডেইলি ওয়েজ এ নো ওয়ার্ক, নো পে হিসেবে রাখা হয়েছে। আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি..............

Shri Smarajit Bandyopadhyay:

আমি বলেছি নো ওয়ার্ক, নো পে ছিল কাজেই ছুটির দিন তারা কিছু পেত না। এখন তারা যদি ৭০।৭৫ টাকায় স্থায়ী চাকুরী পায় তাহলে সেটা কি বেটার হবে না?

Shri Radha Krishna Sinha:

মন্ত্রিমহাশয় কি জানেন এইসব মডেল ভিলেজ যেগুলি তৈরী হয়েছে সেগুলি গভর্ণমেণ্ট এর তরফ থেকে, কেউ রক্ষণাবেক্ষণ করেন কিনা? আমি জানি যে সমস্ত কমিউনিটি হল, লাইব্রেরী তৈরী হচ্ছিল সেগুলি এখন চুরী হচ্ছে, কেউ দায়িত্ব নিতে চায় না। কাজেই জানতে চাই এসম্বন্ধে কোন খবর গভর্ণমেণ্ট রাখেন কিনা? এগুলি যখন সাধারণের পয়সায় তৈরী হয়েছে তখন রক্ষণাবেক্ষণ কে করবে?

Shri Smarajit Bandyopadhyay:

মডেল ভিলেজ যাদের জন্য তৈরী করা হয়েছে তারা সেখানে থাকলে এটা আশা করা যায়। তবে রাধানাথ চট্টোরাজ মহাশয় তাঁর নিজের গ্রাম সম্বন্ধে এইরূপ আমাকে বলেছিলেন ব্যবস্থা অবলম্বন করবার জন্য। আমরা ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে লিখেছি।

Shri Deb Saran Ghosh:

এই ব্যবস্থা অবলম্বন কি এক জায়গায় করছেন না বিভিন্ন জায়গায় করছেন?

Shri Smarajit Bandyopadhyay:

আমি একটা জায়গা থেকে অভিযোগ পেয়েছিলাম বলে সেখানে ব্যবস্থা করেছি। অন্যান্য জায়গা থেকে অভিযোগ এলে ব্যবস্থা করব।

Shri Abhoy Pada Saha:

মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই মডেল ভিলেজ স্কীম সরকার কোন বছরে গ্রহণ করেন?

(নো রিপ্লাই)

Collection of rice from rice mills

***149.** (Admitted question No. *739.) **Shri Narayan Choubey:** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) what is the estimated amount of rice that the Government have proposed to collect from the rice mills of the State through the system of levy in the year 1965;

(b) what is the amount of rice actually collected by the Government through levy up to date; and

(c) what machinery have the Government set up to see that the rice mills strictly follow the rules laid down by the Government in this matter of collection of rice from mills?

Shri Smarajit Bandyopadhyay: (a) The estimated amount of rice on this account is between 3,50,000 and 4,00,000 tonnes.

(b) 66,096 tonnes.

(c) The Director of District Distribution, Procurement and Supply is in charge of this internal procurement by Levy. He has under him a District Controller of Food and Supplies in each district, who is actually authorised to collect the levy from the mills through his Inspectors. Inspectors have been posted at all rice mills. They keep watch over the mills' daily production and transactions. Their work is regularly supervised by Chief Inspectors, Assistant District Controllers and District Controllers. It is the duty of all these officers to see that the mills obey the law.

Shri Narayan Choubey:
এখানে দেখছি এস্টিমেটেড রাইস্ টু বি প্রকিওর্ড ৩,৫০,০০০ টু ৪,০০,০০০ টনস্ এবং এ পর্যন্ত আপনারা করেছেন ৬,৬৯৬ টনস্। আমার প্রশ্ন হচ্ছে আপনাদের যে মেসিনারি আছে তাতে কি আপনারা আশা করেন ধানের সিজন চলে যাবার পর বাকীটা প্রকিওর করতে পারবেন?

Shri Smarajit Bandyopadhyay:
আমরা প্যাডি ও প্রাইস সাপোর্ট হিসেবে কিনছি এবং বিভিন্ন এ্যাসেম্বলী পয়েন্ট-এ কিনছি।

Shri Narayan Choubey:
সাধারণতঃ আপনারা যে ধানচাল প্রকিওর করেন সেটা কি সমস্ত বছর ভোর একইভাবে করতে পারেন, না ধানচাল যখন বেশী থাকে তখন বেশী করতে পারেন?

Shri Smarajit Bandyopadhyay:
সমস্ত বছরে একইভাবে কি করে পাব?

Shri Narayan Choubey:
জানুয়ারী, ফেব্রুয়ারী, মার্চ এবং এপ্রিল মাসে যেভাবে প্রকিওর করেন তাতে কি আশা করেন যে, মে, জুন, জুলাই মাসেও সেইভাবে প্রকিওর করতে পারবেন?

Shri Smarajit Bandyopadhyay:
গত বছর টুয়েন্টিফাইভ পারসেন্ট লেভি করে টার্গেট-এ রিচ করেছিলাম, কাজেই আশা করছি এবারেও পারব।

Dr. Kanai Lal Bhattacharya :
টার্গেটে রীচ করতে পারেননি বলে গভর্নমেন্ট তরফ থেকে নূতন অর্ডার কি ইস্যু করা হয়েছে —যে কোন মিলে ধান ভানতে যাবে তার কাছ থেকে ২৫ পার সেন্ট লেভি করা হবে?

Shri Smarajit Bandyopadhyay:
৫০ পার সেন্ট যে কোন মিল থেকে লেভি করা হবে তা ঠিক হয়েছে কিন্তু আগে যারা মিল করতো এখন তার অধিকাংশই হাস্কিং মেশিনে চলে যাচ্ছে।

Dr. Kanai Lal Bhattacharya:
যে কোন মিল থেকে ধান ভানতে যায় প্রাইভেট পার্সন, সেখানে সেই রাইসের উপর ২৫ পারসেন্ট লেভি হবে এই নূতন অর্ডার?

Shri Smarajit Bandyopadhyay:
নূতন অর্ডার এজন্য হয়েছে রাইস মিলে না গিয়ে এখন বেশীর ভাগ হাস্কিং মিলে চলে যাচ্ছে, কনসিডারেশন কোয়ান্টিটি অফ পেডী হাস্কড্ হচ্ছে সেখানে, সেখান থেকে ২৫ পারসেন্ট নেবার জন্য অর্ডার দিয়েছি।

Dr. Kanai Lal Bhattacharya:

তাহলে এবার যে কালেকশন হচ্ছে লেভি দ্বারা সেটা এ্যাভয়েড্ করার জন্য চাল কল মালিকরা কি অন্য পন্থা গ্রহণ করেছে?

Shri Smarajit Bandyopadhyay:

এটা সবাই জানে যে হাস্‌কিং মেশিন এ্যাভয়েড করার জন্য চেষ্টা করে।

Shri Narayan Choubey:

আপনারা যেসব মেশিনারী সেট আপ করেছেন, ডিষ্ট্রিক্ট কণ্ট্রোলার অব ফুড এ্যাণ্ড সাপ্লাইজ সারা দেশে যতগুলি মিল আছে কিংবা হাসকিং মেশিন আছে তাতে ২৫ পার সেণ্ট লেভি করবেন এটা তো বড় ব্যাপার, এতে দৃষ্টি রাখবার জন্য কি পদ্ধতি নিয়েছেন যাতে ফাঁকি না দিতে পারে?

Shri Smarajit Bandyopadhyay:

আমি আগেই বলেছি আমাদের ফুড এ্যাণ্ড সাপ্লাই ডিপার্টমেণ্ট থেকে যে মেশিনারী সেট আপ করা হবে তা হাসকিং মেশিনেও প্রযোজ্য, যে সমস্ত ডিষ্ট্রিক্টে হাসকিং মেশিন বেশী আছে সেখানে ডি এম ব্যবস্থা অবলম্বন করবেন।

Shri Narayan Choubey:

বাংলাদেশে কতগুলি মিল আছে এবং কতগুলি অফিসার আছে?

Shri Smarajit Bandyopadhyay:

এটা অফহ্যান্ড বলতে পারি না।

Shri Deb Saran Ghosh:

মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি মিল থেকে যে চাল লেভি করা হয় সেটা কি মিলের ক্যাপাসিটি হিসাব করে না যে ধান মাড়াই হয় তার হিসাব করে?

Shri Smarajit Bandyopadhyay:

যে চাল হবে তার ৫০ পার সেন্ট।

Shri Deb Saran Ghosh:

মিলের যে ক্যাপাসিটি থাকে মালিকরা তা কম করে হিসাবে দেখায়। কাজেই একটা মিল হয়ত ৯০ মণ করতে পারে সে হয়ত হিসাব দেখাল ৬০ মণ, এইভাবে যে ৩০ মণ করে বাইরে রেখে দেয় তার কি করবেন?

Shri Smarajit Bandyopadhyay:

এসব দেখবার জন্য ইনসপেক্টার আছেন।

Shri Narayan Choubey:

ইনসপেক্টররা কি করবেন, মেদিনীপুরে ৪ জনইনসপেক্টার আছেন আর মিল আছে ৪০০, মালিকরা যদি ফাঁকি দেয় এবং ইনস্পেক্টারদের পকেটে কিছু পয়সা দিয়ে দেয়, এই ভাবে যে ফাঁকি দেবেনা গ্যারাণ্টি কোথায়, তা ধরবেন কি করে?

Shri Smarajit Bandyopadhyay:
ফাঁকি দিলে তো হবেনা, যাতে ফাঁকি না দিতে পারে সেজন্য আমরা দেখবো।

Shri Narayan Choubey:
আপনি কি করে দেখবেন? কি মেশিনারী আছে?

Shri Smarajit Bandyopadhyay:
আমিতো আগেই বলেছি চীফ ইনস্পেক্টার আছেন, সাব-ডিভিসন্যাল কন্টোলার আছেন এবং ডি এম আছেন।

Rice procurement

***150.** (Admitted question No. *755.) **Shri Aswini Roy:** (a) Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state if it is a fact that the Government have introduced the Scheme of procurement of rice through imposition of levy of the 50 per cent. of the production of the rice mills in the State of West Bengal?

(b) If the reply to (a) be in affirmative, then—

(i) total quantity to be procured in 1965, and

(ii) total procurement till January 1965 in each district?

Shri Smarajit Bandyopadhyay: (a) Yes.

(b) (i) Between 3,50,000 and 4,00,000 tonnes (ii) A statement is placed below.

Statement referred to in clause b(ii) in reply to starred question No. 150

Statement showing districtwise procurement of paddy in 1965 up to 15th February 1965

	(Figures in quintals)
Bankura	4,681
Purulia	13,465
West Dinajpur	39,913
Jalpaiguri	809
Murshidabad	350
Cooch Behar	2,323
Malda	1,934
Hooghly	343
	63,818

Statement showing districtwise procurement of rice in 1965 up to 15th February, 1965

(Figures in quintals)

Burdwan	1,24,918
Birbhum	1,75,281
Bankura	1,10,108
Purulia	7,354
Midnapore	1,46,439
Hooghly	9,946
Howrah	1,425
24-Parganas	31,046
Nadia	119
Murshidabad	4,457
Madla	769
West Dinajpur	43,142
Darjeeling	1,957
Cooch Behar	9,385
Jalpaiguri	19,466
	6,85,812

[1 50—2 p.m.]

Shri Aswini Roy:

এটা কি সত্য যে বর্ধমানে যে ১ লক্ষ ২৪ হাজার কুইন্টল যেটা আপনারা পেয়েছেন তার দাম না দেবার জন্য মিল মালিকরা ব্যবসাদারদের কাছ থেকে ধান কিনছে না, ফলে গ্রামের চাষীরা আপনারা যে দাম ফিক্সড করেছেন ডিসট্রেস-এ পড়ে তার চেয়ে কম দামে বিক্রি করছে?

Shri Smarajit Bandyopadhyay:

এই রকম সংবাদ জানা নেই। আমাদের যে ফিক্সড দাম তার চেয়ে কম দামে যদি বিক্রি হয় তাহলে গভর্নমেন্ট কিনবে!

Shri Sanat Kumar Raha:

পশ্চিমবঙ্গে ৪ লক্ষ টন লেভি থেকে আসবে এই ধারণা মুখ্যমন্ত্রীর কাছ থেকে পেয়েছিলাম। কিন্তু আমরা কি ৪ লক্ষ টন পূর্ণ করতে পারব এই লেভি মারফৎ। এবং এই লেভি মারফৎ প্রোকিওর করার জন্য মান্থ টু মান্থ লেভী করার কোন কোটা আছে কিনা?

Shri Smarajit Bandyopadhyay:

আমি যে হিসাব দিলাম তাতে ৩ লক্ষ ৬২ হাজার ৮৪২ কুইন্টল হয়েছে। আমরা আশা করি ঐ টার্গেট-এ আমরা পৌঁছাতে পারব।

Shri Narayan Choubey:

আপনারা কোটায় পেঁছাতে পারবেন কিনা?

Shri Smarajit Bandyopadhyay:

আমরা যে টার্গেট করেছি তাতে আশা করি রিচ করতে পারব। হারভেষ্টিং পিরিয়াড জানুয়ারী, ফেব্রুয়ারী, মার্চ, এপ্রিল, মে।

Shri Sanat Kumar Raha:

এর মধ্যে সবচেয়ে বেশী ধান ক্লাস হয় ৪ লক্ষ টন যদি আমাদের রাইস প্রোকিওর করতে হয় ৫০ পারসেন্ট লেভি করে তাহলে তারজন্য সরকারের কি ব্যবস্থা আছে যাতে করে আমরা নিশ্চিত হতে পারি যে প্রোকিওরড হবে?

Shri Smarajit Bandyopadhyay:

৪ লক্ষ টন হার্ড এ্যান্ড ফাস্ট বলিনি—৩½ লক্ষ টন থেকে ৪ লক্ষ টন বলেছি এবং মেশিনারি-তে হবে সেটা আমি আগেকার প্রশ্নোত্তরে বিশদভাবে বলেছি।

Agricultural exhibition in Durgapur Congress Session

***151.** (Admitted question No. *785.) **Shri Amarendra Nath Roy Prodhan:**

কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দুর্গাপুর কংগ্রেস অধিবেশনকালে যে প্রদর্শনী হইয়াছিল তাহাতে পশ্চিমবঙ্গ সরকারের কৃষি দপ্তরের কোন প্রদর্শনী ছিল কিনা; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তাহা হইলে এই কৃষি প্রদর্শনীর জন্য কত টাকা খরচ করা হইয়াছিল?

Shri Smarajit Bandyopadhyay:

(ক) হ্যাঁ; (খ) ৫২,২৫৮ টাকা।

Shri Amarendra Nath Roy Prodhan:

এই উপলক্ষে কতজন কৃষি দপ্তরের কর্মচারীকে দুর্গাপুরে নিয়ে যাওয়া হয়েছিল?

Shri Smarajit Bandyopadhyay:

এই হিসাব নেই, নোটিশ চাই।

Shri Amarendra Nath Roy Prodhan:

কৃষি দপ্তরের কতজন কর্মচারী সেখানে গিয়েছিলেন?

Shri Smarajit Bandyopadhyay:

নোটিশ চাই।

Shri Birendra Narayan Ray:

আপনি নিজে কি সেখানে পরিদর্শন করিয়াছিলেন?

Shri Smarajit Bandyopadhyay:

আমি নিজে বহুবার পরিদর্শন করেছি। কেন্দ্রীয় কৃষিমন্ত্রী, মুখ্যমন্ত্রী সেখানে গিয়েছিলেন। যে কৃষকরা শুধু কাদা মাখে তা নয়, তারা চাষবাসের পর জামা গায় দিয়ে যায়। তাই ধরা যায় না কৃষকরা গিয়েছিল কিনা।

Procurement of paddy by Government

***152.** (Admitted question No. *834.) **Shri Monoranjan Roy:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার ১৯৬৪-৬৫ সালে কোন্ জেলা হইতে কত ধান এ পর্যন্ত সংগ্রহ করিয়াছেন এবং কি উপায়ে সংগ্রহ করিয়াছেন;

(খ) বর্তমানে পশ্চিমবঙ্গের রেশনিং এলাকার বাইরের এলাকাগুলির জন্য সরকারের হাতে কত মজুত ধান বা চাউল আছে; এবং

(গ) সরকার কি অবগত আছেন যে, সরকার কর্তৃক নির্ধারিত মূল্যের চেয়ে কম মূল্যে কৃষকরা জেলায় জেলায় ধান বিক্রি করিতে বাধ্য হইয়াছে?

Shri Smarajit Bandyopadhyay:

(ক) এতৎসহ একটি বিবরণী পেশ করা হইল।

এই ধান "মূল্য সংরক্ষণ পরিকল্পনা" (প্রাইস সাপোর্ট স্কীম) অনুযায়ী সংগ্রহ করা হইয়াছে।

(খ) এতৎসহ একটি বিবরণী পেশ করা হইল।

(গ) এরূপ কোন সংবাদ সরকার অবগত নহেন।

Statement referred to in reply to clause (Ka) *of starred question No.* 152.

Statement showing districtwise procurement of paddy in 1964 and in 1965 up to 15th February 1965.

(Figures in quintals.)

		1964	1965 1-1-65 to 15-2-65
		Paddy	Paddy
1.	Bankura	2,180	4,681
2.	Purulia	5,561	13,465
3.	Murshidabad	523	350
4.	Malda	1,928	1,934
5.	West Dinajpur	8,220	39,913
6.	Cooch Behar	476	2,323
7.	Hooghly	—	343
8.	Jalpaiguri	—	809
		18,888	63,818

Statement referred to in reply to clause (Kha) *of starred question No. 152.*

Statement showing stocks of rice and paddy as on 6th February 1966 in the districts of West Bengal excluding Calcutta Industrial Area.

(Figures in Tonnes)

	District	Rice	Paddy	Total in terms of Rice
1.	Burdwan	5973	—	5973
2.	Birbhum	3567	—	3567
3.	Bankura	291	77	342
4.	Purulia	474	189	600
5.	Midnapore	1780	—	1780
6.	Hooghly	690	23	705
7.	Howrah	510	—	510
8.	24-Parganas	627	—	627
9.	Nadia	349	—	349
10.	Murshidabad	542	—	542
11.	Malda	882	467	1193
12.	West Dinajpur	2787	938	3412
13.	Darjeeling	2509	—	2509
14.	Cooch Behar	1869	—	1869
15.	Jalpaiguri	2346	176	2464
	Total	25196	1870	26442

Shri Monoranjan Roy

মাননীয় সদস্য অশ্বিনী রায়ের প্রশ্নের জবাবে আপনি বললেন সরকারের নিয়ন্ত্রিত দামের চেয়ে কম দামে বিক্রি করতে বাধ্য হচ্ছে এ খবর মন্ত্রীমহাশয় রাখেন না। এই প্রশ্ন আজ এই হাউস-এ তোলা হচ্ছে তা নয়, হাউস যেদিন থেকে ওপেন হয়েছে তার পর দিন থেকে বলা হচ্ছে যে কম দামে বর্ধমান, বীরভূমের কৃষকরা ধান বিক্রি করতে বাধ্য হচ্ছে। এটাই আমরা জানতাম যে মন্ত্রীমহাশয় এই নীতি কি করেছেন যে যদি কোন জায়গায় কৃষকরা এই রকম অবস্থায় পড়ে তাহলে—মুখ্যমন্ত্রীরও এই প্রতিশ্রুতি ছিল—আমরা সরকারের পক্ষ থেকে সেখানে গিয়ে নির্ধারিত মূল্যে ধান কিনে নিয়ে কৃষকদের ডিসট্রেসড কন্ডিশন থেকে রক্ষা করব। কিন্তু এ খবর কি রাখেন যে বীরভূম, বর্ধমান ইত্যাদি জায়গায় ১০ টাকা করে ধান বিক্রি হচ্ছে?

Shri Smarajit Bandyopadhyay:

মাননীয় সদস্য একটা লম্বা বক্তৃতা করলেন আমি মোটেই বলিনি যে কম দামে বিক্রি হচ্ছে। কম দামে বিক্রি হলে সরকার কিনে নেবার ব্যবস্থা করবেন।

Shri Monoranjan Roy:

কোন জায়গায় ব্যবস্থা হয়েছে?

Shri Smarajit Bandyopadhyay:

হ্যাঁ হয়েছে।

Shri Monoranjan Roy

কোথায়?

Shri Smarajit Bandyopadhyay:

নোটীশ চাই। গঞ্জ ইত্যাদি এলাকা থেকে কিনেছি।

Dr. Kanai Lal Bhattacharya :

মাননীয় মন্ত্রীমহাশয় কি জানেন যে পুরুলিয়া জেলায় ৯ টাকা থেকে ১১ টাকায় ধান বিক্রি হয়েছে আমাদের ফরোওয়ার্ড ব্লকের এম, এল, এ শ্রীদমন কুইরী জেলা ম্যাজিস্ট্রেটের সঙ্গে দেখা করেন এবং দেখা করে এ বিষয় জানালে তিনি জানান যে আমাদের এ সম্পর্কে করণীয় কিছু নেই। আপনারা কো-অপারেটিভ করে প্রাইস সাপোর্টিং ইউনিট খুলুন তাছাড়া করণীয় কিছু নেই। এ সংবাদ কি আপনার জানা আছে?

Shri Smarajit Bandyopadhyay:

শ্রীদমন কুইরী কি বলেছেন জেলা ম্যাজিস্ট্রেটের সংগে দেখা করে তা জানিনা তবে মাননীয় মুখ্যমন্ত্রী ডি, এমদের বলেছেন যে যদি কোঅপারেটিভ সোসাইটি না কেনে তাহলে গভর্নমেন্ট এজেন্ট মারফৎ কিনবে।

Dr. Kanai Lal Bhattacharya:

এ খবর মুখ্যমন্ত্রী কবে জানিয়েছিলেন সেটা জানতে চাই?

Shri Smarajit Bandyopadhyay:

জেলা ম্যাজিস্ট্রেট কনফারেন্স-এ তিনি জানিয়ে দিয়েছেন যে যেখানে কো-অপারেটিভ কিনবে না সেখানে গভর্নমেন্ট এজেন্ট মারফৎ কিনবে।

Dr. Kanai Lal Bhattacharya:

এটা কোন মাসে হয়েছে?

Shri Smarajit Bandyopadhyay:

এটা অফ হ্যান্ড বলতে পারবো না।

Shri Girish Mahato:

গত অঘ্রান মাসে সেচমন্ত্রী এবং সমবায় মন্ত্রী আমাদের পুরুলিয়া জেলায় গিয়েছিলেন ধানের দর ইত্যাদির কথা প্রচার করবার জন্য, তাঁরা একটা মিটিং করেছিলেন। ডি, সি, চেম্বার-এ তিনি বললেন যে ১৪ টাকা মণ দরে সরকার ঠিক করেছেন চাষীদের জন্য। আমি সেখানে বলেছিলাম আজ অঘ্রাণ মাসে ৯ টাকায় ধান বিক্রি হচ্ছে। অথচ সেখানে বলা হচ্ছে ১৪ টাকা মণ দরে কেনা হবে। আমাদের যে মন্ত্রমহাশয়রা এখানে উপস্থিত আছেন তাঁরা সেখানে উপস্থিত থেকে সরকারের রেট জানিয়েছিলেন। আমার কথা হল যখন এ দর বেঁধে দিয়েছেন তখন ৯ টাকায় বিক্রি হচ্ছে কেন?

(নো রিপ্লাই)

Orissa-West Bengal Food Zone

***153.** (Admitted question No. *843.) **Shri Sudhir Chandra Das:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উড়িষ্যা ও পশ্চিমবঙ্গের মধ্যে যে খাদ্যাঞ্চল ছিল, তাহা বর্তমানে আছে কিনা; এবং

(খ) উড়িষ্যা হইতে এ বছর পশ্চিমবঙ্গের জন্য কত চাউল পাওয়া যাইবে?

Shri Smarajit Bandyopadhyay:

(ক) উড়িষ্যা ও পশ্চিমবঙ্গের মধ্যে এরূপ কোন খাদ্যাঞ্চল বর্তমানে নাই।

(খ) এই বৎসরে সরকারী খাতে উড়িষ্যা সরকার হইতে ৩ লক্ষ মেঃ টন চাউল পাইবার কথা আছে। উহার মধ্যে ১৩ই ফেব্রুয়ারী ১৯৬৫ পর্যন্ত সরকার ১৩,০৭৫ মেঃ টন চাউল পাইয়াছে।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি উড়িষ্যা এবং পশ্চিমবাংলায় যে খাদ্য অঞ্চল সেটা নেই বলেছেন। অথচ উড়িষ্যা থেকে যে চাল পাবার কথা বলেছেন সেটা কিসের বেসিস-এ নির্ধারণ করেছেন?

Shri Smarajit Bandyopadhyay:

সেটা গভর্নমেন্ট এ্যাকাউন্ট-এ কেন্দ্রীয় সরকার ব্যবস্থা করছেন।

STARRED QUESTIONS

(to which answers were laid on the table)

Loans for potato cultivation

***154.** (Admitted question No. *847.) **Dr. Golam Yazdani:**

কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোন্ কোন্ ডীপ টিউবওয়েল এলাকায় আলু চাষের জন্য চাষীদেরকে গত দুই বৎসরে লোন দেওয়া হইয়াছে এবং এই লোনের পরিমাণ বৎসর-প্রতি গত দুই বৎসরে কত; এবং

(খ) এই লোন কত পরিমাণ আদায় হইয়াছে?

The Minister of State for Agriculture:

(ক) ও (খ) কেবলমাত্র ২৪-পরগণা এবং হুগলী জেলার ডিপ টিউবওয়েল এলাকায় আলু চাষের জন্য ১৯৬২-৬৩ ও ১৯৬৩-৬৪ সালে চাষীদের লোন দেওয়া হইয়াছিল। উক্ত লোনের পরিমাণ ও আদায়ের পরিমাণ সম্বলিত দুইটি বিবরণী (স্টেটমেন্টস ওয়ান এ্যান্ড টু) এতৎসহ পেশ করা হইল।

Statement 1 referred to in reply to clauses **(Ka)** *and* **(Kha)** *of Starred Assembly Question No. 154.*

Name of the deep tubewell areas where loan was granted for potato cultivation only in 1962-63 and 1963-64 separately for 2 years.	Amount of such loan issued for potato cultivation during the above 2 years separately.		Amount of such loan realised in respect of the 2 years individually for the above crop only.	
	1962-63	1963-64	1962-63	1963-64
Habra - I Dev. Block.				
	Rs.	Rs.	Rs.	Rs.
1. Rawtara	800.00	—		
2. Anowerberia	1,450.00	—		
3. Jealdanga	4,600.00	—	1,400.00	—
4. Pairagachi	2,050.00	—	—	—
5. Bergoam	4,567.50	—	200.00	—
6. Janaphul	3,100.00	—	350.00	—
7. Ranidanga	3,850.00	—	—	—
8. Salua	3,050.00	—	200.00	—
Habra - II Dev. Block				
1. Guma	3,050.00	—	—	—
2. Srikrishnapur	2,400.00	—	-	—
3. Bujrakdikha	4,800.00	—	—	—
4. Iswarigacha	1,975.00	-	-	-
5. Mondalpara	2,075.00	-	-	—
6. Natm	3,050.00	—	-	—
7. Sahara	3,520.00	-	—	—
8. Patdanga	6,800.00	—	—	—
9. Bhatsala	1,600.00	—	—	—
10. Beraberi	275.00	—	—	
Barasat - I Dev. Block				
1. Algaria	5,780.00	13,282.83	Nil	8,067.47
Baduria Dev. Block				
1. Dakshin Chatra	350.00	—	280.00	—

Statement II referred to in reply to starred Assembly Question No. 154.

Names of deep tubewell area where loan was granted for potato cultivation.			Amount of such loan realised		Remarks
	1962-63	1963-64	1962-63	1963-64	
Mithapukur Deep-tubewell Bansberia B.D.O. Chinsurah-Mogra. ..	5,270	Nil	2,690	Nil	

Rise in price of dal and spices

***155.** (Admitted question No. *888.) **Shri Ananga Mohan Das:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৪ সালের ডিসেম্বর মাসে ডাল ও মশলার দাম পূর্ব বৎসরের তুলনায় কত অংশ বৃদ্ধি পাইয়াছিল;

(খ) উক্ত মূল্য বৃদ্ধির কারণ কি; এবং

(গ) মূল্য বৃদ্ধিরোধের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

The Minister for Food and Supplies:

(ক) এতৎসহ বিবরণীতে দেখানো হইল। দেখা যাইবে ১৯৬৪ সালের ডিসেম্বর মাসে শুকনো লংকা ও হলুদের দাম পূর্ব বৎসরের তুলনায় কম ছিল।

(খ) ডাল ও মশলা সরবরাহের ব্যাপারে এই রাজ্য একটি ঘাটতি অঞ্চল এবং অন্য রাজ্যের উপর নির্ভরশীল। যে সমস্ত উৎপাদনকারী রাজ্য হইতে এই রাজ্যে ডাল আমদানী করা হয় সেই সমস্ত রাজ্যে গত বৎসর উৎপাদন কম হইয়াছিল এবং উহারা অন্য প্রদেশে ডাল রপ্তানির উপর বিধিনিষেধ আরোপ করিয়াছিল। ফলে এই রাজ্যে ডালের অভাব দেখা যায় এবং ইহাই মূল্যবৃদ্ধির মূল কারণ।

মশলার ক্ষেত্রে উৎপাদনকারী রাজ্যগুলিতে মশলার মূল্য বৃদ্ধিই এই রাজ্যের কোন কোন মশলার মূল্য বৃদ্ধির কারণ।

(গ) সরকার এই রাজ্যে বিভিন্ন শ্রেণীর ডালের সর্বোচ্চ মূল্য বাঁধিয়া দিয়াছেন। ডালের সরবরাহ বৃদ্ধির জন্য উৎপাদনকারী রাজ্যগুলি হইতে এই রাজ্যে ডাল আমদানী করিবার সর্ব-প্রকার ব্যবস্থা অবলম্বন করা হইতেছে।

এই রাজ্যের কৃষি বিভাগ ডাল সরবরাহের ব্যাপারে আত্মনির্ভরশীল হইবার জন্য উৎপাদন বৃদ্ধির প্রতি সবিশেষ যত্নবান হইয়াছেন।

অপর রাজ্য হইতে আমদানী বৃদ্ধির ফলে মশলার দাম ক্রমেই নামিয়া আসিতেছে।

Statement referred to in reply to clause (Ka) of starred question No. 156.

Statement showing end-of-month minimum retail prices of some varieties of Dal and Spices in Calcutta during December 1964 as compared to those prevailing a year ago.

Articles	Retail prices in rupees per kilogram		Increase (+) or decrease (—) of over Col. (2) Col. 3)
	Last week of December 1964 (26-12-64)	A year ago (28-12-63)	
1	2	3	4
I. DAL:			
(a) Masur .. .	1.30	0.85	+ 52.9
(b) Moong (Ordinary) ..	1.22	0.96	+ 27.1
(c) Kalai (Black) .	[illegible]	0.90	[illegible] .6
(d) Khesari	0.99	0.75	+ 32.0
(e) Arhar .	[illegible]	[illegible]	[illegible]
(f) Matar	1.30	[illegible]	[illegible]
(g) Gram	[illegible]	[illegible]	+ [illegible]
II. SPICES:			
(a) Chillies	3.30	[illegible]	3.8
(b) Black Pepper .. .	5.38	[illegible]	[illegible]
(c) Jira-Cleaned . .	[illegible]	1.87	[illegible]
(d) Halud-Erode .. .	2.45	[illegible]	2.8
(e) Dhania-Cleaned . .	3.16	1.50	+ 110.7

Blackmarketing in milk-powder

*156. (Admitted question No. *947.) **Shri Sanat Kumar Raha:**

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দেগংগা থানায় গুঁড়া দুধের চোরাকারবারের জন্য কত জনকে গ্রেপ্তার করা হইয়াছে, কত জনের বিরুদ্ধে মামলা আছে; এবং

(খ) নদিয়া জেলায় গুঁড়া দুধের দুর্নীতি বিষয়ে যে মামলা চলিতেছিল, তাহাতে কত জন দণ্ডিত হইয়াছেন?

The Minister for Home (Police):

(ক) এই ব্যাপারে ৫ জনকে গ্রেপ্তার করা হইয়াছে এবং দেগংগা থানায় একটি কেস আরম্ভ করা হইয়াছে এবং উহা পুলিশের তদন্তাধীন আছে।

(খ) ১৩টি মামলার মধ্যে ৩টি ক্ষেত্রে ৩ জনের সাজা হইয়াছে।

Propaganda regarding Netaji's appearance at Kalyani

***157.** (Admitted question No. *965.) **Shri Sambhu Charan Ghosh:**

স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সম্প্রতি কল্যাণীতে নেতাজীর নাম করিয়া যে গণ্ডগোলের সৃষ্টি হইয়াছিল, সেই সম্পর্কে পুলিশ কর্তৃক কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছিল; এবং

(খ) এ পর্যন্ত সে সম্পর্কে সরকার কি সত্যাসত্য নির্ণয়ের জন্য কোন অনুসন্ধান করিয়াছেন?

The Minister for Home (Political):

(ক) ২৩এ জানুয়ারী (১৯৬৫) "কল্যাণীতে নেতাজীর শুভ আবির্ভাব হইবে", এইরূপ রটনার ফলে কল্যাণীতে জন-সমাবেশ হইবে অনুমান করিয়া তথায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হইয়াছিল।

(খ) কল্যানীর সাধু নিজেই বলিয়াছেন যে তিনি নেতাজী সুভাষচন্দ্র বসু নহেন।

Canadian Mustard Oil

***158.** (Admitted question No. *638.) **Shri Kashi Kanta Maitra:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গ-সরকার পূর্বে হইতেই ঘোষণা করিয়াছিলেন যে, ২৫এ জানুয়ারি, ১৯৬৫ সাল থেকে রেশনের দোকান মারফত কানাডার সরিষার বীজ হইতে উৎপন্ন সরিষার তৈল সরবরাহ করা হইবে;

(খ) সত্য হইলে, কতগুলি রেশনের দোকান হইতে এইরূপ তৈল এবং কোন্ কোন্ এলাকা হইতে সরবরাহ করা হইয়াছে;

(গ) কি পরিমাণ ও কত জনকে এই সরিষার তেল এ পর্যন্ত দেওয়া হইয়াছে; এবং

(ঘ) ইহা কি সত্য যে, দক্ষিণ কলিকাতার কোন রেশনের দোকান হইতে সরিষার তৈল আদৌ সরবরাহ না করার জন্য অগণিত ক্রেতা ঘন্টার পর ঘন্টা রেশনের দোকানের সম্মুখে অপেক্ষা করার পর নিরাশ হইয়া ফিরিয়া আসিয়াছেন?

The Minister for Food and Supplies:

(ক) হ্যাঁ, ইহা সত্য।

(খ) সমগ্র কলিকাতার ১,১০৬টি ন্যায্যমূল্যের দোকান হইতে সরবরাহ সাপেক্ষে ৩৮,৫০০ কুইন্টাল তৈল পারিবারিক পরিচয় পত্র দৃষ্টে বিলি করার কথা।

(গ) ১০-২-৬৫ তারিখ তিন জন প্রাপ্তবয়স্কের অধিক রেশন কার্ড প্রতি ১ কিলোগ্রাম ও তিন জন প্রাপ্তবয়স্ক পর্যন্ত কার্ড প্রতি ৫০০ গ্রাম হিসাবে ৬০,৩২৮ জন রেশন কার্ডধারীকে ৫০৮ কুইন্টাল তৈল সরবরাহ করা হইয়াছে।

(ঘ) প্রশ্নটি অস্পষ্ট।

Bakreswar hot spring development scheme

***159.** (Admitted question No. *718.) **Dr. Radhanath Chattoraj:**

স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গ-সরকার বীরভূম্ জেলার বক্রেশ্বর উষ্ণ প্রস্রবণ (হট স্প্রিং) উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করিয়াছেন; এবং

(খ) সত্য হইলে—

(১) উক্ত পরিকল্পনা রূপায়ণের কাজ আরম্ভ হইয়াছে কিনা; এবং

(২) হইয়া থাকিলে কত দিনে নির্মাণকার্য শেষ হইবে?

The Minister for Health:

(ক) হ্যাঁ।

(খ) (১) হ্যাঁ।

(২) ১৯৬৫ সালের মধ্যে প্রথম পর্যায়ের নির্মাণকার্য শেষ হইবে আশা করা যায়।

Sadachar Samity

***160.** (Admitted question No. *741.) **Shri Narayan Choubey:** Will the Minister-in-charge of the Home (Anti-Corruption) Department be pleased to state—

(a) whether it is a fact that a Sadachar Samity has been formed in this State;

(b) if so, when was this Samity formed and what are the functions of this Samity; and

(c) who are the members of this Samity.

* * * * * *

Second Howrah bridge

***161.** (Admitted question No. *795.) **Shri Amarendra Nath Roy Prodhan:**

উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি কলিকাতা-হাওড়া যোগাযোগ ব্যবস্থার সুবিধার জন্য দ্বিতীয় হাওড়া সেতু নির্মাণের প্রস্তাব কি সরকারের অনুমোদন লাভ করিয়াছে?

The Minister for Development and Planning:

হ্যাঁ।

Vigilance Committee

***162.** (Admitted question No. *801.) **Shri Birendra Narayan Ray:**

স্বরাষ্ট্র (সাধারণ শাসন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ-সরকার কি "ভিজিলেন্স কমিটি" গঠন করিয়াছেন; এবং

(খ) গঠন করিয়া থাকিলে, কোন্ তারিখে করিয়াছেন এবং উক্ত কমিটির কর্তব্য কি?

The Minister for Home (General Administration):

(ক) না। পশ্চিমবঙ্গে একটি "ভিজিলেন্স কমিশন" গঠিত হইবে এই সিদ্ধান্ত করা হইয়াছে।

(খ) উক্ত কমিশন সত্বর গঠিত হইবে। উহার গঠন ও কার্যবিধি কেন্দ্রীয় ভিজিলেন্স কমিশনের অনুরূপ হইবে।

Note.—Answer was not available.

Collection of rice from rice-mills

***163.** (Admitted question No. *844.) **Shri Sudhir Chandra Das:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ডিসেম্বর ও জানুয়ারি মাসে পশ্চিমবঙ্গের চাউল কলগুলি হইতে কত চাউল পাওয়া গিয়াছে;

(খ) গত বছর ঐ সময়ের মধ্যে কত চাউল পাওয়া গিয়াছিল; এবং

(গ) ১৯৬৩ সালের ডিসেম্বর ও ১৯৬৪ সালের জানুয়ারি মাসে চাউলকলগুলি মোট কত ধান্য সংগ্রহ করিয়াছিল; এবং ১৯৬৪ সালের ডিসেম্বর ও ১৯৬৫ সালের জানুয়ারি মাসে চাউলকলগুলি কত ধান্য সংগ্রহ করিয়াছে?

The Minister for Food and Supplies:

(ক) ডিসেম্বর ১৯৬৪—৩,৭৩,৫৫৯ কুইন্ট্যাল।
জানুয়ারী ১৯৬৫—৩,৬২,৮৪২ "

(খ) গত বৎসর ঐ সময়ে লেভিপ্রথা চালু ছিল না। সেই কারণে সরকারী খাতে কোন চাউল কল হইতে পাওয়া যায় নাই।

(গ) ডিসেম্বর,	১৯৬৩- ১,১৭,৬৪৩	মেঃ টন।	
জানুয়ারী,	১৯৬৪- ১,৯০,৯২৪	,,	,,
ডিসেম্বর,	১৯৬৪- ১,২২,৭১৬	,,	,,
জানুয়ারী,	১৯৬৫ - ১,৮৪,৫৩৬	,,	,,

Imposition of tax for deep tube-wells

***164.** (Admitted question No. *848.) **Dr. Golam Yazdani:**

কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোন্ কোন্ ব্লকে ডিপ টিউবওয়েল এর জন্য চাষীদের উপর মোট কত ট্যাক্স ধার্য হইয়াছে এবং কবে হইতে;

(খ) আজ পর্যন্ত কত পরিমাণ ট্যাক্স আদায় হইয়াছে; এবং

(গ) এই ট্যাক্সের হার কত এবং কি পদ্ধতিতে তাহা নির্ধারণ হয়?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) ও (খ) এই সম্পর্কীয় তথ্য এতৎসহ বিবরণীতে দেওয়া হইল; এবং

(গ) ট্যাক্সের হার—প্রথম ও দ্বিতীয় শস্যের জন্য যথাক্রমে একর প্রতি ১১ ও ১৫ টাকা হারে ট্যাক্স সেইসব চাষীদের নিকট হইতে আদায় করা হয় যাহারা নলকূপ হইতে চাষের জন্য সেচ লইতে চুক্তিবদ্ধ।

প্রতিটি নলকূপ হইতে গড়ে প্রায় ২০০ একর পরিমাণ জমিতে জল সরবরাহ করা সম্ভব। যে সকল চাষী নলকূপের জল লইবার জন্য চুক্তিবদ্ধ হন না, তাঁহাদের জমি নলকূপটির সেচ-যোগ্য এলাকার মধ্যে পড়িলেও তাঁহাদের নিকট হইতে কোন ট্যাক্স আদায় করা যায় না। তাঁহারা সকলেই যাহাতে নলকূপ হইতে জল লইয়া একাধিক ফসল উৎপন্ন করেন, এ বিষয় স্থানীয় কর্মচারীগণ সর্বদা বিশেষ চেষ্টা করিতেছেন। ভবিষ্যতে সেচযোগ্য এলাকার সমস্ত চাষীই যাহাতে বাধ্যতামূলকভাবে জল লইয়া একাধিক ফসল উৎপন্ন করেন তাহার জন্য উপযুক্ত আইন প্রণয়নের কথাও সরকার চিন্তা করিতেছেন। একটি গভীর নলকূপ সম্পূর্ণ হইবার পর এক বছর

কোন ট্যাক্স ধার্য করা হয় না। উহার পর নলকূপ খননের জন্য একর প্রতি যে খরচ হয় সাধারণতঃ তাহার ৫০ ভাগ ছাড় দেওয়া হয়। নলকূপের জল কৃষি কার্যের জন্য চাষীদের মধ্যে জনপ্রিয় করাই ইহার কারণ। বাকী ৫০ ভাগ উপরোক্ত হারে আদায় করা হবে।

Statement referred to in reply to clauses (Ka) *and* (Kha) *of starred question No.*164.

District and Block.		Water-rate realisable (Rs.)	Year from which water rate imposed.	Amount realised (up to 31-3-65) (Rs.)
24-Parganas :				
Bongaon	..	6,427.50	1963-64	259.45
Habra I	..	22,011.55	1961-62	2,411.75
Amdanga	..	15,693.50	1962-63	Nil
Barasat I	..	1,323.75	1964-65	Nil
Habra II	..	29,113.23	1960-61	696.24
Deganga		[illegible]	1963-64	Nil
Baduria	..	Not yet assessed.	1964-65	Nil
Nadia :				
Kaliganj	..	46,845.46	1962-63	31,462.34
Ranaghat II	..	10,625.00	1963-64	1,022.78
Nakashipara	..	[illegible]	1962-63	20,053.65
Santipur	..	[illegible]	1959-60	24,489.10
Chakdah	..	761.59	1963-64	682.79
Krishnagar I	..	Not yet assessed.	1964-65	Nil
Krishnagar II	..	Not yet assessed.	1963-64	Nil

Arrest of unlicensed rice importers in Calcutta and its industrial areas

***165.** (Admitted question No. *996.) **Shri Ananga Mohan Das:**

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা ও তৎসংলগ্ন শিল্পাঞ্চলে পূর্ণ রেশনিং ব্যবস্থা চালু হওয়ার পর কত ব্যক্তিকে ঐ অঞ্চলে বেআইনীভাবে চাউল আমদানির জন্য গ্রেপ্তার করা হইয়াছে; এবং

(খ) ঐ সকল ব্যক্তির নিকট যে চাউল পাওয়া গিয়াছিল তাহার কি ব্যবস্থা সরকার করিয়াছেন?

The Minister for Home (Police):

(ক) ১,১৭৩ জনকে।

(খ) আদালতের আদেশানুসারে আটক চাউলের কিছু অংশ বাজেয়াপ্ত করা হইয়াছে। এই বাজেয়াপ্ত চাউল খাদ্য বিভাগের অধীন ন্যায্যমূল্যের দোকান মারফৎ বিক্রয় করার বন্দোবস্ত করা হইতেছে। বিক্রয়ের পর বিক্রয়লব্ধ অর্থ সরকারী তহবিলে জমা পড়িবে। অবশিষ্ট চাউল আদালতের বিচার সাপেক্ষে পুলিশের হেফাজতে জমা রহিয়াছে।

Rise in price of rice in the industrial zone of Calcutta

***166.** (Admitted question No. *1040.) **Shri Sambhu Charan Ghosh:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, কলিকাতা শিল্পাঞ্চলে রেশনিং প্রথা চালু হইবার পর চাউলের দর ৭৬ পয়সা হইতে ৮০ পয়সা কে জি হইবার কারণ কি?

The Minister for Food and Supplies:

(ক) কলিকাতা শিল্পাঞ্চলে রেশনিং প্রথা চালু হইবার পর চাউলের দর ৭৬ পয়সা হইতে ৮০ পয়সা কে, জি, হয় নাই।

Direction of District Magistrate, Hooghly, with regard to sale of rice

***167.** (Admitted question No. *1089.) **Shri Monoranjan Hazra:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত সেপ্টেম্বর-অক্টোবর মাসে হুগলি জেলাশাসক বিভিন্ন মহকুমা-শাসকগণ, বি ডি ও-গণ ও সাবডিভিসনাল কন্ট্রোলার, জেলার বৃহৎ চাউল ব্যবসায়ি-গণকে আহ্বান করিয়া তাঁহাদের চাউলের শতকরা ৩০ ভাগ কন্ট্রোল দামে এবং বাকি ৭০ ভাগ ব্যবসায়ীদের ইচ্ছামত দামে বিক্রয় করার নির্দেশ দেন; এবং

(খ) উক্ত "ক" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হইলে, মন্ত্রিমহাশয় বলিবেন কি, কাহার নির্দেশে জেলা-শাসক প্রভৃতি এইরূপ পন্থা গ্রহণ করিয়াছিলেন?

The Minister for Food and Supplies:

(ক) না, ইহা সত্য নহে।

(খ) প্রশ্ন ওঠে না।

Propaganda about Netaji's appearance

***168.** (Admitted question No. *639.) **Shri Kashi Kanta Maitra:** স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ২৩এ জানুয়ারি (১৯৬৫ সালের) "কল্যাণীতে নেতাজীর শুভ আবির্ভাব হইবে" এই ধরনের ব্যাপক প্রচারের ফলে যে বিপুল স্বতঃস্ফূর্ত জনসমাবেশ হইয়াছিল, সেই সময় রাজ্যসরকার কর্তৃক কি কোন পুলিস মোতায়েন করা দইয়াছিল;

(খ) হইয়া থাকিলে কত পুলিস মোতায়েন করা হইয়াছিল;

(গ) "নেতাজীর সুনিশ্চিত আবির্ভাব সম্বন্ধে" যে ব্যাপক প্রচার হইয়াছিল মুখে মুখে ইস্তাহারে, প্রচার-পুস্তিকা, পোস্টার মাধ্যমে তৎপ্রতি রাজ্যসরকারের দৃষ্টি আকৃষ্ট হইয়াছিল কিনা; এবং

(ঘ) উক্ত প্রচার ও রটনাটি গুজবভিত্তিক কিনা অথবা উদ্দেশ্যপ্রণোদিত কিনা সে সম্বন্ধে রাজ্যসরকার দেশবাসীকে প্রকৃত অবস্থা, ঘটনা এবং কল্যাণীর সাধু সম্পর্কিত কাহিনী জল্পনা-কল্পনা সম্বন্ধে অবহিত করার জন্য এবং নেতাজী রহস্যের আবরণ উদ্ঘাটিত করার জন্য কোন ব্যবস্থা অবলম্বন করিয়াছিলেন কিনা?

The Minister for Home (Political):

(ক) কল্যানীতে গত ২৩এ জানুয়ারী ১৯৬৫; রাজ্য সরকার পুলিশ মোতায়েন করিয়াছিলেন।

(খ) ৮ জন গেজেটেড অফিসার,

১৬ জন সাব-ইন্সপেক্টর

১৫ জন এন সি ও এবং

১৮৫ জন কনষ্টেবল।

(গ) হ্যাঁ।

(ঘ) অলীক ও কল্পনাপ্রসূত এই প্রকার রটনার বিরুদ্ধে কোন প্রতি-প্রচার চালান সরকার সমীচীন মনে করেন না।

Death of Nirapada Naskar

***169.** (Admitted question No. *799.) **Shri Amarendra Nath Roy Prodhan:**

গত ১১-৮-৬৪ তারিখে প্রদত্ত তারকাচিহ্নিত ১৬৮নং (অ্যাডমিটেড প্রশ্ন নং ৭৩৬) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উক্ত তদন্ত শেষ হইয়াছে কিনা; এবং

(খ) তদন্ত শেষ হইয়া থাকিলে তাহার ফলাফল কি?

The Minister for Home (Police):

(ক) তদন্ত এখনও শেষ হয় নাই।

(খ) প্রশ্ন উঠে না।

Potato seeds

***170.** (Admitted question No. *850.) **Dr. Golam Yazdani:**

কৃষি ও সমাষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে ব্রহ্মদেশ হইতে আলুর বীজ আনা হয় এবং ইহা অতি উৎকৃষ্ট বীজ ;

(খ) ইহা কি সত্য যে, এই আলুর বীজ আগামী মরসুম হইতে ব্রহ্মদেশ হইতে আর আনা হইবে না;

(গ) সত্য হইলে, তাহার কারণ কি; এবং

(ঘ) আলু চাষের জন্য উপযুক্ত পরিমাণ সার সরবরাহের জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন?

The Minister for Agriculture and Community Development:

(ক) হ্যাঁ।

(খ) না।

(গ) প্রশ্ন ওঠে না।

(ঘ) অনুমোদিত প্রতিনিধিদের (এজেন্ট) মারফৎ যথেষ্ট পরিমাণে আলুর মিশ্র সার সরবরাহের জন্য সরকার প্রতি বৎসরই আবশ্যকীয় ব্যবস্থাদি অবলম্বন করিয়া থাকেন।

Scarcity of Pulses

***171.** (Admitted question No. *1034.) **Shri Narayan Choubey:** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) whether the Government are aware of high prices as well as scarcity of pulses in this State;

(b) if so, the reasons for the same; and

(c) what steps have been taken by the Government to bring down the prices of pulses?

The Minister for Food and Supplies: (a) Yes.

(b) The State of West Bengal is deficit in respect of pulses and mainly dependent on other producing States. Some of the States had partial crop failure last year and had imposed ban on the export of pulses to other States including West Bengal. This resulted in the scarcity of pulses in this State.

(c) The West Bengal Government moved the producing States to allow export of pulses to West Bengal through traders nominated by this Government. The Government of India have also been requested to take up the matter with the State Government concerned. Government have since fixed the maximum price of the different varieties of pulses in this State with effect from 5th February, 1965.

The Agriculture Department of this Government has launched a drive to increase the production so as to attain sulf-sufficiency in pulses within a reasonable period.

Permit for entertaining guests at Durgapur Congress Session

***172.** (Admitted question No. *1077.) **Shri Sambhu Charan Ghosh:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

Proposals for further improvement of the conditions of service of primary school tachers during the Fourth Five-Year Plan are under active consideration. If it has not been possible for the State Government to do more, the reason is that we do not have enough funds for this purpose. Even now, the annual pay bill of one lakh primary school teachers together with the cost of Provident Fund and other benefits for such teachers, costs more than Rs. 9 crores to the public exchequer, i.e., nearly 30 per cent.

of the annual Education budget of the State Government. The limiting factor, as you all know, is want of funds and not want of awareness of the teachers' hardship or of sympathy with them on the part of the State Government.

Mr. Speaker: Honourable members, I have received seven notices of Calling Attention on the following subjects, namely:—

(1) Encroachments into Indian territory by Pakistan—by Shri Ananga Mohan Das.

(2) Sale of fish in Calcutta above the fixed price—by Shri Aswini Roy.

(3) Scarcity in water supply in Calcutta—by Shri Birendra Narayan Roy, Shri Monoranjan Bakshi, Dr. Radha Krishna Singha, Shri Bejoy Kumar Banerjee, Shri Mahananda Haldar, Shri L. R. Josse and Shri Deo Prakash Rai.

(4) Partial strike by the workers of Fire-Brigade from 22-2-65—by Shri Jiban Krishna Dey.

(5) Introduction of statutory rationing in Asansol Industrial Areas—by Shri Bejoy Pal.

(6) Arrears of dues on account of Royalties payable to the West Bengal Government by the Coal Mine Owners—by Shri Bejoy Pal.

(7) Liabilities of National Sugar Mill Ltd., with sugarcane growers—by Shri Mohammad Israil and Shri Abdul Latif.

I have selected the notice of Shri Bejoy Pal on the subject of arrears of dues on account of royalties payable to the West Bengal Government by the Coal Mine Owners. The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject today, if possible, or give a date for the same.

Shri Saila Kumar Mukherjee: I shall make a statement the day after to-morrow.

[2-10—2-20 p.m.]

Shri Nani Bhattacharjee:

মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মারফৎ এখানে শৈলবাবু এবং অন্যান্য মন্ত্রীরা আছেন তাঁদের দৃষ্টি একটা গুরুতর ব্যাপারের প্রতি আকৃষ্ট করছি। আলিপুরদুয়ার থেকে কালকে একটা টেলিগ্রাম পেলাম—সেখানে সেই টেলিগ্রাম ওখানের যারা কমিশনারস আছেন তাঁরা করেছেন—শিবদাস ভৌমিক প্রভৃতি—তাঁরা জানাচ্ছেন যে হোলসেল মার্কেট চালের হচ্ছে ২৯·২৫ পয়সা। এবং টাউনে জনসাধারণের মধ্যে ভীষণ অস্থিরতা দেখা দিয়েছে এবং স্থানীয় কর্তৃপক্ষ তারা কিছু করতে পারবেন না বলে অসহায় বোধ করেছেন। এই অবস্থায় রাজ্য সরকার-এর কর্তৃপক্ষ যাতে অবিলম্বে সেই ব্যবস্থা গ্রহণ করেন তার জন্য বলা হয়েছে। স্পীকার মহাশয় এই সঙ্গে আমি আরও দু একটা ব্যাপারে বলতে চাচ্ছি যে গত বছর এখানকার.........

Mr. Speaker:

মিঃ ভট্টাচার্য আপনি ওটা অন্যভাবে বলতে পারেন— আপনি এখানে শুধু এ্যাটেনসন ড্র করুন।

Shri Nani Bhattacharjee:

বেশ কয়েক হাজার বস্তা চাল গতবার আমদানি করেছিলেন—এবারে কিছু ব্যবসায়ীরা আমদানি করছে না—সেখানে একটা ডেডলক ক্রিয়েট হচ্ছে এবং তার ফলে ওখানকার স্থানীয় অধিবাসীদের মধ্যে একটা অস্থিরতা দেখা দিচ্ছে। এই ব্যাপারে মন্ত্রীরা কি করবেন—অন্তত শৈলবাবু এখানে আছেন—কি ব্যবস্থা গ্রহণ করবেন একটু বলুন। সেখানে ভীষণ চালের অভাব দেখা দিয়েছে -সেটা গোপন হয়ে গেছে কিনা তারা বলতে পারেন।

Shri Khagendra Kumar Ray Choudhury:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে বসুমতীতে যে একটা খবর বেরিয়েছে তার প্রতি আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

Mr. Speaker:

ওটা পড়বেন না সামারি করে বলুন।

Shri Khagendra Kumar Ray Choudhury:

আমি তাই বলছি—কৃষকরা স্ট্যাটুটারী রেশনিং এলাকার বাইরে যে ধান চাল নিয়ে আসছে সমস্ত সিজ করে তা পাঠিয়ে দিচ্ছেন ডিষ্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট- আমি অন্তত যতদূর জানি যে স্ট্যাটুটারী রেশনিং এরিয়ার বাইরে এই রকম কোন রেসট্রিকসন নেই—আমি জানি না অন্য কোন জেলায় এই রকম কোন রেসট্রিকসন ইমপোজড হয়েছে কিনা—মন্ত্রী মহাশয়দের তরফ থেকে কেউ যদি কিছু বলতে পারেন যে এই অর্ডার কে দিয়েছেন- যদি সরকার পক্ষ দিয়ে থাকেন, তার উদ্দেশ্য কি—কিংবা ডি, এম নিজের খেয়াল খুশী মত অর্ডার দিয়েছেন কিনা--এটা মারাত্মক ঘটনা আমি মনে করি—অবিলম্বে মন্ত্রী মহাশয়দের তরফ থেকে এ বিষয়ে কিছু বলা উচিত।

Shri Hemanta Kumar Basu:

স্যার, আমি কালকের কথাটাই বলছি যে শিক্ষকরা পাঁচ দিন হোল অবস্থান ধর্মঘট করছে—আমরা শিক্ষামন্ত্রীর সঙ্গে দেখা করেছিলাম এবং তাদের যে দাবী সেই দাবীর কথা জানিয়েছিলাম যে ডি-পি-আই যদি সার্কুলার উইথড্র করেন এবং ফোর্থ ফাইব ইয়ার প্ল্যানের গোড়াতে তাদের দাবী সম্বন্ধে বিবেচনা করা হবে বলে এ্যাসিওরেন্স দেওয়া হয় তাহলে তাদের অবস্থান ধর্মঘট তুলতে রাজী আছেন। কাজেই এইভাবে শিক্ষকরা ওখানে অবস্থান ধর্মঘট করবেন এবং আমরা এ্যাসেম্বলী চালাবো- এ বিষয়ে সরকার কিছুই করবেন না—সেইজন্য আমি মন্ত্রী মহাশয়কে বিশেষভাবে আবেদন করছি যে তারা যে দাবী রেখেছেন সেটা বিবেচনা করুন। কালকে শ্রীকাশিকান্ত মৈত্র বলেছেন—চীফ মিনিষ্টার এখানে নেই--চীফ মিনিষ্টারকে ট্রাঙ্ককল করে জানান এবং তাঁর কাছ থেকে সম্মতি নিন এ বিষয়ে কি ব্যবস্থা হয়েছে—এটা আমরা জানতে চাই।

Shri Panchu Gopal Bhaduri:

মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি শ্রদ্ধেয় হেমন্তবাবু যে বিষয়টি উত্থাপন করেছেন- আমি সে বিষয়ে বলছি -যদিও কালকে আলোচনায় খুব তিক্ততা সৃষ্টি হওয়া সত্বেও কোন মীমাংসা হয়নি তবুও আজকে আপনার মারফৎ মন্ত্রীমণ্ডলীর কাছে অনুরোধ জানাবো যে এই অবস্থাটা আর, বেশী দূর পর্যন্ত গড়াতে দেবেন না এবং একটা অনমনীয় মনোভাব না রেখে শিক্ষকদের সঙ্গে মিলে এই ব্যাপারটার একটা মীমাংসা করে ফেলুন এবং সেদিক থেকে হেমন্তবাবু যে কথা বলেছে যে ডি-পি-আই-এর সার্কুলার উইথড্র করে এবং চতুর্থ পরিকল্পনার প্রথমে এর একটা সুমীমাংসা করবেন এই স্পষ্ট প্রতিশ্রুতি দিন—দিয়ে একটা মিটমাট করে ফেলুন।

Shri Rabindralal Sinha:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাধ্যমিক শিক্ষকদের এক অংশ যে পথ গ্রহণ করেছেন এবং তার জন্য যে কষ্ট তাঁরা স্বীকার করছেন তাতে আমরা সত্যই ব্যথিত এবং আমরা মনে করি পশ্চিমবঙ্গ সরকার শিক্ষকদের সম্পর্কে সম্পূর্ণ সহানুভূতিশীল এবং তাঁদের সাধ্য মত শিক্ষকদের বৈষয়িক অবস্থার উন্নতি করতে আগ্রহশীল। ১৯৪৮ সালের আগে তাঁদের ফিক্সড স্যালারী ছিল—কোন পেস্কেল ছিল না। ফার্স্ট মার্চ ১৯৪৮ সালে তাদের প্রথম পেস্কেল প্রবর্তিত হোল তার পর ১৯৫৪ সালে একবার পেস্কেল পরিবর্তিত হয়েছে—১৯৫৭ সালে আবার পরিবর্তিত হয়েছে—১৯৬১ সালে আর একবার পেস্কেল পরিবর্তিত হয়েছে—কোন চাকুরীতে এতো ঘন ঘন পেস্কেল রিভিসন হয় নি। কিন্তু আমরা কনসাস যে শিক্ষকরা কম পান এবং এক সঙ্গে সমস্ত আমরা দিতে পারি নি যত তাড়াতাড়ি পেরেছি আমরা পেস্কেল রিভাইজ করেছি। প্রথম প্ল্যানে তাঁদের সার্ভিস কণ্ডিসন ইমপ্রুভ করা হয়েছে, দ্বিতীয় প্ল্যানে করা হয়েছে এবং তৃতীয় প্ল্যানে সেকেণ্ডারী এবং প্রাইমারী টিচারদের সার্ভিস কণ্ডিসন ইমপ্রুভ করার জন্য ১৮ কোটি ৩১ লক্ষ টাকা অতিরিক্ত ব্যয় ভার আমরা বহন করতে স্বীকৃত হয়েছি। সুতরাং আমরা সহানুভূতিশীল নয়, বা কিছু বিবেচনা করি নি একথা ঠিক নয়। তৃতীয় পরিকল্পনায় আমরা যতদূর পারি ততদূর গিয়েছি—সম্প্রতি অর্থমন্ত্রী মহাশয় তাঁর বিবৃতিতে যে মহার্ঘভাতা বৃদ্ধির কথা বলেছেন তার জন্য বাৎসরিক ব্যয় হবে শিক্ষা ব্যবস্থা, শিক্ষক এবং বিদ্যালয়ের কর্মচারীদের জন্য ২ কোটি ২৬ লক্ষ টাকা। সুতরাং

We have gone to the farthest limit.

আমাদের আর কোন ক্ষমতা বর্তমানে কিছু নেই এবং শিক্ষকরা সমাজে যে পোজিসন নিয়ে আছেন তাতে তাঁদের সঙ্গে বার্গেনিং করা উচিত বলে আমি মনে করি না। যতটা পারি ততটা বার্গেনিং না করে তাদের আন্দোলন এবং সংগ্রামের আগে আমরা সেটা ঘোষণা করেছি এবং দেবার চেষ্টা করছি। এর বেশী বর্তমানে কিছু সম্ভব নয়। আমরা তিনটি পরিকল্পনায় শিক্ষকদের সম্বন্ধে অত্যন্ত সহানুভূতি সহকারে ব্যবস্থা করেছি—তাদের (বৈষয়িক অবস্থার উন্নতি করার চেষ্টা করেছি। চতুর্থ পরিকল্পনায়ও আমরা তা নিশ্চয়ই করবো যাতে তাদের বৈষয়িক অবস্থার আরও উন্নতি করতে পারি। কিন্তু আজকে চতুর্থ পরিকল্পনা তৈরীই হোল না-কত টাকা কিভাবে পাবো জানি না—কোনটাকে কি অগ্রাধিকার দেওয়া যাবে জানি না-শিক্ষকদের অনেক রকম দাবী আছে—বেতন বৃদ্ধি পেনসন গ্র্যাচুয়িটি ইত্যাদি অনেক রকম আছে কোনটাকে কি দেওয়া যাবে না যাবে—আজকে স্পেসিফিক ফার্ম কমিটমেণ্ট করা সম্ভব নয় তবে এইটুকু বলতে পারি যে তাঁরা আমাদের সাহায্য করুন তাঁদের সাহায্য করবার জন্য তাঁরা সৌহার্দ্যপূর্ণ, শান্তিপূর্ণ পরিবেশ সৃষ্টি করুন সংগ্রামের পথ পরিষ্কার করে এবং তাঁরা আমাদের সঙ্গে বসুন—আমি রাজী আছি তাদের সাহায্য নিয়ে তাঁদের কতটা সাহায্য করতে পারি। চতুর্থ পরিকল্পনায় আলাপ আলোচনার মাধ্যমে তার প্রচেষ্টা করি। কিন্তু সৌহার্দ্যপূর্ণ এবং শান্তিপূর্ণ পরিবেশ ছাড়া এ জিনিস সম্ভব নয়।

যদি আজকে তাঁরা ধর্মঘট প্রত্যাহার করে নিয়ে বসতে রাজী হন— অত্যন্ত আনন্দের সঙ্গে আমরা বসবো এবং আমি বিশ্বাস করি আমাদের আলাপ আলোচনায় চতুর্থ পরিকল্পনায় নিশ্চয়ই দেবার চেষ্টা করবো এবং দেওয়া হবে বলে আমার বিশ্বাস—কত টাকা কোন খাতে কি দিতে পারবো এটা আলোচনা সাপেক্ষ এবং আমরা প্ল্যানের প্রকৃত পরিচয় পাবার পর কত টাকা কোন ছেড়ে দেওয়া যাবে তা জানবার পর এটা করতে পারি—তার আগে কোন ফার্ম কমিটমেণ্ট করা সম্ভব নয়। আর ডি-পি-আই-এর সার্কুলার সম্বন্ধে কেন যে এতো উত্তেজনার সৃষ্টি হচ্ছে তা আমি খুঁজে পাই না। আমি নিজে ডি-পি-আই-এর সার্কুলার ভাল করে পড়ে দেখেছি। তার মধ্যে শিক্ষকদের সম্বন্ধে অসম্মানকর কোন উক্তিই নেই এবং আমার ধারণা আজকে যাঁরা বসেছেন তাঁরা অনেকেই ডি-পি-আই-এর সার্কুলার দেখেন নি। যদি তাঁরা মনে করেন যে ধর্মঘটের বিরোধিতা করাটা শিক্ষকদের অসম্মান করা তাহলে আমি নাচার। কারণ পশ্চিম বাংলার মানুষ শিক্ষা ব্যবস্থাকে অব্যাহত রাখার দায়িত্ব আমাদের হাতে অর্পণ করেছেন।

সুতরাং আজকে যদি এই শিক্ষা ব্যবস্থাকে বানচাল করার চেষ্টা হয় তাহলে আজকে সেটা আমাদের রোধ করতে হবে। তার জন্য জানতে চেয়েছেন কে ধর্মঘটে যোগদান দেবেন এবং কে দেবেন না—কোন স্কুল চলবে কোন স্কুল চলবে না—এতে কোন অপরাধ আছে বলে আমি মনে করি না।

[2-20—2-30 p.m.]

তা ছাড়া আর একটি কথা হয়েছে গ্রাণ্ট ইন এড সম্বন্ধে। এ আমার পৈতৃক অর্থ নয়, জনসাধারণের অর্থের অছি আমরা। সেই অর্থটা আমরা ব্যয় করবো শিক্ষা ব্যবস্থাটা যথাযথভাবে চালু থাকবে সেইজন্য। যদি দেখা যায় যে শিক্ষা ব্যবস্থা চালু নাই তাহলে নিশ্চয়ই আমাদের অধিকার থাকবে না সেখানে টাকা দেবার। সুতরাং আমরা নিশ্চয়ই কিছু অন্যায় করি নাই যে আমাদের গ্রাণ্ট ইন এড দেবার সময় যদি বিবেচনা করতে হয় যে শিক্ষা ব্যবস্থা যথাযথভাবে চালু আছে কিনা। আমরা এই আশাই করবো—কলেজ শিক্ষকরা সংগ্রামের পথ পরিহার করে যেমন সহযোগিতার পথ গ্রহণ করেছেন তেমনি মাধ্যমিক শিক্ষক বন্ধুরাও সেই পথ গ্রহণ করবেন তাঁদের সাহায্য করবার জন্য আমাকে তাঁরা সাহায্য করবেন।

Shri Nani Bhattacharjee:

মিঃ স্পীকার, স্যার, আপনার মাধ্যমে আমি শিক্ষা মন্ত্রীমহাশয়কে অনুরোধ করব তিনি যদি এখনই আলাপ করতে রাজী থাকেন তাহলে এখানকার কয়েকজন বন্ধু একসঙ্গে যেতে পারেন এবং সঙ্গে সঙ্গে শিক্ষকদের প্রতিনিধিদেরও ডাকা যেতে পারে। সেজন্য আমার মনে হয় এই ধরণের একটা সংকটজনক অবস্থা চলতে দেওয়া উচিৎ নয়। স্যার ও'দের কথার মধ্যে একটা জিনিস আছে যে আগে ধর্মঘট তুলে সৌহার্দ্যপূর্ণ শান্তিপূর্ণ আবহাওয়ার সৃষ্টি করুন তাহলে ও'দের সঙ্গে আলাপ-আলোচনা করতে প্রস্তুত আছি। সে দিক থেকে আমি বলতে চাই তাঁরা যদি একদিনও পিছিয়ে যান তাহলে ধর্মঘট চলুক, অবস্থান সত্যাগ্রহ চলুক এটা আমরা চাচ্ছি না। সেজন্য শিক্ষামন্ত্রীকে বিশেষভাবে অনুরোধ করব আজকে আপনি কোন একটা সময় বলে দিন যখন এখানকার কয়েকজন প্রতিনিধি তার সঙ্গে শিক্ষকদেরও প্রতিনিধি থাকবেন আপনার সঙ্গে দেখা করবেন এবং পারস্পরিক আলাপ-আলোচনার ভেতর দিয়ে এই সংকট দূর করার কোন পথ আবিষ্কার করা যেতে পারে কিনা সেটা দেখবেন। এই আশ্বাসটুকু আপনি দিন এটা আপনার কাছে চাচ্ছি।

Shri Rabindralal Sinha:

আমি একথা বরাবর বলেছি যে আলাপ-আলোচনার দ্বার সব সময় উন্মুক্ত আছে। সুতরাং আলাপ-আলোচনা করতে কোন বাধা নাই। আমি তো বলে দিয়েছি, বর্তমান অবস্থায় আমি নতুন কথা কি বলব। যে কথা বলেছিলাম যে চতুর্থ পরিকল্পনায় ডিটেলস বসে আলোচনা করতে হলে সৌহার্দ্যপূর্ণ শান্তিপূর্ণ আবহাওয়ার দরকার। তবে এমনি যদি আপনারা কেউ দেখা করতে চান নিশ্চয়ই আমি দেখা করব।

Shri Sambhu Charan Ghosh:

মিঃ স্পীকার, স্যার, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় যে বিষয়ে বললেন তাতে আমি একটা বিষয়ে ক্লারিফিকেশান চাচ্ছি সেটা হচ্ছে শিক্ষক প্রতিনিধিরা গতকাল থেকে তাঁর সঙ্গে বসবার জন্য চেষ্টা করছেন এবং তাঁরা ডিটেল্‌ড ফোর্থ ফাইভ ইয়ার প্ল্যানে কি থাকবে না থাকবে সে বিষয়ে কোন এ্যাসিওরেন্স চাচ্ছেন না। তাঁরা শুধু এইটুকু জানতে চান মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে তিনি অন্ততঃ এইটুকু বলুন যে ফোর্থ ফাইভ ইয়ার প্ল্যানের সুরুতে তাঁদের সম্পর্কে বিবেচনা করে একটা ব্যবস্থা করা হবে এই হচ্ছে এক নম্বর। দ্বিতীয় নম্বর হচ্ছে, ডি-পি-আই যে সার্কুলার দিয়েছেন সেই সার্কুলারে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় বললেন যে কোন রকম

অপমানসূচক কথা নেই। সেই সার্কুলার আমরা দেখেছি, ডি-আই অব স্কুলস যে সার্কুলার দিয়েছেন সেটা আমার কাছে আছে, এই সার্কুলারে অপমানজনক কথা বলা হয়েছে যে যদি কোন শিক্ষক ধর্মঘট করেন তাহলে তার সেক্রেটারীর কাছে বলা হয়েছে যে তার তালিকা যেন তাঁদের কাছে পাঠিয়ে দেওয়া হয়। বিভিন্ন জেলায় ডি-পি-আই সার্কুলার পাঠিয়েছেন, গতকাল হুগলী জেলায় ডি-আই সার্কুলার দিয়েছেন। এগুলি যদি অবিলম্বে প্রত্যাহার করে নেন তাহলে সৌহার্দ্যপূর্ণ শান্তিপূর্ণ আবহাওয়ার সৃষ্টি হবে এবং বসে আলোচনা করা যাবে।

Mr. Speaker:

আলাপ-আলোচনা করলেই কি সব শেষ হয়ে যাবে?

Shri Khagendra Kumar Ray Choudhury:

মিঃ স্পীকার, স্যার, আমি আপনার কাছে যে খবর বলেছিলাম.........

Mr. Speaker:

কি খবর বলেছিলেন?

Shri Khagendra Kumar Ray Choudhury:

খবরটা হচ্ছে এই—আমি ওঁদের দৃষ্টি আকর্ষণ করেছিলাম যে কৃষকদের ধান এবং চাল কেড়ে নেওয়া হচ্ছে। তার কি ব্যবস্থা হচ্ছে সেটা কিছু জানতে পারলাম না। এটা ৩।৪ দিন আগেকার ঘটনা।

Mr. Speaker:

তাহলে আপনি কোয়েশ্চেন দিন, কলিং এ্যাটেনশান নোটিশ দিন।

Shri Khagendra Kumar Ray Choudhury:

আমি তো শুধু এ সম্বন্ধে ইনফর্মেসান চাচ্ছি?

Mr. Speaker:

ইনফর্মেসান ওভাবে হয়, ইনফর্মেসান এইভাবে হয় না।

GENERAL DISCUSSION ON THE BUDGET FOR 1965-66

Dr. Pratap Chandra Chunder:

মাননীয় সভাপতি মহাশয়, আমাদের অর্থমন্ত্রী আজকে যে বাজেট উপস্থিত করেছেন, আমাদের সামনে এই কয়েকদিন ধরে তার আলোচনা হচ্ছে। সেটাকে একদিক থেকে যুগসন্ধিক্ষণের বাজেট বলা যায়। যুগসন্ধিক্ষণের বাজেট এই অর্থে যে আমাদের দেশে তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার কাজ আমরা শেষ করতে চলেছি এবং চতুর্থ পরিকল্পনার সূচনা এখন থেকে আমরা চিন্তা করছি। কাজেই তৃতীয় পরিকল্পনার শেষ বছরে যেখানে যেসব ত্রুটীবিচ্যুতি আছে, যতদূর সাধ্য সেগুলিকে সংশোধন করে দৃঢ় ভিত্তির উপর যাতে আমরা চতুর্থ পরিকল্পনা উপস্থিত করতে পারি—সেই রকম উদ্দেশ্য নিয়ে এই বাজেট আজকে সভার কাছে উপস্থিত হয়েছে—গণতন্ত্রের সঙ্গে পরিকল্পনা মিশিয়ে দিয়ে এরকম একটি ব্যাপার সারা পৃথিবীর মধ্যে খুব অল্প জায়গায় দেখা যাবে। গণতন্ত্রের সঙ্গে যে জনসাধারণের সহযোগিতার প্রশ্ন রয়েছে সেই সহযোগিতা নিয়ে.........

Shri Kamal Kanti Guha:

মিঃ স্পীকার স্যার, আপনাকে জানাচ্ছি আপনি যদি অপজিসনের সুবিধা নষ্ট করে দেন, তাহলে আমরা ডিবেটে পার্টিসিপেট করবো না। যেখানে আমাদের পক্ষ থেকে প্রথম বলবেন, সেখানে আপনি ডাকলেন ওঁকে।

Mr. Speaker:

মিঃ গ্রহ, শন্ন, রবিনবাবু বলবেন বর্তমানে যেমন আছে, ডিবেট এখন সুরু হলে ও কাল থেকে কণ্টিনিউ করছে ডিসকাশন। কাজেই ওপেন এর প্রশ্ন নয়। এগুলি সব ডিপেণ্ড করছে আমার উপর রবিনবাবু আগে বলবেন, কি কণ্ডিসন করছেন? ডিসকাসন ইজ কণ্টিনিউইং ফর ডে টু ডে। এখানে আজকের দিনে প্রসিডিওর ঠিক নাই। লিভ ইট আউট। রবীন মুখার্জী বলে আমি কমপক্ষে পাঁচবার ডেকেছি। তারপরে ইফ আই ডোনট গেট দি রেসপন্স, আমি কি আপনাকে ডেকেই চলে যাব?

Shri Rabindra Nath Mukhopadhyay:

স্যার, আপনি কী লক্ষ্য করলেন জানিনা। আমি যখন দাঁড়িয়েছি তখন পাশে প্রশ্নোত্তর চলছে তাহলে তো আমাকে দাঁড়িয়ে থাকতে হয়।

Mr. Speaker:

রেডি আপনার থাকতে হবে। পাঁচবার ডাকবার পরেও যদি আপনি না দাঁড়ান, আই হ্যাভ টু টেক ইট। তাহলে ধরে নিতে হবে- আপনি বক্তৃতা দেবেন না।

Shri Rabindra Nath Mukhopadhyay:

আপনি যদি আমার দিকে না তাকান, আমি দাঁড়িয়েছিলাম।

Mr. Speaker:

আমি তাকাবো না। আপনি কাইণ্ডলি দাঁড়াবেন।

Dr. Pratap Chandra Chunder:

মাননীয় স্পীকার মহাশয়, আমার অনুরোধ আপনি রবিনবাবুকে আগে বলতে দিন, আমাকে পরে যখন ইচ্ছে বলতে দেবেন।

Mr. Speaker:

আমি সকলকে বলতে দেব। আমি ৫ বার ওঁকে ডেকেছি, তাতে উনি যদি না দাঁড়ান......

Shri Rabindra Nath Mukhopadhyay:

উনি বলছেন, আমার আপত্তি নাই। আমি বসে আছি, আমাকে ডাকা হয় নাই। আমি দাঁড়াবার চেণ্টা করেছি।

মাননীয় স্পীকার মহাশয়, এই বাজেট বক্তৃতা যখন সুরু হচ্ছে এখানে, সম্ভবতঃ ভারতবর্ষের বিভিন্ন রাজ্যেও সুরু হচ্ছে, এমন কি পার্লামেণ্টেও বাজেটের কিছু কিছু অংশ আলোচিত হতে সুরু হয়েছে। ঠিক যখন এইরকম পরিস্থিতি, ভারতবর্ষ কোন্ পথে যাবে, তার অর্থনীতি কোন দিকে প্রবাহিত হবে—এইসব যখন আলোচনার সময় এসেছে, তখন সমগ্র দেশ, একটু পেছনের দিকে তাকালে দেখা যাবে, সমস্ত দেশটা ছিন্নভিন্ন হয়ে গেল, সমস্ত দেশ একেবারে বলা যায় ভারতবর্ষের একপ্রান্ত থেকে অন্য প্রান্ত তচনচ হয়ে গেছে ভাষা বিরোধে এবং গত এক বছরের মধ্যে শ্রমিক, কৃষক, মধ্যবিত্ত তাদের মধ্যে একটা তীব্র অসন্তোষ এবং তার সঙ্গে সমস্ত কিছু নিয়ে একটা বিস্ফোরক অবস্থার সৃষ্টি হয়েছে।

[2-30—2-40 p.m.]

আমাদের পাশে শিক্ষক শিক্ষিকারা অবস্থান ধর্মঘট করে বসে আছেন এবং কালকে হাওড়া স্টেসনে সামান্য যে ঘটনা ঘটেছে তাকে নিয়ে একটা বিস্ফোরক পরিস্থিতি তৈরী হয়েছে। সাধারণতঃ একটা ঘটনা দেখে সেটাকে শুধু রাওডিজম বলে উড়িয়ে দিলে চলবেনা। আমরা দেখেছি

দেশের মধ্যে এমন একটা আবহাওয়া সৃষ্টি হয়েছে যে সঙ্গে সঙ্গে লংকাকাণ্ড সুরু হচ্ছে। এই হচ্ছে ভারতবর্ষ এবং পশ্চিমবাংলার পরিস্থিতি। কিন্তু প্রশ্ন হোল কেন এমন হোল? কেন দেশ আস্তে আস্তে ভাংগার পথে চলেছে? এর কারণ কি সেটা কাল অজয়বাবু বলার চেষ্টা করেছেন। আমাদের এই পশ্চিমবাংলায় অজয়বাবু কুখ্যাত কমিউনিস্ট বিরোধী বলে সর্বত্র পরিচিত। স্বভাবতই তিনি চেষ্টা করবেন এই গভর্ণমেণ্ট-এর সমর্থনে কিছু কিছু সার্টিফিকেট জোগাড় করতে। আমরা দেখেছি অনেকদিনের পুরান সার্টিফিকেট যেগুলি সরকারী কাজে লাগেনা সেগুলি তিনি জোগাড় করেছেন এবং তাঁর সেই সার্টিফিকেট-এর জবাব কমরেড লাহিড়ী কিছু কিছু দিয়েছেন। আমি তাঁকে অনুরোধ করি দেশের বাস্তব পরিস্থিতি কি সেটা তিনি দিন। তিনি বলেছেন আমাদের দেশের যা অগ্রগতি হয়েছে সেই রকম অগ্রগতি অন্যান্য দেশে নাকি ১০০ বছরেও হবেনা। এরকম ধরনের আত্মভরিতা দেশকে সর্বনাশের পথে নিয়ে যায় এবং এর ফলে দেশের অগ্রগতির পথ অবরুদ্ধ হচ্ছে। আমি জিজ্ঞাসা করি কি হোল সেইসব সুন্দর সুন্দর কথার—বৈচিত্রের মধ্যে ঐক্য, ইমোসনাল ইন্টিগ্রেসন? কোথায় গেল সেইসব কথা? কেন সমস্ত জিনিস ভেঙ্গে পড়ছে তার কৈফিয়ত আমরা চাই। এর একমাত্র কৈফিয়ত হচ্ছে যেদিন থেকে কংগ্রেস ক্ষমতায় আসীন হয়েছে সেদিন থেকে তারা দেশ এবং জাতির প্রতি বিশ্বাসঘাতকতা করতে আরম্ভ করেছে এবং তার ফলে দেশ ধ্বংসের পথে চলে যাচ্ছে। কিন্তু প্রশ্ন হচ্ছে কেন এই পথে চলে যাচ্ছে? প্রশ্ন হচ্ছে কেন সমাজতন্ত্রের নামাবলি গায়ে দিয়ে নির্ভেজাল ক্যাপিটালিজম সৃষ্টি করবার জন্য সমস্ত রাষ্ট্রশক্তিকে প্রয়োগ করা হচ্ছে? আমাদের ইন্ডিয়ান কন্সটিটিউসনের গোড়াতে বলা হয়েছে যে, সমাজের অর্থ-নৈতিক সম্পদ যাতে ন্যায্যভাবে বণ্টন হয় এবং সম্পদ উৎপাদনের জিনিসগুলি যাতে মুষ্টিমেয় কয়েকজনের হাতে না যায় রাষ্ট্র সেদিকে লক্ষ্য রাখবে। এটা হচ্ছে সংবিধানের নির্দেশাত্মক নীতি। স্যার, পণ্ডিত নেহেরু যখন ফার্স্ট ফাইভ ইয়ার প্ল্যানের উদ্বোধন করেন তখন তিনি বলেছিলেন, উচ্ছাসের সঙ্গে বলেছিলেন আজ থেকে সুরু হচ্ছে জাতির তীর্থযাত্রা। কিন্তু তাঁর জীবিত কালেই তিনি দেখে গেছেন এবং আমরাও দেখলাম সমস্ত ভারতবর্ষ দেশী এবং বিদেশী পুঁজির অবাধ লুণ্ঠনের তীর্থক্ষেত্র হয়েছে। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় বলা হয়েছিল মান যুক্তিসংগতরূপে উন্নত করা এবং নরনারী নির্বিশেষে সকলে যাতে কাজের পূর্ণ সুযোগ পায় সেরকম অবস্থা সৃষ্টি করাই হচ্ছে পরিকল্পনার উদ্দেশ্য। এর কোনটাই কি হয়েছে? তারপর, দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় বলা হয়েছে—আয় এবং সম্পদের অসাম্য হ্রাস এবং অর্থনৈতিক ক্ষেত্রে অধিকতর সম বণ্টন। থার্ড ফাইভ ইয়ার প্ল্যানে বলা হয়েছে অন্যান্য কিছু কিছু ব্যবস্থা করা যাবে এবং সমাজতন্ত্রের পথে যাওয়া যাবে। আমার কথা হচ্ছে কনস্টিটিউসনের সুরু থেকে আরম্ভ করে আজ পর্যন্ত যে যে ঘোষণা করা হয়েছে সেগুলো করা হয়েছে, না তার উল্টো পথে যাত্রা করেছে সেটা বিবেচনা করার সময় এসেছে। আপনারা সেগুলো দেখে বিবেচনা করুন যে কোন পথে আমরা চলেছি অর্থাৎ এঁদের ঘোষণা এবং কার্যকারীতার মীমাংসা করে দিন।

বাজেট শুধু কয়েকটি অঙ্কের সমষ্টি নয়, সেটার একটা পরিকল্পনা আছে, তাকে একটা নিয়ে যাবার জন্য চেষ্টা করা হয় সেই উদ্দেশ্য পূরণে ব্যর্থতা দেখতে পাই, কেন্দ্র এবং রাজ্য সমূহের যা দেখি তাতে তারা যা ঘোষণা করেন বাজেট সেই পথে যায় না। কেন এই ব্যর্থতা চর্তুদিকে? তার প্রধান কারণ আমরা বলেছি চিরকাল, কংগ্রেস একথা বলেছে এমন কি কংগ্রেস নেতারা পর্যন্ত এই সুরে কথা বলতে আরম্ভ করেছে। ভারতবর্ষের প্রধান সর্বনাশের কারণ হচ্ছে ভূমি সংস্কারে ব্যর্থতা। ভূমি সংস্কার হলনা শুধু তাই নয় তার সঙ্গে সঙ্গে দেশের কৃষকদের মুক্তি সাধন হলনা। গ্রামাঞ্চলে ফিউডাল ল্যাণ্ডলর্ডের পরিবর্তে আস্তে আস্তে ক্যাপিটালিস্ট ল্যান্ডলর্ড দাঁড় করাবার চেষ্টা করছেন এবং গ্রামাঞ্চলে

Stratum of peasantry

তৈরী করার চেষ্টা হচ্ছে। বলা হচ্ছে বিপুল সংখ্যক এগ্রিকালচারাল লেবারার যাদের কোন জমি নেই, থাকলেও সামান্য পরিমাণ আছে, শুধু পশ্চিমবাংলায়ই ৪৫ লক্ষ-এর উপর বেকার

আছে ভূমিহীন বেকার আছে যাদের কোনরকম সংস্থান নেই, যে মানুষ দেশের অমূল্য সম্পদ হয়ে উঠতে পারে সেই মানুষই এদের কাছে সমগ্র দেশের কাছে বিপদ হয়ে উঠেছে। সারা ভারতবর্ষে আজকে ঠিক এইরূপ দেখা যাবে শুধু পেজেন্টস নয় শতকরা ৩৫ থেকে ৬০ ভাগ বিভিন্ন রাজ্যের লোকের জমি নেই এবং এইভাবে এক বিপুল জমিহীন বাহিনী দৃষ্টি হয়েছে। কাজেই এই যেখানে পরিস্থিতি গ্রামাঞ্চলে সেখানে জীবনে কখনো খাদ্য সমস্যার সমাধান হতে পারেনা। যে কোন পশ্চাদপদ দেশের প্রথম এবং প্রধান প্রয়োজন ছিল কর্তব্য ছিল যেটা সেটা হল ভূমির সংস্কার সাধন করা, তাঁরা সেটা করলেন না। না করে ক্যাপিটালিস্টদের দিকে চেয়ে গ্রামাঞ্চলের ইকনমিকে ক্যাপিটেলের লেজুড় হিসাবে পরিণত করার জন্য চেষ্টা করছেন। এটা মাননীয় সভাপতি মহাশয় আপনাকে হিসাব করে দেখতে বলি ক্যাপিটেলের নিয়মই হচ্ছে তাই, তিনি আমাদের মাঝে মাঝে যে হিসাব দেন তার সঙ্গে জনসাধারণের চেতনার সঙ্গে কোন সম্পর্ক নাই, প্রায়ই উনি বলেন আমাদের বাম্পার ক্রপ হয়েছে, এবারেও হয়েছে, আর কোন ভাবনা নাই। যারা অর্থনীতি নিয়ে একটু আধটু আলোচনা করেন তাঁরাই এটাই জানেন যে বাম্পার ক্রপ হলেই জনসাধারণের সমৃদ্ধি সূচনা করেনা। অনেক দেশেই এটা দেখা গিয়েছে, তার ফলে যে সেই দেশের জনসাধারণ-এর ক্রয় ক্ষমতা বেড়েছে এবং বেশী জিনিষ ভোগ করতে পেরেছে এ জিনিষ কখনো হয়নি। তা যদি হত, তাহলে, কয়লাখনির শ্রমিকরা কয়লার অভাবে রন্ধন করতে অসুবিধা ভোগ করত না এবং যেখানে খাবার সাজান আছে থরে থরে সেখানে না খেতে পেয়ে ধুকে ধুকে মরত না। কি কি প্রয়োজন খাদ্য প্রয়োজনের জন্য সেটা লাহিড়ীদা বলেছেন, ওয়াস্ট ফেড নেশান পৃথিবীর মধ্যে সর্বাপেক্ষা কম খায় কোন রকম করে তিল তিল করে জীবন ধারণ করে জীবন বহন করে চলেছে সে হচ্ছে আমাদের দেশ। তার জন্য কি করতে হবে কি করণীয় সেই পথে আপনারা গেলেন না সেই পথ আপনারা মাড়ালেন না। সমগ্র দেহকে যদি রক্তশূন্য করে আজকে স্ফীতকায় করা হয় তাহলে সেটা যেমন স্বাস্থ্যের লক্ষণ হয় না তেমনি সমগ্র দেশের একটা বিশিষ্ট স্ফীতকার শ্রেণী তৈরী করেন সেটাও দেশের পক্ষে ভাল হয় না। আজকে তাই দেশ সর্বনাশের পথে জাহান্নামে যেতে বসেছে, যেতে আরম্ভ করেছেন। সেটাই আজকে বাস্তব চিত্র, আজকে আপনারা সোজাসুজি করে বলুন যে এই পথে ক্যাপিটালিজম সৃষ্টি করার মধ্য দিয়েই আমাদের দেশের মুক্তির সম্ভাবনা নিহিত আছে। তাঁরা জানেন যে এটা বলা যাবে না। সেজন্যই তাঁরা সমাজতন্ত্রের কথা বলেন এবং এই বলে মূলতঃ রাষ্ট্রে শক্তিকে সমগ্র কাজে নিয়োজিত করছেন একেবারে নির্ভেজাল ক্যাপিটালিজম তৈরী করার জন্য আপনারা চেষ্টা করছেন। আপনার এই বইয়ের মধ্যে দেখলাম

The 1961population census revealed that West Bengal with 33.2 per cent. of the total population had the smallest proportion of workers amongst the States—the All India figure, 43.0 per cent. of the total working population 53.8 per cent. followed agricultural occupation.

[2-40—2-50p.m.]

এবং এই ওয়ার্কিং ক্লাস-এর মধ্যে ৫৩·৮ পারসেন্ট হচ্ছে এগ্রিকালচারাল অকুপেসান-এ আছে। আমরা দেখছি যতবেশী আপনারা পরিকল্পনা করছেন ততবেশী আমাদের দেশে বেকার বাহিনী বাড়ছে। আমরা শুনছি ৪র্থ পরিকল্পনায় আমাদের দেশে ৩½ কোটি না কি বেকার হবে এবং বেকার বাহিনী আমাদের দেশে ক্রমাগত বাড়বে। তাহলে এটা কোন জাতীয় পরিকল্পনা? এই পরিকল্পনা যেসমস্ত দেশে চালু থাকে সেইসমস্ত দেশ হচ্ছে ক্যাপিটালিস্ট কাণ্ট্রি। আমি স্মরণ করিয়ে দিতে চাই যে ১৯২৯ সালে স্টালিন ঘোষণা করেছিলেন যে তাঁদের দেশ থেকে তাঁরা ১১।১১ বারের মধ্যে আনএমপ্লয়মেণ্ট শেষ করে দিচ্ছেন। সেই ১৯২৯ সালের ঘোষণার মধ্যে পাবেন যে বিপ্লবের কয়েক বছরের মধ্যে তাঁরা বলেছেন এই দেশে আনএমপ্লয়মেণ্ট নেই। কাজেই এই কাজে তাঁরা যে পরিমাণ অগ্রসর হয়েছিলেন সেটা একটু লক্ষ্য করবেন। আমি আগেই বলেছি নির্ভেজাল পুঁজিবাদ গঠন করা এখানকার রাষ্ট্রপ্রধানদের কাজ। এটা শুধু সাধারণ পুঁজিবাদ নয়, আমাদের দেশে যেটা দাঁড়াচ্ছে সেটা হচ্ছে দেশের অর্থনীতিতে একচেটিয়া পুঁজি-বাদ নয়। দেশের অর্থনৈতিক, সামাজিক ও রাজনৈতিক জীবনে একটা নূতন বিপর্যয় সৃষ্টি

হয়েছে। দেশে যে সম্পদ সৃষ্টি হচ্ছে তা দেশের সমস্ত মানুষের রক্তকে শূন্য করে ফেলছেন অথচ বিদেশ থেকে সমস্ত সার্টিফিকেট লাগান হচ্ছে। কিন্তু মহলানবীশ কমিটি কি বলেছেন? মহলানবীশ কমিটি বলেছেন আমাদের যে ন্যাশানাল ইনকাম সেই ন্যাশানাল ইনকাম-এর শতকরা ১০ ভাগ মানুষ শতকরা ৩৬ ভাগ ন্যাশানাল ইনকাম ভোগ করে। জাতীয় আয়ের ৬৫ ভাগ চলে গেছে ১০ ভাগ মানুষের মধ্যে আর ১০ ভাগ তলার দিকের মানুষ শতকরা ২·৫ ভাগ তারা ভোগ করে। সুতরাং আর যাই হোক এটাকে সমাজতন্ত্র বলে আখ্যা দেবেন না। সমাজ-তন্ত্রের মিনিমাম আকৃতি যদি রোধ করতে হয় তাহলে এই চিত্র সম্বন্ধে তাঁদের কিছু জানা থাকা দরকার। এরপর আরও বোঝা দরকার যে ইনডাইরেক্ট ট্যাক্সেসন যা আমরা ভোগ করে থাকি, আজকের দিনে সাধারণ মানুষ গরীব কৃষক থেকে আরম্ভ করে যারা সাধারণ কেনাবেচা ইত্যাদি করে যারা ভোগ করে থাকেন সেখানে অপ্রত্যক্ষ করের বোঝা ১৯৬১-৬২ সালে ছিল ২০০ কোটি টাকা, আর আজ কিছুকাল আগে পর্যন্ত তাঁরা বলেছেন ৪৬৯ কোটি টাকায় এসে দাঁড়িয়েছে। ২০০ কোটি টাকা যার ভারে আমাদের দেশের মানুষ মারা যাচ্ছে চাপা পড়ে যাচ্ছে, সেখানে ২ বছরের মধ্যে সেটা ৪৩৯ কোটি টাকায় দাঁড়াল। এর উপর রেলওয়ে বাজেট ইত্যাদি আছে। সুতরাং এটা অবাধ গতিতে চলছে। এটাকে কি আপনারা বলতে চান অগ্রগতির পথ? সাধারণ মানুষকে তলা থেকে তুলে সমাজ জীবনে প্রতিষ্ঠিত করার পথ? ছেলেবেলায় যখন আমরা স্বাধীনতা আন্দোলনে অংশ নিয়েছিলাম তখন একটা কথা মনে আসত যে দেশ থেকে বিদেশী পুঁজির অবসান ঘটাতে হবে। দেশকে মুক্ত করার অর্থ রাজনৈতিক দিক থেকে যেমন মুক্ত করা তেমনি বিদেশী পুঁজির শোষণ থেকে মুক্ত করা। এটাইত আমাদের দেশের প্রত্যেকটি পলিটিক্যাল পার্টির মত। কিন্তু কি হল? ১৯৪৭-৪৮ সালের আগে আমাদের দেশে বিদেশী ক্যাপিটেল প্রাইভেট ফরেন ইনভেস্টমেণ্ট ছিল ২৫৬ কোটি টাকা, ১৯৬২ সালে সেটা এসে দাঁড়াল ৮৩০ কোটি টাকা—৩ গুণের বেশী। অর্থাৎ ১৯৪৭ সালের আগে যেসব কথা বলেছিলেন ১৯৪৮ সালের পর দেখা গেল ঠিক তার জায়গায় তাঁরা উল্টো দিকে চলতে আরম্ভ করলেন।

অর্থাৎ ৩ গুণ বেড়ে গেল ব্রিটিশ ক্যাপিটাল সম্বন্ধে আমাদের জাতীয় আন্দোলনের দাবী ছিল যে ব্রিটীশ পুঁজি বাজেয়াপ্ত করা। বর্তমানে সেই ব্রিটীশ পুঁজি শুধু যে সুরক্ষিত হচ্ছে তা নয় এই ব্রিটীশ পুঁজি কয়েক বৎসরের মধ্যে অর্থাৎ ঐ ১৯৪৮ থেকে ১৯৬২ সালের মধ্যে যেখানে ২০৬ কোটী ছিল সেখানে হয়েছে ৪৪৬ কোটি। চমৎকার ব্যাপার। স্বাধীনতা আন্দোলনের কথা আমরা শুনেছিলাম এবং আজও এই কথাই আমরা বলে যাব যে দেশকে মুক্ত করতে হলে বিদেশী পুঁজির যে শোষণ তা থেকে অর্থনৈতিক মুক্তি চাই। এর সংগে আর একটা খবর দিই বর্তমানে এই পুঁজিপতিদের সংগে খুব বেশী আঁতাত দেখা যাচ্ছে। ঐ ইউ-এস-এ-এর সংগে সাম্রাজ্যবাদীদের সংগে আঁতাত দেখা যাচ্ছে। আজ ভারতবর্ষের আশে পাশের দেশও আন্দোলন করছে তাদের সংগেও এদের আঁতাত বেশী। কিন্তু এটা কি ১৯৪৭ সালের আগে মেনে নিয়েছিলাম? কিন্তু এখন বিদেশী পুঁজিকেই আহ্বান জানান হল তারজন্য দরজা খোলা হল এবং আমাদের দেশের মানুষকে শোষণ করার অবাধ ব্যবস্থা রাখা হল, কারণ নাকি রাষ্ট্রসংঘ তার পিছনে আছে। পৃথিবীর আর কোন দেশই অপর দেশের বিদেশী পুঁজিকে আহ্বান করেনা। যা আগে ১১ কোটি টাকা ছিল ইউ-এস ক্যাপিটাল আজকে সেটা ১৯৬২ সালে দাঁড়িয়েছে ১৯১ কোটি টাকা অর্থাৎ ভাবুন কতগুণ বেড়েছে। এ দেখলেই বোঝা যাবে আগেকার আমাদের যা কিছু চেতনা ছিল ঐ বিদেশী পুঁজি অবসান করার জন্য এবং যেটা আমাদের দেশের স্বাধীনতা আন্দোলনের মূলকথা ছিল আজ সেখানে আমরা দেখছি যে ১৯৪৮ সাল থেকে ১৯৬২ এর মধ্যে বিদেশী পুঁজি নিগড় হয়ে চারিদিক থেকে আমাদের গলাটিপে ধরছে। শুধু তাই নয় ফরেন এড আছে এবং এর সংগে আরও অন্য এডও আছে। এই যে এক্‌চটিয়া ক্যাপিটাল এর উপর ফরেন এডের যে চেহারা যা তা দাঁড়াচ্ছে ২২২০ কোটি টাকা যা গড ইউটিলাইজ করেছেন, এবং আজকে আমাদের বাৎসরিক ১০০ কোটি টাকার উপর এই সার্ভিস রেটের এর জন্যই আমাদের গননগার প্রতি বৎসর দিতে হবে। খাদ্যের জন্য ১০০ কোটি টাকা প্রতি বৎসর বিদেশীদের আমাদের দিতে হবে এবং তার সংগে সংগে এডের নাম করে যে

জিনিষ হবে তার জন্য ঐ ১০০ কোটী টাকা আজ দেনার দায়ে খরচ করতে হবে। সবার উপর দেখা যাচ্ছে যে সমগ্র দেশকে একেবারে অপরের হাতে ঐ বিদেশী পুঁজিপতিদের হাতে আমরা ছেড়ে দিয়ে বসে আছি। আমার দীর্ঘসময় চলে যাচ্ছে সুতরাং অন্য কয়েকটা কথা বলি। এটা হচ্ছে বিদেশীপুঁজি অবসানের কথা। তাদের সঙ্গে যে আপনারা গাটছড়া বেঁধেছেন সে কথাও আমাদের বলা কর্তব্য তাই বলছি এর সঙ্গে আরাদের দেশের যারা পুঁজিপতি তাদের আজ আমরা কি অবস্থায় দেখছি। আজকে দেখা যাচ্ছে যে ঐ আই-এন-টিইউ-সির নেতারা বক্তৃতা করছেন যে কথাটা আমরাই এতদিন যাবৎ বলছিলাম তাই বলে অর্থাৎ সমস্ত ধন সম্পদ ২০টি ফরেন এইড এর মধ্যে নাকি কেন্দ্রীভূত হচ্ছে। এগুলি আমরাই বলেছিলাম। এখন আই-এন-টি-ইউ-সি'র কোন কোন নেতারাও এই কথা বলতে আরম্ভ করেছেন। এই ভাবে ব্যক্তিগত মালিকানার ক্ষেত্রে আমরা দেখছি যে এই কেন্দ্রীভূত জিনিষটা এমন ভাবে বাড়ছে যেটা মহলানবীশ কমিটি পর্যন্ত ভয় পেয়েছেন যে এটা একটা সংকটজনক অবস্থার সৃষ্টি করছে এ ব্যক্তিগত মালিকানার ক্ষেত্রে। যৌথ মূলধন যেটা সেটা ২০টা শিল্পপতির মধ্যে কুক্ষিগত হচ্ছে এবং ঐ ২০টা প্রধান শিল্পপতি যার মূলধনে শতকরা ৩৫ ভাগ ২০টাই ফরেন কন্ট্রোল করে এবং ঐ ২০টা ফরেন ক্যাপিটালের মধ্যে সীমাবদ্ধ আছে। এই মূলধনের মধ্যে ১০টি যদি ধরা যায় তাহলেই হবে। এই ১০ টার নাম সকলেই জানেন। আজ এই শিল্প এভাবে আমাদের দেশকে শোষণ করছে এ'রা হলেন, মার্টিনবার্ণ, শাহু, জৈন, বিড়লা ইত্যাদি।

[2-50—3 p.m.]

এরা হচ্ছেন প্রধান ১০টি পরিবার। ১৯৫৮ সালে এরা সোজাসুজি যেসমস্ত কোম্পানীগুলি নিয়ন্ত্রণ করতেন তার সংখ্যা ১৯৫১ সালে ৮৭৬টি কোম্পানী এবং ১৯৫৮ সালে ৯২৯টি কোম্পানীর সহিত জড়িত ছিলেন। আদায়ীকৃত মোট মূলধন যার সঙ্গে ওঁরা জড়িত ছিলেন সেটা হচ্ছে যথাক্রমে শতকরা ২৫ ভাগ, ২৭ ভাগ। ১৯৫১ সালে ৮৭৬টি আর ১৯৫৮ সালে ৯২৯টি। সুতরাং এই ১০টি পরিবার আর একটি দিকে দেখুন কিভাবে সমগ্র অর্থনৈতিক শক্তি নিজেদের কন্ট্রোল-এর মধ্যে নিয়ে চলেছে। ব্যক্তিগত মালিকানা শিল্প কেন্দ্রভবন উচ্ছেদের পরিমাণ বজায় রয়ে গেছে এবং ২১টি শিল্পের মধ্যে প্রধান প্রধান ভারতের ১২টি শিল্প সমবায়ের উপর তলায় যারা আছেন এইরকম কয়েকটি গোষ্ঠী বা কোম্পানীর মোট উৎপাদন যত হয় তার ৫০ ভাগের বেশী এরা নিয়ন্ত্রণ করেন। বুঝে দেখুন, যে আমাদের প্রধান প্রধান শিল্পগুলি আছে এই কয়টি গোষ্ঠী বা পরিবারের হাতে। তারা সকলে আমাদের যত উৎপাদন হয় তার শতকরা ৫০ ভাগের বেশী কন্ট্রোল করেন এটা মহলানবীশ কমিটি বলেছেন। বিদেশ থেকে সার্টিফিকেট আনার দরকার হচ্ছেনা, বিশেষজ্ঞ কমিটির রিপোর্ট যা বেরিয়েছে তা থেকে আমরা এই তথ্য পাচ্ছি। মহলানবীশ আরও দেখিয়েছেন একচেটিয়া পর্ষদগুলি যে সমস্ত কোম্পানীর উপর প্রত্যক্ষ ভাবে কর্তৃত্ব করেন, সেগুলি ছাড়াও একাকিভাবে যৌথভাবে অপ্রত্যক্ষ কোম্পানী নিয়ন্ত্রণ ইনডাইরেক্টলি কন্ট্রোল করেন। এগুলি তো ডাইরেক্ট কন্ট্রোল। ইনডাইরেক্টলি কন্ট্রোল যা করেন ১৯৫৮ সালের একটা তদন্তে দেখা যায় ১ হাজার ৭৯টি কোম্পানীর মধ্যে এই রকম কোম্পানীর সংখ্যা ৪২৯টির মধ্য টাটা ৭৩টি, বিড়লা ১০৫টি বাড কোম্পনী ৪৪টি, ডালমিয়া শাহুজৈন প্রভৃতি ৩০টি। এই কয়টি পরিবার নিয়ন্ত্রণ করেন, এইরকম ভাবে লম্বা লিস্ট ফিরিস্তি উপস্থিত করেছেন। ম্যানেজিং এজেন্সির উপরে আছে। ক্যাপিটাল কনসেনট্রেসন, সমস্ত শক্তি কেন্দ্রীভূত হচ্ছে কিছু লোকের হাতে। আমাদের দেশে যত পেড আপ ক্যাপিটাল আছে বোথ প্রাইভেট এণ্ড পাবলিক লিমিটেড যা আছে এগুলি তার সঙ্গে আছে। দীর্ঘকাল ধরে এখানে আলোচিত হয়েছে ম্যানেজিং এজেন্সির কথা। এরাই আবার এক এক রূপে আমাদের দেবতারা আবির্ভূত হন। এক একটি গোষ্ঠী এরা কখন এরই মালিক আবার কখন ম্যানেজিং এজেন্সি রূপে আবির্ভূত হন এবং ম্যানেজিং এজেন্সি আমাদের দেশে মনোপলি ক্যাপিটালকে সৃষ্টি করতে ক্রমাগত সাহায্য করে চলেছে। এবং ম্যানেজিং এজেন্সি মধ্যে টাটা, বিড়লা, ডালমিয়া প্রভৃতি এরাই হচ্ছে প্রধান শক্তি। সুতরাং আর এক দিক দিয়ে ম্যানেজিং এজেন্সি মারফৎ তাঁরা অগ্রসর হচ্ছেন— উৎপাদন কেন্দ্রভবন এবং তার সঙ্গে যুক্ত হয়েছে সমাজের আর একটি দিক ব্যাঙ্ক। তাই এরা আবার ব্যাঙ্কেরও মালিক। প্রধানতঃ যত

ব্যাঙ্ক আছে—বিশেষ করে ৮টি যে প্রধান ব্যাঙ্ক আছে সেই ৮টি ব্যাঙ্কের ৭৭ জন পরিচালকের মধ্য দিয়ে এই বৃহত্তর শিল্পে নিযুক্ত আছে ৫৯ জন। ৭৭ জন ৮টি বৃহৎ ব্যাঙ্কের মধ্য দিয়ে ভারতবর্ষের বহু জিনিস পরিচালনা করেন, ক্ষমতা কুক্ষিগত করে রেখেছেন। মনে রাখবেন ব্যাঙ্ক পরিচালকবর্গ ৭৭ জনের মধ্যে ৫৯ জন এই সমস্ত বৃহৎ পরিবার গোষ্ঠী থেকে এসেছে। সুতরাং দাঁড়ালটা কি? দাঁড়াল এই প্রাইভেট এণ্ড পেড আপ ক্যাপিটাল প্রাইভেট লিমিটেড, পাবলিক লিমিটেড বা আপনারা ম্যানেজিং এজেন্সি বা ব্যাঙ্কিং বিজনেস সমস্ত কিছু যদি দেখেন এই কয়েকটি পরিবারের হাতে সামগ্রিক ভাবে কেন্দ্রীভূত হয়েছে। যদি বলেন যে এটাই হচ্ছে আমাদের দেশের মুক্তির পথ লক্ষ্য তাহলে সেই মুক্তির পথে যদি আপনারা যান, আমরা আমাদের সমস্ত জীবন পণ করে তাতে বাধা দেব। দেশের মানুষ তার বিরুদ্ধে দাঁড়াবে এবং এর থেকে উচ্ছেদ করার জন্য আমরা চেষ্টা করব। কেননা এছাড়া আর দেশের কোন পথ নেই, মুক্তি নেই। কবে হবে জানিনা। আপনারা যদি বলেন যে মুক্তির পথ এইভাবে কেন্দ্রীভূত হবে এই সমস্ত শক্তি ক্ষমতা কেন্দ্রীভূত হবে এই কয়েকটি পরিবারের উপর তাহলে আমরা তাকে বাধা দেব। আমাদের দেশে ক্যাপিটালকে সাই বলা হয়, বার হবে কোথা থেকে? আপনারা জানেন এ'রা ৫ হাজার কোটির উপর মতন টাকা বাজারে খাটাচ্ছেন স্পেকুলেটিভ বিজনেস-এ। যার ফলেতে মন্ত্রীরা পর্যন্ত কন্ট্রোল করতে পারে না, দেশের কোন মানুষ পর্যন্ত কন্ট্রোল করতে পারে না। রাষ্ট্র অনেক বক্তৃতা করতে পারেন কিন্তু এমনি তাদের দুর্ভাগ্য যে এটাকে কণ্ট্রোল করার কোন উপায় তাদের নেই। তাদের বাড়ীতে গিয়ে কয়েক হাজার টাকা এমনকি কয়েক লক্ষ টাকা বার করলেন, কিন্তু তাতেও কিছু আসে যায় না। দেশের মধ্যে এই যে প্রায় ৪।৫ হাজার কোটি কালো টাকা স্পেকুলেটিভ বিজনেস-এ খাটাচ্ছেন ল্যাণ্ড-এ খাটাচ্ছেন, খাদ্য দ্রব্যের ব্যবসায়ে প্রভৃতিতে খাটাচ্ছেন, এর ফলেই সমস্ত দেশটা একেবারে শেষ হয়ে গেল। এই স্পেকুলেটিভ বিজনেস-এর দিক থেকে আমাদের দেশের মানুষকে রক্ষা করবার কোন পরিকল্পনা আছে কি? দেখা যাচ্ছে সমস্ত গদিটা টিপিক্যালি একেবারে মনোপলি ক্যাপিটাল-এর রাজত্বের সৃষ্টি হয়েছে। সুতরাং এইরূপ পরিস্থিতির মধ্য থেকে আমাদের দেশকে মুক্ত করাই হচ্ছে গণতান্ত্রিক আন্দোলনের প্রধান কর্তব্য ও দায়িত্ব এবং এছাড়া দেশের মানুষকে বাঁচাবার অন্য কোন পথ নেই। আজ আপনারা যতই বলুননা কেন যে আমাদের এখানে এত রাস্তা হয়েছে, আমরা এত স্কুল করেছি, কিন্তু দেশকে মুক্ত করার জন্য যে মূল মূল সমস্যা তার দিকে যদি আপনারা অগ্রসর না হন তাহলে দেশ রসাতলে যেতে বাধ্য এবং সেই পথেই দেশ চলেছে এবং তার হাত থেকে অর্থাৎ আপনাদের ঐ হাত থেকে দেশ মুক্ত হবার উপায়ও নেই। আপনারা হয়ত বলবেন যে আমাদের দেশে ইণ্ডাষ্ট্রি বেড়েছে ইণ্ডাষ্ট্রি বেড়েছে। কিন্তু আমাদের দেশের ঐ ইণ্ডাষ্ট্রির উন্নতির রেটটা সেটা অন্যান্য নূতন নূতন স্বাধীন দেশের সঙ্গে মিলিয়ে দেখলে দেখবেন যে আগে আমাদের দেশে ইণ্ডাষ্ট্রির যে রেট ছিল এবং শুধু তাই নয় সেটা এখন আবার একটি শোষণের প্রধান ক্ষেত্র হয়ে দাঁড়িয়েছে। দেখুন আজ কিরকম ভাবে ইণ্ডাষ্ট্রি বাড়ছে। আপনারা বলেছেন যে ১৯৫৬ সাল থেকে ১৯৬৩ সালেতে ৩৭০ থেকে ৫১০টা রেজিষ্টার্ড হয়েছে—শতকরা ৫৮ বেড়েছে। আপনার ঐ বইয়ের হিসাব যদি ধরা যায় তাহলে দেখবেন শতকরা ৯২ বেড়েছে। এটা শুনতেও ভাল এবং দেখতেও ভাল। এই ইণ্ডাষ্ট্রিয়াল প্রোডাকসান যদি ১৯৫৬ সালে ১০০ ধরা যায় তাহলে ১৯৬৪ সালেতে ১৭০·৬ এর কাছে গেছে। ভাল কথা এটা বাড়ার লক্ষণ কিন্তু আমি যা বলছি বাম্পার ক্রপ বাতিল হলেই যেমন দেশের মানুষের সমৃদ্ধি সৃষ্টি করেনা তেমনি ইণ্ডাষ্ট্রিয়াল প্রোডাকসান হলেই, আমাদের দেশেতে রেজিষ্টার্ড ফ্যাকট্রির সংখ্যা বাড়লেই আমাদের দেশের স্বাধীন শ্রমিক, কৃষক, মধ্যবিত্ত জীবনের মূল্যটা বাড়েনা এটা আপনাদের বুঝতে হবে। এর কারণটা কি? তার কারণ, চিত্রটা ঐ বইয়ের মধ্যে আপনারা তুলে দিয়েছেন। তাতে বলেছেন যে এই পিরিয়ড-এর মধ্যে মাত্র শতকরা ৬ ভাগ এমপ্লয়মেণ্ট বেড়েছে। মনুষ্য সংখ্যা আমি ধরলাম প্রায় ১ লক্ষের বেশীর মতন ইণ্ডাষ্ট্রিতে কাজ করছে। কিন্তু তার সঙ্গে সঙ্গে আপনাদের ঐ ইকনমিক রিভিউয়েতে রয়েছে যেখানে পার ক্যাপিটা ম্যান আরনিং বেড়েছে আপনারা বলছেন শতকরা ১৬ আর তার সঙ্গে সঙ্গে পরের লাইনে লিখছেন যে শতকরা ২২ ভাগ কনজিউমার প্রাইস ইনডেক্স বেড়েছে। তার মানেটা কি যে ইণ্ডাষ্ট্রিয়াল গ্রোথ হচ্ছে ঐ বাম্পার ক্রপ হচ্ছে বা অন্যান্য সব হচ্ছে? যে পরিমাণ ইণ্ডাষ্ট্রি

হচ্ছে সেই পরিমাণে লোকে কম কাজ করছে কি? ইনক্রিজিং ওয়ার্কলোড, ক্রমশঃ মানুষের উপর কাজের চাপ বৃদ্ধি পাচ্ছে এবং তার টোটাল ফল হিসাবে শ্রমিকদের কাছে যেটা উপস্থিত হচ্ছে, যে ছবিটা আপনাদের বইয়েতে আছে যে শতকরা ৬ ভাগ রিয়েল আর্নিং ওয়েজ ফল করছে, আপনারা যা লিখেছেন। তাহলে দাঁড়ালটা কি? একদিকে স্ফীত হচ্ছে সমগ্র দেশের ব্যাঙ্কিং ব্যবসা থেকে মনোপলি ক্যাপিটাল আর একদিকে বলছেন যে আমাদের ইন্ডাষ্ট্রি বাড়ছে। কিন্তু তার সংগে সংগে আমাদের দেশের এমপ্লয়মেণ্ট প্রোটেনসিয়ালিটি সেইরকম ভাবে বাড়ছে? আমরা সেদিক থেকে দেখতে পাচ্ছি, তার সংগে সংগে আমাদের রিয়েল ওয়েজ আজ ফল করছে। এতেও কি বলবেন যে আমরা সমাজতন্ত্রের পথে চলেছি? সেকেন্ড ফাইভ ইয়ার প্ল্যানে যেটা বলেছেন যে আমরা তার কাছাকাছি যাচ্ছি, কিন্তু দেখা যায় ঠিক তার উল্টো পথে গাড়ীটা চলেছে।

[3—3-10 p.m.]

সুতরাং আজকে দেশের মধ্যে পরিস্থিতি যেখানে এই দাঁড়িয়েছে—সেখানে আপনারা সামাজিক কাজ কি করবেন। টিচাররা আজকে ধর্মঘট করছেন—গত এক বছরের মধ্যে আপনাদের ডি-আই-আর প্রয়োগ একটা প্রচণ্ড খড়্গ সমস্ত শ্রমিক শ্রেণীর মধ্যবিত্তের উপর সব সময় ঝুলছে—তা সত্বেও গত বছর শ্রমিক বিরোধ গুরুতরভাবে বেড়ে গেছে। এবং একথা ঘোষণা করে যাচ্ছি এ বছর তার চূড়ান্ত পরিমাণ ফলাফলের সম্মুখীন আপনাদের হতে হবে এবং আজকে শ্রমিক কৃষক, মধ্যবিত্ত টিচারস—সমস্ত মানুষ একটা জায়গায় দাঁড়াবার চেষ্টা করছে—এবং দাঁড়িয়ে এই যে শাসন, এই যে শোষণ এর বিরুদ্ধে সংগ্রাম সমিতির মারফৎ আন্দোলন করার চেষ্টা করছে। তাছাড়া তাদের পথ নেই। সরকার বলেন যে তাঁরা ভাল ভাল কাজ করছেন— কালকে বল্লেন আমাদের শিক্ষামন্ত্রী—কিন্তু আর একটা চিত্র ভাল করে বোঝা দরকার যে আমাদের দেশে—অর্থাৎ পশ্চিমবাংলার যেখানে শিক্ষার এতো গর্ব ছিল যেটা হচ্ছে মধ্যবিত্ত প্রধান জায়গায় এবং কি সহরে সেখানে শিক্ষার হার—অর্থাৎ সামান্য লিখতে পারে পড়তে পারে এই রকম সংখ্যা ২৯ কিছু। তার মানে ১ বছরের কাজ এমনভাবে এগিয়ে দিয়েছেন যে ৭১ ভাগ মানুষ আমাদের দেশে এখনও পর্যন্ত লিখতে পারে না পড়তে পারে না। কলকাতায় পোষ্টার দেখলাম যে দেড় লক্ষ ছেলে কলকাতা সহরে প্রাইমারী এডুকেসন পায় না অন্য তো দূরের কথা। এবং বাংলা দেশের ৩৮ হাজার গ্রাম—তার মধ্যে সাড়ে ১৪ হাজার গ্রামে কোন প্রাইমারী স্কুল নেই—অথচ চমৎকারভাবে আপনারা বলছেন যে আমরা সামাজিক কাজকর্মের উন্নতির জন্য আমরা এই সমস্ত করছি। স্কুল নেই তো পড়বে কোথায়? সুতরাং এই বাস্তব পরিস্থিতির চিত্র লোকের কাছে রাখা উচিত। আপনারা বলেন যে আমরা গ্রাণ্ডট্রাঙ্ক রোড তৈরী করছি—বেহালায় রাস্তা তৈরী করছেন—করা দরকার, নিশ্চয়ই করতে হবে কিন্তু—আরও অন্যান্য অনেক উন্নতি করতে হবে। কিন্তু যদি আপনারা ভিত্তি সৃষ্টি না করেন—যদি আমাদের ভূমি সংস্কার না হয় যদি সমগ্র দেশটাকে আপনার মনোপলি ক্যাপিটেলের হাত থেকে না বাঁচাতে পারেন—দেশী এবং বিদেশী মূলধন লুটপাটের যে তীর্থক্ষেত্র হয়ে দাঁড়িয়েছে তার থেকে যদি দেশকে বাঁচাতে না পারেন তাহলে যত বড় বড় অট্টালিকা তৈরী করুন না কেন তার ভিত্তি দুর্বল হয়ে যাবে এবং কারনিসের উপর যতই পেণ্ট করুন না কেন সেটা দুর্বল হয়েই থাকবে। কাজেই দেশের মানুষের অভ্যন্তরে যে আগুন জ্বলছে এবং সেই আগুনকে উপলক্ষ করে বিস্ফোরনের সৃষ্টি করবে। আমাদের কাজ—আমরা যারা কমিউনিষ্ট পার্টির লোক তাদের সেই দায়িত্ব আছে দেশের কাছে—আজ হোক কাল হোক বহু দিনের পুরাতন যে সমস্ত পরিত্যক্ত জিনিস বলে আজকে আপনারা ছেড়া জিনিস বলে ফেলে দিয়েছেন—আমাদের প্রধান দায়িত্ব আমাদের দেশের কাছে যে বিদেশী মূলধন বাজেয়াপ্ত করা—বিতাড়ন করা এবং আমাদের দেশের ভূমি সংস্কার চূড়ান্তভাবে সাধন করা এবং সেইটাই হচ্ছে মুক্তির পথ এবং সেই মুক্তির পথে যাবার জন্য সমগ্রদেশকে আমরা ঐক্যবদ্ধ করবো এবং দেশের প্রতি এবং দেশের মানুষের প্রতি যারা বিশ্বাস-ঘাতকতা করেছে তাদের অবসান সৃষ্টি করে—তাদের উচ্ছেদ সৃষ্টি করবো এই কথা বলে আমি আমার বক্তৃতা শেষ করছি।

Dr. Pratap Chandra Chunder:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রবীনবাবু তাঁর বক্তৃতা নাটকীয়ভাবে শেষ করলেন। কোন রাজ্যের বাজেট নিয়ে তিনি আলোচনা করলেন আমি বুঝতে পারলাম না। হয়তো কেন্দ্রের বাজেট, কেননা রেলের বাজেট তিনি উল্লেখ করেছেন। আমি আশা করবো পরের বারে তিনি এই সভায় না থেকে যদি দিল্লীর লোকসভায় গিয়ে এই রকম নাটকীয় বক্তৃতা দেন বোধ হয় ভাল হবে। অনেক কথার তিনি অবতারণা করেছেন যে সমস্ত বিষয় মাননীয় অর্থমন্ত্রীর বক্তৃতার মধ্যে স্বীকৃত হয়েছে যে মহালানবীশ কমিটির কথা রবীনবাবু উল্লেখ করেছেন সেটা আমাদের সরকার নিযুক্ত কমিটি—দেশের প্রকৃত অবস্থা জানবার জন্য এটা করা হয়েছে। কেননা যে অভিযোগ তিনি দিতে চাচ্ছেন কংগ্রেস সরকারের বিরুদ্ধে—ঠিক উল্টা কথা তাই থেকে প্রমানিত হয় যে কংগ্রেস সরকার বা কংগ্রেসের অর্থমন্ত্রী বা কংগ্রেসের নিযুক্ত কমিটি দেশের মানুষের কাছে কোন ভুল-ভিত্তি বা তথ্য—ভুল চিত্র দিতে চান না। প্রকৃত অবস্থাটা কি হয়ে দাঁড়িয়েছে সেটা দেবার চেষ্টা করেন। এইজন্য চেষ্টা করেন যে তার থেকে ভুলত্রুটি সংশোধন করে যাতে নূতন করে আমাদের নিজেদের অর্থনীতিকে স্থির ভিত্তির উপর প্রতিষ্ঠিত করতে পারি। আমরা যদি মাননীয় শৈলবাবুর বাজেট বক্তৃতা পর্যালোচনা করি তাহলে দেখবো—এর ১৩ পাতাতে তিনি দেখিয়েছেন যে তৃতীয় পরিকল্পনার লক্ষ্য কি—আমাদের আধুনিক সাফল্য কত। এখনও আমরা তৃতীয় পরিকল্পনা শেষ করি নি, এখনও এক বছর বাকী রয়েছে, তার মধ্যে কতটা ফাঁক ভরাটের চেষ্টা করা হয়েছে এবং এই বাজেট বক্তৃতার মধ্যে তিনি উল্লেখ করেছেন, এই আনুমানিক সাফল্যের ব্যাপারে শৈলবাবু স্বীকার করেছেন, যে অনেক ক্ষেত্রে আমরা সফল হয়েছি—অনেক ক্ষেত্রে হই নি। এবং উপসংহারে তিনি পরিষ্কার করে বলছেন যে আমাদের বর্তমান অর্থনীতির ত্রুটিবিচ্যুতি আমরা বিস্মৃত হই নি। চলতি পরিকল্পনার প্রথম কয়েক বছরে অর্থনীতির বিকাশে শ্লথ গতির এবং মুদ্রাস্ফীতির দরুন সর্ব প্রকার পণ্য সামগ্রীর মূল্য বৃদ্ধি আমাদের প্রধান হতাশার কারণ হয়েছে। অনেক নিদর্শন এখানে দেখানো যায় যে কথা রবীনবাবু বল্লেন তাকে সমর্থন করার মত। কেননা আমরা চাচ্ছি আমাদের দেশের উন্নতি করবার জন্য যে ত্রুটি আছে তাকে সংশোধন করবার। আর [illegible] দল চাচ্ছেন দেশ ধ্বংস হয়ে বিদেশী রাষ্ট্রের হাতে চলে যাক—সে জন্য দেশের লোককে কিভাবে খেপানো যায় তার চেষ্টাই করছেন। ও'রা কথায় কথায় রাশিয়ার কথা উল্লেখ করেন। এই আলোচনা বহুবার হয়ে গেছে যে রাশিয়ায় এক স্কোয়ার মাইল জায়গায় মাত্র ২৮ জন লোক বাস করে—আর আমাদের ভারতবর্ষে প্রায় ৪০০ জন লোক বাস করে আর পশ্চিমবাংলায় প্রায় ১১ শত লোক বাস করে। কাজেই রাশিয়ার সংগে তুলনা সম্পূর্ণ অবান্তর। তিনি বিদেশ থেকে খাদ্যশস্য আনয়নের কথা বলে ব্যঙ্গবিদ্রুপ করলেন। রাশিয়া কি বিদেশ থেকে আনছে না—কোটি কোটি রুবলসের স্বর্ণ তারা বিদেশে পাঠিয়ে দিচ্ছে এবং সেখান থেকে খাদ্য শস্য নিয়ে আসছে। তিনি বিদেশী মূলধনের কথা উল্লেখ করলেন—একথা বার বার এখানে আলোচিত হয়ে গেছে—আমরা বার বার দেখাবার চেষ্টা করেছি যে উন্নয়নশীল কোন দেশে যেখানে মূলধন সৃষ্টি হয় নি—সেই রকম দরিদ্র দেশে বিদেশ থেকে মূলধন নিয়ে আসতে হয়-তা না হলে সে দেশের উন্নতি কখনও হয় না। রাশিয়াও করেছে—বিপদের সময় রাশিয়া বিদেশ থেকে মূলধন নিয়ে এসেছে—আমরা জানি যুদ্ধের সময় ঐ আমেরিকার কাছ থেকে লেন্ড লার্জ প্রোগ্রামে স্ট্যালিন সাহেব কোটি কোটি ডলারের সমস্ত প্রয়োজনীয় জিনিসপত্র, মারণাস্ত্র—এই সমস্ত নিয়ে এসেছিল। চীন ইউরোপের অনেক দেশ থেকে অনেক মূলধন নিয়ে এসে সেখানে কলকারখানা গড়ে তুলেছে। আবার রাশিয়ার ক্রুশ্চেভ সাহেবের আমলে সেই সমস্ত সুযোগ থেকে যখন চীনকে বঞ্চিত করা হোল তখন চীন তারস্বরে চীৎকার আরম্ভ করলো—এবং আমরা দেখতে পাচ্ছি যে চীন অস্ট্রেলিয়ার কাছ থেকে গম কিনছে এবং ক্যাপিটেলিস্ট দেশ থেকে সাহায্য নিচ্ছে। এমন কি সম্প্রতি দেখতে পাচ্ছি যে ইংল্যান্ডের সংগে কথাবার্তা চলছে মূলধন নিয়ে ব্যবসা-বাণিজ্য চালাবার। কাজেই আজকের দিনে যখন আমরা দেশের অর্থনীতি গড়তে যাচ্ছি যখন আমাদের দেশে মূলধন সৃষ্টি হয় নি—যখন এমন কোন বিরাট ধনী আমাদের দেশে নেই যাকে শোষণ করে—একটা ফতোয়া দিয়ে তার ব্যাঙ্ক থেকে টাকা কেড়ে নিয়ে আমাদের দেশের সমস্ত কিছু বদলে দিতে পারি, এই রকম যখন অবস্থা—তখন বিদেশ থেকে আমাদের মূলধন নিতে হবে। মাননীয় রবীনবাবু বিদেশী মূলধন বাজেয়াপ্ত করার কথা বলেছেন।

[3-10—3-20 p.m.]

তিনি কি তার মধ্যে রাশিয়ার মূলধন বাজেয়াপ্ত করার কথা বলেছেন? আমরা তো ভারতবর্ষের বিভিন্ন জায়গায় দেখতে পাচ্ছি রাশিয়া আমাদের সাহায্য করছে যেখানে আমরা কলকারখানা গড়ে তুলছি, বড় বড় স্টীল প্ল্যান্ট গড়ে তুলছি। নিশ্চয়ই রাশিয়াকে তিনি বিদেশী বলে মনে করেন না, তাহলে এই কথা বলতে পারতেন না। আজকে যখন আমরা নিজের দেশকে গঠন করবার চেষ্টা করছি তখন আমরা যেমন ইংলণ্ডের কাছ থেকে সাহায্য নিচ্ছি আমেরিকার কাছ থেকে যেমন সাহায্য নিচ্ছি তেমনি রাশিয়া ও অন্যান্য কমিউনিষ্ট দেশ থেকেও সাহায্য নিচ্ছি। এটা গর্বের কথা যে আজকে বিভিন্ন দেশ ভারতবর্ষকে বিশ্বাস করে বলেই তারা এগিয়ে এসেছে ভারতবর্ষকে সাহায্য করবার জন্য। এতে আমাদের মাথা নিচু করবার কিছু নেই। দ্বিতীয় কথা হচ্ছে আমরা যে অর্থনীতি গ্রহণ করেছি সেটা সকলেই জানেন, মিশ্র অর্থনীতি। আমরা ক্যাপিটালিস্টদের মাথা কাটবার অর্থনীতি গ্রহণ করিনি। আমি এর আগের বছরে বাজেট বক্তৃতায় চৌ-এন-লাই সাহেবের লেখা থেকে পাঠ করেছিলাম। তাঁরা বলছেন কমিউনিষ্ট অর্থনীতির প্রথম স্তর হচ্ছে মিশ্র অর্থনীতি এবং সেখানে ক্যাপিটালিস্টদের কিছুদিন জিইয়ে রেখে চীনারা চেষ্টা করেছিল কি করে নিজেদের অর্থনীতিকে অগ্রসর করিয়ে নেওয়া যায়। তার পরের ধাপে যখন আমাদের অভিজ্ঞতা বাড়বে, রাষ্ট্রীয় [illegible] আরো দক্ষতা বাড়বে তখন ধীরে ধীরে ক্যাপিটালিস্টদের সরিয়ে দিয়ে সমস্ত ক্ষমতা রাষ্ট্রের হাতে নিয়ে এসে রাষ্ট্র নিয়ন্ত্রিত কালেক্টিভ কো-অপারেটিভের মারফৎ সমস্ত কাজ কারবার চালাব। এইভাবে অর্থনীতিকে অগ্রসর করে দেওয়ার চেষ্টা, এটা কমিউনিষ্টদের স্বীকৃত নীতি। কিন্তু রবীনবাবু এমন বিকৃত ব্যাখ্যা করে আমাদের সামনে একটা চিত্র ধরবার চেষ্টা করলেন যে আমরা যেন ক্যাপিটালিস্টদের দাস। কিন্তু তিনি ভুলে যাচ্ছেন ক্যাপিটালিস্ট অর্থনীতি যে সমস্ত কলকারখানা সৃষ্টি করছে, তার পাশাপাশি তার থেকেও অনেক বিরাট যে সমস্ত কলকারখানা তৈরি হয়েছে সেগুলি রাষ্ট্রীয় সম্পত্তি, রাষ্ট্র দ্বারা পরিচালিত হচ্ছে এবং রাষ্ট্র তার মালিক অর্থাৎ জনসাধারণ তার মালিক। আর কো-অপারেটিভ, যার মধ্যে দিয়ে বাস্তবিক এই দেশের মংগল সাধিত হতে পারে আমি স্বীকার করব সেই কো-অপারেটিভ এখনও আমাদের দেশে উপযুক্তভাবে প্রসার লাভ করতে পারেনি। আমি অর্থমন্ত্রীর দৃষ্টি এইদিকে আকর্ষণ করব যাতে কো-অপারেটিভের মধ্য দিয়ে নানারকম কলকারখানা বা ব্যবসা বাণিজ্য গড়ে তোলা যায়, যাতে করে ক্যাপিটালিস্টদের যে ক্ষমতা রয়েছে সেই ক্ষমতা সংকুচিত করে বাস্তবিক জনসাধারণের হাতে ক্ষমতা দিতে পারি, শুধু সরকারী আমলাদের হাতে নয়। সেই কো-অপারেটিভের দিকে লক্ষ্য দেওয়ার আরো বিশেষ করে প্রয়োজন আছে বলে আমি অর্থমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করব। আমরা জানি যে আমাদের দেশে বেকার সমস্যা রয়েছে। এই বেকার সমস্যা দূর করতে গেলে যে পরিবেশ সৃষ্টি হওয়া দরকার আজকে সেই পরিবেশ সৃষ্টি করার দিকে কি মাননীয় বিরোধী পক্ষের বন্ধুরা অগ্রসর হয়েছেন? নানাভাবে তাঁরা চেষ্টা করছেন যাতে কলকারখানা বন্ধ হয়ে যায়। তাঁরা চেষ্টা করছেন ক্ষেতে খামারে যাতে উৎপাদন বৃদ্ধি না হয়। কারণ, এতে তাঁদের সুবিধা হয়। দেশে যদি অভাব হয় তাহলে তাঁদের সুবিধা হয়। "এলো মেলো করে দে মা লুটে-পুটে খাই।" এই হচ্ছে তাঁদের নীতি। কাজেই এই নীতির বিরুদ্ধে দাঁড়াতে গেলে আজকে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট উপস্থাপিত করেছেন তার মধ্যে যে গঠনমূলক দৃষ্টিভংগী আছে সে দিকে আমাদের লক্ষ্য দেওয়া দরকার। আমরা কি দেখেছি, আমরা দেখেছি গত বছরে যে সমস্ত ব্যাপারে ব্যয় হ্রাস করা হয়েছিল আজকে সেই সমস্ত ব্যাপারে আমাদের ব্যয় বৃদ্ধি করা প্রয়োজন। সেজন্য শৈলবাবু যে বাজেট পেশ করেছেন তাতে কতকগুলি খাতে যেমন কৃষি, পশুপালন, বন, পূর্ত এই সমস্ত খাতে ব্যয় বৃদ্ধি করা হয়েছে। শিক্ষার ব্যাপারে ব্যয় বৃদ্ধির আয়োজন করা হয়েছে। কাজেই যাতে দেশের উন্নতি হয় সেজন্য গতবারের যদি কোন ত্রুটি থাকে তাহলে সেই ত্রুটিকে সংশোধন করে এই যে ১ বছর বাকি আছে তৃতীয় পরিকল্পনা শেষ হতে সেই পরিকল্পনা সম্পূর্ণ করবার জন্য, তার দৃঢ় ভিত্তির উপর চতুর্থ পরিকল্পনা দাঁড় করবার জন্য যে ব্যয় বৃদ্ধি করা প্রয়োজন শৈলবাবু এখানে সেগুলি উপস্থিত করেছেন। আমি কালকে উপস্থিত ছিলাম না, আমি শুনলাম যে সোমনাথবাবু ব্যয় বৃদ্ধির জন্য খুব ব্যাঙ্গ বিদ্রূপ করেছিলেন। আমাদের দেশে পুলিসের লাল পাগড়ি আর নেই, উনি পুরান অভ্যাস বসে পুলিসের লাল পাগড়ি কথা ভেবেই ক্ষেপে উঠেন। লাল পাগড়ি থাক বা না থাক, আজকে দেশে যদি শান্তি শৃঙ্খলা বজায়

না থাকে তাহলে কোথায় বা থাকবে বিদ্যালয় আর কোথায় বা থাকবে কলকারখানা। আজকে দেশে যদি শিক্ষা ঠিকমত চালাতে হয়, আজকে দেশে যদি কলকারখানা ঠিকমত চালাতে হয়, আজকে যদি ক্ষেতে খামারে ফসল বেশী ফলাতে হয়, আজকে যদি দেশে শান্তি শৃংখলা বজায় রাখতে হয় তাহলে পুলিসের খাতে নিশ্চয়ই বেশী করে বরাদ্দ করা দরকার বলে আমি মনে করি। কারণ, পশ্চিমবংগ একটা প্রত্যন্ত প্রদেশ, এর এক ধারে পাকিস্তান, অন্য দিকে চীনের চক্রান্ত চলেছে। এই রকম অবস্থায় আমাদের দেশের মধ্যে যে সমস্ত বিদেশী চরেরা রয়েছে তারা নানাভাবে চেষ্টা করছে আমাদের দেশকে লণ্ডভণ্ড করে দেওয়ার জন্য। কাজেই পুলিসের খাতে ব্যয় বৃদ্ধি করে শান্তি শৃংখলা বজায় রাখার অর্থ এই যে সংকটের মধ্যে আমাদের দেশের শান্তি শৃংখলা যাতে আরো সুদৃঢ় হয়ে উঠে—সেজন্য একে ব্যংগ বিদ্রূপ করার কোন কারণ দেখছি না। সোমনাথবাবু বলেছেন যে গত দু বছর যুদ্ধ বন্ধ হয়ে গেছে, প্রতিরক্ষার জন্য ব্যয় অনেক বেশী করা হয়েছে। সোমনাথবাবু ভুলে গেছেন যে দক্ষিণ-পূর্ব এশিয়ায় যে অগ্নিগর্ভ পরিস্থিতি হয়েছে তাতে যে কোন মুহূর্তে বিশ্বযুদ্ধের সম্ভাবনা দেখা দিতে পারে।

তিনি কি ভুলে গেছেন চীন তিব্বতে কয়েক ডিভিসন সৈন্য মোতায়েন করেছে? তিনি কি ভুলে গেছেন পাকিস্তানের নব-নির্বাচিত প্রেসিডেণ্ট আয়ুবখান অনেক দম্ভভরে চীনের সংগে হাত মিলিয়েছে এবং তাতে যে কোন মুহূর্তে আমাদের দেশে একটা ভয়ংকর বিপদ আসতে পারে? এই রকম অবস্থা। অতীতে যদি প্রতিরক্ষার জন্য খরচ বেশী না হয়ে থাকে, তাহলে আমি বলবো ভুল করা হয়েছে। একথা ঠিক এ বছর যদি বেশী ব্যয় করা হয়ে থাকে, কিম্বা এই অবস্থায় যদি বেশী ব্যয় বাড়ানো প্রয়োজন হয়, তা বাড়াতে পারলে আমাদের দেশের মংগল হতো, আরো কল্যাণ হতো। আজকে আমরা যে পরিকল্পনা নিয়ে আলোচনা করছি, এই তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনা শেষ হতে চলেছে, সেইজন্য আমি কিছুক্ষণ আগে বলতে চেয়েছিলাম আমাদের এই যে বাজেট হচ্ছে,—এটা একটা যুগসন্ধিক্ষণের বাজেট। এই কারণে যে আমাদের দেশে তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনা শেষ হচ্ছে, এর দৃঢ় ভিত্তির উপর চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রস্তুত করতে হবে। এই চতুর্থ পরিকল্পনার চিন্তাও আমাদের সামনে এসেছে। আমরা আশা করেছিলাম এ পর্যন্ত বাজেট সম্পর্কে যে সব আলোচনা হয়েছে, তার মধ্যে এই চতুর্থ পরিকল্পনার কথার কিছুটা নির্দেশ দেওয়া হবে যাতে আমাদের অর্থমন্ত্রী ভবিষ্যৎ সম্পর্কে চিন্তা করতে পারেন। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় সেই পুরানো দিনের সেই পুরানো সমস্ত যুক্তি—যা এখানে আলোচিত হয়ে গেছে এবং বহু তথ্য দিয়ে সেগুলি প্রতিবাদ করবার চেষ্টা আমরা করেছি,—এখনো বার বার করে সেই সমস্ত শুনিয়ে আমাদের সামনে কি লাভ হচ্ছে তা আমি বুঝতে পারছি না। আমরা যে পরিকল্পনার মধ্য দিয়ে এসেছি, সেই পরিকল্পনা সম্পূর্ণ সমান করতে গেলে কয়েকটা বিষয়ে অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমি একদিকে যেমন সমবায়ের কথা বলেছি, তেমনি পঞ্চায়েতের কথাও উল্লেখ করবো। তিনিও পঞ্চায়েতের কথা উল্লেখ করেছেন। কিন্তু এই পঞ্চায়েতের মধ্য দিয়ে আমাদের দেশে যে নীরব বিপ্লব সাধিত হয়েছে; সেই বিপ্লব ঐ রবিনবাবুদের সরব বিপ্লবও তার কাছাকাছি ঘেঁষতে পারবে না—এই আশা আছে। আজকে গ্রামের মানুষের হাতে যে ক্ষমতা দেওয়া হচ্ছে, গ্রামের প্রতিটি প্রাপ্তবয়স্ক ভোটার গ্রামের উন্নতির জন্য যে সমস্ত গঠনমূলক কার্য করতে পারেন, তার দায়িত্ব তাদের কাছে গিয়ে পড়ছে। সেগুলি যদি আমরা পূর্ণ সফল করে তুলতে পারি, তাহলে একথা ঠিক যে ঐ রবিনবাবুদের বিপ্লবের ভয় আমরা কখনো পাইনি ভবিষ্যতেও পাব না কখনো। আমাদের গণতন্ত্রের বুনিয়াদ এমন মজবুত হবে যে চীনের মত বহিঃশত্রু আজ আমাদের অতিক্রম করলেও দেশের মানুষ নিজেদের প্রাণ দিয়ে নিজেদের দেশকে রক্ষা করবে। তাই বিশ্বাস করি আজ পঞ্চায়েতের মধ্য দিয়ে যে বি-কেন্দ্রিত অর্থনীতি ও দেশের গঠন পদ্ধতি আমরা চিন্তা করেছি, তাকে পরিপূর্ণভাবে কার্যকরী করতে হবে। সে বিষয়ে আমি অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করি।

এর সংগে সংগে বেকার সমস্যা সম্পর্কে যখন কথা হয়েছে, তখন আমি অর্থমন্ত্রীকে দুটি বিষয় বিশেষ জোর দেবার জন্য অনুরোধ জানাই, যদিও আমরা দেখতে পাচ্ছি যে এই বাজেটের মধ্যে কিছু কিছু সেগুলির উল্লেখ করা হয়েছে। যেমন রাজস্ব খাতে ঐ যে ব্যয় হচ্ছে, সেখানেও ঐ সব ব্যয় বৃদ্ধি করা হয়েছে। তার পাশাপাশি বলেছেন কৃষি, পশুপালন, পূর্ত, বন ইত্যাদি

ব্যাপারে যে সমস্ত ব্যয় বৃদ্ধি করা হয়েছে, তার মধ্যে গভীর নলকূপ, জলাধার, সেচ নিকাশী ব্যবস্থা ইত্যাদি রয়েছে, এখানেও কিছুটা বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী অনুসরণ করবার জন্য তাঁকে অনুরোধ করছি।

আমরা হয়ত রাসায়নিক সার তৈরী করবার জন্য নূতন ফ্যাক্টরী তৈরী করলাম কিন্তু সেই রাসায়নিক সার যখন জমিতে ব্যবহার করতে হবে, তখন কতখানি সেই সার সেখানে প্রয়োজন সেই সম্পর্কে কোন বৈজ্ঞানিক তথ্য আমাদের কাছে নাই;—সয়েল ম্যাপ অফ ওয়েষ্ট বেঙ্গল মৃত্তিকা পরীক্ষা করে বিভিন্ন জায়গায়—কোন্ জমিতে কতখানি রাসায়নিক সার দিলে সেখানে উৎপাদন বৃদ্ধি হতে পারে—সেদিক থেকে এখনো কোন ব্যাপক প্রচেষ্টা কিছু নাই।

[3-20—3-30 p.m.]

কাজেই দুর্গাপুর এবং অন্যান্য জায়গায় যদি রাসায়নিক সারের ফ্যাক্টরী তৈরী হয় তাহলে আমি বলব আরও গবেষণাগার, ল্যাবোরেটরী তৈরী করুন এবং প্রতি জেলায়, প্রতি ব্লকে এবং প্রতি এলাকাতে জমিতে কত পরিমান সার প্রয়োজন সেটা বৈজ্ঞানিক দিক থেকে গবেষণা করে সেই অনুসারে যদি কৃষকদের হাতে সার তুলে দেন, তাহলে সারের অপচয় হবেনা এবং রাসায়নিক সার সম্বন্ধে লোকের যে ধারনা আছে যে, বেশী ব্যবহার করলে শেষ পর্যন্ত জমি বন্ধ্যা হয়ে যাবে সেই ধারণাও আর থাকবেনা। আর একটা বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি এবং সেটা হচ্ছে আমাদের অর্থমন্ত্রী গ্রাম উন্দ্যোগের কথা বলেছেন বা ক্ষুদ্র শিল্পের কথা উল্লেখ করে বলেছেন যে সেদিকে আরও জোতদার ব্যবস্থা করা প্রয়োজন। বাস্তবিকই গ্রামগুলি যদি শুধু কৃষির উপর নির্ভর করে থাকে তাহলে বিপদ হবে। কোলকাতা এবং তার আশেপাশে যে অত্যন্ত ভীড় এ সম্বন্ধে আমি সোমনাথবাবুর সংগে একমত—তাঁর বক্তৃতার সারাংশ আমি সংবাদপত্রে দেখেছি। কোলকাতার আশেপাশে কলকারখানাগুলো সীমাবদ্ধ না রেখে পশ্চিমবাংলা বিভিন্ন জায়গায় সেগুলো ছড়িয়ে দেওয়া দরকার এবং কৃষিতে যে উৎপাদন হচ্ছে তার সংগে সঙ্গতি রেখে কিভাবে কলকারখানা করা যায় এবং গ্রামাঞ্চল থেকে সেগুলি কিভাবে পরিচালনা করা যায় সেদিকে আমাদের গবেষণা করা দরকার এবং একটা পরিকল্পনা করা দরকার। তারপর ক্ষুদ্র শিল্পের ক্ষেত্রে আমরা দেখছি ক্ষুদ্র শিল্পে যাঁরা ব্রতী হয়েছেন তাঁরা এরকম অভিযোগ করেন যে তাঁরা ঠিক সময় মত পার্মিট, লাইসেন্স, অর্থ সাহায্য পাননা এবং তার ফলে তাদের কাজের অসুবিধা হয়। আমার বক্তব্য হচ্ছে যাঁরা পথ-প্রদর্শক হিসেবে এই সমস্ত কাজে ব্রতী হয়েছেন তাঁরা এই সমস্ত ত্রুটির জন্য যদি পিছিয়ে যান তাহলে আমাদের অর্থনৈতিক অগ্রগতি পিছিয়ে যাবে। কাজেই যে সমস্ত ত্রুটি বিচ্যুতি আছে সেগুলির আশু নিরাময় করা দরকার। তারপর মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা জানি আমাদের দেশে দুঃখ দুর্দশা আছে, বরং অনেক জায়গায় বেড়ে যাচ্ছে এবং কেউ একথা বলেনি যে আমরা দুঃখ দুর্দশার উর্ধে উঠেছি। আজকে আমাদের বিবেচনা করে দেখা দরকার যে, কেন আমাদের দুঃখ দুর্দশা বেড়ে যাচ্ছে, কেন আমাদের অগ্রগতি শ্লথ হচ্ছে। শৈলবাবু এই বাজেটে অনেকবার বলবার চেষ্টা করেছেন যে আমাদের জনসংখ্যা বহু পরিমানে বেড়ে গেছে, চীনের আক্রমন, পাকিস্তানী শত্রু এবং নূতন উদ্বাস্তু আগমনের জন্য আমাদের অতিক্রম করতে হচ্ছে। এগুলি হেসে উড়িয়ে দেবার নয় এবং এগুলি আমাদের অতিক্রম করতে হবে। আমি জোর দিয়ে বলতে পারি, এই রকম বাধা বিপত্তি যদি অন্য দেশে হোত তাহলে তাদের অর্থনীতি ভেঙ্গে চুরমার হয়ে যেত। তবে আমাদের পশ্চিমবাংলার অর্থনীতি ঠুনকো নয়, বরং এর বনিয়াদ অত্যন্ত দৃঢ় আছে বলেই এত ঝড়-ঝাপটা থাকা সত্বেও দেশকে উন্নতির পথে নিয়ে যাচ্ছে। পশ্চিমবাংলা যদি একটা খারাপ রাজ্য হোত তাহলে অন্যান্য রাজ্য থেকে লক্ষ লক্ষ মানুষ কেন এখানে ছুটে আসছে? এছাড়া, নিখিলবাবুর সংগে আমি একমত হতে পারছিনা—তিনি বলেছেন, শৈলবাবুর শৈল সদৃশ ব্যর্থতা। কিন্তু আমি বলব, শৈলসুতা আর্থিক স্রোতস্বিনীর কারনে পশ্চিমবাংলা পুষ্ট হবে। একথা বলে, এই বাজেট সমর্থন করে আমি বক্তব্য শেষ করছি।

Shri Kamal Kanti Guha:

মাননীয় স্পীকার মহাশয়, প্রতাপবাবু রবীনবাবুকে ব্যঙ্গ করেছেন, এবং তাঁর বক্তব্য নাটকীয়ভাবে রেখেছেন। প্রতাপবাবুর বক্তৃতা শুনে আমার মুচিরাম গড়ের কথাই মনে হয়। মুচিরাম গড়েকে যে রকম প্রমটার বলতেন অন্য রকম অভিনয় করতেন, বঙ্কিমবাবু যা লিখেছে তাতে আমরা এটা জানতে পারি। আমাদের প্রতাপবাবুর কথাশুনে আমাদের মুচিরাম গুড়ের কথা মনে পড়ে। প্রতাপবাবু বললেন, যদি শুনলাম রবীনবাবুর পার্লামেন্ট যাওয়া দরকার যেহেতু সর্বভারতীয় সমস্যা নিয়ে বলেছেন। কিন্তু প্রতাপবাবু শেষ পর্য্যন্ত সেই পথেই পা বাড়িয়েছেন। না বাড়িয়ে উপায় ছিল না। ডিলিমিটেশন কমিটি তাঁর এলেকা উড়িয়ে দিয়েছেন। যাই হোক প্রতাপবাবু বলেছেন পঞ্চায়েৎ ব্যবস্থার মাধ্যমে গ্রামে বিপ্লব এসেছে। বাংলাদেশের তাতে উন্নতি হবে তিনি আশা প্রকাশ করেছেন। কিন্তু প্রতাপবাবুকে আমার কথা, রবীনবাবুর কথা বা বিরোধী পক্ষের বন্ধুদের কথা শুনতে বলছিনা। প্রতাপবাবু যদি যুগান্তরে তারাশংকরের "গামের চিঠি" মাঝে মাঝে পড়তেন এবং বসুমতীতে কৃষির কথা যদি পড়তেন তাহলে দেখতে পারতেন সেখান থেকে দিনের পর দিন কি ছবি ফুটে উঠছে। গ্রামে পঞ্চায়েৎ হবার পর তারাশংকরবাবু বলেছেন গ্রামে গ্রামে আমরা ক্ষুদে কর্পোরেশন চাই না। তিনি দেখিয়েছেন পঞ্চায়েৎ হওয়ার পর সেই জায়গায় যেমন শৈলবাবু এবং অন্যান্য কংগ্রেসীরা রাইটার্স বিলডিং-এ পোল্টটেড হয়ে টাকা পয়সা লুট করেন তেমনি তারই ছোট সংস্করণ এরা গ্রামে ছড়িয়ে দিচ্ছেন। কাজেই আশা প্রকাশ করার কিছু নেই। প্রতাপবাবু বলেছেন আমাদের প্রাইভেট সেক্টরে-এর পাশাপাশি পাবলিক সেক্টর গড়ে তোলা উচিত কিন্তু তিনি পাবেন না পাবলিক সেক্টার গড়ে তোলা হচ্ছে আগামী ভারতবর্ষের সমাজতন্ত্র গঠন করার জন্য নয় আগামী ভারতবর্ষের মানুষ যাতে সমাজতন্ত্রের প্রতি বিরূপ হয়ে উঠে সেজন্য প্রাইভেট সেক্টর সুকৌশলে গড়ে তোলা হয়েছে কারণ আপনি দেখবেন পাবলিক সেক্টর-এ দিনের পর দিন লোকসান বেড়ে যাচ্ছে, এমন অব্যবস্থা হয়েছে যে লোকে আজকাল বলেছে প্রাইভেট সেক্টর ভাল যেমন গ্রামের অনেক লোক বলে না খেতে পেয়ে ইংরেজ ভাল ছিল। একথা যেমন ঠিক নয় ইংরেজ ভাল ছিল তেমনি একথাও ঠিক নয় যে প্রাইভেট সেক্টর ভাল। আপনি স্যার দিনাজপুরের বন্ধুদের কাছে শুনবেন, মালদহের বন্ধুদের কাছে শুনবেন উত্তরবঙ্গে যে সরকারী পরিবহণ ব্যবস্থা আছে তাকে উত্তরবঙ্গের প্রতিটি মানুষ অভিসম্পাত দিচ্ছে। এ বিষয়ে কোনরূপ সুব্যবস্থা নাই। বাস ভেঙ্গে পড়ে থাকে, পার্টস থাকেনা যাত্রীদের কত অসুবিধা হচ্ছে, এই সমস্ত অব্যবস্থার জন্য আজকে লোক পাবলিক সেক্টর-এর প্রতি বিরূপ হয়ে উঠেছে। এ'রা এরূপ করছেন যাতে ভারতবর্ষের মানুষ সমাজতন্ত্রের কথা না বলেন। যে বাজেট আমাদের সামনে পেশ করেছেন সেই বাজেট সম্বন্ধে আমি দুই একটি কথা বলতে চাই। শৈলবাবু আমাদের কাছে তার বক্তব্য রাখতে গিয়ে বলেছেন, তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার সাফল্য সম্বন্ধে তিনি একটা ফিরিস্তি দিয়েছেন। তিনি বলেছেন ১৯৬৬ সালে আমরা কোন্ লক্ষ্য স্থলে পৌঁছাব। কিন্তু তাঁকে আমি জিজ্ঞাসা করতে চাই, ১৯৬৫ সালে আমরা কতখানি এসে পৌঁছেছি সেটা কেন বললেন না। আজকে তিনি আমাদের বলে গেলেন ১৯৬৬ সালে টারগেট এর কোথায় এ পৌঁছাবেন সেই হিসাবের তিনি অবতারণা করেছেন। এরকম যে অসৎমন্ত্রী হতে পারে সেটা আমার ধারণা ছিলনা। কেন তিনি আমাদের বললেন না আজ পর্যন্ত আমরা কোথায় পৌঁছেছি! উনারই হিসাব যদি দেখা যায় ১৯৬৬ সালে কোথায় গিয়ে পৌঁছাব তাতে দেখা যাবে তৃতীয় পরিকল্পনার যে লক্ষ্যস্থল মাত্র শতকরা ৮৮ ভাগ সাফল্যমণ্ডিত হবে। অর্থাৎ তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যে ২৫০ কোটি টাকা বরাদ্দ ছিল সেই ২৫০ কোটিতে কুলোবেনা ফলে তৃতীয় পরিকল্পনার শেষে ৩১০ কোটি টাকা খরচ হবে। ২৫০ কোটির যে পরিকল্পনা ছিল তৃতীয় পাঁচশালা পরিকল্পনা, তার সেণ্ট পারসেণ্ট লক্ষ্যে আমরা পৌঁছুতে পারব না ৮৮ পারসেণ্ট ভাগে পৌঁছাব এবং তাও আবার ২৫০ কোটিতে কুলোবেনা ৩১০ কোটি টাকা লাগবে। অর্থাৎ আমাদের খরচ বাড়ল ৪৪ পারসেন্ট। আমি জিজ্ঞাসা করতে চাই মাননীয় মন্ত্রীমহাশয়কে এই সহজ কথাটা কি মাননীয় সদস্যদের কাছে উপস্থিত করেছেন? আমি আমাদের বামপন্থীদের

কথা বলছিনা, আমরা সেটা বুঝে নেব, লোকসান খতিয়ে নেবো কিন্তু কংগ্রেসের যারা বশম্বদ পোঁ ধরা তাদেরওতো আপনি তৃতীয় পাঁচশালা পরিকল্পনার কোথায় ফাঁকি, কোথায় কারচুপি সেটা বুঝান নি।

শৈলবাবু যে বাজেট রেখেছেন তাতে দেখছি কৃষিখাতে ৯৯ লক্ষ টাকা খরচ করতে পারেননি। এখন প্রশ্ন হচ্ছে এদিকে সবাই বলছেন যে বাংলাদেশকে খাদ্যে স্বয়ং সম্পূর্ণ হতে হবে। প্রতাপবাবু বলেছেন গ্রামে গ্রামে উৎপাদন কমিয়ে দিচ্ছি।

[3-30—3-55 p.m.]

তা না করলে লুটপুটে খাবার অসুবিধা হচ্ছে। কিন্তু আপনি জানেন, আপনি চিন্তা করে দেখুন লুটপাট করে খাবার সুযোগ বা হাতিয়ার কাদের হাতে রয়েছে। কাজেই আজকে কৃষকরা যাতে সার না পায়, জলসেচের ব্যবস্থা না হয়, গরু মরে গেলে যাতে গরু কিনতে না পারে তারজন্য নানারকম অব্যবস্থা গঠন করা হয়েছে এবং নানারকম জটিলতা সৃষ্টি করা হয়েছে। কৃষি বিভাগের মধ্যে যার জন্য ৯৯ লক্ষ টাকা গরীব কৃষক পায়নি। আপনি শুনলে অবাক হবেন যে কৃষি ঋণের জন্য, বীজের জন্য, সারের জন্য দরখাস্ত করলে মরসুম পার হয়ে যাবার পর তাঁরা তদন্ত করতে আসেন। এই হচ্ছে আসল অবস্থা। তারপর গ্রামে গ্রামে ডেভেলপমেন্ট অফিস গুলো করা হয়েছে, বি, ডি, ও-গুলি করা হয়েছে তাদের অবস্থা কি? আগে কৃষকদের জলসেচের জন্য এস, ডি, ও, ডি, এম-এর কাছে গিয়ে তাদের দাবী-দাওয়া পেশ করত, কিন্তু আজকাল দিতে হবে অধ্যক্ষের কাছে। অধ্যক্ষ বলবেন গ্রামসেবক আছেন, অথচ এই গ্রামসেবকদের চরিত্র জানা দরকার। আজকে যতই পল্লী বাংলার উন্নতি করার চেষ্টা করুন সমস্ত কিছু ফাঁক হয়ে যাবে। গ্রাম সেবক না বলে এদের গ্রামশোষক বলুন। এরা কি কাজ করে কেউ জানেন না। এদের সঙ্গে গ্রামের মানুষের আত্মিক যোগাযোগ নেই। লক্ষ্য করে দেখছি যে আপনি যেদিন থেকে বাজেট পেশ করছেন সেদিন থেকে রবীন্দ্রনাথের কবিতা পড়ছেন—মনে হচ্ছে যেন আপনার বাজেট বক্তৃতার সঙ্গে সঙ্গে বাংলাদেশের মানুষ গলে জল হয়ে গেল। কিন্তু বলছি আত্মিক কোন যোগাযোগ নেই। কাজেই দেখা যাচ্ছে যে এমন অবস্থা হয়েছে যে ৯৯ লক্ষ টাকা আপনারা খরচ করতে পারলেন না। তারপর কুটির শিল্পের সঙ্গে গ্রামের লোকের যোগাযোগ খুব বেশী। কুটির শিল্পের জন্য আমাদের তরুণ মন্ত্রী গৌরাঙ্গ করে নেচে নেচে বেড়াচ্ছেন। কুটির শিল্পের অব্যবস্থার জন্য গ্রামের মধ্যে যে সমস্ত কুটির শিল্প কোনমতে খুঁড়িয়ে খুঁড়িয়ে চলছিল সেগুলি ধ্বংস হতে চলেছে। স্বাধীনতা আন্দোলনের সময় বলেছিলাম যে কুটির শিল্প হচ্ছে ভারতবর্ষের প্রাণ - অথচ তারজন্য ব্যবস্থা করা হচ্ছে না। সব শেষে বলতে চাই, দুর্ভিক্ষ ত্রাণ খাতে ২ কোটি ৬২ লক্ষ টাকা বেশী খরচ হয়েছে—এটা লজ্জার কথা। এই একটি খাত দেখলেই বোঝা যাবে যে আজ বাংলাদেশের মানুষকে ২ কে, জি, গম ও এক টাকার জন্য ধর্না দিতে হচ্ছে। এটা আপনাদের পক্ষে লজ্জার কথা। গত বছর এমন কোন বন্যা, ভূমিকম্প বাংলাদেশে হয়নি যারজন্য বেশী করে দুর্ভিক্ষ ত্রাণ খাতে ব্যয় হবে। গত বছর একটা জিনিস হয়েছিল যে দুর্ভিক্ষের মধ্যে মানুষকে ঠেলে দিয়ে চোরাকারবারী, চালকলের মালিকদের অতিলালসা বাড়িয়েছিলেন এবং সেখানে গ্রামের মধ্যে লোককে ২ কে, জি, গম ও এক টাকা করে দিয়ে বলছেন সরকার সব ব্যবস্থা করেছেন। ২ কে, জি করে গম ১৫ দিন অন্তর দেওয়া হচ্ছে। এটা মোটেই সমাজতন্ত্র নয়, এটাতে সরকারের দরদী চরিত্র ফুটে ওঠে না। একদিকে মানুষকে লালসার মধ্যে ঠেলে দিচ্ছেন, তাদের বেশী দামে চাল, তেল কিনতে বাধ্য করাচ্ছেন, আর একদিকে সাহায্য দিচ্ছেন। কিন্তু এইভাবে দেশের মানুষের মেরুদণ্ড সবল করা যায় না এবং দুর্ভিক্ষ ত্রাণ খাতে যে বেশী টাকা খরচ হয়েছে তারজন্যও ধন্যবাদ দেওয়া যায় না। আমি বলছি যদি তদন্ত কমিশন বসান যায় তাহলে দেখবেন দুর্ভিক্ষ ত্রাণ খাতে যে টাকা বরাদ্দ হয় তার ৫০ পার্সেন্ট চলে যায় চোরাকারবারীদের হাতে।

[At this stage the House was adjourned for 20 minutes.]

[After adjournment]

[3-55—4-5 p.m.]

Shri Aswini Roy:

মাননীয় চেয়ারম্যান স্যার, আপনার মাধ্যমে বাজেটের সাধারণ বক্তব্য রাখতে গিয়ে প্রথমেই মাননীয় সদস্য ডাঃ চন্দ্রর একটা কথা মনে পড়ছে। তিনি আসল কথা বলতে গিয়ে শেষ কালে উল্টে নিলেন, প্রথমে যখন আরম্ভ করেছিলেন তখন তিনি বলেছিলেন পরিকল্পনার ত্রুটি-বিচ্যুতির কথা ইত্যাদি বলেই আরম্ভ করেছিলেন. কিন্তু পরে যখন আরম্ভ করলেন তখন বললেন যে আমরা একটা যুগসন্ধিক্ষণে পৌঁছেছি। এখন কথাটা এ দিক থেকে আংশিক সত্য। এই ৩য় পরিকল্পনার আয়ুষ্কাল শেষ হচ্ছে ৪র্থ পরিকল্পনা আসছে। এরূপ একটা সন্ধিক্ষণে আমরা পৌঁচেছি, তার পরিপ্রেক্ষিতে যদি বিচার করতে হয় তাহলে ৩য় পরিকল্পনায় যে সমস্ত কাজ করার কথা ছিল. সেগুলি একটু আলোচনা করা দরকার। সেজন্য প্রথমে বলি মানুষের স্বাভাবিক যেটা দরকার বা মৌলিক যেটা প্রয়োজনীয়তা আছে সেটা হচ্ছে খাদ্য। সেজন্য খাদ্যের ব্যাপারে দেখা যাচ্ছে যে আমরা কোথায় পৌঁছেছি। গত বৎসর শৈলবাবু বাজেটে একটা কথা বলেছিলেন তাঁর বাজেট বক্তৃতায় মূলধনী ব্যয় যেখানে আছে সেখানে তিনি বলেছেন যে খাদ্যশস্য সংগ্রহের জন্য অধিকতর ব্যয়বশতঃ সরকারী ব্যবসা পরিকল্পিত মূলধন নিয়োগখাতে ৫ কোটী ৪৫ লক্ষ টাকা ব্যয় বৃদ্ধি। এখন এটা তিনি গত বাজেটে করেছেন আর এই সরকারী ব্যবসার ক্ষেত্রে, আমাদের ধারনা ছিল যে আমরা বহুদিন ধরে যার জন্য আন্দোলন করেছি সেই খাদ্যশস্যের পাইকারী ব্যবসায় সরকার নেবেন এবং সেজন্য ৩ কোটী ৫০ লক্ষ টাকা ব্যয় বরাদ্দ করেছিলেন কিন্তু খাদ্যশস্যের পাইকারী ব্যবসায় তাঁরা নিলেন না, তাঁরা মিলের উপর শতকরা ৫০ ভাগ লেভী করলেন। সেই লেভী সমস্ত আদায় হল না অথচ টাকা ব্যয় হল, কিসের জন্য হল না? যখন তাঁরা খাদ্যশষ্য সংগ্রহ করতে পারলেন না তখন গ্রামাঞ্চলে খাদ্যশষ্য সংগ্রহের জন্য তাঁরা একটা ড্রাইভ নিলেন। সেখানে ম্যাজিস্ট্রেট থেকে আরম্ভ করে আদালতের হাকিমরা তাদের আদালতের কাজকর্ম বন্ধ করে রেখে মাঝারি: স্বচ্ছল চাষীর কাছ থেকে কিছু কিছু ধান সিজ্ করলেন। কিন্তু বড় বড় যারা রাঘব বোয়াল তাদের হাত দিলেন না। কাজেই ৩ কোটী ৫০ লক্ষ টাকা খরচ করে যেটা তাঁদের প্রকিওর করবার কথা ছিল সেটা পারলেন না, তার ফলে কলকাতায় খাদ্যসংকট ব্যাপকভাবে দেখা দিল, এম আর-এর যে প্রতিশ্রুতি ছিল সেটা দিতে পারলেন না। গমের বদলে আটার যেটা প্রতিশ্রুতি ছিল ১ সের করে সেটাও দিতে পারলেন না। আমি জানি বর্ধমান সহরে ১ সের করে চাল ও গম পাওয়া যায় নাই এভাবে ব্যবস্থা তাঁরা করলেন এবং চরম খাদ্যসংকটের মধ্যে সাধারণ মানুষকে ফেলে দিলেন। আমার বক্তব্য যে আগামী বছর তাঁরা খাদ্য সম্পর্কে কি করেছেন, সেটা জানা দরকার। এই বছরও ও'রা ৬ কোটি ৫০ লক্ষ টাকার অধিক ব্যয়ের কথা বলেছেন, তাহলে স্বাভাবিকভাবে প্রশ্ন ওঠে, অধিক ব্যয় যখন করছেন, তখন এবারে খাদ্য সমস্যার সমাধান করতে পারবেন, কিন্তু করলেন কি? খাদ্যশস্যের পাইকারী ব্যবসায় সেটা হাতে নিচ্ছেন না, এবারে আবার ৫০ ভাগ লেভী করলেন, এবং এই লেভীর ফলে, আজকে আমাদের মাননীয় স্মরজিৎ বন্দোপাধ্যায় মহাশয় জানালেন যে ফেব্রুয়ারী মাস পর্যন্ত -যেখানে গ্রামের খবর নিলে দেখা যাবে যে অধিকাংশ ধান বেরিয়ে গেছে. সেই সময়ের মধ্যে ও'রা ৩॥ লক্ষ ৪ লক্ষ টন, যেটা সংগ্রহ করবেন বলছেন, তার মধ্যে মাত্র ৫৭ হাজার কি ৫৮ হাজার এ'রা সংগ্রহ করতে পেরেছেন। তাহলে অধিক ধান যেখানে বেরিয়ে গেল, ও'রা অন্তত পক্ষে ৮ ভাগের ১ ভাগ আজ পর্যন্ত সংগ্রহ করতে পারলেন না। এখন এই করতে না পারার ফলে ও'রা যে দায়িত্বের কথা বলছেন, যে কলিকাতা শহরে আমরা রেশনিং ব্যবস্থাটাকে চালু রাখবো. চালু হয়তো থাকতে পারে, কিন্তু এই কলিকাতায় রেশনিং ব্যবস্থার মধ্যে কি ব্যাপারটা রয়েছে? যে সাধারণ মানুষকে ১২ আউন্সের বেশী আর দেওয়া যাবে না। প্রত্যেক বাড়ীতে যদি ঘুরে ঘুরে খবর নেওয়া যায়, তাহলে দেখা যাবে যে যাদের বাড়ীতে ৫ জন করে লোক আছে, সেই ৫ জন লোকের জন্য তাদের প্রত্যেকের মাথাপিছু ২ আউন্স করে অন্তত কম আমরা দিচ্ছি। কাজেই এই ২ আউন্স তাদের সংগ্রহ করতে হবে, সংগ্রহ কোথা থেকে তারা করবে?

[4-5—4-15 p.m.]

বহুদিন থেকে সংগ্রহ করবার যে পদ্ধতি চলে আসছে ঐ যে চোরাবাজার, সেই চোরাবাজারই কিন্তু কলকাতা সহরে থাকবে বা আছে। কাজেই ২ আউন্স সংগ্রহ করতে গেলে, সেই চোরা-বাজার থেকে আসবে? না ৫০ ভাগ লেভী করেছেন বাকি ৫০ ভাগ কোথায় যাবে? মিলওয়া-লারা বেশী দামে এই কলকাতা শহরে বিক্রি করবেন এবং সেইজন্য এই যে কলকাতার পৌর এলা-কার বাইরে থেকে আজকে ঐ হাওড়া হুগলির বিভিন্ন জায়গায় এসে সেখানে মজুৎ হচ্ছে লরী করে। সেই সমস্ত চাল সেখানে রাতের অন্ধকারে পুলিশকে ১০ টাকা করে লরী পিছু ঘুষ দিয়ে সেই চাল নিয়ে আসবে এবং কলকাতার লোককে খাওয়াবে। কাজেই উনি কথাটা ঠিকই বলেছেন যে সংকটময় মুহূর্তে এসেছি, সংকটটা কোন দিকে? খাদ্য ব্যবস্থায় সংকট একটা দেখা যাচ্ছে। এই যে রেশনিং আপনারা করলেন তার ফল কি হল? চোরাবাজার বন্ধ হল? দুর্নীতি বন্ধ হল? আমার বাস্তব অভিজ্ঞতা থেকে বলছি যে ২৫এ জানুয়ারী আমি বর্ধমান থেকে লোকাল ট্রেন-এ আসছিলাম, বর্ধমান জেলা পার হবার পরই দেখা গেল ২০।২৫ জন ছাত্র, ১১ থেকে ১৩ বছর বয়স সবাই স্কুল-এর ছাত্র সন্ত্রস্ত হয়ে গাড়ীর কামরায় বসে আছে। গাড়ীর কামরার নীচে একটা করে পুটলি, প্রফুল্লবাবু সেদিন বলেছিলেন যে জানুয়ারী মাস পর্যন্ত ৫ কে, জি করে লোক চাল আনতে পারবে, এখন সেই চাল তারা নিয়ে আসছে, পেছনে তাদের এনফোর্সমেন্ট পুলিস, তারা বলছে একটা করে টাকা দাও তা নাহলে ঐ ৫ কে, জি চাল ছিনিয়ে নেবো। এই যে ছেলেরা, চাল নিয়ে আসছে এরা কারা আমি জানি, আপনি খোঁজ নেবেন, আমি এদের পরিচয় বলছি। আপনাদের তো ডিটেকটিভ, ডি, আই বি, স্পেশাল ব্রাঞ্চ অনেক কিছু আছে খোঁজ করবেন, এদের নাম বলছি তপন দত্ত, বয়স ১১, অষ্টম শ্রেণীর ছাত্র, নিরোধ মণ্ডল, নবম শ্রেণীতে পড়ে, চরণজিৎ বর্মন, সপ্তম শ্রেণীতে পড়ে, এই ধরনের ২০-২৫ জন ছাত্র চাল নিয়ে আসছে, তাদের বাড়ীতে যে চাহিদা মডিফায়েড রেশনিং-এ সেই চাহিদা মেটে না, কাজেই তাদের এইরকম ভাবে নিয়ে আসতে হয়। কোন কোন স্কুল-এ এরা পড়ে: রিষড়া হাই স্কুল, ব্রহ্মানন্দ কেশব চন্দ্র ইন্সটিটিউশনে, খোঁজ নেবেন এরা কি করে? এদের স্কুল-এর পড়া ছেড়ে দিয়ে প্রতি অলটারনেটিভ ডে, মানে ১দিন বাদ দিয়ে তাদের সংসারের জন্য চাল তাদের সংসারের জন্য চাল আনতে হয় এবং ১১টার সময় তারা যায় এবং সন্ধ্যা ৫টার সময় ফেরে, কাজেই ভবিষ্যতে যারা জাতি গঠন করবে, তাদের মধ্যে আমরা আজ কিভাবে, দুর্নীতিটা এখন থেকে, এই ১১ বছর বয়স থেকে আরম্ভ করিয়ে দিচ্ছি, এটা একটু ভেবে দেখুন। এখন দুর্নীতি তো একটা নয় বহু আছে, কাজেই ভাববার প্রশ্নটা ওঠে না। আপনাদের এটা ভাবতে বলছি কারন কালকে মাননীয় অজয়বাবু একটা কথা বলেছিলেন দেশের উন্নতি হচ্ছে, দুর্নী-তিরও একটা উন্নতি হচ্ছে, সেইজন্য আমি যে সংখ্যা তত্ত্ব দিচ্ছি সোস্যালিষ্ট কংগ্রেসমেন আপনাদেরই কাগজ, তার থেকে। ১৯৫৯ সালে যেখানে দুর্নীতির সংখ্যা ছিল ১০ হাজার ৬৪৯ শত আজকে ১৯৬৩-৬৪ সালে ৩০ হাজার ৯৫৬ শত হয়েছে, কাজেই দুর্নীতির রেটটা বেড়ে যাচ্ছে এটাও একটা অগ্রগতি, এখন অজয়বাবু কাল বলেছিলেন, আপনারা দুর্মুখ, আমাদের সমালোচনা করেন কিন্তু সোভিয়েট রাশিয়ার প্রধানমন্ত্রী ক্রুশ্চেভ সাহেব কত প্রশংসা আমা-দের করে গেলেন, এখন ক্রুশ্চেভ সাহেব, একটা দেশ গড়ে উঠছে—অবশ্য জবাবটা কাল দেওয়া হয়েছিল—ক্রুশ্চেভ এসেছেন, তিনি বলেছেন যে আপনাদের দেশ এগোচ্ছে, কিন্তু তাঁকে তো কলকাতা শহরের এই রেশন কার্ড-এর জন্য ৫ দিন ঘুরতে হয় না বা কলকাতায় যখন ৩·৯০ নঃ পঃ তেলের দাম বাঁধলেন তখন ক্রুশ্চেভ সাহেবকে এসে লাইন দিতে হয়নি, কাজেই তিনি বলেছেন। আপনাদের এই সমস্ত পুস্তিকার মাধ্যমে বলেছেন কিন্তু আমরা তো এটা বলতে পারি না, শুধু তাই নয় মাননীয় অজয়বাবু যদি ক্রুশ্চেভ সাহেবের একটা কথা বলতেন, তাহলে বুঝতাম তিনি সম্পূর্ণ কথাটা বলেছেন। তিনি বলেছিলেন আপনাদের তাজমহল দেখলাম যেটা সম্রাট সাজাহান গড়ে গেছেন কিন্তু তাজমহলের ইঁট তৈরীর কাজ থেকে আরম্ভ করে যে সমস্ত শিল্পী করে গেছিলেন তাদের নাম নেই, নাম আছে আপনাদের সম্রাট সাজাহানের। সেইজন্যে আজকে ভবিষ্যতে যারা জাতি গঠন করবে, এই শিক্ষক যারা ৬।৭ দিন ধরে এখানে স্কোয়াটিং করছেন এবং যারা জাতিকে গড়বে তাদের সঙ্গে কথা বলে আলাপ আলোচনা করে একটা মিমাংসা করা, সে সম্বন্ধে দেখা যাচ্ছে শৈলবাবুর নজরও নেই বরং ঔদ্ধত্য এবং দম্ভভরে বলেছেন, তাঁরা এখানে আসুন, সোভিয়েট রাশিয়ায় জাতির সংগঠকদের একটা মান আছে, মর্যাদা

আছে, সেখানে একজন ডক্টরকে ২০০ রুবল কম দেয় অথচ এই শিক্ষকদের আরও মাইনে বেশী দেয় ১,৫০০ রুবল-এর নীচে কোনও শিক্ষক নেই। এবং যে ঔদ্ধত্যভরে শৈলবাবু এবং রবীনবাবু যে কথা বলেছেন—সিন্‌হা মহাশয় যেটা বলছেন যে তাঁরা আসুন, সেখানে গেলে দেখতে পাবেন ক্রুশ্চেভ মহাশয় একজন প্রাইমারী শিক্ষক গেলে উঠে দাঁড়ান, এই রকম ঔদ্ধত্য বা দাম্ভিকতার সংগে বলেন না। কাজেই সমস্ত সমাজটা দুর্নীতিতে ভরা বা দুর্নীতির পথে এগিয়ে যাচ্ছে। এ'দের কাছে মানুষের মর্যাদা বা জাতি গঠনের মর্যাদার কোনও প্রশ্ন ওঠে না। কাজেই আমি বলবো যে যুগ সন্ধিক্ষণ নয়, তৃতীয় পরিকল্পনার নাভিশ্বাস উঠেছে একে কোরামিন দিয়ে বা অন্য কোন উপায়ে রাখা যাবে না, বাঁচান যাবে না। কাজেই আমাদের নূতন করে ভাবতে হবে যেটা মাননীয় সদস্য ব'লে গেছেন যে চতুর্থ পরিকল্পনা আসছে, সে সম্পর্কে আমাদের কাজের বিশ্লেষণ করা উচিৎ। কোনও একটা জিনিস করতে গেলে, তার আগেকার যে সমস্ত ফেলিওর বা ব্যর্থতা—সেগুলো মূল্যায়ন না করে নূতন পরিকল্পনা করতে গেলে সে পরিকল্পনায় ব্যর্থতা আসবে। যাহ'ক সেটা আপনারা বিচার করবেন। তখন উনি একটা কথা বলে গেলেন, সমবায়ের কথা। শৈলবাবু ভাল কথা বলেছেন, তাহলে এগ্রিকালচারাল প্রোডাকশন্ সম্বন্ধে কি করবেন এবং তাতে একটা ইমপ্রুভড্ প্র্যাকটিসের কথা বলেছেন—নিবিড় ধান চাষের কথা। আমি সেই জেলার লোক, আমি জানি যে বর্ধমান জেলায় উৎপাদন বেড়েছে একথাটা সত্য নয়। এবং সেভাবে আপনারা হিসাবটা করে বলেন একর প্রতি ৫ মন বেড়েছে এবং বছরের শেষে যখন আসে তখন দেখা যায় বাড়েনি। তিনি বলেছেন ইমপ্রুভড্ প্র্যাকটিসের ভেতর দিয়ে এটা চলবে—এটা তো চলবে কিন্তু এটা ব্যর্থ হয়ে যাচ্ছে। আর একটা কথা উনি বলেছেন page 22 of the Fourth Five-Year Plan memorandum:

সেখানে বলেছেন

"The most important of these supporting programmes is the provision of credit, supplies and services as well processing, warehousing and marketing of the produce. Much of this will be arranged through the co-operative organisation."

এখানে ধান কো-অপারেটিভ অর্গানাইজেশনের কথা বলতে গিয়ে বল্লেন না। কাজেই এ সম্পর্কে আমাকে একটু বলতে হবে।

উনি এখানে কো-অপারেটিভ অর্গানাইজেসনের কথা বল্লেন না—কাজেই আমাকে এ সম্পর্কে একটু বলতে হবে। এখন এই কো-অপারেটিভ অর্গানাইজেসন যেভাবে এই কো-অপারেটিভ বিলটা নিয়ে আসছেন আপনাদের চতুর্থ পরিকল্পনায় যেখানে কো-অপারেটিভকে মূল করছেন সেখানে উনি কি করছেন—বিল একটা এসেছিল কিছু দিন আগে—কিন্তু সেখানে যে মৌলিক পরিবর্তনের দরকার সেই মৌলিক পরিবর্তনের কথা কিছু থাকছে না। যেমন ক্রেডিটের কথাটা যদি ধরা যায় তাহলে রিজার্ভ ব্যাংক অব ইণ্ডিয়া সার্ভে করে যেটা বের করেছেন—সেটাতে বলছে যে ১৯৫২ সাল থেকে ১৯৫৮ সালের মধ্যে একটা পার্থক্য ঘটেছে। সেটা কি ১৯৫২ সালে যেখানে দুই ভাগ কো-অপারেটিভ থেকে ঋণ পাওয়া যেতো সেখানে ১২ ভাগ হয়েছে। আবার যারা প্রফেসনাল মানি লেণ্ডার ছিলেন তাদের ক্ষেত্রে কমেছে—কমে আবার নূতন একটা শ্রেণী গ্রামাঞ্চলে তৈরী হয়েছে—যেটা বলছেন এগ্রিকালচারাল মানি লেণ্ডার এবং তার পারসেন্টেজ বেড়েছে ২৮ ভাগ। কাজেই এ সম্পর্কে ও'রা কিছু করছেন না—এটা আমার নিজের কোন বক্তব্য নয়—এটা রিজার্ভ ব্যাংক অব ইণ্ডিয়ার বুলেটিন—এই বুলেটিন কো-অপারেটিভ সম্পর্কে একটা বক্তব্য তারা বলে গেছেন—প্রথমে তারা বলছেন যে

Structural change in the credit.

এবং সেখানে বলছেন দুটো ব্রাঞ্চকে চেঞ্জ করতে হবে একটা হচ্ছে লং টার্ম আর একটা হচ্ছে সর্ট টার্ম—এবং সেখানে প্রাইমারী সোসাইটিজ

dispensing short and term credit in some of the States did not acquire sufficient strength and particularly in West Bengal it is far below,

একথাটা বলে গেছেন। সিমিলারলি কো-অপারেটিভের সুদের কথা সেখানে বলে গেছে যে

"The Committee recommends that short and mid-term loans for agricultural production and land improvement should not reach the ultimate borrower at more than 7½ to 8 per cent. interest and for the long term borrower 6¼ per cent. per annum."

একথাটা বলে গেছে। কাজেই ও'দের আইনের এই সমস্তগুলি থাকছে না। দ্বিতীয় কথা যেটা কো-অপারেটিভ ফার্মিং সম্পর্কে বলে গেছেন সেটা আমার কথা—আপনাদের পরিকল্পনা কমিশনের বিশিষ্ট সদস্য এবং একজন অধ্যাপক ডাঃ বি, কে, আর, ভি রাও—তিনি বলে গেছেন বর্ধমানের সমাবর্তন উৎসবেতে

page 9 of his Convocation address at the Burdwan University.

তিনি বলছেন

We have been talking about Co-operative farming, but we cannot claim so far even to have scratched the surface of the Co-operative farming in this country.

এটা তিনি দুঃখ করে বলে গেছেন। আমি একটা কথা বলবো সেটা হচ্ছে যে ও'রা সবাই জানেন যে একটা ষ্টাডি টিম এ্যাপয়েন্টেড হয়েছিল এবং তারা বর্ধমান জেলার দুটো কো-অপারেটিভ সম্পর্কে প্রশংসা করে গিয়েছিল এবং সেখানে বলে গিয়েছিল যে ম্যানেজমেণ্ট-এ এই রকম সৎ লোক দেখা যায় না। কিন্তু সেই কো-অপারেটিভটা ভেঙ্গে গেছে। তাদের উপর শৈলবাবু ৮০ হাজার টাকা ইনকামট্যাক্স বসিয়ে দিলেন। তারা কো-অপারেটিভ রাখতে পারলো না ভেঙ্গে গেল। এই যে ট্যাক্স ইভেড করে ১৩ শত কোটি ১০ লক্ষ টাকা—এবং যে ব্ল্যাক মানির কথা বলি যেটা যুদ্ধের সময় ৩ শত কোটি ছিল সেটা ১৯ শত কোটি হোল সেদিকে তিনি সন্ধান করলেন না। এ কো-অপারেটিভকে ভাঙ্গার জন্য তিনি তৎপর হয়ে উঠলেন। কাজেই আমাদের চতুর্থ পরিকল্পনায় এই রকমই হয় যে আমরা বড় লোকদের আঘাত করবো না—গরীবদের উপর আঘাত করবো তাহলে সেই পরিকল্পনায় ৫ বছর পরে এই রকমভাবে নাভিশ্বাস উঠবে—এইজন্য একটু চিন্তা করুন এই ব্যাপারে। এই বলে আমি শেষ করছি।

[4-15—4-25 p.m.]

Shri Shiromani Prasad:

মাননীয় সভাপাল মহাশয়, আজকে আমাদের সামনে অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন সেটা আমি সম্পূর্ণ সমর্থন জানাই। একটা কথা তিনি বলেছেন যে সর্বত্র কৃষিতে মনোযোগ দেওয়া হয়েছে—অবশ্য সেটা সত্য কথা—কিন্তু বর্তমান দুরবস্থার জন্য চাষীরা সময় মত সার বলদ কেনার ঋণ বীজ কিছুই তারা পায় না। এটা আমি আগেও আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রী মহাশয়কে জানিয়েছি। একটা কথা আছে বিয়ে ফুরোলে বাজনা—এ বছরে ঋণের টাকা জানুয়ারী মাসে দেওয়া হয়েছে। যখন ঋণ আদায়ের সময় সেই সময় আমাদের ঋণের টাকা দেওয়া হয়েছে—এটা বড় দুঃখের বিষয়। এ বিষয়ে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি রাখা দরকার যাতে চাষীরা সময় মত টাকা পেয়ে চাষাবাদে টাকাগুলি কাজে লাগাতে পারে। দ্বিতীয় কথা হচ্ছে ধান—ধান্য ক্রয়ের একটা দর নির্ধারিত হয়েছে কিন্তু সেটা টাকা না পাওয়ার জন্য বিগত ১লা জানুয়ারী হইতে ২০এ জানুয়ারী পর্যন্ত বীরভূম জেলায় কোন মিল মালিকরা টাকা পায় নি এবং না পাওয়ার জন্য ধানের চাষীদের নিকট হতে ধান এক টাকা কম মূল্যে ক্রয় করেছে। বাধ্য হয়ে চাষীরা বিক্রি করেছে কারণ তাদের খাজনা দিতে হবে ক্যানেল কর দিতে হবে, না দিলে সব ক্রোক হবে— সেই ভয়ে তারা মাল ছাড়তে বাধ্য হয়েছে। এই রূপ অবস্থা যদি চলতে থাকে তাহলে চাষীদের ভবিষ্যৎ কি হবে সেটা একটু আমি বিভাগীয় মন্ত্রী মহাশয়কে চিন্তা করতে বলি। ক্যানেলের জলকর অনেক সময় যেখানে জল পায় না সেখানেও ক্যানেল ট্যাক্স ধার্য হয়ে যাচ্ছে। অথচ বহু আবেদন নিবেদন করার পর চাষীদের কোন সুরাহা হয় নি। যদি বা যায় সেখানে তখন [illegible] বলেন আমরা কি করবো—ক্যানেল অফিসে যাও—ক্যানেল

বাব্দের কাছে যখন যাওয়া যায় তখন ক্যানেল বাব্রা বলেন আমরা কি করবো তহশীলদার-বাব্দের কাছে যাও—এইভাবে একটা দোটানা নীতি হয়েছে—যাতে এটা না হয় এর জন্য আমি আগেও একটা জলকর নির্ধারণ কমিটি গঠন করবার জন্য আপনার মাধ্যমে সরকার বাহাদ্রকে অনুরোধ জানিয়েছিলাম এবং এবারেও জানাচ্ছি যে একটা জলকর নির্ধারণ কমিটি গঠন করা হোক এবং সেখানে পাঁচ সাত জন সভ্য থাকবেন—সেই সভ্যদের মধ্যে একজন হবেন আঞ্চলিক পরিষদের সভাপতি, দ্বিতীয় হবেন আঞ্চলিক কৃষি স্থায়ী সংস্থার সভাপতি তৃতীয় হবে ক্যানেল এস-ডি-ও এলাকাভুক্ত, চতুর্থ রেভিনিউ অফিসার, পঞ্চম বিজ্ঞ চাষীগণের প্রতিনিধি দুই জন, ষষ্ঠ সমষ্টি উন্নয়নের সহকারী কৃষি আধিকারিক এবং সপ্তম এ-ই-ও। এই সাতজন লোককে নিয়ে যদি একটা কমিটি গঠন করা হয় তাহলে আমার মনে হয় ক্যানেল কর সুষ্ঠুভাবে আদায় হবে এবং চাষীদের মধ্যে যে একটা বিক্ষোভ সৃষ্টি হয়েছে সেটাও দূরীভূত হবে। আর একটা দুঃখের কথা--আপনারা যে টিন কন্ট্রোল করেছেন তাতে কিছুটা কন্ট্রোলে বিক্রি হচ্ছে কিছুটা খোলা বাজারে ছেড়ে দিয়েছেন। আর খোলা বাজারের দর প্রতি বান্ডিল ২২৫ টাকা। এটা যাতে না হয়–সমস্ত টিন যাতে চাষীরা কন্ট্রোলের মাধ্যমে পায় তার ব্যবস্থা করুন। তাতে চাষীদের ভীষণ উপকার হবে। আর একটা জিনিস গরুর খাবার। গরুর খাবারের খুব অভাব পড়েছে যাতে চাষীদের হালের বলদ পর্যন্ত বিক্রি হয়ে যাচ্ছে। আজ খোলের দর ২০ টাকা। আর চুনি-টুনি তো পাওয়াই যাচ্ছে না। গরু যদি খেতে না পায় তাহলে চাষই বা কি করে করবে--এই অবস্থা চলতে দিলে আমার মনে হয় চাষীদের আরও খারাপ হবে এবং এটা যাতে চলতে দেওয়া না হয় তার জন্য আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আর একটা কথা হচ্ছে আলু। এই সরকারের তরফ থেকে বলা হচ্ছে আলু খাও, আলু খাও। কিন্তু আলু খাবে কোথা থেকে? আলুর উৎপাদন করলে তবে তো? আজ ৪০ টাকা বস্তা খোল এবং ৫০।৬০ টাকা মণ আলুর বীজ ক্রয় করে তাদের ৮ টাকা মণ দরে আলু বিক্রি করতে হচ্ছে। (এ ভয়েসঃ কোথায়?) আমার সংগে চলুন আমি ৮ টাকা মণ আলু দিতে পারি। আলুর চাষ ভবিষ্যতে হয়ত দেশ থেকে উঠে যাবে। এইভাবে চাষীদের উন্নতির প্রতি যদি অবহেলা করা হয় তাহলে আমার মনে হয় অদূর ভবিষ্যতে গ্রামীণ বাংলার চাষীদের অর্থনৈতিক কাঠামো ভেংগে যাবে এবং ভেংগে গেলে তারা অনেক দুর্গতির সম্মুখীন হবে এবং শেষ পর্যন্ত তারা চাষ ছেড়ে দেবে। আর একটা কথা হচ্ছে সিমেন্ট পাওয়া যায় না। বছরের পর বছর দরখাস্ত পড়ে আছে, কিন্তু সিমেন্ট সরবরাহ ঠিক মত হচ্ছে না। এদিকে আপনারা বলছেন চাষীদের গোবর রাখবার জন্য গোবরাগার তৈরি করতে হবে। সে দিক থেকে মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

Shri Deb Saran Ghosh:

মিঃ চেয়ারম্যান, স্যার, মাননীয় অর্থমন্ত্রী শৈলবাবু বাজেট প্রাক্‌কালে যে ভাষণ দিয়েছেন তাতে তিনি কৃষি সম্পর্কে খুব গুরুত্ব আরোপ করেছেন এবং বিশেষ করে চতুর্থ পরিকল্পনার আমলে কৃষির উপর সর্বাধিক গুরুত্ব দেওয়ার কথা স্বীকার করেছেন। কিন্তু বর্তমান বাজেট এবং তাঁর কথার মধ্যে আসমান জমিন ফারাক আমরা লক্ষ্য করেছি। এই বাজেটে কৃষি খাতে ব্যয় বরাদ্দের যে হিসাব আমরা দেখছি তাতে মোট ব্যয় বরাদ্দের যে বাজেট তিনি পেশ করেছেন তার ৫০ ভাগের ১ ভাগ টাকা কৃষি খাতে ব্যয় করে তিনি কৃষির উপর গুরুত্ব আরোপ করে কৃষির উন্নতি তথা খাদ্য উৎপাদন বাড়াবার যে প্রচেষ্টা, সেই প্রচেষ্টা চালাবেন বলে বলছেন। মিঃ চেয়ারম্যান, স্যার, আপনি জানেন যে বাংলাদেশের মোট জনসংখ্যার ৭৫·৫ ভাগ গ্রামাঞ্চলের অধিবাসী এবং এই গ্রামাঞ্চলের অধিবাসীদের মধ্যে কৃষি কার্যে নিযুক্ত মোট জনসংখ্যা, কৃষি কার্যে নিযুক্ত শ্রমিক সংখ্যা এবং চাষীর সংখ্যা হচ্ছে ৫৩·৮ ভাগ। এই বৃহৎ জনসংখ্যা যারা কৃষি কার্যে নিযুক্ত আছে তারা বছরে ২ মাস থেকে ৩ মাস উৎপাদনের কার্যে নিযুক্ত থাকতে পারে, বাকি ৮ মাস থেকে ৯ মাস তার উৎপাদন বিহীন যে সমস্ত কাজ সেই সমস্ত কাজে নিযুক্ত থাকে, যেমন আমার এক কংগ্রেসী বন্ধু বললেন স্টেট রিলিফের কাজে মাটি কাটার কাজে তারা ব্যস্ত থাকে। গোটা বছরে তারা মাত্র ২ মাস উৎপাদনের কাজে নিযুক্ত থাকে। কাজেই ব্যয়-বরাদ্দ যাই করা হোক না কেন, এবারে শুনছি ব্যয়-বরাদ্দ বৃদ্ধির কথা, যদি না এই লক্ষ লক্ষ কৃষি শ্রমিকদের উৎপাদনের

কাজে নিযুক্ত করার ব্যবস্থা করা যায় তাহলে কৃষির উন্নতি সম্ভব হবে না বা ফলন বৃদ্ধি সম্ভব হবে না। দুঃখের সঙ্গে আমরা লক্ষ্য করছি যে অর্থমন্ত্রী মহাশয় তাঁর বাজেট বক্তৃতায় নির্লজ্জের মত স্বীকার করেছেন যে কৃষির উপর গুরুত্ব দেওয়া সত্ত্বেও কৃষি খাতে ১ কোটি টাকার মত তিনি খরচ করতে পারেন নি। খরচ করতে পারেননি কেন তার সাফাই দেননি, তার পরিষ্কার যুক্তি আমাদের সামনে তুলে ধরেন নি। আমরা জানি সরকারী আমলাতান্ত্রিক ব্যবস্থার ফলে যে ব্যয়-বরাদ্দ করা আছে সেই ব্যয় বরাদ্দ কৃষি উৎপাদনের কাজে নিযুক্ত যে চাষী বা শ্রমিক তাদের কাছে যথা সময়ে গিয়ে পোঁছায় না এ কথা বহুবার বহু ব্যক্তি তুলে ধরেছেন। আমরা জানি শুধু ব্যয়-বরাদ্দ করলেই কৃষি উৎপাদন বৃদ্ধি হয় না। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় খাদ্য ঘাটতি সম্বন্ধে জনসংখ্যা বৃদ্ধির অজুহাত দেখিয়েছেন।

[4-25—4-35 p.m.]

কিন্তু একথা ঠিক নয় যে মানুষ যে জন্মগ্রহণ করেন, সন্তান যে জন্মগ্রহণ করে শুধু পেট নিয়ে জন্মগ্রহণ করে না, তাদের যে দুটা হাত থাকে, তাদের সেই হাত দুটো যদি উৎপাদনের কাজে ব্যবহার করা যায়, তাহলে উৎপাদন বৃদ্ধি পাবে—একথা নিশ্চয়ই অর্থমন্ত্রী স্বীকার করবেন। কিন্তু তিনি শুধু মানুষের বৃদ্ধির কথা বলেই এড়িয়ে যাবার চেষ্টা করেছেন, সঙ্গে সঙ্গে একথা ও সত্যি যে আজ বাংলাদেশের কৃষি ব্যবস্থায় জমির যে ব্যবস্থা তাতে আমরা লক্ষ্য করেছি, বহুবার আমরা একথা বলেছি—যে কোটী কোটী টাকা বরাদ্দ করলেও কৃষির উন্নতি সম্ভব হবে না, উৎপাদন বাড়ান সম্ভবপর হবে না, যদি না বাংলা দেশের কৃষি ব্যবস্থার, ভূমি ব্যবস্থার অব্যবস্থা যেটা রয়েছে তা দূর করা সম্ভব হয়। সেই অব্যবস্থা আগে দূর করতে হবে। আমরা জানি গ্রামাঞ্চলে বেশীর ভাগ জমির মালিক জোতদার ও ধনী চাষী, যদি নামে তারা আর জমিদার নয়। বড় বড় ধনী চাষীদের হাতেই বেশী জমি রয়েছে বে-নামীতে। কাজেই যারা চাষী— মাটির বুক চিরে ফসল ফলাচ্ছে সেই চাষীর হাতে যদি জমি না দেওয়া হয়, সেই জমির মালিকানা যদি তাদের হাতে না আসে, তাহলে যতই বড় বড় কথা বলা হোক না কেন, কৃষি উৎপাদন বাড়তে পারে না এবং কৃষি উৎপাদন না বাড়লে খাদ্য সমস্যার যে ঘাটতি ও যে দ্রব্যমূল্য বৃদ্ধি তা রোধ করা আদৌ সম্ভবপর হবেনা। সেদিকে সরকারের কোন নজর নাই। আজও সেই পুরানো কৃষি ব্যবস্থা রয়ে গেছে। পুরানো আমলের যে কৃষি ব্যবস্থা, চাষের যে ব্যবস্থা ছিল, আজও সেই ব্যবস্থা বাংলাদেশে বহাল থেকে গেছে। আজও ক্ষুদ্র ক্ষুদ্র জোত জমি চাষ হয়, সেচের ব্যবস্থাও যথেষ্ট অসুবিধা আছে। সরকার কৃষির জন্য যে টাকা বাজেটে বরাদ্দ করেন তাও আমলাতান্ত্রিক ব্যবস্থার ফলে সরকারী কর্মচারীদের গাফিলতির ফলে, তাদের ষড়যন্ত্রের ফলে আসল চাষীর হাতে সেই টাকা গিয়ে পোঁছে না। আমরা জানি ব্লক ডেভেলপমেণ্ট অফিসে যে আছে, সেখান থেকে যে সমস্ত পরিকল্পনা গ্রহণ করা হয়, এবং তারপর সরকারের কাছ থেকে সেই টাকা যেতে পাঁচ-ছয় মাস সময় লাগে। আমরা দেখেছি সরকারের তরফ থেকে যে বীজ দেওয়া হয়—কৃষির উন্নতির জন্য, সেই বীজ সময়মত পেঁছায় না, হয়ত ফসল কাটার সময় গিয়ে সেই বীজ পোঁছায় যে সমস্ত টাকা কৃষিঋণ, সার ইত্যাদি বাবদ দেওয়া হয়, তাও আসল চাষীর হাতে যায় না। এটা বাস্তব সত্য যে গ্রামাঞ্চলে একশ্রেণীর লোক জোতদার শ্রেণীর লোক, মহাজন শ্রেণীর লোক আছে, কৃষি খাতের সমস্ত বরাদ্দ টাকা ইত্যাদি আসল চাষী বা উৎপাদনকারীদের হাতে না গিয়ে ঐ সব জোতদার মহাজনদের কাছে গিয়ে পোঁছায়। সেই টাকা উৎপাদনের জন্য, কৃষি কার্য্যের জন্য ব্যয় করা হয় না, সেই সমস্ত টাকা ব্যবহার করা হয় ব্যবসার ক্ষেত্রে এবং সুদ হিসেবে মহাজনরা সেই সমস্ত টাকা কাজে লাগায়। কাজেই বরাদ্দের দিক থেকে অর্থনীতিতে যাই বলুক না কেন শতকরা ৫৩·৮ ভাগ যে কৃষি মজুর, তাদের যে শক্তি, মনুষ্য শক্তি, সেই শক্তিকে উৎপাদনের কাজে অর্থাৎ কৃষিকার্য্যে সব সময়ের জন্য নিযুক্ত করবার ব্যবস্থা যদি না করা হয়, তাহলে কৃষির উন্নতি সম্ভবপর হবে না। সঙ্গে সঙ্গে একথা সত্যি যে কৃষির উন্নতি সম্ভবপর না হলে, বাংলাদেশের কৃষিকার্য্যে নিযুক্ত শ্রমিকদের উন্নতি না হলে, চাষী যারা ফসল ফলাচ্ছে, তাদের অর্থনৈতিক উন্নতি না হলে খাদ্যের যে ঘাটতি এবং যে মূল্য বৃদ্ধি তা রোধ করা সম্ভব হবে না।

লোক বৃদ্ধির অজুহাত দেখিয়ে পাশ কাটান যেতে পারে—কিন্তু সেটা সত্যের অপলাপ মাত্র। আজকে আমাদের ভালভাবে বিচার করে দেখতে হবে যে, এই যে তিনটি পরিকল্পনা শেষ হতে চলল তাতে আমাদের বাস্তব অবস্থা কি? আমরা দেখছি গ্রামের চাষী যে অন্ধকারে ছিল সেই অন্ধকারেই থেকে গেছে, গ্রামের লক্ষ লক্ষ ক্ষেতমজুর বছরের মধ্যে ৯ মাস বেকার অবস্থায় থাকে। তাহলে এই যে পরিকল্পনা হোল তার স্বার্থকতা কোথায়? এই সমস্ত চাষী, সাধারণ মানুষ যারা পরিশ্রম করে উৎপাদন করে, বাংলাদেশের অন্য মানুষকে বাঁচিয়ে রাখে তাদের জীবনে অর্থনৈতিক উন্নতির বনিয়াদ যদি ঠিকমত না করা হয় তাহলে বাংলাদেশে যতই পরিকল্পনা করুন না কেন এবং আপনাদের অর্থনীতি মিশ্র, বিমিশ্র এবং অমিশ্র যাই করুন না কেন তার দ্বারা বাংলাদেশের মানুষের কোন উপকার সাধিত হবে না। মাননীয় চেয়ারম্যান স্যার, একথা ঠিক যে দেওয়া হয়েছে। কিন্তু বাস্তবে আমরা দেখছি সরকার যে দাম বেঁধে দিয়েছেন কৃষকরা অর্থ-নৈতিক কারণে সেই নির্ধারিত দামের চেয়ে কম দামে বিক্রি করতে বাধ্য হয়। যেমন ধরুন, সরকার ধানের দাম বেঁধে দিয়েছেন, কিন্তু আমরা দেখছি চাষীরা তার চেয়ে কম দামে ধান বিক্রি করছে। এই অবস্থা যদি চলে- অর্থাৎ যে চাষী ফসল ফলাবে সে যদি ফসলের ন্যায্য দাম না পায়, বাজারের উপর তার কর্তৃত্ব না থাকে তাহলে তার অবস্থা কোনদিন ভাল হতে পারেনা। আমরা দেখছি বাংলাদেশের অর্থনীতি নিয়ন্ত্রণ করছে বড় বড় ব্যবসায়ীরা, চোরাকারবারীরা, মুনাফাখোররা। অর্থাৎ আমরা দেখছি যে চাষী উৎপাদন করছে, কৃষি পণ্যদ্রব্য উৎপাদন করছে সে বাজার নিয়ন্ত্রণ করছে না, বাজার নিয়ন্ত্রণ করছে তারা যাদের সঙ্গে উৎপাদনের প্রত্যক্ষ বা পরোক্ষ কোন যোগাযোগই নেই। এই যদি অবস্থা হয় তাহলে যতই পরিকল্পনা করুন না কেন তার দ্বারা কোন উপকারই হবে না। কাজেই আমার বক্তব্য হচ্ছে যে কৃষক উৎপাদন করে সে যাতে বাজারে তার ফসলের ন্যায্য দাম পায় তার ব্যবস্থা করতে হবে। তারপর, আমরা লক্ষ্য করছি মহাজনরা তাদের কালো টাকা দাদন দিয়ে চাষীদের কাছ থেকে তাদের পণ্য কিনবার চেষ্টা করছে। এই কালো টাকা, হিসেব বহির্ভূত টাকা দাদন হিসেবে দেওয়া যদি বন্ধ না করা যায় এবং বাজার যদি চাষীদের নিয়ন্ত্রণে না আনা যায় তাহলে চাষীদের কোন উন্নতি হবে না। তারপর, আমার বক্তব্য হচ্ছে অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন সেই বাজেটকে তাঁর ডানপাশে যাঁরা বসে আছেন সেই স্তাবকের দল যতই সমর্থন করুন না কেন বাস্তবে আমরা দেখছি এই বাজেটে বাংলাদেশের সাধারণ মানুষের জীবনে কোন পরিবর্তন আনতে পারে নি। বাংলাদেশের চাষী, মজুর, সাধারণ মানুষ, গরীব মানুষ তাদের জীবনে এই বাজেটের কোন সুফল বাংলাদেশের সাধারণ মানুষের সমর্থন লাভ করবে না। এই বাজেট পেশ করবার পর সংবাদপত্রে যেটুকু খবর বেরিয়েছে তাতে এর প্রতিক্রিয়া লক্ষ্য করেছি স্কুলের শিক্ষক, সরকারী কর্মচারী এবং সাধারণ মানুষের মধ্যে। সর্বশেষে আমি অর্থমন্ত্রীকে ক্যানিয়ুট-এর কথা স্মরণ করিয়ে দিতে চাই যে, তাঁর স্তাবকের দল তাঁকে যত প্রশংসাই করুক না কেন বাংলাদেশের সাধারণ মানুষ তাঁর বাজেটকে সমর্থন করবে না একথা তিনি যেন মনে রাখেন।

[4-35—4-45 p.m.]

Dr. Ranjit Kumar Ghosh Chowdhury:

মাননীয় চেয়ারম্যান মহাশয়, অর্থমন্ত্রী মহাশয়ের বাজেট প্রস্তাব আমি সমর্থনযোগ্য বলেই সমর্থন করছি। তিনি বলেছেন

Complete overhaul of public administration

আমাদের প্রয়োজন, তিনি আর এক জায়গায় বলেছেন

I am referring to the importance of human factor in economic development

যদি আমরা এ্যাডমিনিস্ট্রেশনের কথা ধরি তাহলে দেখা যাবে এ্যাডমিনিস্ট্রেশন বলতে আমি বুঝি জেনারেল-এ্যাডমিনিস্ট্রেশন, একটা ডেভেলপমেন্ট এ্যাডমিনিস্ট্রেশন এই সম্পর্কে আমি বলি যারা আই এ এস অফিসার, ডেপুটি ম্যাজিস্ট্রেট, সাব ডেপুটি ম্যাজিস্ট্রেট তাদেরকে জেনারেল এ্যাডমিনিস্ট্রেশন থেকে ডেপুটেশনে পাঠান হয় ফর ডেভেলপমেন্ট এ্যাডমিনিস্ট্রেশন যেমন

ডিরেক্টার অফ ফিসারিজ তিনি এগ্রিকালচারাল কমিশনার, ডেভেলপমেন্ট কমিশনার, বি, ডি, ও, সেক্রেটারী, ডেপুটি সেক্রেটারী

of different nation building departments

আলটিমেটলী পলিসি মেকার হয়ে যাচ্ছে, এঁরা মাননীয় অর্থমন্ত্রীকে তথ্য পরিবেশন করে পলিসি মেকিং-এ সাহায্য করছে, আমি বলছি আপ্টার অল এঁরা ডেপুটেশনে গেছে ফ্রম জেনারেল এ্যাডমিনিস্ট্রেশন এখানে যারা জেনারেল এ্যাডমিনিস্ট্রেশনে গেছেন তাদের গাইডিং ফ্যাক্টার হচ্ছে তিনটি, একটি হল সার্ভিস কণ্ডাক্ট রুলস আর একটি হল অডিট রুলস, আর একটি হল ডিপার্টমেণ্ট রুলস, আজকে এগুলিকে সমীক্ষণ করা দরকার। সার্ভিস কণ্ডিশন রুলস সম্বন্ধে আপনি জানেন যে কিছুদিন আগে তারা বলেছিলেন এতে আমাদের অফিসারদের কাজের ইনিশিয়েটিভ নষ্ট করে দিচ্ছে। অনেক সময় সরকারী কর্মচারীরা বলেন কাজ করলে আমাদের চাকুরি চলে যায় কিন্তু কাজ না করলে চাকুরি যায়না। সার্ভিস কণ্ডাক্ট রুল সম্বন্ধে আমার ধারণা এটা অত্যন্ত রিজিড সার্ভিস রুল, যেমন কষাইখানা থেকে গরুর মাংস গরুতেই বহন করে নিয়ে যায়। আমাদের স্বাধীন দেশে যে সার্ভিস রুল আছে সেটা পরিবর্তন করা যায় কিনা সেটা পরিবর্তন করা সম্ভবপর কিনা সেটা দেখা দরকার। আজকে যে অডিট হয় সে সম্বন্ধে আমি বলবো আমাদের ভাউচার অডিট হয় এক্সপেণ্ডিচার অডিট হয়, সেই সঙ্গে আমি বলবো ওয়ার্ড অডিট হওয়া দরকার। সেজন্য আমার সাজেশন হল একটা পার্লামেণ্টারী

work study and valuation group

করা উচিত। অন্ততঃ টেন পারসেণ্ট ক্ষেত্রে তারা দেখবেন, স্পিডি এনকোয়ারী করে দেখবেন ওয়ার্ক অডিট কি হল, তা না হলে মোটামুটি ফাইল অডিট হয়ে যাচ্ছে, ওয়ার্কের সঙ্গে কোন সম্পর্ক থাকছে না। এ সম্পর্কে আমি বলবো গ্রামাঞ্চলে যে বি ডি ওদের পাঠান হচ্ছে তাদের সম্পর্কে পণ্ডিত নেহেরু বলেছিলেন পার্লামেণ্টে

What we aim at is not merely better economics, but creation of better human being

যখনই এই বি ডি ও-দের গ্রামাঞ্চলে পাঠান হচ্ছে আমাদের দেখতে হবে কবির ভাষায় আমি বলি মাটির সঙ্গে তাদের ছোঁয়াচ আছে কিনা। আজকে এটাই বিচার করা উচিত যে মাটির সঙ্গে যদি তাদের ছোঁয়াচ না থাকে তাহলে কখনই তারা সাক্সেসফুল বি ডি ও হতে পারবে না। এই প্রসঙ্গে আমি বলছি রাজস্থানে এই নিয়ম হয়েছে যে যারা আই এ এস অফিসার হবেন, যারা ডেপুটি ম্যাজিস্ট্রেট হবেন তাদেরই বি ডি ও হতে হবে, তাঁরা যদি বি ডি ও না হতে চান তাহলে পারবেন না। তাঁরা যখন বি ডি ও বা ডি এম হবেন তখন বি ডি ও-এর কাজ দেখবার মত শিক্ষা তাঁরা পাচ্ছেন না। আমাদের এখানেও অনেক প্রজেক্ট হচ্ছে এবং বাড়ছে এটা অনস্বীকার্য্য তাতে অনেক অফিসার আছেন, তাদের আজকে কমার্শিয়াল ট্রেনিং থাকা দরকার, তাদের বিজনেস এ্যাপ্টিটিসউড এবং ফিটনেস আছে কিনা সেটা বিচার করে দেখা দরকার তা না হলে গভর্ণমেণ্ট আণ্ডারটেকিং-কে বেশীরভাগ ক্ষেত্রে লস খেতে হয়। আমি একথা বলছিনা যে চুরি হয় সেটা দেখা হোক, কিন্তু আমার কথা হচ্ছে আমি যা বলছি সেটা সহানুভূতির সঙ্গে বিচার করে দেখা হোক আমার এই কথা কার্য্যকরী করতে কোন অসুবিধা আছে কিনা। এই প্রসঙ্গে বলি যিনি মিল্ক কমিশনার তিনি হয়ত জানেন না গরুর কোথায় দুধ, আমরা গ্রামাঞ্চলে একটা কথা বলে থাকে গরুর দুধ মুখে কিন্তু এই কথাটি হয়ত তিনি জানেন না যে গরুর মুখে দুধ, এর জন্য স্পেশাল ট্রেনিং দরকার। এবার আমি কতকগুলি এ্যানোমেলীর কথা বলবো। আমি বৃষ্টিপাতে পড়েছিলাম মনে পড়ে, আগের দিন যিনি পোর্ট ট্রাস্টের চেয়ারম্যান, পরের দিন তিনিই হয়ত আর্কেওলজিক্যাল কমিশনার। এটা আমরা জানি অল্প সময়ের মধ্যে যাঁকে দুর্গাপুরে ষ্টীল প্ল্যাণ্টে ডেপুটি জেনারেল ম্যানেজার করা হয়েছে তিনি হলেন জয়েণ্ট সেক্রেটারী

Agriculture in charge of Agricultural Research Section.

এগুলি দেখা দরকার।

সিভিল সার্ভিস-এর একটা হচ্ছে ডেপ্‌টী ম্যাজিস্ট্রেট, আর একটা হচ্ছে সাব-ডেপ্‌টি ম্যাজিস্ট্রেট, এদের পাওয়ার হচ্ছে কোর্ট-এ গিয়ে—ফার্স্ট ক্লাশ—এক ধরণের কাজকর্ম করতে হয়। কিন্তু আমরা দেখছি আইনের ব্যাপারে এদের পার্থক্য আছে। আমি এটুকুন বলব যে যাঁদের কাছ থেকে আমরা বিচার আশা করছি তাঁদের প্রতি আমাদের একটু সুবিচার করা দরকার। আমি আর একটা কথা বলব যে সমস্ত বিভাগীয় সম্পর্কে কমিশন বসান হোক। আমাদের জেনারেল এ্যাডমিনিস্ট্রেশন ও ডেভেলপমেণ্ট এ্যাডমিনিস্ট্রেশন সম্পর্কে একটা কমিশন বসান হোক। তা নাহলে সমস্ত এ্যাডমিনিস্ট্রেশন-এ জেনারেল এ্যাডমিনিস্ট্রেশন থেকে ডেপুটেশন গিয়ে তাঁরা কাজ করছেন। আমি বলব কি সরকারী, কি বেসরকারী সেই প্রশ্ন নয়- আমাদের সকলের মনে করা উচিৎ আমাদের বন্দেমাতরম সঙ্গীত যিনি লিখেছিলেন তিনি একজন ডেপুটি ছিলেন। আজ আমাদের দেশে যাঁরা সরকারী কর্মচারী আছেন তাঁদের মধ্যে দেশপ্রেমের যে অভাব আছে তা বলছি না। কিন্তু আমার প্রশ্ন হচ্ছে আজকে কমিশনকে নিশ্চয় ভাবতে হবে কোথায় গলদ ইউনিভার্সিটি থেকে ভাল ভাল ছেলে সরকারী কর্মচারীতে আনা হোক এবং দেখা হোক কোথায় পচনশীল আছে। আমি একথা বলব যে সমস্ত ভারতবর্ষকে আমরা মনে করি কুইন মৌমাছি এবং আমরা সমস্ত ভারতবর্ষের মানুষ সেই থেকে মধু সঞ্চয় করি। আমাদের বিরোধী দলের বন্ধুরা যাঁদের আমাদের রীতি নীতিতে আস্থা কম, যাঁরা দেশপ্রেমকে মনে করেন বুর্জোয়া তাঁদের উদ্দেশ্যে বলছি মৌমাছির হুল আছে। প্রয়োজন যখন হবে তখন যদি আমাদের মধু সঞ্চয়ে বাধা সৃষ্টি করা হয় তখন তাহলে হুল খেতে হবে।

Dr. Radhakrishna Singha:

মাননীয় মধ্যক্ষ মহাশয়, অর্থমন্ত্রীমহাশয় যে বাজেট পেশ করেছেন তা সাধারণভাবে আলোচনা করতে গিয়ে আমার প্রথম লক্ষ্য পড়ল গত ২।৩ বছর ও আর্থিক বছরে আমাদের বাজেটের আয় এবং ব্যয়ের মধ্যে একটা ওয়াইড এ্যাপার্ট রয়েছে। আমরা দেখতে পাচ্ছি আয়ের দিকে কম এবং খরচের দিকে বেশী দেখান হচ্ছে—
wide apart of actuals in receipts and expenditure.
আমি জানিনা আমাদের অর্থদপ্তরের যাঁরা এক্সপার্ট তাঁদের এফিসিয়েন্সি-তে আয় কম দেখান ও ব্যয় বেশী দেখান। আমরা দেখতে পাচ্ছি এইযে মুদ্রাস্ফীতি ও আমাদের এইযে ডেফিসিট বাজেট হয় তাহলে আমাদের পশ্চিমবাংলার উপর এটা কঠোর হয়ে দেখা দেবে। প্রত্যেকবারই দেখা যাচ্ছে ডেফিসিট হয়, এবারই সেটা সারপ্লাস-এ দাঁড়িয়ে যাচ্ছে। আবার ১৯৬৫-৬৬-এ মোট যেটা ধরেছেন ডেফিসিট হয়ে সেটা শেষকালে অমূলক হয়ে দাঁড়াবে। যাই হোক আমাদের পশ্চিমবাংলায় যে বাজেট হয়েছে সেই বাজেট যুদ্ধের বাজেট নয়, শান্তির সময়ের বাজেট। জনগণের কর্মসংস্থান, উৎপাদন বৃদ্ধি, পণ্যমূল্য নির্ধারণ ইত্যাদি সমস্ত গঠনমূলক কাজের জন্য বাজেট তৈরী হয়। স্বাধীনতার সময় আমরা ৩২ কোটি টাকার বাজেট পেয়েছিলাম, এখন ১৫২ কোটি টাকার ঘাটতি বাজেট।

[4-45—4-55 p.m.]

কিন্তু ঘাটতি বাজেট বড় কথা নয়, যখন গঠনমূলক কাজে অগ্রসর হচ্ছি তখন জানতে চাই বাজেটে কি পেলাম কর্ম সংস্থান কি বাড়লো উৎপাদন কি বাড়লো। চিকিৎসার কি সুব্যবস্থা হল বস্ত্র অন্নের কি সুব্যবস্থা হল, আমার মনে হয় এসব ব্যাপারে সরকার কৃতকার্য্য হতে পারেননি। ২য় কথা হচ্ছে যে আমাদের ইস্টার্ন ইকনমিক্স থেকে উনি কতকগুলি তথ্য দিয়েছেন যে দেশে পাটের উৎপাদন বাড়ছে। কিন্তু উৎপাদন বাড়ছে সেটা বড় কথা নয় বড় কথা হচ্ছে পাট বিক্রি করে আমাদের দেশের কৃষক কত টাকা পেল বা গত বৎসর কি পেয়েছিল বা এবারে কি পেল। দেশের পরিকল্পনাগুলির দ্বারা আমরা কতদূর অগ্রসর হয়েছি। আমাদের কোনটার সমাধান হয়েছে এগুলি ভাল ভাবে দিতে পারেন নি যার জন্য আমাদের মনে একটা সংশয় থেকে যাচ্ছে। আমার জানবার আর একটা কথা হচ্ছে কৃষির ব্যাপারে কি হল। আমি আপনার মাধ্যমে অর্থ-মন্ত্রীকে বলবো যে উপস্থিত পশ্চিমবাংলা যেভাবে ভাগ হয়েছে তাতে বর্ধমান এবং বীরভূম এই দুটো জায়গাকে গ্রানারী বলা চলে ওয়েস্ট বেঙ্গল-এর মধ্যে। এ ক্ষেত্রে আমি বলছি যে নদী

পরিকল্পনায় অজয় নদীকে ধরার জন্য আমি বহুবার বলেছি এবং এবারও বলছি যে অজয় নদীতে যদি বাঁধ দেওয়া হয় তাহলে বহুসহস্র একর ধানী জমি বেরিয়ে আসবে এবং তাতে খাদ্য উৎপাদনের সাহায্য হবে। আপনি জানেন কিনা জানিনা যে বর্দ্ধমানের দিকে অজয় নদীতে বাঁধ হয়েছে কিন্তু বীরভূমের দিকে বাঁধ নেই। এ সম্বন্ধে আমাদের যারা এক্সপার্ট ইরিগেশান ডিপার্টমেণ্টের অফিসার তারা আমাদের সংশ্লিষ্ট ঐ দপ্তরকে জানিয়েছেন যে এটা বাড়ান দরকার কিন্তু এটা কতদূর অগ্রসর হল, বা আমাদের নদী পরিকল্পনার মধ্যে ধরা হবে কিনা তা জানতে পারলাম না, জানতে পারলে আমার দেশবাসী আনন্দিত হত। আর একটা কথা এই যে পরিকল্পনাগুলির যে টাকা ৩১০ এবং পরিকল্পনায় ৬১৮ ধরা হয়েছে তার মধ্যে কিছু টাকা আয়জনক ব্যবসায়ে লগ্নী করা হবে। কিন্তু আমাদের যে সমস্ত আয়জনক করা হয়েছে স্টেট ট্রান্সপোর্ট হরিণঘাটা মিল্ক কলোনী কল্যাণী টাউনশিপ এই সমস্ত ব্যবসাগুলো যে লোকসান দিয়েছে তাতে মনে হয় তাতে পশ্চিমবাংলায় ব্যবসায়ে ঋণের জন্য সুদ এবারে লাগবে ১১ কোটী টাকার মত নেক্সট টাইম-এ লাগবে ২০ কোটীর মত। এখানে একটা বাস রান করে কলকাতায় ২।১টা বাড়ী একটা লোক তৈরী করে যেখানে স্টেট ট্রান্সপোর্টগুলি বাস রান করিয়ে লক্ষ লক্ষ টাকা লোকসান দেয় সেটা দেখা দরকার। আর একটা কথা বলব আমাদের পরিকল্পনায় যে সমস্ত শিল্প ব্যবসা বাণিজ্য রয়েছে সেখান থেকে লক্ষ লক্ষ টাকা বিদেশে চলে যাচ্ছে। আমরা জানি ব্রিটীশ আমল থেকে শিল্পে এবং বাণিজ্যে পশ্চিমবাংলায় কিছু পরিবর্তন আছে। কিন্তু এখন সমস্ত বাণিজ্য পশ্চিমবঙ্গে অবাঙ্গালীদের হাতে গিয়ে পড়েছে। আমরা জানি ২৪০ কোটী টাকা বৎসরে শিল্পে লাভ হয় এবং প্রত্যেকটি টাকা বাংলাদেশের বাইরে গিয়ে শিল্প উন্নয়ন হচ্ছে। অথচ বাংলা দেশের আমাদের এই শিল্পে যে ৭২ পারসেন্ট লেবার ক্লাস কাজ করতো তারা আনএমপ্লয়েড হয়ে যাচ্ছে এটা একটা গুরুত্বপূর্ণ জিনিষ। আজ বাংলাদেশের টাকা নিয়ে বাংলাদেশের বাহিরে গিয়ে শিল্প গড়ে উঠছে এটার দিকে আপনার মাধ্যমে অর্থমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। লাষ্টলি বলবো একটা জিনিষ আমাদের মাষ্টার মহাশয়দের কথা বলব। এ নিয়ে অনেক গোলমাল বা বাগবিতণ্ডা শুনেছি কিন্তু আমার মনে হয় এটা নিয়ে একটা কমিশন বসান দরকার যেমন নাকি ১৯৪২ সালে একটা এনকোয়ারী কমিশন এ্যাক্ট আছে। সেই রকম করে সেকেণ্ডারী স্কুল কলেজ নিয়ে যদি একটা কমিশন থাকে তাহলে মাষ্টারদের দুঃখ ম্যানেজিং কমিটি-র দুঃখ এবং গভর্ণমেন্টের দুঃখ যদি হয় তা হলে এর ফল ভাল হত।

একটা কমিশন নিয়োগ করুন যাঁরা মাষ্টার মহাশয়, ম্যানেজিং কমিটি-র এবং গভমেণ্টের দুঃখ দেখবেন। এইরকম একটা সিভিল-বডি—আমি মনে করি তাতে কোন পলিটিক্যাল বা দলীয় রাজনীতি থাকবে না। সেই সিভিল-বডিতে কংগ্রেসই বলুন, কম্যুনিষ্টই বলুন বা অন্য কোন দলীয় লোকই বলুন তাঁদের না রেখে সেই সিভিল-বডি থেকে একটা যদি এনকোয়ারী কমিশন বসান তাহলেই মনে হয় সুরাহা হবে। কারণ এটা অত্যন্ত দুঃখের কথা যে আমাদের যাঁরা শিক্ষিত লোক তাঁরা রাস্তায় ঘুরে বেড়াবে। এ সম্বন্ধে এই বক্তব্য রেখে আমি শেষ করলাম।

[4-55—5-5 p.m.]

Shri Ambika Charan Das:

মাননীয় চেয়ারম্যান মহাশয়, ১৯৬৫-৬৬ সালের বাজেট মাননীয় মন্ত্রীমহাশয় এখানে পেশ করেছেন। এই বাজেট আমি সম্পূর্ণরূপে সমর্থন করছি এবং এই বাজেট রচনা করার জন্য আমি আমার অভিনন্দন মাননীয় মন্ত্রীমহাশয়কে জানাচ্ছি। অবশ্য বিভিন্ন বক্তা বিভিন্ন দৃষ্টিকোণ থেকে এর সমালোচনা করেছেন। নানারকম সংখ্যাতত্ত্ব উদ্ধৃত করে দেশ বিদেশের মতামত বাজেট সমালোচনার এই সভায় রাখা হয়েছে। এই বাজেট হয়ত দল বিশেষে সম্পূর্ণ সমর্থন লাভ করছে না, যেমন আমরা হয়ত সমর্থন করছি আবার অপর পক্ষ সমর্থন করছেন না। জগতের কোন জিনিষ সম্পূর্ণ সমর্থন লাভ করে না। আমরা জানি সমালোচকের দৃষ্টিতে এবং বিভিন্ন দৃষ্টিভঙ্গি নিয়ে লোকে কথা বলে। তবে আমি বলব এই বাজেট সম্পূর্ণ সমর্থনযোগ্য, তার কারণ সর্বদিকে দৃষ্টি রেখেই এই বাজেট রচনা করা হয়েছে সেবিষয়ে সন্দেহ নেই।

তবে একথাটা সকলেই জানি যে সকলকে সন্তুষ্ট করা সবসময় সম্ভব নয়। এটা আমরা আমাদের ঘরের বাজেট যখন তৈরি করি তখনই বুঝতে পারি। সেখানে গিন্নী যখন সন্তুষ্ট হন পুত্র তখন আপত্তি করেন। আবার পুত্র যখন সন্তুষ্ট হন তখন বউ ঝিয়েরা হয়ত আপত্তি করেন। তা হলেও সে অশান্তি ও বিশৃঙ্খলার মধ্যে আমরা কোনরকম মানিয়ে নিয়ে পরিবারকে ঠিক পথে চালিয়ে নিয়ে চলি। আমাদের অর্থমন্ত্রী আমাদের সামনে যে বাজেট এনেছেন তাতে তার সর্বাঙ্গসুন্দর দৃষ্টি কোনদিকই এড়িয়ে যায়নি। তিনি তাঁর বাজেটে কৃষিখাতে যথেষ্ট বরাদ্দও করেছেন। শিক্ষা, শাসন, উৎপাদন, পশুপালন, সব খাতেই অর্থ বরাদ্দ করেছেন এবং সর্বদিকেই যে তিনি দৃষ্টি রেখেছেন এতেই তা বোঝা যায়। তারপর পুলিশ খাতে যথেষ্ট অর্থ বরাদ্দ করার জন্য বিভিন্ন বক্তা এখানে অনেক তিক্ত সমালোচনা করেছেন। কিন্তু আমার মতে এইরকম অর্থ বরাদ্দ ঠিকই হয়েছে। তার কারণ যেখানে বাহিরে, ভিতরে, পাশে শত্রু, যেখানে নানারকম বিশৃঙ্খলার মধ্যে দেশকে নানারকম ভাবে বিঘ্নিত করার চেষ্টা হচ্ছে সেখানে এইরকম অর্থ বরাদ্দ ঠিকই হয়েছে। পুলিশ খাতের আলোচনা প্রসঙ্গে আলোচনা করতে গিয়ে অনেক বক্তা দেশ বিদেশের কথা উল্লেখ করে বলেছেন যে সেখানে ডেভালপমেন্ট-এর কাজে অনেক বেশী খরচ হয় পুলিশি খাতের তুলনায়। এইরকম একটা যুক্তি দেওয়া আমি যুক্তিযুক্ত বলে মনে করি না। কারণ আমরা একটা কথা জানি যে "যস্মিন দেশে যদাচার", অর্থাৎ যে দেশে যেমন, সে দেশে তেমন অবস্থার পরিপ্রেক্ষিতে বরাদ্দ করতে হবে। আমাদের দেশে যদি বাস্তবিক শাসন-শৃঙ্খলা বজায় রাখতে হয়, দেশকে শান্তির পথে এগিয়ে নিয়ে যেতে হয় তাহলে এইরকম শাসনের নিশ্চয়ই প্রয়োজন আছে। তারপর বাজেটে আমরা দেখেছি যে নানাবিধ ব্যয়ের মধ্যে কৃষিকে প্রাধান্য দেওয়া হয়েছে। কৃষি সম্বন্ধে আলোচনা করতে গিয়ে অনেকে অনেক কথা বলেছেন কিন্তু গরু বাছুর সম্বন্ধে কেউই বিশেষ কিছু বলেননি। এই সভায় আসার পর দেখলাম যে কোলকাতা থেকে খাটালগুলিকে সরিয়ে দেওয়া হচ্ছে। এ সম্বন্ধে আইন পাশ হল। এ সম্বন্ধে বলতে গিয়ে আমাদের মাননীয় পশুপালন মন্ত্রী বললেন যে কল্যাণীতে ৩০ হাজার গরুর স্থান করা হচ্ছে। হরিণঘাটা থেকে কোলকাতায় দুধ সাপ্লাই করা হবে এবং তাতে আমাদের প্রভূত উপকার হবে। কিন্তু গাঁয়ের গরুর সম্বন্ধে কোন চিন্তা করেছেন কিনা জানিনা। গাঁ ঘরের গরুগুলি আজকে কিভাবে অবনতির দিকে যাচ্ছে তা একটা উদাহরণ দিলেই বুঝতে পারবেন। আমাদের মুর্শিদাবাদ জেলায় আমরা ছেলেবেলায় দেখেছি যে গাই-গুলি সাধারণতঃ ৫।৬ কে জি করে দুধ দিত কিন্তু এখন ১ কে জি থেকে ২॥ কে জির বেশী দুধ দেয় না, এবং গরুগুলি আস্তে আস্তে ছাগলে পরিণত হচ্ছে। সেইজন্যই আমি বলব গরুর উন্নতি করা অবিলম্বে দরকার এবং তা করতে গেলে ভাল প্রজনন ব্যবস্থার জন্য ডবল ষাঁড়ের ব্যবস্থা করা দরকার বা বৈজ্ঞানিক উপায়ে যেসব প্রজনন ব্যবস্থা আছে সেটাকে সহজলভ্য করার প্রয়োজন। বিদেশ থেকে গরু আমদানী করলেই গরুর উন্নতি হবে এটা আমি মনে করি না। দেশের গরুর প্রজনন ব্যবস্থাকে উন্নতি করতে না পারলে গরুর উন্নতি কোনদিনই হবে না। তা ছাড়া সরকারি জমি থেকে গরু চরার ব্যবস্থার জন্য কিছু কিছু জমি দেওয়া দরকার। গরুর খাদ্য যাতে উৎপন্ন হয় সেদিকে দৃষ্টি দেওয়া এবং কৃষকদের সেবিষয়ে উৎসাহিত করা দরকার। ভাল গরু আমদানী করে দেশে দেশে ভাল গরুর প্রজনন ব্যবস্থা করার পর আমি মনে করি গভর্ণমেন্ট থেকে ভাল ভাল ষাঁড় প্রত্যেক অঞ্চলে দেওয়া দরকার এবং সেই সঙ্গে বৈজ্ঞানিক প্রজনন ব্যবস্থাকেও চালু করা দরকার। এই ভাবে আমি মনে করি দেশে কৃষির উন্নতির সাথে সাথে গরুর উন্নতি করার প্রয়োজন আছে। আমরা জানি আমাদের দেশ যান্ত্রিক চাষবাসের দেশ নয়, বর্ষার সময় যান্ত্রিক সাহায্য নেওয়া হয়না হাল বলদেরই দরকার হয়। কৃষি সম্বন্ধে অনেকে অনেক কথাই বলেছেন। আমি আর সেসব পুনরাবৃত্তি করতে চাই না। আমি আমার সম্পূর্ণ সমর্থন এই বাজেটকে জানিয়ে এবং আমাদের মাননীয় অর্থমন্ত্রীকে অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় সভাপাল মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় ১৯৬৫-৬৬ সালের যে ঘাটতি বাজেট এখানে উপস্থিত করেছেন এটা আমি মনে করি বাংলাদেশের শতকরা ৮০ জনের মনে কোন আশার সঞ্চয় করতে পারবেনা। আমি মনে করি এ সাধারণ জমা খরচের হিসাব ছাড়া রাষ্ট্রের ঘোষিত

নীতির সঙ্গে এর কোন সমাঞ্জস্য নেই। সেইজন্য আমি মনে করি এই বাজেট জনস্বার্থ-বিরোধী এবং একটা প্রতিক্রীয়াশীল বাজেট। মাননীয় সভাপাল মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী বলেছেন তিনি রাজস্বখাতে আদায় করবেন ১৫১ কোটি ৯৯ লক্ষ ৫২ হাজার টাকা এবং ব্যয় হবে ১৫৯ কোটি ৮২ লক্ষ ৮২ হাজার টাকা। কাজেই দেখা যাচ্ছে এখানে ১৭-১৮ কোটি টাকা ঘাটতি দাঁড়াবে। অথচ এর সঙ্গে তিনি বলেছেন যে রাজস্ব বহির্ভূত আয় থেকে প্রায় ১০ কোটি টাকা পাবেন। শেষ পর্যন্ত ঘাটতি দাঁড়াবে ৬ কোটি ৯২ লক্ষ লক্ষ টাকা। কিন্তু এ টাকাটা কোথা থেকে আনবেন তা পষ্ট করে বলেননি। অবশ্য একটা কথা বলেছেন যে নূতন কর ধার্য্য করবেন না। কিন্তু গত বছর দেখেছি সামান্য ঘাটতি হয়েছিল, তিনি বিভিন্ন জায়গা থেকে কর ধার্য্য করে সে টাকাটা আদায় করেছিলেন। যদিও তিনি স্পষ্ট করে বলেননি তবুও তিনি যদি বলেন যে লোন করে ওই টাকা আদায় করবো কবে ঘাটতি পূরণ করবো তবে আমরা জানি যে অনেককে ধোকা দেবার জন্য ওই খরচের ঘরে বেশী রাখা হয় কিন্তু বছরের শেষে দেখা যায় অনেক কাজ হয় না।

শেষ পর্যন্ত দেখা যায় বছরের শেষে অনেক কাজ হয় নি। আমরা বহুবার আলোচনা করেছি যে কৃষি খাতে জনকল্যাণ খাতে তারা খরচ করতে পারেন নি। রাস্তাতে সমবায়তে খরচ করতে পারেন নি—পশু পালনে খরচ করতে পারেন নি। আমরা দেখেছি অনেক সময় বলা হয় যে আমরা খরচ করেছি। আজ বাংলাদেশের যে অবস্থা সেখানে আমাদের সন্দেহ হয় যে তিনি আর্থিক অবস্থার সঙ্গে সঙ্গতি রেখে বাজেট তৈরী করেন কিনা। এ বছর যে ঘাটতি হয়েছে তা নয়, স্বাধীনতার পর থেকে যদি হিসাব করে দেখা যায় তাহলে এই ১৭ বছরের মধ্যে ৯।১০ বার এই কংগ্রেস সরকার ঘাটতি বাজেট উপস্থিত করেছেন। কাজেই আমাদের অর্থনৈতিক বুনিয়াদকে তারা একটা বিপদজনক অবস্থায় এনে দাঁড় করিয়েছেন। এবং তার সঙ্গে সঙ্গে আর একটা কথা মাননীয় অর্থমন্ত্রীকে স্মরণ করিয়ে দিই যে বাজেট বক্তৃতার মধ্যে কোথাও তিনি স্পষ্টভাবে বলেন যে ১৯৬২ সাল পর্যন্ত আমাদের ৩৯২ কোটি টাকা ঋণ ছিল সেটা কতটা শোধ করতে পেরেছেন। সেটা তিনি আমাদের পরিষ্কার করে জানতে দেন নি। কেন না এর পরেও ঋণ হয়েছে এবং ঋণের বোঝা দিনের পর দিন বাড়ছে। এইভাবে ঋণের বোঝা বাড়ছে অথচ ঘাটতি বাজেট হচ্ছে এই অবস্থা হচ্ছে। তার পর আমি আপনার কাছে বলবো তিনি অনুযোগ করেছেন যে কৃষি খাতে কম হওয়ার জন্য সেন্ট্রাল গভর্নমেন্ট ২ কোটি টাকা দেন নি। কথাটা ঠিকই যে বাংলাদেশের কৃষির যে গুরুত্ব সেটা ও'রা বুঝতে পারেন নি। পরিকল্পনা কমিশন বার বার এটা অনুযোগ করেছেন এবং তারা পরিষ্কারভাবে বলেছে যে টাকা খরচ করতে পারে না। তাই তারা টাকা দিতে চান না। শুধু দু চার লক্ষ টাকা নয় তৃতীয় পরিকল্পনায় যেখানে বরাদ্দ ১৭ কোটি ৭৬ লক্ষ টাকা ছিল তৃতীয় বছরে সেখানে মাত্র ৩১ ভাগ টাকা তারা খরচ করেছেন। যেখানে কৃষি খাতে সমাজ উন্নয়ন ক্ষুদ্র সেচ ভূমি সংরক্ষণের জন্য বরাদ্দ ছিল ৭১ কোটি ১৪ লক্ষ টাকা সেখানে তৃতীয় বৎসর পর্যন্ত খরচ করেছেন মাত্র ৩৭ ভাগ টাকা। কাজেই যদি পরিকল্পনা কমিশন যদি অভিযোগ করে থাকে ওদের অপদার্থতার জন্য যদি টাকা না দিয়ে থাকেন সেজন্য পরিকল্পনা কমিশনকে দোষ দেওয়া যায় না। কাজেই আমরা দেখছি ও'রা যে অনুযোগ করছেন যে সেন্ট্রাল গভর্নমেন্ট টাকা দিচ্ছেন না অর্থ কমিশন টাকা দিচ্ছে না কিন্তু ঐ সমস্ত কথা তাঁরা বলেছেন। যেখানে বাংলাদেশের ভাগ ছিল ১৯৫২-৫৩ সালে তৃতীয় স্থান সেটা দাঁড়িয়েছে নবম স্থানে কাজেই দুর্ভাগ্যের বিষয় আমরা মনে করি যে আমাদের দুর্বলতার জন্য তারা টাকা দেন নি। আমাদের বাংলা দেশ থেকে তারা যথেষ্ট কর আদায় করেন অথচ সেন্ট্রাল গভর্নমেন্ট টাকা দেয় না, কি ভাবে টাকা আদায় হতে পারে সে কথা তিনি স্পষ্টভাবে বলেন নি। আমি এখানে একটা সাজেসন দিতে পারি। এই বিধান-সভাব একটা প্রস্তাব আনুন সর্বসম্মত প্রস্তাব এবং সেই প্রস্তাব নিয়ে একটা ডেপুটেসন পাঠানো হোক সেখানে যে বাংলাদেশের প্রতি যে অন্যায় অবিচার করা হচ্ছে এবং বাংলা দেশকে যে শোষণ করা হচ্ছে তার ব্যবস্থা করা হোক। এইভাবে সেখানে একটা প্রতিনিধি দল পাঠানো দরকার যাতে বাংলাদেশ তার ভাগ পেতে পারে। আসাম, মাদ্রাজ বা অন্যান্য প্রদেশ যেখানে

বেশী পাচ্ছে সেখানে বাংলাদেশ থেকে এতো টাকা নিচ্ছে শোষণ করে চা এবং পাট থেকে সেখানে আমরা কেন পাবো না। সেইজন্য আমি বলছি যে এইভাবে একটা প্রস্তাব দিন। তারপর আমার আর একটা বক্তব্য হচ্ছে নীতি সম্পর্কে কিছু বলা দরকার। ও'রা সমাজতন্ত্রের কথা বার বার বলেন। কিন্তু সমাজতন্ত্রের সঙ্গে ও'দের সম্পর্ক আছে কি? দুর্গাপুরে কোটি খানেক টাকা খরচ করা হোল সমাজতন্ত্র প্রচারের জন্য। এই যে বাজেট উপস্থিত করেছেন, আমি মনে করি সরকারী হিসাবপত্র নয়। বাজেটে একটা রাষ্ট্রের প্রকৃতি একটা রাষ্ট্র কিভাবে চলবে সেটা বাজেটের ভিতর দিয়ে প্রকাশ পায়। এখানে রাষ্ট্রের প্রধানের জন্য ৫৫ হাজার টাকা মাসে বরাদ্দ করা হয়েছে সেখানে আমরা দেখতে পাচ্ছি যে এবং মন্ত্রী মহাশয়ও স্বীকার করেছেন যে চৌকীদারদের বেতন ৮।৯ টাকা এবং প্রাথমিক শিক্ষক এবং চতুর্থ শ্রেণীর কর্মচারীদের বেতন হচ্ছে ৬০।৭০ টাকা। এই হচ্ছে অবস্থা। আজকে দেশের মানুষ খেতে পরতে পায় না তাদের বাসস্থানের অভাব ঔষধের কোন ব্যবস্থা নেই। তাদের রাস্তায় ফুটপাতে পড়ে থাকতে হয়। এই সমস্ত জিনিস যদি দূর করতে না পারেন তাহলে সমাজতন্ত্রের কথা বলেন কি করে? আজকে সাধারণ মানুষের প্রধানতম যে দরকার তা হচ্ছে খাদ্য, বস্ত্র, চিকিৎসা, বাসস্থান, শিক্ষা। এগুলি যদি ব্যবস্থা করতে না পারা যায় তাহলে সমাজতন্ত্রের কথা কি করে বলেন। এবং আপনাদের সঙ্গে তার কি সম্পর্ক থাকতে পারে তা আমি বুঝে উঠতে পারি না মাননীয় সভাপাল মহাশয় প্রকৃত অবস্থার মধ্যে সমাঞ্জস্য রেখে যদি এই বাজেট তৈরী করতে পারতেন তাহলে আমরা খুশী হতে পারতাম।

[5-5—5-15 p.m.]

আমি আমার কথা বলবো না পরিকল্পনা কমিশন কিছুদিন আগে তৃতীয় পরিকল্পনা সম্বন্ধে যে পর্যালোচনা করেছেন—তা সংবাদপত্রে বেরিয়েছে, তারা বলে দিচ্ছেন অবস্থাটা কি। পরিকল্পনা কমিশন বলেছেন তৃতীয় পরিকল্পনার প্রথম তিন বৎসরে ভোগ্যপন্যের জন্য জনগণের মাথাপিছু ব্যয় কার্যত একটুও বাড়ে নি। অর্থাৎ জীবন যাত্রার মান যে শোচনীয় স্তরে ছিল সেখানেই রহিয়া গিয়াছে। আর একটি শোচনীয় চিত্র বেকার সমস্যা, ভয়াবহ আকারে বাড়িয়াই চলিয়াছে। চলতি পরিকল্পনার গোড়ায় বেকারের সংখ্যা ছিল ৮০ লক্ষ আর ১ কোটি ২০ লক্ষ বেকার হাতে লইয়া চতুর্থ পরিকল্পনার কাজ সুরু হইবে। পরিকল্পনা কমিশনের পর্যালোচনায় প্রকাশ ১৯৬০-৬১ সালে ঐ সময়ের মধ্যে মাথাপিছু জাতীয় আয় ছিল ৩২০ টাকার কাছাকাছি। মাথাপিছু গড় ব্যয় ছিল বার্ষিক প্রায় ২৭০ টাকা। অর্থাৎ মাসিক ৩০ টাকারও কম অর্থাৎ ৭৭ পয়সা। ভোগ্যপন্যের জন্য মাথাপিছু মাসিক গড়ে ২৩ টাকা ব্যয় নিতান্তই তুচ্ছ। বর্তমান পরিপ্রেক্ষিতে জীবন ধারণের পক্ষে দুঃসহ। তৃতীয় পরিকল্পনার প্রথম তিন বৎসরে এই দুর্বিসহ অবস্থার কোনই পরিবর্তন হয় নি। দেশের দারিদ্রের চিত্র যে কিরূপ ভয়াবহ তাহা এই হিসাবে শোচনীয় ভাবে প্রকাশ পাইতেছে। কিন্তু কমিশন বলিয়াছেন ইহাই প্রকৃত চিত্র নয়। প্রকৃতচিত্র আরও ভয়াবহ। জনসাধারণের এক বিরাট অংশের অবস্থা আরও শোচনীয়। মাথাপিছু জাতীয় গড় আয় অপেক্ষা তাহাদের মাথাপিছু আয় আরও কম। জনসাধারণের শতকরা ৬০ ভাগের বেশী মাথাপিছু ভোগ্যপণ্যের জন্য মাসে ব্যয় করে ২৫ টাকারও কম। আর এক তৃতীয়াংশের মাথাপিছু ব্যয় মাসিক ১৫ টাকা বা তারও কম। অর্থাৎ আট আনা করে তারা খরচ করতে পারে। সেদিকে লক্ষ্য রেখে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় কিছুই করেন নি। আমি আরও স্মরণ করিয়ে দিই মাননীয় সভাপাল মহাশয়, একজন অর্থ-নীতিবিদ বলেছেন যে বর্তমানে এক টাকার দাম ১৭ পয়সা। কাজেই আজকে চাল ডালের দাম হিসাব করে নিয়ে অন্ততঃ পক্ষে মানুষ যাতে বাঁচতে পারে সেই ভাবে বাজেট তৈরী করা উচিত ছিল কিন্তু সেদিকে তিনি সম্পূর্ণরূপে ব্যর্থ হয়েছেন। সুতরাং আমি এই বাজেটের বিরোধীতা করছি।

Shri Gurupada Khan:

মাননীয় সভাপাল মহাশয়, আজকে দু দিন ধরে বাজেটের উপর যে আলোচনা চলছে তা আমি শুনেছি। একটু আগে বলাইবাবু যে কথা বলে গেলেন যখন তিনি আমাদের সরকারের বিরোধীতা করতে সুরু করেন তখন তিনি চোখ বন্ধ করে আর কিছুই দেখতে পান না। তিনি ঝড়ের মত বলে গেলেন। আমি সকলকে চোখ খুলে বাংলা দেশের বর্তমান অবস্থাটা ভাল করে চিন্তা করে দেখতে বলছি। আমাদের সামনে আজকে যে বাজেট পেশ করা হয়েছে যেটাকা আমাদের আয় হচ্ছে সে টাকাকে নানা কল্যানমূলক কাজের জন্য বরাদ্দ করা হয়েছে। আমি আপনাকে বলছি যদি ঠিক মত ভাবে পর্যালোচনা করা যায় তাহলে দেখা যাবে এর চেয়ে ভাল আর, কিছু বরাদ্দ করা যেতো না। ও'রা হয়তো বলতো বলতে পারেন এমন কি আমরা দেখবো যখন একটার পর একটা গ্রান্ট আমাদের এখানে আসবে এক একটা বিষয়ের আলোচনা হবে ও'রা বলবেন এটাতে আরও বেশী টাকা দিলে হোত, শিক্ষার বিষয়ে আরও বেশী টাকা দিলে হোত, কৃষি খাতে, স্বাস্থ্য খাতে তারও বেশী টাকা দিলে হোত, এমন কি সমগ্র বাজেটে যে টাকা ধরা করা হয়েছে সেই টাকা এক একটা বিষয়ে দিলে তারা সন্তুষ্ট হতে পারতেন কিনা জানি না। কিন্তু তাঁরা আয়ের দিকটা চিন্তা করেন না। সেইজন্য আমি বলবো বাজেট যখন আমরা আলোচনা করবো তখন আয় এবং ব্যয় দুটো দিকেই যেন আমরা লক্ষ্য রাখি। আমাদের যেটুকু ক্ষমতা রয়েছে সেই ক্ষমতা অনুযায়ী যতটুকু আয় পাচ্ছি তার সুষ্ঠু বন্টন ব্যবস্থা আমাদের অর্থমন্ত্রী করেছেন তার জন্য আমি অভিনন্দন জানাচ্ছি। আমি অভিনন্দন জানাচ্ছি আর একটি কারণের জন্য যে আমাদের কল্যাণমূলক রাষ্ট্রের বিভিন্ন কল্যাণমূলক কাজ করবার জন্য তিনি আজ বাংলাদেশের উপর কোন কর বসাবার জন্য প্রস্তাব করছেন না। কোন কর বসাবেন না এটা তিনি আমাদের প্রতিশ্রুতি দিয়েছেন। কাজেই ভবিষ্যতে কখন কি করবেন আমি জানি না। এখন তিনি বসাচ্ছেন না, সেজন্য আমরা তাঁকে অভিনন্দন জানাতে পারি। বাংলাদেশের বুকে আজকে যে সমস্যা বিরাট আকারে দেখা দিয়েছে সেটা হচ্ছে খাদ্য সমস্যা। এটা আমি অস্বীকার করব না। আমি পাড়াগাঁ থেকে এসেছি, পাড়াগাঁয়ের লোকের সংগে আমার মেলামেশা রয়েছে। আপনারা জানেন বাঁকুড়া বিভিন্ন দিক থেকে অনগ্রসর। সেজন্য আমার বাস্তব অভিজ্ঞতা এখানে রাখতে চাই এবং সে সম্বন্ধে সরকারকে চিন্তা করতে বলি। আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব এই যে সরকার কর্তৃক ন্যায্য মূল্য বেঁধে দেওয়া হয়েছে সে সম্বন্ধে তাঁরা যেন একটু লক্ষ্য রাখেন। আজকে যদি আমার কৃষক দর না পায় তাহলে কি করে কৃষকের উন্নতি সম্ভব হবে? আমি সরকারী দপ্তরের কাছে অনুরোধ করব তাঁরা এমন একটি শক্তিশালী অর্গানাইজেসান গড়ে তুলুন যাতে সরকার কর্তৃক নির্ধারিত যে মূল্য রয়েছে সেই মূল্য কৃষকের কাছে পেঁছায়। তা না হলে কৃষক ভবিষ্যতে চাষ করার দিকে অগ্রসর হবে না। আর কৃষি সম্বন্ধে যা কিছু আমাদের ব্যবস্থা হয়েছে সকলের আগে আমি বলব যে একটা জিনিস চাই সেটা হচ্ছে জল সেচের ব্যবস্থা। এই জল সেচ ছাড়া আমরা যা কিছু জিনিস দিই না কেন কৃষির উন্নতি করতে পারব না, ফসল বেশী বাড়াতে পারব না। আমরা দেখছি ডি ভি সি-র যে ইরিগেশান ব্যবস্থা সেটা আমাদের বাংলা সরকারের হাতে এসেছে। আমি আশা করব আমাদের বাংলা সরকার যেখানে যেখানে সম্ভাবনা রয়েছে সে অল্প জমি হলেও সেখানে যদি জল সেচন দিতে পারেন তাহলে তার নিশ্চয়ই ব্যবস্থা করবেন। আমি মনে করি যে কৃষি ব্যবস্থার উপর যে জোর দেওয়া হয়েছে তা অত্যন্ত ন্যায্যভাবে দেওয়া হয়েছে। আজ যদি আমার কৃষক ১ মন বেশী ধান ফলাতে পারে, ১ মন গম বেশী ফলাতে পারে তাহলে ঐ ১ মন ধান বা গম বিদেশ থেকে আমাদের দেশে আনাতে হবে না। তখন আমাদের দেশ খাদ্যে স্বয়ং সম্পূর্ণ হবে, আমাদের তখন ফরেন ক্যাপিট্যাল বাড়বে। সেজন্য আমি বলছি কৃষির উপর সর্বাধিক গুরুত্ব দেওয়া দরকার। কেননা সাধারণ লোকের মনে সবচেয়ে যেটা পীড়া দেয় সেটা হচ্ছে খাদ্য সুমস্যা। শিক্ষা ব্যবস্থা অপেক্ষা করে থাকতে পারে, অন্যান্য যে কল্যানমূলক ব্যবস্থা রয়েছে সেগুলি অপেক্ষা করে থাকতে পারে কিন্তু যদি আমরা খাদ্যের ব্যবস্থা ঠিকমত করতে না পারি তাহলে সেটা কিছুতেই মানুষ সহ্য করতে পারবে না।

আমি সরকারকে বলব খাদ্যে স্বয়ং সম্পূর্ণ হবার জন্য কৃষকদের মধ্যে উৎসাহ সৃষ্টি করতে হবে, কৃষকদের বাঁচাতে হবে, তাদের ন্যায্য মূল্য দিতে হবে এবং কৃষকের যেখানে এক ছটাক জমি রয়েছে সেখানে সম্ভব হলে জল সেচনের ব্যবস্থা করতে হবে। আমি দেখেছি যেখানে জল সেচনের ব্যবস্থা করা হয়েছে ডি ভি সি, থেকে যেখানে জল দেওয়া হয়েছে সেখানে কি সুন্দর ফসল ফলেছে, সেখানে যত সার দিতে না পেরেছি, বীজ দিতে না পেরেছি কৃষক তার নিজের উদ্যোগে দিনের পর দিন বছরের পর বছর কিরকম ভাল ফসল ফলিয়ে গেছে। আমাদের ওখানে যে গভীর নলকূপ হয়েছে সেটা অত্যন্ত সুখের কথা। আমাদের এক বন্ধু বলেছিলেন আমাদের এখানে চাষীরা ৩ মাস কাজ করে, বাকি সময় কাজ করতে পারে না। আমি বলব তাঁরা আমার অঞ্চল দেখে আসুন, সেখানে সরকার থেকে কত গভীর নলকূপ বসানর ব্যবস্থা রয়েছে। একটা অঞ্চলে যেখানে সেগুলি চালু রয়েছে সেখানে চাষীরা ১ মাস নয়, ২ মাস নয়, একটা ফসল নয়, ২ ফসল.নয়, ৩ টে ফসল সেখান থেকে তুলছে। আমি সরকারকে অনুরোধ করব নলকূপ পরিচালনার জন্য অবিলম্বে তাঁরা যেন বিদ্যুতকে কাজে লাগান। আমাদের নদীয়া অঞ্চলে গভীর নলকূপ থেকে জল তুলবার কাজে বিদ্যুত লাগান হয়না। এরজন্য বিশেষ একটা বরাদ্দ করতে হবে না, বাজেটের পরিবর্তনও করতে হবে না, কেবল স্টেট ইলেকট্রিসিটি যেটা রয়েছে তাদের একটু জোর তাগিদ দিতে হবে এই জল সেচের কাজে বিদ্যুৎ লাগাবার জন্য। এরপর আমি শুধু শিক্ষা সম্বন্ধে একটা কথা বলতে চাই যে, আজকে শিক্ষকদের ধর্মঘট সম্বন্ধে কিছু বলতে চাই না। সেটা তাঁরা সরকারের সংগে আলোচনা করবেন, আজকে শিক্ষার্থীদের ক্ষেত্রে যে বিশৃঙ্খলা দেখতে পাচ্ছি সে সম্বন্ধে আমাদের বিশেষভাবে চিন্তা করা উচিত। একটা জিনিস আমাদের দেশে চালু করতে হবে সেটা হচ্ছে অভিভাবক, শিক্ষক এবং রাষ্ট্রীয় প্রতিনিধি পরিদর্শক তাঁদের নিয়ে একটা ভাল সংস্থা গড়ে তুলতে হবে। কেননা অভিভাবকদের সংগে শিক্ষকদের কোন সম্পর্ক নেই। একমাত্র ম্যানেজিং কমিটির নির্বাচন ছাড়া অভিভাবকদের সংগে শিক্ষকদের কোন সম্পর্ক নেই।

[5-15—5-25 p.m.]

তাই আমি বলবো অভিভাবক শিক্ষক এবং যাঁরা পরিদর্শক রয়েছেন তাদের মধ্যে যাতে একটা ঘনিষ্ঠ সম্বন্ধ স্থাপিত হয়, সেইজন্য একটা সংস্থা গড়ে তুলতে হবে এবং সেটা প্রত্যেকটী স্কুলে যদি একটী করে সংস্থা সৃষ্টি করতে পারি, এবং বিভিন্ন ভাবে প্রত্যেকটী স্কুলের অবস্থা সম্বন্ধে আলোচনা করতে পারি প্রত্যেকটা স্কুলের আঞ্চলিক সমস্যা নিয়ে তাহলে দেখতে পাব ছাত্রদের মধ্যে যে বিশৃঙ্খলা রয়েছে, সেখানে যদি সত্যই চালু করতে পার, তা নিশ্চয়ই দূরীভূত হয়ে যাবে।

বর্তমান অবস্থায় মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে হাই পাওয়ার কমিশন শিক্ষার ক্ষেত্রে নিয়োগ করবার কথা বলেছেন, তার জন্য তাঁকে আমি অভিনন্দন জানাচ্ছি। কাজেই আজকে শিক্ষার দিকে কৃষির সংগে সংগে ভবিষ্যতের দিকে তাকিয়ে গুরুত্ব দিতে হবে সে বিষয় কোন সন্দেহ নাই। শিক্ষা ক্ষেত্রে একটি হাই পাওয়ার কমিশন গঠন করে সেই সব ত্রুটি বিচ্যুতি ও বিশৃঙ্খলা আমরা দূর করতে পারবো। তারজন্য আমাকে চেষ্টা করতে হবে।

আমি আমার অর্থমন্ত্রীকে এই কল্যাণমূলক রাষ্ট্রের উপযোগী যে কল্যাণমূলক বাজেট পেশ করেছেন, তার জন্য অভিনন্দন জানাচ্ছি।

Shri Girish Mahato:

মাননীয় সভাপতি মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী তাঁর বাজেট ভাষণের প্রথম সওয়া দু পাতার মধ্যে শোষণতান্ত্রিক কংগ্রেসী অর্থনীতির যে মর্মকথা গুটি কয়েক লাইনের মধ্যে দিয়েছেন আমরা বিরোধী সদস্যেরা আমাদের দীর্ঘ ভাষণেও অমন সুন্দরভাবে কংগ্রেসী শোষণ ও ব্যর্থতাকে ফুটিয়ে তুলতে পারতাম না। অর্থমন্ত্রী আমাদের হিসেব দিয়েছেন—শাসনযন্ত্র ও পঞ্চবার্ষিকীর নামে হাজার হাজার, কোটি কোটি টাকা তাঁরা খরচ করেছেন। কিন্তু এই অজস্র টাকার

হরিরঘাটে উৎপাদন যা হয়েছে তার হিসেব যে খুবই অকিঞ্চিৎকর সেকথা না বলে উপায় নেই। তারপর এই অর্থ ব্যয়ের যে লক্ষ্য জাতীয় আয় ও জনপ্রতি আয়ের বৃদ্ধি তাতে তিনি জানিয়েছেন যে, জাতীয় আয় ৩০ শতাংশের জায়গায় এ পর্যন্ত মাত্র ১০ শতাংশ এবং জনপ্রতি আয় ১৭ শতাংশের জায়গায় মাত্র ২ শতাংশ হয়েছে। অর্থাৎ তাঁদের শাসনের অযোগ্যতা চরম দৈন্যে মূর্ত হয়ে উঠেছে এবং তার পরিচয় তিনি সংক্ষেপে সুন্দরভাবেই আমাদের কাছে রেখেছেন। এতো গেল তাঁর নিজের হিসেব। এবার আমাদের হিসেব তার সঙ্গে সঙ্গে যোগ করে দিতে হবে। স্যার, সর্বদাই আমাদের জাতীয় জীবনে কংগ্রেসী তথ্য পরিসংখ্যানকে দীর্ঘ মার্জিন দিয়েই গ্রহণ করতে হয়। সুতরাং অবস্থা যে কতো শোচনীয় তা সহজেই অনুমেয়। আমাদের অর্থমন্ত্রী আজ গদীতে বসে যতই হিসেব দিন, কংগ্রেসী শাসনের অর্থনৈতিক হিসেব রয়েছে কোটি কোটি নিরন্ন মানুষের কংকাল মূর্তির মধ্যে, শাসনহীন শৃংখলাহীন চোরাবাজারে অবাধ লুটের মধ্যে, দেশের অগনিত জনগণের অর্থনৈতিক দ্রুত ক্রমাবনতির মধ্যে, ধনিক নামধেয় দেশের তস্করকুলের অবাধ ধনবৃদ্ধির মধ্যে এবং ১৭ বছরের শাসনব্যাপী নিরবচ্ছিন্ন অনাহার দুর্ভিক্ষ, অনাহার মৃত্যু, মড়ক ও মহামারীর শ্মশান চিত্রের মধ্যে এই হচ্ছে কংগ্রেসী অর্থনীতির বাস্তব সত্যকার রূপ।

স্যার, ১৪ বছর দেশ শাসনের পর শ্রীনেহেরু একদা ঘুম থেকে উঠে উপলব্ধি করলেন যে জাতির ব্যবহারিক জীবনের সবচেয়ে বড় সমস্যা হচ্ছে কৃষি, কাজেই সেই কৃষিকে আর অবহেলা করা হবেনা তাকে সকল অগ্রাধিকারের অগ্রাধিকার দেওয়া হবে। সঙ্গে সঙ্গে সারা ভারতব্যাপী শ্রীনেহেরুর চেলা চামুণ্ডারা হাত পা ছুঁড়ে লাফালাফি আরম্ভ করলেন– কৃষির অগ্রাধিকার, কৃষির অগ্রাধিকার। আজ তার আরও কয়েক বছর পরে সেই নেহেরুজীর চেলাদের শাসনাধীনে পশ্চিমবঙ্গের অর্থমন্ত্রী সংবাদ পরিবেশন করছেন যে, ১৯৬১-৬২ সালে কৃষির যে উৎপাদন ছিল তার তুলনায় বর্তমানে কৃষির উৎপাদনের সূচক আরও বহু নীচে নেমে গেছে এবং আশা করা যাচ্ছে যে, ভারতের সেরা সেরা মন্ত্রীবররা সামনের বছরও বড় বড় ভিক্ষাপাত্র নিয়ে সারা বিশ্ব পর্যটন দ্বারা সসম্মান ভিক্ষান্ন সংগ্রহ করে ভারতের বুভুক্ষু জাতিকে টিকিয়ে রাখতে পারবেন। স্যার, সতের বছর শাসনের পর এর চেয়ে অযোগ্যতার গ্লানী আর কি হতে পারে। তারপর, অর্থমন্ত্রী তাঁর ভাষণে কংগ্রেসী শাসনের অগ্রগতির বিভিন্ন বিবরণ যা প্রদান করেছেন সেই সমস্ত তথাকথিত অগ্রগতির লক্ষ্য দেশের সাধারণ মানুষ নয়। দেশের কোটি কোটি নিরন্ন মানুষের রক্ত জল করা অর্থে আজ যে সমস্ত সমৃদ্ধির আয়োজন করা হচ্ছে তার লক্ষ্য পশ্চিমী সভ্যতার ঐশ্বর্যের সঙ্গে দেশের কায়েমী স্বার্থের জন্য প্রতিযোগিতার তাল বজায় রাখা। তারই ফল আজকের এই ভয়াবহ মুদ্রাস্ফীতি, ভারসাম্যহীন উন্নয়নের জন্য প্রয়োজনীয় সম্পর্কের আকস্মিক অত্যন্ত অনটন। শুধু তাই নয়, তার ফল হচ্ছে কৃষি ও পল্লীশিল্পের প্রতি চরম অবহেলা এবং সাধারণ মানুষের স্বাস্থ্য পানীয়, কর্মসংস্থান ও গণশিক্ষার ক্ষেত্রগুলির চরম দুর্দশা। যে অভিসন্ধীমূলক দূষিত অর্থনীতি এবং তার প্রয়োজনে যে অভাবিত মুদ্রাস্ফিতি প্রভৃতি সমগ্র দেশকে আজ ছারখার করছে এবং যার জন্য কংগ্রেস শাসনই আজ অমার্জনীয় অপরাধে সম্পূর্ণ অপরাধি সেই অভিযুক্ত কংগ্রেসী শাসনের একজন আজ তাঁর বাজেট ভাষণে মুদ্রাস্ফীতি প্রভৃতির প্রতি বিব্রত মনের উৎকন্ঠা প্রকাশ করেছেন। এশুধু নিজেদের জ্বলন্ত অপরাধকে ঢাকা দেবার কলাকৌশল মাত্র। দেশের এই ভয়াবহ অর্থনৈতিক সংকট সৃষ্টিকারীদের মধ্য থেকে একজন আজ তাঁর বাজেট ভাষণে আবার শুভেচ্ছার বানী জানিয়েছেন যে, আমাদের জাতি এই সংকটের সম্মুখীন হবার মত শক্তি রাখে। যে কথা উপহাসের মত অর্থমন্ত্রীর লেখনী থেকে প্রকাশিত হয়েছে সেই কথায় পুনরাবৃত্ত করে আমরা বলছি যে, কংগ্রেসী শাসন আমাদের জীবনে যে ভয়াবহ অর্থনৈতিক সংকট সৃষ্টি করে তুলেছে তাতে এই শাসন আজ যতই দানবীয় হোক জাতি তাদের সৃষ্ট সংকটের সম্মুখীন হবার শক্তি রাখে এবং তাকে বিতাড়িত করার সংকল্প ও আশা রাখে। মাননীয় চেয়ারম্যান স্যার, এবারে আমি দুর্নীতির কথা কিছু বলব। আমি এই হাউসে কংগ্রেসী মন্ত্রীদের চ্যালেঞ্জ করে বলছি যে, আমাদের জেলা পুরুলিয়াতে যদি যান তাহলে আমরা দেখিয়ে দেব যে, মডিফাইড রেশনিং-এর ১২ আনা চিনি ব্ল্যাক মার্কেটে বিক্রি হচ্ছে। আমরা এইসব জিনিস ডি সি, এস্‌ডি ও এবং ডি আই বি-র ইনস্পেক্টর-কে ধরিয়ে দিয়েছি, কিন্তু তাঁদের হিম্মত হোল না এই সমস্ত জিনিস বন্ধ করা। আজকে চোরাকারবারীরা ৯ টাকায় ধান নিয়ে ভাঁওতা প্রচার করছে যে ১৪ টাকা মন। এস ডি ও, পুলিশের দারোগা আজ প্রকাশ্যে ঘুস নিচ্ছে। তারপর, জঙ্গল উজার হয়ে গেল এবং বিভাগে চরম বিশৃংখলা চলছে।

কিন্তু এই কংগ্রেস সরকারের হিম্মত নেই এই সমস্ত জিনিস বন্ধ করা। তাই দেখছি আজ যখন এই কংগ্রেস সমস্ত ভারতবর্ষকে ধ্বংস করবার পথে নিয়ে চলেছে তখন জনগণ তৈরী হচ্ছে এই স্বৈরাচারী কংগ্রেসকে ধূলিসাৎ করবার জন্য।

[5-25—5-35 p.m.]

Shri Hiralal Singha:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন তাকে অভিনন্দন জানাই। স্বাধীনতা প্রাপ্তির পর ১৯৪৮-৪৯ সালের যে বাজেট তাতে দেখবো ৩২ কোটি টাকা রাজস্ব খাতে ছিল, সেটা আজকে ১৫০ কোটিতে এসে দাঁড়িয়েছে, রাজস্ব বৃদ্ধি পেয়েছে বলে আজকে এমন অবস্থা হয়েছে, বাংলাদেশের উন্নতির চিত্র এতেই দেখতে পাই। পশ্চিম বাংলার রাজস্বমন্ত্রী বিভিন্ন খাতে জনস্বাস্থ্য কৃষি-শিল্প ইত্যাদি, যে ব্যয় বরাদ্দ করেছেন সেই ব্যয় বরাদ্দে ভবিষ্যতের আশার ইঙ্গিত দেখতে পাচ্ছি, আগামী বছর আমরা যে শুভ ফল পাব এ বিষয়ে কোন সন্দেহ নেই। আমরা যদি আমাদের দেশের অগ্রগতি দেখি এবং স্বাস্থ্যের দিকে দেখি তাহলে দেখতে পাব প্রত্যেক জেলায় ২০০ বেডের একটি হাসপাতাল হয়েছে, মহকুমায় একটি করে ১০০ বেডের হাসপাতাল হয়েছে এবং প্রতি থানায় একটি করে হেল্থ সেন্টার হয়েছে এবং তাকে সাহায্য করার জন্য দুটি করে সাবসিডিয়ারী হেল্থ সেন্টার স্থাপন করা হয়েছে, আগে যেখানে সাবসিডিয়ারী হেল্থ সেন্টার ছিলনা সেখানে আজকে প্রত্যেক থানায় এই সমস্ত হচ্ছে, দেশের জন স্বাস্থ্যের যাতে উন্নতি করা যায় তার জন্য সরকার চেষ্টা করছেন, আজকে গ্রামের প্রত্যেক লোকই চিকিৎসার সুযোগ গ্রহণ করতে পাচ্ছে। শিক্ষা সম্বন্ধে আমরা যদি দেখি তাহলে দেখবো আগে ৪।৫টি গ্রাম নিয়ে একটা প্রাইমারী স্কুল ছিল, আজকে সেখানে প্রত্যেকটি গ্রামেই একটি করে স্কুল হয়েছে, এবং সেখানে ৭০।৮০ ভাগ ছেলে মেয়ে মেয়ে শিক্ষার সুযোগ পাচ্ছে। তারপর জলপাইগুড়ি জেলায় দেখা যাবে যেখানে মাত্র একটি কলেজ ছিল সেখানে তিনটা কলেজ হয়েছে, মাত্র ৪টি হাই স্কুল ছিল সেখানে এখন ৩৫টি হাই স্কুল হয়েছে, এবং এমনও দেখছি যে উত্তর বঙ্গের মত অবহেলিত জায়গায় একটি ইউনিভার্সিটি হয়েছে একটি ইঞ্জিনিয়ারিং কলেজ হয়েছে এবং বিভিন্ন কারিগরী প্রতিষ্ঠান গড়ে উঠেছে। আজকে দেশের যে অগ্রগতি হয়েছে তার প্রমাণ আমরা দেখতে পাচ্ছি। কৃষিক্ষেত্রে আমরা দেখবো কংসাবতী, দামোদর, অজয় ইত্যাদি নদীতে বিভিন্ন সেচ পরিকল্পনা করে জলসেচের ব্যবস্থা করা হয়েছে, ডীপ টিউবওয়েল ও ছোট সেচ পরিকল্পনা করে কৃষি ক্ষেত্রে জল সরবরাহের ব্যবস্থা করা হচ্ছে। আগে যেখানে মাত্র ৫ ভাগ কৃষি জমিতে জল সরবরাহ করা হত এখন সেখানে ৩০ ভাগ জমিতে জল সেচ করা হচ্ছে, তাই বলে আমি মনে করিনা যে যথেষ্ট হচ্ছে। খাদ্যাভাব সমস্যার সমাধান করতে হলে একমাত্র কৃষির উপরই আমাদের নির্ভর করতে হয়, এবং সেই কৃষি যদি ভালভাবে সাহায্য না পায় তাহলে খাদ্যের ফলন বৃদ্ধি পাবেনা। ধান পাট ও অন্যান্য ফসল বাড়াবার জন্যও ব্যবস্থা করা দরকার। যে সমস্ত ব্যবস্থা না হলে কৃষির উন্নতি করা সম্ভব নয়, সেই ব্যবস্থা করার জন্য সরকারকে লক্ষ্য রাখতে হবে। উত্তর বঙ্গে যে সকল নদী আছে যেমন তোর্ষা ইত্যাদি, নদীতে যদি সেচ পরিকল্পনা জল সরবরাহের ব্যবস্থা করা হয় তাহলে দেখা যাবে শতকরা ৮০ ভাগ জমিতে অন্ততঃ ২০ থেকে ৩০ মণ ফলন একর প্রতি বৃদ্ধি পেয়েছে, এখন আমরা পাচ্ছি ৯।১০ মণ একরে। উত্তর বঙ্গের জমি উর্বর জমি সেখানে জল সেচের ব্যবস্থা নাই। ডিপ টিউবওয়েল জলপাইগুড়িতে মাত্র ৫টি হয়েছে, আরও বেশী হওয়া প্রয়োজন। সেখানেও যাতে আরও ডিপ টিউবওয়েল করে জল সেচের ব্যবস্থা করা হয় আমি সেদিকে লক্ষ্য রাখতে অর্থমন্ত্রীকে অনুরোধ করি।

সমবায় সমিতি করে কৃষকদের উন্নতি করার জন্য বিপুল আয়োজন চলেছে, এটা বিশেষ লক্ষণীয় বিষয়। দরিদ্র কৃষকদের যাতে মহাজনদের উপর নির্ভর করে থাকতে না হয় এবং ঋণের দায়ে তাদের সর্বস্ব বিক্রী করে না দিতে হয় তার জন্য প্রত্যেক গ্রামে একটি করে কৃষিঋণ সমবায় সমিতি গঠন করা হয়েছে এবং তার মারফৎ কৃষকরা বীজ কেনার জন্য, বলদ কেনার জন্য এবং বিভিন্ন

ধরণের কৃষি যন্ত্রপাতি কেনার জন্য ঋণ পাচ্ছে এবং সেই সব ঋণ পরিশোধ করে আবার নিতে পাচ্ছে এইভাবে সমবায় কৃষি ঋণ সমিতি মারফৎ কৃষকরা বিশেষ উপকৃত হচ্ছে। ঋণ সমিতি যাতে আরও প্রচুর পরিমাণে গঠন করা হয় সেদিকে আমি সমবায় মন্ত্রিমহাশয়ের দৃ আকর্ষণ করছি। রাস্তা ঘাট সম্বন্ধে বলতে গেলে আগে আমরা দেখছি গ্রামে কোন রা ছিলনা, এক যায়গা থেকে আর এক যায়গা যোগাযোগ ছিলনা। আগে যেখানে গরুরগাড়ী ব যেতাম, আজ সেখানে দেখছি মোটরগাড়ী দিন রাত চলা চল করছে। রাস্তার যে বিে উন্নতি হচ্ছে সেকথা বলা যেতে পারে। উত্তরবঙ্গে একটা মেডিকেল কলেজ করার জন্য সরকাে কাছে আমরা বহুদিন ধরে আবেদন করছি। সেখানে একটা মেডিকেল কলেজ করা দরকা যে সমস্ত হাঁসপাতাল আছে তাঁতে কোন ডাক্তার যেতে চায়না। কাজেই আমাদের ওখানে য একটা মেডিকেল কলেজ হয় তার জন্য সরকারের কাছে বিশেষ ভাবে আবেদন জানাচ্ছি। এব বলে অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন তাকে আমি সমর্থন করছি।

Shri Jiban Krishna Dey:

মিঃ স্পীকার স্যার, অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করলেন সেই বাজেট সম্পর্কে কে কিছু বলবার সংগে সংগে একটা অবস্থা আমাদের দেখা দরকার যে কোন পরিস্থিতিে এই বাজেট এসেছে। আমরা জানি যে আমাদের পশ্চিমবাংলা সরকার-এর আগে যা আলোচ এখানে হয়েছে, আর এর বাহিরে যে অবস্থা সেটা ভয়াবহ অবস্থা এবং কংগ্রেসী সদ শ্রীশিরোমনি প্রসাদের বক্তব্যে কিছুটা তা প্রকাশ পেয়েছে। এটাই হল একটা ভাল লক্ষণ ে কংগ্রেসের মধ্যে ১/২ জন লোক আছেন যাঁরা বলেন যে গ্রামের অবস্থা, কৃষকদের অবস্থা ি ভয়াবহ। তিনি লোন সম্পর্কে কিছু বলেছেন। কিন্ত্র বাস্তব ঘটনা কি? বাস্তব ঘটনা হে যে কৃষকদের গভর্ণমেন্ট কিছু টাকা দেয় সেই টাকা শুধু আদায় করে না, গলায় গামছা দিে আদায় করা হয়। এমন বহু এলাকা আছে যেখানে বন্যার জন্য গভর্নমেন্ট হয়ত ৫।১০ টাকা দিয়েছেন কিন্তু সুদ আসলে ৫০ টাকা হয়ে গেল। সেই কৃষক হয়ত ৪।৫ টাকা বাক রেখেছে তার জন্য ৮।১০টা লোক যাদের নিয়ে গ্রুপ করে তাদের উপর নোটিশ হচ্ছে ৮।১০টা লোকের উপর নোটিশ খরচ ৩ টাকা, পিওন যখন টাকা আদায় করতে যাবে তখ ৩×৮=২৪ টাকা। এইভাবে আদায় কার্য হচ্ছে। অর্থাৎ সরকারের প্রাপ্য যেখানে ৪ টাক সেখানে ৪ টাকা নোটিশের খরচ, পিওন ইত্যাদি নিয়ে ২৪ টাকা খরচ। কারণ প্রত্যেক গ্রুপ-এর জন্য খরচ ৮ টাকা। যে লোকগুলো মারা গেছে তাদের টাকা অন্য লোকের কা থেকে গভর্নমেন্ট জোর জুলুম করে আদায় করছেন। এই বাজেটে এই রকম কোন প্রতিশ্রুি নেই যে তাদের রেহাই দেবেন এবং এই রকম কোন আশ্বাস কৃষকরা পায়নি। কর বৃদ্ি হয়নি এর জন্য কংগ্রেস সদস্যারা আনন্দ প্রকাশ করছেন। কিন্তু এতে আনন্দের কোন কার নেই। কিন্তু আমরা জানি যে অবস্থার মধ্যে আমরা আছি তাতে চলতি বছরে জিনিষপত্রে দাম আরও যদি ২৫ টাকা বৃদ্ধি হয় তার চেয়ে ২ টাকা যদি কর চাপান হোত ক্ষতি কিছ ছিল না। আপনাদের অর্থমন্ত্রী কি এই কথা বলেছেন যে কর বৃদ্ধি যেমন হবেনা তেমি জনসাধারণের উপর দ্রব্যমূল্য বৃদ্ধির জন্য যে চাপ সেটা থেকে লোককে উদ্ধার করা হবে গতবারে আমরা যেমন সরষের তেলের ক্ষেত্রে দেখেছি সরকারও তেমনি দ্রব্যমূল্য সম্পর্কে য নীতি নিয়েছেন সেটা বাজেটের প্রত্যেক পাতায় দেখতে পাচ্ছি।

[5-35—5-45 p.m.]

আমরা জানি সরষের তেলের ক্ষেত্রে কি হল সরষা তেলের বলগাহীণ ভাবে দাম বাড়তে লাগল ৩, ৪, ৫ এমন কি ১৪ টাকা দরে কোনকোন জায়গায় সরষের তেলের দাম উঠল কিন্ত আমাদের সরকার এ ব্যাপারে কিছু করতে পারলেন না। মানুষ যখন বিপদে পড়ে একান্ত বাধ্য হয়ে যখন তেল খাওয়া ছেড়ে দিলেন বা বিকল্প বাদাম তেল বা গুজি তেল যা কিছু যোগাড় করে চালাতে লাগলেন তখন আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বললেন দেখ কি চমৎকার ব্যবস্থা করেছি। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বললেন দেখ কি সুব্যবস্থা করেছি

আর সরষের তেলের কোন ঝামেলা নেই এই যদি কৃতিত্ব হয় তা হলে আমাদের মুখ্যমন্ত্রী ভবিষ্যতে কৃতিত্বের দাবী করতে পারেন, কিন্তু এর একটা ভয়ংকর বিপদ আছে। আজকে যদি দেখি মানুষ সরষের তেলের অভাব বাদাম তেলে মেটাচ্ছে তাহলে সরষের তেলের ব্ল্যাক মার্কেটিং করতে যারা যারা সরষের তেলের স্টক করত তারা তারা বাদাম তেলেরও স্টক করবে, তারা জানবে যে সরষের তেল যখন এভাবে বিক্রী হয়েছে বাদাম তেলও বিক্রী হবে। একথা মনে করার কোন কারণ নেই যে তারা সুযোগ সুবিধা পেলেই জিনিষ আটকাবে এবং লোকের কাছ থেকে পছন্দ মত দাম নেবে, আমাদের এই বাজেট-এ কোন জায়গায় এরকম কোন কথা নেই যে আগামী বৎসরে এই ধরণের দিনে চুরি, ডাকাতি বন্ধ করব, এ রকম কোন আভাস আমরা বাজেট-এ দেখিনি, কি অবস্থা আছে না তা হল ঐ গতানুগতিক কথা এর বাহিরে যা আছে তা হল নিদারুণ বিপদের আশংকা। আমাদের রাষ্ট্রপতি সেদিন কলকাতায় এসে বলে গেলেন যে সমাজতান্ত্রিক সমাজ গঠন সুখী সমৃদ্ধি সমাজ গঠন করাই নাকি আজকে দিনের কর্তব্য। কিন্তু কি সমাজতন্ত্রের এই আহ্বান আমরা এই বাজেট-এ পেলাম তা ভাবতে এবং বলতে দুঃখ হয়। আমাদের এখানে চৌকিদারের বেতন ৯ টাকা করে দিচ্ছি আমাদের অর্থমন্ত্রী মহাশয় এই বাজেট-এর কোথাও একথা বলতে পারলেন না যে আমরা এই ৯ টাকাকে বৃদ্ধি করে ১০ টাকা করলাম বা আরও ৫ টাকা বা ২ টাকা করলাম এই অবস্থায় তারা সমাজতন্ত্র গড়ার কল্পনা করছেন। আজকে আমরা দেখতে পাচ্ছি যে ঐ ধরনের কর্মচারীদের আয় রাখছেন মাত্র ৯ টাকা তার মানে আরও একটু ভাল করে দেখলে বোঝা যাবে যে যা হল মাত্র ৯ সের চালের দাম তাও মাননীয় শৈলবাবু বলতে পারবেন না যে এই দামে সারা বৎসর দিতে পারবেন সে দেশারও তাদের ক্ষমতা নেই যে সারা বৎসর ঐ দরে তারা দেবেন আজ এই হল আমাদের অবস্থা এই কর্মচারীদের জীবনে এই বাজেট কি আহ্বান আনবে কোন আহ্বানই আনতে পারেনা। আরও আমরা কি দেখছি যে আজ তেল পাওয়া গেল না তার জায়গায় সরষের তেল পাওয়া গেলনা বাদাম তৈল খাও কিন্তু আমরা হয়ত দেখব যখন কাপড় পাওয়া যাবেনা তখন খবরের কাগজ পর তা না হলে দিগম্বর থাক আমাদের অর্থমন্ত্রী মহাশয় বলবেন দেখ কি চমৎকার সমাধান করে দিয়েছি কাপড়ের আর কোন ক্রাইসেস নেই, তাহলে কাপড়ের অভাবে উলঙ্গ হওয়া বা কাগজ পরা এই যদি সমস্যার সমাধান হয় তাহলে এই সরকারের বাজেট যে কথা ফুটে উঠেছে এতে বোধ করবার কিছু নেই। এতে আনন্দ হতে পারে না কারণ দেশের মানুষের ভবিষ্যতে কি হবে তা কেউ জানে না, মুখ্যমন্ত্রী জানে না, গভর্ণমেণ্ট জানেনা সমস্ত কিছু ভাগ্যের হাতে, চোরাকারবারীদের হাতে, দস্যুর হাতে ছেড়ে দেওয়া হল। এবং সেখানে জনসাধারণের টাকায় তারা সুখে দিবানিদ্রা যাবে আর ঐ সমস্ত বিত্তবান লোক চুরি ডাকাতি করবে। আর আমাদের অর্থমন্ত্রী মহাশয় একটা কথাও দেশের মানুষকে বলতে পারবেন না তাদের প্রোটেকসান দিতে পারবেন না যে এই তোমাদের গ্যারাণ্টী দিলাম—এর চেয়েও দুঃখের আর কি আছে? কিন্তু বাংলাদেশের মানুষ আজকে কোথায় গিয়ে থাকবে? আজকে তারা কোন জিনিষে হাত দেবে। স্কুলে জায়গা নেই, কোথাও চাকরী নেই, তেল নেই কোন কিছুতে আজ হাত দেবার উপায় নেই। গভর্নমেন্ট আছে বলে মনেই হয় না, সরকার নামে যে পদার্থ তা বোধ হয় উঠে চলে গেছে। তাদের হাতে আছে কতকগুলি ক্ষমতা তারই ফলে আজ দেখতে পাচ্ছি কিছু লোক বিত্তবান হচ্ছে আর অপর দিকে লক্ষ লক্ষ মানুষ সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত খাটছে অথচ তারা খেতে পাচ্ছে না। অথচ এ অবস্থায় আমাদের অর্থমন্ত্রী বাজেট নিয়ে এলেন। সম্প্রতি একটা অর্ডার দেওয়া হয়েছে সমস্ত জেলায় জেলায় যে, যে পরিবারের মাসিক আয় শতকরা ২৫ টাকা তাদের আর খয়রাতি সাহায্য দেওয়া হবে না, যখন এই অর্ডার দেওয়া হল তখন তার পাশাপাশি আমরা কি দেখছি যে দমকলের যারা কর্মচারী তাদের আজ কি অবস্থা।

সমস্ত বাংলাদেশে যারা সাধারণ মানুষ তাদের মধ্যে আমরা শিক্ষক মহাশয়দের দেখেছি, দমকল কর্মচারীদের দেখেছি। দমকল কর্মচারীদের মতন লোক যারা নাকি আগুন নেভায়, সমাজের মধ্যে যারা সব থেকে জরুরী কাজ করেন এবং যারা দেশের স্বার্থে কাজ করেন তারা কাজ থেকে

কাজ বন্ধ করে দিয়ে বসে আছেন। তাঁরা বলছেন যে সরকার আমাদের বাড়ীভাড়ার কথা চিন্ত করে দেখবেন। কেমন করে দেখবেন, না, যেখানে আমরা কাজ করব তার আধ মাইলের মধ্যে যে আমরা বাড়ী পাই। ধরুন যেখানে কাজ করবে তার আধ মাইলের মধ্যে বাড়ী পেলে তবেই গভর্ণমেন্ট ভাড়া দেবেন, এইভাবে ৬ মাস হল আইনজারী হয়েছে ব্যবস্থা হয়েছে। কর্মচারীরা এখ পর্যন্ত বাড়ী খুঁজে পায় নাই। তাদের জন্য কখন কোথায় কবে তারা বাড়ী করবে এই বাজে তার কোন আশ্বাস তাদের জন্য নেই। তারপরে শিক্ষকদের জন্য আমরা দেখছি ১০ টাকা দিচ্ছেন কোন ১০ টাকা? যেখানে ১০ টাকার মধ্যে স্কুল কমিটি ৫ টাকা দেন; গতবারে যে ১০ টা দেওয়ার কথা ছিল তারই জন্যে গভর্নমেন্ট ৫ টাকা দিয়েছেন। বহু স্কুল কমিটি ৫ টাকা দিত পারেনি, সরকার বিশেষ করে অর্থমন্ত্রী ভালভাবেই জানেন। এবার তিনি ১০ টাকা দিলেন এই ১০ টাকায় কি হবে? স্কুল কমিটি যে বকেয়া টাকা দিল না তার ফলে তাদের ৫ টাকা কা চলে গেল। নূতন করে অর্থমন্ত্রী দিলেন ১০ টাকা তাহলে মাষ্টার মহাশয়দের সাকুল্যে বাড়ল টাকা। তাছাড়া বহু আছে যাদের জন্য কোন ব্যবস্থা করা যায়নি, করা যাবে না। এই অবস্থা আমাদের অর্থমন্ত্রী কি করলেন? কোন অবস্থায় গেলেন? দেশের দুরবস্থা কোন পর্যায়ে পেঁছেছে? শাসক গোষ্ঠী কোন স্তরে গেলে পর এটা হতে পারে? আজকে যেটা চিন্তার কথা সেটা হচ্ছে এই আমাদের হাতে আইন আছে ক্ষমতা আছে নির্বিকল্পে নির্বিবাদে আমরা এখানে বসে ৫০ টাকা বেতন আমাদের বাড়িয়েছি; ৮ টাকা অ্যালাওন্স, সি, এ, ডি, এ বাড়িয়েছি আমরা পারলাম না যারা নাকি ৯ টাকা পায় তাদের আরও ১ টাকা বেতন দিতে। নির্লজ্জতা একটা সীমা থাকা দরকার। এই অবস্থায় আমাদের দোষ দিয়ে লাভ নেই। কারণ, আজকে যখন লাঙ্গা, ফুংগা, ফুকা, ভুকাতে দেশ ছেয়ে গেছে সেই অবস্থায় দুর্গাপুরে আমাদের শাসকদল কনফারেন্স করলেন। কনফারেন্সে গভর্নমেন্ট টাকা দিয়েছেন তাতে যায় আসে না। তাঁরা বিবৃতি দিয়েছেন পি, এন্ড, টি, ডিপার্টমেন্ট থেকে, রেল থেকে; এখান থেকে সেখান থেকে সব মিলে লক্ষ লক্ষ টাকা দিয়েছেন এ বিষয়ে কোন সন্দেহ নেই। এক সাথে ধরলে দেখা যাবে যে ১ কোটি টাকা তারা ব্যয় করেছেন। ১ কোটি টাকা ব্যয় করে একটা সম্মেলন হল, কনফারেন্স হল, কোন অবস্থায়? কোন দেশে? না, যে দেশের নাকি মানুষের বেতন হল ৯ টাকা, যাকে সের চাল দিয়ে ১ মাস খাটিয়ে নেওয়া হয়। দারোগাবাবুর জুতো সাফ থেকে আরম্ভ করে মন্ত্রীমহাশয়ের পিছনে পিছনে ছোটা থেকে আরম্ভ করে এবং অন্যান্য দায়িত্বশীল কাজ থেকে আরম্ভ করে ইত্যাদি সব কাজ করতে হয় চৌকিদারকে। রাজ্যের যাঁরা শাসকদল তাঁরা ১ কোটি টাকা ব্যয় করে আনন্দ করলেন, স্ফূর্তি করলেন, সিনেমা দেখলেন, নাচ গান করলেন, তার সাথে দেশের আলোচনা করলেন এই হল তাঁদের ব্যবস্থা। এই জন্য যে বাজেট এখানে এসেছে আমি তাকে সমর্থন করতে পারি না এবং আমি মনে করি এই ব্যবস্থার প্রতিকার যদি না করেন, সমস্ত ঘটনা অন্য দিক থেকে যদি চিন্তা না করেন, তাহলে যেভাবে তাঁরা চিন্তা করেছেন, এই চিন্তা বাজেটের প্রতি শব্দে আসছে যে জনসাধারণের উপকার করার চিন্তা এতে নেই, এটা হচ্ছে দেশকে সম্পূর্ণ বিপদে ফেলার চেষ্টা। এই নীতিতে সরকার চললে কি পরিস্থিতি আসবে সেটা সরকার এবং অর্থমন্ত্রী ভালভাবে জানেন। যার জন্য আমরা জানি ডি, আই, রুল, ভারতরক্ষা বিধি বিরুদ্ধে গেছে। সেখানে শিক্ষক আন্দোলন করবে, চৌকিদার আন্দোলন করবে, প্রফেসর আন্দোলন করবে, যেইই আন্দোলন করবে, আজকে এই অবস্থা অনুপাতে তাদের ডি, আই রুলে গ্রেপ্তার করা হবে। আজকে ডি, আই, রুলের প্রতিকার হবে না। আমি জানি ২ দিন আগে আমাকে ধরেছিলেন, ১ বছর রেখে দিয়েছিলেন। কোন অপরাধ জানলাম না। এবার কেন ধরেনি তাও জানিনা। কবে ধরবেন তাও জানিনা। কিন্তু এই যদি হয় প্রতিকার, আজকে ৯ টাকা আপনারা বেতন দেবেন এবং তার ফলে যে যখনই চীৎকার করবে তখনই ডি, আই, রুল দিয়ে তাকে ব্যবস্থা করবেন। এই ডি, আই, রুলের শাসন চলবে না, চলতে পারে না। অন্য ব্যবস্থা নিন, সত্যিকারের ব্যবস্থা নিন, কাকে বলে সমাধান তা আপনারা জানেন। কারণ, আপনাদের হাত দিয়ে সব কিছু হয়। আপনারা মূর্খ নন, অজ্ঞ নন, সুতরাং সেদিক থেকে আপনারা ব্যবস্থা নিন। এই ডি, আই, রুলের দাওয়াই দিয়ে সমস্যা মেটাবার চেষ্টা করবেন না। সেই জন্য এই বাজেটকে আমি সর্বাঙ্গীন ভাবে বিরোধিতা করছি।

[5-45—5-55 p.m.]

Shri Surendra Nath Mahata:

মাননীয় স্পীকার মহোদয়, মাননীয় অর্থমন্ত্রীমহাশয় যে বাজেট উত্থাপন করেছেন আমি তাকে সমর্থন করছি। এই বাজেট যদি আমরা বিশেষভাবে আলোচনা করে দেখি, কঠোরভাবে অনুধাবন করে দেখি তাহলে আমরা দেখতে পাবো যে জনকল্যানমূলক রাষ্ট্রে জনকল্যানমূলক কাজের দিকে লক্ষ্য রেখেই এটা তৈরী হয়েছে। আমাদের এই পশ্চিমবঙ্গ কৃষি প্রধান দেশ এবং জনসংখ্যা হচ্ছে কৃষক প্রধান। আয়তনের অনুপাতে জনসংখ্যা অত্যান্ত বেশী বলে আমাদের খাদ্যের অবস্থা অত্যান্ত গুরুতর। আমাদের এই অখণ্ডিত বাংলার আয়তন ছিল ৭৭ হাজার বর্গমাইল এবং জনসংখ্যা ছিল ৬ কোটি ১৫ লক্ষ। খণ্ডিত বাংলার আয়তন হয়েছে প্রায় ৩৪ হাজার বর্গমাইল এবং জনসংখ্যা হয়েছে ৩।। কোটি। আয়তনের অনুপাতে জনসংখ্যা অত্যান্ত বেশী। সেইজন্য আমাদের খাদ্যাবস্থা অত্যান্ত গুরুতর আকার ধারন করেছে। ১৯৪৭ সালে স্বাধীনতা লাভের পর থেকে আজ পর্যন্ত উদ্বাস্তু ভায়েরা এসেছে প্রায় ৪২ লক্ষের মত। কাজেই এই খাদ্যসমস্যা সমাধানের জন্য কৃষিবিভাগ যে চেষ্টা করেছে সেটা প্রশংসনীয়। বিশেষ করে আমার অঞ্চলে যেসব জায়গায় গভীর নলকূপ খনন করা হয়েছে যেখানে কোন শস্য হতনা সেইসব বিরাট মরুভূমির মত মাঠে আজকে ফসল ফলান হচ্ছে। যাঁরা শহরে রাজনীতি করেন, পাড়াগাঁয়ের সঙ্গে যাঁদের কোন গন সংযোগ নেই তাঁরাই চিরকাল এই কথা বলে থাকেন। আমি আমার বন্ধুদের অনুরোধ করব তারা যদি একবার সেই কেলেঘাই পরিকল্পনা যেখানে হচ্ছে, যেখানে ৭টি নলকূপ খনন করা হয়েছে এবং ১০০ বছরের লোক যাঁরা জীবিত আছেন তাঁরা তাদের জীবনে যেসব জায়গায় কোনদিন ফসল দেখেননি, এমন কি ঘাস পর্যন্ত যেখানে থাকত না সেইসব জায়গায় আপনারা দয়াকরে গ্রীষ্মকালে প্রখর রৌদ্রের সময় যান তাহলে দেখতে পাবেন সেখানে ফসল ফলছে কি না। সেইজন্য আমি বলব কৃষি ব্যবস্থার উন্নতি হয়েছে এবং ঘাটতিও যথেষ্ট রয়েছে আমরা স্বীকার করি। ৪০ লক্ষ টনের মত খাদ্যশস্য উৎপন্ন হয়েছে অবশ্য আমাদের দরকার ৫০।৫২ লক্ষ টন। তাই খাদ্যে আমাদের কিছুটা ঘাটতি রয়েছে। তাই সকলকে চেষ্টা করতে হবে যাতে শস্য উৎপন্ন হয়। সেইজন্য আমি তাদের বলব যে দেশের উন্নতি করতে গেলে সকলকে সহযোগিতা করতে হবে বিরোধিতা করলে চলবে না। তাতে দেশের উন্নতি হবে না। এইজন্য আবার আমি কৃষিমন্ত্রীর কাছে অনুরোধ জানাচ্ছি যে আমার অঞ্চলে এখন বহু জল সেচের জায়গা রয়েছে যেখানে ছোট ছোট জলসেচ পরিকল্পনা হতে পারে, সেইসব জায়গায় পরিকল্পনা করা দরকার। আর শিক্ষার সম্পর্কে আমি বলতে চাই যে শিক্ষা ব্যবস্থার যথেষ্ট উন্নতি হয়েছে, বিপুল আয়তনে হয়েছে। আমি যে বিহার, বঙ্গ সীমান্ত প্রান্ত থেকে এসেছি, আমার দেখা যেখানে ২।৩টির বেশী স্কুল ছিল না, এমন কি ১০।১২টি গ্রাম খুঁজলেও যেখানে একটা স্কুল পাওয়া যেত না এখন সেখানে অনেকগুলি স্কুল হয়েছে। আমি নিজে প্রাইমারী শিক্ষালাভ করেছি ২৫ মাইল হেঁটে গিয়ে ঝাড়গ্রামের বিদ্যালয়ে এবং এখন সেইসব জায়গা শিক্ষার দিক দিয়ে স্কুল, কলেজের যথেষ্ট উন্নতি হয়েছে। চিকিৎসা ব্যবস্থারও যথেষ্ট উন্নতি হয়েছে। আমার সময় অবশ্য হয়ে গেছে, তাই আমি এই বাজেট সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

Shri Kamal Krishna Ray:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পশ্চিমবঙ্গ সরকারের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় ১৯৬৫-৬৬ সালের যে আয় ব্যয় এই সভায় উপস্থাপিত করেছেন—তা আমি সর্বান্তকরণে সমর্থন করছি। সমর্থন করি এই কারণে যে পশ্চিমবঙ্গের এই সমস্যা সংকুল অবস্থাতে তিনি ঘোষণা করেছেন যে নিপীড়িত জনগণের উপর নূতন কোন করভার তিনি ধার্য করবেন না। সমর্থন করি এই কারণে যে তিনি বিভিন্ন দিকে পরিমাণ মত এবং সম্ভবত বরাদ্দ করেছেন। আমি এই সভায় অপেক্ষাকৃত নবাগত এবং আজকের-ভাষণই আমার প্রথম ভাষণ। আমি যখন জনসাধারণ কর্তৃক নির্বাচিত হয়ে এই সভায় আসি আমি বিরাট এক আশা নিয়ে এসেছিলাম—আমি মনে ভেবেছিলাম যে সারা পশ্চিমবঙ্গে জনপ্রতিনিধিদের এই যে তীর্থ ক্ষেত্র এই তীর্থে আমি অনেক কিছু নূতন অভিজ্ঞতা সঞ্চয় করবো। কিন্তু কয়েকদিন আগে মহামান্য রাজ্যপালের ভাষণে যেভাবে অভিবাদন করা হয়েছে তাতে অনেকখানি নিরাশ হয়েছি। একথা নিঃসন্দেহে বলা

যায় যে ভারতবর্ষের যে কোন অঙ্গ রাজ্য থেকে পশ্চিমবাংলা সমস্যা সঙ্কুল। তবে আমি বলবে পশ্চিমবঙ্গের কর্ণধাররা যেভাবে এই দেশকে অগ্রগতির পথে নিয়ে যাচ্ছেন সত্য জনমানসে এই প্রতিচ্ছবি ভেসে ওঠে। আমি একথা নিজের মনগড়া বলছি না। আমি কিছু দিন পূর্বে সার ভারতের রাজনৈতিক কর্মী এবং সমাজ কর্মীদের সঙ্গে একত্রে থাকার সুযোগ পেয়েছিলাম আমি সেখানে প্রতিটি কর্মীর মুখে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর অকুন্ঠ প্রশংসা শুনেছিলাম এবং তাতে আমি গর্ব অনুভব করেছিলাম। আমি দেখলাম অর্থমন্ত্রী মহোদয় এই আয়ব্যয়কে বিভিন্ন শিক্ষা ক্ষেত্রে শিক্ষকদের মহার্ঘ ভাতা বৃদ্ধি করেছেন। আমি এর জন্য আনন্দিত হয়েছি। আমি নিজেও একজন প্রাথমিক শিক্ষক—সেই জন্য আমি প্রাথমিক শিক্ষকদের কথা বলছি যে প্রাথমিক শিক্ষকদের দায়িত্ব যথেষ্ট। দেশ গঠন এবং সমাজ গঠন আমি মনে করি যে এদের হাতে সম্পূর্ণ ন্যস্ত রয়েছে। মায়ের কোল ছেড়ে কচি কচি ছেলেমেয়েদের নিয়ে প্রথমে এদেরই শিক্ষা দিতে হয়। আমি পল্লী অঞ্চলের বিশেষ করে অনুন্নত গ্রামগুলির শিক্ষকদের কথা বলছি। তারা নির্দিষ্ট সময়ের অনেক পূর্বে স্কুলের সংলগ্ন গ্রামগুলিতে গিয়ে অনুন্নত শ্রেণীর ছেলেদের গোচারণের মাঠ থেকে চারণরত অবস্থায় ধরে নিয়ে আসে—পুকুরের ধার হতে চানরত অবস্থায় ধরে নিয়ে আসে—খেলার মাঠ হতে খেলারত অবস্থায় ধরে নিয়ে আসে। অবশ্য সমস্ত শিক্ষকদের বেলায় একথা চলে না। এর ব্যতিক্রম আছে। আমি অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে আমাদের মন্ত্রী মহোদয়দের কাছে এই কথা বলবো যে এই শিক্ষকদের মহার্ঘ ভাতা যা বৃদ্ধি হয়েছে সেটা খুব বেশী হয় নি। আগামী চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যেন প্রাথমিক শিক্ষকদের ন্যূনতম ১০০ টাকা যেন করা হয়। শিক্ষা প্রসংগে বলতে গিয়ে আমি আমার জেলা মালদার কথা অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে রাখবো। মালদা এক কালে অনুন্নত জেলা ছিল সেটা আদিবাসী এবং তপশীলী জাতি অধ্যুষিত এলাকা শিক্ষায় অনগ্রসর ছিল। আজকে সরকারের কল্যাণে সেখানে শিক্ষার দিক দিয়ে অগ্রগতি হয়েছে এবং সেখানকার জনসাধারণ শিক্ষায় এগিয়েছে। আমি তাই বলছি এই জেলাতে আরও প্রাথমিক স্কুল প্রয়োজন। এই জেলায় মাত্র একটা কলেজ আছে। এবং এই কলেজে বর্তমান ছাত্রছাত্রী সংখ্যা ১ হাজারেরও বেশী। ছাত্রী সংখ্যা অনেক তাই আমি অনুরোধ করছি এই জেলায় যেন একটা মেয়েদের কলেজ প্রতিষ্ঠা করা হয়। এবং কলেজে ছেলেদের জন্য একটা ছাত্রাবাস প্রতিষ্ঠা করা হয়। তারপর আমি কৃষি সম্বন্ধে বলছি। এই জেলাকে ভৌগলিক দিক দিয়ে তিন ভাগে ভাগ করা যায় একটি হচ্ছে দিয়াড়া—আর একটা টাল, আর একটা হচ্ছে বরিন্দ। এই জেলায় সেচনের প্রচুর অভাব রয়েছে দিয়াড়া এলাকায়, এখানে টাল এলাকায় দু-একটা বাঁধ পরিকল্প হয়েছে। আমি অনুরোধ করছি বরিন্দ এলাকায় যদি বড় বড় নলকূপ অথবা পাম্প বসিয়ে জল সেচের ব্যবস্থা করা হয় তাহলে একই জমিতে দু তিনটি ফসল উঠতে পারে। এই এলাকা আদিবাসী অধ্যুষিত এলাকা। ঐ আদিবাসীদের অধিকাংশ বর্গা চাষী অথবা মজুর। এই সমস্ত এলাকার জমি এক ফসলী বলে তারা সেখানে তিন মাসের মত কাজের সংস্থান করতে পারে। আর বাকী নয় মাস তাদের বসে থাকতে হয়। আমি সরকারের কাছে অনুরোধ করছি এই এলাকায় যদি কুটির শিল্প গড়ে তুলে এদের কাজের সংস্থান করা যায় তাহলে এদের আর্থিক সমস্যার সমাধান হয় এবং জাতীয় সম্পদও বাড়ে এই বলে আমি এই আয় ব্যয়কে সমর্থন করছি।

[5-55—6-5 p.m.]

Shri Apurba Lal Majumder:

মাননীয় স্পীকার মহাশয়, প্রতিক্রিয়াশীল এই বাজেট-এর আগের বার যেমন বলেছি—এবারও বলতে হয় যে জনসাধারণের মধ্যে এই বাজেট কোন আশার সঞ্চার করতে পারেনি। আমি মূল বাজেটের প্রতি একবার শ্রীশৈলকুমার মুখার্জির দৃষ্টি আকর্ষণ করে কতকগুলি তথ্য তার কাছে উত্থাপন করতে চাই। প্রথমেই রেভিনিউ রিসিট সম্পর্কে বলতে হয় যে এবার রেভিনিউ রিসিট তিনি যা আদায় করছেন তা গতবারের তুলনায় ষ্টেট এক্সাইজ ডিউটিজ এই ব্যাপারে একটা হেডে তিনি ২ কোটি ৬৫ লক্ষ টাকা এবার বেশী আদায় করছেন। কিন্তু সঙ্গে সঙ্গে আমরা দেখছি যে এই সামান্য টাকা আদায় করতে গিয়ে তিনি ব্যয় করছেন প্রায় ১ কোটি ৮৭ লক্ষ টাকা। হিসাবটা যদি তিনি করে দেখেন তাহলে দেখবেন যে ষ্টেট এক্সাইজ ডিউটিতে তিনি যা আদায় করছেন তার জন্য খরচ পড়ছে আরও প্রায় ১৬ লক্ষ টাকা.

ল্যাণ্ড রেভিনিউতে খরচ পড়ছে ৪৬ লক্ষ—সেলস ট্যাক্সে ১০ লক্ষ, আদার ট্যাক্সে ৪ লক্ষ, স্ট্যাম্পসে ৩ লক্ষ এবং রেজিস্ট্রেসনে ৮·৮৩ লক্ষ—তাতে মোট দাঁড়ায় ৮৭·৮৩ লক্ষ। অর্থাৎ যে টাকা তিনি অতিরিক্ত আদায় করছেন তার মোর দ্যান ৪০ পার্সেন্ট এ্যাবাউট ৪৫ পার্সেন্ট তিনি আদায়ের খরচ হিসাবে ব্যয় করে দিচ্ছেন। তিনি দেখিয়েছেন যে ডেফিসিট বাজেট হচ্ছে প্রতি বছর—১৯৬৩-৬৪ সালে তিনি দেখিয়েছিলেন ৯ কোটি ২২ লক্ষ টাকা ঘাটতি—সেটা সারপ্লাসে গিয়ে দাঁড়ালো প্রায় ১ কোটির উপর। ১৯৬৪-৬৫-তে তিনি ঘাটতি বাজেট দেখিয়েছেন সারপ্লাসে গিয়ে দাঁড়ালো প্রায় ১ কোটির উপর। ১৯৬৪-৬৫-ত তিনি ঘাটতি বাজেট দেখিয়েছিলেন ২ কোটি ৪৬ লক্ষ—শেষকালে সারপ্লাস গিয়ে দাঁড়ালো। এবার আমরা জানি যে তিনি মোট ঘাটতি দেখিয়েছেন ৬ কোটি ৯২ লক্ষ টাকা কিন্তু সেটা ঘাটতি থাকবে না—পরে সারপ্লাস দাঁড়াবে। তার কারণ আপনাদের এষ্টিমেট কনজারভেটিভ এষ্টিমেট। আমাদের রাজস্ব মন্ত্রী তিনি সব সময় গোপন করতে চান যে এর চেয়ে বেশী আদায় হবে রেভিনিউ রিসিটে কিন্তু তা সত্ত্বেও তিনি কম করে দেখান এবং পরে সেটা সারপ্লাস হয়- যেমন আমরা দেখছি ১৯৬২-৬৩ সালে এষ্টিমেট ছিল বাজেটে ১১১ কোটি টাকা—তিনি রিভাইজড বাজেটে দেখিয়েছেন ১১৫ কোটি টাকা। ১৯৬৩-৬৪ সালে তিনি এষ্টিমেট করেছিলেন ১১৭ কোটি টাকা—রিভাইজড বাজেটে দেখাচ্ছেন ১২৮ কোটি। ১৯৬৪-৬৫ সালে দেখিয়েছিলেন ১৩৫ কোটি টাকা—কিন্তু রিভাইজড-এ মোট গিয়ে দাঁড়ালো ১৩৮ কোটি টাকা। এবং এবারও আমরা জানি তিনি যা এষ্টিমেট করেছেন নিশ্চয়ই দেখবেন—সেই এষ্টিমেটকে ছাড়িয়ে সারপ্লাসে গিয়ে পেৌঁছাবে। এতে কৃতিত্বের কিছু নেই। এটা অকৃতিত্ব—এইজন্য বলবো যে আপনারা কেন কারচুপি করেন—যে আদায় হবে বিভিন্ন ট্যাক্স রেভিনিউতে সেটা গোপন করেন কেন এবং প্রতি বছর দেখছি গোপন করেন। আমি বলি যে এটা ঠিক নয়। অন্ততঃ এই হাউসের সামনে যে পসিবিলিটিজ আছে--বিভিন্ন হেডের মারফৎ যে টাকা আদায় হতে পারে তার পরিপূর্ণ অঙ্ক এখানে রাখা উচিত। কিন্তু আমরা দেখেছি যে আপনারা ঘাটতি দেখিয়ে তার পরে সারপ্লাস করেন। অন্ততঃ আমি মনে করি রাজস্ব মন্ত্রীর এই ধরণের কোন কারচুপি বাজেটের মধ্যে থাকা উচিত নয়। আমি তারপর আসছি ক্যাপিট্যাল এক্সপেণ্ডিচারে। ক্যাপিটাল এক্সপেণ্ডিচার খাতগুলি যদি রাজস্ব মন্ত্রী দেখেন তাহলে দেখবেন যে এই ক্যাপিট্যাল এক্সপেণ্ডিচার-এর অত্যন্ত বেশী দাম দিই এইজন্য যে রেভেনিউ বাড়ার সঙ্গে সঙ্গে যেন ক্যাপিট্যাল এক্সপেণ্ডিচার বেড়ে যায়, তা না হলে নেশান বিল্ডিং পার্পাস সব সময় সার্ভড হয় না, কিন্তু রাজস্ব মন্ত্রী যে সমস্ত ক্যাপিট্যাল এক্সপেণ্ডিচার ধার্য করেন সেগুলি ব্যয় করেন না। যেমন গতবারে আমরা দেখেছি ইণ্ডাষ্ট্রিয়াল ডেভেলপমেন্টের জন্য ক্যাপিট্যাল এক্সপেণ্ডিচার খাতে যে টাকাটা বরাদ্দ ছিল তার ৬০ লক্ষ টাকা ব্যয় করতে পারেন নি। কটেজ ইণ্ডাষ্ট্রি খাতে ১৫ লক্ষ টাকা ব্যয় করতে পারেন নি। তারপর দামোদর ভ্যালি প্রোজেক্টে ১ কোটি ৪৮ লক্ষ টাকা গতবার ব্যয় করা হয় নি। ইরিগেশন পার্পাসে ৯ লক্ষ টাকা ব্যয় করেন নি। আদার পার্পাস যেটা ছিল তাতে ৬০ লক্ষ টাকা ব্যয় করেন নি। গ্রেটার ক্যালকাটা মিল্ক সাপ্লাই বাবত যে ক্যাপিট্যাল এক্সপেণ্ডিচার ছিল তার মধ্যে ১৩ লক্ষ টাকা ব্যয় করেন নি। মোট হিসাব করে দেখছি ৩·৪৫ ক্রোর্স টাকা ১৯৬৩-৬৪ সালে ক্যাপিট্যাল এক্সপেণ্ডিচার খাতে ব্যয় করেন নি। আবার ১৯৬৪-৬৫ সালে দেখছি তাঁরা ব্যয় করেন নি ৮·৬৭ ক্রোর্স অব রুপিজ ক্যাপিট্যাল এক্সপেণ্ডিচার খাতে। আরো আছে—এগ্রিকালচারাল ইমপ্রুভমেন্ট এণ্ড রিসার্চ এই ক্যাপিট্যাল এক্সপেণ্ডিচার খাতে ২৫ লক্ষ টাকা যেটা ছিল সেই টাকা ব্যয় করেন নি। ইণ্ডাষ্ট্রিয়াল ডেভেলপমেণ্ট এর জন্য ২২ লক্ষ টাকা ক্যাপিট্যাল এক্সপেণ্ডিচার ছিল সেটা আপনারা ব্যয় করতে পারেন নি। তারপর দামোদর ভ্যালি কর্পোরেশানের জন্য ৩ কোটি টাকা ব্যয় করেন নি। আমাদের দেশ কৃষি প্রধান দেশ, আমরা বলি যে ইরিগেশান ফেসিলিটি পাচ্ছি না। সেই ইরিগেশান খাতে যে টাকা আমরা ব্যয় বরাদ্দ করেছিলাম তার মধ্যে ৭১ লক্ষ টাকা খরচ করেন নি। পাবলিক ওয়ার্কস খাতে ১ কোটি টাকা বেশী ধার্য ছিল সেই ১ কোটি টাকা ফেরত দিচ্ছেন, সেই ১ কোটি টাকা ক্যাপিট্যাল এক্সপেণ্ডিচার করেন নি পাবলিক ওয়ার্কস খাতে এবং গ্রেটার ক্যালকাটা মিল্ক সাপ্লাই খাতে করেননি গত বছর ৩৩ লক্ষ টাকা যে টাকা ব্যয়-বরাদ্দ হিসাবে আমরা বিধান সভা থেকে পাশ করে দিয়েছিলাম যাতে আমাদের দেশের ছোট ছোট শিশুরা দুধ পায়। এই তো আপনাদের বাজেট। আমরা নেশান বিল্ডিং পার্পাসে ক্যাপিট্যাল এক্সপেণ্ডিচার বাড়াবার জন্য

ডিফারেন্ট হেডে যে সমস্ত টাকা বিধান সভা থেকে পাশ করে দিই সেই সমস্ত টাকা যে অপদার্থ অযোগ্য সরকার ব্যয় করতে পারেন না আমি মনে করি না সেই সরকারের কোন অধিকার আছে আবার নতুন করে বাজেট পাশ করার। টাকাটা পাশ করে দেব অথচ টাকা খরচ করবার ক্ষমতা নেই এতই অপদার্থ সরকার। পাবলিক হেল্‌থ খাতে যে টাকা আমরা ব্যয়-বরাদ্দ করেছিলাম গত বছর বিধান সভায় দাঁড়িয়ে সে সম্পর্কে আমাদের রাজস্ব মন্ত্রী কতখানি যোগ্যতার পরিচয় দিয়েছেন তার উদাহরণ দিই। যেমন আমরা দেখছি ১৯৬৪-৬৫ সালে পাবলিক হেল্‌থে যত টাকা বরাদ্দ করেছিলাম তার মধ্যে ২৭ লক্ষ টাকা ব্যয় করতে পারেন নি। কিন্তু আমরা দেখছি পুলিস খাতে যে টাকা গত বছর বরাদ্দ করেছিলাম তার চেয়ে ১ কোটি ৪০ লক্ষ টাকা বেশী খরচ করেছেন। অথচ পাবলিক হেল্‌থ খাতে যে টাকা পাশ করে দিয়েছিলাম তার মধ্যে ২৭ লক্ষ টাকা ব্যয় করতে পারেন নি। তবুও কি আমাদের পুলিসী রাষ্ট্র পরিচালনার জন্য এই বাজেট সমর্থন করতে হবে? আমরা এই বাজেট সমর্থন করতে পারি না যেহেতু বিভিন্ন খাতে যে টাকা পাশ করে দিয়েছিলাম বিধান সভা থেকে সেই টাকা ব্যয় করতে পারেন নি। এগ্রিকালচার সম্পর্কে বড় বড় কথা বলছেন। কিন্তু আমরা তো জানি দেশে এগ্রিকালচারাল প্রোডাকসান বাড়ছে না। ভারতবর্ষের মধ্যে পার একর প্রোডাকসান সব চেয়ে কম পশ্চিমবঙ্গে। এটা লজ্জার কথা দুঃখের কথা যে এখানকার মত এত কম প্রোডাকসান কোন দেশে হয় না। অথচ বাংলা দেশের বিধান সভা থেকে যে টাকা এগ্রিকালচার খাতে পাশ করে দেওয়া হয় তার মধ্যে ১ কোটি টাকা ব্যয় করতে পারেন নি। এটা অত্যন্ত সাংঘাতিক কথা যে যখন খাদ্যাভাবের জন্য জনসাধারণের জীবন দুর্বিসহ হয়ে উঠেছে তখন ও'রা টাকা খরচ করতে পারেন না।

[6-5—6-15 p.m.]

গত বছর ইন্ডাষ্ট্রিতে ১৮ লক্ষ টাকা ব্যয় করতে পারেন নি আপনারা। কটেজ ইন্ডাষ্ট্রিজ-এর ৫৩ লক্ষ টাকা আপনারা ব্যয় করতে পারেন নি। কমিউনিটি ডেভেলপমেন্ট এর ৪১ লক্ষ টাকা আপনারা ব্যয় করতে পারেন নি, ইরিগেশন এর ৬৬ লক্ষ টাকা আপনারা ব্যয় করতে পারেন নি। যে ন্যাশনাল এমার্জেন্সী বলে এত চীৎকার করা হচ্ছে, সেই ন্যাশনাল ইমার্জেন্সী এখনো আছে -সেখানে আরো প্রভূত পরিমাণ টাকা ব্যয় করা উচিত। কংগ্রেসী সদস্যদের অন্যতম যিনি তথ্য দিয়ে থাকেন, সেই ডাঃ চন্দ সাহেব বলেছেন ন্যাশনাল বিল্ডিং পার্পাস-এ ও ন্যাশনাল এমার্জেন্সী খাতে বেশী টাকা ব্যয় করা উচিত। আমি কংগ্রেস সরকারের মুখোস খুলে দিচ্ছি। এই ন্যাশনাল ইমার্জেন্সী বাবদ গতবারে যে টাকা আমরা দিয়েছিলাম তার মধ্যে ৪১ লক্ষ টাকা আপনারা ব্যয় করেন নি। অথচ আপনারা ন্যাশনাল ইমার্জেন্সী বলে বারবার চীৎকার করছেন। যেখানে টাকা ব্যয় করবার জন্য বিধান সভা স্যাংশন দেয়, সেই টাকা আপনারা ব্যয় করতে পারেন না। মাননীয় স্পীকার মহাশয়, আমি কতকগুলি তথ্যের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। সেগুলি আমি এখানে পেশ করছি—সেগুলি এ বছরের ব্যাপার। এ বছর কোন্ খাতে কত টাকা দিচ্ছি। কেউ কেউ বলেছেন সুসম বন্টন হয়েছে। আমি দেখছি সুসম বন্টনের মধ্যে নন-ডেভেলপমেন্ট এক্সপেণ্ডিচার কি যাচ্ছে, ন্যাশনাল বিল্ডিং পার্পাস-এ কি যাচ্ছে। পাবলিক হেল্‌থে গত বছরে ২৭ লক্ষ টাকা আপনারা ব্যয় করতে পারেন নি। গত বছর বাজেট এষ্টিমেট করেছিলেন যে টাকা, তার তুলনায় ৪ লক্ষ টাকা কম কেন দিচ্ছেন? আমরা জানি কলেরায়, বসন্তে, যক্ষ্মায় বাংলাদেশের মানুষ যখন মুমূর্ষু, সেই অবস্থায় বাংলাদেশের পানীয় জল সরবরাহের যে সমস্যা, তার কোন কিছু আপনারা সমাধান করতে পারছেন না। অথচ এবার বাজেটে পাবলিক হেল্‌থে কেন আপনারা ৪ লক্ষ টাকা কম ধরলেন? ইন্ডাষ্ট্রিজ খাতে আপনারা ১২ লক্ষ টাকা কম ধরলেন কেন? আমি আশা করি শৈলবাবু এখানে দাঁড়িয়ে তার উত্তর দেবেন কেন এই সমস্ত ইমপর্ট্যান্ট খাতে তিনি টাকা কম ধরলেন? পাবলিক হেল্‌থে ৪ লক্ষ টাকা কম ধরলেন কেন? ইন্ডাষ্ট্রিজ খাতে ২৫ লক্ষ টাকা কম ধরলেন কেন? কটেজ ইন্ডাষ্ট্রিজ খাতে ১৫ লক্ষ টাকা কম কেন তিনি ধরছেন? ইরিগেশান খাতে ৬১ লক্ষ টাকা কম ব্যয় করছেন, কম বরাদ্দ ধরেছেন।

আর ডিসপ্লেসড পার্সনস—উদ্বাস্তু খাতে ৪০ লক্ষ টাকা কম বরাদ্দ করছেন। গত বছরের যে রিভাইজড্ বাজেটের তুলনায় এবার ১৪ লক্ষ টাকা তাঁরা কম ব্যয় করেছেন। এই তো আমাদের কংগ্রেস সরকারের স্বরূপ। পুলিস খাতে বেড়েছে, জেনারেল এ্যাডমিনিষ্ট্রেশন খাতে বাড়ান,

সব করুন ; কিন্তু আমি এই যে সব ইম্পর্ট্যাণ্ট হেডস-এর নাম করলাম রাষ্ট্রমন্ত্রীর কাছে জবাব চাই—তিনি জবাব দিন, এই সব ইম্পর্ট্যাণ্ট হেডস-এ টাকা কমান হলো কেন? গত বছর ইণ্ডাস্ট্রিজ খাতের টাকা ব্যয় হল না, মঞ্জুরীকৃত অর্থ কেন আজকে ফেরৎ চলে যাচ্ছে? রেভিনিউ রিসিপ্ট খাতেও আমরা দেখছি ১৯৬৪-৬৫ সালের টোটাল রেভিনিউ রিসিপ্ট আমাদের এখানে হয়েছিল ৯৬ কোটি টাকা। আর আজকে আমাদের রেভিনিউ রিসিপ্ট দাঁড়িয়েছে ৫ বছর পরে ১৫১ কোটি টাকা। তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার ৫ বছরে আমরা অতিরিক্ত রেভিনিউ আদায় করেছি ১৪২ কোটি টাকা। ১৯৬০-৬১ সালে আমরা যা আদায় করেছিলাম, তার সঙ্গে তুলনামূলক বিচার করলে দেখা যায় যে গত ৫ বছরে অতিরিক্ত রেভিনিউ রিসিপ্ট ১৪২ কোটি টাকা আদায় করেছি। কিন্তু আমাদের তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় আমাদের মূল লক্ষ্য ছিল যে আমরা ৪০ কোটি টাকা মোট নূতন ট্যাক্স বসাবো। আমরা দেখছি এক্সট্রা রেভিনিউ রিসিপ্ট যা আমাদের বেড়েছে ১৪২ কোটি টাকা—অর্থাৎ ঐ ৪০ কোটি টাকা তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় নূতন করে আদায় করবো ভেবেছিলাম, সেখানে তার সাড়ে তিনগুণ আমরা আদায় করেছি—এক্সট্রা রেভিনিউ রিসিপ্ট আদায় করে নিয়েছি। এবার আমরা দেখছি এই যে আদায় করেছি, এই টাকাটা সব আমরা ব্যয় করেছি কিনা? কোথায় কোন্ খাতে আমরা ব্যয় করলাম—এই অতিরিক্ত টাকা যেটা আদায় করেছি—তাতে আমরা দেখছি—নন্ ডেভেলাপমেণ্ট এক্সপেনডিচার হিসাবে—তার প্রভূত অর্থ আমরা প্রতি বছর ব্যয় করে চলেছি। ১৯৬০-৬১ সাল থেকে যদি আরম্ভ করি, তাহলে আমরা দেখতে পাব আমরা শুধু এ্যাডমিনিষ্ট্রেশন খাতে-এই নন্-ডেভেলাপমেণ্ট এক্সপেণ্ডিচার হিসেবে গত ৫ বছরে অর্থাৎ তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় এই পাঁচটি বছরে আমরা মোট খরচ করেছি ২৩ কোটি টাকার উপর। এই যে ২৩ কোটি টাকার যত মূল্যমাণ, আমাদের খরচ ১৯৬১-৬২ সালে নন্-ডেভেলাপমেণ্ট এক্সপেণ্ডিচার হিসেবে এ্যাডমিনিষ্ট্রেশন সারভিস-এ যে টাকা ব্যয় করে এসেছি, সেই টাকার যদি সেই পজিসন-এ রাখতে পারতাম, তাহলে আমাদের প্রায় ২৫ কোটি টাকা অতিরিক্ত লাভ থাকতো।

কিন্তু আমরা প্রতি বছর নন-ডেভেলপমেণ্ট এক্সপেণ্ডিচার ১১ কোটি টাকা বাড়িয়ে চলেছি। তারপর, আপনারা স্টেট-এর রেভিনিউ যেটা আদায় করে থাকেন তাতে অর্থমন্ত্রীমহাশয় নিশ্চয়ই আমার সঙ্গে একমত হবেন যে ভারতবর্ষের বিভিন্ন স্টেটগুলি যে পরিমাণ অর্থ ট্যাক্স বাবদ আদায় করে থাকে পৃথিবীর কোন ফেডারেল স্টেট সেইভাবে অর্থ আদায় করে না। আপনারা যদি অস্ট্রেলিয়া, কানাডা এবং ইউ, এস, এ-র সঙ্গে তুলনামূলক ভাবে বিচার করেন তাহলে দেখবেন কেউ এত টাকা আদায় করে না। ইন কম্পারিজন উইথ ইণ্ডিয়ান ইউনিয়ন আমরা দেখছি দি হাইয়েষ্ট রেট ভারতবর্ষ আদায় করে থাকে। তারপর ১৯৪৮-৪৯ সালে ভারতবর্ষ যখন স্বাধীন ছিল তখন আমাদের টোটাল ট্যাক্স রেভিনিউ ছিল নাইনটিন পয়েণ্ট সিক্সটিওয়ান ক্রোরস, কিন্তু আজকে সেই ট্যাক্স রেভিনিউ হানড্রেড ক্রোরস হয়েছে। অর্থাৎ ট্যাক্স রেভিনিউ আমরা প্রায় ফাইভ হানড্রেড পারসেণ্ট বাড়িয়েছি। আর টোট্যাল রেভিনিউ যেখানে ১৯৪৮-৪৯ সালে ছিল থার্টিওয়ান পয়েণ্ট সেভেণ্টিসেভেন ক্রোরস সেটাকে বাড়িয়ে আমরা করেছি ওয়ান ফিফটিওয়ান পয়েণ্ট নাইনটিনাইন ক্রোরস -অর্থাৎ মোর ফোর হানড্রেড ফিফটি টাইমস বাড়িয়েছি। এখানে আমাদের স্মরণ রাখা দরকার যে পশ্চিমবাংলায় আমরা যে ট্যাক্স রেভিনিউ আদায় করে থাকি তার এইটিফাইভ পারসেণ্ট হচ্ছে পরোক্ষ ট্যাক্স এবং এই অতিরিক্ত চাপটা জনসাধারণের উপর পড়ে। অর্থাৎ আমরা দেখছি আমাদের স্টেট-এর যে সোর্সেস অব রেভিনিউ সেগুলি হোল পরোক্ষ ট্যাক্স এবং এই রেভিনিউ-র শতকরা ৮৫ ভাগ টাকা গরীব জনসাধারণের পকেট কেটে আদায় করা হয়। স্যার, কেন্দ্রের হাতে পরোক্ষ ট্যাক্স আদায় করার সুযোগ আছে। আমরা হিসেব করে দেখেছি কেন্দ্র যেসব ট্যাক্স বাড়িয়ে চলেছে তারমধ্যে শতকরা ৭০ ভাগ ইনডাইরেক্ট ট্যাক্স আমাদের কাছ থেকে আদায় করছে এবং পশ্চিমবাংলা মোর দ্যান এইটিপারসেণ্ট আদায় করছে ইনডাইরেক্ট ট্যাক্স। এর ইম্পলিকেসনস কত সাংঘাতিক হচ্ছে সেটা আমাদের লক্ষ্য করা দরকার এবং জনসাধারণের উপর এই যে অতিরিক্ত চাপ পড়ছে তার ফল কোথায় গিয়ে দাঁড়াচ্ছে সেটাও দেখা দরকার। আমরা দেখছি এর ফলে আমাদের দেশের দরিদ্র জনসাধারণ অতিরিক্ত মূল্য দিয়ে জিনিস কিনতে পারে না। স্যার, ১৯৬৪ সালে আমাদের স্মরণ রাখা দরকার যে, ফোর্টিন পারসেণ্ট প্রাইস লেভেল ইনক্রিজ করেছে, টুয়াণ্টি টু টুয়াণ্টি থ্রি পারসেণ্ট ফুডগ্রেনস

ইনক্রিস করেছে এবং কস্ট অব লিভিং ফোর্টিন পারসেণ্ট বেড়েছে। অথচ দেশের জনসাধারণের কাছ থেকে সেলস ট্যাক্স এবং পরোক্ষ ট্যাক্স-এর মাধ্যমে তীব্রভাবে শোষণ করে চলেছে। ১৯৫০-৫১ সালে সেলস ট্যাক্স বাবদ আদায় করত ৫ কোটি টাকা, আর এবছর আমরা আদায় করেছি ৩৫ কোটি টাকা। তার মানে হচ্ছে সেভেন হানড্রেড পারসেণ্ট ইনক্রিজ করেছি সেলস ট্যাক্স। আমি অর্থমন্ত্রীর কাছে নিবেদন করতে চাই যে, আপনি লাকসারি গ্ুডস-এর উপর বাড়িয়ে দিতে পারেন যাতে লোয়ার গ্রেডে সাধারণ মানুষের উপর চাপ না পড়ে এবং আর একটি পয়েণ্ট হচ্ছে পশ্চিমবাংলায় সেলস ট্যাক্স আরও রিমডেল করতে পারেন। অন্যান্য জায়গায় টেন।ফিফটিন।টুয়ান্টি পারসেণ্ট আছে লাকসারি গুডস-এ—কাজেই আপনারাও এখানে বাড়িয়ে দিন। আমরা এই বিধানসভায় লাকসারি গুডস-এর উপর বাড়িয়ে দেবার জন্য অনেক-বার বলেছি এবং তীব্র প্রতিবাদ করবার পর সেখানে আপনারা কিছুটা বাড়িয়েছেন। তবে আপনাদের লক্ষ্য থাকে জনসাধারণকে পীড়ণ করবার জন্য এবং সেইজন্যই এই বক্তব্য রাখলাম।

[6-15—6-23 p.m.]

Shri Mahananda Haldar:

মাননীয় স্পীকার মহাশয়, পশ্চিমবঙ্গ সরকার ১৯৬৫-৬৬ সালের জন্য পরীক্ষা নিরীক্ষা ও সমালোচনা এবং উদ্যম প্রকাশ করে যা বাজেটে প্রকাশ করেছেন তা অনুৎসাহব্যঞ্জক ; এতে বলিষ্ঠ পদক্ষেপ বা অগ্রগতি প্রকাশ কিছুই নেই। এই বাজেট সম্বন্ধে অর্থমন্ত্রী মহাশয় যে লিখিত ভাষণ পাঠ করেছেন তাতে আত্মপ্রত্যয়ের অত্যন্ত অভাবের ফলে দেখতে পাচ্ছি প্রতিটি ক্ষেত্রে তাঁর সন্দিগ্ধ সিদ্ধান্ত। তাঁর ভাষণের ভিতর দিয়ে প্রকাশ পাচ্ছে—কেন্দ্রের প্রতি তাঁর ভীতি, যার ফলে কেন্দ্রের কাছ থেকে তাঁর দাবীর টাকা আদায় করার সামর্থ্য নেই। তিনিও তা স্বীকার করেছেন। এর প্রমাণস্বরূপ আরও বলা যায় যে দ্রব্যমূল্য বৃদ্ধিরোধে এই সরকার ব্যর্থ হয়েছেন। কৃষি উৎপাদন বৃদ্ধি করতে পারেননি, যেভাবে এই খাতে টাকা ব্যয় করার কথা তা ব্যয় করতে পারেননি। যেসব গভীর নলকূপ বসিয়েছেন, তা দিয়ে আশানুরূপ ফল হয়নি। সেই সঙ্গে যদি লিফ্‌ট ইরিগেশন ব্যবস্থা বাড়াতেন, ব্যাপকভাবে বাড়াতেন তাহলে আমার মনে হয় আরও বেশী ফল হত। শিক্ষা খাতে আমি দেখতে পাচ্ছি সেখানেও যে অবস্থা তা উৎসাহব্যঞ্জক নয়। আমরা দেখছি কিভাবে শিক্ষকেরা বছরের পর বছর দিনের পর দিন আন্দোলন করছেন। এঁদের কোন সুষ্ঠু ব্যবস্থা আজ পর্যন্ত হল না। আর একটা বিষয় আমি বলতে চাই যে রুরাল এডুকেশন এ্যাক্ট যেটা ১৯৩০ সালে পাশ করা হয়েছে আজ পর্যন্ত সেই জীর্ণ আইনটাই রয়েছে। সেটা অগণতান্ত্রিক, তা দিয়ে যেসব স্কুল বোর্ড গঠিত হয়েছে তাতে নির্বাচিত প্রতিনিধি অপেক্ষা মনোনীত প্রতিনিধিই বেশী, সেটাকে নূতনভাবে গণতান্ত্রিকভাবে করার প্রয়োজন। স্বাস্থ্যের ক্ষেত্রেও যেভাবে অগ্রগতি হওয়া দরকার ছিল সেভাবে হয়নি। টি, বি, রোগীদের জন্য বেডের সংখ্যা বাড়ান হয়নি। তাছাড়া আর একটা ব্যাপার এই সরকার করছেন যেটার নাম ফ্যামিলি প্ল্যানিং, এই জিনিষটা এরা রিকমেণ্ডেটরী হিসাবে চালাচ্ছেন। কিন্তু তাদ্বারা ফল কতখানি কি হবে বলা যায়না। এবং একথা বলা যায় যে ফল খুব সন্তোষজনক নয়, এঁরা জনসংখ্যা বৃদ্ধির চাপ কমাবার জন্যে এই ব্যবস্থা নিচ্ছেন বটে কিন্তু এটা আইনের আওতায় আনতে সাহস করেননি। এর একটা বিশেষ কারণ আছে। বাংলাদেশে দেখা যায় কোন কোন সম্প্রদায়ের ধর্মের ভিতর এই জন্ম নিয়ন্ত্রণে বাধা আছে, সেজন্য সেখানে হাত দিতে সরকার স্পর্শকাতর। সেখানে কোন নূতন আইন করার আপনাদের সাহস নেই। জন নিরাপত্তার ক্ষেত্রে আমরা দেখতে পাই, পুলিশের ব্যবস্থা বেড়ে যাচ্ছে বটে কিন্তু জন নিরাপত্তার কোন সম্যক ব্যবস্থা হয়নি। সীমান্তে যেসব দুর্নীতি চলে, যেসব উপদ্রব চলে তার নিবারণের ব্যবস্থা এই সরকার করতে পারেননি। সেখানে গরু চুরি এবং পরস্পরের অবৈধ যাতায়াত নিবারণ ও বন্ধ করতে পারেননি। ভূমি রাজস্ব ক্ষেত্রেও আমাদের সম্যক অগ্রগতি হয়নি। ক্ষতিপূরণের ব্যবস্থা এত বছরের মধ্যে সম্পূর্ণ কিছু হলনা।

তাছাড়া যেসমস্ত জমি বেনামীতে জমিদাররা দখল করে রেখেছেন সেগুলি বের করার কোন ব্যবস্থা হয়নি। দামোদর ও পদ্মার চরে যেসমস্ত জমি সরকার দখল নিয়েছেন সেই জমিগুলি ভূমিহীনদের বণ্টন করার কোন ব্যবস্থা হয়নি। সেখানে নানান জায়গায় লোক গিয়ে বহু

রকমের দুর্নীতি ও টাকা দিয়ে জমির ব্যবস্থা করছেন। কিন্তু সরকার এটা অবগত আছেন কিনা সন্দেহ। পরিশেষে এইকথা বলতে চাই যে আদিবাসী মঙ্গল বিভাগে যাঁরা রয়েছেন তাঁরা আদিবাসী ও তপশীলীদের জন্য কিছু সন্তোষজনক ব্যবস্থা করতে পারেননি। এঁরা ১৭ বছর ধরে যা করেছেন তাতো দেখা গেল। তপশীলী ও আদিবাসীদের ভেতর থেকে হাইকোর্ট-এর কোন জজ নেই—এস পি আছেন ২ জন, ডি এম আছেন ২ জন, ডিরেক্টর আছেন ১ জন। মহারাষ্ট্রে ও গুজরাটে এই সমস্ত অবহেলিত জনসাধারণ যাতে উন্নতির দিকে উন্নতদের সমপর্যায়ে চলতে পারে তার জন্য একটা কেবিন সিস্টেম রয়েছে। কিন্তু এখানে সরকারপক্ষ থেকে জবাব দিলেন এটা করার কোন ব্যবস্থা সরকারের নেই, বা বর্তমানে সেরকম ইচ্ছাও নেই। এটা থেকেই বোঝা যায় যে সমাজের একটা অবহেলিত অংশকে কিরকম নির্মম ভাবে এই সরকার অবহেলা করছেন। সরকার আদিবাসী ও তপশীলী সম্প্রদায়ের লোকেরা যাতে সকল দিক দিয়ে উন্নতি করতে পারেন সেই হিসাবে তাঁরা মহারাষ্ট্র ও গুজরাটের আদর্শ অনুসরণ করবেন এই দাবী রেখে আমি বক্তব্য শেষ করছি।

Adjournment

The House was then adjourned at 6-23 p.m. till 1 p.m. on Wednesday, the 24th February, 1965, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Wednesday, the 24th February, 1965, at 1 p.m.

Present :

Mr. Speaker (Shri KESHAB CHANDRA BASU) in the Chair, 8 Ministers, 2 Ministers of State and 175 Members.

STARRED QUESTIONS
(to which oral answers were given)

[1—1-10 p.m.]

Sluice gate at Bishnupur

***16.** (Admitted question No. *30.) **Shri Monoranjan Bakshi :**

কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্ধমান জেলার কাঁকসা থানার বিষ্ণুপুর গ্রামে টুমনী নদীর লেবেল হইতে প্রায় ৩-৪ ফুট উচ্চে স্লুইস গেট নির্মিত হওয়ার ফলে উক্ত নদীর জল উক্ত গেট দিয়া অতিক্রান্ত হইতে না পারার জন্য প্রায় ৫০০ একর আবাদী জমির ফসল সেচনের অভাবে নষ্ট হইতেছে;

(খ) সত্য হইলে, উক্ত গেটটি পুনর্নির্মাণের কি ব্যবস্থা হইতেছে; এবং

(গ) কতদিনের মধ্যে উক্ত গেট পুনর্নির্মাণের কাজ সুরু হইবে বলিয়া আশা করা যায়?

Shri Syamadas Bhattacharyya:

(ক) টুমুনী নদীর মোহনার নিকটবর্তী অঞ্চলের উপযুক্ত জল নিষ্কাশন ব্যবস্থার উদ্দেশ্যে ভূমি-তলের সহিত সামঞ্জস্য রাখিয়া এই স্লুইস গেটটি নির্মিত হয়। সেচন ব্যবস্থার উদ্দেশ্যে ইহা নির্মিত হয় নাই। ৫০০ একর আবাদী জমির ফসল নষ্ট হইবার সংবাদও সত্য নহে। এই এলাকার মোট ১৮০ একর আবাদী জমির মধ্যে কেবলমাত্র প্রায় ৯ একর জমি উঁচু বলিয়া পর্যাপ্ত বৃষ্টি না হইলে ক্ষতিগ্রস্ত হয়।

(খ) এবং (গ) এই প্রশ্ন উঠে না।

Shri Monoranjan Baksi :

মাননীয় মন্ত্রিমহাশয় অবগত আছেন কি যে কৃষি বিভাগ থেকে তদন্ত করা হয়েছিল?

Shri Syamadas Bhattacharyya:

না, এ কথা আমার অবগত নাই।

Shri Monoranjan Bakshi:

মাননীয় মন্ত্রিমহাশয় অবগত আছেন কি যে গত ২০এ সেপ্টেম্বর ১৯৬৩—এই তারিখে আসানসোলের অফিসার যিনি সাব-ডিভিসন্যাল অফিসার যিনি বাঁধের কাছে গিয়েছিলেন এবং তদন্ত রিপোর্টে তিনি বলেছিলেন যে এই বাঁধটি চার ফুট উঁচুতে নির্মাণ হওয়ায় ৫ শত একর জমিতে জল সেচ পাচ্ছে না—এটা কি তিনি অবগত আছেন?

Shri Syamadas Bhattacharyya:

আমি ওসব অবগত নই তবে আমি যেটুকু অবগত আছি যে এই স্লুইস-এর যে টাল সেটা টুমনী নদী তার বেড় থেকে ৪ ফুট উঁচু এবং ওখানকার যা এরিয়া জল নিষ্কাশনের জন্য এবং সেই জল নিষ্কাশনের যে নালা তার থেকে ৬ ইঞ্চি নীচু সেইজন্য এখানে যে ক্ষতির কথা বলা হয়েছে তা এই শ্লুইস শ্বারা সংঘটিত হয় নি।

Ghuskara Jalkar in Sarmasta mauza

***173.** (Admitted question No. *261.) **Shri Sanat Kumar Raha:**

ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইন্দ্রাণী অঞ্চলের সরমস্ত মৌজার ঘুষকরা নামক জলকরটি কাহাকে বন্দোবস্ত দেওয়া হইয়াছে এবং কত টাকায়; এবং

(খ) ইহার পূর্বে উক্ত জলকরটি কাহাকে বন্দোবস্ত দেওয়া হয় এবং কত টাকায়?

Shri Syamadas Bhattacharyya:

(ক) ইন্দ্রাণী অঞ্চলে ঘুষকর নামে কোন জলকর সরকারের অধীনে নাই। সুতরাং বন্দোবস্তের প্রশ্ন উঠে না।

(খ) প্রশ্ন উঠে না।

Shri Sanat Kumar Raha:

ইন্দ্রাণী অঞ্চলে জলকরগুলির নাম কি আপনার কাছে এসেছে?

Shri Syamadas Bhattacharyya:

আমি একটা দেখতে পাচ্ছি যে ওখানে ট্যাঙ্ক ফিসারী আছে যার নাম সমস্তপুর চৌকি পুষ্করিণী এটা ১৩৭০ সাল পর্যন্ত কোন বন্দোবস্ত দেওয়া হয় নি, ১৩৭১ সালে এটা বন্দোবস্ত দেওয়া হয়েছে শ্রীকেদারনাথ মার্জিত বলে জনৈক লোককে এবং তার খাজনা ধার্য হয়েছে ২১০ টাকা।

Shri Sanat Kumar Raha:

প্রথমে উত্তরে ছিল না, এখন দেখা গেল আমাদের সরমস্তপুর মৌজার নাম আছে, কেবল ঘুষকরার জায়গায় কি আছে বুঝতে পারলাম না।

Shri Syamadas Bhattacharyya:

আপনার প্রশ্নটা দয়া করে পড়বেন, তাতে লেখা আছে ঘুষকরা নামক জলকর কাকে বন্দোবস্ত দেয়া হয়েছে, আমি বলছি ঘুষকরা নামে কোন জলকর নেই। আমরা ওখানে একটা জলকরের কথা দেখতে পাচ্ছি তার নাম সরমস্তপুর চৌকি পুষ্করিণী, ওটা বন্দোবস্ত দেয়া হয়েছে কিন্তু তার সংগে ঘুষকরা বলে কিছু নেই।

Shri Sailendra Nath Adhikary:

জলকর না বলে আপনি বলেন দীঘি, সেই দীঘিটা দেয়া হয়েছে কি সাম মার্জিতকে। এ ব্যাপারে মাননীয় মন্ত্রিমহোদয়কে আমি প্রশ্ন করছি যে এটা কি সত্য নয় যে এই সমস্ত ফিসারী, জলকরগুলিকে আপনারা লীজ দেয়ার ব্যাপারে বন্দোবস্ত দেয়ার ব্যাপারে প্রথমতঃ ফিসারমেন্স কো-অপারেটিভ অথবা য়্যাকচুয়াল ফিসারমেন এদের প্রেফারেন্স দেয়া উচিত এবং সেখানে মার্জিত নিশ্চয়ই ফিসারম্যান নয়—এ বিষয়ে কি বলতে চান?

Shri Syamadas Bhattacharyya :

একথা ঠিক যে কোন ফিসারী বন্দোবস্ত দেয়ার আগে সেখানকার ফিসারমেন কো-অপারেটিভ সোসাইটীকে অগ্রাধিকার দেয়া হয়; ফিসারমেন্স কো-অপারেটিভ সোসাইটী না পাওয়া গেলে ইনডিভিজুয়াল ফিসারম্যানকে দেয়া হয়, তাতেও যদি না পাওয়া যায় তখন অন্য ব্যক্তিকে দেয়া হয়।

Sea erosion at Digha

***174.** (Admitted question No. *371.) **Shri Sudhir Chandra Das:**

সেচ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দীঘার সমুদ্রক্ষয় নিবারণের জন্য এ পর্যন্ত কি কি বাবদে কত টাকা ব্যয় হইয়াছে; এবং

(খ) সমুদ্র ক্ষয় সম্পর্কে বর্তমান রিপোর্ট কি?

Shri Syamadas Bhattacharyya:

(ক) দীঘায় সমুদ্রের দ্বারা ভূমিক্ষয় নিবারণের জন্য এ পর্যন্ত ৮৯,৯৪১ টাকা ব্যয় করা হয়েছে। ৮৯,৯৪১ টাকা ব্যয়ের হিসাব নীচে দেওয়া হোল :—

(১) ২১৭ একর জমিতে বনসৃজন	...	৭৪,৯৫৬ টাকা
(২) সমুদ্রসৈকতে ঝাউ কাঠের তৈরী ক্ষয় নিবারণী বেড়া ও খালিতে বিস্তা করার জন্য ঝাউ পাতার বোনা জাফরীর জন্য—৮ মাইল	...	১৪,৯৮৫ টাকা
মোট	...	৮৯,৯৪১ টাকা

এ ছাড়া জরীপ ও অনুসন্ধান কার্যের জন্য এ পর্যন্ত ৫৪,৬৯৮ টাকা এবং ভূতাত্ত্বিক অনুসন্ধান কার্যের জন্য ১৩,০০০ টাকা ব্যয় করা হয়েছে।

(খ) সমুদ্রসৈকতে বালির ক্রমসম্প্রসারণকে স্থিতিশীল করা হয়েছে বনসৃজন কোরে এবং এই কাজ যথেষ্ট সাফল্য লাভ করেছে। সমুদ্রক্ষয় থেকে সৈকতকে বাঁচাবার জন্য বেড়া নির্মাণ ও জাফরী বিস্তার করা হয়ে থাকে। দেখা যাচ্ছে যে বেশ কিছু জায়গা সৈকতে একটা ঢাল এসেছে এই বেড়ার জন্যে। তার ফলে সমুদ্রের জল এখন যায়। অনেক জায়গায় উঁচু পাড়ে এসে ধাক্কা দেয় না এবং ভূমিক্ষয় হ্রাস পাচ্ছে। দীঘার সমুদ্রক্ষয় নিবারণের জন্য প্রয়োজনীয় প্রকল্প ও প্রাক্কলন প্রস্তুত করবার জন্য জরীপ ও মডেল পরীক্ষা সমেত যে অনুসন্ধানের কাজ চলছে তা থেকে এখনও কোন রিপোর্ট প্রস্তুত করা সম্ভব নয়।

Shri Sudhir Chandra Das:

আপনি কিছুটা ক্ষয়ের গতি সামলে গেছে বলে এ রকম মনোভাব প্রকাশ করেছেন। আমি আপনাকে জিজ্ঞাসা করছি আপনি কি নিজে চোখে দেখে এসেছেন বা এটা জানেন কিনা যে এখনও পর্যন্ত সেখানে উন্নয়নের কাজ চলেছে দীঘায় তার দিকে সমুদ্র ক্ষয় হতে হতে চলে আসছে এটা বাস্তব দৃষ্টিতে দেখা যাচ্ছে।

Shri Syamadas Bhattacharyya:

এটা চোখে দেখার প্রশ্ন ঠিকই, আমিও দেখেছি, তবে কিছুটা বন্ধ করা হয়েছে এ কথাই বলা হচ্ছে এবং একটু একটু কাজ করা হয়েছে আমি বলেছি এবং আপনাকে আরো কিছু জানাতে পারি সেটা হচ্ছে এই যে আমরা দেখছি পুরোপুরিভাবে সমুদ্রের দ্বারা ভূমিক্ষয় নিবারণ করা খুব কঠিন কাজ, তবে এই ভূমিক্ষয় নিবারণের কাজ স্বল্প খরচে প্রতি বছর কিছু কিছু করা যেতে পারে।

[1-10—1-20 p.m.]

আমরা দীঘা সমুদ্রের ক্ষয় নিবারণের জন্য প্রয়োজনীয় প্রকল্প এবং প্রাক্কলন প্রস্তুত করার কথা বলেছি। তারজন্য জরিপ এবং পর্যবেক্ষণের কাজ চলছে। তার আনুমাণিক ব্যয় হবে ২ লক্ষ ২৮ হাজার টাকা। তার মধ্যে এ পর্যন্ত প্রায় ৫৫ হাজার টাকা খরচ হয়েছে। এ ছাড়া খড়্গপুর ইণ্ডিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি কর্তৃক দীঘা সমুদ্রবর্তী অবক্ষয় এবং ভূগর্ভস্থ জলের অবস্থা পর্যবেক্ষণ এবং ভূতাত্বিক নিরিক্ষণের জন্য ১৩ লক্ষ টাকা ১৯৬৩-৬৪ সালে দীঘা উন্নয়ন তহবিল থেকে খরচ হয়েছে। খড়্গপুর ইণ্ডিয়ান ইন্সস্টিটিউট অব টেকনোলজি কর্তৃক বৈজ্ঞানিক যন্ত্রপাতির সাহায্যে ভূগর্ভস্থ অবস্থা এবং সমুদ্রবর্তী অবক্ষয় পর্যবেক্ষণের জন্য ১৯৬৩-৬৪ সালে আরো ৯ হাজার টাকা মঞ্জুর করা হয়েছে। খড়্গপুর ইণ্ডিয়ান ইন্সটিটিউট অব টেকনোলজির জিওলজি এবং জিওফিজিক্স বিভাগ কর্তৃক সমুদ্র সৈকতের বালুকা এবং ভূমি অবক্ষয় পর্যবেক্ষণের উদ্দেশ্যে বিমান থেকে আলোক চিত্র গ্রহণ করবার জন্য আরো ১০ হাজার টাকা মঞ্জুর করা হয়েছে। এছাড়া দীঘা সমুদ্র সৈকত রক্ষা করার জন্য আনুমানিক ২৪ লক্ষ ৩৯ হাজার ৫ শো টাকার একটা স্বল্প মেয়াদী পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে। এই পরিকল্পনা এখন বিবেচনাধীন আছে।

Shri Sudhir Chandra Das:

এই যে ২৪ লক্ষ টাকার পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে এতে পাথর দিয়ে সমুদ্রের যে উচ্ছ্বাস সেটাকে প্রতিরোধ করার পরিকল্পনা আছে কিনা?

Shri Syamadas Bhattacharyya:

সেটা সম্বন্ধে এখানে বিশদ বিবরণ নেই, আমি খুঁজে দেখব।

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন গত ১০ বছরের মধ্যে সমুদ্র কতখানি এগিয়ে এসেছে?

Shri Syamadas Bhattacharyya:

সেটা আমি এখন ঠিক বলতে পারব না।

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন সমুদ্র এগিয়ে আসার ফলে দীঘার পাশে যে বিরাট স্যাণ্ড-ডিউন বালির পাহাড় ছিল সেটা কতখানি নষ্ট হয়ে গেছে?

Shri Syamadas Bhattacharyya:

অনেকখানি নষ্ট হয়েছে, তবে ঠিক কতখানি নষ্ট হয়েছে বলতে পারব না।

Shri Balai Lal Das Mahapatra:

দীঘা উন্নয়নের জন্য লক্ষ লক্ষ টাকা খরচ হচ্ছে। কিন্তু আপনি কি জানেন ১৫ বছর থেকে ২০ বছরের মধ্যে ৩ মাইল সমুদ্র এগিয়ে চলে এসেছে?

Shri Syamadas Bhattacharyya:

যাতে আর না আসতে পারে সেজন্য মাননীয় সদস্যদের কাছে বিস্তারিতভাবে যে যে ব্যবস্থা অবলম্বন করতে যাচ্ছি তার বর্ণনা শোনালাম। ১৫।২০ বছর ধরে যেভাবে অবক্ষয় হয়েছে, যেভাবে ক্রমশঃ সমুদ্র তীরবর্তী হয়ে এসেছে সে কথা মাননীয় সদস্যরা নিশ্চয়ই জানেন। সেটা নিবারণের জন্য যে যে ব্যবস্থা করেছি সে কথা আপনাকে বললাম।

Shri Balai Lal Das Mahapatra:

আপনি কি জানেন দীঘা উন্নয়নের কাজ সুরু হবার পর সেখানে যে বিরাট স্যান্ড ডিউন ছিল সেটা ৫।৭ বছরের মধ্যে একেবারে নষ্ট হয়ে গেছে? এবং ফরেষ্ট ডিপার্টমেন্ট যেখানে হাজার হাজার টাকা খরচ করে ঝাউ গাছ তৈরি করেছেন সেগুলিও নষ্ট হয়ে যাচ্ছে?

Shri Syamadas Bhattacharyya:

একথা ঠিক নয়।

North Salt Lake Reclamation Scheme

***175.** (Admitted question No. *490.) **Shri Tarun Kumar Sen Gupta:**

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে ব্যাপক সংখ্যক মধ্যবিত্তদের বাসভূমি দেওয়ার প্রকল্পে উত্তর লবনহ্রদ উন্নয়নের পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে; এবং

(খ) সত্য হইলে—

(১) উক্ত পরিকল্পনার কাজ সম্পন্ন হইলে আনুমানিক কত সংখ্যক পরিবারকে জমি দেওয়া সম্ভব হইবে;

(২) প্রতি পরিবার পিছু কি পরিমাণ জমি দেওয়া হইবে; এবং

(৩) কি দরে জমি বিক্রয় করা হইবে?

***187.** (Admitted question No. *491.) **Shri Tarun Kumar Sen Gupta:**

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, উত্তর লবণ হ্রদের কিছু পরিমাণ জমি তিনি শীঘ্রই বিক্রয় করিবার সিদ্ধান্ত করিয়াছেন?

সত্য হইলে—

(১) আপাততঃ কতটা পরিমাণ জমি বিক্রয় করা হইবে;

(২) কোন শ্রেণীর নাগরিকদের উক্ত জমি বিক্রয় করা হইবে; এবং

(৩) উক্ত জমি শুধু মাত্র বসবাসের জন্য বিক্রয় করা হইবে কি না?

Shri Monoranjan Roy: Sir, starred questions Nos. 175 and 187 may be taken up together.

Shri Syamadas Bhattacharyya:

(ক) হ্যাঁ।

(খ) (১) এখনও সঠিকভাবে বলা যায় না।

(২) বিবেচনাধীন আছে।

(৩) টাউনসিপের সমস্ত উন্নয়ন পরিকল্পনাগুলির খরচের এষ্টিমেট পাকাপাকিভাবে প্রস্তুত না হওয়া পর্যন্ত জমির দাম সঠিকভাবে বলা সম্ভব নহে।

(ক) এই বৎসরই প্লট বন্টনের কাজ আরম্ভ হবে বলে আশা করা যায়।

(১) বিবেচনাধীন আছে।

(২) প্রধানতঃ মধ্যবিত্তদিগকে দীর্ঘমেয়াদী লিজ দেওয়া হইবে।

(৩) প্রধানতঃ বসবাসের জন্য বন্টন করা হইবে। আধুনিক সহরের উপযোগী রাস্তাঘাট, পার্ক, খেলাধূলা ইত্যাদির জন্য প্রয়োজনীয় জমি এবং যাবতীয় উন্নয়নমূলক কাজ যথা সরকারী অফিস, পোষ্টাফিস, থানা, থিয়েটার, ব্যবসা-বাণিজ্য, ছোট ছোট শিল্প, স্কুল, কলেজ, হাসপাতাল ইত্যাদির জন্য সংরক্ষিত জমি বাদে অবশিষ্ট জমি বসবাসের জন্য বন্টন করা হইবে।

Shri Monoranjan Roy:

কতটা পরিমাণ জমি দেবেন বললেন?

Shri Syamadas Bhattacharyya :

তা বিবেচনাধীন আছে।

Shri Jiban Krishna Dey:

এই জমি যাদের বন্টন করা হবে, তাদের পাওয়ার যোগ্যতা কী অর্থাৎ যারা ক্যানডিডেট তাদের উপযুক্ততা কী বিবেচনা করা হবে?

Shri Syamadas Bhattacharyya:

মাননীয় সদস্যের প্রশ্নের মধ্যে আছে যে জমিগুলি মধ্যবিত্ত সম্প্রদায়ের লোকদের দেওয়া হবে কিনা—আমি তার উত্তরে বলেছি হ্যাঁ, তাই দেওয়া হবে। এখন কোন কোন সর্ত পালন করলে দেওয়া হবে এবং কোন কোন সর্ত বিবেচনা করে দেওয়া হবে তা সমস্ত বলা যায় না। তবে প্রধান বিষয় নিশ্চয়ই একথা দেখতে হবে—যিনি জমি পাবেন—তাঁর আয়ের উচ্চ সীমা যেন বেশী না হয়। দ্বিতীয় হচ্ছে তাঁর কলকাতাতে বা নিকটবর্তী অঞ্চলে জমি বা বাড়ী না থাকে—এই রকম কয়েকটা প্রশ্নের কথা বিবেচনা করা হচ্ছে। কিন্তু এখনই সমস্ত সর্তের কথা পাকা-পাকিভাবে স্থির না হবার জন্য আমি বলতে পারছি না।

Shri Sanat Kumar Raha:

জমির দাম কত নির্ধারণ করা হয়েছে?

Shri Syamadas Bhattacharyya:

এ সম্বন্ধে আমার ৪১০ নম্বর প্রশ্নের উত্তর দ্রষ্টব্য। তাতে বলা হয়েছে—সমস্ত উন্নয়ন পরিকল্পনার খরচের এষ্টিমেট পাকাপাকিভাবে প্রস্তুত না হওয়া পর্যন্ত জমির দাম সঠিকভাবে বলা সম্ভব নয়।

Shri Bijesh Chandra Sen:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি এই যে জমি তৈরী হচ্ছে—তা সরাসরি বিলি-ব্যবস্থা করবেন, না, কোন কমিটি মারফৎ করবেন?

Shri Syamadas Bhattacharyya:

এ প্রশ্ন বিবেচনাধীন আছে।

Shri Sanat Kumar Raha:

মন্ত্রিমহাশয় বললেন যে মধ্যবিত্ত সম্প্রদায়ের লোককে ঐ জমি দেওয়া হবে, আমার প্রশ্ন হচ্ছে সরকার থেকে এমন চিন্তা করা কি ঠিক হচ্ছে যে মধ্যবিত্ত সম্প্রদায়ের ক্ষমতার মধ্যে অর্থাৎ তার জমির দাম এমন হওয়া উচিৎ—যাতে তারা কিনতে পারে—এ রকম বিবেচনা করা হবে কি না?

Shri Syamadas Bhattacharyya:

মাননীয় সদস্য জিজ্ঞাসা করেছেন যে জমির মূল্য মধ্যবিত্ত সম্প্রদায়ের ক্রয় শক্তির মধ্যে থাকবে কি থাকবে না—এ সম্বন্ধে আমি এ কথা বলতে পারি যে আমরা এই জমি প্রস্তুত করতে এবং উন্নয়ন করতে যে খরচ করতে আমরা বাধ্য হব—সে কথা বিবেচনা করে লাভ না রেখে বা কোন লোকসান না করে যে ভাবে জমির দাম ধার্য করা হবে—সেই ভাবে বিলিব্যবস্থা করা হবে।

Shrimati Biva Mitra :

এই জমি বিলির জন্য কোন এ্যাপ্লিকেশন নেওয়া হয়েছে কিনা?

Shri Syamadas Bhattacharyya:

এ পর্যন্ত আমরা দরখাস্ত আহ্বান করি নাই এবং কোন আবেদনের জন্য কোন বিজ্ঞপ্তিও দেই নাই। তবুও যতদূর খবর জানি—যে অনেকে স্বতঃপ্রবৃত্ত হয়ে আবেদন জানিয়েছে। যাঁরা এই রূপ আবেদন জানিয়েছেন—তাঁদের সংখ্যা কয়েক হাজার।

[1-20—1-30 p.m.]

Shrimati Biva Mitra :

যেগুলি দেওয়া হয়েছে সেগুলি কন্সিডার করা হবে কিনা জানাবেন কি?

Shri Syamadas Bhattacharyya:

যারা আগে থেকে আবেদন করেছে তাদের আবেদন অগ্রাহ্য করা হবে না, তবে তাদের নূতন করে আমরা যে যে বিষয় জানতে চাইব সেইসব তথ্য দিয়ে আবেদন করতে হবে।

Shri Nikhil Das:

লবন হ্রদ উন্নয়ন পরিকল্পনা করা হয়েছে এবং তাতে কত জমি উদ্ধার করা হয়েছে, কত জমি পাওয়া যাবে এবং কত পরিবারকে দেওয়া হবে সেই প্রশ্নের উত্তরে আপনি বলেছেন বিবেচনাধীন আছে। আমার প্রশ্ন হচ্ছে আপনাদের একটা পরিকল্পনা যখন আছে তখন কত একর জমি পাওয়া যাবে এবং কত পরিবারকে দেবেন সেটা মোটামুটি একটা ধরা আছে সেটা বলছেন না কেন?

Shri Syamadas Bhattacharyya:

মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি জবাবে বলেছি, এখনই সঠিকভাবে বলা যাবে না, বিবেচনাধীন আছে। এখানে প্রশ্ন ছিল উক্ত পরিকল্পনার কাজ সম্পন্ন হলে আনুমানিক কত সংখ্যক পরিবারকে জমি দেওয়া সম্ভব হবে? আমি তার উত্তরে বলেছি সঠিকভাবে বলা যায় না। তবে আমি আপনাদের অবগতির জন্য আনুমানিক একটা হিসেব দিতে পারি। এ পর্যন্ত যে হিসেব দেখেছি তাতে মনে হয় বন্টনের জন্য ৩ কাঠা প্লট ৩ হাজার ৫১০টি পাওয়া যাবে, ৪ কাঠার প্লট ৩ হাজার ৫১০টি পাওয়া যাবে, ৫ কাঠার প্লট ২ হাজার ৯২৫টি পাওয়া যাবে, ৭ কাঠার প্লট ১ হাজার ১৭০টি পাওয়া যাবে, ১০ কাঠার প্লট ৫৮৫টি পাওয়া যাবে অর্থাৎ মোট ১১ হাজার ৭০০ প্লট। এটা একটা আনুমানিক হিসেব, কিছু কিছু এ্যাডজাস্টমেন্ট-এর ফলে কম বেশী হতে পারে। তারপর, এগুলিতে বেশী উঁচু বাড়ী হবে না, যাকে লো বিল্ডিং বলে সেটা হবে। হাই বিল্ডিং-এর জন্য কতগুলি জমি আলাদা করে রাখা হয়েছে—অর্থাৎ আমরা মনে করছি হাই বিল্ডিং-এর জন্য প্রায় ২,৪০০ কাঠা বা ৪ একর জমি আলাদা করে রাখা যেতে পারে। আমাদের হাই বিল্ডিং যেগুলি হবে সেগুলি ৮।১০ তলা বা ঐ রকম হতে পারে এবং তাতে ফ্ল্যাট হবে ১৮ হাজার ১৫৬টি। এ ছাড়া ১১ হাজার ৭০০ প্লট আছে যেগুলি ফর লো বিল্ডিংস্। আমি মাননীয় সদস্যদের অবগতির জন্য আর একটা কথা বলছি। আমরা মোট জমি এখানে যা পাচ্ছি

তার আনুমানিক হিসেব হচ্ছে ২ হাজার ৫৮৪ একর। এর মধ্যে রেসিডেনসিয়াল প্লট হিসেবে বা বসবাসের জন্য যে জমি দেওয়া হবে লো এ্যান্ড হাই বিল্ডিং মিলিয়ে তার মোট পরিমাণ হচ্ছে মোটামুটিভাবে ১৩ হাজার ৩৪ একর। একে যদি শতকরা হিসেবে ধরা যায় তাহলে দেখা যাবে মোট জমি যেটা পাওয়া যাবে তার শতকরা ৫১ ভাগ পাওয়া যেতে পারে রেসিডেনসিয়াল বিল্ডিংস-এর জন্য। এছাড়া গভর্নমেন্ট এ্যাডমিনিসট্রেটিভ অফিস—অর্থাৎ পোস্ট অফিস ইত্যাদির জন্য যে জমি লাগবে তার পরিমাণ হচ্ছে মোট জমির প্রায় ওয়ান পয়েন্ট সেভেন পারসেন্ট। তাছাড়া পার্ক, প্রাইমারী স্কুল, ছেলেমেয়েদের খেলবার জায়গা, দোকানপাট ইত্যাদির জন্য জমি থাকবে, রাস্তাঘাটের জন্য জমি থাকবে, শিক্ষা বিষয়ক প্রতিষ্ঠানগুলি, ইউনিভার্সিটি হোস্টেল অথবা ইঞ্জিনিয়ারিং কলেজ অথবা মেডিকেল কলেজ হসপিটাল, সেকেন্ডারী স্কুল ইত্যাদির জন্যও জমি নির্দিষ্ট করা থাকবে।

Shri Nikhil Das:

উনি বললেন যে লো বিল্ডিং-এর জন্য ৩ কাঠা, ৪ কাঠা, ৫ কাঠা, ৭ কাঠা, ১০ কাঠা প্লট দিচ্ছেন, লো বিল্ডিং-এর জন্য যেগুলি আমি ধরে নিতে পারি যে এগুলি মিডল ক্লাসের জন্য এবং হাই বিল্ডিং প্লট ভাড়া দেবার জন্য, কেননা ৮।১০ তলা বাড়ী প্রাইভেট লোকেরা করতে পারে না। লো বিল্ডিং-এর জন্য ১০ কাঠা করে প্লট এলটমেন্ট হচ্ছে, এখন এর দাম পার কাঠা আমি আনুমাণিক দিতে বলছি, ডেফিনিট নয়, কত হতে পারে?

Shri Syamadas Bhattacharyya:

প্রথম কথা হচ্ছে ১০ কাঠা পর্যন্ত লো বিল্ডিং-এর জন্য এটা আমি বলিনি, আমি বলেছি রেসিডেনশিয়েল প্লটস, আর আনুমানিক কত দাম হবে সেটা আমার পক্ষে এখন বলা সম্ভব নয়, তার কারণ হচ্ছে অনেক প্রকার ডেভেলপমেন্ট এক্সপেন্ডিচার আছে, রাস্তাঘাট, আন্ডার গ্রাউন্ড ড্রেনেজ প্রভৃতি আছে, এগুলি করার পর দর কি দাঁড়াবে তা এখনি বলা সম্ভব নয়।

Shri Nikhil Das:

মিডল্ ক্লাস লোকদের সাবসিডাইজড রেটে জমি দেওয়ার পরিকল্পনা আছে কিনা?

(নো রিপ্লাই)

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani:

আপনি বলেছেন লো হাউস এবং হাই বিল্ডিংস এটা কি ভিত্তিতে ডিফারেনশিয়েট করা হচ্ছে, লো বিল্ডিং এবং হাই বিল্ডিং প্লট একই সঙ্গে কন্টিগুয়াস কিনা, নাকি আনইভেনলী ডিস্ট্রিবিউটেড, অর্থাৎ লো বিল্ডিং-এর পাশে হাই বিল্ডিংস, হাই বিল্ডিংস-এর পাশে লো বিল্ডিংস প্লট থাকবে, আর আমার প্রশ্ন হচ্ছে এই সব ল্যান্ড নিয়ে যাতে কোন স্পেকুলেশন না হয় তার জন্য কি ব্যবস্থা হচ্ছে?

Shri Syamadas Bhattacharyya:

প্রথম প্রশ্ন হয় বিল্ডিংগুলি কিভাবে অবস্থান করবে, একটা বড় হাই বিল্ডিং-এর পাশে ৮।১০ তলা উঁচু এমন একটা বাড়ীর পাশে ছোট ছোট বাড়ী থাকবে না কি লো বিল্ডিং এক জায়গায় থাকবে আর হাই বিল্ডিং এক জায়গায় থাকবে, এটা সম্বন্ধে যুগোশ্লাভ ফার্মকে প্ল্যান রচনা করার ভার দেওয়া হয়েছিল, যতদূর দেখেছি তারা এভাবে পরিকল্পনা রচনা করেন নি, হাই বিল্ডিংস পর পর এক জায়গায় থাকবে আর লো বিল্ডিংস কিছু থাকবে তা নয়, তাঁরা যে প্ল্যান করেছে তার বর্ণনা দিতে পারি না।

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani:

ক্রাইটেরিয়ানটা কি?

Shri Syamadas Bhattacharyya: That depends on the Town Planning Engineer. I do not understand their logic.

তারা যা করেছে, হাই বিল্ডিং একটা জায়গায় করেছে এবং কতকটা লো বিল্ডিং একটা জায়গায় করেছে এবং বিল্ডিংগুলি বিভিন্ন ষ্টোরিড হবে সেজন্য তারা একটা নিয়ম বেঁধে দিতে চান, তাঁরা এটা বলতে চান যে একটা টাউন সুন্দরভাবে গড়ে তুলতে হলে আধুনিক সুযোগ-সুবিধা-যুক্ত চমৎকার কোন আদর্শ টাউন করতে গেলে কতকগুলি নিয়মকানুন মেনে চলতে হবে, সে সম্বন্ধে নিয়মকানুন রচনা করছেন, এগুলি দেখার পর চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

দ্বিতীয় কথা—এই জমি নো প্রফিট নো লস্ বেসিসে হবে, এই নিয়ে যদি স্পেকুলেশন হওয়ার সম্ভাবনা থাকে তা বন্ধ করার ব্যবস্থা করা হবে, যদি জমি কেউ নেন লীজ নিয়ে সেই জমি হস্তান্তর করতে পারে না সরকারের অনুমতি ছাড়া। জমিগুলি নিয়ে যাতে ফাটকাবাজী না হতে পারে, জন কতক লোকের হাতে জমি কেন্দ্রীভূত না হতে পারে জমি লীজ দেওয়ার সময় যে সর্ত আরোপ করা হবে, সরকার সে সম্বন্ধে যথেষ্ট সতর্কতা অবলম্বন করবেন।

Shrimati Biva Mitra:

এই সমস্ত জমিগুলি যদি মধ্যবিত্ত পরিবারদের দেওয়া হয় দাম যদি খুব উঁচু হয় তাহলে তারা তা নিতে পারবে না, ইনষ্টলমেন্টের ব্যবস্থা হবে কি, ১০ হাজারের উপর তিন কাঠা জমির দাম যদি হয় তাহলে ইনষ্টলমেন্টে দাম দেবার ব্যবস্থা হবে কিনা?

Shri Syamadas Bhattacharyya:

আমি যে লিখিত উত্তর দিয়েছি সেই উত্তরের অংশের প্রতি মাননীয়া সদস্যার দৃষ্টি আকর্ষণ করছি। আমি বলেছি প্রধানতঃ মধ্যবিত্তদের দীর্ঘমেয়াদী লীজ দেওয়া হবে, কাজেই মধ্যবিত্তরা অগ্রাধিকার পাবে, এবং তাদের জন্যই জমির সৃষ্টি করা হয়েছে। দ্বিতীয় কথা হচ্ছে এই জমির দাম বেশী হলে ইনষ্টলমেন্টে দেওয়া হবে কিনা, এখন সঠিক বলতে পারি না, তবে এই প্রস্তাব উত্তম এবং গ্রহণযোগ্য বলে মনে করি।

[1-30—1-40 p.m.]

Shri Sailendra Nath Adhikary:

আমি জিজ্ঞাসা করছি ঐ যে হাউস বিল্ডিং যেটা তৈরী করবেন বললেন সে বিল্ডিংটা কি সরকারের নিজস্ব বিল্ডিং হবে এবং যদি নিজস্ব বিল্ডিং হয় তাহলে তার ফ্ল্যাটগুলি দীর্ঘ মেয়াদী লিজে মধ্যবিত্তদের দেবার কোন পরিকল্পনা করেছেন কি না?

Shri Syamadas Bhattacharyya:

যতগুলি ফ্ল্যাট তৈরী হবে সেগুলি যাতে এক একটা ফ্যামিলিকে দীর্ঘ মেয়াদী লিজে বন্দোবস্ত দেওয়া যেতে পারে ধরুণ ৯৯ বৎসরের লীজ দিলেন সেটা ভারচুয়ালি সেলের মত কাজ করে। আজকের দিনে আমরা হয়ত সকলকে একটা করে প্লট দিয়ে একটু করে বাড়ী অধিকার এবং সত্ত্ব দিতে পারবো না। সেজন্য এখনকার দিনে প্রবণতা হচ্ছে বড় বাড়ী তৈরী করা এবং সে ফ্ল্যাটগুলো ব্যক্তিগত ফ্যামিলিকে দেওয়া। এগুলি আমরা সি, আই, টি-র মাধ্যমে বা হাউসিং সোসাইটির মাধ্যমে, বা কো-অপারেটিভ সোসাইটি-এর মাধ্যমে দেবার চেষ্টা করছি।

Shri Sailendra Nath Adhikary:

আপনি বললেন যে এখনও পর্যন্ত দাম নির্ধারিত হয় নি। কিন্তু কিছুদিন আগে খবরের কাগজে দেখা গেছে ওঁর ডিপার্টমেন্ট-এর খরচ ৩।৪ হাজারের নীচে দাম নির্ধারিত হচ্ছে এই খবরের তিনি প্রতিবাদ করেন নি কেন?

Shri Syamadas Bhattacharyya:

আমাদের ডিপার্টমেন্টে কোন খবর বেরিয়েছে তা আমি স্বীকার করি না:

Shri Bijesh Chandra Sen:

আপনি বললেন এই জমিগুলি মধ্যবিত্তদের মধ্যে বিলি করা হবে। কত আয়ের মধ্যে হলে মধ্যবিত্ত ধরবেন?

(নো রিপ্লাই)

Remission of rent for the homestead lands

***176.** (Admitted question No. *525.) **Shri Deb Saran Ghosh :**

ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পশ্চিমবঙ্গে বাস্তু জমির খাজনা মকুব করার জন্য এ পর্যন্ত কতজন আবেদনপত্র পেশ করিয়াছেন?

Shri Syamadas Bhattacharyya:

(ক) মোট ৬,৩৭,২২৬ জন।

Shri Deb Saran Ghosh:

এখনও কি দরখাস্ত গ্রহণ করা হচ্ছে?

Shri Syamadas Bhattacharyya:

হ্যাঁ।

Shri Deb Saran Ghosh :

যারা এ পর্যন্ত দরখাস্ত করেছেন তাদের খাজনা মকুব করে বাকি খজনা আদায় করা হচ্ছে?

Shri Syamadas Bhattacharyya:

অনেক জায়গায় যেখানে আমাদের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে সেখানে খাজনা মকুব করা হয়েছে।

Shri Deb Saran Ghosh:

যে তারিখে সিদ্ধান্ত গৃহীত হয়েছে তারপরে জেলা কর্তৃপক্ষদের জানানোর তারিখটা কি?

Shri Syamadas Bhattacharyya:

১৪ই আগষ্ট ১৯৫৩।

Shri Deb Saran Ghosh:

এই সিদ্ধান্তকে কি তহশিলদারদের জানান হয়েছে লিখিতভাবে।

Shri Syamadas Bhattacharyya:

হ্যাঁ।

Shri Balai Lal Das Mahapatra:

যারা খাজনা মকুবের জন্য আবেদন করেনি তাদের কি সরকারী নীতি অনুসারে জে-এল-আর-ও'র রিপোর্ট-এর উপরে খাজনা মকুব করেন কি না?

Shri Syamadas Bhattacharyya:

আমাদের যেটা সিদ্ধান্ত করা হয়েছিল তাতে যে কেউ যদি এই সুযোগ সুবিধা চান তাহলে তাকে আবেদন করতে হবে লিখিতভাবে যে তার কতটা জমি আছে তা জানাতে হবে। যদি তিনি তা না জানিয়ে থাকেন তাহলে এখনও জানাতে পারেন, আর যদি জানাবো না বলে ঠিক করেন তাহলে তার খাজনা মকুব হবে না।

Shri Balai Lal Das Mahapatra:

আপনি বললেন যে এখনও আবেদন করতে পারেন। এই সময় কতদিন পর্যন্ত?

Shri Syamadas Bhattacharyya:

এখনও নির্দিষ্ট হয় নি।

Shri Sailendra Nath Adhikary:

আপনি বললেন যে এই আবেদন তারা গ্রহণ করবেন, অথচ মন্ত্রীমহাশয় জানেন না যে বিভিন্ন জেলায় তার অফিস সে সমস্ত আবেদন গ্রহণ করছেন না। এবিষয়ে মন্ত্রীমহাশয়ের অসংগতির কারণ জানাবেন কি—অর্থাৎ তাঁর অর্ডার এবং জেলার অফিস-এর অর্ডায় এই দুটার মধ্যে অসামঞ্জস্য কেন?

Shri Syamadas Bhattacharyya:

একথা আমার জানা নেই, মাননীয় সদস্য যদি বলেন যে কোন্ জেলায় এটা ঘটছে আমি সেটা দেখবো।

Shri Sailendra Nath Adhikary:

আমি একটা জেনারেল একুইজিশান দিলাম এ [illegible] নিয়ে জানাবেন। জেনারালি সদস্যরা অন দি ফ্লোর অব দি এ্যাসেম্বলী যে কথাটা বলেন সেটা ধরে নিতে হয়।

(কোন উত্তর দেওয়া হয় নাই)

Shri Sanat Kumar Raha:

৬ লক্ষ দরখাস্তের আবেদন কয়েক বৎসর মঞ্জুর করা হয়েছে। সরকার কত লক্ষ মনে করেন টারগেট পাওয়া সম্ভব?

Shri Syamadas Bhattacharyya:

এর মধ্যে কত মঞ্জুরী করা হয়েছে তার পুরা হিসাব আমার কাছে নেই এবং সেভাবে প্রশ্নও করেন নি, তাহলেও আমি একটা হিসাব এনেছিলাম তাতে জেলার হিসাব পাচ্ছি না।

Shri Sanat Kumar Raha:

প্রশ্নটা যেভাবে আছে সে ক্ষেত্রে সরকারপক্ষ থেকে কত একর বাস্তু জমির জন্য খাজনা মাফ হবে এরূপ একটা চিন্তা আছে, তাহলে সেটা কত লক্ষ লোকের জন্য হবে এবং কত একর জমির জন্য হবে?

Shri Syamadas Bhattacharyya:

আমরা আশা করেছিলাম ২০।২২ লক্ষ দরখাস্ত পাওয়া যাবে। তার মধ্যে মাত্র ৬ লক্ষ দরখাস্ত পাওয়া গেছে কাজেই আমরা একথা হয়ত ভাবি অনেকে যা জানেন না অথবা অপপ্রচারের ফলে দরখাস্ত দিতে কুণ্ঠা করছেন কারণ কোন কোন জায়গায় খবর পেয়েছি যে এরূপ প্রচার করা হচ্ছে যে খাজনা যদি না দেওয়া হয় তাহলে বাস্তু সরকারের বর্তে যাবে। এবং সরকারে বর্তে গেলে তার অধিকার থাকবে না, সেজন্য তারা দরখাস্ত করেনি, এই কারণে আমরা বলছি এখনও যদি কেউ দরখাস্ত করতে চান তাহলে সে দরখাস্ত নেওয়া হবে।

Shri Deb Saran Ghosh:

যারা দরখাস্ত পেশ করেছেন এমন অনেক জায়গা দেখা গেছে যে দরখাস্ত পেশ করার পর খাজনা তহশীলদার আদায় করেছেন, তার খাজনার টাকা ফেরৎ দেওয়া সম্পর্কে কি ব্যবস্থা করছেন?

Shri Syamadas Bhattacharyya:

যে দিন থেকে আমরা দরখাস্ত বিবেচনা করে খাজনা ছাড় দেবার উপযুক্ত বলে বিবেচিত হবে সে দিন থেকে দেওয়া হবে।

Shri Deb Saran Ghosh:

দরখাস্ত পেশ করবার পর অর্ডার দেবার পর তহশীলদার খাজনা আদায় করছে তার খাজনা ফেরৎ দেবার ব্যাপারে কি করবেন?

Shri Syamadas Bhattacharyya:

ফেরৎ দেবার প্রশ্ন উঠে না।

Shri Deb Saran Ghosh:

যাদের দরখাস্ত আপনারা গ্রহণ করেছেন এবং তাদের খাজনা মকুব করা হচ্ছে অথচ আগে যে খাজনা আদায় করা হয়েছে সে টাকা ফেরৎ দেওয়া হবে না কেন?

Shri Syamadas Bhattacharyya:

আমরা এ প্রশ্ন বিবেচনা করবো।

Shri Jiban Krishna Dey:

খাজনা মাফ করা সম্বন্ধে কে কে যোগ্য লোক এর সম্বন্ধে তহশীলদার ও জে-এল-আর-ও'র তো ভাল জানেন, এবং মাননীয় মন্ত্রীমহাশয় এটা করতে রাজী আছেন কিনা যে তহশীলদার এবং জে-এল-আর-ও-দের উপর এরূপ ডিরেকসান দেবেন কি না যে আপনাদের কাছে একটা রিপোর্ট দেয় এবং যাতে একাজ করতে হেল্প করে যাতে নাকি এভাবে গ্যাপটা পড়ে না থাকে এবং অনেক লোক যাতে অসুবিধায় না পড়ে। আপনি তহশীলদার এবং জে-এল-আর-ওদের এরূপ ইনস্ট্রাকসন দিতে রাজী আছেন কিনা এবং প্রয়োজন বোধ করেন কিনা তাদের হেল্প করতে—কারণ তাদের হাতে তো ম্যাটেরিয়াল আছে সুতরাং আপনি এটা দেখুন।

[1-40—1-50 p.m.]

Shri Syamadas Bhattacharyya:

মাননীয় সদস্যগণ একথা জানেন যে যাতে জনসাধারণের তরফ থেকে এই খাজনা ছাড়ের সুযোগ সুবিধা গ্রহণ করা যেতে পারে সেজন্য অনেক রাজনৈতিক দলের মাননীয় সদস্য নিশ্চয় বিভিন্ন জায়গায় ঐ দরখাস্তের ফর্ম ছাপিয়ে বিনা পয়সায় সেগুলি দেবার ব্যবস্থা করা সত্ত্বেও—এ পর্যন্ত মাত্র ৬ লক্ষ পেয়েছেন এবং আমরা মনে করি হয়তো এখনও কিছু লোক সুযোগ সুবিধা গ্রহণ করবার জন্য আসতে পারে।

Shri Balai Lal Das Mahapatra:

মন্ত্রীমহাশয় বল্লেন ২২ লক্ষ আবেদন পাবার আশা করেছিলেন মাত্র পাচ্ছেন ৬ লক্ষ এবং তিনি বল্লেন ভুল ধারণার সৃষ্টি হয়েছে যে খাজনা যদি না পাওয়া যায় তাহলে বাস্তু জমি সরকারে বর্তাবে এই ভুল ধারণাটা যাতে দূর হয় তার জন্য রেডিও মারফৎ প্রচার করার ব্যবস্থা করবেন কিনা?

Shri Syamadas Bhattacharyya:

আমার মনে হয় রেডিও মারফৎ প্রচারের ব্যবস্থা করা হয়েছিল এবং বিজ্ঞপ্তিতে সরকারী কর্মচারীদের নির্দেশও দেওয়া হয়েছিল এবং আমরা যেখানে যেখানে গিয়েছি সেখানেও ঐকথা বলেছি।

Bhagirathi Bridge at Berhampore

***177.** (Admitted question No. *554.) **Shri Birendra Narayan Ray:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার বহরমপুর শহরে গঙ্গানদীর উপর (জাতীয় সড়কের উপর) যে সেতুটি ভাঙ্গিয়া পড়িয়াছিল তাহার পুনর্নির্মাণ কার্যের কতদূর অগ্রসর হইয়াছে; এবং

(খ) উক্ত ব্রীজের ভাঙ্গিয়া পড়ার কারণ নির্ণয় শেষ হইয়াছে কি?

Shri Khagendra Nath Das Gupta:

(ক) সেতুটির যে অংশ পড়িয়া গিয়াছিল তাহার পুনর্নির্মাণের ঢালাইয়ের জন্য যে মঞ্চ ষ্টেজিং প্রয়োজন তাহার পাইলিং ওয়ার্ক সম্পূর্ণ হইয়াছে। 'সুপার ষ্ট্রাকচার' এর কাজ শীঘ্রই আরম্ভ হইবে।

(খ) না।

Shri Birendra Narayan Ray:
মাননীয় মন্ত্রীমহাশয় বলতে পারেন কি যে এই সুপার ষ্ট্রাকচার কত দিন আগে থেকে সুরু হয়েছে এবং মঞ্চ কতদিন আগে থেকে সুরু হয়েছে?

Shri Khagendra Nath Das Gupta:
সুপার ষ্ট্রাকচারের কাজ শীঘ্র আরম্ভ হবে—আরম্ভ হয়েছে ধরে নিতে পারেন—এ কাজ আরম্ভ জুলাই মাস থেকে।

Shri Birendra Narayan Ray:
আপনি আগে এই বিধানসভায় বলেছিলেন এই ব্রীজ পড়ে যাবার কারণ একটা নাশকতামূলক হতে পারে—তার জন্য এক ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে তার সম্বন্ধে কি হোল?

Shri Khagendra Nath Das Gupta:
ভেঙ্গে পড়েছে তার কারণ নির্ণয়ের জন্য একটা কমিটি নিযুক্ত করা হয়েছে এ কথা আমি বলতে পারি।

Shri Deb Saran Ghosh:
মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কিনা যে এই কাজটা পুরানো সেই কনট্রাক্টরদেরই দেওয়া হয়েছে কিনা?

Shri Khagendra Nath Das Gupta:
হ্যাঁ সেই পুরানো কনট্রাক্টর যে করছিল সেই-ই করছে।

Shri Sanat Kumar Raha:
এই যে পুরানো কনট্রাক্টর তাকে যখন ঐ কাজ দেওয়া হয়েছিল ওটা করার জন্য তখন কত পরিমাণ টাকা দেওয়া হয়েছিল?

Shri Khagendra Nath Das Gupta:
নূতন কনট্রাক্ট কাউকে কিছু দেওয়া হয় নি—কনট্রাক্টর যে প্রথম থেকে নিযুক্ত ছিল তিনিই।

Shri Sanat Kumar Raha:
আমার প্রশ্ন হচ্ছে কত অংশ দিয়ে ফেলেছেন?

Shri Khagendra Nath Das Gupta:

আপনি প্রশ্ন করলে এর উত্তর বলতে পারবো।

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি যে এই যে পুলটা ভেঙ্গে গেল তাতে সরকারের কত টাকা নষ্ট হয়েছে?

Shri Khagendra Nath Das Gupta:

সেটা অবশ্য সঠিক এখন বলা যায় না--এনকোয়ারী হচ্ছে।

Widening of Diamond Harbour Road

***178.** (Admitted question No. *733.) **Shri Rabindra Nath Mukhopadhyay:**

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মাঝেরহাট পোল হইতে ডায়মণ্ডহারবার রোডের প্রশস্ত করণের জন্য প্রস্তাবিত কাজ কতদূর অগ্রসর হইয়াছে;

(খ) দক্ষিণ সহরতলী পৌরসভার মধ্য দিয়া প্রসারিত উপরোক্ত রাস্তাটির সম্প্রসারণের জন্য কোন নোটিশ করা হইয়াছে কি না;

(গ) নোটিশ করা হইয়া থাকিলে কোন্ কোন্ ধারা অনুযায়ী করা হইয়াছে?

Shri Khagendra Nath Das Gupta:

(ক) বর্তমানে ডায়মণ্ডহারবার রোডের নেভাল রেষ্ট হাউস হইতে ইণ্ডিয়া ফ্যান অফিস পর্যন্ত অংশের জন্য জমি দখলের কাজ চলিতেছে। জমি দখলের কাজ সম্পূর্ণ হইলে সম্প্রসারণের কাজ আরম্ভ হইবে।

(খ) হ্যাঁ, হইয়াছে।

(গ) ১৮৯৪ সালের ল্যাণ্ড একুইজিশান এ্যাক্ট এর ৪ ধারা, ৫ ধারা, এবং ৪১ ধারা অনুযায়ী।

Shri Monoranjan Roy:

জমিগুলিকে এখনও পর্যন্ত দখল করতে পেরেছেন, না শুধু নোটিশ দেয়া হয়েছে এবং তাতে কতগুলি দোকান এবং বাড়ী পড়ছে?

Shri Khagendra Nath Das Gupta:

জমি এখনও আমরা দখল করতে পারিনি।

Burdwan Sadarghat Bridge

***179.** (Admitted question No. *756.) **Shri Aswini Roy:**

পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান সদর ঘাটে দামোদর নদের উপর বর্ধমান-আরামবাগ রাস্তায় সেতু নির্মাণের প্রকল্পটি চতুর্থ পরিকল্পনার কার্যসূচীর অন্তর্ভুক্ত হইয়াছে কি; এবং

(খ) অন্তর্ভুক্ত হইয়া থাকিলে—(১) উক্ত প্রকল্প কার্যকরী করিতে অর্থব্যয়ের পরিমাণ, (২) সকল প্রকার যানবাহন চলাচলের উপযোগী কি না; এবং (৩) প্রকল্পের কাজ কখন আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়?

Shri Khagendra Nath Das Gupta:

(ক) চতুর্থ পরিকল্পনায় সদরঘাটে দামোদর নদের উপর একটি সেতু নির্মাণের প্রস্তাব আছে।

(খ) (১) সেতুটির সম্ভাব্য ব্যয়ের পরিমাণ এখনও নির্দ্ধারিত হয় নাই।

(২) এই সড়ক-সেতু সকল প্রকার যানবাহন চলাচলের উপযোগী হইবে।

(৩) এখনই বলা সম্ভব নয়।

Shri Aswini Roy:

আপনি বল্লেন—আমার প্রশ্নটা হচ্ছে যে প্রকল্পের অন্তর্ভুক্ত হয়েছে কিনা আপনি বল্লেন প্রস্তাব আছে—প্রস্তাব এবং প্রকল্প দুটো আলাদা, এটা আপনি ক্যাটিগরিক্যালী বলুন যে চতুর্থ পরিকল্পনায় ইনক্লুডেড হয়েছে কিনা?

Shri Khagendra Nath Das Gupta:

চতুর্থ পরিকল্পনার কার্য্যসূচী এখনও স্থির হয়নি, কাজেই এখন থেকে বলা কঠিন।

Shri Aswini Roy:

আপনি বল্লেন সর্বপ্রকার যানবাহন—বোথওয়ে ট্রাফিকের কি ব্যবস্থা থাকবে?

Shri Khagendra Nath Das Gupta:

হ্যাঁ।

Shri Jahar Lal Banerjee:

মন্ত্রীমহাশয় জানাবেন কি যে ওটা রেল-কাম-রোড ব্রীজ করবার পরিকল্পনা আছে কিনা?

Shri Khagendra Nath Das Gupta:

না, ওখানে রেল-কাম-রোড ব্রীজ করবার পরিকল্পনা নেই।

Eviction of traders near Dunlop Bridge

***180.** (Admitted question No. *761.) **Shri Gopal Banerjee:**

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বিগত ৬ই ও ৭ই জানুয়ারী পূর্তবিভাগের কর্মচারিগণ পুলিশের সহযোগিতায় ডানলপ ব্রিজের নিকটস্থ বি টি রোডের এবং পি ডবলিউ ডি রোডের পার্শ্ববর্তী দোকানগুলি ভাঙ্গিয়া দিয়াছে; এবং

(খ) সত্য হইলে, কোন্ কর্তৃপক্ষের আদেশ অনুযায়ী উক্ত কাজ করা হইয়াছে?

Shri Khagendra Nath Das Gupta:

(ক) হ্যাঁ।

(খ) পূর্ত বিভাগীয় কর্তৃপক্ষের আদেশ অনুযায়ী।

Shri Sanat Kumar Raha:

দোকানগুলি যে ভেঙ্গে দেওয়া হল তাদের কোন অলটারনেট জায়গা-টায়গা দেয়ার ব্যবস্থা হয়েছে কি দোকান করবার জন্য?

Shri Khagendra Nath Das Gupta:

না।

Shri Sanat Kumar Raha:

তাদের কোন ক্ষতিপূরণ দেয়া হয়েছে কি?

Shri Khagendra Nath Das Gupta:

ক্ষতিপূরণ দেয়ার প্রশ্ন ওঠে না।

Dr. Kanai Lal Bhattacharyya:

কোন্ বিভাগের আদেশ অনুযায়ী হয়েছে?

Shri Khagendra Nath Das Gupta:

পূর্ত বিভাগের।

Shri Jiban Krishna Dey:

যে দোকানগুলি ভেঙ্গে দেয়ার অর্ডার ছিল সেই দোকানগুলি কতদিন থেকে ওখানে ছিল?

Shri Khagendra Nath Das Gupta:

এক একটা দোকান এক এক সময় এসে বসেছে—৩৫টী দোকান ওখানে ছিল, তার মধ্যে ১৫টা অবাঙ্গালীর, আর বাকীগুলি বাঙ্গালীর, আর ১৭টা হচ্ছে রেফিউজিদের।

Shri Jiban Krishna Dey:

আমি বাঙ্গালী, অবাঙ্গালীর কথা বলছিনা—তাদের স্থায়িত্ব মোটামুটি কতদিন?

Shri Khagendra Nath Das Gupta:

সেটা এখন বলা কঠিন।

Separation of the judiciary from the executive

***181.** (Admitted question No. *773.) **Shri Bhakti Bhusan Mondal:**

বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিচার বিভাগকে প্রশাসন বিভাগ হইতে পৃথকীকরণ করার পরিকল্পনা কার্যকরী করা হইয়াছে কি না; এবং

(খ) কার্যকরী করা হইয়া থাকিলে, কোন্ কোন্ জেলায় কার্যকরী করা হইয়াছে?

[1-50—2 p.m.]

Shri Iswar Das Jalan:

(ক) বিচার বিভাগকে প্রশাসন বিভাগ হইতে পৃথকীকরণ করার পরিকল্পনাটি এখনও কার্য্যকরী করা হয় নাই। পরিকল্পনাটি মহাধর্মাধিকরণের মতামতের জন্য পাঠান হইয়াছে ও এখন পর্যন্ত মহাধর্মাধিকরণের বিবেচনাধীন আছে।

(খ) প্রশ্ন উঠে না।

Dr. Kanai Lal Bhattacharyya:

মহাধর্মাধিকরণ কি বল্লেন বুঝতে পারলাম না।

Shri Iswar Das Jalan:

হাইকোর্ট।

Dr. Kanai Lal Bhattacharyya:

হাইকোর্টের বিবেচনার জন্য কতদিন আগে পাঠান হয়েছে?

Shri Iswar Das Jalan:

এক মাস পূর্বে।

Dr. Kanai Lal Bhattacharyya:

এত দিন দেরী হল কেন—অন্যান্য প্রদেশে একজিকিউটিভ থেকে জুডিসিয়ারীকে সেপারেট করার কাজ অনেকখানি এগিয়ে গেছে এবং কোন কোন প্রভিন্সে ইমপ্লিমেন্ট করেছে, এখানে মাত্র একমাস পূর্বে পাঠানো হল কেন, এত দেরী হল কেন?

Shri Iswar Das Jalan:

প্রথমে আমাদের ইচ্ছা ছিল যে ক্রিমিনাল প্রসিডিওর কোড কেন্দ্র করে আমরা পৃথকীকরণ করবো কিন্তু তারপর দেখলাম অনেক ঝঞ্ঝাট আছে। তারপর মাদ্রাজে আন্ডার দি কনষ্টিটিউসন একটা নোটিফিকেসন করে তারা করেছে। আমাদের সেক্রেটারীকে সেখানে পাঠানো হয়েছিল, তিনি ওখানে গিয়ে দেখেশুনে ঠিক ঠিক করে কি ব্যবস্থা হয় সেইরকম একটা স্কীম করে এখন আমরা হাইকোর্টে পাঠিয়ে দিয়েছি। হাইকোর্টের সম্মতি প্রাপ্ত হলে তারপরে আমরা করবো।

Dr. Kanai Lal Bhattacharyya:

ক্রিমিন্যাল প্রসিডিওর কোড যেটা এ্যামেন্ড করার ব্যাপার বলছেন সেই ক্রিমিন্যাল প্রোসিডিওর কোর্ড অন্যান্য প্রদেশে সমভাবে প্রযুক্ত। আমাদের বাংলাদেশের ব্যাপারে কি এমন অদ্ভুত অবস্থার সৃষ্টি হল যাতে এটা হচ্ছে না?

Shri Iswar Das Jalan:

সব প্রদেশে এক সমান হয়নি। কোথাও কোথাও পরিবর্তন করে ক্রিমিন্যাল প্রোসিডিওর কোড করেছে, আবার কোথাও বাই এ নোটিফিকেশান আন্ডার দি কনষ্টিটিউসান করেছে। আমরা সব বিবেচনা করে স্থির করেছি নোটিফিকেশান আন্ডার দি কনষ্টিটিউসান করে করব।

Shri Sanat Kumar Raha:

আমরা বারবার একই কথা শুনেছি যে হাইকোর্ট থেকে অনুমতি পেলে করা যাবে। আবার এই কথাও শুনছি যে আমাদের পার্সোনেলের অভাবে এই কাজটা করা সম্ভব হচ্ছে না। আমাদের বাংলাদেশে বিচার বিভাগ থেকে এগজিকিউটিভ দপ্তরকে ভাগ করতে গেলে যে ধরণের পার্সোনেল দরকার সেই পার্সোনেল কি জুডিসিয়াল ডিপার্টমেন্ট পেয়েছেন?

Shri Iswar Das Jalan:

কতকগুলি ম্যাজিষ্ট্রেট যাঁরা এগজিকিউটিভ বিভাগে আছেন তাঁদের ট্রান্সফার করে জুডিসিয়াল বিভাগে দিতে হবে, তারপর ক্রমে ক্রমে নিযুক্ত হবে। পরে তাঁরা নিজের নিজের এগজিকিউটিভ

ডিপার্টমেন্টে চলে যাবেন। কিন্তু এখন প্রায় ২ শো লোক আমাদের আনতে হবে ফ্রম দি এগজিকিউটিভ ডিপার্টমেন্ট।

Shri Sanat Kumar Raha:

এই ২শো লোককে কতদিনে আনতে পারবেন বলে মনে করছেন অর্থাৎ ফিজিক্যাল অর্গানিজেসান কমপ্লিট কবে হবে, হাইকোর্ট অর্ডার কবে আসবে?

Shri Iswar Das Jalan:

আমরা হাইকোর্টকে বলেছি যত শীঘ্র হয় তাঁদের মন্তব্য আমাদের পাঠিয়ে দিন। তাঁরা বলেছেন ফেব্রুয়ারী মাসের মধ্যে আমাদের মন্তব্য আমরা পাঠিয়ে দেব। এখন আমরা বিবেচনা করছি যে ওনলি ক্যালকাটা, হাওড়া এবং ২৪-পরগণা এই তিনটি জেলায় প্রথমে আরম্ভ করব। তারপর যে অভিজ্ঞতা আমাদের হবে সেই অভিজ্ঞতা নিয়ে অন্যান্য স্থানে এটা এক্সটেন্ড করতে পারি।

Dr. Kanai Lal Bhattacharyya:

আমি একটা অনুরোধ মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে রাখছি সেটা হচ্ছে এই ধরণের বাংলা যেন না করেন। হাইকোর্টের বাংলা মহাধর্মাধিকরণ করা হয়েছে। অশিক্ষিত লোক সকলেই হাইকোর্ট বুঝে কিন্তু মহাধর্মাধিকরণ বুঝে না। সেজন্য বাংলা ভাষাকে বিকৃত করা হয়েছে। এই ধরণের অনুবাদ সরকার যেন না করেন এই হচ্ছে আমার অনুরোধ।

Demolition of the houses in Hudda Nos. 13 and 14 in Midnapore district

***182.** (Admitted question No. *871.) **Shri Ananga Mohan Das:**

সেচ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার ১৪নং এবং ১৩নং হুদ্দার অন্তর্গত পোবান্দী, চন্ডী এবং কেলেঘাই নদীর উভয় পার্শ্বের বাঁধের পার্শ্বে অবস্থিত ব্যক্তিগণকে তাহাদের দীর্ঘদিনের দখলী সেটেলমেন্ট দখলী লিপিবদ্ধ ঘরগুলি অবিলম্বে ভাঙ্গিয়া লইতে নির্দেশ দেওয়া হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, ঐ সকল ব্যক্তিদের বসবাসের জন্য সরকার হইতে কোন জমি দিবার ব্যবস্থা হইতেছে কি না?

Shri Syamadas Bhattacharyya:

(ক) মেদিনীপুর জেলার ১৩নং এবং ১৪নং হুদ্দার অন্তর্গত দোবান্দী, চন্ডী এবং কেলেঘাই নদীর উভয় পার্শ্বের বাঁধের জমিতে বে-আইনী অনুপ্রবেশকারীদের উচ্ছেদের নিমিত্ত আইন অনুসারে ব্যবস্থা গ্রহণ করা হইতেছে। বর্তমানে সেটেলমেন্ট রেকর্ডে সঠিক লিপিবদ্ধ দখলীকারগণকে উচ্ছেদের জন্য নির্দেশ দেওয়া হইয়াছে ইহা সত্য নহে।

(খ) না।

Shri Ananga Mohan Das:

আপনি যে নোটিশ দিয়েছেন কত লোককে নোটিশ দিয়েছেন?

Shri Syamadas Bhattacharyya:

আমি দেখতে পাচ্ছি ২৬ জনের নামে নোটিশ দেওয়া হয়েছে।

Shri Ananga Mohan Das:

যে সমস্ত লোক ওখানে বেআইনীভাবে অর্থাৎ আপনাদের অনুমতি না নিয়ে জায়গা দখল করে বসে আছে ঘর করে বসে আছে তাদের উপর আপনারা নোটিশ দিয়েছেন। তবুও যে সমস্ত লোক ঘরবাড়ী করেছে, যাদের অন্য কোথাও ঘরবাড়ী করবার জায়গা নেই তাদের জন্য কি ব্যবস্থা অবলম্বন করবেন?

Shri Syamadas Bhattacharyya:

কোন ব্যবস্থা করা হবে না। মাননীয় সদস্যগণ এই হাউসে একটা আইন পাশ করেছেন ১৯৬২ সালে ১৩ নম্বর আইন

eviction or unauthorised person from Public Lands Act,

এই আইন অনুসারে আপনারাই সরকারী কর্মচারীদের অধিকার দিয়েছেন যাতে এই বেআইনী দখলকারীদের উচ্ছেদ করা হয়। সেইভাবে কাজ করা হচ্ছে।

Shri Ananga Mohan Das:

মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি এই সমস্ত লোক দীর্ঘ ৩০।৪০ বছর ধরে জায়গা দখল করে বসে আছে? এতদিন পর্যন্ত আপনার অফিসাররা কোন খোঁজ নেননি। এই অবস্থায় যাদের বসবাসের কোন জায়গা নেই তাদের অন্য মানবতার দিক থেকে আপনি পাল্টা কোন জায়গার ব্যবস্থা করবেন কি?

Shri Syamadas Bhattacharyya:

এটা হল রিকোয়েস্ট ফর এ্যাকসান, সাপ্লিমেণ্টারী হয় না।

Temporary bridge over the Mayurakshi on Kandi-Salar Road

***183.** (Admitted question No. *1130.) **Shri Abhoy Pada Saha:**

পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার কান্দি মহকুমায় কান্দী-সালার রাস্তার উপর ময়ূরাক্ষী নদীর উপর যে সাময়িক সাঁকো নির্মাণ করা হইয়াছে তাহাতে কত খরচ হইয়াছে;

(খ) রক্ষণাবেক্ষণ করিতে কত খরচ করা হইয়াছে; এবং

(গ) উক্ত সাঁকো জনসাধারণকে সম্পূর্ণরূপে ব্যবহার করিতে দেওয়া হয় না কেন?

Shri Khagendra Nath Das Gupta:

(ক) ৩,০০০ টাকা।

(খ) রক্ষণাবেক্ষণ খরচ বার্ষিক ৫০০ টাকা।

(গ) সাঁকোটি ভারী যানবাহনের উপযুক্ত করিয়া নির্মিত নয় বলিয়া কেবল পদব্রজে গমনাগমণকারীদের ও হাল্কা মোটর ও জীপগাড়ী প্রভৃতিকেই সাঁকোটি ব্যবহার করিতে দেওয়া হয়।

Shri Abhoy Pada Saha:

ঐ সাঁকো তৈরী করবার জন্য যাঁরা কনট্রাক্ট নিয়েছিলেন, তাদের নাম কী?

Shri Khagendra Nath Das Gupta:

নূতন করে প্রশ্ন করবেন, উত্তর দেব।

Shri Abhoy Pada Saha:
ঐ সাঁকোর উপর দিয়ে বে-সরকারী জীপগাড়ি যেতে দেওয়া হয় কি?

Shri Khagendra Nath Das Gupta:
হ্যাঁ।

Shri Abhoy Pada Saha:
গরুর গাড়ি যেতে দেওয়া হয় কি?

Shri Khagendra Nath Das Gupta:
বোধহয় যেতে দেওয়া হয় না।

Shri Abhoy Pada Saha:
খালি গরুর গাড়িও কি যেতে দেওয়া হয় না?

Shri Khagendra Nath Das Gupta:
না।

Quarterly Legislation Recorder

***184.** (Admitted question No. *1137.) **Shri Syed Abul Monsur Habibullah:** বিধান বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আইন অনুশাসন সংক্রান্ত সরকারী প্রকাশনী কোয়ার্টারলী লেজিসলেশন রেকর্ডার সর্বশেষ প্রকাশ কোন বছরের ও কোন সময়ে প্রকাশিত হয়েছে; এবং

(খ) এই প্রকাশনী যথা সময়ে প্রকাশের কোন ব্যবস্থা সরকার করেন কি না?

Shri Iswar Das Jalan:

(ক) কোয়ার্টার্লি লেজিসলেশন রেকর্ডার-এর সর্বশেষ সংখ্যা এপ্রিল-জুন ১৯৬১। এই সংখ্যা ১৯৬৪ খ্রীষ্টাব্দের নভেম্বর মাসে প্রকাশিত হইয়াছে।

(খ) এই প্রকাশনী যথাসময়ে প্রকাশনের ব্যবস্থাদি অবলম্বিত হইতেছে।

Acquisition of rayati land in Baghmundi and Arma police-stations

***185.** (Admitted question No. *1231.) **Shri Daman Kuiri:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে পুরুলিয়া জেলার বাঘমুণ্ডি ও আড়মা থানার কৃষকদের রায়তি জমি জঙ্গল বিভাগ দ্বারা আটক করা হইয়াছে;

(খ) আটক করা হইয়া থাকিলে কোন্ অঞ্চল হইতে কত পরিমাণ জমি আটক করা হইয়াছে; এবং

(গ) আটক করা জমির ক্ষতিপূরণ কি দেওয়া হইয়াছে?

Shri Syamadas Bhattacharyya:

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) প্রশ্ন উঠে না।

Shri Daman Kuiry:

মন্ত্রীমহাশয় জানেন কি আড়ষা থানার বাগমুণ্ডিতে যে সেটেলমেণ্টের কাজ চলছে তাতে জঙ্গল বিভাগ কর্তৃক রায়তি জমি রেকর্ড ও দখল করা হচ্ছে?

Shri Syamadas Bhattacharyya:

মাননীয় সদস্যের যে প্রশ্ন ছিল, তা থেকে এটা ওঠে না।

Dr. Kanai Lal Bhattacharyya:

ফরেষ্ট ডিপার্টমেণ্ট তাদের মধ্যে যে রায়তি জমি আছে, সেগুলিতে চাষ করতে কৃষকদের যেতে দিচ্ছে না এবং সেগুলি তাঁরা রেকর্ড করছে নিজেদের নামে এ কথাই তিনি বলতে চাচ্ছেন?

Shri Syamadas Bhattacharyya:

তিনি যেভাবে প্রশ্ন করেছেন, তাতে উত্তর সেভাবে আসে না।

Realisation of loan in Contai police-station

***186.** (Admitted question No. *410.) **Shri Sudhir Chandra Das:**

ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৪২ সালের সাইক্লোনে বিধ্বস্ত কাঁথি মহকুমায় যে বীজ ধানা বাবদ ঋণ ১৯৪৩-৪৪ ও ১৯৪৪-৪৫ সালে দেওয়া হইয়াছিল তাহা আদায়ের জন্য এই বছর সার্টিফিকেট ও মাল ক্রোক ইত্যাদি করা হইতেছে;

(খ) সত্য হইলে ঐ দুই সালের কত ঋণ বাবদ বর্তমানে অনাদায় আছে এবং ঐ অনাদায়ী ঋণ মকুব করার বিষয় বিবেচনা করা হইতেছে কি না; এবং

(গ) ঐ অনাদায়ী ঋণ আদায়ের জন্য এ বছর কোন্ কোন্ থানায় কতজন গৃহস্থের মাল ক্রোক করা হইয়াছে?

Shri Syamadas Bhattacharyya:

(ক) হ্যাঁ। কিন্তু পরে ১৯৪২-৪৩ ও ১৯৪৩-৪৪ সালের ঋণের সার্টিফিকেট জারি স্থগিত রাখা হইয়াছে।

(খ) অনাদায়ী ঋণের পরিমাণ—

১৯৪৩-৪৪ সালে=৬২,২২৫·১৩পঃ

১৯৪৪-৪৫ সালে=১২,৭৯১·২৪পঃ

ঋণ মকুবের বিষয় বিবেচনাধীন আছে।

(গ) রামনগর থানায় সাতটি ক্ষেত্রে ক্রোক হইয়াছে তবে উহাদের মাল বিক্রয়াদি বন্ধ আছে।

Shri Sudhir Chandra Das:

এই ঋণ মকুব সম্পর্কে কত শীঘ্র সিদ্ধান্ত গ্রহণ করবেন?

Shri Syamadas Bhattacharyya:

যত সত্বর সম্ভব হয়।

Shri Balai Lal Das Mahapatra:

আপনি জানেন কি ২০ বছর আগের খাতাপত্রের ঠিক নাই, লোন বণ্ডেরও ঠিক নাই এবং আপনি ঘোষণা করেছিলেন বারো আনা পাঁচ সিকার ভিত্তিতে প্রায় ৭৯ হাজার টাকা অবিলম্বে মকুব করে দিয়ে সকলের আশংকা দূর করে দেবেন, এটা কবে নাগাৎ করবেন?

Shri Syamadas Bhattacharyya :

ঋণ মকুবের জন্য যে সরকারী সিদ্ধান্ত হয়েছিল, সেই সরকারী সিদ্ধান্তের আওতার মধ্যে এ ঋণগুলি পড়ে না ; তাই মকুব হয় নাই। মাননীয় সদস্যগণ এবিষয়ে যখন জানালেন, তখ এবিষয় স্থগিত রাখবার জন্য বলেছি এবং সমস্ত বিষয় পুনরায় বিবেচনা করবার জন্য চেষ্ট করছি। কিন্তু ঋণ মকুবের যে ধারা ও সর্তের কথা বললেন, তার মধ্যে এগুলি পড়ে না বে খাতাপত্রে ঠিকমত টেনে রাখা হয়েছিল।

[2—2-10 p.m.]

Shri Sudhir Chandra Das:

মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, যে ঋণটা পরিশোধ করে দেওয়া সত্বেও তার উপর সার্টি ফিকেট জারী করে দেওয়া হচ্ছে, খাতাপত্রের ঠিক নেই বলে, এই সংবাদটা আপনি রাখেন কি? বহ লোক টাকা দিয়ে দিয়েছে, দেওয়া সত্বেও তাদের উপর সার্টিফিকেট জারী হচ্ছে, ঘুষ নিয়ে নানা রকম কাণ্ড হচ্ছে, খাতাপত্র ২০ বছরের নেই এবং চেকগুলো কেউ দেখাতে পারছে না, রসিদগুলে তারা দিয়ে দিয়েছে, কেননা আজ প্রায় ২০ বছর আগেকার ঘটনা, কে তার রসিদ রাখবে মিছিমিছি এই সমস্ত হয়রানী আরম্ভ হয়ে গেছে। অনেকে টাকা দেওয়া সত্বেও তাদের উপ অনেক অফিসার অভিসন্ধি নিয়ে মাল ক্রোক করতে পাঠাচ্ছে, খাতাপত্রের ঠিক নেই এই সংবা রাখেন কি?

Shri Syamadas Bhattacharyya :

মাল ক্রোক তো ৭টি জায়গায় হয়েছিল, এখন বন্ধ আছে।

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় মন্ত্রীমহাশয় আপনি যেটা বলছেন, যে ভিত্তির উপর করা হয়েছিল, সেই ভিত্তি এটা নয়। আমি এটা বলতে চাচ্ছি, তখন এটা ১২ আনা এবং ১-র ভিত্তিতেই করা হয়েছিল। তখন যে রিভিসান এর তালিকা তৈরী করা হয়েছিল, তখন তাড়াতাড়ি সেই অফিসার-রা তালিকা-ভুক্ত করতে পারেননি, আমি আপনাকে বলছি যাদের যাদের টাকা এখন বাকী আছে, যারা ১২ আনা ট্যাক্স-এর ভিত্তিতে এমন বহু লোক আছেন যারা বাদ যাবেন। যেমন দুগড়ো গ্রাম এবং তার সংগে সংগে বলছি সাইক্লোন বিধ্বস্ত অঞ্চলে একটা পুনর্বাসনের জন্য এই ঋণ দেওয়া হয়েছিল বৃটীশ আমলে, কাজেই আমি আরও একটা আইনের প্রশ্ন তুলছি, প্রি-পার্টিশান এর লোন। কাজেই সেই কথা বিবেচনা করে সমস্তটা যাতে মকুব হয়ে যায় সেটা বিবেচনা করবেন কি?

Shri Syamadas Bhattacharyya :

মাননীয় সদস্য বলাইবাবু মকুব করবার কথা হয়ত বলবেন না কেননা এমন হতে পারে যারা ঋণ গ্রহণ করেছিলেন তাদের অবস্থা হয়ত কারো কারো ভাল হয়েছে এবং আশা করি অনেকেরই ভাল হয়েছে তা যদি হয় তাদের ঋণের কথা মাননীয় সদস্যগণ অভিমত প্রকাশ করতে চান না, তবে সাধারণভাবে যে ঋণ মকুবের কথা বলেছেন সেগুলি আমি নিশ্চয়ই চিন্তা করে দেখব।

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি যে আসল যেটা ছিল আজ তার ৩ গুণ হয়ে গেছে ধরুন আগে যে ১৫ টাকা নিয়েছিলেন আজ সেখানে ৪৫ টাকা সুদ এবং দণ্ডসুদ করে ৩ গুণ দাঁড়িয়ে গেছে। এই সব বিবেচনা করে ১৫ বছর আপনারা ঋণ আদায় করলেন না, ১৫।২০ বছরে সুদ এবং দণ্ড সুদ ৩।৪ গুণ বেড়ে গেছে, কাজেই এটা বিবেচনা করবেন।

Shri Syamadas Bhattacharyya :

এই কথা আমি চিন্তা করে দেখব।

STARRED QUESTIONS
(to which answers were laid on the table)

National Highway No. 34

***188.** (Admitted question No. *528.) **Shri Deb Saran Ghosh:**

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, জাতীয় সড়ক ৩৪-এর অবস্থা (মুর্শিদাবাদ-নদীয়া জেলার মধ্যবর্তী এলাকা) যানবাহন চলাচলের অযোগ্য হইয়া পড়িয়াছে ; এবং

(খ) রাস্তার উক্ত অংশটি কেবল মাত্র মাটি ও পাথর দিয়া মেরামতের ব্যবস্থা হইতেছে?

The Minister for Public Works (Roads):

(ক) সত্য নয়। তবে ভারী যানবাহনের চাপে স্থানে স্থানে রাস্তার ক্ষতি হইয়াছে।

(খ) না। বিটুমিন ম্যাকাডাম এবং শেল ক্রীটের ব্যবস্থা করা হইয়াছে।

Lands of the Salt Lake Reclamation Scheme

***189.** (Admitted question No. *596.) **Shri Sanat Kumar Raha:**

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) লবণ হ্রদের জমি সরকারী উদ্যোগে বিক্রয়ের ব্যবস্থা হইয়াছে কি না ;

(খ) ব্যবস্থা হইলে উক্ত জমি কোন শ্রেণীর লোকেদের দেওয়া হইবে ;

(গ) উক্ত জমি সর্বোচ্চ কত বিঘা একজনকে দেওয়া হইবে ; এবং

(ঘ) উক্ত জমি লইয়া এক শ্রেণীর লোক মুনাফা লুটিতে না পারে তাহার কী ব্যবস্থা আছে?

The Minister for Irrigation and Waterways:

(ক) হ্যাঁ, দীর্ঘমেয়াদী লিজস্বত্ব দেওয়া হইবে ;

(খ) প্রধানতঃ মধ্যবিত্ত লোকদিগকে ;

(গ) বিবেচনাধীন আছে ; এবং

(ঘ) সরকার এবিষয়ে যথোপযুক্ত ব্যবস্থা করিবেন।

Haldia Port

***190.** (Admitted question No. *804.) **Shri Birendra Narayan Ray:**

ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হলদিয়া বন্দর পরিকল্পনার জন্য বর্তমান সময় পর্যন্ত কোন্ বৎসর কত একর (১) কৃষি এবং (২) অকৃষি জমি সরকার দখল করিয়াছেন ;

(খ) উক্ত জমির ভূতপূর্ব মালিকদের বিশেষতঃ কৃষি পরিবারকে ক্ষতিপূরণ দেওয়া হইয়াছে কি ; এবং

(গ) দেওয়া হইয়া থাকিলে, কোন্ বৎসর কয়জন মালিককে কত টাকা ক্ষতিপূরণ দেওয়া হইয়াছে?

The Minister for Land and Land Revenue:

(ক) **আর্থিক বৎসর**	**কৃষি জমি**	**অকৃষি জমি**
(১)	(২)	(৩)
১৯৬৩-৬৪	২,১৪২.০০ একর	—
১৯৬৪-৬৫ (১৫-২-৬৫ তাং পর্যন্ত)	১,০২১.০০ একর	—

(খ) হ্যাঁ।

(গ) আর্থিক বৎসর	ক্ষতিপূরণ প্রাপ্ত মালিকের সংখ্যা	টাকার পরিমাণ
(১)	(২)	(৩)
১৯৬৩-৬৪	২০,২৫০ জন	৬৬,১৯,০৭৪.০০ টাকা
১৯৬৪-৬৫ (১৫-২-৬৫ তাং পর্যন্ত)	৬,১৬৩ জন	৩৭,২৮,৮৫৩.০০ টাকা

Construction of air-conditioned rooms

***191.** (Admitted question No. *825.) **Shri Birendra Narayan Ray:**

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) ১৯৬২ সালের নভেম্বর মাস হইতে ১৯৬৫ সালের বর্তমান সময় পর্যন্ত শীতাতপ নিয়ন্ত্রিত কক্ষ কয়টি তৈয়ারীর জন্য কত টাকা সরকারী তহবিল হইতে মঞ্জুর করা হইয়াছে;

(খ) উহাদের মধ্যে কয়টি এবং কোন্ কোন্‌টির নির্মাণ হইয়া গিয়াছে এবং কয়টির নির্মাণ কার্য চলিতেছে; এবং

(গ) উক্ত কোন্‌টির জন্য কত টাকা ব্যয় অথবা মঞ্জুরী আছে?

The Minister for Public Works:

(ক) শীতাতপ নিয়ন্ত্রিত ৫২টি কক্ষ তৈয়ারীর জন্য ১৬,৪২,৯২২ৄ টাকা মঞ্জুর করা হইয়াছে।

(খ) ৩৩টির নির্মাণ হইয়া গিয়াছে এবং ১৯টির নির্মাণ কার্য চলিতেছে। কোন্ কোন্ নির্মাণ হইয়াছে তাহা এতৎসংলগ্ন তালিকার তারকাচিহ্নিত (*) কক্ষগুলি দ্রষ্টব্য।

(গ) এতৎ-সংলগ্ন তালিকা দ্রষ্টব্য।

Statement referred to in clauses (kha) and (ga) in reply to starred question No. 191.

সংশ্লিষ্ট শীতাতপ নিয়ন্ত্রিত কক্ষের তালিকা ও তথ্যাদি

		মঞ্জুরী	ব্যয়
১। মেডিকেল কলেজ হাসপাতালের আই ইনফরমারী ব্লকে	..	৭৫,০০০ৄ	৭৩.৪৪০
*২। মেডিকেল কলেজ হাসপাতালের চেস্ট ডিপার্টমেন্ট	..	২০,০০০ৄ	১৫.০০০
*৩। মেডিকেল কলেজ হাসপাতালের সেন্ট্রাল ব্লাড ব্যাঙ্ক	..	১,৬৮,০০০ৄ	১,৪৯.১৭
*৪। মেডিকেল কলেজ হাসপাতালের স্যার জন এণ্ডারসন ক্যাজুয়ালটি ব্লকের অপারেশন থিয়েটার ও রিকভারী রুম	..	৪০,৫৭৩ৄ	৩০.৮০৩
*৫। মেডিকেল কলেজ হাসপাতালের ট্রপিক্যাল মেডিসিন	..	২৩,৬৬৯ৄ	১৪,২৪৩

Statement referred to in clauses (kha) and (ga) in reply to starred question No. 191—*concld.*

	মঞ্জুরী	ব্যয়
৬। দিল্লীর বঙ্গ ভবন	২৬,২৬২৲	১৪,৮২৫৲
৭। মেডিকেল কলেজ হাসপাতালের কবলিট প্ল্যাণ্ট রুম	৭,০০০৲	-
৮। ২নং কনভেণ্ট লেন ভবনের ল্যাবরেটরী রুম	৪,১৫,৩০১৲	২,২৫,২০৯৲
*৯। ১১নং ফ্রি স্কুল ষ্ট্রীটে খাদ্য সচিবের কক্ষ	৪২,১১০৲	১০,০৩৬৲
১০। কলিকাতা ডেণ্টাল কলেজের অপারেশন থিয়েটার	৯,৮৭৫৲	৪৪৮৲
*১১। পাব্লিক সার্ভিস কমিশনের চেয়ারম্যানের কক্ষ ও কমিটির কক্ষ	১৮,৪৬১৲	১৫,৯৮৩৲
*১২। কলিকাতা এস, এস কে এম হাসপাতালের বহির্বিভাগীয় কক্ষ	১,৩৭,৭৭৯৲	২,৫৩,৯৬১৲
১৩। কলিকাতা এস এস কে এম হাসপাতালের ৪, ৫, ৬, ১০, ১১ এবং ১২ নং কক্ষ	৪০,৬৩৯৲	৩৩,৭৮৬৲
১৪। কলিকাতা এস এস কে এম হাসপাতালের থরো সারজিক্যাল ইউনিট ও বিকভারী ইউনিট	১,১১,৭০০৲	১,২১,০০০৲
১৫। কলিকাতা হাইকোর্টের ৬টি বিচারালয় কক্ষ	২,০২,৬৫০৲	১,৯৭,৬৩৫৲
*১৬। রাজভবনউদ্যানে মন্ত্রীদের বসতবাটির কক্ষ	২২,৪০০৲	২০,৮৬৮৲
*১৭। কলিকাতা এস. এস কে এম হাসপাতালের ম্যাটারনিটি নার্সিং হোম	৭,১৮৪৲	৬,৬০৭৲
*১৮। বিধান সভা ভবনের দক্ষিণ-পূর্ব ও দক্ষিণ দিকের বর্দ্ধিতাংশ	২৬,৭১০৲	২৫,১৭২৲
*১৯। বিধান সভা ভবনের পূর্ব, পশ্চিম ও উত্তর দিকের বর্দ্ধিতাংশ	৫৯,৫৪৭৲	৩৭,০৪৬৲
*২০। বিধানসভা ভবনের পরিষদ কক্ষ	১,০০,০০০৲	৮৬,৩২৫৲
*২১। উদ্বাস্তু পুনর্বাসন বিভাগের উপমন্ত্রীর কক্ষ	৬,৭১৬৲	৬,৬৮৬৲
*২২। রাইটার্স বিল্ডিংসের মেইন ব্লক-এর একতলার ৪নং কক্ষ	৯,২৬২৲	৯,২৩০৲
*২৩। রাইটার্স বিল্ডিংসের মেইন ব্লক-এর একতলার ৭, ৭এ, ৯ ও ৯এ নং কক্ষ	২১,৭৪৮৲	২১,০৫৪৲
*২৪। রাইটার্স বিল্ডিংসের মেইন ব্লক-এর দোতলার ৭ ও ৮ নং কক্ষ	১০,৫১০৲	৯,৮৮০৲
*২৫। রাইটার্স বিল্ডিংসের মেইন ব্লক-এর দোতলার ৩৩নং কক্ষ	৪,৮৪৩৲	৪,৮৫৬৲
*২৬। চুঁচুড়ায় বর্দ্ধমান বিভাগের ভুক্তিপতির কক্ষ	৬,৯৭০৲	৬,৯৭০৲
*২৭। শিলিগুড়িতে জলপাইগুড়ি বিভাগের ভুক্তিপতির কক্ষ	৭,৯১২৲	৭,৯১২৲
*২৮। হরিণঘাটা বিশ্রামাগারের ২টি কক্ষ	৮,৫৪২	৮৫৮২৲
*২৯। বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজ হাসপাতাল	৪,৯৯২৲	৪,৯৯২৲
*৩০। ডিগ্রীতে বাঙ্গুর যক্ষ্মা স্বাস্থ্যকেন্দ্র	৩,৪৩৭৲	৩,৪৭৩৲

Drainage schemes in Midnapore district

***192.** (Admitted question No. *995.) **Shri Ananga Mohan Das:**

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় মেদিনীপুর জেলার কোন্ কোন্ জল-নিকাশ পরিকল্পনা মঞ্জুর হইয়াছে ; এবং

(খ) ঐগুলির মধ্যে কোন্ কোন্‌টির কাজ কবে আরম্ভ হইয়াছে?

The Minister for Irrigation and Waterways:

(ক) ও (খ) নিম্নলিখিত তিনটি নূতন জলনিকাশী প্রকল্প তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্ভুক্ত আছে—

(১) বামুনিয়া দায়ুদপুর খাল খনন কার্য্য,
(২) কাঁথি বেসিন জলনিকাশী প্রকল্প,
(৩) ময়না বেসিন জলনিকাশী প্রকল্প।

প্রথমটির কাজ ১৯৬২-৬৩ সনে এবং দ্বিতীয়টির প্রথম পর্য্যায়ের কাজ ১৯৬৩-৬৪ সনে আরম্ভ হইয়াছে। তৃতীয়টির কাজ এখনও গ্রহণ করা হয় নাই।

ইহাছাড়া নিম্নলিখিত ১০টি প্রকল্প যাহার কাজ তৃতীয় পরিকল্পনাকালের পূর্বেই আরম্ভ হইয়াছিল তৃতীয় পরিকল্পনায় চলতি কাজ হিসাবে অন্তর্ভুক্ত আছে।

(১) বসুয়াখালের পুনঃখনন।
(২) কামিনা খালের পুনঃখনন।
(৩) জয়ফুলী খালের পুনঃখনন।
(৪) দায়নান খালের পুনঃখনন।
(৫) মির্জাপুর খালের পলি অপসারণ।
(৬) পায়রাটুঙ্গী খালের পলি অপসারণ।
(৭) জগন্নাথখালি খালের পলি অপসারণ।
(৮) ইটাবেড়িয়া কলাবেড়িয়া খালের পুনঃখনন।
(৯) সোয়াদিঘি গঙ্গাখালি জলনিকাশী প্রকল্প।
(১০) দুনিয়া খালের পলি অপসারণ।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

Primary Schools managed by one or two teachers in Tufanganj subdivision

240. (Admitted question No. 76.) **Shri Jiban Krishna Dey:**

শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তুফানগঞ্জ মহকুমার একজন বা দু'জন শিক্ষক দ্বারা পরিচালিত প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা কত;

(খ) উক্ত বিদ্যালয়ের প্রতিটিতে ছাত্রসংখ্যা কত?

(গ) এ কথা কি সত্য যে একজন শিক্ষককে একসঙ্গে ২টি কিংবা ৪টি ক্লাসও একাকী পড়াইতে হইয়া থাকে; এবং

(ঘ) সত্য হইলে এই অবস্থার প্রতিকার বিধানে সরকার কি চিন্তা করিতেছেন?

The Minister for Education:

(ক) একজন শিক্ষক পরিচালিত প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা—১৫

দুইজন শিক্ষক পরিচালিত প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা—৭০

(খ) সংশ্লিষ্ট ক্রোড়পত্রে প্রদত্ত হইল।

(গ) ও (ঘ) প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকসংখ্যা ছাত্রসংখ্যার উপর নির্ভর করে। শিক্ষকেরা প্রয়োজনানুসারে একাধিক শ্রেণীতে পড়াইয়া থাকেন এবং বিভিন্ন শ্রেণীতে পড়ানোর জন্য পৃথক সময় নির্দিষ্ট হয়।

কোচবিহার জেলা বিদ্যালয় পর্ষৎ প্রয়োজনক্ষেত্রে অতিরিক্ত শিক্ষক নিয়োগের ব্যবস্থা করিতে পারেন।

Statement referred to in reply to clauses (Ka) and (Kha) of unstarred question No. 240.

ক্রোড়পত্র

(১) **তুফানগঞ্জ মহকুমায় একজন শিক্ষক দ্বারা পরিচালিত**
প্রাথমিক বিদ্যালয়ের নাম ও ছাত্রসংখ্যা

১। সাতগাড়িটারী খোরা খুরি (সাহায্যপ্রাপ্ত)—৭০
২। জায়গীর চিলখানা (সাহায্যপ্রাপ্ত)—৫৯
৩। ফলিমারী (সাহায্যপ্রাপ্ত)—৫৭
৪। মওয়ামারী (সাহায্যপ্রাপ্ত)—৬১
৫। দেবগ্রাম নং ১ (সাহায্যপ্রাপ্ত)—৫৮
৬। নয়নেশ্বরী (বিশেষ পর্যায়)—৫৬
৭। তপশীতলা (বিশেষ পর্যায়)—৫৯
৮। শিকদারের খাতা (বিশেষ পর্যায়)—৬২
৯। বংশরাজ (বিশেষ পর্যায়)—৪০
১০। দেবগ্রাম নং ২ (বিশেষ পর্যায়)—৫৯
১১। বড়লর্ডকুঠী (বিশেষ পর্যায়)—৫৪
১২। নাউথোরা (বিশেষ পর্যায়)—৩৪
১৩। সবারপর (বিশেষ পর্যায়)—৭০
১৪। ত্রিসীমা (বিশেষ পর্যায়)—৪২
১৫। জোড়াই শালবাগান (বিশেষ পর্যায়)—৫১

(২) **তুফানগঞ্জ মহকুমায় দুইজন শিক্ষক দ্বারা পরিচালিত**
প্রাথমিক বিদ্যালয়ের নাম ও ছাত্রসংখ্যা

১। ভুরকুশ প্রাথমিক বিদ্যালয়—৭৪
২। ফালিমারী প্রাথমিক বিদ্যালয়—৯২
৩। কামাত সেওড়াগুড়ি প্রাথমিক বিদ্যালয়—৬০
৪। নাজিবন ডেওতীযাগ প্রাথমিক বিদ্যালয়—৭০
৫। মশ্‌তানী প্রাথমিক বিদ্যালয়—৮১
৬। রসিক বিল প্রাথমিক বিদ্যালয়—৫১
৭। শিলথাগরী প্রাথমিক বিদ্যালয়—৬০
৮। ধোপগুড়ী প্রাথমিক বিদ্যালয়—৭৬
৯। চেকাডারা প্রাথমিক বিদ্যালয়—৮২

১০। কৃষাণ পানিশালা প্রাথমিক বিদ্যালয়—৫৪
১১। ছোটরামপুর গেন্দুগুড়ী প্রাথমিক বিদ্যালয়—৬০
১২। দীপার পার প্রাথমিক বিদ্যালয়- ৬০
১৩। বংশরাজ প্রাথমিক বিদ্যালয়—৫১
১৪। চাউকুচি প্রাথমিক বিদ্যালয়—৯২
১৫। বালভুত নং ২ প্রাথমিক বিদ্যালয়—৬১
১৬। ঝাউকুচি প্রাথমিক বিদ্যালয়—৯০
১৭। বেলোকোপা নং ২ প্রাথমিক বিদ্যালয়—৮৪
১৮। বালাপুরী প্রাথমিক বিদ্যালয়—৭১
১৯। দেবোত্তর চারালজানি প্রাথমিক বদ্যালয়—৯৪
২০। তল্লীগুড়ী প্রাথমিক বিদ্যালয়—১০২
২১। ভানতি বিলাস প্রাথমিক বিদ্যালয়- ৫৬
২২। চেংমারী প্রাথমিক বিদ্যালয়—৯০
২৩। অয়রাণী চিতলীয়া প্রাথমিক বিদ্যালয়—৭০
২৪। বিলাসী পার্ট নং ১ প্রাথমিক বিদ্যালয়—৬৯
২৫। বালাকুঠী প্রাথমিক বিদ্যালয়—৮১
২৬। কোরখাতা প্রাথমিক বিদ্যালয়—৫৮
২৭। ছোটবড় চৌকী প্রাথমিক বিদ্যালয়—৬০
২৮। চারালজানি প্রাথমিক বিদ্যালয়—৫৪
২৯। মালসাই নং ১ প্রাথমিক বিদ্যালয়—৭৭
৩০। মুগাভোগ প্রাথমিক বিদ্যালয়—৬৩
৩১। জিরিতি শালবড়ী প্রাথমিক বিদ্যালয়—৬৩
৩২। গোপালের কুঠী প্রাথমিক বিদ্যালয়—৫৫
৩৩। ছোট মহাদেবের ধাম প্রাথমিক বিদ্যালয়—১০২
৩৪। ঝিংগাপুর্নী প্রাথমিক বিদ্যালয়—৬৭
৩৫। চামটা প্রাথমিক বিদ্যালয়—৬৬
৩৬। কালীগঞ্জ প্রাথমিক বিদ্যালয়—১২২
৩৭। সর্পসিংহ সাহায্যপ্রাপ্ত প্রাথমিক বিদ্যালয়—৭৩
৩৮। শালবাড়ী বালিকা প্রাথমিক বিদ্যালয়—৬৬
৩৯। ফলিমারী নয়াপাড়া প্রাথমিক বিদ্যালয় (ফার্স্ট ফেজ)—৭৪
৪০। ধোবার কুঠী প্রাথমিক বিদ্যালয় (ফার্স্ট ফেজ)—৯২
৪১। ইয়ারপুর প্রাথমিক বিদ্যালয়—৫৮
৪২। রাজার কুঠী প্রাথমিক বিদ্যালয়—৫৬
৪৩। বংশরাজ নং ৩ প্রাথমিক বিদ্যালয়—৪২
৪৪। বিদ্যাসাগর বিদ্যাপীঠ প্রাথমিক বিদ্যালয়—৫৮
৪৫। নন্দী ছেঁচুয়া প্রাথমিক বিদ্যালয়—৪৫
৪৬। দেবগ্রাম নং ৩ প্রাথমিক বিদ্যালয়—৫৪
৪৭। ডারেয়া প্রাথমিক বিদ্যালয়—৫৮
৪৮। বালাঘাট প্রাথমিক বিদ্যালয় (বিশেষ পর্যায়)—৬০
৪৯। তারাগঞ্জ প্রাথমিক বিদ্যালয়—৬২
৫০। ঘোকসা প্রাথমিক বিদ্যালয়—৫৫
৫১। জালধোয়া প্রাথমিক বিদ্যালয়—৮৭
৫২। চেকাডারা প্রাথমিক বিদ্যালয়—৬৪
৫৩। নিগমানন্দ প্রাথমিক বিদ্যালয়—৭৪
৫৪। চারালজানি প্রাথমিক বিদ্যালয়—৬৫
৫৫। নেতাজী বিদ্যাপীঠ প্রাথমিক বিদ্যালয়—৬৬
৫৬। কাঁঠাল গুড়ী প্রাথমিক বিদ্যালয়—৪২

৫৭। চিল্লা রায় প্রাথমিক বিদ্যালয়—৭৫
৫৮। বজরাপুর প্রাথমিক বিদ্যালয়—৮০
৫৯। ধনমাতিয়া প্রাথমিক বিদ্যালয়—৫১
৬০। রসিক বিল নং ২ প্রাথমিক বিদ্যালয়—৮২
৬১। জয়গাঁর চিলাখানা নং ২ প্রাথমিক বিদ্যালয়—৬৪
৬২। জয়গুরু প্রাথমিক বিদ্যালয় -৯৪
৬৩। খাসরস প্রাথমিক বিদ্যালয়—৬৯
৬৪। শোলাডাঙ্গা সি এস বিদ্যালয়—৪২
৬৫। ঝাউকুঠী সি এস বিদ্যালয়—৫৩
৬৬। ভেলাপেটা স্টেট প্ল্যান—৫৩
৬৭। শৌলধুকরী স্টেট প্ল্যান—৬২
৬৮। ধলধাবরী স্টেট প্ল্যান- ৩৯
৬৯। গড়ভাঙ্গা স্টেট প্ল্যান -৬৭
৭০। নাকার খানা স্টেট প্ল্যান--৫৭

Stadium at Krishnagar

241. (Admitted question No. 101.) **Shri Kashi Kanta Moitra:**

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাঙলার কোন্ কোন্ জেলার স্টেডিয়াম আছে;

(খ) কৃষ্ণনগর সহরে পূর্ণাঙ্গ স্টেডিয়াম নির্মাণের পরিকল্পনাটি বর্তমানে কি অবস্থায় আছে;

(গ) কৃষ্ণনগরে এতদিন স্টেডিয়াম না হইবার কারণ কি ; এবং

(ঘ) কতদিনের মধ্যে এই স্টেডিয়াম হইবার সম্ভাবনা আছে?

The Minister for Education:

(ক) পশ্চিমবাঙলার জলপাইগুড়ি, বাঁকুড়া ও মালদহ শহরে স্টেডিয়াম আছে। তাহা ছাড়া দার্জিলিং, কালিম্পং, কোচবিহার, বর্ধমান, শ্রীরামপুর ও বেলঘরিয়া প্রভৃতি সহরেও স্টেডিয়াম তৈয়ারী হইতেছে।

(খ) ১৯৬২ সালের শেষের দিকে নদীয়ার জেলাশাসক কৃষ্ণনগরে একটি স্টেডিয়াম নির্মাণের পরিকল্পনা সরকারের নিকট পাঠাইয়াছিলেন। তাহার উত্তরে ১৯৬৩ সালে প্রথম দিকে জেলাশাসককে একটি নক্সা ও প্রাক্‌কলন-সহ পরিবর্তিত প্রস্তাব পাঠাইতে অনুরোধ করা হইয়াছিল। উক্ত স্টেডিয়াম নির্মাণ সম্বন্ধে আর কোন প্রস্তাব সরকারের নিকট আসে নাই।

(গ) ও (ঘ) এ প্রশ্ন উঠে না।

Cultivable and uncultivable lands in Binpur police-station, Midnapore

242. (Admitted question No. 219.) **Shri Surendra Nath Mahato:**

ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার বিনপুর থানার মোট আবাদি ও অনাবাদি জমির পরিমাণ কত;

(খ) তন্মধ্যে জমিদারী উচ্ছেদের ফলে কোন্ অঞ্চলে কি প্রকারের জমি সরকারের খাসে আসিয়াছে?

(গ) কোন অঞ্চলে কি পরিমাণ জমি ভূমিহীনকে বন্দোবস্ত দেওয়া হইয়াছে এবং কি পরিমাণ জমি এখনও বণ্টনযোগ্য আছে; এবং

(ঘ) ভূমিহীনদের দ্বারা খাস জমি বন্দোবস্ত গ্রহণের কোন্ অঞ্চলে কতগুলি দরখাস্ত সরকারের বিবেচনাধীন আছে?

The Minister for Land and Land Revenue:

(ক) বিনপুর থানায় মোট আবাদি জমি—১,১৬,১৬১ একর ও মোট অনাবাদি জমি—১,১৭,২১৯ একর।

(খ), (গ) ও (ঘ) একটি তালিকা এতৎসহ প্রদত্ত হইল।

Statement referred to in reply to clauses (Kha), (Ga) and (Gha) of unstarred qustion No. 242

Actual Nos.		Reply to item (b) Government Khas land		Reply to item (c)		Reply to item (d)
		Cultivable.	Uncultivable.	Land distributed to landless cultivators.	Lands not yet distributed.	No. of petitions for settlement of land
1	..	196.06	684.59	105.15	90.91	31
2	..	228.80	1,065.32	103.02	125.78	68
3	..	99.24	275.44	56.02	43.20	76
4	..	159.42	726.76	78.78	80.64	25
5	..	41.36	1,086.05	35.93	5.43	58
6	..	73.91	1,828.52	47.50	26.41	25
7	..	205.93	2,581.62	175.11	30.82	10
8	..	35.80	613.67	21.09	14.71	23
9	..	139.48	1,290.67	81.81	57.67	22
10	..	66.18	1,514.37	42.08	24.10	45
11	..	70.25	1,386.25	48.01	22.24	35
12	..	62.92	1,839.33	46.24	22.68	40
13	..	132.89	1,202.86	55.29	77.60	86
14	..	120.60	2,314.14	110.30	10.30	37
15	..	92.73	720.92	79.02	13.71	156
16	..	164.92	920.97	95.07	79.85	128
17	..	111.47	245.42	80.70	30.77	49
18	..	254.66	1,271.78	178.44	76.22	67
19	..	217.57	1,467.91	197.50	30.07	25
20	..	212.90	1,966.00	118.10	94.80	57
Total	..	2,693.09	25,020.59	1,735.18	957.91	1,103

Upgrading of Junior High School and Class X Schools

243. (Admitted question No. 245.) **Shri Birendra Narayan Ray:**

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গে ১৯৬৪ সালে জেলা-ওয়ারী কয়টি স্কুল—

(১) জুনিয়ার হাই স্কুল হইতে ক্লাস টেন হাই স্কুল; এবং

(২) ক্লাস টেন হাই স্কুল হইতে হিউম্যানিটিজসহ একাদশ শ্রেণী খুলিবার অনুমতি পাইয়াছে?

The Minister for Education:

(১) এবং (২) একটি তালিকা সংলগ্ন করা হইল।

Statement referred to in reply to unstarred question No. 243.

১৯৬৪ সালে পশ্চিমবঙ্গে উন্নীত বিদ্যালয়ের তালিকা

জিলার নাম।	দশম শ্রেণীতে উন্নীত বিদ্যালয়ের সংখ্যা।	একাদশ শ্রেণীতে উন্নীত বিদ্যালয়ের সংখ্যা।
১। কলিকাতা	৭	১১
২। ২৪-পরগণা	৬৪	২৫
৩। মেদিনীপুর	৪৯	২০
৪। হুগলী	২২	১৩
৫। হাওড়া	১৩	৯
৬। পুরুলিয়া	৭	--
৭। দার্জিলিং	২	১
৮। জলপাইগুড়ী	৬	৩
৯। কোচবিহার	১	২
১০। পশ্চিম দিনাজপুর	৫	৩
১১। মালদহ	৬	২
১২। নদীয়া	১৩	৪
১৩। মুর্শিদাবাদ	৮	৫
১৪। বর্দ্ধমান	৯	২১
১৫। বীরভূম	৫	১
১৬। বাঁকুড়া	৯	২
	২২৬	১২২

Money for manure pit in Moyna Development Block

244. (Admitted question No 293.) **Shri Ananga Mohan Das:**

কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সার প্রস্তুতের সংস্থানের জন্য (ম্যানিওর পিট) এবং গোয়ালঘরে ইট বিছাইবার জন্য গত ১৯৬৩-৬৪ সালে মেদিনীপুর জেলার ময়না উন্নয়ন ব্লকের কত জনকে কত টাকা করিয়া অর্থসাহায্য করা হইয়াছিল; এবং

(খ) ঐ সকল ব্যক্তির মধ্যে কত জন অঞ্চলপ্রধান, গ্রাম পঞ্চায়েতের অধ্যক্ষ বা গ্রাম বা অঞ্চল পঞ্চায়েতের সদস্য?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) জন-প্রতি ৬০ টাকা করিয়া ৯ জনকে, জন-প্রতি ৭০ টাকা করিয়া ৩ জনকে, জন-প্রতি ৭৫ টাকা করিয়া ১৮ জনকে, জন-প্রতি ৮০ টাকা করিয়া ১ জনকে, জন-প্রতি ৯০ টাকা করিয়া ২ জনকে, জন-প্রতি ১০০ টাকা করিয়া ৮ জনকে, জন-প্রতি ১২০ টাকা করিয়া ১ জনকে, জন-প্রতি ১৫০ টাকা করিয়া ৭ জনকে, জন-প্রতি ২০০ টাকা করিয়া ১ জনকে এবং জন-প্রতি ২৫০ টাকা করিয়া ২ জনকে সহায়ক (সাবসিডি) মঞ্জুর করা হইয়াছিল।

(খ) উক্ত ৫২ জন কৃষকের মধ্যে ২ জন অঞ্চল প্রধান, ৩ জন অধ্যক্ষ এবং ২ জন অঞ্চল পঞ্চায়েতের সদস্য ছিলেন।

Prisoner transported for life

245. (Admitted question No. 334.) **Shri Mrigendra Bhattacharyya:**

স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) যাবজ্জীবন কারাদণ্ড (ট্রান্সপোর্টেশন ফর লাইফ) কত বৎসরের কারাদণ্ড হিসাবে ধরা হয়;

(খ) জেলে অর্জিত 'মাপ' (রেমিশন) সহ কত বৎসর দণ্ডাজ্ঞা ভোগ করার পর উক্ত শ্রেণীর বন্দীদের মুক্তি দেওয়া হইয়া থাকে;

(গ) যাবজ্জীবন কারাদণ্ড-প্রাপ্ত বন্দীদের সাধারণভাবে মুক্তি দেওয়ার বিধান কি;

(ঘ) অধিক দিন কারাদণ্ড-প্রাপ্ত কয়েদীদের ছুটি (প্যারোল) দেওয়া হইয়াছে কি; এবং

(ঙ) ছুটি দেওয়া হইয়া থাকিলে কত জনকে এ পর্যন্ত প্যারোল মঞ্জুর করা হইয়াছে?

The Minister for Home (Jails):

(ক) যাবজ্জীবন কারাদণ্ড বলিতে ইহাই বুঝায় যে, বন্দী দণ্ডকাল হইতে জীবনের অবশিষ্টকাল পর্যন্ত দণ্ডভোগ করিবে।

(খ) উক্ত শ্রেণীর বন্দীদের মাপ (রেমিশন) সহ বা মাপ ব্যতিরেকে এত বৎসরে (কোন নির্দিষ্ট সময়ের পর) মুক্তি দিতেই হইবে এমন কোন নির্দিষ্ট নিয়ম নাই।

(গ) এ বিষয়ে ১৯৬৩ সালের ২৩এ অক্টোবর তারিখে অতিরিক্ত (এক্সট্রাঅর্ডিনারি) কলিকাতা গেজেটে প্রকাশিত স্বরাষ্ট্র (কারা) বিভাগের ২২এ অক্টোবর ১৯৬৩ সালের ৩১৪০এইচ.জে নং প্রজ্ঞাপনে (নোটিফিকেশন) বিস্তৃত নিয়মাবলী দ্রষ্টব্য।

(ঘ) হ্যাঁ, অনেককেই সাময়িক ছুটি দেওয়া হইয়াছে;

(ঙ) এ পর্যন্ত মোট ১৬ জনকে সাময়িক ছুটি দেওয়া হইয়াছে।

Suicide committed in Midnapore district

246. (Admitted question No. 367.) **Shri Mrigendra Bhattacharyya:**

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬০-৬১, ১৯৬১-৬২, ১৯৬২-৬৩ সালে মেদিনীপুর জেলায় কোন্ থানায় কতজন পুরুষ এবং নারী আত্মহত্যা করিয়াছিল; এবং

(খ) উক্ত আত্মহত্যার কারণ কি?

The Minister for Home (Police):

(ক) একটি তথ্যসম্বলিত বিবরণী সংগে যুক্ত হইল।

(খ) উক্ত আত্মহত্যার প্রধান কারণ পারিবারিক অশান্তি, দুরারোগ্য ব্যাধি ভোগ, পরীক্ষায় অকৃতকার্যতা ও প্রেমে ব্যর্থতা।

থানার নাম	১৯৬০-৬১		১৯৬১-৬২		১৯৬২-৬৩	
	পুরুষ	নারী	পুরুষ	নারী	পুরুষ	নারী
১। কোতয়ালী ..	২	৩	৪	১	১	..
২। গড়বেতা ..	৪	৬	৭	৩	২	৩
৩। শালবনী ..	২	.	১	.	১	১
৪। কেশপুর ..	৬	২	২	৩	..	১
৫। ডেবরা ..	৭	২	১	৭	২	১
৬। নারায়ণগড় ..	২	৮	৩	৪	৪	২
৭। দাঁতন ..	২	৪	৬	২	২	৩
৮। কেশিয়ারী ..	৪	১	..	১	৩	৬
৯। সাবং ..	৩	৪	৪	৩	৩	২
১০। পিংলা ..	১	২	১	৩	২	২
১১। মোহনপুর ..	..	..	১	১	..	১
১২। খড়গপুর শহর ..	..	১	..	..	..	.
১৩। খড়গপুর স্থানীয়	..	১	.	..	২	১
১৪। তমলুক ..	৬	৬	৯	১১	৫	৯
১৫। পাঁশকুড়া ..	১০	১৩	৯	১১	১০	১২
১৬। ময়না ..	২	২	৪	৩	২	১
১৭। মহিষাদল ..	৩	৮	১০	৯	৩	৮
১৮। সুতাহাটা ..	৫	৫	৪	৩	৫	

থানার নাম	১৯৬০-৬১		১৯৬১-৬২		১৯৬২-৬৩	
	পরুষ	নারী	পুরুষ	নারী	পুরুষ	নরী
১৯। নন্দীগ্রাম ..	২	৯	৭	৪	৪	৮
২০। কন্টাই ..	৯	৩	৬	৬	৫	৪
২১। রামনগর ..	৭	৪	৫	২	৩	..
২২। খেজুরী ..	..	৩	৩	..	৩	৩
২৩। দীঘা ..	..	..	..	..	..	..
২৪। এগরা ..	৫	৫	২	১	৫	১
২৫। পটাশপুর ..	২	৩	৪	২	৫	৫
২৬। ভগবানপুর ..	৮	৬	১১	১০	৪	৫
২৭। ঝাড়গ্রাম ..	..	৬	২	১	৩	২
২৮। বীনপর ..	৭	..	৭	১	৫	৩
২৯। জামবোনী ..	..	১	১	১	১	..
৩০। গোপীবল্লভপুর	২	৩	৩	৩	৪	২
৩১। সাঁকরাইল ..	৪	১	১	..	৪	১
৩২। [illegible] ..	২	১	৩	২	২	৩
৩৩। ঘাটাল ..	১	৪	৪	৩	৬	৫
৩৪। দাসপুর ..	১৩	১৫	১৯	১২	১০	১৯
৩৫। চন্দ্রকোণা ..	২	২	..	৩	..	৩

Stocks of foodgrains in different districts

247. (Admitted question No. 399.) **Shri Birendra Narayan Ray:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৫ সালের ২৫এ জানুয়ারি তারিখে পশ্চিমবঙ্গের কোন্ জেলায় কত কুইন্ট্যাল খাদ্যশস্য সরকারের হাতে মজুত ছিল; এবং

(খ) গত ১৯৬২, ১৯৬৩, ১৯৬৪ সালের ২৫এ জানুয়ারি তারিখে কোন্ জেলায় কত কুইন্ট্যাল খাদ্যশস্য মজুত ছিল?

The Minister for Food and Supplies:

(ক) এবং (খ) এতৎসহ একটি বিবরণী উপস্থাপিত করা হইল।

Statement referred to in reply to unstarred question No. 217.

Statement showing stocks of foodgrains held by State Government in different districts on or about 25th January 1965, 1964, 1963 and 1962.

(Figures in quintals.)

Districts.	1965			1964			1963			1962		
	23-1-1965.			25-1-1964.			26-1-1963.			27-1-1962.		
	Rice.	Paddy.	Wheat including products.	Rice.	Paddy.	Wheat including products.	Rice.	Paddy.	Wheat including products.	Rice.	Paddy.	Wheat including products.
1. Calcutta ..	4,16,904	9,127	76,486	1,22,883	24	60,599	98,256	964	10,494	70,875	1,08,194	12,026
2. Burdwan ..	34,816	..	8,106	3,316	..	17,485	3,895	..	6,336	1,100	..	5,853
3. Birbhum ..	18,464	..	3,234	1,333	..	24,548	2,552	..	9,125	277	..	3,932
4. Bankura ..	3,285	494	7,097	4,711	..	16,446	4,229	..	16,612	347	..	1,289
5. Puruiia ..	5,208	1,263	2,905	2,432	..	30,655	7,659	..	16,172	6	..	2,005
6. Midnapore	16,009	..	10,492	2,205	..	69,139	11,202	..	25,765	359	..	9,283
7. Hooghly ..	6,978	8	4,531	672	..	46,104	5,971	..	7,205	953	..	1,224
8. Howrah ..	1,376	..	5,387	758	..	12,254	8,205	..	8,576	1,101	..	2,812
9. 24-Parganas	2,318	..	8,080	4,705	..	32,955	20,969	4	18,721	10,648	85	15,128
10. Nadia ..	1,926	..	3,103	524	..	25,339	6,800	..	3,143	1,664	..	9,375
11. Murshidabad	4,419	..	2,003	1,319	..	18,771	6,510	..	14,224	1,572	..	11,232
12. Malda ..	8,364	3,259	5,314	1,299	..	19,015	8,083	..	20,969	2,067	..	3,146
13. West Dinajpur	22,604	6,033	4,709	4,440	..	18,992	6,497	..	19,156	708	..	3,926
14. Darjeeling	15,126	..	38,650	19,754	..	27,115	27,231	..	33,177	22,407	..	13,508
15. Cooch Behar	13,157	..	966	8,240	..	31,366	17,290	..	28,156	2,462	..	1,326
16. Jalpaiguri ..	14,490	296	7,277	3,605	..	29,847	14,641	..	18,113	412	..	2,526
State Total ..	5,85,444	20,480	1,88,340	1,82,196	24	4,80,630	2,49,990	968	2,55,944	1,16,958	1,08,279	98,591

N.B.—The stock figures for the date *25-1-65* are not available as the statement has been prepared on the of basis of weekly reports. Similarly dates for the years 1962 and 1963 have been changed.

Border incidents perpetrated by Pakistanis

248. (Admitted question No. 401.) **Shri Birendra Narayan Ray:**

স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৩, ১৯৬৪ এবং ১৯৬৫ সালের বর্তমান সময় পর্যন্ত পশ্চিমবঙ্গের কোন্ কোন্ স্থানে এবং মোট কয়বার পাকিস্তানীরা হামলা করিয়াছে;

(খ) এইসকল হামলাগুলিতে কয়জন ভারতীয় হত, আহত এবং অপহৃত হইয়াছে;

(গ) এইসকল হামলা করিবার সময় কোন্ কোন্ স্থানে কয়জন পাকিস্তানী হত, আহত এবং ধৃত হইয়াছে; এবং

(ঘ) এইসকল হামলা প্রতিরোধ করিতে সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

The Minister for Home (Political):

(ক), (খ) ও (গ) প্রশ্নের যাবতীয় তথ্যাদি নিম্নে প্রদত্ত তালিকায় দেওয়া হইল।

(ঘ) সীমান্তে পাকিস্তানী হামলা প্রতিরোধের উদ্দেশ্যে আমাদের সীমান্ত রক্ষিবাহিনীর শক্তি বৃদ্ধি করা হইয়াছে এবং সীমান্তে টহলদারী ব্যবস্থা জোরদার করা হইয়াছে। এতদ্ব্যতীত প্রতি ঘটনার অব্যবহিত পরেই জেলা ও রাজ্যসরকারস্তরে পাক কর্তৃপক্ষের নিকট প্রতিবাদ জ্ঞাপন পূর্বক এই জাতীয় বেআইনী কার্যকলাপ বন্ধ করার দাবী করা হয়। তাহা ছাড়া, আমাদের জেলা শাসকগণ সংশ্লিষ্ট পাক জেলা শাসকদের সহিত প্রয়োজনমত বৈঠকে মিলিত হইয়া সীমান্তে বেআইনি কার্যকলাপ নিবারণের পন্থাদি আলোচনা করিয়া থাকেন।

Statement referred to in clause (a) (b) and (c) of unstarred question No. 24.

Particulars of Border incidents perpetrated by Pakistanis on the West Bengal. East Pakistan Border during the years 1963, 1964 and 1965 (up to 15-1-65).

Serial No.	Name of Districts.	Period	No. of incidents.	No. of Indian nationals. Killed.	Injured	Kidnapped	No. of Pakistan nationals. Killed.	Injured.	Arrested.
1.	24-Parganas	1963	10	..	..	8	1	..	1
		1964	6	..	..	..	..	..	..
		1965 (up to 15-1-65 on the basis of reports so far received).	..	..	..	..	..	..	..
2.	Nadia	1963	22	..	1	1	..	..	1
		1964	24	..	8	3	2	..	9
		1965 (up to 15-1-65)	..	..	..	..	..	..	..
3	Murshidabad	1963	7	..	..	9	..	..	4
		1964	3	1	3	..	..	..	..
		1965 (up to 15-1-65)	..	..	..	..	..	..	..
4	Malda	1963	16	..	..	14	..	..	2
		1964	18	..	7	5	1	3	3
		1965 (up to 15-1-65)	..	..	..	..	..	..	..
5.	West Dinajpur	1963	44	..	12	3	1	..	2
		1964	36	5	16	6	2	3	3
		1965 (up to 15-1-65).	4	..	2	..	1	..	..

Statement referred to in reply to clauses (ka), (kha) and (ga) of unstarred question No. 245.—(Concld.)

Particulars of Border incidents prepetrated by pakistanis on the West Bengal. East Pakistan Border during the years 1963. 1964 and 1965 (up to 15-1-65).

Serial No.	Name of Districts.	Period.	No. of incidents	No. of Indian nationals.			No. of Pakistan nationals.		
				Killed.	Injured.	Kidnapped.	Killed.	Injured.	Arrested.
6.	Jalpaiguri ..	1963	19	..	..	..	2	..	2
		1964	10	..	1	1	1	..	1
		1965 (up to 15-1-65)	1	..	2	..	..	..	..
7.	Cooch Behar	1963	18	2	4	2	1	..	..
		1964	32	2	10	7	..	3	2
		1965 (up to 15-1-65)	6	..	..	..	..	..	..
8.	Dajeeling ..	1963	1	..	..	..	..	..	..
		1964	1	..	..	..	..	..	1
		1965 (up to 15-1-65)	..	..	..	..	..	..	..
	Grand Total	..	278	10	66	59	12	9	30

Ferries within Beldanga police-station, Murshidabad

249. (Admitted question No. 522.) **Shri Deb Saran Ghosh:**

ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার বেলডাঙ্গা থানার অন্তর্গত (১) রামনগর, (২) বিদুপারা, (৩) শক্তিপুর, (৪) কদমতলা, (৫) কাদখালি, (৬) খাপুরিয়া ডাঙ্গা এরিয়াডাঙ্গা ফেরী-ঘাটগুলি সরকারী দখলে আছে কি; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, তবে কাহাকে কাহাকে কত টাকায় উক্ত ফেরীগুলি বন্দোবস্ত করা হইয়াছে?

The Minister for Land and Land Revenue:

(ক) হ্যাঁ তবে খাপুরিয়া ডাঙ্গা এরিয়াডাঙ্গা নামে কোন ফেরী নাই; কিন্তু এরার ডাঙ্গা নামে বেলডাঙ্গা থানায় একটি ফেরী বর্তমান।

(খ) (১), (৩) ও (৪) নম্বরে উল্লিখিত ফেরীগুলি বর্তমানে সরকার কর্তৃক পরিচালিত হইতেছে বাকী ফেরীগুলি সম্পর্কে প্রয়োজনীয় তথ্যাদি নিম্নে প্রদত্ত হইল।

ফেরীর নাম	ব্যক্তির নাম যাহার সহিত বন্দোবস্ত করা হইয়াছে	টাকার পরিমাণ
(২) বিদু পারা	শ্রীনিরঞ্জন মাঝি	২৬০
(৫) কাদখালি খাড়সাডাঙ্গা	শ্রীপঞ্চানন মাঝি	৬১
(৬) এরার ডাঙ্গা	শ্রীমণি মাঝি	২১

Cement Supplied in Murshidabad district

250. (Admitted question No. 530.) **Shri Deb Saran Ghosh:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় ১৯৬৪ সালের জন্য (ডিসেম্বর পর্যন্ত) কত পরিমাণ সিমেন্ট সরবরাহ করা হইয়াছে;

(খ) ১৯৬৪ সালের ডিসেম্বর মাস পর্যন্ত কত পরিমাণ সিমেন্টের আবেদনপত্র কর্তৃপক্ষ পাইয়াছেন; এবং

(গ) কত পরিমাণ সিমেন্ট আবেদনকারীগণকে দেওয়া হইয়াছে?

The Minister for Food and Supplies:

(ক) ৪,৭৫৬·৩ মেট্রিক টন।

(খ) ৩৪,৯১৯·৫০ মেট্রিক টন।

(গ) ৪,৬৮৯·২০ মেট্রিক টন।

Saktipur Police Outpost in Murshidabad district

251. (Admitted question No. 532.) **Shri Deb Saran Ghosh:**

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার শক্তিপুর পুলিশ ফাঁড়িটিকে থানা অফিসে রূপায়িত করার কোন পরিকল্পনা আছে কি; এবং

(খ) পরিকল্পনা থাকিলে, কত দিনের মধ্যে উক্ত ব্যবস্থা কার্যকরী করা হইবে?

The Minister for Home (Police):

(ক) না, তবে বেলডাঙ্গা থানাকে দ্বিখণ্ডিত করিয়া শক্তিপুর পুলিশ ফাঁড়িকে থানায় উন্ন করিবার প্রস্তাব বর্তমানে পরীক্ষা করিয়া দেখা হইতেছে।

(খ) প্রশ্ন উঠে না।

Surjanagar Adharsha Cotton Mills

252. (Admitted question No. 698.) **Shri Subodh Choudhury:**

সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সূর্যনগর আদর্শ কটন মিলকে সমবায় স্পিনিং মিলে রূপান্তরিত করিবার কে পরিকল্পনা সরকার গ্রহণ করিয়াছেন কি; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তবে এই কাজের কত দূর অগ্রসর হইয়াছে এবং ক দিনের মধ্যে সরকারের এ পরিকল্পনার কাজ সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যায়

The Minister for Co-operation:

(ক) না। তবে ফুলিয়া স্পিনারস কো-অপারেটিভ ইন্ডাস্ট্রিয়াল সোসাইটি লিঃ সূর্যনগ আদর্শ কটন স্পিনিং অ্যান্ড উইভিং মিলের সমুদয় পরিসম্পদ ক্রয় করিয়া একটি স্পিনিং মি স্থাপন করিবার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন। এই বাবদ পশ্চিমবঙ্গ প্রাদেশিক সমবায় ব্যাঙ্ক লি প্রথমোক্ত সমিতিকে কতকগুলি সর্তে ৬০,০০,০০০ টাকা পর্যন্ত ঋণ দিতে স্বীকৃত হইয়াছে এই ঋণের টাকার জন্য নির্দিষ্ট সর্তে রাজ্যসরকার, প্রাদেশিক সমবায় ব্যাঙ্কে ১৪,৩০,০০ টাকার প্রতিশ্রুতি দিয়াছেন।

(খ) উক্ত পরিকল্পনা সম্পর্কে প্রয়োজনীয় সর্ত এখন পর্যন্ত সমিতি পূর্ণ করিতে পা নাই। সর্ত পূরণ হইলেই পরিকল্পনা রূপায়ণের কাজ সুরু হইবে।

Accident in Burnpur Indian Standard Wagon Co.

253. (Admitted question No. 704.) **Shri Subodh Choudhury:**

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৭ই ডিসেম্বর সকালে বার্ণপুর ইণ্ডিয়ান স্ট্যাণ্ডার্ড ওয়াগন কোম্পানীর এয়া কম্প্রেসর পাইপ ফাটিয়া যে দুর্ঘটনা ঘটে, তাহাতে কয়জন শ্রমিক নিহত এবং ক জন আহত হইয়াছে;

(খ) তাহাদের নাম কি;

(গ) এই পাইপটি কবে চালু করা হইয়াছিল এবং চালু হইবার পর কোন পরিবর্তন করা হইয়াছিল কিনা;

(ঘ) ইহা কি সত্য যে, এই কর্মে নিযুক্ত শ্রমিকেরা বহুদিন হইতে এই পাইপ ফাটিয়া দুর্ঘটনা ঘটিতে পারে বলিয়া কোম্পানীকে বার বার হুঁসিয়ারী দেওয়া সত্ত্বেও কর্তৃপক্ষ তাহাতে কর্ণপাত করেন নাই;

(ঙ) ফ্যাক্টরি ইন্সপেক্টর এই বিভাগ কত দিন পূর্বে ইন্সপেকসন করিয়াছিলেন এবং তিনি এই পাইপ সম্পর্কে কি কোন রিপোর্ট দিয়াছিলেন; এবং

(চ) এই দুর্ঘটনার জন্য সরকার কি কোন ব্যবস্থা গ্রহণের কথা চিন্তা করিতেছেন?

The Minister for Labour:

(ক) ১ জন নিহত ও ১৬ জন আহত হন।

(খ) নাম নিম্নে দেওয়া হইল:

(১)	শ্রী জন ডি ক্রুজ	—	নিহত
(২)	শ্রীঅজিতকুমার সরকার	—	আহত
(৩)	শ্রী এল বিশ্বকর্মা	—	আহত
(৪)	শ্রীগৌরীশংকর	—	আহত
(৫)	শ্রীআলি আমেদ	—	আহত
(৬)	শ্রীবলবন্ত সিং	—	আহত
(৭)	শ্রীভবেশ সরকার	—	আহত
(৮)	শ্রীঅজিত অধিকারী	—	অল্প আঘাতপ্রাপ্ত
(৯)	শ্রীশিবু	—	অল্প আঘাতপ্রাপ্ত
(১০)	শ্রীকমলাকান্ত	—	অল্প আঘাতপ্রাপ্ত
(১১)	শ্রীদুর্গাপদ	—	অল্প আঘাতপ্রাপ্ত
(১২)	শ্রীমলিন্দ্রপ্রসাদ	—	অল্প আঘাতপ্রাপ্ত
(১৩)	শ্রীপালচাঁদ	—	অল্প আঘাতপ্রাপ্ত
(১৪)	শ্রীগফুর খান	—	অল্প আঘাতপ্রাপ্ত
(১৫)	শ্রীনাজিমুদ্দিন	—	অল্প আঘাতপ্রাপ্ত
(১৬)	শ্রীসুবিমল রায়	—	অল্প আঘাতপ্রাপ্ত
(১৭)	নাম জানা যায় নাই।	—	অল্প আঘাতপ্রাপ্ত

(গ) পাইপ লাইনটি কয়েক বৎসর পূর্বে চালু করা হইয়াছিল। ১৯৬২ সালের অক্টোবরে পাইপ লাইনটি বদল করা হইয়াছিল।

(ঘ) কোনো শ্রমিক বা শ্রমিকগণ কারখানা কর্তৃপক্ষের দৃষ্টি এই দিকে পূর্বে আকর্ষণ করিয়াছিলেন বলিয়া জানা যায় নাই।

(ঙ) ফ্যাক্টরী ইন্সপেক্টর ২৭এ নভেম্বর, ১৯৬২তে শেষ ইন্সপেকসন করিয়াছিলেন। পাইপের কোনো ত্রুটি ছিল না বলিয়া তিনি এই পাইপ সম্পর্কে কোনো মন্তব্য করেন নাই।

(চ) মালিকপক্ষ আইনতঃ কোনও দোষ করেন নাই বলিয়া তাহাদের বিরুদ্ধে কোনও কেস করা চলে না। ভবিষ্যতে যাহাতে অনুরূপ দুর্ঘটনা না ঘটে তজ্জন্য কয়েকটি বিশেষ সতর্কতা-মূলক ব্যবস্থা অবলম্বনের জন্য কারখানা পরিদর্শক মালিকপক্ষকে জানাইয়াছেন।

Minimum Wages for Agricultural Labourers

254. (Admitted question No. 706.) **Shri Hare Krishna Konar:**

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় দয়া করিয়া জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ক্ষেতমজুরদের জন্য সর্বনিম্ন মজুরী আইন অনুযায়ী কোন্ কোন্ জেলার অঞ্চলের জন্য কত মজুরী নির্দিষ্ট করা হইয়াছে;

(খ) কবে এই মজুরী নির্দিষ্ট করা হইয়াছে;

(গ) কোন্ জেলায় এই আইন প্রয়োগ করা হইয়াছে; এবং

(ঘ) আইন প্রয়োগের জন্য কোথায় কত জন বিশেষ অফিসার নিযুক্ত করা হইয়াছে এবং তাহাদের সহকারী ও কর্মচারী কত জন?

The Minister for Labour:

(ক) দার্জিলিঙ ও জলপাইগুড়ি জেলা—

		দৈনিক হার।	আহার ও বাসস্থানসহ মাসিক হার।			
পুরুষ	.. ..	টা: ১.৫০ হইতে টা: ২.২৫	----			২৫ টাকা
স্ত্রী	.. ..	টা: ১.৩৭ হইতে টা: ২.০০				
অপ্রাপ্তবয়স্ক	.. ..	.৮৭ প: হইতে টা: ১.২৫				

আসানসোল, চন্দননগর, শ্রীরামপুর, হুগলী সদর, উলুবেড়িয়া, হাওড়া সদর, জয়নগর, ক্যানিং, বাঙ্গুর, বিষ্ণুপুর, থানা ব্যতীত আলিপুর মহকুমা, বারাকপুর, কুচবিহার সদর, মেকলিগঞ্জ, তুফানগঞ্জ ও মাথাভাঙ্গা মহকুমা--

		দৈনিক হার।	আহার ও বাসস্থানসহ মাসিক হার।			
পুরুষ	.. ..	টা: ১.৮৭ হইতে টা: ২.১২	প্রাপ্তবয়স্ক	..	..	২৬ টাকা
স্ত্রী	.. ..	টা: ১.৭৫ হইতে টা: ২.০০	অপ্রাপ্তবয়স্ক	..	..	১৯ টাকা
অপ্রাপ্তবয়স্ক	.. ..	টা: ১.১২				

দীনহাটা, তমলুক ও ঘাটাল মহকুমা--

		দৈনিক হার।	আহার ও বাসস্থানসহ মাসিক হার।			
পুরুষ	.. ..	টা: ১.৭৫ হইতে টা: ২.০০	প্রাপ্তবয়স্ক	..	..	২৩ টাকা
স্ত্রী	.. ..	টা: ১.৬২ হইতে টা: ১.৮৭	অপ্রাপ্তবয়স্ক	..	..	১৩ টাকা
অপ্রাপ্তবয়স্ক	.. ..	টা: ১.০০				

ডায়মণ্ডহারবার, বসিরহাট, বারাসত, বনগাঁও, বর্দ্ধমান সদর, কালনা, কাটোয়া, বীরভূম সদর, বিষ্ণুপুর, মেদিনীপুর সদর, কাঁথি, ঝাড়গ্রাম, আরামবাগ, পশ্চিমদিনাজপুর সদর ও ইসলামপুর মহকুমা--

		দৈনিক হার।	আহার ও বাসস্থানসহ মাসিক হার।			
পুরুষ	.. ..	টা: ১.৬২ হইতে টা: ১.৮৭	প্রাপ্তবয়স্ক	..	..	২০ টাকা
স্ত্রী	.. ..	টা: ১.৫০ হইতে টা: ১.৭৫	অপ্রাপ্তবয়স্ক	..	..	১১ টাকা
অপ্রাপ্তবয়স্ক	.. ..	.৯৪ পয়সা				

মুর্শিদাবাদ সদর, লালবাগ, কান্দি, জঙ্গীপুর, নদীয়া সদর, রাণাঘাট, বালুরঘাট সদর, রায়গঞ্জ, পুরুলিয়া মহকুমা ও আলিপুর মহকুমার জয়নগর, ক্যানিং, বারুর ও বিষ্ণুপুর থানা--

		দৈনিক হার।	আহার ও বাসস্থানসমেত মাসিক হার।			
পুরুষ	.. ..	টা: ১.৫০ হইতে টা: ১.৭৫	প্রাপ্তবয়স্ক	..	..	১৮ টাকা
স্ত্রী	.. ..	টা: ১.৩৭ হইতে টা: ১.৬২	অপ্রাপ্তবয়স্ক	..	..	৯ টাকা
অপ্রাপ্তবয়স্ক	.. ..	.৮৭ পয়সা				

(খ) দার্জিলিঙ ও জলপাইগুড়ি জেলার ১৯৫০ সালের ডিসেম্বর মাসে ও অন্যান্য জেলার ১৯৫৯ সালের নবেম্বর মাসে।

(গ) সব জেলাতেই।

(ঘ) শ্রম অধিকারের অফিসারগণ তাঁহাদের হাওড়া, বারাকপুর, চন্দননগর, আসানসোল, দার্জিলিঙ, জলপাইগুড়ি ও বীরপাড়ায় অবস্থিত এই সাতটি আঞ্চলিক শাখা অফিস হইতে নিম্নতম মজুরী আইন কার্যকরী করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করিয়া থাকেন। জলপাইগুড়ি ও দার্জিলিঙ জেলার কৃষি-অধিকারের অফিসারগণকেও এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করিবার ক্ষমতা দেওয়া হইয়াছে। এতদ্ব্যতীত শিলিগুড়ি, চন্দননগর, বারাকপুরে একজন করিয়া এবং শ্রম অধিকারের প্রধান কার্যালয়ে দুইজন নিম্নতম মজুরী পরিদর্শক নিযুক্ত করা হইয়াছে এবং আরও ১১টি পরিদর্শকের পদ মঞ্জুর করা হইয়াছে।

Categories of labourers given minimum wages

255. (Admitted question No. 737.) **Shri Narayan Choubey:** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) how many categories of labourers in the State of West Bengal are given the statutory facilities of the Minimum Wages Act;

(b) what are their respective scales of wages and when were they last revised and fixed?

The Minister for Labour:

(a) and (b)

নির্ধারণ ও পুনর্নির্ধারণের সময়সহ নিম্নতম মজুরী আইনানুযায়ী বর্তমানে বিভিন্ন শিল্পে প্রচলিত নিম্নতম মজুরীর হার নিম্নলিখিত তালিকায় দেওয়া হইল।

	নির্বাচনের সময়	পুনর্নির্বাচনের সময়	প্রচলিত হার
চা-বাগিচা	১৯৫১	১৯৫৯	দৈনিক টাকা ১.৪০ হইতে টাকা ১.৮৪
সিঙ্কোনা বাগিচা	১৯৫২	১৯৫৮	দৈনিক টাকা ১.১৩ হইতে টাকা ১.৫৪
পৌরসংস্থা	১৯৫১	১৯৫৮	মাসিক ৬০ টাকা হইতে ৯০ টাকা।
সড়ক ও গৃহ নির্মাণ	১৯৫২	১৯৬০	দৈনিক টাকা ১.৫০ হইতে ৬ টাকা।
পাথরভাঙ্গা	১৯৫৯	..	দৈনিক টাকা ১.২৫ হইতে ২ টাকা।
হাতগুঁড়া করা	১৯৫৯	..	দৈনিক ২ টাকা হইতে ৩ টাকা।
চালকল	১৯৫০	১৯৫৮	দৈনিক .৯৭ পয়সা হইতে টাকা ২.১২।
ময়দাকল	১৯৫১	১৯৫৯	দৈনিক টাকা ১.৯৭ হইতে টাকা ৩.১২
তেলকল	১৯৫১	১৯৫৯	দৈনিক টাকা ১.৯২ হইতে ৩ টাকা।
পরিবহন	১৯৫১	১৯৫৯	মাসিক ৬৪ টাকা হইতে ১৩৫ টাকা।
চলচ্চিত্র	১৯৬০	..	মাসিক ৬৫ টাকা হইতে ২৭০ টাকা।
রেশম কাপড় ছাপা	১৯৬৪	..	মাসিক ৫৫ টাকা হইতে ৮০ টাকা।

			নির্ধারণের সময়	পুনর্নির্ধারণের সময়	প্রচলিত হার
বিড়ি তৈয়ারী	..	..	১৯৫১	১৯৫৮	দৈনিক টাকা ১.৬০ হইতে টাকা ২.২৫।
সিগারেট তৈয়ারী	..	..	১৯৫১	১৯৫৯	মাসিক টাকা ৬০.০৬ হইতে ৯৫ টাকা।
চামড়ার কারখানা	..	..	১৯৫১	১৯৫৮	দৈনিক টাকা ২.১৫ হইতে টাকা ২.৯৮।
ডালকল	..	..	১৯৫৩	..	দৈনিক টাকা ১.৫০ হইতে টাকা ৩.৪৬।
গালা তৈয়ারী	..	..	১৯৫৯	..	দৈনিক টাকা ১.২২ হইতে টাকা ৩.৪৭।
কৃষি	..	..	১৯৫৯	..	দৈনিক টাকা ১.৫০ হইতে টাকা ২.১২।
সীবনশিল্প	..	..	১৯৬৪	..	দৈনিক টাকা ২.৫০ হইতে টাকা ৩.২৫।

Corruption charges against the Gazetted officers

256. (Admitted question No. 827.) **Shri Birendra Narayan Ray:**

স্বরাষ্ট্র (দুর্নীতি দমন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত পাঁচ বৎসর কয়জন গেজেটেড অফিসারের দুর্নীতির বিরুদ্ধে সরকার তদন্ত করিয়াছিলেন এবং তাঁহাদের কয়জনকে আদালতে সোপার্দ করা হইয়াছিল;

(খ) তাঁহাদের নাম কি এবং তদন্ত শুরু হইবার সময় কে কোন্ পদে অধিষ্ঠিত ছিলেন;

(গ) কয়জনের আদালতে কি কি সাজা হইয়াছে;

(ঘ) কয়টি এবং কোন্ কোন্‌টি এখনও বিচারাধীন আছে; এবং

(ঙ) কয়টি এবং কোন্ কোন্ জন আদালত হইতে মুক্তি পাইয়াছেন?

The Minister for Home (Anti-Corruption):

(ক) ৩৬১ জন গেজেটেড অফিসারের সম্বন্ধে তদন্ত করা হইয়াছিল। তাঁহাদের মধ্যে ৬ জনকে আদালতে সোপার্দ করা হইয়াছিল।

(খ) (১) ডাঃ আর সি রায়, আর এম ও, বিজয়চাঁদ হাসপাতাল, বর্ধমান।
(২) ডাঃ কে পি সেনগুপ্ত, ডি এম ও, ইমামবাড়া হাসপাতাল, হুগলি।
(৩) শ্রী জে পি রায়, এমপ্লয়মেন্ট অফিসার, ব্যারাকপুর রিজিয়ন, ব্যারাকপুর।
(৪) ডাঃ এ এম চক্রবর্তী, ডি এম ও, পুরুলিয়া।
(৫) শ্রী কে ডি মিত্র, ডিস্ট্রিক্ট এগ্রিকালচারাল মার্কেটিং অফিসার, দার্জিলিং।
(৬) শ্রীঅমূল্যচন্দ্র ভট্টাচার্য, অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারী, এগ্রিকালচার ডিপার্টমেন্ট।

(গ) আদালতে এ পর্যন্ত কাহারও সাজা হয় নাই।

(ঘ) মোট ৪টি মামলা এখনও বিচারাধীন আছে [(১)নং, (২)নং, (৫)নং ও (৬)নং]।

(ঙ) [(৩) নং এবং (৪) নং] মোট ২ জন আদালত হইতে মুক্তি পাইয়াছেন।

Master Degree College of Textile Technology

257. (Admitted question No. 914.) **Shri Aswini Roy:** (a) Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state if it is fact that the Government have a proposal for opening a Master Degree College for Textile Technology in the State of West Bengal?

(b) If the answer to (a) be in the affirmative, will the Minister-in-charge of the Department be pleasd to state—

(1) Venue of the establishment of such College; and
(2) when such proposal is likely to be introduced?

The Minister for Commerce and Industries: (a) There is no proposal for opening any Master Degree College of Textile Technology in West Bengal. A scheme for introduction of an M.Sc. (Tech.) Course at the College of Textile Technology, Serampore, has, however, been proposed for inclusion in the Fourth Plan programme of the State Government.

(b)(1) and (2) do not arise.

Mana Refugee camp

258. (Admitted question No. 933.) **Shri Sanat Kumar Raha:**

উদ্বাস্তু, ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মানা উদ্বাস্তু শিবিরে বিগত ৬ মাসে, কোন্ মাসে কত শিশুমৃত্যু হইয়াছে; এবং

(খ) শিশুমৃত্যুর কারণ প্রধানত কি কি?

The Minister for Refugee Relief and Rehabilitation:

(ক) বিষয়টি রাজ্যসরকারের এক্তিয়ারভুক্ত নয়।

(খ) এ প্রশ্ন উঠে না।

Facilities of E. S. I. Scheme to the Municipal employees

259. (Admitted question No. 1070.) **Shri Sambhu Charan Ghosh:**

শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গের পৌর কর্মচারীদের এমপ্লয়িজ স্টেট ইন্সিওরেন্স স্কীমে আনিবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

The Minister for Labour:

পশ্চিমবঙ্গের পৌর কর্মচারীদের "কর্মচারী রাজ্যবীমা পরিকল্পনার" আওতায় আনিবার কোন সরকারী পরিকল্পনা বর্তমানে নাই।

Pisciculture Programme in Tamluk subdivision

260. (Admitted question No. 306.) **Shri Ananga Mohan Das:**

মৎস্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ৩ বৎসরে মেদিনীপুর জেলার তমলুক মহকুমায় মৎস্য চাষের উন্নতির জন্য ঐ মহকুমার ৬টি থানার কোন্ কোন্ স্থানে কি কি পরিকল্পনা কত টাকা ব্যয়ে কার্যকরী করা হইয়াছে।

(খ) স্বল্পমেয়াদী (কত দিনের) লোন কোন্ কোন্ জনকে কত করিয়া লোন দেওয়া হইয়াছে;

(গ) মধ্যমেয়াদী (কত দিনের শোধ্য) লোন কোন্ কোন জনকে কত টাকা করিয়া দেওয়া হইয়াছে;

(ঘ) দীর্ঘমেয়াদী (কত দিনের শোধ্য) লোন কোন্ কোন্ জনকে কত টাকা দেওয়া হইয়াছে; এবং

(ঙ) সাহায্য ইত্যাদি বাবদ কি কি প্রকারের কত টাকা কোন্ কোন জনকে বিভিন্ন থানায় দেওয়া হইয়াছে?

The Minister for Fisheries :

(ক), (খ) এবং (গ) বিবরণী, লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(ঘ) দীর্ঘমেয়াদী কোন ঋণ দেওয়া হয় না।

(ঙ) ইহার একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

Co-operative Societies in West Bengal

261. (Admitted question No. 384.) **Shri Birendra Narayan Ray:**

সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বিভিন্ন জেলায় ১৯৫৯ সাল হইতে ১৯৬৪ সাল পর্যন্ত সমবায়ের মাধ্যমে কোন্ বৎসর কত টাকা খাটিতেছে;

(খ) উক্ত সমবায় প্রতিষ্ঠানগুলি (জেলাওয়ারী) উক্ত কোন্ বৎসরে কত টাকা লাভ বা লোকসান করিয়াছে;

(গ) উক্ত ছয় বৎসরে জেলাওয়ারী কয়টি সমিতি বন্ধ হইয়াছে; এবং

(ঘ) উক্ত বন্ধ হওয়া সমিতিগুলির মূলধন (জেলাওয়ারী) কত ছিল?

The Minister for Co-operation :

(ক), (খ), (গ) ও (ঘ) বিস্তারিত বিবরণ সহ যথাযথ তালিকা লাইব্রেরী টেবিলে স্থাপন করা হইল।

Government grant to Political Sufferers in West Bengal

262. (Admitted question No. 567.) **Shri Birendra Narayan Ray :**

অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৩ এবং ১৯৬৪ সালে পশ্চিমবঙ্গে জেলাওয়ারী যেসকল নির্যাতিত রাজনৈতিক ব্যক্তিদের সরকার সাহায্য দিয়াছেন তাঁহাদের নাম, রাজনৈতিক পরিচয় এবং প্রত্যেকের প্রাপ্ত সাহায্যের পরিমাণ কি;

(খ) উক্ত ব্যক্তিগণের কোন্ জন ব্রিটিশ সরকারের কি কি নির্যাতন সহ্য করিয়াছেন; এবং

(গ) ১৯৬৫ সালের এ পর্যন্ত উক্ত প্রকার সাহায্য প্রার্থীর জন্য জেলাওয়ারী কয়জন আবেদন করিয়াছেন এবং সরকার কতজনের আবেদন অদ্যাবধি মঞ্জুর করিয়াছেন?

The Minister for Finance :

(ক) ও (খ) যথাসাধ্য বিবরণসহ একটি তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল। রাজনৈতিক পরিচয় এই তালিকায় বর্তমানে দেওয়া সম্ভব হয় নাই। রাজনৈতিক নির্যাতিতগণের পরিচয় ও তাঁহাদের নির্যাতনের বিবরণী পুস্তকাকারে প্রকাশ করিবার পৃথকভাবে চেষ্টা চলিতেছে। পুস্তকটি প্রকাশিত হইলে বিধানসভার সদস্যগণের নিকট বিতরণ করা হইবে।

(গ) প্রয়োজনীয় বিবরণ নিম্নে প্রদত্ত হইল :—

জেলা।	১৯৬৫ সালের ১লা জানুয়ারী হইতে ১২ই ফেব্রুয়ারী পর্যন্ত প্রাপ্ত আবেদনের সংখ্যা।	ঐগুলির মধ্যে সাহায্য মঞ্জুরীর সংখ্যা।
১। কলিকাতা	২০	৫
২। হাওড়া	৩	-
৩। ২৪-পরগণা	৮	-
৪। হুগলী	১৮	১
৫। মেদিনীপুর	১৩	-
৬। জলপাইগুড়ি	২	-
৭। মুর্শিদাবাদ	২	-
৮। পুরুলিয়া	৩৫	-
৯। নদীয়া	৯	-
১০। পশ্চিম দিনাজপুর	৩	-
১১। বর্দ্ধমান	১	-
অন্যান্য রাজ্য		
১। বিহার	১	-
২। মহারাষ্ট্র	১	-
মোট ..	১১৬	৬

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker: I have received six calling attention notices—

(1) from Shri Ananga Mohan Das regarding theft of some books from the National Library, Calcutta;

(2) from Shri Kashi Kanta Maitra regarding strike of Assistant Harbour Masters of Calcutta Port;

(3) from Shri Mohammad Israil and Shri Abdul Latif regarding strike of biri workers in Jangipur subdivision;

(4) from Shri Gour Chandra Kundu regarding continuation of Secondary School teachers' squatting on road in Calcutta;

(5) from Shri Sanat Kumar Raha regarding strike of the workers of Fire Brigade; and

(6) from Shri Aswini Roy regarding the decision to close Government colleges and schools further up to 27th February, 1965.

I have selected the notice of Shri Sanat Kumar Raha on the subject of strike of the workers of Fire Brigade. I would request the Hon'ble Minister concerned to make a statement today, if possible, or give a date.

Shri Syamadas Bhattacharyya:

শ্রীসনৎ রাহা এম, এল, এ মহাশয় কর্তৃক আনিত দমকল কর্মীদের ধর্মঘট সম্বন্ধে কলিং এটেন-শন নোটিশের উত্তরে এই বিবৃতি দিতে চাই—

১৯৫৭ সালে দমকল কর্মচারীদের কতকগুলি দাবী সম্বন্ধে সিদ্ধান্ত করার জন্য একটি ইণ্ডাস্ট্রিয়াল ট্রাইবুন্যাল গঠন করা হয়। উক্ত ট্রাইবিউন্যাল নিম্নলিখিত বিষয়ে তাঁহাদের এওয়ার্ড দেন :-

১। ফায়ার ম্যান, লিভার, লিভার ড্রাইভার ওয়ার্কশপ কর্মীদের জন্য বর্ধিত বেতন স্কেলে ও বর্ধিত হারে বেতন।

২। বাৎসরিক ছুটিতে অথবা গুরুতর অসুস্থ হইলে গৃহে যাওয়ার অথবা সেখান হইতে ফিরিয়া আসিবার জন্য ফ্রি পাশ।

উপরোক্ত এওয়ার্ড দুইটি সরকার গ্রহণ করেন এবং ঐ অনুযায়ী সরকারী আদেশ বাহির করা হয়।

ইণ্ডাস্ট্রিয়াল ট্রাইবুন্যাল তাঁহাদের রিপোর্টে এই আশা ব্যক্ত করেন যে দমকল কর্মচারীদিগের কাজ জরুরি এই কারণে কাজের সুবিধার জন্য তাহাদের স্টেশনগুলির নিকটেই বাস করা উচিত এবং সেইজন্য সরকার কর্তৃক তাঁহাদের ও তাঁহাদের পরিবারবর্গের জন্য ফায়ার স্টেশনের ভিতরে অথবা নিকটে বাসস্থান তৈয়ারী করিয়া দেওয়া প্রয়োজন। ট্রাইবিউন্যালের এই সুপারিশও সরকার গ্রহণ করিয়াছেন। কিন্তু নানা কারণে বাসস্থান তৈয়ারী করার কাজ আরম্ভ করায় দেরী হওয়ায় ১৯৬৪-৬৫ সাল হইতে সমস্ত দমকল কর্মচারীগণকে ফায়ার স্টেশনের নিকটে ভাড়া বাড়ীতে বাস করার জন্য তাঁহাদের বেতনের শতকরা দশ অংশ বাড়ী ভাড়া ভাতা হিসাবে দেওয়া হইতেছে। ইতিমধ্যে একটি ফায়ার স্টেশনে সরকারী বাড়ী তৈয়ারী আরম্ভ হইয়াছে। এবং আরও তিনটি স্টেশনে কাজ আরম্ভ করার জন্য সরকারী আদেশ দেওয়া হইয়াছে। এইরূপে ক্রমে ক্রমে সমস্ত স্টেশনেই যত শীঘ্র সম্ভব বাড়ী তৈয়ারী করার ব্যবস্থা করা হইতেছে।

১৯৬৩ সালের ৬ই নভেম্বর তারিখে বঙ্গীয় দমকল কর্মী ইউনিয়নের নিকট হইতে সরকার ১২ দফা দাবী সম্বলিত একটি পত্র পান।

৩-১২-৬৩ তারিখে শ্রমমন্ত্রী মহাশয়ের অফিস কামরায় এ সম্বন্ধে আলোচনা হয়। ইউনিয়নের বিভিন্ন দাবী সম্বন্ধে ঐ সভায় বিস্তৃত আলোচনার পর ইহা স্থির হয় যে দমকল কর্মচারীদের রিস্ক ইনসিওরেন্স-এর টাকার পরিমাণ বৃদ্ধির দাবীর এবং চাকুরীস্থল নির্বিশেষে বাড়ী ভাড়া ভাতার দাবীর কিছুটা যৌক্তিকতা আছে কিন্তু তাঁহাদের অন্যান্য দাবীগুলির কোনও যৌক্তিকতা নাই। উপরোক্ত সিদ্ধান্ত অনুযায়ী ইহা স্থিরিকৃত হয় যে, যে সমস্ত দমকল কর্মচারী সরকারী কার্যে নিযুক্ত অবস্থায় গুরুতর ভাবে আহত অথবা মৃত্যুমুখে পতিত হইবেন তাঁহারা অথবা তাঁহাদের আইন মাফিক নিযুক্ত উত্তরাধিকারীগণ রিস্ক ইনসিওরেন্স বাবদ ৫০০ টাকার স্থলে ১,০০০ টাকা পাইবেন এবং দমকল কর্মচারীরা যেখানেই নিযুক্ত থাকুন না কেন প্রত্যেকেই তাঁহাদের বেতনের দশ শতাংশ বাড়ী ভাড়া পাইবেন। তবে ইহা পাইতে হইলে তাঁহাদিগকে ফায়ার স্টেশন হইতে অর্ধ মাইলের ভিতর বাস করিতে হইবে। বাসস্থানের দূরত্ব সম্বন্ধে এই সর্তটি তুলিয়া দিবার জন্য ইউনিয়ন হইতে অনুরোধ আসায় সরকার ঐ বিষয়টি পুনর্বিবেচনা করিয়া স্থির করিয়াছেন যে উপযুক্ত ক্ষেত্রে দমকল অধিকর্তা সার্টিফাই করিলে এই দূরত্বর সর্তটি সরকার তুলিয়া দিতে পারেন।

গত ২২-১-৬৫ তারিখে বংগীয় দমকল বাহিনীর ইউনিয়নের সভাপতি মহাশয়ের নিকট হইতে সরকার হঠাৎ একটি নোটিশ পান। উহাতে জানান হয় যে, উক্ত তারিখ হইতে এক মাসের মধ্যে ঐ নোটিশে বর্ণিত ১৪টি দাবী সরকার যদি স্বীকার না করেন তাহা হইলে ২২-২-৬৫ তারিখ হইতে দমকলের কর্মচারীরা 'ফল ইন স্ট্রাইক' (আংশিক কর্মবিরতি) করিবেন। ঐ ১৪ দফা দাবী সম্বন্ধে বিবেচনা করিয়া সরকারের সিদ্ধান্ত গত ১৭-২-৬৫ তারিখে উক্ত ইউনিয়নের সভাপতি মহাশয়ের নিকট পাঠাইয়া দেওয়া হয়: ঐ পত্রে 'রিস্ক ইনসিওরেন্স'

এবং বাড়ী-ভাড়া-ভাতা সম্বন্ধে দাবীগুলি ছাড়া অন্য ১২টি দাবী সরকারের পক্ষে স্বীকার করা কেন সম্ভবপর নয় তাহা পরিষ্কারভাবে জানাইয়া দেওয়া হয়। ঐ ১২টি দাবী হইতেছে—

১। সপ্তাহে একদিন ছুটি।

২। রবিবার অথবা সাধারণ ছুটির দিন কাজ করার জন্য ওভার টাইম এ্যালাউন্স।

৩। বর্তমান দুই সিফ্‌ট্‌ ডিউটি সিস্টেমের পরিবর্তে তিন সিফ্‌ট ডিউটি সিস্টেম।

৪। বেতনের স্কেল পরিবর্তন।

৫। ৩০ টাকা হিসাবে দুর্মূল্য ভাতা।

৬। দমকল কর্মচারীদের পরিবারবর্গের বিনা খরচায় চিকিৎসার ব্যবস্থা।

৭। বিধবাদের পেন্সন।

৮। দমকল পরিষ্কার করার জন্য পৃথক মজদুর নিয়োগ।

৯। হিসাবের শূন্য পদে শতকরা ৭৫ ভাগ বিভাগীয় প্রমোশন দ্বারা ভর্তি করা।

১০। দমকল সংস্থাকে আধুনিক সাজসরঞ্জাম দ্বারা উন্নত করা।

১১। কর্মীদিগকে কম্পেনসেটরী এ্যালাউন্স দেওয়া।

১২। ১৯৬০ সালের পশ্চিমবঙ্গ দমকল আইনের কতকগুলি ধারার প্রত্যাহার।

উপরোক্ত ১২টি দাবীর মধ্যে ১নং ও ৩নং দাবী আর্থিক কারণে গ্রহণ করা সম্ভবপর নয়। ২নং দাবী সম্বন্ধে বলা যাইতে পারে যে দমকলবাহিনী একটি জরুরী সংস্থা সুতরাং এখানকার কর্মচারীদের সাধারণ ছুটির সুযোগ দেওয়া সম্ভব নয়। চাকুরী গ্রহণ করিবার সময় প্রত্যেক কর্মচারীই এই সর্ত সম্বন্ধে সম্যক অবগত ছিলেন এই অবস্থায় ছুটির দিনের কাজের জন্য ওভার টাইম এলাউন্স দেওয়ার প্রশ্ন উঠিতে পারে না।

৪নং দাবী বেতনের স্কেল পরিবর্তন। ১৯৬১ সালে পে-কমিটি দমকল কর্মচারিদের বেতনের যে স্কেল সুপারিশ করিয়াছিলেন, ১৯৬২ সালে পরলোকগত মুখ্যমন্ত্রী ডাঃ বি, সি, রায় উক্ত স্কেল আরোও বাড়াইয়া দেন। এই সমস্ত কর্মচারী এখন যে স্কেলে বেতন পান ভারতের অন্যান্য স্থানে দমকল বাহিনীর কর্মচারীদের বেতনের স্কেল হইতে উহা অনেক বেশী।

৫নং **দাবী—দুর্মূল্যভাতা**—অন্যান্য সরকারী কর্মচারীরা যে দুর্মূল্যভাতা পাইয়া থাকেন দমকল কর্মচারীরাও উহাই পান। অন্যান্য সরকারী কর্মচারীদের অপেক্ষা ইহাদের বেশী দুর্মূল্য ভাতা দেওয়ার কোনও যুক্তিযুক্ত কারণ নাই।

৬নং **দাবী—বিধবাদের পেন্সন**—এই দাবী সম্বন্ধে একই ভাবে বলা যায় যে সরকার যদি অন্যান্য বিভিন্ন বিভাগের কর্মচারীদের এই সুযোগ দান করেন তবেই দমকল কর্মচারীদের এই সুযোগ পাইতে পারেন। কেবলমাত্র দমকল কর্মচারীর ক্ষেত্রে এই সুযোগ দেওয়া উচিত হইবে না।

৭নং **দাবী**—দমকল কর্মীসহ সমস্ত সরকারী কর্মচারীদের পরিবারবর্গের বর্তমানে সরকারী হাসপাতালে বিনা খরচে চিকিৎসার সুযোগ পাইয়া থাকেন।

৮নং **দাবী**—শুধু মাত্র ভারতেই নয়, পৃথিবীর সর্বত্রই দমকল কর্মচারীরা দমকলের ইঞ্জিন ইত্যাদি পরিস্কার পরিচ্ছন্ন রাখেন। এই রাজ্যে এই কার্যের জন্য মজদুর নিয়োগ করার কোন যৌক্তিকতা সরকার দেখেন না।

৯নং **দাবী**—এই দাবীতে যাহা চাওয়া হইয়াছে তাহা বর্তমানে আইন অনুযায়ী দমকলের অধিকরনীয়। সুতরাং এই দাবী কেন করা হইয়াছে বোঝা যায় না।

১০নং **দাবী**—পশ্চিমবঙ্গের দমকল সংস্থাকে আধুনিককরণ সম্বন্ধে একটি পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে।

১১নং ও ১২নং দাবী—এই দাবীগুলিতে কি চাওয়া হইয়াছে তাহা পরিস্কার নয়।

এই সম্পর্কে বলা যাইতে পারে যে দমকল কর্মচারীরা অন্যান্য সরকারী কর্মচারীদের অপেক্ষা অনেক বিষয় বেশী সুযোগ-সুবিধা ভোগ করিয়া আসিতেছেন। যেমন—

(ক) সাধারণ কাজের সময় অপেক্ষা বেশী সময় কাজ করিলে উক্ত বেশী সময় কাজের জন্য তাঁহারা বেতনের দেড়গুণ ওভার টাইম এলাউন্স পান।

(খ) কোন স্থানে একসঙ্গে ৩ ঘন্টার বেশী কাজ করিতে থাকিলে টিফিন পাইয়া থাকেন।

(গ) ধুবুলিয়া টি. বি, হাসপাতালে ইহাদের জন্য ৫টি বেড সংরক্ষণ করা আছে।

(ঘ) বাৎসরিক ছুটির সময় গুরুতর অসুস্থ অথবা আহত হইলে গৃহে যাইবার জন্য এবং গৃহ হইতে আসিবার জন্য ইহাদের রেল ভাড়া দেওয়া হয়।

(ঙ) সরকারী খরচে নাগপুর জাতীয় ফায়ার সারভিস কলেজের উচ্চতর ট্রেনিং দেওয়া হয়।

(চ) ২৫ বৎসরের স্থানে ২০ বৎসরের চাকুরী করিলে পূর্ণ পেনসন এবং পূর্ণ গ্র্যাচুইটিতে চাকুরী হইতে অবসর করিতে দেওয়া হয়।

উপরোক্ত ১৭-২-৬৫ তারিখের পত্র পাওয়ার পর ঐ পত্রে বর্ণিত বিষয়গুলি সম্বন্ধে দমকল কর্মীদের নূতন কিছু বলিবার আছে কি না তাহা না জানিয়াই দমকল কর্মী ইউনিয়ন ২২-২-৬৫ তারিখে সরকারের উপর একটি পত্র দ্বারা জানান যে, যেহেতু তাহাদের দাবীগুলি সরকার কর্তৃক স্বীকৃত হয় নাই সেহেতু তাঁহারা উক্ত তারিখ হইতে আংশিক কর্মবিরতি গ্রহণ করিবেন এবং এই অনুযায়ী ঐ তারিখ বেলা ১১টা হইতে তাঁহার আংশিক কর্মবিরতি গ্রহণ করেন।

উপরোক্ত ঘটনাবলী হইতে দেখা যাইবে যে দমকল কর্মীদের ২২-২-৬৫ তারিখ হইতে আংশিক কর্মবিরতি গ্রহণ করা অন্যায় হইয়াছে।

[2-10—2-20 p.m.]

Shri Nepal Chandra Roy:

স্যার, আমি মন্ত্রীমহাশয়ের কাছ থেকে একটু ক্লারিফিকেসন চাচ্ছি। এই যে দাবী রেখেছে এটা অনেকদিনের দাবী.........

Mr. Speaker:

মিঃ রায়, আপনি এখানকার একজন পুরাণ লোক হয়ে এর উপর কেন বলছেন? বিরোধীপক্ষ থেকে যখন কলিং এ্যাটেনসন-এর উপর বলে তখন তো আপনারা তাঁদের থামতে বলেন।

Shri Nepal Chandra Roy:

ওঁদের কথা ছেড়ে দিন, ওঁদের কথা আমি ধরিনা। আমি ওঁদের মশা মাছি জ্ঞান করি।

Shri Kashi Kanta Maitra:

মাননীয় স্পীকার মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমি খবরের কাগজে দেখলাম পশ্চিমবঙ্গ সরকার.......….

Mr. Speaker:

মিঃ, মৈত্র, এটা বলার আগে আমার কাছ থেকে আপনার পার্মিসন নেওয়া উচিত ছিল।

Shri Kashi Kanta Maitra:

স্যার, স্কুল, কলেজ আবার বন্ধ হোল।

Mr. Speaker:

একথা বলবার জন্য আপনার পার্মিসন নেওয়া উচিত ছিল

Shri Kashi Kanta Maitra:

আমি স্বীকার করছি আপনার কাছ থেকে পার্মিসন নেওয়া উচিত ছিল। কিন্তু যেহেতু এটা একটা গুরুত্বপূর্ণ ব্যাপার..... .. ...

Mr. Speaker:

১৪এ অবধি ছিল, এখন বাড়িয়েছে।

Shri Kashi Kanta Maitra:

আমার জিজ্ঞাস্য হচ্ছে এরকম যদি চলে তাহলে পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষা দপ্তরের কি কোন বক্তব্য নেই?

Shri Kamal Kanti Guha:

স্যার, আমি আপনার কাছে কিছু বলতে চাই। এ'রা প্রথমে বললেন হিন্দী আন্দোলনের জন্য স্কুল বন্ধ করা হোল যাতে কোন রকম খারাপ কিছু না হয়। বাংলাদেশের যিনি সেই অতুল্য ঘোষ মহাশয় বলেছেন বাংলাদেশে কোন গোলমাল নেই এবং আমরাও দেখছি হিন্দী নিয়ে এখানে উৎকট কিছু হচ্ছে না আমরা বলেছি এরকম ভাবে চাপান হবে না। কিন্তু স্কুল-কলেজ কেন এরকমভাবে বন্ধ রাখা হচ্ছে? এ'দের যদি কোন সৎ উদ্দেশ্য থাকে তাহলে ভিন্ন কথা. কিন্তু টিচারদের আন্দোলনকে. দাবীকে বানচাল করবার জন্য যদি এরকম করে থাকে তাহলে সেটা আমরা কোনমতে সমর্থন করতে পারি না। সেইজন্যই আপনার মাধ্যমে আমাদের বক্তব্য হচ্ছে এই যে স্কুল-কলেজ-এর বন্ধ বাড়িয়ে দেওয়া হোল এর উত্তর দিতে হবে।

Shri Nikhil Das:

এবারে আমি বলতে এসেছি আপনার কাছে দুটি জিনিস, একটা হচ্ছে স্কুল-কলেজ খুলতে গিয়ে বলেছেন ২রা তারিখ, আর একটা হচ্ছে যতদিন কর্ম বিরতি নোটিশ তাঁরা উইথড্র না করবেন ততদিন তাদের সাথে শিক্ষামন্ত্রী বসে আলাপ-আলোচনা করবেন না এবং এটাই মনে হয় কর্ম-বিরতি চলছে বলে তাঁদের সাথে আলাপ-আলোচনা করা হবে না। এই যে উক্তি এটা অগণতান্ত্রিক উক্তি, এটা স্বৈরাচারী উক্তি, এই উক্তি শিক্ষামন্ত্রীর কখনো করা উচিত নয়। তারপর ৬ দিন থেকে মাষ্টার মহাশয়রা বসে আছেন, মন্ত্রী মহাশয় দেখছি স্কুলের বন্ধ বাড়িয়ে দিচ্ছেন, প্রথমে ছিল ২৫এ তারিখ খুলবে, আজকে কাগজে দেখছি ২রা তারিখ খুলবে আবার হয়ত বলবেন ৯।১০ কি ১৬ তারিখে খুলবে। যেটা করা উচিত যে প্রস্তাব বিধানসভায় আমরা করেছিলাম আপনি তাঁদের কেটেগরীক্যালী এ্যাসুরেন্স দিন এই জিনিস আমরা দেব ফোর্থ প্ল্যানের প্রথম বছরে। ডি, পি, আই-এর ন্যাক্কারজনক নোটিশ উইথড্র করুন, শিক্ষকদের সঙ্গে বসে একটা মীমাংসার চেষ্টা করুন। এই ৩টি যুক্তিপূর্ণ কথা আমরা এসেম্বলীতে রেখেছি, কিন্তু আমরা দেখছি যদি শিক্ষকরা কর্মবিরতি নোটিশ উইথড্র না করেন তাহলে এদের সঙ্গে কথা বলবেন না। কি করে শিক্ষামন্ত্রী একথা বললেন। আজকে শিক্ষকদের দাবীর জন্য হাজার হাজার স্কুল বন্ধ রয়েছে, শিক্ষকরা রাস্তায় বসে আছে, তাদের দাবীর পিছনে হাজার হাজার লোক এসে দাঁড়িয়েছে, যদি সেখানে যান দয়া করে দেখবেন। এটা ভুলে যাবেন না যে কলকাতার মানুষ এবং আশে-পাশের হাজার হাজার মানুষ তাদের অভিনন্দন জানাচ্ছে, আর এ'রা এখানে নির্বিকার বসে আছেন, স্কুল উঠে যাক, এ'রা বন্ধ করে দিচ্ছেন, আমি আপনার মাধ্যমে এর উত্তর চাই, জগন্নাথবাবু বিজয়বাবু বসে আছেন, এর আমি পরিস্কার জবাব চাই। হাসছেন? এটা হাসবার ব্যাপার নয়?

(এ ভয়েস : শিক্ষামন্ত্রী মহাশয় যে জবাব দিয়েছেন সেটাই শেষ জবাব।)

Shrimati Ila Mitra:

আবার কেন ছুটি ৩ দিন এক্সটেন্ড করা হল, সেটা বলে দিন তাহলে আমরা বুঝতে পারি।

(নয়েজ)

Shri Kamal Kanti Guha:

আমরা একথা শুনবো না, আমরা এর জবাব চাই, আমাদের কথা শুনতে হবে। মন্ত্রী মহাশয়কে দাঁড়িয়ে বলতে হবে কেন পড়াশুনা বন্ধ হল, কেন স্কুল-কলেজ বন্ধ হল, কেন বসে আছেন বলুন।

(নয়েজ)

Shri Nikhil Das:

জগন্নাথবাবু বসে আছেন, কিছু বলুন।

Shri Kamal Kanti Guha:

এটা না বললে সমস্যার সমাধান হবে না।

(নয়েজ)

Shri Balai Lal Das Mahapatra:

বাংলাদেশের সামনে যে বিপদ এসেছে তাতে শুধু শিক্ষকরাই নন, এর পিছনে রয়েছে লক্ষ লক্ষ লোক, আমরা জানি যতক্ষণ হাত রক্তাক্ত না হয় ততক্ষণ সমস্যার সমাধান হবে না। যখনই সমস্যা হয়, কয়েকটি লোক গুলি খেয়ে মরে, টিয়ার গ্যাস চলে, তারপরে সমাধান হয়। সেজন্য অনুরোধ করছি সমস্যা আর বাড়াবেন না, সমস্যার সমাধান করুন, যারা সমাজে উচ্চ শ্রেণীর, সম্মানীয়, তাদের সংগে কথাবার্তা বলুন, আমি আবার অনুরোধ করছি যে শিক্ষকদের সংগে কথাবার্তা বলুন এবং একটা মীমাংসায় আসুন।

[2-20—2-30 p.m.]

Shri Sambhu Charan Ghosh:

যে প্রশ্নটা আপনার সামনে রাখা হয়েছে, সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রশ্ন। আমি আপনার কাছে অনুরোধ করব যে আপনি এখানে মন্ত্রীরা আছেন তাঁদের অনুরোধ করুন যে তাঁরা একটা বিবৃতি দিন। স্যার, ২৪ তারিখের পর থেকে যে স্কুল-কলেজ বন্ধ করা হচ্ছে তার একটি মাত্র উদ্দেশ্য শিক্ষকদের কর্মবিরতি। কলেজের শিক্ষকরা তাঁদের বক্তব্য জানিয়ে দিয়েছেন। কিন্তু কলেজগুলি কেন বন্ধ রাখলেন। সেদিন মুখ্যমন্ত্রী বিধানসভায় বলেছিলেন শিক্ষকরা প্রাইভেট টিউশনি করেন। কিন্তু আজকে কেন স্কুল-কলেজ বন্ধ রাখা হচ্ছে? স্কুলের শিক্ষকদের আন্দোলনকে বানচাল করার জন্য তাঁরা স্কুল বন্ধ করছেন। কিন্তু কলেজগুলি কেন বন্ধ রাখলেন? প্রি-ইউনিভার্সিটি পরীক্ষা হচ্ছে, বি, এ, ফাস্ট পার্ট পরীক্ষা হচ্ছে, কিন্তু সেখানে স্কুল-কলেজগুলি কেন বন্ধ করলেন? এ সম্পর্কে পরিষ্কার বক্তব্য আমরা জানতে চাই। আমি আপনার কাছে অনুরোধ করব যে আপনি মন্ত্রীমহাশয়দের বলুন যে তাঁরা এ সম্পর্কে একটা বক্তৃতা যেন রাখেন।

Shri Haridas Chakrabarti:

আমাদের বক্তব্য অত্যন্ত যুক্তিসংগত। মন্ত্রীমহাশয়রা কোন কথা বলতে পারবেন না? আপনি অনুরোধ করুন জগন্নাথবাবু এখানে আছেন তিনি কিছু বলুন।

Shri Jagannath Kolay:

ওঁদের অনেক অপোরচুনিটি আছে এবং কলিং এ্যাটেনশান-এর মাধ্যমে যদি তাঁরা দিতেন তাহলে কলিং এ্যাটেনশান-এর জবাব আমরা দিতাম। কিন্তু এখন অফ হ্যাণ্ড কিছু বলতে পারব না।

Shri Nikhil Das:

মাষ্টার মহাশয়রা ওখানে বসে আছেন, কলিং এ্যাটেনশান-এ তার কি মীমাংসা হবে? এটা ঘরোয়া ব্যাপার নয়। আপনারা নিজেদের মত যা ইচ্ছা করবেন সেটা লোকে সহ্য করবে না। শিক্ষকরা বসে থাকবেন, স্কুল-কলেজ বন্ধ থাকবে এটা চলবে না।

Shri Haridas Chakrabarti:

এটা রাজনীতির প্রশ্ন নয়। সুতরাং আপনারা কিছু বলুন। এইরকম কোশ্চেন অনেক দেওয়া হয়েছে।

Shri Jagannath Kolay:

কোশ্চেন দেবেন উত্তর দেব।

Shri Haridas Chakrabarti:

কোশ্চেন-এর কথা কি বলছেন? শিক্ষকরা যেখানে অবস্থান ধর্মঘট করছেন সেখানে এইরকম অবস্থায় আপনারা কি করে চুপ করে থাকেন?

Shrimati Ila Mitra:

কেন ৩ দিন আরও বন্ধ করা হল এর একটা ক্যাটাগরিক্যাল উত্তর আমরা চাই?

Shri Hemanta Kumar Basu:

এটা অত্যধিক গুরুতর প্রশ্ন। মন্ত্রীমহাশয় বলছেন যে কলিং এ্যাটেনশান দিলে, সেই কলিং এ্যাটেনশান-এর জবাব দেবেন। এটা এত বেশী গুরুতর যে এটাতে কলিং এ্যাটেনশান-এর দরকার নেই। কোলকাতা শহরে যদি এইভাবে স্কুলগুলি বন্ধ হয় দিনের পর দিন তাহলে কি ভাবে শিক্ষা ব্যবস্থা হবে এ কথা কি মন্ত্রীমহাশয়রা বুঝতে পারছেন না। কলেজের ব্যাপার তো মিটমাট হয়ে গেছে, তবুও তাঁরা কলেজ বন্ধ করছেন। মাধ্যমিক শিক্ষকদের সংগে একটা মিটমাটে আসবার জন্য আমরা বারবার বলছি। তাঁদের দাবী সঙ্গত। ডি. পি. আই-এর সারকুলার তুলে নিন, ফোর্থ ফাইভ ইয়ার প্ল্যান-এ তাদের কিছু দেওয়া হোক। স্কুল-কলেজ বন্ধ হয়ে যাচ্ছে। কিন্তু এইরকম একটা অবস্থা সৃষ্টি হচ্ছে যাতে পরে হয়ত এই অবস্থা কণ্ট্রোল করা যাবে না। সেজন্য বলছি যে প্রথমেই এই সমস্যার সমাধান করা উচিৎ।

Mr. Speaker:

২১ তারিখ পর্যন্ত বন্ধ ছিল সে সম্বন্ধে একটা স্টেটমেন্ট দিয়েছেন।

Not that it is the end of all.

আজ এখানে

you have already placed your case.

এখানে অর্থমন্ত্রী ও শিক্ষামন্ত্রী নেই, অতএব আমি রিকোয়েষ্ট করব

Let us go on for the time being with the budget discussion, and I expect you would all co-operate.

Shri Sunil Das:

আপনি হাউস এ্যাডজোর্ন করে দিন।

Shri Kamal Kanti Guha:

আমাদের পরিষ্কার জবাব দিতে হবে।

Mr. Speaker: Mr. Guha, I am asking you whether we are to go on with the business of the House or not.

Shri Kamal Kanti Guha:

ওঁরা জবাব দিয়েছিলেন ২১ তারিখ পর্যন্ত............

Mr. Speaker:

আমি এটা বলেছি যে কাল অবধি এগুলির জবাব দেওয়া হয়েছে
not that it is the end

(গোলমাল)

Shri Kamal Kanti Guha:

আপনার চেয়ার-এ যেদিন আমরা বসতে পারব সেদিন ও'রা থাকতে পারবেন না।

Mr. Speaker:

বেশ তাই হবে, এখন আমাদের কাজ চলুক।

Shri Kashi Kanta Maitra:

আমি আপনাকে একথা বলছি যে এর আগে এই হাউস-এ এইরকম ঘটনা হয়েছে, তার প্রিসিডেন্ট আছে এবং গত সেসান-এ দেখেছি অনেক গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে মুখ্যমন্ত্রী ছিলেন না, বিজয়বাবু ছিলেন না অথচ জবাব দেবার দরকার হয়েছে তখন সেখানে আমরা দেখেছি চিফ হুইপ জগন্নাথবাবু হাউস-এর কাছে বলেছেন যে আমরা এক ঘন্টা বাদে হাউস-এ স্টেটমেন্ট করব এবং আমরা দেখেছি হাউস-এ স্টেটমেন্ট হয়েছে। আজকে প্রশ্ন হচ্ছে দুটো—একটা শিক্ষকদের ধর্মঘটের ব্যাপার, আর একটা স্কুল কলেজ বন্ধের ব্যাপার নিয়ে। শিক্ষকদের ধর্মঘটের মীমাংসার প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। আজকে সংবাদপত্রে প্রেস নোট-এ বিবৃতি যা রয়েছে তার থেকে একটা নূতন জিনিস হচ্ছে যে শিক্ষক ছাড়াই শিক্ষা প্রতিষ্ঠানগুলো বন্ধ হয়ে থাকছে। এটা কিসের জন্য ?

Mr. Speaker:

আর কেন? কাশীবাবু এবার আপনি বসুন?

Shri Kashi Kanta Maitra:

তাহলে সরকার কি এটা ধরে নিচ্ছেন না যে শিক্ষকদের ধর্মঘট চলাকালীন স্কুল চলতে পারে না? হিন্দী ভাষার ব্যাপারে গোলমাল হতে পারে সেজন্য বন্ধ রেখেছেন অথবা বলুন যে স্কুলের পরিবেশ এমন হয় যে স্কুল চলতে পারে। অভিভাবকরা আমাদের কাছে বলছেন যে দিনের পর দিন স্কুল বন্ধ থাকবে অথচ পশ্চিমবঙ্গ সরকার চুপ করে বসে থাকবেন এটা একটা অমার্জনীয় ব্যাপার। জগন্নাথবাবু একটা এ্যাসুয়েরেন্স দিন যে এক ঘন্টা বাদে এসে মাননীয় সদস্য খগেনবাবুর বক্তৃতা শেষ হবার পর তাঁরা এখানে একটা স্টেটমেন্ট করবেন। অথবা রবীনবাবু একটা স্টেটমেন্ট দেবেন এইরকম একটা এ্যাসুয়েরেন্স দিন। এটা আমরা আদায় করতে পারব না তাহলে আমাদের হাউসের প্রিভিলেজ কি? এটা একটা গুরুত্বপূর্ণ ব্যাপার। আপনারা এর একটা সলিউশান্ করুন।

At least we want this much of assurance that the Government is alive to the seriousness of the situation and the Government is prepared to make a statement.

সেই স্টেটমেন্ট ও'রা করবেন না যে কি মেরিট-এ তাঁরা এটা করলেন?

Mr. Speaker:

তাহলে এ্যাম আই টু টেক ইট যে আপনারা হাউস-এর কাজ চালাতে দেবেন না?

Shri Kashi Kanta Maitra:

ও'দের মনের মধ্যে আমরা সেই প্যাশান্ রাউস করতে পারছি না যার জন্য আমাদের এত কথা বলতে হচ্ছে। ও'রা যেভাবে হাত পা গুটিয়ে বসে আছেন সেই কারণেই আমাদের এত কথা বলতে হচ্ছে। আপনি একটু ট্রেজারী বেঞ্চ-এর দিকে তাকিয়ে বলুন।

Mr. Speaker: Please take your seat. I have already said what the position is.

Shri Kashi Kanta Maitra: Sir, it is a question of privilege.

Mr. Speaker: Mr. Maitra, I will request you once again not to disturb the proceedings of the House. You cannot insist that this should be answered just now.

(গোলমাল)

Let the Minister come.

এখন না বলতে পারেন, পরে হয়ত তাঁরা বলবেন। দুজনের তো কেউ নেই। এখানে আপনারা অলরেডী অনেকে বলেছেন।

They will be also in the House.

Shri Kashi Kanta Maitra:

এই হাউস-এ সেদিন মুখ্যমন্ত্রী আমাদের পিপীলিকা বলে বর্ণনা করেছেন এবং মুখ্যমন্ত্রী নিজেকে ও নিজের দলকে হাতী বলে বর্ণনা করেছেন। আমরা পিপীলিকা হিসাবে আপনার কাছ থেকে প্রটেকশান চাচ্ছি।

Mr. Speaker:

আমি প্রটেকশন দিচ্ছি এবং অনুরোধ করছি আপনারা দয়া করে আসন গ্রহণ করুন।

(শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী বলিতে উঠিলেন)

Mr. Speaker: Mr. Adhikary, you have made some statement. It has been heard and I have also responded.

[2-30—2-40 p.m.]

Shri Nikhil Das:

মাননীয় স্পীকার মহাশয়, আমার বিনীত নিবেদন হচ্ছে, যে শিক্ষকরা যে ধর্মঘট করছেন সেই সম্পর্কে এই হাউসে একটা ষ্টেটমেণ্ট শিক্ষা মন্ত্রী করুন—একটা বিবৃতি দিন...

(গোলমাল)

Shri Kashi Kanta Maitra:

স্যার, আমি একথাটা বলতে চাই.........

(গোলমাল)

Mr. Speaker: Mr. Maitra, please take your seat. Why are you standing up?

Shri Jiban Krishna Dey:

স্যার, উনি বলতে চাচ্ছেন—আপনি ও'কে বলতে দেবেন না কেন?

Mr. Speaker:

উনি না বসলে আমি কাউকে বলতে দেবো না

A member cannot force another to speak.

Shri Bejoy Kumar Banerjee:

স্যার, আমার কিছু বলবার আছে......

Mr. Speaker: Mr. Banerjee, please take your seat.

Shri J[illegible] Kolay:

স্যার, আমি এতক্ষণ শুনছিলাম—এই হাউসে যদি কোন বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে হয় তাহলে তার একটা পদ্ধতি এবং নিয়ম আছে—এবং আমরা যদি নোটিশ পাই তাহলে আমরা প্রিপেয়ার্ড হয়ে আসি—এখানে উত্তর দিই সেটা প্রশ্নই বলুন কিংবা কলিং এ্যাটেনসন বলুন। এখানে শিক্ষা-মন্ত্রী এখন নেই—আজকে যদি সবাই বলেন যে এখুনি উত্তর দিতে হবে তাহলে সেটা আমাদের পক্ষে সম্ভব নয়—আমি এইটুকু চীফ হুইফ কিংবা মিনিষ্টার ফর পার্লামেন্টারী এ্যাফেয়ার্স হিসাবে বলছি যে আপনারা যে দৃষ্টি আকর্ষণ করেছেন আমি শিক্ষামন্ত্রীকে জানাবো এবং যদি তিনি প্রয়োজন বোধ করেন তাহলে রিসেসের পর তিনি একটা ষ্টেটমেন্ট দেবেন।

Shri Bejoy Kumar Banerjee:

স্যার, আমার কথা হচ্ছে ও'রা যেসব স্কুল বন্ধ করে দিয়েছেন সেটা কোন অধিকারে?

Mr. Speaker: Mr. Banerjee, please stop here. Please take your seat.

Shri Deb Saran Ghosh:

স্যার, অন এ পয়েন্ট অব প্রিভিলেজ আমার একটা রিটেন কোয়েশ্চেন আছে ৫২২ এ্যাডমিটেড কোয়েশ্চেন তাতে সরকারের তরফ থেকে একটা সত্যকে গোপন করে যাওয়া হয়েছে এবং ইচ্ছা-কৃতভাবে মিথ্যা সংবাদ সরবরাহ করা হয়েছে। আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি আমার প্রশ্ন আছে যে 'মুর্শিদাবাদ জেলার বেলডাঙ্গা থানার অন্তর্গত রামনগর, বিদুপাড়া, শক্তিপুর, কদমতলা, কাদখালি, খাপুরিয়াডাঙ্গা, এরিয়াডাঙ্গা; ফেরীঘাটগুলি সরকারী দখলে আছে কি এবং যদি ক প্রশ্নের উত্তর হ্যাঁ হয় তবে কাহাকে কাহাকে কত টাকায় উক্ত ফেরীগুলি বন্দোবস্ত করা হয়েছে" উত্তরে বলা হচ্ছে যে "হ্যাঁ, তবে খাপুরিয়াডাঙ্গা, এরিয়াডাঙ্গা নামে কোন ফেরী নাই, কিন্তু......

Mr. Speaker:

আপনি ওটা লিখে আমার কাছে পারমিসন নেবেন—আমি পারমিসন দিয়ে দেবো কালকে......।

General Discussion on the Budget, 1965-66

Shri Khagendra Kumar Ray Chowdhdury:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বাজেট বক্তৃতা বিশেষ করে কংগ্রেস সদস্যদের আমি খুব ভাল করে শুনেছিলাম এবং সেই সব বক্তৃতা শুনে আমার মনে হোল যে এই ৮।১০ বছর ধরে এই বিধান-সভায় যে বক্তৃতা ও'দের শুনেছি তার থেকে পৃথক কোন বক্তৃতা নয় বিশেষ করে ও'রা কয়েকটা বিষয়ে একই কথা বলে থাকেন যেমন আমরা দেশবাসীকে ভোটের অধিকার দিয়েছি, দ্বিতীয় নম্বর হচ্ছে জনসংখ্যা খুব পরিমাণে বেড়ে যাচ্ছে এবং মৃত্যুর হার সাংঘাতিকভাবে কমে যাচ্ছে এবং এক স্কোয়ার মাইল জায়গায় পশ্চিমবাংলায় ১১ শত লোকের বাস হচ্ছে যেটা পৃথিবীর সবচেয়ে বেশী। এই বক্তৃতা তো আমরা প্রফুল্লবাবুর কাছ থেকে শ'খানেকবার শুনেছি এত দিন নেতা বলতেন এখন দেখতে পাচ্ছি যে ওঁর সাঙ্গ-পাঙ্গ যাঁরা তাঁরাও এই রকম বক্তৃতা করছেন। ওঁরা যদি একটা কাজ করেন যে কংগ্রেসের কি পলিসি আছে বা কি করার আছে কেন তাঁরা সমস্যার সমাধান করতে পারেন নি—এর যদি একটা রেকর্ড করে নেন তাহলে এই একই রেকর্ড সব জায়গায় বলা যাবে অন্ততঃ ও'দের বক্তৃতা শুনে তাই মনে হোল। স্যার, এই বাজেটের এক জায়গায় লেখা হয়েছে প্রথম পাতাতে তাঁরা স্বর্গত বিধানবাবুর কথা উল্লেখ করেছেন তিনি অন্যান্য যেসব কাজ করিয়া গিয়াছেন সেগুলির মধ্যে তিনি যেভাবে প্রায় দেউলিয়া

শ্চমবঙ্গে আর্থিক অবস্থাকে স্থায়িত্বের পর্যায়ে আনিয়াছিলেন তাঁহার কথা আমি উল্লেখ করতে ই" এখন প্রশ্ন হচ্ছে মৃত ব্যক্তির প্রতি শ্রদ্ধা জানান কোন আপত্তি নেই কিন্তু যদি এই প্রশ্ন াসে যে তিনি দেউলিয়া পশ্চিমবঙ্গকে একেবারে সাংঘাতিকভাবে উন্নত স্তরে পেঁছে দিয়ে গেছেন ই বক্তব্যের সংগে আমরা একমত নই। কেন না আজকে যে আর্থিক দুরবস্থা হয়েছে সেই রবস্থার শুধু আজকেই আসে নি বহু দিন আগে থেকে এটা সুরু হয়েছে এবং এর আগেও পলিসি ছিল—সেই একই পলিসি আজও আছে। দ্বিতীয়তঃ ২-এর পাতায় আর এক জায়গায় ল্লেখ করা হয়েছে যে "সমগ্র তৃতীয় পরিকল্পনা কালের মধ্যে জাতীয় আয় এবং মাথাপিছু ায়ের বৃদ্ধির লক্ষ্য যেখানে স্থির করা হইয়াছিল যথাক্রমে ৩০ শতাংশ এবং ১৭ শতাংশ সেখানে ীয় পরিকল্পনার প্রথম তিন বৎসরে স্থিতিশীল মূল্যমানের হিসাবে জাতীয় আয়ের বৃদ্ধি টিয়াছিল মাত্র ১০ শতাংশ এবং মাথাপিছু আয়ের বৃদ্ধি ঘটিয়াছিল মাত্র ২ শতাংশ"।

2-40—2-50 p.m.]

ের শতাংশ থেকে ৩০ শতাংশ বাড়বে। ৫ বছরের প্রতি বছরে ৬ শতাংশ করে বাড়ার কথা, সখানে ৩০ শতাংশ-এর সামান্য কিছু বেড়েছে এবং যেখানে মাথা পিছু আয় বাড়ার কথা র্ধেকের বেশী সেখানে ওদের তথ্য অনুযায়ী মাথা পিছু আয় বেড়েছে ২ শতাংশ। মাথা পিছু য় কিভাবে নির্ধারিত হয় তা আপনি জানেন। বাংলাদেশে ও'রা যে পরিকল্পনা করেছেন ার অর্ধেকের অর্ধেক যদি হয় তাহলে তা থেকে বোঝা যায় কি উন্নতি ও'রা ঘটাবেন। অর্থ-ন্ত্রী মহাশয় বক্তৃতা দিচ্ছিলেন যে ওঁরা সাংঘাতিক উন্নতি করেছেন কিছু কিছু কংগ্রেস সদস্য লেলেন যে উন্নতি এতটা হয়নি বটে তবে ঠিক যে উন্নতি হচ্ছে, কিন্তু উদ্দীপনা পাবার মত উন্নতি হয় নি। নিজেরাই নিজেদের পিঠ চাপড়াচ্ছেন, বেশী উন্নতি হয়েছে কি কম উন্নতি হয়েছে এই কথা বলছেন এবং বিশেষ করে অজয় মুখার্জী সেদিন প্রসঙ্গক্রমে নিজেদের দেশের উন্নতির কথা বলতে গিয়ে বিভিন্ন দেশের লোক কি সার্টিফিকেট দিয়েছে সেই সার্টিফিকেটের কথা তুললেন এবং আমাদের লক্ষ্য করে তিনি বললেন যে ক্রুশ্চেফ ভারতবর্ষ সম্বন্ধে এই সমস্ত কথা বলেছেন। ওঁকে একটু স্মরণ করিয়ে দেওয়া ভাল যে ক্রুশ্চেফ কেন যে কোন দেশের রাষ্ট্রনেতা কোন জায়গায় বেড়াতে এলে, যেটা সোমনাথবাবু বলছেন, কিছু শিষ্টাচার এবং সৌজন্যমূলক কথাবার্তা বলেন। তিনি ভারতবর্ষে এসে যে কথা বলেছেন সিংহলে গিয়েও সেই একই ধরণের কথা বলেছেন। তবে তিনি যে একটু বেশী বাড়াবাড়ি করে ফেলেছেন, তিনি যে আপনাদের পক্ষে বেশী কথা বলেছিলেন এবং বিশেষ করে আপনারা যেভাবে কোট করছেন তাতে তিনি গদিতে থাকতে পারলেন না এই হচ্ছে দুঃখের বিষয়। তারপর পুলিশ বাজেটে গত বছর ওদের যে বরাদ্দ ছিল তার চেয়ে ২ কোটি কয়েক লক্ষ টাকা বাড়িয়েছেন এবং এ বছরে ১ কোটি কয়েক লক্ষ টাকা বাড়িয়েছেন আমরা কয়েক দিন ধরে দেখতে পাচ্ছি যে শিক্ষকদের দাবি নিয়ে যখন কিছু বলতে যাওয়া হয় তখনই নানা রকম হৈ চৈ হট্টগোল, প্রতিশ্রুতি, টাকা নেই, এবং ওর থেকে বাইরে আন্দোলন এইসব জিনিস হয়। কিন্তু অনবরত পুলিশ খাতে খরচ বেড়ে যাচ্ছে, তারজন্য কোন গণ্ডগোল হচ্ছে না, কিছু আন্দোলনও করতে হচ্ছে না, ওঁরা নির্বিবাদে খরচ বাড়িয়ে যাচ্ছেন। মুখ্যমন্ত্রী এই হাউসে কথায় কথায় বলেন কি করব, আমাদের জন সমর্থন বেশী, আমরা বড় পার্টি। কথায় কথায় তিনি বলেন আমাদের গায়ের জ্বালা হয়েছে। ওঁরা বড় পার্টি, জন সমর্থন বেশী। সাম্রাজ্যবাদীরা যখন ছিল, যারা দেশকে অস্ত্রের দ্বারা শাসন করে এখানে বাস করত, তাদের সময় তাদের যে পুলিশের সংখ্যা ছিল এবং যে টাকা পুলিশ বাজেটে খরচ হত আনডিভাইডেড বেঙ্গলে, আজকে ডিভাইডেড বেঙ্গলে তার চেয়ে অনেক গুণ বেশী টাকা খরচ হচ্ছে। কি রকম জন সমর্থন? শিক্ষা খাতে খরচ করা যাবে না, কিন্তু পুলিশ খাতে খরচ ঠিক নিয়মিত বাড়ান যাবে। আমি আমাদের অর্থমন্ত্রীকে জিজ্ঞাসা করি যে সরকারকে অনবরত পুলিশ খাতে ব্যয় বরাদ্দ বাড়াতে হয়, পুলিশের উপর নির্ভর করতে হয় সেই সরকারকে কি সরকার বলবেন? সেটার তিনি একটুখানি উত্তর দেবেন। তাঁরা যখন বলেন যে আমরা এত ভোট পেয়েছি, আমাদের জন সমর্থন অনেক বেশী আপনাদের গায়ের জ্বালা ধরেছে তখন জিজ্ঞাসা করি যে কটা সাধারণ নির্বাচন হয়ে গেছে তাতে তাঁরা শতকরা ৫০ ভাগ ভোট একবারও পেয়েছেন কি? অর্থাৎ এই কথা বলতে চাই যে তাঁরা কোনবারই সংখ্যা গরিষ্ঠ ভোট পাননি। অথচ এ্যাসেম্বলীতে দাঁড়িয়ে

বড় বড় কথা বলেন। অবশ্য দুর্ভাগ্যের কথা যে আমরা সমস্ত বামপন্থীরা এখনও এক হতে পারিনি, আমাদের একতাবদ্ধ আন্দোলন সব সময় হয় না। যদি একতাবদ্ধ হতে পারতাম তাহলে এটা আমি বলে দিতে পারি এখানে যে ওঁরা করে খাচ্ছেন সেটা করে খেতে হত না। মাননীয় স্পীকার মহাশয়, সভা সমিতি হলে ওঁরা বলেন যে আমরা পরিকল্পনা করছি এত দ্রুত হারে জাতীয় আয় বাড়িয়ে দেব, উৎপাদন এই রকম বাড়বে। পরিকল্পনা'টা যেন এদের একটা সার্টিফিকেট, এটা যেন করা শক্ত ব্যাপার। কিন্তু পরিকল্পনা যেটা করেছেন সেটাকে সঠিক ধরে তার সংগে সংগতি রেখে ও'রা কতখানি বাড়িয়েছেন বা কমিয়েছেন তার উপর ও'দের সাফল্য নির্ভর করছে। কিন্তু আপনাকে এটা স্মরণ করিয়ে দিতে চাই বহু দেশ আছে আমাদের এই ভারতবর্ষের পাশাপাশি যেমন সিংহল, বর্মা, ইত্যাদি তারা ভারতবর্ষের চেয়ে দ্রুত অনেক বেশী উন্নতি করেছে এবং পরিকল্পনা করেনি এমন অনেক দেশ আছে যাদের উন্নতির হার ভারতবর্ষের চেয়ে বেশী। ও'রা মনে করেন যে পাঁচবার পরিকল্পনা পরিকল্পনা এই কথা বললে বোধ হয় দেশের লোককে ভুলিয়ে দেওয়া যাবে।

যেখানে ১৭ বছর ধরে এতগুলো পরিকল্পনা করে ও দেশকে খাদ্যের দিক থেকে স্বয়ং সম্পূর্ণ করতে পারলেন না, সেখানে আবার কত বড় বড় কথা বলেন আমরা অমুক খাতে এত খরচ বাড়িয়েছি, কৃষিতে এত, শিল্পে এত, আমরা বিদেশীদের কাছ থেকে এত ধার নিয়েছি ইত্যাদি বড় বড় কথা গর্ব করে বলেন। কালকে রবীন্দ্রবাবু বলেছেন, কেন জানিনা তাদের গর্ব'টা আসে কোথা থেকে? যে দেশের রাষ্ট্রনেতারা বিদেশীদের আহবান জানায় তোমরা নিজেদের দেশে টাকা খাটিয়ে যে লাভ কর, তার চেয়ে বেশী লাভ এখানে আমরা দেব তোমরা ব্যক্তিগত টাকা খাটাও, পুঁজি খাটাও। এটা তাঁরা তাদের সংগে বলেন। তবুও বলবেন এটা সমাজতন্ত্র। তাহলে সেটা কি রকম সমাজতন্ত্র তা আমাদের বুঝতে হবে। গত ১৭ বছর ধরে তারা শুধু খাদ্যের দিক দিয়ে স্বয়ং সম্পূর্ণ হতে পারলেন না, ১৯৫৩-৫৪ সাল কি কোন্ সাল মনে করতে পারছি না যখন আমাদের স্বর্গীয় কিদোয়াই সাহেব ছিলেন কেন্দ্রীয় খাদ্য-মন্ত্রী, তখন শুনেছিলাম ঐ খাদ্য ঘাটতি প্রসংগে তিনি বলেছিলেন আমরা খাদ্য ঘাটতি তো পূরণ করবোই, উপরন্তু কয়েক বছর পর থেকে আমরা বিদেশে খাদ্য রপ্তানী করতো। সে যেন বিদেশে খাদ্য রপ্তানী করে করে এই রকম অবস্থা। কিন্তু এখন দেখা যাচ্ছে স্বাধীনতার ১৭ বছর পরেও বিদেশ থেকে চাল গম ইত্যাদি আমদানী করতে হচ্ছে। এদের এই প্রতিশ্রুতি মানে কী? এত পরিকল্পনা, এত বড় বড় প্রতিশ্রুতি তারপরেও দেখি চাল নাই, নুন নাই, তেল নাই, চিনি নাই, কোন কিছু নাই। আর বার বার কথায় কথায় তাঁরা বলেন আমরা সুযোগ নিচ্ছি। কিসের সুযোগ নিচ্ছেন? এ'রা সুযোগ নিচ্ছেন লোকের দারিদ্রের, লোকের বেকারীর। ভাগচাষীকে জমি দেন নি, তার সুযোগ তাঁরা নিচ্ছেন, বন্যার সুযোগ তাঁরা নিচ্ছেন, শিক্ষক আন্দোলনের সুযোগ তাঁরা নিচ্ছেন। ও'রা গুলি চালিয়েছেন লোকে বিক্ষুব্ধ হয়েছে তার সুযোগ নিচ্ছেন, জোর করে হিন্দীভাষা চাপাবেন তার সুযোগ এ'রা নিচ্ছেন, নিরক্ষরতা বাড়ছে তার সুযোগ নিচ্ছেন, অনবরত সুযোগ নিচ্ছেন। বলি এই সুযোগটা সরকার দিচ্ছেন কেন? এই সুযোগটা কে আপনাদের বাহাদুরী করে দিতে বলেছে। সুযোগটা যদি আমরা নিতাম, তাহলে আর আপনাদের ওখানে ম্যানেজারী করতে হতো না, আপনাদের ওখান থেকে সরিয়ে দিতাম। অনেক জায়গায় সুযোগ আমরা নিতে চাইনি, দেশের সামগ্রিক স্বার্থের দিকে লক্ষ্য রেখে। আমরা সুযোগ নিচ্ছি, আমরা সুযোগ নিচ্ছি, আমরা সুযোগ নিচ্ছি বলে ও কথাটা আর বলবেন না। ও'রা বলেন উৎপাদন বাড়িয়েছি। কিন্তু সমস্যার সমাধান তো হলো না। সমস্যার কথা যদি বলা হয়, তাহলে যে আমাদের কিছু উন্নতি হয় নাই তা কি অস্বীকার করেন। আর উন্নতি কাকে বলবো? এ সম্বন্ধে নানারকম মতান্তর আছে। আবার সংগে সংগে বলেন উন্নতি হয়নি? এই দেখো কত বিল্ডিং করেছি, এই যে ১১৮৩ মাইল রাস্তা জায়গায় আমরা ৭০,০০ মাইল রাস্তা করেছি। এত টিউবওয়েল বসিয়েছি, কত বুনিয়াদী স্কুল করেছি। আর সংগে সংগে আমরা গণ-ভোটাধিকার দিয়েছি। উন্নতি হয় নাই? আমরা বলেছি হ্যাঁ, রাস্তা করেছেন। কিন্তু রাস্তা করলে কি খাদ্যে স্বয়ং সম্পূর্ণ করা যায় না? রাস্তা করলে কি উন্নতি করা যাবে না? রাস্তা করলে কি চাল পাওয়া যাবে না? তেল লুকিয়ে ফেলতে হবে? না, বেকার সমস্যার সমাধান হবে না?

[2-50—3 p.m.]

একটা দেশ দেখান যাঁরা মুখে বড় বড় কথা বলেন, একটা দেশ দেখান সত্যিকারের বিদেশী শোষণ যেখানে নেই। এমন একটা দেশ দেখান যেখানে ১৭ বছরে বেকার সমস্যার সমাধান করতে পারেনি। একটা দেশও দেখাতে পারবেন না। তারপর ওঁরা বলেন যে উন্নতি হয়েছে আমরা বলি হ্যাঁ, কয়েকটা টিউবওয়েল হয়েছে, আর কয়েকটা প্রাইমারি স্কুল বাড়িয়েছেন। কিন্তু উন্নতি বলতে দেশের মানুষের মাথাপিছু আয় বাড়াতে পেরেছেন কিনা? দেশের মানুষের জীবনের সামগ্রিক উন্নতি আপনারা করতে পেরেছেন কিনা? তা যদি না করতে পেরে থাকেন তাহলে বলব উন্নতি হয়নি। আজকেও বাংলাদেশের শতকরা ৮০ জন লোক কৃষির উপর নির্ভরশীল। এই যাঁরা কৃষির উপর নির্ভরশীল তাদের মধ্যে বেশীর ভাগের বছরের মধ্যে ৩ থেকে ৪ মাসের বেশী খোরাক হয় না। আমি বাংলাদেশের এই এ্যাসেমব্লীতে ২।৩ বার এই তথ্য দিয়েছি। এটা আপনাদেরই তথ্য, আমি অন্য কোন দেশের তথ্য আনবো না। কোন বিদেশের লোকের সার্টিফিকেট-এর কোন প্রয়োজন নেই। আপনাদের পরিবেশিত তথ্যই আমি দেখাবো। ১৯৫১ সালে সেনসাস-এ যে রিপোর্ট বেরিয়েছে তাতে আছে যে ৬ লক্ষ ভাগচাষী আর ৭ লক্ষ ক্ষেত মজুর পরিবার। তাদের ৪ থেকে ৬ মাসের খোরাকও হয়না। এই রকম যেখানে শতকরা ৮০ জন লোক কৃষির উপর নির্ভরশীল, যাদের ৫ থেকে ৬ মাসের বেশী খোরাক হয় না, যাদের বাকি ৭ মাস রিলিফের উপর নির্ভর করে থাকতে হয়, যে দেশের এই অবস্থা সেই দেশের অর্থমন্ত্রী কিম্বা ওই কংগ্রেসী পান্ডারা যখন নেচে নেচে বলেন আমরা সাংঘাতিক উন্নতি করেছি তখন দেখা যায় দেশের লোকেরা রিলিফের উপর নির্ভর করে আছে। এমত অবস্থায় তাঁদের অন্ততঃ উন্নতি কথাটা বলা চলে না। এই প্রসঙ্গে, বিশেষ করে আমি বলতে চাই যে আমরা মনে করি সমস্যার সমাধান যদি করতে চান তাহলে প্রথমে কৃষকদের জমি দিতে হবে। তা যদি না দেন তাহলে কখনই কৃষকদের উন্নতি তো হচ্ছে না বরং গড় উৎপাদন কমতে থাকবে অর্থাৎ ফলন কমতে থাকবে। এবং কৃষকদের মনে কোন উৎসাহের সৃষ্টি হবে না। কৃষকেরা বর্গাদারদের মনে যদি এই সন্দেহ থাকে যে আজকে সে যে জমি চাষ করছে কালকে সেই জমি তার হাতে থাকবে কিনা? এরকম সন্দেহ যদি তার মনে থাকে তাহলে সে কোন উৎসাহ পাবেনা বা জমিতে নূতন কিছু খরচও করবে না। কেননা সে জানেনা তার হাতে জমি থাকবে কিনা? তারপর এটাও আমরা দেখেছি, কোন বর্গাদার তার হয়ত অল্প জমি আছে, তাকে বেশীরভাগ মজুরী করেই খেতে হয়। ফলে সে তার নিজের জমি যাহোক তাহোক করে চাষ করে মজুরীর উপরই নির্ভর করে বলেই তার নিজের জমিতে ফলন কমে যায়। সুতরাং আমাদের প্রথম কথা হচ্ছে যে কৃষকদের হাতে আপনারা যদি জমি না দিতে পারেন তাহলে ও যতই সমাজতন্ত্রের কথা বলুন আর যতই পুঁজিবাদকে সমাজতন্ত্রের নামে চালাতে চেষ্টা করুন সমস্যার সমাধান হবে না। আপনারা তো অনেক বড় বড় কথা বলেন, কিন্তু কই আপনারা কৃষককে জমি দিলেন কোথায়? জমিদারী প্রথা উচ্ছেদের কথা বললেন, গ্রামের দিকে নিঃশব্দ বিপ্লবের কথা বললেন, এসব কথা ১০।১২ বছর ধরে শুনছি কিন্তু কই কৃষকরা তো জমি পেলনা। আর কৃষকরা জমি না পেলে সমস্যার সমাধান কোনদিনই হবে না। তারপর শিক্ষার কথা বলি। শিক্ষা খাতে আরও টাকার কথা যখন বলা হয় তখন আপনারা কেবল বলেন যে তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যেখানে ৫৫ কোটি টাকা খরচ করেছি সেখানে চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ৭১ কোটি টাকা খরচ করছি। আর টাকা পাবো কোথা থেকে? কিন্তু আমরা বলব টাকা আছে, ঐ বিদেশী শোষণ বন্ধ করুণ। তারজন্য যে সুদ আমাদের দেশ থেকে চলে যায় সে যাওয়া বন্ধ করুণ, সমস্ত ব্যাঙ্ক জাতীয়করণ করুণ, সমস্ত এসেনসিয়্যাল শিল্প, সেগুলি নিজেদের হাতে নিন, ঠিক করে দেশ চলুক টাকার অভাব হবে না। আর ওই বিদেশী শোষণও থাকবে, আমাদের মালিকরা অতিরিক্ত মুনাফাও করবে আর আপনাদের টাকা হবে। তাতো হতে পারে না। সুতরাং সমস্যার সমাধান যতক্ষণ না করছেন অর্থাৎ কৃষকদের হাতে জমি না দিচ্ছেন, বিদেশী শোষণ, মুনাফাবাজী বন্ধ না করছেন, যতক্ষণ পর্যন্ত না দেশের মানুষের হাতে উৎপাদন ও নিয়ন্ত্রনের ভার দিচ্ছেন ততক্ষণ পর্যন্ত সমস্যার সমাধান হবে না। কিন্তু সেকথায় আমি যাচ্ছিনা কেন না আমি জানি আপনারা কোনদিনই তা করবেন না। আপনারা মনে করছেন, যেহেতু লোকে আজকে সমাজতন্ত্র চাইছে সেইহেতু সমাজতন্ত্রের কথা বলি এবং এইভাবে সমাজতন্ত্রের কথা বলেই লোককে আরও কিছুদিন ভোলাতে পারি। আমি

জানি সমাজতন্ত্রের সঙ্গে আপনাদের কোন সম্পর্ক নেই। এই এ্যাসেম্ব্লীতে আমি বহুদিন ধরে বক্তৃতা শুনছি কিন্তু এখন বুঝতে পারলাম না আপনাদের সমাজতন্ত্রটা কোন দেশের সমাজতন্ত্র। আপনাদের সমাজতন্ত্রে কি বিদেশী শোষণ থাকবে? আপনাদের সমাজতন্ত্রে কি জমিদার, বড় বড় শিল্পপতি থাকবে? এগুলো একটু বলুন, আপনাদের সমাজতন্ত্রের ছবিটা আমাদের কাছে, একটু পরিষ্কার করে দিন তাহলেই আমরা বুঝতে পারবো আপনাদের সমাজতন্ত্রটা কি? আমরা জানি সমাজতন্ত্রের নামে ধাপ্পা দিয়ে আপনারা জনসাধারণকে আরও যতদিন বিভ্রান্ত করা যায় তার চেষ্টা করছেন। অজয়বাবু সেদিন তথ্য দিচ্ছিলেন যে কৃষির ক্ষেত্রে এবং অন্যান্য ক্ষেত্রে কত উন্নতি হয়েছে। আমি অজয়বাবুর তথ্যগুলি টুকে নিলাম তাতে দেখলাম এত উন্নতি যেখানে হয়েছে সেখানে জিনিসপত্রের দাম এত বাড়ছে কেন? আমিও ও'দেরই তথ্য দেব অন্য তথ্যের সাহায্য নেব না। উনি বলেছিলেন যে আমি বাংলাদেশের তথ্য দিচ্ছি। সেই তথ্যে উনি দেখলেন যে ১৪ কোটি কয়েক লক্ষ মন চাল ১৯৫০ সালে বাংলাদেশে হয়েছে। সেখানে এখন হচ্ছে ২১ কোটি কয়েক লক্ষ মণ অর্থাৎ বেড়েছে ৫০ পারসেণ্ট। তারপর উনি দেখালেন যে যেখানে ৭০ লক্ষ মন আলু হত সেখানে ২ কোটি মন আলু হচ্ছে অর্থাৎ ৩ গুনের বেশী। এই সব তথ্য পশ্চিম বঙ্গ সরকারের প্রচার বিভাগ থেকে নেওয়া। এছাড়া গুড়, তেল ইত্যাদি সব দিলেন। তাতে বুঝলাম যে মোটামুটি কৃষি এবং শিল্পতে কোনটায় ৪০ পারসেণ্ট, কোনটায় ৪৫ পারসেণ্ট, কোনটায় ৫০ পারসেণ্ট অর্থাৎ গড় হিসাবে ৫০ পারসেণ্ট বেড়েছে। ওঁর তথ্য যদি ঠিক হয়, উৎপাদন যদি বেড়ে থাকে তাহলে এখন দেখি পপুলেশন কত বেড়েছে। সেটা জানবার জন্য তাড়াতাড়ি ও'র কাছে ছুটে গেলাম। উনি আমাকে যা জানালেন তাতে দেখলাম যে ১৯৫০ সালে পপুলেশান ছিল ২৷৷ কোটি আর এখন হয়েছে ৩ কোটি ৮০ লক্ষ। হিসাব করে দেখলাম যে পপুলেশানও প্রায় ৫০ পারসেণ্ট বেড়েছে। আমি অবশ্য এ বিতর্কের মধ্যে যাচ্ছি না যে ওঁর হিসাব ঠিক কি ভুল। কিন্তু যেখানে ৫০ পারসেণ্ট পপুলেশান বেড়েছে ২।১ পারসেণ্ট কমও হতে পারে তাহলে স্বভাবতঃই একথা মনে হতে পারে যে জিনিসপত্রের দাম বাড়ল কেন? প্রোডাকসান এবং জনসংখ্যার যে বৃদ্ধি এটাতে খানিক প্যারিটি মেণ্টেন হয়েছে। তাহলে আমাদের প্রোডাকসানটা ঠিকই হয়েছে। তারপরে আমার মনে হল আচ্ছা দেখি সেই সময় বাজারে কত নোট চালু ছিল আর এখন কত আছে। আমি এ্যাসেমব্লীর লাইব্রেরীতে গিয়ে সেই তথ্যটাও নিয়ে এলাম। অজয়বাবু যদি এখানে থাকতেন তাহলে আমি সেই নোটস ইন সার্কুলেসানটা দিয়ে দিতাম। তা থেকে আমি দেখাচ্ছি। রিজার্ভ ব্যাঙ্ক অব ইণ্ডিয়া বুলেটিন নভেম্বর ১৯৬৪ তাতে আছে ছোট কয়েনের কথায় আমি যাচ্ছি না। ১৯৪৮ সালে ১৩,০৯৪ আর ১৯৬৪ সালে ২৪১০·৮ ক্রোরর্স। এটা হচ্ছে নভেম্বরে। অর্থাৎ ২ গুন বেড়েছে একটু কম বেশীও হতে পারে। উৎপাদন বেড়েছে ১৷৷ গুন আর বাজারে নোটের যে সার্কুলেশান সেটা হচ্ছে ২ গুন। এবারে অর্থনীতির হিসাবটা যদি করেন যে নোট যদি ২ গুণ বেড়ে থাকে। আমি তার মানি ভেলসিটি কতখানি বেড়েছে, কমেছে তার মধ্যে যাচ্ছিনা, কিন্তু এই যদি বেড়ে থাকে তাহলে জিনিষের দাম শতকরা ৩৩ ভাগের বেশী বাড়তে পারেনা। কিন্তু প্রশ্নটা হল জিনিষের দাম বেড়েছে কত? এর জবাবটা ও'দের তথ্য থেকে বেরুচ্ছে এই পরিমাণ জিনিষের দাম বেড়েছে, এই পরিমাণ উৎপাদন বেড়েছে, এই পরিমাণ পপুলেসান বেড়েছে আর এই পরিমাণ নোটের সার্কুলেসান বেড়েছে। জিনিষের দাম বাড়লো কেন? জবাবটা কে দেবে? এর নাম কি সমাজতন্ত্র? কেন জিনিষের দাম বাড়ছে, কেন বাড়বে? আপনারা আমাদের সে দিকে নিয়ে যাচ্ছেন। আমি শুধু একটা তথ্য দেব। চালের কথা অনেকবার বলা হয়েছে।

[3—3-10 p.m.]

আমি সেই চালে যাবনা, আমি এক একটা করে তথ্য দিচ্ছি। আলু যখন কৃষক ফলায় তখন সে মণ প্রতি পায় ৮।১০ টাকা, কিন্তু সেটা কোল্ড স্টোরেজ-এ রাখলে কিছুদিন পর এক টাকার বেশী পায় কেঃ জিঃ বিক্রি হয় অর্থাৎ ৪০ টাকা মনে সেই আলু বিক্রি হয়। স্যার, এ'দের এমনই সমাজতন্ত্র যে, কৃষক আলু তৈরী করল, যে উৎপাদন করল সে মণ প্রতি ২ টাকা লাভ করতে পারে না এবং অনেক সময় চাষের খরচও ওঠে না, অথচ উৎপাদনের সঙ্গে যার ন্যুনতম সম্পর্ক নেই, যে এতটুকু চাষ করলনা সে প্রতি মন আলু ৮।১০ টাকা দিয়ে কিনে ৪০ টাকা মন দরে বিক্রয় করল অর্থাৎ মনপ্রতি ৩০ টাকা লাভ করল। (জনৈক কংগ্রেস সদস্য ঃ—এর চেয়ে কম দামে

বিক্রি হয়) স্যার, কংগ্রেসের সদস্যারা বলছেন এর চেয়ে কম দামে বিক্রি হয়। একথা শুনলে আমার সেই মুখ্যমন্ত্রীর কথাই মনে পড়ে। অর্থাৎ একবার পি সি সেন বলেছিলেন আমরা যে নির্ধারিত দর করেছি সেই দরে বাংলাদেশে জিনিস পাওয়া যায়। কিন্তু আমরা তো জানি সেই দামে শতকরা ৮০ ভাগ জায়গাতে তেল বা অন্যান্য জিনিস পাওয়া যায় না। অবশ্য আমি জানি না সেই দামে তাঁর পায়ে কে কতখানি তেল মাখিয়েছে। যাহোক, এই যখন অবস্থা তখন বোঝা যায় কি ধরনের সমাজতন্ত্র এঁরা করছেন। যে কৃষক উৎপাদন করছে সে মনপ্রতি ২ টাকাও পাবেনা, আর উৎপাদনের সঙ্গে যার সম্পর্ক নেই সে মনপ্রতি ৩০ টাকা লাভ করবে। একে যদি সমাজতন্ত্র না বলি তাহলে আর কাকে সমাজতন্ত্র বলব। তারপর, ওঁরা হয়ত বলবেন বিরোধীদল শুধু সমালোচনা করেন, সহযোগিতা করেননা। অনেক সময় আমরা শুনেছি মুখ্য মন্ত্রিমহাশয় বলেছেন, চালের দর কেন বেড়েছে, না বিরোধী পক্ষের মিটিং এ ময়দানে লোক জমে না। এরকম উত্তর কেউ কি কোথায় শুনেছেন? অনাস্থা প্রস্তাবের বিতর্কে উত্তর দেবার সময় এঁরা বলেছিলেন, আমরা কাদের হাতে দিয়ে যাব? রাধাকৃষ্ণবাবু আবার কবিতার ভাষায় বলেছিলেন, "কানু হেন গুণনিধি কারে দিয়ে যাব"। এই হোল তাঁদের উত্তর। তারপর, তেল পাওয়া যাচ্ছেনা কেন? তার উত্তর হোল তোমরা বিরোধীপক্ষের লোকেরা এক নও কেন? স্যার, এরকম উত্তর এঁরা বরাবর দিয়ে যাচ্ছেন এবং মুখে সমাজতন্ত্রের কথা বলছেন। তারপর ফলন সম্বন্ধে একটা কথা বলতে চাই এবং সেটা হচ্ছে প্রথম দিকে যেসব দেশের উৎপাদন কম থাকে অর্থাৎ নীচের স্তরে থাকে তাদের পারসেন্টেজ অনেক বেশী করে দেখান যায় এটা খুব শক্ত ব্যাপার নয়। যেমন ধরুন, আমাদের দেশে প্রথম বছর আমরা একটা সাইকেল তৈরী করলাম এবং তার পরের বছর দুইটা সাইকেল তৈরী করে দেখলাম যে আমাদের উৎপাদন হান্ড্রেড পারসেন্ট ইনক্রিসড হয়েছে। কিন্তু আসলে কি হোল? তারপর, অন্যান্য দেশ যেখানে উন্নত প্রথায় চাষ হয় তাদের সঙ্গে তুলনা করলে দেখব আমরা তাদের ১/৬ ভাগ করি। কিন্তু সেখানে যদি আমাদের ৫ মন থেকে বেড়ে সাড়ে পাঁচমন হলেই আমরা বলি আমাদের উৎপাদন টেন টু ফিফটিন পারসেন্ট প্রডাকসন বেড়ে গেল তাহলে আসলে কি দাঁড়ায়? কাজেই এইরকম উৎপাদন বৃদ্ধি দেখান যায়। তারপর কথা হচ্ছে কৃষিজাত পণ্যের উৎপাদন বেড়েছে। আমি জিজ্ঞাসা করি এটা সমাজতান্ত্রিক অর্থনীতির কথা, না পুঁজিবাদী অর্থনীতির কথা? কৃষকের যেখানে উৎপাদন বাড়ল, দাম বাড়ল সেখানে তার ঋণের পরিমাণ কি করে বাড়ে। এটা আমার তথ্য নয়, ভারত সরকারের তথ্য। ১৯৫০ সাল থেকে ১৯৬৪ সাল পর্যন্ত যে রিপোর্ট তাতে দেখবেন কৃষকদের ঋণের পরিমাণ অনেকটা বেড়ে গেছে। কৃষকের উৎপাদন বাড়ল, তার দাম বাড়ল, অথচ কৃষকের মাথাপিছু ঋণের পরিমাণ বেড়ে গেল এটা কি জাদু নয়? এই যখন অবস্থা তখন মুনাফা কে নিয়ে যাচ্ছে সেটা বোঝার জন্য বেশী বুদ্ধির দরকার হয় না। তারপর, ৮।১০ বছর ধরে আমরা দেখছি স্টেট ট্রেডিং-এর জন্য কথাবার্তা হচ্ছে এবং ১৯৫২-৫৩-৫৪ সাল এমন একটা বছরও এলনা যেখানে আপনারা ঘাটতি করেননি। আপনারা ঘাটতি করুন তাতে আমাদের কোন আপত্তি নেই। তারপর, গত বছর বলা হয়েছিল আমরা কারুর কথা শুনবনা, আমরা স্টেট ট্রেডিং করবই এবং এটা আমাদের মৌলিক আবিস্কার। তখন বিরোধী পক্ষ থেকে বলা হোল আমরা এটা বলেছিলাম। তখন ওঁরা বলল, না আমরা বলেছি। তখন আমরা বলেছিলাম, হ্যাঁ আপনারাই বলেছেন, তবে সেটা চালু করুন। তখন ওঁরা বললেন আমরা স্টেট ট্রেডিং চালু করব বটে, তবে ব্যবসাদারদেরও চাল কিনবার সুযোগ দেব। বক্তব্য আমার মনে আছে, তখন গণেশবাবু উত্তর দিয়েছেন ষ্টেট ট্রেডিং এই রকমভাবে করে ঘরে সতীন ঢোকাচ্ছেন কেন, অনেক কথাবার্তা হল সতীন আনা নিয়ে, আমি বুঝলাম কিছু কিছু ষ্টেট ট্রেডিং চালু করবেন। মূলতঃ দেখা গেল একই রকম অবস্থার সৃষ্টি করছেন, কোন জায়গায় করলেন না। ষ্টেট ট্রেডিং চালু আল্টিমেটলী কিভাবে করলেন? গত ১০ বছরে যা করেছেন অর্থাৎ মিল মালিকের লেভির উপরই নির্ভর করছেন, এত অভিজ্ঞতার পরও এঁরা ষ্টেট ট্রেডিং চালু করলেন না কার স্বার্থে? প্রশ্ন এখানে কার স্বার্থে করলেন না, বাধাটা কোথায়, বিধানসভায় ঘোষণার পরও এঁরা ষ্টেট ট্রেডিং চালু করলেন না, বাধা হচ্ছে কংগ্রেস বেঞ্চের যারা এই সমস্ত জমির মালিক, ষ্টেট ট্রেডিং করলে তাদের অসুবিধা হয় তাই করলেন না, করলে কেরালার মত এঁরা ভোটে হেরে যাবে, সেজন্যই করছেন না। কাজেই আমরা দেখছি কলকাতায় কি সংঘাতিক অবস্থা, বর্তমানে যা অবস্থা তাতে এখন সারা বছরের অবস্থা নেই, এই মাস

পরেই আমাদের এই অবস্থা থাকবেনা, এটা ভাল করে জানা আছে, সুতরাং আগামী দিনে সংকট ফের সৃষ্টি করবেন তার জন্য যে ষড়যন্ত্র করছেন এটা পরিষ্কার বুঝা যাচ্ছে। মাঝে মাঝে উৎপাদন বৃদ্ধি নিয়ে মুখ্যমন্ত্রী বলেন এ বছর বাম্পার ক্রপ হয়েছে, টোয়ের উপর ভর দিয়ে বুক চিতিয়ে এমনভাবে বলেন গর্ব করে, যেন তিনি বেশী ধান ফলিয়ে ঝাড়াই মাড়াই করে এই এসেম্বলীতে এলেন। এতে এঁদের কোন কৃতিত্ব নাই। এরা আপনাদের সার নেয়নি, সরকারী সার নেয়নি, জোড়াবলদ কেনার জন্য যে টাকা দেন সেই টাকা নিয়ে মাছের ডিম ছেড়ে দিচ্ছেন, কেউ দেখলাম সুদে খাটায় এই জোড়া বলদ কেনবার টাকা নিয়ে। সুতরাং সেচ এলেকা কতখানি বেড়েছে এই যে আপনার তথ্য, কতটা কি হয়েছে এবং যে টাকায় জোড়া বলদ কেনবার কথা তা যে সুদে খাটায় তা আমরা জানি। সুতরাং এই বাম্পার ক্রপ হয়েছে তাতে আপনার কোন কৃতিত্ব নাই। যখন বাম্পার ক্রপ হবে তখন বলবেন আপনার কৃতিত্ব আর যখন বন্যা হবে তখন বলবেন দৈব দুর্বিপাক। আর সেচের অবস্থা এইরূপ যে অজয়রাবু যখন সেচ মন্ত্রী ছিলেন তখন এরূপ অবস্থা যে বলার কিছু নাই, তবে বন্যা হলে কি হবে জানিনা, পরীক্ষা প্রার্থনীয়, সেচের অন্তর্গত কত জমি নিয়েছে, আপনাদের কাছে সেই তথ্য আছে আমার বলার কিছু নাই, জমি বেশী লিখুন, তাতে আমার বলার কিছু নাই। বাম্পার ক্রপ হলে কৃষি উৎপাদন বাড়লে মুনাফা কে নিচ্ছে, অন্য কথা, আপনার এতে বুক ফুলিয়ে বলার কিছু নাই। আপনি বলতে পারেন একটা জিনিষ আছে কমন, জোড়া বলদ দিয়ে চাষ হয় এবং আপনাদের ভোটের প্রতীক জোড়া বলদ, এর বেশী আপনাদের কৃতিত্ব নাই। ট্রাক্টার হলে আপনাদের অসুবিধা হবে।

এবারে উদ্বাস্তুদের কথা একটু বলি। আপনারা সব সময় বলেন দেখি, উদ্বাস্তু ভাই বোনেরা বলে অনবরত অশ্রু বিসর্জন করেন।

[3-10—3-20 p.m.]

কিন্তু আপনারা উদ্বাস্তুদের জন্য কি করলেন তার কিছুই জানা গেল না আমি আমার এলাকায় দেখেছি যে উদ্বাস্তুরা তারা নিজেরা বন কেটে, জঙ্গল পরিষ্কার করে সেখানে বাস করছেন। এদের লোন দেওয়া দূরে থাক আমি আমাদের ত্রাণমন্ত্রীর কাছে গিয়েছিলাম ত্রাণমন্ত্রীমহাশয়া আমাকে বললেন যে আমরা সি-এম-পি-ও-এর জন্য অপেক্ষা করছি তাই আমরাও অন্য কিছু করে উঠতে পারছি না। আমরা সহরের কথা বুঝি কারণ বর্ষার সময় সহরের লোককে অপেক্ষা করতে বললে তার মানে হয় কারণ সেখানে সুইচ টিপলে আলো জ্বলে, কল খুললে জল বেরোয়, সেখানে পিচের রাস্তা তাই সেখানকার লোকেরা পাঁচ বৎসর অপেক্ষা করতে পারে কারণ তারা ন্যূনতম অবস্থায় পৌঁচেছেন। তিনি তাদের অপেক্ষা করতে বলুন তাতে ক্ষতি নেই উনি আমার সাক্ষাতের সময় বললেন যে আমরা নূতন উদ্বাস্তুদের নিয়ে এমন অবস্থায় আছি যে অন্য কিছু করবার আমাদের সময় নেই। ফুরিয়ে গেল ন্যাটা। আমি বললাম যে আপনারা কি বিরোধী দলের কনস্টিটিউয়েন্সী-তে কিছু করবেন না? উনি বললেন না, না তা নয় করবো তবে একথা ঠিক বিরোধীদের কোন জায়গায় কিছু করেন নি। অর্থাৎ সেচ এলাকার উদ্বাস্তুদের জন্য ছিটে ফোঁটা করবেন যদি সেটা নিজেদের কনসটিটিউয়েন্সী হয়- যদি সেখানে নিজেরা ভোট পান। আর নিজেরা ভোট না পেলে কেবলমাত্র বক্তৃতায় উদ্বাস্তু ভাই বোনেদের জন্য চোখের জলের বন্যা সৃষ্টি করবেন।

তারপর শিক্ষার কথা বলছি আমার কংগ্রেসের বন্ধুরা বললেন যে এমন অবস্থার সৃষ্টি করছি যাতে শিক্ষার আর কোন গলদ নেই। মুখ্যমন্ত্রী মহাশয় আগে একটা বিরাট তথ্য দিতেন বলতেন যে আমরা কত বুনিয়াদী স্কুলই না করেছি। বুনিয়াদী, বুনিয়াদী, বুনিয়াদী শুনতে শুনতে কান আমাদের ঝালাপালা হয়ে গেল। কিন্তু এখন আমরা দেখতে পাচ্ছি যে পরিকল্পনা কমিশনই বলেছেন যে বাংলাদেশ কেন সারা ভারতবর্ষে আজকে নিরক্ষতার সংখ্যা বেড়েছে। বুনিয়াদী কথা ত পরে যেখানে নিরক্ষতার সংখ্যা এত বেড়েছে সেখানে বুঝতে পারছেন যে শিক্ষার প্রতি কিরকম দৃষ্টি দেওয়া হয়েছে। অপরদিকে আমরা দেখছি যে আমাদের মাস্টার মহাশয়দের দাবীর জন্য এ্যাসেম্বলীতে উঠে বক্তৃতার পর বক্তৃতা করে বাধার সৃষ্টি করে এবং স্পীকারের দৃষ্টি আকর্ষণ করে একথা বলতে হয় যে মুখ্যমন্ত্রী অথবা এডুকেসন মিনিস্টার

একটা ষ্টেটমেণ্ট দিন। এই ত যেখানে অবস্থা সেখানে যদি বলেন এত বুনিয়াদী স্কুল করলাম বা এত মাটির দেওয়াল গাঁথলাম এই মাটির দেওয়াল গেঁথে আর বুনিয়াদী স্কুল করে যদি সমাজতন্ত্রের পথে গড় গড় করে এগিয়ে যাওয়া যায় তাহলে তাকে ভণ্ডামি ছাড়া আর কি বলব?

তারপর বেকার সমস্যার কথা এই বেকারের কথা যদি বলা যায় তা হলে দেখা যাবে ওদের পরিকল্পনা কমিশন যে তথ্য দিয়েছেন যে তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ৮০ লক্ষ লোক আরও বেকার ছিল তা কমবে না বরং চতুর্থ পরিকল্পনার প্রথমে ১ কোটী ২০ লক্ষ বেকার নিয়ে কাজ শুরু করতে হবে। চমৎকার আমরা এগিয়েছি। এর নামই কি সমাজতন্ত্র যে যতদিন যাবে তত বেকার বাড়বে এবং নিরক্ষরতা বাড়বে বা যতদিন যাবে তত জিনিষপত্রের দাম বাড়বে?

দুর্নীতি দমনের কথা একটু বলি, আমার এক বন্ধু সেদিন বলছিলেন যে তোমরা সভাতে যে কি কর তা বুঝি না বা যে কি চোরাকারবার দমন কচ্ছে তা জানি না, সে বলল আমি এক জায়গায় তেল কিনতে গেলাম আমাকে পাইখানার পাশে দাঁড়ান আমি জিজ্ঞাসা করি আড়াই টাকার তেল ছয় টাকায় কিনব তা চুপি চুপি কেন তারপর সে ভদ্রলোক আরও জানাল সেখানে প'য়তাল্লিশ মিনিট দাঁড়াবার পর একজন গেল তেল দিয়েই বলল পুলিশ আসছে ছুটে চলে যান আপনি ছুটে চলে গিয়ে পরে যখন তেলের টিন খুললেন তখন সেটা দেখলেন সেটা সরষের তেলও নয় এই ভাবেই তারা দুর্নীতি দমন করছেন। দুর্নীতি দমন করা ভাল কিন্তু যদি দেখি দুর্নীতি দমনের নামে যদি এই ভবে কাজ চালান হয় তা হলে মানুষের মনে ক্ষোভ আসা স্বাভাবিক। দুর্নীতির বিরুদ্ধে আজকে যে ক্ষোভ তা চক্ষুলজ্জার খাতিরে লোকে খানিকটা সেটা দমন করেছেন কিন্তু দুর্নীতি যে অবস্থায় সে অবস্থায় আছে এর রেজাল্ট আমরা কোন কিছু দেখতে পাচ্ছি না সুতরাং ওরা যে কি দুর্নীতি দমন করছেন তা জানি না। মাঝে মাঝে ওরা আবার গণতন্ত্রের কথা বলেন যখন কিছুদিন আগে স্ট্রাইক হয়েছিল তখন আমি একজন কংগ্রেস সদস্যকে জিজ্ঞাসা করেছিলাম যে স্ট্রাইক হচ্ছে ত আপনারা সংগে সংগে ধরছেন কেন আপনারা কি কনষ্টিটিউশন মানেন না বা রাইট টু স্ট্রাইক মানেন না? তিনি বুক ফুলিয়ে বললেন রাইট অফ স্ট্রাইক এসব জানি না। যখন যেমন তখন তেমন, হাসান-হোসেন, হাসান-হোসেন এই ত ব্যাপার রাইট অফ স্ট্রাইক যা তা ওরাও স্বীকার করতে চান না বলেন স্ট্রাইক করলেই ধরব। এর পর যদি বলা হয় যে আপনারা আয়ুব খাঁর মতন চালাচ্ছেন তা হলেই মহা গণ্ডগোল। তাই এই যে বাজেট বরাদ্দ দিয়েছেন এর মধ্যে আমাদের উন্নতির কোন সম্ভাবনা নেই বরং দেশের লোক দিনের পর দিন দুর্দশাগ্রস্ত হবে। আমি এর বিরোধীতা করছি।

Dr. Kanai Lal Bhattacharyya:

মাননীয় স্পীকার স্যার, এবার এই বাজেটে লক্ষ্যণীয় বস্তু হচ্ছে বিগত ১৯৬৪-৬৫ সালের যে বাজেট তাতে যে প্রপোজাল ছিল তার বিশেষ ভাবে পরিবর্তন হয়েছে। আমরা দেখছি শতকরা দশ ভাগ পরিবর্তন সাধিত হয়েছে ১৯৬৩-৬৫ সালের বাজেটে ছিল রাজস্ব আয় ১৩৫ কোটী ৫২ লক্ষ টাকা এবং ব্যয় ১৩৯ কোটী ৯১ লক্ষ টাকা অর্থাৎ রাজস্ব খাতে আমরা দেখলাম যে উদ্বৃত্ত ছিল কিন্তু মন্ত্রী মহাশয় যে বাজেট সংশোধন আকারে পেশ করলেন। আমরা দেখলাম যে রাজস্ব খাতে ব্যয় প্রায় ৩ কোটি টাকার মতন বেড়েছে বটে কিন্তু আয় অনেক খাতে বেড়ে গেছে যাতে শেষে দেখা গেল যে শেষ পর্যন্ত রাজস্ব খাতে ঘাটতি দেখা গেছে প্রায় ৬ কোটি ৩৯ লক্ষ টাকার মতন। আমরা গত বৎসরে অর্থাৎ ১৯৬৪-৬৫ সালের বাজেটে মূলধনিক ব্যয়ে ঘাটতি দেখলাম যে ঘাটতি এবার উদ্বত্তে পরিণত হয়েছে অর্থাৎ সরকার ঋণ করার পরিমাণ বাড়িয়েছেন অর্থাৎ সেই ঘাটতি ১৯৬৪-৬৫ সালে সংশোধিত বাজেটকে পূরণ করা হয়েছে রাজস্ব খাতে উদ্বৃত্ত ঐ মূলধনী খাতে সেই উদ্বৃত্ত দিয়ে রাজস্ব খাতে ঐ ঘাটতি পূরণ করা হয়েছে অর্থাৎ ঋণ করে আমরা আমাদের রাজস্ব খাতে যে ব্যয় সে ব্যয় নির্বাহ করছি। নীতির দিক থেকে যে নীতি ১৯৬৪-৬৫ সালের বাজেট পেশ করতে গিয়ে যে নীতি দেখিয়েছিলেন যে রাজস্ব খাতে আমাদের উদ্বৃত্ত হচ্ছে

সে উদ্বৃত্ত দিয়ে আমরা মূলধনী খাতে যে ঘাটতি সেটা পূরণ করছি। সেটা এবার উল্টে গেছে এবার বাজেটে ১৯৬৫-৬৬ সালের আমরা দেখছি প্রায় ১৭ কোটী ৮৩ লক্ষের মত টাকা রাজস্ব খাতে ঘাটতি আর মূলধনী খাতে উদ্বৃত্ত দিয়ে কিছু টাকা পূরণ করা হচ্ছে তা সত্ত্বেও সর্বসাকুল্যে ১০ কোটী ৭৮ লক্ষ টাকা ঘাটতি দেখান হয়েছে। এবার বাজেট করতে গিয়ে তারা মূলধনী খাতে উদ্বৃত্ত দিয়ে ঐ ঘাটতি পূরণ করেছেন এবং ঋণ করে ঐ ঘাটতি পূরণ করতে হবে। অবশ্য আমাদের অর্থমন্ত্রী মহাশয় বলেছেন যে নূতন কর ধার্য্য করবার প্রস্তাব নেই। কিন্তু আমরা দেখেছি যে বৎসরের মধ্যখানে ছোট একটা সংশোধনী বিল এনে সাধারণ মানুষের উপর পরোক্ষ কর চাপিয়ে দেওয়া হয় এটাই আমাদের পশ্চিমবঙ্গ সরকার গত কয়েক বৎসর ধরে করছেন। এই নীতি তারা নিয়ে প্রথমে বাজেটের সময় তারা নাম কেনেন বটে কিন্তু বৎসরের মাঝখানে এসে এটা চাপান কারণ তারা মনে করেন যে

Public memory is very short.

বাজেটের শেষে তিনি বৎসরের মধ্যখানে গিয়ে এইভাবে কর ধার্য্য করেন। সেইজন্য মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে বলে দিচ্ছি এবার বাজেটের সরকারের যে নীতি দেখতে পাচ্ছি সেই নীতি আরও ভালভাবে প্রতিফলিত হয়েছে সরকারের বিগত ঋণের পরিমাণ দেখে।

[3-20—3-30 p.m.]

স্যার, এবারের বাজেটের রেডবুকে—লাল বইয়ের এ্যাপেনডিক্স টুতে সরকারের কি ঋণ আছে এবং তাদের কি এ্যাসেটস আছে তার একটা পরিমাণ একটা তালিকা তারা দিয়েছেন। এবং এ্যাপেনডিক্স টু অনুযায়ী আমরা দেখতে পাচ্ছি যে সরকারের নেট লায়েবিলিটিস হচ্ছে প্রায় ৩০৭ কোটি টাকার মত। কিন্তু এ্যাসেটস রয়েছে ২৮০ কোটি টাকার মত। অর্থাৎ ২৭ কোটি টাকার মত ঋণের এ্যাসেটস তাদের নেই। অবশ্য এই লাল বইয়ের এ্যাপেনডিক্স যে নোট তারা দিয়েছেন—সেই নোটে তারা বলতে চাচ্ছেন যে এ্যাকাউন্টেন্ট জেনারেল ৩০৭ কোটি টাকা লাইবিলিটিজ এবং ২৮০ কোটি টাকার যে এ্যাসেটস দেখিয়েছেন তা ছাড়াও তাদের আরও অনেক এ্যাসেটস আছে এবং সেই এ্যাসেটসের তালিকা তারা এই লাল বইয়ের মধ্যে তুলে দিয়েছেন। এ্যাসেটসের তালিকা হচ্ছে—২৭ কোটি টাকা ঘাটতি নয়—তা ছাড়াও ওদের এ্যাসেটস কি—এডুকেসন ডিপার্টমেন্টের যে সমস্ত ঘরবাড়ী, সরকারের অন্যান্য ডিপার্টমেন্টের যে সমস্ত ঘরবাড়ী রয়েছে সেগুলি তারা এ্যাসেটস হিসাবে ধরেছেন, অর্থাৎ আমাদের এ্যাকাউন্টেন্ট জেনারেল যেগুলিকে এ্যাসেটস বলে গণ্য করেন নি—প্রায় ৬০ কোটি টাকার মত সেগুলিকে তারা এ্যাসেটস বলে এতে এখানে দাবী করেছেন এবং তার দ্বারা দেখিয়েছেন যে তাদের এ্যাসেটস লাইবিলিটিজ-এর চেয়ে প্রায় কয়েক কোটি টাকা বেশী। অবশ্য একথা দেন নি—রাইটার্স বিল্ডিংস কিংবা নিউ সেক্রেটারিয়েট বিল্ডিংস বা ডিস্ট্রিক্টে যে সমস্ত বিল্ডিংস রয়েছে সেগুলিকে এ্যাসেটস দেখিয়ে এটা করেন নি। আমি মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করি সেগুলি এ্যাসেটস দেখিয়ে যদি কোন সরকার ঋণ করে—তাহলে সরকারের আর্থিক অবস্থা ভাল আছে কি বলতে হবে? যা কিছু সরকারের এ্যাসেটস আছে সবগুলির পরিবর্তে তারা যদি ঋণ করেন—অর্থাৎ সরকারের যা কিছু সম্পত্তি আছে সেগুলি সমস্ত বাঁধা দিয়ে তারা যদি ঋণ করেন এবং সেইভাবে তারা যদি ব্যয় করেন তাহলে সরকারের অর্থনৈতিক নীতিকে সমর্থন করা কি যায়? তারা একজায়গায় বলছেন ষ্টেটের ফাইন্যানসিয়াল ষ্টেবিলিটি সম্বন্ধে। এতো দেনা থাকা সত্ত্বেও—যাতে নাকি এতো দেনা আছে যে সরকারের ঘরবাড়ী বিক্রি করলেও সেই দেনা শোধ করা যাবে না—তা সত্ত্বেও তারা বলছেন

Financial stability of a State largely depends on steady growth of revenue to meet increasing expenditure under the expanding economy of a developing State and on new capital formation for certain productive schemes to create additional wealth.

ফাইন্যানসিয়াল ষ্টেবিলিটি কিভাবে দেখাচ্ছেন? না, পার্টিসন হবার পর ১৯৪৮-৪৯ সালে তাঁদের রেভিনিউ রিসিটস ছিল ৩০ কোটি টাকা—এখন তাদের রেভিনিউ রিসিট হয়েছে

১৫০ কোটি টাকা। আমি মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করি যে তাঁদের সরকার সোস্যালিষ্ট প্যাটার্ন অব সোসাইটি তৈরী করবার যে নীতি নিয়েছেন সেই নীতি নিয়ে কি এই রেভিনিউ রিসিট বেড়েছে?—না, সাধারণ মানুষের উপর পরোক্ষ কর ছাড়া তাদের এই ষ্টেটের রেভিনিউ বেড়েছে? আজকে ক্যাপিটেল এক্সপেণ্ডিচার তারা করেছেন ৩০৭ কোটি টাকার মত। আমি জিজ্ঞাসা করছি যে এই ৩০৭ কোটি টাকার জন্য তাদের যে এ্যাসেটস আছে তা থেকে কত টাকা ইনকাম আছে? এই ৩০৭ কোটি টাকার জন্য সরকারকে প্রায় ১২ কোটি টাকা খুব কম ধরলেও শতকরা ৪ টাকা ইনটারেষ্ট ধরলেও ১২ কোটি টাকা যে সুদ দিতে হবে—আমি জিজ্ঞাসা করছি যে এই এ্যাসেটস থেকে সেই সুদের পরিমাণ আসে কিনা। তারা বলছেন যে আমাদের এক্সপেণ্ডিং ইকনমি এবং ফাইন্যান্সিয়াল ষ্টেবিলিটি—আজকে ষ্টেট-এর কোনও ইনকাম কি দেখাতে পারেন—সাধারণ মানুষের উপর কর ধার্য করা ছাড়া। ৩০৭ কোটি টাকার যে সুদ সেই সুদ আজকে তাদের রেভিনিউ এক্সপেণ্ডিচার থেকে মিট করতে হচ্ছে। আজকে রেভিনিউ এক্সপেণ্ডিচার থেকে ১২ কোটি টাকার মত সুদ দিতে হচ্ছে বলে আজকে রেভিনিউ এক্সপেণ্ডিচার-এ ডেফিসিট দেখাতে হয়েছে। এবং সেই সুদ দেবার জন্য তাদের আবার ধার করতে হচ্ছে। সেখানে ধার করে সুদ দিয়ে ঋণের পরিমাণ ক্রমশ ক্রমশ বেড়ে যাচ্ছে। সেইজন্য আমি মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করি আজকে যে অবস্থায় এই কংগ্রেস সরকার আমাদের দেশকে নিয়ে এসেছেন তার দ্বারা কোন সময় কি বলা যায় যে আমাদের ফাইন্যান্সিয়াল ষ্টেবিলিটি এসেছে? মন্ত্রীমহাশয় কি আমার একটা প্রশ্নের জবাব দিতে পারবেন যে এই ৩০৭ কোটি টাকার মত ঋণ রেখে যাচ্ছেন এবং ২৮০ কোটি টাকার মত যদি এ্যাসেটস থাকে—সেই ৩০৭ কোটি টাকার জন্য এই ২৮০ কোটি টাকার মত যদি এ্যাসেটস বিক্রি করা ভিন্ন অন্য কোন উপায় আগামী ২০।২৫।৩০ বছরের মধ্যে শোধ করার পন্থা এই বাজেটে এবং পূর্ববর্তী বাজেটে দেখিয়েছেন? তারা উত্তর পুরুষের উপর এই যে ঋণের বোঝা চাপিয়ে যাচ্ছেন। তারা কি এটা মনে করেন না যে পশ্চিমবঙ্গ প্রদেশকে আজকে তারা দেউলিয়া করবার চেষ্টা করছেন, তাঁরা কি মনে করেন না যে আগামী কয়েক বছরের মধ্যে পশ্চিমবঙ্গ সরকারের অর্থনীতিকে যদি কোন রকমে এগিয়ে নিয়ে যাবার চেষ্টা করতে হয় তাহলে যে কোন সরকারের পক্ষে সেটা সম্ভব হবে না। শুধু এই কারণে যে প্রায় ৩০৭ কোটি টাকার মত আজকে পশ্চিম-বঙ্গ সরকার তাদের উপর চাপিয়ে গেছেন। আমি আশ্চর্য হয়ে যাচ্ছি যে তারা একথা কি করে লেখেন যে আজকে আমাদের ষ্টেটের ফাইন্যান্সিয়াল ষ্টেবিলিটি এসেছে যেখানে এ্যাকাউনটেন্ট জেনারেল দেখাচ্ছেন যে প্রায় ২৭ কোটি টাকার মত লাইবিলিটিজের পরিবর্তে এ্যাসেটস নেই সেই ষ্টেট আজকে বলে কি না যে আমরা ফাইন্যান্সিয়াল ষ্টেবিলিটির দিকে চলেছি। আমি অর্থমন্ত্রীকে বলছি যে কয়েকটা কমার্শিয়াল এসষ্ট্যাবলিসমেণ্ট আপনারা ক্যাপিটেল এক্সপেণ্ডিচার করেছেন প্রত্যেকটা কমার্শিয়াল ভেঞ্চারে আমরা দেখতে পাচ্ছি সেখানে লোকসান হচ্ছে। একটা উদাহরণ তুলে ধরা যেতে পারে—আজকে ষ্টেট বাসের কথা ধরুন—যেখানে কোটি কোটি টাকা আপনারা খরচ করে করপোরেসন তৈরী করেছেন সেখানে প্রত্যেক বছর ৫০ থেকে ৬০ লক্ষ টাকা ক্ষতি হচ্ছে। যে পরিমাণ সেখানে ক্যাপিটেল দিয়েছেন তার ইনটারেষ্ট আসা তো দূরের কথা তাদের পিছনে এখনও সরকারকে টাকা গুণতে হচ্ছে। অথচ তার পাশে প্রাইভেট ইণ্টারপ্রাইজ আছে সেখানে তারা বাস চালাচ্ছে এবং তার ভেতর দিয়ে লাভ করছে। আজকে তারা ভাড়া বাড়িয়েছেন—আমি মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করি যে তা সত্বেও কি আপনারা লাভ করতে পারবেন? আমি যতদূর জানি এই ভাড়া বাড়ানো সত্বেও আপনারা লাভ করতে পারবেন না। সরকারের যে বাস চলছে কলকাতা সহরের উপর—তার সব চেয়ে কম ভাড়া হচ্ছে ১০ পয়সা—আর তার পাশাপাশি যে পাবলিক ট্রান্সপোর্ট চলছে সেখানে সর্বনিম্ন ভাড়া হচ্ছে ৭ পয়সা।

[3-30—3-40 p.m.]

অর্থাৎ প্রায় শতকরা ৪০ ভাগ তাঁরা বেশী ভাড়া নিচ্ছেন, তা সত্বেও লোকসান করছেন। এরজ সরকারের বিবেচনা করে দেখা উচিত কে দায়ী। এজন্য দায়ী হচ্ছে তাঁদের প্রশাসনিক দূর্নী এবং তার সংগে সংগে প্রশাসনিক অক্ষমতা। সেটাকে যতদিন না দূর করতে পারছেন ততদি সরকারের তরফ থেকে যত প্রচেষ্টা করা হোক না কেন আমাদের দেশের অর্থনৈতিক অবস্থ উন্নত করা যাবে না। আজকে তাঁরা সমাজতান্ত্রিক ধাঁচে সমাজ গড়বেন বলছেন। অথচ ক'টা ইণ্ডাষ্ট্রিয়াল কনসার্ন সমস্ত কনসার্নে তাঁরা লোকসান দিচ্ছেন। আর সংগে সং ট্যাক্স বাড়াচ্ছেন জনসাধারণের উপর, বাড়িয়ে বলছেন আমাদের সরকারের যেখানে ৩০ কো টাকা ইনকাম ছিল সেটাকে বাড়িয়ে ১৫০ কোটি টাকা করেছি। মানুষের পকেট কাটতে ওস্তা আপনারা। কিন্তু সেজন্য আপনাদের কৃতিত্ব নেবার কিছু নেই। যদি বুঝতাম আপনারা ক্যাপিটেল আউটলে করেছেন সেই ক্যাপিটেল আউটলে থেকে রিটার্ন আসছে তার দ্বার আমাদের ষ্টেট এক্সচেকার এনহ্যান্স হচ্ছে তাহলে তাতে আপনাদের কৃতিত্ব আছে। ১৯৬০-৬ সালে যেখানে ৩ শো কোটি টাকা ঋণ ছিল সেখানে আজকে যদি হিসাব করা যায় তাহলে দেখ যাবে ৪শো কোটি টাকা ঋণ হয়ে গেছে। সেই ঋণ করে পশ্চিমবঙ্গ সরকারকে দেউলিয়া কর দিচ্ছে। এই তো বাজেটের অবস্থা। এরপরে আমি অর্থমন্ত্রী মহাশয়কে আর একটা বিষয়ে দৃষ্টি দিতে বলি সেটা হচ্ছে কিছু দিন আগে প্রশ্নোত্তরের সময় মন্ত্রীমহাশয় বলেছিলেন যে আমাদের ষ্টেটে জিনিসপত্রের দাম কস্ট অব লিভিং ইনডেক্স শতকরা ৩০ ভাগ বেড়েছে এব পশ্চিমবঙ্গ সরকারী কর্মচারীদের যে মাইনে বাড়ান হয়েছে তার দ্বারা এই কস্ট অব লিভি ইনডেক্স বাড়া সত্বেও সেটা নিউট্রালাইজ হয়ে যাচ্ছে। আমি মন্ত্রীমহাশয়কে বলি যে তিনি এখানে ভুল তথ্য পরিবেশন করেছেন। আজকে যদি ১৯৫০ সালকে ১শো ধরা যায় তাহলে কস্ট অব লিভিং ইনডেক্স ১৪০ এর বেশী। এই যে তথ্য এটা অন্ততঃ পশ্চিমবঙ্গের অথ বিভাগের তথ্য কনজিউমার প্রাইস ইনডেক্স অনুযায়ী কস্ট অব লিভিং ইনডেক্স বেশী। আমি মন্ত্রীমহাশয়কে এই ব্যাপারে বিশেষ দৃষ্টি দিতে বলি যে কনজিউমার প্রাইস ইনডেক্স প্রায় ১৪৫ তিনি আমাদের বলেছিলেন ১৩২ এবং তিনি তার দ্বারা দেখিয়ে দিয়েছিলেন যে ৫, ১০, ৩০ টাকা মাগ্‌গিভাতা বাড়িয়েছেন বিশেষ করে লোয়েস্ট লেভেলে যাদের মাইনে অর্থাৎ ১৫০ টাক পর্যন্ত যাদের মাইনে তাদের ৫ টাকা করে মাইনে বাড়ান হয়েছে তাতে কস্ট অব লিভিং ইনডেক্স যা সেই অনুযায়ী তাদের জীবন ধারণের যে ব্যয় সেই ব্যয় নিউট্রালাইজড হয়ে যাচ্ছে। কিন্তু সেটা সত্য কথা নয়। আজকে যদি ১০ টাকা বাড়ান হয় তাহলেও নিউট্রালাইজড হবে না। তার কারণ আমি মন্ত্রিমহাশয়কে বলছি ১৯৬৪ সালের মার্চে ইঞ্জিনিয়ারিং ইণ্ডাষ্ট্রিতে যে সমস্ত শ্রমিকরা কাজ করে তাদের সর্বনিম্ন বেতন ছিল ৮৭ টাকা। ১৯৬৪ সালের অক্টোবর, নভেম্বর ডিসেম্বর এবং ১৯৬৫ সালের জানুয়ারী মাসে এই ইঞ্জিনীয়ারিং শ্রমিকদের তাঁরই সরকার ডি-আই রুলের সাহায্য নিয়ে প্রায় ২০ টাকার মত মাগ্‌গীভাতা বাড়িয়ে দিয়েছেন। অর্থাৎ একজন ইঞ্জিনীয়ারিং শ্রমিক প্রায় ১০৭ টাকা মাইনে পায়। আমি অর্থ মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করি তিনি কি মনে করেন তাঁর দপ্তরের যাঁরা নিম্নতম কর্মচারী তাঁরা কি ইঞ্জিনীয়ারিং শিল্পে যারা কাজ করে তাদের চেয়ে নিচু স্তরের কর্মচারী? আমি জিজ্ঞাসা করতে চাই ইঞ্জিনীয়ারিং শিল্পে যারা কাজ করে তাদের যে প্রয়োজন সেইমত প্রয়োজন কি তাঁর সরকারী কর্মচারীদের নেই?

তাহলে সরকারী কর্মচারীদের মাত্র বেতন পাঁচ টাকা বৃদ্ধি করা হল—একথা অর্থমন্ত্রীকে জিজ্ঞাসা করি। প্রথম তিনি যেকথা প্রশ্নোত্তরের সময় বলেছেন তা সংশোধন করে এই প্রশ্নের জবাব তিনি দেবেন।

আমার বক্তব্য শেষ করার আগে অর্থমন্ত্রীকে একটা কথা বলতে চাই যে বিধানসভার সদস্যদের ভাতা বাড়ানোর উল্লেখ করে বাজেট বক্তৃতা অত্যন্ত বিসদৃশ হয়েছে। কারণ বিধানসভার কয়েকজন সদস্যের ভাতা বাড়ানো বা কমানোর ব্যাপার নিয়ে আপনার বাজেটে এমন কিছু অঙ্কের তারতম্য হয় না। যেখানে ১৮২ কোটী টাকা বাজেটে ব্যয় করছেন, সেখানে তিন-চার লক্ষ টাকা কোন পারসেণ্টেজ-এর মধ্যে আসে না। আজ পর্যন্ত কোন দেশের কোন ইতিহাসে

এটা নাই—যে বিধানসভার সদস্যদের দ্বারা যে বাজেট পাশ করাবেন—তাদের একটা প্রলোভন দেখান যে তোমাদের ৫০্ টাকা বাড়িয়ে দিচ্ছি, বাজেট পাশ করিয়ে দেও—এই ধরনের ইঙ্গিত আপনার বাজেট বক্তৃতার মধ্যে দেওয়া অত্যন্ত অশোভন ও অন্যায় হয়েছে। আমরা এর তীব্র প্রতিবাদ করি—এবং আশা করি আপনি এই কৃতকর্মের জন্য অনুশোচনা করবেন, দুঃখ প্রকাশ করবেন।

Shri Birendra Chowdhury:

মিঃ স্পীকার স্যার, আজকে এই বাজেটকে সমর্থন করতে গিয়ে আমি কয়েকটা গুরুত্বপূর্ণ বিষয়ের মধ্যে আমার বক্তব্য সীমাবদ্ধ রাখবো। আমি মনে করি—প্রতি বছর এই হাউসে যে বাজেট এই সরকার আনেন, তার উদ্দেশ্য কেবল কত আয়, কত ব্যয়—তা নয়। তার মুখ্য উদ্দেশ্য কেবল সরকারের লক্ষ্য কি ছিল, কতটা সেদিকে অগ্রগতি হয়েছে, কোথায় তাঁরা কৃতকার্য্য হতে পেরেছেন, তারই অভিজ্ঞতার পরিপ্রেক্ষিতে আগামী বছরের বাজেটে আমাদের সরকারের লক্ষ্য কী তার ইঙ্গিত আমরা পেয়ে থাকি। গত কয়েক বছরের মধ্যে বাংলা সরকারের রেভেনু ৩২ কোটী টাকা থেকে ১৫২ কোটী টাকা উঠেছে। তা যখন আমরা দেখছি তার সঙ্গে আমরা দেখতে পাচ্ছি যে ডেফিসিট ৬ কোটী ৩৮ লক্ষ টাকা থেকে ১৮ কোটীতে এসে পেঁচেছে। এই হাউসে যখন আমাদের সরকার বছরের প্রথম বাজেট পেশ করেন তাতে আমাদের সামনে যে চিত্র আনা হয় যে টাকা সরকার আয় করবেন বলে আশা করেন, পরে দেখতে পাই সেই আয় যা আশা করেছিলেন তার চেয়ে অনেক বেশী এবং ব্যয় যা তাঁরা আশা করেছিলেন তার চেয়ে আরো বেশী ব্যয় হয়েছে। দুর্ভাগ্যের কথা কয়েকটী গুরুত্বপূর্ণ দপ্তরকে অবশ্য যে টাকা ধার্য্য করে দেওয়া হয়, আমি স্বীকার করবো, সেই সমস্ত অর্থ তাঁরা ব্যয় করতে পারেন না। আমি বিনীতভাবে বলবো যে কৃষি দপ্তরের জন্য তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় ধরা হয়েছিল ১৭·৭৭ কোটী টাকা, কিন্তু আমরা দেখতে পেলাম গত তিন বছরে তার মধ্যে কেবলমাত্র ৪ কোটী ২১ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। এদেশের যেখানে শতকরা ৮০ জন লোক জমির উপর নির্ভরশীল, আজ সেই দেশের মানুষকে আমেরিকা, অষ্ট্রেলিয়া, কানাডা ইত্যাদি বিদেশের উপর নির্ভর করে থাকতে হচ্ছে। এটা অত্যন্ত লজ্জার বিষয়। আমি বিনীতভাবে স্বীকার করবো এই ডিপার্টমেন্টের এ্যাডমিনিষ্ট্রেসন-এর গাফিলতির জন্যই এটা সম্ভব হয়েছে। আমরা অবশ্য ইতিমধ্যে আলু, পাট এবং ধানের উৎপাদন বৃদ্ধি করতে পেরেছি। কিন্তু আমি আশা করি—যদি এই ডিপার্টমেন্ট আরো একটু সক্রিয় হতেন, তাহলে তার চেয়ে অনেক বেশী এই উৎপাদন তাঁরা বাড়াতে পারতেন। আমি এই সঙ্গে বলবো যে আমাদের মুখ্যমন্ত্রীর চেষ্টায় এই বছর রেঙ্গুন থেকে আলুর বীজ আনা সম্ভব হয়েছিল, কেন্দ্রীয় সরকার যদিও প্রথমে অমত করেছিলেন, কিন্তু চাষীরা সেই আলুর বীজ বসাতে গিয়ে দেখতে পেল যে এই জন্য যতটা সার দেওয়ার প্রয়োজন, ততটা সার আমাদের বাংলা সরকার দিতে পারছেন না।

[3-40—4-10 p.m.]

আমি ডিপার্টমেন্ট-এর কাছে গিয়েছিলাম এটা দৃষ্টিতে আনতে যে সারের কি হল? আলু চাষের সময় সার পাওয়া যাচ্ছেনা কেন? আমাকে উত্তর দিলেন যে গত সেপ্টেম্বর-অক্টোবর-এর মধ্যে বাংলাদেশে ১ বছরে যে সার ব্যবহার করবার আশা করেছিলেন সেপ্টেম্বর অক্টোবর-এর মধ্যে সম্পূর্ণ সার তারা ব্যবহার করে ফেলেছেন। আমি অবাক হয়ে গেলাম! যদি এ্যাসেসমেন্ট কারেক্ট হত তাহলে ডিপার্টমেন্ট নিশ্চয়ই সক্রিয়ভাবে চেষ্টা করতেন চাষীদের এই সার এনে পৌঁছে দেওয়ার জন্য। আমি জানি কেন্দ্রীয় সরকার ফসফেট ইম্পোর্ট করার বর্তমান প্রচেষ্টা

তারা করেন। কিন্তু তাদের কাছে যদি পশ্চিমবঙ্গ সরকারের ইরিগেসন ডিপার্টমেণ্ট আর্জি করতেন যে ভাল আলু ফলাবার জন্য এই সারের প্রয়োজন তাহলে কেন্দ্রীয় সরকার নিশ্চয়ই সেটা চিন্তা করতেন। স্যার, আমি আর একটি কথা বলব যে এই ইরিগেসন সেচের জন্য তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ১৬ কোটি টাকা ব্যবহার করবার কথা ছিল। অবশ্য সেটা কমিয়ে ১২ কোটি ২১॥ লক্ষ টাকা ধার্য্য করা হয়। গত ৩ বছরে আমরা দেখতে পেলাম যে ৪ কোটি ১৬ লক্ষ টাকা এই সেচ দপ্তর খরচ করতে পেরেছে। অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে দামোদর ভ্যালি করপোরেসন পশ্চিমবঙ্গ সরকারের কাছে হস্তান্তরের জন্য দামোদর ভ্যালি করপোরেসন-এর যারা কর্মচারী ছিলেন তাদের চাকরীর অনিশ্চয়তার জন্য গত ২ বছরের মধ্যে তারা বিশেষ কিছু নূতন ক্যানাল খনন করলেন না। যে সুবিস্তৃত এলাকা বাংলাদেশের বর্দ্ধমান ও হুগলী জেলার যেখানে দামোদরের জলের উপর সেচের জন্য গত ২ বছর ধরে চাষীরা নির্ভর করেছিল সেই সুযোগ সুবিধা তারা পেলনা। জলের অভাব সেখানে রয়ে গেল। আজকে মাঠের ধান কাটা হয়েছে। এই সময় যত ক্যানাল খনন করা সম্ভব অন্য কোন সময় তা সম্ভব নয়। কিন্তু দুর্ভাগ্যের বিষয় এই ডিপার্টমেণ্ট-এর সক্রিয়তার অভাব আজ আমরা অনুভব করছি। সারা বাংলাদেশে যে রকম ভাবে জনচাপ পড়ছে, বেকার সমস্যা যেরূপ আকার ধারণ করেছে তাতে আজকে জমির উপর থেকে চাপ যদি সরাতে চাই তাহলে বেকার সমস্যা সমাধানের কেবলমাত্র উপায় হবে ইণ্ডাষ্ট্রি বাড়ান। গত কয়েক বছরে ইণ্ডাষ্ট্রি কটা বেড়েছে? যদি আমরা দেখি তাহলে আমরা দেখব যে তার প্রসার আসতে আসতে কমে আসছে। এবং যথেষ্ট স্তিমিত হচ্ছে। দুর্ভাগ্যের বিষয় বাংলাদেশের ক্যাপিটাল কণ্ট্রোল্ড হচ্ছে অবাঙ্গালীদের হাতে। আমি মনে করি বাংলাদেশে যদি আমাদের ইণ্ডাষ্ট্রি বাড়াতে হয় তাহলে পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করুন। তাদের যে কর নীতি সেই কর নীতির পরিবর্তন আজ প্রয়োজন। বাঙ্গালীরা ইণ্ডাষ্ট্রি জাগিয়ে দিতে উৎসুক। কিন্তু দুর্ভাগ্য-বশতঃ ক্যাপিটাল গেন ট্যাক্স যতদিন এই দেশে থাকবে ক্যাপিটাল গেন ট্যাক্স এর দরুণ যে আয়কর দিতে হবে তাতে তাদের উদ্বৃত্ত কিছু থাকবেনা যাতে তারা তা ইণ্ডাষ্ট্রিতে নিয়োগ করতে পারে। কারণ তাদের উদ্বৃত্ত টাকা নেই, তাদের সুযোগ অত্যন্ত কম, ইণ্ডাষ্ট্রিতে নিয়োগ করতে গেলেই তাদের জমিজমা বিক্রী করতে হবে। আর একটা দুঃখের কথা স্যার, ইণ্ডাষ্ট্রি ডিপার্ট-মেণ্ট যে সমস্ত ইণ্ডাষ্ট্রি স্থাপনের জন্য রেকমেণ্ডেসন করেন তার মেটিরিয়াল ইম্পোর্টের দিক থেকে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ততটা সহযোগীতা না পাওয়ার জন্য অনেকগুলি শিল্প আমাদের এখানে প্রতিষ্ঠিত হচ্ছে না। তাই আমি অনুরোধ করব পশ্চিমবঙ্গ সরকার দিল্লীতে আমাদের এই বাংলা সরকারের প্রতিনিধি রাখুন এবং সেই দপ্তর সব সময় লেগে থেকে যাতে আমাদের এখানে ইণ্ডাষ্ট্রি গড়ে ওঠে তার ব্যবস্থা তারা করুন। তা না হলে যে সমস্যার মধ্যে আমরা পড়ে আছি তা থেকে উদ্ধার পাবার কোন উপায় নেই। মূল্য স্ফীতির কথা অনেকে বলেছেন। আমি বিনীতভাবে বলব যে অর্থশাস্ত্রে আমাদের মূল্য নির্ধারণ হত ইণ্ডাষ্ট্রির ডিমাণ্ড এণ্ড সাপ্লাই উপর। আজকের দিনে সরকারের কর নীতির এই মূল্য নির্দ্ধারণে যথেষ্ট প্রতিক্রিয়া দেখা যায়।

[At this stage the House was adjourned for 20 minutes]

[After adjournment]

[4-10—4-20 p.m.]

Enquiry about the statement regarding teachers' strike

Shri Nani Bhattacharjee:

মাননীয় চেয়ারম্যান মহাশয়, এখন ট্রেজারী বেঞ্চ খালি। আপনি আরম্ভ করবেন কি করে? আগে তাঁদের ডাকুন, তানাহলে অ্যাড্‌জোর্ণ করে দিন। মাননীয় চেয়ারম্যান মহাশয়, এর আগে যখন বিজনেস আরম্ভ হয় তার আগে যখন শিক্ষকদের ব্যাপার নিয়ে আলোচনা হচ্ছিল এবং বিশেষ করে ২৪ তারিখ থেকে ছুটির মেয়াদ আরও বাড়িয়ে দিয়ে ৭।৮ তারিখ পর্য্যন্ত স্কুল-কলেজ বন্ধ করে দেওয়া হয়েছিল সে ব্যাপারে যখন আলোচনা হয় তখন জগন্নাথবাবু রিসেস এর পরে

শিক্ষামন্ত্রীর সংগে যোগাযোগ করে শিক্ষামন্ত্রী যাতে একটা স্টেটমেণ্ট দেন সে বিষয়ে তিনি প্রতিশ্রুতি দিয়েছিলেন। আমি তাই অনুরোধ করছি আমাদের এখানকার কাজ আরম্ভ হওয়ার আগে আপনি অন্ততঃ পার্লামেন্টারী অ্যাফেয়ার্সের মিনিষ্টার জগন্নাথবাবুকে ডাকুন, অথবা শিক্ষামন্ত্রীকে ডাকুন, তাঁরা যাতে স্টেটমেণ্ট দেন সেই ব্যবস্থা করুন।

Shri Aswini Roy:

মাননীয় চেয়ারম্যান মহাশয়, এ সম্পর্কে আমি একটি কলিং অ্যাটেনসন দিয়েছিলাম। সেটা গ্রহণ করা হয়নি। ব্যাপারটা গুরুত্বপূর্ণ। কাজেই ২৪ তারিখ পর্যন্ত ছুটি থাকা সত্বেও আরও ৩ দিন বাড়িয়ে দেওয়া হল। এ কারণটা সকলের জানা দরকার আছে, বিশেষতঃ আমাদের জানা দরকার আছে। কারণ আমরা যখন এখানে প্রতিনিধি আছি তখন বহুলোক এই প্রশ্নটা আমাদের করেছে। সেইজন্য জগন্নাথবাবু প্রতিশ্রুতি দিয়েছিলেন যে রিসেস এর পর হয় শিক্ষা-মন্ত্রী আসবেন, না হয় তাঁর কাছে এসম্পর্কে বক্তব্য রাখবেন। সেইজন্য আমার আপনাকে অনুরোধ তাঁকে ডেকে তাঁর বক্তব্য রাখবার জন্য বলুন।

Mr. Chairman: Honourable members, I have been informed that the Education Minister being busy with very urgent affairs cannot come now. He will be coming some time later.

Shri Girija Bhusan Mukherjee:

মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমি একটু বলে রাখি যে স্কুল বন্ধ করে দেওয়া হয়েছে। টিচার্সরা যে কদিন ষ্ট্রাইক করবেন বলেছিলেন তখন তাঁরা সমস্ত ষ্টুডেণ্টসদের কাছে এই প্রতিশ্রুতি দিয়েছিলেন যে কদিন ষ্ট্রাইক করবেন সে কদিন পরে সামার ভেকেসন কিম্বা পূজা ভেকেসন-এ পড়িয়ে কোর্স মেকাপ করে দেবেন। আজকে সরকার যে ছুটি দিয়ে দিচ্ছেন সরকার ছুটির সাথে সাথে এটা ঘোষণা করে দিন যে যে কদিন ছুটির ঘোষণা করে দিচ্ছেন সে কদিনের ষ্টুডেণ্টসদের মাইনে দিতে হবে না। কারণ সরকার সে কদিন ছুটি ইম্পোজ করেছেন, টিচার্সদের কিন্তু দায়িত্ব নেই। সেই সময় যে কোর্স বাকী থাকবে সেটা পড়িয়ে দেওয়ার দায়িত্ব নেই। তাঁরা অন্ততঃ এটুকু করুন যে কদিন ষ্টুডেণ্টসদের ছুটি দিচ্ছেন সেই কদিনের মাইনে দিতে হবে না।

Mr. Chairman :

সেটা এডুকেসন মিনিষ্টার এলে তাঁকে বলবেন।

Shri Girija Bhusan Mukherjee:

এটা না হ'ল পর আগে কোন কাজ করা সম্ভব নয়।

Mr. Chairman :

মিনিষ্টার যখন আসবেন তখন বলবেন।

Dr. Narayan Chandra Roy:

সকালবেলা কাজ আরম্ভ হওয়ার আগে তিনি প্রতিশ্রুতি দিয়েছিলেন যে রিসেস-এর পরে তিনি বলবেন। এখন যদি তিনি বিজি থাকেন তাহলে অপেক্ষা করুন। তিনি এসে বলবার পর কাজ শুরু করবেন।

Mr. Chairman: I can't say that from here.

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় চেয়ারম্যান, স্যার, আপনি হয়ত জানেন যে জগন্নাথবাবু এই হাউসের সামনে দাঁড়িয়ে এইরকম একটা গুরুতর বিষয়ে বারে বার বলা সত্বেও প্রথমে তিনি কিছুই বলেন নি, পরে

বলতে চেয়েছিলেন যে আমি নিয়ে এসে দেব। সেই প্রতিশ্রুতি রক্ষা হয়নি। এখন কোশ্চে হচ্ছে হাউসের সামনে যে রিসেস এর পর কোশ্চেন শেষ হয়ে গেছে—রিসেস এর পর মানে একটা ইনডেফিনিট পিরিয়ড্ নয়, রিসেস এর পর মানে আবার যখন রিজামসন হবে তখন—এই সময় আমি চেয়ারম্যান স্যার, আপনাকে জিজ্ঞাসা করছি যে শিক্ষামন্ত্রী গেলেন কোথায়? তিনি কি দিল্লী গেছেন?

Shrimati Ava Maiti:

তিনি ঐ হাউসে গেছেন।

Shri Sailendra Nath Adhikary:

তিনি তো ঐ হাউস থেকে অনেক আগে চলে এসেছেন। স্যার, এটা সোজা ব্যাপার নয়, বাজেটের সংগে এর সম্পর্ক আছে। ছাত্রদের যাঁরা পড়াচ্ছেন তাঁরা জাতির ভবিষ্যৎ এবং সেই ভবিষ্যতকে রক্ষা করবার জন্য আমরা প্রতিশ্রুতিবদ্ধ। কিন্তু আমরা দেখছি স্ট্রাইক নোটিশ পেয়ে যেমন কল কারখানার মালিকরা কারখানা লকআউট করে, সরকারও তেমনি স্কুল-কলেজ লকআউট করছেন। কিন্তু এটা একটা গুরুতর প্রিসিডেণ্ট সৃষ্টি হচ্ছে এবং সেইজন্যই আমরা চিন্তিত হয়ে পড়েছি। তাই আপনার কাছে আমি অনুরোধ জানাচ্ছি যে, যতক্ষণ পর্যন্ত না তিনি এসে হাউসকে ইনফর্ম করছেন ততক্ষণ পর্যন্ত আপনি হাউস এ্যাডজোর্ণ করুন।

Shri Nikhil Das:

স্যার, আমরা আগে বলেছিলাম রিসেস-এর পর বলতে হবে। তখন [illegible] পরে হবে। আমার প্রশ্ন হচ্ছে পরে মানে কি, আজকের দিন শেষ হলে? একজন মিনিষ্টার তো এখানে আছেন, তিনি কেন বলছেন না যে এক বা দেড় ঘণ্টা পরে হবে।

Mr. Chairman:

আমার কথা আপনারা শুনুন।

He will make a statement now, let us go on. What is the use of killing time in this way?

Shri Girija Bhusan Mukherjee:

মাননীয় চেয়ারম্যান স্যার, আমাদের অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট এখানে পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি। আমি বিরোধীপক্ষের লোক বলে এই বাজেটের বিরোধিতা করছি তা নয়, আমি যে বিরোধিতা করছি তার কারণ হচ্ছে তিনি তাঁর বক্তৃতার মধ্যে বা এই যে ইকনমিক রিভিউ বিলি করেছেন তার মধ্য দিয়ে এরকম কোন ছবি আমাদের কাছে দিতে পারেননি যার দ্বারা আমরা বুঝতে পারি যে সত্যিকারের বাংলাদেশ উন্নতির দিকে যাচ্ছে। শুধু তাই নয়, দেশ যে উন্নতির দিকে যাবে এরকম কোন ভরষাও দিতে পারেননি বলে আমি এই বাজেটের বিরোধিতা করছি। স্যার, এই প্রসংগে আমি এই হাউসে অপর পক্ষে যাঁরা আছেন তাঁদের কাছে এই আবেদন করব যে, আমি যে বক্তব্য রাখছি তাকে কি করে খণ্ডন করা যায় সেই চিন্তা না করে তাঁরা এই চিন্তা করুন যে, এর মধ্যে বক্তব্য কতখানি আছে এবং সত্যিকারের উন্নতি কি করে করা যায়। যদি কোন সদস্য মনে করেন যে আমার এই বক্তব্য ঠিক তাহলে তাঁর কাছে আমি আবেদন করব যে, তিনি অর্থমন্ত্রীর কাছে গিয়ে বলুন যে সত্যিকারের বাংলাদেশের উন্নতির পরিচায়ক একটি বাজেট তিনি পেশ করুন এবং এই বাজেটের বিরোধিতা করুন। আমার প্রথম কথা হচ্ছে বাজেট হচ্ছে সরকারের দৃষ্টিভঙ্গীর একটা প্রতিচ্ছবি। কিন্তু স্যার, কি প্রতিচ্ছবি আমরা এই বাজেটে দেখছি? এই ইকনমিক রিভিউ যেটা তিনি দিয়েছেন তার ১১ পাতায় সামান্য একটা জিনিস যদি দেখেন তাহলে দেখবেন লাইফ ইনস্যুরেন্স পলিসি হোল্ডার-দের সংখ্যা কমে যাচ্ছে। উনি যে বক্তব্য রেখেছেন তাতে আমরা দেখছি ১৯৬৩-৬৪ সালে ফিগার দাঁড়িয়েছে ৭৭ কোটি, তার আগের বছর ছিল ৭৯ কোটি এবং তার আগের বছর

ছিল ৮১ কোটি। এর অর্থ কি? এর অর্থ হচ্ছে প্রত্যেক বছর ২ কোটি টাকা কমে যাচ্ছে—অর্থাৎ পলিসি হোল্ডার কমে যাচ্ছে। এই পলিসি হোল্ডার-দের মধ্যে সাধারণ মধ্যবিত্ত লোক আছে এবং তার দ্বারাই প্রতীয়মান হয় যে মধ্যবিত্তের অবস্থা খারাপ হচ্ছে। কিন্তু আশ্চর্যের বিষয় এঁরা এটাকে উন্নতি বলছেন। তারপর, ক্যাপিটাল মার্কেটে ৪৭ কোটি ৭৮ লক্ষ টাকা আদায় করেছে বলে তাঁরা বলেছেন। আমি জিজ্ঞাসা করি এই আদায় কারা করছে? এর মধ্যে ২১ পয়েন্ট ১২ কোটি টাকা ২৬টি আন্ডার-রাইটার টেকআপ করছে। অর্থাৎ মধ্যবিত্তদের ঘর থেকে বড়বড় শিল্পপতিদের ঘরে চলে যাচ্ছে। আরও পরিষ্কার করে যদি বলা যায় তাহলে দাঁড়াচ্ছে এই যে, ক্যাপিটাল মার্কেটে যা তাঁরা ইস্যু করছেন সেটা এইভাবে একদল লোক খরিদ করে নিয়ে যাচ্ছে। স্যার, এই হোল টোটাল বাজেটের প্রতিচ্ছবি এবং একে বাংলাদেশের উন্নতির পরিচায়ক হিসেবে গ্রহণ করতে পারিনা বলেই আমি এই বাজেটের বিরোধিতা করছি।

দ্বিতীয় কথা হচ্ছে যে আমরা দেখবো এই কনসেনট্রেশন বিভিন্নভাবে আমাদের দেশে হচ্ছে। আপনারা সকলেই জানেন আমাদের দেশের মূল পলিসি হচ্ছে ইন্ডাষ্ট্রিয়েল পলিসি রেজোলিউশন ১৯৪৮,—মিনিমাম্ ক্যাপিট্যাল ম্যাক্সিমাম এমপ্লয়মেন্ট। এই ইন্ডাষ্ট্রিয়েল পলিসি কি আমাদের দেশে পার্সুড হচ্ছে? আমরা বাজেটে দেখতে পাচ্ছি সমস্ত উল্টো জিনিষ, বাজেটের মধ্যে দেখতে পাচ্ছি যা তাতে কি সরকারের নীতি রিফ্লেকটেড হয়েছে? সেখানে দেখছি সরকার বিভিন্ন ভাবে মধ্যবিত্ত এবং দরিদ্রের অর্থাগম কমছে, ডি-এ বাড়ছে না, এইভাবে কমছে তাদের আয়, বাজারে ডেফিসিট ফাইনান্সিং বাড়ছে এবং তাদের অর্থাগম কমছে এবং ইনডেক্সে জোচ্চুরি করছেন। কষ্ট অব লিভিং ইনডেক্স এর এত বড় জোচ্চুরি নিশ্চয়ই ভারতবর্ষের আর কোন রাষ্ট্রে আজ পর্যন্ত দেখা যায়নি। আপনি একটা কথা ফলো করে দেখবেন। কম্পেয়ারেটিভ্ স্টেটমেন্ট শেষের দিকে যা দিয়েছেন ১৯৬০-৬১ সালের, এখানে আছে ১৯৫০ এর ফিগারঃ—

কলকাতার ফিগার		অল ইন্ডিয়ার ফিগার
১১২·৪	১৯৪৯ এর ভিত্তিতে	১২৪
১৯৬১-৬২ ১১৬		১২৭
১৯৬২-৬৩ ১২২		১৩১

ডিফারেন্স হচ্ছে ১০, ১১ এবং ৯

১৯৬৩-৬৪ ১২৭·৬ আর অল ইন্ডিয়া ওয়ার্কিং ক্লাসের ইনডেক্স হচ্ছে ১৩৭ অর্থাৎ সাড়ে নয় তফাৎ, কিন্তু এখানে দেখুন পরের পাতায় অল ইন্ডিয়া

index stood at 163 in October, 1964, against 138 in October 1963.

২৫ পয়েন্ট ডিফারেন্স,

All India index the corresponding figure for Calcutta being 139.5 in October, 1964, against 133.0 in October 1963.

তাহলে দেখুন ৯।১০ এর তফাৎ ছিল ১৯৪৯-৫০ এর ফিগারে কলকাতার। অল ইন্ডিয়া ফিগার ছিল অক্টোবর ১৯৬৩ তে-১৩৮ এবং ১৯৬৪ সালের অক্টোবরে ছিল ১৬৩ আর ক্যালকাটা ফিগার ছিল ঐ সময়ে—১৩৩ আর ১৩৯·৫, এখানে ৬ পয়েন্টের তফাৎ। এই যে গ্যাড়াকল এটার সংশোধন করতে যদি না পারা যায়, তাহলে লো ইনকাম গ্রুপের যারা ওর্য়াষ্ট সাফারার তাদের বাঁচান যাবে না আমার মনে হয়। আমাদের এখানে বেঙ্গল চেম্বার্স-এর ক্যালকাটা কষ্ট অফ লিভিং ইনডেক্স তার ভিত্তিতে ডি-এ পায় ১৮০, আমাদের ক্যালকাটায় ১৩৯·৫ কি করে হয় বুঝতে পারি না। সেজন্য দাবী করি কষ্ট অব লিভিং ইনডেক্স কষার যে যন্ত্র আছে—ক্যালকাটা কষ্ট অব লিভিং ইনডেক্স এবং অল ইন্ডিয়া কষ্ট অব লিভিং ইনডেক্স, এটা দেখার জন্য একটা কমিটি বসানো হোক, একটা এক্সপার্ট কমিটি বসানো হোক, অন্যান্য প্রদেশে যা হয়েছে সেটাও দেখা হোক। এর মধ্যে কোথাও একটা গোলমাল আছে এবং তার ভিত্তিতেই মাইনে বেড়েছে, এতে তঞ্চকতা যে আছে সে বিষয়ে সন্দেহ নাই। অল ইন্ডিয়া ফিগারে ২৫ পয়েন্টের তফাৎ হ'লে ক্যালকাটা ফিগারে ৫ পয়েন্টের তফাৎ হতে পারে না। আমি দেখছি প্রত্যেক বছরই ৮।১০ এর তফাৎ

ছিল। সুতরাং কষ্ট অব লিভিং ইনডেক্স সম্বন্ধে একটা এক্সপার্ট কমিটি চাই। তার পর এ যে ফিগার দেখছি এক এক সালকে এক একবার বেস ধরা হয়েছে। একবার ধরেছেন, ১৯৪৯-৫০ কে একবার ধরেছেন ১৯৫০-৫১ কে, একবার ১৯৫১-৫২ কে আবার ১৯৫২-৫৩ কে যদি ১৯৩৯-৪০ কে বেস ধরে কষ্ট অব লিভিং ইনডেক্স-এর ফিগার থাকত তাহলে একটা কম্পেয়ারেটিভ ষ্টাডি করতে পারতাম। কিন্তু সেটাকে লুকাবার জন্য ৫ বছরে ৫ রকম কষ্ট অব লিভিং ইনডেক্সের বেস ধরে করা হয়েছে। কাজেই এই যে তঞ্চকতা এটা আমরা সহ্য করবো না। এ সম্পর্কে বিধিসংগত বিধান স্থির করুন এটাই আমরা চাই।

দ্বিতীয় কথা হচ্ছে আজকে আমাদের এই সরকার তাদের মূল নীতি থেকে বিচ্যুত হচ্ছেন বিভিন্ন মার্চেন্ট অফিসে, ইলেকট্রোনিক কম্টোমিটার আসছে। আপনি আশ্চর্য্য হয়ে যাবে স্যার, বার্মা শেলে ১৩ লক্ষ টাকা ভাড়া দিয়ে এই জিনিষ আনছেন অথচ বৎসরে ৫০০ ক্লার্ক ২৫০ টাকা এভারেজ পেতে তারা নিযুক্ত করতে পারত।

[4-20—4-30 p.m]

পাঁচ শত ক্লার্ক যেখানে ভর্তি হতে পারে সেই পাঁচ শত ক্লার্ক-এর কাজ ইলেকট্রনিক কমপিউটার করে আর তার তের লক্ষ টাকা ভাড়া, আমাদের সরকার সেটার অনুমতি দিয়েছেন। দেখুন আজকে মধ্যবিত্ত সমাজের কি অবস্থা ২৫০ টাকার যারা কর্মচারী এরূপ যাদের এ্যাভারেজ পে যাদের চাকরী এ ভাবে আরন্‌ড হয়েছে তাদের এইভাবে চাকরী চলে যাচ্ছে। এটা খুব দূরের কথা নয় আধ ফার্লং দূরে, সেখানে এটা সুরু হয়ে গেছে এবং বর্মা শেল এত ভেঞ্চার হয়েছে কেন? আপনাদের বলার কোন গাটস নেই, আপনাদের বলার কোন মুখ নেই কারণ এল, আই, সি-এর ও এরূপ আছে দেড় কোটী টাকা দিয়ে এরূপ জিনিস এনেছে আমি আগেই বলেছি টাটা রিসার্চ ইন্সটিটিউট এবং এল, আই, সি-তেও আনা হয়েছে ধরুণ এই দেড় কোটী টাকা ক্যাপিটাল লে আউট করে কি উপকার হবে? বাংলাদেশের লোকের চাকরী যাবে এই কি হচ্ছে আমাদের ওয়ার্ধা প্ল্যানিং? আমি মাননীয় বন্ধুদের এই ওয়ার্ধা প্ল্যানিং-এর কথা জিজ্ঞাসা করেছিলাম —আমি আরও জিজ্ঞাসা করেছিলাম এটাই কি ইণ্ডাস্ট্রিয়াল রেজলিউশান-এর বক্তব্য। না কিন্তু তাতে এসব ছিল না তাই অত্যন্ত দুঃখের সঙ্গে বলছি আপনাদের এই বাজেট-এর বিরোধিতা করতে হচ্ছে। শুধু তাই নয় আজকে অযোগ্যতা, উদাসীনতা এবং ধনীকতোষণ চারিদিকে দেখতে পাচ্ছি। এ্যাডমিনিসষ্ট্রেশান-এর ক্ষেত্রেও এই জিনিস চলেছে সুতরাং আপনাদের যে পরিকল্পনা ছিল ষ্টেট ইনসিওরেন্স-এর যেটার কথা আমাদের মাননীয়া রাজ্যপালিকা মহোদয়া তাঁর বক্তব্যে বলেছেন যে ছয় লক্ষ লোক ষ্টেট ইনসিওরেন্স-এ আমরা নিয়ে এসেছি। কিন্তু এই ষ্টেট ইনসিওরেন্স-এর এ্যাডমিনিসট্রেশান বাংলা সরকারের হাতে। কিন্তু সেখানে আজ কি এ্যাডমিনিস্ট্রেশান হচ্ছে? হাওড়ায় সমস্ত ঔষধের দোকানে আজ ঔষধ পাওয়া যাচ্ছে না সেখান থেকে দে'জ মেডিক্যাল হল-এ গিয়ে ঔষধ কিনতে হচ্ছে কোন সু-ব্যবস্থা নেই, কোন ঔষধ তারা আজ দোকানে রাখে না। তাদের জিজ্ঞাসা করলে বলে যে ঔষধ রাখব কি মশাই আজ ২ বৎসরের কোন বিল পাইনি, ২৭ হাজার টাকা সরকারের কাছে পাওনা। আমাদের ত আর সরকারের মত ট্যাকশাল নেই তাই ঔষধও আনতে পারব না এই অবস্থা চলেছে। আমাদের যারা এ্যাডমিনিসট্রেশান চালাচ্ছেন যারা এই ষ্টেট ইনসিওরেন্স পরিচালনা করছেন তাদের এ বিষয়ে কোন নজর নেই। আজকে কোন চিকিৎসার সু-ব্যবস্থা হচ্ছে না। দেখা যাচ্ছে আমাদের ডিফিসিট ফিনান্স দেখান হয়েছে ষ্টেট ইনসিওরেন্স-এর ব্যাপারে আমরা দেখছি যে ঔষধ পাওয়া যাচ্ছে না ফলে দে'জ মেডিক্যাল হল থেকে ঔষধ কিনতে হচ্ছে অপর দিকে দেখা যাচ্ছে এর মধ্যে ফ্যামিলী ইনক্লুডেড হলেও যেহেতু কোম্পানী ওয়ার্কার-দের সম্বন্ধে ইন্টারেস্টেড সেহেতু ওয়ার্কার-দের হসপিটালাইজেসান হচ্ছে তাদের স্পেসালাইজড ট্রিটমেন্ট হচ্ছে কিন্তু স্ত্রী বা ছেলেমেয়ে-দের হচ্ছে না। সুতরাং এখানে আমরা কি দেখছি ষ্টেট ইনসিওরেন্স-এ সব কিছু থাকলেও theoritically if it is read in papers.

তা সেখানে হচ্ছে না সুতরাং যে স্কীমটাকে আমরা সমর্থন জানিয়েছিলাম বা এখনও এই স্কীম-এর সর্বাঙ্গীন বিরোধিতা আমরা করছি না কিন্তু আমরা এগুলির সংশোধন চাই যতদিন না

আপনারা সংশোধন করতে পারছেন ততদিন এর সর্বাঙ্গীন উন্নতি সম্ভব নয়। আজকে যাদের হাওড়া থেকে ডেঁজ মেডিক্যাল হল-এ ঔষধ কিনতে আসতে হয়, বা নৈহাটী থেকে ঐ ডেঁজ মেডিক্যাল হল-এ ঔষধ কিনতে আসতে হয় তাদের রাহাখরচ দিতে হবে—ট্র্যাভেলিং খরচ দিতে হবে না হলে তারা ঔষধ নিতে পারবে না। যদি গাটের পয়সা খরচ করে ঔষধ কেনে তাহলে ক্যাশ মেমো সাবমিট করলে স্টেট ইনসিওরেন্স থেকে টাকা দিতে হবে সে ঔষধের সম্পূর্ণ দাম দিতে হবে। আজকে আমরা দেখছি কোটী কোটী টাকা পড়ে আছে। আমরা জানি প্রায় পঞ্চাশ কোটী টাকা স্টেট ইনসিওরেন্স-এ পড়ে আছে, তারা এই টাকাকে যক্ষের ধনের মতন আগলে আছেন অথচ চিকিৎসার কোন ব্যবস্থা করছেন না বা এই সমস্ত বিষয়ে অন্য কোন ব্যবস্থাও করছেন না। আমরা শুনেছি গৌরহাটী এবং ব্যাণ্ডেল-এ হাসপাতাল হবে এ পরিকল্পনা আমরা বহুদিন ধরে শুনে আসছি কিন্তু এরা এখনও কিছুই করতে পারেন নি। মাননীয় স্পীকার মহাশয়, সেইজন্য আপনার মাধ্যমে বলতে চাই যে এরা ওয়ার্কার্স-দের কোন উন্নতিমূলক ব্যবস্থা করতে পারেন নি। সেন্ট্রাল মিনিস্টার এলেন মালিকদের সব ডাকা হল এবং তাদের উপর নানান দায়িত্ব দিয়ে গেলেন কিন্তু কিছুতেই কিছু হল না। আমাদের এখানে শ্রমমন্ত্রী বিজয়বাবু আছেন তিনি এই ৪ পারসেন্ট বোনাসের কোন ব্যবস্থাই করতে পারেন নি আজকে ২৪এ জানুয়ারী থেকে ২৫এ ফেব্রুয়ারী প্রায় ১ মাস হয়ে গেল কিন্তু তবু তাদের ঘোষনা করা সম্ভব হল না যে এই ৪ পারসেন্ট বোনাস তারা ঘোষনা করলেন না তার কারণ হল ঐখানে যে সমস্ত সাদা চামড়ার কিছু কিছু লোক আছে তারা তাদের যে সমস্ত পোষ্যপুত্র আছেন তাদের বলেছেন যে ৪ পারসেন্ট বোনাস দেব না, আজকে এদের সে রকম কোন টাগস নেই আজকে আমরা দেখতে পাচ্ছি বিভিন্ন জায়গায় এ যে সমস্ত জিনিস হচ্ছে তার প্রতিরোধ করবার কোন চেষ্টা নেই

because they have lost their morals.

এদের কোন মরাল নেই যার জন্য এরা বাধ্য করতে পারছেন না ঐ সমস্ত কোম্পানীকে। আমরা দাবী করি ডি, আই, রুলস জারী করে এই বোনাস দিতে বাধ্য করা হোক। এটা কোন আবদারের কথা নয় সমস্ত ভারতবর্ষের সমস্ত শিল্পে হচ্ছে অথচ যে এখানে কার স্বার্থে হচ্ছে না তা জানি না। এরই প্রতিচ্ছবি আছে ঐ বাজেটে ঐ বড় বড় মিল মালিকদের তোষণ। সেজন্য আমরা এর বিরোধিতা করি। তার পরের কথা হচ্ছে যদি আপনারা এর কোন ব্যবস্থা করতে না পারেন তাহলে বাধ্য হয়ে সেই ধর্মঘটের রাস্তায় এদের নিয়ে যেতে বাধ্য করবেন। তখন কিন্তু মাথা পাগড়ে দিয়ে, হাতে লাঠি দিয়ে, পুলিস ভ্যান পাঠাবেন গ্রেপ্তার করে বলবেন দমদমে যাও। তাই আমি ওয়ার্নিং দিই যদি এই বোনাস-এর ব্যবস্থা একমাসের মধ্যে না হয় তাহলে ঐ আড়াই লক্ষ চটকল শ্রমিক যারা ঐ ৪ পারসেন্ট মিনিমাম বোনাসের জন্য দাবী জানিয়েছে যেটা বোনাস কমিশন দিয়েছে এবং গভর্নমেন্ট যেটা এ্যাপপ্রুভড করেছে সেটা যদি দেবার ব্যবস্থা না হয় তাহলে বাংলাদেশের এই আড়াই লক্ষ চটকল শ্রমিকের নূতন করে আন্দোলন সৃষ্টি হবে এবং তা সামলাতে যথেষ্ট বেগ পেতে হবে। আমি তারপর আর একটা কথা বলতে চাই যে আমরা দেখতে পাচ্ছি যে বিভিন্ন ক্ষেত্রে কস্ট অফ লিভিং ইনডেক্স বেড়ে গেছে এবং তারজন্য ডি-এ বাড়ান দরকার আসাম গভর্নমেন্ট ডি, আই, রুল জারী করে সমস্ত ইন্ডাস্ট্রিজ ডি, এ, বাড়িয়ে দিয়েছেন যদি আসাম গভর্নমেন্ট পারেন তাহলে আমাদের বাংলা গভর্নমেন্ট পারবেন না কেন? শুধু ৬৮টা ইঞ্জিনিয়ারীং কারখানায় ডি, এ, বাড়িয়ে দিয়েছেন। আপনারা শুনে রাখুন যে ১৯৬২ সালে যে ডি, এ, ছিল তাতেও ১৯৩৯ সালে ওয়ার্কাররা যে মাহিনা পেত সে তার সঙ্গে তুলনা করলেই বুঝতে পারা যায় যেখানে ১৯৬২ সালে বাজার এত দুর্মূল্য ছিল না সুতরাং আজকে ১৯৩৯ সালের যুদ্ধের চেয়েও নীচু স্তরে নেমে গেছেন আর এখন আমাদের শুনতে হচ্ছে স্বাধীন ভারতবর্ষ, স্বাধীন বাংলাদেশ আমরা এত করে উন্নতি করে চলেছি। আমি তাই বলছি যে ঐ টাওয়ার-এর উপর বসে বা রাইটার্স বিলডিংস-এর তিনতলায় বসে উঁকি মেরে দেখে কাজ হবে না। আজকে সত্যকারের অবস্থা বুঝতে হবে। আজকে দেখতে হবে যে ১৯৩৯ সালের জীবনের যে মান ছিল আজকে তা সব চেয়েও নীচুতে নেমে গেছে এটা এদেরই নেতৃত্বে এবং কর্তৃত্বে। সেজন্য আমরা বলি যে ডি, এ,-এর জন্য ডি, আই, রুল এ্যাপলাই করে কেন এই ডি, এ, বাড়ান যাবে না। যারা লাভের অঙ্ক দিনের পর দিন ফেঁপে উঠছে যাদের রেট অফ প্রফিট বেড়ে গেছে টোটাল প্রফিট বেড়ে গেছে সুতরাং এদের ক্ষেত্রে সেই রেট অফ প্রফিট অর টোটাল প্রফিট

যা বেড়েছে তার অংশ যদি দেওয়া না হয় তাহলে কি হবে সেজন্য আমি বলছি যে ডি, আ রুল এ্যাপ্লাই করে ডি, এ, বাড়ান। আপনারা অনেক কাজ করছেন এই ডি, আই, রুল এ্যাপ্লা করে, অনেক লোককে ধরে রেখেছেন এই ডি, আই, রুল এ্যাপলাই করে সুতরাং এখানে ডি, আ রুল এ্যাপলাই করবেন না কেন? এখানে ঐ মালিকের উপর ডি, আই, রুল এ্যাপলাই করবেন কেন যাতে আমরা বলতে পারি সরকার ভাল কাজ করছেন এবং সেখানে আপনাদের দাবী হবে যে কস্ট অফ লিভিং ইনডেক্স যেখানে বেড়েছে সেখানেই ডি, আই, রুল এ্যাপলাই সেখানে এস ক্ষেত্রে ডি, এ, বাড়াবার চেষ্টা করুন। রেশনিং-এর ক্ষেত্রে দেখুন যে একজন শ্রমিক যে আধ ঘন্ কাজ করছে তাকে কোন দিক থেকে আপনারা ২৪ শত গ্রাম খেতে দিচ্ছেন। এটা আপনার আমা চলতে পারে কিন্তু ঐ শ্রমিক যে আট ঘন্টা ধরে তাঁত চালাচ্ছে তার ঐ ২ কিলো চারশো খে কাজ করা সম্ভব নয়। মন্ত্রীমণ্ডলীর যে সমস্ত পুরান সদস্য আছেন তাঁরা জানেন কিনা জানি তবে বিরোধীদের মধ্যে অনেকেই জানেন যে আগে রেশনিং-এর সময় শ্রমিকদের ৪ সের ক রেশন দেওয়া হত। আমাদের মধ্যবিত্তদের ঘরে কিছু কমছিল বটে কিন্তু শ্রমিকদের ৪ সের ক খাদ্য দেওয়া হত তাদের একটা স্পেশাল এ্যারেঞ্জমেন্ট ছিল। আপনারা যদি এ ধরণের এ্যারেঞ্জ মেন্ট না করেন তাহলে সত্যই খুব ক্ষতি হবে কারণ আপনারা এইভাবে শ্রমিকদের মারছে তাদের বাজার থেকে প্রশ্রয় দিচ্ছেন অন্যভাবে কেনার জন্য তারা যদি রেল লাইন-এর অপর পা গিয়ে চাল না নিয়ে আসে তাহলে তাদের চলবে না আমি আর একটা কথা জানলাম যে বিভি কারখানায় যে সমস্ত ক্যান্টিন আছে সেখানে যে চাল দেওয়া হয় তার পরিমাণ হল ২ শো সো দুশো গ্রাম করে একটা শ্রমিকের ক্যান্টিন-এ এই পরিমাণ খাদ্য খেয়ে কিছুতেই চলতে পারে না আপনারা এভাবে অরাজকতার সৃষ্টি করছেন এবং তারই প্রতিচ্ছবি আমরা এই বাজেটের মধ্যে দেখছি। মাননীয় স্পীকার মহাশয় আমি আপনার মাধ্যমে অত্যন্ত জোরের সঙ্গে এই কথা বলতে চাই যদি বাংলাদেশের শ্রমিকদের এই রেশনিং-এর পরিমাণ না বাড়ান হয়, যদি বাংলা দেশের বোনাসের সমস্যার সমাধান না করা হয়, এবং কস্ট অফ লিভিং ইনডেক্স সংশোধন ক যদি ডি, এ, বাড়ান না হয়, এবং যদি বাংলাদেশে ডি, আই, রুল এ্যাপলাই করে ডি, এ, বাড়ান না হয় তাহলে এমন একটা অবস্থার মধ্য দিয়ে যাবে যখন ডি, আই, রুল এ্যাপলাই করে আমা দের জেলে নিয়ে গিয়ে স্থান সংকুলান করতে পারবেন না এই সাবধান বাণী আমি দিয়ে যাচ্ছি

[4-30—4-40 p.m.]

Statement about closure of schools and colleges

Shri Sowrindra Mohan Misra:

মিঃ চেয়ারম্যান স্যার, আজকে স্কুল কলেজ বন্ধ নিয়ে কিছু প্রশ্ন এখানে উঠেছে—মাননীয় শিক্ষা মন্ত্রী ঐ হাউসে ব্যস্ত আছেন। তিনি অবশ্য ঐ হাউসে এর উত্তরে দিয়েছেন। আমি এখানে কিছু বলে দিতে চাই। কথাটা হচ্ছে স্কুল কলেজ কেন বন্ধ করা হয়েছে। ২৪ তারিখ পর্যন্ত বন্ধ ছিল—এ সম্বন্ধে গত কাল কলিং এ্যাটেনসন নোটিশে শিক্ষা মন্ত্রী বিশেষভাবে বলেছেন যে ভাষা সমস্যার জন্য গোলমাল হতে পারে এবং দু একটা জায়গায় কিছু কিছু গোলমাল হয়েছে বলে এখানকার স্কুল কলেজগুলি বন্ধ করে দেওয়া হয়েছিল। আজকে ২৪ তারিখে সমস্ত মুখ্যমন্ত্রী একত্র হচ্ছেন দিল্লীতে—কিন্তু তার ফলাফল কি হচ্ছে না দেখে আমরা কোন রকম রিস্ক নিতে চাই না বলে আরও তিন দিন বন্ধ দেওয়া হয়েছে এবং বন্ধ দেওয়া হয়েছে হিন্দী সমস্যার জন্য। দ্বিতীয় কথা হচ্ছে স্ট্রাইক নিয়ে কথা বলছেন—সেই সম্বন্ধে মাননীয় শিক্ষা মন্ত্রী গতকাল এখানে উত্তর দিয়েছেন এ সম্বন্ধে আর কিছু বলার আমার নেই

Shri Nani Bhattacharjee:

এই নির্জলা মিথ্যাটা এই হাউসের সামনে বল্লেন কি করে? হিন্দী নিয়ে এমন কিছু ঘটনা ঘটেনি—বল্লেন কি করে যে হিন্দী নিয়ে কিছু গণ্ডগোল হচ্ছে—আপনি একটা স্লার দিচ্ছেন—বাংলাদেশের সমস্ত ছাত্রদের উপর। তারা আন্দোলনে নেমে পড়বেন সেইজন্য বন্ধ করে রেখেছেন।

Mr. Chairman: Mr. Bhattacharjee, please sit down.

General discussion on the Budget, 1965-66

Shri Brindaban Gayen:

মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট উত্থাপন করেছেন—বিরোধী পক্ষের মাননীয় সদস্যগণ তার কিছুই সমর্থন করতে পারেন নি। স্যার, আমি আপনার কাছে নিবেদন করবো যে মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট উত্থাপন করেছেন মাননীয় বিরোধী পক্ষের সদস্যগণ তার মধ্যে কোন একটী বিষয়কে সমর্থন যোগ্য বলে পেলেন না। দেশে এতো উন্নয়নমূলক কাজ হয়েছে—মাননীয় অর্থমন্ত্রী তার বাজেট বক্তৃতার মধ্যে সমস্তই বলেছেন। তিনি তাঁর বাজেট বক্তৃতার মধ্যে পশ্চিমবঙ্গের একটা চিত্র পরিস্ফুট করতে চেয়েছেন। তিনি এক দিকে যেমন বলেছেন কৃষির উন্নতির কথা—স্বাস্থ্যের উন্নতির কথা, পরিবহনের উন্নতির কথা—তেমনি অন্য দিকে দেশের ভয়াবহ বেকারত্বের কথা - মুদ্রাস্ফীতির কথা এবং জনসাধারণের দুঃখ কষ্টের কথা উল্লেখ করেছেন। তিনি কোন জিনিসকে কারচুপি করে এই সভার মাধ্যমে ঢাকতে চান নি। সেইজন্য আমি আপনার মাধ্যমে এ কথা নিবেদন করবো যে মাননীয় অর্থমন্ত্রী দেশের প্রকৃত অবস্থাকে আজকে বাজেটের মধ্যে উত্থাপন করেছেন এবং তিনি মাননীয় সদস্যদের সমর্থন চেয়েছে। এই প্রসঙ্গে আমি বলবো যে আমরা পল্লীগ্রাম থেকে যে সমস্ত সদস্য এসেছি কৃষির উন্নয়নের কথা অনেক সদস্য বলেছেন—যে কৃষির উন্নয়ন কিছুই হয় নি। আমি এ কথা আজকে আপনার মাধ্যমে বলতে চাই যে আমাদের দেশে যদিও শিল্পে অনেক অগ্রগতি হয়েছে তবুও আমাদের জাতীয় আয়ের একটা মোটা অংশ-এর প্রায় ৫০ ভাগ কৃষির উপর নির্ভরশীল এবং দেশের প্রায় ৭০ ভাগ লোক কৃষির উপর নির্ভরশীল। সেই কৃষি উন্নত হয়েছে কি না—তা যদি পর্যালোচনা করা যায় তাহলে দেখবো কৃষির যথেষ্ট উন্নতি হয়েছে। আজকে আমরা যদি দেখি তাহলে দেখবো যে ১৯৪৭-৪৮ সালে এ দেশে চাল উৎপাদন হোত ৩৬ লক্ষ টন আর ১৯৬৩-৬৪ সালে উৎপন্ন হয়েছে ৫০ লক্ষ টন চাল। ১৯৬৪-৬৫ সালে ৫৫ লক্ষ টন চাল উৎপন্ন হয়েছে। কিন্তু আমাদের রিকোয়ারমেন্ট হচ্ছে ৫৩ লক্ষ টন এবং সেইজন্য ঘাটতি থেকে যাচ্ছে। কৃষির উন্নতির জন্য সরকার যথেষ্ট ব্যবস্থা করেছেন। কৃষি উন্নয়নের জন্য সেচ পরিকল্পনার সাহায্যে কৃষকদের সাহায্য করা হচ্ছে। তাছাড়া উন্নত ধরণের বীজ এবং সার সরবরাহ করে যাতে কৃষির ফলন বাড়ে তার জন্য চেষ্টা করা হচ্ছে। আমি এই প্রসঙ্গে মাননীয় কৃষি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করবো যে কৃষির উন্নয়নের জন্য তিনি যে সমস্ত বড় বড় সেচ পরিকল্পনা করেছেন সেগুলি এখন বন্ধ রেখে ক্ষুদ্র সেচ পরিকল্পনার দিকে তাঁর বিশেষভাবে নজর দেওয়া উচিত। কারণ পশ্চিমবাংলায় আমাদের যে কৃষি যোগ্য জমি আছে- ১ কোটি ৩৬ লক্ষ একর তার মধ্যে সেচের আওতায় এসেছে মাত্র ৩৪ লক্ষ একর—এখনও ১ কোটি লক্ষ একর জমিতে সেচের ব্যবস্থা করা সম্ভবপর হয় নি। সেইজন্য আমি কৃষি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করবো যাতে ক্ষুদ্র সেচ পরিকল্পনা আরও ব্যাপকভাবে নেওয়া হয় সেজন্য তিনি যেন দৃষ্টি দেন। এবং ক্ষুদ্র সেচ পরিকল্পনার আরও একটা জিনিস আছে যে ১০ হাজার টাকা পর্যন্ত যে সমস্ত পরিকল্পনা করা হয় সেই পরিকল্পনার জন্য স্থানীয় লোকদের কনট্রিবিউসন দিতে হয়। এই কনট্রিবিউসন যাতে তুলে দেওয়া হয় চতুর্থ পরিকল্পনায় সেইজন্য তিনি যেন ব্যবস্থা করেন- আমি এ দিকে মাননীয় কৃষি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তাছাড়া আরও অনেক মাননীয় সদস্য বলেছেন যে কৃষির জন্য যে খরচ বরাদ্দ ছিল তার বহু টাকা খরচ হয় নি। মিঃ চেয়ারম্যান স্যার, এই টাকা যে খরচ হয় নি তার বহু কারণ আছে—তার কারণ হচ্ছে বিদ্যুৎ ঠিকমত সরবরাহ পাওয়া যায় নি—সিমেন্ট এবং লোহা পাওয়া যায় নি—এই সব কারণে টাকা খরচ করা সম্ভব হয় নি। আমি মাননীয় কৃষি মন্ত্রীর দৃষ্টি আর এক দিকে আকর্ষণ করবো যে কৃষি কার্যের উন্নতির জন্য যে সমস্ত অফিসার নিয়োগ করা হয় সেই সমস্ত অফিসার যাতে কৃষক পরিবারের মধ্য থেকে নেওয়া হয় সেদিকে তিনি যেন দৃষ্টি দেন। যে সমস্ত অফিসার কৃষি কার্যের জন্য নিযুক্ত হন তারা স্থানীয় লোকদের সঙ্গে যাতে ভালভাবে ব্যবহার করতে পারেন এবং স্থানীয় সমস্যা সম্বন্ধে যাতে ঠিকভাবে অবহিত হতে পারেন, সেইজন্য যদি কৃষি পরিবারের মধ্য থেকে আমরা সেই সমস্ত অফিসার নিয়োগ করি তাহলে আমার মনে হয় যে কৃষি কার্যের আরও উন্নতি হবে। কৃষি কার্যের উন্নতির দিকে আমাদের বিশেষভাবে নজর দেওয়া দরকার, কারণ

কৃষির উন্নতি যদি না হয় জনসংখ্যা যে হারে বৃদ্ধি পাচ্ছে সেইভাবে খাদ্যোৎপাদন আমরা যদি না করতে পারি—আমাদের কৃষিযোগ্য যে জমি সেই জমিগুলিতে আমরা যদি অধিক ফসল উৎপাদন করতে না পারি তাহ'লে আমাদের ইকনমিক ষ্ট্রাকচার ভেঙ্গে যাবে। সেজন্য আমি কৃষি মন্ত্রীকে অনুরোধ করবো যে পশ্চিমবাংলাতে এগ্রিকালচারাল কলেজ মাত্র একটি আছে। কৃষির উন্নতির জন্য আরও যাতে কলেজ বেশী হয় এবং চাষের কাজে যে সমস্ত কৃষকরা নিযুক্ত আছেন তাদের ছেলেদের বেশীরভাগ যাতে সেই কৃষি কলেজে পড়বার সুবিধা পায় এবং তারা সেই সমস্ত কলেজ থেকে বের হ'য়ে যাতে অফিসার পদে নিযুক্ত হতে পারে তার দিকে তিনি যেন দৃষ্টি দেন। স্যার, আমি আরও একটা ব্যাপারে অর্থমন্ত্রীর কাছে অনুরোধ জানাচ্ছি, যে ক্রমবর্ধমান বেকারের কথা তিনি উল্লেখ করেছেন, এই যে বেকারের হিসাব তাঁর কাছে আছে—সেটা হচ্ছে কলকাতা এবং তার আসেপাশে যে সমস্ত শিক্ষিত লোক আছেন—যাঁরা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে আসতে পারেন তাঁরাই নাম লিপিবদ্ধ করেছেন। এ'রা ছাড়া আরো বহু বেকার পাড়াগাঁয়ে পড়ে আছেন যাঁদের নাম লিপিবদ্ধ হয় নি। সেই সমস্ত বেকারদের যাতে চাকুরীর সুযোগ আসে—সেইজন্য ক্ষুদ্র শিল্প পল্লীগ্রামে যাতে প্রসার লাভ করে সেদিকে তিনি যেন দৃষ্টি দেন। নতুবা চতুর্থ পরিকল্পনার প্রারম্ভে তিনি যে বলেছেন প্রায় ১ কোটি ২০ লক্ষ বেকার থেকে যাবে—আমি বলবো তার চেয়ে আরও বেশী বেকার থাকবে বলে আমার মনে হয়। সেইজন্য তাঁকে অনুরোধ জানাবো যাতে চতুর্থ পরিকল্পনায় ক্ষুদ্র শিল্প আরও প্রসার লাভ করে পশ্চিমবাংলায় সেইজন্য তিনি যেন চতুর্থ পরিকল্পনায় সে বিষয়ে ব্যয় বরাদ্দ করেন। এই কথা বলে আমি আমাদের মাননীয় অর্থমন্ত্রীর বাজেটকে সমর্থন করছি।

[4-40—4-50 p.m.]

Shri Abhoy Pada Saha:

মাননীয় চেয়ারম্যান মহাশয়, ১৯৪৯-৫০ সাল থেকে আজ ১৯৬৫-৬৬ সালে যে বাজেট এখানে পেশ করা হয়েছে তাতে দেখা যাচ্ছে ২৫ কোটি টাকা থেকে ১৬৯ কোটি ৮৩ লক্ষ টাকা ব্যয় হবে বলে এই বছরে এই বাজেট পেশ করা হয়েছে। কোথায় ২৫ কোটি টাকা আর কোথায় ১৬৯ কোটি টাকা প্রায় সাড়ে পাঁচ গুণ টাকা বেশী খরচ করা হচ্ছে। কিন্তু আমি একটা প্রশ্ন আমাদের অর্থমন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করি যে এই কোটি কোটি টাকা খরচ হওয়ার পরে বাংলা-দেশে যে ১২ লক্ষ কৃষি মজুর পরিবার আছে এই ১২ লক্ষ কৃষি মজুর পরিবারের অবস্থা কি বিন্দুমাত্র পরিবর্তন করতে পেরেছেন? অতএব এবছরে যে এত কোটি টাকা খরচ হবে তাদের জন্য কিছু খরচ হবে কিনা তাদের অবস্থা উন্নত হবে কিনা এটাও আমি জিজ্ঞাসা করছি? আমাদের কংগ্রেসের তরফের অনেক বন্ধু ব'লেছেন যে দেশে স্কুল হয়েছে, প্রাথমিক বিদ্যালয় হয়েছে, কলেজ হয়েছে, রাস্তাঘাট হয়েছে, হাসপাতাল হয়েছে। আমি স্বীকার করি যেখানে এত কোটি টাকা খরচ হয়েছে সেখানে কিছু তো হবেই। কিন্তু সেই যে উন্নতি হয়েছে প্রাথমিক বিদ্যালয় হয়েছে সেই বিদ্যালয়ে ঐ ভূমি মজুরের ছেলেরা কি পড়তে পারে? তার কি পড়ানর অবস্থা আছে? যখনই সেই ভূমি মজুরের সন্তান-সন্ততি একটু সাবালক হয় ৫ বছর কি ৬ বছরে পা দেয় তখন তাদের ছেলে মেয়েদের নিজেরা রুজি রোজগার করে বেঁচে থাকতে হয়, পরের বাড়ী রাখালী করে বা অন্য কিছু করে তাকে খেটে খেতে হয়। ঐ প্রাথমিক বিদ্যালয়ে যাওয়ার মত অবস্থা এখনও সৃষ্টি হয়নি। একটা গ্রাম যদি সমীক্ষা করে দেখা যায় তাহলে দেখা যাবে প্রায় ৫০ ভাগ শিশু ঐ প্রাথমিক বিদ্যালয়ে যেতে পারেনা, যাওয়ার মত অবস্থা এখনও সৃষ্টি হয়নি। ১৭ বছর আমাদের স্বাধীনতা অর্জিত হয়েছে। আমরা কোটি কোটি টাকা খরচ করছি, করে বড়াই করছি যে আমরা স্কুল করেছি, রাস্তাঘাট করেছি। কিন্তু ঐ যে ১২ লক্ষ ভূমি মজুর পরিবার এই যে টাকা খরচ করা হয়েছে তার বিন্দুমাত্র তাদের কাছে পৌঁছায়নি। তাদের ৬ মাস কোন রকমে চলে আর ৬ মাস আধ পেটা, পৌনে পেটা বা উপবাসে দিন যায়। এই ১৭ বছর ধরে উন্নতির সোপান তৈরি করে দেশকে নিয়ে এই অবস্থায় এসে দাঁড় করিয়েছি। আজ যদি সমাজের দিকে চেয়ে দেখি তাহলে দেখব তারাই হচ্ছে সবচেয়ে শোষিত, সব থেকে নিষ্পেষিত। কিন্তু লক্ষ্য আমাদের তাদের দিকে নেই। আমরা শুধু দেশ

গঠনের কথা বলি। কিন্তু সমাজের যেটা বিরাট অংশ বিরাট জনসংখ্যা তাদের অবস্থার উন্নতির কথা বাজেটের কোন জায়গায় খ‍ুজলে পাওয়া যাবে, না। তারপর আমি ভাগ চাষীর কথা বলব। আমাদের দেশে প্রায় ১৬ লক্ষ পরিবার ভাগচাষী আছে। কিছু তাদের জমি আছে—তিন একরের কম জমি আছে বা কারো জমি নাই, তারা ভাগে চাষ করে—, এই যে ১৬ লক্ষ পরিবার, তাদের অবস্থা কী? তারা কি এই বাজেট থেকে উপকৃত হলো? এই কথা আমি অর্থমন্ত্রীকে জিজ্ঞাসা করি। তারা কৃষি সম্বন্ধে কতটুকু সরকারের কাছ থেকে উপকার পাবে! কিছু লোকের ব্যবস্থা গরু কেনার লোনও তারা পাবে না। তিন একর জমি না থাকলে—ঐ যে ক্যাটেল পারচেজ লোন-এর ব্যবস্থা আছে, তা তারা পাবে না। তারপর সরকার থেকে যে টাকা দেওয়া হয়, সেটাও সময়মত দেওয়া হয় না। সময়মত সেই টাকা পায় না বলে তা অন্য কাজে না লেগে পেটে চলে যায়। ভাগচাষী যে ফসল তারা ভাগে পায়, তার দ্বারা তাদের সংসার চলা দুরূহ ব্যাপার। এই হাউসের প্রত্যেক সদস্য স্বীকার করবেন যে তারা উৎপন্ন ফসলের যে ভাগ পায় তাতে সমগ্র বছর তাদের জীবিকা চলে না, তাদের ধার দেনা করতে করতে ক্রমশঃ মহাজনদের কাছে সেই ধারের দায়ে অনেক সুদ গুণতে হয়। সরকার থেকে যে সাহায্য ও ঋণ দেওয়া হয়, সেই ঋণের টাকা তাদের কাছে পেঁছায় না। যে ঋণ পায় মধ্যবিত্ত চাষী যার অনেক জায়গা জমি আছে, যার অবস্থা ভাল সেই সরকারী সাহায্যের ভাগ তাদের কাছে বেশী পেঁছায় এবং সেই টাকা ঐ ভাগচাষীকে তারা লগ্নী করে তাদের উপর শোষণ চালায়। এই শোষণের হাত থেকে এই ভাগচাষীদের বাঁচাবার জন্য এই বাজেটে সরকারী ব্যবস্থার কোন চিহ্নমাত্র নাই। এই অবস্থায় এই বাজেটে যে বরাদ্দের ব্যাপার দেখা যাচ্ছে তাতে এক কথায় বলতে গেলে পল্লীগ্রামের এই শ্রেণীর লোকদের বিন্দুমাত্র উন্নতি হবে না, তাদের দিন দিন অবস্থা ক্রমেই খারাপের দিকে যাচ্ছে।

আর মধ্যবিত্ত শ্রেণী—যাদের তিন একর থেকে ৫ একর জমি আছে, তাদের অবস্থার কতটুকু উন্নতি হবে? তারা যে ফসল উৎপাদন করে সেই ফসল দিয়ে অবশ্য দুবেলা কোন রকমে পেট ভরে যায়। কিন্তু তাদের সন্তান-সন্ততিদের কতটুকু পড়ার ব্যবস্থা করতে পারে? ঐ প্রাইমারী স্কুল পর্যন্ত—বা তারপর হয়ত কোন কোন ছেলে মাধ্যমিক স্কুলে যাওয়া পর্যন্ত—শেষ হয়ে যায়। তাদের হাইয়ার এডুকেশন দেওয়ার মত ক্ষমতা তাদের থাকেনা বা ঐ অবস্থা দিয়ে সংকুলান হয় না। তিন থেকে পাঁচ একর জমির যে ফসল তারা পায়, সেই ফসল দিয়ে তাদের সন্তান-সন্ততিদের ভালভাবে মানুষ করার মত সঙ্গতি তাদের হয় না। এই অবস্থায় যে বাজেট তৈরী হয়েছে—তাতে পল্লীগ্রামের এই শ্রেণীর লোকের বিন্দুমাত্র উপকার হবার লক্ষণ দেখা যাচ্ছে না। পরন্তু বাজেটে দেখা যাচ্ছে যে ফেমিন রিলিফ খাতে যে টাকা বরাদ্দ হয়েছিল, তা থেকে দেখা যাচ্ছে যে ২ কোটী ৬১ লক্ষ ৫৬ হাজার টাকা বেশী খরচ হয়ে গেছে।

[4-50—5 p.m.]

মাননীয় চেয়ারম্যান স্যার, তাতে যে ২ কোটি ৩৮ লক্ষ ৪৪ হাজার টাকা ধরা হয়েছিল, রিভাইজড বাজেট-এ দেখা যাচ্ছে ৫ কোটি টাকা খরচ হয়ে যাবে, সেইজন্য ২৬১ কোটি ৫৬ লক্ষ টাকার যে বিরাট অঙ্ক এই ফেমিন রিলিফ খাতে ব্যয় হ'ল, তাতে দেখা যাচ্ছে যে প্রায় ৩ কোটি টাকা মত এই জি-আর এ খরচ হয়েছে। জি-আর এ ৩ কোটি টাকা খরচ করেছেন কেন? কারণ সেই শ্রেণীর লোককে, যারা পাড়াগাঁয়ে বাস করে, তাদের বাঁচাবার জন্যে জি-আর দিয়ে হয়েছে। জি-আর না দিলে তাদের বাঁচানো যাবে না, যারা একেবারে ধুঁকে ধুঁকে মারা যাচ্ছে তাদের বাঁচাবার জন্য জি-আর এর ব্যবস্থা না করলে তাদের বাঁচানো সম্ভব নয়। সরকার সেদিকে লক্ষ্য রেখে তাদের জি-আর দিয়ে তাদের কোনরকমে বাঁচিয়ে রাখবার ব্যবস্থা করেছেন। তারপর এই বছর দেখা যাচ্ছে যে পুরো ঐ যে ঘাটতি ধরা হয়েছে, সেই ঘাটতির টাকা ধরে ৫ কোটি ১৯ লক্ষ ৫০ হাজার টাকা ধরা হয়েছে। তাতে দেখা যাচ্ছে এই বছরের ভয়াবহ অবস্থার চেহারা। ৫ কোটি টাকা এখনই ধরেছেন, আরো বেশী টাকা খরচ হবে। প্রতি বছর বাজেটে দেখা যায় যে ফেমিন রিলিফ-এ যে টাকা ধরা হয়, তার থেকে অনেক বেশী টাকা খরচ হয়। এ বছর দেখা যাচ্ছে ৫ কোটি ১৯ লক্ষ টাকা ধরা হয়েছে, এ বছরের চেহারা যে আরও ভয়াবহ হবে তা এই

ফেমিন রিলিফ খাতে টাকা বরাদ্দ দেখেই আমরা বুঝতে পারছি। আমরা দেখতে পাচ্ছি যে বর্তমানে দেশ কী অবস্থায় এসে দাঁড়িয়েছে তা এই ফেমিন রিলিফ খাতে বরাদ্দ দেখেই বোঝা যাচ্ছে।

Shri Ananta Kumar Baidya:

মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় ১৯৬৫-৬৬ সালের বাজেট বরাদ্দ আমাদের এই সভায় উপস্থিত করেছেন, এই বাজেটকে সমর্থন করতে উঠে আমি আপনার মাধ্যমে কয়েকটা বক্তব্য রাখছি। আজ ৩ দিন ধরে এই বাজেট বরাদ্দ সমর্থনের পক্ষে এবং বিপক্ষে অনেক যুক্তি-তর্কের অবতারণা হচ্ছে। আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা অনেকেই অত্যন্ত আবেগময় ভাষায় এই বাজেটের বিরোধীতা করতে গিয়ে তারা বলে যাচ্ছেন যে আমরা বছর বছর শুধু বাজেটে ব্যয় বরাদ্দই করছি, কিন্তু দেশের কোন উন্নতিই হচ্ছে না। দেশের শিক্ষা, স্বাস্থ্য, শিল্প, দারিদ্র কোন কাজেই উন্নতি হচ্ছে না। আবার অনেক বন্ধু তাঁরা স্বীকার করেছেন যে হ্যাঁ টাকা খরচ করা হচ্ছে দেশে রাস্তা হচ্ছে, প্রাইমারী স্কুলের সংখ্যা বেড়েছে তাদের পানীয় জলের জন্য নলকূপের সংখ্যা বেড়েছে, মাধ্যমিক স্কুল বেড়েছে, কলেজের সংখ্যা বেড়েছে, তবুও এই দেশের সামগ্রিক উন্নতি হচ্ছে না। আমরা বলছি না দেশের সামগ্রিক উন্নতি হয়ে গেছে তার কারণ পশ্চিমবাংলা, স্বাধীন হওয়ার আগে আমরা যে অবস্থা দেখেছিলাম যে সমস্যার মধ্যে দিয়ে আমরা চলে আসছি আমরা একদিনে বা এক বছরের বাজেটে যে বরাদ্দ হবে তার ভেতর দিয়ে দেশের যে সামগ্রিক সমস্যার সমাধান হয়ে যাবে এই আশা করা সমীচীন হবে বলে মনে করি না।

আমাদের বিভিন্ন বক্তাদের মুখে শুনতে পাচ্ছি, বিশেষকরে আমাদের বিরোধী বন্ধুদের মধ্যে অনেকেই বলেছেন যে দেশের গরীবের ছেলেরা স্কুলে-পাঠশালায় যেতে পারে না, স্কুলে-পাঠশালায় গিয়ে লেখাপড়া শিখতে পারে না, দেশের যদি স্কুল বা পাঠশালার সংখ্যা বাড়ানো হয়, তাঁরা বলেছেন যে টাকা খরচ করেও এটা ব্যর্থ হয়ে যাচ্ছে, দেশের কোন উন্নতি হচ্ছে না, আমি বলতে চাই দেশের গরীবদের ছেলেরা বা বড় লোকদের ছেলেরা কেন, দেশে যদি স্কুল-পাঠশালার সংখ্যা বেশী করা যায় তাহলে সব ঘরের ছেলেরা লেখাপড়া করতে পারে। আমাদের একজন বন্ধু এর আগে বলেছিলেন যে এই গরীব চাষীরা তারা বলদ কেনার জন্য টাকা পায় না, এক্ষুনি আর একজন বন্ধু তিনি বললেন যে আমাদের এই গরীব চাষীদের বলদ কেনার টাকা অন্য লোক যারা মধ্যবিত্ত চাষী তাঁরা এই টাকা নেয় এবং সুদে খাটায়। কিন্তু এটা তাঁরা দেখেছেন বলে আমার মনে হয় না। যে সমস্ত চাষীদের জন্য টাকা বরাদ্দ করা হয় বলদ কেনার জন্য অথচ মধ্যবিত্তরা, তারা টাকা নিয়ে সুদে খাটায় এটা তাঁরা ঠিক বলছেন না, আমার মনে হয় তাঁরা এটা না দেখে তাঁদের বলার কথাটা তাঁরা বলছেন। যাহোক এই বিতর্কের মধ্যে যেতে চাই না কারণ আমার সময় অল্প। মাননীয় সভাপতি মহাশয় আমি সম্পূর্ণ কৃষি এলাকা থেকে আসছি, আমাদের সুন্দর বনের একটা সম্পূর্ণ অনগ্রসর পল্লী অঞ্চল থেকে আমি এসেছি, আমাদের ওখানের কৃষি উন্নতির যে সমস্ত প্রচেষ্টা করছেন আমি সেই সমস্ত প্রচেষ্টা সম্পর্কে আপনার মাধ্যমে কয়েকটি কথা বলতে চাই। আমাদের কয়েকজন বন্ধু বলেছিলেন কৃষির একেবারে উন্নতি হয় নি। কৃষির উন্নতির জন্য সরকারের টাকা খরচ হচ্ছে কিন্তু কোন কাজ হচ্ছে না, আমি বলতে চাই আমাদের সুন্দরবন এলাকায়, এখানে চারিদিকে লোনা নদী বেষ্টিত এলাকা হয়েছিল। স্বাধীনতার আগে আমরা দেখেছিলাম প্রতি বছর এখানে বাঁধ ভেঙে নোনাজল উঠে প্রায় অধিকাংশ মৌজা এবং অধিকাংশ লাটের মধ্যে নোনাজল উঠে অনেক জমিতে চাষ হত না এবং ভোগ হয়ে বাঁধ চুঁয়ে অধিকাংশ জমিতে নোনাজল উঠে চাষ হত না। বর্তমানে আমরা দেখছি নোনাজল বাঁধ ভেঙে বা ঐ রকম কিছু ভাবে প্রায় হচ্ছেই না। আমি বলতে পারি আমরা কৃষি সম্পর্কে যে সমস্ত উন্নয়নমূলক পরিকল্পনা গ্রহণ করেছি সেই সমস্ত উন্নয়নমূলক পরিকল্পনার দিক দিয়ে অনেক কিছুই হয়েছে। যেমন—ঐ সমস্ত বাঁধ ভালভাবে বন্দী করেছেন বলে সাধারণভাবে সেখানে ফসল প্রতি বছর ভালই হচ্ছে। তার একটা গড় ফসল যে বেড়েছে এটা আমরা নিশ্চয়ই স্বীকার করবো। আমাদের যে উন্নত প্রথায় চাষ করার দরকার হয়েছে সেটা আমরা বুঝতে পারছি কিন্তু দেশের উৎপাদন বাড়াতে গেলে আমাদের যে ভাগচাষী আছে তাদের জমি কম এবং তাদের ভূমি বন্টন ব্যবস্থা ঠিকমত হচ্ছে না তারজন্য যারা কম জমির মালিক তারা ঠিকমত চাষ করতে পারছে

না। তারা নিজেদের জমি নিজেরা চাষ না করে তারা জনমজুরী খেটে সংসার যাত্রা নির্বাহ করছে। এবং তাদের নিজেদের যা জমি আছে সেই জমি অন্য লোক দিয়ে চাষ করাচ্ছে, আবার তাঁরা বলছেন ঠিকমত দেওয়া হচ্ছে না। আমাদের একজন বন্ধু বললেন যে আমাদের সমস্ত লোককে জমি দেওয়া হয় নি। মাননীয় চেয়ারম্যান স্যার, আপনার মাধ্যমে আমার সেই বন্ধুকে বলতে চাই যে পশ্চিম বাংলায় অন্ততঃ কৃষি এলাকায় যারা বাস করে তাদের প্রত্যেককে দেওয়ার মত জমি সেই এলাকায় আছে কিনা? যদি থাকে প্রত্যেককে জমি দেওয়ার জন্য সেই জমি কোথা থেকে আসবে? আমার কথা হল যদি আমাদের সরকারের ভূমি বণ্টনের যে কাজ যেভাবে চলছে এটা একটু পরিবর্তন করার দরকার। আমার মনে হয় ভূমি বণ্টন করতে গিয়ে আমরা দেখতে পাচ্ছি যে জমি অত্যন্ত কম আছে বলে চাষীদের অত্যন্ত কম কম জমি দিতে হচ্ছে; সত্যিকারের কথা একজন চাষীর যদি এক লাঙলের জমি যদি না থাকে তার পক্ষে নিজে চাষ করা খুব অসুবিধা হয়। আমার প্রস্তাব হচ্ছে-- মাননীয় কৃষিমন্ত্রী এবং মাননীয় ভূমি রাজস্ব মন্ত্রীর কাছে আমার বিশেষ অনুরোধ যে আমাদের খাস জমি বণ্টনের সময় যেখানে আমরা ২৫, ৩০, ৩৮ বিঘা খাস জমি আছে সেখানকার সেই খাস জমি আমাদের ভূমিহীনের সংখ্যা বেশী বলে, আমরা যদি একটা কো-অপারেটিভ করি এবং সেই কো-অপারেটিভ-এর মাধ্যমে সেই খাস জমি বিলি করি এবং সেই কো-অপারেটিভ-এর মাধ্যমে ঋণ নিয়ে তারা যদি ভালভাবে জীবিকা নির্বাহ করতে পারবে। এই প্রস্তাবটা রেখে আমি আমার মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের উত্থাপিত বাজেটের সমর্থন করছি।

[5—5-10 p.m.]

Shri Bejoy Kumar Banerjee :

মাননীয় চেয়ারম্যান স্যার, সমাজতান্ত্রিক রাষ্ট্রের একটি মামুলি বাজেট আমাদের কাছে দেওয়া হয়েছে একথা লুকিয়ে, চুরিয়ে লাভ নেই সত্য কথা বলা উচিত। এই বাজেট দেশের ভবিষ্যত ক্ষেত্রে কোন উজ্জ্বল রেখাপাত করবেনা বলে আমি মনে করি। আমার সময় খুব সীমাবদ্ধ না নাহলে আমি দেখতে পারতাম যে, এই বাজেট একেবারে মামুলি এবং পরপর ২ বছরের দুটি বাজেট দেখেন তাহলে দেখতে পাবেন প্রিণ্টিং প্রেস থেকে শুধু অক্ষরগুলো বসিয়ে দেওয়া হয়েছে। উদাহরণস্বরূপ বলি ডঃ রায় আমাদের দেউলিয়া অর্থনীতি থেকে স্থিতিশীল অর্থনীতি করেছেন একথাটা ৩ বার লেখা আছে। তারপর দেখুন চৈনিক আক্রমন ঠিকই আছে। অর্থাৎ পরস্পর যদি মিলিয়ে দেখি তাহলে দেখব অক্ষরগুলি ঠিকই আছে। কিন্তু এর সঙ্গে বাজেটের কিসম্পর্ক আছে? যদি সমাজতান্ত্রিক রাষ্ট্র ভালভাবে চালাতে হয় তাহলে দেশের সাধারণ মানুষের অবস্থা কি সেটা বিচার করা উচিত। কিন্তু আজকে দেশের অগণিত মানুষের চেহারা এবং অবস্থা যা তা দেখে কি আমরা একথা বুঝতে পারি যে লক্ষণীয় পরিবর্তন কিছু হয়েছে? না তা হয়নি। একাধিকক্রমে ১৮ বছর রাষ্ট্র পরিচালনা করে, কর আদায় করে, সংখ্যাগরিষ্ঠতার জোরে কোটি কোটি টাকা খরচ করে বিশেষ কোন পরিবর্তন হয়েছে কি? আমি বলি হয়নি। তবে হ্যাঁ, কিছু পরিবর্তন তো হবেই- এতগুলো টাকা খরচ করলে কিছু পরিবর্তন হবেনা, কিছু তো হবেই। কিন্তু সেই পরিবর্তন কতদিনে হয়েছে, কত টাকা খরচ করে হয়েছে সেটা যদি পাশাপাশি মিলিয়ে দেখি তাহলে দেখব এঁদের কৃতিত্ব বেশী নয় এবং আমি একথা চ্যালেঞ্জ করে বলতে পারি। তাঁরা শিক্ষা খাতে বা স্বাস্থ্য খাতে পরিকল্পনার মাধ্যমে এতগুলি টাকা খরচ করে যে কয়টা স্কুল করেছেন এবং আমাদের সমস্যা কি এবং কতগুলি ছেলেকে আমাদের পড়াতে হবে সেটা যদি হিসেব করি তাহলে দেখব আরও কতশত বছর আমাদের লাগবে। স্যার, এই কোটি কোটি খরচের ব্যবস্থা এখানে লেখা আছে এবং পরিকল্পনার কোথায় কত ব্যয় বেড়েছে সেটা আমাদের কথা নয়। আমাদের কথা হচ্ছে এর আগে শংকরবাবু যখন অর্থমন্ত্রী ছিলেন তখন তিনি যে বাজেট পেশ করেছিলেন তাতেও লেখা ছিল বেকারত্ব এ পর্যন্ত আমাদের অন্যতম প্রধানতম সমস্যা হয়ে রয়েছে এবং তার কোন সন্তোষজনক সমাধান আমরা করতে পারিনি। তারপর, বলেছেন এই তৃতীয় পরিকল্পনার শেষে ভারতবর্ষে বেকারের সংখ্যা বৃদ্ধি পেয়ে ১ কোটি ২০ লক্ষ হবে। অর্থাৎ আমরা দেখছি প্রথম পরিকল্পনার শেষে এই টাকা খরচ করবার আগে বেকারের সংখ্যা ছিল ৫০ লক্ষ ৮০ হাজার, দ্বিতীয় পরিকল্পনার শেষে ছিল

৯০ লক্ষ এবং তৃতীয় পরিকল্পনার শেষে আমরা এখন এসেছি এবং এখন আমাদের হবে ১ কোটি ২০ লক্ষ। স্যার, এটা যদি অন্য কোন বই থেকে আমি পড়তাম তাহলে বলা হোত এটা বিরোধিপক্ষের মামুলি ভাষণ। কিন্তু আমি এটা শঙ্করবাবুর বাজেট বিবৃতি থেকেই বলছি। এই হোল আমাদের বেকারত্বের অবস্থা।

এখানে রাস্তায় শিক্ষকরা অনশন করছে, কাদের জন্য আপনারা রাজত্ব করছেন, শিক্ষার ব্যবস্থা যা দেখতে পাচ্ছি তাতে সরকারী কর্মচারীরা এত উদ্ধত হয় কি করে? আমি একটা স্কুলের সেক্রেটারী এবং সেই স্কুলের প্রেসিডেন্ট একজন মাননীয় বিচারপতি এদের এত বড় আস্পর্ধা যে এরা লিখে পাঠিয়েছে সেক্রেটারী এবং প্রেসিডেন্টকে তোমরা যেয়ে দেখ স্কুলে খুলেছে কিনা, নইলে টাকা কড়ি দেবনা। গণতন্ত্র দেখাচ্ছেন, এরা টাকা দেবেনা, আমি জিজ্ঞাসা করি কার কার টাকা দেবেনা স্কুলে? কি সাংঘাতিক অবস্থা দেখুন, দেশে বেকার সমস্যার কোন সমাধান হলনা, বাংলাদেশের লোকের মধ্যে ৬০ লক্ষ লোক যক্ষ্মা রোগী আছে তার জন্য মাত্র তিন হাজারের কিছু বেশী বেড আছে। এদের জন্য কি পরিকল্পনা হচ্ছে এ সম্বন্ধে আমি জানতে চাই। আপনারা বলেন ধনী এবং গরীবদের মধ্যে সমতা করে দেবেন কিন্তু আমি দেখছি অসমতা বেড়ে যাচ্ছে এটা কি অস্বীকার করতে পারেন। একবার অর্থমন্ত্রী চৌরংগীতে গিয়ে দেখুন গাড়ীর সংখ্যা কত বেড়েছে ২৫।৩০ হাজার গাড়ী, চোর কারবারী মুনাফাখোর তাদের সংখ্যা কত বেড়েছে, তার স্থায়ীভাবে ফুটপাতে থাকে তাদের সংখ্যাই বা কত বেড়েছে। আর একটা নিদর্শন দেখুন। পুলিশ খাতে এরা কি ভয়ংকর ভাল করেছে। সরকার একথা বলবেন বিরোধী পক্ষ তাই ও'রা এ রকম বলছে। গভর্ণর এখানে ভাষণ দেবেন আর তার উত্তরে আমাদের বলতে হবে থ্যাংক্স টু হার এক্সেলেন্সী, গভর্ণর বলবেন সেটা ভাল হবেনা সেটা কি কথা। যে বাজেট হয়েছে এই রকম বাজেট কেন দিন তৈরী হয়নি। কংগ্রেসেই করুক কমিউনিষ্টই করুন তাতে কি আসে যায়। সাধারণ মানুষকে এ'রা আস্তে আস্তে এই রকম করে মেরে ফেলছে। মরছে কারা? বাংলাদেশের যারা মধ্যবিত্ত তাদের আস্তে আস্তে আপনারা শেষ করে দিচ্ছেন। কংগ্রেসী রাজত্বের যদি কোন কৃতিত্ব থাকে কোন বৈশিষ্ট্য থাকে সেটা হল এই যে এরা মধ্যবিত্বদের একেবারে নিশ্চিহ্ন করে দিচ্ছেন। আজকে এই কথা এই নিন্দা হয়ত আপনাদের ভাল লাগবেনা, কিন্তু দেশকে আপনারা কোথায় নিয়ে যাচ্ছেন? মানুষ এই সব কাজে যদি বাধা না দেবে তাহলে তো দেশ বিপন্ন হবে, দেশের স্বাধীনতা বিপন্ন হবে।আপনার দিকে কে আছে? যেসব লোক আপনাদের চাকুরি করত পেনশনার যারা তাদের ১০।৫ টাকা ভিক্ষা দিচ্ছেন, আগে আগে মাইনে কম ছিল যা পায় তা দিয়ে তাদের চলেনা, ৩।৪টি ছেলে মেয়ে নিয়ে তাদের চলেনা, বাংলাদেশে ১ লক্ষের মতো পেনশনার আছে, ৩।৪টি ছেলে মেয়ে নিয়ে এই ৪ লক্ষ লোক খেতে পায়না। তারা তো এই সরকারেরই চাকুরি করত, সেই পেনশনারদের জন্য আপনারা কিছু করেননি!

তারপর শিক্ষক, টীচারদের কথা, আপনারা বলছেন তাদের অনেক কিছু দিচ্ছেন, কি দিচ্ছেন জানিনা। তবে পুলিশকে আপনারা দিচ্ছেন, পুলিশ খাতে বরাদ্দ বেড়েছে ১৯৬৩-৬৪ সালে ৫০ লক্ষ টাকা ১৯৬৪-৬৫ সালে ৪৭ লক্ষ টাকা এই খাতে বরাদ্দ বেড়েছে, এই বছর আমাদের অর্থ-মন্ত্রী শৈলবাবু একেবারে বাড়িয়েছেন ২ কোটি ২৪ লক্ষ টাকা। এই তিন বছরে বাড়িয়েছেন ৩ কোটি ২১ লক্ষ টাকা। অথচ শিক্ষকদের আপনারা দিচ্ছেন মাত্র ৫।১০ টাকা।

[5-10—5-20 p.m.]

স্যার, ৫।১০ টাকার কথা নয়। আজকে যে পরিমানে সরকারের অপদার্থতার জন্য মূল্য বৃদ্ধি হচ্ছে তা আপনারা রোধ করতে পারেন নি। সেজন্য আজকে যাদের ১০।২০ টাকা দিচ্ছেন এমন সময় আসবে যেখানে ১০০ টাকা করে দিতে হবে তাও বোধহয় কম হবে। এর জন্য যারা চাইছেন তারা দায়ী নয়, দায়ী আপনাদের অপদার্থতা। আপনারা দ্রব্য মূল্য বৃদ্ধির ক্রমবর্ধমানতা রোধ করতে পারেন নি এ কথা হয়ত আপনাদের ভাল লাগবে না এবং বলবেন [illegible] বাবু এরূপ বলেন। আমি ৩ বৎসরের বাজেট থেকে দেখাতে পারি যে আপনারা কোটি কোটি টাকা নিয়ে ছিনি মিনি খেলছেন। যে টাকা নিয়ে দেশে নূতন ব্রীজ হয়

তাও ভেঙ্গে পড়ে এবং আপনাদের ইংরাজ আমলের চেয়ে শাসন ব্যবস্থা মাথাভারী এবং এই শোষন ব্যবস্থার মাধ্যমে আজকে আমরা পুলিশী রাজ দেখতে পাচ্ছি। আপনারা বলেন যে গান্ধীবাদী এবং অহিংস নীতি মেনে চলেন। কিন্তু মাদকতা বর্জ্জন করা যা একমাত্র কৃতিত্ব বাংলাদেশের এবং সেখানে শৈলবাবু অভিনন্দন পেতে পারেন। মদের খাতে অনেক আয় বাড়িয়েছেন একথাতে স্বীকৃত হবে এবং মহাত্মা গান্ধীর চেলা হয়ে মদ খাওয়া শেখাচ্ছেন। তাঁর বাজেটে আছে যে মাদকতার জন্য আয় বেড়েছে এই কারণ না হলেও আমি শৈলবাবুকে অভিনন্দন দিচ্ছি।

Shri Ramendra Nath Dutt:

মাননীয় চেয়ারম্যান স্যার, আমাদের অর্থমন্ত্রী মহাশয় ১৯৬৫-৬৬ সালের জন্য যে ব্যয় বরাদ্দের দাবী উপস্থিত করেছেন সেটা সমর্থন করে কিছু বলতে চাই। ক্ষুদ্রায়তন পশ্চিমবঙ্গে তিনটা পরিকল্পনায় প্রত্যেকটি বিভাগে যথেষ্ট কাজ হয়েছে সে বিষয়ে কোন সন্দেহ নেই গ্রামাঞ্চলে এবং সহরাঞ্চলে ঘুরলে সেটা অনুভব করা যায়। পশ্চিম বাংলায় আঞ্চলিক পরিষদ এবং জেলা পরিষদ হবার এটাই প্রথম বাজেট। এই বাজেটের মধ্যে দেখলাম মাত্র ৫% রেভিনিউ জেলা পরিষদ দেওয়া হয়েছে। তা বাদে ক্ষমতা বিকেন্দ্রী করণের জন্য এবং তার প্রথম পদক্ষেপ হিসাবে এই বাজেটে কিছুটা নির্দেশ পাবে আশা করেছিলাম। আশা করেছিলাম জেলা পরিষদের মাধ্যমে খরচের জন্য কিছু কিছু ব্যয় বরাদ্দের তালিকা পাব কিন্তু তা হয় নি। ৪র্থ পরিকল্পনার প্রথম বৎসর থেকে আশা করি মাননীয় মন্ত্রীমহাশয় এদিকে একটু নজর দেবেন। ফসল উৎপাদন বাড়াতে গেলে প্রথমে দেখতে হবে ফসলের দাম চাষী যাতে বেশী পায়। ধান চালের যে দাম বেঁধে দেওয়া হয়েছে সেটা হচ্ছে সর্বোচ্চ মূল্য। আমরা পশ্চিমবাংলায় যেখানে চাল কিনছি সেটা কলকাতায় হোক বা মফস্বলে হোক সব জায়গায় সর্বোচ্চ মূল্য দিয়ে কিনেছি অথচ চাষীরা সর্বোচ্চ ধানের মূল্য পাচ্ছে না। মুখ্য মন্ত্রীর প্রতিশ্রুতিতে জায়গায় জায়গায় প্রকিওরমেন্ট সেন্টার খোলা হয়েছে। যেখানে যেখানে প্রকিওরমেন্ট সেন্টার খোলা হয়েছে সেখানকার চাষীরা ধানের দাম কিছু বেশী পেয়েছে। আমার মতে এই প্রকিওরমেন্ট সেন্টার ব্যাপকভাবে খোলা দরকার এবং ধানের বেলায় একটা সর্ব নিম্ন দাম বেঁধে দিলে ভাল হয় আর একটা আমার সাজেসান হচ্ছে মিল মালিকদের ডাইরেক্টলি ধান কেনার ক্ষমতা কেড়ে-নিয়ে প্রকিওরমেন্ট সেন্টারের থ্রুদিয়ে তাদের সাপ্লাই দিলে মিল মালিকরা এই সব গরীব চাষীদের তাদের এজেন্ট-এর মাধ্যমে ঠকাতে পারবে না। ইদানীং গ্রামের ছেলেরা স্কুল ফাইন্যাল বা হায়ার সেকেন্ডারী পাশ করার পর প্রাইমারী স্কুল এ নিজেদের গ্রামে অথবা পাশের গ্রামে চাকরী করার সুযোগ পাচ্ছিল কিন্তু ডিপি আই-এর একটা সার্কুলার এ তা বন্ধ হতে চলেছে ডি, পি, আই নির্দেশ দিয়েছেন ট্রেন্ড টিচার ভিন্ন অন্য কাউকে নিয়োগ করা যাবে না যদি ট্রেন্ড টিচার না পাওয়া যায় তাহলে ডি পি আই ওখান থেকে পাঠাবেন। আপনি জানেন বেশীর ভাগ গ্রামের ছেলেদের এই ট্রেন্ড নেবার কোন সুযোগ সুবিধা নেই---এমন কি অনেক জেলাতেও নেই, যেমন পশ্চিম দিনাজপুর জেলায় এর বিশেষ সুযোগ নেই। এর ফলে গ্রামে যারা শিক্ষা লাভ করে ২।১টা ছেলে চাকরী পাচ্ছিল প্রাইমারী স্কুলে তা থেকে তারা বঞ্চিত হবে। নিজেদের বাড়ীতে খেয়ে ৮৫ টাকা মাহিনাতে নিজের গ্রামে অথবা আশে পাশের গ্রামে অথবা আশে পাশের গ্রামে চাকরী করলে তাদের চলতো কোন গোলমাল হতনা। কিন্তু বাইরে যেতে এক-জন লোক সামান্য ৮৫ টাকা মাহিনায় গ্রামে গিয়ে কিভাবে চাকরী করবে তা বুঝতে পারি না। আমার মনে হয় এই সার্কুলার উইথড্র করে নিয়ে আগে যে অবস্থা ছিল সেভাবে চালালে ভাল হয়। হয়ত বলবেন ট্রেনিং দরকার। যদি দরকার হয় তাহলে তাদের ট্রেনিং দিলেই চলবে। আপনারা হয়ত বলবেন যে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ-এর মাধ্যমে রেজিষ্ট্রী করলে গ্রামের ছেলেদের চাকরী হতে পারে কিন্তু আমি বলছি সেটা হবে না। তার কারণ কোন বিভাগে কোন মিল বা ফ্যাক্টরী-তে চাকরী খালি হলে ঐ ডিপার্টমেন্ট থেকে এমপ্লমেন্ট এক্সচেঞ্জে জানাতে বাধ্য। কিন্তু এমপ্লমেন্ট এক্সচেঞ্জ যে সব নাম পাঠায় সে নাম থেকে নিয়োগকর্তা চাকরী দিতে বাধ্য নয়। এর ফলে কি হয় যে যখন কোন নিয়োগ কর্তা এমপ্লমেন্ট এক্সচেঞ্জ থেকে নাম পান তিনি সেই নাম থেকে লোক নিয়োগ না করে বাইরে থেকে আত্মীয় স্বজন, বন্ধু বান্ধবদের এপয়েন্টমেন্ট দেন। যদি অ-বাংগালী নিয়োগ কর্তা হয় তাহলে তো কথাই নেই তার আত্মীয় স্বজন ও বন্ধু বান্ধব এমন কি ভিন্ন

প্রদেশ থেকে লোক আনিয়ে চাকরী দেন। তবুও বাঙ্গালী ছেলেদের চাকুরীর সুযোগ দেয় না। আমার মতে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ জানান যেমন বাধ্যতা মূলক সে রকম তারা যে নাম পাঠাবে সে নাম থেকে চাকরী যাতে পায় সেটা বাধ্যতামূলক করা দরকার সেন্ট্রাল গভর্ণমেন্ট থেকে এ ব্যবস্থা করা দরকার। আমি উত্তর বাংলার রাষ্ট্রীয় পরিবহন সম্বন্ধে কিছু বলতে চাই কারণ রাষ্ট্রীয় পরিবহনের উপর আমাদের কিছু ছেলের চাকরী হওয়া নির্ভর করছে এবং যাতায়াতের সুযোগের ব্যবস্থা এর পরে নির্ভর করছে। উত্তর বাংলায় প্রত্যেকটা জেলায় ৬০।৭০ খানা টেক্সী এবং ১৫।২০ ষ্টেশন ওয়াগান এর পারমিশন দেওয়া আছে আর টি এ থেকে। এই সব টেক্সি এবং স্টেশান ওয়াগান কন্ট্রাক্ট ক্যারেজ হিসাবে ব্যবহার করা হচ্ছে না। বাস সার্ভিস-এর মতন ব্যবহার করা হয়।

[5-20—5-30 p.m.]

আপনি শুনলে আশ্চর্য্য হবেন যে একটা ট্যাক্সী চার জনের জায়গায় ১৮ জন এমন কি ২০ জন পর্যন্ত লোক ক্যারী করে। একটা স্টেসন ওয়াগন যেখানে ৯ জন বহন করার কথা সেখানে ২৮ থেকে ৩০ জন বহন করে এবং স্টেট বাসের যা ভাড়া সেই একই ভাড়াতে তারা বহন করছে এর ফলে স্টেট বাসের ট্যাক্সী এবং স্টেশন ওয়াগানকে সঙ্গে কম্পিট করতে হচ্ছে। ট্যাক্সিতে আপনি জানেন কম সময়ে অল্প ঝাঁকুনিতে যাওয়া যায় বলে সাধারণ পাবলিক ট্যাক্সি পেলে আর স্টেট বাসে উঠতে চায় না এবং উঠে না। আপনি হয়তো বলবেন মোটর ভিকলস ইনস্পেক্টার আছেন পুলিশ আছে কিন্তু আমার মনে হয় এদের সঙ্গে তাদের যোগসাজস আছে এরা কতগুল মাসিক ব্যবস্থা করে রেখেছেন যার ফলে এদের বিরুদ্ধে কোন এ্যাকসন তারা নেয় না। হয়তো দু একটা কেস হয় কিন্তু সেখানেও তাদের সঙ্গে বন্দোবস্ত করা আছে যে এ মাসে তোমার বিরুদ্ধে কেস দোবো ও মাসে তোমার বিরুদ্ধে কেস দেবো এই রকম ব্যবস্থা করা আছে। এ দিকে নজর না দিলে নর্থ বেঙ্গলে স্টেট ট্রান্সপোর্টে বিশেষ ক্ষতি হবে।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় চেয়ারম্যান স্যার, শৈলবাবু বাজেটের উপর উপসংহারে খুব জোরের সঙ্গে আমাদের শোনালেন যে

I would like all honourable members of the House to consider if we have not been giving sufficient attention to one of the most important factors in our avowed desire of securing the well-being and advance of the people of India.

এবং উনি এ ব্যাপার হিউম্যান এ্যাসেটের উপর একটু জোর দিয়েছেন। এবং তিনি যে কথা বলেছেন ওঁর গভর্ণমেন্টের কাজ কি তার সম্বন্ধে আমাদের এখানে দেখাতে হয়। শৈলবাবু যখন হিউম্যান এ্যাসেটের উপর জোর দিচ্ছেন তখন দেখা যাচ্ছে এই কয়েক দিন আগে ওঁর গভর্ণমেণ্টের তরফ থেকে বলা হচ্ছে যে পশ্চিমবাংলায় প্রায় ২৮ হাজার চৌকিদার, দফাদার তারা ৯ টাকা করে বেতন পায় এবং পশ্চিমবাংলার এই অবহেলিত মানুষগুলির শৈলবাবুর মত হিউম্যান এ্যাসেট কিনা জানি না তবে তারা হাজার হাজার দলে দলে এসে সেদিন কনফারেন্স করে সে কথা জানিয়ে দিয়ে গেছেন আমাদের মাধ্যমে শৈলবাবুর কানে পৌঁছে দেবার জন্য যে আমরাও হিউম্যান এ্যাসেট হতে পারি। একদিকে চৌকিদার দফাদারদের ৯ টাকা বেতন আর এক দিকে এই বিধান সভা ও পরিষদের জন্য ২ শত থেকে আড়াই শত টাকা বেতন এই দুটো জিনিষ কি ধরণের সমাজতন্ত্র-একথা শৈলবাবুকে জিজ্ঞাসা করবার মত আমাদের মানসিক অবস্থা নেই। কিন্তু একটা জিনিষ জিজ্ঞাসা করি যে ৬ লক্ষ টাকার মত খরচ করে শৈলবাবু ২৫০, ৩শত এই হিউম্যান এ্যাসেটদের না দিয়ে তিনি যদি বাইরের ক্ষুদ্র মানুষগুলির জন্য কিছু দিতেন তাহলে হিউম্যান এ্যাসেট তাঁর পক্ষে আরও ভাল হোত। এই গভর্ণমেন্টের বায়াস হচ্ছে যে এঁরা ধনতন্ত্রের ক্ষীয়মান সরকার রয়ে গেছেন। ওঁরা নিজেদের সমাজতান্ত্রিক বললেও ওদের দৃষ্টিভঙ্গি হচ্ছে ধনতান্ত্রিক। ওঁরা উপরতলার দিকে চেয়ে বাজেট করেন। তাই ২৫০ টাকা বেতন হয়ে যায় স্টেট লেজিসলেচারের মেম্বারদের, ৬ শত টাকা অফিসারদের জন্য ভাতা বেড়ে যায় তারা না বলা সত্বেও। কিন্তু ক্ষুদ্র শিক্ষক এবং সরকারী কর্মচারী যারা এখানে বসে ওভার টাইম করছেন তাঁদের জন্য একটা পয়সাও দেবার জন্য আগ্রহ শৈলবাবুর আসে নি।

এখন কথা হচ্ছে, শৈলবাবু কিছু কিছু যে না দিয়েছেন তা নয় তিনি দিয়েছেন শিক্ষকদের ১০ টাকা ওমুকের জন্য টাকা বলে তিনি বলেছেন যে আমি এ্যামিলিয়রেসন করবার জন্যই এই করেছি। এটা একটা মস্তবড় ভাল কাজ এ কথা তিনি বলতে চেয়েছেন। যেখানে প্রাইস রাইজ শুধু ফুড স্টাফের ৪৪ পারসেন্ট-এর উপর বেড়ে গেছে সেখানে ৫।১০ টাকায় তাদের ফেমিলি বাজেট কি করে চলবে সে কথা কি শৈলবাবু চিন্তা করে দেখেছেন? শৈলবাবু কি একথাটা চিন্তা করে দেখেছেন যে আমাদের দেশকে তিনি কোথায় নিয়ে যাচ্ছেন? তাঁর রেভিনিউ এক্সপেন্ডিচারে দেখছি ধরা হয়েছে ৬ কোটি ৮৬ লক্ষ টাকা সুদ দেওয়া হবে এবং তিনি বলেছেন যে মাউন্টিং ডেভেলপমেন্ট্যাল লোনের অনিবার্য পরিণতি হিসাবে এই সুদ দিতে হচ্ছে। অর্থাৎ ৬ কোটি ৮৬ লক্ষ টাকা সুদ কোন স্টেটের যে স্টেটের প্রতি বছর এ্যাভারেজে গড়ে রেভিনিউ ইনকাম হচ্ছে ১৩০ থেকে ১৪০-এর মধ্যে ভ্যারী করছে সেখানে তারা করছেন তারা যে টাকা লোন করেছেন বিভিন্ন খাতে তার পরিমাণ ৩০০ কোটি টাকার উপরে। তার উপর যে ডেফিসিট বাজেট পেশ করেছেন তিনি সেখানে গর্বের সঙ্গে বলেছেন যে আমি কোন ট্যাক্স করবো না। নিশ্চয়ই তিনি তাঁর কথা রাখবেন কিন্তু ট্যাক্স না করলে এই টাকা পুরণ করবেন কি করে? লোন রেজ করে? কিন্তু সেই লোনে সাবস্ক্রাইব কারা করবেন সেটা শৈলবাবু জানেন সাধারণ মানুষ যারা খেতে পায় না ঐ শিক্ষক, ঐ কর্মচারী যাদের ঘরে ভাত নেই যাঁরা ফুটপাতে পড়ে থাকেন তাঁরা করবেন না। নিশ্চয়ই করতে পারবে না ইচ্ছা থাকলেও করতে পারবে না। কয়েক ঘন্টার মধ্যে ১০ কোটি টাকা লোন সাবস্ক্রাইবড্ হয়ে যাবে এবং শৈলবাবু জানেন কারা করবেন। ঐ বেনামীতে ৩,৫০০ কোটি টাকা যাঁদের ব্ল্যাক মানি আছে তাঁরা তাঁদের সেই ব্ল্যাকমানিকে এইভাবে হোয়াইট মানি করে নেবেন এবং তাঁদের সেই ব্ল্যাক মানিকে হোয়াইট মানি করে দেবার জন্য সরকার তৎপর হয়ে উঠেছেন। আমি আপনাকে জিজ্ঞাসা করি চেয়ারম্যান স্যার, এটা কোন ধরণের সমাজতন্ত্র। এমন কি ধনতন্ত্রেও এইভাবে চলে না। সেজন্য শৈলবাবুকে বলছি যে তিনি ডেভেলপমেন্ট্যাল ইকনমির অনেক কথা বলেছেন ডেভেলপমেন্ট্যাল ইকনমি, এবারে দেখছি গত বারের চেয়ে ক্যাপিট্যাল এক্সপেন্ডিচারে ১৭ লক্ষ টাকা বেশী দেওয়া হয়েছে। রেভিনিউ এক্সপেন্ডিচার যেখানে ১৬৯ কোটি টাকার মত সেখানে ক্যাপিটাল এক্সপেন্ডিচারে ৩৯ কোটি টাকার মত দেওয়া হয়েছে। রেভিনিউ-এর মধ্যে এডুকেসনও আছে তা আমি জানি কিন্তু ক্যাপিটাল এক্সপেন্ডিচার যদি ঠিকভাবে না করা হয় ক্যাপিটেল এক্সপেন্ডিচার যদি তার সঙ্গে সমতাকরে না করা হয় তাহলে ইনফ্লেসনকে চেক দেবেন কি করে? এবং আমি জানি এই কংগ্রেস সরকার ইনফ্লেসন তৈরী করেছেন। ও'রা বলেন যে ট্যাক্সেসন করে এদের কাছ থেকে টাকা নেবো। সাধারণ মানুষের কাছ থেকে তারা টাকা নিতে পারে না তার কারণ তাদের এমনিই হাড় কয়খানা ছাড়া আর কিছু নেই। কিন্তু আজকে ট্যাক্সেসন করে যাদের কাছ থেকে টাকা নিতে হবে তারা হচ্ছে বড়বাজারের ঐ মালিক সেই ধনিক গোষ্ঠীর প্রতিভূ যারা শৈলবাবুকে ঐ গদিতে বসিয়ে রেখেছে তাদের গায়ে হাত দিলে শৈলবাবুর গদি থাকবে না। সেইজন্য সেই পথ গ্রহণ করা হয়েছে। এখন কথা হচ্ছে আমাদের এই বাজেট এমন একটা বাজেট যে বাজেটে সাধারণ মানুষের কোন আশা আকাঙ্খা প্রতিফলিত হয় নি, যে বাজেটে গণতান্ত্রিকভাবে যে সমস্ত পন্থা সেই পন্থার মাধ্যমে সাধারণ মানুষের অগ্রগতির পথ দেখিয়ে দেওয়া হয় নি। এই বাজেট হচ্ছে সেই ধরণের মামুলী বাজেট যে বাজেটে সোস্যালিজম বলে অত্যন্ত ও'চা ধরণের ক্যাপিটেলিজমকে রাখা হয়েছে। এবং আমি বলি যদি সোস্যালিজম চান এক থেকে ১০—১০০ এবং হাজার এই হারে আপনাদের আজ পর্যন্ত মানুষের আয়কে নির্ধারণ করবার মত সাহস নেই। আপনারা ১০০ থেকে ১,০০০ পর্যন্ত এই মিনিমাম-ম্যাকসিমাম ওয়েজকে কার্যকরী করবার জন্য কোন পন্থা অবলম্বন করেছেন কি? আপনারা যদি সত্যই সোস্যালিজম চাইতেন তাহলে ঐ ব্লাক মানির পেছনে না দৌড়ে এবং কতকগুলি নাটকীয় ভঙ্গীতে কথা না বলে ঠিক পথে চলতেন আজকে আপনারা গভর্নমেন্ট —সেন্ট্রাল গভর্নমেন্টের উপর চাপ দিচ্ছেন না কেন যে ডিমনিটাইজ করো।

[5-30—5-40 p.m.]

আজকে এই সমস্ত কথা বলে পাবলিককে ভোলান যায়, কিন্তু ইতিহাস ভুলে না। তাই বল এই বাজেট ডেফিসিট ফাইনানসিং বাজেট এবং ডেফিসিট ফাইন্যান্স খারাপ আমি বলিনা, কি ডেফিসিট ফাইন্যান্স এমন একটি পর্যায়ে এসে পড়েছে যে ইনফ্লেসান হচ্ছে, যার জন্য প্রা রাইজ হয়েছে। ফলে এই বাজেট বাংলাদেশকে দেউলিয়া করে ফেলছে এবং সমগ্র দেশ এমনভাবে দেউলিয়া করে ফেলেছে যে বাংলাদেশ মারা যাচ্ছে। যেমন রবীন্দ্রনাথের কাদম্ব একবার মারা গিয়ে প্রমাণ করেছিল যে সত্যই সে মরেনি তেমনি আর কয়েক বছরের মধ্যে দে বাংলাদেশের অর্থনীতি একেবারে ধ্বংস হওয়ার আগে প্রমাণ করবে এই বাজেট শৈলবাবুর হা ধ্বংস হয়েছিল বটে কিন্তু একেবারে শেষ হয়নি, সেই সময়ে শেষ হবে এই বাজেট তারই ইংগি বহন করছে।

Shri Anadi Mohan Tanti:

মাননীয় সভাপতি মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় ১৯৬৫-৬৬ সালের যে বাজেট বরা এখানে উত্থাপন করেছেন তার সাধারণ আলোচনায় যোগদান করে আমিও এই কথাই বলতে চা যে জনসাধারণের সামগ্রিক কল্যানের দিকে দৃষ্টি রেখে পূর্বাপর অবস্থার প্রতি লক্ষ্য রেখে বাজেট রচিত হয়েছে নিয়মতান্ত্রিক পদ্ধতিতে সংগত কারণে আমি তার সমর্থন জানাচ্ছি। এ বাজেট সমর্থন করতে গিয়ে বিভিন্নভাবে যে আলোচনা করা হয়েছে তার সম্পর্কে দু-এক কথা বলতে গিয়ে আমি এই কথাই বলব যে কোন কোন মাননীয় সদস্য বলেছেন যে বাজে আমাদের বরাদ্দকৃত অর্থ সরকার অনেক ক্ষেত্রে সম্পূর্ণ খরচ করতে পারেনি, সুতরাং নতু করে বরাদ্দের আর কি প্রয়োজন থাকতে পারে? এর কোন গুরুত্ব আছে বলে তাঁরা মনে করেন নি। এছাড়া তারা আরো বলেছেন যে এমন অনেক ক্ষেত্র আছে যেখানে বেশী খরচ কর হয়েছে, সে ক্ষেত্রে এটা অপচয় ছাড়া আর কিছু নয়। আমি এই সমস্ত বিষয়ে তাঁদের অনুরো করব বিশেষ করে বিশ্লেষণ করে দেখতে যে এর পিছনে কি কার আছে। মাননীয় অর্থমন্ত্র মহাশয় এ সম্পর্কে বিশদভাবে উল্লেখ করেছেন। এখানে অনেকে পুলিসের খাতে ২ কোটি ২ লক্ষ টাকা বেশী খরচের আশংকা প্রকাশ করেছেন এবং সরকারকে তারজন্য দায়ী করেছেন অনেক বেশী। কিন্তু আমাদের অর্থমন্ত্রী মহাশয় স্পষ্টভাবে দেখিয়ে গেছেন যে পুলিস বাহিনী, নতুন ব্যাটেলিয়ান গঠন, সীমান্ত পুলিস বাহিনীর পুনর্গঠন পশ্চিমবঙ্গ পুলিস এবং ক্যালকাটা পুলিস বাহিনীর গাড়ীর সংখ্যা বৃদ্ধি ইত্যাদির জন্য খরচ বেশী হয়েছে। এছাড়া আর একটি কথা বলতে চাই যে দেশের প্রতিরক্ষা ব্যবস্থা সুদৃঢ় করার জন্য, দেশে শান্তি শৃংখলা বজায় রাখবার জন্য এই পুলিসের বিশেষ প্রয়োজন আছে। দেশের শান্তি ও অগ্রগতি অব্যাহত রাখার জন্য পুলিসের বিশেষ প্রয়োজন অপরিহার্য্য। এজন্য যদি কেউ বলে থাকেন যে এ অর্থের অপচয় করা হয়েছে আমি তা আদৌ মনে করি না। অনেকে বলেছেন যে অনেক অর্থ বরাদ্দ করা হয়েছে কৃষি, শিল্প ইত্যাদি খাতে, কিন্তু এই টাকা সম্পূর্ণরূপে ব্যয় করা সম্ভবপর হয়নি। আমি এই কথা বলব এর পিছনে যে কারণগুলি ঘটেছে এবং এর পিছনে যে অন্তর্নিহিত কারণ আছে সেগুলি অনুসন্ধান করে দেখা দরকার। অনুসন্ধান করে দেখলে ইহাই মনে পড়ে যে—মাননীয় সভাপতি মহাশয়, আমাদের এই গণতান্ত্রিক রাষ্ট্রে ব্যক্তি স্বাধীনতার কথা চিন্তা করতে হয়, আমাদের দেশে অন্যান্য দেশের তুলনায় ব্যক্তি স্বাধীনতার মাত্রা অনেক বেশী। কাজেই সেই সম্পর্কে চিন্তা করতে গিয়ে কিছুসংখ্যক লোককে সেই সুযোগের অপব্যবহার করতে দেখা যায়। সরকারের দ্বারা যে সমস্ত কাজের ব্যবস্থা করা হয়ে থাকে, নিজেদের স্বার্থের কারণে সেইগুলিতে তাঁরা বাধা দিকে থাকেন। আমাদের এখানে বিভিন্ন বামপন্থী রাজনৈতিক দলের বন্ধুরা আছেন, তাঁরা সেই সুযোগ গ্রহণ করে বাধা সৃষ্টি করতে থাকেন। ফলে দেখা যায় যে কাজটা খুব তাড়াতাড়ি শেষ হওয়া দরকার, তা শেষ হতে অনেক বেশী সময় লাগছে এবং এই বেশী সময় লাগার জন্য তাঁরাই দায়ী। এক্ষেত্রে আর নির্দিষ্ট সময়ের মধ্যে বরাদ্দকৃত অর্থ খরচ হয় না এবং কাজটাও সমাধা হয় না। সুতরাং সরকার ব্যর্থ হয়েছে একথা বলা কি ঠিক? এমন অনেক উদাহরণ দিয়ে দেখিয়ে দিতে পারা যায় যে প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনায় এক একটা রাস্তা ইত্যাদি সুরু করা হলেও নির্দিষ্ট সময়ে তা ঐ কারণে শেষ করা যায় নি। রাস্তার প্রয়োজন ছিল গ্রামাঞ্চলে অত্যধিক অথচ রাস্তা নির্মাণের সময় দেখা গেল ১২ মাইল রাস্তার মাত্র

কয়েক ফার্লং এর মধ্যে এমন দু-একজনের কিছু জায়গাজমি পড়ছে যা কিছুতেই তাঁরা দিতে চান না। শেষে যখন দিতে চাইলেন, তখন কিছু সংখ্যক লোক রাজনৈতিক দলের—তাঁকে নিয়ে সুযোগ গ্রহণ করে সরকারের বিরুদ্ধে একটা রাজনৈতিক কারণে আন্দোলন খাড়া করে দিলেন। দেখা গেল এমন একটা অবস্থার সৃষ্টি হয়েছে—যে সেই রাস্তা আর কিছুতেই সম্পন্ন করা সম্ভব হচ্ছে না। এর পর নানারকম আইনের মধ্য দিয়ে সেই কাজটা সম্পন্ন করতে অনেক সময়ও লেগে গেল। এইভাবে বাধা দেওয়ার জন্য কাজে দেরী হয় ও নানারকম অসুবিধার সৃষ্টি হয় এবং নির্দিষ্ট সময়ের মধ্যে বরাদ্দকৃত অর্থ খরচ করতে পারা যায় না। এ ছাড়া আরও দেখা যায়—জনসাধারণের কল্যাণকর কার্যে কিরূপ ক্ষতিকর প্রচার তাঁরা করে থাকেন। একজন উপযুক্ত পরিমাণ কৃষি ভূমিহীন লোক যার একবিঘা বাস্তু ভিটার খাজনা রেহাই দেবার জন্য সরকার থেকে ব্যবস্থা করা হয়েছে, গ্রামাঞ্চলে তাঁর কাছে এমন প্রচার করা হ'ল যে দরখাস্ত দিলে তার সে জমি থাকবে না, সরকারের খাস হয়ে যাবে এবং জমির মালিকানা নষ্ট হয়ে যাবে। এইভাবে প্রচারের জন্য একবিঘা বাস্তু ভিটার খাজনা রেহাই যোগ্য মালিকের অনেকে এঁদের খাজনা রেহাই পান নাই, অনুরূপ ভাবে বিভিন্ন অপপ্রচারের ফলে আমাদের দেশের কার্যাবলী ব্যাহত হচ্ছে এবং সরকারের পরিকল্পনার কাজগুলিও সময়ে সম্পন্ন হতে পারছে না। সেইজন্য আমি মনে করি বামপন্থী বন্ধুদের অপপ্রচারই এর জন্য একমাত্র দায়ী।

এই প্রসঙ্গে আরো দু একটা কথা বলতে চাই দুর্ভিক্ষ ত্রাণ খাতে ২ কোটী ৬২ লক্ষ টাকা ব্যয় বৃদ্ধি দেখিয়ে অনেকে একথা বলতে চেয়েছেন যে আমাদের দেশের অর্থনৈতিক অবস্থা অত্যন্ত শোচনীয়। কিন্তু অনটন ক্লিষ্ট ব্যক্তিদের সাহায্য করতে গিয়ে বেশী অর্থ খরচ করতে হলে তাতে একথা কি বলা যায় যে আমাদের দেশের আর্থিক অবস্থার উন্নতি হয় নাই? তাঁরা লক্ষ্য করে দেখুন গ্রামাঞ্চলে জীবনধারণের মান ক্রমশঃ উন্নতির দিকে যাচ্ছে, কি অবনতির দিকে যাচ্ছে। তাঁরা লক্ষ্য করলে বুঝতে পারবেন আমাদের বিভিন্ন খাতে যে খরচ করা হয়েছে, তা প্রকৃতপক্ষে জনসাধারণের কিছু কাজে এসেছে কি না! আমরা কৃষি শিল্পের দিকে তাকালে বুঝতে পারবো যে আমাদের দেশের উন্নতি হয়েছে। এই সঙ্গে আমি সুন্দরবন অঞ্চলের কিছু কথা এখানে না বলে পারছি না। বাঁধের দিক থেকে চিন্তা করতে গেলে সুন্দরবনের যে ডেভেলপমেন্ট হয়েছে তা আমরা বেশ খানিকটা অনুভব করতে পারি। তথাপি একটা দিকে লক্ষ্য করবার দরকার আছে। যে সমস্ত অঞ্চলে বাঁধ কেটে জলনিকাশীর ব্যবস্থা করা হয়েছে, যেখানে সরকারের পক্ষে এমন কোন ব্যবস্থা করা হয়নি যাহাতে কাটার পরে সরকারী খরচে পুনরায় মেরামত করা হয়। ফলে ঠিকমত মেরামতের অভাবে সেখান দিয়ে লোনাজল এসে ফসল নষ্ট করে। সেদিকে লক্ষ্য রাখার জন্য সরকারকে অনুরোধ করবো যাতে কাটা বাঁধের দায়িত্ব জনসাধারণকে লইতে না হয় তার ব্যবস্থা যেন সরকার করেন।

[5-40—5-50 p.m.]

Shri Amarendra Nath Basu:

শ্রদ্ধেয় অধ্যক্ষ মহাশয়, অর্থমন্ত্রী যে ব্যয় বরাদ্দ উত্থাপন করেছেন এই সভার সমর্থন লাভ করবার জন্য, আমি তার উপর আমার সামান্য বক্তব্য রাখবো। আমি দেখলাম এই তিন দিন ধরে কংগ্রেস পক্ষের অনেকেই তা সমর্থন করেছেন এবং কিছুটা সমালোচনাও করেছেন এবং অনেকের বক্তব্যের মধ্যে এটা মনে হয়—যে তা সমর্থন করতে বাধ্য। আমি মনে করি যে আমাদের পক্ষের সকলে নীতিগতভাবে কিছুটা তফাৎ থাকলেও আমরা এক বাক্যে এই ব্যয় বরাদ্দের বিরোধিতা করেছি।

আমাদের বক্তব্যের মধ্য দিয়ে এইটুকুই দেখতে পাওয়া গেছে যে আমাদের বিক্ষোভ কেন? এর কারণ কি? এই বিধানসভার প্রত্যেকের বক্তৃতা খুব মনোযোগ দিয়ে শুনেছি কিন্তু এর মধ্যে আমি দেখতে পাইনি সত্যিকারের বাংলাদেশের ছবি। আমার মনে হয়েছে ঐ লাল দীঘির লাল বাড়ীর কথাই এর মধ্যে আছে। আর কংগ্রেস সরকার যে শতকরা ২০টি মানুষের কথা চিন্তা করেন তাঁদের কথাই এর মধ্যে আছে। তাছাড়া বাংলাদেশের যে বিরাট জনসাধারণ তাঁদের কোন

আশা-আকাঙ্খার কথা এর মধ্যে নেই। আজকে, স্বাধীনতার ১৭ বছর পরেও যখন আমাদের মুখ্যমন্ত্রী বলেন আমেরিকাতে ধর্মঘট হয়েছে বলে বাংলাদেশে গম আসতে পারিনি তোমাদের উনুন জেল না। তাহলে কি বলব যে কৃষি সমস্যার সমাধান হয়েছে না কৃষি সমস্যা সংকটের পথে? তারপর আমি শিক্ষক মহাশয়দের কথা বলব। শিক্ষক মহাশয়রা, যাঁরা জাতিকে ছেলেমেয়েদের লেখাপড়া শেখাবার গুরুদায়িত্ব নিয়েছেন তাঁরা আজ রাস্তায় বসে আছেন। ধরে নিলাম তাঁরা ভুল করছেন। কিন্তু আপনারা কি করছেন? আজ ১৭ বছর পরেও বাংলাদেশে শতকরা ৭১টি মানুষকে তাঁরা নিরক্ষর করে রেখেছেন। আজও বাংলাদেশের ছেলেমেয়েদের বলতে পারছেন না যে তোমাদের অন্ততঃ প্রাথমিক শিক্ষা পর্যন্ত বিনা মাহিনাতে পড়াবো। আমার স্মরণ আছে আপনাদের ঐ জায়গা থেকে স্বর্গত ডাঃ বিধানচন্দ্র রায় মহাশয় বলতেন, অবশ্য তাঁর কাজের সংগে আমার মতের অনেক তফাৎ থাকলেও আমি শ্রদ্ধা করতাম। তিনি পরিষ্কার ওখান থেকে বলেছিলেন যে—"ছেলেমেয়েদের পাঠ্যপুস্তক সরকার তৈরি করবেন। সেই পুস্তক অনেক ক্ষেত্রে এমনি দেওয়া হবে—প্রয়োজন হলে সামান্য মূল্যে"। কিছু করা কি হয়েছে তাঁর যাবার পর? আজ বাংলাদেশের ছেলেমেয়েরা বছরের শেষে বই কেনবার জন্য রাস্তায় রাস্তায় ঘুরে বেড়ায়। তাদের কথা আপনারা ভেবেছেন একবারও? তারপর চিকিৎসা সম্বন্ধে বলি আজও রোগীকে হাসপাতাল থেকে ফিরিয়ে দেওয়া হয়। যদিও দয়া করে তাকে বারান্দায় শুতে দেয় কিন্তু তাকে প্রয়োজন মত ঔষুধ দেয় না। আমাদের দেশের লোকের আয়ু বেড়েছে এটা ঠিক, মরছে কম এটাও ঠিক কিন্তু এর জন্য দায়ী সরকারী ব্যবস্থা নয়। এর কারণ এমন এমন ঔষধ বেরিয়েছে যাতে মানুষ রোগের সংগে লড়াই করতে পারে। আজও অনেক সেবাব্রতী চিকিৎসক আছেন। তারপর আমি আপনাকে আর একটা কথা জিজ্ঞাসা করি, আজ এই যে লক্ষ লক্ষ বাঙ্গালী ছেলেমেয়ে গ্রামে, মফঃস্বলের শহরে বেকার হয়ে বসে আছে এটা কি শুভ লক্ষণ আপনারা বলছেন বাণিজ্য শিল্পসম্পদ বাড়ছে। কিন্তু এই যে মনুষ্যশক্তি, এঁদের যে কর্মক্ষমতা তার যেটা অপচয় হচ্ছে, যেটাকে কাজে লাগাতে পারলে দেশের অনেক উন্নতি হতে পারতো কিন্তু তাঁদের কথা আপনারা চিন্তা করবেন না। সেইজন্যই আমি বলব, আপনারা যেভাবে চিন্তা করছেন, এগুচ্ছেন সেটা ভুল পথে যাচ্ছেন, পেৌছিয়ে আসছেন। এ অবস্থা কেন হচ্ছে? আমি অনেক সময় নিজে ভুল করছি কিনা সেটা বিবেচনা করে ভাবতে থাকি। কেন এই কংগ্রেস সরকার ১৭ বছরেও এগুতে পারলো না। সেকথা যদি সংক্ষেপে বলতে হয় তাহলে সুরু করতে হবে ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রাম দিয়ে। ভারতবর্ষের স্বাধীনতার সংগ্রাম যখন চরম অবস্থায় এসেছিল তখন এই কংগ্রেসের মধ্যে ফাটল ধরল। যাঁরা বৃটিশের সংগে সমঝোতা করে ক্ষমতা হাতে আনতে চাইলেন তাঁদের সংগে নওজোয়াওনদের সংগ্রাম হল, সংকট এল, নেতাজী বললেন-"বৃটিশের সংগে কোনরকম সমঝোতা নয়, কোনরকম আপোষ নয়"। তিনি পরিষ্কার ভাবে পার্কে পার্কে ঘোষণা করলেন "আমি ইংরাজের পরাজয় চাই, কেন চাই, না ইংরাজ হারলে পৃথিবী থেকে সাম্রাজ্যবাদ চলে যাবে, ধনতন্ত্রবাদ, জমিদারী, জুয়াচুরি, বদমাইসি চলে যাবে"। এ আওয়াজ তখন কংগ্রেসী নেতাদের কাছে পেৌছালো না। সেই রকম এক বিরাট সংখ্যক সংগ্রামী মানুষ কংগ্রেসের মধ্যে ছিল, যাঁরা সত্যিকারের সমাজতন্ত্রে বিশ্বাসী। তারপর, ক্ষমতা হস্তান্তরের পর সেই শক্তিকে কংগ্রেস থেকে বার করে দওয়া হল। আর একদল ছিল, যাঁরা অত্যন্ত সৎ এবং গান্ধিজীর আদর্শে বিশ্বাসী। তাঁদের হাতেও যদি ক্ষমতা যেত তাহলে আমি বলব অন্ততঃ সমাজতন্ত্রের পথে না গেলেও একটা কল্যান রাষ্ট্রের চেহারা আমরা দেখতে পেতাম কিন্তু একবারে ইংরাজের কাছে শিক্ষিত যাঁরা, যাঁদের চিরকালের ধারণা, গরীব গরীব থাকবে আর ধনী, ধনী হবে, তাঁদের হাতে ক্ষমতা এল। আজকে সেইজন্য আমরা দুভাগে এখানে ভাগ হয়ে বসেছি। নেতাজী সুভাষচন্দ্রের শেষকথা আমার মনে পড়ে। তিনি পরিষ্কার বলে গেছেন "স্বাধীন ভারতবর্ষে একটা পার্টি হবে যেটা মার্কসবাদী"। স্বাধীনতা যুদ্ধের সময় আমরা রাজনৈতিক স্বাধীনতা চেয়েছিলাম। কিন্তু অর্থনৈতিক স্বাধীনতার জন্য তখনই আমরা সংগ্রাম সুরু করতে পারিনি, তারপর করেছি। আজ দেশের এই বিরোধী দলের মধ্যে বিক্ষোভ দেখছেন, সারা ভারতবর্ষের মানুষের মধ্যে আজ বিক্ষোভ দেখছেন, আজ বাঙ্গালী জাতি সমস্ত কিছু আদায় করবার জন্য পথে নেমেছে। এর মূলে ঐ অর্থনৈতিক স্বাধীনতা অর্জন করার চেষ্টা। আপনারা ভুল পথে গিয়েছেন বলেই দেশ আজ বিরাট সংকটের মুখে পড়েছে। আপনার বক্তৃতার মধ্যে আপনি সমাজতন্ত্রের কথা বলেন নি। সেটা ভালই করেছেন বলে আমার মনে হয়

কিন্তু সত্যি যদি দেশের কল্যান করতে চান তাহলে খাঁটি সমাজতন্ত্রের পথ আপনাদের গ্রহণ করতে হবে। তবে বড়লোকদের সব সময় সন্তুষ্ট করবো আর গরীবদের বাঁচিয়ে রাখবো ঐ বড়-লোকদের সেবা করবার জন্য এ পথ ঠিক নয়। আজ সেইজন্য আমি বলব আমাদের এই বিরো-ধীতা এর মধ্যে কোনরকম উস্কানি নেই। আমাদের বন্ধুরা ভাবেন যে সাধারণ মানুষের এই আন্দোলন এগুলি বামপন্থীর সৃষ্টি। কিন্তু আমি বলব, তা নয়, তাঁদের মধ্যে দারুণ অভাব, দারুণ বিক্ষোভ রয়েছে। যদি সত্যই সরলভাবে, সৎ চিন্তা করে তাঁদের অভাব দূর না করেন তাহলে দেশ একটা এমন সংকটের অবস্থায় এসে পড়বে যে সংকট আপনারাও সামলাতে পার-বেন না, আমরাও চাই না। তারপর শিক্ষক মহাশয়দের সম্বন্ধে বলব। এই কয়দিনের আলো-চনার মধ্যে দেখলাম শিক্ষক মহাশয়দের প্রতি এতটুকু দরদ আপনাদের নেই। যদি সত্যই সৎ সরকার হত তাহলে আমি বলব তাঁদের অভিমান সব ভুলে গিয়ে শিক্ষক মহাশয়দের যদি বল-তেন আসুন আপনাদের দাবি আমরা মিটিয়ে দেবো। এতে তাঁদের সম্মান বাড়তো। সরকার যদি বলতেন আসুন আমাদের আর্থিক সমস্যা দেখুন, অভাব অভিযোগ দেখুন, বলুন আমরা কি ব্যবস্থা করব, আমরা কি ব্যবস্থা করতে পারি।

আজকে সেইজন্য বলব বিরোধীপক্ষের যে বক্তব্য শুনছেন সেগুলি একবার চিন্তা করে দেখবেন। আমরা জানি এই বাজেট যদি সভায় ঠিকভাবে গৃহীত না হয় তাহলে সেটা মন্ত্রী সংকটের কারণ হয়। তবে জানি সেটা হবে না। কিন্তু আমার বক্তব্য হচ্ছে আমরা বিরোধীপক্ষে আছি বলেই বিরোধিতা করছি এটা মনে না করে আমার বক্তব্যগুলি বিবেচনা করবেন। স্যার, এটা খুব সত্য কথা যে এমন দিন আসছে যখন আমরা চেষ্টা করেও সমাজতন্ত্র দূরে রাখতে পারবো না। ধনতন্ত্রের দিন শেষ হয়ে আসছে। যদি আপনারা সৎ ভাবে সৎ চিন্তার দ্বারা গ্রহণ না করেন তাহলে একটা ভীষণ সংকটের মধ্যে গিয়ে জাতি পড়বে। একথা বলে বাজেটের বিরোধিতা করে আমি বক্তব্য শেষ করছি।

[5-50—6 p.m.]

Shri Aditya Kumar Bankura:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট উত্থাপন করেছেন সেটা দেশের অগ্রগতির পক্ষে অনুকূল এবং আমি সেই বাজেট সর্বান্তকরণে সমর্থন করি। এই বাজেট সমর্থন করতে গিয়ে আমি কয়েকটি কথা আপনার মাধ্যমে তাঁর কাছে রাখতে চাই। স্যার, আজকে বিরোধীদল এবং পক্ষীয় দলের মধ্যে সকলেই কৃষির উন্নতির কথা বিশেষ জোর দিয়ে বলেছেন। কিন্তু আমার বক্তব্য হচ্ছে কৃষির উন্নতির সঙ্গে সঙ্গে আমরা যদি জন্ম নিয়ন্ত্রণ করতে না পারি বা জন্ম নিয়ন্ত্রণকে সফল করার জন্য প্রচার করতে না পারি তাহলে কৃষির উন্নতি যতই করিনা কেন আমাদের খাদ্যাভাব থাকবেই। আমাদের খাদ্যাভাবের জন্য যেমন ফসল বাড়াতে হবে ঠিক তেমনি জন্ম নিয়ন্ত্রণও করতে হবে। আমাদের লোকসংখ্যার চাপ অনুসারে যখন আমাদের জমি বাড়ছেনা তখন এই অল্প জমিতেই অধিক ফসল ফলাবার জন্য চেষ্টা করতে হবে। কিন্তু সেই চেষ্টা করতে হলে আমাদের প্রাচীন কৃষি পদ্ধতির পরিবর্তন করে নূতন যুগের সামান্য সামান্য যন্ত্রের সাহায্য চেষ্টা করলে কৃষির ঠিক উন্নতি হবেনা। কৃষির উন্নতি করতে হলে কোন ভাল সার, উন্নত ধরনের বীজ প্রয়োজন তেমন জল সেচেরও প্রয়োজন, জাপানী প্রথায় চাষের উপ-যোগিতাও আমরা লক্ষ্য করেছি। কিন্তু এই প্রথা অপেক্ষাও ঋষি অরবিন্দের পণ্ডিচেরী আশ্রমে ওয়েভ প্রথায় যে চাষ হয় সেটা ভাল। আমাদের মেদিনীপুর জেলায় খড়্গপুর আই-আই-টি-র কৃষি বিভাগ রিসার্চ করে দেখেছে যে জাপানী প্রথায় যে ফলন হয়েছে তার চেয়ে অরবিন্দের আশ্রমের ওয়েভ প্রথায় বা ঢেউ প্রথায় বেশী ফসল হয়েছে। কাজেই এই প্রথায় বেশী ফসল আমাদের বাংলাদেশে করা যেতে পারে কিনা সেটা আমি কৃষি বিভাগকে পরীক্ষা করে দেখতে বলি। এই প্রথায় চাষ হয়ে যদি কৃষির উৎপাদন বাড়ে তাহলে আমাদের খাদ্যাভাব অনেকাংশে মিটবে।

Shri Bijoy Krishna Maity:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন সেটাকে সমর্থন করে আমি দু একটি বিষয় নিবেদন করবো। বাজেট পুস্তিকা যেটা দিয়েছেন তাতে যা দেখতে পাচ্ছি তার মধ্যে নেট ফল যা দিয়েছেন তাতে দেখছি বাজেটে ঘাটতি পড়ছে। ঘাটতি কম হলেও এটা খুব সুখের বিষয় যে নূতন করে কর ধার্য্য করে এই ঘাটতি পূরণ করতে চাননি। কিন্তু আমাদের সরকার যে নূতন করে কর ধার্য্য করে বাজেটকে চালু করবেন এতে আমাদের বিরোধী পক্ষের যে খুব আনন্দ হচ্ছে তা নয়, কেননা এতে তাদের সমালোচনা করবার কিছু পয়েন্ট কমে যায়। যখনই কেউ দেশের কোন উন্নতির কথা বলতে চায় তখনই আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা আঁতকে উঠেন। কখনো নিজেরা উন্নতির কথাতো বলবেনই না অপরে বলতে গেলেও তা শুনবেন না এবং শুনতে দেবেন না। তাঁরা বলেছেন কোন উন্নতি হয়নি। এসব বক্তৃতা এখানে চলতে পারে কিন্তু গাঁয়ে এসব বলা চলবে না। আমি মেদিনীপুর জেলার কাঁথি মহকুমার কথা বিশেষ করে বলি, সেখানে প্রতি গ্রামে একটি করে কোন কোন গ্রামে দু তিনটি করে প্রাথমিক বিদ্যালয় হয়েছে। প্রতি মহকুমায় যেখানে একটি করে হয়ত কলেজ হয়েছে এক একটি ইউনিয়নে সেকেণ্ডারী স্কুল হয়েছে, সেখানে কিছু হয়নি বললে কেউ শুনবে না। এখনি আমরা দেখতে পাচ্ছি প্রতি ইউনিয়নে না হোক অন্ততঃ অনেক ইউনিয়নে হাসপাতাল হয়েছে।

[6---6-12 p.m.]

সেখানে তারা দস্তুরমত উপকার পাচ্ছে কাজেই সেখানে কিছু উন্নতি হয়নি ঠিক নয়, ১৭ বৎসর আগে যেখান রাস্তা কর্দমাক্ত ছিল ১৭ বৎসর পরে আজকে দেখতে পাচ্ছি সেখানে পীচ রোড হয়েছে। সে সব জায়গায় যদি বলা হয় কংগ্রেস সরকার কিছু করেনি তাহলে তাদের কথা কেউ শুনবে না। অজয়বাবু যে সমস্ত উন্নতির কথা বললেন এবং পাশ্চত্য দেশের বড় বড় মনীষীরা এখানে এসে প্রশংসা করে গেলেন আমরা অল্প সময়ের মধ্যে এত উন্নতি করতে পারিনি। এসব কথা তারা ভালবাসবেন না। কিন্তু আমাদের দেশের লোক বলবে যে সত্যকারের উন্নতি হয়েছে। তারপর আমি বলতে চাই যে গ্রামে গ্রাম পঞ্চায়েৎ, অঞ্চল পঞ্চায়েৎ, আঞ্চলিক পরিষদ, জেলা পরিষদ ইত্যাদি জিনিষগুলো আমরা আইন অনুসারে গঠন করেছি। এসব গুলো যে কি করে চালু হবে তা যদি আমাদের বিরোধীপক্ষের বন্ধুরা একটু ভালভাবে চিন্তা করতেন তাহলে ভাল হতো এবং জনসাধারণের এর মধ্যে এ সবের দ্বারা যে উন্নতিমূলক কাজ করবার ভার দিয়েছেন তাকে একটু সাহায্য করতেন তাহলে অনেক কাজ হতো। কিন্তু তা না করে এ্যাসেম্বলী-তে বসে বসে বক্তৃতা করবো, মফঃস্বলে কিছু করবো না এতে কোন কাজ হয় না, মহাত্মা গান্ধী বলেছিলেন পঞ্চায়েৎ রাজের কথা। আমাদের ক্রমশ আইন অনুসারে এটাকে চালু করছি। এটা যদি করতে পারি তাহলে সত্যকারের দেশের উন্নতি হবে। একথা যে কেন তারা বোঝেন না তা আমরা জানিনা। কাজেই আমি নিবেদন করবো এখানে সকলে মিলে কি কংগ্রেস কি কম্যুনিষ্ট দেশের সামগ্রিক উন্নতি করবার চেষ্টা করি এবং সকলে মিলে যার গ্রামের অঞ্চল প্রধান অধ্যক্ষ এদের বলবো যে এইভাবে কাজ করো এবং আমরা নিজেরা সাহায্য করবো, এতেই সত্যিকারের গ্রামের উন্নতি হবে। এই বলে আমি বাজেট সমর্থন করছি এবং তাকে ধন্যবাদ দিচ্ছি।

Shri Monoranjan Bakshi:

মাননীয় স্পীকার মহাশয় পশ্চিমবাংলার অর্থমন্ত্রী ১৯৬৫-৬৬ সালের জন্য যে বাজেট উত্থাপন করেছেন সে বাজেট পর্যালোচনা করলে দেখা যায় সে বেপরোয়া মূল্য বৃদ্ধির যে প্রতিক্রিয়া তার প্রতিফলন এই বাজেটের মধ্যে দেখতে পাচ্ছি। বাজারে চড়া দর থাকার জন্য রাজকোষে আয় বাড়ছে কিন্তু তার সংগে ব্যয়ের পরিমাণ আরো বৃদ্ধি পাচ্ছে। আমরা দেখতে পাচ্ছি যে রাজস্ব এবং ঋণ এই ২টা খাত মিলিয়ে এই ঘাটতির পরিমাণ ও তার অর্থ স্ফীত হয়ে উঠছে এবং এটা তিনি কি ভাবে পূরণ করবেন তা বলেন নি। তিনি বলেছেন নূতন কর ধার্য করছি না। আমরা জানি বাজেট যখন তৈরী হয় স্বাভাবিক রেওয়াজে সরকারের বাজেটে

আয় ধরা হয় অত্যন্ত কম। আয় বৃদ্ধি পাবে বা ঋণ করা হবে। ফলে আমরা দেখতে পাচ্ছি জনসাধারণ যে পুনরায় করভারে জর্জরিত হতে হবে স্যার, আপনি জানেন এই পশ্চিমবঙ্গ একটা বিরাট অংশ বেসরকারী কর্মী এই মূল্য বৃদ্ধিতে তাদের বেতন এবং মাগ্গীভাতা অত্যন্ত কম। এই বিরাট অংশ সম্বন্ধে বাজেটে কোন আলোচনা দেখতে পাচ্ছি না। আপনি জানেন গত ১৯৫৩ সালে এই পশ্চিমবঙ্গের তৎকালীন মুখ্যমন্ত্রী ডাঃ রায় তথা অর্থমন্ত্রী প্রতিশ্রুতি দিয়েছিলেন ঐ বেসরকারী কর্মচারীদের জন্য তদন্ত করবেন এবং তারপর তাদের এই বাজেটে নেই। তাহলে আমরা কি করে বুঝবো যে এই সরকারের বাজেট, তার জন্য ব্যবস্থা করবেন। আজকে গত ১০।১২ বৎসরের মধ্যে তাদের সম্বন্ধে কোন ইঙ্গিত আয় ব্যয়ের যোগফল না বিয়োগফল এটা তাদের হিসাব নিকাশের ফল না জনসাধারণের দৈনন্দিন জীবনে যে সমস্যা আছে তার সমাধান করা হবে। আমরা বুঝতে পাচ্ছি এই বাজেটে জনসাধারণের কল্যাণের জন্য কিছু করা হয় নি। তাই আমি মনে করি এই বাজেট বাংলাদেশের মানুষের মধ্যে হতাশাব্যঞ্জক ও নৈরাশ্যের সৃষ্টি করেছে। মাননীয় অর্থমন্ত্রী পঞ্চবার্ষিকী পরিকল্পনার কথা বলেছেন এবং তা বলতে গিয়ে তিনি বলেছেন ৩য় পরিকল্পনায় নাকি পশ্চিমবঙ্গের নিজস্ব সংগতি থাকার জন্য ... কোটী টাকার লগ্নী পরিশোধ করতে সক্ষম হয়েছেন, কিন্তু দুঃখের বিষয় কেন্দ্রীয় সরকার প্রতিশ্রুতি দিয়েছিলেন ১৬০ কোটী টাকা দেবেন বলে। সেটা দূরে থাক ১৫৬·৪ কোটী টাকা দেবার সময় বলছেন যে ২ কোটী টাকা দেবো না। কেন্দ্রীয় সরকার এভাবে যে আমাদের শাস্তি দিচ্ছেন যে কথা তিনি তাঁর বাজেট বক্তৃতায় স্বীকার করেছেন। যদি কেন্দ্রীয় সরকার শাস্তি দিয়ে থাকেন তাহলে তার বিরুদ্ধে তাঁরা কি ব্যবস্থা অবলম্বন করবেন এবং কি ভাবে চাপ দেবেন। আমরা জানি এককালে ছিল বীরযোগ্যা বসুন্ধরা কিন্তু বর্তমানে এ রাজত্বে যে রাজত্বের কথা কংগ্রেসী সদস্যরা গতকাল বললেন সে রাজত্বের শাসনে গরুগুলি ছাগল হয়ে যায়। চিন্তা করুন মানুষ আজকে কোন পথে নেমে গেছে। যেমন আমরা দেখলাম মাদ্রাজের মন্ত্রীগণ ভাষার ব্যাপার নিয়ে পদত্যাগ করলেন তেমনি কেন্দ্রীয় সরকার পশ্চিমবাংলার প্রতি বিমাতৃসুলভ ব্যবহার করছেন তারজন্য পদত্যাগ করবো। যদি তাঁরা এচাপ সৃষ্টি করেন তাহলে জনসাধারণ তাদের সংগে থাকবে। আমরা দেখছি কেন্দ্রীয় সরকারের বারবার পশ্চিমবাংলার উপর একটা বিমাতৃ-সুলভ মনোভাব থেকে গেছে কাজেই তাদের উপর যেভাবে চাপ দেওয়া উচিত। যদি চাপ না দিতে পারেন তাহলে তদ্বির করুন। আমরা জানি যে এটা বীরভোগ্যা বসুন্ধরা নয় এটা তদ্বির ভোগ্যা বসুন্ধরা। কাজেই আপনারা তদ্বির করুন তা না হলে কিছু হবে না এবং তা না হলে মানুষ শেষ হয়ে যাবে। পশ্চিমবাংলার বিভিন্ন কর্মসংস্থান কেন্দ্র এগিয়ে দেখবেন ১৯৫১ সাল থেকে আরম্ভ করে ১৯৬২ সাল এবং বর্তমান বৎসর পর্যন্ত বেকারের সংখ্যা ক্রমাগত বেড়েই চলেছে। শুধু তাই নয় তিনি পরিষ্কার ভাবে বলেছেন ৪র্থ পরিকল্পনায় বেকারের সংখ্যা আরো বৃদ্ধি পাবে। এই যদি অবস্থা হয় তাহলে পশ্চিমবাংলার মানুষকে আজকে কোন দিকে তাঁরা নিয়ে আসছেন জানিনা। এটা তাঁরা কি রকম সমাজতান্ত্রিক ধাঁচের সমাজের দিকে এগিয়ে নিয়ে যাচ্ছেন তা জানি না। আজকে পশ্চিমবাংলার মানুষ এই বাজেট দেখে তাকে আশীর্বাদ না করে অভিশাপ দেবেন। আপনার কাছে নিবেদন করতে চাই। আপনি যদি সরকারী অফিস-এ যান তাহলে দেখবেন ডিপার্টমেন্ট-এ ডিপার্টমেন্ট-এ ঝগড়া বাঁধার সম্বন্ধে যখনই কৃষি বিভাগ বলেছেন যে এখানে বাঁধ হওয়া উচিত। যখন ইরিগেসান ডিপার্টমেন্ট বলেছেন যে বাঁধ হবে না। এই যে সেচ বিভাগের সংগে কৃষি বিভাগের অহিনকুল সম্পর্ক যার ফলে জনসাধারণের কাজকে তারা বলি দিতে বাধ্য হচ্ছে অতএব যদি জন কল্যাণকর রাষ্ট্র গঠন করতে হয় তাহলে তারা এটা দূর করুন এবং অর্থমন্ত্রী মহাশয় নিবেদন করুন তার মত বদলান এবং যাতে জনকল্যাণকর কাজ হয় সে ভাবে চলুন। আপনি জানুন যে পশ্চিমবাংলার বর্ধমান জেলায় একটা বিরাট অংশে বন সম্পদ রয়েছে। সেই বনসম্পদ বা জঙ্গলের জন্য প্রচুর অর্থ ব্যয় করা হচ্ছে সরকারের তরফ থেকে। আমরা দেখতে পাচ্ছি দিনের পর দিন এই জঙ্গল নিঃশেষ হয়ে যাচ্ছে কোন ব্যবস্থা নেই শুধু অর্থ ব্যয় করা হচ্ছে।

[6-10—6-20 p.m.]

কাজে কাজেই আমি বলবো যে অর্থ ব্যয় করা হচ্ছে ঠিকই কিন্তু অর্থের পরিমাণগুলো দিয়ে দেশের উন্নতিকে মাপ করা যায় না। কাজে কাজেই আপনারা একটু বাস্তব দৃষ্টিভঙ্গি দিয়ে দেখার চেষ্টা করুন। শুধু এখানে দাঁড়িয়ে যদি অর্থমন্ত্রী বলেন যে আকাশে মেঘ নেই তাহলে ভুল করবেন—তিনি উন্মুক্ত প্রাঙ্গনে দাঁড়িয়ে বলুন যে আকাশে মেঘ নেই—নিশ্চয়ই আকাশে মেঘ রয়েছে। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন যে অনেক মন্ত্রী পল্লী গ্রাম থেকে এসেছেন—জানি না তাঁরা পল্লীগ্রামের কথা ভুলে গেছেন কিনা। বর্তমান দুর্মূল্যের বাজারে ধান কেনা বেচা হচ্ছে তা তারা স্বীকার করেন না এবং মানুষ অনেক কমে ধান বেচে দিচ্ছে। সরকারের নির্ধারিত মূল্য সেখানে টিকছে না। কিন্তু তাঁরা একথা স্বীকার করছেন না অথচ তাঁরা পল্লীগ্রামের পল্লীতে জন্ম গ্রহণ করেছেন—কেবল আইনের লাল ফিতার বাঁধনের নিজেদের বেঁধে রেখেছেন। কাজে কাজেই আমি বলবো—স্বাধীন সরকারের যে কর্তব্য সেই কর্তব্যে তাঁরা অবহেলা করছেন এবং জনসাধারণের দাবীকে তাঁরা উপেক্ষা করছেন। আর একটা কথা আমি আজকে নিবেদন করবো—এই ধান চালের বিক্রয় ব্যাপার নিয়ে বর্ধমানে বহু কো-অপারেটিভ সোসাইটিকে বলা হয়েছিল যে তোমাদের অর্থ দেওয়া হবে—কিন্তু আমি জানি বর্ধমানে গলসী প্রভৃতি থানায় বহু সোসাইটি আছে যাদের এক পয়সাও দেওয়া হয় না। কাজেই এই কো-অপারেটিভ সোসাইটি মারফৎ ধান বেচা হয় নি—এ সম্পর্কে মাননীয় অর্থমন্ত্রী একটু চিন্তা করুন যে কি উপায়ে মানুষকে বাঁচিয়ে রাখবেন এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Adjournment

The House was then adjourned at 6-12 p.m. till 1 p.m. on Thursday, the 25th February, 1965, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly, assembled under the provisions of the Constitution of India.

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Thursday, the 15th February 1965, at 1 p.m.

Present:

Mr. Speaker (Shri KESHAB CHANDRA BASU) in the Chair, 9 Ministers, 2 Ministers of State and 173 Members.

STARRED QUESTIONS

(to which Oral Answers were given)

…—1-10 p.m.]

T.B. Patients

***193.** (Admitted question No. *895.) **Shri Gour Chandra Kundu:**

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে টি বি রোগীদের জন্য মোট কয়টি হাসপাতাল আছে এবং উহাতে মোট বেড সংখ্যা কত;

(খ) সরকারী হিসাবমতে পশ্চিমবঙ্গে টি বি রোগীর সংখ্যা কত;

(গ) উক্ত টি বি রোগীদের সরকারের পক্ষ হইতে আর্থিক সাহায্যের কোন ব্যবস্থা আছে কিনা, এবং

(ঘ) ব্যবস্থা থাকিলে, তাহা মাসিক কত?

Shri Jagannath Kolay:

(ক) ১৩টি টি বি হাসপাতালে মোট ৩,৭৩৯টি শয্যা আছে। এ ছাড়া সাধারণ ও অন্যান্য হাসপাতালে মোট ৮৫৭টি শয্যা আছে। সর্বসাকুল্যে টি বি রোগীর শয্যা সংখ্যা বর্তমানে ৪,৫৯৬।

(খ) সঠিক সংখ্যা জানা নাই। ইণ্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চের তত্ত্বাবধানে পরিচালিত জাতীয় নমুনা সমীক্ষা অনুযায়ী পশ্চিমবঙ্গের জনসংখ্যার শতকরা ১.৭ জন যক্ষ্মা রোগাক্রান্ত। এই ভিত্তিতে এই রাজ্যে যক্ষ্মারোগীর সংখ্যা দাঁড়ায় প্রায় ৬ লক্ষ।

(গ) স্বাস্থ্য বিভাগ হইতে আর্থিক সাহায্য দিবার কোন ব্যবস্থা নাই।

(ঘ) প্রশ্ন উঠে না।

Shri Sanat Kumar Raha:
মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে টি. বি. রোগের হাত থেকে বাংলা দেশকে নিষ্কৃতি দেওয়ার জন্য মাত্র ৪ হাজার ৫৯৬টি বেড আছে। আমি জিজ্ঞাসা করছি বাংলা দেশ যাতে টি. বি. রোগে আচ্ছন্ন হয়ে না যায় সেজন্য এই বেড বাড়াবার কোন পরিকল্পনা সরকারের আছে কি?

Shri Jagannath Kolay:
স্বাস্থ্য বিভাগ থেকে যক্ষ্মা রোগীদের কোন আর্থিক সাহায্য দেবার ব্যবস্থা নেই। তবে শুধু যক্ষ্মা রোগীদের যক্ষ্মা নিবারণকারী প্রয়োজনীয় ঔষধপত্র বিনামূল্যে বিতরণ করা হয়।

অবশ্য পূর্ব বাংলা থেকে আগত উদ্বাস্তু যক্ষ্মা রোগী হলে উদ্বাস্তু পুনর্বাসন দপ্তর থেকে কিছু কিছু অর্থ সাহায্য দেওয়া হয়।

Shri Sanat Kumar Raha:

আমার প্রশ্ন হচ্ছে বাংলা দেশে যক্ষ্মা কমছে না বাড়ছে ?

Shri Jagannath Kolay:

বাংলাদেশে আমাদের সঠিক সংখ্যাতত্ত্ব জানা নেই। তবে ইণ্ডিয়ান মেডিক্যাল রিসার্চ বুরো থেকে যেটা করা হয়েছে তাতে আমাদের হিসাব দাঁড়ায় ৬ লক্ষ এবং যক্ষ্মা হাসপাতাল বাড়াবার আমরা চেষ্টা করছি এবং হাসপাতাল না বাড়াতে পারার দরুণ যাতে ডোমিসিলারি ট্রিটমেণ্ট করা যায় এবং সেখানে ঔষধ পাঠান যায় সেজন্য গ্রামে গ্রামে ব্যবস্থা চলছে।

Shri Sanat Kumar Raha:

আমার বক্তব্য হচ্ছে বাংলা দেশ থেকে যক্ষ্মা উচ্ছেদ করার জন্য সরকার মৌলিকভাবে কোন পরিকল্পনা রচনা করছেন কিনা ?

Shri Jagannath Kolay:

যক্ষ্মা রোগের বিস্তৃতি রোধ করবার জন্য নিম্নলিখিত ব্যবস্থা করা হয়েছে। যক্ষ্মা রোগের চিকিৎসার জন্য শয্যা সংখ্যা বৃদ্ধি করা হইতেছে। ব্যাধি সংক্রামন নীরোধ কল্পে ১৬টি টিমের মাধ্যমে বি. সি. জি. টিকা দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। ৪টি রেডিওগ্রাফি ইউনিট মঞ্জুর করা হয়েছে তার মধ্যে দুটি কাজ করতে আরম্ভ করেছে। ৫০টি চেস্ট ক্লিনিক সংলগ্ন ডোমিসিলারি ইউনিটগুলি ছাড়াও যক্ষ্মা রোগীদের গৃহে যেয়ে চিকিৎসার জন্য ৯টি মোবাইল ইউনিট কাজ করছে।

Shri Nani Bhattacharjee:

যখন শয্যাসংখ্যা প্রয়োজনের তুলনায় নগণ্য—এবং এখন পর্যন্ত সরকার টি বি বিস্তার রোধ করবার কোন উপযুক্ত ব্যবস্থা করতে পারেন নি সেই অবস্থায় টি. বি. রোগীদের অর্থ সাহায্য দেবার কথা সরকার বিবেচনা করবেন কিনা ?

Shri Jagannath Kolay:

আমরা ওষুধ দেবার জন্য প্রস্তুত এবং তা দেওয়া হচ্ছে। যক্ষ্মারোগ নিবারণ করবার জন্য যেগুলি প্রয়োজন তা করা হচ্ছে। কিন্তু অর্থ সাহায্য দেওয়া হচ্ছে না।

Shri Narayan Choubey:

যক্ষ্মারোগীদের শুধু ওষুধ নয়, খাদ্য না পেলে রোগ সারে না। আপনি ওষুধ দিচ্ছেন, পথ্য দেবার কোন ব্যবস্থা করেছেন কী ?

Shri Jagannath Kolay:

আমরা সে রকম কোন সাহায্য করছি না।

Shri Bejoy Kumar Banerjee:

মন্ত্রী মহাশয় বলবেন কি বাড়ীতে কারো ঘরে যদি টি. বি. হয়, বাড়ীর অন্য লোকের যাতে টি. বি. না হয়, তার জন্য সরকারকে খরচ দিলে তাকে অন্য জায়গায় পাঠাবার ব্যবস্থা আছে কিনা ?

Shri Jagannath Kolay:

আমাদের যদি হাসপাতালে বেড খালি থাকে, তাহলে তাকে সেখানে সরাবার ব্যবস্থা করতে পারি এবং তার জন্য যে নিয়ম আছে তার মাধ্যমে আমরা ভর্তি করি—যা ভিন্ন অন্য কোন ব্যবস্থা আমাদের নাই।

Shri Sailendra Nath Adhikary:

আপনি যে বেডের সংখ্যা দিলেন, সেটি কি থার্ড ফাইভ-ইয়ার প্ল্যান-এ যে বেডগুলি পরিপূর্ণ করবার কথা ছিল—সেগুলি ইনক্লুডেড করে কি এই সংখ্যা দিলেন? থার্ড ফাইভ-ইয়ার প্ল্যান-এ যে বেডেরই সংখ্যা বাড়াবার কথা ছিল, তা এখনো পরিপূর্ণ করা হয় নাই।

Mr. Deputy Speaker:

এই প্রশ্ন এর মধ্যে আসে না। আপনি নূতন প্রশ্ন দেবেন।

Dr. Abu Asad Mahammad Obaidul Ghani:

আপনি বলেছেন বেড আছে চার হাজারের মত আর ৬ লক্ষ রোগী। আপনার চেস্ট ক্লিনিকস্ এবং ডোমিসিলিয়ারি ট্রিটমেণ্ট-এর মারফতে কত রোগী চিকিৎসিত হচ্ছে—তার সংখ্যা দেবেন কী?

Shri Jagannath Kolay:

ও সংখ্যাটা আমার কাছে নাই। নোটিশ দিলে বলতে পারব।

Shri Aswini Roy:

আপনি বললেন বি. সি. জি. টীকা ও ডোমিসিলিয়ারি ট্রিটমেণ্ট এই পাঁচ সালে আরম্ভ করেছেন—বছরে কত সংখ্যক লোককে বি. সি. জি. টীকা দেওয়া হয়—তার কোন সংখ্যা আছে কি না?

Mr. Deputy Speaker:

এ প্রশ্ন আসে না, নোটিশ দেবেন।

Shri Birendra Narayan Ray:

মন্ত্রীমহাশয় (খ) উত্তরে বললেন যে সরকার কোন হিসেব রাখেন না টি. বি. রোগীর সংখ্যা কত—ন্যাশনাল রিসার্চ ইনস্টিটিউট ওঁরা রাখেন। আমার প্রশ্ন হচ্ছে এই টি. বি. রোগীর সংখ্যা সম্বন্ধে স্বাস্থ্য বিভাগ থেকে তদন্ত করা হয় নাই কেন এবং স্বাস্থ্যবিভাগ এর জন্য দায়ী?

Shri Jagannath Kolay:

আমি বলেছি সঠিক সংখ্যা আমার জানা নাই, ইণ্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ পরিচালিত জাতীয় সমীক্ষা অনুযায়ী পশ্চিমবঙ্গের জনসংখ্যার শতকরা ১.৭ জন যক্ষ্মা রোগাক্রান্ত অতএব ওখান থেকে ওঁরা নিচ্ছেন এবং বলছেন।

(1-10—1-20 p.m.)

Shri Birendra Narayan Ray:

আমাদের স্বাস্থ্য বিভাগ কেন করেননি জানাবেন কি?

Shri Jagannath Kolay:

কেন-র উত্তর হয় না।

Shri Abdul Bari Mokhtar:

মন্ত্রীমহাশয় বললেন হাসপাতালে শয্যাসংখ্যা ছাড়া ৮৫৭টি টি. বি রোগীর চিকিৎসার জন্য সিট আছে। আমার প্রশ্ন হচ্ছে গ্রামের লোকের চিকিৎসার সুবিধার জন্য এই ৮৫৭টিকে বাড়াবার কোন পরিকল্পনা আপনাদের আছে কিনা?

Shri Jagannath Kolay:

থার্ড ফাইভ-ইয়ার প্ল্যানে খুব বেশী বাড়াতে পারব বলে মনে হয় না—ফোর্থ প্ল্যানে বাড়বে বলে মনে হয়।

Shri Abdul Bari Mokhtar:

উদ্বাস্তু টি. বি. রোগীদের আর্থিক সাহায্য দেওয়া হয় কিনা ?

Shri Jagannath Kolay:

কিছু কিছু উদ্বাস্তু যক্ষ্মা রোগীকে রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্ট মাসিক ২০ টাকা হারে পথ্য ভাতা দেয়।

Shri Sanat Kumar Raha:

যক্ষ্মারোগীকে ২০ টাকা পথ্য দেওয়া হয় বলে যা বললেন তাতে আমার প্রশ্ন হচ্ছে এটা কি সকলকে দেওয়া হয় ?

Shri Jagannath Kolay:

উদ্বাস্তু বিভাগকে জিজ্ঞাসা করুন।

Shri Bhadra Bahadur Hamal:

সাপ্লিমেণ্টারি কোশ্চেন স্যার। আপনাদের হাসপাতালে বেড-এর সংখ্যা কম বলে রোগীরা এসে সিট পায়না এবং তাদের 'ওয়েটিং লিস্ট-এ থাকতে হয়। কিন্তু এই 'ওয়েটিং লিস্ট-এ থাকতে থাকতে তারা অনেকে শ্মশানে পৌঁছে যায়। কাজেই আমি জানতে চাই 'ওয়েটিং লিষ্টে যারা আছে তাদের তাড়াতাড়ি ভর্তি করবার ব্যবস্থা করবেন কি ?

Shri Jagannath Kolay:

আপনারা নিশ্চয়ই জানেন যে ওয়েটিং লিস্ট-এ থাকার কারণ হচ্ছে যক্ষ্মা রোগী ১।২।৩।৪ দিনের নয় বা অপারেশন করলেও তাড়াতাড়ি ছেড়ে দেওয়া যায় না। এই কারণে বেড পাওয়া শক্ত হয় বলে সব রোগীকে চিকিৎসা করা যায় না।

Shri Bhadra Bahadur Hamal:

আপনি নিশ্চয়ই জানেন আমাদের জেলায় আমাদের ওখানে টি. বি. রোগীর সংখ্যা খুব বেশী এবং ভেজাল খেয়ে খেয়ে এই সব হচ্ছে। ওখানে ১৫।১৬ জন রোগী ওয়েটিং লিস্ট-এ ছিল এবং সেই অবস্থায় থাকতে থাকতে সেই ১৬ জন লোক মারা গেছে—আপনি যদি নাম চান তাহলে আমি দিতে পারি।

Shri Jagannath Kolay:

এতে করার কিছু নেই।

Supply of Anti-T.B. drugs to Howrah T.B. Hospital

***194.** (Admitted question No. *917.) **Dr. Kanailal Bhattacharyya:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) if it is a fact that free supply of anti-T.B. drugs to Howrah Tuberculosis Hospital was suddenly stopped by the C.M.O., Howrah, from October, 1964;

(b) if so, the reasons therefor;

(c) whether there had been any enquiry before such stoppage;

(d) whether the hospital authority had been given an opportunity to place their view point before the enquiring officer; and

(e) whether the Government consider the desirability of restoring the supply of said drugs?

Shri Jagannath Kolay: (a) Yes, supply has been stopped from October, 1964.

(b) There have been dissentions and disputes among the members of the Managing Committee. The matter was taken up to Court which has recently appointed a Receiver. Before the Receiver was appointed the Secretary of the Hospital informed the Chief Medical Officer of Health, Howrah, that the Superintendent of the Hospital was not authorised to receive anything on behalf of the Hospital. Besides, the authorities of the Hospital have failed inspite of repeated reminders, to furnish to Government proper accounts of grants amounting to Rs. 60,000 drawn during 1960-61 to 1962-63.

(c) Yes, enquiry was held in the matter of utilisation of Government grants.

(d) and (e) The Receiver who made a request for restoration of supply of anti-T.B. drugs, has been requested to furnish accounts for the years 1960-61 to 1962-63. His request for restoration of the supply is under consideration.

Dr. Kanai Lal Bhattacharya:

উনি জেলমন্ত্রী এ সম্বন্ধে জবাব দিতে পারবেন বলে মনে হয় না, তাহলেও জিজ্ঞাসা করছি আপনি যা বললেন বি প্রশ্নোত্তরে যে রীজন দিয়েছেন যে সেক্রেটারী অনারারী সেক্রেটারী অব দি হসপিটাল জানিয়েছেন সুপারিণ্টেণ্ডেণ্টের ক্ষমতা নাই, এখন সুপারিণ্টেণ্ডেণ্টের কোন ক্ষমতা আছে কিনা এই ব্যাপারে সে সম্বন্ধে সরকার পক্ষ থেকে কোন তদন্ত করা হয়েছিল কি?

Shri Jagannath Kolay:

আপনি প্রশ্ন করেছেন সাপ্লাই কেন হচ্ছে না, সরকার পক্ষ থেকে সব বিষয়ে তদন্ত করা হয়েছে?

Dr. Kanai Lal Bhattacharya:

আমার প্রশ্নের ভুল জবাব দিয়েছেন, আমি জিজ্ঞাসা করছি এই যে এ্যাণ্টি টি. বি. ড্রাগ স্টপ করে দেওয়া হয়েছে এ সম্পর্কে কোন তদন্ত করা হয়েছিল কিনা যে কেন স্টপ করা হয়েছিল?

Shri Jagannath Kolay:

এই এ্যাণ্টি টি বি ড্রাগ সম্বন্ধে কথা হচ্ছে—প্রথমতঃ আপনি দেখেছেন সেখানে ঝগড়া চলছিল, তার ফলে সবাই কোর্টে যান, আমরা ইনকুইয়ারী করতে বলি, আমরা গ্রাণ্ট দিয়েছি ১৯৬০-৬১ সালে ৩০ হাজার, '৬১-৬২ সালে ২৫ হাজার, '৬২-৬৩ সালে ৫ হাজার, আমরা তাদের বলেছিলাম এ্যাকাউণ্টস দিন এবং ইউটিলাইজেশন সার্টিফিকেট দিন, কিন্তু ইউটিলাইজেশন সার্টিফিকেট দু বছরের দিয়েছিল, এ পর্যন্ত কোন এ্যাকাউণ্টস দেন নি এবং দুজন ঝগড়া করে যখন কোর্টে গেছল তখন মামলা হয়, ফলে সেখানে রিসিভার বসে, সেই মামলা এখন সাব জুডিস, আমরা রিসিভারকে বলেছি ইউটিলাইজেশন সার্টিফিকেট দিয়ে দিন কিন্তু খাতাপত্র কোর্টে থাকার জন্য তা দিতে পারছেন না, ইনকুইযারী করে আমরা রি-কনসিডার করছি আবার দেব কিনা?

Dr. Kanai Lal Bhattacharya:

আপনি আমার প্রশ্ন বুঝতে পারেন নি। হাওড়া টি. বি. হসপিটালে দুটি অথরিটি আছে, একটি হচ্ছে ম্যানেজিং কমিটি, আর একটি হচ্ছে হাসপাতালে যারা সার্ভিস দেন—ডঃ সুপারিণ্টেণ্ডেণ্ট, নার্স ইত্যাদি, তাদের সঙ্গে তো কোন ঝগড়া নেই, ঝগড়া হচ্ছে ম্যানেজিং

কমিটির সঙ্গে। সেই ম্যানেজিং কমিটিকে সাসপেণ্ড করে দিয়েছেন, কোর্ট রিসিভার বসিয়েছে। সেই ম্যানেজিং কমিটি আপনাদের ইউটিলাইজেশন সার্টিফিকেট দিতে পারেন নি, সেই ব্যাপারে আমাদেরও বিক্ষোভ আছে, আমরা চাই সেই ম্যানেজিং কমিটিকে এবং সেক্রেটারীকে চেপে ধরুন এবং তাঁরা কোর্টে হাজির হোন, আমার জিজ্ঞাসা হচ্ছে এখনতো সেখানে ম্যানেজিং কমিটি নেই, রিসিভার বসেছে, সেই রিসিভারের হাতে কেন এ্যাণ্টি টি বি ড্রাগ দেওয়া হচ্ছে না? রিসিভার বসেছে নভেম্বর মাসে, আজ মার্চ মাস হতে চলল এখনও হাসপাতালে ১০০ টি. বি. রোগী ঔষধ পায় না, সমস্ত বন্ধ হয়ে গেছে, সেজন্য আমার জিজ্ঞাস্য, এ্যাণ্টি টি. বি. ড্রাগ বন্ধ করে দিয়েছেন, এখনও পর্যন্ত রেস্টোর করতে পাচ্ছেন না, এর কারণ কি?

Shri Jagannath Kolay:

ইউটিলাইজেশন সার্টিফিকেট এরা দিতে পারেনি।

Dr. Kanai Lal Bhattacharya:

ইউটিলাইজেশন সার্টিফিকেট যারা দেবেন তারাতো এখন নেই, এখনতো কোর্ট থেকে রিসিভার বসেছে, এবং

For the last 5 months the hospital is under the Receiver.

ম্যানেজিং কমিটির সঙ্গে তার কোন সম্পর্ক নেই, তাদের সাজা হোক উই ওয়াণ্টেড কিন্তু পাঁচ মাস যাবং রিসিভার যখন দেখছেন তখন এ্যাণ্টি টি. বি. ড্রাগস দেওয়া হচ্ছে না কেন, এটাই আমার জিজ্ঞাসা।

(1-20—1-30 p.m.)

Shri Jagannath Kolay:

আমরা দেখছি যে এটা দিতে পারা যায় কিনা এবং তাড়াতাড়ি করা যাবে কিনা। এটা নিয়ে একটা সমস্যা হয়েছে এবং সুপারিণ্টেণ্ডেণ্ট এবং সেক্রেটারীর এর মধ্যে ঝগড়া হয়েছিল বলে আমরা এটা নিয়ে চিন্তা করছি।

Shri Bejoy Kumar Banerjee:

এই হাসপাতাল ম্যানেজিং কমিটির সঙ্গে আমাদের রবীন বাবুর সম্পর্ক আছে কিনা।

Shri Jagannath Kolay:

এ প্রশ্ন থেকে এ প্রশ্ন ওঠে না।

Dr. Abu Asad Mahammad Obaidul Ghani:

আপনি বললেন যে সেক্রেটারী এবং প্রেসিডেণ্টএর ঝগড়ার জন্য কোর্ট ম্যানেজিং কমিটিকে আউস্ট করে দিয়েছে এবং রিসিভার এ্যাপয়েণ্ট করেছে। যেহেতু একটি হাসপাতালের ম্যানেজমেণ্ট দরকার এবং যেহেতু এটা নেই সেহেতু পেসেণ্টদের ট্রিটমেণ্ট ফেলিয়ে রাখা যায় না। সেই এণ্টি টি. বি. ড্রাগস সি এম ও হাওড়া ঐ অথরিটিস যে এক্সজিস্টিংস ফাংসানিং তার হাতে দিচ্ছে না কেন। সেক্রেটারীর ঝগড়ার জন্য এতগুলি টি. বি. রোগী মারা যাবে সেখানে গভর্নমেণ্ট কেন ইণ্টারভেনসন করবেন না।

Shri Jagannath Kolay:

আমরা বিবেচনা করছি।

Dr. Kanai Lal Bhattacharya:

আপনি জবাবে বলেছেন যেহেতু আগেকার সেক্রেটারী এবং সুপারিণ্টেণ্ডেণ্টএর হাতে এণ্টি টি. বি. ড্রাগস আছে সেহেতু এটা পাওয়া যাচ্ছে না কিন্তু আপনি জানেন যে প

সেক্রেটারীর বিরুদ্ধে কেস হয়েছিল এবং কোর্ট থেকে সুপারসিড করে একজন রিসিভার বসিয়েছেন। যেহেতু সেক্রেটারী এবং সি এম ও কোন দায়িত্ব পালন করে নি, সেজন্য প্রেজেন্ট সুপারিণ্টেণ্ডেণ্টএর হাতে এই এণ্টি টি. বি. ড্রাগস দেওয়া হয়নি কেন?

Shri Jagannath Kolay:

সুপারিণ্টেণ্ডেণ্ট সম্বন্ধে বলতে পারবো না যে কেন ড্রাগস দেওয়া হয় নি।

Shri Bejoy Kumar Banerjee:

হাসপাতালে টি. বি. রোগীদের ঔষধ দেবেন না তাদের বিরুদ্ধে কিছু করবার উপায় আছে।

Shri Jagannath Kolay:

যে ব্যবস্থা অবলম্বন করবার জন্য কানাইবাবু বললেন এবং সে ব্যবস্থা অবলম্বন যাতে তাড়াতাড়ি হয় সে চেষ্টা করা হচ্ছে।

Report of the Drug Enquiry Commission

***195.** (Admitted question No. 921.) **Shri Sanat Kumar Raha:** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ঔষধ তদন্ত কমিশনের (ড্রাগ এনকোয়ারী কমিশন) রিপোর্টটি বিধানসভার সভ্যদের অবগতির জন্য সভাকক্ষে রাখিবেন কিনা?

Shri Jagannath Kolay:

এক কপি রিপোর্ট লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

ইতি পূর্বে বিধান সভা ও বিধান পরিষদের সেক্রেটারী এবং বিধান পরিষদের লাইব্রেরীয়ানকে পৃথকভাবে ৫ কপি করিয়া ঐ রিপোর্ট পাঠান হইয়াছে।

Shri Sanat Kumar Raha:

ড্রাগ এনকোয়ারী কমিশনের রিপোর্ট কবে তারা গভর্নমেণ্ট-এর কাছে সাবমিট করেন?

Shri Jagannath Kolay:

তারা পেশ করেন

To the Government on 15th June, 1964.

Shri Sanat Kumar Raha:

জুন মাস থেকে আজ পর্যন্ত পরিষদের মেম্বার অর্থাৎ কাউন্সিল এবং এ্যাসেম্বলীর মেম্বারদের কাছে সেটা দেওয়া হয়নি কেন?

Shri Jagannath Kolay:

আমি এই রিপোর্ট এ্যাসেম্বলীর সেক্রেটারী এবং কাউন্সিল-এর সেক্রেটারী এবং লাইব্রেরীতে ৫ কপি পাঠিয়ে দিয়েছি এবং হাউসের কাছেও একটা কপি উপস্থিত করবো।

Shri Sanat Kumar Raha:

আমি অনুরোধ করবো যে এ্যাসেম্বলীর মেম্বারদের একটা করে কপি দেওয়া হোক তাতে রিকমেণ্ডেশন প্রধানতঃ কি কি ছিল এবং সেই রিকমেণ্ডেশন অনুযায়ী সরকার কোন কোন কাজে হাত দিয়েছেন।

Shri Jagannath Kolay: Actually steps have been taken or are being taken to implement the various recommendations of the commission in consultation with the Govt. of India and other departments concerned in

the State. Reorganisation of the State Drug Control Organization and the State Drug Control Laboratory on the lines of the said recommendations are likely to be effected shortly.

ওদের রিকমেণ্ডেশন ছিল যাতে স্টেট ড্রাগস কণ্ট্রোল অরগানাইজেসন এবং স্টেট ড্রাগস কণ্ট্রোল ল্যাবোরেটরী ২টা করা যায়।

Shri Sanat Kumar Raha:

যে রেকমেণ্ডেশান এসেছে বাংলা দেশের ড্রাগ তৈরী করবার জন্য তার অবস্থাটা এবং তার ক্ষেত্রও কিরূপ তা সরকার পক্ষ থেকে বলা হচ্ছে না বরং সরকার থেকে বলা হয়েছে নতুন এনট্রিপ্রিনিওর যা তার ব্যবস্থা করে দেওয়া হবে, এ বিষয়ে সরকার কোন নূতন ম্যানুফ্যাকচার বা কনসার্নএর কাছ থেকে দরখাস্ত পেয়েছেন কিনা বা প্রকল্প কিছু করেছেন কিনা ?

Shri Jagannath Kolay:

আমরা যা রিকমেণ্ডেশন পেয়েছি সেই অনুসারে ব্যবস্থা করব এবং প্রত্যেকটার এফেক্ট দেবার চেষ্টা করছি।

Shri Bejoy Kumar Banerjee:

জুন মাসে যে রিপোর্ট বেরিয়েছে বা যে রিপোর্ট আপনারা পেয়েছেন তাতে মোটামুটি কি আছে ?

Shri Jagannath Kolay:

এর কপি লাইব্রেরীর টেবিলে দেওয়া আছে সেটা যদি বিজয় বাবু পড়েন তাহলে সবটাই দেখতে পাবেন।

Shri Bejoy Kumar Banerjee:

আপনাদের দায়িত্ব আপনারা পালন করতে পারবেন না আপনি ত জানেন এতে কি রিকমেণ্ডেশন করেছেন।

Shri Jagannath Kolay:

আপনি পড়লেই সব বুঝতে পারবেন।

Shri Sailendra Nath Adhikary:

আমি জিজ্ঞাসা করছি গত জুন মাস থেকে আজ পর্যন্ত এই আট মাসের মধ্যে এই রিপোর্ট ড্রাগ এনকোয়ারী কমিশন-এর যে রিপোর্ট তা সরকারের তরফ থেকে সেই রিকমেণ্ডেশানগুলি কার্যকরী করবার জন্য একটু সিরিয়াসলী থিংক করছেন না কেন ? অর্থাৎ অগ্রসর হচ্ছেন না কেন ?

Shri Jagannath Kolay:

এটা অনেকখানি অগ্রসর হয়েছি এবং আরও অগ্রসর হবার জন্য চেষ্টা করা হচ্ছে।

Shri Aswini Roy:

আপনি জানেন যে এই এনকোয়ারী কমিটি যে রেকমেণ্ডেসন যেটা পাওয়া গেছে এটা এ্যাসেম্বলী থেকে এ্যাপয়েণ্ট হয়েছিল সেজন্য এই রিকমেণ্ডেসান বা এই রিপোর্ট এ্যাসেম্বলীতে আলোচিত হবার কোন সুযোগ বা সম্ভাবনা আছে কিনা ?

Shri Jagannath Kolay:

এটা হেল্‌থ ডিপার্টমেণ্ট এর কর্মসূচী নয় এটা এ্যাসেম্বলী স্পীকার এর কর্মসূচী এবং পালিয়ামেণ্টারী এ্যাফেয়ার্স এর মিনিস্টার এর কর্মসূচী।

Dr. Abu Asad Mahammad Obaidul Ghani:

আপনি বোধ হয় জানেন যে বেঙ্গল ড্রাগ ইণ্ডাস্ট্রিজ সম্বন্ধে এবং অন্যান্য বিষয় যেসমস্ত এলিগেসন করা হয়েছিল এবং যার জন্য বেঙ্গল ড্রাগ ইণ্ডাস্ট্রী এর জন্য ড্রাগ এনকোয়ারী কমিশন যে হয়েছিল তার সম্পর্কে বিশেষ কিছু আছে কিনা এটা জানা দরকার এবং এটা গুরুত্বপূর্ণ ব্যাপার। এটা পেলে আমরা জানতে পারব যে বাংলা দেশের ড্রাগ ইণ্ডাস্ট্রি আজ কোন স্টেজ এ আছে বা কি অবস্থা রয়েছে। আপনি যা বলছেন ড্রাগ কমিশনএর ঐ রিপোর্ট অদূর ভবিষ্যতে যে পাব সে আস্থা নেই সে ক্ষেত্রে সেটি গভর্নমেণ্ট এর পক্ষ থেকে একটা সর্ট স্টেটমেণ্ট করা হোক যাতে আমরা বুঝতে পারি

Based on the report of the enquiry commission.

Shri Jagannath Kolay:

আমরা এটা লাইব্রেরী এর টেবিলে পেশ করেছি পাঁচ কপি সুতরাং সেখান থেকে দেখা যেতে পারে।

Shri Somnath Lahiri:

আপনি যা বললেন যে এ বিষয় আলোচনা হবে কি হবে না সেটা হেল্থ ডিপার্টমেণ্ট এর ব্যাপার নয় এটা পার্লিয়ামেণ্টারি এ্যাফেয়ার্স এর মিনিস্টার এর ব্যাপার। এর যেহেতু আপনি সৌভাগ্যক্রমে দুই বিষয়ে এই সম্পর্কে আছেন সেহেতু আপনাকে জিজ্ঞাসা করছি বৃথ কালীর মধ্যে কৃষ্ণ ছাড়া কালী হিসাবে বলুন এই বিষয়ে আপনি আলোচনা ব্যবস্থা করার কথা চিন্তা করছেন কিনা?

Shri Jagannath Kolay:

আপনি ভুল করছেন আমি হেল্থ ডিপার্টমেণ্ট এর যেটা উত্তর দিচ্ছি সেটা ঐ ডিপার্টমেণ্ট এর মন্ত্রী মহাশয়ের পক্ষ থেকে দিচ্ছি, পার্লিয়ামেণ্টারি এ্যাফেয়ার্স এর মিনিস্টারকে যদি কোন কিছু আলোচনা করবার কথা বলা হয় তাহলে বলা যাচ্ছি তাহলে ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে হবে তিনি এ বিষয়ে রাজী আছেন কিনা। আমি এখন পার্লিয়ামেণ্টারি এ্যাফেয়ার্স এর মিনিস্টার হিসাবে কিছু করতে পারি না।

Shri Somnath Lahiri:

ঐ রিপোর্ট এ যে আলোচনা হবে এখন সে রিপোর্ট হাউসে সকলকে দেওয়া হয় নি সেটা হেল্থ ডিপার্টমেণ্টএর মিনিস্টার ও জানেন সুতরাং সেই ড্রাগ এনকোয়ারী কমিটিএর রিপোর্ট আপনারা দিতে পারেন কিনা এখন তার উপরেই ডিসিসান নেওয়া যাবে যে এ্যাসেম্বলীতে আলোচনা হবে কিনা এই কমিটি এর রিপোর্ট এর উপর? আপনি এবার পার্লিয়ামেণ্টারি এ্যাফেয়ার্স এর মিনিস্টার হিসাবে বলুন কারণ এটা এ্যাসেম্বলী থেকে নিযুক্ত হয়েছিল।

Shri Jagannath Kolay:

এই রিপোর্ট এখনও হাউসে লে হয় নি, এটা হেল্থ মিনিস্টার জানেন যে এ রিপোর্ট তিনি সমস্ত মেম্বারদের দিতে পারবেন কি না?

That is the main difficulty

এবং তার উপর তখন ডিসিসান নেওয়া যাবে যে আলোচনা হবে কি না?

(1-30—1-40 p.m.)

Shri Bejoy Kumar Banerjee:

আমি একটা পয়েণ্ট অব প্রিভিলেজে জিজ্ঞাসা করতে চাই যে এই তদন্ত কমিশনগুলি যে এ্যাপয়েণ্ট করা হয়েছিল সেটা এ্যাপয়েণ্ট করে কে?—যদি সরকার করে থাকেন তাহলে

তার রিপোর্ট এই হাউসে না দিয়ে লাইব্রেরী টেবিলে দেওয়াটাই কি রীতি—এইটাই কি আইন সিদ্ধ সেটা জানাবেন কি ?

Shri Jagannath Kolay:
সব জিনিস তো লে করি না—যেসবগুলি লে করবার কথা হাউসে—সেগুলিই আমরা লে করি—কিন্তু সব রিপোর্ট যে হাউসে লে করতে হবে তার কোন মানে নেই।

Shri Bejoy Kumar Banerjee:
এতদিন ধরে যেখানে সরকার একটা পাবলিক ইণ্টারেষ্ট যদি একটি তদন্ত কমিশন করেছেন—তাহলে সেই কমিশনের রিপোর্ট আলোচনা হওয়া উচিত ছিল—এতদিন আলোচনা কেন হয় নি ?

Shri Jagannath Kolay:
সেটা আমি বিবেচনা করে দেখবো।

Lepers

***196.** (Admitted question No. *987.) **Shri Ananga Mohan Das:** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে কুষ্ঠরোগীর সংখ্যা কত ;

(খ) উক্ত রোগীগুলির চিকিৎসার জন্য কতগুলি হাসপাতাল আছে এবং তন্মধ্যে কতগুলি রোগীর জন্য শয্যা আছে ; এবং

(গ) কুষ্ঠ রোগীগণকে পৃথগ্ করিয়া রাখার ও চিকিৎসাদির কোন ব্যবস্থা আছে কিনা ?

Shri Jagannath Kolay:

(ক) আনুমানিক ৩ লক্ষ ৬০ হাজার।

(খ) পশ্চিমবঙ্গে সরকারী ও বে-সরকারী পরিচালিত মোট ১৭টি (সরকারী—৪টি ও বে-সরকারী—১৩টি) কুষ্ঠহাসপাতাল ও সেগ্রিগেসন ক্যাম্প আছে এবং উহাদের মোট শয্যা সংখ্যা ২,৩৯৭টি। তন্মধ্যে সরকার পরিচালিত ৭৭৭টি এবং বে-সরকারী পরিচালিত ১,৬২০টি। [redacted]

(গ) উপরোক্ত সরকারী ৪টি ও বে-সরকারী ১৩টি হাসপাতালে ও সেগ্রিগেসন ক্যাম্পএ কুষ্ঠরোগীদের পৃথক করিয়া রাখার ও চিকিৎসার ব্যবস্থা আছে এবং সরকারী ও বে-সরকারী চালিত মোট ১০৩টি বহির্বিভাগীয় কুষ্ঠ চিকিৎসা কেন্দ্রে কুষ্ঠ রোগীদের চিকিৎসাদির ব্যবস্থা আছে।

Shri Ananga Mohan Das:
এই যে কুষ্ঠ রোগী আছে—তার মধ্যে দুই রকমের কুষ্ঠ রোগী আছে একটি ধবল কুষ্ঠ আর একটি হচ্ছে গলিত কুষ্ঠ। গলিত কুষ্ঠটি সংক্রামক রোগ সেই গলিত কুষ্ঠদের পৃথক করে রাখবার কোন পরিকল্পনা আপনাদের আছে কি ?

Shri Jagannath Kolay:
আমরা তো পৃথক করেই রাখি—গৌরীপুর হাসপাতাল আছে, কিন্তু প্রত্যেককে ধরে ধরে পৃথক করে রাখা সম্ভব নয়।

Shri Ananga Mohan Das:
আপনি একটু আগে বল্লেন যে ৩ লক্ষ ৬০ হাজার কুষ্ঠরোগী আছে কিন্তু হাসপাতালে বেড আছে মাত্র সব শুদ্ধ জড়িয়ে আড়াই হাজার—বাকী লোকগুলি গ্রামে থাকে বাড়ীতে থাকে এবং সেখানে থেকে এই সংক্রামক রোগটা ছড়িয়ে গোটা দেশটাকে কুষ্ঠ রোগাক্রান্ত করে দেবে—এই সমস্ত কুষ্ঠ রোগীদের জন্য কলোনী করে তাদের রাখবার ব্যবস্থা করবেন কি ?

Shri Jagannath Kolay:

আমরা ক্রমে ক্রমে সীটগুলি বাড়াচ্ছি এবং অনেক জায়গায় কুষ্ঠরোগীদের ট্রিটমেণ্টের জন্য ব্যবস্থা করা হচ্ছে এবং ফার্স্ট ফাইব ইয়ার প্লানে

'We have a leprosy control programme for establishment of a Study and Treatment Centre and a Subsidiary Leprosy Centre covering a population of 50,000 in the Second Plan.'

এবং সেকেণ্ড প্লানে ১ লক্ষ পপুলেসনের উপর সেটা করেছি এবং থার্ড ফাইব ইয়ার প্ল্যানে সেটা আমরা আরও বাড়িয়েছি এবং

'A comprehensive scheme for control of leprosy has been taken up for mass treatment, health education and survey by establishment of 41 primary, 51 supervisory and 460 subsidiary leprosy control units in 92 Development Blocks of 13 districts having a population of 76 lakhs and out of these about 6 primary, 12 supervisory and 19 subsidiary leprosy control units will be established during the Third Five Year Plan.'

এবং ফোর্থ ফাইব ইয়ার প্ল্যানে আমরা ১৫টা Primary

Control unit with 30 supervisory units and 270 subsidiary leprosy control units covering a population of 3 lakhs each.

যেটা এক লক্ষ ছিল সেটা ৩ লক্ষ করবার জন্য আমরা তেমন ভাবে প্রোগ্রাম নিচ্ছি।

Shri Kanai Pal:

মাননীয় মন্ত্রীমহাশয় একথা কি জানেন যে যে সমস্ত কুষ্ঠরোগী চলতে পারেন না, যাঁদের জন্য সরকার থেকে বাড়ী বাড়ী গিয়ে চিকিৎসার ব্যবস্থা আছে অধিকাংশ ক্ষেত্রে সেইভাবে চিকিৎসা দেয়া হচ্ছে না।

Shri Jagannath Kolay:

আমাদের যা রিপোর্ট তাতে প্রত্যেকটা ক্ষেত্রেই কার্যকরী হচ্ছে। তবে যদি মাননীয় সদস্য এমন কোন কেস দিতে পারেন যে কার্যকরী হয়নি তাহলে নিশ্চয়ই আমরা সেটা করবো।

Shri Abani Bhattacharyya:

মন্ত্রীমহাশয় বল্লেন যে মোট কুষ্ঠ রোগীর সংখ্যা ৩ লক্ষ ৬০ হাজার—মন্ত্রীমহাশয় কি জানাতে পারেন যে কোন জেলাতে কতগুলি কুষ্ঠ রোগী আছে তার কোন পরিসংখ্যান আছে কি না?

Shri Jagannath Kolay:

সে রকম কোন পরিসংখ্যান আমার কাছে নেই।

Shri Abani Bhattacharyya:

যে ৪টা হাসপাতালের কথা বল্লেন কোন ডিস্ট্রিক্টে সেটা লোকেটেড বলতে পারেন কি?

Shri Jagannath Kolay:

গৌরীপুর লেপ্রোসী কলোনী, বাঁকুড়া এগুলি গভর্নমেণ্ট হাসপাতাল তাতে বেড আছে ৫৩০। লেপ্রোসী ভ্যাগ্রান্ট হোম, কালকাটা তাতে আছে ২৪০, এবং মেদনীপুর সেণ্ট্রাল জেলে ৫টা আছে, সুরি জেল হাসপিটালে দুটো আছে। তাছাড়া আমাদের ননগভর্নমেণ্ট হসপিটাল যেগুলি আছে বাঁকুড়া লেপ্রোসী হোম, বাঁকুড়া, ২৫০, পুরুলিয়া লেপ্রোসী হোম অ্যাণ্ড হসপিটাল সেখানে আছে ৭৫২, কালিমপং লেপ্রোসী হসপিটাল, দার্জিলিং ১০০টা, রাণীগঞ্জ লেপ্রোসী হোম অ্যাণ্ড হসপিটাল সেখানে আছে ১০০, আসানসোল লেপ্রোসী হসপিটাল সেটেলমেণ্ট অ্যাণ্ড সেগ্রিগেসন ক্যাম্পস সেখানে ১৪২, আর সিলদা লেপ্রোসী হসপিটাল, মেদনীপুর সেখানে ৩০টা এবং নবকৃষ্ণ মিসন, পুরুলিয়া সেখানে ২৪৬টা আছে।

Shri Bejoy Kumar Banerjee:

মন্ত্রীমহাশয় বলছেন যে পশ্চিমবাংলায় ৩ লক্ষ কুষ্ঠরোগী আছে—এই কলকাতা সহরে কত কুষ্ঠ রোগী আছে সেটা বলতে পারেন কি ?

Shri Jagannath Kolay:

বলতে পারি না।

Shri Bejoy Kumar Banerjee:

আমি যদি বলি ১০ হাজারের উপর কুষ্ঠরোগী রাস্তাময় ঘুরে বেড়াচ্ছে তাহলে সেটা স্বীকার করবেন কি ?

Shri Jagannath Kolay:

এই ৩ লক্ষের মধ্যে হতে পারে।

Shri Abani Bhattacharyya:

আপনি গৌরীপুর হাসপাতালে বেডের সংখ্যা বল্লেন ৫৩০—আপনি কি বলতে পারেন যে এই গৌরীপুর হাসপাতাল থেকে আজ পর্যন্ত কত রোগী আরোগ্য লাভ করে বেরিয়ে গেছেন—কোন সালে এটা এসট্যাবলিসড হয়েছে এবং এতদিনের মধ্যে কতগুলি রোগী আরোগ্য লাভ করেছেন।

Shri Jagannath Kolay:

এটা নোটিশ দিলে বলতে পারবো।

(1-40 -1-50 p.m.)

Shri Abani Bhattacharyya:

এই হাসপাতালে বেডের যে এ্যারেঞ্জমেণ্ট গভর্নমেণ্ট তরফ থেকে রয়েছে সেটা আমাদের দেশে যে নাম্বার অব লেপার্স আছে তাদের সুচিকিৎসা দেবার ব্যবস্থা হিসাবে যথেষ্ট নয় এবং সরকারের বর্তমানে হাসপাতালে বেড বাড়ানর কোন পরিকল্পনা আছে কিনা ?

Shri Jagannath Kolay:

আমাদের পরিকল্পনা যা আছে সেটা ফোর্থ ফাইভ ইয়ার প্ল্যানে করবার কথা চিন্তা করছি।

Toy factory at Hooghly-Chinsurah

***197.** (Admitted question No. *1046.) **Shri Shambhu Charan Ghosh:**

শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলি-চুঁচুড়ার মেচুয়া বাজারে অবস্থিত টয় ফ্যাক্টরীর শ্রমিকেরা সরকারী অথবা বেসরকারী কর্মচারী;

(খ) হুগলি-চুঁচুড়া টয় ফ্যাক্টরীর কর্মচারীদের নির্দিষ্ট কোন বেতনের হার আছে কিনা, এবং

(গ) হুগলি-চুঁচুড়া টয় ফ্যাক্টরীর কর্মচারীরা ছুটির সুযোগসুবিধা কিরূপ পাইয়া থাকেন ?

Shri Bijoy Singh Nahar:

(ক) শ্রমিকরা সরকার নিযুক্ত দিন মজুর এবং তাঁহারা উপনিমিত্ত শ্রমিক (Contingency worker) হিসাবে গণ্য হন।

(খ) শ্রমিকদের কোন নির্দিষ্ট বেতনের হার (পে-স্কেল) নাই, তবে অন্যান্য কর্মচারীরা সরকারী কর্মচারী হওয়ায় তাঁহাদের নির্দিষ্ট বেতনের হার আছে। শ্রমিকেরা নির্দিষ্ট দৈনিক হারে বেতন পান।

(গ) শ্রমিকেরা কারখানা আইন অনুযায়ী ছুটি পাইয়া থাকেন। অন্যান্য কর্মচারীরা সরকারী কর্মচারী বলিয়া সরকারের নিয়ম অনুযায়ী ছুটি পান।

Shri Sambhu Charan Ghosh:

হুগলীতে যে টয় ফ্যাক্টরী ট্রেনিং কাম প্রোডাক্সান সেণ্টার আছে অর্থাৎ ওখানে ট্রেনিং বিভাগ, প্রোডাকসান বিভাগ এবং অফিস এই তিন রকমের কর্মচারী আছে। আমি প্রশ্ন করছি যারা ট্রেনিং বিভাগে আছে তারা কত করে বেতন পায়, যারা প্রোডাকসান বিভাগে আছে তারা কত পায় এবং অফিস স্টাফ হিসাবে যারা আছে তারা কত করে বেতন পায়?

Shri Bijoy Singh Nahar:

সেখানে ট্রেনিং এবং প্রোডাকসান আলাদা করে নেই, একসঙ্গে আছে। আপনি যদি চান তাহলে সেখানে যতগুলি অফিসার আছে ডেজিগনেসান মাইনে সব বলে দিতে পারি। টয় ডিজাইনার একজন আছে, তার গ্রেড হচ্ছে ২৫০ থেকে ৫৫০। ফোরম্যান একজন আছে। লেবারদের মাইনে হচ্ছে---ডেলি ওয়েজ, স্কীলড ওয়ার্কার ৩.৫০ থেকে ৬ টাকা পর্যন্ত ভ্যারি করছে; সেমি-স্কীল্ড ওয়ার্কার যারা তাদের ২.৫০ থেকে ৩.৫০ পর্যন্ত ভ্যারি করছে এবং আনস্কীল্ড যারা তাদের ২ টাকা থেকে ২.৫০ পয়সা।

Shri Anadi Das:

তাদের মাইনে নির্ধারণ করার ব্যাপারে কি নীতি অবলম্বন করা হয়?

Shri Bijoy Singh Nahar:

কি নীতি অবলম্বন হয়েছে আমি বলতে পারব না। এই যে মাইনে দেওয়া হয় এটা মাইনে নয় এটা দৈনিক পয়সা দেওয়া হয়।

Shri Sambhu Charan Ghosh:

আপনি এই যে বললেন স্কীল্ড যারা তাদের ৩.৫০ থেকে ৬ টাকা, সেমি-স্কীল্ডদের ২.৫০ থেকে ৩.৫০ এবং আন-স্কীল্ড যারা তাদের ২ টাকা থেকে ২.৫০, এই হারটা কবে নির্ধারণ করা হয়েছে?

Shri Bijoy Singh Nahar:

এই হারটা নির্ধারণ করা হয়েছে ১-৫-৬৪ তারিখে।

Dr. Kanai Lal Bhattacharya:

এই সমস্ত শ্রমিকরা কি আপনাদের ফ্যাক্টরী এ্যাক্ট অনুযায়ী স্ট্যাটুটরি লিভ পান?

Shri Bijoy Singh Nahar:

ফ্যাক্টরী অ্যাক্ট অনুযায়ী তাঁরা লিভ পান।

Shri Sambhu Charan Ghosh:

আপনি বললেন যে তারা ফ্যাক্টরী এ্যাক্ট অনুযায়ী লিভ পান। আমি জিজ্ঞাসা করছি এই সমস্ত শ্রমিকরা ক্যাজুয়্যাল লিভ, মেডিক্যাল লিভ পায় কিনা?

Shri Bijoy Singh Nahar:

এঁরা যা পাচেছ বর্তমানে আমরা দেখতে পাচিছ উইকলি ডে অব রেস্ট ইজ সানডে, পেড ফেস্টিভ্যাল হলিডেজ বছরে ১২ দিন পাচেছ, ৪৬ ঘণ্টা কাজ করছে এবং যেদিন দরকার কাজ করছে, বিনাদিন কাজ করে না।

Shri Anadi Das:

মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন এই সব কারখানায় শ্রমিকদের জন্য ডিয়ারনেস এ্যালাওয়েন্সের কোন ব্যবস্থা আছে কিনা?

Shri Bijoy Singh Nahar:

না। আমি এইটুকু বলতে চাই যে এরা পার্মানেণ্ট শ্রমিক নয়। এই কারখানাটাকে শিক্ষা কেন্দ্র হিসাবে ব্যবহার করা হয় এবং যারা শিক্ষা নবীশ তাদের দিয়ে প্রোডাকসান করান হয়। তাদের সহযোগিতা এবং সাহায্য করার জন্য মাঝে মাঝে কিছু লোকের দরকার হয়। সেই সব লোক যাদের শ্রমিক হিসাবে বলছি তাদের কণ্টিনজেন্সি ওয়ার্কার হিসাবে ব্যবহার করা হয় এবং তাদের ডেলি রেট হিসাবে দেওয়া হয়। যেদিন কাজ করে সেদিনের বেতন দেওয়া হয়।

Shri Sambhu Charan Ghosh:

একথা কি সত্য যে এই শ্রমিকরা ওখানে তিন চার বছর ধরে দিন মজুর হিসাবে কাজ করছে?

Shri Bijoy Singh Nahar:

সেটা হতে পারে। যারা যেদিন কাজ করেন, সেদিনের পয়সা পান, যেদিন করেন না, সেদিন পান না।

Shri Anadi Das:

এই কস্ট অব লিভিং বাড়বার সাথে সাথে তাদের জীবনের ব্যয় ভারও বাড়ছে, সেটা মিটিগেট করবার জন্য কোন ডিয়ারনেস এ্যালাউন্স ইত্যাদি দেবার কোন ব্যবস্থা আছে কিনা তাদের?

Shri Bijoy Singh Nahar:

ফ্যাক্টরীতে এরা পারমানেণ্ট ওয়ার্কার নয়, সেজন্য তাদের ডিয়ারনেস এ্যালাউন্সএর কোন প্রশ্ন এখানে আসছে না।

Shri Anadi Das:

পার্মানেণ্ট না হোক তিন চার বছর ধরে সেখানে কাজ করছে এখান থেকে তাদের জীবিকার্জন করছে, এ ছাড়া জীবিকার্জনের অন্য কোন রাস্তা নাই, সেই জন্য জীবনধারণের ব্যয়ভার বাড়ার সাথে সাথে তাদের ডিয়ারনেস এ্যালাউন্স—এর কোন ব্যবস্থা হচ্ছে কিনা?

Shri Bijoy Singh Nahar:

তারা যদি কো-অপারেটিভ-এর সঙ্গে যুক্ত হয়ে নিজেদের কাজ নিজেরা করতে পারে তাহলে নিশ্চয়ই তাদের অবস্থার উন্নতি হতে পারে।

Arrests for adulteration

***198.** (Admitted question No. *900.) **Shri Gour Chandra Kundu:**

স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪ ও ১৯৬৫ সালের বর্তমান সময় পর্যন্ত পশ্চিমবঙ্গে কতজন ভেজালকারীদের গ্রেপ্তার করা হইয়াছে? এদের মধ্যে কতজনের সাজা হইয়াছে; এবং

(খ) ১৯৬৪ সালে ও ১৯৬৫ সালের বর্তমান সময় পর্যন্ত কতগুলি স্যাম্পল ধরা হইয়াছে এবং কতগুলি স্যাম্পল পরীক্ষা করা হইয়াছে?

Shri Jagannath Kolay:

এটা আজকে হেল্ড ওভার থাক স্যার। এ সম্বন্ধে প্রত্যেক ডিস্ট্রিক্ট থেকে তথ্য সংগ্রহ করতে হবে। তিন চারটা ডিস্ট্রিক্ট থেকে এখানো তথ্য সংগ্রহ বাকী আছে কাজেই নেক্সট রোটেশন্যাল ডে-তে এর উত্তর দেবো।

Howrah T.B. Hospital

***199.** (Admitted question No. *918.) **Dr. Kanailal Bhattacharyya:** (a) Will the Minister-in-charge of the Health Department be pleased to state whether the Government is aware of any allegations of corruption against the Honorary Secretary of Howrah Tuberculosis Hospital?

(b) If the answer to (a) be in the affirmative, will the Minister be pleased to state—

(i) whether the Government held any enquiry into the said allegations; and

(ii) if so, what is the report of that enquiry?

Shri Jagannath Kolay:

(a) Yes.

(b) (i) The District Magistrate, Howrah, has been asked to cause an inquiry.

(ii) The report of the District Magistrate, Howrah, has not yet been received.

Dr. Kanai Lal Bhattacharyya:

মন্ত্রী মহাশয় জানেন কী—এই ব্যাপারে স্থানীয় পুলিসের কাছে দরখাস্ত করা হয়েছিল এবং স্থানীয় পুলিস ইনকোয়ারী করে সেক্রেটারীর কোন দোষ নাই এই রকম রিপোর্ট দেবার জন্য ম্যাজিস্ট্রেট কোর্টে কেস করা হয়। ম্যাজিস্ট্রেট একটা জুডিসিয়াল এনকোয়ারী করেন, এই জুডিসিয়াল এনকোয়ারীতে রিপোর্ট যায় যে প্রাইমা ফেসি কেস সেক্রেটারীর বিরুদ্ধে আছে?

Shri Jagannath Kolay:

আপনি যেটা বলছেন তার রিপোর্ট পাই নাই। বসুমতী কাগজে এ বিষয়ে একটা কমপ্লেইন্ট বেরোয়। তাঁরা যা লিখেছিলেন সেই অনুসারে আমরা ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে লিখেছি তিনি যেন সি. আই. পি. হাওড়া, তাকে দিয়ে ভালভাবে এটা এনকোয়ারী করে রিপোর্ট পেশ করেন। সেই রিপোর্ট আমরা এখনো পাই নাই।

Shri Bejoy Kumar Banerjee:

এই বসুমতী কাগজ থেকে আপনি কবে জেনেছিলেন এবং কবে আপনি সেটা এনকোয়ারী করতে দিয়েছেন?

Shri Jagannath Kolay:

বসুমতী কাগজে যেটা বেরিয়েছিল ২৮।২।৬৪ তারিখে এবং সেটা এনকোয়ারীর জন্য পাঠিয়ে দিয়েছেন।

Shri Anadi Das:

এই রিপোর্ট যাতে তাড়াতাড়ি পাওয়া যায় তার কোন ব্যবস্থা আপনি করবেন কী?

Shri Jagannath Kolay:

ভাল ভাবে এনকোয়ারী করতে গেলে, দেরী হবে। কেন না সেখানে অনেক বিষয় আছে। যাতে তাড়াতাড়ি রিপোর্ট পাওয়া যায় তার জন্য রিমাইণ্ডার দিচ্ছি।

Cancer patients

***208.** (Admitted question No. *993.) **Shri Ananga Mohan Das:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী হিসাব অনুযায়ী পশ্চিমবঙ্গে ক্যানসার রোগীর সংখ্যা কত;

(খ) ঐ সকল রোগীর চিকিৎসার জন্য এই রাজ্যে কোথায় কোথায় কয়টি হাসপাতাল আছে এবং উহাদের প্রত্যেকটিতে কতগুলি করিয়া শয্যা আছে; এবং

(গ) গরীব রোগীদের জন্য ঐ সকল হাসপাতালে কি পরিমাণ শয্যা নির্দিষ্ট আছে?

Shri Jagannath Kolay:

(ক) সঠিক জানা নাই।

(খ) হাসপাতালের নাম	শয্যা সংখ্যা
১। চিত্তরঞ্জন ক্যান্স্যার হাসপাতাল, কলিকাতা, (বে-সরকারী)	১৬১
২। কলিকাতা মেডিক্যাল কলেজ হাসপাতাল	২৮
৩। আর. জি. কর. হাসপাতাল, কলিকাতা	৪

চিত্তরঞ্জন ন্যাশনাল ক্যান্স্যার রিসার্চ সেণ্টারের অধীনে চন্দননগরে যে কেমোথেরাপী সেণ্টার খোলা হইয়াছে তাহাতে পশ্চিমবঙ্গ সরকারের ব্যয়ে ২৫টি শয্যা খুলিবার ও সংরক্ষণের ব্যবস্থা করা হইয়াছে।

(গ) গরীব রোগীদের চিকিৎসার জন্য ঐ সকল হাসপাতালগুলিতে নিম্নরূপ ফ্রি বেড আছে:—

১। চিত্তরঞ্জন ক্যান্স্যার হাসপাতাল, কলিকাতা	..	৪৮
২। কলিকাতা মেডিক্যাল কলেজ হাসপাতাল	..	২৮
৩। আর. জি. কর হাসপাতাল, কলিকাতা	..	৪

চন্দননগর কেমোথেরাপী সেণ্টারের ২৫টি শয্যাই ফ্রি হইবে।

[1-50—2 p.m.]

Shri Ananga Mohan Das:

আপনারা নিশ্চয়ই জানেন ক্যান্স্যার হচ্ছে এমন একটি রোগ যে রোগের চিকিৎসার জন্য পয়সার প্রয়োজন। কাজেই আমার প্রশ্ন হচ্ছে এই রোগীদের জন্য বেশী হাসপাতাল করবার পরিকল্পনা আছে কিনা?

Shri Jagannath Kolay:

আপাততঃ নেই, চতুর্থ পরিকল্পনায় হতে পারে।

Shri Anadi Das:

মন্ত্রীমহাশয় জানেন কি যে, বহু রোগী ক্যান্স্যার হাসপাতালে এসে ভর্তি হবার উপযুক্ত বিবেচিত হওয়া সত্বেও বেড এর অভাবে ভর্তি হতে পারে না এবং পরে তারা মারা যায়?

Shri Jagannath Kolay:

অনেকে ভর্তি হতে চায়, কিন্তু সিট পায়না এ খবর জানা আছে।

Shri Sanat Kumar Raha:

মন্ত্রীমহাশয়কে মফঃস্বলের প্রত্যেক হাসপাতালের কথা বলতে পারি এবং দৃষ্টান্তস্বরূপ বহরমপুর সদর হাসপাতালের কথা বলতে পারি যে, সেখানে বহু রোগীকে বলা হয় হয়ত ক্যান্স্যার হয়েছে—তারা কিন্তু ক্যান্স্যার স্পেসালিস্ট নয়। কাজেই আমার বক্তব্য হচ্ছে ক্যান্স্যার রোগ সত্যিকারের হয়েছে কিনা সেটা জানবার জন্য বিভিন্ন সদর হাসপাতালে স্পেসালিস্ট-দের টুরিং সিসটেম-এ নিয়ে গিয়ে একদিন করে যদি ভিজিট করাবার ব্যবস্থা করেন, তাহলে বহু পেসেণ্ট জানতে পারে যে তাদের কোলকাতায় যাবার প্রয়োজনীয়তা আছে কিনা এবং এতে তাদের পয়সা বাঁচে। আমার প্রশ্ন হচ্ছে এরকম কোন পরিকল্পনা করবেন কি?

Shri Jagannath Kolay:

এ বিষয়ে কোন পরিকল্পনা নেই। তবে আমি বিষয়টি মন্ত্রীমহাশয়কে এবং ডিপার্টমেণ্টকে জানাব যে চতুর্থ পরিকল্পনায় এটা বিবেচনা করতে পারেন কিনা।

Shri Abani Bhattacharyya:

মন্ত্রী মহাশয় "ক" প্রশ্নের উত্তরে বললেন যে ক্যানসার রোগীর সংখ্যা জানা নেই। কিন্তু আমরা জানি এবং আপনিও নিশ্চয়ই স্বীকার করবেন যে এই ক্যানসার রোগীর সংখ্যা কত সেটা জানার দরকার আছে। কাজেই আমার প্রশ্ন হচ্ছে এই ক্যানসার রোগীর সংখ্যা কত সেটা জানবার জন্য বা সেই স্ট্যাটিস্টিক্স রাখবার জন্য আপনাদের কোন ইচ্ছা বা পরিকল্পনা আছে কিনা?

Shri Jagannath Kolay:

মিঃ ভট্টাচার্য একজন ডাক্তার। সনতবাবু বলেছেন যে অনেক রোগী আছে যাদের ডাক্তাররা চিকিৎসা করতে পারেন না এবং ধরতেও পারেন না যে ক্যানসার হয়েছে, না অন্য ব্যারামে ভুগছে। এখন কথা হোল যে, কোন লোকের ক্যানসার হয়েছে, না অন্য রোগে ভুগছে এটা ধরা বা বলা খুব শক্ত এবং সেই তথ্য সংগ্রহ করাও খুব শক্ত যে কত রোগীর ক্যানসার হয়েছে।

Shri Abani Bhattacharyya:

ক্যানসার হয়েছে কিনা সেটা নির্ণয় করতে আমি বলছি না। আমার বক্তব্য হচ্ছে ডায়গোনেসিস করার পর যাদের ক্যানাসার ধরা পড়েছে, যারা হাসপাতালের আউটডোরে এ্যাটেণ্ড করছে তাদের সংখ্যা জানা থাকবে না কেন? ডিফারেণ্ট হাসপাতালে ক্যানসার ডায়গোনেসিস করার পর যখন তাদের ট্রিটমেণ্ট হচ্ছে তখন সেই স্ট্যাটিস্টিক্স নেই কেন?

Shri Jagannath Kolay:

প্রত্যেক হাসপাতালে কত রোগী আসছে তার স্ট্যাটিস্টিক্স নিশ্চয়ই আছে। কত রোগী আউট-ডোরে আসছে এবং চিকিৎসা করাচ্ছে সেটা যদি জানতে চান তাহলে নোটিশ দেবেন।

Shri Bejoy Kumar Banerjee:

হু হু করে যে ক্যানসার রোগ বেড়ে যাচ্ছে তার কোন স্ট্যাটিস্টিক্স দিতে পারেন কি?

(নো রিপ্লাই)

Dr. Abu Asad Mahammad Obaidul Ghani:

মন্ত্রীমহাশয়ের কথায় বুঝলাম মফঃস্বলে গিয়ে ব্যবস্থা হতে পারে না। আমার প্রশ্ন হচ্ছে বোম্বেতে যখন ঠিকভাবে বায়পসী করবার ব্যবস্থা আছে তখন সেই ব্যবস্থা কোলকাতায় এবং মফঃস্বলের জন্য হতে পারে কিনা ? তারপর আপনি বলেছেন চিত্তরঞ্জন সেবাসদনে সবচেয়ে বেশী শয্যা আছে। কিন্তু আপনি কি জানেন যে সেখানে যে সমস্ত গরীব রোগী ইনভেস্টিগেসন-এর জন্য যায় তাদের মাসের পর মাস ফেলে রেখে পরে বলা হয় না, যে, ইট ইজ বিয়ং ট্রিটমেণ্ট। যদি অবগত থাকেন তাহলে এই ব্যাপারে এনকোয়ারী করবেন কিনা? আর একটা জিনিস এনকোয়ারী করে দেখতে বলব। ওখানে কোন কোন ডাক্তারের পক্ষ থেকে টাউট ঘুরে বেড়াচ্ছে এবং রোগীরা যখন আসে তখন তারা রোগীদের কাছ থেকে খোঁজ নেয় যে কার কত সামর্থ আছে এবং একটু টের পেলে তারা তখন চেম্বার রেফার করে এবং বলে যে সেই চেম্বারে যান, এখানে কোন রেজাল্ট পাবেন না।

Shri Jagannath Kolay:

কোথায় কি হচ্ছে আমি বলতে পারি না।

Dr. Narayan Roy:

আপনি কি অবগত আছেন যে চিত্তরঞ্জন ক্যানসার ইনস্টিটিউটে যে রেডিও থেরাপিউটিক যন্ত্রপাতি আছে তা ২৪ ঘণ্টা চলতে পারে কিন্তু অন্য হাসপাতালেও রেডিও থেরাপিউটিক যন্ত্রে তা চলে না, এটার বেস্ট ইউটিলাইজেশনের জন্য ওয়ান হসপিটালে সেণ্ট্রেলাইজ করে ক্যানসার কেসের যাতে ট্রিটমেণ্ট করা যেতে পারে তার জন্য বন্দোবস্ত করার কোন পরিকল্পনা আছে কিনা ?

Shri Jagannath Kolay:

পরিকল্পনা আছে কিনা এই প্রশ্ন থেকে এটা আসে না। নারায়ণবাবু পরে প্রশ্ন করলে উত্তর পেতে পারেন।

Shri Kanai Pal:

আপনি এই খবর রাখেন কি যে চিত্তরঞ্জন হাসপাতালে যে সমস্ত রোগীকে ফ্রী বেডে ভর্তি করা হয় তাদের অধিকাংশকেই ঔষধ কিনে ব্যবহার করতে হয় ?

(No reply)

Berhampore Sadar Hospital

***201.** (Admitted question No. *1210.) **Shri Sanat Kumar Raha:**

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর সদর হাসপাতালের জন্য কয়জন সার্জেন আছেন ও এর মধ্যে কয়জন বিশেষজ্ঞ;

(খ) ইহা কি সত্য যে, বহরমপুর সদর হাসপাতালের অপারেশন থিয়েটারে অস্ত্রপাতির অভাব থাকায় চিকিৎসার অসুবিধা হইতেছে; এবং

(গ) সত্য হইতে, প্রয়োজনীয় অস্ত্রপাতি সরবরাহের কি ব্যবস্থা হইয়াছে ?

Shri Jagannath Kolay:

(ক) বহরমপুর সদর হাসপাতালে ২ জন বিশেষজ্ঞ সমেত মোট ৩ জন সার্জেন আছেন।

(খ) বহরমপুর সদর হাসপাতালের অপারেশন থিয়েটারে প্রয়োজনীয় অস্ত্রপাতির কোন অভাব নাই।

(গ) প্রশ্ন উঠে না।

Shri Sanat Kumar Raha:

বিগত দেড় বছর আগে আমাদের স্বাস্থ্য মন্ত্রী বহরমপুর হাসপাতালে গেছলেন, তাঁকে বলা হয়েছিল যে অপারেশন থিয়েটোরে এই সব যন্ত্রপাতি নেই। তালিকাও দেওয়া হয়েছে, তারপর জবাব দিয়েছেন আজকে অভাব নাই। আপনি এটা দেখবেন নইলে এসেম্বলীতে হাঁ না বলে পাশ কাটিয়ে যাবেন তাতে কাজ হবে না। সেজন্য আমি অনুরোধ করছি এই যে বহরমপুর যখন স্বাস্থ্য মন্ত্রী গেছলেন তখন তাঁকে বলা হয়েছিল যে এই সমস্ত যন্ত্রপাতির অভাব আছে, আপনি তদন্ত করে দেখবেন। যেগুলি চাওয়া হয়েছে সেগুলি দেবেন কিনা ?

Shri Jagannath Kolay:

বহরমপুর হাসপাতালে যে সব সার্জিকেল ইনস্ট্রুমেণ্ট চাওয়া হয়েছিল সেই সমস্ত রিসেণ্টলী সাপ্লাই করে দেওয়া হয়েছে।

Shri Sanat Kumar Raha:

লাস্ট ইকুইপমেণ্ট সাপ্লাই এর ডেট কবে ?

Shri Jagannath Kolay:

তা বলতে পারি না তবে সেগুলি অলরেডি সাপ্লাই করা হয়েছে সেণ্ট্রাল মেডিক্যাল স্টোর্স থেকে।

Shri Abani Bhattacharyya:

বহরমপুর হাসপাতালে বেডের সংখ্যা কত ?

Shri Jagannath Kolay:

বেডের সংখ্যা ২৭৫।

Treatment of lunatics

***202.** (Admitted question No. *994.) **Shri Aanaga Mohan Das:**

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে পাগল রোগীর চিকিৎসার জন্য কোথায় কোথায় চিকিৎসালয় আছে ;

(খ) ঐ সকল চিকিৎসালয়ের প্রত্যেকটিতে কতজন করিয়া রোগীকে চিকিৎসা করা হয় ; এবং

(গ) ঐগুলির মধ্যে কোনটিতে বিনা পয়সায় চিকিৎসা করান হয় ?

[2—2-10 p.m.]

Shri Jagannath Kolay:

(ক) (খ) ও (গ) এই রাজ্যে মানসিক চিকিৎসালয়গুলির নাম, অবস্থিতি, ইহাদের শয্যা সংখ্যা ও উহাদের মধ্যে যে কয়টিতে বিনা খরচায় চিকিৎসার ব্যবস্থা আছে তাহাদের শয্যা সংখ্যা নিম্নে প্রদত্ত হইল :—

চিকিৎসালয়ের নাম	শয্যা সংখ্যা	ব্যয়বিহীন শয্যা	মন্তব্য
সরকারী :—			
১। সেণ্ট্রাল অবসারভেসন, ভবানীপুর, কলিকাতা	৩০	১৩	১৩ টির মধ্যে ১০টি শয্যা অবসারভেসন শয্যা

	শয্যাসংখ্যা	ব্যয়বিহীন শয্যা	মন্তব্য
২। বালগোলা স্পেশাল জেল হাসপাতাল	২০০	২০০	—
৩। মেডিক্যাল কলেজ হাসপাতাল, কলিকাতা	৬	৬	—
৪। আর. জি. কর. মেডিক্যাল কলেজ হাসপাতাল, কলিকাতা	২	২	—
বে-সরকারী :—			
৫। লুম্বিনী পার্ক মেণ্টাল হাসপাতাল, কলিকাতা	১৭৫	২৭	এই ২৭টির মধ্যে ২৫টি শয্যার ব্যয় ভার সরকার বহন করেন এবং উহাতে বিনা ব্যয়ে চিকিৎসা হয়।
৬। মেণ্টাল হাসপাতাল মানকুণ্ড, হুগলী	১০০	২৪	—

উপরি উক্ত চিকিৎসালয়গুলি ছাড়া পশ্চিমবঙ্গের মানসিক রোগীদের চিকিৎসার জন্য পশ্চিমবঙ্গ সরকার রাঁচীর দুইটি হাসপাতালে মোট ৯৪৪টি শয্যার ব্যবস্থা করিয়াছেন :-

১। হসপিটাল ফর মেন্টাল ডিজিজেস, রাঁচী	...	২৮০টি শয্যা	সব কয়টি পেয়িং বেড
২। রাঁচী মানসিক আরোগ্যশালা, রাঁচী	...	৬৬৮টি শয্যা	সব কয়টি ব্যয়বিহীন শয্যা

Shri Nepal Chandra Ray:

মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি পশ্চিমবাংলায় আরো মানসিক চিকিৎসালয় বাড়ান হবে কিনা কারণ পশ্চিমবাংলায় অনেক সময় দেখেছি এখানে রুগীদের অন্য জায়গায় পাঠিয়ে ভর্তি করতে পারা যায় না এবং রাস্তায় শুয়ে শুয়ে পাগল আমরা প্রতিদিন দেখতে পাই।

[No reply]

কোশ্চেনটা কি হেল্ডওভার হল— ইট ইজ হেল্ডওভার?

Mr. Deputy Speaker: No, it is not held over.

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the Table)

Grant of temporary release to prisoners

263. (Admitted question No. 361.) **Shri Mrigendra Bhattacharyya:**

স্বরাষ্ট্র (জেল) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে দণ্ডপ্রাপ্ত বন্দীদের 'ছুটি' (প্যারোল) দেওয়ার আইন চালু হইয়াছে;

(খ) সত্য হইলে কোন্ বৎসর চালু করা হইয়াছে;

(গ) কোন্ কোন্ অপরাধে সাজা প্রাপ্ত বন্দী ছুটি পায় না;

(ঘ) ৩১এ ডিসেম্বর, ১৯৬৪ পর্যন্ত কোন্ বৎসর কতজন বন্দী ছুটি পাইয়াছে এবং কতদিন পর্যন্ত দেওয়ার নিয়ম রহিয়াছে;

(ঙ) উক্ত বন্দীদের কতদিনের ছুটি দেওয়া হইয়াছিল;

(চ) ছুটি প্রাপ্তদের প্রতি কি কি বিধান জারী করা হয়; এবং

(ছ) নিম্নতম কয় মাস বা বৎসরের সাজা হইলে এবং উর্ধতন কত বৎসরের সাজাপ্রাপ্তদের ছুটি মঞ্জুর করা যেতে পারে এবং কতবার ছুটি মঞ্জুর করা যায়?

The Minister for Home (Jails):

(ক) হাঁ।

(খ) ইংরেজী ১৯৫৬ সাল হইতে বন্দীদের সাময়িক ছুটি (টেম্পোরারী রিলিজ) দেওয়ার আইন চালু হইয়াছে।

(গ) দি প্রিজনস অ্যাক্ট-এর ৩১এ নং ধারা. ১নং উপধারার নীচে সন্নিবিষ্ট এক্সপ্লানেশন দ্রষ্টব্য।

(ঘ) ছুটিপ্রাপ্ত বন্দীদের সংখ্যা নিম্নস্থাপিত তালিকায় দ্রষ্টব্য। ছুটির মেয়াদ এক মাস অবধি হইতে পারে, তবে এই সম্পর্কে কয়েকটি শর্ত আছে।

(ঙ) উপরে (ঘ) অংশে উল্লিখিত তালিকায় দ্রষ্টব্য।

(চ) উপরিলিখিত আইনের ৩১এ ও ৩১বি ধারা এবং ওয়েস্ট বেঙ্গল প্রিজনার্স (টেম্পোরারি রিলিজ) রুলস, ১৯৫৬-এর ৫ ও ৬নং নিয়ম দ্রষ্টব্য।

(ছ) উপরিলিখিত আইনের ৩১এ ধারা দ্রষ্টব্য।

Statement referred to in reply to clause (Gha) of unstarred question No. 263

The Prisoners (West Bengal Amendment) Act, 1955

বিধান বলে সাময়িক ছুটি প্রাপ্ত বন্দীদের তালিকা

বৎসর, ঐ বৎসর কতজন বন্দী সাময়িক ছুটি পাইয়াছেন এবং বন্দীদের কতদিন করিয়া সাময়িক ছুটি দেওয়া হইয়াছে—

১৯৫৭, ২ জন, ৩০ দিন (প্রত্যেককে)।

১৯৫৮, ১ জন, ৩০ দিন।

১৯৫৯, ১ জন, ৩০ দিন।

১৯৬১, ৪ (১+৩) জন, ১ জন, ৩০ দিন ও ৩ জন ১০ দিন।

১৯৬২, ২ (১+১) জন, ১০ দিন (প্রত্যেকে)।

১৯৬৩, ৪ জন, ৩০ দিন (প্রত্যেকে)।

১৯৬৪, ২ জন, ৩০ দিন (প্রত্যেকে)।

Jhargram and Gopiballavpore Registration Offices

264. (Admitted question No. 486.) **Shri Surendra Nath Mahata:** বিচারবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪ সালে ও ১৯৬৩ সালে মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমার ঝাড়গ্রাম ও গোপীবল্লভপুর রেজিস্ট্রী অফিসে জমি হস্তান্তরের কতগুলি দলিল রেজিস্ট্রী করা হয়।

(খ) ঐ সময় কোন্ রেজিস্ট্রী অফিসের অধীনে কত মোহরার দলিললেখক লাইসেন্স-প্রাপ্ত ছিল;

(গ) বর্তমানে কত ভাগ দলিল লেখক লাইসেন্সের জন্য উক্ত দুই অফিসে দরখাস্ত করিয়াছে;

(ঘ) কি নিয়মে এইরূপ লাইসেন্স মঞ্জুর করা হয়, ; এবং

(ঙ) দলিল লেখকগণের জন্য পারিশ্রমিক হার সরকার কর্তৃক নির্দিষ্ট থাকিলে কিরূপ?

The Minister for Judicial:

(ক) মেদিনীপুর জেলায় অবস্থিত ঝাড়গ্রাম নিবন্ধন কার্যালয়ে ১৯৬৩ সালে ৭,৩১৯টি এবং ১৯৬৪ সালে ৬,২৯১টি জমি হস্তান্তরের দলিল নিবন্ধীকৃত হইয়াছে এবং গোপীবল্লভপুর নিবন্ধন কার্যালয়ে ১৯৬৩ সালে ৪,৮৪৬টি জমি হস্তান্তরের দলিল নিবন্ধীকৃত হইয়াছে।

(খ) ঐ সময় ঝাড়গ্রাম নিবন্ধন কার্যালয়ের অধীনে ১০ জন এবং গোপীবল্লভপুর নিব কার্যালয়ের অধীনে ৪ জন অনুজ্ঞাপত্রপ্রাপ্ত দলিল লেখক ছিল।

(গ) বর্তমানে অর্থাৎ ১৯৬৫ সালে এখনও কেহ নূতন অনুজ্ঞাপত্রের জন্য আবেদন করে নাই।

(ঘ) ১৯৬২ সালের পশ্চিমবঙ্গ নিবন্ধীকরণ নিয়মাবলীর উনবিংশ অধ্যায়ের ১২১ নম্বর নিয়মানুসারে দলিল লেখক হিসাবে কার্য করিবার জন্য অনুজ্ঞাপত্র মঞ্জুর করা হয়।

উক্ত নিয়মের প্রতিলিপি ইহার সহিত সংযোজিত করা হইল।

(ঙ) ১৯৬২ সালের পশ্চিমবঙ্গ নিবন্ধীকরণ নিয়মাবলীর উনবিংশ অধ্যায়ের ১২৬ নম্বর নিয়মে দলিল লেখকগণের জন্য পারিশ্রমিক হার নির্দিষ্ট করা হইয়াছে। উক্ত নিয়মের প্রতিলিপি ইহার সহিত সংযোজিত করা হইল।

Statement referred to in reply to clause (Gha) of unstarred question No 264.

Extract from the West Bengal Registration Rules, 1961

CHAPTER XIX

Deed-Writers

121. Grant of a licence to act as a deed-writer.—(1) If the Registrar is satisfied that the applicant is a desirable person and is fit to be a deed-writer, he shall direct the applicant to pay a licence fee of five rupees and on payment of the said sum his name shall be entered in the Register of Deed-Writers in Form No. 42 in Appendix I, against the particular Sub-Registry Office concerned and a licence in Form No. 41 in Appendix I shall be issued to him. The licence shall take effect from the date of issue. The name of the deed-writer with necessary particulars shall, at the same time, be communicated to the Sub-Registrar concerned for entry in the Register of deed-writers in Form No. 43 in Appendix I, maintained by him.

(2) In granting a licence under sub-rule (1) all persons who on the date of issue of these rules have been carrying on the work of deed-writers shall, if they apply under rule 120 and fulfil the conditions specified in that rule, be given perference.

* * * *

126. Scale of fees for writing deed to be exhibited in every office.—A Table showing the scales of fees for writing deeds by the licensed deed-writers, to be prescribed by the Inspector-General of Registration, shall be exhibited in a conspicuous place outside the Registration Offices. Any

deed-writer charging fees in excess of the above prescribed rates shall be liable to the cancellation of his licence. The licensed deed-writer shall issue a receipt in Form No. 44, Appendix I, to the party concerned for payment of dues to him.

The scales of fees to be charged by the licensed deed-writers shall be as noted below—

(1) For drafting deeds (or writing deed without making any separate draft) for each 300 words or part thereof—

(a) in offices within Calcutta and the South Suburban and Howrah Municipalities—Rs. 2.50 nP.

(b) in all other offices—Rs. 2.00 nP.

(2) For writing deeds from drafts and for rendering all assistance to get them registered (for each 300 words or part thereof)—

(a) in offices within Calcutta and the South Suburban and Howrah Municipalities—Rs. 1.25 nP.

(b) in all other offices—Re. 1.00 nP.

(3) For taking delivery of documents when authorised by the party under section 52 of the Indian Registration Act, 1908—0.25 nP. for each deed.

(4) For writing all applications whether in the prescribed printed forms or otherwise and filing the same—0.25 nP. each.

(5) For writing summons and filing the same—0.12 nP. each.

(6) For writing notices under the Bengal Tenancy Act, 1885 and filing the same—0.25 nP. each.

(7) For making searches of indexes or inspections of volumes (for each person or item of property)—0.25 nP. for each year.

Explanation.—In this rule "Calcutta" means Calcutta as defined in clause (11) of section 5 of the Calcutta Municipal Act, 1951 (West Bengal Act XXXIII of 1951).

Bridge over Raidak river at Jaldhoaghat, Tufanganj subdivision

265. (Admitted question No. 496.) **Shri Jiban Krishna De:**

পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) একথা কি সত্য যে জালধোয়া ঘাটে রায়ডাক নদীতে পুল না থাকায় তুফানগঞ্জ মহকুমার একমাত্র রেল স্টেশন জোড়াই-এ যাতায়াতের অসুবিধায় রেলের সুযোগ থেকে মহকুমাবাসী বঞ্চিত হইতেছেন ;

(খ) সত্য হইলে, মহকুমার যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন এবং একমাত্র রেল স্টেশনটির সাথে সংযোগ স্থাপনের জন্য জালধোয়াঘাটে রায়ডাক নদীতে ব্রীজ করার কোন পরিকল্পনা আছে কি না ; এবং

(গ) পরিকল্পনা থাকিলে কত দিনের মধ্যে তাহা কার্যকরী হওয়ার আশা করা যায় ?

The Minister for Publio Works (Roads):

(ক) না ; এই স্থানে সেতু না থাকায় কিছু অসুবিধা হইলেও খেয়া পারাপারের ব্যবস্থা আছে।

(খ) বর্তমানে নাই।

(গ) এ প্রশ্ন উঠে না।

Spinning Mills in West Bengal

266. (Admitted question No. 623.) **Shri Kashi Kanta Moitra:**

শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে তৃতীয় পরিকল্পনার মধ্যে কয়টি স্পিনিং মিল (১) স্থাপন, ও (২) চালু করার কথা ছিল এবং (৩) কয়টি চালু করা হয়েছে, এবং

(খ) নদীয়া জেলায় ফুলিয়ায় যে স্পিনিং মিল চালু করার কথা ছিল, অদ্যাবধি চালু না করার কারণ কি?

The Minister for Commerce and Industries:

(ক) (১) ও (২) ১৫টি স্পিনিং মিল স্থাপন ও চালু করিবার জন্য অনুজ্ঞা দেওয়া হইয়াছিল। ১৪টি মিল চালু করিবার বন্দোবস্ত হইতেছে।

(খ) ফুলিয়া স্পিনার্স কো-অপারেটিভ ইণ্ডাস্ট্রিয়াল সোসাইটি লিঃ-কে ফুলিয়াতে ১২,০০০ টাকুর একটি স্পিনিং মিল স্থাপনের অনুজ্ঞা দেওয়া হইয়াছিল। কিন্তু নূতন মিল স্থাপনের প্রয়োজনীয় আনুসঙ্গিক যন্ত্রপাতিসমূহের মূল্য বৃদ্ধি ও অর্থাভাবের দরুন উক্ত সমবায় সমিতি প্রস্তাবিত স্পিনিং মিলটি স্থাপনে অগ্রসর হয় নাই। এই সমবায় সমিতি এক্ষণে আসানসোলে আদর্শ কটন স্পিনিং অ্যাণ্ড উইভিং মিলের জমি, বাড়ী ও ১২,০০০ টাকু চালাইবার মত প্রয়োজনীয় আনুসঙ্গিক যন্ত্রপাতিসমূহ সুবিধাজনক শর্তে ক্রয় করিয়া ঐ স্থানে মিলটি সমবায় সমিতির মাধ্যমে চালু করা মনস্থ করিয়াছে।

Derelict tanks and ponds in West Bengal

267. (Admitted question No. 656.) **Shri Birendra Narayan Ray:** Will the Minister-in-charge of the Agriculture and Community Development be pleased to state—

(a) the number of derelict tanks and ponds in each district of West Bengal; and

(b) the number of those tanks and ponds which have been re-excavated during the last five years with costs?

The Minister of State for Agriculture and Community Development:

(a)

		Rs.
Murshidabad	...	16,000
Nadia	...	2,926
Hooghly	...	6,184
West Dinajpur	..	20,000
Cooch Behar	..	338
Malda	...	9,496
Midnapur	...	34,581
Birbhum	...	9,000
Bankura	...	22,801
Burdwan	...	11,427
24-Parganas	...	1,303
Purulia	...	5,000
Howrah	...	2,879

(Figures of Darjeeling and Jalpaiguri districts not available so far).

(b)

Number of tan		Cost (non-recurring) Rs.
1959-60—116	...	2,89,437
1960-62—100	...	2,59,018
1961-62—164	...	2,86,370
1962-63—249	...	4,17,462
1963-64—281	...	4,81,999

Debipur Railway Station—Bulbulitala and Baghnapara Railway Stations—Sultanpur Roads, Burdwan

268. (Admitted question No. 709.) **Shri Hare Krishna Konar:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার নিম্নলিখিত রাস্তা দুইটির উন্নতির জন্য ও এইগুলি পাকা করার জন্য কোন ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে কি–

(১) দেবীপুর স্টেশনের নিকট জি টি রোড হইতে বর্ধমান কালনা রোডের বুলবুলিতলা পর্যন্ত ১২ মাইল দীর্ঘ রাস্তা যাহা প্রায় ৫০ হাজার লোকের যাতায়াতের একমাত্র রাস্তা এবং যাহার উপর দুইটি উচ্চ ইংরাজী বিদ্যালয় ও দুইটি স্বাস্থ্যকেন্দ্র আছে ;

(২) বাঘনাপাড়া স্টেশন হইতে বাঘনাপাড়া গ্রাম হইয়া সুলতানপুর পর্যন্ত ৮ মাইল রাস্তা যাহা প্রায় ১৪ হাজার লোকের যাতায়াতের একমাত্র রাস্তা এবং যাহার উপর একটি উচ্চ ইংরাজী বিদ্যালয় ও একটি স্বাস্থ্যকেন্দ্র আছে ; এবং

(খ) উত্তর 'হ্যাঁ' হইলে, কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে ? এবং উত্তর 'না' হইল এই রাস্তা দুইটির গুরুত্ব বুঝিয়া চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে এইগুলিকে অন্তর্ভুক্ত করা হইবে কি ?

The Minister for Public Works (Roads):

(ক) (১) ও (২) এই রাস্তা দুইটি উন্নয়নের কোন প্রস্তাব বর্তমানে নাই।

(খ) চতুর্থ পরিকল্পনায় কেন কোন সড়ক ও সেতু উন্নয়নের জন্য লওয়া হইবে তাহার তালিকা প্রণয়নের কাজ এখনও আরম্ভ হয় নাই বলিয়া বর্তমানে বলা সম্ভব হইতেছে না।

Composition of R.T.A.

269. (Admitted question No. 753.) **Shri Aswini Roy:** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to lay on the Table a statement showing the composition of the Regional Transport Authority in each district including Calcutta in West Bengal?

The Minister for Home (Transport): A statement showing the composition of the Regional Transport Authorities is laid on the Library Table.

Statement referred in reply to unstarred question No. 269.

The composition of the Regional Transport Authority in Calcutta and in the districts is as given below:—

In Calcutta—

(1) Director, Public Vehicles Department, Calcutta—Chairman;

(2) Additional District Magistrate, Judicial, 24-Parganas—Member;

(3) Deputy Commissioner of Police, Calcutta Traffic Department—Member;

(4) Chairman, Zilla Parishad, 24-Parganas Member.

In each district—

(1) The District Magistrate—Chairman;

(2) The Superintendent of Police—Member;

(3) The Chairman, Zilla Parishad—Member.

In case the Chairman of the Zilla Parishad acquires a financial interest in any transport undertaking, the Vice-Chairman is appointed a member of the Regional Transport Authority, in place of the Chairman.

Paddy purchased by Co-operative Societies

270. (Admitted question No. 846.) **Shri Sudhir Chandra Das:**

সমবায়বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে কৃষি বৎসরে কোন্ কোন্ সমবায় প্রতিষ্ঠান মারফত এ পর্যন্ত কত ধান্য ক্রয় করা হইয়াছে;

(খ) ঐ সমবায় প্রতিষ্ঠানগুলিতে ধান্য ক্রয়ের জন্য কত টাকা দেওয়া হইয়াছে; এবং

(গ) ঐ ধান্য কোন্ কোন্ গুদামে কত আছে?

The Minister for Co-operation:

(ক) "লাইব্রেরী টেবিলে" উপস্থাপিত করা হইল। (১নং ও ৪নং কলমে দ্রষ্টব্য।

(খ) মূল্য ধারক প্রকল্প (প্রাইজ সপোর্ট স্কীম) অনুসারে ধান ক্রয়ের জন্য কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কগুলি হইতে ঋণ সংগ্রহ করিবার সরকারী গ্যারান্টি সমবায় প্রতিষ্ঠানগুলিকে দেওয়া হইয়াছে। প্রদত্ত গ্যারান্টির পরিমাণ এবং সমিতিগুলি কি পরিমাণ ঋণ গ্রহণ করিয়াছে তাহা সংযুক্তি পত্রের ২য় ও ৩য় কলমে দ্রষ্টব্য।

(গ) "লাইব্রেরী টেবিলে" উপস্থাপিত করা হইল। (৫ম কলমে দ্রষ্টব্য।)

Government help to last disturbances affected people in Calcutta

271. (Admitted question No. 855.) **Dr. Golam Yazdani:**

ত্রাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৪ সালের জানুয়ারী মাসে কলিকাতায় ও সংলগ্ন এলাকায় যে হাঙ্গামা হইয়াছিল তাহাতে উপদ্রুত অঞ্চলের যে সমস্ত লোক নিরাপদ এলাকায় গিয়াছিল এবং যাহাদের ঘর জ্বলে নি, কিন্তু লুঠ হইয়াছিল, এইরকম কতগুলি লোক কোন্ কোন্ এলাকা হইতে সরকারী সাহায্যের জন্য দরখাস্ত করিয়াছিল;

(খ) কোন্ এলাকায় কতগুলি লোককে কি পরিমাণ সাহায্য দেওয়া হইয়াছিল;

(গ) সাহায্য দেওয়া না হইয়া থাকিলে তাহার কারণ কি;

(ঘ) যাহাদের ঘর পুড়িয়াছিল তাহাদিগকে কিসের ভিত্তিতে সাহায্য দেওয়া হইয়াছিল এবং কত পরিমাণ ও কোন্ এলাকায় কতগুলি লোককে; এবং

(ঙ) উপরি-উক্ত (ঘ) বর্ণিত কতগুলি লোক সাহায্যের জন্য দরখাস্ত করিয়াছিল?

The Minister for Relief:

(ক) এলাকার নাম — দরখাস্তকারীর সংখ্যা

এলাকার নাম			দরখাস্তকারীর সংখ্যা
মানিকতলা ও বেলিয়াঘাটা থানা	..	..	১,৩৭৩
ইণ্টালী ও আমহার্স্ট স্ট্রীট থানা	..	..	৮২৯
তালতলা ও জোড়াসাঁকো থানা	..	..	৭৪২
বেনিয়াপুকুর, ওয়াটগঞ্জ ও টালিগঞ্জ থানা	..	..	২২৮
মোট		..	৩,১৭২

(খ) একটি বিবরণী "লাইব্রেরী" টেবিলে উপস্থাপিত হইল।

(গ) "ক" প্রশ্নের উত্তরে বর্ণিত দরখাস্তকারীদের মধ্যে এখনও পুনর্বাসনের জন্য সাহায্য পান নাই এইরূপ আরও ২০০ দরখাস্তকারীকে শীঘ্রই সাহায্য দেওয়া হইবে। কিছু সংখ্যক দরখাস্তকারী কোন সাহায্য পাইবার উপযুক্ত নয় বলিয়া তাহাদের দরখাস্ত বাতিল করা হইয়াছে।

(ঘ) ১৩টি ক্ষতিগ্রস্ত বস্তি এলাকায় "বস্তি অপসারণ পরিকল্পনা" অনুসারে বহুতলবিশিষ্ট অট্টালিকা নির্মাণ করিবার সিদ্ধান্ত হইয়াছে, উক্ত ১৩টি বস্তির বাসিন্দাদের সকলকেই সি আই টি বা সরকার কর্তৃক অন্যত্র নির্মিত অট্টালিকায় বিকল্প বাসস্থান দিবার প্রস্তাব করা হইয়াছিল। কিন্তু মাত্র ৪০টি পরিবার এই প্রস্তাব অনুসারে পুনর্বাসনের সুযোগ গ্রহণ করিয়াছেন। অন্যান্য বস্তি এলাকার গৃহের মালিকদের ও তত্রস্থ বাসিন্দাদিগের পুনর্বাসনের উদ্দেশ্যে সম্পূর্ণ বিধ্বস্ত গৃহের ক্ষেত্রে প্রতি বর্গফুটে ৪ টাকা পর্যন্ত এবং আংশিক ক্ষতিগ্রস্ত গৃহের ক্ষেত্রে ক্ষতির পরিমাণ অনুসারে প্রতি বর্গফুটে ৩ টাকা পর্যন্ত—এই হারে ভাড়াটিয়া পরিবারপিছু সর্বোচ্চ ৪০০ টাকা হিসাবে গৃহ নির্মাণ বা মেরামতের জন্য বিভিন্ন এলাকায় নিম্ন পরিমাণ সাহায্য বিতরণ করা হইয়া

এলাকার নাম থানা	গৃহের মালিক যাহারা এই সাহায্য পাইয়াছে	উপকৃত পরিবারের সংখ্যা	বিতরিত সাহায্যের পরিমাণ টাকা
মানিকতলা ও বেলিয়াঘাটা	১৪৪	৯৭৫	২,০০,১৪২
ইণ্টালী ও আমহার্স্ট স্ট্রীট	২২৪	২,২৪১	৩,৭৯,৯১৯
তালতলা ও জোড়াসাঁকো	১৫৩	১,৯১৪	৪,২৪,৯৫৬
বেনিয়াপুকুর, ওয়াটগঞ্জ ও টালিগঞ্জ	২৩১	৭৯০	২,০৫,৪১০

(ঙ) ৮,৭২১ জন গৃহনির্মাণ বা মেরামতের জন্য সাহায্যপ্রাপ্তির দরখাস্ত করিয়াছিল। দরখাস্তকারী বাড়ির মালিক ও তত্রস্থ ভাড়াটিয়াগণ এই সংখ্যার অন্তর্ভুক্ত।

Flats constructed by West Bengal Government

272. (Admitted question No. 985) **Shri Sanat Kumar Raha:**

গৃহনির্মাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ১৯৬৩ সাল হইতে অদ্যাবধি সরকার কর্তৃক কতগুলি নূতন গৃহ ফ্ল্যাট নির্মিত হইয়াছে; এবং

(খ) এই সকল গৃহের কতগুলিতে ভাড়াটিয়া বসানো হইয়াছে?

The Minister for Housing:

(ক) ২,৮৪৩টি ফ্ল্যাট।

(খ) ১,১২৪টি ফ্ল্যাট।

Inclusion of the Railway Settlement at Kharagpur

273. (Admitted question No. 1030.) **Shri Narayan Choubey:** Will the Minister-in-charge of the Local Self-Government and Panchayats Department be pleased to state whether the Government have any proposal to include the Railway Settlement at Kharagpur in the Kharagpur Municipality?

The Minister for Local Self-Government and Panchayats: No.

Expenditure for Divisional Commissioners in West Bengal

274. (Admitted question No. 1048.) **Shri Sambhu Charan Ghosh:**

স্বরাষ্ট্র (সাধারণ শাসন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গে বিভাগীয় কমিশনারদের প্রত্যেকের জন্য মোট কত টাকা বেতন মাসিক ও অ্যালাউন্স বাবদ সরকার হইতে দেওয়া হয়?

The Minister for Home (General Administration):

তিনজন বিভাগীয় কমিশনার প্রত্যেকেই ২,২৫০.০০ টাকা মাসিক বেতন পান। ভাতা হিসাবে কেবলমাত্র প্রেসিডেন্সী বিভাগের কমিশনার বাড়ি ভাড়া বাবদ মাসিক টাঃ ৭৭.৫০ পয়সা পাইয়া থাকেন।

অপর দুইজন কমিশনার অনুরূপ কোন মাসিক ভাতা পান না।

তিনজনের মোট মাসিক বেতন ৬,৭৫০ টাকা এবং বাড়ি ভাতা টাঃ ৭৭.৫০ পয়সা।

Divisional Commissioners in West Bengal

275. (Admitted question No. 1050.) **Shri Sambhu Charan Ghosh:**

স্বরাষ্ট্র (সাধারণ শাসন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে মোট কতজন বিভাগীয় কমিশনার আছেন (ডিভিসনাল কমিশনার) এবং

(খ) উক্ত ডিভিসনাল কমিশনারদের নাম এবং যোগ্যতা কি?

The Minister for Home (General Administration):

(ক) তিনজন।

(খ) (১) শ্রীআই বি সুরিটা, আই এ, এস, কমিশনার, জলপাইগুড়ি বিভাগ; (২) শ্রীভি এস সি ব্যানার্জী, আই এ, এস, কমিশনার, বর্ধমান বিভাগ; (৩) শ্রীআর ব্যানার্জী, আই, এ, এস, কমিশনার প্রেসিডেন্সী বিভাগ। ইঁহারা অভিজ্ঞ ও দক্ষ প্রশাসনিক আধিকারিক।

Opium and Ganja shops in West Bengal

276. (Admitted question No. 1068.) **Shri Sambhu Charan Ghosh:**

আবগারী বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে জেলাভিত্তিক আফিং ও গাঁজার দোকানের সংখ্যা কত; এবং

(খ) পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলার আফিং ও গাঁজার দোকানগুলি কমাইবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

The Minister for Excise:

(ক) জেলা ভিত্তিক আফিং ও গাঁজার দোকানের সংখ্যা নিম্নে দেওয়া হইল :

জেলার নাম	দোকানের সংখ্যা আফিং	গাঁজা
বর্ধমান	২১	৭০
বীরভূম	১৫	২৯
বাঁকুড়া	৮	২৭
মেদিনীপুর	৬৩	৬৫
হুগলি	৫১	৭২
হাওড়া	৩১	৩৪
পুরুলিয়া	৮	২৮
কলিকাতা	৪৫	৪৮
চব্বিশপরগণা	৯১	১২৫
নদিয়া	১৩	১৮
মুর্শিদাবাদ	১৪	৩০
পশ্চিম দিনাজপুর	১৬	৩১
মালদা	৬	২০
জলপাইগুড়ি	৯	৩২
দার্জিলিং	৮	৯
কুচবিহার	৭	২৫
মোট	৪০৬	৬৬৩

(খ) আফিং বর্জন নীতি অনুসারে চিকিৎসকের সুপারিশ সাপেক্ষে নথিভুক্ত আফিং সেবীরাই বর্তমানে আফিং কিনিতে পারেন। আফিং সেবীর সংখ্যা কমিয়া যাওয়ায় আফিং দোকানের সংখ্যাও কমিয়া যাইতেছে।

গাঁজা বিক্রয়ের দোকান কমাইবার কোন পরিকল্পনা বর্তমানে নাই।

Shops and Establishments Act in West Bengal

277. (Admitted question No. [illegible].) **Shri Sambhu Charan Ghosh:** শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের সবত্র দোকানকর্মচারী আইন বলবৎ আছে কিনা ; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'না' হয়, তবে ঐ সকল অঞ্চলে ঐ আইন চালু করিবার কোন পরিকল্পনা আছে কিনা ?

The Minister for Labour:

(ক) না। তবে এই আইনটি বর্তমানে পশ্চিমবঙ্গের সকল শহরে ও উল্লেখযোগ্য গ্রাম্য বাজার এলাকায় বলবৎ আছে।

(খ) পশ্চিমবঙ্গ দোকান ও সংস্থা আইন সমগ্র পশ্চিমবঙ্গে সম্প্রসারিত করিবার কোন পরিকল্পনা আপাততঃ সরকারের নাই। নূতন কোনও এলাকায় এই আইন সম্প্রসারিত করিবার প্রশ্ন সেই এলাকায় যথেষ্ট সংখ্যায় দোকান ও সংস্থার অবস্থিতির উপর নির্ভরশীল।

West Bengal Khadi and Village Industries Board

278. (Amitted question No. 1236.) **Shri Abhoy Pada Saha:**

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে ওয়েস্ট বেঙ্গল খাদি ও ভিলেজ ইণ্ডাস্ট্রিজ বোর্ডের সদস্য কতজন;

(খ) তাহাদের নাম কি; এবং

(গ) কর্মকর্তা কিরূপে নিযুক্ত হন?

The Minister for Cottage and Small-Scale Industries:

(ক) ১৫ জন।

(খ) (১) শ্রীপ্রফুল্লচন্দ্র সেন, মুখ্যমন্ত্রী, পশ্চিমবঙ্গ, (২) উন্নয়ন মহাধ্যক্ষ, পশ্চিমবঙ্গ; (৩) অপর-শিল্পঅধিকর্তা, পশ্চিমবঙ্গ, (৪) নিবন্ধক (সমবায় সমিতি), পশ্চিমবঙ্গ, (৫) শ্রীপঞ্চানন বসু, (৬) শ্রীসত্যব্রত ভট্টাচার্য, (৭) [illegible] (৮) শ্রীশঙ্করীপ্রসাদ মুখার্জী, (৯) ডাঃ রাসবিহারী পাল, (১০) শ্রীসন্তোষকুমার বসু, (১১) শ্রীভক্তচন্দ্র রায়, (১২) শ্রীমতী প্রতিমা বসু, (১৩) শ্রীগগনচন্দ্র [illegible], (১৪) শ্রীমতী উমা রায় এবং (১৫) শ্রীঅপরেশ ভট্টাচার্য।

(গ) পশ্চিমবঙ্গ সরকার পশ্চিমবঙ্গ খাদি ও গ্রামীণ শিল্প পর্ষদের সহিত আলোচনা করিয়া উক্ত পর্ষদের সদস্য নহেন এরূপ এক ব্যক্তিকে [illegible] পদে নিযুক্ত করিবেন।

Gazetted Officers belonging to certain minority communities

279. (Admitted question No. 828.) **Shri Birendra Narayan Roy:** Will the Minister-in-charge of the Finance Department be pleased to state (1) names and (2) present posting of the Gazetted Officers belonging to the following minority communities:

(a) Anglo-Indians,

(b) Scheduled Castes,

(c) Scheduled Tribes,

(d) Buddists,

(e) Jains, and

(f) Indian Christians?

The Minister for Finance: A statement is laid on the Library Table based on materials as far as could be gathered up to date (18th February, 1965).

Calling Attention to matters of Urgent Public Importance

Shri Saila Kumar Mukherjee: With reference to the calling attention notice.........

Point of Privilege

Shri Deo Prakash Rai: On a point of privilege. In reply to unstarred question No. 279 (admitted question No. 828) the Hon'ble Finance Minister has given a very misleading information to the House.

Shri Saila Kumar Mukherjee: Sir, let him inform me what are his difficulties, in writing: let him say what are the inaccuracies.

Mr. Deputy Speaker: Mr. Rai, please give it in writing. I shall see to it

Shri Deo Prakash Rai: The different employees working in different departments of the Government are shown here by their communities. I will read out only a few names—it is a long list. In the Health and Medical Department No. 7 Dr. Moni Kumar Chhetri has been shown as belonging to a scheduled tribe: it is not true. No. 8 Shri Mani Kumar Shasankar has been shown as belonging to a scheduled tribe; it is not true. No. 9, Dr. Amar Singh Chhetri has been shown as belonging to a scheduled tribe; it is not true. In trying to hoodwink the honourable members the Hon'ble Finance Minister has categorised the same man under different religions and communities. Serial No. 5, under Tribal Welfare Department, Shri D. Kazi has been shown as belonging to a scheduled tribe; he happens to be a Bhutia. Another member under some other department Shri Narbu Dhandu has been shown as Buddhist; he happens to be a Bhutia. Information sought has not been given and the same person has been shown under different headings. Bhutia is a Buddhist but here politically or economically he has been shown as belonging to scheduled tribe. Of the two Bhutias, one has been shown as Buddhist and the other as belonging to the scheduled tribe, though both belong to the scheduled tribe and their religion is Buddhism. The Minister has tried to mislead the honourable members of this House. Two Nepalis, Dr. Moni Kumar Chhetri (serial No. 7 under Medical) and Shri G. B. Rai under Home (G.A.) Department, have been shown as belonging to scheduled tribe. Sir, since when have Chhetris and Rais become scheduled tribes? I happen to be a Nepali; I belong to the general class. But here Shri G. B. Rai has been shown as scheduled tribe. Are we given all the rights and privileges that are given to the scheduled tribes.

Mr. Deputy Speaker: Please give me the particulars in writing. I will see to it.

[2-10—2-20 p.m.]

Shri Deo Prakash Rai: The information that has been supplied is misleading. Some have been shown as Scheduled Castes and some have been shown as Scheduled Tribes.

Mr. Deputy Speaker: Mr. Rai, I ask you to give the details in writing. You cannot say anything now. Now the Hon'ble Finance Minister will make a statement.

Calling Attention to Matter of Urgent Public Importance

Shri Saila Kumar Mukherjee: Sir, with regard to the Calling Attention Notice given by Shri Bijoy Pal regarding coal royalty arrears the statement is a very lengthy one. It runs into four pages. With your permission, Sir, I lay it on the table and I am now just giving a gist of the statement. This coal royalty question arose since the passing of the Estates Acquisition Act, 1955. After the question regarding vesting was raised by the intermediaries, they filed a suit against the Government claiming that they do not come under the purview of the Act. There was an injunction issued by the High Court against the Government prohibiting realisation of any royalty from the coal mines. By the High Court judgment the injunction order was, of course, set aside, and this resulted in

a partial victory for the Government and partial victory for the intermediaries. Both the Government and the intermediaries filed appeals against the High Court judgment and the appeal is still pending. But in the meantime, Sir, since the High Court judgment clarified certain points in favour of Government, we had in the last session amended section 5 of the Estates Acquisition Act which gives power to take possession since 1955 of the property of all these intermediaries. There are at present 52 first degree collieries in West Bengal and about 180 intermediate working collieries. The difficulty is with regard to the collection of royalty. These intermediaries have now approached the Government for a settlement. There is some legal implication. So the Government intends to take the opinion of the Advocate-General. The other sides have also agreed and they want to abide by the decision of the Advocates General on the draft of the agreement which would cover about 50 collieries and 180 intermediary collieries. In the meantime we have started collecting arrears since 1955. The total royalty dues of the State Government stand at about Rs. 4½ crores and we have started collecting about Rs. 1 crore from the first degree collieries. We hope to collect the rest after the decision of the High Court or after an agreement is reached.

[Statement on Calling Attention Motion laid on the Table]

1. The West Bengal Estates Acquisition Act came into force on and from the 15th April, 1955. By virtue of a notification under section 4 of that Act all intermediary interests vested in the State Government with effect from that date. These intermediary interests also include interests in mines and minerals. However, the representatives of the coal mining industry contested in the High Court the vesting of the intermediary rights in coal mining under the provisions of the Estates Acquisition Act. In November, 1960 the High Court decided this question partly in favour of Government and partly in favour of the coal mining industry. As a result of this judgment Government was unable to realise any royalty from the lessees other than the first degree lessees in coal mining industry. Hence the State Government filed an appeal against this decision of the High Court. Incidentally the representatives of the coal mining industry also appealed against the decision relating to first degree lessees. These appeals have not as yet come up for hearing.

2. I may mention in this connection that during the pendency of the abovementioned case the High Court issued an injunction against the State Government prohibiting any realisation of royalty from the coal mines. As a result no general realisation of royalties was possible during the pendency of these cases. After the delivery of the High Court judgment in 1960 the State Government could realise royalty only from the first degree working lessees and not from the other categories of working under lessees. But the State Government did not want to realise royalties from the intermediary lessees who would be paying much less than what the working lessees would be paying. Thus, the scope for realisation of royalties remained extremely limited since the above decision of the High Court. Also, because of the pending appeals, the State Government experienced great difficulties in collecting relevant information regarding rights, title and interests of different parties for determining which of the collieries come under the category of first degree working-lessees. Under these circumstances both assessment and realisation work suffered very much during all these years.

3. In spite of these handicaps because of the pending litigations, the State Government tried to collect indirectly information regarding the

rights, title and interests of different colliery owners. On the basis of such information we have been gradually making claims of arrear royalties from the first degree working lessees. So far we have been able to ascertain that there are about 52 collieries which are worked by first degree working lessees. Strong action has been taken to realise such royalty dues including arrears from such first degree working lessees. Certificate proceedings have been instituted against some of these first degree working lessees. Thus, the State Government have been trying to do all that is possible to collect such arrear royalty dues. The total collection of royalties up to the financial year 1962-63 will amount approximately to Rs. 40 lakhs only. As against this, collection during 1963-64 was about Rs. 33 lakhs. Up to date collection during 1964-65 is about Rs. 30 lakhs. The collection position has, thus, improved considerably. I should mention in this connection that it is difficult to estimate exactly the total amount of royalty dues of the State Government in the absence of relevant information regarding the different types of rights and ities in coal mining. However, on a very rough estimate I would put the total royalty dues of the State Government for all these years at about Rs. 4½ crores. As I have stated, we have been able to collect a portion of these dues. The outstanding amount of arrear royalty dues may still be about Rs. 3½ crores.

4. Apart from these 52 collieries there are about 180 working collieries whose cases are covered by the pending litigations. By far the major part of arrear royalty dues relate to our dues from these collieries. The representatives of the litigant coal mining interests approached the State Government with a compromise proposal in this matter last year. However, we considered this question from all aspects and decided that the best course out of this impasse will be to amend the West Bengal Estates Acquisition Act once again so as to put the matter of vesting of all intermediary rights in mining beyond the pale of doubt. As the Hon'ble Members are aware, we amended section 5 of the West Bengal Estates Acquisition Act during the last session of this House so as to make it quite clear that all intermediary interests in coal mining have vested in the State with effect from 15th April, 1955. This step was taken as it was felt that unless the legal complications in our way were removed, it will not be possible to proceed effectively in the matter of collection of arrear royalty dues from coal mining interests.

5. The effect of this amendment is that the State Government is now empowered under the law to collect arrear royalty dues from different categories of intermediary lessees in coal mining industry. We have now the requisite powers to proceed to tackle this problem effectively. However, I should point out that in the intervening years a huge amount of arrear royalty dues have accumulated. It will not be easy to collect all these arrear dues at one stroke or within a very short period of time. The task of calculating the exact amount of arrear royalty dues due from different intermediary interests will be a very detailed and time consuming one. Moreover it will not be practicable to realise all arrear royalty dues from the intermediaries at one stroke in most cases. Since the amendment of the West Bengal Eastates Acquisition Act, we have been trying to explore if it is possible to enter into any agreement with different intermediary interests in coal mining regarding the realisation of the arrear royalty dues of the State Government. We would like to ensure that these arrear dues are paid up in a number of suitable instalments within a few years' time. In case, however, it is not possible to enter into any such agreement with the ex-intermediaries, the State Government will definitely pursue the question of speedy realisation of the arrear royalty dues in terms of the

provisions of the Public Demands Recovery Act. I want to assure the Hon'ble Members that this question has been engaging my attention all the time. I fully realise that a large amount of State revenue has been blocked up for years in this case. However, the whole question has so long proved to be full of difficult, legal and practical complications. We are trying to solve these complications to the best interest of the State Government. I am sure that we shall be able to achieve tangible results in the near future.

Secretary (Shri P. Roy): Eight notices of Calling Attention have been received on the following subjects, namely—

(1) Reported strike of the teachers of the secondary schools of West Bengal—by Shri Ananga Mohan Das;

(2) Inadequate levy of rice in West Bengal—by Shri Sanat Kumar Raha;

(3) Death of labourers in course of clearing manholes in Calcutta—by Shri Bejoy Pal;

(4) Discontentment among the employees of West Bengal Government —by Shri Birendra Narayan Roy, Shri Monoranjan Baksi, Shri Bejoy Kumar Banerjee, and Shri L. R. Josse;

(5) Non-supply of wheat to "Chakkiwallas" of Midnapur and Kharagpur Towns—by Shri Narayan Choubey;

(6) Strike of Biri workers in Jangipur Subdivision—by Shri Mahamad Israil;

(7) Stoppage of functioning of the Zilla Parishads of Midnapur district —by Shri Narayan Choubey;

(8) Number of deaths and financial loss due to bus accidents at Howrah and Rani Rashmani Avenue—by Shri Sanat Kumar Raha.

Mr. Deputy Speaker: I have selected the notice of Shri Narayan Choubey on the subject of non-supply of wheat to "Chakkiwallas" of Midnapur and Kharagpur Towns. The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject to-day, if possible, or give a date for the same.

Shri Smarajit Bandyopadhyay: A statement will be made on the 2nd March, 1965.

Squatting on the road by primary teachers

Shri Somnath Lahiri:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রী অনেকদিন পরে উপস্থিত হয়েছেন। এই কদিন তিনি এখানে ছিলেন না, বাহিরে গিয়েছিলেন। সেই জন্য আমি বিষয়টা প্রধানতঃ তাঁর দৃষ্টি আকর্ষণ করার জন্য তুলছি। যে বিষয় নিয়ে গত কয়েকদিন ধরে এই হাউসের মধ্যে এবং বাহিরে যে সকল রকমের আন্দোলন আলোড়ন চলছে সেটি হচ্ছে শিক্ষক-শিক্ষিকাদের ধর্মঘটের ব্যাপার। তাঁরা খানে রাস্তায় বসে আছেন এবং এই জিনিসের একটা সুরাহা নাহলে আমাদের ছেলে মেয়েদের লেখাপড়া শেখার বিষয়ে অসুবিধা হচ্ছে। এর আগে যখন মুখ্যমন্ত্রী ছিলেন না, শিক্ষামন্ত্রী ছিলেন, আমরা একদিন সকল দল মিলে সাজেস্ট করেছিলাম যে মুখ্যমন্ত্রী শিক্ষক মহাশয়দের প্রতিনিধিদের ডেকে বিষয়টার একটা মীমাংসা করার জন্য নূতন করে চেষ্টা করুন। কারণ, যে সমস্ত কথা উঠেছে তাতে মনে হচ্ছে ফোর্থ প্ল্যানে এদের প্রতিশ্রুতি দিতে পারলে, কিছু ইতর-বিশেষ করতে পারলে হয়ত বিষয়টা মিটে যেতে পারে। যদিও আমরা জানি এ

বিষয়টি কিসের ভিত্তিতে মিটবে, তার কোন সাজেসন দিতে চাচ্ছি না, আমরা শুধু এইটুকু মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি যে বাংলাদেশের সামনে এই যে অবস্থার সৃষ্টি হয়েছে এই অবস্থা দূর করার জন্য তাঁদের আগ্রহ থাকা উচিৎ, আশা করি আছে এবং জনসাধারণেরও আছে, শিক্ষক-শিক্ষিকাদেরও আছে বলে মনে হয়। কাজেই তাঁদের ডেকে এ বিষয়ে আলোচনা করুন এবং যাতে মীমাংসা হতে পারে তার ব্যবস্থা করুন এই অনুরোধ আমি মুখ্যমন্ত্রীকে জানাচ্ছি।

Shri Monoranjan Roy:

আমি একটু আগেই বলেছিলাম, আবার সেটা অনুরোধ করছি মুখ্যমন্ত্রীকে যে তিনি শিক্ষক শিক্ষিকাদের প্রতিনিধিদের ডেকে নিয়ে এসে তাঁদের সংগে আলোচনা করুন এবং ফোর্থ ফাইভ ইয়ার প্ল্যানে মন্ত্রীমণ্ডলীর পক্ষ থেকে তাঁরা কি দেবেন সেটার একটু সঠিক সুনির্দিষ্ট প্রতিশ্রুতি দিয়ে এই অবস্থার অবসান ঘটান। গত ৭ দিন যাবৎ শিক্ষক শিক্ষিকারা এই প্রচণ্ড ঝড় জলের মধ্যে এবং এই শীতের রাতে কি অবস্থায় ওখানে রাস্তায় পড়ে আছেন এবং কি অবস্থায় তাঁরা থাকেন সেটা মুখ্যমন্ত্রী মহাশয় নিজে থেকেই দেখে গেছেন। অত্যন্ত পরিতাপের বিষয় ডি, পি, আই, মারফৎ যে সার্কুলার দেওয়া হয়েছে তা অত্যন্ত জঘন্য এবং অত্যন্ত অপমানকর। সেই সার্কুলার তুলে নিন এবং শিক্ষক শিক্ষিকাদের প্রতিনিধিদের সংগে বসে এর একটা মিটমাট করুন। দেশের শিক্ষার আর কতদিন এই দুর্দিন চলবে? সেইজন্য আমি আবার মুখ্যমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি যে স্কুল কলেজ আর যেন বন্ধ না রাখা হয় এবং ছেলে মেয়েরা যাতে পড়াশুনা করতে পারে অন্ততঃ সেদিকে একটু নজর দেওয়া দরকার। সেদিন মুখ্যমন্ত্রী তাঁর বক্তৃতার সময় তিনি বলেছিলেন যে পশ্চিমবাংলার শিক্ষার স্তর নিম্নে নেমে যাচ্ছে। আমি তাঁকে অনুরোধ করব যে অন্ততঃ পক্ষে তিনি সেদিকে নজর রেখে এখুনি তার একটা ব্যবস্থা করুন। এই বক্তব্য আমি তাঁর কাছে পেশ করছি।

Shri Hemanta Kumar Basu:

স্পীকার মহোদয়, গত ৭ দিন ধরে শিক্ষক-শিক্ষিকারা এসপ্ল্যানেড ইস্ট ময়দানে অবস্থান ধর্মঘট শুরু করেছেন। এর আগে আমরা বহুবার মন্ত্রীমহাশয়দের বলেছি এবং শিক্ষামন্ত্রী ও অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছিলাম যে বর্তমানে এঁদের প্রতিনিধিদের সংগে দেখা করে কথাবার্তা বলাই একমাত্র উপায় বলে আমরা মনে করি। তাঁদের যে দাবী একটি হচ্ছে ডি, পি, আই'র সার্কুলার তুলে নেওয়া আর একটি হচ্ছে ফোর্থ ফাইভ ইয়ার প্ল্যানের প্রথম মাসেই তাঁরা তাদের দাবীগুলি সম্বন্ধে বিবেচনা করবেন এই বলে একটা প্রতিশ্রুতি দেওয়া। সে বিষয়ে শিক্ষামন্ত্রী এবং অর্থমন্ত্রীকে আমরা বলেছিলাম, শিক্ষামন্ত্রী বললেন মুখ্যমন্ত্রী না এলে এ বিষয়ে কিছু বলা যাবে না। মুখ্যমন্ত্রী এসেছেন, সেইজন্য মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি তিনি যদি শিক্ষক মহাশয়দের দাবী সম্বন্ধে একটু কথাবার্তা বলেন তাহলে এই বিষয়ের মিটমাট হতে পারে। তাঁদের দাবীগুলি খুব সরল—সেটা হচ্ছে যে ডি, পি, আই'র সার্কুলার তুলে নেবেন এবং ফোর্থ ফাইভ ইয়ার প্ল্যানে তাদের দাবী সম্বন্ধে বিবেচনা করবেন বলে একটা প্রতিশ্রুতি দেবেন।

Shri Nani Bhattacharjee:

স্পীকার মহাশয়, শিক্ষক মহাশয়দের সম্বন্ধে একটু আগেই যে কথা হেমন্তবাবু এবং অন্যান্য মাননীয় সদস্যরা বললেন, আমিও সেই কথাই বলতে চাই এবং চীফ মিনিস্টারের কাছে অনুরোধ রাখছি যাতে আজকেই তিনি শিক্ষক মহাশয়দের প্রতিনিধিদের ডেকে এ বিষয়টি মিটিয়ে ফেলবার চেষ্টা করেন। কেন সর্ত আরোপ করা যাচ্ছে না এবং কি হলে না হলে সেগুলিকে এক্সপ্লোর না করে কি ব্যবস্থার ভিতর দিয়ে মীমাংসা করা যায় সেই ব্যবস্থা করা দরকার। অন্যদিকে বলছিলাম যে আপনারা ২৪ তারিখ থেকে ২৭ তারিখ পর্যন্ত স্কুল-কলেজ বন্ধের মেয়াদ বাড়িয়ে দিয়েছেন। এই জন্য বাংলাদেশের লোকের মধ্যে নানা রকম সংশয় জাগছে।

[2-20—2-30 p.m.]

Shri Nani Bhattacharjee:

এতে করে বাংলা দেশের লোকের মধ্যে অনেক সংশয় জাগছে, সুতরাং যেভাবে হোক শিক্ষকদের যে দাবী সেই দাবীকে কত খানি স্বীকার করে নিতে পারেন এগুলি যত তাড়াতাড়ি হয় সম্ভব হয় একটা ফয়সলা করে ফেলা দরকার। সেদিক থেকে ডেপুটি স্পীকার মহাশয় তিনি বলুন চীফ মিনিস্টারকে আপনি অনুরোধ করুন যে আজকে ডেকে তাদের সঙ্গে আলোচনা করে একটা মীমাংসা করবার চেষ্টা করবেন।

Shri Sailendra Nath Adhikari:

ডেপুটি স্পীকার মহাশয়, আজকে মুখ্যমন্ত্রী দিল্লী থেকে এসেছেন এবং দিল্লীতে যে পরিবেশের মধ্যে থেকে তিনি এসেছেন সেটা খুব হতাশাব্যঞ্জক নয়। কিন্তু এই পশ্চিম বাংলায় যে অবস্থা হয়েছে বিশেষত এই শিক্ষার ব্যাপারে তাতে মুখ্য মন্ত্রীর কাছে আমার বিশেষ অনুরোধ যে আজকে ঐ পথে শিক্ষকরা পড়ে আছে তাঁরই দেশের যারা শিক্ষক এবং তাঁদের দেশের যারা ছেলে তারাও আজ স্কুল যেতে পাচ্ছে না—এই অবস্থার মধ্যে সমস্ত পশ্চিমবাংলার চেহারাটা এই হয়ে দাঁড়িয়েছে—পশ্চিমবাংলার মানুষ আজকে ভাবছে যে তারা তাদের ছেলেপিলে নিয়ে কি করবেন এবং শিক্ষকদের যে দাবী সেই দাবীর ন্যায্যতা সম্বন্ধে অন্ততঃপক্ষে বিভিন্নভাবে মন্ত্রী মহোদয় বলেছেন যে হ্যাঁ, ন্যায্যতা আছে—কাজেই মুখ্যমন্ত্রীকে বলবো তিনি এই সিচিউয়েসনকে ট্যাকল করবার জন্য এই অবস্থার উপর নিজেকে উঠিয়ে দেশের এই গুরুতর অবস্থা মেটাবার জন্য অগ্রসর হোউন। তাহলে দেশের লোক অন্ততঃপক্ষে তাঁকে এ্যাপ্রিসিয়েট করবেন।

Shri Bejoy Kumar Banerjee:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমার বন্ধুবান্ধব এখানে যা বললেন আমি ওঁদের সঙ্গে সম্পূর্ণ একমত। আমি মনে করি এখন মুখ্য মন্ত্রী এসেছেন—এটা মিটে যাবে—কারণ মুখ্য মন্ত্রীর উপর আমাদের যতটুকু ভরসা আমরা করি—উনি খুব ঠাণ্ডা প্রকৃতির লোক এবং উনি ঝামেলা-ঝঞ্ঝির মধ্যে যেতে চান না কাজেই আশা করি এটা মিটে যাবে আমাদের অনুরোধ উপরোধ করার দরকার নেই এই সমস্ত সমস্যাগুলি গোড়া থেকে সমাধান হয়ে যাওয়া ভাল—কারণ দিনকাল খুব খারাপ চতুর্দিকে ঝামেলা মুখ্য মন্ত্রী আমাদের অভিজ্ঞ লোক—এতে মান অপমানের কি আছে ওঁদের সঙ্গে ডেকে কথা বলুন—যদি আমাদের সাহায্যের দরকার আমরা সাহায্য করতে পারি—এদের যতটা পারেন দিন—না হয় খানিকটা দিন এইরকম ভাল মন্দ মিলিয়ে আপনি ঠিক করে দিন। আমি জানি নিশ্চয়ই এটা মিটমাট হয়ে যাবে—মুখ্যমন্ত্রী এসেছেন—তিনি এখানে দাঁড়িয়ে দয়া করে বলুন—ঠিক হয়ে যাবে তা না হলে বড় গোলমাল হচ্ছে ছেলেপিলেরা স্কুলে যাচ্ছে না—কোন দিন পুলিশে গুলি করে কি করে ঠিক নেই। কাজেই আপনি এটা দয়া করে করে দিন।

Shri Anadi Das:

ডেপুটি স্পীকার মহাশয়, আজকে শিক্ষা ব্যবস্থায় অত্যন্ত বিপর্যয় এসেছে—বারবার স্কুল কলেজগুলি বন্ধ থাকছে—একটা অত্যন্ত ভয়ানক সঙ্কট শিক্ষা ক্ষেত্রে উপস্থিত হয়েছে—আর যে যে কথা বলা হচ্ছে খবরের কাগজে দেখলাম মুখ্য মন্ত্রী সম্মেলন হবার আগে না কি এই স্কুলকলেজগুলি খোলাবার ব্যবস্থা করতে পারছেন না—এই কথা বলে অন্য দিকে এটাকে নিয়ে যাওয়া হচ্ছে—কিন্তু আমরা মনে করছি যে স্কুল কলেজগুলি বন্ধ রাখা হয়েছে প্রকৃতপক্ষে শিক্ষকদের এই ধর্মঘটকে কেন্দ্র করে—এইভাবে এটাকে অন্য দিকে নিয়ে গিয়ে তারা বাংলা দেশকে হেয় করবার যেন চেষ্টা করছেন—যেখানে হিন্দী ভাষা নিয়ে যদিও মানুষের অনেক বিক্ষোভ আছে কিন্তু এমনতর কিছু সৃষ্টি হয় নি যাতে কোন অপ্রীতিকর ঘটনা ঘটতে পারে। নিশ্চয় হিন্দী ভাষা নিয়ে বিক্ষোভ আছে—কাজেই সেই কারণ দিয়ে একেবারে বাংলা দেশের সমস্ত স্কুল কলেজ

বন্ধ করে দেওয়া হোল এটা অত্যন্ত অপ্রীতিকীর অবস্থা এবং বাংলা দেশের চরিত্রের উপর একটা অত্যন্ত স্লার। শিক্ষকদের ধর্মঘটের ব্যাপারে অত্যন্ত লজ্জার কথা এটা উল্লেখ করা উচিত যে তাদের ৩০টাকার বেতন মাত্র ৩০ টাকার জন্য তারা রাস্তায় বসে আছে—মাইনে বৃদ্ধির জন্য মাত্র ৫ টাকা দিয়ে তাদের লজ্জাজনক অবস্থায় এনে ফেলা হয়েছে কাজেই আমি বলছি যে এই শিক্ষক মহাশয়দের ডেকে এনে একটা ব্যবস্থা আপনারা করুন—আপনারা কেবল দাবী করছেন—যে শিক্ষকরা আগে ধর্মঘট উইথড্র করুন তার পর কথা বলা যাবে এই রকম অবস্থা কেন। তারা একটা ডেফিনিট এ্যাসিওরেন্স চাচ্ছে যে কোন প্রকার কিছু ব্যবস্থা করা হোক—আমরা এখান থেকে বলতে পারি তারা কি চাইবেন না চাইবেন কি হবে কি করে মীমাংসা করা যায় অন্তত একটা সুরাহার ব্যবস্থা মন্ত্রীমহাশয় করুন হাউসের সমস্ত পক্ষ থেকে এই কথা বলছেন—কাজেই তিনি এ ব্যাপারে একটু অগ্রসর হউন।

Shri Kanai Pal:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে এই কথাই বলবো যে বর্তমান মন্ত্রী মণ্ডলী কামারকে ইস্পাৎ ফাঁকি দেবার যে নীতি নিয়ে চলেছেন সেই নীতি তাঁরা বর্জন করুন। যাঁরা জাতিকে গঠন করবে—জাতির মেরুদণ্ডকে সোজা করবে তাদের এই নিম্নতম দাবী সেটাকে অস্বীকার করে তাদের ভবিষ্যতকে এবং নিজেদের ভবিষ্যতকে যেন নষ্ট না করেন।

Shri Girish Mahato:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি বলতে চাই, যে এই শিক্ষকদের ব্যাপারটাকে তাঁরা মীমাংসা করে ফেলুন—আমরা প্রত্যেকদিন শিক্ষকদের বিষয়ে অনুরোধ করে আসছি—যাতে একটা সুন্দর মীমাংসা হয়। মুখ্য মন্ত্রী এতদিন ছিলেন না—আমরা শুনেছি আমাদের মুখ্য মন্ত্রী নাকি আরামবাগের গান্ধী তাঁর এই শত শত হাজার হাজার শিক্ষক তাঁরা আজ দিনের পর দিন যে ঐ ফুটপাতে পড়ে রয়েছেন এতে নিশ্চয়ই মুখ্য মন্ত্রীর হৃদয় আজ বিগলিত হয়েছে—তবে এও আমরা জানি যে এই কংগ্রেস সরকার একটা গুরুতর পরিস্থিতি না হলে কোন জিনিসেরই মীমাংসা করেন না—আজ অনেক দিন ধরে তাঁরা সেখানে বসে রয়েছেন। কাজেই আমি মুখ্য মন্ত্রীকে বিশেষ অনুরোধ করছি যে আজই এর একটা ব্যবস্থা করুন।

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই মাত্র বিভিন্ন দলের নেতাদের কাছ থেকে শিক্ষক মহাশয়রা যে অবস্থান ধর্মঘট করছেন সে সম্বন্ধে আমি শুনলাম দুটো দাবীর কথা তাঁরা বললেন একটা দাবী হচ্ছে—ডিরেক্টর অব পাবলিক ইনস্ট্রাকসন যে সার্কুলার দিয়েছেন তা উইথড্র করো—তাঁরা যখন অবস্থান ধর্মঘট করেছিলেন তখন আমরা এই দাবীর কথা শুনি নি। দ্বিতীয় দাবী হচ্ছে যে তাঁদের সঙ্গে থেকে কথা বলুন। আমরা তো বহুবার বলেছি যে আমাদের দরজা উন্মুক্ত, তাঁরা এসে আমাদের সঙ্গে কথা বলতে পারেন এবং তাঁরা কথা বলছেন আমাদের কাউন্সিলর শ্রীসত্যপ্রিয় রায় একজন শিক্ষক নেতা—তিনি তো অনেক কথা বলছেন—আমরাও শুনেছি কথা বলতে কোন আপত্তি নেই—যদি কথা বল্লে কোন ফল হয় তাহলে নিশ্চয়ই আমরা কথা বলতে রাজী আছি—তবে মাননীয় সদস্যগণ সকলেই জানেন যে আমরা তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে আমাদের মাননীয় অর্থমন্ত্রী যে কথা ঘোষণা করেছেন—তার চেয়ে আমরা বেশী দিতে পারবো না—আমাদের আর্থিক সঙ্গতি নেই—সে কথা শিক্ষক মহাশয়দের প্রতিনিধিদের সঙ্গে আমরা আলোচনা করেছি—দ্বিতীয়তঃ চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আমরা কি দিতে পারবো—কি না পারবো তা নির্ভর করছে আমাদের পরিকল্পনা কত বড় হবে তার উপর। আমি বলেছি এবং খসড়া পরিকল্পনা মাননীয় সদস্যদের দেওয়া হয়েছে যে আমরা ৬১৮ কোটি টাকার মত যদি পরিকল্পনা হয়

তাহলে আমরা শিক্ষা খাতে ব্যয় করবো ৭৭ কোটি টাকা। আমরা তৃতীয় পঞ্চ-বার্ষিকী পরিকল্পনায় ধার্য করেছিলাম ৩৬ কোটি-টাকা কিন্তু শিক্ষক মহাশয়দের বেতন আমরা অনেক বৃদ্ধি করেছি—ডি. এ. বৃদ্ধি করেছি-তাতে আমাদের ৩৬ কোটি টাকাটা গিয়ে দাঁড়াবে ৫১ কোটি টাকা—একথা পূর্বেই বলছি—এবং এখন আমরা দেখছি যে সেটা ৫৩ কোটিতে গিয়ে দাঁড়াবে। কাজেই শিক্ষক মহাশয়দের সম্বন্ধে আমরা উদাসীন বা শিক্ষা বিষয়ে আমরা উদাসীন—একথা সত্য নয়। এবং চতুর্থ পরিকল্পনার শেষ পর্যন্ত সাইজ কি হবে আমরা এখন কেউ তা বলতে পারছি না। আমরা যেটা মনে করেছি যে যখন তৃতীয় পরিকল্পনায় ৩১০ কোটি টাকা পর্যন্ত হোল অন্ততঃ তার দ্বিগুণ আমাদের চতুর্থ পরিকল্পনায় হওয়া উচিত ৬১৭.১৮ কোটি টাকা।

তাতে আমরা শিক্ষা খাতে ৭৭ কোটি টাকা ধরেছি। এসব বাদে ইউনিভার্সিটি গ্রাণ্টস কমিশান একটা কমিটি বসিয়েছেন শিক্ষক মহাশয়দের বেতন ইত্যাদি সম্বন্ধে আলোচনা করবার জন্য। তাঁদের যে নির্ধারণ হিসেব সেই নির্ধারণ কেন্দ্রীয় সরকার যদি মেনে নেন তাহলে আমরা তাঁদের নির্ধারণ অনুসারে কাজ করব। মাননীয় শিক্ষক মহাশয়রা আমার সঙ্গে কথা বলতে পারেন কিন্তু এখন আমি যা বললাম এর চেয়ে বেশী কিছু বলতে পারব না। আর ডি. পি. আই. সার্কুলার সম্বন্ধে যে কথা বলেছেন সে সম্বন্ধে কথা হচ্ছে শিক্ষক মহাশয়রা স্ট্রাইক করলে সেটা বলবৎ থাকবে। আর যদি স্ট্রাইক উইথড্র করে নেন তাহলে বিবেচনা করব।

[2-30—2-40 p.m.]

Shri Nikhil Das:

মিঃ ডেপুটি স্পীকার মহাশয়, দুটো কথা এখানে পরিস্কার হল না—একটা কথা হচ্ছে উনি বললেন শিক্ষকরা যদি দেখা করতে চান দেখা করতে পারেন। আমাদের তরফ থেকে পরিস্কার প্রস্তাব ছিল উনি মুখ্যমন্ত্রী, উনি ডাকুন, ডেকে আলাপ করুন এই এক নম্বর দ্বিতীয় নম্বর হচ্ছে ডি. পি. আই.এর যে অর্ডার সেটা কি একটা জিদের ব্যাপার? শিক্ষকরা যদি অবস্থান ধর্মঘট তুলেন তবে তারা ওটা তুলবেন এটা কি জিদের ব্যাপার? আমি স্যার, আপনার মাধ্যমে মুখ্য মন্ত্রী মহাশয়ের কাছে বলব এটা জিদের ব্যাপার নয়, শিক্ষক মহাশয়রা বসে আছেন তাঁদের দাবি-দাওয়া নিয়ে, তার ফলে অচল অবস্থার সৃষ্টি হবে স্কুল কলেজ বন্ধ থাকবে। এই যে অচল অবস্থা সঙ্কটজনক অবস্থা এই অবস্থার অবসান কল্পে সরকারের দায়িত্ব রয়েছে। মুখ্যমন্ত্রী সরকারের মাথায় বসে আছেন, মুখ্য মন্ত্রীর দায়িত্ব সব চেয়ে বেশী। তাই দুটো কথা বলছি—এক নম্বর হচ্ছে শিক্ষক প্রতিনিধিদের ডাকুন, ডেকে আলাপ করুন। দুই নম্বর হচ্ছে এটা জিদের ব্যাপার নয় যে ওরা ধর্মঘট তুলবে তারপর ডি. পি. আই. এর নোটিফিকেশান তুলব। এই জিদ করলে বাংলা দেশের ক্ষতি হবে। তাই ডি. পি. আই. এর সার্কুলার তোলার সঙ্গে ধর্মঘটের কোন সম্পর্ক নেই। উনি বললেন যখন ধর্মঘট করেছিল তখন ডি. পি. আই.-এর সার্কুলার তোলার দাবি ছিল না। পরে অবস্থা আরো জটিল হয়েছে এবং যে জটিলতা তারা সৃষ্টি করেছে সেই জটিলতার বাঁধন খোলার দায়িত্ব সরকারের অনেক বেশী। সেদিক থেকে আপনার মাধ্যমে বলছি উনি শিক্ষক মহাশয়দের ডাকুন, ডেকে বলুন তিনি আলাপ করতে চান। ৮।৯ দিন অবস্থান ধর্মঘটের ফলে যে অবস্থার সৃষ্টি হয়েছে সেই অবস্থার পরিপ্রেক্ষিতে শিক্ষকদের সাথে আলাপ করতে বলছি। সেজন্য এই কথা বলতে চাই যে এই হাউসে বিভিন্ন দলের নেতা যাঁরা বলেছেন তাঁদের ডেকে তাঁদের সঙ্গে আলাপ করুন। উনি মুখ্যমন্ত্রী, ওঁর দরজা খোলা আছে, ওঁর কাছে সব সময় সবাই গিয়ে আলাপ করতে পারেন জানি। কিন্তু ইনিসিয়েটিভ সরকারের তরফ থেকে আসা উচিত, মুখ্যমন্ত্রীর কাছ থেকে আসা উচিত এবং ডি. পি. আই. এর নোটিশ তোলার সাথে ধর্মঘটের কোন সম্পর্ক নেই। ধর্মঘট তুললে নোটিশ তুলব এটা অন্যায় কথা। একথা মুখ্যমন্ত্রীর কাছ থেকে আশা করিনি।

The Hon'ble Prafulla Chandra Sen:

মুখ্যমন্ত্রী যে কথা বলছেন তার চেয়ে বেশী আর কিছু বলতে পারবেন না। এখানে বিরোধী ৬।৭টি দল দেখলাম বার বার উঠে বললেন। তাঁরা অনুগ্রহ করে শিক্ষক মহাশয়দের প্রতিনিধিদের ৪।৫ জনকে আমার কাছে নিয়ে আসবেন। আমি তাঁদের কাছে গিয়ে ডাকতে পারব না।

Shri Kashi Kanta Maitra:

মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় একটা গুরুত্বপূর্ণ স্টেটমেণ্ট করলেন। আমি তাঁর কাছ থেকে ক্ল্যারিফিকেশান চাচ্ছি। তিনি ফোর্থ ফাইভ-ইয়ার প্ল্যানের সাইজ সম্বন্ধে একটা ইণ্ডিকেশান দিলেন এবং শিক্ষা খাতে ৭৭ কোটি টাকার মত বরাদ্দ করেছেন ভাল কথা। আমি শুধু ক্ল্যারিফিকেশান চাচ্ছি প্রথমতঃ এর সাইজ ক্যালকুলেট করবার সময় শিক্ষকদের বেতন বাড়াবেন এবং সেই কমিটমেন্ট রেখেছিলেন কিনা সেকথা জানতে চাই। কেন না যদি তা না করেন তাহলে সাইজ অব দি প্ল্যান এর এ্যাভেলেবিলিটি অব সেণ্ট্রাল রিসোর্সেস তার উপর নির্ভর করবে না। সুতরাং মুখ্যমন্ত্রী যা ঘোষণা করলেন তারপরে যদি ঠিক বলেন যে আমরা ফোর্থ প্ল্যানের যে সাইজ করেছি তার মধ্যে এডুকেশান খাতে যে টাকা এ্যালোকেশান করেছি সেই এ্যালটমেন্ট যখন ঠিক করেছিলাম তখন

We have in view the idea of increasing the salary and pay of the teachers.

এটা যদি থাকে তাহলে বুঝতে পারি যে ফোর্থ প্ল্যানের মধ্যে পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষা দপ্তর থেকে শিক্ষকদের বেতন বাড়াবেন। কিন্তু এই স্পষ্ট ইঙ্গিত পাওয়া যায় নি। দ্বিতীয় কথা হচ্ছে অনেক দিন আগে এই হাউসে একটি গুরুত্বপূর্ণ বিবৃতি দিয়েছিলেন যে একটা অল পার্টি কমিশন করবেন। আমি কোন ডিস্ট্রাকটিভ মনোভাব নিয়ে বলছি না, আমি বিনয়ের সঙ্গে বলছি বাংলাদেশে যখন একটা শিক্ষা কমিশান করবার কথা বলেছেন তখন তিনি যদি একটা বিবৃতি দিয়ে বলে তার একটা টার্মস অব রেফারেন্স ঠিক করে দেন যে আগামী ৬ মাসের মধ্যে সেই কমিশন রিপোর্ট সাবমিট করবে তাহলে ভাল হয়। অল পার্টি কমিশান যদি করেন আমি বলছি এই মধ্যে বাইরের লোক কিছু রাখা উচিত এবং আমার সাজেসান হচ্ছে পশ্চিমবঙ্গ কলকাতা হাই কোর্টের প্রাক্তন বিচারপতি ফনি ভূষণ চক্রবর্তী যাঁর ইমপার্শিয়ালিটি সম্বন্ধে এপক্ষ ওপক্ষ একমত এবং তাঁকে কয়েকটা গুরুত্বপূর্ণ জায়গায় পশ্চিমবঙ্গ সরকার রেখেছিলেন, তাঁকে চেয়ারম্যান করে ৬ মাসের মধ্যে একটা রিপোর্ট পেতে পারেন, এ সম্বন্ধে যদি একটা বিবৃতি দেন তাহলে আমার মনে হয় সে সম্বন্ধে একটা কাজের কাজ হয়।

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় এখানে আবার নানারকম আলোচনা আরম্ভ হচ্ছে। আপনি কি এই সব আলোচনা এখন করতে দেবেন? এ বিষয়ে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

Mr. Deputy Speaker:

আমি মিঃ মৈত্রকে একটা কথা বলছি। মুখ্য মন্ত্রী মহাশয় কিছুদিন পূর্বে এখানে একটা এডুকেশান কমিটি গঠনের কথা বলেছিলেন। উনি ঐ কথা বলার পরে আর এ জিনিষ নিয়ে আলোচনা করবার স্কোপ নাই। আপনি যদি ইনসিস্ট করেন কমিশান হোক, এ বিষয়ে আলোচনা করা হোক—বিভিন্ন দলের নেতাদের নিয়ে বলা হোক, এ বিষয়টা নিয়ে যদি আলোচনা করতে হয় তাহলে এখানে এটা বন্ধ করুন এবং এডুকেশান কমিশন যাতে শীঘ্র গঠিত হয়—তার উপর ইনসিস্ট করুন। তাতে উভয় পক্ষের ভাল হবে। এখন যদি শিক্ষকদের প্রতিনিধি কেউ আসেন ও আলোচনা করেন তাহলে সেই আলোচনায় এটা নিষ্পত্তি হবে বলে আমি মনে করি না। শিক্ষা কমিশান হবে বলে যে ঘোষণা করা হয়েছে, তার উপর জোর দিন; তাহলে বিষয়টার মীমাংসা

হবে, এর মীমাংসা কেবল আপনাদের কথায় হবে না। আর এ বিষয়টা নিয়ে নাড়াচাড়া করবেন না। এখন জেনারেল ডিসকাশন অফ দি বাজেট -এ আসি। এ বিষয়ে আর যদি আলোচনা করেন, তাহলে আমি এ্যালাউ করবো না।

Shri Kashi Kanta Maitra:

আমাকে তা বলেন নি। হেমন্তবাবু ও সোমনাথবাবু যা বলেছেন তা সমর্থন করি। মুখ্যমন্ত্রী মহাশয় স্টেটমেণ্টে বললেন যে ফোর্থ ফাইভ ইয়ারস প্ল্যান-এ শিক্ষা খাতে ৭৭ কোটি টাকার ব্যবস্থা হয়েছে। তাতে শিক্ষকদের মধ্যে আমি দেখলাম একটা এ্যাংজাইটি দেখা দিয়েছে সেই এ্যাংজাইটি দূর করবার জন্য তিনি এ বিষয়ে গভর্ণমেণ্টকে একটা এ্যাসুরেন্স দেবেন কিনা ? প্রথমদিকে নিখিল বাবু যেটা আরম্ভ করেছিলেন, আমিও সেই কথা বলছি মুখ্যমন্ত্রী সে প্রশ্ন এড়িয়ে চলে গেলেন, উত্তর দিলেন না। তিনি বলেছেন ৭৭ কোটি টাকা ফোর্থ প্ল্যানে ব্যয় করবেন। তার মধ্যে যদি শিক্ষকদের জন্য ইনক্রীসড এমোলুমেণ্টস ও পেস্কেল সম্বন্ধে বিবেচনা করেন,—তাহলে পশ্চিমবঙ্গ সরকারকে ধন্যবাদ জানাতে পারি।

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই সমস্ত কথা আন্দাজের কথা হচ্ছে। আমাদের প্ল্যানের সাইজ কত বড় হবে তা ড্রাফট প্ল্যানে একটা আন্দাজ দিয়েছে মাত্র। শেষ পর্যন্ত প্ল্যানের সাইজ কি দাড়াবে তা এখন বলতে পারব না। কাজে কাজেই এখন কোন রকম চরম কথা বলা অসম্ভব। এর কোন আলোচনা আর হতে পারে না।

Mr. Deputy Speaker: General discussion of the Budget.

Shri Hemanta Kumar Basu:

আমি খালি মুখ্যমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি, আমি কোন সর্ত দিয়ে তাকে বলছি না— যে এই সর্তে ডাকুন। আমি বলছি তাঁদের একবার ডেকে পাঠিয়ে মুখ্যমন্ত্রী মহাশয় তাঁদের সঙ্গে কথা বলুন।

The Hon'ble Prafulla Chandra Sen:

নূতন এমন কিছু ঘটেনি যার জন্য তাঁদের ডাকতে হবে। আমি জানতাম যে তাঁরা স্ট্রাইক করবেন। আমি মাননীয় সদস্যদের কাছে এই কথা বলতে চাই যে শিক্ষক মহাশয়দের প্রতিনিধিরা আমার সঙ্গে দেখা করেছিলেন অবস্থান ধর্মঘটের পূর্বে তাঁদের সঙ্গে আলোচনা করেছি, তাঁদের সঙ্গে আলোচনা করে যে সমস্ত কথা বলেছি আমি হাউসে সে কথা দুবার বলেছি। আজকেও আমি তার পুনরাবৃত্তি করেছি। তার চেয়ে বেশী আমি কোন কথা বলতে পারবো না। কাজে কাজেই তাঁদের ডেকে পাঠাবা কোন অবকাশ নাই।

Shri Sambhu Charan Ghosh:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই মাত্র আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় হাউসের সামনে বললেন যে এমন কোন নূতন অবস্থা ঘটে নি যার জন্য সরকারকে এগিয়ে এসে মিটমাট করতে হবে। আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। একথা ঠিক মাধ্যমিক শিক্ষকরা তাঁদের দাবী রেখেছেন, অবস্থান ধর্মঘট করবেন জানিয়েছেন, এখন আবার নূতন অবস্থা কী ? নূতন অবস্থা হচ্ছে অবস্থান ধর্মঘট যখন তাঁরা করলেন- তখন সরকারের তরফ থেকে বার বার কয়েক দফায় স্কুল কলেজ বন্ধ করে দেওয়া হলো। আর দু দিন বাদেই স্কুল ফাইন্যাল, হায়ার সেকেণ্ডারী, প্রি-ইউনিভার্সিটি, বি-এ পরীক্ষা আরম্ভ হবে। এতে করে সমস্ত ছাত্র একটা বিরাট ক্ষতির সামনে এসে

দাড়িয়েছে। সেইজন্য এটা সরকার বা শিক্ষকদের জিদের প্রশ্ন নয়। আজকে যেখানে সমস্ত ছাত্রসমাজ বিপদের সামনে এসে দাড়িয়েছে, আপনার মাধ্যমে তাই মুখ্য-মন্ত্রীকে অনুরোধ জানাই এখনই সরকারের অগ্রসর হয়ে আসা উচিত যাতে করে এই স্টেলমেট অবস্থা না থাকে। সরকার জিদ পরিত্যাগ করে এগিয়ে আসুন। আপনার কাছে আবেদন করবো বাংলাদেশের ছাত্র সমাজের মুখের দিকে তাকিয়ে বাংলাদেশের অভিভাবকদের মুখের দিকে তাকিয়ে এবং শিক্ষকদের কথা চিন্তা করে আপনি অগ্রণী হয়ে আসুন এবং এমন একটা পথ বাতলে দিন যাতে আশু মিট-মাটের সম্ভাবনা থাকে।

[2-40—2-50 p.m.]

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি সমস্ত লোকের কথা ভেবে, শিক্ষকদের কথা ভেবে, অবস্থান ধর্মঘটের কথা ভেবে, ছাত্র-ছাত্রীদের কথা ভেবে, শিক্ষা সমস্যার কথা ভেবে, অভিভাবকদের কথা ভেবে, অন্যান্য সকলের সমস্যার কথা ভেবে বিবৃতি দিয়েছি—নূতন কিছু বলবার নেই।

Shri Nikhil Das:

আমাদের বক্তব্য খুব সোজা, কিন্তু উনি তার উত্তর না দিয়ে এড়িয়ে গেলেন। আমরা বলে-ছিলাম আপনি দয়া করে তাঁদের ডাকুন।

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি বলেছি আমার নূতন কোন কথা বলবার নেই এবং আমি কোন ফাইনান্সিয়াল কমিট-মেণ্ট করতে পারব না। আমাদের অর্থ মন্ত্রী মহাশয় তাঁর আয়-ব্যয়ের হিসেব পেশ করবার সময় যে কথা ঘোষণা করেছেন তার চেয়ে এক পয়সাও বেশী এই তৃতীয় পরিকল্পনার মধ্যে দিতে পারব না। তারপর আমরা যে প্রস্তাব দিয়েছি সেটা যতক্ষণ পর্যন্ত পুরাপুরি প্ল্যানিং কমিশন-এর দ্বারা গৃহীত না হয় ততক্ষণ পর্যন্ত চতুর্থ পরিকল্পনায় কি দিতে পারব সে সম্বন্ধেও কোন কথা আমি বলতে পারব না।

Shri Somnath Lahiri:

খসরাতে কত রাখবেন সে সম্বন্ধে আমাদের শিক্ষামন্ত্রী মহাশয় প্রতিনিধিদের সঙ্গে আলাপ করতে পারেন—অর্থাৎ খসরাতে যত সম্ভব তারা সন্তুষ্ট হতে পারেন সেটা নিয়ে তাঁদের সঙ্গে আলোচনা করতে পারেন। তাছাড়া এমনও হতে পারে যে, আপনার পক্ষে যদি এখনই কিছু দেওয়া সম্ভব না হয় তাহলে সেই খসরাতে এইভাবে চেষ্টা করবেন এরকম একটা আণ্ডারস্ট্যাণ্ডিং যদি উভয় পক্ষের মধ্যে হয় তাহলে তার ভিত্তিতে মিটমাট হতে পারে

The Hon'ble Prafulla Chandra Sen:

এটা স্তোক বাক্যের কথা নয়।

Shri Somnath Lahiri:

খসরাতে যেটা দিয়েছেন তাতে যদি বিবেচনা করতে পারেন এবং তাঁদের সঙ্গে কথা বলে যদি একটা সিদ্ধান্তে আসতে পারেন তাহলে মীমাংসা হতে পারে। আমার আর একটা সাজেশন হচ্ছে আপনি তাঁদের ডেকে দেখুন মীমাংসা হয় কিনা। তারপর, আপনার দিল্লী যাবার পূর্বে চতুর্থ পরিকল্পনার কথা ওঠেনি, এখন উঠেছে। কাজেই আমার কথা হচ্ছে এইভাবে বিষয়টা আলোচনা করার পর সমাধান হয় কিনা সেটা আপনি ব্যক্তিগতভাবে দেখুন এবং এইভাবে যদি মিটমাট হয় তাহলে ভালই হবে।

The Hon'ble Prafulla Chandra Sen:

কি বিষয় মিটমাট হবে আমি বুঝতে পারছি না। আমাদের আর্থিক সঙ্গতি যেটা আছে তাতে করে ১৯৬৫ সালের ৩১শে মার্চ পর্যন্ত আমরা কিছু দিতে পারব না। ১৯৬৬ সালের এপ্রিল থেকে যখন আমাদের চতুর্থ পরিকল্পনা আরম্ভ হবে তখন কত দিতে পারব সেটাও নির্ভর করছে পরিকল্পনা কমিশন আমাদের সেই খসরা কি ভাবে গ্রহণ করেন তার উপর। কাজেই এখন আন্দাজে আমি কি হিসেবে বলব?

Shri Somnath Lahiri:

আপনি তাঁদের সঙ্গে কথা বলছেন না কেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

চতুর্থ পরিকল্পনার খসড়া আমি তাঁদের সঙ্গে আলোচনা করে রচনা করতে পারব না।

(নয়েজ এ্যাণ্ড ইন্টারাপসনস)

Shri Syed Abul Mansur Habibullah:

স্যার, আমরা যে দৃষ্টিভঙ্গী নিয়ে মুখ্যমন্ত্রীর কাছে প্রশ্নটি রেখেছিলাম এবং উনি যে কথা উত্থাপন করেছেন তাতে আমরা আমাদের প্রশ্নের জবাব পাইনি। আজকে এই প্রশ্ন শুধু শিক্ষক এবং কলিং পার্টির নয়, এ প্রশ্ন হচ্ছে বাংলাদেশের অগণিত ছাত্র এবং বাঙ্গালী সমাজের। আজকে শিক্ষকরা অবস্থান ধর্মঘট করে রয়েছেন এবং ভবিষ্যতে একটা ধর্মঘটের অবস্থা রয়েছে। কাজেই আমি জানতে চাই মুখ্যমন্ত্রী তাঁদের কোথায় নিয়ে যাচ্ছেন? আপনারা কি চান তাঁরা রাস্তায় বসে থাক, আপনারা কি চান সমস্ত ডেড্‌ লক হয়ে যাক, আপনারা কি চান তাঁরা লড়াই করুক অথবা আপনারা কি এই চান যে তাঁদের উপর গুলী চলুক? কাজেই আমার বক্তব্য হচ্ছে শিক্ষক এবং আপনারা ছাড়া সমগ্র ছাত্র সমাজ এবং বাঙ্গালী সমাজ আজ চাচ্ছে যে এর একটা সমাধান হোক এবং সেদিক থেকে এটা একটা আলোচ্য বিষয়।

Shri Nikhil Das:

আমি উনার কাছে আবেদন করছি যে আপনি তাদের ডাকুন। আলোচনাটা খুব সহজ ছিল কিন্তু উনি ওদের ডাকবেন না, মেম্বার হিসাবে একটা প্রিভিলিজ রয়েছে তাতে আমি বলছি একটা ঘটনা ঘটেছে ওদের আপনি ডাকুন, উনি বললেন ডাকবেন না, কথা বলবো না, ওদের সঙ্গে ডেকে কথা বলে কি হবে, কাজেই ওদের ডাকবেন না, কথাও বলবেন না। একটু চিন্তা করে দেখুন। একটা গুরুত্বপূর্ণ ব্যাপার, হাউস থেকে প্রত্যেক দলের নেতা এবং বিভিন্ন সদস্য বার বার করে বলছেন ওদের ডেকে কথা বলুন, এই অবস্থা আমরা সমর্থন করতে পারি না কিন্তু সেটা করতে উনি রাজী হন নি। এর চেয়ে কি ওঁর ব্যক্তিগত প্রেস্টিজই বড় হল। ওঁরা রাস্তায় বসে আছেন, স্কুল বন্ধ, কলেজ বন্ধ, এই ব্যাপারে আপনার দায়িত্ব নেই? একমাত্র কথা হচ্ছে ওঁদের ডেকে যদি কথা না বলেন তাহলে বুঝতে হবে আপনি অন্যায় জিদ করছেন এবং অন্যায় জিদ করে ধর্মঘট করাচ্ছেন। আমি বলি আপনি হাতুড়ি না পিটে তাদের ডেকে একটু বুঝান।

Mr. Deputy Speaker:

নিখিলবাবু আপনি বসুন, আমার কথা শুনুন। এই হাউসে একটা সঙ্গত নিয়ম আছে বিধি আছে আলোচনা করার। এইভাবে কোন গোলযোগ সৃষ্টি করার কথা নয়। যদি আপনার পছন্দ না হয় আপনি এডুকেশন মিনিস্টারের বিরুদ্ধে নো কনফিডেন্স মোশন দিতে পারেন, সমস্ত গভর্নমেণ্টকে আউস্ট করে দিতে পারেন, কিন্তু এই ভাবে তো আলোচনা করতে দিতে পারি না। বাজেট আসছে, জেনারেল ডিসকাশন হবে, এডুকেশন বাজেট আছে, ত

মঞ্জুরী করবেন কেন? আপনারা মঞ্জুরী না করে গভর্নমেণ্টকে বিপদে ফেলতে পারেন। এভাবে আলোচনা করার নিয়ম নয়। এই রকম আলোচনা যদি করতে হয় তাহলে হাউসের বাইরে গড়ের মাঠে গিয়ে আলোচনা করুন।

(নয়েজ)

Shri Nikhil Das:

না; এই হাউসের কোন প্রেস্টিজ নেই........(নয়েজ)

Mr. Deputy Speaker:

আপনারা বসুন, Order, order please I won't allow this.

শুনুন, আপনারা কি মনে করছেন আপনারাই একমাত্র হাউসের সদস্য, গভর্নমেণ্টের কোন দায়িত্ব নেই? আপনাদের দায়িত্ব থাকলে এই গোলযোগ করতে পারতেন না।

Shri Nikhil Das:

ওদের বলুন ডাকতে....

(নয়েজ)

Mr. Deputy Speaker:

এই হাউসে বিপক্ষের কি কর্তব্য আপনারা জানেন না। এদিকে আসলে কি দায়িত্ব সেটা যদি আপনারা জানতেন তাহলে এই রকম গোলমাল করতেন না। এদিকে যদি কোন দিন আপনাদের বসার সুযোগ হয়, তখন আপনারা কি করবেন সেটা জানেন কি? আমরা কিন্তু অতীতে সব সময় ভাবতাম ওখানে যখন আমরা বসবো তখন কি হবে।

[2-50—3 p.m.]

Shri Rabindra Nath Mukhopadhyay:

আসল বিষয়টা বলতে চাই।

Mr. Deputy Speaker:

আপনি জেনারেল ডিসকাসন-এর মাধ্যমে বলুন। কাট মোশানে এ সমস্ত কথা বলতে পারেন। কিন্তু কোন বিষয় নেই। আপনারা গোলযোগ করবেন তা হয় না।

Shri Rabindra Nath Mukhopadhyay:

আমার কয়েকটা কথা মনে হল এবং তাতে একটু দুঃখ পেলাম। আপনি মোটামুটি চিরকালই ভালভাবে হাউস পরিচালনা করে আসছেন, অনেকেই পাল্টেছেন আপনি কিন্তু পাল্টাননি ডেপুটি স্পীকার হিসাবে কাজ করছেন। কিন্তু আজকে এতবড় একটা সিরিয়াস ব্যাপারকে আপনি লঘু করবার চেষ্টা করছেন।

Mr. Deputy Speaker:

লঘু আপনারা করে দিয়েছেন। আপনারা যদি গুরুত্ব বুঝে থাকেন তাহলে মন্ত্রীমণ্ডলীকে আউষ্ট করে দিন এড়কেসান মিনিষ্টার-এর বিরুদ্ধে নো কনফিডেন্স আনুন। আমি লঘু ভাবে দেখছি না আপনারাই বিষয়টা লঘু করছেন।

Shri Rabindra Nath Mukhopadhyay:

আমরা এখানে বকার জন্য আসিনি আমরা নির্বাচিত হয়ে এসেছি এবং এখানে বক্তব্য বলবার জন্য এসেছি। আমরা আইনের জোরে এসেছি, আজকে একটা সঙ্কট উপস্থিত হয়েছে এবং

সকলে মিলে তার সুরাহা করতে হবে, মুখ্যমন্ত্রীর কথা হচ্ছে যে আমি যা বলেছি তার থেকে এক পাও নড়বো না, তাদের ডাকবো না এবং এমন কি কোন রকম একটা আলোচনা করে একটা মীমাংসা হতে পারে সে পথে যাব না।

Mr. Deputy Speaker:

এটা আপনার ব্যক্তিগত মতামত। তিনি সকল দিক বিবেচনা করে বলেছেন যে আমরা একটা এডুকেসান কমিশন গঠন করছি। আপনারা যদি মনে করেন যে শিক্ষকদের কথা আপনারাই বলবেন আর কারো বলবার অধিকার নেই তাহলে ভুল করছেন। তিনি সকল দিক বিবেচনা করে এডুকেসান কমিশন-এর কথা বলেছেন। অতএব এ বিষয়ে আর আলোচনা করার প্রয়োজন নেই।

Shri Rabindra Nath Mukhopadhyay:

আমি যেটা বলতে চাই এত কথাবার্তার পর সুরাহা দেখা যাচ্ছে না। কিন্তু আমাদের একটা পথ বার করতেই হবে এবং সেখানে আমাদের বক্তব্য হচ্ছে একটা এরূপ পথ খুঁজে বার করা দরকার এবং আমরা এটা মনে করছি না যে পথটি খুব সহজ হবে। যেটা ডেপুটী স্পীকার বললেন একটা নো কনফিডেন্স আনুন আমরা জানি তাতে কোন সুরাহা হচ্ছে না। এখন ৮।৯ দিন হয়ে গেল তাঁরা অনশন করে আছেন স্কুলগুলতে পড়া হচ্ছে না অথচ ১৫ই মার্চ থেকে পরীক্ষা আরম্ভ। এরূপ একটা পরিস্থিতি শুধু সরকারের খেয়াল খুশীর উপর ছেড়ে দেওয়া যায় না, সেজন্য একটা মীমাংসার পথ খুঁজে বার করতে হবে। আমি আমার কথা বলে দিয়েছি। অপরের কথা অপরে বলে দিয়েছেন, স্কুল আর খুলবে না। স্কুলের সামনে যে পরীক্ষা আসছে সে ব্যাপার-গুলি সম্পর্কে মীমাংসার জন্য আমরা বারবার নিবেদন করেছি মুখ্যমন্ত্রীর কাছে যে একটা মীমাংসার সূত্র বার করতে হবে। এ সব বন্ধ করে রাখলে হবে না। তারা টাইট হয়ে বসে থাকলেন ওঁরা এখানে বসে থাকলেন তাহলে অবস্থা কি হবে। ছাত্রদের পরীক্ষা হবে কি হবে না সে সব জানতে চাই। আমরা এ অবস্থার প্রতিকার চাই এবং মীমাংসা চাই। এই ব্যাপারে এমন কোন কঠিন কথা আমাদের তরফ থেকে কেউ বলে নি। এই অবস্থা থেকে বাংলা দেশকে মুক্ত করতে হবে। এবং রাজনৈতিক দল হিসাবে কংগ্রেস পার্টি ক্ষমতায় আসীন আছেন তাঁদের দায়িত্ব বেশী, এ অবস্থায় একটা সুরাহা করার জন্য এই নিবেদন আমরা করছি, এ ছাড়া যদি অন্য কোন পথে মীমাংসার কথা তারা ভাবেন যেটা নরমালী তাঁরা ভেবে থাকেন সেটা তাঁরা বলুন। আমি বলতে চাই যে, এ ব্যাপারটা নিয়ে একটা মীমাংসা করতেই হবে শিক্ষকদের যে দাবী আছে সেটা আলাপ আলোচনার মধ্য দিয়ে হবে না গায়ের জোরে সূত্রের কথা যদি চিন্তা করেন তাহলে বাংলা দেশে একটা খারাপ পরিস্থিতির উদ্ভব হবে। শুধু শিক্ষকদের ব্যাপারেই নয় সারা বাংলা দেশ একটা বিস্ফোরক অবস্থার মধ্যে আছে। সেদিন একটা ঘটনাকে কেন্দ্র করে কয়েকটা বাস পুড়লো। এই যে একটা বিস্ফোরক অবস্থা বাংলা দেশে আছে সেটাকে আগুন জ্বালাবার মত একটা দেশলায়ের কাঠি অপেক্ষা আছে। সেজন্য বলছি একটা মীমাংসার পথ বার করতে হবে।

Shri Birendra Kumar Maitra:

হাউসের জেনারেল ডিস্কাসনের সময় নষ্ট হয়ে যাচ্ছে।

[At this stage the opposition members left the chamber]

General Discussion on the Budget

Shri Baidyanath Banerjee:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমাদের অর্থমন্ত্রী আমাদের সামনে যে বাজেট উপস্থাপন করেছেন সেটাকে আমি সমর্থন করছি, তাঁকে আমি অভিনন্দন জানাচ্ছি কেন না গতবার বাজেটে আমি বলেছিলাম কয়লার রয়েলটির ব্যাপারে প্রায় ৭।৮ বৎসর ধরে একটা ডেডলক ছিল,

সেটাকে যে তিনি সমাধান করতে পেরেছেন আজকে তাঁর স্টেটমেণ্ট-এ তা জানতে পারলাম যে মাইনস এাক্ট এ্যামেণ্ড করে এবং কয়লার শিল্পপতিদের সঙ্গে কথাবার্তা বলে ঐ জিনিষের একটা সুমীমাংসা হতে চলেছে। আমরা আশা করতে পারি যে আগামী বৎসর পুরা টাকা আমরা আদায় করতে পারবো এবং ২, ৩, ৪ কোটি টাকা হয়ত আমাদের তহবিলে আসতে পারে। আমরা আরো একটা জিনিষ লক্ষ্য করে আসছি যে যে সমস্ত জনহিতকর খাতে ব্যয় বরাদ্দ আছে তার ট্রেণ্ড ক্রমশঃ অগ্রগতির দিকে। তিনি যে স্টেটমেণ্ট দিয়েছেন তাতে দেখতে পাচ্ছি তৃতীয় প্ল্যানটা করা হয়েছে যে তা প্রায় শেষ হতে চলেছে।

[3—3-10 p.m.]

যে স্টেটমেণ্ট উনি দিয়েছেন তাতে আমি দেখতে পাচ্ছি যে তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যে প্ল্যান আমাদের করা হয়েছিল, সেটা প্রায় পুরোপুরি শেষ হতে চলেছে। আমরা দেখতে পাচ্ছি যে সেলস ট্যাক্স বা এইরকম অন্যান্য যে সমস্ত কর আছে, তাতে আনুমানিক বাজেট-এ যা ধরা হয়েছিল, তার থেকে অনেক বেশী আদায় হয়েছে। কারণ আমাদের প্রশাসনিক ব্যবস্থা অনেক ভাল হয়েছে। আয়কর ফাঁকি যাতে না দিতে পারা যায়, সেই সমস্ত ব্যবস্থা করা হয়েছে। সেই জনাই আমাদের আয় বেড়েছে। সরকারের সমস্ত ব্যবস্থা কঠোর হওয়ার জন্য সমস্ত ডিউটি আমরা প্রাপ্যানুরূপ পেয়ে যাবো। সরকার একটা কাজ খুব ভাল করেছেন, সেটা হচ্ছে আমাদের বীরভূম জেলার ন্যাশনাল সুগার মিলস এটা যদি না হত, তাহলে ৬০-৭০ লক্ষ টাকা সরকারের বরবাদ হয়ে যেত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সরকারের কাছে এই প্রস্তাব রাখছি, এই যে সুগার মিল, এই সুগার মিলটা কো-অপারেটিভ-এর মাধ্যমে চালু করুন। এই সুগারমিল চালু করবার জন্য যে পরিমাণ আখের প্রয়োজন তা একা বীরভূম জেলা থেকেই পাওয়া যাবে। তাছাড়া আমাদের পাশাপাশি জেলা মুর্শিদাবাদ বর্ধমানতো আছেই। এর জন্য যে মূলধন দরকার হবে, তা যে সমস্ত চাষী আমাদের জেলায় বা অঞ্চলে আছে তাঁরা যে পরিমাণ আখ দেবেন তার খানিকটা যদি দাম নেন আর খানিকটা যদি লগ্নী করেন তাতে এই সমস্যার সমাধান হতে পারে। এবং এইজন্য জনসাধারণের যথেষ্ট সাহায্য এবং সহযোগিতা সরকার পাবেন। আমি আশা করি এই বিষয়ে সরকার একটা বাস্তব পরিকল্পনা গ্রহণ করে তাড়াতাড়ি মিলটা কার্যকরী করবার চেষ্টা করবেন, যাতে আগামী বছর থেকেই এই মিলটা চালু হতে পারে। আমাদের দেশের বেকার এবং অর্ধবেকারের সংখ্যা হয়তো বেশী এবং বেড়ে যাচ্ছে। আমরা দেখেছি মাননীয় উপাধ্যক্ষ মহাশয় যে আমাদের এই বাংলা দেশে বড় শিল্প যদি আমরা করি তাহলে বাঙ্গালীর ছেলেদের কর্মসংস্থান হতে পারে। যদিও বাঙ্গালীর ছেলেদের সব রকম কাজ করবার ক্ষমতা আছে, তার প্রমাণ আমরা পেয়েছি সরকারের পরিচালনাধীনে দুর্গাপুর প্রজেক্ট এবং অন্যান্য সংস্থা থেকে। কিন্তু যেগুলো প্রাইভেট সেক্টর-এর বড় বড় পরিকল্পনা হয়, তাতে আমরা দেখতে পাচ্ছি, যতটা বাঙ্গালীর কর্মসংস্থান হওয়া উচিত ততটা হয় না। সেইজন্য আমার মনে হয় আমাদের দেশে খুব ব্যাপক ভাবে কুটীর শিল্পের প্রসার হওয়া উচিত। এবং আমি দেখে খুব আনন্দিত হলাম যে ৪র্থ পরিকল্পনায় অর্থমন্ত্রী মহাশয় ১৫ কোটি টাকা বরাদ্দ করেছেন। এই যে কুটীর শিল্প, একে শুধু শহরাঞ্চলে সীমাবদ্ধ রাখলেই চলবে না, গ্রামে গ্রামে জেলায় জেলায় এগুলোকে ছড়াতে হবে। বড় বড় শিল্প যখন তৈরী করা হবে, বড় বড় শিল্পের মঞ্জুরী যখন সরকার দেবেন, তখন এমনভাবে পরিকল্পনা করতে হবে বাস্তব দৃষ্টি ভঙ্গি নিয়ে যাতে তার পরিপূরক হিসাবে তার অনেক এ্যানসিলরী শিল্প দেশে গড়ে উঠতে পারে। যেমন ধরুন দুর্গাপুরএ যদি কোনও বড় শিল্প গড়া যায়, তাহলে তার যোগানদার হিসাবে পুরুলিয়া বাঁকুড়া, বীরভূম, বর্ধমান, এইসব জেলার গ্রামাঞ্চলে নানা রকম ছোট ছোট কারখানা স্থাপন করার কাজ চলবে এবং তাতে করে অনেক লোকের অন্নের সংস্থান হবে, শিল্পের প্রসার হবে। আমি সরকারকে একটা বিষয়ে দৃষ্টি আকর্ষণ করি, আমার মনে হচ্ছে গত বছর অর্থমন্ত্রী বলেছিলেন যে ব্যয় সঙ্কোচের দিকে কিছুটা দৃষ্টি রাখবেন, এ বছর যদি একটা ইঙ্গিত পেতাম তাহলে খুব ভাল হত। জনহিতকর কাজ বা অন্যান্য বড় বড় পরিকল্পনায় অর্থ ব্যয় করতে হবে নিশ্চয়ই কিন্তু প্রশাসানক ব্যবস্থায় অনেক ত্রুটি আছে, অনেক ব্যয় সঙ্কোচের স্কোপ আছে বলে আমার মনে হয়। যেমন আমার

মনে হয়, অযথা ভ্রমণ আমাদের অফিসারদের সেগুলো অনায়াসে বন্ধ করা যেতে পারে, এ বিষয়ে সরকারের কিছু করা উচিত এবং এই বিষয়ে আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি ; আমাদের যে সমস্ত কাগজ বিলি করা হয়েছে তার থেকে দেখতে পাচ্ছি অনেক টাকা লগ্নী সরকার করেছেন, যেমন

Milk Supply Centres, Central Engineering Works, Durgapur Project, Calcutta Electricity Supply Board, Durgapur Chemicals.

এই রকম নানা সংস্থায় তাছাড়া স্টেট ট্রান্সপোর্ট আছে, এখন যে সমস্ত টাকা এতে লগ্নী করা হয়েছে, তার সুদ বা তার থেকে যে লাভ হয় সেটা ঠিক মত পাওয়া যায় না, অথচ আমরা দেখতে পাচ্ছি প্রাইভেট সেক্টর-এ যে সমস্ত বড় বড় সংস্থা আছে, তাদের মূলধনের উপর অন্ততঃ ১০ টাকা হারে তার রিটার্ণ পাওয়া যায়। সরকারী ক্ষেত্রে সেটা পাওয়া যায় না কেন? সরকারী সংস্থায় অনেক সুযোগ সুবিধা আছে, এইজন্য আমি প্রস্তাব করছি যে সরকার একটা ছোট কমিশন করুন কারণ আমাদের দেশে এত সমস্ত সংস্থা আছে, তার থেকে কেন আমরা শতকরা ১০ টাকা হারে রিটার্ণ পাবো না? ভাল করে যদি চেষ্টা করা যায় এবং যেখানে যেখানে ত্রুটি আছে সেগুলো দূর করা যায় এবং ব্যবস্থা যদি আরও কঠোর করা যায় তাহলে নিশ্চয়ই আমরা অন্ততঃ শতকরা ১০ টাকা হারে পেতে পারবো তা যদি হয় তাহলে যত টাকা লগ্নী করা আছে তার ১০ টাকা হলে হয়তো ১ কোটি ১।। কোটি টাকা আসতে পারবে। সর্বশেষে, আমাদের প্রতি কেন্দ্রীয় সরকার যে অবিচার করেছেন, সে বিষয়ে অর্থমন্ত্রী মহাশয় যে উল্লেখ করেছেন এবং চেষ্টা করেছেন, সেজন্য আমরা অভিনন্দন জানাচ্ছি, কেন্দ্রীয় সরকার বুঝতে পারবেন যে বাংলাদেশের সমস্যা অন্যান্য দেশের মত নয় এখানে অনেক জিনিষ আপাতদৃষ্টিতে মনে হয় যে দেশের মধ্যে নিবদ্ধ কিন্তু প্রকৃতপক্ষে এর সর্বভারতীয় ভিত্তি আছে, এটা তারা বিচার করে বিবেচনা করে আমাদের পশ্চিমবঙ্গ সরকারকে তার যে টাকার প্রয়োজন সেই টাকা দিয়ে সাহায্য করবেন, এই বলে আমি বাজেটকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

Shri Shamsuddin Ahamad:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে কয়েকদিন ধরে আমাদের অর্থমন্ত্রী যে বাজেট উত্থাপন করেছেন তার সমর্থনে এবং বিরোধীতায় সাধারণ এবং বিশেষভাবে অনেক প্রশ্ন উত্থাপন করা হয়েছে। এই বাজেটকে যদি বাংলা দেশের বর্তমান অর্থনৈতিক উদ্দেশ্য এবং ভবিষ্যৎ পরিকল্পনার একটা ইঙ্গিত বলে গ্রহণ করি, তাহলে একটা কথা আমাদের স্বীকার করতে হবে যে আমাদের বাংলা দেশের অর্থনৈতিক চিত্রের ক্রমশঃ ক্রমশঃ উন্নতি বা উৎকর্ষ ঘটছে, এতে কোনও সন্দেহ নেই। অর্থনৈতিক বিকাশের ক্ষেত্রে সরকারী প্রচেষ্টায় যে কাজ শুরু হয়েছে, তার সুফল আমরা পাচ্ছি, এ বিষয়ে সন্দেহ নেই। কিন্তু যদি আমরা দেখি যে এরই মাঝখানে আমাদের দৈনন্দিন জীবনের ক্ষেত্রে অনেকগুলো অসঙ্গতি রয়েছে, আমরা সেই সঙ্গে লক্ষ্য করতে পারি, অর্থাৎ সংক্ষেপে এই কথা বলা যেতে পারে যে আমাদের অর্থনৈতিক বিকাশ হওয়া সত্বেও তার ফললাভ সাধারণ মানুষ আজি করতে পারবে না এবং আমাদের কিছু কিছু অভাব এবং অসুবিধা আছে যা স্পষ্ট সব সময় আমরা চোখের সামনে দেখতে পাচ্ছি, যাকে আমরা অস্বীকার করতে পারি না। কিন্তু স্বাধীনতার পর বাংলাদেশের অর্থনৈতিক ক্রমোন্নয়নের ফলে অর্থনৈতিক কোনও বিকাশ ঘটছে না, এই সমালোচনা নিসন্দেহে ভিত্তিহীন, যদি আমরা লক্ষ্য করি অর্থনৈতিক অনগ্রসর দেশের মধ্যে অর্থনৈতিক অগ্রসর হচ্ছে কিনা, তাহলে আমাদের নিশ্চয়ই মানতে হবে এবং যদি আমরা আলোচনা করি দেখতে পাবো, যে অর্থনৈতিক উন্নয়নের জন্য যে সুপার স্ট্রাকচার দরকার সেই কাজে সরকার মনোযোগ দিতে পেরেছেন কিনা? আমরা যে কোনও দিকে চাই তাহলে আমরা দেখতে পাবো যে নিশ্চয়ই সরকার সেই

কাজে মনোযোগী হয়েছেন এবং সাফল্য অর্জন করেছেন। আপনার সামনে কতকগুলো শুধু রাখছি, যা দিয়ে আমরা দেখতে পাবো যে আমাদের অর্থনৈতিক বিকাশের ক্ষেত্রে নিঃসন্দেহে সুষ্ঠু এবং দৃঢ় পদক্ষেপ এগিয়ে চলছি, ২।১টি কথা খুব সংক্ষেপে বললে বুঝতে পারবেন যে ১৯৬৩-৬৪ সালে আমাদের কনসলিডেটেড ফাণ্ড এ আমরা যে টাকা পেয়েছি মোটামুটি তার পরিমাণ হচ্ছে ১৭৮ কোটি এবং ১৯৬৫-৬৬ সালে যে বাজেট বরাদ্দ করেছি তাতে আমরা অনুমান করছি যে আমরা ২৪০ কোটি টাকা এই রাজস্ব খাতে পেতে পারবে অর্থাৎ মোটামুটি ৬০ কোটি টাকার মত বাড়তি আয় দুটো আর্থিক বছরের ভেতর করা সম্ভব হয়েছে, যদি সাধারণ ভাবে অর্থনৈতিক ক্ষেত্রে ক্রমান্নয় না দেখা দিত তাহলে এই টাকা পাওয়া, এ টাকা সংগ্রহ করা নিশ্চয়ই কোন মতে সম্ভব হত না।

[3-10—3-20 p.m.]

আমরা যদি শুধু মাত্র লক্ষ্য করি যে তৃতীয় পঞ্চ বার্ষিকী পরিকল্পনায় পশ্চিমবঙ্গ রাজ্য তার পরিকল্পনার জন্য ১৫৪ কোটি টাকার মত রসদ সংগ্রহ করতে সক্ষম হয়েছে— যদি আমরা ক্ষুদ্র সঞ্চয় পরিকল্পনা যা করেছি সেই পরিকল্পনা গত বছর ৮ মাসের মধ্যে ১৪ কোটি টাকা সংগ্রহ করা সম্ভব হয়েছে—যদি আমরা লক্ষ্য করি যে আমরা যে বিদ্যুৎ শক্তি উৎপাদন করছি তার ব্যবহার কি পরিমাণ বাড়ছে—বিদ্যুৎ শক্তির একটি মাত্র ইঙ্গিত যেখান থেকে আমরা বুঝতে পারি অর্থনৈতিক যে কাজকর্ম চলছে তাতে বিদ্যুৎ কি পরিমাণে ব্যবহৃত হচ্ছে। তার থেকে একটা জিনিষ একটা স্পষ্ট ইঙ্গিত পাওয়া যায় যে অর্থনৈতিক ক্ষেত্রে আমরা কিছুটা অগ্রসর হচ্ছি। আমরা সেক্ষেত্রে দেখতে পচ্ছি যে গত বছর থেকে এক বছরের মধ্যে বাংলা দেশে বিদ্যুতের ব্যবহার বেড়েছে শতকরা ১০.৭ এবং শিল্প ক্ষেত্রে ব্যবহার বেড়েছে শতকরা ১১.। যদি আমরা দেখি যে আমাদের দেশের উন্নয়নের জন্য যে রাস্তা তার কোন উন্নয়ন ঘটেছে কিনা—তাহলে আমরা দেখতে পাই ১৯৫১-৫২ সালে পার হানড্রেড স্কোয়ার কিলোমিটার-এর জন্য ৩.৯ কিলো মিটার যে রাস্তা ছিল সেটা ১৯৬০-৬১ সালে ১৩.৪ কিলো মিটারে পরিণত হয়েছে। ১৯৫৬ সালে যেখানে ৮৬,৪৭১টি গাড়ী চলতো ১৯৬৩ সালে সেখানে ১ লক্ষ ২৮ হাজার ৩৪৫টি গাড়ী চলে। এগুলি হচ্ছে নিরীক্ষা যা দিয়ে আমরা বুঝতে পারি যে আমাদের অর্থনৈতিক—ক্রমোন্নতি হচ্ছে কিনা। বিদ্যুৎ শক্তির ব্যবহার গাড়ীচলাচল বা রাস্তার ক্রমোন্নয়ন এর থেকে বুঝা যায় যে আমাদের দেশের অর্থনৈতিক ক্রমোন্নয়নের জন্য শিল্প বিস্তার রাষ্ট্রের প্রচেষ্টায় যে অর্থনৈতিক সুপারষ্ট্রাকচার তৈরী হওয়া দরকার সেটা ঠিকভাবে হচ্ছে কিনা। তার স্পষ্ট ইঙ্গিত আমরা পচ্ছি। কিন্তু একথা আমাদের মানতেই হবে যে এতো কাজে হাত দেওয়া সত্বেও এই কাজের ফললাভ দেশের জনসাধারণ করতে পারছে না। আমাদের দুঃখ দারিদ্র দূর করার কাজে, অর্থনৈতিক বিকাশের কাজে ১৬ আনা ভাবে তার সুফল আমরা ভোগ করতে পারছি না। আমরা মূলধনগত যে জিনিষপত্র উৎপন্ন করছি বা মূলধন হিসাবে ব্যবহার করা যায়, তা সহজ লভ্য করবার জন্য আমরা যে প্রচেষ্টা করছি সেই প্রচেষ্টায় যে লাভ সাধারণ মানুষের সাধারণ পণ্য যে উপভোগ করবার যে অধিকার সেই অধিকার এখনও আমরা দিতে পারি নি। পরিকল্পনা রচয়িতা আশা করেছিলেন যে আমাদের ব্যবহারের পণ্য ব্যক্তিগত মালিকানায় উৎপাদিত হবে এবং মূলধনগত যে মূলধনের কাজ—যে পণ্য ব্যবহৃত হবে তা সরকার উৎপন্ন করবেন এই নীতি ধীরে ধীরে বাড়লেও আমরা আজকে লক্ষ্য করছি যে আমাদের মূলধন খাতে সার্বিক উন্নয়ন ছাড়াও, রাষ্ট্রের প্রচেষ্টায় উন্নয়ন ছাড়াও যথেষ্ট উন্নয়ন হওয়া সত্বেও আমরা দেখতে পাচ্ছি যে আমরা দৈনন্দিন পণ্য যা ব্যবহার করে —তার পরিমাণ তো বাড়াতে পারিই নি উপরন্তু সাধারণ মানুষের দুঃখ দারিদ্র যদি না বেড়েও থাকে নিঃসন্দেহে কমে নি এই দাবী আমরা করতে পারবো। কাজেই আমাদের একথা ভাবতে হবে পশ্চিমবঙ্গ রাজ্যকে বিশেষ করে যে আমরা যে যে সঙ্কটের মাঝখানে দিয়ে উত্তরে আসছি—আমাদের যে খাদ্য সঙ্কট এবং অন্যান্য সংক্রান্ত সঙ্কট তা দিয়ে আমাদের বিবেচনা করে দেখতে হবে যে প্রত্যক্ষভাবে ব্যবহারযোগ্য পণ্য উৎপাদনের ক্ষেত্রে আমাদের হাত দেবার প্রয়োজনীয়তা আছে কিনা সরকারকে নেমে আসতে হবে কিনা। বড় বড়

ব্যবসায়ীদের কৃপায় পড়ে আমরা যা লাভ করেছি সরকারের প্রচেষ্টায় যে উপকার হয়েছে যে সম্পদ বৃদ্ধি হয়েছে তা আজকে জনসাধারণের কাজে লাগাবার জন্য সরকারকে এ দিকে সবচেয়ে বড় পদক্ষেপ করার প্রয়োজনীয়তা আছে বলে আমি মনে করি। এবং সরকার এ সম্পর্কে ওয়াকিবহাল আছেন—চিন্তা করছেন এবং আশা করি আগামী ৪র্থ পরিকল্পনা শেষে আমরা প্রত্যক্ষভাবে ব্যবহার্য যে পন্য সেই পণ্যের উৎপাদন এবং বণ্টনের ক্ষেত্রে সম্পূর্ণভাবে রাষ্ট্রের কর্তৃত্ব অর্জন করার দিকে আমাদের পদক্ষেপ দিতেই হবে। তা না হলে আমরা কোন রকম উন্নতি সাধনের পথে যেতে পারি না। এই প্রসঙ্গে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একটা দিকে আপনার দৃষ্টি আকর্ষণ করবো যে আমরা সাধারণভাবে বিধানসভার মাননীয় সদস্য বন্ধুরা সকলে মিলে সেই আন্দোলনের দিকে আমাদের নজর আছে যে আন্দোলনের আন্দোলনকারীরা করসা জামা কাপড় পরে। আমি সকল সদস্য বন্ধুদের অনুরোধ করবো এবং সরকারকে অনুরোধ করবো—আমরা যদি দেখি প্ল্যানের যে সুফল ফলেছে তার কোন কোন ফল আমরা বুদ্ধিজীবী লোকরা কিছু না কিছু পরিমাণে পেয়েছি—অল্প হতে পারে যথেষ্ট কিনা তা নিয়ে আমাদের মনে সন্দেহ থাকতে পারে—কিন্তু সকলে মিলে আমরা কিছু পেয়েছি। আমি আপনার কাছে এই প্রশ্ন রাখতে চাই যে, গ্রামে হাজার হাজার ভূমিহীন কৃষক যারা বাংলা দেশে শতকরা ৫৭ জন মানুষ—তারা এই তিনটি পরিকল্পনার সুফল ভোগ করতে পারেন নি। একমাত্র সমাজ সেবামূলক প্রতিষ্ঠানের কাজ ছাড়া অন্য কোন অর্থনৈতিক উন্নয়নের জন্য আমরা কাজ করতে পারি না। বিভিন্ন শিল্পে নিয়োজিত মানুষের জন্য আমরা ন্যূনতম মজুরী নির্ধারণ করেছি—কিন্তু ক্ষেত মজুরদের জন্য তাদের কাজের স্থায়িত্বের জন্য সরকার আজ পর্যন্ত কিছুই করতে পারেন নি। এবং কোন রাজনৈতিক দল তাদের দাবী দাওয়া সামনে তুলে ধরার জন্য আজ পর্যন্ত সেইভাবে চেষ্টা করছেন না। যেখানে আমরা সহজেই হাততালি পেতে পারি সেই কাজে আমাদের আগ্রহ আছে বটে কিন্তু সমাজের সবচেয়ে বড় সমস্যা যেটা, শতকরা ৫৭ জন মানুষের অর্থনৈতিক উন্নয়নর কাজে আমাদের দৃষ্টি দেওয়া দরকার। কিন্তু সেদিকে আমরা নজর দিতে পারছি না। আমার মনে হয় এদিকে নজর দেওয়ার জন্য সমবায় আন্দোলনের মাধ্যমে দিয়ে হোক বা অন্যান্য আইন প্রণয়ন করেই হোক এদিকে আমাদের গভীরভাবে মনোনিবেশ করা দরকার। এবং যে ক্ষেত মজুর সমস্যা আজকে আমাদের দেশের বড় সমস্যা এবং আমরা অনেক সময় মনে করি স্বাধীনতার পর তার ফল আমরা অনেকেই ভোগ করেছি বটে—কিন্তু তা সবচেয়ে কম ভোগ করেছে বাংলা দেশের এই সমস্ত ক্ষেত মজুররা। কাজেই তাদের ভাগ্যের পরিবর্তন করার জন্য আমাদের পরিকল্পনা করা উচিত এই অনুরোধ রেখে আমি এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

Shri Jagat Basu:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বাজেট উপলক্ষে সরকার পক্ষ থেকে দাবী করা হয়েছে এবং করা হচ্ছে যে দেশে যথেষ্ট উন্নতি হয়েছে—অগ্রগতি হয়েছে—সে সম্বন্ধে আমি দু একটা কথা আলোচনা করতে চাই। একটা দেশের অগ্রগতি কতটুকু হোল—কি হোল না—তা বিবেচনা করার একটা অন্যতম মাপকাঠি হচ্ছে সে দেশের কর্মসংস্থান সমস্যা, বেকার সমস্যা তার নিরসনকল্পে সরকার কতটুকু সাফল্যলাভ করলেন—কতটুকু কৃতিত্ব অর্জন করলেন সেদিক থেকে আমরা দেখছি যে সরকার যে তথ্যাবলী আমাদের সামনে উপস্থিত করেছেন—তাতে আমরা দেখি ১৯৬৩-৬৪ সালে পশ্চিম বাংলায় কর্মসংস্থান কেন্দ্রগুলিতে ৫ লক্ষ লোক নিজেদের নাম তালিকাভুক্ত করেছিল কর্মসংস্থানের জন্য আমরা জানি যে এই কর্মসংস্থান কেন্দ্রগুলিতে সাধারণতঃ আমাদের দেশের লোকেরা নাম তালিকাভুক্ত বড় একটা করতে চান না এই জন্য যে এর দ্বারা কোন উপকার হয় না—চাকুরী-বাকুরী তাঁরা পান না। কিন্তু তবুও পাঁচ লক্ষ লোক কর্মসংস্থান কেন্দ্রগুলিতে তাঁদের নাম তালিকাভুক্ত করেছেন। এই ৫ লক্ষ লোকের মধ্যে কত লোককে কর্মসংস্থান কেন্দ্রগুলি চাকুরী দিতে পেরেছে—তার সংখ্যা হচ্ছে এখানে যে তথ্য আমরা পেয়েছি ৫০,৬৭৮—৫ লক্ষ লোক কর্ম সংস্থান কেন্দ্রে নিজেদের নাম তালিকাভুক্ত করেছিল তার ভিতর ৫০ হাজার লোককে মাত্র চাকুরী দেওয়া গেল—এটাকে বলা হচ্ছে অগ্রগতি এবং প্রগতি

এর থেকে আবার দাবী করা হচ্ছে কৃতিত্ব। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কলকাতায় কেন্দ্রে আমরা দেখছি যে ৭৬ হাজার ২৩১ জন লোক নাম তালিকাভুক্ত করেছিল কর্মসংস্থানের জন্য তার ভিতর ২ হাজার ৮ শত ২৫ জন লোককে মাত্র চাকরী দেওয়া হয়েছে—এই ৭৬ হাজার লোকের মধ্যে ২ হাজার লোকের চাকুরী হয়েছে—৭৬ হাজার কর্মপ্রার্থীর ভিতর ১ বৎসরে যদি ২ হাজার লোক মাত্র কাজ পেয়ে থাকে তাহলে কি করে একে প্রগতি বলা যায় এবং এ নিয়ে কি করে বড়াই করা যায় এটা আমরা বুঝে উঠতে পারি না। শুধু তাই নয়, এই যে ৭৬ হাজার ২৩১ জন লোক কলকাতা কেন্দ্রে কর্মপ্রার্থী হিসাবে নাম তালিকাভুক্ত করেছিল তার ভেতর ২ হাজার ৮ শত লোককে যে চাকুরী দেওয়া হয়েছে তাতে এই কর্মসংস্থান কেন্দ্রে সরকারের খরচ হয়েছে ১ লক্ষ ৭৯ হাজার ১১৮ টাকার মত—২ হাজার লোককে চাকুরী দেবার জন্য, কর্মসংস্থানের জন্য প্রায় ২ লক্ষ টাকা কর্ম সংস্থান কেন্দ্রগুলিতে খরচ হোল এবং এটাকেই বলা হচ্ছে যে আমরা যথেষ্ট কাজ করছি, যথেষ্ট উন্নতি হচ্ছে, যথেষ্ট প্রগতি হচ্ছে। আমরা বিরোধী পক্ষ থেকে যদি বলি যে এটা উন্নতি নয় এটা অধোগতি যদি বলি অগ্রগতি নয় পশ্চদগতি তাহলে আমাদের ব্যঙ্গ বিদ্রূপ করা হয়। কথা হচ্ছে এই ব্যঙ্গ এবং বিদ্রূপকে কিভাবে আমরা বিরোধীরা দেখি—আমরা দেখি এই জিনিষটা আর কিছুই নয় অক্ষমের গাত্রদাহ ছাড়া।

[3-20—3-30 p.m.]

আমাদের যে ব্যঙ্গ করা এর পিছনে ওঁদের অক্ষমতা ব্যর্থতা ছাড়া আর কিছু নেই। কংগ্রেস বেঞ্চ থেকে এই কথা বলা হয়েছে যে আমাদের দেশে যে উন্নতি হয়েছে সেই উন্নতি অন্যান্য দেশের সঙ্গে তুলনা করলে দেখা যায় যে অন্যান্য দেশ ৫০ কি ১০০ বছরে এত উন্নতি করতে পারেনি যা আমরা গত ১৭।১৮ বছরে উন্নতি করেছি। এই তো তার নমুনা। একটা জাতির প্রগতি নির্ভর করে সেই জাতির কর্ম সংস্থানে সরকার কতখানি সফলতা লাভ করেছে তার উপর। এখানে ৭৬ হাজার ২৩১ জন লোক যেখানে নাম তালিকাভুক্ত করল চাকরির জন্য সেখানে মাত্র ২ হাজার ৮২৫ জন লোক চাকরি পাচ্ছে। আমাদের দেশের লোক নিজে নাম তালিকাভুক্ত করল, ৫০ হাজার লোককে চাকরি দেওয়া হয়েছে ৫ লক্ষের ভেতর। ৫০ হাজার লোককে চাকরি দেবার জন্য আমরা হিসাব করে দেখলাম যে প্রায় ১১ লক্ষ টাকার মত খরচ হয়েছে এই এমপ্লয়মেণ্ট এক্‌চেঞ্জগুলি পরিচালনা করার জন্য। একে কি প্রগতি বলা যায়? একে কি অগ্রগতি বলা যায়? এর একমাত্র রূপ দেওয়া যায় পর্বতের মূষিক প্রসব। এই সব চাকরির জন্য নানা রকম বাগাড়ম্বর করা হচ্ছে। আমাদের দেশে শতকরা প্রায় অর্ধেক লোক অকৃষিজীবী। এই অকৃষিজীবী লোকের মধ্যে আমরা দেখছি—বলা হচ্ছে দেশে শিল্পোন্নয়ন হচ্ছে, সেই শিল্পোন্নয়নের মধ্য দিয়ে আমরা যে তথ্য পাচ্ছি তাতে পশ্চিমবঙ্গে কলকারখানায় শ্রমিকের সংখ্যা হচ্ছে ৮ লক্ষের মত, আমাদের দেশে ৩৷৷ কোটি লোকের বাস, তার মধ্যে অর্ধেক লোক কৃষিজীবী, বার বার এই কথা বলা হয়েছে যে জমির উপর চাপ সৃষ্টি হচ্ছে, অর্ধেক অকৃষিজীবী লোক শিল্পের উপর চাপ সৃষ্টি করছে এবং শিল্পের উপর চাপ সৃষ্টি করে তারা যে কোন চাকরিতে শিল্প সংস্থাগুলিতে লেগে যাচ্ছে। সাড়ে তিন কোটি লোকের মধ্যে অর্ধেক হল অকৃষিজীবী, তার মধ্যে ৮ লক্ষ লোকের এই ফ্যাক্টরিতে কর্মসংস্থান হল। এ হচ্ছে উন্নতির বহর। এই উন্নতির বহর নিয়ে কৃতিত্বের দাবি করা হচ্ছে। যেখানে ৩৷৷ কোটি লোক এবং অর্ধেক অকৃষিজীবী বলে বলা হচ্ছে সেখানে এই অর্ধেক অকৃষিজীবী লোকের মধ্যে মাত্র ৮ লক্ষ লোক ফ্যাক্টরিতে কর্মসংস্থান পেয়েছে। সুতরাং এই সরকার ধিক্কার পাবার যোগ্য। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় এই তো গেল কর্মসংস্থানের দিক—আমাদের দেশে বেকার সমস্যা সমাধানে এই সরকার সর্বতোভাবে অকৃতকার্য হয়েছেন। আমাদের দেশে বেকারের সংখ্যা দ্রুত বেড়ে যাচ্ছে এবং কর্মসংস্থান কেন্দ্রগুলিকে যেন ঠাট বজায় রেখে দিয়েছেন দেশের মানুষকে দেখাবার জন্য। আমাদের দেশের উন্নতি বিচার করতে গেলে আমাদের জীবনযাত্রার মান কতটুকু উন্নতি হয়েছে সেটা বিচার করা দরকার। শ্রম শিল্পগুলিতে যে শ্রমিকরা কাজ করে তাদের সম্বন্ধে যে তথ্য দেওয়া হয়েছে তাতে দেখতে পাচ্ছি ২ শো টাকা পর্যন্ত [illegible] করে তাদের গড়ে বাৎসরিক আয় হচ্ছে ১,২৪৭ টাকা। বলা হচ্ছে গতবারের তুলনায় এটা

বেড়েছে। আগে ছিল ১,০৭৯ টাকা এখন ১,২৪৭ টাকা। আমাদের দেশে যে কস্ট অব লিভিং ইনডেক্স সেটা যেভাবে দ্রুত গতিতে বেড়ে যাচ্ছে তাতে এই যে ১,২৫৭ টাকা একটা লোকের গড়ে বাৎসরিক আয় দেখান হচ্ছে। এর অর্থ হচ্ছে আমাদের দেশ স্বাধীন হবার পূর্বে লোকের যে অবস্থা ছিল তার থেকে প্রকৃত আয় সাধারণ লোকের কমে গেছে। এই হচ্ছে পশ্চিমবঙ্গের চিত্র। এই চিত্র নিয়ে বাহবা নেবার চেষ্টা হচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই যে গড় আয় ১,২৪৭ টাকা দেখান হয়েছে গড় আয় বলতে কিছু বোঝা যায় না। দৈনিক আয় কত সেটা না বললে। অথচ সেকথা চেপে যাওয়া হচ্ছে। মজুরের মাইনে বলতে সেখানে বলা হচ্ছে ১,২৪৭ টাকা গড় আয় বছরে।

এই ১,২৪৭ টাকা গড় আয় বলতে ওভার টাইমও এর মধ্যে বোঝায় সেই গড় আয় দেখিয়ে প্রকৃতপক্ষে আমাদের বোঝান হচ্ছে, সেই জিনিষ প্রকৃত নয়। একজন লোকের গড় মজুরী অনেক কম—এই তথ্যের ধারের কাছে দিয়ে না গিয়ে এটা দেখান হচ্ছে বিকৃত তথ্য হিসেবে। ১,২৪৭ টাকা যেখানে যেখানে দেখান হচ্ছে গড় আয় সেখানে দৈনিক মজুরী একজন লোকের কত সেটা সহজে বুঝতে পারি। বিভিন্ন সময়ে দেখান হয়েছে কৃষকের নিম্নতর আয় দৈনিক মাত্র ২·০৫ নঃ পয়সার মত। প্রশ্নোত্তরের সময় দেখলাম নিম্নতম আয় দু টাকা হাওড়া ফ্যাক্টরী উপলক্ষে শ্রমমন্ত্রী উত্তর দিলেন। এই হচ্ছে জীবন ধারণের মান। ফেয়ার ওয়েজেস কমিটির যে রিপোর্ট সেই অনুযায়ী আজকের দিনে পশ্চিমবঙ্গের একজন লোকের নিম্নতম আয় কি হওয়া উচিত? একজন লোকের বেঁচে থাকার মত মজুরী কি পাওয়া উচিত? কম পক্ষে ১৯০্ টাকা থেকে ২০০্ টাকা তার ইনকাম হওয়া উচিত। ৮ লক্ষ শ্রমিক যারা কাজ করছে, তাদের গড় আয় যেটা আপনি দিয়েছেন, সেটা ভুল তথ্য, বিকৃত জিনিষ উপস্থিত করে আসল কথা চাপা দেবার চেষ্টা হচ্ছে। একজন লোকের দৈনিক নিম্নতম মজুরী কত— তা ঢেকে দেবার যে প্রচেষ্টা, সেই প্রচেষ্টা নিন্দনীয় ছাড়া আর কিছু নয়।

১৯৬৩-৬৪ সালে এই ভারতবর্ষে মজুরীর যে হার শ্রমিক কর্মচারীর তা যে কত খারাপ, তার পরিমাণ যে কত খারাপ তা আমি দেখাচ্ছি। ১৯৬৪ সনে দেখছি ১৭৯ বার স্ট্রাইক হয়েছে। লকআউট হয়েছে। কিসের জন্য হয়েছে? তাদের মজুরীর যে-হার তাদের জীবন-ধারণের মান পরিবর্তন করবার জন্য শ্রমিক ও কর্মচারীদের যে দাবী, তাদের আন্দোলনের পারণাততে আমরা দেখাছ ১৭৯ বার লক আউট হয়েছে, ১৬·১৩ কাজের দিন নষ্ট হয়েছে তত বছর হয়েছিল তার চেয়ে অনেক বেশী। শ্রমিক কর্মচারীদের জীবন ধারণের মান উন্নত করবার যে প্রচেষ্টা তার পরিণাম আমরা দেখেছি কাজের দিন নষ্টের পরিমাণ ১৬·৪০। সুতরাং সরকার পক্ষ থেকে যে প্রচার করা হচ্ছে যে আমরা অনেক উন্নতি করেছি এমন কি অন্যান্য দেশের তুলনায় তারা ৫০।১০০ বছরে যা উন্নতি করতে পারে নি, আমরা সতের বছরে তাই করেছি এই কথা বলা হয়েছে আমাদের অগ্রগতি গজগমনে হয় নাই। আমি বলবো এ অগ্রগতি নয়, পশ্চাদগতি এটা নিয়ে বড়াই করা হচ্ছে, বাহবা নেবার চেষ্টা করা হচ্ছে। বিরোধীপক্ষের সভাদের ব্যঙ্গ করা হচ্ছে ন্যায্য সমালোচনা করার জন্য দেশের যে আসল চিত্র তা চেপে রাখবার জন্য কংগ্রেস পক্ষ থেকে যে প্রচেষ্টা হয়, সেটাকে যখন আমরা জনসাধারণের সামনে তুলে ধরবার চেষ্টা করি তখন তাঁরা ক্রুদ্ধ হন, ক্ষেপে যান এবং ক্রুদ্ধ হয়ে নানারকম অসঙ্গত কথা বলেন। তাঁরা বলেন ভোট আমরা পেয়েছি বেশী। শুধু এই কথার দ্বারা দেশের সমস্যার সমাধান হয় না এবং হতে পারে না।

কংগ্রেস পক্ষ থেকে বাজেট আলোচনার মধ্যে দিয়ে পশ্চিমবাংলার যে চিত্র তুলে ধরার চেষ্টা হয়েছে সেটা কি কর্মসংস্থানের দিক থেকে, কি মানুষের জীবন ধারণের মান্নোয়নের দিক থেকে কি শিল্পায়নের দিক থেকে যে কোন দিক থেকেই হোক তাঁরা যে চিত্র দিচ্ছেন, তা সঠিক চিত্র নয়, সে চিত্র ভুল।

এই হচ্ছে কংগ্রেস সরকারের রূপ; অজয়বাবু বলেছিলেন গজরাজের গমন অগ্রগতির বাহক হিসেবে চলবে এবং খেকী কুকুররা যতই ঘেউ করুক না কেন তার গমন আটকাবে না। একথা ঠিক। সমাজতান্ত্রিক দুনিয়া গঠনের জন্য বিরোধীপক্ষের আন্দোলন সেটা গজরাজের গমন। এই আন্দোলনকে ব্যঙ্গ করে উড়িয়ে দেওয়া যাবে না, গজরাজের এই আন্দোলন এগিয়ে যাবেই এবং খেকী কুকুরের খাকামী নস্যাত করেই এগিয়ে যাবে। একথা বলে আমি বক্তব্য শেষ করছি।

[3-30—3-40 p.m.]

Shri Sunil Das Gupta:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই বাজেট অত্যন্ত মামুলি বাজেট এবং এই বাজেটের মধ্য দিয়ে বাংলাদেশের যে আসল চিত্র তা প্রকাশিত হয়নি। আমাদের মধ্যবিত্তদের যেমন উপরে জামা, কাপড়ের চাকচিক্য কিন্তু ভেতরে ময়লা গেঞ্জি, ঠিক তেমনি শৈলবাবুর বাজেটেরও যদি কোট, জামা কাপড় ছাড়িয়ে নেওয়া যায় তাহলে ভেতরের সেই ময়লা গেঞ্জিই বেরিয়ে পড়বে। অজয়বাবু এবং অপর পক্ষের বন্ধুরা বিদেশী নেতাদের সার্টিফিকেট যা তারা ভারতবর্ষ সম্বন্ধে দিয়েছেন সেগুলি পড়ে শুনিয়েছেন। আমি তার মধ্যে না গিয়ে আমার নিজের জীবন দিয়ে দেশের অবস্থা যা বুঝেছি তার মধ্যেই বক্তব্য সীমাবদ্ধ রাখব। মন্ত্রীমহাশয় খুব জোরগলায় বললেন তিনটি পরিকল্পনার মধ্য দিয়ে দেশের যথেষ্ট উন্নতি হয়েছে। সত্যিকারের কতটুকু উন্নতি হয়েছে সে সম্পর্কে দু-চার কথা আপনার মাধ্যমে সদস্যদের কাছে রাখব। প্রথমে আমি শিক্ষার কথাই ধরি। আমাদের বাংলাদেশে মোট ৩৮ হাজার ৪৬৫টি গ্রাম রয়েছে এবং ১২০টি শহর রয়েছে। কিন্তু আশ্চর্যের বিষয় হচ্ছে এই ৩টি পরিকল্পনার পরও আমাদের পশ্চিমবঙ্গ সরকার সব কয়টা গ্রামে একটি করে প্রাইমারী স্কুল স্থাপন করতে পারেন নি। আমাদের মোট প্রাইমারী স্কুলের সংখ্যা হচ্ছে ৩২ হাজার এবং দেখা যাচ্ছে ১৪ হাজার ৫৫৬টি গ্রামে এখনও পর্যন্ত প্রাইমারী স্কুল নেই। এই হোল বাংলাদেশের অবস্থা এবং বাংলাদেশের প্রাথমিক শিক্ষার জন্য প্রতি ছাত্র পিছু ব্যয় হয় মাত্র ৮ নয়া পয়সা। সারা ভারতবর্ষ যখন ক্রমশঃ শিক্ষার দিকে এগিয়ে যাচ্ছে তখন আমরা দেখছি এই ৩টি কংগ্রেসী পরিকল্পনার আমলে ১৭ বছরের মধ্যে আমাদের বাংলাদেশে শিক্ষাক্ষেত্র তৃতীয় স্থান থেকে নবম স্থানে নেমে এসেছে। আমাদের বাংলাদেশে বর্তমানে শিক্ষিতের হার হচ্ছে ২১ পয়েণ্ট ৬৪ এই অবস্থায় তাঁরা আমাদের দাঁড় করিয়েছেন। সর্বভারতীয় ক্ষেত্রে যে সমস্ত কমপিটিটিভ এক্সামিনেসন হয় সেখানে যে আমরা পিছিয়ে পড়ছি তার একমাত্র কারণ হচ্ছে পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষা সম্পর্কে অব্যবস্থা। এরপর আমি কৃষির কথা বলব। কৃষির ব্যাপারে এখন পর্যন্ত আমরা ভগবানের উপর নির্ভর করে আছি। ভগবান যদি দয়া করে জল দেন তাহলে আমাদের ফসল হয় এবং তারপর মন্ত্রীমহাশয় এবং কংগ্রেসী সদস্যেরা জোর গলায় বলেন যে আমাদের বাম্পার ক্রপ হয়েছে। এই বৈজ্ঞানিক যুগেও যে আমাদের দেশে এরকম অবস্থা চলছে এটা দুঃখের বিষয়। স্যার, বাংলাদেশে যে ২২ মিলিয়ন একর জমি আছে তার মধ্যে মাত্র ২ মিলিয়ন একর জমি সেচের আওতায় পড়ে। বাকী যে সমস্ত জমি আছে তাতে সেচের ব্যবস্থা নেই, সমস্ত ভগবানের উপর ছেড়ে দিয়ে আমরা নিশ্চিন্তে বসে আছি। এই হোল আমাদের ৩টি পরিকল্পনার পরের অবস্থা। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এঁরা সেচের কাজের জন্য যে ৭৮৩টি ডিপ টিউবয়েল স্থাপন করেছেন তাতে এই ৩টি পরিকল্পনার পরও বিদ্যুতের অভাবে মাত্র ২৫৪টি ডিপ টিউবয়েল চালু আছে—বাকীগুলো বেকার পড়ে রয়েছে। ৩টি পরিকল্পনার পর কৃষি ক্ষেত্রে এই হোল সরকারের কৃতিত্ব। এবারে আমি স্বাস্থ্য সম্পর্কে আপনার মাধ্যমে দু চারটি কথা সদস্যদের কাছে রাখতে চাই। কিছুক্ষণ আগে আমাদের এখানে বাংলাদেশের যক্ষারোগীদের সম্বন্ধে প্রশ্নোত্তর হয়ে গেল এবং তখন মন্ত্রীমহাশয়ের উত্তর থেকে জানতে পারলাম মোট জনসংখ্যার ১ পয়েণ্ট ৭ অংশ যক্ষারোগাক্রান্ত। এই ৩টি পরিকল্পনার পর তাঁরা মাত্র ৪ হাজার ৫৯৬টি বেড খুলেছেন, বাকী যে ৬ লক্ষ যক্ষারোগী আছে তাদের সম্পর্কে তাঁরা কোন ব্যবস্থা করছেন না। এই সমস্ত রোগীরা সমাজের মধ্যে নির্বিকারভাবে ঘুরে বেড়াচ্ছে,

রোগ ছড়াচ্ছে, আর সরকার নিশ্চিন্ত হয়ে বসে আছেন। তারপর এবারের বাজেটে আমরা দেখছি পাবলিক হেলথ-এ তাঁরা ২৫ লক্ষ টাকা ব্যয় করতে পারেন নি।

অথচ দেখুন গ্রামে জলের কল নেই, হাসপাতালে রোগীর ভর্তির শয্যা নেই এবং পাবলিক হেলথ বিভাগে ৩০০-এর উপর ভ্যাকেন্সী রয়েছে সেই পোস্টে কোন লোক নেই। এই হচ্ছে জনস্বাস্থ্যের ব্যাপারে কৃতিত্ব।

এর পরে আমি বলতে চাই মূলতঃ আমাদের সাধারণ শাসন ব্যবস্থার ব্যাপারে। স্যার, আমাদের বাংলাদেশে মোট ৪র্থ শ্রেণীর কর্মচারী আছে প্রায় ৭২ হাজার, এল ডি ক্লার্ক ১৮৮৩৭ এবং ইউ ডি ক্লার্ক ৩৮০০, এটাই পেয়েছি বিধান সভার প্রশ্নোত্তর থেকে, আশা করি এই সংখ্যাগুলি সত্য, আজকে এদের প্রচণ্ড বিক্ষোভ জমা হয়ে আছে। তারা বার বার আবেদন জানিয়েছে তাদের চাকুরির নিরাপত্তার জন্য মাগ্‌গী ভাতার জন্য। সরকার কিঞ্চিৎ মাগ্‌গী ভাতা দিয়ে আত্মপ্রসাদ লাভ করছেন। তাদের দাবী ছিল ৩০ টাকা দিয়েছেন মাত্র ৫ টাকা। আপনি শুনে স্যার আশ্চর্য হবেন যে এই সরকারী কর্মচারীদের মধ্যে এমন অনেক আছেন যারা ২০ বছর পর্যন্ত চাকুরি করছেন অথচ তাদের পারমেনেন্ট করা হয় নি। এদের সংখ্যাও প্রায় দু হাজারের মত। তাই আমি বলবো এই বাজেট সংশোধন করুন এবং সংশোধিত বাজেটের মধ্য দিয়ে সরকারী কর্মচারীদের যে বিক্ষোভ আছে ভাতা সম্বন্ধে সেই ভাতা অবিলম্বে স্যাংসন করুন। নইলে গভর্ণরের ভাষণের সময় যেকথা বলেছিলাম যে এই সরকারী কর্মচারীদের মধ্যে যদি অসন্তোষ থাকে, তাহলে প্রশাসনিক ব্যবস্থা ভেঙ্গে পড়বে। সেদিকে আপনারা সজাগ হউন। এবং তাদের ডি এ বাড়িয়ে দিন। তাদের মেডিকেল বেনিফিটের দেওয়ার যে ব্যবস্থা করেছেন তার মধ্য দিয়ে যে সমস্ত আইন কানুন করেছেন তাতে তাদের পক্ষে সেই সুবিধা নেওয়া অত্যন্ত কষ্টকর। আমি দাবী করছি এই মেডিকেল বেনিফিটের টাকা ক্যাশ এলাউন্স হিসাবে দেওয়ার জন্য, সমস্ত কেটেগরী এল ডি ক্লার্কদের জন্য যা আছে তা ক্যাশ এলাউন্স হিসাবে দেওয়ার জন্য আবেদন জানাচ্ছি।

এর পরে আমি শিল্প বাণিজ্য দপ্তর সম্বন্ধে কিছু বলতে চাই। আমাদের যিনি শিল্প বাণিজ্য বিভাগের মন্ত্রী আছেন তিনি তো গৌর নিতাই সেজে ধেই ধেই করে নেচে বেড়ান, তিনি কতটা কাজ করেন আমার সন্দেহ আছে। কয়েক বছর ধরেই একথা জানিয়ে আসছি যে মানুষের শরীরের সমস্ত রক্ত যখন মুখে উঠে সেটা যেমন স্বাস্থ্যের লক্ষণ প্রকাশ পায়না, সেইরকম শিল্প যদি দুই একটা লোকের হাতে কেন্দ্রীভূত হলে দেশের শিল্পোন্নয়ন হয় না। একথা বারে বারেই বলে এসেছি যে আমাদের উত্তর বঙ্গে শিল্পে অত্যন্ত অনুন্নত হয়ে আছে বিশেষতঃ কয়েকটি জেলা। সেখানকার সমস্ত অর্থনীতি কৃষির উপর নির্ভর করে, সেখানে বার বার বন্যা হয় এবং নানা কারণে ফসল নষ্ট হয়। যারা ঐ এলাকার মানুষ তাদের দারিদ্র্য এবং বেকারী অত্যন্ত বেড়ে গেছে। আজকে ৪র্থ পরিকল্পনার একটা খসড়া আমাদের সামনে দেওয়া হয়েছে। ডেপুটি স্পীকার মহাশয় আপনি শুনে আশ্চর্য হবেন যে আমাদের উত্তর বঙ্গের কোন একটা জেলা সম্পর্কেও শিল্পের পরিকল্পনা এর মধ্যে নেই। পশ্চিমবঙ্গ সরকারের পরিসংখ্যান থেকে আমরা জানতে পারি উত্তর বঙ্গ শিল্পে কিরকম উন্নত। পশ্চিমবঙ্গে যে রেজিস্টার্ড ওয়ার্কিং ফ্যাক্টরী আছে তার সংখ্যা হচ্ছে ৪,৬২৬ তার মধ্যে কুচবিহার জেলায় মাত্র ১১টি, মালদহে ৩টি ফ্যাক্টরী এবং ওয়েস্ট দিনাজপুরে মাত্র ৩০টি ফ্যাক্টরী আছে। এ থেকে আপনি ডেপুটি স্পীকার মহাশয় বুঝতে পারবেন যে সামান্য কয়েকটি ফ্যাক্টরীও এই বইয়ের মধ্যে দেওয়া আছে সেগুলি হচ্ছে হয় বিড়ির কারখানা না হয় চাল কল। ওয়েস্ট দিনাজপুরে ৩টি কারখানা খোলা হয়েছে তা মেইনলী চালকল। তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে একটি ইণ্ডাস্ট্রিও এই উত্তর বঙ্গে সৃষ্টি করতে পারেন নি। সেই কারণে বলি যে উত্তর বঙ্গ যদি পিছনে পড়ে থাকে তাহলে দেশের মধ্যে চরম বিপর্যয় দেখা দেবে।

[3-40—3-50 p.m.]

আমরা যারা ঐ দেশীয় রাজন্যের আওতার মধ্যে থাকি পশ্চিমবাংলার মধ্যে এসে পড়েছি সেই আমাদের ওখানকার স্থানীয় অধিবাসীদের মধ্যে একটা প্রচণ্ড বিক্ষোভ দেখা দিয়েছে। তারা বলছে পঃ বঃ সরকার তাদের প্রতি সতীন সুলভ আচরণ করছেন। আজকে তারা চিন্তা

করছে যে পশ্চিম বাংলা থেকে বেরিয়ে যাবে কি না বা কেন্দ্রীয় সরকারের আওতায় যাবার জন্য অনুরোধ করবে কিনা। এই যেখানকার অধিবাসীদের মানসিক অবস্থা সেখানে পরিস্কার বলতে চাই যে চতুর্থ পরিকল্পনার খসড়া তৈরী হয়েছে তার মধ্যে উত্তর বাংলার শিল্পায়নের সম্বন্ধে একটা বাস্তব সম্মত পরিকল্পনা নিয়ে সরকারের অগ্রসর হওয়া উচিত. স্পীকার মহাশয় আজকে এই বাজেটের বিরোধিতা করছি।

Shri Nepal Chandra Roy:

মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আজকে আমার বলবার কথা ছিল না কিন্তু আমি খুব অল্প সময়ের মধ্যে আমার ২।১টা কথা আপনার সামনে রাখবো। এই বাজেট সমর্থন করতে গিয়ে আমি ২।১টা কথা পেশ করছি। আমার বিরোধী দলের বন্ধুরা শিক্ষক সম্বন্ধে যে কথাগুলি বলেছেন যে তাদের সঙ্গে আলোচনা করা উচিত আমিও মনে করি সরকারের এ সম্বন্ধে আলোচনা করা উচিত। আমি বিরোধী দলের বন্ধুদের এবং মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব এরূপ একটা অচল অবস্থার সৃষ্টি না করে একটা মীমাংসা যাতে হয় সে নীতি গ্রহণ করেন। অবশ্য আমি এখানে সকল মানুষকেই মানুষ বলছি না বা সকল শিক্ষক যে ভাল শিক্ষক তা নয়। এমন কিছু রাজনৈতিক শিক্ষক আছেন যারা শুধু রাজনীতি করেন তাঁদের সম্বন্ধে কিছু কথা না বলে আমি বলছি যে এর একটা মীমাংসা হওয়া উচিত। আমার বন্ধুদের বলবো জিদ্ করার কথা এটা নয়. আমরা যখনই ডেপুটেশন নিয়ে আসি দেখেছি মুখ্যমন্ত্রী আলোচনা করেন। এখানে অনেক পুরান বন্ধু আছেন যাঁরা গণতন্ত্রের সুরু থেকে এসেছেন তাঁরা জানেন এটাই হাউসের নিয়ম। সেদিক থেকে আমি বলবো শিক্ষকদের নিয়ে এসে আলোচনা করে মীমাংসা করে ফেলুন। আর একটা কথা এখানে না বলে পারছি না যে শিক্ষকরা ঐখানে অবস্থান ধর্মঘট করছেন এটা আমাদের পক্ষেও যেমন খারাপ ওঁদের পক্ষেও তেমনি খারাপ। শিক্ষকরা মাঠে নেমে আসবেন। ঠিক যেমনি ট্রেড ইউনিয়নিস্টরা ইনক্লাব জিন্দাবাদ করেন কারখানা বন্ধ করে, তাঁরা সেরূপ যদি করেন তাহলে এটা ভবিষ্যতের দিক থেকে খারাপ, কারণ এই যদি নীতি হয় তাহলে এর পর যে কোন কারণে হোক এরূপ অচল অবস্থা হবে। কিছু দিন আগে আমার এলাকায় দেখেছি যে ম্যানেজিং কমিটি ১ জন টিচারকে সরিয়ে দিল অমনি ছাত্ররা আন্দোলন আরম্ভ করলো। আপনারা হয়ত বলবেন ভালই হয়েছে এত বড় একটা সিরিয়াস জিনিষ হচ্ছে সেখানে শিক্ষকরা দেখছি তাস খেলছেন। গণনাটিগজ্জ সেখানে আছে। এটা লজ্জার কথা জাতীর পক্ষে কলঙ্ক বলে মনে করি। টিচাররা সেখানে ফাষ্ট করছেন এত বড় একটা সিরিয়াস ব্যাপার সেখানে দেখছি আমেরিকান টেরা কী বসনের চোঙা প্যান্ট পরে আছেন, আনন্দবাজারে এ ছবি আছে। টিচারদের অনুরোধ করবো, বামপন্থীদের অনুরোধ করবো টিচাররা যখন কোন দাবী দাওয়া নিয়ে আসবেন তার মধ্যে রাজনীতি নিয়ে আসবেন না। যদি রাজনীতি নিয়ে আসেন তা হলে বাংলা দেশকে তথা ভারতবর্ষকে নষ্ট করবেন, আমি একটা জিনিষ তাদের বলি যে দেশের চেয়ে দল বড় নয় একথা যেন তাঁরা মনে রাখেন। এটা আমি কমিউনিষ্ট পি. এস পি এবং কংগ্রেসকেও বলছি, একথা সকলেরই মনে রাখা উচিত যে দেশের চেয়ে বড় আর কিছু নয়। দেশ যদি বেঁচে থাকে তা হলে দল বেঁচে থাকবে। দেশকে যারা গঠন করবে দেশের মানুষকে যারা গঠন করবে তাদের চরিত্র ওপেন জায়গায় কলুষিত করা উচিত নয় এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি এবং এই ছবিটা আপনার টেবিলে দিচ্ছি।

[3-50—4 p.m.]

Shri Sanat Kumar Raha:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে বাজেট ১৯৬৫-৬৬ সালের জন্য এসেছে সেটাকে আমি বিরোধীতা করছি। বিরোধীতা করছি এজন্য যে আমরা দৈনিক কাগজে দেখলাম "রাজারাণীর প্রেমে সারের কেলেঙ্কারী"। দৈনিক কাগজে সারের কেলেঙ্কারীর খবর যা বেরিয়েছে সেটা শুধু একটু খবরই নয় সেই সময় কিছু সার কেলেঙ্কারীর খবর বেরিয়ে যায়।

প্রশ্ন এটা নয়, যে আজ আমাদের দেশে অর্থনৈতিক অগ্রগতি কিছুটা হচ্ছে না, কতট. পশ্চাৎপদ গতি হচ্ছে। প্রশ্ন হচ্ছে, এই যে ভারত বা বাংলাদেশে যে অগ্রগতির কথা সমাজতন্ত্রের লক্ষ্যের কথা, বা সাধারণ জীবনের মান উন্নয়নের কথা বলা যায় সেই দৃষ্টিভঙ্গী আমাদের এই বাজেটের ব্যয় বরাদ্দে কি আছে? প্রথমেই বলতে চাই রাজারাণীর প্রেমের খবর আজকে খবরের কাগজে বেরিয়েছে, সারের কেলেঙ্কারী তাকে ভিত্তি করে বলতে চাই। আজকে দেশে দুর্নীতির রাজত্ব চলেছে। এই রাজত্ব থেকে মুক্তি পাবার কথাই লোকে ভাবছিলো। এই সম্পর্কে বাজেটে এমন কিছু ব্যয় বরাদ্দ আছে যার ফলে লোকের চেতনাকে মোটামুটি ৫টা দাবীতে কিছুটা পূরণ হতে পারে। দাবী একটা ছিল এই যে এই দেশের যে এক চেটিয়া বিকল্প সরকার মুনাফাখোরী রাজত্ব চলছে তা থেকে সরকার কোন নিস্কৃতির ইঙ্গিত দেবেন কিনা। হয়তো সমাজতান্ত্রিক শোষন এখন যে বাংলা দেশে পরিব্যপ্ত, সেখানে করবী. মহেশ্বী গুষ্ঠী ইত্যাদির শোষন চলছে তা থেকে কোন নিস্কৃতির ইঙ্গিত এ বাজেটে আছে কিনা। তৃতীয় লোকের চেতনা ছিল কিছুটা করভার হ্রাস হবে কিনা। কর বাড়বে না এটা বড় কথা নয়। লোকের চেতনা বর্তমানের চেতনা তাদের দৃষ্টিভঙ্গী এই কথা বলা যায় যে কোন করভার হ্রাস করা হবে কিনা এবং এ ধরণের ইঙ্গিত বাজেটে থাকবে কিনা। এটাই লোকের আশা ভরসার মধ্যে ছিল এখন বাংলা দেশের ক্রমাগত উন্নতির পথে যে অর্থ নৈতিক বিকাশ বাংলা সরকার বলবেন তাতে আমাদের নিজেদের মাথা পিছু ইনকাম বাড়বে কিনা সেটা ছিল প্রশ্ন। জাতীয় আয়ের ভিত্তিতে কোন লোকের রোজগার বাড়িয়ে দিয়ে দেশের লোককে চিট করা বঞ্চনা করার নীতি সরকার পরিত্যাগ করবেন কিনা। তাছাড়া লোকের চেতনার মধ্যে আর একটা প্রশ্ন ছিল। সে মূল্যমান হ্রাস করাতে সরকার পারবেন কিনা এবং তার কি ব্যবস্থা করেছেন এই বাজেটে সে দিক থেকে কোন দৃষ্টি নেই যার ফলে লোকের চেতনা সম্পূর্ণ রূপে শেষ না করে কিছুটা ফ্রি করা যায়। আমি শুধু কয়েকটা দৃষ্টান্ত দেবো। আজকে কংগ্রেসের এখানে যাঁরা বসে আছেন তাঁদের সমালোচনা করার এ প্রশ্ন নয় যে অর্থনৈতিক বিকাশ ঘটে নি। প্রশ্ন হচ্ছে যে আজকে যে ধরণের বিকাশ ঘটার প্রয়োজন ছিল, সম্ভাবনা ছিল সে সম্ভাবনার দিকে কংগ্রেস সরকার সাফল্য মণ্ডিত হয়েছে কিনা? যদি অসাফল্য হয়ে থাকেন তাহলে কংগ্রেস বেঞ্চ থেকে তা স্বীকার করতে হবে কারণ এই জিনিষ দূর করতে না পারলে বাজেট পূর্ণাঙ্গ হতে পারে না এটাই আমার বলবার কথা। আমাদের দেশে যে ব্যাপক দুর্নীতি চলেছে তার কয়েকটা দৃষ্টান্ত দেবো। ১ বৎসরের মধ্যে সদাচার সমিতি সারা ভারতবর্ষে ৩০ হাজার ৯ শত দুর্নীতির কেস ধরেছে। ১৯৬০ সাল ও ১৯৬১ সালে ১০ হাজার এবং ১৯৬২ সালে ২০ হাজার এবং এই দুর্নীতির মধ্যে কিছু কিছু চীফ মিনিস্টার, কিছু কিছু ডেপুটি মিনিস্টার কিছু ভাইস চ্যান্সেলার আছেন। যদি বলেন এ তথ্য কোথায় পেলেন তাহলে বলবো কংগ্রেসের দ্বারা পরিচালিত শোসালিষ্ট কংগ্রেস—ম্যান তার মধ্যেই আছে।

তারপর আমি আর একটা কথা বলতে চাই। বাংলা দেশ শিল্পে এক কালে ছিল অদ্বিতীয় ও প্রধান। শিল্পের দিকে বাংলাদেশের যে সম্ভবনা ছিল সেই সম্ভাবনাকে ব্যবহার করতে সরকার সম্পূর্ণ ব্যর্থ হয়েছেন। শুধু যে ব্যর্থ হয়েছেন তাই নয় এই ১৯৫২ থেকে ১৯৬২ সালের মধ্যে যে ২ হাজার নূতন ফ্যাক্টরী চালু হয়েছে তার মধ্যে ১৭৫০টি ফ্যাক্টরী হয়েছে কোলকাতায় এবং তার সন্নিকটে। অর্থাৎ যে কোলকাতার সন্নিকটে ২.৩ পারসেণ্ট এলাকার ভিত্তিতে শতকরা পশ্চিমবঙ্গকে ১০০ ধরলে ২.৩ পারসেণ্ট এলাকা হচ্ছে কোলকাতা এবং তার সন্নিকটে। ঐ অঞ্চলে ১৭৫০টি ফ্যাক্টরী আর বাকি ৯৭ ভাগ এলাকাতে মাত্র ২৫০টি রেজিস্টার্ড ফ্যাক্টরী চালু হয়েছে। শৈলবাবু গত বছর তাঁর বাজেটে যে ইকোনমিক রিভিউ দিয়েছেন এতে রুরাল ইণ্ডাস্ট্রিয়ালাইজেসন সম্বন্ধে খুব বড় করে বলেছিলেন। তিনি বলেছিলেন যে এ্যাডভাইসরি কমিটি হবে. তাঁরা কেয়ার নেবে যে কি করে শিল্পবাংলা তৈরি করা যায়, কি করে পল্লী বাংলার শিল্পকে পুনরুজ্জীবিত করা যায়। এ ভিন্ন বাংলাদেশের মুক্তি নেই। কিন্তু এক বছর ধরে দেখলাম তার কোন

পরিকল্পনা নেই। শ্রীঅর্ধেন্দু নস্কর মহাশয় বলেছিলেন যে, না আমাদের এমন কোন পরিকল্পনা নেই বা এমন কোন দৃষ্টান্তও নেই যে পল্লী বাংলার শিল্প বিস্তারের জন্য ক্যাবিনেট কোন দিন বসেছে। আমি আর একটা কথা বলতে চাই যে উত্তরবঙ্গে শতকরা ৩ থেকে ৪ জন লোক শ্রমশিল্পে নিযুক্ত, রাঢ় বাংলায় শতকরা ২ জন, মধ্য বাংলায় শতকরা ১ থেকে কয়েক পয়েণ্ট। এই হচ্ছে বাংলাদেশের চিত্র। সরকার বলেন জমি আর এক ইঞ্চি নেই। পৃথিবীতে সবচেয়ে বেশী ঘনত্ব সেই রকম যে জায়গায় লোকের বাস—এরকম ১১শো ঘনত্ব পৃথিবীর আর কোথাও নেই। তা যদি হয় তাহলে সত্যই আমাদের সরকার এসব চিন্তা করছেন কিনা। দেশের লোকের পার-ক্যাপিটা মাথাপিছু উৎপাদন, জাতীয় আয় বাড়িয়ে কি করে দেশের লোককে সন্তুষ্ট করা যাবে সেদিকে কোন সিরিয়াস দৃষ্টিভঙ্গী সরকারের নেই। তারপর যে কথাটা বলতে চাই সেটা হল পশ্চাৎবর্তী বাংলা যেখানে শিল্পে হটে আসছে, সেখানে সারা দেশের চিত্র অন্য রকম। উড়িষ্যাতে শিল্পে এ্যাডভান্সমেণ্ট—প্রগতি হচ্ছে ১৪ পারসেণ্ট, রাজস্থানে ১৩ পারসেণ্ট আর পশ্চিমবঙ্গে সেখানে ১০.৫ পারসেণ্ট। এই অবস্থা থেকে আমাদের মুক্তি পেতে হবে। কিন্তু এখানে তার কোন দৃষ্টিভঙ্গীর পরিচয় নেই। শৈলবাবু গত বছর যে বাজেট দিয়েছিলেন তাতে বলেছিলেন আমাদের দেশ এমন একটা দেশ যেখানে আমরা করভার যদিও বেশী নিই ভারতবর্ষের মধ্যে কিন্তু জাতীয় নির্মাণকার্যে নেসান বিল্ডিং এক্সপেণ্ডিচারএর কাজ বাংলা সব থেকে বেশী করে করে এটা গর্বের বিষয়। এ সব কথা শুনতে আমাদের খুব লাগবে। আমি খুঁজছিলাম সেই সব জিনিষগুলো কি করে রেফিউট করা যায়। আমি পেয়েছি, যেখানে বিহারে ৭.৪ পারসেণ্ট ট্যাক্সেসন, যুক্তপ্রদেশে ৯ পারসেণ্ট, সেখানে বাংলাদেশে পারসেণ্টেজ অব ট্যাক্সেসান হচ্ছে ১৫.৩ পারসেণ্ট। শৈলবাবু তার বক্তব্যে বলেছিলেন যে জাতীয় নির্মাণকার্যে আমরা ব্যয় করি ১৭ পারসেণ্ট। কাজেই যা লোকে দেয় তা থেকে বেশী খরচ করা হয় একথা বলা যেতে পারে। তার সঙ্গে সঙ্গে আমি একথা বলব, এই যে জাতি নির্মাণকার্যে ব্যয় করছেন ন্যাশানাল বিল্ডিং বলতে শৈলবাবু বলেছিলেন যে আমাদের দেশে ট্যাক্স আমরা সবচেয়ে কম করেছি। আমাদের দেশে একটা লোক যা ইনকাম করে তার থেকে সেই ইনকামএর বেসিসএ পৃথিবীর অন্যান্য জায়গায় বেশী ট্যাক্স ধার্য করা হয় সেই তুলনায় আমরা অনেক কম করেছি। টি. টি কৃষ্ণমাচারী, কেন্দ্রীয় অর্থমন্ত্রী একদিন একথা বলেছিলেন যে দেশে ন্যাশনাল ইনকাম পার ক্যাপিটা যা তার ১০ গুণ যাঁরা ইনকাম করেণ তাঁদের ২টি সন্তান থাকলে তাঁদের এক পয়সা ইনকাম ট্যাক্স লাগে না। তারপর কিন্তু চুপ। আমরা খুঁজতে খুঁজতে কংগ্রেসের কাগজেই আবার খুঁজে পাচ্ছি যে ন্যাশনাল পার-ক্যাপিটা ইনকাম আমাদের ভারতবর্ষে যা তার ১০ গুণ ইনকাম করলে সত্যই ইনকাম ট্যাক্স লাগে না। কিন্তু ২০ গুণ বা ১00 গুণ করলে কি লাগে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনে আশ্চর্য হয়ে যাবেন যে আমাদের পার-ক্যাপিটা ন্যাশনাল ইনকাম যা তার ২০ গুণ যদি ইনকাম হয় তাহলে ভারতে তাকে দিতে হয় ট্যাক্স ২.৫, সিংহলে ৩.৫, ইউ, এস, এতে ৩৫ পারসেণ্ট আর ইউ, কেতে ৪৯ পারসেণ্ট ট্যাক্স। কম নেওয়া হয় একথা বলতে শৈলবাবু বড়লোকদের জন্য বলেছেন। কিন্তু আমি বলছি তলাকার লোকের কাছ থেকে আপনি কম নিন আর ধনীকের কাছ থেকে বেশী আদায় করুন। এটাই মিশ্র অর্থনীতির মূলনীতি হওয়া উচিত ছিল, এবং সমাজতন্ত্রের ভিত্তি এই হওয়া উচিত ছিল। যাঁরা জাতীয় পার-ক্যাপিটা, ন্যাশনাল ইনকামে প্রচুর রোজগার করেন, প্রায় ১00 গুণ রোজগার করে, টোয়েণ্টি টাইমস থার্টি টাইমস, ফর্টি টাইমস, তাঁরা আপনাদের পেয়ারের লোক। তাঁদের রেহাই দিয়ে বলেন যে ভারতবর্ষে সব থেকে ট্যাক্স কম, আরও বেশী হওয়া উচিত, ইউ, এস, এ, ইউ, কে, সিংহল মিশরে আছে, ভারতে নেই কেন? কেন ভারতবর্ষ ধনীকের রাষ্ট্র, এবং ধনীক শ্রেণীর দ্বারা পরিচালিত। ভারতের নীতি তার বাজেট নীতি একচেটিয়া কারবারীদের দ্বারা প্রভাবিত হয়ে আছে। যার ফলে এই উঁচু ইনকামকারীদের জন্য যে পরিমাণ ট্যাক্স মাথাপিছু ধার্য্য করা হয়। স্বভাবতঃ ক্যাপিটালিস্ট দেশে, আমাদের দেশ পুঁজিবাদী দেশ হওয়া সত্বেও পুঁজিবাদী সরকার এই রকম একচেটিয়া হাতে প্রভাবিত হয়ে আছে। তাঁদেরকে তাঁরা রেহাই দেন। তারপর আমি আর একটা কথা বলতে চাই। আমাদের বাংলাদেশে কয়েক বছর ধরে বিভিন্ন হাসপাতালে অনেক উন্নতির ছবি দেখা যায়। ডাক্তার বিধানচন্দ্র রায় তিনি দেশকে অনেক

হাসপাতাল দিয়ে গেছেন কিন্তু আমি বলতে চাই যে আমাদের দেশে চিকিৎসার ব্যাপারে অরাজকতা চলছে। দুর্নীতির কথা আমি বলতে চাই না কিন্তু আমি এইটুকু জানতে চাই যে বাংলাদেশে কি ৩০০ ডাক্তার নেই? মাথাপিছু ২ আনা মাত্র ঔষধের জন্য ব্যয় হয় সরকারী হাসপাতালে এবং পাবলিক-এর হাসপাতালে। এই যে ২ আনা করে সরকার নিচ্ছেন ঔষধের জন্য সেই ঔষধের প্রেসক্রেপসান লেখবার মত ডাক্তার দেবার ক্ষমতাও সরকারের নেই। এই তো স্বাস্থ্য বিভাগের অবস্থা। তারপর আমি আর একটা কথা বলতে চাই। জাতি নির্মাণ-কাজের যে বহর ওঁরা দেখালেন তাতে অবাক হয়ে যাই। জাতি নির্মাণ করতে গেল দেশে শিক্ষার দরকার। এখন যে ব্যবস্থা করেছেন তাতে দেখা যায় পুলিস খাতে ৫ বছরে ব্যয় হয়েছে ৫ কোটি ২০ লক্ষ টাকার বেশী। আর এই ৫ বছরে আমরা (রেড বুক) লাল বই যদি দেখি

Primary section C-Universal Education will be elementary.

তাহলে দেখা যাবে যে সেখানে ৫ বছরে খরচ হয়েছে ৮৩ লক্ষ থেকে ৯৬ লক্ষ টাকা। অর্থাৎ ১৬ লক্ষ টাকা বাড়তি। যে গ্র্যান্ট-ইন-এড দেবার কথা আছে পুলিশের জন্য সেখানে ৫ বছরে আন্দাজ ৫।। কোটি টাকা খরচ বেশী হয় সেখানে আমাদের প্রাথমিক শিক্ষার জন্য ৫ বছরে খরচ হয় মাত্র ১৬ পারসেণ্ট। অর্থাৎ ঐ ৮৩ থেকে ১৬ লক্ষ টাকা—১৬ পারসেণ্ট। আর যেখানে ৮ কোটি থেকে ১২ কোটি টাকা খরচ হল সেখানে ঐ ৫০ পারসেণ্ট বা শতকরা ৫০ ভাগ বাড়ানো হল পুলিসের জন্য শুধু তাই নয়, ১৯৬৫-৬৬ সালে শতকরা ৫০ ভাগ বর্ধিত ছিল তার উপর আরও বাড়ানো হোল ১২ কোটি নয়, ১৪ কোটি ১৬ লক্ষ টাকা এই বাজেটে। আর একটা কথা, আমাদের দেশে সামগ্রিকভাবে শিক্ষার জন্য খরচ করি ২৫ ভাগের কিছু নিচে। বাংলাদেশে তার থেকে নিচে। অন্যান্য প্রদেশ যা খরচ করে বাংলাদেশ তার থেকে কম খরচ করে। ডেভেলপমেণ্ট খাতের খরচের কথা ধরতে গেলে একথাই বলতে হয় যে এই সরকারের অপদার্থতার সীমা নেই। তাঁরা ডেভেলপমেণ্ট খাতে খরচ করতে পারেন নি। শৈলবাবু তাঁর বাজেট বক্তৃতায় বলেছেন যে আমরা ৭টি খাতে ৫২ কোটি টাকা খরচ করতে পারেন নি। সেই ৭টি খাত কি কি? তার মধ্যে যেগুলি জাতি নির্মাণ কাজ করে সেই সম্পর্কে জানাতে চাই। তার মধ্যে কৃষি, সমষ্টি উন্নয়ন, ফিসারী, বন, শিক্ষা প্রভৃতি বিভিন্ন খাতে প্রায় ১৭ কোটি টাকা খরচ হয়নি। এই ১৭ কোটি টাকা ধরেছি তাই নয়, যে ৩৫ কোটি টাকা খরচ করেছেন ইনফ্লেসন যুগে সে টাকার মূল্য কমে গিয়ে ২৫ কোটি টাকায় দাঁড়ায় ৫০ পারসেণ্ট খরচ হয়েছে—৫০ পারসেণ্ট খরচ হয় নি।

[4—4-25 p.m.]

তারপরে তিনি আরও বলেছেন যে আমরা খরচ করতে না পারার দরুন আমাদের তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার ফলে যে অবস্থা হবে তাতে আমাদের আরও ৬ শত কোটি টাকা খরচ করতে হবে। কিন্তু আমার বক্তব্য অনেক টাকা খরচ করছি—কিন্তু আছি কোথায়—আমরা যেখানে দাঁড়িয়ে আছি সে সম্পর্কে আমাদের কোন চিন্তা আছে কিনা—সেদিকে উপাধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে বলবো যে আমাদের বাংলা দেশের যে শিক্ষা ব্যবস্থা সে সম্পর্কে অনেক মাননীয় সদস্য বলেছেন যে সাড়ে ১৪ হাজার গ্রামে স্কুল নেই। সহরে অবৈতনিক বাধ্যতামূলক শিক্ষা দেবার জন্য ব্যবস্থা নেই। তার জন্য কোন রুলসও তৈরী হয়নি—সমগ্র মাদ্রাজ সহরে ৯৬ পারসেণ্ট যেখানে পড়ে বাধ্যতামূলক প্রাথমিক স্কুলে সেখানে কলকাতায় পড়ে ২৮ পারসেণ্ট। চতুর্থ শ্রেণী পর্যন্ত যেখানে ৭০ পারসেণ্ট পড়ে—চতুর্থ শ্রেণীতে পড়তে পড়তে আর পড়া হয় না এমন ছাত্র বাংলা দেশে সবচেয়ে বেশী। আর ৩২ হাজার স্কুলের মধ্যে ১৬ শততে ৫ম শ্রেণী আছে, আড়াই হাজার স্কুলে পঞ্চম শ্রেণী নেই। কাজেই পঞ্চম শ্রেণী ধরলে প্রাথমিক শিক্ষার স্ট্যাণ্ডার্ড আরও নিচু হয়ে যায়, এটা চন্তা করা উচিত। পরে আমাদের আট থেকে ১০ পয়সা খ চ প্রত্যেক ছাত্রের জন্য—ট্রেণ্ড টিচার বাংলা দেশে সব জায়গায় নেই—এবং সারা ভারতবর্ষে যে ট্রেণ্ড টিচার আছেন প্রাথমিক শিক্ষায় সেটা বাংলা দেশে সব থেকে কম ৩৮

পারসেণ্ট। ট্রেণ্ড টিচারদের বেতন আসামের থেকে অনেক কম। ষষ্ঠ কি নবম স্থান বাংলার জানি না, কিন্তু বাংলার স্থান অত্যন্ত নিচে। এবং কলকাতায় এখনও ১ লক্ষ ৯৭ হাজার শিশুদের শিক্ষার ব্যবস্থা প্রাথমিকে অবৈতনিক ভাবে নেই। ১৯৬৫-৬৬ সালের বরাদ্দ বাজেটে দেখবেন সেখানে বেসিক এডুকেশান ওয়ান টু ফোর—এইট—এদের কমানো হয়েছে এবং ১১ থেকে ১৪ এজ পর্য্যন্ত তার খরচ কমানো হয়েছে—বেসিক প্যাটার্নের উন্নতির জন্য কোন বরাদ্দ নেই—essential accommodation for teachers

কোন বরাদ্দ নেই। মেয়েদের শিক্ষার ব্যয় বরাদ্দ যা ছিল তা কমানো হয়েছে—বয়স্ক মহিলাদের শিক্ষার জন্য বরাদ্দ হয় নি—মহিলা টিচারদের ফ্রি এ্যাকমডেসনের কোন বরাদ্দ নেই—মাধ্যমিক ক্ষেত্রে টিচারদের অবস্থা এই রকম—বরাদ্দ কিছু করা হয় নি—কোথা থেকে শিক্ষা বাড়বে। আমাদের শতকরা ৫০ ভাগ মেয়ে—তাদের পক্ষে শিক্ষা বাড়াবার জন্য যে সব সুবিধা তার বরাদ্দ হয় কমানো হোল না হয় একেবারে করাই হোল না। আমি উৎপাদনের কথা বলতে চাই—এক জায়গায় শৈলবাবু বলেছেন যে আমাদের টারগেট পরিপূর্ণ হয়েছে—১৯৬২ সাল থেকে এবার যে উৎপাদন তাতে আমাদের টারগেট ফুলফিল্ড হয়েছে আমি বলতে চাই এতো সহজে কিস্তি মাত করা যায় না—সরকার বার বার বলেছেন যে আমরা খাদ্যে স্বয়ংসম্পূর্ণ। একথা মিথ্যা—ধোকাবাজী এবং চিটিংবাজী ছাড়া আর কিছুই নয়—আমার বক্তব্য হচ্ছে ১৯৫৫-৫৬ সালে ২২ লক্ষ টন ছিল—১৯৬২ সালে ২২ লক্ষ টন—গত ছয় সাত বছর ধরে খাদ্যোৎপাদনের ব্যাপারে আমরা এক জায়গাতেই আছি। দীর্ঘ মেয়াদী খাদ্যবৃদ্ধির কোন ইঙ্গিত ঝোঁক দেখা যায় না—এ রকম কোন ট্রেণ্ড নেই। আমি তাঁদের চিন্তা করতে বলবো যে খাদ্যোৎপাদন ব্যাপারে কোন সিরিয়াস চেতনা আছে কিনা—যে আমাদের ট্রেণ্ড ক্রমশ যে বাড়ার দিকে নিয়ে যাচ্ছি তা নয়—আমরা স্ট্যাগনেশান অবস্থায় আছি। শেষকালে আমি এটুকু বলতে চাই সেচ, কৃষি, মৎস্য, ভূমি সংরক্ষণ উন্নয়ন এ যে বিভিন্ন খাতে সরকার বেশী খরচ করতে পারেন নি তার জবাব কি করে আমরা পাবো এবং এই খরচ করতে না পারার ফলে আমরা দেখেছি প্রশাসনে খরচ বেড়েছে, জেলে পুলিশে এতো খরচ বেড়েছে সেখানে জানি নির্মাণকার্যে খরচ কমে গেছে। ঠিক এইভাবে সরকারের বাজেট সম্পূর্ণরূপে ধনিক শ্রেণীর দ্বারা পরিচালিত হচ্ছে বাংলা দেশে শিল্পায়ন হয় নি—আজ সমগ্র বাংলা দেশে শিল্পায়নের মাধ্যমে যেভাবে বাংলা দেশকে বাঁচানো যায় সেই সব জায়গায় আমাদের পশ্চিমবঙ্গ সরকার একেবারে ক্যালাস, আমি সবশেষে বলতে চাই যে ৩৫।৩৬ লক্ষ পরিবার কৃষক ভাগচাষী আছে তাদের উন্নতির কোন চিন্তা নেই—তারা ঋণ-এ জর্জরিত, তাদের মাথাপিছু ঋণ, পরিবার পিছু ঋণ, মহাজনের ঋণ, ফলতায় মাহাজনদের শোষণ এই সব করে তারা মারা যাচ্ছে আমার বক্তব্য হচ্ছে আজও এখানে সামন্তনীতি অটুট হয়ে আছে ভাগচাষীর সংখ্যা বেড়েছে, কৃষকের সংখ্যা বেড়েছে—তাদের জন্য কোন কিছুই নেই যাতে তারা ভাগচাষ থেকে খাজনা থেকে মুক্তি পায়। এই সব দৃষ্টি না দিলে বাংলায় যে হাহাকার আসবে তাকে রোধ করা যাবে না। তাই আমি বলবো এই বাজেট সম্পূর্ণ ভাবে ধনীদের দ্বারা প্রভাবিত বাজেট, গরীবদের স্বার্থের পক্ষে এই বাজেট নয় এবং এর দ্বারা বাংলার কৃষি এবং শিল্পকে বাঁচাতে পারা যাবে না এই জন্য আমি এই বাজেটের বিরোধিতা করছি।

[At this stage the House was adjourned for 20 minutes]

[After adjournment]

[4-25—4-35 p.m.]

Shri Nathaniel Murmu: On a point of order. The Treasury Bench is empty.

Mr. Speaker: I have noticed it.

Shri Nani Bhattacharjee:

আপনি তাহলে স্যার এখন অ্যাডজোর্ন করে দিন।

(At this stage Shri Bijoy Singh Nahar entered the House).

Mr. Speaker: I have to make a remark. It has been laid down by the Lok Sabha Speaker that not only one Minister but more than one Minister should be present in the House. In this House I often find only one Minister to be present. But it is very bad that just now there was not a single Minister present in the House.

Shri Bijoy Singh Nahar: I am very sorry that no Minister was present in this House. Both Houses are now sitting.

Mr. Speaker: You wanted both Houses to sit at the same time. That is no excuse. Mr. Nahar, you can only express regret. Shri Abanti Kumar Das may speak now.

Shri Abanti Kumar Das:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের অর্থমন্ত্রী ১৯৬৫-৬৬ সালের জন্য যে বাজেট এখানে পেশ করেছেন আমি সেই বাজেটকে সমর্থন করতে উঠেছি। আমাদের এই যে বাজেট পেশ করা হয়েছে এটা শুধু এ্যাবষ্ট্রাক্ট অব স্টেটমেণ্ট নয়—এটাকে যদি এ্যাবস্ট্রাক্ট অব স্টেটমেণ্ট মনে করা হয় তাহলে ভুল করা হবে। বাজেটকে প্রকৃত পক্ষে দেশের পরিপুষ্টির এবং দেশের সঞ্চালনের পথ নির্দেশের একটা নির্দেশনামা বলে বলা যেতে পারে। আমাদের বিরোধী পক্ষের মাননীয় বন্ধুগণ তাঁদের বিভিন্ন ধরণের বক্তৃতা থেকে বলেছেন যে এই যে বাজেট এটা সম্পূর্ণরূপে হতাশাব্যঞ্জক এবং এর মধ্যে কোন পথ নির্দেশ বা কোন কিছু নেই।

কিন্তু আমি বলব সামগ্রিক বাংলার একটা চিত্র বিশেষ করে ১৯৬৫-৬৬ সালে বর্তমান বছরের পরিপ্রেক্ষিতে কি কি কাজ কর্ম করা হবে তার একটা সুনির্দিষ্ট কর্ম পন্থা এর মধ্যে সন্নিবিষ্ট করা আছে। আমি এই সঙ্গে তৃতীয় ফাইনান্স কমিশনের কথা বলতে চাই। অর্থনীতির দিক থেকে দেখতে গেলে আমাদের সেণ্টারে যে সমস্ত ডিভিজিবল পুল আছে সেই ডিভিজিবল পুলের বেশীর ভাগ অর্থ সমস্ত স্টেটগুলিকে সাধারণতঃ পপুলেশান বেসিসে দেওয়া হয়ে থাকে এবং আমাদের এই বাংলাদেশে বহু রকমের সমস্যা থাকা সত্ত্বেও সেই ডিভিজিবল পুল থেকে যে টাকা দেওয়া হচ্ছে সেটা বাংলাদেশের পক্ষে যথেষ্ট নয়। আমাদের অর্থ মন্ত্রী যে বাজেট পেশ করেছেন তার মধ্যে তিনি এই কথা বলেছেন এবং এ সম্বন্ধে সেণ্ট্রাল থেকে যে দৃষ্টিভঙ্গী গ্রহণ করা হয়েছে তাও তিনি বলেছেন। তাছাড়া রেভেনিউ গ্যাপ যেটা আছে তার থেকে টাকা অথবা কমিউনিকেশানের জন্য যে সমস্ত টাকা সেগুলি সমস্ত স্বল্পোন্নত দেশগুলিকে দেওয়া হয়। কিন্তু বাংলাদেশ তা থেকে বঞ্চিত হয়েছে। বাংলাদেশ থেকে এজন্য প্রতিবাদ পাঠান হয়েছে। শুধু প্রতিবাদ দ্বারা এটাকে ঠিক করা চলবে না। আমি অর্থ মন্ত্রীর কাছে এই কথা বলব আপনার মাধ্যমে যে আমাদের চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনা যা আসছে সেই পরিকল্পনাতে যাতে বাংলাদেশ সেণ্ট্রালের কাছ থেকে অবিচার না পায় বাংলাদেশের যে ন্যায্য প্রাপ্য টাকা সেই টাকা যাতে বাংলাদেশ বুঝে পেতে পারে তার জন্য আমাদের যে অর্থ দপ্তর রয়েছে সেই দপ্তর যেন সচেতন হয়ে পড়েন। তা যদি না হয় বাংলাদেশ থেকে আবার নতুন করে কর সৃষ্টি করে চতুর্থ পরিকল্পনার সেই সমস্ত বরাদ্দগুলিকে কাজে লাগাবার চেষ্টা করা হয় তাহলে সেটা বাংলাদেশের পক্ষে অত্যন্ত রিগ্রেসিভ ট্যাক্স হয়ে দাঁড়াবে। বাংলাদেশের যে ট্যাক্স সেটা অনেক বেশী বাড়ান হয়েছে এবং বাংলাদেশের সাধারণ মানুষের পক্ষে এর চেয়ে বেশী ট্যাক্স দেওয়া সম্ভব হবে বলে মনে হয় না। তারপর আমি আসতে চাই আমাদের এগ্রিকালচারের কথায়। আমরা সাধারণ গাঁয়ের মানুষ এবং গ্রামে যে কৃষি ব্যবস্থা রয়েছে সেই কৃষি ব্যবস্থাতে একটা মোমেণ্টাম দেওয়ার প্রয়োজন রয়েছে। আমাদের সরকার যথেষ্ট চেষ্টা করছেন। ভাল বীজ দেওয়ার জন্য, সার দেওয়ার জন্য এবং সার বীজ এই সমস্ত দিয়ে যাতে উন্নত প্রথাতে

চাষ করা যায় এবং তার ফলে চাষীরা সত্যিকারে যাতে লাভবান হতে পারে তার চেষ্টা করা হয়েছে। কিন্তু শুধু জল দিলে বা ভাল সার দিলে বা ভাল বীজ দিলে যে সম্পূর্ণভাবে শস্য উৎপাদিত হবে সেকথা বলা যেতে পারে না। আমাদের যে চাষীরা রয়েছে তাদের দুটো হাতকে কাজে লাগান দরকার। তারা যে সম্পূর্ণ নেগলেক্টেড হয়ে রয়েছে সে দিকে লক্ষ্য দিতে হবে। চাষীদের মনের মধ্যে যে, রুদ্ধ আবেগ রয়েছে তারাও চায় যে বাংলাদেশে প্রোডাকসান বাড়ুক তাদের যে ছেলেমেয়ে রয়েছে তারাও পেট ভরে খেতে পাক তাদের সেই রুদ্ধ আবেগের উৎস মুখ খুলে দেওয়ার জন্য একটা মোমেণ্টাম সৃষ্টি করা দরকার। সেটা আমাদের সরকারের দিক থেকে যথোপযুক্তভাবে করা হয়নি বলে আমার বিশ্বাস। কেন না আজকে সারা দেশে গ্রাম পঞ্চায়েৎ রাজ প্রতিষ্ঠিত হলেও যে সমস্ত লোকের উপর কৃষির উন্নতির দায়িত্ব দেওয়া হয়েছে তাঁরা তাঁদের দায়িত্ব মোটেই পালন করছেন না বিশেষ করে ভি. এল. ডবলু. তাদের উপর দায়িত্ব দেওয়া থাকলেও তারা গ্রামে যে অবস্থায় ঘুরে বেড়ায় তাতে সাধারণ চাষীর সঙ্গে তাদের যোগাযোগ আছে কিনা সন্দেহ। তারা যে দোনলা ফুল প্যাণ্ট পরে ঘুরে বেড়ায় সেই দোনলা ফুল প্যাণ্টের সাথে চাষীদের যে ৮ হাতি ধুতি বা গামছা সেই গামছার আজ পর্যন্ত কোন সংযোগ সাধিত হয় নি। এই সংযোগ যদি সাধিত না হয়, চাষীদের মনের মধ্যে যে রুদ্ধ আবেগ আছে তার উৎস মুখ যদি খুলে দেওয়া না যায় তাহলে বাংলাদেশে যত অর্থই ব্যয় করা হোক না কেন, যত ভাল বীজ সার জল দেওয়া হোক না কেন বাংলাদেশে যে প্রোডাকসান বেড়েছে তার চেয়ে বেশী বাড়বে বলে আমার মনে হয় না। আমাদের এই বাংলাদেশ আজ পর্যন্ত প্রকৃতির খেয়ালখুশীর উপর নির্ভরশীল—বৃষ্টি হলে আমাদের দেশে ভাল শস্য হয়, কিন্তু বৃষ্টি হলেই যে সব সময় ভাল শস্য হবে একথা বলা যায় না। আমার অভিজ্ঞতা রয়েছে ২৪-পরগণার দক্ষিণ অঞ্চল এবং মেদিনীপুরের দক্ষিণ অঞ্চল সম্বন্ধে। সেই সব জায়গা স্যালাইন জায়গা। সেই সব জায়গা কোন দিন কোন পরিকল্পনা বা নদী পরিকল্পনার আওতায় আসতে পারেনি। সেই সব জায়গাতে অনেক সময় জল যখন হয় সেই জলগুলি জমে যাওয়ার ফলে ড্রেনেজ ব্যবস্থা সুষ্ঠুভাবে না থাকার ফলে সেখান-কার জমির ফসল পচে যায়। এই প্রসঙ্গে আমি কাঁথি বেসিন দুবদা বেসিনের কথা উল্লেখ করতে চাই। আমি মাননীয় অর্থ মন্ত্রী এবং সেই সঙ্গে সঙ্গে রাজস্ব ও সেচ মন্ত্রীর দৃষ্টি এই দিকে আকর্ষণ করতে চাই যে ক্ষুদ্র সেচগুলির ব্যবস্থা যাতে ভালভাবে হয়, যাতে ড্রেনেজ ভালভাবে হতে পারে, খালগুলি যাতে ভালভাবে হয়, জলগুলি যাতে জমে না থাকে তার ব্যবস্থা করা একান্ত প্রয়োজন। আমাদের বিরোধী পক্ষের অনেক মাননীয় সদস্য এই কথা বলতে চেয়েছেন যে আমাদের অনেক ফার্মিং হচ্ছে এবং এই সমস্ত ফার্মিংএ যে সমস্ত চাষবাস হচ্ছে সেই চাষবাস যথেষ্ট হচ্ছে না, তাতে আরো বেশী ফসল ফলান দরকার। কেউ কেউ এই প্রসঙ্গে জাপানী এবং ইটালীর কথা বলেছেন। কিন্তু আমার যেটুকু অভিজ্ঞতা আছে এবং বিশেষজ্ঞদের কাছ থেকে যেটুকু জানা গেছে তাতে বাংলাদেশে যদি চাষে একটা সামগ্রিক পরিবর্তন সাধিত হয় তাহলেও কোন দিন সেখানে ইটালীর মত বা জাপানের মত ধান চাষ সম্ভব হবে না। হবে না তার কারণ ইটালীতে বা জাপানে যে দিনমান তা আমাদের বাংলাদেশে দিনমানের চেয়ে ৩ থেকে ৩।। ঘণ্টা বেশী এবং চাষের জন্য যে সূর্য্যতাপের প্রয়োজন—বাংলাদেশে যে সূর্য্যতাপ সেটা সেইসব দেশের চেয়ে কম বলে বাংলাদেশে ততখানি শস্য উৎপাদিত হবে না।

[4-35—4-45 p.m.]

এই প্রসঙ্গে আর একটি কথা বলতে চাই। আমাদের এই যে ব্লকগুলি স্থাপিত হয়েছে, এই ব্লক স্থাপিত হবার পর সেখান থেকে প্রচুর সার দিয়ে যাতে জমিগুলি আরো ভাল ভাবে কাজে লাগান যায়, তার চেষ্টা করা হয়েছে। কিন্তু আজকে তার সবচেয়ে বড় যে ত্রুটি রয়েছে সেই ত্রুটী দূর করা দরকার। বাংলা দেশে যে সমস্ত জায়গা রয়েছে, তাতে জেলায় জেলায় মাটির তফাৎ। শুধু জেলাতে জেলাতে নয়, জেলার একপ্রান্ত থেকে যদি আর এক প্রান্তে যাওয়া যায়, তাহলেও দেখা যাবে মাটির তফাৎ। গ্রামে গ্রামে এমন কি থানায় থানায় ও মাটিতে তফাৎ দেখতে পাওয়া যায়। কোন না কোন জায়গায় যখন

টিউবওয়েল প্রথিত করা হয় তখন সেখানে চারশো ফুটেই ভাল জল পাওয়া যাচ্ছে, আবার কোথাও বা ছ'শো ফুটে স্যালাইন বা অন্য রকম জল পাওয়া যাচ্ছে। কোথাও মাটি শক্ত, কোথাও দোয়াশ মাটি, কোথাও বা ভাল ফসল হচ্ছে, আবার কোথাও হচ্ছে না। সুতরাং কোন সার কোন জমিতে দিলে পরে ভাল ফসল হতে পারে—এই ব্যাপারে যদি ভাল ব্যবস্থা না থাকে সয়েল টেস্টিং-এর ব্যবস্থা যদি প্রতি অঞ্চলে অঞ্চলে না করা হয়, তাহলে এই সমস্ত সারগুলি প্রয়োগ করবার ফলে একবার ফসল ভাল হলেও তার পরের বছর ভাল হয় না বলে চাষীরা আজকে উন্নত ধরণের যে সারের ব্যবস্থা করা হয়েছে তার প্রতি সম্পূর্ণ বীতশ্রদ্ধ হয়ে গেছে। আমাদের বৈজ্ঞানিক পদ্ধতিতে চাষের আমূল পরিবর্তন সাধিত হলেও চাষীদের মনের মধ্যে আজকে তার প্রতি আস্থার একান্ত অভাব রয়েছে, সেই আস্থা যদি সৃষ্টি না করা যায় তাহলে বাংলাদেশে যতই চাষ করা হোক না কেন, ফসল আর বেশী বৃদ্ধি করা যাবে না। এবং যে সমস্ত জায়গাতে চাষের জলের অভাব আছে, যে সমস্ত জায়গাকে কোনরকম পরিকল্পনার আওতায় আনা যায় নি, সেই অঞ্চলে অবিলম্বে ডিপ টিউবওয়েল বসিয়ে তাড়াতাড়ি করে জল দেওয়ার ব্যবস্থা করা যায়, তাহলে আমার মনে হয় দোফসলা জমি তিন ফসলা হতে পারে। এই প্রসঙ্গে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই একটা ব্যাপারের প্রতি—আমাদের দেশে যে ক্যাটেল ট্রেসপাস এ্যাক্ট আছে, সেটা আরো জোরদার করা উচিত। কেন না আমরা জানি বিশেষ করে আমাদের মেদিনীপুর জেলায় দেখেছি যখন মাঘমাসে ফসল উঠে গেল, উঠে যাবার সঙ্গে সঙ্গে প্রত্যেক চেষ্টা করে তাদের গরু বাছুরগুলি ছেড়ে দেবার জন্য। বিশেষ করে যারা ভূমিহীন কৃষক রয়েছে, তারা বলে আমাদের গরুবাছুর কোথায় কী খাবে—যদি মাঠে না চরে বেড়ায়? দোফসলী তিন ফসলীর চেষ্টা করা যাক না যাক আমাদের গরুগুলি বাঁচান দরকার। এই প্রচেষ্টা যদি আজকে আমাদের করা হয় গরুগুলিকে বেঁধে রেখে সুষ্ঠুভাবে তাদের খাদ্য দেবার ব্যবস্থা করা হয় তবে সেই সঙ্গে দোফসলা তিন ফসলা করবার চেষ্টা ব্যাহত হবে না। অন্ততঃ এক মাস, দুমাস কলাই ওঠা পর্যন্ত যদি গরুগুলিকে বেঁধে রাখার ব্যবস্থা করা যায় এবং সরকারের দিক থেকে ক্যাটেল ট্রেসপাস এ্যাক্ট আরো জোরদার করা হয় তাহলে আমার মনে হয় এক ফসলা জমিগুলি দোফসলা হলেও কিছু বেশী শষ্য আমাদের কাছে আসবে। আমি এ বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমাদের যে সমস্ত জমি জমিদারী প্রথা উচ্ছেদ করবার পরে কৃষকদের মধ্যে বিতরণ করা হয়েছে। সেগুলি মাত্র একসনা মেয়াদে দেওয়া হয়েছে। তার জন্য আমাদের দেশে কৃষক যারা রয়েছে, তারা কখনো সম্পূর্ণ ভাবে জমির দিকে নজর দেবে না যদি সেই জমিগুলি ৫ বছর বা ১০ বছরের জন্য অন্তত বন্দোবস্ত দেওয়া না হয়। ভাল চাষী যারা রয়েছে তারা জমিতে উৎপাদন বৃদ্ধি করতে পারে; তারা আল বা বাঁধগুলিকে রূপান্তর করে কাজে লাগাতে পারে।

তারপর আর একটা জিনিষ—যেটা আমি আপনার কাছে বলতে চাই যে আমাদের দেশে যে কৃষকরা রয়েছে তাদের সরকার থেকে গ্রুপ এগ্রিকালচারাল লোন দেওয়ার ব্যবস্থা করা হয়েছে; কিন্তু এই গ্রুপ এগ্রিকালচারাল লোন কৃষকদের পক্ষে একটা মারাত্মক জিনিষ হয়ে দাঁড়িয়েছে। এই গ্রুপ এগ্রিকালচারাল লোন যারা নিয়ে থাকে, তাদের মধ্যে অনেকে এমন থাকে—যাদের কোন সম্পত্তি নাই। তারা কোন ক্রমে একজন হেডম্যান সৃষ্টি করে বা একটা দল সৃষ্টি করে সেই লোনের জন্য হাজির হয়ে যাবে। কিন্তু প্রকৃত চাষী যারা যাদের এই লোনের একান্ত প্রয়োজন, তারা সেই লোনের সুযোগ থেকে বঞ্চিত হয়। হেডম্যান যে সে অনেক সময় সেই লোনের টাকা আদায় করে নেয়। তারপর যখন সরকার থেকে ক্রোক আসে তখন অন্যান্য যে সমস্ত লোক রয়েছে তারা গরু বাছুরগুলি বাঁধা দেয়। ফলে সেই সমস্ত টাকা অনেক সময় আদায় হয় না, আবার যদি আদায় হয়, তাহলে গরীব লোকের কাছ থেকে বেশী করে আদায় হয়। অন্য দিকে হেডম্যান সমস্ত সুযোগ সুবিধা লাভ করেন। এই সমস্ত কারণের জন্য আমি এ বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি এবং সঙ্গে সঙ্গে অর্থমন্ত্রী আমাদের যে বাজেট পেশ করেছেন, তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Shri Nani Bhattacharjee:

মাননীয় স্পীকার মহাশয়, অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট হাউসে রেখেছেন তার বিরোধিতা করতে উঠে আমি দু-একটা কথা বলতে চাই। কংগ্রেস সদস্যেরা এবং স্বয়ং অর্থমন্ত্রী মহাশয় একথা বলতে চেয়েছেন যে, বাংলাদেশে যা কিছু ভাল হয়েছে তার কৃতিত্ব সমস্ত পশ্চিমবঙ্গ সরকারের এবং তাঁদের যে ব্যর্থতা তারজন্য তাঁরা কেন্দ্রীয় সরকারকে দায়ী করেছেন। অর্থাৎ তাঁরা বলছেন, কি করব, টাকা পাচ্ছি না। তাঁদের কথার ভাবে মনে হয় কেন্দ্রে যেন অন্য দলের মন্ত্রীসভা গঠিত হয়েছে এবং বাংলাদেশে কংগ্রেসের মন্ত্রীসভা গঠিত হয়েছে। স্যার, ঠিক এই ধরণের একটা ভাব তাঁদের কথায় ফুটে উঠেছে এবং কেন্দ্র সম্বন্ধে বলছেন বিমাতাসুলভ মনোভাব। আমি কিন্তু এই বিমাতাসুলভ মনোভাবের কথা বুঝতে পারছি না। কে মাতা, কে বিমাতা সেকথা বলে পার পাবার উপায় নেই। দেশ যদি এগিয়ে থাকে তাহলে সেটা যেমন বাংলা সরকার এবং কেন্দ্রীয় সরকারের নীতির ফল, ঠিক তেমনি দেশ যদি এগিয়ে না থাকে তাহলে সেটা'ও বাংলা সরকার এবং কেন্দ্রীয় সরকারের নীতির ফল। একজন আর একজনকে দোষ দিয়ে চলে যাবে এটা হতে পারে না। মাননীয় স্পীকার মহাশয়, ব্যর্থতার কথা বলতে গিয়ে বলা হয়েছে এই যে পার ক্যাপিটা ইনকাম বাড়ল না, স্ট্যাণ্ডার্ড অব লিভিং উন্নত হোল না তার কারণ হচ্ছে জনসংখ্যা বেড়ে যাচ্ছে। এই জনসংখ্যা বৃদ্ধির কথা শৈলবাবু যেমন বলেছেন, ঠিক তেমনি অন্যান্য কংগ্রেস সদস্যরাও বলেছেন। শৈলবাবু বলেছেন, "জাতীয় আয় বৃদ্ধির একটা বৃহৎ অংশ এই ক্রমবর্ধমান জনসংখ্যা কতৃক ভুক্ত না হইলে উহা উন্নয়নমূলক কাজে এবং জীবন ধারণের মান উন্নত করার কাজে ব্যয়িত হইতে পারিত"। কে একথা অস্বীকার করবে, এটা যে অংকের হিসেব? সম্পদ বাড়াছে না, এক জায়গায় আছে এবং লোকসংখ্যা ক্রমশ: বেড়ে যাচ্ছে। কিন্তু মাননীয় স্পীকার মহাশয়, প্রশ্ন সেখানে নয়, প্রশ্ন হচ্ছে দেশের ক্রমবর্ধমান জনসংখ্যার দিকে তাকিয়ে দেশের উন্নয়ন প্রকল্পগুলি কি ঠিকভাবে গড়ে তোলা যায় না? আজকে প্রশ্ন হচ্ছে দেশের জমির ফলন কি কমে গেছে বা একেবারে শেষ সীমায় পেঁ ৗছে গেছে? শুধু তাই নয়, আজকে আর'ও প্রশ্ন হচ্ছে জমির ফলন বাড়িয়ে, উৎকর্ষ সাধন করে দেশকে কি অন্য জায়গায় নিয়ে যাওয়া যায় না যাতে দেশের জনসাধারণ খেতে পারে? কিন্তু এই সরকার দেশকে সেই জায়গায় নিয়ে যেতে চান না বলে জনসংখ্যার দোহাই পেড়ে তাঁদের ব্যর্থতার কথা ঢাকবার চেষ্টা করছেন। স্যার, ঠিক এই ধরণের যুক্তি শিল্পপতিরা দেন যখন বেতন বৃদ্ধির কথা বলা হয়। অর্থাৎ যখন বেতন বৃদ্ধির কথা বলা হয় তখন তারা ছাঁটাই করবার সুযোগ দিতে বলে। এই সরকার শিল্পপতিদের সঙ্গে বাঁধা আছে তাই তাদের যুক্তি নিতে আরম্ভ করেছেন এবং বলছেন জনসংখ্যা কমা'ও, জনসংখ্যা কমা'ও তাহলে সম্পদের ছিটেফোটা তোমাদের ভাগ্যে জুটবে। কিন্তু স্যার, এরকম ছেঁদো যুক্তি আমরা এমন একজন বৃদ্ধিমান অর্থমন্ত্রীর কাছ থেকে আশা করিনি। আমি বাজেটের বড় বড় খাতের কথা বলব না। এঁরা আগে সমাজতন্ত্রের কথা, কল্যাণ রাষ্ট্রের কথা খুব বলতেন—এখন অবশ্য একটু কম বলতে সুরু করেছেন, তবে যেটা বলেছেন তার ভিত্তিতে তার মাপকাঠি কি হবে তার উপর বাজেটকে বিচার করতে হবে। অর্থমন্ত্রী মহাশয় বলেছেন, পরিকল্পনার ছকের উদ্দেশ্য হোল আত্মনির্ভরশীল পরিবৃদ্ধির জন্য দৃঢ় ভিত্তি স্থাপন করা। দ্বিতীয় হোল, বেকারী লোপ করা। তৃতীয় হোল অর্থনৈতিক এবং সমাজিক বৈষম্য হ্রাস করে দেশের প্রত্যেকটি পরিবারের জন্য জীবন ধারণের উপযোগী ন্যূনতম ব্যবস্থা নিশ্চিত করে তোলা। স্যার, এদিকে যদি তাকাই তাহলে প্রথমেই দেখা দরকার আত্মনির্ভরশীল আমরা কতখানি হয়েছি। কিন্তু যা দেখছি তাতে মনে হচ্ছে খাদ্যের দিক থেকে স্বয়ংসম্পূর্ণ আমরা এখন'ও হতে পারিনি এবং খাদ্যের ফলন ভাল হলেও সাধারণ মানুষের ভাগ্যে সেই ভাল ফলনের ভাগ যাচ্ছে না। সেখানে এক অসহায় অবস্থা সাধারণ মানুষের জীবন বিড়ম্বিত করছে এটা আমরা বারে বারে দেখছি। তারপর, বৃহৎ ব্যাপারের ক্ষেত্রে লগ্নীর ব্যাপার যদি দেখা যায় তাহলে দেখব ভেতরে লগ্নী হতে পারে এরকম ধরণের মূলধন জমা করবার জন্য যা করণীয় তা করা হচ্ছে না।

[4-45—4-55 p.m.]

ত্বর ফলে অন্যের দয়ার উপর করুণার উপর নির্ভর করছি, সাম্রাজ্যবাদী দেশের করুণার উপর নির্ভর করছি। এর অর্থ কি সবাই জানে। এই যে রাজনৈতিক অক্টোপাসের শোষণের মূল কি এটা সবাই জানে। কাজেই আত্মনির্ভরশীল মাননীয় শৈলবাবুর কল্যাণ আমাদের জানা আছে। সুতরাং আত্মনির্ভরশীল ব্যাপারে দেখছি বেকারী বৃদ্ধি পাচ্ছে, বেকার সমস্যা বেড়ে যাচ্ছে। ওঁরা হয়ত বলবেন জনসংখ্যা বেড়েছে কি করবো, হিসাব টিসাব করে দেখেছি ৪র্থ পরিকল্পনার অতিরিক্ত জনসংখ্যা কর্মযজ্ঞে এ্যাবজর্ব হবে। অর্থাৎ ৪র্থ পরিকল্পনার প্রারম্ভে ১,৩০,০০,০০০এর মত বেকার থাকবে। এবং সেটা থাকবেই, সেটা বেড়ে উঠতে পারে আমরা কিন্তু সেটা মনে করছি। যেভাবে পরিকল্পনা তৈরী হয়েছে এবং যেভাবে সরকারী নীতি রূপায়ণের ক্ষেত্র দেখা যাচ্ছে তাতে বেকারী আরও বাড়ছে, সেই রকম ধরণের অবস্থায় যাচ্ছে। পরিসংখ্যান দিয়ে অবশ্য দেখান যায়, সেটা অনেকেই উল্লেখ করেছেন সেই অবস্থায় আমি যাচ্ছি না। শুধু তাই নয়, যে সমস্ত স্থায়ী শিল্প রয়েছে দীর্ঘকাল ধরে যে সমস্ত শিল্প চলে আসছে, চা শিল্পের মত শিল্প চট কলের মত শিল্প যাতে লক্ষ লক্ষ লোকের কর্ম-নিয়োগের ব্যবস্থা হয়েছে, তাতে যদি ১৯৫০-৫১ সালের হিসাব নেওয়া যায়, মাননীয় শ্রমমন্ত্রী এখানে আছেন, তাহলে এই দুটি বৃহৎ শিল্পে কর্ম সংস্থান কমে গেছে।

(শ্রীবিজয় সিং নাহার: র‍্যাশনালাইজেশনের জন্য)

রেশনালাইজেশন অন্যভাবেও করা যায়। কাজের ঘণ্টা কমিয়েও র‍্যাশনালাইজেশন করা যায়। লাভ ঠিক রাখবো ব্যক্তিগত প্রফিট ঠিক রাখবো কোম্পানীর মুনাফায় হাত দেব না আর র‍্যাশনালাইজেশন করবো এটা করলে বেকারী আরও বাড়বে। আর একভাবে করা যায়, লাভ থাকবে না, কোম্পানীর মুনাফা থাকবে না কাজের ঘণ্টা কমিয়ে ৪৮ ঘণ্টাকে কমিয়ে ৪০।৪২ ঘণ্টাতে নামানো যায় তাহলে আর বেকার সমস্যা থাকবে না, এই ভাবে করা যায় কিন্তু বিজয় সিং নাহার মহাশয়, করবেন কি করে। সুতরাং বেকারী বেড়ে যাচ্ছে। ওঁরা বলছেন সামাজিক বৈষম্য দূর করবেন কিন্তু আর্থিক অসাম্যতা বেড়ে যাচ্ছে। এটা আমার রিপোর্ট নয় এটা হচ্ছে মহলানবীশ কমিটির রিপোর্ট, সেটা উল্লেখ করে মাননীয় সদস্যরা কেউ কেউ বলেছেন, এখানে দেখছি উপর দিকের শতকরা ১০ জন লোক টোটাল ন্যাশনাল ইনকামের শতকরা ৬৬ ভাগ ভোগ করছে এবং নীচের দিকে শতকরা ১০ জন মাত্র জাতীয় আয়ের ২.৫ ভাগ ভোগ করছে। এতে করে বুঝতে পারা যায় কি বৈষম্য আমাদের দেশে রয়েছে, আর্থিক বৈষম্য বাড়ছে, কমছে না, শুধু তাই নয় এই আর্থিক বৈষম্যের ভিতর আর একটা জিনিষ দেখছে পাচ্ছি। এই শতকরা ১০ জনের মধ্যে আবার একজন আছেন যারা কোটি কোটি টাকার মালিক, তারা কিভাবে ব্যবসায়ে লগ্নী করছে এবং ব্যবসায়ে খাটাচ্ছে এবং কিভাবে চোরকারবারকে ফাঁপিয়ে তুলে জনসাধারণের দুর্গতিকে বাড়িয়ে তুলছে।

এটাই আজকে আমরা বাংলা দেশে বছরের পর বছর প্রত্যক্ষ করে চলেছি,, সুতরাং সেদিক থেকে যে তিনটা উদ্দেশ্যের কথা বলেছেন তার দিকে তাকিয়ে যদি বিচার করি তাহলে দেখবো যে এই বাজেটে আশ্বস্ত হবার কোন কারণ নেই। এর পর সরকারী কর্মচারীদের সম্বন্ধে বলবো যে এদের মধ্যে হাজার হাজার সরকারী কর্মচারী অস্থায়ী অবস্থায় পড়ে আছে। আদর্শ নিয়োগকারী সরকার কিন্তু তিনি তার কর্মচারীদের উন্নত জীবনধারার কোন ব্যবস্থা করতে পারেন নি। এই হাউসে ১০০ টাকার নিম্নতম বেতন ধার্য করা হবে বলে প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল কিন্তু সে সব কিছুই হয় নি। প্রাইস ইণ্ডেক্স একটা জোচ্চুরীতে পরিণত হয়েছে এবং সে জোচ্চুরী বিদ্যা আয়ত্ব করে সাধারণ শ্রমিক এবং কর্মচারীদের ঠকান হচ্ছে। ঠিক এভাবে যদি দেখা যায় তাহলে দেখা যাবে এ বাজেট ধনীদের কার্যসিদ্ধি করলেন এবং গরীবদের সর্বনাশ করছে না। সেজন্য আমি এই বাজেটের বিরোধীতা করছি।

Shri Kashi Kanta Maitra:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, অর্থমন্ত্রী যে বাজেট এই হাউসে রেখেছেন আমি তা নীতিগত কারণে বিরোধিতা করছি। হস্তীনাপুরে শ্বেত হস্তীদের পিপিলিকা কামড়ালে তারা পড়বে না তা আমরা

জানি এবং বিশেষ করে শ্বেত হস্তীগুলি শ্বেত টুপি পরিহিত মাহুতের পায়ে তার কিছু আচড় লাগবে না। অর্থমন্ত্রী মহাশয় তাঁর বাজেটের মধ্যে যে রঙ্গীন ছবি আঁকছেন তার মধ্যে কতকগুলি কারচুপী এবং জালিয়াতি করেছেন সেদিকে আমি তাঁর এবং সঙ্গে সঙ্গে হাউসের সকলের দৃষ্টি আকর্ষণ করছি। এ বাজেট বক্তৃতায় সম্বলিত পুস্তিকার ২৯ এবং ৩০ পৃষ্ঠা যদি দেখেন তাহলে দেখবেন কলকাতা উন্নয়নের জন্য অর্থমন্ত্রী বলছেন যে ১০১ কোটি টাকা ব্যয় করা হবে। উও

In the 4th Plan we have treated the Calcutta Plan as a separate and self-contained unit with a capital outlay of Rs. 101 crores.

ছোটবেলায় ভূগোল পড়েছিলাম এবং এখনও কিছু কিছু ভূগোল জ্ঞান আছে তবে অর্থমন্ত্রী মহাশয়-এর বাজেট বক্তৃতার মধ্য দিয়ে ভূগোলের জ্ঞান নূতন করে নিতে হবে। ৩০ পৃষ্ঠায় ১৩নং আইটেমে বলেছেন আসানসোল রাণীগঞ্জ স্কিম-এ ১ কোটি টাকা খরচ করবেন রাজ্যসরকার। এটা আহাম্মক ছাড়া আর কে বলবে যে আসানসোল রাণীগঞ্জ হচ্ছে ক্যালকাটার মধ্যে এবং যদি আসানসোল রাণীগঞ্জ সিউয়ারেজ স্কীম ক্যালকাটার মধ্যে পড়ে, তাহলে দুর্গাপুরে ডেভলপমেন্ট সেটা তো ক্যালকাটা ডেভেলপমেন্ট-এর মধ্যে দেখিয়ে কলকাতার উন্নয়নের একটা বিরাট রঙ্গীন চিত্র তুলে ধরতে পারেন। তারপর ৩নং আইটেমে দেখছি সোনারপুর টাউন সিপ খাতে (স্পিল ওভার ফ্রম থার্ড প্ল্যান) ৪ কোটি টাকা। ও'রা ৩য় পঞ্চবার্ষিক পরিকল্পনায় টাকা খরচ করতে পারেন নি। সে টাকা ফোর্থ প্ল্যান-এ দেখিয়েছেন এবং দেখিয়ে একটা বিরাট ছবি এঁকেছেন ক্যালকাটা ডেভেলপমেন্ট-এর এটা একটা চরম অক্ষমতা এবং আর একটা জালিয়াতি তারপর ১৪নং আইটেমে সে স্কীম ধরেছেন ২১ কোটি ২৮ লক্ষ টাকা সেটা ৩য় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ১৪ —জ

Spillover Expenditure from 3rd Plan

এটা ক্যালকুলেট করে ফোর্থ প্ল্যান-এ বাড়িয়েছেন। তারপর হাওড়া ব্রীজ ধরেছেন ১৬ কোটি টাকা। আমরা জানি কিছু দিন আগে সিমেন্টেসান কোম্পানী যারা এ সম্বন্ধে সারভে করেছিল তারা হিসাব দিয়েছিল ১২ কোটি টাকা লাগবে। তারপর একটা এক্সপার্ট বডি এসে রিপোর্ট দিয়েছিল এবং বলেছিল ১৪ কোটি টাকা লাগবে। এ'রা ২ কোটি টাকা বেশি কেন ধরলেন তা জানি না কনট্রাক্টার এবং কোম্পানী অর্থাৎ যারা কনট্রাক্টার হবেন তাঁদের এ টাকা দেবার জন্য এটা ফন্দি কিনা জানি না। সুতরাং এটা হচ্ছে এক রকম দুর্নীতি ও অপচয়কে প্রশ্রয় দেবার ব্যবস্থা মাত্র। তৃতীয় হচ্ছে এই রেড বুকে পেজ ৩৮১ ও ৩৮২-তে দেখলাম যে ৩৩৬ কোটি টাকার মধ্যে ৩০৪ কোটি টাকা কম হচ্ছে কেন্দ্রীয় সরকারের আমরা এই কথা বলি না যে কম হচ্ছে বলে একটা দেশ দেউলিয়া হয়ে যাচ্ছে। কিন্তু প্রশ্ন হচ্ছে এই সরকার ঋণ কিভাবে শোধ করবেন। আমরা দেখছি বছরে আমরা ২ কোটি টাকা শোধ করছি না ১ কোটি ৭৫ লক্ষ টাকা মাত্র শোধ করছি। এই ঋণের পরিমাণ যা দাঁড়াচ্ছে তাহচ্ছে ১২ কোটি টাকা করে প্রত্যেক বৎসরে ইণ্টারেস্ট গুণছি। এই টাকা কোন দিন শোধ হবে না। এই ৩০৪ কোটি টাকা কত বছরে শোধ হবে সেটা হিসাব করে দেখুন। তবে এটা কখনও শোধ হবে না কেন না আসল ঋণের ওপর ১২ কোটি টাকার সুদের বোঝা অতিরিক্ত চেপে যাচ্ছে। এটা কে শোধ করবে জানি না। আমি এটা বলি আমাদের যদি কেপাসিটি টু পে থাকতো এ্যাফ্লুয়েন্ট ইকোনমি হতো, তাহলে ভাবতাম না। কিন্তু সেখানে আমাদের ক্যাপাসিটি টু পে কোথায়, সলভেন্সি কোথায়, যার জন্য ঋণের বোঝা আমাদের ঘাড়ে চেপে যাচ্ছে, এতে ঘাবড়াবার কারণ থাকতো না যদি সরকার এই যে ১৪টি ছোট বড় মিলিয়ে পাবলিক সেক্টার আনডার টেকিংগুলিতে যদি লাভ হত। হরিণঘাটা স্কীমে ১৪ কোটি টাকা কি হল বুঝতে পারলাম না।

[4-55—5-5 p.m.]

আপনি যদি কল্যাণীর দিকে যান তাহলে দেখবেন রাস্তার ২ ধারে রহমন সাহেবের এ্যাডমিনিস্ট্রেসনে অসংখ্য বাড়ী তৈরী হয়েছে গত ২ কি আড়াই বছর ধরে এবং সে সব বাড়ী নষ্ট হচ্ছে। একটা লোক বা প্রাণী সেখানে থাকে না। হরিণঘাটায় ১৪ কোটি টাকাতে যা হয়েছে বৎসরে তার হিউজ লস আপনার স্টেট ট্রান্সপোর্ট আণ্ডারটেকিং ৮ কোটি টাকা ভেনচার ৭৫ লক্ষ টাকা করে লস বছরে। প্রত্যেকটা পাবলিক সেক্টর আণ্ডারটেকিং-এ লস হচ্ছে জনগণের টাকা লুট হচ্ছে তাহলে কি করে দেশ টেকবে?

অর্থমন্ত্রী যদি রঙ্গীন ছবি আঁকেন তা হলে সেটা ধাপ্পা ছাড়া আর কি বলতে পারি এবং আপনাকেও সেটা জিজ্ঞাসা করছি। শুধু তাই নয় উনি যে ক্যাপিটাল এক্সপেণ্ডিচার দেখালেন, এই ক্যাপিট্যাল এক্সপেণ্ডিচার ২ রকমের হয়, অর্থনীতির ছাত্ররা জানেন যেমন কতকগুলি জিনিষ, এডুকেসান এর মধ্যে হসপিটাল ইনষ্টিটিউসন করছেন এগুলি ক্যাপিটাল এক্সপেণ্ডিচার, ক্যাপিট্যাল এক্সপেণ্ডিচার আবার একটা আছে যাকে পাবলিক ওয়েলফেয়ার এক্সপেণ্ডিচার বলে। পাবলিক ওয়েলফেয়ার এক্সপেণ্ডিচার এতে যে টাকা খরচ করছেন সেটা তো রিভেনিউ এক্সপেণ্ডিচার হচ্ছে না? অতএব এই যে ৩০৩ কোটি টাকার ঋণ দেখাচ্ছেন—আমি এই হাউসকে সিরিয়াসলি চিন্তা করতে বলছি, আমি ভেবে দেখতে বলছি যে এটাকা কখনও বাংলা দেশের শোধ হবে না যদি না সেণ্ট্রাল গভর্নমেণ্ট এটা রাইট অফ করে দেয়। ৩৮৩ পাতায় যা আছে তাতে আমি দেখাতে চাচ্ছি; ঐ প্যারাগ্রাফ ১৩র দিকে তাকান তাহলে দেখবেন স্কুলের এবং কলেজের বাড়ী বাবদ ৩১ কোটী টাকা ১৯৬২-১৯৬৩তে খরচ করেছেন। এই যে ৩১ কোটি টাকা খরচ করেছেন তাতে আমি জিজ্ঞাসা করি স্কুলএর বাড়ী থেকে কি কোন ইনকাম হয় বা গভর্নমেণ্ট কোন রেভেনিউ আর্ন করছে এ থেকে। তা করছে না। তাহলে এই যে ৩১ কোটি টাকা আমরা খরচ করেছি এটা আসবে কোথা থেকে? এটা স্টেট গভর্নমেণ্ট কি করে শোধ করবে? এই ৩১ কোটি টাকা ঐ ৩০৩ কোটি টাকার মধ্যেই আছে। ওঁরা এগ্রিকালচার এতে ডিপ ইরিগেসান বাবদ ১ কোটি ৩১ লক্ষ টাকা বরাদ্দ ধরেছেন ১৯৬২-৬৩ তে আমি আপনাকে বলছি কারণ আমি আজকে আসবার আগে মাননীয়া রাজ্যপালিকার ১৯৬২ সালের ভাষণ পড়ছিলাম, তাঁতে ১৯৬২ সালে তিনি বলছেন থার্ড ফাইভ ইয়ারস প্লান এতে ৩,০০০ ডিপ ইরিগেসান টিউবওয়েল বসাব যেখানে এই target ফিক্স করা হল সেখানে পারফরমেন্স কি? তাঁরা ৮০০ শতর মত বসিয়েছেন এবং ৪০০ শতর মত এনারজাইসড হয়েছে, তাহলে ঐ ৩০০০ টিউবওয়েলের মধ্যে থার্ড প্লানএর লাস্ট ইয়ারএর মুখে এসে আমরা দেখছি মাত্র ৪০০ শত টিউবওয়েল এর কিছু বেশী টিউবওয়েল এনারজাইসড হয়েছে।

Out of a total of 3,000 tube-wells.

এই হচ্ছে পারফরমেন্স। আমরা জানি একটা

Size of the plan is not the whole thing. The real thing is the percentage of performance.

Percentage of performance

থেকে উনি দেখুন যে এই বাজেটের মধ্যে ১৮ পাতায় আমি দেখছিলাম আবার একটা জালিয়াতী করেছেন সে জালিয়াতিটা হচ্ছে উনি দেখাচ্ছেন

Some of the important targets and achievements.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কি করে ওর ফাইন্যান্স ডিপার্টমেণ্ট এই সমস্ত জাগলারি করে ওকে মিসলিড করেন তা আমি বুঝতে পারি না। দেখুন বলা হচ্ছে

Estimated achievement 1961-62.

ঐ গাছে কাঁটাল গোঁপে তেল আমরা ১৯৬৫এ পড়েছি ফেব্রুয়ারী মাসে। ১৯৬৬এর কি এচিভমেণ্ট হবে তার হিসাব দেখাচ্ছেন এবং সে হিসাব দেখলে দেখবেন সে পুওরার সেক্সন অব পিপ্‌ল্‌ যে সব স্কীমে ভাইট্যালি কনসার্নড হয় সেগুলিই সবচেয়ে বেশী আহত হয়েছে। সুতরাং গভর্ণমেণ্ট এর সব দিক থেকে দেখবেন নীতিটা সম্পূর্ণ ব্যর্থ হয়ে যাচ্ছে, কলকাতায় মাঝে মাঝে আমরা দেখি আকাশ ছোঁয়া ভারটিক্যাল গ্রোথ-এর স্কাইস্ক্রেপার বাড়ী উঠছে, যেমন বিমান করপোরেসানের বাড়ী উঠলো, এরূপ ধরণের বাড়ী দেখছি আমরা, যে ভারটিকাল গ্রোথ, এই হচ্ছে আজকের ইকোনোমি এই যে ভারটিকাল গ্রোথ আকাশ ছোঁয়া মারা আকাশ চুম্বী বিরাট বিরাট অট্টালিকা উঠেছে এগুলির আশে পাশের বাড়ীর সঙ্গে কোন সম্পর্ক নেই। আজকের এই ইকোনোমিক ডেভেলপমেণ্ট হচ্ছে ভারটিকাল গ্রোথ এটা হরিজোণ্টাল নয়, গণতন্ত্র বা সমাজতন্ত্র বলে যে গ্রোথ হবে হরিজোণ্টাল অর্থাৎ দৈর্ঘে নয় প্রস্থে সুযোগ সুবিধা শিক্ষা সম্পদ সমস্ত কিছু বণ্টন করতে হবে সাধারণের মধ্যে। আজকে আমেরিকায় এ সব আকাশ ছোঁয়া মারা শোভা পায় কারণ আমেরিকার ইকোনমিতে হরিজেণ্টাল গ্রোথ করে গেছে ভারটিক্যাল দাঁড়াচ্ছে বলে দুঃখের কিছু নেই। আমাদের এখানে ইকোনমি হরিজেণ্টালি গ্রো করছে না ভারটিক্যাল গ্রো করছে। উপরের দিকে উঠছে কিছু লোকের। আমরা মার্ক্সের ইকনমিতে দেখেছি যে কনসেনট্রেসন অফ ওয়েলথ হয়েছে। [illegible]ন অফ ওয়েলথ যেটা মার্কেস-এর যেটা বড় কনট্রিবিউসন সেটা হচ্ছে এই

in the ultimate end there is concentration in fewer hands.

বড় বড় শিল্পপতিরা বড় বড় কাসেল গড়ে উঠেছে এবং ছোট ছোট শিল্প, ব্যবসাকে খেয়ে দিয়ে তা গড়ে উঠছে। ভারতবর্ষের অর্থনীতিতে পঁুজিবাদী ব্যবস্থা মার্কেসের অর্থনীতির নিয়ম অনুসারে evolved হয়নি।

has been detained. Here we find that there is concentration of wealth at the very outset in few families.

প্রথম থেকেই (alth কনসেনট্রেসন কয়েকটি পরিবারের হাতে রয়ে গেছে। সুতরাং শেষে যে কি অবস্থা হবে তা সহজে অনুমাণ করতে পারেন শুধু তাই নয় আমরা দেখছি ফোর্থ প্ল্যান এর আগে

Planning Division, perspective Division.

থেকে যে রিপোর্ট দিয়েছে তাতে তারা বলছেন

the objective of the next two plans is to ensure to the minimum consumption of Rs. 20 per capita per month by 1975-76.

[5-5—5-15 p.m.]

১৯৭৫-৭৬ সালে প্রত্যেকটি লোক মাসে যাতে ২০ টাকা খরচ করতে পারেন এই হচ্ছে ইকনমিক গ্রোথ। সুতরাং তারই পরিপ্রেক্ষিতে আপনাকে বাড়াতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি ওঁর বাজেট বক্তৃতার মধ্যে আর একটি জায়গায় দেখিয়েছেন পেজ নাম্বার ২২ তাতে বলছেন যে

The Fourth Plan may start with a backlog of unemployment nearing 12 million.

আমি ওঁকে বলছি কংগ্রেসের ইকনমিক রিভিউ কাগজে যেটা বেরিয়েছে তাতে উনি লিখছেন, ২৫এ জানুয়ারী ইসুতে ফিগার দিচ্ছেন যে থার্ড প্ল্যানের শেষে ভারতবর্ষে টোট্যাল আনএমপ্লয়েড-এর সংখ্যা দাঁড়াবে এই আইড্‌ল্‌ পিপল্‌ এর সংখ্যা দাঁড়াবে ২৫ মিলিয়ন। ২৷৷ কোটি লোক বেকার হয়ে দাঁড়াবে থার্ড প্ল্যানের শেষে এবং বাংলাদেশে তার ওয়ান ফোর্থ এক চতুর্থাংশ লোক বেকার হয়ে গিয়ে দাঁড়াবে। অথচ এঁরা বাজেটে যা লিখেছেন আপনারা দেখুন তার সংগে এর কোন সম্পর্ক নেই, সাধারণ মানুষের এবং ডেভলপমেণ্ট-এর কোন সম্পর্ক নেই। আমরা জানি অর্থনীতির একটি মূল কথা হচ্ছে যে যদি সারপ্লাস করতে হয় কৃষকের হাত থেকে যদি উৎপাদন বাড়াতে হয় তবে সারপ্লাস দিয়ে অন্য জায়গা কনভার্ট করতে হবে। কিন্তু আমরা এখানে কি দেখছি, না, কৃষির উৎপাদন কিছু বাড়লনা। জাপানে যেখানে প্রতি একরে ৮৪ মণ করে ধান হয় সেখানে বাংলাদেশে প্রতি একরে ১৫ মণের বেশী ধান হয়না। অন্ততঃ ৮৪ মণ না হোক ৫০ মণ করে যদি ধান হত তাহলে প্রচুর টাকা বাড়তে পারত এখানে। এই প্রসংগে অর্থমন্ত্রী কাঁদুনি গেয়েছেন যে ফোর্থ ফাইনান্স কমিশন বসবে; আমাদের টাকা দরকার। আমি বলছি এই বক্তব্য উনি অন্যভাবে রাখতে পারতেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি দেখছিলাম ১৯৬২-৬৩ সালে শুধু জুট এক্সপোর্ট করে ভারতবর্ষে ফরেন এক্সচেঞ্জ আর্ণ করেছে ১৫৫ কোটি টাকা এবং টি থেকে ভারত সরকারের আমদানি হয়েছে ১৩০ কোটি টাকা। বাংলাদেশ জুট দিয়ে প্রোপোরসনেট পারসেণ্টেজ শতকরা ৫০, ১৫৫ কোটির শতকরা ৫০ অর্থাৎ অর্দ্ধেক ধরে নিন অন্ততঃ ৭৫ থেকে ৮০ কোটি টাকা বাংলাদেশ সেন্ট্রাল গভর্ণমেণ্টকে টু হেল্প আর্ন করাত

to the neglect of food crop.

আগে ১১ লক্ষ একর জমিতে ধান করতে পারতাম, আমরা সেখানে গম তৈরী করতে পারতাম, আমরা সরষে তৈরী করতে পারতাম, খাওয়ার জিনিস তৈরী করতে পারতাম, তা না করে আমরা জুট তৈরী করেছি তাতে সেন্ট্রাল গভর্ণমেন্ট টাকা পাচ্ছেন। আমাদের চা থেকে বাংলাদেশ ৪০ কোটি টাকা সেন্ট্রাল গভর্ণমেণ্টকে যোগাচ্ছেন। তাহলে এই ৮০ আর ৪০, ১২০ কোটি টাকা বাংলাদেশ সেন্ট্রাল গভর্ণমেণ্টকে আর্ন করতে সাহায্য করে। আজকে ষ্টেট গভর্ণমেণ্টের পক্ষ থেকে বলা উচিৎ যে আমরা তোমাদের টাকা দিচ্ছি

Apart from the question of allocation financial resources from the divisible pool of allocation, Bengal Government has a basic and fundamental claim on the agricultural commodities of other States in India.

সেণ্ট্রাল গভর্ণমেণ্টকে তার দায়িত্ব নিতে হবে এবং বাংলাদেশকে সস্তায় অন্য দেশ থেকে খাবার দিতে হবে অথবা কমপক্ষে ৬/৮ কোটি টাকা অতিরিক্ত দিতে হবে। সেই টাকা দিয়ে বাংলাদেশ খাদ্যশস্য কিনতে পারে এবং অন্য জিনিস কিনতে পারে যাতে তারা খাদ্যশস্য গরীবদের মধ্যে সাবসিডাইসড্ রেটে বিক্রী করতে পারেন। তা যদি তারা না করেন তাহলে বাংলার এই কংগ্রেস সরকার বাংলার ক্ষতি করবে। এখানে প্রশ্ন হচ্ছে যে আজকে প্ল্যানিং পারর্সপেকটিভ ডিভিসন একটি বড় ছবি এ'কেছেন, তাঁরা বলছেন যে ঐ ২০ টাকা মিনিমাম গ্যারাণ্টি

সেটা গিয়ে দাঁড়াচ্ছে গ্রোথ রেট ৭·৫ পার্সেণ্ট এবং থার্ড প্ল্যানে ৫০ পার্সেণ্ট ইনক্রিজ যদি করতে পারেন তবে ৭·৫ পার্সেণ্ট গ্রোথ রেট হবে। কিন্তু এটা একেবারে এ্যাবসার্ড একেবারেই সম্ভব নয়। আমরা জানি পরিকল্পনাকে কার্যকরী করতে গেলে কতকগুলি বেসিক এ্যাজাম-সান্স দরকার, র‍্যাপিড এগ্রিকালচারাল ডেভেলপমেন্ট দরকার, সেকেণ্ডলি সেখানে

Fullest utilisation of manpower.

দরকার, থার্ডলি সেখানে এফিসিয়েণ্ট এ্যাডমিনিষ্ট্রেসন দরকার, ইনকরাপটিবল এ্যাডমিনিষ্ট্রেসন দরকার।

Fourthly, public sector undertaking must be run most efficiently, most economically and yeild maximum feasible results and dividends.

সেদিক থেকে যদি বিচার করেন তাহলে দেখবেন এই গভর্ণমেণ্ট-এর প্ল্যানিং সমস্ত দিক থেকে ব্যর্থ হয়ে যাচ্ছে আমরা অর্থমন্ত্রীকে বলছি যে ৫০ লক্ষ টাকা গভীর সমুদ্রে মাছের জন্য বে অব্ বেঙ্গলে ঢেলে ফেলে দেওয়া হয়েছে। শৈলবাবু বুকে হাত দিয়ে এখানে দাঁড়িয়ে বলুন যে ৫০ লক্ষ টাকা ডিপ সি ফিসিং স্কীমে যেটা এ্যাসেট বলে দেখিয়েছিলেন, আজকে সেটাকে এ্যাসেট বলে দেখাতে পারেন লাল বই বা সাদা বইটায়? সুতরাং অর্থনৈতিক কারচুপিতে ওঁর ফাইন্যান্স ডিপার্টমেণ্ট সাধারণ লোকের গালে চড় মেরে চোখে ধুলো ছিটিয়ে দিয়ে বলে দেবে যে এই দেখ আমাদের এ্যাসেট। আমি ওঁকে জিজ্ঞাসা করছি যে ডিপ সি ফিসিং স্কীম নষ্ট হয়ে গেল সেই ৫০।৫২ লক্ষ টাকা এটা কি এ্যাসেট নয়? সুতরাং এই যে পাবলিক সেক্টার আণ্ডারটেকিংগুলি করেছেন এতে সর্বনাশ হচ্ছে লস্ হচ্ছে। ১৯তম সেঞ্চুরিতে যখন সমাজতন্ত্রের কথা উঠেছিল তখন

Socialism was defended and supported and justified as against capitalism on the ground of morality, on the ground of ethics.

কিন্তু প্রশ্ন সেদিকে

Socialism was defended, justified and supported not only on the ground of ethics but on the ground of efficiency.

তাঁরা বলেছিলেন যে স্টীল, কয়লা এই সমস্ত জিনিসগুলির ইণ্ডাস্ট্রিয়ালাইজেশন কর, প্রোডাক-সান বাড়বে এফিসিয়েণ্ট এ্যাডমিনিষ্ট্রেসন হবে। কিন্তু ভারতবর্ষে পাবলিক সেক্টর আণ্ডার-টেকিং-র এই ভাবে ক্ষতি করে সর্বনাশ করে কি হচ্ছে, না, সাধারণ মানুষ এবং লে ম্যানদের মনে ধারণা হচ্ছে যে সোসালিজম্, ন্যাসালাইজেসন বোধ হয় দেশের ক্ষতি দেশের সর্বনাশ করবে এবং স্বতন্ত্র পার্টি, পলিটিক্যাল পার্টির যে পলিটিক্যাল ফ্রেজ মিল রেট সেখানে খোরাক যোগাবার চেষ্টা করছে। সুতরাং এই যে রাজনৈতিক প্ল্যাটফরম থেকে সোসালিজম-এর কথা বলা হচ্ছে এটা একটা সম্পূর্ণ ধোঁকাবাজী এবং ধাপ্পাবাজী হয়ে দাঁড়িয়েছে। সেইজন্য আমি বলছিলাম পাট চাষ না করে যদি আমরা খাদ্যশস্যের চাষ করি তাহলে ৯ মিলিয়ন টন আমাদের অতিরিক্ত খাদ্যশস্য উৎপন্ন হবে। কিন্তু আমরা সেটা করছি না। সুতরাং বাংলা সরকারের পক্ষ থেকে কেন্দ্রের কাছে এই দাবীগুলি করা যে এইভাবে বাংলা কেন দাঁড়িয়ে মার খাচ্ছে? কলিকাতা পোর্ট সম্পর্কে আমি গভর্ণর'স এ্যাড্রেস-এ বলেছি, তার কোন জবাব পাইনি। কিন্তু দুঃখের বিষয় কেউ এটা বিবেচনা করে দেখছেন না যে কলকাতা বন্দরের উপর বাংলা বা ভারতবর্ষের অর্থনীতি নির্ভর করছে এবং এই যে এ্যাসিটেণ্ট হারবার মাষ্টারস ষ্ট্রাইক হচ্ছে, আপনারা চুপ করে বসে আছেন! এতবড় একটা ঘটনা যেখানে ঘটে যাচ্ছে, ১ মাসের উপর কলকাতা পোর্টের-ষ্ট্রাইক চলছে ফুড সিপ ডিসচার্জড হবে না, ক্ষতি হবে বাংলার। আপনারা বলবেন হলদিয়া পোর্ট হচ্ছে। আমি ওঁকে বলছি অর্থমন্ত্রী এই হাউসে দাঁড়িয়ে বলুন হলদিয়া

পোর্ট—১৯৬৫-এর মধ্যে এ'দের পেট্রো কেমিক্যাল ইণ্ডাস্ট্রীস চালু করবার কথা ছিল এবং ওখানে ফার্টিলাইজার প্ল্যাণ্ট বসাবার কথা ছিল, প্ল্যান ছিল যে ওয়ান মিলিয়ন ইয়ার্ড মাটি কেটে সেখানে ১২ একর জমি থেকে পোর্ট তৈরী করতে হবে এবং কাল্লারি রিভার বেড থেকে মাটি তোলা হবে। সেটাকে কার্টেল করে ওয়ান মিলিয়ন ইয়ার্ড থেকে ৩ মিলিয়ন ইয়ার্ড-এ দাঁড় করান হয়েছে। আমি বলছি আমার কাছে তথ্য আছে হলদিয়া পোর্টের কোন কাজ শুরু হয়নি, এক ছটাকও কাজ হয়নি। ক্যালকাটা পোর্টের ড্রেজার সেখানে যাবার কথা ছিল, ক্যালকাটা পোর্টের কোন ড্রেজার ওখানে যায়নি এবং হলদিয়া পোর্টের কাজ শুরু হয়নি। আমি শৈলবাবুকে বলছি উনি টেলিফোনে খবর নিয়ে জানাবেন এটা সত্য কিনা। কিন্তু মাঝে মাঝে হলদিয়া, হলদিয়া, করে একটা আওয়াজ তুলে সমস্যাটা ধামাচাপা দেওয়া যেতে পারে তাতে সমস্যার কোন সমাধান হয়না কোনদিন. হলদিয়া পোর্ট হতে যত দেরী হবে ততই আমাদের ক্ষতি হবে। শুধু তাই নয়, আমাদের এই ক্যালকাটা পোর্টে যে টন-নল নামিয়েছে তার পরিমাণ ৯½ মিলিয়ন টন। ফোর্থ প্ল্যানে গিয়ে এটা দাঁড়াবে ১৪ মিলিয়ন টনে। এই ১৪ মিলিয়ন টন মাল ওঠাবার নামাবার জন্য যে পরিমাণ জেটি, যে পরিমাণ জায়গা দরকার সিপমেণ্ট করবার জন্য, কিং জর্জেস ডক্ সেটা করে সেদিকে পশ্চিমবঙ্গ সরকার নীরব হয়ে আছেন। সমস্ত দিক থেকে আপনি দেখুন অর্থনৈতিক অবস্থাটা কি? আপনারা সাধারণ মানুষের ডেভেলপমেণ্ট এর কথা চিন্তা করছেন? আপনারা শিক্ষকদের জন্য বেতন বাড়াবেন না অথচ আপনারা এ্যাসেম্বলী মেম্বারদের ভাতা বাড়িয়েছেন। আপনারাই আমাদের চুণকালি মাখাচ্ছেন। আমরা তো চাইনি আপনাদের কাছ থেকে টাকা। কংগ্রেস পার্টির দিক থেকে কামরাজ প্ল্যান চালু হওয়ার ফলে যদি আপনাদের অসুবিধা হয়ে থাকে স্পষ্ট কথা এখানে বলুন। কিন্তু ব্যাকডোর দিয়ে ঢোকাবেন কেন? যদি হিম্মত থাকে আপনারা রিজলিউসন নিয়ে আসুন হাউসের কাছে, সেখানে অপোজিসন ফেস করবে। শিক্ষকদের টাকা বাড়াবার কথা উঠেছিল, সরকারী কর্মচারীদের টাকা বাড়াবার কথা উঠেছিল, আমাদের এই সমস্ত এমপ্লয়িজদের ওভার টাইম এ্যালাওন্স-এর কথা উঠেছিল আপনারা সেটা না দিয়ে এ্যাসেম্বলী মেম্বারদের ভাতা বাড়িয়ে দিয়ে আমাদের মুখ বন্ধ করবার চেষ্টা করেছেন। কিন্তু প্রশ্ন হচ্ছে আজকে এই যে

who can turn this debacle into dynamic miracle

কে পারে? সেই পারে যার ভিসন আছে, সেই পারে যে ড্রিমার স্বপ্ন দেখে, সেই পারে যার বুকভরা অগণিত দেশপ্রেম রয়েছে; সেই পারে যে দেশকে নেতৃত্ব দিতে পারে। এদিক থেকে আমরা দেখতে পাচ্ছি যে একটা ঝোড়ো যুগের মধ্য দিয়ে দেশ চলেছে এবং শীঘ্রই একটা পরিবর্তন আসবে। আজকে স্যার, মুখ্যমন্ত্রী বলেছেন উনি হাতী, ওঁর দল একটা হাতীর মত শক্তিশালী। কিন্তু এটা উনি ভুলে যাবেন না, যেমন হাতী তার মস্তিষ্ককে অত্যন্ত অন্যায় ভাবে বঞ্চিত করে তার দেহকে স্ফীত করে থাকে এবং তার দেহটা যেমন একটু অ্যাডভানটেজাস, তেমনি তার ডিজ্যাবিলিটি লায়াবিলিটি হচ্ছে তার চোখ। সে ছোট ছোট চোখে ভাল দেখতে পায় না। আর তার কানটা চোখকে সব সময় ঢেকে থাকে। সাধারণ মানুষের বিক্ষোভ থেকে দেশে নূতন রাজনৈতিক ঝড় উঠতে পারে। সেইজন্য আশঙ্কা করছি এবং সরকারকে বলতে চাই এই ঝড়ো যুগের মধ্য দিয়ে প্রত্যেক দেশে প্রত্যেক দেশে প্রত্যেক যুগে মানুষের দিন বদলের পালা আসে। আজক তাই আমি সাধারণ মানুষের পক্ষ থেকে এই কথা বলব যে--

পালিশ করা জীর্ণতাকে চিনতে হবে আজি
দামামা তাই উঠেছে বাজি।

Shri Deo Prakash Rai: Mr. Speaker, Sir, the Finance Minister's Budget Speech is a true confession of the Congress Party's 18 years of exploitation of the Indian people. Dr. Radhakrishnan was able to read the writings on the wall. That is why he said that people's patience is not inexhaustible. Sir, Congress socialism is not economic; it is essentially political. It tries to feed the people on propaganda and provide concentration of power to the

Congress. Congress socialism, gives the shadow of political freedom but not the substance of economic emancipation. Sir, what do we see to-day after 18 years of Congress rule? India, though rich in resources, has become a nation of paupers; Indian people who are virile, industrious, strong and energetic have become a nation of pigmies militarily.

Sir, let me refresh the memory of my friends in the Congress Bench with what late Dr. Roy, who is rightly or wrongly called, in some quarters, as the builder of modern Bengal, said. It was his Budget Speech, dated 22nd March, 1962: "At the beginning of the Second Plan the total number of unemployed persons was 5.3 millions; at the end of the Second Plan the backlog of unemployment was about 9 millions and at the conclusion of the Third Plan there will be 17 million unemployed persons. Sir, the cardinal principles of socialism, as I understand it, is equal opportunity, State ownership of the means of production and reduction in disparity of income. The State Budget of Dr. Roy itself is a challenge to the claim of the Congress that they have provided equal opportunity to the people in India. In the name of nationalisation they have taken over the losing undertakings which were in private sector. So, by taking over the losing concerns they have again come to the rescue of the capitalists. I only ask them, if they know what socialism means, why don't they nationalise the tea industry, jute industry and banking industry, to name a few? They have been introducing land reforms for the last 18 years; but what do we find here? The people in the country do not benefit from them. Even after introducing about 150 land reforms in our country they have failed to ameliorate the economic condition of our people. About disparity, has there been any reduction in the disparity of income? Sir, you will find the answer in Mahlanobis Committee's Report. It categorically says that there has been increase in disparity of income. According to the assessment of the Auditor-General of India, the Congress Ministers represent the highest disparity in our country, the expenditure on each of them being to the tune of 8,500 rupees a month. The Durgapur Congress, in an almost famine-stricken West Bengal, was held on the standards of pre-Independence Maharajas and this has no relation, whatsoever, to the principles of socialism. Sir, it has been said that agriculture has increased, production has shot up and industry has expanded. Therefore, per capita income has increased. The very fact that the Government have been made to increase the Dearness Allowance from time to time gives a lie to this claim. And what a ridiculous way of their approach to the problem of soaring prices? Sir, the present emolument of the lowest paid employee of the Government hardly enables him to make both ends meet. The rate of his increment is Rs. 5 as Dearness Allowance and an employee belonging to comparatively higher salary group gets the highest amount of D.A.

[5-15—5-25 p.m.]

Do you call this socialism? Food prices have gone up by 300 per cent, house rent has shot up by 700 per cent, land prices have gone up by 2,000 per cent. They have brought down the value of the rupee to 19 paise. Sir, frankly speaking, I fail to understand the economic policy of our country. There are some people in the National Planning of our country who look up to the capitalist countries for our economic progress, and there are others who believe in the methods of socialistic countries for our economic emancipation. These Congress leaders in the National Planning are like five blind men and our economy is like the elephant. Today, we have become political guineapigs in the economic laboratory of two camps—two methods—that is, capitalist and socialist. In such a situation do you think we will be able

to make any headway in our economic field until one of them succeeds in their experiment?

This is the picture of our country today under the rule of the brute majority of the Congress whose only ambition of life is pelf and power. Is this democracy? No wonder Mr. P. C. Sen, our Chief Minister, in utter defiance of the House walked out of the chamber today without, in the least, caring to have respect for the Chair. To them, criticism of their work is anti-national. I would like to read out to you what Mr. S. K. Patil has written in a letter to the Editor of Amrita Bazar Patrika, dated the 10th November, 1963. He says, inter alia, "To keep the stream of democracy always running we have to devise at some stage a system of two parties. I am not in favour of Congress remaining permanently in power. That way democracy will never make progress."

Before I proceed further I want to pay my personal tribute to Dr. R. Ahmed, ex-Minister of West Bengal. As I pay homage to him I want to read out to you a portion from his article entitled "As a Minister". He says in this article, as ex-Minister of West Bengal, "I found on assuming office that everyday I had to open a school, preside over a prize distribution, or open a conference on a subject about which I knew nothing. Addresses were presented to me extolling the qualities of my head and heart and my past services, which was really not much in my opinion. I made myself easily approachable as is my nature. The result was that I toured all the districts of West Bengal and in every meeting I heard what a wonderful person I was. One or two days after taking office I was asked to preside over a meeting of a Co-operative Society which also acted as a Conference of local co-operators. I did not know much about the co-operative movement then in West Bengal, what progress it had made since it started, the number of societies, the capital involved in the movement and so on and so forth. I am by nature an exact man. I want to know something about the subject on which I may be talking. I have mentioned before, I wish to go to a library, read something about it and then give a talk. But where was the time to do that? I had to live on platitudes and talk platitudes all the time. This seemed unreal and very often I had to use the note prepared by the Secretary in which naturally there was no criticism of his department and presented one side of the picture"—as in the budget presented before us.

"Later on I burnt some midnight oil and came to know something about co-operation and how the movement could be strengthened in West Bengal. The Officers began to feel that I delved too deeply in the subject. By that time the portfolio was changed and some other member became Minister of Co-operation."

This is the true confession of an honest Minister. Sir, this is the state of affairs today in our country.

Now, let me draw your attention to a pertinent matter. Along with the budget papers, we have been circulated a booklet called "Preliminary Memorandum on the Fourth Five-Year Plan". On page 45, you will find it says: "Darjeeling: There is a Committee known as the Darjeeling Enquiry Committee, which meets from time to time to examine the problems of the district and suggests solutions. The District Planning Committee will be required to consider these recommendations, in preparing the Plan for the district."

Sir, with your permission, may I say that this is full of lies? There is no committee called the Darjeeling Enquiry Committee. There used to be one, but that was taken away by the late Kalipada Mookerjee along with

him. That Darjeeling Enquiry Committee was constituted in the year 1955 on the eve of the visit of the States Reorganisation Commission to hoodwink the people of Darjeeling. That Committee no longer exists. As I have said, this booklet is full of lies. There is no development programme for the district under the Fourth Five-Year Plan. After the Chinese aggression, the Government of West Bengal tried to accelerate their road-building work which was hanging fire since the First Five-Year Plan. I will just mention one instance. There was a scheme of road construction from Darjeeling to Bijanbari a place in the interior of the district towards the border. The distance is only 11 miles and this road was to be completed under the First Five-Year Plan. Now, this it the fifteenth year of the plan period and it has not yet been completed. They have been taking more than 15 months to construct one mile of road. No wonder that Red China was able to construct a metalled road across Aksai Chin within a much shorter period and that also without our knowledge.

[The member having reached his time limit resumed his seat]

Shri Anadi Das:

মিঃ স্পীকার, স্যার, যে বাজেট এখানে উপস্থাপিত করা হয়েছে তার বিরোধীতা শুধু যে কারণে করা চলে অন্য কারণ যদি না থাকে সেটা হচ্ছে এই বাজেটের মধ্য দিয়ে গভর্ণমেণ্ট তাঁর দলকে রক্ষা করবার চেষ্টা করেছেন মাত্র। বিধান সভার এম-এল-এ-দের মাইনে বৃদ্ধি বাইরে কি উত্তাপের সৃষ্টি করেছে সেটা সকলেই বুঝে থাকবেন। যখন শিক্ষকদের মাইনে ৫ টাকা বাড়ে, তারা যখন রাস্তায় বসে থাকতে বাধ্য হয়, যখন সরকারী কর্মচারীদের মাইনে অতি সামান্য বাড়ান হয়, ওভার টাইমের ব্যবস্থা করা হয় না তখন নিজের দলের লোককে রক্ষা করতে গিয়ে সকলের ৫০ টাকা মাইনে বাড়ান—তাঁদের উপর দায়িত্ব আছে, সেটার প্রয়োজন হতে পারে, কিন্তু এখানে আমরা যে কারণের জন্য আছি দেশের মঙ্গল বিধানের জন্য সেই মঙ্গল বিধানের ব্যবস্থা না করে নিজেদের ব্যবস্থাটা করে নেওয়া এটার জন্য দেশের লোক আমাদের পাঠায় নি। স্যার, এই বাজেট কত স্ববিরোধী এটা আমি পরিষ্কার দেখতে পাচ্ছি। প্রথমেই এখানে বলা হচ্ছে এই বাজেট তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার শেষ বৎসর সম্পর্কিত এবং সেজন্য ইহা দেশের উন্নয়নের দিকে অধিকতর অগ্রগতির পরিসূচক। এই রাজ্য অব্যাহতভাবে প্রগতির পথে অগ্রসর হইয়াছে। এই কথা বলার পর ২২ পৃষ্ঠায় বলা হচ্ছে চলতি পরিকল্পনার প্রথম কয়েক বৎসরে অর্থনীতির বিকাশে শ্লথগতি এবং মুদ্রাস্ফীতির দরুন সর্বপ্রকার পণ্যসামগ্রীর মূল্য বৃদ্ধি আমাদের প্রধান হতাশার কারণ হইয়াছে। আমার মতে স্থিতিশীল অবস্থা বজায় রাখিতে না পারায় ইহা ঘটিয়াছে। যে ব্যবস্থা দেশে একটা স্থিতিশীল অবস্থা আনতে পারছে না, যে পরিকল্পনা দেশকে আন্‌স্টেবল জায়গায় নিয়ে যাচ্ছে মানুষের মনে হতাশার সৃষ্টি করছে সেটাকে বলা হচ্ছে আমাদের দেশ ক্রমাগত অগ্রগতির পথে চলেছে। কোনটা সত্য?

[5-25—5-35 p.m.]

কাজেই আমরা এখানে দেখছি যখন যেমন মনে আসছে, সেটা বলছেন। প্রথমে একটা রঙ্গীন চিত্র না দিয়ে রাখলে অসুবিধা, তারপরে দেখলে কেঁচো খুঁড়তে সাপ বেরিয়ে যাচ্ছে। সেখানে দেখা যাচ্ছে স্বদেশে হতাশা সৃষ্টি হচ্ছে। এই বাজেটে সোস্যাল আউটলুক নাই, কোন সোস্যাল এনালিসিস নাই যে এই বাজেটের উপর দেশের ভবিষ্যৎ নির্ভর করছে। এই বাজেট উপস্থাপিত করবার পূর্বে কত লোক কত আশা করছিল, আমাদের দারিদ্র্য দূর করবার কি ব্যবস্থা এতে হচ্ছে? ধনীর শোষণকে দূর করবার জন্য কি ব্যবস্থা হচ্ছে? চারিদিকে নানারকম আশা। কোনদিকে কোন পরিকল্পনা নাই, মানুষের প্রকৃত অবস্থার এনালিসিস নাই। বাজেটে যদি ভবিষ্যতের কোন পরিকল্পনা না থাকে তাহলে কী দাঁড়ায়? এই সরকারী বাজেটে দাঁড়ায় কিছু টাকা জোগাড় করে কতকগুলি খাতে ব্যয় করা। সেটা কেরাণীর কাজ। সেটা কোন ভবিষ্যৎদর্শীর বা স্বপ্নদর্শীর কাজ নয়। যে স্বপ্নদর্শী—সে দেশকে গঠন করবার

স্বপ্ন দেখে—ধীরে ধীরে এইভাবে দেশ উন্নত হবে, এইভাবে বেকারীর সংখ্যা কমবে, এইভাবে দারিদ্র্য দূর হবে। কিন্তু তার কোন চিত্র এখানে নাই। কেবল কতকগুলি মামুলী কথা, সর্ব-জনস্বীকৃত কথা এখানে আছে। স্যার, এ আমার কথা নয়। আই-এন-টি-ইউ-সির সভাপতি, শ্রমিকদের অবস্থা সম্বন্ধে বলতে গিয়ে তিনি বলছেন যে ১৯৩৯ সালে শ্রমিকদের রিয়েল আর্নিং ছিল, ডেলী ওয়েজ ছিল, বর্তমানে তার দেয় কম। তিনি বিরোধী পক্ষের লোক নন। আমাদের অর্থমন্ত্রী যে সংগঠনের লোক, তিনিও সেই সংগঠনের লোক। এখানে তিনি মানুষকে দেশের সম্পদ বলেছেন। কিন্তু এই মনুষ্য সম্পদকে ব্যবহার করবার জন্য তিনি কোনরকম ব্যবস্থা এই বাজেটে রাখেন নি। এখানে বৈজ্ঞানিক যন্ত্র ইলেকট্রিক কম্পিউটর ব্যবহার করতে গিয়ে ৩৫ হাজার লোককে বেকার করা হয়েছে। স্যার, এখানে বিজ্ঞান ও মনুষ্য সম্পদ—এটা যে পরস্পর বিরোধী, সেটা দূর করবার কোন ব্যবস্থা এই বাজেটে নাই। সেইজন্য আমি এই বাজেটের বিরোধিতা করছি।

Shri Birendra Kumar Maitra:

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট উপস্থাপিত করেছেন, আমি তা সমর্থন করতে উঠেছি তাঁর বক্তৃতা মনোযোগ দিয়ে শুনেছি এবং পড়েছি ও এটা একটী বাস্তবধর্মী বাজেট হয়েছে এবং সমাজতন্ত্রের পথে দৃঢ় পদক্ষেপ হয়েছে। অধিকাংশ মাননীয় সদস্যরা বলেছেন যে বাজেটে কারচুপী করা হয়েছে, ওঁরা যে সব উদ্ধৃতি দিয়ে বলেছেন সেগুলি হয় সরকার নিয়োজিত কমিটীর রিপোর্ট থেকে বলেছেন, না হয় অর্থমন্ত্রীর বক্তৃতা থেকে বলেছেন। অর্থমন্ত্রী যে বাজেট বক্তৃতা দিয়েছেন তাতে উচ্ছ্বাস নাই, হতাশার বাণীও নাই, কোন ভাল চিত্রও তিনি দেখান নাই, আবার খুব খারাপ চিত্রও দেখান নাই, প্রকৃত অবস্থা যেটা, সেই অবস্থাটাই দেখান হয়েছে ; আর যেখানে তা করতে পারেন নাই, সেটা তিনি পরিষ্কারভাবে স্বীকার করেছেন যে এটা আমি করতে পারিনি, তিনি বলেছেন অনেকের বেকারত্ব বাড়বে। কাজেই তিনি যে বাস্তবধর্মী বাজেট উপস্থিত করেছেন এটা অত্যন্ত আনন্দের কথা।

অর্থমন্ত্রী তাঁর বাজেটে সকলের জন্য চিন্তা করেছেন গ্রামের সাধারণ মানুষ থেকে আরম্ভ করে সরকারী কর্মচারী পর্যন্ত এবং এ্যাসেম্বলীর মেম্বারদের কথাও তিনি ভোলেন নাই। এখানে গত দু বছর ধরে বিধানসভায় যে সব সদস্য আমাদের পেছনে ঘুরে ঘুরে বেড়িয়েছিলেন—ভাই, আর দুশো টাকার এই চাকরী করা চলেনা, তাঁরা আজকে বলছেন এই বেতন বৃদ্ধির দ্বারা মেম্বারদের লোভ দেখান হচ্ছে।

যদি তাঁরা ঠিক করতেন যে, হ্যাঁ, আমরা বেতন নেবনা তাহলে বুঝতে পারতাম যে ঠিক করেছেন। দুবছর আগে আমাদের বলেছিলেন, ভাই কর, ভাই কর—আর এখন বলছেন আমাদের লোভ দেখান হচ্ছে। যাহোক, বিভিন্ন প্রদেশে এ্যাসেম্বলীর মেম্বারদের যে দায়িত্বপূর্ণ কাজ করতে হয় তাতে তাঁদের বেতন বৃদ্ধি খুব বেশী হয়েছে বলে মনে হয়না। এবারে আমি অর্থমন্ত্রী মহাশয়কে ধন্যবাদ দেব এবং এই যে ধন্যবাদ দেব সেটা বেতন বাড়িয়েছেন বলে নয়, আমি ধন্যবাদ দেব এই কারণে যে বাজেটে যথেষ্ট টাকা ধরা সত্বেও তিনি কোন ট্যাক্স ধরেননি। গ্রামের সাধারণ মানুষের উপর যদি দরদ থাকে তবেই ঋণ ক'র টাকা খরচ করতে পারে এবং পরিবর্তে কোন করধার্য করেনা। এই কারণেও আমি অর্থমন্ত্রীমহাশয়কে ধন্যবাদ দিচ্ছি। তারপর, মন্ত্রীরা যে ১০০ টাকা বেতন কমিয়েছেন এটাও মস্তবড় উদারতার লক্ষণ এবং সেটা আমাদের লক্ষ্য করা দরকার। স্যার, আজকে বাজেটের উপর যে বক্তৃতা হোল তাতে একটা জিনিস লক্ষ্য করে আমি অবাক হলাম। আজকে যদি ট্যাক্স বৃদ্ধি করা হোত তাহলে অনেকে অনেক কথা বলতেন, কিন্তু ট্যাক্স যে বৃদ্ধি করা হোলনা তারজন্য অর্থমন্ত্রীকে কেউ ধন্যবাদ দিলেন না। বিরোধীপক্ষ থেকে যদি তাঁকে কেউ ধন্যবাদ দিতেন তাহলে আমি খুসী হতাম। তারপর, এই বাজেটে সরকারী কর্মচারীদের কথা বলা হয়েছে এবং এই বাজেট যে সমাজতন্ত্র-বাদের দৃঢ় পদক্ষেপ সেকথাও বলা হয়েছে। এই বাজেটে সরকারী কর্মচারীদের এমন কতগুলি সুযোগ সুবিধার কথা বলা হয়েছে যেটা তাঁরা ১০ বছর আগে চিন্তাও করতে পারতেন না। যেমন, ৫ বছর চাকুরী করবার পর যদি কোন কর্মচারী মারা যান তাহলে তাঁর পরিবার সাহায্য

পাবে। এই সুযোগ ১০ বছর আগে তাঁরা চিন্তাও করতে পারতেন না। শুধু তাই নয়, মেডিকেল হেল্প সকল কর্মচারীকে করা হয়েছে, পেনসন বৃদ্ধি করা হয়েছে—অথচ এরজন্য তাঁরা আন্দোলন করেননি। কাজেই দেখা যাচ্ছে সমাজতান্ত্রিক রাষ্ট্রের বাজেট যেভাবে হওয়া উচিত সেইভাবেই এই বাজেট হয়েছে। স্যার, বিরোধীপক্ষের তরফ থেকে সরকারী কর্মচারী-দের দিয়ে ধর্মঘট করিয়ে, আন্দোলন করিয়ে যদি এই জিনিস আদায় করতে পারতেন যে, চাকুরী করবার ৫ বছর পর মারা গেলে ফ্যামিলি পেনসন পাবে তাহলে তাঁরা বলতেন আমরা মস্তবড় জিনিস এনেছি। কিন্তু এই জিনিস সেইভাবে হয়নি, সরকার না চাইতেই দিয়েছেন। তবে দুঃখের বিষয় হচ্ছে এ'দের কাছে তার কোন মূল্য নেই। তারপর, শৈলবাবু যে বাজেট এনেছেন তার মধ্যে দুর্গাপুরের কথা নেই, তবে আমরা শুনি দুর্গাপুরে নাকি অনেক পয়সা খরচ হয়েছে। স্যার, এই প্রসঙ্গ যদিও এখানে আসেনা তবুও একটা কথা বলি যে, ভারতবর্ষ স্বাধীন হবার পর যতগুলি কংগ্রেস হয়েছে তার মধ্যে দুর্গাপুর কংগ্রেসে সবচেয়ে মিনিমাম খরচ করা হয়েছে এবং খুব কষ্ট করে থাকা হয়েছে। প্রধানমন্ত্রী থেকে আরম্ভ করে ওয়ার্কিং কমিটির মেম্বাররা ১০ হাত বাই ১০ হাত ঘরে সকলে ছিলেন, খাবারের কোন বাহুল্য ছিলনা, মাছ-মাংস ছিলনা--একেবারে নিরামিশ। তারপর, আমরা এখানে শুনলাম গরীবের জন্য কিছু হয়না, সব বড়লোকের জন্য হয়েছে। কিন্তু ফোর্থ ফাইভ ইয়ার প্ল্যানের এই যে একটা বই দেওয়া হয়েছে তাতে অনেক সদস্যই বক্তৃতা করলেন কিন্তু কেউ একথা বলতে পারলেন না যে বড়লোকের জন্য এটা হয়েছে। তারপর, আমরা প্রথম পরিকল্পনায় ৬৮ কোটি টাকা, দ্বিতীয় পরিকল্পনায় ১৪৮ কোটি টাকা, তৃতীয় পরিকল্পনায় ৩১০ কোটি টাকা খরচ করেছি এবং চতুর্থ পরিকল্পনায় ৬১৮ কোটি টাকা খরচ করতে চলেছি—কিন্তু বড়লোকের জন্য কতখানি খরচ করা হয়েছে সেকথা কেউ বলতে পারলেন না। তারপর শুনলাম কৃষির কোন উন্নতি হয়নি। একথা ঠিক যে আমাদের প্রয়োজনের তুলনায় কৃষির উন্নতি হয়নি, কিন্তু একথাও বলব যে, ১৯৪৭-৪৮ সালে যেখানে ৩৬ লক্ষ টন চাল হয়েছিল সেখানে ১৯৬৩ সালে ৫০ লক্ষ টন এবং ১৯৬৪ সালে ৫৫ লক্ষ টন চাল হয়েছে। অভাব আমাদের অবিভক্ত বাংলায়ও ছিল, এখনও আছে। তারপর, পাট আমাদের ৬ লক্ষ গাঁট হোত, কিন্তু আজ ৩৬ লক্ষ গাঁট হচ্ছে, স্বাধীনতার পর আলু আমাদের প্রথমে আড়াই লক্ষ টন হয়েছিল, তারপর ৫ লক্ষ টন এবং এখন হচ্ছে ৯ লক্ষ টন, এছাড়া গম, বাজরা এবং সর্ষেও আমাদের যথেষ্ট বেড়েছে। কাজেই বিরোধীদলের বন্ধুরা যেকথা বলছেন তাতে আমি তাঁদের এগুলি সম্বন্ধে ভাবতে বলি।

[5-35—5-45 p.m.]

অবিভক্ত বাংলায় ১৯৪৩ সালে ৫০ লক্ষ লোক বাংলাদেশে মারা গেছল, আজকে একটা লোকও মারা যায়নি। কাজেই কিছুই হয়নি এটা ঠিক নয়। আজকে জন্মের হার বেড়েছে এবং মৃত্যুর হার কমেছে, কিন্তু ফসল সেই হিসাবে বাড়ছেনা। আর একটা বিষয়ে আমি পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আমি লক্ষ্য করছি দিল্লীর কিছু কিছু সরকারী কর্মচারী এবং মন্ত্রীদের মধ্যে দু-একজন বাংলাদেশে কৃষির কিছু হচ্ছেনা এটা রটনা করার চেষ্টা করছেন। বাংলাদেশে ধান চাল যা উৎপন্ন হয়, আমাদের দেশে জোয়ার বাজরা হয়না, যদি অন্য প্রদেশের তুলনা করি তাহলে দেখা যাবে আমরা মোটেই পিছিয়ে নেই। এই যে দিল্লীর একটা ভাব হয়েছে আমাদের পেছনে ফেলার এটার প্রতিবাদ করা উচিত।

তারপর পুলিশ খাতে যে ব্যয় বৃদ্ধি করেছেন সেইজন্য আমি সরকারকে ধন্যবাদ দিচ্ছি। কিছুদিন আগে কুচবিহারের এক বন্ধু শ্রীঅমর রায় প্রধান বলেছেন টি মেনন নাকি গোলা বারুদ নিয়ে পাকিস্তানে চলে গেছে। এই যে নির্লজ্জ উক্তি, অসত্য উক্তি এটা বাইরে গিয়ে বলুন যে এতে টি মেননের হাত রয়েছে। কেন এই বিবৃতি বাইরে করতে পারেন না? আমাদের ১৩০০ মাইল বর্ডার রয়েছে, আর আমাদের নৈতিক চরিত্র যা দাঁড়িয়েছে তাতে পুলিশের শক্তি আরও বাড়ান দরকার। সেদিন দেখলাম হাওড়ায় তিন লক্ষ টাকার বাস পুড়ে গেল। কাজেই পুলিশে বেশী টাকা দিলেন পুলিশ না বাড়ালে এই জিনিষগুলি বন্ধ করা যাবেনা। সেজন্য পুলিশ খাতে ব্যয় বৃদ্ধি হোক আমরা চাই।

আমি দুটি কথা ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড সম্বন্ধে বলতে চাই। ইলেকট্রিসিটি সম্প্রসারণের কাজ আমাদের বেশী হচ্ছে না। সরকারের উচিত এ বিষয়ে নজর দেওয়া। সরকারের ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড এর ব্যাপারে কিছু করণীয় নেই কিন্তু আজকে সরকারকেই এ ব্যাপারে গালাগাল খেতে হচ্ছে। আজকে আমাদের মালদহে পাঁচ বছর আগে ১৯৬২ সালের আগে থেকে খুঁটি পোতা এবং লাইন টানা হয়েছে কিন্তু যেখানে ইলেকট্রিসিটি করার ক্ষমতা ছিলনা সেখানে কেন লাইন টানা হল, খুঁটি পোতা হল, কেন এই অর্থের অপচয় হল, এজন্য সরকারকে গালাগাল খেতে হচ্ছে। আমি সরকারকে অনুরোধ করবো যে এ সম্বন্ধে সরকারকে ভালভাবে ইনকুইয়ারী করা উচিত কেননা কতকগুলি অপদার্থ লোক গিয়ে সেখানে জুটেছে, সেখানে ইলেকট্রিক দেওয়া সম্ভব হচ্ছেনা।

আর একটা কথা বলতে চাই। আজকে প্রাথমিক শিক্ষকদের আন্দোলন হচ্ছে, তাদের বেতন কম বৃদ্ধি হওয়া উচিত। কোথায় স্কুল হবে এ বিষয়ে বিবেচনা করা উচিত। স্কুলকে এ বিষয়ে ভার দেওয়া হয়েছে গ্রামের স্কুল কোথায় হবে সেটা দেখবার জন্য। একটি ছেলে ম্যাট্রিক পাশ করলে সংগে সংগে একটি স্কুল করে বসেন এবং তাকে মঞ্জুরী দেওয়া হয়, পরে দেখা যায় তারাই বেতন বাড়াবার জন্য দাবী করে, এ বিষয়ে নজর দেওয়া উচিত, এ কথা বলে আমি এই বাজেট সমর্থন করছি।

Shri Bhadra Bahadur Hamal:

स्पीकर सर, अभी जो हमारे अर्थमंत्री साहबन जो वजट सदन में उपस्थित किया है, में उसका विरोध करता हूं। अर्थमंत्री साहब जो वजट लेकर आया हैं उसको देखने से मालुम होता है कि समाजवाद हो जायगा। उस समाजवाद का एक नमूना हम देखते हैं कि सबसे नीचे के सरकारी कर्मचारियों को पांच रुपया दिया गया है। यानि एक दिन में १६$\frac{१}{२}$ नया पैसा उनको मिलेगा। जो उनको एक दिन में एकबार चाय पीने के लिए दिया गया है।

(व्यवधान)

सिर्फ इतना ही नहीं जैसा बृटिश गवर्नमेन्ट के समय में म्युनिसिपाल्टी की अवहलेना होती थी, उससे ज्यादा आज उसकी अवहेलना की जाती है। उनको कुछ सुविधा आज नहीं मिलती है। और आपको इस वजट में समाजवाद दिखलाई पड़ता है ?

और दूसरी बात यह है कि थोडे दिन के पहले यहां भाषा के लिए आन्दोलन हुआ था, क्यों कि हम जानते हैं कि बंगाल और बंगाली की क्षमता बहुत है। उन लोगों ने सेन्ट्रल की नीतिके विरूद्ध आन्दोलन किया भाषा के लिए आन्दोलन किया। में उसका समर्थन करता हुं। किन्तु क्या आपने कभी सोचा कि जो माइनारिटी लैंग्विस्टिक के लोग भी यहां हैं और उनकी भाषा को किस तरह से कुचला जा रहा है ? मैंने बार-बार कहा कि नेपाली भाषा में केवल कुछ साइन वोर्ड लगा देने से या कानून पास करने से उनकी भाषा की समस्या का समाधान नहीं हो जायगा। आपने कानून पास कर दिया लेकिन दार्जिलिंग के रहने वालो के लिए क्या किया ? अब में देखता हूं कि दार्जिलिंग के लोगों को भी उसी रास्ते पर आने के लिए बाध्य होना पड़ेगा, जिस रास्ते पर अभी थोडेदिन हुए बंगाल को अपनी भाषा के लिए आना पडा और सेन्ट्रल गवर्नमेन्ट को दिखा दिया कि हमलोग तुम्हारी भाषा संबंधी निकम्मी नीति को नहीं मानेंगे। इसलिए समय रहते आपलोग भी अपनी आंखें खोलिए। समय रहते हम लोगों की बातें सुनिए और नेपाली-भाषा को दार्जिलिंग-एरिया में चालू कीजिए।

[5-45—5-55 p.m.]

पिछले साल बजट पास किया गया बहुत रुपया पास किया गया। खगेन बाबू यहां देखन में नहीं आते। खगेन बाबू के डिपार्टमेन्ट में आज खुल्लम-खुल्ला दिन में चोरी होती है। क्या इमर्जेन्सी नहीं है। विरोधी पार्टी के लोगों के चिल्लाने पर तो कांग्रेस के लोग कहते हैं कि ये लोग देश में गोलमाल करते हैं। इनलोगों को डी० आई० आर० में ले जाओ। पी० डब्लू० डी० की गाडी सीमेन्ट रखकर दिन में ही ब्लैक करती है। कन्वसिंग करती-फिरती है। १० रु०. १७रु० प्रति बैग सीमेन्ट में ब्लैकमार्केटिंग की जाती है। कांग्रेस-गवर्नमेन्ट एकदम से साधारण लोगों को सिमेन्ट की परमिट देना बन्द कर दी है

लोगों को आज सिमेन्ट मिलना कठिन हो गया है किन्तु पी० डब्लू० डी० के लोग बोरा के बोरा दे सकते हैं। आजकल परमिट पर सिमेन्ट नहीं दिया जाता है। पी० डब्लू० डी० की गाडी रातमें सिमेन्ट का बोरा लेकर बाजार में जाती है और सब सीमेन्ट ब्लैक हो जाता है। इस तरह के कार्यों के लिए इमर्जेन्सी नहीं है। मगर हमारे लिए इमर्जेन्सी है। आप इन्क्वारी कीजिए कि इमर्जेन्सी के टाइम में कितनी बिल्डिगं बनाई गई है? उन लोगों को सिमेन्ट कैसे मिला? आज साधारण गरीबलोगों को सिमन्ट परमिट पर भी नहीं मिलता।

दूसरी बात यह कहना चाहता हूं कि चारकोल दार्जिलिंग में एक महीने में एक बैग मिलता है। वह फारेस्ट डिपार्टमेन्ट के डीपू से रिटेलर्स को दिया जाता है। मगर यह कोयला रिटेलर्स के यहां जब जाता है तब इस एक बैग में दो बैग बना दिया जाता है। उसका दाम तीन रुपया ७८ नया पैसा देना पड़ता है। परमिट लेकर कोयले के डीलर्स इस तरह से ब्लैक मार्केटिंग करते हैं। और डिप्टी कमिश्नर चुपचाप बैठ कर देखते हैं. पुलिस खुद ब्लैकमार्केटिंग कराती है। ब्लैक मार्केटियर ब्लैक करता है मगर पुलिस डिपार्टमेन्ट उसको पकडने में असमर्थ है। मगर विरोधी पार्टी जनता की भलाई के लिए जब आन्दोलन करती है तो उसे पकड़ लिया जाता है। मगर कालाबाजारी करने वाले व्यापारियों को, जो गरीब जनता की खून चूस कर मोटी हो गई है. उनकी आज रक्षा की जा रही है। बड़ी बड़ी बिल्डिग बनायी जा रही है. किन्तु पार्टी के स्वार्थ के कारण उन पर डी० आई० आर० ३० नहीं लगाया जाता है: मगर विरोधी पार्टी के लोगों पर ३० लगा कर जेल में डाल दिया जाता है। इस तरह से आज मुश्किल बढती जा रही है।

एक बात और सुनने में आता है कि आज देश में बहुत बेसी आदमी हो गए हैं। उसके कारण से आज देश में खाना नहीं मिलता है। जन संख्या बढ़ रही है शायद इसी लिए खाने की चीजों में भजाल है। इसलिए शायद दार्जिलिंग में वहां के निवासियों को नकली खाना मिलता है। भला, कुछ खाना तो मिल जाता है. चाहे वह नकलीही क्यों न हो। उसकी आपलोगों को क्या परवाह है। आप लोग तो ब्लैक मार्केटियर्स और होल्डर्स की रक्षा करत हैं। इनके विरुद्ध सरकारी कर्मचारी बोल नहीं सकते हैं। क्यों कि समाजवादी कानून जो है। उनकेलिए सब माफ है। विरोध करनेवाले सरकारी कर्मचारियों पर सर्विस कन्डक्ट रूल्स अप्लाई किया जाता है। यही है, समाजवादी कांग्रेसी राज्य का फल। पांच रुपया स्कूल-कर्मचारियों का बढ़ा है। अगर समाजवादी राज्य का नमूना देखना हो तो स्पलेनड में जाइए. जहां स्कूल के मास्टर लोग बैठे हैं। वहां समाजवाद देखने को मिलेगा। आज सर्कुलर देकर सभी स्कूल-कालेज बन्द कर दिए गए हैं। समाजवादी राज्य में जब खाना मांगिए तो बन्दकर दिया जाता है।

यहां पर अर्थमंत्री बहुत जोर गला से बोले कि चाय के पत्ते का उत्पादन बहुत बढ़ गया है। १९६३-१९६४ में दो करोड ८० लाख किलोग्राम बढ़ गया है। मगर आजतक ७५ हजार वर्कर्स कम हो गए। जब १९४७ से स्वराज्य होने के बाद से आज तक ७५ हजार वर्कर्स कमहो गए हैं तो फिर कैसे चाय का पत्ता बढ़ गया. मेरी समझ में कुछ नहीं आता है। ६४-६५ के बजट में दिखाया गया है कि ३७७ करोड ४० लाख किलो ग्राम उत्पादन हो जायगा। चाय का पत्ता कैसे बढेगा जब कि गाछ ही नहीं बढ़ता है। जब वर्कर्स लोग कम हो गए तो चाय का पत्ता कैसे बढेगा? एक कहानी है सर "दो पत्ता एक कली" अब वह नहीं चलता। अबतो दो पत्ता एक कली की बात नहीं रही। अब तो तीन पत्ता चार पत्ता तोड़ कर ढाया जाता है। अब क्वालिटी कहां रही? स्पीकर सर, अगर आप आरेन्ज पिको आज खाइए तो ह आरेन्ज पिको तीता लगेगा। अबतो क्वान्टीटी बहुत हो गई है. और क्वालिटी लेस। अबतो जनता का जेब काटना शुरू कर दिया है। कोई क्वालिटी नहीं रह गई है। चाय गाछ काटना शुरू कर दिया गया है। इसलिए आज कोई क्वालिटी नहीं है, कोई क्वान्टीटी नहीं है। आप लोग शायद जानते हैं और हम भी जानते हैं कि हमारे माननीय अर्थमंत्री का बाजोरिया से ताल्लुक था। कई बार कई जगहों में चाय का सेम्पल भेजा गया मगर कईबार सेम्पुल वापस आ गया। आज तमाम चाय बगान के सेम्पल वापस आ रहे हैं कि चाय ठीक नहीं है। अगर आप अपनी नीति में संशोधन नहीं कर लेते तो थोड़े ही वर्षों में चाय बिजनेस नष्ट हो जायगा ध्वंश हो जायगा। और आज उसी नतीजे पर पहुंच रहे हैं।

और दूसरी बात बोलना है. मंहगाई के बारे में। मंहगाई ने तो कमर तोड़ दिया है। इतना कमर तोड़ दिया है कि सब भेजाल ही भेजाल हो गया है। हमारे अर्थमंत्री ने इतना भेजाल कर दिया है कि सोने का बंगला--सोनार बंगला १४ कैरट गोल्ड हो गया। सोनार बंगला खाली खबर कागज में छपने के लिए रह गया है। अबतो सब कुछ नकली हो गया है। सोनार बंगला अब रूपार बंगला

हो गया है और अब तो यहां भी स्टील का गहना होगा। क्या हो गया सोनार बंगला को? खूब भेजाल वह सब चीजें माटी होती जा रही हैं। कहा गया कि तेल नहीं मिलता है तो कमसे कम तीसी का तेल खाइए। दार्जिलिंग के बासिंदों ने वह भी खाया, क्या करते? मजबूरन नहीं मिलता था। लेकिन अबकी तो कलकत्ता में सलहा तेल है। मालूम नहीं कोरपोरेशन के एलेक्शन के बाद क्या होगा?

उधर से बहुत से माननीय सदस्य चिल्लाते हैं कि आज देश में बहुत से स्कूल हो गए हैं। स्कूल तो हो गए हैं लेकिन लड़के लोगों को पढ़ने के लिए किताबें कहां हैं? किताबें तो नहीं हैं स्कूल खोलकर क्या कीजिएगा? स्कूल तो दिखा दिए, लेकिन किताब पढ़ने के लिए है क्या? दार्जिलिंग में आज ऐसा ही है। कुछ स्कूलें तो हैं लेकिन किताबें नहीं हैं। गवर्नमेंट किताब तो छाप नहीं सकती फिर किताबें कैसे मिलेगी?

आज हेल्थ सेन्टर हस्पताल बहुत से हो गए है। हमने देखा है, बहुत से हस्पतालों के सुन्दर-सुन्दर मकान बना दिए गए हैं। कहीं पर डाक्टर हैं तो कहीं पर दवा नहीं है। अगर हस्पताल में जाइए तो वहां पर दवा नहीं है। डाक्टर बोलता है, कार्मिनेटिभ मिक्सचर है. लाल दवा है खा कर चले जाओ। दवा नहीं है।

और एक बात कहूंगा. पाउडर मिल्क की। दार्जिलिंग में पाउडर मिल्क दिया गया, लड़कों के खाने के लिए क्यों कि दार्जिलिंग में टी० बी० बहुत होता है। लेकिन वह सब बूड़े बूड़े लोग खा गए। लड़केलोगों को कम नहीं मिला। सब औरलोग खा गए। चारों तरफ चोर बाजारी हो रही है। मगर इमरजेन्सी का सहारा लेकर कितने दिन बचेंगे। यहां के आदमी लोग संग्राम करके अपनी मांग लेंगे हमलोग आवश्यकता हुई तो तैयार हैं, संग्राम के लिए लेकिन भूखा नहीं मरेंगे। बंगाल की जनता करना जानती। अगर हमारी मांग पूरी नहीं हुई तो हम आन्दोलन करके लेंगे।

आपने जो बजट सदन के सामने रखा है वह बजट साधारण जनता की तरक्की के लिए नहीं उसका साधारण जनता से कोई सरोकार नहीं है। इसलिए हम अर्थमंत्री का इन्कार देकर इस बजट को धिक्कार देते हैं।

[5-55 6-5 p.m.]

Shri Hemanta Kumar Basu:

মাননীয় স্পীকার মহাশয়, অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট আমাদের সামনে উত্থাপন করেছেন সেই বাজেট-এ উনি বলেছেন এবং খুব গর্ব অনুভব করেছেন এই বলে যে ১৯৪৭ সালের ৩২ কোটি টাকা বাজেট থেকে ১৫২ কোটি টাকার বাজেট হয়েছে। কাজেই বাংলাদেশের খুব উন্নতি হয়েছে। সেকথা তিনি গর্বভরে বলেছেন। যদি আমরা ভাল ভাবে আলোচনা করি তাহলে দেখতে পাবো যে দেশের যে চেহারা তার কিছু পরিবর্তন হয়েছে কিনা? তাঁরা বলেছেন যে তাঁরা সমাজতন্ত্র প্রতিষ্ঠা করতে চান কিন্তু এই মিশ্র অর্থনীতির দ্বারা আমরা কতটুকু সমাজতন্ত্রের পথে এগোচ্ছি, সেটা বিবেচনা করতে হবে। আমরা দেখলাম আমাদের চোখের সামনে এই খাদ্য নিয়ে, চিনি নিয়ে, চাল নিয়ে, তেল নিয়ে যে রকম খেলা হল, যেভাবে বড় বড় কারবারীরা, চোরা-কারবারীরা, মুনাফাখোররা যেভাবে দেশের উপর অত্যধিক লাভ করে, জনসাধারণের যে রক্ত শোষণ করলেন, তাতে আমরা বুঝতে পারলাম যে আমাদের এই মিশ্র অর্থনীতিতে আমরা সমাজতন্ত্রের দিকে কতখানি এগিয়ে যাচ্ছি, কাজেই এই মিশ্র অর্থনীতির দ্বারা বা আমাদের অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট উত্থাপন করেছেন তার দ্বারা যে আমাদের বাংলা দেশের সমস্যার সমাধান হবে তা হবে না। তাঁরা বলেছেন মৃত্যুর হার কমিয়েছেন। মৃত্যুর হার কিছু কমেছে সন্দেহ নেই, কিন্তু শিশু মৃত্যু, এদের যে সংখ্যা, যদিও কিছু কমেছে কিন্তু এখনও এই শিশু মৃত্যু হাজারে প্রায় ৭০টি মারা যাচ্ছে। কাজেই তারা শিশু মৃত্যুর হার কিছু কমিয়েছেন, কিন্তু এখনও বাংলা দেশের ৭০টি শিশু জন্ম হওয়ার সংগে সংগে তাদের প্রায় মৃত্যু ঘটছে, এদিক থেকে সরকার কি ব্যবস্থা করেছেন তা আমরা দেখতে পাচ্ছি না। অর্থনীতির সব দিক থেকে সাফল্য

হবে যদি আমরা উৎপাদিত যে মাল, উৎপাদিত যে খাবার, উৎপাদিত প্রয়োজনীয় জিনিষ তা সুষম বণ্টন আমরা করতে পারি, পণ্য মূল্যের দর কমিয়ে রাখতে পারি এবং কর্মের সকলকে সুযোগ দিতে পারি। কাজেই এদিক থেকে যে সুষম বণ্টন হচ্ছে কিনা এ আমরা দেখতে পাচ্ছি তা হচ্ছেনা। আমাদের জিনিষপত্রের দাম যেভাবে কমান দরকার সেভাবে কমছে না। আমাদে যে ভাবে লোকের বেকার সমস্যার সমাধান করা উচিত, করা হচ্ছে না। কতদিনে এই সমস্যা সমাধান হবে? প্রত্যেক বছর প্রত্যেক পরিকল্পনার পরে লক্ষ লক্ষ লোকের বেকার সমস বেড়ে যাচ্ছে। তাহলে ৪র্থ পরিকল্পনায় ১ কোটি ২০ লক্ষ লোকের বেকারসমস্যা থাকবে। প্রত্যে বছরই যদি বেকার সমস্যা এই ভাবে বেড়ে যায়, তাহলে অর্থমন্ত্রী কি করে গৌরব করেন তাঁরা এই দেশের সকলের কল্যাণ এবং মঙ্গল এবং বিভিন্ন সমস্যার সমাধান তাঁরা করছেন জিনিষপত্রের দাম হুহু করে বেড়ে গেল, মুখ্যমন্ত্রী সকলকে আহ্বান করলেন। তেলওয়াল চালওয়ালা, মাছওয়ালা এদের কিন্তু কি দর বেঁধে দেওয়া হল? তারা যে দর চাইলেন যে দরে জিনিষপত্রের দাম মুনাফা করার জন্য বাড়িয়েছিলেন প্রায় সেই রকম ভাবে দর বেঁধে দেওয়া হল তাহলে পর এই যে পণ্যমূল্য স্থিরিকৃত করা, তাকে একটা কণ্ট্রোল এর মধ্যে আনা, সেটা আমর দেখতে পাচ্ছি না। এই বিষয়ে তাঁরা ধরলেন কিছু কিছু লোককে বড় বড় রাঘব বোয়ালকে ধরলেন না, ছোট ছোট সমস্ত কারবারী তাদের ২।৪ জনকে ধরলেন তাদের গ্রেপ্তার করে শাস্তি দেওয়া হল। আমরা অনেক লিষ্ট দিয়েছিলাম, কিন্তু সেই লিষ্ট অনুযায়ী কাজ করা হল না কর্মের সুযোগ, বেকার সমস্যা দিন দিন বেড়ে চলছে কতদিনে এই সমস্যার সমাধান হবে ত আমরা দেখতে পাচ্ছি না, কাজেই সেদিক থেকে পশ্চিমবঙ্গ সরকারের যে অর্থনীতি, যে বাজে তা সম্পূর্ণরূপে ব্যর্থ হতে চলেছে, সে বিষয়ে সন্দেহ নেই। আয় যেভাবে বেড়েছে মহলানবিশ কমিটি পরিস্কার ভাবে বলেছেন যে ভারতবর্ষে মাত্র শতকরা ১২টি পরিবার তারা ইংরেজের সময় এতো লাভ করতে পারত না। ইংরেজ শাসনের সময় লোকের উপর এত জিনিষের দাম চাপাতে পারত না। সেইজন্য যারা গরীব দরিদ্র লোক তারা দারিদ্রের চরম সীমায় এসে পেঁৗছেছে কাজেই এর থেকে প্রমাণ হচ্ছে যে লোকের আয় বাড়ছে না এটা ঠিক, যে ভাবে জিনিষ পত্রের দাম বাড়ছে, যে ভাবে লোকের উপর ট্যাক্সের বোঝা চাপান হচ্ছে—১৫২ কোটি টাকা আজকে এসে দাঁড়িয়েছে এবারে হয়ত ট্যাক্স চাপান হয়নি কিন্তু ট্যাক্স না চাপালে ৩২ কোটি টাক থেকে কি করে ১৫২ কোটি টাকা হবে, কাজেই নিশ্চয় লোকের উপর ট্যাক্স চাপান হয়েছে এবং ট্যাক্সের চাপে লোক প্রপ্রীড়িত সে বিষয়ে কোন সন্দেহ নেই। ধানের পরিমাণ দিনের পর দিন বেড়ে চলেছে। সরকার প্রায় ৩০৭ কোটি টাকা এ পর্যন্ত ঋণ করেছেন। এই ঋণ এর কি করে শোধ করবেন সে বিষয়ে অর্থমন্ত্রী কোন কথা আমাদের সামনে দিতে পারেননি। যদি এইভাবে ঋণ বেড়ে যায়, আমি একথা বিশ্বাস করি যদি একটা পরিকল্পনা করতে হয় তাহলে সেই পরিকল্পনার জন্য সরকারকে টাকা ঋণ করতে হয়। কিন্তু এই যে ঋণের পর ঋণ করে যাচ্ছেন, সেই ঋণের টাকা শোধ করবার জন্য ব্যবস্থা; সেই ব্যবস্থা যদি দেখতে না পায় তাহলে ঋণভারে আমরা জড়িয়ে পড়বো, প্রপ্রীড়িত হয়ে পড়বো। তার পর ট্যাক্সেসন, এই ইনডাইরেক্ট ট্যাক্সেসন দিন দিন বেড়ে যাচ্ছে, ৮৫ পারসেন্ট ইনডাইরেক্ট ট্যাক্সেসন এই সমস্ত গরীব লোককে দিতে হয়। কাজেই সেই দিক থেকে ট্যাক্সেসন যারা বড়লোক, ধনীলো তাদের উপর ট্যাক্সেসনের বোঝাটা ঠিক সেইভাবে চাপে না যে ভাবে গরীবের উপর চাপান হয় কাজেই সেই দিক থেকে সরকার বলতে পারেন না যে ট্যাক্স বাড়াননি, এবারে হয়ত তারা ট্যাক্স বাড়াচ্ছেন না কিন্তু এই পর্যন্ত তাঁরা যথেষ্ট পরিমাণে ট্যাক্স বাড়িয়েছেন। তারপর স্যার বিদেশী পুঁজির অনেক টাকা এই দেশে এসেছে সেইসব টাকা কি করে শোধ করা হয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার জন্য নিশ্চয়ই টাকা দরকার, দেশে না থাকে বিদেশ থেকে আনবে কিন্তু এই যে মোটা মোটা টাকা আসছে যে ভাবে পরিকল্পনা হচ্ছে যে ভাবে পরিকল্পনা ব্যাপারে অপব্যয় হচ্ছে তাতে আমরা দেখতে পাচ্ছি, আমাদের এই বাংলাদেশ হয়ত দেউলিয় হয়ে পড়বে। এর আগে একদিন আলোচনার মধ্যে কয়েকজন বলেছিলেন যে মহাত্মা গান্ধ এই মত পোষণ করতেন কিন্তু বাস্তবিক ইতিহাস কি তাই বলে, আমরা মহাত্মা গান্ধীর নেতৃত্বে কাজ করেছি। মহাত্মা গান্ধী দেশকে অনেক এগিয়ে নিয়ে গেছেন, জালিয়ানওয়ালাবাগের রোলে

গ্যাক্ট-এর বিরুদ্ধে যে বিরাট আন্দোলন সে বিরাট নেতৃত্ব তিনি দিয়েছিলেন ১৯৩০ সালে কিন্তু এই যে ভারতবর্ষ স্বাধীন হল কি করে? নেতাজী সুভাষচন্দ্র যখন ১৯৩৯ সালে বলেছিলেন য এখনই কংগ্রেস সংগত করে বৃটিশের শাসনের সঙ্গে সংগ্রাম করতে হবে, কিন্তু সেকথা গান্ধীজী শুনলেন না, তিনি মনে করলেন এত বড় যে কংগ্রেসী প্রতিষ্ঠান, ইংরেজ এই বিপদের সময় কংগ্রেসের সাহায্য যদি না নেয় তাহলে জিতবে না।

ইংরাজ চালাক, আপোষের মনোভাব নিয়ে বসে রইলেন—আর নেতাজী সুভাষচন্দ্র পরিষ্কার বুঝলেন যে এখন যদি নাকি একেবারে সংঘবদ্ধ আঘাত না করি, ইংরাজের কাছ থেকে কিছু পাওয়া যাবে না। সেই জন্য আজাদ হিন্দ ফৌজের কর্মচারীদের থেকে দেশে একটা বিরাট আন্দোলন হোল—সেটা ১৯৪২ সালের গৌরবময় আন্দোলন, ভারতবর্ষ পারে নি—কিন্তু আজাদ হিন্দ ফৌজ যে আন্দোলন তুলেছিল তাতে বৃটিশ গভর্ণমেণ্ট বাধ্য হোল ছেড়ে যেতে—এই বলে আমি বাজেটের তীব্র বিরোধীতা করছি।

Shri Kanai Pal:
মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বাজেট আলোচনায় আমি বিরোধী পক্ষের শেষ বক্তা। আমার সময়ও অত্যন্ত অল্প। সুতরাং সংক্ষেপে আমি এ বিষয়ে আমার বক্তব্য রাখবো—বিস্তারিত আলোচনা সম্ভব নয়। যে বিবৃতি অর্থমন্ত্রী আমাদের কাছে দিয়েছেন সেই বিবৃতিতে সরকারই বিভিন্ন জায়গায় দাবী করছেন যে ক্ষেত্রে বিভিন্ন দেশের অত্যন্ত অগ্রগতি ঘটেছে এবং তারা ক্রমশঃ অগ্রসর হয়ে চলেছেন এবং উন্নতির দিকে দেশকে এগিয়ে নিয়ে যাচ্ছেন। এখানে বীরেনবাবু বলেছেন যে দেশ নাকি একেবারে দৃঢ় পদক্ষেপে সাম্যবাদের দিকে এগিয়ে চলেছেন। এই উন্নতির দুটো মাপকাঠি আছে। একটা হচ্ছে জনসংখ্যা বৃদ্ধির তুলনায় মাথাপিছু আয় কতখানি বাড়লো—সেটা একটা দিক আর অন্যটা হচ্ছে অন্যান্য শিল্পোন্নত যেসব দেশ রয়েছে সেই সব দেশ থেকে অনুন্নত দেশের যে পার্থক্য—প্রতিটি পরিকল্পনায় সেই পার্থক্য কতখানি দূর করা গেলো। এটা হচ্ছে দ্বিতীয় মাপকাঠি। এই দুটো মাপকাঠি যদি আমরা আমাদের দেশের ক্ষেত্রে প্রয়োগ করি তাহলে এই যে বাজেট পেশ করা হয়েছে তাহলে দেখবো যে উন্নতি তো হয়ই না বরং অনেকখানি দেশের অবনতি ঘটেছে। এবং এটা আমি আরও পরিষ্কার করে দিতে চাই। এটা কৃষি প্রধান দেশ কৃষির উপর যে তথ্য সরকার পরিবেশন করেছেন সেটা থেকে আমি এই জিনিষ প্রমাণ করতে চাই ১৯৫৩ থেকে ১৯৬০ এই সাত বছরে সরকারী তথ্যানুযায়ী ইকনমিক রিভিউর ২১ পাতায় দেখছি কৃষি উৎপাদন বেড়েছে ১৩০·৮৬ থেকে ১৩১·৮৩ অর্থাৎ সাত বছরে মাত্র ১· উৎপাদন বেড়েছে।

এই রিপোর্ট এবং অর্থমন্ত্রীর বক্তৃতায় দাবী করা হয়েছে যে ১৯৬৩-৬৪ সালে রেকর্ড উন্নতি হয়েছে। এ বছর শতকরা ১২·৩ ভাগ কৃষি উৎপাদনের বৃদ্ধি হয়েছে কিন্তু এই এক বছরের আকস্মিক বৃদ্ধিকে হিসাবে ধরলেও যদিও এর আগের বছর আবার আমরা দেখেছি যে ৭·১ উৎপাদন কমে গিয়েছে, কাজেই ১৯৫৩ থেকে ১৯৬৩ সাল পর্যন্ত এই মোট ১০ বছরে পরিমাণ বেড়েছে ১৪০·৫০ অর্থাৎ বাস্তবিক বৃদ্ধির পরিমাণ ১ শতাংশেরও কম। অন্য দিকে অর্থনৈতিক রিপোর্ট-এ ১৮ পাতায় বলা হচ্ছে ১৯৫১-৬১ এই ১০ বছরে পশ্চিমবঙ্গে জনসংখ্যার বৃদ্ধি ঘটেছে শতকরা ৩২·৮০। অর্থাৎ জনসংখ্যার বাৎসরিক বৃদ্ধির হার ৩·২৮ শতাংশ যেখানে কৃষি উৎপাদনে সর্বোচ্চ হার হোল ১ শতাংশেরও কম। পশ্চিমবঙ্গে স্থায়ী খাদ্য সমস্যা একটি ভয়াবহ দিক রিপোর্টের এই তথ্যে প্রচ্ছন্ন রয়েছে।

[6-5—6-15 p.m.]

সুতরাং খাদ্য ও কৃষি উৎপাদনের ক্ষেত্রে যা আমাদের অর্থনীতির সব চেয়ে গোড়ার কথা এবং গুরুত্বপূর্ণ দিক—উন্নতি নয় সেখানে যথেষ্ট অবনতিই যে ঘটেছে তার সাক্ষ্য এই পরিসংখ্যান দিচ্ছে। শিল্প-উৎপাদনের ক্ষেত্রে প্রদত্ত তথ্যাদি বিশ্লেষণ করলেও দেখা যাবে যে এই উৎপাদনের হার কৃষি উৎপাদনের চেয়ে কিছু বৃদ্ধি হলেও জনসংখ্যার বৃদ্ধির হারের সঙ্গে সঙ্গে তা তাল রাখতে পারছে না। ফলে কি কৃষি কি শিল্প উভয় ক্ষেত্রে পশ্চিমবঙ্গ আজ তুলনামূলকভাবে পিছিয়ে যাচ্ছে। নিছক সরকারী তথ্যের ভিত্তিতে এই যে সিদ্ধান্ত অনিবার্যভাবে এসে পড়ছে তার সঙ্গে অর্থমন্ত্রীর মেকি অগ্রগতির আশাবাদের কোন সঙ্গতি আমরা খুঁজে পাচ্ছি

না। ইউ এন ও—ইউনেস্কো ইত্যাদির অর্থনৈতিক দপ্তরে বিভিন্ন সময়ে তাঁরা যে হিসাব দেন তা থেকে দেখা যাচ্ছে যে অনুন্নত দেশে কিছুটা উন্নতি ঘটলেও শিল্পোন্নত দেশগুলির সাম্প্রতিক উন্নতির হারে সঙ্গে তুলনায় এদের উন্নতির হার কিছুই নয় ফলে দরিদ্র দেশগুলির জনসাধারণ পৃথিবীর ধনী দেশের লোকের জীবনযাত্রার মানে কখনও পৌঁছাতে পারবে না যদি বর্তমান ধারা পরিবর্তন না করা হয়। এই দিক থেকে পশ্চিমবঙ্গ তথা ভারতবর্ষ ব্যতিক্রম তো নয়ই বরং অনুন্নত জগতের মধ্যে মাথা পিছু আয়ের দিক থেকে ভারত অনেক পিছিয়ে রয়েছে। অন্য অনেক ক্ষেত্রেও অনুন্নত দেশ ও যেমন মিশর, সিংহল, ব্রহ্মদেশ প্রভৃতি তাদের তুলনায় ভারতবর্ষ তথা পশ্চিমবঙ্গ অনেক পিছিয়ে রয়েছি—জাপানের কথা না হয় না-ই বললাম। এই শম্বুক গতি ত্যাগ করে বলিষ্ঠ ভঙ্গিতে অগ্রগতি কিভাবে সম্ভব এই মর্মা কথার জবাব অর্থমন্ত্রীর নানাবধ দার্শনিক বাগাড়ম্বরতা সত্ত্বেও তাঁর বক্তৃতায় কোথায়ও নেই এবং থাকতেও পারে না। কারণ সামাজিক প্রশ্নে বলিষ্ঠ দৃষ্টিভঙ্গি এবং কায়েমী স্বার্থের পোষণ, তোষণ ও পদলেহন একই সাথে এই দুটো জিনিস কখনও চলতে পারে না। এই ব্যাপারে সরকারী তথ্যই সরকারের সমাজতান্ত্রিক গলাবাজীকে ফাঁকা বুলি বলে প্রমাণ করছে। সেইজন্যই তো আমি বাজেটের স্ববিরোধীতা করছি। কারণ সমাজতন্ত্রের অর্থ যদি সাধারণ মানুষের মঙ্গলকারী অর্থনৈতিক পরিকল্পনা হয় তাহলে কালো টাকার জন্ম যাদের হাতে তারা নিশ্চয়ই সেই সমাজতন্ত্রের স্রষ্টা হতে পারে না। গত ১৭ই ফেব্রুয়ারী কেন্দ্রীয় অর্থমন্ত্রী টি টি কৃষ্ণমাচারী পার্লামেন্টে প্রদত্ত বিবৃতিতে জানিয়েছেন যে ১৯৬১ সাল থেকে ১৯৬৪-র সেপ্টেম্বর পর্যন্ত বিভিন্ন জয়েন্ট ষ্টক কোম্পানী বিভিন্ন রাজনৈতিক দলকে যে টাকা সাহায্য দিয়েছেন তার মোট পরিমাণ ১ কোটি ১৫ লক্ষ টাকার মধ্যে ৯৮ লক্ষ টাকা গেছে কংগ্রেসী তহবিলে এবং ১৫ লক্ষ পেয়েছে স্বতন্ত্র পার্টি। এই থেকেই প্রমাণ হচ্ছে যে তারা কখনও দেশকে এগিয়ে নিয়ে যেতে পারবে না।

Shri Shreemohan Thakur:

মাননীয় অধ্যক্ষ মহাশয় এই কয় দিন বাজেট আলোচনায় কংগ্রেসী সমাজতন্ত্রের বহু কথা শুনলাম প্রদেশপাল অজয় বাবু থেকে সুরু করে ছিটেফোঁটা অনেকেই সেই বাবু যা বলে তার পারিষদ বলে তার চার গুণ—প্রদেশপালের নির্দেশমত তাঁর কথা ধরে ওঁরা সমাজতন্ত্রের কাহিনী একে একে গেয়ে গেলেন। আমার অল্প সময়ে এর গুনগান প্রকাশ করা সম্ভব হবে না এই সমাজতন্ত্রের যে প্রকাশ এক একটি গ্রামাঞ্চলে হয়েছে তার কথা কিছু বলবো। অজয়বাবু যে [illegible] হাজির করলেন তাঁকে কিছু বলি—তিনি দেশের মাপকাঠি গ্রামের মাপকাঠি সমস্ত ছাড়িয়ে আন্তর্জাতিক নেতাদের এনে হাজির করেছেন—একেবারে লণ্ডন নিউইয়র্ক ঘুরে ক্রুশ্চেভ পর্যন্তকে এনে তিনি একে একে দেখিয়ে দিলেন যে সমাজতন্ত্র ভারতবর্ষে তথা বাংলাদেশে গঠন হচ্ছে।

যাঁরা বিদেশী অতিথি আসেন তাঁরা এসে একটা খারাপ কথা কি বলে যেতে পারেন? বেঁড়ে গরুকে লেজ চোমড়া দিলে বেঁড়ে গরু তখন করে কি না, খালি লেজ নাড়ে। এই সমাজতন্ত্র যে কি সমাজতন্ত্র, চলুন গ্রামে তার একটা-আধটা হদিস পাবেন। গ্রামাঞ্চলে সমাজতন্ত্রের যে কার্যক্রম আরম্ভ হয়েছে তার নমুনা কৃষিতে যদি যাওয়া যায় পাওয়া যাবে। গ্রামাঞ্চলে প্রধান কথা হল চাষ। চাষের কথায় গেলে দেখবেন সেখানে চাষের উন্নতির জন্য চাষীর উন্নতির জন্য কত কি ব্যবস্থা। প্রথমে বললেন যে সমবায় করলে পর সমবায়ের মাধ্যমে চাষের চাষীর উন্নতি হয়ে সমাজতন্ত্র তথা ভূস্বর্গ তৈরি হয়ে যাবে। তারপর সমবায় চলতে চলতে—অকর্মা নাপিতের ধামাভরা খুরে থাকে তো, তার সঙ্গে সঙ্গে আবার ব্লক ডেভেলপমেণ্ট অফিস গিয়ে হাজির হল। বেশ তাও চলুক। ডেভেলপ্মেন্ট দারুণ হতে লাগল। ডেভেলপ্মেন্টের দৌলতে উন্নতি হতে হতে শেষে আবার একেবারে গ্রাম পঞ্চায়েত। পঞ্চায়েত রাজ কায়েম করলেন গ্রামে গ্রামে পাড়ায় পাড়ায়। এমন পঞ্চায়েত রাজ কায়েম করলেন যে রাখালরা গ্রামের ছেলেরা ঠাট্টা করছে আজকাল যে এইসব নালা ছাড়ান আর গু ঘোচান [illegible] ঠেলায় গাঁয়ে আর বাস করা যায় না। অসংখ্য হাকিম। সেই হাকিমদের ক্ষমতা কতটুকু সরকারী অফিসের একটা পিয়নের যে ক্ষমতা আছে তার থেকেও কম। তার কথা শোনবার কেউ নেই। আইনমত মাসে

একটি করিয়া মিটিং করিতে হইবে। যত কাগজ খরচ হয়েছে তত পয়সার কাজ গ্রামাঞ্চলে হয় নি। আজ পর্যন্ত ১ বছর হল পঞ্চায়েত রাজ কায়েম হয়েছে। আপনাদের এই তথাকথিত পঞ্চায়েত রাজ কায়েম করবার জন্য যত কাগজ খরচ হয়ে গেল পঞ্চায়েতের মাধ্যমে মাসে মাসে একটা করে মিটিং করে তত পয়সার কাজ এখন পর্যন্ত হয় নি। এখন গ্রামাঞ্চলে চাষের কথায় যদি যাওয়া যায় তাহলে দেখা যাবে কৃষিঋণ দেওয়ার ব্যাপারে যে সমবায় তৈরি করেছেন সেটা তো ড্যাম ফেলিওর। চাষীদের যা প্রয়োজন সেই ঋণের এক শতাংশ কেন এক সহস্রাংশ ওরা যোগান না। ঋণ দেন কখন যখন জিনিসপত্রের দাম ডবল হয়েছে। চাষীরা তো অধভুক্ত হয়ে রয়েছে। এমনই সমাজতান্ত্রিক ব্যবস্থা, সমবায় ব্যবস্থা যে যেখানে সরকারী ন্যায্য দামে ধান বিক্রি হবে না সেখানে যখন চাষীর ফসল উঠল—সে আলু উঠুক, পাট উঠুক, ধান উঠুক, তখন দাম নেই এবং ঠিক সেই সময় সমবায়ের টাকাগুলি শোধ করতে গিয়ে যা কিছু উৎপন্ন ফসল সবগুলি গেল আধা দামে আর ডবল দামে কিনে খাও। যদি সমবায় থেকে ২ শো টাকা ধার নাও, নিয়ে ১ শো টাকার জিনিস কেন, আবার শোধ করবার সময় সেই ২ শো টাকা সুদ সহ—শেয়ারের টাকা ছেড়ে দিলাম, ২২৫ টাকা হয়ে যায় এবং সেই ২২৫ টাকার জন্য তাকে ৪ শো টাকার ধান পাট তার যে জিনিস আলু ইত্যাদি দিতে হবে। এই যে মর্মন্তুদ অবস্থা গ্রামাঞ্চলে চাষের ক্ষেত্রে এবং চাষীর ক্ষেত্রে আরম্ভ হয়েছে এতে যে কিরকমভাবে সমাজতন্ত্র কায়েম হচ্ছে তা বুঝি না। এটা গ্রামে গেলে দেখতে পাবেন। চাষের কথা ছাড়ার পরে গ্রামে শিল্পের কথায় যদি যান তাও তাজ্জব ব্যাপার।

[6-15—6-25 p.m.]

কংগ্রেসী সমাজতন্ত্রের মহিমায় একটি করে হাসকিং মেশিন চলে এলো গ্রামে। হাসকিং মেশিন এলো—আর হাজার ঢেঁকি বন্ধ হয়ে গেল; হাজার বাড়ীতে কান্নার রোল উঠলো। আর তার অনিবার্য পরিণাম হচ্ছে গিয়ে কোটী কোটী টাকা বাড়িয়ে জি, আর, বিলি করছেন ঐ জি, আর-তে হয় ঘোড়ার ডিম। লোকে না খেতে পেয়ে, দিনের পর দিন কাজ না পেয়ে ধুকছে, শতকরা ২৫ জন লোক টি, বি, রোগগ্রস্ত হয়ে পড়েছে। পাড়াগাঁয় দেখা যাবে ঐ বেকারত্বের জন্য, কোন কাজ না পেয়ে, না খেতে পেয়ে যক্ষ্মা রোগাক্রান্ত হয়ে গেছে শতকরা ২৫ জন লোক। ও'রা আবার বলেন—আমরা গাঁয়ে গাঁয়ে হাসপাতাল করছি। হায়রে এদিকে যে খাবার ব্যবস্থা নাই, কাজের ব্যবস্থা নাই, আর হাসপাতাল খুলে করবেন কী? বাড়ীতে বাড়ীতে তো হাস-পাতাল। ছেলেরা দুধ খেতে পায় না। আর অন্য লোক কি করে দুধ পাবে? কি করে টি, বি, রোগকে ঠেকিয়ে রাখবে? অন্য লোক দূরের কথা দু-বছর এক বছরের শিশু পর্যন্ত দুধ খেতে পায় না। আমরা বলবো না, ঐ কংগ্রেসেরই যাঁরা গুনকীর্তন করছেন, মহিমাকীর্তন করছেন এই বাজেটের এবং সমাজতন্ত্রের তাঁরা বলেছেন আগে যারা দুকিলো দুধ পেত, আজকে সেখানে এক ছটাক পাচ্ছে। অনেক সদস্য বলেছেন হাসপাতাল আছে, তো সেখানে ওষুধ নাই। অনেকে বলেছেন আলুর বীজ যথা সময়ে পাওয়া যায় না, সারও যথা সময়ে পাওয়া যায় না। এসব কথা আর কেউ বলেন নি, বলেছেন আপনারাই। বুকে হাত দিয়ে বলুন দেখি ঠিক কিনা। আপনারা আরও বলেছেন ক্যানেলের জলও যথা সময়ে পাওয়া যায় না, অর্ধেক জমিতে জল দিয়ে তার দ্বিগুণ জমিতে ট্যাক্স ধার্য করা হয়, সমবায় মারফত যৎকিঞ্চিৎ কিছু ঋণ দেওয়া হয় এবং দেওয়া হয় তাদের প্রয়োজনের তুলনায় খুব সামান্য। যখন সেই ঋণ শোধ করতে হয়, তখন তাদের খোরাকী ফসল বিক্রী করে শোধ করতে হয়। এই সমাজতন্ত্র কায়েম করেছেন। এই যে সমাজতন্ত্র, তারই গুনকীর্তন করছেন আমাদের অজয়বাবু। হ্যাঁ, কংগ্রেসের তরফ থেকে তাঁর কর্তব্য তিনি করেছেন এবং তারই পোঁ-ধরে কংগ্রেস সদস্যরা সেই সমাজতন্ত্রের মহিমা কীর্তন করছেন। এই সমাজতন্ত্রের যদি দু-একটা উদাহরণ দেখেন, তাহলে তাজ্জব বনে যেতে হবে। গ্রামে গ্রামে পঞ্চায়েৎ রাজ কায়েম হয়ে গেল। লোকে বহু আশা করেছিল যে যত কিছু গণ্ডগোল হোক, বিবাদ হোক, মামলা মোকদ্দমা হোক, এরা সব মীমাংসা করে দেবে। কিন্তু এখন ঘোড়ার ডিম বলে যে কথাটা আছে সেই পঞ্চায়েৎ রাজের দ্বারা সেই ঘোড়ার ডিম্ব প্রসব হচ্ছে গ্রামে গ্রামে। এই সমাজতন্ত্রের মহিমা যে কি করে কীর্তন করবো, তার ভাষা খুঁজে পাচ্ছি না। আর এই বাজেটকে যে কি বলে ধিক্কার জানাব তারও ভাষা আমার জানা নাই।

গ্রামাঞ্চলে ছেলে থেকে গুরুজী পর্যন্ত সকলে দিনরাত এ'দের বাপান্ত করে ছাড়ছেন—যে এ কী সমাজতন্ত্র হলো? এ কী অহিংস ব্যাপার এলো? এ কী অহিংস কংগ্রেস রাজত্ব আরম্ভ হলো? একটা কথা গ্রামে রেওয়াজ আছে যে এক অতিভক্ত বৈষ্ণব ছিল, সুদ-টুদ খুব খেত। তিনি আরো ওস্তাদ লোক চারিদিকে ছাপছোপ নামাবলী গায়ে দিয়ে থাকেন। তিনি নিশ্চয়ই ভদ্রলোক, তা না হলে অত নামাবলী চাপাবেন কি করে? তাঁর বাড়ীতে একবার চোর পড়েছিল, চোর ধরাও পড়লো। ধরা পড়তে বললে ওরে অমুক যেটা চুরি করেছেরে, ও সেদিন আমায় শিখিয়েছিল। তখন তাঁর ছেলেকে বললো ওরে, ও কেষ্টর জীব, ওকে মার ধোর করিসনে ওকে বস্তায় বেঁধে জলে ফেলে দে। তেমনি আমাদের কংগ্রেসীদেরও সমাজতন্ত্রও হচ্ছে তাই। মার ধোর করিসনে, কেবল বস্তায় বেঁধে জলে ফেলে দেওয়ার মত। ধিক্কার এই সমাজতন্ত্রকে।

Shri Saila Kumar Mukherjee:

মাননীয় স্পীকার মহাশয়, দীর্ঘ ৪ দিন ব্যাপি দুই পক্ষের ৬১ জন বক্তা এই বাজেট আলোচনায় অংশ গ্রহণ করেছেন এবং নানা কথা উঠেছে। এই সমস্ত কথার মধ্যে ভিন্ন ভিন্ন দপ্তরের মন্ত্রীর বিরুদ্ধে যে সমস্ত অভাব অভিযোগের কথা আছে তার উত্তর ভিন্ন ভিন্ন মন্ত্রীরা কাল থেকে যখন আবার ১৭ দিন ব্যাপি আলোচনা সুরু হবে তখন তাঁরা সেইসব কথার জবাব দেবেন। আমি আমার উত্তর কতগুলি মৌলিক অর্থনীতির প্রশ্ন এবং হিসেবের প্রশ্নের উপর সীমাবদ্ধ রাখব। যাঁরা বাজেটকে ন্যায় সংগতভাবে তুলেছেন আমার উত্তর সেখানে নিবদ্ধ রাখব। অনেকে বলেছেন এটা আত্মশ্লাঘার বাজেট। এটা আত্মশ্লাঘা বা আত্ম-সন্তুষ্টির বাজেট নয় বা কমলবাবুর ভাষায় বাহবা নেবার বাজেট নয়। স্যার, আমি ভাষার চাতুরী দিয়ে নয়, অঙ্কের দ্বারা, চিত্রের দ্বারা এবং পরিবেশিত তথ্যের দ্বারা বক্তব্য বোঝাতে চেষ্টা করব। ওয়েষ্ট বেঙ্গল ইকনমিক রিভিউতে অনেক তথ্য রয়েছে এবং আনন্দের কথা অনেক মাননীয় সদস্য সেই ইকনমিক রিভিউ-র ভিত্তিতে বাজেট আলোচনা করেছেন। কেবল একজন মাননীয় সদস্য সেই ওয়েষ্ট বেঙ্গল ইকনমিক রিভিউ-র কস্ট অব ইনডেক্স মানতে চাননা। এক্ষেত্রে আমার বক্তব্য হচ্ছে বিশেষজ্ঞদের মত যখন রয়েছে তখন আমি তাঁর মত গ্রহণ করতে পারি না। তারপর, অঙ্কের দ্বারা স্পষ্টাক্ষরে যেমন কৃতকার্যতার কথা বলা হয়েছে, ঠিক তেমনি ব্যর্থতা, অসাফল্য এবং অক্ষমতার কথাও স্পষ্টাক্ষরে বলা হয়েছে। কেন একথা বলেছি? এর কারণ হচ্ছে আমাদের যদি কিছু কৃতিত্ব থাকে তাহলে সেই কৃতিত্ব শুধু মন্ত্রীমণ্ডলী নিতে চাননা, শুধু কংগ্রেস গোষ্ঠী নিতে চাননা— পশ্চিমবাংলার জনসাধারণকেও আমরা সেই কৃতিত্ব দিয়েছি? পশ্চিমবাংলার জনসাধারণকে কেন কৃতিত্ব দিয়েছি তার কারণ হচ্ছে তাঁরা এই দীর্ঘ ১৫ বছর ধরে ৩২ কোটি টাকা থেকে ১৩৫ কোটি টাকা জুগিয়েছেন এবং আমরাও খরচ করেছি ৩০ কোটি টাকা থেকে বছরে ১৬৫ কোটি টাকা। স্যার, এর সাফল্য পশ্চিমবাংলার জনসাধারণের, কারণ তারা যদি অর্থসংগতি জোগাবার কাজে শক্তি না বাড়াত তাহলে এটা সম্ভবপর হতনা। আমি এই রেখাচিত্রের দ্বারা দেখিয়েছি কোথাও অগ্রগতি, কোথাও সমান গতি এবং কোথাও অধোগতি এবং আমি যা দেখিয়েছি সেগুলি যুক্তির দ্বারা, অঙ্কের দ্বারা এবং রেখার দ্বারা প্রমাণিত হয়েছে। এরপরও যদি কোন মন্তব্য করেন তাহলে আমি নাচার। এই বিপুল রাজস্ব যেটা আদায় হয়েছে গত ১৫ বছরে এবং এই বিপুল ব্যয়ের মাধ্যমে যেটা পশ্চিমবাংলার জনসাধারণের মধ্যে বিতরিত হয়েছে সেটা কোন ধনীর দুয়ারে বা ব্যাঙ্কে যায়নি। স্যার, এই ৬১ জনের ভাষণে আমি মনে করেছিলাম অন্তত একজনেও তথ্য এবং অঙ্কের দ্বারা দেখাবেন যে এটা ইচ্ছাকৃতভাবে ধনীর দুয়ারে পাঠান হয়েছে। কিন্তু কেউ সেকথা বলেন নি। তবে বিরোধীপক্ষের বন্ধুরা কেউ কেউ একটা কথা বলে যে সমালোচনা করেছেন আমি তার জবাব দেব। অনেকে বলেছেন এটা রিচ ম্যান্স বাজেট এ্যান্ড নট কমন ম্যান্স বাজেট এবং এই অর্থনীতি সাধারণ মানুষের কল্যাণের প্রতিচ্ছবি নয়। স্যার, আমি যুক্তি দিয়ে দেখাব না, আমি পরিবেশন করব কতগুলি অঙ্কের হিসেব এবং তথ্য এবং আপনি তাদ্বারা বিচার করবেন ঐ উক্তির অযৌক্তিকতা, অসারতা এবং অসত্যতা প্রমাণিত হয় কিনা। প্রথমে আমি ধরব স্বল্প সঞ্চয় অভিযানের কথা। এতে যাঁরা ৫।১০।২০।১০০

টাকা বিশেষ করে সরকারের হাতে লগ্নী করেছেন তাঁরা কারা? তাঁরা কি দেশের ধনী সম্প্রদায়?

[6-25—6-35 p.m.]

যারা বিপুল অর্থ সম্ভার স্বল্প সঞ্চয়ের টাকা পশ্চিমবঙ্গ সরকারের ধনভাণ্ডারে লগ্নী করছে তারা হচ্ছে পশ্চিমবাংলার কৃষক, পশ্চিমবাংলার শিক্ষক, পশ্চিমবাংলার কেরাণী, পশ্চিম বাংলার মধ্যবিত্ত নিম্ন মধ্যবিত্ত। তারা কিভাবে দিচ্ছে কি হারে দিচ্ছে? ১৯৫১-৫২ সালে স্বল্প সঞ্চয়ের থেকে যে টাকা আসত তার মোট পরিমাণ হচ্ছে ৭ কোটি টাকা। সেটা ১৯৬৫-৬৬ সালে দাঁড়িয়েছে ২১ কোটি টাকা। সুতরাং ৭ কোটি থেকে ২১ টাকা স্বল্প সঞ্চয়ের টাকা থেকে আসছে এবং এটা বাংলা দরিদ্র জনসাধারণের কাছ থেকে আসছে। এটা বাংলা ক্রমবর্ধমান অর্থনীতির উন্নতির পরিচয়। মানুষের হাতে তাদের সঞ্চয়ের টাকা বাড়ছে তাই তাদের টাকা জাতীয় সরকারের হাতে সুদে খাটাবার জন্য দিচ্ছে।

তারপর আমি বলবো আর একটি বিষয় সমবায় নীতির কথা। সমবায় নীতি আন্দোলনে যে টাকা ব্যয় করা হচ্ছে সেটা ধনতন্ত্রের নীতি নয়, মিশ্র অর্থনীতিরও নয়, আমরা তাই রবীন্দ্রনাথের ভাষায় বলি "পুঞ্জধনের অভ্রভেদী জয়স্তম্ভ যে সম্পদনের পথরোধ করে আসছে একমাত্র সমবায় নীতি দ্বারা সেই বাধা দূর হয়ে ধনের মুক্তি আমাদের দেশেই সম্পূর্ণ হবে।" আমাদের দেশেই সম্ভব হবে। আজ সমবায় আন্দোলনকে সরকারী পৃষ্ঠপোষকতায় আখ্যা দেওয়া হয়েছে জনতার আন্দোলন। এই ধীরে ধীরে সমবায় প্রতিষ্ঠানে অর্থমঞ্জুরী বাড়ছে, দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যেখানে মাত্র ৯৬ লক্ষ টাকা লগ্নী বরাদ্দ করা হয়েছিল সেই দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় বরাদ্দ এবং খরচ করা হয়েছিল ২ কোটি ৪৫ লক্ষ টাকা এবং ৪র্থ পরিকল্পনায় সেটা ধরা হয়েছে ৫ কোটি ৩০ লক্ষ টাকা। এটা খরচ হবে, সরকার অনুদানে এর সঙ্গে সমান অংশে টাকা জোগাচ্ছেন, পশ্চিমবঙ্গের অসংখ্য অসংখ্য সমবায়ী মানুষ সরকারের হাতে এসেছে এবং এই সমবায় অর্থনীতি ধনতান্ত্রিক অর্থনীতিকে ক্রমশঃ বিলুপ্ত করতে সমর্থ এবং আজকে সেটা অন্য সভ্য দেশে প্রমাণ করেছে। সুতরাং বাজেট ক্রমশঃ বিপুল অর্থ বরাদ্দের দ্বারা সমবায় আন্দোলন সৃষ্টি করছে, তাকে যদি কেউ ধনীর বাজেট বলেন তাহলে আমি কি বলি। আমি সহজেই বুঝতে পারি তাঁদের দৃষ্টিভঙ্গীর সঙ্গে আমাদের দৃষ্টিভঙ্গীর পার্থক্য কোথায়। এর পরে আমি উল্লেখ করতে চাই ক্ষুদ্র কুটির শিল্পের কথা, ব্যয় বরাদ্দের ক্ষেত্রে প্রতি পরিকল্পনায় ক্ষুদ্র কুটির শিল্পে টাকার বরাদ্দ বাড়ছে। দ্বিতীয় পরিকল্পনায় ৫ কোটি ৩০ লক্ষ টাকা থেকে তৃতীয় পরিকল্পনায় ৯ কোটি ৯৬ লক্ষ টাকা হয়েছে এবং আশা করছি ৪র্থ পরিকল্পনায় এটা ১৬ কোটি ২০ লক্ষ টাকা হবে। সুতরাং এই বিপুল ক্রমবর্ধমান অর্থ ব্যয় বরাদ্দের ক্ষেত্রে যে ক্রমশঃ শিল্পখাতে বাড়ছে, ক্ষুদ্র কুটির শিল্পখাতে বাড়ছে এটাকে কোন বুদ্ধিমান ব্যক্তি ধনীর অর্থভাণ্ডার পূর্ণ করবার কথা বলবেন না।

(এ ভয়েস: কত লোক এমপ্লয়েড হয়েছে।)

আমি মাননীয় বিরোধীপক্ষের সদস্যদের সনির্বন্ধ অনুরোধ করবো যে তাঁরা কলকাতার এবং অন্যান্য অঞ্চলের যে সমস্ত সরকারী সেল্স এম্পোরিয়াম আছে, বিক্রয় কেন্দ্র খোলা হয়েছে দয়া করে সেগুলি একটু ঘুরে আসুন, আশা করি আনন্দিত হবেন যে বাংলাদেশের গ্রামের মানুষ বাংলার হস্তচালিত কারুকার্য কুটিরশিল্প কি পরিমাণ দিনের পর দিন দেশে প্রসার লাভ করছে।

এবং বৎসরের পর বৎসর এ সংখ্যা বেড়ে চলেছে তার পরে আমি আর একটা অঙ্কের হিসাব দিতে চাই সেটা একবারে সাধারণ মানুষের খরচ জনতা ইনসিওরেন্স ১৯৫৭-৫৮ সাল থেকে জীবন বীমা করপোরেসানকে জাতীয়করণ করা হয়েছে তাঁর ক্রমবর্ধমান ইনসিওরেন্স ফাণ্ড করেছি, বাড়ছে। ১৯৫৭ সাল থেকে এ নীতি গ্রহণ করেছি সাধারণ মানুষ তারা জীবনবীমা করুক বড়লোক বা ধনী নয় যে জাতীয় জীবন বীমা করপোরেশান ১৯৫৭ সালে প্রচলিত জনতা ইন্সিওরেন্স সাধারণ মানুষের জন্য ৮ হাজার ৭৬১ লাইফ ইনসিওরেন্স প্রথমেই হল কলকাতা শিল্পাঞ্চল এবং তার

প্রলেসি ভ্যাল্‌ ৫৩ লক্ষ টাকা এবং আজকে ১৯৬১ সালে ৬২, ৬৩ ও ৬৪ হিসাব আমার কাছে নেই সেই ৮ হাজার ৭৬১ জনতা ইনসিওরেন্স সংখ্যা গিয়ে দাঁড়াল ২৫,৫১৬ যা পাবলিক ভ্যেল্‌ হচ্ছে ২ কোটী ৩ লক্ষ টাকা। (এভারেজ ল্যাপস্‌ হয়েছে কত?) আমার হিসাবে আমি জানি এটা পৃথিবীতে শ্রেষ্ঠ সম্মান লাভ করেছে একটাও ল্যাপ্স হয় নি। এবং বৎসরে বৎসরে এই সংখ্যা বাড়িতেছে। জনতা ইন্সিওরেন্স কলকাতা এবং শিল্পাঞ্চলে যা হয়েছে সেটাতে নিশ্চই ধনীদের অর্থ লগ্নী নয় সাধারণ মানুষই যে অর্থ লগ্নী করেছে এই কথাই বলাই দরকার। আরো ৩।৪টা দৃষ্টান্ত থেকে প্রমাণ করতে চাই সাধারণ মানুষের অর্থনৈতিক ক্রমোন্নতি বৃদ্ধি হচ্ছে। এই ১৫ বৎসর পশ্চিমবাংলায় প্রথম পরিকল্পনার প্রাক্কালে সেল ট্যাক্স আদায় হত মাত্র ৬ কোটি টাকা আর ৬৪-৬৫ সালে এই কর আদায়ের অঙ্ক দাঁড়িয়েছে ৩২ কোটি টাকা যা একমাত্র প্রমাণ করে সাধারণ মানুষের ভোগ্য বস্তুর চাহিদা বেড়েছে এবং দোকান, ব্যবসা বাণিজ্য বৃদ্ধি হয়েছে এবং তাদের ক্রয় ক্ষমতা বেড়েছে। আর একটা কর বিদ্যুৎ কর বা ইলেকট্রিসিটি ডিউটি সম্বন্ধে বলতে চাই আমি তাতে ইণ্ডাষ্ট্রিয়াল কনজাম্পসন বাদ দিলাম। কারণ বলতে পারেন এগুলি শিল্পপতিরা ধনীরা দেয় কিন্তু ডোমেষ্টিক কনজাম্পসন যা সাধারণ মানুষ নেই সেই ডোমেষ্টিক কনজাম্পসন তিন নয়া পয়সা রেটে যেটা ১৯৫৫-৫৬ সালে ১ কোটি ৮ লক্ষ হত সেটা ১৯৬৩-৬৪ সালে হয়েছে আড়াই কোটি টাকা। এই বিদ্যুৎ ধনীর গৃহে বিলাসিতার সরঞ্জাম নয়, সাধারণ মানুষের নিত্য প্রয়োজনীয় উপাদান। তবুও আমরা সন্তুষ্ট নই ক্রমশঃ এটা আরো বাড়াতে চাই কারণ সাধারণ মানুষের কাছ [illegible] এর চাহিদা দিন দিন বাড়ছে। আর একটা কর এ্যামিউজমেণ্ট ট্যাক্স ১৯৬১-৬২ সালে [illegible] আদায় ছিল ২ কোটী ৭১ লক্ষ ছিল সেটা ৩ বৎসর ১৯৬৪-৬৫ সালে বাজেটে বেড়ে হল [illegible] কোটি ৬৯ লক্ষ টাকা। এই বৃদ্ধি প্রমাণ করে যে পশ্চিমবঙ্গ প্রায় ৩০০ সিনেমা হাউসের আনন্দ সম্ভোগে জনসাধারণের আয় ব্যয় করার ক্ষমতা দিন দিন বাড়ছে। তবুও আমরা সন্তুষ্ট নই এবং আরো জনসাধারণ আনন্দ বাড়াতে চাই। এগুলি ছাড়া ২য় পরিকল্পনার আর একটা হিসাব দিচ্ছি। স্বাস্থ্য, জনস্বাস্থ্য, শিক্ষা, বাসস্থান নির্মাণ রাস্তাঘাট রচনার বিপুল অর্থব্যয় ক্রমবর্দ্ধমান বাজেটের অঙ্কের প্রতি দৃষ্টি দিলে পর দেখা যাবে এর প্রতিটা অর্থ ব্যয় হচ্ছে সাধারণ মানুষের উন্নতিকল্পে? এবার একটা অঙ্কের কথা বলি তৃতীয় পরিকল্পনায় ১৬ কোটি টাকা ব্যয়ে ১৬ হাজার ইউনিট ইণ্ডাষ্ট্রিয়াল বাসস্থান করা হয়েছে ইণ্ডাষ্ট্রিয়াল হাউসিং, লো ইনকাম গ্রুপ হাউসিং প্ল্যানটেসন লেবার সাউনটিং নিশ্চয়ই সেই সব গৃহে ধনীরা বাস করবেন না। সুতরাং সাধারণ মানুষের কল্যাণের জন্য এসব করা হয়েছে। সুতরাং আমি সবিনয় নিবেদন করতে পারি এই বাজেটের প্রতিটা ছত্রে প্রতিটা অঙ্কে শুধু সাধারণ মানুষের কল্যাণের কথা চিন্তা করেছি। গণতান্ত্রিক সমাজতান্ত্রিক রাষ্ট্র গঠনের পথে দৃঢ় পদক্ষেপে আমরা এগোচ্ছি এবং পরিকল্পনা অনুসারে অর্থনীতি সমগ্র দেশে তৈরী করার চেষ্টা চলছে।

[6-35—6-45 p.m.]

সেখানে পশ্চিমবাংলা সাফল্যের সঙ্গে প্রথম পরিকল্পনা ৬৮ কোটি টাকা, ২য় পরিকল্পনায় ১৪৮ কোটি টাকা, ৩য় পরিকল্পনায় ৩১০ কোটি টাকা এবং ৪র্থ পরিকল্পনার জন্য আশা করছি তিনটা পরিকল্পনার সমান টাকা ৬১৮ কোটি টাকা বরাদ্দ করে তার প্রতিটা মুদ্রা সাধারণের উন্নতির জন্য ব্যয়িত হচ্ছে সেটা প্রথমেই আমার যে স্মারক পুস্তিকা সদস্যদের মধ্যে দিয়েছি তারমধ্যে দেখতে পাবেন। গ্রামাঞ্চলে কোটি কোটি টাকা প্রায় ৩৫০টা গ্রামে স্বাস্থ্যকেন্দ্র খোলা হয়েছে, আমি বড় বড় সহরের হাসপাতালের কথা বলছি না। ২৫০টি স্বাস্থ্যকেন্দ্র গড়ে তোলা হয়েছে সেগুলির সুযোগ সুবিধা নিচ্ছে গ্রামের দরিদ্র জনসাধারণ। কিন্তু এই অর্থনীতির সম্পূর্ণ সুযোগ গ্রহণের পথে ব্যর্থতা অসাফল্যের অন্তরায় সৃষ্টি হচ্ছে আমি তা বাজেট বক্তৃতায় গোপন করি না। অনেকে বলেছেন আমি নাকি চুরি করেছি অনেক তথ্য দিইনি। আমি তা-সব চেপে দিয়েছি। কিন্তু এই অর্থনীতির সুযোগ গ্রহণের পথে তার বিশেষ কয়েকটা পুনরুল্লেখ করা প্রয়োজন। কৃষি উৎপাদনের ব্যাপারে আমরা টারগেট রিচ করতে পারিনি, তার সমাধান আমরা চাচ্ছি আলোচনার মাধ্যমে উভয় পক্ষের কাছ থেকে। ভোগ্য নিত্য প্রয়োজনীয় বস্তুর মূল্য রোধ প্রবণতা প্রাইস রাইস টেণ্ডেন্সি করলে আমাদের সকলেরই বিপদ একথা আমরা জানি। এই নিদারুণ জাতীয় আয় এবং মাথাপিছু আয় বৃদ্ধি সত্বেও আমরা লক্ষ্যে পৌঁছাতে পারিনি। কতটা টারগেট করেছি রিচ করতে পারিনি।

প্রকাশ্য ভাবে সেকথা বাজেটে বলেছি গোপন করি নি। এ সমস্ত জাতীয় সমস্যা। এটা শুধু কংগ্রেসের নয়, সমস্ত রাজনৈতিক দলকে এটা সমাহিত হবার জন্য আহবান জানিয়েছি। সবচেয়ে মূল্য রোধ নিয়ন্ত্রণ এবং ভোগ্য নিত্য প্রয়োজনীয় মূল্য রোধ প্রবণতা হ্রাস করবার জন্য আমরা বিগত কয়েক মাসের জন্য যে সমস্ত ব্যবস্থা অবলম্বন করেছি ক্যালকাটা রেশনিং প্রভৃতি এবং অন্যান্য খাদ্যমূল্য নিয়ন্ত্রণ ব্যাপারে যা করেছি সর্বভারতীয় প্রত্যেকটা প্রদেশের কাছ থেকে তারজন্য প্রশংসা অর্জন করেছি। আপনারা দেখবেন ২।৩ মাসের মধ্যে খাদ্যদ্রব্য মূল্যের নিম্নগতি এবং স্থিতিশীলতা সম্বন্ধে আমরা প্রশংসা অর্জন করেছি এবং আগামী বৎসরে কৃষি উৎপাদন পশ্চিমবাংলায় যথেষ্ট বৃদ্ধি পাবে। ১৯৬২-৬৩ সালের চেয়ে শতকরা ১২·৫ পারসেণ্ট এগ্রিকালচারাল প্রোডাকসন হয়েছে এবং ১৯৬৫-৬৬ সালের এর তথ্য এখনও সম্পূর্ণ হয় নি। ১৯৬৫-৬৬ সালে আমরা সাহসের সংগে আশা করতে পারি যে গত বৎসরের চেয়ে এবৎসর আরো উৎপাদন বৃদ্ধি হবে। এখন এবিষয়ে সকলের সহযোগিতা আমরা কামনা করছি এবং কোন বাহাদুরী ও আত্মশ্লাঘা করিনি পশ্চিমবাংলায় শিল্প উন্নতি আজকে যেমন হচ্ছে ইনক্রিস অব প্রোডাকসন বেড়েছে সকলেই তা স্বীকার করেছেন। সে সম্বন্ধে কেউ কিছুই বলেন নি তেমনি যদি আমরা শিল্পের সংগে কৃষির উন্নতি বৃদ্ধি করতে পারি তাহলে জাতীয় আয় দ্রুত বাড়বে। সেদিকে আমরা দৃষ্টি দিচ্ছি এবং আপনাদের সহযোগিতা প্রয়োজন। বাজেটের মাধ্যমে কিছু গোপন করিনি এবং গণতান্ত্রিক অর্থনীতি এই বাজেটের মধ্যে কোথাও প্রকাশ পায় নি তা নয়।

এখানে আমি মাননীয় সদস্য শ্রীঅপূর্বলাল মজুমদার, শ্রীকানাই ভট্টাচার্য ও শ্রীহেমন্ত কুমার বসু মহাশয়ের বক্তৃতা শুনেলাম। তাঁদের বক্তৃতা অত্যন্ত সুসংগত ইন্টেলিজেণ্ট হয়েছে বাজেট সম্বন্ধে এই ভাষণের জন্য তাদের অভিনন্দন জানাচ্ছি। আমি তাঁদের উত্তর দেবার প্রয়োজন মনে করি। মাননীয় সদস্য শ্রীঅপূর্বলাল মজুমদার মহাশয়ের প্রথম অভিযোগের যা উত্তর দেবো তাতে অনেকের উত্তর কভার্ড হয়ে যাবে। বাজেট এষ্টিমেটস আর নট করেক্টলি মেইড। অপূর্ববাবুর ভাষায় অর্থ চুরি করে লুকিয়ে রাখা হয়েছে। এটা হচ্ছে আনুমানিক আয়ব্যয়ের হিসাব এষ্টিমেট এটা সঠিক নয়। যেকোন সভাদেশে যখন বাজেট তৈরী করেন তাঁরা বলেন এটা এষ্টিমেট ইণ্টেলিজেণ্ট গেজ কিসের ভিত্তিতে করতে হয় সেটা আপনাদের সামনে পরিবেশন করছি। থ্রী ইয়ার্স এ্যাকচুয়ালস ৩ বছরের এ্যাকচুয়াল-এর ভিত্তিতে গতির প্রবণতা দেখে একটা ইণ্টেলিজেণ্ট গেজ করে করতে হয় এবং সে গেজ করার জন্য আইন আছে। বছরের শেষে পুনরায় সংশোধিত বাজেট হয়ে প্রকৃত তথ্য দিয়ে সেটা আপনাদের কাছে আসবে। সুতরাং চুরি বা গোপন করার কথা যাঁরা বলেন তাঁদের বাজেটের মূলনীতি সম্বন্ধে কোন জ্ঞান নেই। আমি তাঁদের সেই জ্ঞান অর্জ্জন করতে বলব। দ্বিতীয় কথা, কিসের ভিত্তিতে উর্ধ্বগতি হচ্ছে তা যদি দেখেন তাহলে আমি ২টি উদাহরণ দিচ্ছি। ১৯৬২-৬৩ সালে বাজেটে আনুমানিক ধরা হয়েছিল ১০৭ কোটি টাকা রিভাইজড বাজেটেতে এ্যাকচুয়াল হয়েছিল ঠিক ১০৭ কোটি টাকা। ১৯৬৩-৬৪ সালে আনুমানিক ধরেছিলাম ১২৯ কোটি টাকা রিভাইজড বাজেট যখন করি তখন হয়েছিল ১২৬ কোটি টাকা ৩ কোটি টাকা কম বেশী ধরিনি। সুতরাং যেখানে ২॥ শো ৩ শো কোটি টাকা খরচ হচ্ছে। ২ পারসেণ্ট ভেরিয়েসান একটা আনুমানিক ধরলে ৫ কোটি টাকা ডিফারেন্স হয়ে যাচ্ছে। প্রত্যেক দেশের বাজেটে এরকম হয়। এবারে ৩ বছরের উর্ধ্বগতি আমরা দেখেছি তাই আমাদের সাহস হয়েছে যে আমাদের দেশের আমাদের প্রশাসনিক সুদক্ষতার জন্য অনেক ফাঁকি দেবার ছিদ্রপথ বন্ধ করা হয়েছে। আমাদের আদায় বাড়ছে, ট্যাক্স ইভাসন-এর মনোবৃত্তিকে দমন করা হচ্ছে। তাই বিভিন্ন খাতে বেশী আদায় হচ্ছে। সুতরাং সেই ভরসায় আমরা ১৫ কোটি টাকা ধরতে পারি। এটা ন্যায়-সংগত দাবী। রিভাইজড বাজেট যখন পেশ করা হবে তখন আপনারা আমাদের ভুলত্রুটি দেখিয়ে দেবেন। আর একটা কথা বলছি। কষ্ট অব কলেকসান নাকি আমাদের ডেলী ইনক্রিজিং। আমি মাননীয় সদস্যদের ফিগার দিচ্ছি। আমাদের সেলস্ ট্যাক্স-এর কষ্ট অব কলেকসান ১ পারসেণ্ট, লোয়েষ্ট ইন ইণ্ডিয়া কিন্তু বম্বে কষ্ট অব সেলস্ ট্যাক্স কলেকসান ৬·৩ পারসেণ্ট, ইউ পি ৩·৩ পারসেণ্ট, মাদ্রাজ ২·৪, অন্ধ্র ২·৮। সো দি সেলস্ ট্যাক্স ক্যালকুলেসান হিয়ার

ইজ দি লোয়েষ্ট ইন ইণ্ডিয়া। মোটর ভিকেল্স ট্যাক্স ৯ পারসেণ্ট, দি লোয়েষ্ট ইন ইণ্ডিয়া, সুতরাং দি কষ্ট ক্যালকুলেসান সম্বন্ধে তাঁদের যে সন্দেহ হয়েছিল তার আমি নিরসন করতে চাই। তারপর আর একটা কথা বলেছেন দেয়ার ইজ এ লার্জ সর্টফল ইন এক্সপেণ্ডিচার। অপূর্ববাবু বললেন, মহাশয়; আর কত টাকা দেবো। এইতো দিয়েছি স্বাস্থ্য শিক্ষা প্রভৃতি খাতে, আপনারা খরচ করতে পারেন নি। তাঁর সঙ্গে তিনি ১৭।১৮ কোটি টাকার একটা হিসাবও দিলেন এবং বললেন এই গভর্ণমেণ্টকে কিসের জন্য টাকা দেবো। আমার মনে হয় তিনি বাজেট খানি উল্টে পড়েন নি।

[6-45—6-55 p.m.]

ইনটিগ্রেটেড স্কিম আজকে যেখানে তিনি বললেন যে বছরের কথা, সেই বছরে আমরা ৬৪ কোটি টাকা প্লান বাজেট-এর জায়গায় ৬৭ কোটি টাকা খরচ করেছি, অর্থাৎ বেশী খরচ করেছি। তাই বলছি। মন্ত্রী মণ্ডলী কি জন্য আছে, কেন আমরা সপ্তাহে সপ্তাহে কেবিনেট-এ বসি। তা হচ্ছে কোন খাতে কমিয়ে কোন খাতে দেওয়া যায়। যেমন হঠাৎ আমাদের উপর বিপদ এল বিদ্যুৎশক্তির জন্য কোলকাতার এবং শিল্পাঞ্চলের জন্য কাজ করতে হবে। ৩২ কোটি টাকা খরচ করতে হয়েছে। শিক্ষকদের বেতণ বৃদ্ধির দাবি বাজেটের মধ্যে ছিলনা ১১ কোটি টাকা বেশী খরচ করতে হয়েছে কেন্দ্রের সঙ্গে ঝগড়া করেছি পাইনি। সুতরাং ইনটিগ্রেটেড এ্যাপ্রোচ আমরা বেশী খরচ করেছি। সেইজন্য কোন কোন বিষয় ব্যয় বরাদ্দ নিশ্চয়ই কমে যাবে। সেইজন্য বলছি, এবিষয়ে তাঁরা যা দেখাতে চেয়েছেন যে খরচ করতে পারিনি, তা নয় প্রতি অক্ষরে অক্ষরে আমরা বেশী খরচ করেছি। আমাদের প্ল্যান পারফরমেন্স, ফাষ্ট প্ল্যান-এ ৯৬ পারসেণ্ট, সেকেণ্ড প্ল্যান-এ ৯৮ পারসেণ্ট, থার্ড প্ল্যানে ১০৬ পারসেণ্ট গভর্ণমেণ্ট যা দিয়েছিলেন তার চেয়ে বেশী আমরা খরচ করতে চলেছি। আওয়ার প্ল্যান পারফরমেন্স সমস্ত মিড-টার্ম এ্যাপ্রুভাল হয়েছে। প্ল্যানিং কমিশানে আমরা গর্ব করতে পারি এইজন্য যে আমাদের প্ল্যান পারফরমেন্স হ্যাজ বিন ডিক্লার্ড এজ দি বেষ্ট ইন ইণ্ডিয়া। আপনারা পশ্চিমবাংলার সেই গৌরব মন্ত্রীমণ্ডলীই শুধু নিতে চায় না তাঁরা সমস্ত বিধানসভা এবং পশ্চিমবাংলার অধিবাসীদের সেই গৌরব দিতে চায়। দ্বিতীয়তঃ আপনারা আর একটা কথা বলেছেন।

Dr. Kanai Lal Bhattacharyya: What about agriculture?

Shri Saila Kumar Mukherjee: The Agriculture Minister will reply suitably when his grant is taken up. Please don't interrupt me. All questions raised will be suitably replied by the Ministers concerned while replying to the debate concerning their respective grants.

Dr. Kanai Lal Bhattacharyya:

তারপর আপনারা আর একটা কথা বলেছেন, এটা নাকি পুলিশ বাজেট, পিপলস বাজেট নয়। আমি মাননীয় সদস্যদের একটি তথ্য পরিবেশন করছি, যে কেন কি কারণে পুলিশ বাজেট ১ কোটি ৪০ লক্ষ টাকা বেশী ধরা হয়েছে। মাননীয় সদস্যদের জানাচ্ছি যে সাধারণ কর্মীদের যে দাবী তাঁরা দিন দিন বিধানসভায় উপস্থিত করেছে তার মধ্যে ১ কোটি ২৩ লক্ষ টাকা হল ডিয়ারনেস এলাউন্স এবং মেডিকেল রিলিফ ফর লোয়েষ্ট গ্রেড অব পুলিশ অফিসার এইজন্য বরাদ্দ করা হয়েছে। সুতরাং খরচ বাড়বেই। তারপর আর একটা এই বিধানসভার সামনে জানাতে চাচ্ছি, সেটা হল আমাদের পুলিশ বাজেট বাড়েনি বরং দ্রুত গতিতে কমে যাচ্ছে। এখন তার অঙ্কের হিসাব শুনুন ১৯৪৭-৪৮ সালে ও ১৯৪৮-৪৯ সালের কম অর্থাৎ যখন আমরা স্বাধীনতা পেলাম তখন পুলিস বাজেটে খরচ যত সম্পূর্ণ বাজেটের ১৪·৪ পারসেন্ট। ১৯৪৯-৫০, ১৯৫০-৫১ সালে দেখা যাচ্ছে প্রতি বৎসর সমস্ত ব্যয়ের মধ্যে পুলিশ বাজেটের অর্ধেক কমিয়ে দেওয়া হয়েছে। যেমন, ১৪·৩, ১৪·২, ১৪·৭, ১২·১, ১০·২, ১০ পারসেণ্ট, ৯ পারসেণ্ট, ৯·৯ পারসেণ্ট ৯·৪ পারসেণ্ট এই ভাবে দেখুন ৮·৭ পারসেণ্ট ৯ পারসেণ্ট গত বছর ৮·৮ পারসেণ্ট অব দি হোল বাজেট, এ বছর আরও কমে গিয়েছে হোল বাজেটে-এর ৮·৩ পারসেন্ট।

সুতরাং ১৪·৪ পারসেন্ট যেটা ছিল সমস্ত বাজেটের অনুপাতে আজ সমগ্র বাজেট যেখানে ৩২ কোটি টাকা থেকে ১৬৫ কোটি টাকা দাঁড়িয়েছে এবছরের অঙ্কটা ৮.৩ পারসেণ্ট। আরও শুনুন সেণ্ট্রাল..............

(গোলমাল)

আবার শুনুন পশ্চিমবঙ্গে পার ক্যাপিটা ইনকাম (শ্রীমনোরঞ্জন রায় শ্রী খগেন্দ্র নাথ রায় চৌধুরীঃ—আপনি ১৯৪৭ সাল থেকে পারসেণ্টেজটা বল্লেন এ্যামাউণ্টটা ফিগারটা বলুন—হাস্য)

হাসার কিছু নেই গালভরা হাসি বেরিয়ে যাবে পুলিশ বাজেটের দিন যখন আপনাদের সামনে চিত্রটা তুলে ধরা হবে এ সরকারের গোপন করবার কিছু নেই আর ১৫ দিন বাদে পুলিশ মন্ত্রী যখন জবাব দেবেন তখন শুনবেন। সুতরাং টাকা নিশ্চয়ই কমে গেছে আমি পারসেণ্টেজটা বলেছি সমস্ত টাকার অঙ্ক আমার কাছে নেই তারপর পার ক্যাপিটা ইক্সপেন্ডিচার অন পুলিশ ইন ওয়েষ্ট বেঙ্গল এটা অন্যান্য সরকারের সঙ্গে আমাদের তুলনা করতে পারেন। আমাদের ১৫ শত মাইল বর্ডার, রাজস্থান পাঞ্জাবে এদেরও বর্ডার আছে আমাদের পার ক্যাপিটা এক্সপেন্ডিচার ২ টাকা (নিখিল দাসঃ আপনি পুলিশের পার ক্যাপিটা বলছেন এগ্রিকালচার, কো-অপারেসনের পার ক্যাপিটা এক্সপেণ্ডিচার বলুন......গণ্ডগোল) আমাদের গোপন করার কিছু নেই আমরা সমস্ত কাগজপত্র দেখিয়ে দিতে পারি তাতে আপনারা লজ্জায় স্তম্ভিত হয়ে যাবেন পার ক্যাপিটা এক্সপেণ্ডচার ইন ওয়েষ্ট বেঙ্গল রুপিজ ৩, রাজস্থান ৩, পাঞ্জাব ৪.৭, মহারাষ্ট্র ৩·৫, আসাম ৬৭ সুতরাং অন্যান্য দেশের তুলনায় আমরা পুলিশ খাতে খুব বেশী ব্যয় করছি না। তার পর মাননীয় কানাইবাবু মহাশয় একটা সংগত প্রশ্ন তুলেছেন আমাদের লোন কমিটমেন্ট খুব বেশী হয়ে যাচ্ছে তাকে শুধু আমি এই কথা বলবো যে আমরা লোনের জন্য মোটেই ভীত নই কেননা আজ পর্যন্ত পশ্চিমবঙ্গ দিনের পর দিন ডিউ ডেটে এক পয়সা ডিফল্ট না হয়ে এবং এক দিনও দেরী না করে টাকা দিয়ে দিয়েছে। যা সুদ দেবার কথা ঋণের সিংকিং ফাণ্ড পরিশোধের কথা তার পাই পয়সা পশ্চিমবঙ্গ পরিশোধ করেছে তারা ঋণের বোঝা বাড়িয়েছেন মানে এই নয় যে তাদের অবস্থার অবনতি হয়েছে জগতে এমন কোন দেশ নেই প্রগতিশীল দেশ নেই যারা পাবলিক ডেট করে নি। আসল প্রশ্ন হচ্ছে ঋণ গ্রহণযোগ্য ক্ষমতা হয়েছে কিনা ক্রেডিট ওয়ার্দিনেস বেড়েছে কিনা যারা টাকা ধার দেয় তারা বোকা নয় তারা যাদের টাকা দেয় তারা দেখে যে তারা দেউলিয়া কিনা এবং সুদ সমেত সেই টাকা আদায় হবে কিনা। বিগত ১৫ বছরের মধ্যে পশ্চিমবঙ্গ এক দিনের জন্য ডিফল্ট হয় নি এক পয়সাও সুদে ডিফল্ট হয় নি।

কাজেই তাদের ক্রেডিট ওয়ার্দিনেস বেড়ে গেছে। সেই জনাই এই লোন ফ্লোট করার তিন ঘণ্টার মধ্যেই ওভার সাবস্ক্রাইবড হয়ে যায়। যার জন্য পশ্চিমবঙ্গ সরকার গর্ব অনুভব করতে পারেন। তার পর আমাদের ডি ভি সি এবং রিলিফ লোন সম্বন্ধে গভর্ণমেণ্ট অব ইণ্ডিয়ার সঙ্গে আমাদের পর্নরালোচনা হচ্ছে এবং সেটা হয়ে গেলে দেখবেন যে আমাদের এ্যাসেট এবং লাইবিলিটি সমান হয়ে যাচ্ছে। শেষকালে মাননীয় সদস্যদের কাছে আমি একটি [illegible] রাখবো এবং সেটা ইংরাজীতে রাখতে চাই যে বিষয়টা সকলের মনকে আলোড়িত করেছে, এই মহার্ঘ ভাতা [illegible] কর্মচারীদের এবং শিক্ষকবৃন্দের কথা যা আলোড়িত হয়েছে আমি এই জন্য রাখতে চাই যাতে কোন মিস আণ্ডারষ্ট্যাণ্ডিং না হয় তাই আপনার অনুমতিক্রমে ছোট্ট একটা বিবৃতি ইংরাজীতে বলছি।

[6-55—7-2 p.m.]

